Vol. 108 No—IV

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

One hundred & Eighth Session

(June to July Session, 1996)

(The 15th, 16th, 17th, 18th, 19th, 22nd, 23rd & 24th July, 1996)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly

Price Rs. 206/-

Vol. 108 No—IV

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

One hundred & Eighth Session

(June to July Session, 1996)

(The 15th, 16th, 17th, 18th, 19th, 22nd, 23rd & 24th July, 1996)

Published by authority of the Assembly under Rule 353 of the
Rules of procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

# GOVERNMENT OF WEST BENGAL

## Governor
## SHRI K.V. RAGHUNATHA REDDY

### Members of the Council of Ministers.

1. Shri Jyoti Basu, Chief Minister, Minister-in-charge of Home (Excluding Police) Department., Hill Affairs Deptt.
2. Shri Buddhadeb Bhatacharjee, Minister-in-charge of Home (Police) Department, Information & Cultural Affairs Department.
3. Dr. Surjya Kanta Mishra, Minister-in-charge of Land and Land Reforms Department, Rural Development Department & Panchayat Department
4. Dr. Asim Kumar Dasgupta, Minister-in-charge of Finance Department, Development & Planning Department and Excise Department
5. Dr. Sankar Kumar Sen, Minister-in-charge of Power Department and Science & Techonology Department
6. Shri Santi Ghatak, Minister-in-charge of Labour (excluding Employment & ESI) Department
7. Shri Subhas Chakraborti, Minister-in-charge of Transport Department, & Sports Department
8. Shri Mohammad Amin, Minister-in-charge of Deptts. of Minority Affairs, Wakf & Urdu Academy and Haj.
9. Shri Kanti Biswas, Minister-in-charge of Department of School Education, Madrasah and Refugees, Relief & Rehabilitation
10. Shri Gautam Deb, Minister-in-charge of Department of Housing and Public Health Engineering
11. Shri Parth De, Minister-in-charge of Department of Health & Family Welfare
12. Shri Bidyut Ganguly, Minister-in-charge of Commerce & Industries Department
13. Shri Satyasadhan Chakraborty, Minister-in-charge of Department of Higher Education
14. Shri Abdur Razzak Molla, Minister-in-charge of Food processing, Horticulture and Sundarban Affairs Department
15. Shri Dinesh Chandra Dakua, Minister-in-charge of Department of

S.C., S.T. & OBC Welfare

16. Smt. Chhaya Bera, Minister-in-charge of Department of Self Employment Generation Programmes (Urban) & Employment Exchange & ESI

17. Shri Asok Bhattacharya, Minister-in-charge of Department of Municipal Affairs, Urban Development, HRBC and Town & Country Planning

18. Shri Manabendra Mukherjee, Minister-in-charge of Department of Youth Services, Environment and Tourism

19. Shri Bhakti Bhusan Mandal, Minister-in-charge of Department of Co-operation

20. Shri Narendra Nath Dey, Minister-in-charge of Agriculture Department (excluding Horticulture)

21. Shri Debabrata Banerjee, Minister-in-charge of Irrigation & Waterways Department

22. Shri Kshiti Goswami, Minister-in-charge of Public Works Department

23. Shri Nanda Gopal Bhattacherjee, Minister-in-charge of Water Investigation and Development Department

24. Shri Kiranmay Nanda, Minister-in-charge of Fisheries Department

25. Shri Prabodh Chandra Sinha, Minister-in-charge of Parliamentary Affairs Department

26. Shri Upen Kisku, Minister of State for S.C.S.T. and OBC Welfare Department

27. Shri Pratim Chatterjee, Minister of State for Department of Fire Services

28. Shri Mrinal Banerjee, Minister-in-charge of Department of Public Undertakings & Industrial Reconstruction

29. Shri Pralay Talukdar, Minister-in-charge of Cottage & Small Scale Industries Department

30. Shri Bansa Gopal Choudhury, Ministr-in-charge of Department of Technical Education & Training

31. Shri Anisur Rahaman, Minister-in-charge of Animal Resources

Development Department

32. Shri Nisith Adhikary, Minister-in-charge of Law and Judicial Department
33. Shri Jogesh Chandra Barman, Minister-in-charge of Forests Department
34. Shri Kalimuddin Shams, Minister-in-charge of Food & Supplies Department
35. Shri Birendra Kumar Maitra, Minister-in-charge of Agriculture Marketing Department
36. Shri Satya Ranjan Mahata, Minister-in-charge of Relief Department
37. Shri Biswanath Chowdhury, Minister-in-charge of Social Welfare & Jails Department
38. Smt. Anju Kar, Minister of State of Mass Education Extention Department
39. Shri Maheswar Murmu, Minister of State of Special Tribal Areas Development including Jhargram Affairs Department
40. Shri Nimai Mal, Minister of State Department of Library Services
41. Dr. Shrikumar Mukherjee, Minister of State of Civil Defence Department
42. Shri Kamalendu Sanyal, Minister of State of Land & Land Reforms, Panchayats and Rural Development Department
43. Shri Susanta Ghosh, Minister of State of Transport Department
44. Smt. Minati Ghosh, Minister of State of Health & Family Welfare Department
45. Smt. Bilasi Bala Sahis, Minister of State of Forests Department
46. Shri Ganesh Mondal, Minister of State of Irrigations & Waterways Department
47. Shri Monohar Tirkey, Minister of State of Public Works Department
48. Shri Dhiren Sen, Minister of State of Excise Department

## WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
## PRINCIPAL OFFICERS & OFFICIALS

**Speaker : Shri Hashim Abdul Halim**

**Deputy Speaker : Shri Anil Mukherjee**

### SECRETARIAT

**Secretary : Shri Sudhangshu Ranjan Chattopadhyaya**

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. Abdul Mannan, Shri (181-Champdani—Hooghly)
2. Abdur Razzak Molla, Shri (106 - Canning East - 24 Parganas)
3. Abdus Salam Munshi, Shri (72-Kaliganj—Naida)
4. Abu-Ayes Mondal, Shri (278-Manteswar—Burdwan)
5. Abu Hasem Khan Choudhury, Shri (49-Kaliachak—Malda)
6. Abu Hena, Shri (55-Lalgola—Murshidabad)
7. Abu Sufian Sarkar, Shri (56-Bhagabangola—Murshidabad)
8. Abul Basar Laskar, Shri, (120-Magrahat West—South 24-Parganas)
9. Acharjee, Shri Maniklal (257-Kulti—Burdwan)
10. Adhikary, Shri Nisith (270-Burdwan North—Burdwan)
11. Akbor Ali Khandoker, Shri (178-Chanditala—Hooghly)
12. Anisur Rahaman, Shri (60-Domkal—Murshidabad)
13. Ankura, Shri Saresh [266-Kanksa (SC)—Burdwan]
14. Bag, Shri Karick Chandra [267-Ausgram (SC)—Burdwan]
15. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC)—Birbhum]
16. Bagdi, Shri Kirity [247-Indpur (SC)—Bankura]
17. Bagdi, Shri Lakhan [263 - Ukhra (S.C.) - Burdwan]
18. Bagdi, Shri Natabar [241-Raghunathpur (SC)—Purulia]
19. Bakshi, Shri Sanjoy (142- Jorabagan—Calcutta)
20. Bandyopadhyay, Shri Sudip (145-Bowbazar—Calcutta)
21. Bandyopadhyay, Shri Tarak (140-Cossipore—Culcutta)
22. Bandyopadhyay, Shri Debabrata (63-Berhampore—Murshidabad)
23. Banerjee, Shri Ambica (163-Howrah Central—Howrah)
24. Banerjee, Shri Debabrata (265-Durgapur-II—Burdwan)
25. Banerjee, Shri Mrinal (264-Durgapur-I—Burdwan)
26. Banerjee, Shri Pankaj (150-Tollygunge—Calcutta)
27. Banerjee, Shri Shyamadas (259-Hirapur—Burdwan)
28. Banerjee, Tapas (260-Asansol—Burdwan)
29. Bangal, Dr. Makhanlal (216-Sabang—Mindapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

30. Bapuli, Shri Satya Ranjan, (123 - Mathurapur - 24-Parganas)
31. Barman, Shri Jogesh Chandra [13-Falakata (SC)— Jalpaiguri]
32. Basu, Shri Baren (87-Habra—North 24-Parganas)
33. Basu, Dr. Hoimi (149-Rash Behari Avenue—Calcutta)
34. Basu, Shri Jyoti (117 - Satgachia - 24-Parganas)
35. Bauri, Shri Angad [249-Gangajalghati (SC)—Bankura]
36. Bauri, Shri Haradhan [256-Sonamukhi (SC)—Bankura]
37. Bera, Shrimati Chhaya(199-Nandanpur—Midnapore)
38. Bera, Shri Dipak (203-Moyna—Midnapore)
39. Bhaduri, Shri Timir Baran (64-Beldanga—Murshidabad)
40. Bhakat, Shri Buddhadev (231-Jhargram—Midnapore)
41. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur—South 24 Parganas)
42. Bhattacharjee, Shri Nanda Gopal (228-Dantan—Midnapore)
43. Bhattacharjee, Shri Sudhir (118-Falta—Sourth 24 Parganas)
44. Bhattcharya, Shri Asok (25-Siliguri—Darjeeling)
45. Biswas, Shri Ananda Kumar [110-Bishnupur East (SC)—South 24-Parganas]
46. Biswas, Shri Binay Krishna [80-Ranaghat East (SC)—Nadia]
47. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
48. Biswas, Shri Jayanta Kumar (61 - Naoda - Murshidabad)
49. Biswas, .Shri Kaliprasad (184-Hairpal—Hooghly)
50. Biswas, Shri Kamalakshmi [84 - Bagdaha (S.C.) - 24 Parganas]
51. Biswas, Shri Kanti [89-Sandeshkhali (SC)—North 24-Parganas]
52. Biswas, Shri Shashanka Shekhor [79-Hanskhali (SC)—Nadia]
53. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC)—Nadia]
54. Biswas, Smt. Susmita (250-Barjora—Bankura)
54. Bose, Shri Shyama Prosad (271-Burdwan South—Burdwan)
55. Chakraborti, Shrimati Kumkum (112-Behala East—South 24-Parganas)
57 Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

58. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha—Nadia)
59. Chakraborty, Shri Gautam (46-Englishbazar—Malda)
60. Chattaraj, Shri Suniti (288-Suri—Birbhum)
61. Chatterjee, Shri Pratim (185-Tarakeswar—Hooghly)
62. Chatterjee, Shri Rabindranath (280-Katwa—Burdwan)
63. Chattopadhyay, Shri Jyoti Krishna (179-Uttarpara—Hooghly)
64. Chattopadhyay, Shri Sobhan Deb (104-Baruipur— South 24-Parganas)
65. Chattopadhyay, Shri Tapas (275-Memari—Burdwan)
66. Chaudhuri, Shri Amar (137-Baranagar—North 24-Parganas)
67. Chhetri, Shri Narbahadur (23-Darjeeling—Darjeeling)
68. Chhetri, Shrimati Shanta (24-Kurseong—Darjeeling)
69. Choudhuri, Shri Adhir Ranjan (57-Nabagram—Murshidabad)
70. Choudhury, Shri Bansa Gopal (261-Ranigunj—Burdwan)
71. Chowdhary, Abdul Karim, Shri (28-Islampur—North Dinajpur)
72. Chowdhury, Shri Biswanath (38-Balurghat—South Dinajpur)
73. Chowdhury, Shri Jayanta (253-Vishnupur—Bankuar)
74. Chowdhury, Shri Jyoti (180-Serampore—Hooghly)
75. Chowdhury, Shri Nanigopal (176-Udaynarayanpur—Howrah)
76. Chowdhury, Shri Sibendra Narayan (8-Natabari—Cooch Behar)
77. Dakua, Shri Dinesh Chandra [3-Mathabhanga (SC)—Cooch Behar]
78. Dal, Shrimati Nanda Rani [219-Keshpur (SC)—Midnapore]
79. Dalui, Shri Shibaprased [272-Khandaghosh (SC)—Burdwan]
80. Das, Shri Ananda Gopal [283-Nanur (SC)—Birbhum]
81. Das, Shri Bidyut Kumar (183-Singur—Hooghly)
82. Das, Shri Dilip Kumar [31-Raiganj (SC)— North Dinajpur]
83. Das, Shri Nirmal (12-Alipurduar—Jalpaiguri)
84. Das, Shri Paresh Nath [53-Sagardighi (SC)—Murshidabad]
85. Das, Shri Puspa Chandra [9-Tufanganj (SC)—Cooch Behar]
86. Das, Shri Sailaja Kumar (211-Contai South—Midnapore)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

87. Das, Shri Sanjib Kumar (172-Shyampur—Howrah)
88. Das, Shri Soumindra Chandra (5-Cooch Behar West—Cooch Behar)
89. Das, Shri Sukumar (204-Mahishadal—Midnapore)
90. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah—North 24-Parganas)
91. Das Mohapatra, Shri Kamakhya Nandan (215-Pataspur—Midnapore)
92. Dasthakur, Shri Chittaranjan (200-Panskura West—Midnapore)
93. Datta, Shri Binoy (194-Arambagh—Hooghly)
94. D'Costa Hurt, Shrimati Gillian Rosemary (295-Nominated)
95. De, Shri Ajoy (78-Santipur—Nadia)
96. De, Shri Partha (251-Bankura—Bankura)
97. Deb, Shri Ashok Kumar (116-Budge Budge—South 24 Parganas)
98. Deb, Shri Gautam (96-Hasnabad—North 24-Parganas)
99. Deb, Shri Rabin (152-Ballygunge—Calcutta)
100. Dey, Shri Gopal Krishna (125-Patharpratima—South 24-Parganas)
101. Dey, Shrimati Ibha (177-Jangipara—Hooghly)
102. Dey, Shri Narendra Nath (186-Chinsurah—Hooghly)
103. Dhar, Shri Padmanidhi (166-Domjur—Howrah)
104. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC)—Midnapore]
105. Dutta, Dr. Gouri Pada (254-Kotulpur—Bankura)
106. Dutta, Shri Gurupada (196-Chandrakona—Midnapore)
107. Dutta, Shri Himagshu (279-Purbasthali—Burdwan)
108. Dutta, Shri Sabuj (173-Bagnan—Howrah)
109. Ganguly, Shri Bidyut (130-Bhatpara—North 24-Parganas)
110. Ganguly, Shrimati Kanika (161-Bally—Howrah)
111. Ganguly, Shri Santi Ranjan (141-Shyampukur—Calcutta)
112. Gayen, Shri Nripen [99-Hingalganj (SC)—North 24-Parganas]
113. Ghatak, Shri Santi Ranjan (136-Kamarhati—North 24-Parganas)
114. Ghosh, Shri Biren (277-Nadanghat—Burdwan)
115. Ghosh, Shrimati Minati (35-Gangarampur—South Dinajpur)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

116. Ghosh, Shri Nirmal (135-Panihati—North 24-Parganas)
117. Ghosh, Shri Pankaj Kumar (85-Bongaon—North 24-Parganas)
118. Ghosh, Shri Rabindra (171-Uluberai South—Howrah)
119. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnagar West—Nadia)
120. Ghosh, Shri Susanta (220-Garhbeta East—Midnapore)
121. Giri, Shri Asok Kumar (126-Kakdwip—South 24-Parganas)
122. Goala, Shri Rajdeo (160-Belgachia West—Calcutta)
123. Goswami, Shri Kshiti (151-Dhakuria—Calcutta)
124. Goswami, Shri Mihir (4-Cooch Behar North—Cooch Behar)
125. Goswami, Shri Subhas (284-Chhatna—Bankura)
126. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
127. Gulsan Mullick, Shri (168-Panchla—Howrah)
128. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)
129. Habibur Rahaman, Shri (54-Jangipur—Murshidabad)
130. Hafiz Alam Sairani, Shri (29-Goalpokhar—North Dinajpur)
131. Hansda, Shri Naren [232-Binpur (ST)—Midnapore]
132. Hashim Abdul Halim, Shri (89-Amdanga—North 24-Parganas)
133. Hazra, Shri Samar [274-Jamalpur (SC)—Burdwan]
134. Hembram, Shrimati Deblina [246-Ranibandh (ST)—Bankura]
135. Hembram, Shri Rabindra Nath [242-Kashipur (ST)—Purulia]
136. Hemrom, Shri Jadu [39-Habibpur (ST)—Malda]
137. Hira, Shrimati Mili (83-Haringhata—Nadia)
138. Hore, Shri Tapan (284-Bolpur—Birbhum)
139. Humayun Reza, Shri (51-Aurangabad—Murshidabad)
140. Id. Mohammed, Shri (68-Bharatpur—Murshidabad)
141. Idrish Mondal, Shri (269-Golsi—Burdwan)
142. Kabi, Shri Pelab (262-Jumuria—Burdwan)
143. Kalimuddin Shams, Shri (293-Nalhati—Birbhum)
144. Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)
145. Khabir Uddin Ahmed, Shri Shaikh (71-Nakshipara —Nadia)

## *Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly*

146. Khaitan, Shri Rajesh (144-Barabazar—Calcutta)
147. Khanra, Shri Ajit (208-Bhagabanpur—Midnapore)
148. Khanra, Shri Saktipada (190-Polba—Hooghly)
149. Kisku, Shri Lakhi Ram [233-Banduan(ST)—Purulia]
150. Kisku, Shri Upen [245-Raipur (ST)—Bankura]
151. Kujur, Shri Sushil [14-Madarihat (ST)—Jalpaiguri]
152. Kundu, Shri Ranjit (129-Naihati—North 24-Parganas)
153. Lahiri, Shri Jatu (165-Shibpur—Howrah)
154. Lepcha, Shri Gaulan (22-Kalimpong—Darjeeling)
155. Let, Shri Dhiren [290-Mayureswar (SC)—Birbhum]
156. M. Ansar Uddin, Shri (167-Jagatballavpur—Howrah)
157. Mahammuddin, Shri (27-Chopra—North Dinajpur)
158. Mahbubul Haque, Shri (41-Kharba—Malda)
159. Mahammed Hannan, Shri (291-Rampurhat—Birbhum)
160. Mahata, Shri Abinas (243-Hura—Purulia)
161. Mahata, Shri Khagendranath (222-Salbani—Midnapore)
162. Mahata, Shri Satya Ranjan (237-Jhalda—Purulia)
163. Mahato, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)
164. Mahato, Shri Shantiram (238-Joypur—Purulia)
165. Maikap, Shri Chakradhar, (210-Contai North—Midnapore)
166. Mainul Hoque, Shri (50-Farakka—Murshidabad)
167. Maitra, Shri Banshi Badan [193-Khanakul (SC)—Hooghly]
168. Maitra, Shri Birendra Kumar(42-Harishchandrapur—Malda)
169. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST)—Purulia]
170. Majhi, Shri Nandadulal [255-Indas (SC)—Bankura]
171. Majhi, Shri Tamal Chandra [282-Ketugram (SC)—Burdwan]
172. Mal, Shri Asit Kumar [292-Hansan (SC)—Birbhum]
173. Mal, Shri Nimai (192-Pursurah—Hooghly)
174. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC)—Hooghly]
175. Mallik, Shrimati Sadhana (281-Mangalkot—Burdwan)

**Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly**

176. Mandal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)
177. Mondal, Shri Manik Chandra (285-Labhpur—Birbhum)
178. Mandal, Shri Prabhanjan (127-Sagar—South 24-Parganas)
179. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (SC)—North 24-Parganas]
180. Mandal, Dr. Ram Chandra [290-Khajuri (SC)—Midnapore]
181. Mandal, Shri Ram Prabesh (47-Manickchak—Malda)
182. Mandal, Shri Subhas (286-Bhatar—Burdwan)
183. Mandal, Shri Tushar Kanti [205-Sutahata (SC)—Midnapore]
184. Manjhi, Shri Ramjanam [170-Uluberia North (SC)—Howrah]
185. Md. Fazle Haque, Dr. (6-Sitai—Cooch Behar)
186. Md. Sohrab, Shri (52-Suti—Musrshidabad)
187. Md. Yakub, Shri (92-Deganga—North 24-Parganas)
188. Mehta, Shri Nishi Kanta (236-Arsha—Purulia)
189. Minj, Shri Prokash [26-Phansidewa (ST)—Darjeeling]
190. Mir Quasem Mondal, Shri (73-Chapra—Nadia)
191. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh—Midnapur)
192. Mistry, Shri Bimal [105-Canning West (SC)—Sourth 24-Parganas]
193. Mitra, Shri Asit (174-Kalyanpur—Howrah)
194. Mitra, Shri Biswanath (77-Nabadwip—Nadia)
195. Mitra, Shrimati Sabitri (44-Araidanga—Malda)
196. Mitra, Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)
197. Mohammad Amin, Shri (114-Garden Reach—South 24-Parganas)
198. Mondal, Shri Bhadreswar [109-Sonarpur (SC)—South 24-Parganas]
199. Mondal, Shri Biswanath [66-Khargram (SC)—Murshidabad]
200. Mondal, Shri Ganesh [100-Gosaba (SC)—South 24-Parganas]
201. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
202. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar—North 24-Parganas)
203. Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)
204. Mozammel Haque, Shri (58-Murshidabad—Murshidabad)
205. Mozammel Hoque, Shri (62-Hariharpara—Murshidabad)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

206. Mudi, Shri Anil (202-Tamluk—Midnapore)
207. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
208. Mukherjee, Shri Ashoke (90-Barasat—North 24-Parganas)
209. Mukherjee, Shri Kamal (182-Chandanagore—Hooghly)
210. Mukherjee, Shrimati Mamata (239-Purulia—Purulia)
211. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Calcutta)
212. Mukhejee, Shri Narayan (95-Basirhat—North Parganas)
213. Mukherjee, Shri Nirmal (113-Behala West—South 24-Parganas)
214. Mukherjee, Shri Pratyush (175-Amta—Howrah)
215. Mukherjee, Shri Rabin (187-Bansberia—Hooghly)
216. Mukherjee, Shri Samar (43- Ratua—Malda)
217. Mukherjee, Shri Sibdas (75-Krishnagar East—Nadia)
218. Mukherjee, Dr. Srikumar (34-Itahar—North Dinajpur)
219. Mukherje, Shri Subrata (146-Chowringhee—Calcutta)
220. Mukhopadhyay, Shri Chitta Ranjan (198-Daspur—Midnapore)
221. Munda, Shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]
222. Murmu, Shri Debnath [40-Gazole (ST)—Malda]
223. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]
224. Mursalin Molla, Shri (115-Maheshtala—South 24-Parganas)
225. Nanda, Shri Brahmamoy (207-Narghat—Midnapore)
226. Nanda, Shri Kiranmay (214-Mugberia—Midnapore)
227. Naskar, Shri Sankar Saran (111-Bishnupur West—South 24-Parganas)
228. Naskar, Shri Subhas [101-Basanti (SC)—South 24- Parganas]
229. Nath, Shri Madanmohan (132-Noapara—North 24-Parganas)
230. Nazmul Haque, Shri, (225 Kharagpur Rural—Midnapore)
231. Oraon, Shri Jagannath [18-Mal (ST)—Jalpaiguri]
232. Paik, Shri Nikunja [122-Mandirbazar (SC)—South 24-Parganas]
233. Paik, Shrimati Sakuntala [124-Kulpi (SC)—South 24-Parganas]
234. Pakhira, Shri Ratan [197-Ghatal (SC)—Midnapore]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

235. Pal, Shri Shyama Prosad (273-Raina—Burdwan)
236. Panda, Shri Debi Sankar (206-Nandigram—Midnapore)
237. Pande, Shri Sadhan (158-Burtola—Calcutta)
238. Patra, Shri Manoranjan (244-Taldangra—Bankura)
239. Paul, Shrimati Maya Rani (63-Berhampore—Murshidabad)
240. Paul, Shri Paresh (159-Manicktola—Calcutta)
241. Poddar, Shri Deoki Nandan (143-Jorasanko—Calcutta)
242. Pramanik, Shri Sudhir [2-Setalkuchi (SC)—Cooch Behar]
243. Purkait, Shri Prabodh [102-Kultali (SC)—South 24-Parganas]
244. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—North 24-Parganas)
245. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
246. Ram, Shri Ram Pyare (147-Kabitirtha—Calcutta)
247. Rana, Shrimati Shakti (230-Gopiballavpur—Midnapore)
248. Ray, Shri Pramatha Nath [32-Kaliaganj (SC)—North Dinajpur]
249. Ray Chowdhury, Shri Biplab (201-Panskura East—Midnapore)
250. Routh, Shri Dibakanta [188-Balagarh (SC)—Hooghly]
251. Roy, Shri Bachcha Mohan [17-Maynaguri (SC)—Jalpaiguri]
252. Roy, Shri Banamali [15-Dhupguri (SC)—Jalpaiguri]
253. Roy, Shri Dwijendra Nath (37-Kumarganj—South Dinajpur)
254. Roy, Shri Jatindra Nath [21-Rajganj (SC)—Jalpaiguri]
255. Roy, Shri Manmatha (86-Gaighata—North 24-Parganas)
256. Roy, Shri Mrinal Kanti (212-Ramnagar—Midnapore)
257. Roy, Shri Narmada Chandra [33-Kusmandi (SC)—South Dinajpur]
258. Roy, Shri Phani Bhusan [45-Malda (SC)—Malda]
259. Roy, Shri Ramesh [1-Mekliganj (SC)—Cooch Behar]
260. Roy, Shri Saugata (148-Alipore—Calcutta)
261. Roy, Shri Tapas (157-Vidyasagar—Calcutta)
262. Roychowdhury, Shri Nirode (88-Ashoknagar—North 24-Parganas)
263. Rubi Noor, Shrimati (48-Sujapur—Malda)
264. Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (SC)—Hooghly]

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

265. Saha, Dr. Tapati [154-Taltola (SC)—Calcutta]
266. Sahis, Shrimati Bilasi Bala [240-Para (SC)— Purulia]
267. Samanta, Shri Rampada (217-Pingla—Midnapore)
268. Sanyal, Shri Kamalendu (70-Palashipara—Nadia)
269. Sardar, Shri Sital Kumar [169-Sankrail (SC)—Howrah]
270. Saren, Shri Subhas Chandra [299-Nayagram (ST)—Midnapore]
271. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)
272. Sen, Dr. Anupam (20-Jalpaiguri—Jalpaiguri)
273. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
274. Sen, Dr. Sankar Kumar (138-Dum Dum—North 24-Parganas)
275. Sengupta Basu, Shrimati Kamal (128-Bijpur—South 24-Parganas)
276. Sengupta, Shri Purnendu (223-Midnapore—Midnapore)
277. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
278. Sheikh Daulat Ali, Shri (119-Diamond Harbor—South 24-Parganas)
279. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
280. Singha, Shri Sankar (81-Ranaghat West—Nadia)
281. Singha, Shri Suresh Chandra (30-Karandighi—North 24-Parganas)
282. Sinha, Shri Anay Gopal (131-Jagatdal—North 24-Parganas)
283. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
284. Sinha, Dr. Nirmal [121-Mograhat East (SC)—Sourth 24- Parganas)
285. Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
286. Sk. Jahangir Karim, Shri (218-Debra—Midnapore)
287. Sk. Majed Ali, Shri (189-Pandua—Hooghly)
288. Soren, Shri Khara [36-Tapan (ST)—South Dinajpur]
289. Sultan Ahmed, Shri (153-Entally—Calcutta)
290. Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
291. Tirkey, Shri Monohar [11-Kalchini (ST)—Jalpaiguri]
292. Toppo, Shri Salib [10-Kumargram (ST)—Jalpaiguri]
293. Unus Sarkar, Shri (59-Jalangi—Murshidabad)
294. Upadhyay, Shri Manik (258-Barabani—Burdwan)
295. Zamadar, Shri Badal (107-Bhangar—South 24 Parganas)

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Monday, the 15th July, 1996 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 8 Ministers of State and 138 Members.

### Starred Questions

### (to which oral answers were given)

#### বৈদ্যবাটি চৌমাথায় বাস টার্মিনাস

*৩৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৭) **শ্রী আব্দুল মান্নান ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) হুগলি জেলায় বৈদ্যবাটি চৌমাথায় দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের একটি বাস টার্মিনাস নির্মাণের কোনও পরিকল্পনা আছে কি না;

(খ) থাকলে, ঐ বাস টার্মিনাসটি নির্মাণের জন্য কি কি ব্যবস্থা এখনও পর্যন্ত নেওয়া হয়েছে; এবং

(গ) কত টাকা এরজন্য ব্যয় হবে?

[11-00 — 11-10 A.M.]

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ**

(ক) প্রস্তাব আছে।

(খ) প্রস্তাবিত টার্মিনাসের জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণের চেষ্টা চলিতেছে।

(গ) এখনই বলা সম্ভব নয়।

**শ্রী আব্দুল মান্নান ঃ** এ-ব্যাপারে জেলা শাসকের ঘরে পরিবহন দপ্তর এবং জেলা পরিষদের চেয়ারম্যানকে নিয়ে যে মিটিং হয়েছিল সেখানে ততকালীন জেলা পরিষদ চেয়ারম্যান এবং বৈদ্যবাটি মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান একটা চুক্তি করেছিলেন জমি দেবার ব্যাপারে। সেটা ফ্রি অফ কস্ট, হয়তো ১ টাকা ভাড়ায় দেবার কথা হয়েছিল। পরবর্তীকালে ঐ মিউনিসিপ্যালিটির কর্তৃপক্ষ কন্ডিশন দেন ১,০০০ টাকা করে দিতে হবে বলে এবং তারজন্য আপনার দপ্তর প্রস্তাবটা রিজেক্ট করে দিয়েছিলেন। কিন্তু তারপর ঐ মিউনিসিপ্যালিটি আবার লিখেছেন যে, আগের যুক্তিমতোই জমিটা তারা দেবেন। আমার প্রশ্ন তারপর মিউনিসিপ্যালিটির সঙ্গে কি আপনাদের যোগাযোগ হয়েছে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** কয়েকদিন আগে আপনার সঙ্গে যে আলোচনা হয়েছে তার

ভিত্তিতে আমরা স্থির করেছি, পৌরসভা যখন নামমাত্র মূল্যে, প্রায় বিনা মূল্যে দিচ্ছেন তখন ঐ প্রস্তাবটিকে আমরা কার্যকর করবার কাজ শুরু করব।

**শ্রী আব্দুল মান্নান :** মিউনিসিপ্যাল কর্তৃপক্ষ চিঠি পাঠিয়েছেন এবং আপনিও রাজি বলছেন। এরজন্য আপনাকে ধন্যবাদ। শুধু অনুরোধ করব, কাজটা যেন দ্রুত শুরু হয়।

**শ্রী সুভাষ চক্রবর্তী :** আগামী সপ্তাহের মধ্যে আমাদের অফিসার পৌরসভার চেয়ারম্যানের সঙ্গে যোগাযোগ করবেন এবং জমিটির পজেশন নেবার ব্যবস্থা করবেন। তারপরই কাজ শুরু করব।

**শ্রী প্রভঞ্জন মন্ডল :** মিঃ স্পিকার স্যার, একটা আনহেলদি কন্ডিশন চলছে সি.এস.টি.সি., এস.বি.এস.টি.সি. এবং এন.বি.এস.টি.সির বাস চলাচলের ব্যাপারে, কারণ দেখা যাচ্ছে যে, ঐ বিভিন্ন কর্পোরেশনের বাসগুলি একই জায়গায় নামখানা, কাকদ্বীপ প্রভৃতি জায়গায় একসঙ্গে চলে যাচ্ছে। আমার মন্ত্রীর কাছে প্রশ্ন, এক্ষেত্রে জোন ভাগ করে দেবেন কি না?

**মিঃ স্পিকার :** না, না, এটা হবে না।

**শ্রী ঈদ মহম্মদ :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে বৈদ্যবাটির চৌরাস্তায় একটা বাস টার্মিনাস করার প্রস্তাব আছে। আমার জিজ্ঞাস্য হল আমাদের রাজ্যে এই ধরনের কোথায় কোথায় উত্তরবঙ্গ কিংবা দক্ষিণবঙ্গ বাস টার্মিনাসের প্রস্তাব আছে?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** এইরকম অনেকগুলি প্রস্তাব আছে। টার্মিনাসের ফেসিলিটি নানা জায়গায় তৈরি হচ্ছে এবং হয়েছে। এ ছাড়াও যদি কোনও নির্দিষ্ট প্রস্তাব থাকে কোনও পৌরসভা এলাকায় বা গঞ্জে বা কোনও সাব-ডিভিসনের শহরে তাহলে সেটা আমরা নিশ্চয়ই বিবেচনা করব।

**শ্রী রবীন মুখার্জি :** কল্যাণী সেতু যেটা বাঁশবেড়িয়ার সাথে কল্যাণীর যোগাযোগ করে সেই সেতু নির্মাণ হয়েছে। এখানে একটা নির্দিষ্ট প্রস্তাব দেওয়া হয়েছে একটা বাস টার্মিনাসের জন্য যেখানে উত্তরবঙ্গ কিংবা দক্ষিণবঙ্গের বাস চলাচল করতে পারে। এই ব্যাপারে আপনি কিছু ভেবেছেন কিনা বা সরকারি কোনও প্রস্তাব আছে কিনা জানাবেন?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** এই ব্যাপারে আমি খোঁজ নিয়ে দেখব। যদি প্রস্তাব থাকে এবং যদি সেটা করা যায় তাহলে নিশ্চয়ই জানাব।

**শ্রী কালিপ্রসাদ বিশ্বাস :** হুগলি জেলার হুগলিতে যেখানে ডি.এল.আর.ও-র অফিস আছে সেখানে রাজবাড়ির পাশে অনেক খানি জায়গা পড়ে আছে। সেখানে একটা বাস টার্মিনাস করার পরিকল্পনা সরকারের আছে কিনা জানাবেন?

**শ্রী সুভাষ চক্রবর্তী :** আপাতত নেই, নির্দিষ্ট প্রস্তাব এলে বিবেচনা করব।

**শ্রী অশোক কুমার দেব :** স্যার, কলিকাতার পাশেই বজবজ এবং সেখানে যেতে ৩০ মিনিট সময় লাগে। সেখানে কোনও বাস টার্মিনাস নেই। মাননীয় মন্ত্রী মহাশয়কে লিখিতভাবে এই ব্যাপারে জানানো হয়েছে। এখানে বাস টার্মিনাস করার কোনও পরিকল্পনা আপনার আছে?

**মিঃ স্পিকার ঃ** না, এটা হবে না।

**শ্রী আকবর আলি খন্দকার ঃ** স্যার, হুগলি জেলার শ্রীরামপুর থেকে একটা মাত্র বাস, এল.৩১ ছাড়া আর অন্য কোনও বাস কলকাতায় আসে না। শ্রীরামপুর বাস স্ট্যান্ড থেকে কোনও সরকারি বাস ডানকুনি হয়ে কলকাতা নিয়ে আসার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** এই মুহূর্তে কোনও পরিকল্পনা নেই, বাস টার্মিনাস হলে বিবেচনা করব।

**শ্রী দেবীপ্রসাদ পান্ডা ঃ** আমার বিধানসভা কেন্দ্র নন্দীগ্রামে যে বাস টার্মিনাস রয়েছে সেটা পুরানো দিনের। এখান থেকে প্রায় ১৯টি দুরপাল্লার বাস যাতায়াত করে। সেই তুলনায় এখানে বাস যাতায়াত করার ক্ষেত্রে স্থান অত্যন্ত অপ্রতুল। এই বাস স্ট্যান্ডটি আধুনিকীকরণ এবং পরিবর্দ্ধন করা যায় কিনা বলবেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** এই মুহূর্তে কোনও প্রস্তাব নেই। আপনি নির্দিষ্ট ভাবে প্রস্তাব দেবেন তারপর আমরা সেটা বিবেচনা করব।

**শ্রী বংশীবদন মিত্র ঃ** আরামবাগে একটা বাস টার্মিনাস হবার কথা ছিল। হুগলি জেলার আরামবাগের সাব-ডিভিসন এলাকায় দুরপাল্লার বাসের মাধ্যমে কোনও যোগাযোগ ব্যবস্থা নেই। আরামবাগ এলাকায় কোনও বাস টার্মিনাস করার কথা আপনি ভাবছেন কি?

**মিঃ স্পিকার ঃ** না, এটা হবে না।

## বায়ুচালিত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র

*৩৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৮) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ১৯৯৬ সালের ৩১শে মার্চ পর্যন্ত এ রাজ্যে মোট কতগুলি বায়ুচালিত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন করা হয়েছে;

(খ) উক্ত কেন্দ্রগুলি কোথায় কোথায় অবস্থিত; এবং

(গ) কেন্দ্রগুলিতে বর্তমানে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ কত?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ**

(ক) ১৯৯৬ সালের ৩১শে মার্চ পর্যন্ত রাজ্যে মোট দুটি ছোট বায়ুশক্তি চালিত বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা হয়েছে।

(খ) উক্ত কেন্দ্রগুলি দিঘা এবং নয়াচর দ্বীপে অবস্থিত।

(গ) কেন্দ্র দুটির ক্ষমতা প্রতিটিতে ১০ কিলোওয়াট করে। দিঘার যন্ত্রটি কিছুদিন যাবৎ বন্ধ আছে। নয়াচরের যন্ত্রটি ১০ কিলোওয়াট বিদ্যুৎ উৎপাদন করছে।

১৯৯৩ সালে দিঘা এবং নয়াচরের বায়ু শক্তিচালিত বিদ্যুৎ কেন্দ্রগুলি স্থাপন করা হয়েছিল। এখন পর্যন্ত দিঘার যন্ত্রটি মোট ১০,০০০ ইউনিট বিদ্যুৎ উৎপাদন করেছে ও

নয়াচরের যন্ত্রটি মোট প্রায় ৬১,০০০ ইউনিট বিদ্যুৎ উৎপাদন করেছে।

[11-10 — 11-20 A.M.]

**শ্রী আবু আয়েশ মন্ডল :** মাননীয় মন্ত্রী মহোদয়, বর্তমান সময়ে বায়ু শক্তি কেন্দ্র স্থাপনের গুরুত্ব খুব বেশি। কারণ বিদ্যুতের যে পরিস্থিতি তাতে বায়ু শক্তিকে কাজে লাগাতে পারলে ভাল হয়। আপনি তারজন্য উদ্যোগও নিচ্ছেন। আমার প্রশ্ন হচ্ছে, এই দুটি কেন্দ্র ছাড়া আমাদের রাজ্যে আর কোনও বায়ুশক্তি কেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে কিনা; যদি থাকে তাহলে সেগুলো কি কি?

**ডঃ শঙ্করকুমার সেন :** এই বায়ু কেন্দ্র স্থাপনের জন্য দু'ভাগে ভাগ করে একটা সার্ভে করা হয়। একটা করা হয় ৫ মিটার মাস্ট তুলে সার্ভে করা হয় এবং সেটা প্রায় দেড় বছর ধরে করা হয়। তারপরে আরও দেড় বছর ধরে কন্টিনিউয়াস রেকর্ড করা হয় ২৫ মিটার মাস্ট তুলে। গত তিন বছর ধরে আমরা সার্ভে করছি। আজ পর্যন্ত সেইরকম সার্ভের যা রিপোর্ট মিনিমাম অ্যাভারেজ স্পীড পার ইয়ার সেটা হচ্ছে ঘন্টায় ১৮ কিমি.। এই বায়ু পাওয়া গেছে ফ্রেজারগঞ্জ, সাগরদ্বীপ আর নিচ কসবায়। কাঁথি এলাকায় আমরা সার্ভে চালিয়ে যাচ্ছি। ওখানে স্পীড কম, ঘন্টায় ১৪-১৫ কিমি. পাওয়া যাচ্ছে। এছাড়া নর্থ বেঙ্গল হিল কাউন্সিলের পাহাড়ে, যেটাকে টানেলিং এফেক্ট বলা হয়, সেখানে বেশি মাস্ট তুলে একটা পাওয়া গেছে টাইগার হিলে। তবে সেখান থেকে লাইন নিয়ে এসে পাবলিকের কাছে দেওয়াটা ব্যয় সাপেক্ষ ব্যাপার। ফ্রেজারগঞ্জে সাত মেগাওয়াট বিদ্যুতের জন্য আমরা টেন্ডার করছি। প্রাইভেট পার্টিসিপেশনে টেন্ডার করছি। এখানে বিদ্যুৎটা গ্রিডে দেওয়া হবে। টেন্ডারের ইভ্যালুয়েশন মাস খানেকের মধ্যে হয়ে যাবে লাস্ট ডেট ঐভাবে দেওয়া হয়েছে। সাগরদ্বীপে ৫০০ কিলো ওয়াট স্যাংশন'এর জন্য গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার মিনিস্ট্রি অফ নন-কনভেনশন্যাল এনার্জির কাছে পাঠানো হয়েছিল, তারা স্যাংশন করেছে। তবে তাদের কিছুটা টেকনিক্যাল প্রবলেম আছে। সেটা হয়ে গেলে আমরা করতে পারব।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** আমার শেষ অতিরিক্ত প্রশ্ন। আপনি উত্তরবঙ্গের বিষয়ে যেটা বললেন তা আমি ঠিক বুঝতে পারলাম না। আমি ক্যাটাগোরিক্যালি আপনার কাছে যেটা জানতে চাইছি, দার্জিলিং বা হিমালয়ের পাহাড়ের তলদেশে বায়ুশক্তি কেন্দ্র স্থাপনের সম্ভাবনা আছে কিনা, এবং এই বিষয়ে আপনার বিভাগ কোনও চিন্তা ভাবনা করছে কি?

**ডঃ শঙ্করকুমার সেন :** আমরা দার্জিলিংয়ের হিল কাউন্সিলে ৪টি স্টাডি করেছি। তারমধ্যে একটা জায়গায়, টাইগার হিলে স্টাডি করে দেখেছি সেখানে ঘন্টায় বায়ুর বেগ ১৮ কিমি.। টাইগার হিলে হয়ত করা হবে। কিন্তু বিদ্যুৎ কেন্দ্র করলেই হবে না। ওখান থেকে লাইন নিয়ে আসতে হবে। সেটা ভায়াবল হবে কিনা সেটা বড় প্রশ্ন। বিদ্যুৎ কেন্দ্র করলাম, সেটা ভায়াবল হল না, আমরা সেটা স্টাডি করছি। আর একটা হচ্ছে বক্সার হিল। সেটাতে সময় লাগবে। আমাদের তিন বছর সময় লাগে স্টাডি কমপ্লিট করতে। তারপর আমরা ডাটা পাঠাই হায়দ্রাবাদে। ওখানে নন-কনভেনশন্যাল এনার্জির যে গবেষণাগার আছে, তারা বিচার করে বলে দেন যে এখানে হবে, ওখানে হবে না।

**শ্রী প্রভঞ্জন মন্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় নন কনভেনশন্যাল এনার্জি সোর্সে একটা

স্কীম করেছেন। সেখানে হাই গ্রীড সিস্টেমে অর্থাৎ উইন্ড, সোলার এবং ডিজেল এই ৩ টে কে মিলিয়ে করছেন, ভারতবর্ষের মধ্যে এখানে এটা প্রথম হচ্ছে। ফ্রেজার গঞ্জে ৬০ মেগাওয়াটের করা হল খুব ভালো কথা কিন্তু সাগরদিঘিতে ৫০০ কিলোওয়াটসের যেটা করছেন সেটা খুবই কম, সুতরাং আমার প্রশ্ন হচ্ছে যে, আপনি তো নামখানাতে সরাসরি বিদ্যুৎ নিয়ে যেতে পারেন এবং সেখানে সেই ভায়াবিলিটিও আছে। সেখানে কিছু গ্রামে বিদ্যুৎ গেছে কিন্তু আইল্যান্ডগুলোতে এখনো যায়নি। পাথরপ্রতিমার ১৫টি গ্রাম ছাড়া আইল্যান্ডগুলোতে একেবারেই বিদ্যুৎ যায়নি, এক্ষেত্রে সোলার এবং উইন্ড এই নিয়ে কোনও পরিকল্পনা করছেন কি এবং কেন্দ্রীয় সরকারের আগে যে মন্ত্রী ছিলেন তিনি সাহায্য দেবেন বলে আশ্বাসও দিয়েছিলেন, কত টাকা তাতে পেয়েছেন জানাবেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** এরমধ্যে প্রযুক্তিগত ব্যাপার আছে। সাগরদিঘিতে ৫০০ গ্রীড কিলোওয়াটসের গ্রীড বসিয়েছি, এই মেশিনগুলো গ্রীড ছাড়া চলে না। পাওয়ারটা গ্রীড থেকেই নেওয়া হয় কিন্তু গ্রীডটা সব জায়গায় নিয়ে যাওয়া যায় না। ওখানে একটা ছোট ডিজেল স্টেশন আছে। ঐ ডিজেল স্টেশনটাকে স্ট্রেনদেন করতে পারলে আমরা ৫০০ কিলোওয়াটসের বেশি করতে পারব। আমরা সোলার বসিয়েছি, ডিজেল স্টেশন স্ট্রং করার চেষ্টা করছি এবং এগুলোকে আরও স্ট্রেনদেন করার কথা ভাবা হচ্ছে। এটা হলে পরে ৫০০ কিলোওয়াটসের বেশি বিদ্যুৎ চালিত হতে পারবে। তাছাড়া দক্ষিণবঙ্গে সুন্দরবন অঞ্চলে যে বিভিন্ন দ্বীপ আছে, যেগুলো আমাদের পরিয়োভুক্ত সেগুলো বায়োডাইভারসিটি এরিয়া, সেখানে গাছ ইত্যাদি কাটা চলবে না। ফ্রেজারগঞ্জে মৎস্য বন্দর হচ্ছে কাজেই সেখানে গ্রীড যাওয়া দরকার এবং ৬০ মেগাওয়াটসের ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া বায়ু চালিত শক্তি একটি পরিচ্ছন্ন শক্তি, আপাতত যে জমি পেয়েছি তাতে ৬০ মেগাওয়াটের গ্রীড করবার জন্য টেন্ডার করেছি। গোসাবাতেও মেশিন বসিয়েছি, ওখানে ১৮ কিলোওয়াটসের বসানো হয়েছে। কেন্দ্রীয় সরকারের সেকেন্ড ফেজের টাকা আমরা পেয়েছি। এছাড়া সোলারের ২৫ কিলোওয়াটসের জন্য যে প্রমিস করেছিলেন সেটা তারা রিলিজ করেছেন। সুতরাং কাজ শীঘ্রই শুরু হবে।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে, এই অচিরা চরিত শক্তির মধ্যে বায়ু পরিচ্ছন্ন শক্তি, এতে পলিউশনের কোনও ব্যাপার নেই, এর কস্ট অফ প্রোডাকশন কিরকম আসছে, কস্ট অফ প্রোডাকশন কমপেয়ারড টু কোল, কম্পেয়ারড টু সোলার পাওয়ার সোর্সেস অ্যান্ড আদার নন কনভেনশন্যাল এনার্জি এর থেকে বেশি হচ্ছে না কম হচ্ছে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** অ্যাকচুয়ালি ইমিডিয়েট কস্ট যদি দেখেন তাহলে কস্ট অনেক বেশি হবে কিন্তু দীর্ঘদিনের ক্ষেত্রে এই কস্ট অনেক কম হবে। থার্মাল পাওয়ার স্টেশন ২০ বছরের মিনিমাম লাইফ। থার্মাল পাওয়ারে খরচ অনেক বেশি কিন্তু বায়ু চালিত শক্তিতে ফুয়েল কস্ট নেই, ডিজেল কিছু লাগছে না ইত্যাদি। এমন কি মেনটেনেন্স কস্টও খুব কম। সেই তুলনায় থার্মাল পাওয়ার স্টেশনের মেনটেনেন্স কস্ট অনেক বেশি। সেই কারণে যেহেতু বায়ু চালিত শক্তিতে কস্ট কম সেই হেতু প্রাইভেট এনটারপ্রেনারদের রিটার্ন ৯০ পারসেন্ট অন ইকুইটি দিতে হয়। আর বায়ু চালিত শক্তিতে ১০ বছর ১২ বছর পরে সাডেনলি কস্ট কমতে থাকে। যখন তাদের ধার দেনা ইত্যাদি কমে যাবে তখন কস্টও কমে যাবে। কিন্তু

এখন রেট হচ্ছে দু' টাকার থেকে ২.২৫ পয়সা। যেহেতু এই বায়ু চালিত শক্তি পরিচ্ছন্ন শক্তি সেই হেতু এটাকে নিয়ে এগিয়ে যাওয়া দরকার, আগামিদিনে এই শক্তিই চালিত হবে।

[11-20 — 11-30 A.M.]

**ডঃ রামচন্দ্র মন্ডল ঃ** মাননীয় বিদ্যুৎ মন্ত্রীকে জানাবেন, আমাদের খেজুরি থানার অন্তর্গত মশলা দেওয়ায় যে বায়ুচালিত বিদ্যুৎ কেন্দ্রটি আছে তার বর্তমান অবস্থা কি, এবং এই সম্বন্ধে পশ্চিমবঙ্গের রিনিউয়েবেল এনার্জি ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট তাদের কি রিপোর্ট দিয়েছে, আজ অবধি সেটা জানতে পারলাম না, কবে এটা বাস্তবায়িত হবে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমরা খেজুরি অঞ্চলে যে স্টাডি করেছি, সেখানে ৫ মিঃ এর যে মাস্ট আছে, ঐখানে যে হাওয়া হচ্ছিল, তারপরে ২৫ মিঃ এর মাস্ট বসিয়ে দেখা যাচ্ছে, ৫ মিঃ এর ক্ষেত্রে ঘন্টায় ঘন্টায় রিডিং কন্টিনিউয়াস নিতে হয়, কিন্তু ২৫ মিঃ মাস্টে একটা টেপ রেকর্ডার এর মতো যন্ত্র থাকে তাতে কন্টিনিউয়াস রেকর্ড হয়ে যায়, এখন ১৪।১৫র মতো বায়ুবেগ, দরকার হচ্ছে ঐটা ১৮-র মতো গড়পড়তা। আমরা এটা এখনও চালিয়ে যাচ্ছি, দেখা যাক, এটা যদি এই বছরে হয়, বিষয়টা হচ্ছে, হাওয়া থাকলেই হবেনা, হাওয়ার একটা মিনিমাম স্পীড আছে, সেটা খেজুরিতে পাওয়া যাচ্ছে না।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলেছিলেন, '৯৬ সালে দিঘা ও নয়াচরে ২টি বায়ুচালিত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র স্থাপন করবেন। কিন্তু আমরা জানি, দিঘাতে চালু হওয়ার সাথে সাথে সেটা বন্ধ হয়ে গেছে। এখন কোনও উৎপাদন করছে না। এখন সেটা মেরামতি করে কবে থেকে আবার উৎপাদন শুরু করবেন?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** দিঘা আর নয়াচরের ইতিহাসটা আপনাদের জানা দরকার। এটা ৮ বছর আগে একটা ড্যানীশ কোম্পানি যন্ত্র ২টি আমাদের উপহার দিয়েছিল। সেই দুটো যন্ত্র একটা দিঘা আর একটা নয়াচরে বসিয়েছিলাম। নয়াচরের যন্ত্রটা ঐটা আমরা ক্যালকাটা পোর্ট ট্রাস্টকে দিয়েছি, ঐটা ওরা রক্ষণাবেক্ষণ করছেন। আর দিঘায় যেটা বসিয়েছিলাম ঐটা স্থান নির্বাচনটা ঠিক হয়নি। ঐটা ১০ কিলোওয়াটের যন্ত্র, অনেক দিন পড়েছিল। তারজন্যও কিছু অসুবিধা হচ্ছে। আমরা ইনভেস্টিগেশন করছি। যন্ত্রটাকে অন্য জায়গায় নিয়ে যাওয়া যায় কিনা দেখছি। দিঘাতে একটা বিজ্ঞান কেন্দ্র হচ্ছে, আপনারা জানেন এই বিজ্ঞান কেন্দ্রে ভারতবর্ষের সব ছেলেরা আসবে, ঐটা সর্বভারতীয় বিজ্ঞান কেন্দ্র হবে। এখানে বিভিন্ন জায়গা থেকে ছেলেরা আসবে, তিন বছরের কোর্স। সেই জায়গায় বসালে ছাত্রদের সুবিধা হবে, এটা আমি নিজে চিন্তা করেছি, এখনও কিছু হয়নি। এটা আমরা চেষ্টা করছি ঠিক জায়গায় বসানোর জন্য বর্তমানে যে জায়গাটায় বসানো হয়েছে ঐটা ঠিক জায়গায় হয়নি। আপনি ঐখানে গিয়েছেন কিনা জানিনা, গেলে দেখতে পেতেন, ঐটার সামনে একটা বড় বাড়ি আছে, হাওয়া ঠিকমতো আসেনা। মাস্টও অনেক ছোট, লো হাইট। এটা খুবই দুঃখজনক, এখন ঐটাকে সমুদ্রের কাছে নিয়ে যেতে হবে।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যেটা অ্যাকচুয়াল বললেন, সেটা ক্লিয়ার হল না। উনি বললেন, ২ টাকা পার ইউনিট করবেন। এটা একটা ১০ কিলো ওয়াটের পাওয়ার স্টেশন, বায়ুচালিত এবং টোটাল খরচটা যেটা আমাদের অতীশদা বললেন,

অ্যাজ কমপেয়ারড টু সোলার পাওয়ার স্টেশনস। এই প্রসঙ্গে আমি শুধু মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই, যে টেকনোলজিতে উড়িষ্যার পুরিতে দেখেছি সমুদ্রের ধারে পরপর উইন্ড মিলগুলি রয়েছে এবং একটার সাথে তার একটা কানেকটেড হলে যে উইন্ড স্পীড আসছে, তাতে একটা ঘুরলেই পরপর সবগুলিতে সেটা মাল্টিপ্লাইড হয়ে যাচ্ছে। উনি এখানে যে পাওয়ার স্টেশন করবেন, সেটা কি প্রসেস করবেন? হলান্ডে দেখেছি, সমুদ্রের ধারে বরাবর উইন্ডমিলগুলি রয়েছে কোস্টাল জায়গায়। আমাদের এখানে ওরা যেটাকে বাসকেট উইন্ড মিল সিস্টেম বলছে আমার পয়েন্ট হচ্ছে, কিভাবে উইন্ডমিলগুলি চলবে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** এটা খুবই সঙ্গত প্রশ্ন। আমাদের এক একটা উইন্ড মিল ৬০০ কিলোওয়াট, হায়েস্ট ক্যাপাসিটি যেটা ভারতবর্ষে তৈরি হয়। এক্সপেরিমেন্ট বেসিসে যদি ৬০ মেগাওয়াট হয় তাহলে আমাদের ১৮টা লাগবে, ক্যাসকেট সিস্টেমে। এইগুলি এখানকার খরচ হচ্ছে প্রায় ৩.৭৫ কোটি টাকা পার মেগাওয়াট। এবার হিসাব করতে হচ্ছে ফিক্সড কস্ট এবং রানিং কস্ট। তবে এখানে কোনও ফুয়েল কস্ট নেই। লোকজন রাখার জন্য একটা মেইনটেনেন্স কস্ট আছে এবং এটাই রানিং কস্ট। মিনিস্ট্রি অফ নন কনভেনশন্যাল এনার্জি হান্ড্রেড পারসেন্ট ডেপ্রিসিয়েশন দিচ্ছে, তারজন্যই এটা অ্যাট্রাকটিভ, নইলে অ্যাট্রাকটিভ হতনা।

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন, তার এবং পোলের সাহায্য নিয়ে সব জায়গায় বিদ্যুৎ পৌঁছানো যায়নি। অচিরাচরিত শক্তির মাধ্যমে সেখানে বিদ্যুৎ পৌঁছানোর কোনও ব্যবস্থা করবেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** অচিরাচরিত শক্তি বিভিন্ন ধরনের আছে, আমরা যেটা করছি গোসাবাতে সেটা বারোমাস জেনারেশন। কাঠের কুচি থেকে গ্যাস তৈরি করে তার থেকে বিদ্যুৎ তৈরি করা এবং এটা এক্সপেরিমেন্টাল বেসিসে আছে। ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন হবে এবং তিন হাজার বাড়িতে দেওয়া যাবে। সাগরে আমরা সোলার এনার্জি করছি। সুন্দরবনে ১১০টি মৌজা আছে সেখানেও আমরা দেব। তবে সেখানে কো-অপারেটিভ করতে হবে। কারণ আমরা কাজগুলো কো-অপারেটিভকে হ্যান্ডওভার করছি। গোসাবা এবং সাগরে কো-অপারেটিভ তৈরি হয়ে গেছে। একটা কথা মনে রাখতে হবে। এইগুলো কিন্তু এখনও পর্যন্ত কস্ট বেসিসে হচ্ছে। সেইজন্য আমাদের সন্তর্পণে এগোতে হবে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন গ আট বছর ধরে এই চিরাচরিত শক্তির ব্যাপারে গবেষণা করছেন পশ্চিমবঙ্গে। কিন্তু মহারাষ্ট্র গত দশ বছরে ১০০ মেগাওয়াট বিদ্যুৎ তারা তৈরি করছেন। আমাদের পিছিয়ে থাকার কারণটা কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমাদের এখানে যে হাওয়াটা আছে সেটা একটা মিনিমাম স্পীডে আসে। দক্ষিণবঙ্গে একটা ঝড়ো হাওয়া আছে। এর একটা লিমিটেশন আছে এরফলে স্ট্রাকচারটা ভেঙে পড়তে পারে। আমাদের এই সম্বন্ধে স্টাডি করতে হবে। আট বছর আগে দুটো দশ কিলোওয়াট মেশিন পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদকে একটি ডেনিশ কোম্পানি উপহার দিয়েছিল। আসলে গবেষণাটা আমরা গত চার বছর ধরে মেজারমেন্ট করছি। সায়েন্টিফিকালি এক মিটার হাইটে আধ ঘন্টা বাদে রিডিং নিয়েছি। আবার ২৫ মিটার হাইটে কন্টিনিউয়াসলি রিডিং করেছি। গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার যে নর্মস আছে সেই অনুযায়ী কাজটা

করতে হবে। মহারাষ্ট্র, তামিলনাড়ু, অন্ধ্রপ্রদেশের একটা সুবিধা আছে। তামিলনাড়ুতে দেখবেন পেছনে পাহাড় আছে, হাওয়াটাকে সেখানে স্মুথেন করে দেয়, যেটা কাঁথিতে নেই।

### No Objection Certificate from W.B.P.C.B.

*389. (Admitted Question No. *781) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Environment Department be pleased to state—

(a) whether units importing hazardous materials are required to obtain ''No objection Certificates'' from the West Bengal Pollution Control Board;

(b) if so—

the brief outlines of

(i) No Objection Certificates issued

(ii) the number of requests for No Objection Certificates turned down by the Board; and

(iii) the number of cases of imports of hazardous materials without No Objection Certificates detected by the Board during the last fifteen months ?

**Shri Manabendra Mukhopadhyay :**

(a) Yes, authorisation from West Bengal Pollution Control Board is required.

(b) (i) Three 'authorisations' were issued by the State Board.

(ii) None.

(iii) Two.

[11-30 — 11-40 A.M.]

**শ্রী সুলতান আহমেদ :** মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি যে এই যে ইমপোর্টগুলো হচ্ছে ফ্রম ডক অ্যান্ড এয়ারপোর্ট, মাত্র দুটো অ্যাপ্লিকেশন আপনারা পেয়েছেন কিন্তু আমরা জানি হাজার হাজার টন মাল উইদাউট এনি অথরাইজেশন আসছে। এই অথরাইজেশন ইজ ম্যান্ডেটরি অর নট। উইদাউট অথরাইজেশন অব পলিউশন কন্ট্রোল বোর্ড মালগুলো পোর্ট অথরিটি ছাড়বে না বা শহরে ঢুকবে না।

**শ্রী মানবেন্দ্র মুখোপাধ্যায় :** এই ক্ষেত্রে রেলেভ্যান্ড আইনটা আপনাকে জানাই। এই ধরনের হ্যাজার্ডাস কেমিক্যাল ওয়েস্ট যারা কাঁচামাল হিসাবে ব্যবহার করে। প্রথমত যে কোম্পানি থেকে মালটি কিনবে, বিদেশি কোম্পানি, একটা ৬ নম্বর ফর্ম আছে সেখানে একটা অ্যাপ্লিকেশন করতে হয় সেন্ট্রাল গভর্নমেন্টের এনভায়রন ডিপার্টমেন্টকে এবং যারা ইমপোর্ট

করবে সেই ইমপোর্টারদের অ্যাপ্লিকেশন করতে হয় স্টেট পলিউশন বোর্ডকে। সেন্ট্রাল গভর্নমেন্টের এনভায়রনমেন্ট ডিপার্টমেন্ট অনুমতি দিলে তারপর বাকি কাজগুলো স্টেট পলিউশন কন্ট্রোল বোর্ড করতে পারে। আমাদের সেন্ট্রাল গভর্নমেন্ট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্ট হচ্ছে এই সমস্ত হ্যাজার্ডাস কেমিক্যাল ওয়েস্ট এর পারমিশন দেওয়ার ক্ষেত্রে নোডাল এজেন্সি। আমাদের কাছে অ্যাপ্লিকেশন করে অনুমতি নিয়েছে তিনটি সংস্থা। বাকি দুটো সংস্থার খবর আমরা পেয়েছি, উত্তরে জানালাম যে আমরা হাতে ধরতে পেরেছি যারা এই ধরনের সার্টিফিকেট জাল করে আনবার চেষ্টা করেছিল। আমরা পুলিশের কাছে এফ.আই.আর করেছি।

**শ্রী সুলতান আহমেদ ঃ** এটা তো ডক অ্যান্ড এয়ারপোর্টের ক্ষেত্রে বললেন। হোয়াট অ্যাবাউট আদার স্টেটস? হ্যাজার্ডাস কেমিক্যাল যে ইমপোর্ট হচ্ছে ফ্রম গুজরাট ইন্টার স্টেটস তার সম্বন্ধে কি স্টেপ নিচ্ছে পলিউশন কন্ট্রোল বোর্ড। উইদাউট এনি পারমিশন আসছে। কদিন আগে ৪ঠা জুন একটা অ্যাক্সিডেন্ট হল বরানগরে। ৫ জন মারা গেছে। লরিতে করে সালফার নিয়ে আসছিল। তার সম্বন্ধে আপনার কি প্রশ্ন আছে।

**শ্রী মানবেন্দ্র মুখোপাধ্যায় ঃ** আপনার প্রশ্নটা ছিল ইমপোর্টিং হ্যাজার্ডাস মেটিরিয়ালস। কাজেই গুজরাট থেকে আসলেই এটা এই প্রশ্নের আওতার মধ্যে পড়ে না। কিন্তু তা সত্ত্বেও আপনাকে আমি জানাই যে এই ধরনের কোনও কেমিক্যাল নিয়ে কাজ করে, প্রতিটি সংস্থাকে মাঝারি সংস্থাকে এবং বড় শিল্প সংস্থাকে আমাদের পলিউশন কন্ট্রোল বোর্ড থেকে নো অবজেকশন সার্টিফিকেট নিতে হয়। তাছাড়া নির্দিষ্ট সময়ের পরে তার রিনিউয়াল দরকার হয়। আপনি যদি অন্য রাজ্য থেকে আসার বিষয় নিয়ে প্রশ্ন করতে চান আমি আপনাকে অনুরোধ করব যে আপনি পৃথক একটা প্রশ্ন করলে আমি বিস্তারিত জানাব।

**শ্রী সুলতান আহমেদ ঃ** এই যে ভায়োলেশন অব পলিউশন বোর্ড বা পলিউশন রুলস যা হচ্ছে তার এগেনস্টে ম্যাক্সিমাম কি পানিশমেন্ট রাজ্য সরকার করতে পারে? কি করে শাস্তি দেবে? তারা কি ইউনিট বন্ধ করে দেবে। তার লাইসেন্স ক্যানসেল করতে পারে? কোনও সাজা সি.আর.পি.সিতে আছে?

**মিঃ স্পিকার ঃ** সে তো আইনে লেখা আছে। দ্যাট ইজ এ রিটন ল। উনি আইনের কি ব্যাখ্যা করবেন এখানে। কোন অপরাধে কি শাস্তি হবে সে তো আইনে লেখা আছে। উনি কি বলবেন এ ব্যাপারে।

**শ্রী সুলতান আহমেদ ঃ** ভায়োলেশন অব এনভায়রনমেন্ট এটা এনভায়রনমেন্ট মিনিস্টার জানেন। মানুষের জানা নেই কিন্তু আমরা জানি তফসিয়া এবং তিলজলা বেল্টে হাজার হাজার টন ইমপোর্ট হ্যাজার্ডাস গুডস আসছে। আমরা দেখি নি পুলিশকে অ্যাকশন নিতে। গভর্নমেন্টকে অ্যাকশন নিতে।

(গন্ডগোল)

**মিঃ স্পিকার ঃ** দি কোয়েশ্চেন ইউ আসকিং, এই অফেন্সে শাস্তি কি হবে? শাস্তি কি হবে আইনে লেখা আছে পড়ে নেবেন।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বলবেন কি, বরানগরে যে অ্যাক্সিডেন্ট হয়ে

*গেল সেখানে যে ইমপোর্ট করেছিল গন্ধক, তার নো অবজেকশন সার্টিফিকেট ছিল কি, না ছিল না?*

**শ্রী মানবেন্দ্র মুখোপাধ্যায় ঃ** আমি আগেই উল্লেখ করেছিলাম যে কোনও ছোট সংস্থা যারা এই ধরনের শিল্প চালায় বা স্টোর করে, ছোট যে সমস্ত ইউনিট আছে তাদের নো অবজেকশন সার্টিফিকেট দেওয়ার ব্যবস্থা এখনও নেই। বড় এবং মাঝারি শিল্প সংস্থাগুলোর আছে। এই পার্টিকুলার বিষয়টি যদি আপনি জানতে চান যে বরানগরে যে বিষয়টা উল্লেখ করলেন এটার কোনও অবজেকশন সার্টিফিকেট ছিল না। এই যে অসংখ্য ছোট শিল্প আছে যারা এই পলিউশনের কারণ হচ্ছে। এই ক্ষেত্রে আমরা যেটা করি যে যদি নির্বাচিত প্রতিনিধি বা স্থানীয় মানুষ বা যে কেউ যদি নির্দিষ্টভাবে অভিযোগ করে এই সম্পর্কে, আমরা পলিউশন কন্ট্রোল বোর্ড সেই অভিযোগের ভিত্তিতে তদন্ত করে দেখি। মাননীয় বিধায়ক সুলতান আহমেদ তাকে অনুরোধ করব এই সম্পর্কে সুনির্দিষ্ট তথ্য যদি থাকে আমাদের কাছে দিন, উপযুক্ত ব্যবস্থা নেওয়ার চেষ্টা আমার দপ্তর থেকে করতে পারি।

এক্ষেত্রে যদি কেউ নির্বাচিত প্রতিনিধি বা এম এল এদের কাছে নির্দিষ্টভাবে অভিযোগ করেন তাহলে পলিউশন কন্ট্রোল বোর্ড অভিযোগের ভিত্তিতে তদন্ত করে দেখে। মাননীয় বিধায়ক সুলতান আহমেদকে অনুরোধ করব যে, এই সম্পর্কে সুনির্দিষ্ট তথ্যাদি আমাদের যদি দেন, তাহলে আমরা উপযুক্ত ব্যবস্থা নেব।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** ছোট ছোট কারখানায় বিস্ফোরক পদার্থ ব্যবহার করে; এতে মারা যেতেও পারে। সুতরাং তাদের পক্ষে এন ও সি কমপালসারী করার কথা ভাবছেন কি?

**শ্রী মানবেন্দ্র মুখোপাধ্যায় ঃ** এই সম্পর্কিত সমস্ত আইনটা কেন্দ্রীয় সরকার করে।

**Mr. Speaker :** Mr. Mukherjee, the only question arising after the Baranagore incident is that whether your Department is carrying out any survey of this type of industries or not? এই ধরনের সার্ভে করেছেন কিনা জানান?

**শ্রী মানবেন্দ্র মুখোপাধ্যায় ঃ** এই সম্পর্কে বলি যে, বড় এবং মাঝারি শিল্পগুলি সম্পর্কে আমাদের অধিকাংশই তথ্য থাকে। কিন্তু মাননীয় সদস্যরা সবাই জানেন যে, আমাদের রাজ্যের অধিকাংশই হচ্ছে ছোট শিল্প। প্রতিটি শিল্প ধরে আলাদা করে তথ্য নেওয়াটা শুধু কঠিন নয়, প্রায় অসম্ভবই। বর্তমান পলিউশন কন্ট্রোল স্ট্রাকচার '৭৪' কেন্দ্রীয় আইন অনুযায়ী এই তথ্য নেওয়াটা প্রায় অসম্ভব। তবে এর বাইরে আলাদা করে পলিউশন কন্ট্রোল বোর্ড নয়, এনভায়রনমেন্ট দপ্তর যে কাজে হাত দিয়েছে, সেটা হচ্ছে যে, পশ্চিমবঙ্গে ১৮টি জেলাতে আমাদের এনভায়রনমেন্ট স্ট্যাটাস কি, তার একটা সামগ্রিক রিপোর্ট তৈরি করছে। ফলত তারমধ্যে আলাদা করে শিল্পের চিত্র না পাওয়া গেলেও ভবিষ্যতে ফার্দার স্টাডি করা যেতে পারে। এইরকম একটা প্রত্যক্ষ চিত্র না পাওয়া গেলেও সামগ্রিক চিত্র পাওয়া যেতে পারে।

### কৃতি খেলোয়াড়দের চাকুরি

*৩৯০। (অনুমোদিত প্রশ্ন নং *৬০২) **শ্রী তপন হোড় ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত

**মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—**

এটা কি সত্যি যে, রাজ্যের কৃতি খেলোয়াড়দের সরকারি চাকুরি দেওয়ার পরিকল্পনা রাজ্য সরকার গ্রহণ করেছে?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ**

জাতীয় ও আন্তর্জাতিক স্তরের ক্রীড়াবিদরা সমযোগ্যতাসম্পন্ন হলে অন্যান্য সাধারণ প্রার্থিদের থেকে চাকুরির ক্ষেত্রে অগ্রাধিকার পেতে পারেন।

**শ্রী তপন হোড় ঃ** বাংলার খেলাধুলায় এক সময় হতাশাজনক পরিস্থিতি ছিল। এখন আপনার দপ্তর কিছু কিছু ভূমিকা নেওয়ার ফলে খেলাধুলায় একটা জোয়ার এসেছে। কিন্তু খিদিরপুর এরিয়ান্স ক্লাবের মতো ঘটনা ঘটছে। অর্থাৎ তারা তৈরি করছে, আর মোহনবাগান ইস্টবেঙ্গল ক্লাব নিয়ে চলে যাচ্ছে। সুতরাং এখন আমাদের রাজ্যের ভালো ভালো খেলোয়াড় রেলে, টাটায় চলে যাচ্ছে। যেমন এখানে খবর এসেছে যে, সৌরভ গাঙ্গুলি স্টেট ব্যাঙ্কে চলে যাচ্ছে। টেবিল টেনিস ভলিবল, ব্যাডমিনটন এর ক্ষেত্রেও একই জিনিস দেখা যাচ্ছে। এই ব্যাপারে রাজ্য সরকার কোনও স্পেশ্যালি দায়িত্বও নিতে পারবেন কিনা বলুন?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আমাদের চাকরি প্রদানের ক্ষমতা এখানকার বাধ্যবাধকতা যা আছে, তা হচ্ছে যে, রাজ্যস্তরে এবং জাতীয় স্তরে যদি অংশগ্রহণ করে এবং সেই সাথে চাকরির আবেদনের জন্য অন্যান্য আনুষঙ্গিক যোগ্যতাগুলি থাকে, তাহলে সে আবেদন করতে পারবেন। এক্সচেঞ্জের যে বাধ্যবাধকতা আছে, তার দরকার হয় না এবং সেই ব্যাপারে তারা অগ্রাধিকার পাবে। এখনও পর্যন্ত জাতীয় স্তরে অংশ গ্রহণ এবং রাজ্যস্তরে অংশগ্রহণ ছাড়াও এর নিচের খেলোয়াড়রা অংশগ্রহণ করলে তাদের জন্য ব্যবস্থা করা আমাদের সম্ভব হয়না।

[11-40 — 11-50 A.M.]

**শ্রী তপন হোড় ঃ** স্যার, অতিরিক্ত প্রশ্ন। আপনার জবাবের সূত্র ধরে বলি, মহারাষ্ট্র, তামিলনাড়ু, কেরালা রাজ্যে দেখা গেছে, রাজ্য সরকার তাদের কৃতি খেলোয়াড়দের চাকরি দিয়েছেন, তাদের এস্টাব্লিশ করেছেন এবং তাদের সমস্ত অ্যামেনিটিস দিয়েছেন। আপনারা এ ব্যাপারে নিশ্চিতভাবে কিছু ভেবেছেন কিনা অনুগ্রহ করে জানাবেন?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** এটা নিয়ে নানা পর্যায়ে নানা কথাবার্তা হয়েছে। সাধারণ ভাবে রাজ্য সরকার যে ধরনের চাকরি দিয়ে থাকেন তার চেয়ে অনেক বেশি বেতনের চাকরি তারা বাইরে পেয়ে চলে যান। যেমন সৌরভ গাঙ্গুলির প্রসঙ্গ তুললেন—তারা এর চেয়ে অনেক বেশি অফার পেয়ে আগেই চলে যায়। এরা আসে না। আমরা সাধারণ ভাবে গ্রেড-৪, গ্রেড-৩ চাকরির বাইরে চাকরি দিয়ে তাদের দিতে পারি না। রাজ্য সরকার সরাসরি এর বাইরে তাদের চাকরি দিতে পারেন না। এছাড়া অন্য অনেক চাকরি আছে সেগুলো পি.এস.সি.র মাধ্যমে লোক নেওয়া হয়। সুতরাং এর বাইরে সরাসরি অ্যাপয়েন্টমেন্ট দেওয়ার মতো অবস্থা নেই, সেই প্রভিসনও নেই।

**শ্রী তপন হোড় ঃ** আপনি বললেন প্রভিসন নেই, তা এই প্রভিসন করবার কোনও

বিবেচনা আপনারা করবেন কিনা? যেমন পুলিশ ডিপার্টমেন্টে, ফুড ডিপার্টমেন্টে এছাড়া আরও বড় বড় ডিপার্টমেন্টে এদের প্রোভাইড করা যায় কিনা সে ব্যাপারে কোনও চিন্তা-ভাবনা করেছেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আমাদের এখানে খুব সাধারণ কাজের ক্ষেত্র আছে, পুলিশের ক্ষেত্রে কিছু অ্যাকসেশন আছে রাজ্য পুলিশে এবং ক্যালকাটা পুলিশে। যেমন ধরুন কনস্টেবলের চাকরি আছে, কিন্তু এ চাকরিতে কে আসবে? প্লেয়াররা বাইরে এর চেয়ে অনেক বেশি আর্থিক মূল্যের চাকরি পেয়ে চলে যায়। বাইরে তারা অনেক বেশি সুযোগ পেয়ে থাকেন। এটা নিয়ে বিভিন্ন পর্যায়ে সরকার থেকে চিন্তা করার ব্যাপারে আমরা প্রস্তাব রেখেছি। এগুলো সরকারের বিবেচনাধীন আছে। সেজন্য এখনই না' বা' হ্যাঁ' বলা যাচ্ছে না।

**শ্রী সঞ্জীবকুমার দাশ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, রাজ্য সরকারের কৃতি খেলোয়াড়দের চাকরির অগ্রাধিকার কনসিডারড করার ব্যাপারে আপনার কাছে কি কোনও রেকর্ড আছে? অন্তত কতজন কৃতি খেলোয়াড়কে চাকরি দিয়েছেন?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** আমাকে নির্দিষ্ট প্রশ্ন করলে নিশ্চয়ই উত্তর দেব। এই মুহূর্তে সবটা ঠিক বলতে পারব না।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** গত পরশুদিন দেখলাম, ব্রাজিলের স্টার খেলতে যাচ্ছেন। ওলিম্পিকে তার দাম উঠেছে ১ কোটি ডলার। আমার প্রশ্ন এমপ্লয়মেন্ট সম্বন্ধে নয়। আমার প্রশ্ন কৃতি খেলোয়াড় তৈরি করার জন্য শুধু শহর থেকে নয়, গ্রামাঞ্চল থেকে ও কৃতি খেলোয়াড়দের তুলে আনার জন্য কিছু চিন্তা-ভাবনা করেছেন কিনা?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** এটা ঠিক প্রাসঙ্গিক প্রশ্ন নয়।

**শ্রী অসিত মিত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি অনেক কৃতি খেলোয়াড়, যারা প্রমিজিং, কলকাতার মাঠে খেলে কিন্তু ঠিক জাতীয় বা আন্তর্জাতিক স্তরে যাওয়ার সুযোগ অনেক সময় দুর্ঘটনায় তাদের খেলোয়াড় জীবন নষ্ট হয়ে যায় এমনও দেখা গেছে, তারা জীবন চালাতে ভিক্ষাবৃত্তি নিয়েছে বা অন্যের উপর নির্ভর করতে হয়েছে এসব খেলোয়াড়রা যাতে নিজেরাই নিজেদের জীবন চালাতে পারে তারজন্য রাজ্য সরকার কোনও পরিকল্পনা নিয়েছেন কি?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** প্রাসঙ্গিক নয়। প্রশ্নটা হচ্ছে জাতীয় এবং আন্তর্জাতিক মানের খেলোয়াড়দের চাকরির সংরক্ষণ।

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ** মন্ত্রী মহোদয় ফুটবল, ক্রিকেট ইত্যাদি জনপ্রিয় খেলার কথা বললেন। সেইসব ট্রাডিশনাল জনপ্রিয় খেলার বাইরে, যাতে দৈহিক গঠন ইত্যাদি ব্যাপার আছে, সেসব খেলায় উৎসাহ দেখানো দরকার। খো-খো, কবাডি, তিরন্দাজী, এসব খেলায় অনেক নিম্নবিত্ত বাড়ির খেলোয়াড়রা বাংলা এবং ভারতের প্রতিনিধিত্ব করেছে। অথচ ট্রাডিশনাল খেলার বাইরে সংরক্ষণের প্রশ্নে অভিযোগ উঠেছে। এসব ক্ষেত্রে যারা জাতীয় স্তরে অংশগ্রহণ করেছেন, তাদের চাকরি দেবেন?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** জাতীয় বা আন্তর্জাতিক ক্ষেত্রে যারা খেলে থাকেন, তারা সকলেই কর্ম বিনিয়োগের সুযোগ পেয়ে থাকেন। আমাদের যত দূর জানা আছে, জাতীয় স্তরে খো-খো, কবাঁডি, ইত্যাদি খেলোয়াড় যারা আছেন, তাদের সকলেই দু-একজন এদিক ওদিক হতে পারে কর্মে নিযুক্ত। তাদের মধ্যে রাজ্য সরকারের অধীনে আছে, রেল, পোর্ট, ইন্ডিয়ান এয়ার লাইন্স, কোল ইন্ডিয়া, ব্যাঙ্ক, ইত্যাদিতে আছে।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় ভালোই বলেছেন, যেগুলো ভালো খেলা, সেইগুলিতে যে পরিমাণ টাকা আজকে আসছে, সেটা রাজ্য সরকারের পক্ষে দেওয়া সম্ভব নয়। এমনকি ফুটবলেও ই.এস.পি.এন. আই.এফ.এ.কে যে পরিমাণ টাকা দিয়েছে, তা দেওয়াও সম্ভব নয়।

আমি জানতে চাই, আমাদের রাজ্যের যেগুলো অবহেলিত খেলা বা খেলোয়াড় আছে, তাদের আর্থিক বা চাকরির ক্ষেত্রে সুযোগ দেওয়ার জন্য মন্ত্রী মহাশয় কখনও স্টেট পাবলিক সেক্টর আন্ডারটেকিং, রেল প্রাইভেট কোং, ইত্যাদি বিভিন্ন দপ্তরকে নিয়ে কোনও মিটিং করেছেন কিনা বা কোনও উদ্যোগ নিয়েছেন কিনা।

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** এই উদ্যোগ ব্যক্তিগত ভাবে এবং আমাদের দপ্তর থেকে আমরা প্রায়শই নিয়ে থাকি। যেমন রাজ্য ক্রীড়া পর্ষদের সঙ্গে কথা হয়। তারমধ্যে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া আন্ডারটেকিং, রেল, পোর্ট ইত্যাদিতে অনেক ছেলে-মেয়েকে দিতে পারি। আমাদের রাজ্য স্তরে এবং জাতিয় স্তরে যারা প্শংসা অর্জন করেছে, তাদের বেশিরভাগ রেলে আছে। এরকম যোগসূত্র আছে। আর, এটা এসারিত করার ব্যাপারে শ্রম দপ্তরের সঙ্গে টেক আপ করেছি, আলোচনা চলছে, তবে কোনওটাই হ্যাঁ বা না, হচ্ছে না, এই অবস্থায় আছে। সাম্প্রতিক রাজ্য পুলিশ এবং কলকাতা পুলিশের যাতে কিছু সম্ভাবনাময় খেলোয়াড় নেওয়া যায়, এই ব্যাপারে উদ্যোগ নিয়েছি।

[11-50 — 12-00 Noon.]

**শ্রী মুরসোলিন মোল্লা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে স্কুল, বিদ্যালয়, মহা-বিদ্যালয়, বিশ্ব-বিদ্যালয়-এর যে সমস্ত ছাত্র-ছাত্রীরা খেলা-ধুলায় সম্ভাবনার প্রতিশ্রুতি রাখতে পারছে তাদের জন্য আমাদের রাজ্যের ক্রীড়া পর্ষদ বা জেলাস্তরে যারা উঠে আসছে তাদের পুরস্কৃত করা বা চাকরির বিষয়ে রাজ্য সরকারের কোনও পরিকল্পনা আছে কি না?

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** রাজ্য সরকারের আছে, কেন্দ্রীয় সরকারেরও আছে। যারা স্কুল গেমসে বা বিভিন্ন স্তরের গেমসে ভালো রেকর্ড করে তাদের জন্য স্কলারশিপের ব্যবস্থা আছে।

### মৌজা বৈদ্যুতিকরণ

*৩৯১। (অনুমোদিত প্রশ্ন নং *৭৭) শ্রী **কমল মুখার্জি ও শ্রী আব্দুল মান্নান ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ৩১শে মার্চ, ১৯৯৬ পর্যন্ত রাজ্যে কতগুলি মৌজায় বৈদ্যুতিকরণের কাজ শেষ হয়েছে;

(খ) কতগুলি মৌজায় ঐ কাজ বাকি আছে; এবং

(গ) কতগুলি মৌজায় বৈদ্যুতিকরণের কাজ শেষ হলেও বিদ্যুৎ সরবরাহ করা যায় নি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ**

(ক) ২৯২০৫টি ভারজিন মৌজায় বৈদ্যুতিকরণের কাজ শেষ হয়েছে।

(খ) ৮৮১৯টি ভারজিন মৌজায় বৈদ্যুতিকরণের কাজ বাকি আছে।

(গ) আনুমানিক ৬০৭টি।

**শ্রী কমল মুখার্জি ঃ** রাজ্যের কোন কোন অঞ্চলে এখনও বৈদ্যুতিকরণের কোনও কর্মসূচি গ্রহণ করা হয়নি।

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** কোন কোন অঞ্চল কথাটা ঠিক বুঝতে পারলাম না। একমাত্র সুন্দরবন এলাকায় কিছু অসুবিধা আছে তারবাহিত বিদ্যুৎ নিয়ে যাওয়াতে। খাড়ি-নদী আছে তাই কিছু অসুবিধা আছে। সেখানে সোলার করার চেষ্টা করছি। অবশ্য সমস্ত জেলাতে কাজ হচ্ছে। তবে মেদিনীপুর জেলাতে খুবই কম কাজ হয়েছে। তবে কোন কোন অঞ্চল বলতে ঠিক বুঝতে পারলাম না।

**শ্রী কমল মুখার্জি ঃ** বৈদ্যুতিকরণের জন্য কত টাকা ব্যয় হয়েছে এবং এরজন্য কেন্দ্রীয় সাহায্য পাওয়া গেছে কি না?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** কেন্দ্রীয় সাহায্য রুর‍্যাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশনের মাধ্যমে এখানে আসে। আমাদের রাজ্যে এতদিন ধরে যে ঋণ আমরা নিয়েছি সেই ঋণ শোধ করতে না পারার দরুন এবং পাশাপাশি গত কয়েক বছরে আমাদের ইন্টারেস্ট বেড়ে গেছে, হাই হয়ে গেছে, এটা ভায়োবেল হচ্ছেনা। স্পেশ্যালি আমাদের ঐসব লার্জ নম্বর অফ এস.সি./এস.টি., ইকোনোমিক উইকার সেকশন জায়গাতে যখন একটা প্রকল্প নেওয়া হয় অ্যাট এ সার্টেইন রেট অফ ইন্টারেস্ট সেখানে তো আমাদের বিদ্যুৎ বেচে টাকা তুলতে হবে। এরিয়া-ওয়াইজ দেখা যায়, হিসাব করা হয়। যারজন্য আমরা ঋণ নিতে পারছিনা। এটা একটা অসুবিধা আছে। সেইজন্য কেন্দ্রীয় সরকারের রুর‍্যাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশন-এর টাকা আসা বন্ধ হয়ে গেছে। রাজ্য সরকার কিছু কিছু টাকা রুর‍্যাল সাবসিডি হিসাবে দিচ্ছেন। গত বছরে ৩৪ কোটি টাকা দিয়েছেন এবং আগের বছর বোধ হয় ৪৪ কোটি টাকা দিয়েছেন এবং এতে কিছু কিছু কাজ হচ্ছে। আমরা রুর‍্যাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশন প্রস্তাব পাঠিয়ে চেষ্টা করছি যাতে সুদের হার কমিয়ে এনে আমাদের এখানে কিছু প্রকল্প চালু করে স্পেশ্যালি ইকোনোমিক উইকার সেকশনের জন্য কিছু করা যায়।

**শ্রী কমল মুখার্জি ঃ** কেন এখানে সব জায়গায় বিদ্যুৎ সরবরাহ করা যাচ্ছেনা।

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** অর্থাভাব একমাত্র কারণ। অবশ্য এটাও ঠিক আজকে যদি ১০০ কোটি টাকা দিয়ে দেওয়া হয় তাহলে আমাদের এজেন্সি ১০০ কোটি টাকা ১ বছরে খরচ করতে পারবে না। একটা লিমিট আছে। আমাদের ধারণা ৩০/৩৫-এর বেশি পারেনা।

৪০ কোটি টাকা গত বছরের জানুয়ারি মাস নাগাদ এসেছিল এখনও কাজ চলছে। ১ বছর লাগবে আমাদের ধারণা। সুতরাং অর্থের অসুবিধাও প্রধান কারণ।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে কতগুলি মৌজার কাজ বাকি আছে, আর কতগুলিতে কাজ শেষ হলেও বিদ্যুৎ দেওয়া যাচ্ছে না। আমার প্রশ্ন যেসব মৌজায় বিদ্যুতের পোল গেছে, লাইন গেছে, সেখানে কত দিনের মধ্যে বিদ্যুৎ দেবার ব্যবস্থা করবেন? সেখানে মিটার পাচ্ছে না, কনজিউমাররা দরখাস্ত করেছে, কতদিনে হবে।

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** বিদ্যুৎ কানেকশন দেওয়া অনেক জায়গায় বাকি ছিল, গতবছর আমরা প্রায় আড়াই লক্ষ কানেকশন দিয়েছি। এ বছরও আড়াই লক্ষ কানেকশন দেব। গতবছরে টার্গেট ছিল ৩০শে সেপ্টেম্বর ৯৫ পর্যন্ত যত অ্যাপ্লিকেশন এসেছে তারমধ্যে দুটি ভাগ আছে, তারমধ্যে যারা অ্যাপ্লিকেশন করেছিল, ওয়ারিং হয়েছে, টেস্ট সার্টিফিকেটস আছে সেইগুলি আমরা দিয়ে দেব। এখন প্রায় ৩ লক্ষ কানেকশন বাকি। যদি এ বছরে আড়াই লক্ষ কানেকশন দেওয়া যায় তাহলে একটা সার্টেন জায়গায় আমরা আনতে পারব। তার নিয়ে যাওয়া হয়েছিল, কিন্তু কোনও কারণে তার চুরি হয়ে গেছে, সেজন্য ৬০৭টি মৌজায় বৈদ্যুতিকরণ করা যাচ্ছে না, সেখানে রিভাইটালাইজেশন আছে। আমরা একটা ম্যাসিভ ডাইভ দিচ্ছি সার্ভিস কানেকশন দেওয়ার ব্যাপারে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** রুর‍্যাল ইলেকটিফিকেশনের কাজ আপাতত বন্ধ আছে। এরজন্য আর.ই.সির টাকা লোন নিয়েছেন। প্রিন্সিপাল এবং ইন্টারেস্ট কত টাকা শোধ দিতে বাকি আছে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** এপ্রক্সিমেট ৬৯ কোটি টাকার মতো এবং ইন্টারেস্ট এবং প্রিন্সিপাল মিলিয়ে আরও প্রায় ৯০ কোটি টাকা, অর্থাৎ প্রায় ১৫০/১৬০ কোটি টাকা।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** তাহলে আর.ই.সির কাজ বন্ধ হয়ে থাকবে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** গভর্নমেন্ট থেকে এ ব্যাপারে সাবসিডি দেওয়া হয়।

**শ্রী পঙ্কজ ঘোষ ঃ** মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন, ইতিমধ্যেই সাবস্টেশন করার জন্য জমি অ্যাকোয়ার করা হচ্ছে। কিন্তু সেখানে ল্যান্ড ডিপার্টমেন্ট যে ভ্যালুয়েশন দিচ্ছে সেটা বাজার দর থেকে অনেক কম এবং যাদের থেকে জমি নেওয়া হচ্ছে তারা হচ্ছে ক্ষুদ্র প্রান্তিক চাষী, তারা এর সাহায্যে জীবিকা নির্বাহ করে থাকে। তাদের যাতে জমির প্রকৃত মূল্য দেওয়া যায় এবং তাদের পরিবারের এক জনকে চাকরি দেওয়া যায় কি?

[12-00 — 12-10 P.M.]

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমাদের যে গভর্নমেন্ট অডারটা আছে, সেখানে পাওয়ার স্টেশন হলে চাকরি দেওয়া হয় আপ টু ৩০ পারসেন্ট অফ টোটাল স্টাফ, সাবস্টেশনের ক্ষেত্রে জমি অধিগ্রহণ করা হলেও চাকরি দেওয়া হয় না। শুধু ক্ষতিপূরণ দেওয়া হয়। এটা করেন ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট। আমি একটা চিঠি পেয়েছিলাম, আমার মনে হয় আপনি বোধ হয় লিখেছিলেন, আমি ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্টের যিনি মন্ত্রী আছেন তাঁকে বলেছি

যে বিষয়টা গুরুতর। আমরা এককালীন টাকা দিতে চাই, সেই টাকা যদি বেশি দিতে হয় তাতেও বিদ্যুৎ পর্ষদের কোনও অসুবিধা নেই। এককালীন টাকা যদি ১০ হাজারের জায়গায় ৩০ হাজার টাকা দিতে হয় আমরা দিয়ে দেব। এখন যে জমিগুলি অধিগ্রহণ করা হচ্ছে, আমরা জাপান গভর্নমেন্টের কাছে লোন চেয়েছিলাম। আমাদের গভর্নমেন্ট অফ ইন্ডিয়া এবং জাপান গভর্নমেন্ট সেটা অ্যাপ্রুভ করেছে। প্রত্যেক বিধায়কের সাহায্য আমাদের দরকার। সমস্ত পশ্চিমবঙ্গে টোটাল প্ল্যানিং করা হচ্ছিলো, যার উপর ভিত্তি করে এই ঋণ আসছে। সেই হিসাবে মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে জানাই, একটা চিন্তা-ভাবনা হচ্ছে। সংশ্লিষ্ট মন্ত্রীকে জানিয়েছি এবং আমি নিজেও উদ্বিগ্ন, সাধারণ মানুষকে যেন না ঠকাই।

## Starred Questions

## (to which written answers were laid on the Table)

### মুর্শিদাবাদ শহরে পর্যটক আকর্ষণ

*৩৯২। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৩৮) **শ্রী মোজাম্মেল হক ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ঐতিহাসিক মুর্শিদাবাদ শহরে পর্যটকদের আকৃষ্ট করতে পর্যটন দপ্তর কোনও পরিকল্পনা গ্রহণ করেছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই ব্যাপারে কিছু প্রস্তাব দপ্তরের বিবেচনাধীন আছে।

(খ) মুর্শিদাবাদ ও তার সন্নিহিত এলাকায় পর্যটনের উন্নয়নের জন্য পশ্চিমবঙ্গ সরকারের একটি সংস্থা "ওয়েবকন" কে দিয়ে একটি প্রকল্প প্রতিবেদন তৈরি করা হয়েছে। এই প্রতিবেদনে নিম্নলিখিত প্রস্তাব রাখা হয়েছে ঃ—

(১) উচ্চবিত্ত পর্যটনের জন্য একটি তারকাখচিত ৩২ কক্ষ বিশিষ্ট হেরিটেজ হোটেল নির্মাণ

(২) স্বল্পবিত্ত পর্যটকদের জন্য বিপনন কেন্দ্র সহ একটি পর্যটক আবাস নির্মাণ।

(৩) একটি মীনাবাজার (স্থানীয় হস্তশিল্প সামগ্রির এবং বিশেষ রকমের স্থানীয় খাদ্যবস্তুর বিক্রয়কেন্দ্র) স্থাপন।

(৪) মুক্ত মঞ্চ তৈরি করা।

(৫) নবাবী আমলের ঐতিহাসিক ঘটনাবলি "আলো ও ধ্বনি" (Son-et-lumiere)-এর মাধ্যমে প্রদর্শনের ব্যবস্থা করা।

(৬) জলক্রীড়া কেন্দ্র স্থাপন

(৭) পর্যটন কেন্দ্রের জন্য আলো, জল ও রাস্তা ইত্যাদির পরিকাঠামো নির্মাণ।

## ধর্মতলা থেকে শ্যামপুর বাস

*৩৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫০০) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ধর্মতলা থেকে শ্যামপুর পর্যন্ত সি.টি.সি. বাস চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ধর্মতলা থেকে শ্যামপুর পর্যন্ত সি টি সি বাস চালু করার আপাতত কোনও পরিকল্পনা নাই।

## সাগরদিঘী তাপবিদ্যুৎ কেন্দ্র

*৩৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৮) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে মার্চ ১৯৯৬ পর্যন্ত মুর্শিদাবাদ জেলার সাগরদীঘির মণিগ্রামের তাপবিদ্যুৎ কেন্দ্রের কাজ কতটা অগ্রসর হয়েছে;

(খ) কবে নাগাদ ঐ প্রকল্প থেকে বিদ্যুৎ উৎপাদন সম্ভব হবে বলে আশা করা যায়;

(গ) ঐ প্রকল্পের উৎপাদিত বিদ্যুৎ প্রধানত কোন কোন জেলায় সরবরাহ করা হবে; এবং

(ঘ) এরমধ্যে মুর্শিদাবাদের প্রাপ্য কত শতাংশ?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মার্চ, ১৯৯৬ পর্যন্ত সাগরদীঘি (মুর্শিদাবাদ) তাপ বিদ্যুৎ প্রকল্পের কাজের বিবরণী নিম্নরূপ ঃ—

সাগরদীঘি তাপ বিদ্যুৎ প্রকল্পের প্রথম পর্যায়ের (২ × ৫০০) মে.ও. ক্ষমতা যুক্ত দুটি ইউনিট

এর Build Operate Transfer-এর ভিত্তিতে বাস্তবায়নের জন্য পঃ বঃ বিদ্যুৎ উন্নয়ন নিগম লিঃ ডি.সি.এল, টি,কে,সি ও তাদের সহযোগিদের মধ্যে সমঝোতা অনুসারে গত ১২.২.৯৬ তারিখে সাগরদীঘি পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড নামে একটি যৌথ উদ্যোগ কোম্পানি নথিভুক্ত হয়। ভারতের বৈদেশিক বিনিয়োগ উন্নয়ন পর্ষদ ইতিমধ্যে প্রকল্পটিকে ছাড়পত্র দিয়েছে। কেন্দ্রীয় বিদ্যুৎ সংস্থা গত ৩১.৩.৯৬ তারিখে উক্ত প্রকল্পটিকে বিভিন্ন বাণিজ্যিক ও আর্থিক চুক্তি ব্যবস্থাদি গ্রহণের সুবিধার্থে 'নীতিগত' ছাড়পত্র দেয়। প্রকল্পটির প্রথম পর্যায়ের দুটি ৫০০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন ইউনিটের জন্য কেন্দ্রীয় বিদ্যুৎ সংস্থার (C.E.A.) নিকট অর্থ কারিগরি ছাড়পত্র দেওয়ার জন্য অনুরোধ জানানো হয়েছে। কয়লা

সংক্রান্ত সংযোগ বিষয়ে উক্ত কোম্পানি ভারত সরকারের কয়লা মন্ত্রক ও কোল ইন্ডিয়া লিমিটেড এর সাথে যোগাযোগ রক্ষা করে চলেছে। যাবতীয় বিধিবদ্ধ ছাড়পত্র হস্তান্তরের জন্য উক্ত কোম্পানি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আবেদন করেছে।

(খ) দশম পঞ্চবার্ষিকী পরিকল্পনা কালে সাগরদিঘী প্রকল্পে বিদ্যুৎ উৎপাদন সম্ভব হবে বলে আশা করা যায়।

(গ) পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের গ্রিডিং এর মাধ্যমে এই বিদ্যুৎ রাজ্যের বিভিন্ন জায়গায় সরবরাহ করা হবে।

(ঘ) মুর্শিদাবাদ জেলায় কত শতাংশ বিদ্যুৎ সরবরাহ হবে সেটা নির্ভর করবে গ্রিড এর অবস্থার উপর।

**রায়চক মৎস্য বন্দর**

*৩৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১৬) **শ্রী শেখ দৌলত আলি ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রায়চক মৎস্য বন্দরের কাজ বন্ধ আছে;

(খ) সত্যি হলে, কবে কাজ পুনরায় শুরু হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত মৎস্য বন্দর চালাবার দায়িত্ব কোনও বেসরকারী সংস্থাকে দেওয়ার পরিকল্পনা আছে কি?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ

(খ) মৎস্য বন্দরের কাজ করার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের।

(গ) যেহেতু মৎস্য বন্দরটি কেন্দ্রীয় সরকারের অধীন এ ব্যাপারে কোনও খবর রাজ্য সরকারের জানা নেই।

**এস.বি.এস.টি.সি.-র বাসের সংখ্যা হ্রাস**

*৩৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩৩) **শ্রী নন্দদুলাল মাঝি ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার (এস.বি.এস.টি.সি.) বাসের সংখ্যা কমছে; এবং

(খ) সত্যি হলে এর কারণ কি?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**হীরাপুর থানা এলাকায় বৈদ্যুতিকরণ**

*৩৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬) **শ্রী শ্যামাদাস ব্যানার্জি :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হীরাপুর বিধানসভার চাপড়াইদ, জুনুট, জামডিয়া, রহমতনগর (আংশিক), হীরাপুর (আংশিক), ধরমপুর, বড়থোল, বরাচক, বড়থেমো, বড়পুকুরিয়া, গোবিন্দপুর, ধেনুয়া, ডিহিকা, গাড়ুই, গোপালপুর, সাতপুকুরিয়া, গড়পড়িয়া, সুডিহী ইত্যাদি মৌজাগুলিকে বৈদ্যুতিকরণ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

(খ) সত্যি হলে, কবে নাগাদ পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে থানা ভিত্তিক তথ্য রাখা হয়। বিধানসভা ভিত্তিক রাখা হয় না। বিদ্যুৎ পর্ষদের কাছ থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী দেখা যাচ্ছে যে, হীরাপুর থানা এলাকায় জুনুট (জেল.এল নং২), বড়হোল (জে. এল নং ২৪) মৌজা দুটি ইতিমধ্যেই বিদ্যুতায়িত হয়েছে। জামড়িয়া, ধেনুয়া, ডিহিকা এসব মৌজাগুলো বিদ্যুতায়িত হয়নি। হীরাপুর গ্রামীণ মৌজার অন্তর্ভুক্ত নহে। এ ছাড়া অন্য যে সকল নাম উল্লেখ করা হয়েছে সেই হ্যামলেটগুলো কোন মৌজার অন্তর্গত, নির্দিষ্ট করে বললে উত্তর দেওয়া সম্ভব হবে।

(খ) যে সমস্ত মৌজাগুলো এখনও বিদ্যুতায়িত করা হয়নি, সেগুলো ভবিষ্যতে আর.ই.সি স্কীমে অন্তর্ভুক্ত করে বিদ্যুতায়িত করার ব্যবস্থা করা হবে। তবে নির্দিষ্ট করে সময় বলা সম্ভব নয়, কারণ আর.ই.সি থেকে অর্থ পাওয়ার কোনও নিশ্চয়তা নেই।

**বিদ্যুতায়িত মৌজায় বিদ্যুবিহীন গ্রাম**

*৪০০। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৪) **শ্রী ঈদ মহম্মদ :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে বিদ্যুতায়িত মৌজার বিদ্যুতবিহীন গ্রামের সংখ্যা কত?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

বিদ্যুতায়নের তথ্য মৌজা ভিত্তিক রাখা হয়, গ্রাম, থানা ইত্যাদির ভিত্তিতে রাখা হয় না।

**সি.ই.এস.সি.-র নিকট রাজ্য সরকারের পাওনা**

*৪০১। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫) **শ্রী দেবপ্রসাদ সরকার :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী সি.ই.এস.সি.-র কাছে রাজ্য বিদ্যুৎ পর্ষদের মোট পাওনা কত;

(খ) বিদ্যুতের দাম (এনার্জি চার্জ এবং ফুয়েল সারচার্জ মিলিয়ে) নির্দিষ্ট সময়ের মধ্যে পরিশোধ না করার জন্য বকেয়া আদায়ের ক্ষেত্রে বিদ্যুৎ পর্ষদ সি.ই.এস.সি.-র কাছ থেকে কত শতাংশ সুদ নেয়; এবং

(গ) নির্দিষ্ট সময়ের মধ্যে বিদ্যুতের দাম না মেটানো এবং দীর্ঘকাল বিদ্যুতের বিল ফেলে রাখার জন্য রাজ্য বিদ্যুৎ পর্ষদ সি.ই.এস.সি.-র বিরুদ্ধে কি ব্যবস্থা নিয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্য বিদ্যুৎ পর্ষদের হিসাব অনুযায়ী ৩১.৩.৯৬ তারিখ পর্যন্ত সি.ই.এস.সির কাছে তাদের পাওনার পরিমাণ -

৪৯৩৩.০০ লক্ষ টাকা (চার হাজার নয় শত তেত্রিশ লক্ষ টাকা)

(খ) রাজ্য বিদ্যুৎ পর্ষদ ও সি.ই.এস.সির মধ্যে গত ২৯.৫.৬৫ তারিখে সম্পাদিত চুক্তি অনুসারে দাবি পেশ করার পর ত্রিশ দিনের অধিক বিলম্বিত পাওনার জন্য বার্ষিক পাঁচ শতাংশ সারচার্জ দাবি করা হয়। এই চুক্তি ৩১.৩.৯৬ পর্যন্ত কার্যকর ছিল।

১লা এপ্রিল ১৯৯৬ হইতে পাওনা শোধের নির্দিষ্ট দিনের পর হইতে সমস্ত বকেয়া বিলম্বিত পাওনার উপর পুনঃ নির্দ্ধারিত সার চার্জের হার বাৎসরিক শতকরা ২৪ (চব্বিশ) টাকা ধার্য করার প্রস্তাব করা হয়েছে।

(গ) গত কয়েক বৎসরে ধারাবাহিক ভাবে সি.ই.এস.সিকে বকেয়া মেটানোর জন্য বিদ্যুৎ পর্ষদ বহুবার অনুরোধ করেছে। বহুবার চিঠি মারফত স্মরণ করানো হয়েছে। এ সম্পর্কে সি.ই.এস.সি কর্তৃপক্ষের সাথে বিদ্যুৎ পর্ষদ কর্তৃপক্ষের বহু বৈঠক ও হয়েছে। রাজ্য সরকারের পক্ষ থেকেও বিদ্যুৎ পর্ষদের বকেয়া পাওনা অবিলম্বে পরিশোধের জন্য সি.ই.এস.সিকে অনুরোধ করা হয়েছে।

### জেলায় নতুন সাব-স্টেশন স্থাপন

*৪০২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৬) **শ্রী ইউনুস সরকার ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে বিদ্যুৎ সরবরাহের উন্নতির জন্য বিভিন্ন জেলায় নূতন সাব-স্টেশন করা হচ্ছে;

(খ) সত্যি হলে, মুর্শিদাবাদ জেলায় কোন কোন স্থানে বসানো হবে; এবং

(গ) কতদিনে এটা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, এটা সত্য যে উন্নত বিদ্যুৎ পরিষেবার জন্য বিদ্যুৎ পর্ষদ বিভিন্ন জেলায় নুতন সাব-স্টেশন স্থাপনের পরিকল্পনা নিয়েছে।

(খ)) মুর্শিদাবাদ জেলার নিম্নে বর্ণিত স্থানে সাব-স্টেশনগুলি স্থাপন করা হবে, চোয়া, হামদামপুর, পোয়ালজান, সাবেবরানপুর, প্রত্যেকটিতে ১×৩.৫ এম.ভি.এ ক্ষমতা সম্পন্ন ট্রান্সফরমার এবং ধুলিয়ান এ ৫ ১৩২/৩৩ কে.ভি সাব-স্টেশন-এ ৩×১২.৫ এম.ভি. এ ক্ষমতা সম্পন্ন।

(গ) চোয়া সাব-স্টেশনটি আগস্ট ৯৬ নাগাদ চালু হবে আশা করা যায় এবং ধুলিয়ান সাব-স্টেশনটার প্রথম পর্যায়ের কাজ (১ × ১২.৫ এম.ডি.এ) এই বছরের শেষ দিকের নাগাদ চালু হবে বলে আশা করা যায়। হামদামপুর, গোয়ালকোন ও সাবেবরানপুর সাব-স্টেশনের জন্য এখনও জমি পাওয়া যায় নাই।

**গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ**

*৪০৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২০) **শ্রী সুকুমার দাশ ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পের কাজ পুরোপুরি বন্ধ আছে; এবং

(খ) রাজ্যে বর্তমানে বিদ্যুৎবিহীন মৌজার সংখ্যা কত?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না ইহা সত্য নহে।

(খ) রাজ্যে বর্তমানে অর্থাৎ ৩১.৫.৯৬ পর্যন্ত বিদ্যুৎ বিহীন ভারজিন মৌজার সংখ্যা ৮৮০৩।

**হুগলি জেলায় বিদ্যুতবিহীন মৌজা**

*৪০৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮১) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৬ সালের মার্চ পর্যন্ত হুগলি জেলায় বিদ্যুতবিহীন মৌজার সংখ্যা কত;

(খ) তন্মধ্যে গোঘাট থানায় কত; এবং

(গ) বিদ্যুতবিহীন মৌজায় কতদিনে বিদ্যুৎ সরবরাহ করা হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৬ সালের মার্চ মাস পর্যন্ত হুগলি জেলায় বিদ্যুৎ বিহীন মৌজার সংখ্যা মাত্র একটি।

(খ) গোঘাট থানায় সবকটি মৌজাই বিদ্যুতায়িত হিসাবে ঘোষিত হয়েছে।

(গ) হুগলি জেলার একমাত্র বিদ্যুৎ বিহীন মৌজাটি জেলা পরিষদের বিদ্যুৎ উন্নয়ন পরিকল্পনায় আনা হলে এবং অর্থ বরাদ্দ সাপেক্ষে বর্তমান আর্থিক বৎসরে বিদ্যুতায়িত হওয়া সম্ভব।

**কৃষ্ণনগরে সুইমিং পুল**

*৪০৫। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭২) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগরে অবস্থিত 'সুইমিং ক্লাব'-কে ১৯৯০-৯১, ১৯৯২-৯৩, ১৯৯৪-৯৫ এবং ১৯৯৬ সালের এপ্রিল মাস পর্যন্ত সরকার থেকে কি পরিমাণ অর্থ সাহায্য দেওয়া হয়েছে? এবং

(খ) উক্ত অর্থ কিভাবে কোন কোন খাতে ব্যয়িত হয়েছে?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ক্রীড়া বিভাগ থেকে উল্লিখিত সময়ে কোনও অর্থ সাহায্য দেওয়া হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

**বিনপুর সাব-স্টেশন**

*৪০৬। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৯) **শ্রী বুদ্ধদেব ভকৃত ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

মেদিনীপুর জেলার বিনপুর সাব-স্টেশনটি কবে নাগাদ চা‌ু হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

সাব-স্টেশনটি চালু করার মূল অন্তরায় হল, ঝাড়গ্রাম বিনপুর ৩৩ কে.ভি. ওভারহেড লাইন টানার কাজ সম্পূর্ণ করতে না পারা। ২৫ কি.মি. দীর্ঘ এই লাইনের কাজ একবার শেষ হলেও এর ১৯ কি.মি. তারই চুরি হয়ে যায়। ঐ লাইন পুনর্নির্মাণ করার কাজ জনসাধারণের আপত্তিতে প্রায় ৭০০-৮০০ মিটার সম্পূর্ণ করা যাচ্ছে না। এই বিরোধের নিষ্পত্তি হওয়ার তিন মাসের মধ্যে এই সাব-স্টেশনটি চালু করা যাবে বলে আশা করা যায়।

**বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র**

*৪০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৯) **শ্রী সৌগত রায় এবং শ্রী আকবর আলি খন্দকার ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের কাজ বর্তমানে কি অবস্থায় আছে;

(খ) এই প্রকল্পের কাজ কত সালের মধ্যে সম্পূর্ণ হবে বলে আশা করা যায়; এবং

(গ) প্রকল্পে—

(১) এ পর্যন্ত কত খরচ হয়েছে, এবং

(২) আরও কত টাকা খরচ হবে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বক্রেশ্বর তাপ বিদ্যুৎ প্রকল্পের কাজেও বর্তমান অবস্থা নিম্নরূপ ঃ—

(১) ইউনিট নং ১ ও ২ (২×২১০ মে.ও.) উপরিউক্ত ২টি ইউনিট এর মোট চারটি প্যাকেজ যথা মেইন প্ল্যান্ট প্যাকেজ, কোল হ্যান্ডলিং প্ল্যান্ট ট্রান্সমিশন সিস্টেম প্যাকেজ ও প্ল্যান্ট ওয়াটার সিস্টেম প্যাকেজ ও.ই.সি.এফ এর কাছ থেকে ঋণ নিয়ে কার্যকর করা চলছে। টার্ন কি ভিত্তিতে রূপায়ণের জন্য মূল প্ল্যান্ট প্যাকেজটি ৩১.৫.৯৬ তারিখে জাপানের মেসার্স ইতোচু কর্পোরেশনকে বরাত (Letter of Award) দেওয়া হয়েছে। যার মূল্য ১১৭২.২১ কোটি টাকা। কোল হ্যান্ডলিং প্যাকেজের চূড়ান্ত টেন্ডার মূল্যায়ন রিপোর্ট জাপানের ঋণদানকারি সংস্থা ও.ই.সি.এফ কর্তৃক ১৬.৪.৯৬ তারিখে অনুমোদিত হয়েছে ও চুক্তি সংক্রান্ত দর কষাকষি (আলোচনা) বিষয়ে পদক্ষেপ নেওয়া হয়েছে। ট্রান্সমিশন সিস্টেম প্যাকেজের চূড়ান্ত টেন্ডার মূল্যায়ন প্রতিবেদন ১১.৩.৯৬ তারিখে ভারত সরকারের শক্তি মন্ত্রকের কাছে অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। গত ২.১.৯৬ তারিখে প্ল্যান্ট ওয়াটার সিস্টেম প্যাকেজের প্রযুক্তি বাণিজ্যিক অংশের টেন্ডার খোলা হয়েছে। পুনর্মূল্যায়ণ ও মতামতের জন্য উক্ত প্রতিবেদন ভারত সরকারের শক্তি মন্ত্রক এবং জাপানের ও.ই.সি.এফ এর কাছে পাঠানো হয়েছে।

(২) ইউনিট নং ৩ (১ × ২১০ মে.ও.) এই ইউনিটটিও ও.ই.সি.এফ এর কাছ থেকে ঋণ নিয়ে কার্যকর করা হচ্ছে।

মেসার্স ডি.সি.এল কর্তৃক প্রযুক্তি বাণিজ্যিক মূল্যায়ন প্রতিবেদন উপস্থিত করা হয়েছে এবং মেসার্স ই.পি.ডি.সি.আই কর্তৃক যথাযথভাবে পুনর্মূল্যায়ন করা হয়েছে। টেন্ডারের মূল্য সংক্রান্ত অংশটি বর্তমানে উন্মুক্ত হওয়ার অপেক্ষায় আছে।

(৩) ইউনিট নং ৪ ও ৫ (২ × ২১০ মে.ও.) উপরিউক্ত ইউনিটগুলি যৌথ উদ্যোগে Build-opelate Transfer পদ্ধতি অনুসারে কার্যকর করবার জন্য পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম, মেসার্স ডি.সি.এল মেসার্স টি.কে.সি এবং তাদের সহযোগী সংস্থা সমূহ বক্রেশ্বর পাওয়ার জেনারেশন কর্পোরেশন লিঃ নামে একটি কোম্পানি গঠন করেছে।

সি.ই.এ র কাছ থেকে নীতি গত ছাড়পত্র পাওয়া এবং পঃ বঃ বিদ্যুৎ উন্নয়ন নিগম লিঃ এর কাছ থেকে বিধিবদ্ধ ছাড়পত্র, নবগঠিত কোম্পানিতে হস্তান্তরিত হওয়ার বিষয় এখনও অপেক্ষামান। বয়লার সরবরাহ ও সংস্থাপনের জন্য এ.বি.এল কে বরাত দেওয়া হয়েছে। বয়লারের যন্ত্রাংশ সরবরাহ ও সংস্থাপনের কাজ এগিয়ে চলেছে। এছাড়া বক্রেশ্বর জলাধারের নির্মাণের কাজ চলছে।

(খ) এই প্রকল্পের কাজ ডিসেম্বর ১৯৯৯ থেকে ২০০১ সালের মধ্যে সম্পূর্ণ হবে বলে আশা করা যায়।

(গ) (১) ৩১শে মার্চ, ১৯৯৬ পর্যন্ত সর্বমোট খরচ হয়েছে ২০১.৪৫ কোটি টাকা।

(২) আনুমানিক আরও খরচ হবে ৩৫৫৫.০০ কোটি টাকা।

**বিদ্যুৎ সমবায়**

*৪০৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭০) **শ্রী কালীপ্রসাদ বিশ্বাস :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কয়টি 'বিদ্যুৎ সমবায়' চালু আছে; এবং

(খ) বিদ্যুৎ সমবায়ের সংখ্যা বৃদ্ধির কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কি?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) রাজ্যে তিনটি বিদ্যুৎ সমবায় আছে। তারমধ্যে সিঙ্গুর-হরিপাল সমবায় পুরোদমে কাজ করছে। বাকি দুটি খুব সীমিত কাজ নিয়ে শুরু হয়েছে।

(খ) আছে।

**C.S.T.C. Buses plying on Long Distance Routes**

*409. (Admitted Question No. *1288) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Transport Department be pleased to state—

(a) how many Buses of C.S.T.C. are plying on long distance routes; and

(b) what is the profit/loss incurred by C.S.T.C. on long distance route buses ?

**Minister-in-charge of the Transport Department :**

(a) On an average 300 house of CSTC are plying now on long distance routes per day.

(b) Loss incurred by CSTC on long distance route buses in 1995-96 was Rs.9.15 crores.

**বাঁকুড়া জেলায় বৈদ্যুতিকরণের লক্ষ্যমাত্রা**

*৪১০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫৮) **শ্রী মনোরঞ্জন পাত্র :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার অনুমোদিত মৌজাগুলিতে বিদ্যুৎ সংযোগের জন্য প্রয়োজনীয় কাজ সম্পূর্ণ করার লক্ষ্যমাত্রা ১৯৯৬-৯৭ আর্থিক বছরে কয়টি হবে; এবং

(খ) উক্ত সময়ে সেচের জন্য কতগুলি সেক্টরে বিদ্যুৎ সরবরাহ করার পরিকল্পনা আছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আর.ই.সি থেকে প্রয়োজনীয় অর্থ না পাওয়ার জন্য এখন গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ চলছে জিলা পরিষদ কর্তৃক প্রদত্ত অর্থের সাহায্যে। ১৯৯৬-৯৭ সালের লক্ষ্য মাত্রা এখনও স্থির হয়নি যেহেতু আর্থিক বরাদ্দ এখনও পাওয়া যায়নি।

(খ) উক্ত সময়ে ১৬০ (একশত ষাট) টি অগভির নলকূপ (পাম্প) এ বিদ্যুৎ সরবরাহ করার পরিকল্পনা আছে।

**চন্ডীতলা থানা এলাকায় বিদ্যুতের লো-ভোল্টেজ**

*৪১১। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৩) **শ্রী আকবর আলি খন্দকার ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চন্ডীতলা থানা এলাকায় লো-ভোল্টেজ বিদ্যুৎ সরবরাহের সম্পর্কে সরকার অবগত আছে কি না; এবং

(খ) থাকলে, এ ব্যাপারে সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ এটা সত্য যে গত বোরো মরশুমে কৃষিক্ষেত্রে প্রচুর পরিমাণে বিদ্যুৎ ব্যবহারের জন্য চন্ডিতলা থানা এলাকায় কিছু লো-ভোল্টেজের সমস্যা হয়েছিল। বর্তমানে বোরো মরশুম শেষ হবার পর ভোল্টেজের পরিমাণ সন্তোষজনক।

(খ) চন্ডিতলা থানা এলাকায় লো-ভোল্টেজ সমস্যার উন্নতিকল্পে ১৯৯৬-৯৭ সালে কিছু ব্যবস্থার কথা চিন্তা করা হচ্ছে, যেমন যথোপযুক্ত ক্ষমতা সম্পন্ন ক্যাপাসিটর ব্যাঙ্কে এর স্থাপনা। এতে আগামি বোরো মরশুমে লো-ভোল্টেজ সমস্যার অনেকটা সুরাহা হবে।

**নয়াগ্রাম থানা এলাকায় বৈদ্যুতিকরণ**

*৪১২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪১৫) **শ্রী সুভাষচন্দ্র সরেন ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নয়াগ্রাম থানা এলাকায় গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য কী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) উক্ত এলাকার আদিবাসী অধ্যুষিত গ্রামগুলিতে কবে নাগাদ বিদ্যুতায়ন সম্ভব হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নয়াগ্রাম থানার অন্তর্গত মোট ২৯৭টি বসতি পূর্ণ মৌজার মধ্যে এখন পর্যন্ত ৭টি মৌজায় বৈদ্যুতিকরণের কাজ কেশপুর ৩৩।১১ কেভি সাব-স্টেশন থেকে ১১ কি.মি. লাইন টেনে সম্পন্ন করা হয়েছে।

আর.ই.সির কাছ থেকে নতুন করে কোনও ঋণ না পাওয়ার জন্য কোনও পরিকল্পনা গ্রহণ করা যাচ্ছে না।

(খ) নয়াগ্রাম থানা এলাকাটি ১৩২ কেভি সাব-স্টেশন হইতে দূরে অবস্থিত হওয়ায় ঐ এলাকায় একটি ৩৩।১১ কেভি সাব-স্টেশনের প্রয়োজন যাহার আনুমানিক ব্যয় ১.৫০ কোটি টাকা। প্রয়োজনীয় অর্থ পাওয়া গেলে সাব-স্টেশন নির্মাণ এবং মৌজা বৈদ্যুতিকরণের কাজ হাতে নেওয়া যেতে পারে।

### মেদিনীপুরে অ্যাডিশনাল সেশন কোর্ট

*৪১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭৯) **শ্রী নরেন হাঁসদা ঃ** বিচার দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মেদিনীপুর জেলার কিছু কিছু মহকুমা শহরে ''অ্যাডিশনাল সেশনস জজ কোর্ট'' স্থাপন করেছেন; এবং

(খ) ''ক''-এর উত্তর হ্যাঁ হলে—

(১) কোন কোন মহকুমা শহরে উক্ত কোর্ট স্থাপিত হয়েছে; এবং

(২) কোন কোন মহকুমা শহরে উক্ত কোর্ট স্থাপিত হয় নাই?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ

(খ) (১) মেদিনীপুর সদর ছাড়া তমলুক, কাঁথিতে এরূপ কোর্ট স্থাপিত হয়েছে।

(২) হলদিয়া, ঘাটাল, ঝাড়গ্রাম, খড়গপুরে উক্ত কোর্ট স্থাপিত হয় নি।

### হুগলি জেলার বিদ্যুতবিহীন মৌজা

*৪১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৫১৮) **শ্রী শক্তিপদ খাঁড়া ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার কতগুলি মৌজায় এখনও বিদ্যুৎ পৌঁছে দেওয়া যায় নি (থানাভিত্তিক নাম); এবং

(খ) বর্তমান আর্থিক বছরে উক্ত জেলার কতগুলি বিদ্যুতবিহীন মৌজায় বিদ্যুৎ পৌঁছানোর পরিকল্পনা নেওয়া হয়েছে (মৌজাগুলির নাম সহ)?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হুগলি জেলার মাত্র একটি মৌজায় এখনও বিদ্যুৎ পৌঁছে দিতে বাকি আছে। মৌজাটির নাম ঘোষা, জে-এল-নং ১৭, থানা-ভদ্রেশ্বর।

খ) জেলা পরিষদের বিদ্যুৎ উন্নয়ন পরিকল্পনায় অর্থ বরাদ্দের উপর নির্ভর করছে কোন আর্থিক বছরে কাজটি করা সম্ভব হবে।

**বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের ব্যয়**

*৪১৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪১৩) **শ্রী সুনীতি চট্টরাজ ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৬ সালের এপ্রিল পর্যন্ত বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের জন্য কত অর্থ ব্যয় হয়েছে;

(খ) কোন খাতে কত টাকা ব্যয় হয়েছে;

(গ) উক্ত অর্থ কোথা থেকে পাওয়া গেছে; এবং

(ঘ) উক্ত অর্থ খরচের হিসাব নিরিক্ষণ করানো হয়েছে কি না?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৬ সালের এপ্রিল পর্যন্ত বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের জন্য মোট ২০৩ কোটি ২৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

(খ) বক্রেশ্বর প্রকল্পের বিভিন্ন খাতে ব্যয়ের পরিমাণ নিম্নরূপ ঃ—

| খাত | টাকা |
|---|---|
| ১) বয়লার সরবরাহ এবং সংস্থাপন (Erection) | ৮১.০০ কোটি |
| ২) জমি অধিগ্রহণ | ১.৫০ কোটি |
| ৩) অফিস ভবন, কোয়াটার এবং অন্যান্য নির্মাণ কার্য যেমন রাস্তা, ড্রেন, সংরক্ষিত জলাধার, ইত্যাদি সহ সিমেন্ট ও কাঠামো তৈরির স্টিল সংগ্রহ ঃ— | ৩৭.৩৫ কোটি |
| ৪) টারবাইন জেনারেটার সেট বাবদ প্রদত্ত অগ্রিম | ১৫.১৫ কোটি |
| ৫) প্রোজেক্ট কনসালটেন্সি রেলওয়ে সাইডিং ইত্যাদি | ৩৫.৬৫ কোটি |
| | ১৭০.৬৫ কোটি |

| | | |
|---|---|---|
| ৬) | ইউ.বি.আই এর ঋণ এর উপর সুদ বাবদ | ৩২.৬০ কোটি |
| | মোট খরচ - | ২০৩.২৫ কোটি |

(গ) উক্ত অর্থ পাওয়ার উৎসগুলি হল নিম্নরূপ ঃ—

| | উৎস | টাকা |
|---|---|---|
| ১) | পঃবঃ সরকারের কাছ থেকে | ১২৭-৪০ কোটি |
| ২) | পঃবঃ সরকারের মাধ্যমে ও.ই.সি.এফ থেকে | ৬.০০ কোটি |
| ৩) | ইউ.বি.আই. ঋণ | ৩৫.০০ কোটি |
| ৪) | অভ্যন্তরীণ সম্পদ | ৩৪.৮৫ কোটি |
| | মোট খরচ - | ২০৩.২৫ কোটি |

(ঘ) ৩১.৩.৯৫ পর্যন্ত উক্ত অর্থ নিরীক্ষণের কাজ শেষ হয়েছে। ১৯৯৫-৯৬ আর্থিক বছরের হিসাব নিরীক্ষণের কাজ শুরু হয়েছে।

## বিদ্যুৎ চুরি

*৪১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৪১) **শ্রী পরেশনাথ দাস, শ্রী ইউনুস সরকার ও শ্রী মোজাম্মেল হক ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এ রাজ্যে বিদ্যুৎ চুরির ঘটনা বেড়েই চলেছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত প্রবণতা রোধ করার জন্য সরকার কি কি পদক্ষেপ নিয়েছেন?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বিদ্যুৎ চুরি বন্ধের জন্য নিম্নলিখিত ব্যবস্থাগুলি নেওয়া হয়েছে।

(১) শিল্প, গার্হস্থ্য ও বাণিজ্যিক আঙ্গিনায় নির্দিষ্ট সময় অন্তর পরিদর্শন।

(২) স্থানীয় পুলিশের সাহায্য বিভিন্ন জায়গায় হুকিং ও ট্যাপিং এর বিরুদ্ধে অভিযান।

(৩) বিদ্যুৎ চুরির ঘটনা নজরে আসা মাত্র এফ.আই.আর করা ও পুলিশকে অনুরোধ করা অপরাধীকে গ্রেপ্তার ও শাস্তির জন্য।

(৪) চুরি যাওয়া বিদ্যুতের আনুমানিক হিসাব অনুযায়ী বিদ্যুতের মূল্য দাবি সম্বলিত চিঠি পাঠান। উক্ত অর্থ আদায়ের জন্য চেষ্টা করা।

(৫) গ্রাহকগণ দ্বারা রুজু মামলার দ্রুত নিষ্পত্তির চেষ্টা যাতে বোর্ডের রাজস্ব

পাওনার দেরি না হয়।

(৬) বিদ্যুৎ চুরির সঙ্গে জড়িত সন্দেহ ভাজন পর্যদের কর্মীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।

**The Steps taken to Prevent Industrial Sickness**

*417. (Admitted Question No. *1702) **Shri Ashoke Mukherjee and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Industrial Reconstruction Department be pleased to state—

(a) the steps, if any, taken by the State Government to prevent industrial sickness and/or for assisting industries having huge accumulated losses and on the verge of erosion of Capital; and

(b) whether there is any proposal to allow concession in Power Tariff and/or any other relief to such units ?

**Minister-in-charge of the Industrial Reconstruction Department :**

(a) After the promulgation of Sick Industrial Companies (Special Provisions) Act, 1985 (SICA) the Board for Industrial and Financial Reconstruction (BIFR) has started operation from 1987 onwards to consider the rehabilitation of sick industries (medium and large) of the entire country.

The State Government offers the following types of assistance to the sick industries during the formulation of rehabilitation package by the BIFR :—

(i) Sanction of soft loan to liquidate arrear Sales Tax dues :

(ii) Incentives under West Bengal Incentive Scheme, 1993;

(iii) Declaring the unit under Relief Undertaking under West Bengal Relief Undertakings (Special Provisions) Act. 1972.

(b) At present there is a Policy for giving concessions to the factories which have reopened after closure in clearing the arrear energy bills. Reconnection is given if 25% of the arrear dues are paid and 75% of the rest are given in 36 equal monthly instalments.

**আসানসোল শহরে সাবস্টেশন**

*৪১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৩০৫) **শ্রী তাপস ব্যানার্জি :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত

মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আসানসোল শহরের বিদ্যুৎ ব্যবস্থার উন্নতির জন্য নতুন সাবস্টেশন নির্মাণের কোনও পরিকল্পনা সরকার নিয়েছেন কি না; এবং

(খ) নিয়ে থাকলে, তার কাজ কত দিনের মধ্যে শুরু হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বর্তমানে আসানসোল শহরে নতুন সাব-স্টেশন নির্মাণের জন্য অনুমোদিত কোনও প্রকল্প নেই।

(খ) প্রশ্নই ওঠে না।

### Dispute between WBSEB and Power Grid Corpn.

*419. (Admitted Question No. *1375) **Shri Mihir Goswami and Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) whether there is any dispute/disagreement between the West Bengal State Electricity Board and the Power Grid Corporation over the actual amount of dues payable by the Board;

(b) if so—

(1) what are the points of dispute;

(2) the steps, if any, taken to settle the dispute amicably or through arbitration by the Eastern Regional Electricity Board, before May, 1996; and

(3) to what extent West Bengal State Electricity Board depends on the Power Grid Corporation for supply of Power to its System ?

**Minister-in-charge of the Power Department :**

(a) Yes, there is dispute/disagreement between Power Grid Corporation: the claim on account of the transmission of NTPC power, by Power Grid Ltd.

(b)

(i) The main point of dispute is the admissibility of the bills, the power Grid Corpn. raised on the NTPC. On account of the NTPC power and transmission charges thereon. The Disputed Bills are

(ii) From April '92 to December '92—Rs. 1-14 crores
From Jan 93 to April 96—Rs. 5.72 crores
Total Rs. 6.96 crores

(2) Yes, steps were teken to settle the issue and also the views of the WBSEB were communicated to the concerned authorities

(3) The WBSEB transmission system for carring power from South Bengal to North Bengal districts being inadequate it has to depend on the PCCIL for the purpose to a considerable extent.

**পুরসভাগুলির নিকট বকেয়া বিদ্যুৎ বিল**

*৪২০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮) **শ্রী আব্দুল মান্নান** ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের পুরসভাগুলির কাছে বিদ্যুৎ বিল বাবদ পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের ১৯৯৬ সালের মার্চ পর্যন্ত কত টাকা পাওনা আছে; এবং

(খ) উক্ত পাওনা আদায়ের কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** ঃ

(ক) রাজ্যের বিভিন্ন পুর সভাগুলির কাছে রাজ্য বিদ্যুৎ পর্ষদের মোট পাওনার পরিমাণ প্রায় ১০৪৫ লক্ষ টাকা।

(খ) বিদ্যুৎ পর্ষদের বহু অনুনয় এবং আলোচনা সত্ত্বেও পুর সভাগুলি বিদ্যুৎ পর্ষদের পাওনা শোধ করেন নাই এবং সে কারণে বিদ্যুৎ পর্ষদের সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার ও বিভাগিয় ইঞ্জিনিয়ারদের পুরসভাগুলির অধীনস্থ বিভিন্ন জল সরবরাহ প্রকল্প এবং হাসপাতাল বাদে পুরসভা পুলিশ অন্যান্য বিদ্যুৎ সংযোগ আইন অনুযায়ী নোটিশ দিয়ে বিচ্ছিন্ন করার চেষ্টা করতে নির্দেশ নিয়েছে।

বিদ্যুৎ দপ্তর মিউনিসিপ্যাল ডিপার্টমেন্ট সহ সমস্ত দপ্তরকে জানিয়েছে যে তাদের অধীনস্থ সংস্থাগুলি যাতে সময় মতো বর্তমান বিদ্যুৎ বিল শোধ করে অন্যথায় বিদ্যুতের সংযোগ বিচ্ছিন্ন করা ছাড়া উপায় থাকবে না।

**বেহালা ফ্লাইং ট্রেনিং ইনস্টিটিউট**

*৪২১। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৯) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস** ঃ পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার পরিচালিত একমাত্র বৈমানিক প্রশিক্ষণ কেন্দ্র বেহালা ফ্লাইং ট্রেনিং ইনস্টিটিউট বর্তমানে চালু অবস্থায় নেই;

(খ) সত্যি হলে, তার কারণ কি; এবং

(গ) উক্ত সংস্থাটি পুনরায় চালু করতে কোনও ব্যবস্থা নেওয়া হয়েছে কি না?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) উড়ান প্রশিক্ষণ দেওয়ার জন্য প্রশিক্ষণ কেন্দ্রে মুখ্য উড়ান প্রশিক্ষকের উপস্থিতি আবশ্যিক। বর্তমানে পদটি শূন্য থাকায় প্রশিক্ষণ বন্ধ আছে।

### Per Capita Consumption of Electricity

*422. (Admitted Question No. *345) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

The per Capita Consumption of Electricity in West Bengal in comparison with the per Capita Consumption of All India level during 1992-93, 1993-94, 1994-95 and 1995-96 ?

**Minister-in-charge of the Power Department :**

Annual per Capita Consumption in Rs :

| Year | W-Bengal | All India |
|---|---|---|
| 1992-93 | 162.00 | 283.00 |
| 1993-94 | 168.00 | 299.00 |

### নবগ্রাম স্বাস্থ্যকেন্দ্র বিদ্যুৎ সংযোগ

*৪২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৯) **শ্রী রবীন্দ্র ঘোষ :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শ্যামপুর থানার অন্তর্গত নবগ্রাম স্বাস্থ্যকেন্দ্রটিতে বিদ্যুৎ সরবরাহ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে কবে নাগাদ তা কার্যকর হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) রাজ্য পূর্ত দপ্তরের (বিদ্যুৎ) প্রস্তাব অনুসারে নবগ্রাম স্বাস্থ্য কেন্দ্র বিদ্যুৎ সরবরাহের জন্য ১৯.৬.৯৬ তারিখে ১,৯৬,০১৬ টাকার একটি দরপত্র পাঠানো হয়। কিন্তু প্রায় ১ বৎসর অতিক্রান্ত হলেও কোনও টাকা জমা পড়েনি। সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করা হয়েছে।

(খ) পূর্ত দপ্তর দরপত্র (কোটেশন) অনুযায়ী টাকা জমা দেবার পর কাজে হাত দেওয়া হবে। অতএব কাজ শুরু করার বিষয়টি পূর্ত দপ্তরের উপর নির্ভরশীল।

**পাওয়ার গ্রিড কর্তৃক বিদ্যুৎ নিয়ন্ত্রণ**

*৪২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪০৫) **শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পাওয়ার গ্রিড কর্পোরেশন ২২শে মে, ১৯৯৬ থেকে তাদের প্রাপ্য টাকা না পাওয়ার জন্য বিদ্যুৎ সরবরাহ নিয়ন্ত্রণ শুরু করেছেন; এবং

(খ) সত্যি হলে,

(১) রাজ্যে বিদ্যুৎ পর্ষদের কাছে পাওয়ার গ্রিড কর্পোরেশনের প্রাপ্য অর্থের পরিমাণ কত, এবং

(২) বিদ্যুৎ নিয়ন্ত্রণের ফলে পাহাড়ি এলাকায় দার্জিলিং সহ কোন কোন জেলায় বিদ্যুৎ বিভ্রাট দেখা দিয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ ২২.৫.৯৬ থেকে ৩১.৫.৯৬ পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ বন্ধ করা হয়েছিল।

(খ)

(১) Undisputed- দাবির পরিমাণ ৬,৯৭,৪৪,০০০ টাকা। (ছয় কোটি সাতানব্বই লক্ষ চুয়াল্লিশ হাজার টাকা)। Disputed- দাবি আরও ৬,৮৬,০০,০০০ (ছয় কোটি ছিয়াশি লক্ষ) টাকা।

(২) পাওয়ার গ্রিড কর্পোরেশন কেবল মাত্র শিলিগুড়ি Point থেকে বিদ্যুৎ সরবরাহে নিয়ন্ত্রণ আরোপ করলেও দার্জিলিং জেলার পাহাড়ি এলাকায় কোনও Load shedding করা হয়নি। শিলিগুড়ি এবং সমতল উপত্যকায় ৩০ মেগাওয়াটের মতো বিদ্যুৎ নিয়ন্ত্রণ করতে হয়েছিল।

**বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের প্রথম দুটি ইউনিট**

*৪২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬০৩) **শ্রী তপন হোড় :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের প্রথম দুটি ইউনিট তৈরি করার দায়িত্ব জাপানের সংস্থাকে দেওয়া হয়েছে;

(খ) সত্যি হলে কোন সংস্থাকে উক্ত দায়িত্ব দেওয়া হয়েছে;

(গ) উক্ত সংস্থা মোট কত টাকা বিনিয়োগ করবে; এবং

(ঘ) উক্ত প্রকল্পের বাকি ইউনিটগুলি কারা করবেন বলে স্থির হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ ইহা সত্য।

(খ) জাপানের ইটোচু কর্পোরেশনকে দায়িত্ব দেওয়া হয়েছে।

(গ) উক্ত সংস্থা কোনও অর্থ বিনিয়োগ করবে না। ই প্রকল্প ও.ই.সি.এফ জাপানের আর্থিক সহায়তায় রূপায়িত হবে।

(ঘ) তৃতীয় ইউনিট ও.ই.সি.এফ জাপানের আর্থিক সহায়তায় রূপায়িত হবে এবং ইহার টেন্ডারের মূল্যায়ন চলছে।

চতুর্থ ও পঞ্চম ইউনিট একটি জয়েন্ট ভেঞ্চার কোম্পানির মাধ্যমে Build operato-Transfer এর ভিত্তিতে রূপায়িত হবে। W.B.P.D.C.L. ঐ কোম্পানির অন্যতম অংশীদার।

### বেলঘরিয়া সেন্ট্রাল ওয়ার্কশপ

*৪২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৬) **শ্রী সুনীতি চট্টরাজ :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এই রাজ্যে অবস্থিত বেলঘরিয়া সেন্ট্রাল ওয়ার্কশপে প্রতিমাসে কত সিঙ্গল এবং ডবল-ডেকার বাসের বডি তৈরি হয়; এবং

(খ) বর্তমান আর্থিক বছরে উক্ত ওয়ার্কশপ কর্তৃক কতগুলি বাস তৈরি করার পরিকল্পনা আছে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) এখানে প্রতিমাসে দশটা (১০) অশোক লেল্যান্ড সিঙ্গল ডেকার নতুন বডি অথবা বারোটা (১২) টেলকো সিঙ্গল ডেকার নতুন বডি অথবা ছাব্বিশটা (২৬) পুরাতন সিঙ্গল ডেকার বডি নবীকরণ করা হয়।

(খ) বর্তমান আর্থিক বছরে নতুন বাস বডি নির্মাণের পরিকল্পনা নেই। প্রতিমাসে ছাব্বিশটা (২৬) গড়ে পুরাতন গাড়ি (সিঙ্গল ডেকার) মেরামতের বা নবীকরণের পরিকল্পনা আছে।

### মুর্শিদাবাদে গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্প

*৪২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫১) **শ্রী মোজাম্মেল হক :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্পের ক্ষেত্রে রাজ্যের সমস্ত জেলায় অগ্রগতি সমানভাবে ঘটানো হয়েছে কি না; এবং

(খ) মুর্শিদাবাদ জেলায় উক্ত প্রকল্পে কতগুলি গ্রামে বৈদ্যুতিকরণ সম্ভব হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বিদ্যুতায়নের হার রাজ্যের সব জেলায় সমান নয়।

(খ) মুর্শিদাবাদ জেলায় মোট ১৯২৭টি মৌজার মধ্যে ৩১.৫.৯৬ পর্যন্ত মোট ১৭৮৯টি ভারজিন মৌজা বিদ্যুতায়িত হয়েছে।

**কলকাতায় ট্রাম কোম্পানির বাস**

*৪২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯৫) **শ্রী জটু লাহিড়ী** ঃ পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা ট্রামওয়েজ কোম্পানি কোন রুটে কতগুলি বাস চালু করেছে; এবং

(খ) উক্ত বাসগুলি ক্রয় করতে কত টাকা ব্যয় হয়েছে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কলকাতা ট্রামওয়েজ কোম্পানি ৩৮টি রুটে মোট ২৭৬টি বাস চালু করেছে।

(খ) ৩০০টি বাস ক্রয় করিতে মোট ১৮ কোটি ৪২ লক্ষ ৮৯ হাজার টাকা ব্যয় হয়েছে।

**ঝাড়গ্রাম মহকুমায় রাষ্ট্রীয় পরিবহনের বাস**

*৪২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৯২৩) **শ্রী বুদ্ধদেব ভক্ত** ঃ পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ঝাড়গ্রাম মহকুমাতে নতুন কোনও রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বাস চালানোর পরিকল্পনা আছে কি না?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

আপাতত নেই।

**শতকরা হিসাবে মৌজা বৈদ্যুতিকরণ**

*৪৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১২০৬) **শ্রী শৈলজাকুমার দাস** ঃ বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে শতকরা কতগুলি মৌজায় বৈদ্যুতিকরণের কাজ শেষ হয়েছে; এবং

(খ) সমস্ত মৌজায় বৈদ্যুতিকরণ করতে আরও কত সময় লাগবে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩১.৫.৯৬ পর্যন্ত ৭৬.৮৫ ভারজিন মৌজায় বৈদ্যুতিকরণের কাজ শেষ হয়েছে।

(খ) বর্তমানে আর.ই.সি থেকে বৈদ্যুতিকরণের জন্য টাকা পাওয়া যাচ্ছে না। তাই জেলা পরিষদ কর্তৃক প্রদত্ত অর্থ দিয়ে গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ চলছে। জেলা পরিষদ থেকে প্রয়োজন মতো অর্থ পাওয়ার উপর নির্ভর করছে কতদিনে কাজ হবে।

### বাঁকুড়া জেলায় বৈদ্যুতিকরণ

*৪৩১। (অনুমোদিত প্রশ্ন নং *১৪২৮) **শ্রী নন্দদুলাল মাঝি :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় মোট কতগুলি মৌজায় বৈদ্যুতিকরণ করা হয়েছে; এবং

(খ) তার মধ্যে ইন্দাস থানা এলাকায়—

(১) কতগুলি মৌজা বিদ্যুতায়িত হয়েছে, এবং

(২) কতগুলি মৌজায় বিদ্যুতায়ন বাকি আছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ৩১.৫.৯৬ পর্যন্ত উক্ত জেলার মোট ২৩৭৯টি ভারজিন মৌজা বৈদ্যুতিকরণ করা হয়েছে।

(খ) (১) ইন্দাস থানা এলাকায় ১০২টি ভারজিন মৌজা বিদ্যুতায়িত হয়েছে।

(২) ঐ থানার ২৭টি মৌজায় বিদ্যুতায়নের কাজ বাকি আছে।

### ফলতা থানা এলাকায় বৈদ্যুতিকৃত মৌজা

*৪৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬২) **শ্রী সুধীর ভট্টাচার্য :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনার ফলতা থানা এলাকার কতগুলো মৌজাকে বিদ্যুতের আওতায় আনা সম্ভব হয়েছে;

(খ) বাকি মৌজাগুলিতে বিদ্যুৎ সরবরাহ করার ক্ষেত্রে রাজ্য সরকারের কোনও পরিকল্পনা আছে কি; এবং

(গ) উত্তর যদি হ্যাঁ হয় তা কবে নাগাদ করা হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ১২৮টি।

(খ) বর্তমানে উক্ত থানা এলাকায় আর.ই.সি. অনুমোদিত কোনও প্রকল্প চালু নেই।

(গ) উত্তর প্রযোজ্য নহে।

### No. of N.B.S.T.C. Buses

*433. (Admitted Question No. *1289) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Transport Department be pleased to state—

(a) the total number of Buses under N.B.S.T.C.; and

(b) Priofit/Loss incurred by N.B.S.T.C. during 1991-1995 ?

**Minister-in-charge of the Transport Department :**

(a) At present the total number of buses under N.B.S.T.C. is 971

(b) Profit/Loss incurred by N.B.S.T.C. during 1991-1995 is shown below :—

**(Rs in lakhs)**

| **1991-92** | **1992-93** | **1993-94** | **1994-955** |
|---|---|---|---|
| (-) 13.21. | (-) 783.20 | (-) 1008.57 | (-) 1454.72 |

### ইস্কোর আধুনিকীকরণ

*৪৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১২) **শ্রী শ্যামাদাস ব্যানার্জি :** শিল্প ও পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইস্কোকে আধুনিকীকরণ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) থাকলে, এই আধুনিকীকরণের দায়িত্বে কে থাকবে; এবং

(গ) কবে নাগাদ ইস্কোর আধুনিকীকরণ শুরু হবে?

**শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ইস্কো কেন্দ্রীয় সরকার পরিচালিত একটি সংস্থা। রুগ্ন শিল্প সংস্থা হিসাবে ইহার আধুনিকীকরণ সহ গোটা পুনর্গঠনের বিষয় এখন বি.আই.এফ.আরের বিবেচনাধীন।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

### Breach of Privilege

**Mr. Speaker :** Now I have received a notice of Breach of Privilege from Mr. Nirmal Mukherjee against the Editor. Printer and Publisher of 'Bartaman'. Now the notice is under rule 226 of the Rules of Procedure and Conduct of Business to raise a privilege motion against 'Bartaman' dated 9th July for publication of a news item at page 3 column 6 on the heading "ওয়াকফ বিতর্ক আজ, সভার দায়িত্বে ডেপুটি স্পিকার" where it has been reported that the Speaker has informed that he will not preside over today's proceedings when the debate on Wakf will begin, as his name may be referred to by the Opposition Members in the House.

Now, Mr. Mukherjee, there is prima facie case to send it Privilege Committee. But we have to as per past Parliamentary practice to write

first to the newspaper to get their comments. Secretary will wirte to the newspaper concerned. After the comment is received then action may be initiated in this matter.

## Adjournment Motion

**Mr. Speaker :** Today I have received five notices of Adjournment Motion. The first one is from Shri Akbar Ali Khandakar on the subject of reported death of one Debu Pramanik in Police custody in Chinsurah. The second one is from Shri Kamal Mukherjee demanding for reclamation of 'Garh' in Chandannagar Municipal Area. The third one is from Shri Shyamadas Banerjee on the subject of constitution of a Committee for modernisation of IISCO. The fouth one is from Shri Sobhan Deb Chottopadhyay on the subject of allaged malpractices in Police Administration in the State. The fifth one is from Shri Saugata Roy of the subject of havoc due to landslide and flood in North Bengal (Shri Roy has also tabled a notice of Calling Attention on the same subject).

The subject matters of the Motions do not call for Adjournment of the business of the House. These are mainly related to the day to day Administration of the Government. Moreover, the Members may, raise the matters in the House through Calling Attention, Mentions and also Motions.

I, therefore, withhold my consent to all the Motions.

One Member may, however, read out the text of his Motion as amended.

**শ্রী আকবর আলি খন্দকার ঃ** মাননীয় স্পিকার স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল ঃ—

চুঁচুড়ায় বিচারাধীন বন্দি দেব প্রামানিকের মৃত্যু গুরুতর আঘাতের ফলেই হয়েছে বলে ময়না তদন্তের রিপোর্টে উল্লেখিত হয়েছে। পশ্চিমবঙ্গে পুলিশ হেফাজতে বিচারাধীন বন্দিদের মৃত্যুর সংখ্যা ২৮০তে পৌঁছালো। মানবাধিকার কমিশন কোনও কোনও ক্ষেত্রে এই ধরনের মৃত্যুতে উদ্বেগ প্রকাশ করে রাজ্য সরকারকে ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ দিলেও তা উপেক্ষা করা হচ্ছে। পশ্চিমবঙ্গে মানবাধিকার ও পুলিশ লক-আপে বিচারাধীন বন্দির মৃত্যু সারা দেশের কাছে কলঙ্কের।

অবিলম্বে চুঁচুড়ার দেবু প্রামানিকের পরিবারকে ১ লক্ষ টাকা ক্ষতিপূরণ, দোষী ব্যক্তিদের গ্রেপ্তার ও কঠোরতম শাস্তি এবং তদন্তের দাবি জানাচ্ছি।

## Calling Attention

**Mr. Speaker :** Today I have received fifteen notices of Calling Attention on the following subjects, namely :

| Subject | | Name |
|---|---|---|
| 1. Alleged murder of one Shri Rabindra Nath Mondal on 11.7.96 at Mamjoyan village under Hanskhali P.S. in Nadia district. | : | Shri Shashanka Shekhor Biswas |
| 2. Alleged selling of trees in Dadpur Block areas in Hooghly district by Gram Pradhan. | : | Shri Robin Mukherjee |
| 3. Non-payment of capitation fees of the Insured Medical persons due on April, 1996. | : | Dr. Tapati Saha |
| 4. Alleged irregularities in recruitment of primary school teachers. | : | Shri Sobhan Deb Chottopadhyay |
| 5. Devastating Flood situation in North Bengal. | : | Shri Jayanta Biswas<br>Shri Abdul Karim Chowdhary<br>Shri Saugata Roy and<br>Shri Deba Prasad Sarkar. |
| 6. Acute water crisis in Asansol. | : | Shri Tapas Banerjee |
| 7. Death sentence to a leader of the major ruling party given by Santal people in Jambani village, Midnapore. | : | Shri Prabhanjan Mondal |
| 8. Upgradation of two Secondary Schools to Higher Secondary Schools at Chandannagar in Hooghly district. | : | Shri Kamal Mukherjee |
| 9. Non-recognition of Chain community as SC/ST. | : | Shri Md. Sohrab |
| 10. Non.electrification of many villages under Hirapur constituency. | : | Shri Shyamadas Banerjee |

11. Upgradation of two Secondary Schools to Higher Secondary Schools at Barasat in North 24-Parganas district. : Shri Ashoke Mukherjee

12. Deplorable condition of the Health Centre at Pujali, Budge Budge. : Shri Ashok Kumar Deb

13. Alleged death of 30 persons due to landslide in Darjeeling district. : Shri Abdul Mannan

14. Alleged death of a good number of people of Kalimpong recently due to heavy landslides : Shri Tapan Hore

15. Landslides & flood in North Bengal & Darjeeling (Kalimpong) : Smt. Shanta Chettri

I have selected the notice of Shri Abdul Mannan, Shri Tapan Hore & Smt. Shanta Chettri on the Subject of alleged death of a good number of people due to Landslides in Darjeeling district.

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

## STATEMENT ON CALLING ATTENTION

[12-10 — 12-20 P.M.]

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় স্পিকার মহাশয়, এই হাউসের সমস্ত সদস্যরা ইতিমধ্যে অবগত হয়েছে, কালিম্পঙে ধসের ফলে বেশ কিছু মানুষের মৃত্যুর ঘটনা ঘটেছে। এই সমস্ত বিষয়ে মাননীয় সদস্য আব্দুল মান্নান এবং শান্তা ছেত্রি, তারা যে কলিং অ্যাটেনশন নোটিশ এখানে এনেছেন, তার পরিপ্রেক্ষিতে যদিও লিখিত বিবৃতি দেওয়া এখন আমার পক্ষে সম্ভব হচ্ছে না, আমি কিন্তু গতকালই ঐ সমস্ত অঞ্চল পরিদর্শন করতে গিয়েছিলাম, আজকে সেখান থেকে ফিরে এসেছি। তার পরিপ্রেক্ষিতে এই হাউসের কাছে আমি যে সমস্ত জায়গায় গিয়েছিলাম, তার যে অভিজ্ঞতা, আমি সেইগুলো মাননীয় সদস্যদের কাছে জানাচ্ছি। গত ১১ই, ১২ই এবং ১৩ই জুলাই দিনে এবং রাতে যে প্রচন্ড বৃষ্টি হয়, তারফলে কালিম্পং মহকুমার বিস্তীর্ণ অঞ্চল এবং বিশেষ করে কালিম্পং-এ সাতটি গ্রাম পঞ্চায়েত এলাকা এবং তার পাশাপাশি বাগরাকোট, ওদলাবাড়ি এই সমস্ত এলাকার সমতল অঞ্চলে ধ্বস এবং বৃষ্টির ফলে খুব ক্ষতিগ্রস্ত হয়েছে। এখন পর্যন্ত আমি ওখানে গিয়ে যে সমস্ত রিপোর্টগুলো পেয়েছি, সেই রিপোর্ট থেকে আমি যেটা জানতে পেরেছি তা আপনাদের আমি জানাচ্ছি।

ধ্বসে মৃত্যু হয়েছে নিম্বং-এ একজন, জলঢাকাতে তিন জন। এছাড়াও চেল নদীতে চারটি মৃতদেহ ভেসে এসেছে, তারমধ্যে একটি মৃতদেহের একটি মাত্র শুধু পা পাওয়া গেছে। নিখোঁজ অবস্থায় অনেকে আছে। এই যারা নিখোঁজ হয়েছে, এত বাড়ি ঘর ধ্বসে গিয়ে এমন জায়গায় সেইগুলো পড়ে আছে, সেখান থেকে খুঁজে পাওয়া মুশকিল। এখনও পর্যন্ত নিম্বং গ্রামে চারজন, গেস গ্রামে তিনজন এবং পাবলিনতনে সাত জন, মোট ৩৪ জন এখনও পর্যন্ত নিখোঁজ অবস্থায় আছেন। এই কালিম্পং মহকুমার যে অঞ্চলে ধ্বস হয়েছ, সেটা দুর্গম অঞ্চল। ওখানে মূলত লেপচা এবং ট্রাইব্যালরা বসবাস করে। ঐ অঞ্চলে যাতায়াতের জন্য যে একটা রোপওয়ে ছিল সামতাহার রোপ ওয়ে, সেই রোপ ওয়ে কিছুদিন আগে ভেঙে যায়। স্বাভাবিক ভাবে সেখান দিয়ে যাওয়া যায় না। অন্যদিকে কালিম্পং থেকে একটা যাতায়াতের রাস্তা ছিল, সেটাও ভেঙে গেছে। বাগরাকোট থেকে যে রাস্তাটা দিয়ে যাওয়া যায়, গতকাল আমি বাগরাকোট থেকে আট কিলোমিটার পাহাড়ের উপর পর্যন্ত যেতে পেরেছিলাম। কিন্তু তার বেশি আমার পক্ষে যাওয়া সম্ভব হয়নি। সেখানে গিয়ে গ্রামের বিভিন্ন মানুষের সঙ্গে এবং আমাদের অফিসাররা সেখানে যে গিয়েছিলেন, তাদের সঙ্গে কথাবার্তা বলে এটা জানা গেল যে নিম্বং, পাবলিন্টার দলাচ্চা, চুমকিন, ইয়ালমাকুন, এই সমস্ত গ্রামে ভাঙনে ক্ষতি হয়েছে। এছাড়া গরুবাথানের নয়া বস্তি, সেখানকার বেশ কিছু বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। আর জলঢাকার গ্রাম পঞ্চায়েতের প্যারেন গ্রামে তিনজন মারা গেছেন, আর তিনজন গুরুতর ভাবে আহত হয়েছেন।

ক্ষতি সেখানে যেটা হয়েছে তাতে দেখা যাচ্ছে, এই ক্ষতির মধ্যে রাস্তার ক্ষতি হয়েছে, বাড়িঘরের ক্ষতি হয়েছে, মামুষের মৃত্যু ঘটেছে এবং বিদ্যুৎ ব্যবস্থা সম্পূর্ণভাবে বিপর্যস্ত হয়েছে। চেষ্টা হচ্ছে সিকিম থেকে কিছু বিদ্যুৎ সরবরাহ করার জন্য। আমরা সিকিম থেকে প্রথমে ১$\frac{১}{২}$ মেগাওযাট বিদ্যুৎ পেয়েছিলাম, গতকাল রাত্রে মাত্র ০.৭৫ মেগাওয়াট বিদ্যুৎ আমরা পেয়েছিলাম। এখন চেষ্টা হচ্ছে বিদ্যুৎ ব্যবস্থা দ্রুত রেসটোর করার জন্য এবং তারগুলি মেরামত করার জন্য। ইতিমধ্যে সেখানে রিলিফ—প্রাথমিকভাবে রিলিফ সেখানে পৌঁছে দেওয়া হয়েছে। একজন অতিরিক্ত জেলাশাসক এবং কালিম্পং-এর মহকুমা শাসক, সেখানে পৌঁছে গেছেন এবং তারা নিজেরা সেখানে রিলিফের কাজ দেখছেন। আজকে জেলাশাসক কালিম্পং থেকে কাকের হয়ে রওনা হয়েছেন ঘটনাস্থলে পৌঁছানোর জন্য। আশা করছি আজকে দুপুরের মধ্যে তিনি পৌঁছে যাবেন। ইতিমধ্যে প্রায় ২০ মেট্রিক টনের মতন চাল, গম এগুলি সেখানে পৌঁছানোর ব্যবস্থা করা হয়েছে। একটা কালিম্পং-এ স্টোর করা হয়েছে, আর একটা বাগরাকোটে স্টোর করা হচ্ছে, এছাড়া গরুবাথানে কিছু রিলিফ পৌঁছানো হয়েছে। কিছু জামা, কাপড়, কিছু উলেন কাপড় এগুলি সেখানে পৌঁছানোর ব্যবস্থা করা হয়েছে। এই মুহূর্তে যেটা সবচেয়ে বেশি প্রয়োজন সেটা হচ্ছে বিদ্যুৎ সরবরাহ চালু করা রাস্তার মেরামতির ব্যবস্থা করা এবং পাশাপাশি বাঁধ মেরামতির ব্যবস্থা করা। এই বাঁধ মেরামতিটা সবচেয়ে বেশি প্রয়োজন বলে ওখানকার গ্রামের লোকরা আমাকে জানিয়েছেন। এখানে প্রথম বৃষ্টিতেই এরকম ধ্বস নেমেছে, এরকম নদীর কোর্স পরিবর্তিত হয়েছে, বিশেষ করে লিজ, ঘিজ, চেল এই তিনটি নদীর কোর্স যেভাবে পরিবর্তিত হয়ে যাচ্ছে, একটা রুদ্র মূর্তি ধারণ করছে তারফলে যে কোনও সময় আরও নতুন এলাকায় এই জল ছড়িয়ে যেতে পারে এবং তাতে করে পাড় ভাঙ্গতে পারে —এরকম একটা আশঙ্কার কথা ওখানকার গ্রামের মানুষরা জানিয়েছেন। আমার সঙ্গে এই

হাউসের দুজন মাননীয় সদস্য—শ্রী জগন্নাথ ওঁরাও এবং শ্রী সুধন রাহা এবং লোকসভার সদস্য শ্রী আর.বি.রাই ছিলেন। সেখানে গ্রামের মানুষের সঙ্গে কথাবার্তা বলে যেটুকু আমি জেনেছি আজকে ফিরে এসে সেই রিপোর্ট আমি হাউসে দিলাম।

**মিঃ স্পিকার ঃ** No, No No debate on this. The statement will be circulated. যারা মোশনটা এনেছেন তারা ক্লারিফিকেশন চাইতে পারেন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ত্রাণ সামগ্রী পাঠানো হয়েছে। মৃত্যুর সংখ্যা যেটা সংবাদপত্রে বেরিয়েছে আর উনি ঘুরে এসে যেটা বললেন সেটাই আমাদের বিশ্বাস করতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয় যা বললেন তাতে বোঝা গেল যে ঐ জায়গায়টা সম্পূর্ণভাবে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে আছে। ওখানে যে রাস্তা ছিল তা ভেঙে গিয়েছে। পাহাড়ি এলাকায় স্বাভাবিক কারণে যেরকম ব্যাপক ধ্বস নেমেছে তাতে রাস্তা ভেঙে গিয়েছে। ওখানে যাবার অলটারনেটিভ রাস্তা নেই। উনি বললেন যে ওখানে ২০ মেট্রিক টনস চাল, গম পাঠিয়েছেন। যেখানে যোগাযোগ সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন এবং এমন কি মানুষ হেঁটেও যেতে পারছেন না সেখানে এই ত্রাণ সামগ্রী পাঠালেন কিভাবে জানাবেন কি? যেভাবে ধ্বস নেমেছে তাতে এখনই বলা সম্ভব নয় যে কত লোক মারা গিয়েছেন। আমি যেটা জানতে চাই সেটা হচ্ছে ঐ এলাকায় পপুলেশন কত এবং ত্রাণ কিভাবে পাঠিয়েছেন। আর ঐ ব্যাপারে সুভাষ ঘিসিং-এর সঙ্গে কো-অর্ডিনেশন কতটা আছে?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** আমি আগেই বলেছি যে জায়গাটি অত্যন্ত দুর্গম। ওখানকার মানুষরা জীবনে কোনওদিন এম.এল.এ, এম.পি বা মন্ত্রী দেখেন নি। এক বছর আগে আমিই প্রথম মন্ত্রী ঐ গ্রামে গিয়েছিলাম। ঐ গ্রামে যখন গাড়ি নিয়ে গিয়েছিলাম তখন বাগরাকোট থেকে ৪ ঘন্টা লেগেছিল সেখানে যেতে। তবে সেখানে রাস্তা তৈরি করা হয়েছে—ফরেস্ট ডেভেলপমেন্ট কর্পোরেশন থেকে এবং স্পেশ্যাল সেন্ট্রাল অ্যাসিস্টেন্স ফর হিলসের কিছু টাকা দিয়ে এখানে ১৬ কিঃ মিঃ পর্যন্ত রাস্তা তৈরি হয়েছিল। সেই রাস্তাটি ভেঙে গিয়েছে। যেটুকু ত্রাণসামগ্রী সেখানে পৌঁছানো গিয়েছে সেটা হচ্ছে হেডলোডে। অর্থাৎ মাথায় করে নিয়ে যাওয়া হচ্ছে। সেখানে কিছু ভলেনটিয়ার গিয়েছেন, রেডক্রশের লোক গিয়েছে, কিছু আর্মির লোকও গিয়েছেন। আমাদের রাজ্য সরকারের একজন অফিসার সেখানে গিয়েছেন, বি.ডি.ও. এস.ডি.ও. এ.ডি.এম গিয়েছেন। লোকে মাথায় করে সেখানে নিয়ে গেছে। সেই জায়গায় ত্রাণ সামগ্রী পৌঁছে দেওয়া খুবই কঠিন এবং কস্টসাধ্য ব্যাপার। আমি জেলা শাসকের সঙ্গে কথা বলেছি যে আর্মি হেলিকপ্টারে করে জিনিস-পত্র সেখানে পৌঁছে দেওয়া যায় কিনা, এই ব্যাপারে যোগাযোগ করুন। আর পপুলেশন হচ্ছে প্রায় ২০ হাজারের মতো। সুভাষ ঘিসিংয়ের সঙ্গে আমার যোগাযোগ হয়নি। আজকে টেলিফোনে সুভাষ ঘিসিংয়ের সঙ্গে কথা বলব।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় কলিং অ্যাটেনশনের মোটামুটি একটা স্টেটমেন্ট দিয়েছেন। কথা হচ্ছে, জিনিস-পত্র দ্রুত পৌঁছে দেবার বাস্তব কোনও ব্যবস্থা নেই। কিছুদিন আগে আমাদের অনারেবল মেম্বার বলেছিলেন যে রোপ ওয়ে ছিঁড়ে গেছে। রোপওয়ে হচ্ছে সেখানে যাবার মূল পথ। সেটা ছিঁড়ে যাওয়ায় সেখানে যাতায়াত করা অত্যন্ত দুর্গম হয়ে পড়েছে। কাজেই এই রোপ ওয়ে সারাবার জন্য কোনও ব্যবস্থা রাজ্য

ধ্বসে মৃত্যু হয়েছে নিম্বং-এ একজন, জলঢাকাতে তিন জন। এছাড়াও চেল নদীতে চারটি মৃতদেহ ভেসে এসেছে, তারমধ্যে একটি মৃতদেহের একটি মাত্র শুধু পা পাওয়া গেছে। নিখোঁজ অবস্থায় অনেকে আছে। এই যারা নিখোঁজ হয়েছে, এত বাড়ি ঘর ধ্বসে গিয়ে এমন জায়গায় সেইগুলো পড়ে আছে, সেখান থেকে খুঁজে পাওয়া মুশকিল। এখনও পর্যন্ত নিম্বং গ্রামে চারজন, গেস গ্রামে তিনজন এবং পাবলিনতনে সাত জন, মোট ৩৪ জন এখনও পর্যন্ত নিখোঁজ অবস্থায় আছেন। এই কালিম্পং মহকুমার যে অঞ্চলে ধ্বস হয়েছ, সেটা দুর্গম অঞ্চল। ওখানে মূলত লেপচা এবং ট্রাইব্যালরা বসবাস করে। ঐ অঞ্চলে যাতায়াতের জন্য যে একটা রোপওয়ে ছিল সামতাহার রোপ ওয়ে, সেই রোপ ওয়ে কিছুদিন আগে ভেঙে যায়। স্বাভাবিক ভাবে সেখান দিয়ে যাওয়া যায় না। অন্যদিকে কালিম্পং থেকে একটা যাতায়াতের রাস্তা ছিল, সেটাও ভেঙে গেছে। বাগরাকোট থেকে যে রাস্তাটা দিয়ে যাওয়া যায়, গতকাল আমি বাগরাকোট থেকে আট কিলোমিটার পাহাড়ের উপর পর্যন্ত যেতে পেরেছিলাম। কিন্তু তার বেশি আমার পক্ষে যাওয়া সম্ভব হয়নি। সেখানে গিয়ে গ্রামের বিভিন্ন মানুষের সঙ্গে এবং আমাদের অফিসাররা সেখানে যে গিয়েছিলেন, তাদের সঙ্গে কথাবার্তা বলে এটা জানা গেল যে নিম্বং, পাবলিন্টার দলাচ্চা, চুমকিন, ইয়ালমাকুন, এই সমস্ত গ্রামে ভাঙনে ক্ষতি হয়েছে। এছাড়া গরুবাথানের নয়া বস্তি, সেখানকার বেশ কিছু বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে। আর জলঢাকার গ্রাম পঞ্চায়েতের প্যারেন গ্রামে তিনজন মারা গেছেন, আর তিনজন গুরুতর ভাবে আহত হয়েছেন।

ক্ষতি সেখানে যেটা হয়েছে তাতে দেখা যাচ্ছে, এই ক্ষতির মধ্যে রাস্তার ক্ষতি হয়েছে, বাড়িঘরের ক্ষতি হয়েছে, মামুষের মৃত্যু ঘটেছে এবং বিদ্যুৎ ব্যবস্থা সম্পূর্ণভাবে বিপর্যস্ত হয়েছে। চেষ্টা হচ্ছে সিকিম থেকে কিছু বিদ্যুৎ সরবরাহ করার জন্য। আমরা সিকিম থেকে প্রথমে ১$\frac{১}{২}$ মেগাওয়াট বিদ্যুৎ পেয়েছিলাম, গতকাল রাত্রে মাত্র ০.৭৫ মেগাওয়াট বিদ্যুৎ আমরা পেয়েছিলাম। এখন চেষ্টা হচ্ছে বিদ্যুৎ ব্যবস্থা দ্রুত রেসটোর করার জন্য এবং তারগুলি মেরামত করার জন্য। ইতিমধ্যে সেখানে রিলিফ—প্রাথমিকভাবে রিলিফ সেখানে পৌঁছে দেওয়া হয়েছে। একজন অতিরিক্ত জেলাশাসক এবং কালিম্পং-এর মহকুমা শাসক, সেখানে পৌঁছে গেছেন এবং তারা নিজেরা সেখানে রিলিফের কাজ দেখছেন। আজকে জেলাশাসক কালিম্পং থেকে কাকের হয়ে রওনা হয়েছেন ঘটনাস্থলে পৌঁছানোর জন্য। আশা করছি আজকে দুপুরের মধ্যে তিনি পৌঁছে যাবেন। ইতিমধ্যে প্রায় ২০ মেট্রিক টনের মতন চাল, গম এগুলি সেখানে পৌঁছানোর ব্যবস্থা করা হয়েছে। একটা কালিম্পং-এ স্টোর করা হয়েছে, আর একটা বাগরাকোটে স্টোর করা হচ্ছে, এছাড়া গরুবাথানে কিছু রিলিফ পৌঁছানো হয়েছে। কিছু জামা, কাপড়, কিছু উলেন কাপড় এগুলি সেখানে পৌঁছানোর ব্যবস্থা করা হয়েছে। এই মুহূর্তে যেটা সবচেয়ে বেশি প্রয়োজন সেটা হচ্ছে বিদ্যুৎ সরবরাহ চালু করা রাস্তার মেরামতির ব্যবস্থা করা এবং পাশাপাশি বাঁধ মেরামতির ব্যবস্থা করা। এই বাঁধ মেরামতিটা সবচেয়ে বেশি প্রয়োজন বলে ওখানকার গ্রামের লোকরা আমাকে জানিয়েছেন। এখানে প্রথম বৃষ্টিতেই এরকম ধ্বস নেমেছে, এরকম নদীর কোর্স পরিবর্তিত হয়েছে, বিশেষ করে লিজ, ঘিজ, চেল এই তিনটি নদীর কোর্স যেভাবে পরিবর্তিত হয়ে যাচ্ছে, একটা রুদ্র মূর্তি ধারণ করছে তারফলে যে কোনও সময় আরও নতুন এলাকায় এই জল ছড়িয়ে যেতে পারে এবং তাতে করে পাড় ভাঙ্গতে পারে —এরকম একটা আশঙ্কার কথা ওখানকার গ্রামের মানুষরা জানিয়েছেন। আমার সঙ্গে এই

**মিঃ স্পিকার ঃ** এভাবে আমরা অ্যালাউ করি না। এটা একটা ব্যাড প্রিসিডেন্ট, কারণ এরকম অনেক ঘটনাই ঘটবে এবং তখন বিপদে পড়ব আমি। এটা একটা প্রিসিডেন্ট হয়ে যাচ্ছে, এটা ঠিক নয়। অন্য ব্যাপার হলে অ্যালাউ করি, কিন্তু সব ব্যাপার তো এখানে অ্যাকোমোডেট করা যায় না। ইন্ডিভিজুয়াল কেসে কলিং অ্যাটেনশন অ্যালাউ করি না। এটা ইন্ডিভিজুয়াল একটি ব্যক্তির কেস, কাজেই এটা হয় না। আগামিকাল পুলিশ বাজেট রয়েছে, তখন বলবেন।

**শ্রী অতীশচন্দ্র সিন্হা ঃ** পুলিশমন্ত্রী উত্তর দেবেন, কি দেবেন না, তাহলে স্পেসিফিক ব্যাপারে আমরা উত্তর কি করে পাব?

## PRESENTATION OF REPORT

### Presentation of the Report of the Select Committee on the West Bengal Land Reforms (Amendment) Bill, 1996

**Mr. Speaker :** The presentation of the Report of the Select Committee on the West Bengal Land Reforms (Amendment) Bill, 1996.

**Shri Kamalendu Sanyal :** With your permission I beg to present the Report of the Select Committee on the West Bengal Land Reforms (Amendment) Bill, 1996.

## LAYING OF REPORT

### 35th Annual Report of the West Bengal State Warehousing Corporation for the year 1992-93.

**Shri Mrinal Banerjee :** Sir, I beg to lay the 35th Annual Report of the West Bengal State Warehousing Corporation for the year 1992-93.

**Mr. Deputy Speaker :** ১টা ৩০ মিঃ পর্যন্ত মেনশন এবং জিরো আওয়ার চলবে। ১ মিনিট করে সময় নিয়ে অনেকে বলতে পারবেন। কিন্তু ২ মিনিট করে নিলে কম মেম্বার সুযোগ পাবেন। এ ব্যাপারে সভার মতামত কি? (ভয়েসেস ঃ ২ মিনিট)..... তাহলে ২ মিনিট করেই বলবেন।

## MENTION CASES

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের ভরতপুরে যে সমস্ত রাস্তা মেরামত হচ্ছে সেই রাস্তাগুলি মেরামত করার পরে পরেই পিচ এবং পাথর উঠে যাচ্ছে এবং সেই রাস্তা চলাচলের অনুপযুক্ত হয়ে যাচ্ছে। সেই রাস্তাগুলি এত নিম্নমানের জিনিসপত্র দিয়ে মেরামত করা হচ্ছে যে রাস্তা বেশিদিন টিকছে না। উন্নত মানের জিনিস দিয়ে যাতে রাস্তা মেরামত করা হয় তারজন্য আমি আবেদন জানাচ্ছি। যে সমস্ত কনট্রাক্টররা এই কাজে ফাঁকি দিচ্ছে, যারা সরকারের বদনাম করছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার জন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি একজন বিধানসভার সদস্য, বার বার ৪ বার আমি এই বিধানসভায় নির্বাচিত হয়েছি। আমি অনেক এস.ডি.ও-র সঙ্গে কাজ করেছি। কিন্তু বর্তমান যে এস.ডি.ও, উৎপল ভট্টাচার্য, তিনি নির্বাচনের আগে আমার সঙ্গে খারাপ ব্যবহার করেছেন এবং সরকারি কর্মচারিদের সঙ্গেও তিনি খারাপ ব্যবহার করেছেন। গত কয়েকদিন আগে উলুবেড়িয়ায় একটি জমির লিজ দেওয়াকে কেন্দ্র করে তিনি আমার সঙ্গে অসভ্য ব্যবহার করেছেন। এই এস.ডি.ও একজন জনপ্রতিনিধিকে সম্মান দিতে জানেন না। জনগণ আমাকে নির্বাচিত করে পাঠিয়েছে, আমার এলাকায় উন্নয়নমূলক কাজ হবে সেটা আমি জানব না? তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এই এস.ডি.ও উৎপল ভট্টাচার্যের পদত্যাগ দাবি করছি।

**শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উইথ ইয়োর কাইন্ড পারমিশন আমি এই সাবজেক্টটা শেষ করতে চাইছি। আমার বিধানসভা কেন্দ্র হাঁসখালিতে গত ১৪ তারিখে রাত্রি সাড়ে আটটার সময় বি.এস.এফ-এর একজন জোয়ান এক মহিলার ঘরে ঢুকে শীলতাহানির চেষ্টা করে। তার পাশের বাড়ির মানুষ সেই জোয়ানকে বাধা দিতে গেলে সে বন্দুকের বাঁট দিয়ে তার পায়ে মেরে পা ভেঙে দেয়। পঞ্চায়েত প্রধান বাধা দিতে গেলে তাকে বন্দুকের বাঁট দিয়ে বুকের উপর মারে এবং ঠেলে ধরে থাকে। এই ঘটনার ফলে এলাকার মানুষ উত্তেজিত হয়ে পড়ে। এই ব্যাপারে প্রধান থানায় ডায়রি করে। এই ব্যাপারে সেই বি.এস.এফ-এর বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। এই ব্যাপারে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি এবং বিবৃতি দাবি করছি।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার আমাদের দেশে যক্ষা রোগী হাসপাতালে ভর্তি হওয়ার ব্যাপারে যে জটিল পরিস্থিতি রয়েছে তাতে গরিব মানুষ হাসপাতালে ভর্তি হওয়ার আগেই মারা যাচ্ছে। আমাদের এলাকায় বিশেষ করে তন্তুজীবী এবং বিড়ির শ্রমিকরা সারা দিন হাড় ভাঙা পরিশ্রম করে এবং এই রোগে আক্রান্ত হয়। ভর্তি হওয়ার ক্ষেত্রে যে নিয়ম তা হল, কলিকাতায় মেডিক্যাল বোর্ড সপ্তাহে একদিন করে রাইটার্স বিল্ডিং-এ বসে। এখানে যে অ্যাপ্লিকেশন করা হয় সেইগুলি এখানে বিচার করা হয় এবং সেখান থেকে অর্ডার যায় হাসপাতালে এবং সেখান থেকে সেই অর্ডার রোগীর বাড়ি পৌঁছায়। এই নিয়ম অনুযায়ী রোগির বাড়ি পর্যন্ত চিঠি পৌঁছাতে পৌঁছাতে রোগী মারা যায়। আমাদের এলাকায় দুটি যক্ষার হাসপাতাল ধুবুলিয়া এবং কল্যাণীতে আছে। একটি নির্দিষ্ট কোটা জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের হাতে রাখা হোক এই সমস্ত মুমূর্ষু রোগী ভর্তি করার জন্য এবং এই নিয়মের সরলিকরণ করা হোক এই দাবি আমি জানাচ্ছি।

[12-30 — 12-40 P.M.]

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র শ্যামপুকুরে ৮টি মৌজা এখনও পর্যন্ত ইলেক্ট্রিফায়েড হয়নি যদিও স্টাটিসটিক্স রেকর্ড বলছে হাওড়ায় ৭৫৬টি মৌজা ইলেক্ট্রিফায়েড হয়ে গেছে। এটা আমি খুব দায়িত্ব নিয়ে বলছি। এ ছাড়া স্যার আপনি শুনলে আশ্চর্য হবেন,

গ্রামে গঞ্জে আমার বিধানসভা কেন্দ্রে মাত্র শতকরা ২০-২৫ ভাগ লোক বিদ্যুতের সুযোগ পেয়েছে। ওখানে ৭০-৮০ ভাগ লোক তারা সুযোগ পায় না। তাসত্ত্বেও সরকারের স্ট্যাটিস্টিক্যাল রেকর্ড বলছে যে তারা সব মৌজায় বৈদ্যুতিকরণ করেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি তাই আপনার মাধ্যমে বিদ্যুতমন্ত্রির দৃষ্টি আকর্ষণ করছি, অত্যন্ত জরুরি ভিত্তিতে শ্যামপুকুরের বিদ্যুতের অবস্থাটা ঠিকমতো পর্যালোচনা করে যাতে মানুষ বিদ্যুৎ পেতে পারে তার ব্যবস্থা করুন।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষ্ণনগর জেলা সদর হাসপাতালের দুরবস্থার একটি কাহিনীর কথা বলছি। প্যাথলজিক্যাল বিভাগে ডাক্তার না থাকার জন্য কৃষ্ণনগর-শক্তিনগর হাসপাতালের প্যাথলজিক্যাল বিভাগ সম্পূর্ণ বন্ধ হয়ে রয়েছে এবং তারজন্য থুতু, মল, মূত্র এবং কফ পরীক্ষা সেখানে সম্পূর্ণ রূপে বন্ধ হয়ে রয়েছে। সদর হাসপাতালে এক্স-রে সম্পূর্ণ বনধ হয়ে রয়েছে। তারজন্য সেখানে টি.বি-তে আক্রান্ত রোগিরা ভর্তি হতে পারছে না। তারা দূর দূরান্ত থেকে দিনের পর দিন এসে ফিরে যাচ্ছে। কৃষ্ণনগর এবং শক্তিনগর হাসপাতালের প্যাথলজিক্যাল বিভাগ এবং কৃষ্ণনগর সদর হাসপাতালে টি.বি. বিভাগটি অবিলম্বে খোলার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মোজাম্মেল হক ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় হরিহরপাড়া প্রাথমিক মার্কেটিং সোসাইটিতে ৮ লক্ষ ৫৮ হাজার ২৯ টাকা ২৯ পয়সার অভিযোগ রয়েছে ১৯৯৩ সালের আগস্ট মাস থেকে। আমি সর্বশেষ ১৯৯৪ সালের ৬ই জুন মাননীয় মন্ত্রীর কাছে অভিযোগ করেছিলাম। তার উপরে ভিত্তি করে এ পর্যন্ত কোনওরকম বিহীত ব্যবস্থা গৃহীত হয়নি। ঐ সময়কালে সেই সময়কার এ.আর.সি.এস. ঐ ঘটনার সঙ্গে অভিযুক্ত বলে আমি অভিযোগ করেছিলাম। এখান থেকে এ পর্যন্ত যখনই অডিট করতে যাচ্ছে তখনই সেখান থেকে স্টপ করিয়ে দেওয়া হচ্ছে। এখান থেকে অডিটর যাওয়া মাত্র ফিরিয়ে দেওয়া হচ্ছে। যারফলে উক্ত সোসাইটির সদস্য কৃষকরা তাদের প্রাপ্য সুযোগ সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। সেখানকার কর্মচারিরা আজকে সাড়ে তিন বছর ধরে কোনও বেতন পায় নি। আমি এই বিষয়ে পুনরায় মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই সংস্থাটিকে অবিলম্বে বাঁচানোর ব্যবস্থা গ্রহণ করেন এবং পুনরায় সংস্থাটি চালু করেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়-এর কাছে এই আবেদন জানাচ্ছি।

**শ্রী অসিতকুমার মাল ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনি জানেন যে, বামফ্রন্ট ক্ষমতায় আসার পর থেকে যে সমস্ত বিডিও অফিস শহরে আছে, সেগুলিকে গ্রামের মানুষ যাতে সুবিধা পায় তারজন্য বলছেন। আমি সেই কারণে উল্লেখ করছি যে, বীরভূমের রামপুরহাট ২নং পঞ্চায়েত সমিতি আজকে প্রায় দশ বছর হল ১৫ লক্ষ টাকা অনুমোদন পেয়েছে। বীরভূম জেলার সভাধিপতি শিলান্যাসও করেছিলেন। তারপর ৪০ হাজার টাকা ব্যয় করে একটি গোডাউন তৈরি করেছেন। কিন্তু আমলাতান্ত্রিক মনোভাবের জন্য দশ বছর আগে স্যাংশন হওয়া সত্ত্বেও রামপুরহাট ২নং পঞ্চায়েত সমিতির অফিসের কাজটি এগোচ্ছে না। অতি সত্ত্বর যাতে সরকারি সিদ্ধান্তটি ইমপ্লিমেনটেড হয় তারজন্য আমি অনুরোধ করছি।

**শ্রী মোরসেলিন মোল্লা ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, মহেশতলার জগন্নাথ নগর কর্মকার পাড়ার মোড়ে গত ১০ তারিখে কংগ্রেসি মদতপুষ্ট ২০।২৫ জন সমাজ বিরোধী আমাদের এলাকার দর্জি সংগঠনের নেতা এবং প্রাক্তন সিপিএম পঞ্চায়েত সদস্য, রজব আলি মোল্লাকে মিলিতভাবে রড এবং লাঠি দিয়ে নির্মমভাবে আঘাত করে। এবং কৃষক নূর হাসেনকেও নির্মমভাবে আঘাত করে। তারা এখন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। ওখানে প্রতিক্রিয়াশীল শক্তি সাম্প্রদায়িক সম্প্রীতিকে নষ্ট করবার চেষ্টা করছে। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে দোষীদের অবিলম্বে শাস্তি দেওয়া হয় তার ব্যবস্থা করুন।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যে নতুন রেশনকার্ড ইস্যুর ক্ষেত্রে গ্রামাঞ্চলে গ্রাম পঞ্চায়েতের প্রধানদের সুপারিশ গ্রহণ করা হচ্ছে কিন্তু শহরাঞ্চলে পৌরসভাগুলোর ক্ষেত্রে কাউন্সিলারদের সুপারিশ গ্রহণ করা হচ্ছে না। সেক্ষেত্রে ভ্যারিফাই করা হচ্ছে এবং রেশন কার্ড ইস্যুও করা হচ্ছে না। বলা হচ্ছে যে, এম.এল.এ. এবং এম.পিদের সুপারিশ নিয়ে আসতে হবে। তাহলে শহরাঞ্চলে এক নিয়ম আর গ্রামাঞ্চলে আরেক নিয়ম এই জিনিসটা হচ্ছে কেন? এই ব্যাপারে সরকারি দপ্তর থেকে নির্দিষ্ট আদেশ দেওয়া হোক এই দাবি আমি খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রীর কাছে রাখছি এবং দৃষ্টিও আকর্ষণ করছি।

**শ্রী অশোক মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে যুব কল্যাণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তর ২৪ পরগনা জেলা অত্যন্ত গুরুত্বপূর্ণ জেলা, ৭ জন মন্ত্রী এখান থেকে সরকার নিয়ন্ত্রণ করছে। প্রত্যেক জেলায় যুব কল্যাণ দপ্তরের হেড অফিস ওই জেলার সদর দপ্তরে থাকে। কিন্তু উত্তর ২৪ পরগনা জেলা ভাগ হবার পর থেকে আজ পর্যন্ত ওই জেলার সদরে যুব কল্যাণ দপ্তরের হেড অফিস স্থানান্তরিত হয়নি। সুতরাং অবিলম্বে যাতে উত্তর ২৪ পরগনা জেলার সদরে যুব কল্যাণ দপ্তরের হেড অফিস স্থানান্তরিত হয় সেই আবেদন আমি রাখছি।

**শ্রী কালিপদ বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গ্রামাঞ্চলে হাস্কিং মিলগুলোর লাইসেন্সের ক্ষেত্রে দুরকমের লাইসেন্স চালু আছে। একটা রাজ্য সরকার লাইসেন্স দেন এবং আরেকটা হাইকোর্ট থেকে স্পেশ্যাল পারমিশন নিয়ে মিলগুলো লাইসেন্স পাচ্ছে রাজ্য সরকার যাদের লাইসেন্স দিচ্ছে না তারা হাইকোর্টে মামলা করে স্পেশ্যাল পারমিশন নিয়ে লাইসেন্স পাচ্ছে। কিন্তু বর্তমানে ওই হাইকোর্টের লাইসেন্স বাতিল করে দেওয়া হচ্ছে। ফলে গ্রামের কৃষকদের ৫ কি. মি. হেঁটে গিয়ে ধান ভাঙতে হচ্ছে। এতে কৃষকদের খুব কস্ট হচ্ছে। সুতরাং রাজ্য সরকার অবিলম্বে ধান ভাঙার হাস্কিং মিলগুলোর লাইসেন্স চালু করুন।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতায় বড় বড় হাসপাতাল অবস্থিত যেমন এন আর এস, এস এস কে এম, চিত্তরঞ্জন মেডিক্যাল কলেজ, ক্যালকাটা মেডিক্যাল কলেজ ইত্যাদি। এসব হাসপাতালে গ্রামের থেকে রোগী ভর্তি হতে এলে তাদের ফেরত পাঠিয়ে দেয়, এমন

কি ইমারজেন্সিতে গেলেও ভর্তি করা হয়না। সেখানে মাঝখানে এক শ্রেণীর দালাল আছে তারা টাকার বিনিময়ে ওইসব হাসপাতালে ভর্তি করে। এই ধরনের অব্যবস্থার মধ্যে দূর গ্রামাঞ্চল থেকে যেসব রোগী আসে তারা যাতে ফিরে না যায় তারজন্য আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন রাখছি যে, এইসব হাসপাতালে একটা বিশেষ সেলের ব্যবস্থা করা হোক, যাতে দূরের লোকেরা এসে ফেরত চলে না যায়। সুতরাং সেলের মাধ্যমে দূর দূরান্তের রোগী কলকাতার হাসপাতালগুলোতে ভর্তি করা হোক এই আবেদন আমি রাখছি।

**শ্রীমতী ইভা দে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় ১৯৭০ সালে মার্টিন রেল উঠে যাবার পরে কলকাতা থেকে জাঙ্গিপাড়া যোগাযোগ একেবারে বিচ্ছিন্ন হয়ে গেছে। পরে অবশ্য ১৯৭৭ সালে সি টি সির বাস কলকাতা থেকে আঁটপুর হয়ে রাজবলহাট হয়ে যে বাসটি চলত সেটাও প্রায় বন্ধ হতে চলেছে ফলে যাত্রী সাধারণের খুব কস্ট হচ্ছে। সুতরাং কলকাতা থেকে জাঙ্গিপাড়া সিটিসি বাসটি যাতে পুনরায় নিয়মিত চালু থাকে তারজন্য অনুরোধ জানাচ্ছি। আগে এর অনেকগুলো বাস ছিল, এখন বাসের সংখ্যা খুব কমে গেছে। সুতরাং বাস যাতে বেশি করে চলে সেই আবেদন আমি রাখছি।

[12-40 — 12-50 P.M.]

**শ্রী শিবপ্রসাদ দোলুই :** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি শিক্ষামন্ত্রী ও উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। খন্ডকোষ ব্লকে একটি মাত্র উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, এতে ছাত্র-ছাত্রিদের পড়াশুনার অসুবিধা হচ্ছে, আরও যাতে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের অনুমোদন দেওয়া যায় তারজন্য শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অন্যদিকে খন্ডকোষ ব্লকে দীর্ঘদিন ধরে প্রস্তাবিত কলেজ এরজন্য ১৬ বিঘা জমি নির্দিষ্ট করা আছে, সেটা যাতে অনুমোদন পায় তারজন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রী এবং উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মাজেদ আলি :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আরামবাগ সাব-ডিভিসনে সেখানকার ছাত্ররা প্রাইভেট বাসে স্টুডেন্টস কনসেশন পান, কিন্তু স্টেট গভর্নমেন্টের বাসে, সরকারি বাসে, ছাত্ররা কনসেশন পাচ্ছে না, যাতে ছাত্রদের কনসেশন দেওয়া যায় সেই বিষয়ে আমি মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, ধন্যবাদ।

**শ্রী কমল মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার চন্দননগর শহরে মহিলাদের বি.এড কলেজ আছে, এবং গত বছরে পলিটেকনিক কলেজ খোলা হয়েছে, মন্ত্রীর কাছে দাবি করছি অবিলম্বে ছেলেদের জন্য চন্দননগরে বি.এড কলেজ এবং আইন বিভাগ খোলার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী ভদ্রেশ্বর মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বিধানসভা কেন্দ্র সোনারপুর, এখন গ্রামের চরিত্র হারিয়ে শহরের রূপ নিচ্ছে। ৫ বছরের মধ্যে দেখা যাচ্ছে, সেখানে ৬১ হাজার ভোট বেড়েছে, এই ধরনের জনসংখ্যা বাড়ার সাথে সাথে স্কুলের সমস্যা যেভাবে দেখা দিচ্ছে, স্কুলে ছেলে মেয়েরা যারা মাধ্যমিক পাশ করছে, তারা উচ্চ মাধ্যমিকে ভর্তি হতে পারছে না। তাই

আমার আবেদন ছেলেমেয়েদের মা বাবারা জনপ্রতিনিধির কাছে এবং বিভিন্ন স্কুলে তারা ধর্না দিচ্ছে। তাই আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করতে চাই, আমাদের ওখানে আরও ২।৩টি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্কুল স্যাংশন করার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী সৌগত রায় ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি জানাচ্ছি গতকালকে কলকাতায় প্রধানমন্ত্রীর সফর এবং প্রধানমন্ত্রীর সফরে যে আলাপ-আলোচনা হয়েছে রাজ্যের মুখ্যমন্ত্রী, অর্থমন্ত্রী এবং শ্রমমন্ত্রীর সাথে, সেই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। সেটা আমাদের কাছে খুবই আশার ব্যাপার ছিল, প্রধানমন্ত্রী মুখ্যমন্ত্রীর আলোচনায়, উনি অন্তত রান্নার গ্যাসের দাম যেটা ১০৭ টাকা থেকে বেড়ে ১৩৭ টাকা হয়ে গেছে সেটা কমাবার ব্যাপারে সিদ্ধান্ত নেবেন, কিন্তু দূর্ভাগ্যবশত সেটা তিনি করেননি। তারফলে মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্ত মানুষের উপর যে চাপটা রয়েছে সেটা রয়েই গেল। অন্যদিকে আমি অসীমবাবুর বিবৃতি শুনলাম দূরদর্শনে, এই প্রথম কেন্দ্রীয় বাজেটে প্রস্তাব আনছেন গরিবদের জন্য কিছু পদক্ষেপ নেওয়া হবে। আমরা চাই অসীমবাবু এই ব্যাপারে হাউসে একটা বিবৃতি দিক, প্রধানমন্ত্রী পশ্চিমবাংলার পেনডিং প্রোজেক্ট নিয়ে কি কি প্রস্তাব দিয়েছেন, হলদিয়া নিয়ে কি প্রস্তাব দিয়েছেন, রুগ্ন এবং বন্ধ কলকারখানাগুলি নিয়ে যে সমস্যা আছে, সেইগুলির ব্যাপারে কি প্রতিশ্রুতি দিয়েছেন? প্রধানমন্ত্রী বাংলার বামফ্রন্টকে বন্ধু সরকার মনে করে কি প্রতিশ্রুতি দিয়েছেন? এই ব্যাপারে আমরা একটা সুষ্ঠু বিবৃতি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছ থেকে চাই, শুধু মুখ্যমন্ত্রী বললেন কেন্দ্রীয় বাজেট গরিবের জন্য হবে, সেই আশায় আমরা থাকতে রাজি নই।

**শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা চাঞ্চল্যকর ঘটনা আপনার মাধ্যমে মাননীয় পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সন্দীপ পাল, বয়স পনেরো বছর, নবম শ্রেণীর ছাত্র, সে ২৬.৫.৯৬ তারিখ থেকে নিখোঁজ হয়ে যায়। কলিকাতা পুলিশের মিসিং স্কোয়াডের কাছে অভিযোগ জানানো হয়েছে। কিন্তু আজও পর্যন্ত তাকে খুঁজে পাওয়া যায়নি। তার বাড়িতে পোস্ট কার্ডের মাধ্যমে একটা চিঠি এসেছে, ডাক্তার লামা, ওয়ান-এ গ্রান্ট স্ট্রিট, তার গোপন কক্ষে এই ছাত্রটিকে লুকিয়ে রাখা হয়েছে। সে নাকি এই ধরনের ছেলেদের আটকে রাখে এবং তাদের অ্যাম্পুউটেড করে পরবর্তীকালে কু-ব্যবসায় নিযুক্ত করে থাকে। আমি মাননীয় পুলিশমন্ত্রীর কাছে বলতে চাই, অবিলম্বে এই ছাত্রটি যেখানেই থাকুক না কেন, তাকে খুঁজে বের করে তার বাবা-মার কাছে পৌঁছে দেওয়ার ব্যবস্থা করা হোক।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় কয়েক হাজার মেডিক্যাল সেলস্ রিপ্রেজেন্টটেটিভ আছে। তারা বহুবার বামফ্রন্ট সরকারের কাছে, মন্ত্রী মহাশয়ের কাছে এবং শ্রম দপ্তরের সচিবের সাথে কথা বলেছে তাদের মিনিমাম ওয়েজ সম্বন্ধে। যাতে একটা ওয়েজ বোর্ড এখানে করা হয়, যেটি অন্যান্য কয়েকটি রাজ্যে আছে এবং সেখানকার মেডিক্যাল রিপ্রেজেন্টটেটিভেরা সেই মিনিমাম ওয়েজের সুবিধা পাচ্ছে। আমি মাননীয় শ্রমমন্ত্রীকে অনুরোধ করছি, তিনি ইতিবাচক ব্যবস্থা নিয়ে এই সমস্যার সমাধান করেন।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বামফ্রন্ট সরকারের একটি ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্ট সরকার কুড়ি বছর আছে

সমাজতন্ত্রে আসেনি। কিন্তু দূর্নীতিতে সমাজতান্ত্রিকরণ হয়েছে। দক্ষিণ ২৪ পরগনার তিন হাজার প্রাথমিক শিক্ষক নিয়োগের দর উঠেছে এক লক্ষ টাকা প্রতিটি চাকরির জন্য। গত বিধানসভা নির্বাচনে বারুইপুরে সি.পি.এমের যিনি প্রার্থী ছিলেন তার শ্বশুরমশাই হচ্ছেন এই চাকরির মালিক। তিনি বলেছেন টাকা নিয়ে চাকরি দেওয়া হচ্ছে এই প্রমাণ কেউ দেখাতে পারবে না। ঘুস নিলে কি কেউ রসিদ দেয়। আজকে দক্ষিণ ২৪ পরগনাতে প্রাথমিক শিক্ষক নিয়োগের ব্যাপারে রেট উঠেছে এক লক্ষ টাকা পার চাকরিতে। আজকে শিক্ষা ক্ষেত্র থেকে শুরু করে সর্বত্র ঘুস না দিলে চাকরি হয়না। এই এক লক্ষ টাকা পার চাকরি এটা শিক্ষা ক্ষেত্রে একটা রেকর্ড সৃষ্টি করেছে।

**শ্রী মানিক উপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বারাবনি বিধানসভা কেন্দ্রে টোটাল যে সমস্ত মানুষ বাস করেন, সেই সমস্ত মানুষরা রেশন কার্ড ঠিকমতো পাচ্ছে না। ডিপার্টমেন্টের পক্ষ থেকে বলা হচ্ছে, রেশন কার্ড যা ডিস্ট্রিবিউট হয়েছে, একসেস রেশন কার্ড ডিস্ট্রিবিউট হয়েছে। আমি বলব, যে সমস্ত রেশন কার্ড দেওয়া হয়েছে সেগুলোকে সমস্ত সিজ করা হোক এবং ডোর টু ডোর ফ্যামিলিওয়াইজ চেক করলেই বোঝা যাবে কোথায় একসেস রেশন কার্ড দেওয়া হয়েছে। আমি এই ব্যাপারে খাদ্যমন্ত্রীকে অনুরোধ করছি এই জিনিসগুলো সত্ত্বর দেখা দরকার।

**শ্রী ইউনুস সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার নির্বাচনী এলাকার একটি জ্বলন্ত সমস্যার প্রতি জনস্বাস্থ্য কারিগরি বিভাগ তথা রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আর্সেনিকের প্রবল প্রকোপ দেখা দিয়েছে। এই আর্সেনিকের প্রকোপ গোটা কেন্দ্রের দুটো ব্লকের কয়েকটি গ্রাম পঞ্চায়েতের প্রায় ৪ হাজার মানুষ আক্রান্ত এবং সমস্ত এলাকায় জলের অভাব দেখা দিয়েছে কারণ বেশির ভাগ জায়গাতেই আর্সেনিক দেখা দিয়েছে। সাগরপাড়া, খয়রামারি, দেবীপুর, ঘোষপাড়া, কাঁটারারি, রাণীনগর, রাজাপুর, চুহাপাড়া, স্বাদিখানদেহার, কাতলা মারি, মালিবাড়ি এই সমস্ত অঞ্চলের প্রায় ৪ হাজার মানুষ আক্রান্ত আর্সেনিকে। আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে জরুরি কালিন ভিত্তিতে ব্যবস্থা নেওয়ার জন্য।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বহরমপুরে মাত্র দুটো শ্মশানঘাট। বহরমপুর শহর বেড়েছে। প্রায় ৪ লক্ষ লোক এখানে বাস করে। রাঢ়বঙ্গ, নদীয়া, বীরভূম থেকে বহু সংখ্যক মৃতদেহ এখানে নিয়ে আসা হচ্ছে বহরমপুরে সৎকারের জন্য। দিনের পর দিন এটা বেড়েই চলেছে। বহরমপুর শহরবাসীর দীর্ঘদিনের দাবি একটা বৈদ্যুতিক চুল্লির। আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ন। অবিলম্বে এখানে বৈদ্যুতিক চুল্লী করা হোক।

**শ্রী মহম্মদ হান্নান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রামপুরহাট পৌর এলাকার মধ্যে দিয়ে শানঘাটা নামক কাঁদড় প্রবাহিত হওয়ার ফলে বৃষ্টি হলে রামপুরহাট ১৬ নম্বর শহর থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে। স্বাভাবিক ভাবে ওই এলাকার মানুষের দুর্দশার সীমা থাকে না। আমি অনুরোধ করব ওই কাঁদড়টির সংস্কার করা হোক এবং ওই কাঁদড়টির উপর অতি সত্ত্বর একটি সেতু নির্মাণ করা হোক।

**Smt. Shanta Chettri :** Hon'ble Deputy Speaker, Sir, with your kind permission, I venture to draw the attention of Minister concerned. Regarding Jhoom Forest, 18,000 hectare of Jhoom Forest is under the DGHC. This forest is manned by one DFO, one Range officer and one guard. The existing strength of the staff could not tackle such a big forest. The strength of the staff i.e., another D.F.O needs to be increased. I hope, Government will try to solve the problem at an early date.

**শ্রী দেবীশঙ্কর পান্ডা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী ক্ষেত্র নন্দীগ্রাম। এই নন্দীগ্রামের প্রাণকেন্দ্র নন্দীগ্রাম বাজার। ৪ কিলোমিটার একটি রাস্তা তার চারপাশে গড়ে উঠেছে সরকারি দপ্তর, স্কুল কলেজ, প্রতিদিন সেখানে ১৫ থেকে ২০ হাজার মানুষ আসেন। ৫০ সালে বিধানচন্দ্র রায়ের সফরকে কেন্দ্র করে এই রাস্তা তৈরি হয়েছিল। তারপর থেকে এই রাস্তার কোনও সংস্কার হয়নি। পূর্ত দপ্তর, জেলা পরিষদ কেউই এই রাস্তার সংস্কারের দায়িত্ব নিতে চায়না। পঞ্চায়েত মন্ত্রীর কাছে অনুরোধ করছি জেলা পরিষদকে নির্দেশ দিয়ে, অবিলম্বে মাস্টার প্ল্যানে এই রাস্তাটির সংস্কার করা হোক।

**শ্রী অমর চৌধুরি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। গত ৫.৭.৯৬ বর্তমান কাগজে একটি খবর বেরিয়েছে যে গড়িয়া থেকে ব্যারাকপুর মেট্রো রেল প্রকল্প অনিশ্চিত। এতে কলকাতা, শহরতলি, পশ্চিমবঙ্গবাসী উদ্বিগ্ন এবং ক্ষুব্ধ। এই প্রকল্পটি যাতে অনুমোদন পায় এবং এই রেল প্রকল্পটি যাতে দক্ষিণেশ্বর পর্যন্ত প্রসারিত হয় তারজন্য একটি সর্বদলীয় কমিটি করে দিল্লিতে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হোক।

**শ্রী অশোককুমার দেব :** খড়িবেড়িয়া এলাকার চড়িয়াল খালের উপর একটি ব্রিজের অভাবে হাজার হাজার মানুষ দুর্দশার সম্মুখীন হয়েছে। ২১ বছর ধরে বলে বলে কাজ হয়নি। আমি অনুরোধ করব যাতে দ্রুত কাজ আরম্ভ হয়, তাহলে মানুষ সুযোগ সুবিধা পাবে। এটা নাহলে বৃষ্টির সময়ে মানুষের অসুবিধা হয়। আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আকবর আলি খোন্দকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, চুঁচুড়া থানা এলাকায় দেবু প্রামাণিক, বাড়ি ক্যাওটা, পোস্ট অফিস সাহাগঞ্জ। এখানে তার মদের ঘাঁটিতে এক জন চুঁচুড়া থানার পুলিশ শম্ভু সিং নাম মদ খেতে যায়। সে মদ খেয়ে অসুস্থ হওয়ার ফলে বারোটা নাগাদ পুলিশ দেবু প্রামাণিককে তুলে নিয়ে যায়। তারপর থানায় আটকে প্রচন্ড মারধোর করে। যখন দেখে যে সে মারা যাবে এইরকম দেখে তার স্ত্রীকে দিয়ে টিপ সই দিয়ে তাকে ছেড়ে দেয়। তাকে অসুস্থ অবস্থায় হাসপাতালে নিয়ে যাওয়ার সময়ে সে মারা যায়। হুগলির এস.পি চুঁচুড়া থানার সেকেন্ড অফিসারকে সাসপেন্ড করেছে। আজকে এই ব্যাপারে তদন্ত করতে হবে, ক্ষতিপূরণ দিতে হবে।

**শ্রী মহবুবুল হক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলার চাঁচল থানার রাস্তাটি এমন বেহাল অবস্থা হয়ে গেছে যে আগে ২০টি বাস চলাচল করত কিন্তু এখন রাস্তার দুরবস্থার জন্য সেগুলি বন্ধ হয়ে গেছে।

অবিলম্বে এই রাস্তাটি যাতে মেরামত করা হয় তারজন্য পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মানিক মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে এই যে, বীরভূম জেলার লাডপুর - লাঙ্গলহাটা, সিয়ান - সারিপা, বোলপুর - রাজনাম সহ পাঁচটি নতুন রাস্তার নির্মাণের কাজে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কাজের কিছুটা অগ্রগতি ঘটেছে। অতি সত্বর যাতে এই কাজ সম্পূর্ণ করা যায়, তারজন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হোক। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে এই যে, হীরাপুর বিধানসভা কেন্দ্রের প্রায় ৫০ শতাংশ মানুষ হিন্দি ভাষাভাষী। সেই সঙ্গে হাওড়া, হুগলি, ২৪ পরগনা উত্তরবঙ্গ এলাকার বহু হিন্দি ভাষাভাষী লোক বসবাস করে। আমার বক্তব্য হচ্ছে এই যে মাধ্যমিকে, উচ্চমাধ্যমিকে বাংলা এবং ইংরাজি প্রশ্নপত্র হয় কিন্তু হিন্দি প্রশ্নপত্র হয় না। তাই হিন্দি প্রশ্নপত্র চালু করার জন্য উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মিহির গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি যে উত্তরবঙ্গে ভয়াবহ বন্যা চলছে, কালজানি, তোর্সা, জাউধুয়া নদীর জল উপচে উত্তর বিধানসভা কেন্দ্রের খোলটা, মরিচবাড়ি, আমবাড়ি, খাগড়া বাড়ির চাষের জমি প্লাবিত হয়ে চাষ নষ্ট হচ্ছে। মানসাই নদী এবং মাথাভাঙ্গা নদীর জল বিপদ সীমার উপর দিয়ে যাচ্ছে। দিনহাটা মহকুমার আদাবাড়ি ঘাটের সিতাই এলাকা বিচ্ছিন্ন হয়ে গেছে। বহু লোক মারা গেছে। মাননীয় পুরমন্ত্রী সংবাদ দিলেন বটে কিন্তু মালদা, কুচবিহার, জেলার বিভিন্ন অংশ প্লাবিত হওয়ার পরেও কোনও সরকারি হিসাব সঠিকভাবে নেওয়া হয়নি। ত্রাণ সামগ্রী সেখানে পৌঁছয় নি। অবিলম্বে যাতে কুচবিহার জেলার ত্রাণসামগ্রীর ব্যবস্থা করা হয় তারজন্য বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1-00 — 1-10 P.M.]

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সূতি বিধানসভা কেন্দ্রে বিগত ২০ বছরের মধ্যে কোনও গ্রামে কোনও বৈদ্যুতিকরণ হয় নি। কোথাও পোল পড়ে আছে, কোথাও কোনও কানেকশন নেই। আমি অবিলম্বে রমাকান্তপুর, নূরপুর, সর্বেশ্বরপুর, নতুন ঔরঙ্গাবাদ, কাঁকড়ামারি, হাসানপুর, কয়াডাঙ্গা, মাহিরণ, কুসুমগাছি নয়াগ্রাম, বড়ালা প্রভৃতি জায়গায় বৈদ্যুতিকরণের ব্যবস্থা করার জন্য মাননীয় বিদ্যুতমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী রামপ্রবেশ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ ও জলপথ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলার মানিকচক বিধানসভা কেন্দ্রে গঙ্গার ভাঙনে হাজার হাজার মানুষ ক্ষতিগ্রস্থ হয়েছেন। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার এ ব্যাপারে কোনও ব্যবস্থা নেন নি। নন্দীগ্রাম, আমতলা হাইস্কুল এবং মানিকচকের বেসিক প্রাইমারি স্কুল সহ হাজার হাজার ঘর-বাড়ি গঙ্গার ভাঙনে বিলীন হয়ে যাবে। গঙ্গার ভাঙন রোধ করার জন্য পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে যুদ্ধকালীন ভিত্তিতে কার্যকর ব্যবস্থা

নেওয়ার জন্য আমি অনুরোধ করছি।

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার ফলতা বিধানসভা কেন্দ্রে কাঁটাখালি খাল আছে। ওই খালের উপর দিয়ে গোপালপুর পোল আছে। ১১৮ নম্বর ফলতা বিধানসভা কেন্দ্রে খালের উপর প্রেসার গেট তৈরি করার জন্য আমি মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই প্রেসার গেট তৈরি হলে ৩০ হাজার চাষী উপকৃত হবেন। আমি এ ব্যাপারে মাননীয় সেচমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

**श्री रामजनम माझी :—** मिस्टर डिप्टी स्पिकर सर, हमारे उलेबेड़िया विधान सभा केन्द्र मे हिन्दी भाषा-भाषी और उर्दू भाषा-भाषी करीव करीव लगभग ६० हजार आवादी है। वहा पर हिन्दी और उर्दू का कोई विद्यालय नही है। वहां हिन्दी और उर्दू भाषा-भाषी लोगों को अपने बच्चो को पड़ाने मे काफी परेशानी होती है। मै माननीय शिक्षा मंत्री से अनुरोध करता हूं कि वहां पर हिन्दी और उर्दू विधालय जल्द हो। आज वहां के बच्चो का भविष्य अंधाकारमय हो गया है। इसलिए मै अनुहोध करता हूं वहां पर हिन्दी और उर्दू विद्यालय की स्थापना किया जाए।

**শ্রী মৃণালকান্তি রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দিঘা ডেভেলপমেন্ট অথরিটি প্রায় ৪০টিরও বেশি গ্রাম নিয়ে অবস্থিত। কিন্তু তার নিজের আয়ের উৎস করার ক্ষেত্রে অসুবিধা আছে। দিঘাতে ৪০০র বেশি হোটেল আছে। এখানে বিশাল জনবসতি গড়ে উঠেছে। তার পাশাপাশি, রামনগর, শঙ্করপুর ও বালুসার এগুলো শহরে পরিণত হতে চলেছে। এই কয়েকটি জায়গা এবং এর পাশাপাশি আরও কয়েকটি এলাকা নিয়ে দ্রুত একটা পৌরসভা করার জন্য আমি মাননীয় পৌরমন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কারিগরি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলায় একটা মাত্র আই.টি.আই. ইন্সটিটিউশন আছে। এটা ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইন্সটিটিউট। মাননীয় বিধান রায়ের আমলে এটা তৈরি করেছিল, যাতে বর্ধমান আশেপাশের থেকে ছাত্ররা এখানে পড়তে আসতে পারেন। এখানে একটা হোস্টেল আছে। এখানে প্রায় ৭০ থেকে ১০০ জন আবাসিক ছাত্র থাকতে পারে। গত ১৮ই মার্চ হোস্টেলে সামান্য কারণে কয়েকজন ছেলের মধ্যে বচসা হয় এবং এই বচসাকে কেন্দ্র করে এই হোস্টেলটি বন্ধ করা হয়। তারপর স্যার, একটা এমিকেবল সেটেলমেন্টের জন্য ১৪, ১৫, ১৬ই মার্চ সমস্ত আবাসিককে প্রিন্সিপালের সামনে মুচলেকা দিয়ে হোস্টেলে যেতে দেওয়া হল। তারপর, কিছুদিন থাকার পর এস.এফ.আই.এর সাথে একতরফা সিদ্ধান্ত নিয়ে প্রিন্সিপাল ১৪ জুন হোস্টেলটা আবার বন্ধ করে দেয়। পরীক্ষার সময় বিভিন্ন গ্রাম-গ্রামাঞ্চল থেকে ছাত্র-ছাত্রীরা এসে নিদারুণ অসুবিধার মধ্যে পড়ে। তারা অনশন শুরু করল ১৭ জুন থেকে। এস.ডি.ও. এসে কথা দিল-১৮ই জুন, অনশন তুলে নিন, ১৮ জুন থেকে হোস্টেলটা

খুলে দেব। কিন্তু আজ পর্যন্ত আই.টি.আই. হোস্টেলটি খোলে নি। আপনার মাধ্যমে এইটি খোলার আবেদন করছি।

**শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা, স্বাস্থ্য এবং পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ভগবানগোলা ২ নং ব্লকে পদ্মা নদীর এপারে নির্মলচরে ১০ হাজার লোক বসবাস করে, কিন্তু তারা শিক্ষা, স্বাস্থ্য ও পুলিশ প্রশাসনের কোনও সুযোগ-সুবিধা পায় না। জায়গাটি সমাজবিরোধিদের মুক্তাঞ্চল হয়ে গেছে। জনসাধারণ নির্বিঘ্নে বসবাস করতে পারছে না। সেখানকার জনসাধারণের মঙ্গলার্থে সেখানে একটি উপস্বাস্থ্যকেন্দ্র এবং পুলিশ প্রশাসনের সুযোগ-সুবিধার জন্য একটি পুলিশ চৌকি স্থাপন করার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী মৈনুল হক ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রম দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ফারাক্কা সহ জঙ্গিপুর মহকুমা এলাকায় প্রায় কয়েক লক্ষ বিড়ি শ্রমিক দীর্ঘদিন ধরে এই শিল্পের সঙ্গে যুক্ত। তাদের দাবি-দাওয়া থেকে তারা শুধু বঞ্চিতই নয়, অনেকে চিকিৎসার অভাবে মারাও যান। এখনও পর্যন্ত তারা ন্যূনতম সরকারি যে মজুরি তাও পান না। পক্ষান্তরে মালিক পক্ষ এই সরকারের দৌলতে লক্ষ, লক্ষ, কোটি-কোটি টাকা কামাচ্ছে। জঙ্গিপুর সহ সমস্ত মুর্শিদাবাদ জেলার বিড়ি শ্রমিকরা যাতে তাদের ন্যায্য দাবি-দাওয়া পায়, তাদের প্রাপ্য থেকে বঞ্চিত না হয়, তার ব্যবস্থা করার জন্য মাননীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত শনিবার বালিগঞ্জ বিধানসভা কেন্দ্রের পঞ্চাননতলা এলাকায় কংগ্রেসের নেতা ও নেত্রীদের আশ্রিত সমাজ বিরোধীরা একজন যুবককে খুন করেছে। পঞ্চাননতলার সবাই জানেন বস্তি, সেখানে গরিব মানুষের বাস বিভিন্ন বাড়িতেও অনেকে কাজ করে খান। সেখানকার লোক এখন নিরাপত্তার অভাব বোধ করছেন। কংগ্রেসের নেতা এবং নেত্রীরা মদত দিয়ে যাচ্ছেন। সেখানকার সাধারণ মানুষ কংগ্রেসকে ভোট দেয়, তারা এখন কংগ্রেসের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করছে। তাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি ঐ সমস্ত সমাজবিরোধিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করুন এবং ঐসব নেতা-নেত্রীদের বিরুদ্ধেও যথাযথ ব্যবস্থা নিন এবং ঐ অঞ্চলের মানুষের নিরাপত্তার দিকে দৃষ্টি দিন।

[1-10 — 1-20 P.M.]

**শ্রী বীরেন ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েকদিন আগে আমার বিধানসভা কেন্দ্রের আইমাপাড়া বাজারে একটা দুঃসাহসিক ডাকাতি হয়েছে। একটা দোকান থেকে লক্ষাধিক টাকা ডাকাতি হয়। কিন্তু ডাকাতি করে পালাবার সময় এলাকার মানুষ তাদের প্রতিরোধ করে। কিন্তু সেই প্রতিরোধের সময় ডাকাতের গুলিতে একজন গ্রামবাসী নিহত হয়। আমার আবেদন ঐ বীবত্বপূর্ণ কাজের জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে তার পরিবারকে সাহায্য করা হোক এবং সাথে সাথে অপরাধিদের গ্রেপ্তার করা হোক।

**শ্রীমতী মমতা মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আমার বিধানসভা কেন্দ্রের জনসাধারণের দাবি অনুযায়ী এই হাউসের মাধ্যমে রাজ্য সরকারের কাছে দাবি জানাচ্ছি যে, পুরুলিয়ার ১ নম্বর ব্লকের চাকলাতোড়, ভান্ডারপুয়ড়া এবং বরাবাজার এলাকার জুনিয়র হাইস্কুলকে হাইস্কুলে উন্নীত করা হোক।

**শ্রী প্রভঞ্জন মন্ডল :** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সুন্দরবনের বিস্তীর্ণ অঞ্চলে বর্ষার সময়ও বৃষ্টি হয়নি। ফলে প্রচন্ড জল-সঙ্কট দেখা যাচ্ছে। অপরদিকে সমুদ্রের প্রচন্ড জলোচ্ছাসে নদীর পাড় ভেঙ্গে যাচ্ছে। এখানে এব্যাপারে কয়েকজন মেনশনও করেছেন। দীর্ঘদিন ধরেই পরিকল্পনা নেওয়া হচ্ছে না। পরিকল্পনা বিহীন ভাবে চলছে। আজকে পদ্মা-গঙ্গা-ভাগিরথীর ভাঙ্গনের অনেক কিছু হচ্ছে কিন্তু ওখানে কিছুই হচ্ছেনা। এবিষয়ে আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পঙ্কজ ঘোষ :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনার মাধ্যমে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বনগাঁ মহকুমা এবং হাবড়ার মানুষেরা কার্যত বিদ্যুতের একটা বড় সমস্যার মধ্যে রয়েছেন। এর মূল কারণ হচ্ছে, একটা মাত্র সোর্স বা পয়েন্ট দিয়ে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। তাই অশোকনগর-জলেশ্বর ফিডার লাইন-এর দ্রুত কার্যকর করা দরকার। লো-ভোল্টেজের জন্য বোরো চাষের সমস্যার সৃষ্টি হচ্ছে।

**শ্রী মন্মথ রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী কেন্দ্রের গোবরডাঙ্গা পৌরসভা এবং তার পাশ্ববর্তী এলাকায় নির্বাচনের পর থেকে নানারকমের সমাজবিরোধী কাজ শুরু হয়েছে। ডাকাতি করার নামে মহিলাদের উপর নানারকম নির্যাতন করা হচ্ছে এবং এই পৌরসভার পাশের মছলন্দপুরে সম্প্রতি খুনের ঘটনা ঘটেছে। এলাকার মানুষ আতঙ্কে দিন কাটাচ্ছে। এব্যাপারে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী তপন হোড় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বোলপুরের বিনয় রায়কে নৃশংসভাবে কয়েকদিন আগে দুষ্কৃতিরা আঘাত করে। গত ৬ই জুলাই এস.এস.কে.এম. হাসপাতালে তাকে ভর্তি করা হয় এবং সে বর্তমানে মৃত্যুর সঙ্গে লড়ছে।

৬ তারিখে এফ.আই.আর. হয়, সেখানে পুলিশ থানা থেকে মূল আসামিকে ছেড়ে দেয়। আসামিকে ছেড়ে দেওয়ার ফলে দলমত নির্বিশেষে সেখানকার সমস্ত মানুষ সেখানে প্রতিবাদে মুখর হয় এবং গতকাল চৌরাস্তায় অবরোধ হয়েছিল। আমি এই ব্যাপারে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে পুলিশের একটা অংশ যারা এই আসামিকে পেয়ে থানা থেকে ছেড়ে দেয় তাদের বিরুদ্ধে কঠোর শাস্তির ব্যবস্থা করুন।

**শ্রী এম. আনসারুদ্দিন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার আপনি জানেন আমাদের হাওড়া জেলায় একটি সদর হাসপাতাল আছে। হাওড়া জেনারেল হাসপাতালে ৫১০টি বেড আছে, ৫৪ জন ডাক্তার আছে, দুটি অ্যাম্বুলেন্স আছে যারমধ্যে একটি সব সময় খারাপ হয়ে থাকে এবং শয্যা সংখ্যা ৫১০টি হলেও অনেক রোগগ্রস্থ মানুষকে মেঝেতে শুয়ে থাকতে হয়। ডাক্তারদের একটা অংশ আছে এবং তাদের কিছু কিছু লোক আছে যারা রোগিদের বলেন আপনারা অমুক নার্সিং

হোমে যান। সেখানে একটা অপারেশনে ৫।৬ হাজার টাকা খরচ হয়। সমস্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র থেকে হাওড়া জেনারেল হাসপাতালে রোগিরা আসে কিন্তু সেখানে চিকিৎসার ব্যবস্থা হচ্ছে না। আমি এ ব্যাপারে তদন্ত ক'বার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গের দার্জিলিং, জলপাইগুড়ি এবং কুচবিহার জেলায় ভয়াবহ বন্যা হয়ে গেছে। বন্যায় মানুষের প্রাণহানি হয়েছে, শস্যের ক্ষতি হয়েছে, রাস্তাঘাট ভেঙে চুরমার হয়েছে লোকে যাতায়াত করতে পারছে না, জিনিসপত্রের দাম ক্রমাগত বাড়ছে, বাজারে জিনিসপত্র পাওয়া যাচ্ছে না। এই মুহূর্তে দুর্গত মানুষদের কাছে রিলিফ পৌঁছায় নি। পূর্তমন্ত্রী, খাদ্যমন্ত্রী, ত্রাণমন্ত্রী এবং আরও যারা মন্ত্রী আছেন তাদের কাছে আমি অনুরোধ করছি, বিশেষ করে পূর্তমন্ত্রী এখানে উপস্থিত আছেন, দুবছর আগের বন্যায় উত্তরবঙ্গের রাস্তাঘাটগুলি ভেঙে চুড়মার হয়ে গেছিল, তিনি নিজে দেখেছেন, উত্তরবঙ্গের রাস্তাগুলির খুব খারাপ অবস্থা, এবারের বন্যায় আরও ক্ষতিগ্রস্থ হয়েছে। সেখানে এখন সরকার পক্ষ থেকে পূর্তমন্ত্রী, খাদ্যমন্ত্রী, ত্রাণমন্ত্রী আরও যারা আছেন তারা সেখানে গিয়ে মনিটরিং করে ঠিক ঠিকমতো কাজগুলি যাতে হয় সেটা দেখা দরকার। তানাহলে সেখানকার মানুষদের অবস্থা চরমে যাবে। আমি আশা করি এখানে মন্ত্রী সভার সদস্যরা এ ব্যাপারে কি ভাবছেন দয়া করে সেই বক্তব্য রাখবেন।

[1-20 — 1-30 P.M. (including adjournment)]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কালিম্পং-এ ধস নেমেছে, রিপোর্টেড ডেথ অ্যাবাউট ওয়ান হানড্রেড। আমি বলতে চাইছি, ডি.জি.এইচ.সির চেয়ারম্যান সুভাষ ঘিসিং-এর সাথে কথা বলুন। দা গভর্নমেন্ট শ্যুড টক উইথ দা ডি.জি.এইচ.সি. চেয়ারম্যান, ইমিডিয়েটলি। সেখানে এডিকোয়েট রিলিফ নেই, একটা বিরাট ডিজাস্ট্রাস হয়েছে, মন্ত্রী হেলিকপ্টার থেকে কি দেখলেন. এতে কিছু যায়-আসে না, ট্রান্সমিশন টাওয়ার কালিম্পং হিল স্টেশন থেকে চালসা পর্যন্ত টোটালি ড্যামেজ হয়ে গেছে, তারসঙ্গে ধস নেমেছে, এটা একটা মারাত্মক পরিস্থিতির সৃষ্টি করেছে। সুতরাং যুদ্ধকালীন ব্যবস্থা নিয়ে, প্রস্তুতি নিয়ে ধ্বংসস্তুপ সরানোর ব্যবস্থা করুন এবং চিফ মিনিস্টার, ফিনান্স মিনিস্টার শ্যুড ইমিডিয়েটলি ভিজিট দি স্পট। খালি অশোক ভট্টাচার্যকে দিয়ে স্পট ভিজিট করালেই হবে না। মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী যেন অবিলম্বে স্পটে যান।

**শ্রী সুলতান আমেদ ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, সি.পি.এমের একজন প্রভাবশালী নেতার ছেলেকে পাবলিক সার্ভিস কমিশনের মাধ্যমে ডিস্ট্রিক্ট ইনফরমেশন অ্যান্ড কালচারাল অফিসার করার জন্য ষড়যন্ত্র হচ্ছে। পাবলিক সার্ভিস কমিশন পরীক্ষার ব্যবস্থা না করে ৬৬ জনকে ডাকা হয়েছে। এটা ইল্লিগাল। ১৫০০ ছেলে যারা অ্যাপ্লাই করেছে তাদেরকে উপেক্ষা করা হয়েছে, তাদের রিটিন টেস্টে ডাকা হয়নি। পিছনের দরজা দিয়ে সি.পি.এমের প্রাক্তন এম.পির ছেলেকে চাকরি দেবার জন্য ষড়যন্ত্র হচ্ছে। আমি এই বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পাবলিক সার্ভিস কমিশন যদি এই কাজ করে তাহলে ভাবব স্বজন-পোষণ তারা করছে এবং সেখানে ফেয়ারলি কিছু হচ্ছে না।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে সাপে কামড়ানো এবং কুকুরে কামড়ানোর ইনজেকশন সাপ্লাই নেই। গত ১৩ তারিখে উলুবেড়িয়া বালিকা বিদ্যালয়ের জিনিয়া রহমন নামে ক্লাশ সিক্সের একটি ছাত্রীকে সাপে কামড়ে ছিল। তাকে ইনজেকশন কিনে দিতে হয়েছিল। আর একজনকে সাপে কামড়ে ছিল, তার নাম হচ্ছে আব্দুল মল্লিক, বড়ডাঙ্গায় বাড়ি, বহিরা গ্রাম পঞ্চায়েতে থাকে। ছেলেটি খুবই গরিব। তাকে পয়সা দিয়ে সাপে কামড়ানোর ইনজেকশন কিনে দেওয়া হয়। সি.এম.ও.এইচ এইসব ইনজেকশন সাপ্লাই দিচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, সাপে কামড়ানো এবং কুকুরে কামড়ানোর ইনজেকশন যেন উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে সাপ্লাই করা হয়।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দক্ষিণ কলকাতায় সমস্ত জুনিয়ার হাইস্কুল বন্ধ হয়ে যাচ্ছে। তার কারণ, জুনিয়ার হাইস্কুলে ক্লাশ এইট পর্যন্ত পড়ে নাইন, টেন, ইলেভেন, টুয়েলভ পড়বার কোনও ব্যবস্থা না থাকায় সেখানকার অভিভাবকরা তাদের ছাত্র-ছাত্রীদের তুলে নিচ্ছে। এইরকম পল্লী ভারতি জুনিয়ার হাইস্কুলের নিজস্ব ১৭ কাটা জমি আছে, বাড়ি আছে, সমস্ত ইনফ্রাস্ট্রাকচার আছে। সেই বিদ্যালয়টিকে জুনিয়ার হাইস্কুল থেকে হাইস্কুলে উন্নীত করার জন্য অনেকবার বলেছি। কিন্তু হাইস্কুল না হবার জন্য সমস্ত ছাত্র-ছাত্রীরা সেই স্কুল থেকে চলে গেছে। তাদের অভিভাবক-অভিভাবিকারা ছাত্র-ছাত্রীদের সেখান থেকে নিয়ে অন্য স্কুলে ভর্তি করে দিচ্ছে। ফলে স্কুলটি বস্তিবাড়িতে পরিণত হয়েছে। আমি তাই উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়কে ঐ জুনিয়ার হাইস্কুলটিকে যাতে হাইস্কুলে পরিণত করা হয়, স্কুলের ইনফ্রাস্ট্রাকচারের সুবিধা যাতে নেওয়া যায় এবং ছাত্র-ছাত্রীদের যাতে শিক্ষার ব্যবস্থা করা যায় তারজন্য আপনার মাধ্যমে অনুরোধ করছি।

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে মাননীয় সদস্য শ্রী কমল গুহ মহাশয় উত্তরবাংলার রাস্তাগুলির কথা বললেন এবং বন্যায় যে অবস্থা দাঁড়িয়েছে তাতে তিনি আমাদের উপদেশ দিয়েছেন, আমরা যেন অবিলম্বে এই রাস্তাগুলি দেখবার জন্য একেবারে সরেজমিনে তদন্ত করার ব্যবস্থা করি। মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি। আজকে আমাদের বিভাগের রাষ্ট্রমন্ত্রী, শ্রী মনোহর টিরকে মহাশয় চলে যাচ্ছেন দার্জিলিং মেলে। তিনি সমস্ত রাস্তাগুলি দেখে, ওখানে যারা ইঞ্জিনিয়ার আছেন তাদের সঙ্গে নিয়ে, সংশ্লিষ্ট অন্যান্য যারা আছেন, ইরিগেশন এবং জেলা পরিষদ ইত্যাদিকে সঙ্গে নিয়ে একসঙ্গে টিম করে সমস্ত রাস্তাগুলি পরিদর্শন করবেন। প্রয়োজনে তিনি উপস্থিত থেকে সুপারভাইজ করবেন। যেখানে যেখানে রাস্তা ভেঙে উড়ে গেছে সেগুলি যাতে রেসটোর করা যায় সেই কাজগুলি করবেন। রাস্তাগুলি খারাপ ছিল ঠিকই, কিন্তু মাননীয় সদস্য জানেন, গত ১ বছরে অনেক রাস্তা আমরা ভাল করে তুলেছিলাম। দুর্ভাগ্য আমাদের, এবারের বন্যায় আবার ক্ষতি হয়ে গেল, ব্যাপক ক্ষতি হয়েছে। রাস্তার অবস্থা কোথায় গিয়ে দাঁড়াবে তা বলা যাচ্ছে না। যাইহোক, মন্ত্রী যাচ্ছেন, তিনি সরেজমিনে দেখে সমস্ত বিষয়টা তদন্ত করবেন এবং উপস্থিত থাকবেন কাজের সময়ে। প্রয়োজনে এখানে আমাদের সঙ্গে যোগাযোগ করবেন সেই কথা আমি তাকে বলে দিয়েছি।

(At this stage the House was adjourned till—2-30 P.M.)

[2-30 — 2-40 P.M.]

**(After recess)**

## VOTING ON DEMAND FOR GRANTS

## DEMAND NO 69

**Mr. Deputy Speaker** : There are 17 cut motions. All the cut motions are in order and taken as moved.

Dr. Hoimi Basu
Shri Robin Mukherjee (2)
Shri Shyamadas Banerjee (3)
Shri Rabindra Nath Chatterjee (4)
Shri Abdul Mannan (5-8)
Shri Ajoy De (9-12)
Shri Anoy Gopal Sinha (13)
Shri Ashok Kumar Deb (14-15)
Shri Deba Prasad Sarkar (16)
Shri Gyan Singh Sohanpal (17)

} Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

[2-40 — 2-50 P.M.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুতমন্ত্রী মহাশয় এই সভায় আজ ৬৯ নং দাবির অধীন তার দপ্তরের যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে আনা কাটমোশনগুলি সমর্থন করে কয়েকটি কথা বলছি। প্রথমেই মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি, তিনি যে বাজেট বক্তৃতা রেখেছেন তাতে হেড অব অ্যাকাউন্টগুলি একসঙ্গে করে বক্তব্য রেখেছেন। যেমন ২৮০১, পাওয়াব, ৪৮০১ ক্যাপিট্যাল আউটলে অন পাওয়ার প্রোজেক্টস, ৬৮০১ লোনস ফর পাওয়ার প্রোজেক্টস অ্যান্ড ৬৮৬০ লোনস ফর কনজিউমার ইন্ডাস্ট্রি এই করে করে একসঙ্গে ১১৭২ কোটি ৭৫ লক্ষ টাকার বাজেট পেশ করেছেন। এই হেড অব অ্যাকাউন্টগুলি যদি ভাগ ভাগ করে দিতেন তাহলে বুঝতে সুবিধা হত কোন হেডে কত টাকা দিলেন। এখানে অনেক নতুন বিধায়ক আছেন, বিশেষ করে এটা করলে তাদের সুবিধা হত। এটা ক্লারিফাই করবেন এবং আগামিদিনে এটা করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি! আমি প্রথমেই বলি, আপনি জানেন, কালিম্পং-এ ধস নেমেছে সেখানে রিপোর্টেড ডেথ ১০০। ভয়ঙ্কর অবস্থা সেখানে চলছে। ট্রান্সমিশন পাওয়ার হিল ষ্টেশন কালিম্পং-এ এবং চালসায় ড্যামেজ হয়েছে। একদিকে ধস অপর দিকে ট্রান্সমিশন ইত্যাদির কারণে যদি পাওয়ার না থাকে তাহলে মারাত্মক অবস্থা। সেখানকার অবস্থা সম্পর্কে এখনই আপনার খবর নেওয়া দরকার এবং এ সম্পর্কে যথাযথ উদ্যোগ

নেওয়া দরকার। এখানে বিদ্যুৎ দপ্তরের সাফল্য নিয়ে একটা ধারণার সৃষ্টি করার চেষ্টা হচ্ছে কিন্তু আপনাকে বলি, ইউ আর ট্রাইং টু বিলড এ ক্যাসেন ইন দি এয়ার। আমি গতবারও বলেছিলাম, এবারও বলছি, বিদ্যুৎ উদ্বৃত্ত হচ্ছে বলছেন কিন্তু ইন্ডাস্ট্রিতে এখনও পাওয়ার রেশনিং। বিদ্যুৎ যদি উদ্বৃত্ত হয় তাহলে পিক আওয়ার্সে ইন্ডাস্ট্রিতে যে পাওয়ার রেশনিং করছেন এটা কেন করছেন? তাহলে কি করে বলব যে সাফল্য এসেছে? একদিকে আপনারা বলছেন যে ইন্ডাস্ট্রিয়ালাইজেশন করবেন, নতুন নতুন মোউ সই করছেন, বলছেন এখানে শিল্পের বাতাবরণ সৃষ্টি করছেন অপরদিকে বিদ্যুতের এই অবস্থা কাজেই ভয়ঙ্কর অসত্য কথা বলে মানুষের মধ্যে একটা ধোঁয়াশার সৃষ্টি করছেন। আমরা জানি যে শিল্পের সঙ্গে বিদ্যুতের সমন্বয় যদি পাশাপাশি না থাকে তাহলে শিল্পায়ন সম্ভব নয়। কাজেই এ সম্পর্কে আশা করি আপনার বক্তব্য আপনি বলবেন। আমি আগেই বলেছি যে কলকাতার মানুষকে স্বস্তি দেওয়া হয়েছে। কিন্তু গ্রামের মানুষের কোনও স্বস্তি হচ্ছে না। কলকাতাকে যদি লোড শেডিংয়ের হাত থেকে মুক্তি দেওয়া যায়, সংবাদপত্রের দপ্তরগুলিতে যদি লোডশেডিং কম থাকে তাহলে আমরাও বুঝি এবং তারাও বোঝে যে বিদ্যুতের অবস্থা ভাল। কিন্তু প্রকৃত চিত্র তা বলছে না। তার কারণ বিদ্যুতের উৎপাদন মূল তিনটি বিষয়ের উপরে নির্ভরশীল। আমাদের যে সেট আপ সেটা হচ্ছে, ট্রান্সমিশন, ডিস্ট্রিবিউশন এবং মেনটেনেন্স। অর্থাৎ সঞ্চালন বন্টন এবং রক্ষণাবেক্ষণ। বিদ্যুৎ দপ্তরের সাফল্য এই তিনটি বিষয়ের উপরে নির্ভর করে। আপনার ইমাজিনেশন আছে, কিন্তু অর্থের অভাবে প্রতিটি পরিকল্পনা মাঝপথে মার খাচ্ছে। আপনার দপ্তরের জন্য যে অর্থ বরাদ্দ হচ্ছে, আপনি সেই অর্থ পাচ্ছেন না। প্ল্যান আউট লে অর্থাৎ পরিকল্পনা খাতে আপনার বাজেট বরাদ্দের কথা যা বলেছেন, অসীমবাবুর নানা কথার মধ্যে দিয়ে ৪।৫ বছরে যা বুঝেছি এবং বাজেট পাবলিকেশন অ্যানালাইসিস করে আমরা যা দেখেছি তাতে আপনার এখনও ব্যয়-বরাদ্দের অর্থ একটা হেড অব অ্যাকাউন্টে ৫৭ কোটি টাকার মধ্যে ৫৫ কোটি টাকা চলে যাচ্ছে নন-প্ল্যানে, আর ২ কোটি টাকা থাকছে প্ল্যান আউটলেতে। এই পরিকল্পনা বহির্ভূত খাতে খরচের যে ধাক্কা, এটা আপনাকে সামাল দিতে হচ্ছে এবং তার ফলে আপনার ডেভেলপমেন্টের কাজকর্ম সেইভাবে হচ্ছে না। আপনার রিপোর্ট এবং সাবজেক্ট কমিটির রিপোর্টটা মিলিয়ে দেখছিলাম যে আপনার বিদ্যুৎ উৎপাদন ১৯৯৪-৯৫ সালের চেয়ে ১৯৯৫-৯৬ সালে কমে গেছে। ১৯৯৪-৯৫ সালে ৩ হাজার ৭৫০ মিলিয়ন ইউনিট করেছেন। তারপরে ১৯৯৫-৯৬ সালে করেছেন ৩ হাজার ২১১ মিলিয়ন ইউনিট অর্থাৎ মাইনাস ১৪.৫ পারসেন্ট ডিডাক্ট হল উৎপাদনের ক্ষেত্রে। এটা সাফল্যের চিত্র বহন করছে না। রাজ্যের বিদ্যুতের চাহিদা পূরণ করার জন্য আপনি কেন্দ্রীয় বিভিন্ন সংস্থা থেকে ১৯৯২-৯৩, ১৯৯৩-৯৪ এবং ১৯৯৪-৯৫ সালে ২ হাজার ৫২০ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ ক্রয় করেছেন। কেন্দ্রীয় বিদ্যুৎ পরিচালন সংস্থা থেকে বিদ্যুৎ নিচ্ছেন, এবং অন্য রাজ্যকে বিদ্যুৎ সরবরাহ করছেন, এইভাবে মানুষের মধ্যে একটা ধারণা সৃষ্টি করার চেষ্টা করেছেন যে রাজ্যে বিদ্যুৎ উদ্বৃত্ত, কিন্তু এটা বাস্তবে মিলছে না। আপনি প্ল্যান আউট লেতে খরচ করতে পারছেন না। আপনার হিসাব থেকে দেখছি যে, ১৯৯২-৯৩ সালে প্ল্যান আউট লেতে বরাদ্দ ১৬০ কোটি টাকা। অ্যাকচ্যুয়াল খরচ হচ্ছে ডব্লিউ.বি.এস.ই.বি'র জন্য ১৪৭.৯৫ কোটি টাকা। ১৯৯৩-৯৪ সালে প্ল্যান আউট লেতে বাজেট বরাদ্দ ১৮০ কোটি টাকা। অ্যাকচ্যুয়াল হচ্ছে ১২৭.৪০ কোটি টাকা। ১৯৯৪-৯৫ সালে বাজেটে প্ল্যান আউট লেতে ছিল

২৮০.৫০ কোটি টাকা। অ্যাকচ্যুয়াল হচ্ছে ১৮২.৭১ কোটি টাকা। আর ১৯৯৫-৯৬ সালের বরাদ্দ হচ্ছে ২৪৬ কোটি টাকা। ২ বছর আগে অ্যাকচ্যুয়াল পাওয়া যায়না। এখন যেটা করেছেন বলে সংবাদ পাচ্ছি তাতে একটা হেড অব অ্যাকাউন্ট করেছেন প্ল্যান আউট লেতে লোনস অ্যান্ড অ্যাডভান্স-৬৮০১ এবং আপনি তাতে বলছেন, লোনস টু পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড ফর ও.ই.সি.এফ প্রোজেক্ট। আপনার কাছে ব্যাখ্যা চাইছি, আপনার ও.ই.সি.এফ-এর সঙ্গে একটা এগ্রিমেন্ট হয়েছে। সেই এগ্রিমেন্টে ও.ই.সি.এফ আপনাকে বিদ্যুতের দাম বাড়াতে বাধ্য করেছে এবং তারজন্য লিখিত ডিক্লেয়ারেশন আপনাকে দিতে হয়েছে এবং মাসুল বাড়বে এই শর্তে আপনাকে ও.ই.সি.এফ ৬৮৪ কোটি টাকা দিয়েছে লোন টু ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশনের জন্য। এছাড়া দিয়েছে, লোনস টু ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড অন অ্যাকাউন্ট অব ও.ই.সি.এফ তিস্তা ক্যানেল ফল - ৬০ কোটি টাকা। আবার লোনস টু ডব্লিউ.বি.এস.ই.বি অন অ্যাকাউন্ট অব ও.ই.সি.এফ পুরুলিয়া প্ল্যান্ট তারজন্য এবারে বাজেট বরাদ্দ ২০ কোটি টাকা। অর্থাৎ আপনারা বিদ্যুৎ দপ্তরের জন্য উন্নয়নের সমস্ত ব্যাপারে এখন ও.ই.সি.এফ-এর কাছে নির্ভরশীল হয়ে গেছেন। উইদাউট ও.ই.সি.এফ অ্যাসিস্টেন্স আপনার বিদ্যুৎ দপ্তর, আপনার ডব্লু.বি.সি.ই.বি তার কাজকর্ম তার ফাংশনিং আজকে ইট কাম টু এ স্ট্যান্ডস্টিল পজিশন। ও.ই.সি.এফ-এর কাছ থেকে আপনারা কি কি শর্তে লোন দিচ্ছেন সেটা বলবেন। আপনারা তো প্রায়ই বলেন ই.এফ এফ-এর থেকে লোন নেওয়া হচ্ছে, নানারকম শর্তে নেওয়া হচ্ছে ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে লোন নেওয়া হচ্ছে নানারকম শর্তে নেওয়া হচ্ছে, সেই শর্তগুলি বলুন। কি কি শর্তে ও.ই.সি.এফ-এর কাছ থেকে টাকা নিচ্ছেন সেই শর্তগুলি আজকে এই হাউসে জানান, এটা আমরা জানতে চাই। ও.ই.সি.[illegible] যে আপনাদের কাছে এগিয়ে এসেছে তার জন্য ডাঃ মনমোহন সিং-এর অব[illegible] বেঙ্গলের বিদ্যুতের অবস্থার কথা চিন্তা করে, বেঙ্গলের ইন্টারেস্টের কথা চিন্তা করে এই ব্যাপারে মনমোহন সিং ইনিশিয়েটিভ নিয়ে ছিলেন। এই ব্যাপারে আপনাদের তো একবার মনমোহন সিং-কে ধন্যবাদ জানানো উচিত। কংগ্রেসের লোকেদের ভূমিকা স[illegible] করে ইউ শ্যুড বি গ্রেটফুল এবং শ্যুড থ্যাংকফুল টু ডঃ মনমোহন সিং। বাংলার বিদ্যুৎ সরবরাহের উন্নতি, মেনটেনেন্স, ডিসট্রিবিউশন সবকিছুর প্রশ্নে ও.ই.সি এফ-এব ভূমিকা আছে, এই ক্ষেত্রে ও.ই.সি.এফ একটা গুরুত্বপূর্ণ রোল প্লে করেছে। আপনি বলুন আপনি কোনও ডিক্লারেশন দিয়েছেন কিনা, লিখিত অঙ্গীকার বলছেন যাকে? আপনারা আগে এই বিধানসভায় বলতেন বিশেষ করে অসীমবাবু বলতেন নির্বাচনের আগে যে আমরা যতক্ষণ ক্ষমতায় আছি ততক্ষণ আই.এম.এফ-এর শর্ত আমরা মেনে নেব না, তখন নানারকম ব্যাখ্যা দিয়েছিলেন। আলটিমেটলি আপনারা সেই জায়গায় চলে গেছেন। তখন বলেছিলেন আই.এম.এফ-এর শর্ত মেনে জলকর বসাব না এই সমস্ত নানা কথা। আপনারা সবকিছু সোয়ালো করে ধরেন। প্রথম দিকে আদর্শের মোড়কে বাঁধা থাকেন। আপনাদের অসীমবাবুর হিসাব তো জাগলারি অফ অ্যাকাউন্টে ভর্তি, আপনি সেটা পারবেন না। আপনি আপনার ব্যর্থতা স্বীকার করে নিয়েছেন, কোথাও কোথাও মেনটেনেন্স হচ্ছে না, ডিসট্রিবিউশনের ক্ষেত্রে, ট্রান্সফরমারের ক্ষেত্রে যত রিপেয়ারিং আছে সেখানে যে ফান্ড দরকার সেই ফান্ড নেই এইগুলির ইনডিকেশন আছে। বিদ্যুৎ দপ্তর সম্পর্কে সরাসরি আপনি বলছেন কোথায় কোথায় ফেলিয়োর আছে। ডব্লু.বি.এস.ই.বি-তে এখন ইয়ারলি লস হচ্ছে ৫৫ কোর্স। এটা তো একটা ডেনজারেস

ব্যাপার। ডব্লু.বি.এস.ই.বি জনহিতকর কাজে লাগে, কিছু সাবসিডি দিতে হয়। কিন্তু রেভিনিউ আদায়ের ক্ষেত্রে কি অবস্থা? রেভিনিউ আদায়ের ক্ষেত্রে আপনি রেজাল্ট ভাল করেছেন এটা ডিমান্ড করেছেন। কয়েক বছরে ইনকামের রেজাল্ট কিছুটা ইমপ্রুভ হয়েছে। কিন্তু এইভাবে যদি ৫৫ কোটি টাকা লস হয় তাহলে একটা প্রতিষ্ঠান কিভাবে চলবে? এই ব্যাপারে আপনার থিংকিং কি, ডাইমেনশন কি, ইনফ্রাস্ট্রাকচার নিয়ে কি রিজুডিনেট করা যায় সেটা আপনাকে ভাবতে হবে। আপনি দেখলাম রুরাল ইলেকট্রিফিকেশানের ভূমিকা নিয়ে দুঃখ প্রকাশ করেছেন। মিনিমাম নিডস প্রোগ্রামে এইগুলি যদি করা যায় তাহলে ভাল হয়। কিন্তু এই রুর‍্যাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশনের সাহায্য নিয়ে অন্ধ্রপ্রদেশ ১০০ ভাগ ইলেকট্রিফিকেশন করেছে। কর্ণাটক, মহারাষ্ট্র, তামিলনাড়ু, হরিয়ানা, পাঞ্জাব এবং কেরালা ১০০ পারসেন্ট ইলেকট্রিফিকেশন করেছে। কিন্তু পশ্চিমবাংলায় আপনি নিজে বলেছেন ৭৭ পারসেন্ট হয়েছে কি তার ধারেপাশে ঘুরপাক খাচ্ছে। আপনার দেওয়া রিপোর্ট রুর‍্যাল ইলেকট্রিফিকেশনের ব্যাপার নিয়ে, সেখানে দেখলাম মারাত্মক ব্যাপার। আপনি বলেছেন আর.ই.সি পশ্চিমবাংলার জন্য কত টাকা বরাদ্দ করেছিল। ১৯৮২ সাল থেকে ১৯৯২ সাল পর্যন্ত কেন্দ্রীয় সংস্থা রুর‍্যাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশন বরাদ্দ করেছিল ৪১১ কোটি টাকা ৭৭১টি স্কীমের জন্য আপনার ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড আর.ই.সি-র কাছ থেকে কত টাকা নিয়েছেন জানেন? ১২.৪৪ কোটি টাকা ৩০টি স্কীমের জন্য। আপনি এইভাবে করলে কি করে চলবে? আর.ই.সি'এর সাহায্য নিয়ে ভারতবর্ষে প্রায় সব রাজ্য তার টার্গেটে রিচ করে যাচ্ছে, হান্ড্রেড পারসেন্ট সেখানে ইলেকট্রিফায়েড হয়ে যাচ্ছে। আপনার যেখানে বরাদ্দ হচ্ছে ৪১১ কোটি টাকা, সেখানে বোর্ড বলছে লোকসান ১২.৪৪ কোটি টাকা। বোর্ড এবং পঞ্চায়েত মিলে ফিজিক্যাল টার্গেট ঠিক হয় যেখানে সেখানে এ তো মারাত্মক কথা। আর.ই.সি'র কাছ থেকে লোন নিয়ে তাদের টাকা শোধ দেবেন না, এটা হতে পারে না। আপনি যে অভিযোগ করেন তা ঠিক নয়। আর.ই.সি.র যে ভূমিকা তা অন্যান্য সংস্থার থেকে অনেক ভাল। তাদের পারফরম্যান্স পজিটিভ। গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে they have a positive role to play তাকে আপনি কাজে লাগাতে পারেন নি। মেদিনীপুরে বৈদ্যুতিকরণ হয়েছে ৫১ পারসেন্ট। অর্থাৎ ৪৯ পারসেন্ট গ্রামে বিদ্যুৎ যায় নি। বাঁকুড়া জেলায় বিদ্যুৎ গেছে ৬৭ পারসেন্ট, পুরুলিয়াতে গেছে ৬২ পারসেন্ট। আপনি পশ্চিমবাংলায় ডিমান্ড করছেন ১০০ পারসেন্ট বৈদ্যুতিকরণ হয়ে গেছে according to your budget statement আমাদের হাওড়া জেলার এম.এল.এ সঞ্জীব দাস আমাকে বলছিলেন, আজকে গেলেই তার কনস্টিটিউয়েন্সীতে ৭টি মৌজা দেখিয়ে দেবেন যেখানে বৈদ্যুতিকরণ হয়নি। আমাদের আর একজন মাননীয় সদস্য অসিত মাল বলছিলেন, তার ওখানে বীরভূম জেলায় এক একটা গ্রামের মধ্যে একটা দুটো করে খুঁটি পুঁতে দিয়ে বলে দিচ্ছে যে পুরো গ্রামটা ইলেকট্রিফায়েড হয়ে গেছে। সেইভাবে রিপোর্টও দেওয়া হচ্ছে। সর্বত্র মৌজায় বৈদ্যুতিকরণ হয়েছে বলে আপনি দাবি করছেন যে ৭৭ পারসেন্ট টার্গেট রিচ করেছেন। কিন্তু প্রকৃত চিত্র তার থেকে কম। আমি এই ব্যাপারে আপনাকে বলব যে আপনাকে অ্যালার্ট হতে হবে। লোকদীপ ও কুটির জ্যোতি প্রকল্পে আপনি ব্যর্থ হয়েছেন। তফসিলি জাতি ও তফসিলি উপজাতি এলাকায় ৩ বছরে ১৯৯২-৯৩, ১৯৯৩-৯৪, ১৯৯৪-৯৫তে টার্গেট ছিল ৫১,৯৩০। সেখানে অ্যাচিভমেন্ট হয়েছে ২০,৭৭০। অর্থাৎ কুটির জ্যোতি হচ্ছে না। এবারে আপনি বাজেটে এরজন্য ধরেছেন ২ কোটি টাকা।

এটা টোটালি ফেলিওর স্কীম। কুটিরজ্যোতিতে যেটা হচ্ছে, একটা করে বাঁশ লাগিয়ে দিচ্ছে, তা নড়বড় করছে। সেখানে একটা করে বাল্ব ঝুলিয়ে দিচ্ছে এবং যে সমস্ত ওয়ারিং করা হচ্ছে তা টোটালি আন-প্রোটেকটেড। কুটির জ্যোতি প্রকল্পের মাধ্যমে গ্রামীণ বৈদ্যুতিকরণের মারাত্মক অবস্থা। আমি আপনার বাজেট বক্তৃতায় আপনি যে কথা বলেছেন তা থেকে বলছি, আমি নিজের কথা বলছি না। স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে চার বছরে আর.ই.সি.র ক্ষেত্রে ১৯৯১-৯২, ১৯৯২-৯৩, ১৯৯৩-৯৪ এবং ১৯৯৪-৯৫, এই চার বছরে বিদ্যুৎ চুরি হয়েছে ১৪ কোটি টাকা। এছাড়া হুকিং ট্যাপিং, এতো হচ্ছেই। তারপরে ভিজিলেন্স যাদের ধরছে তাদের শাস্তি হচ্ছে না। এস.ই.বি.র ব্যাপারে ভিজিলেন্সের রিপোর্টে দেখা যাচ্ছে যে তাদের কাছে তিন বছরে ১৯৯২-৯৩, ১৯৯৩-৯৪ এবং ১৯৯৪-৯৫ সালে কমপ্লেন গেছে ১,০৪৪টি। তারমধ্যে কনভিকশন আফটার ডিসিপ্লিনারি প্রসিডিংস হয়েছে ৫৮ কেসে। আউট অব ১,০৪৪ এটা হয়েছে। এরমধ্যে কি হয়েছে? আপনি হয়তো ৫০ পারসেন্টের রিডাকশন অব পে, মাইনে কাটছেন, কিংবা ইনক্রিমেন্ট বন্ধ করেছেন। কিন্তু এই সমস্ত ঘটনার জন্য ১৪ কোটি টাকার মতো ডব্লু.বি.এস.ই.বি.র ক্ষতি হয়েছে। ভিজিলেন্সের কাছে যদি এই জিনিস থাকে, তাহলে এটাতে তো লক্ষ্য রাখতে হবে। এবারে আমি আসব ইন্ডাস্ট্রির ব্যাপারে। বক্রেশ্বর নিয়ে অনেক প্রত্যাশার জন্ম দিয়েছেন। কিন্তু বক্রেশ্বর টোটালি আনসার্টেন প্রোজেক্ট হয়ে গেছে জলের জন্য। বক্রেশ্বরে জল নেই।

[2-50 — 3-00 P.M.]

আপনারা বক্রেশ্বর নদীতে জলাধার তৈরি করবার কথা ভাবছেন। বক্রেশ্বর পাওয়ার প্রোজেক্ট করলেন কিন্তু আজকে জলের জন্য সেখানে মারাত্মক অবস্থা। আজকে আপনি বলছেন যে, ২৫০টি গভীর নলকূপ তৈরি করে সেই গভীর নলকূপের থেকে জল লিফটে করে তোলা হবে অথবা বক্রেশ্বর নদীতে জলাধার তৈরি করে সেখান থেকে তাপ বিদ্যুতের জন্য জল সরবরাহ করা হবে। এই পরিস্থিতিতে জলের সঙ্কট আজকে তীব্র। একদিকে বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র নিয়ে যেখানে অগনিত মানুষকে আশ্বাস দিয়েছিলেন যে তৈরি হয়ে যাবে ঠিক তখনই ওখানে জলের সঙ্কট একটা বিরাট সমস্যা আকারে দেখা দিয়েছে। সুতরাং বক্রেশ্বরের ভবিষ্যৎ টোটালি প্রসিডিং টুওয়ার্ডস আনসার্টেনটি। যে অর্থ ধরা হয়েছে বক্রেশ্বরের জন্য সেই টাকা শেষ পর্যন্ত কতটা পূরণ করতে পারবেন সেই বিষয়ে অনিশ্চয়তা আছে। আপনার এই সমস্ত প্ল্যান করতে গেলে যে উচ্চ ক্ষমতাসম্পন্ন বিদ্যুৎ লাইনের দরকার সেটা অর্থের অভাবে চিন্তার বিষয় এবং ভাবনার বিষয়। আপনি বলেছেন shortage of fund, shortage of budgetary allocation, causing total destruction of your power Department. তারপরে আপনি ট্রান্সফর্মার সম্পর্কে যে চিত্র দিয়েছেন তার ভয়ঙ্কর চিত্র। পাওয়ারের সাবজেক্ট কমিটি যে রিপোর্ট দিয়েছে তাতে দেখা গেছে যে ট্রান্সফর্মারগুলো অকেজো হয়ে যাচ্ছে। ট্রান্সফর্মারগুলো রিপেয়ার করার কোনও ব্যবস্থা নেই। আপনারা চেষ্টা চালাচ্ছেন কিন্তু তা প্রয়োজনের তুলনায় খুবই অপ্রতুল। সুতরাং ট্রান্সফর্মারগুলো সারানোর ব্যবস্থা করতে হবে। পাওয়ার গ্রীড কর্পোরেশন ২০শে মে তারিখে বিদ্যুৎ ছাঁটাই করে দিল টাকা না পাওয়ার জন্যে। ফলে চুখা, এন টি পি সির থেকে যে বিদ্যুৎ আসে উত্তরবঙ্গ সহ দার্জিলিংয়ে সেখানে একটা বিরাট ভাবে এফেক্ট হয়েছে। পাওয়ার গ্রীড কর্পোরেশন ১৭ হাজার ১৮ হাজার কোটি

টাকা আপনাদের কাছ থেকে প্রাপ্য। ওই টাকা না পাওয়ার ফলে তারা বিদ্যুৎ ছাঁটাই করে দিল। পাওয়ার গ্রীড কর্পোরেশনই পাহাড়ি এলাকায় বিদ্যুৎ সরবরাহ করত এবং বিশেষ করে ওর উপরই নির্ভরশীল ছিল, সেখানে আপনি ওই সমতা কতটা মানিয়ে নিতে পারবেন জানিনা। তবে আমি বলব রাম্মাম আপনি মোটামুটিভাবে অ্যাচিভ করতে পেরেছেন। তবে তার প্রকৃত পর্যায়ে যে খরচ ধরা ছিল সেই খরচ পৌঁছানোর ব্যাপারে আপনার অ্যাচিভমেন্টের ক্ষেত্রে একটা হিউজ ডিফারেন্স থেকে গেছে। রাম্মাম জল বিদ্যুৎ প্রকল্প চালু হওয়ার ফলে পাহাড়ি এলাকায় বিদ্যুতের সমস্যা অনেকটা সমাধান হওয়ার কথা। আপনি অ্যাসিওরেন্সও দিয়েছিলেন যে রাম্মাম জল বিদ্যুৎ প্রকল্প চালু হলে পরে পাহাড়ি এলাকার বিদ্যুৎ সঙ্কট অনেকটা কমে যাবে। আমি নিজে রাম্মামের প্রোজেক্টটা দেখে এসেছি। তবে এ সত্ত্বেও ওখানে জল সঙ্কট কেন মিটছে না বুঝতে পারছি না। তারপরে আপনার অ্যাভারেজ বিলিং গ্রামের বাড়ি বাড়ি গিয়ে ঠিকমতো মিটার রিডিং হচ্ছে না। আপনি একবার বলেছিলেন যে, পঞ্চায়েতকে দিয়ে মিটার রিডিং করবেন, তার কি হল। মফস্বল শহরে অ্যাভারেজ বিলিং এবং এই ব্যাপারে আপনার কাছে ইনফরমেশন থাকলে জানাবেন। অ্যাভারেজ বিলের ব্যাপারে সিস্টেম চালু আছে সেটা কতটা সমীচিন আজকে ভাববার বিষয়। তারপরে সি এস সি সারচার্জের ক্ষেত্রে রাজ্য সরকারকে অন্ধকারের মধ্যে ফেলে রেখেছে। সারচার্জ তারা বাড়িয়েই চলেছে, তাদের উপরে আপনাদের কোনও নিয়ন্ত্রণ নেই। who is more powerful ? Whether CESC is more powerful or the Power Minister is more powerful ? That's the question. It appears that the CESC is more powerful. সিইএস সি জানে যে সে আপনাদের উপরে এবং সেই কারণেই আপনাদের তোয়াক্কা না করে জানে যে তারাই সারা কলকাতাকে পাওয়ার সাপ্লাই করতে পারবে এবং You will abide by the decisions which have been adopted by the Board of Directors of the Calcutta Electric Supply Corpn. সুতরাং স্টেট গভর্নমেন্ট হ্যাজ টোটালি সারেন্ডার্ড টু সিইএসসি অথরিটি। সিইএসসিতে কোনও কমপ্লেন করলে এনটারটেন করা হয়না। বিল সম্পর্কে অভিযোগ করতে গেলে বলেন আগে বিল জমা দিতে হবে। বিলের টাকা জমা দেবার পরে আর সে টাকা রিটার্ন পাওয়া যাচ্ছে না। সুতরাং সি.ই.এস.সি.ইজ ডিক্টেটিং টার্মস টু স্টেট গভর্নমেন্ট। আমি বলছি, এখানে একটা কন্ট্রোল নেই, সি.ই.এস.সি.র উপর, তাদের সঙ্গে আপনি একটা চুক্তি করুন, তাদের যে কোনও ডিসিসন নিতে গেলে স্টেট গভর্নমেন্টের ফাইনাল ওপিনিয়ন এবং ডিসিসন ছাড়া তারা কোনও ডিসিসন ইমপ্লিমেন্ট করতে পারবেন না। সুতরাং তাদেরকে আপনি আপনার বাইন্ডিংস এর মধ্যে নিয়ে আসবার চেষ্টা করুন। পাশাপাশি চেষ্টা করুন, এখানে নূতন বিদ্যুৎ প্রকল্পের যে তালিকা দিয়েছেন তাতে ভারতবর্ষকে আলোকিত করা যায়, আমি বলছি হবে না। আপনি বলেছেন ও.ই.সি.এফ. এসেছে বলে কিছুটা আশার আলো আপনি দেখতে পাচ্ছেন। আপনি রেনোভেশন এবং মডার্নাইজেশন চালিয়ে যান, তাতেও খরচ হবে। আপনি রেনোভেশন এবং মডার্নাইজেশনে যতই বিলম্বিত করবেন ততই প্ল্যান লোড ফ্যাক্টার বাড়বে, আপনারই কথামতো। এখন প্ল্যান লোড ফ্যাক্টর৫৬ শতাংশের মধ্যে সীমিত রাখতে হচ্ছে। কিন্তু বাস্তবে বোধহয় তার থেকেও কম। সুতরাং আজকে যদি মডার্নাইজেশন এবং রেনোভেশন করতে হয়, যেটাকে আমরা বলি টেকনিক্যাল টার্মে হাইপ্রেসার, হাই ভোল্টেজ ব্রেকার, এই সমস্ত কিছু আপনাকে করতে হবে।

কিন্তু আপনি চেষ্টা করছেন। ব্যান্ডেলে ৪টি সাঁওতালডিহিতে ৪টি এবং ডি.পি.এল-এ ৫টি ইউনিট রয়েছে। আমি আগেরবার বলেছিলাম, পাওয়ার ফিনান্স কর্পোরেশন কোনটা ভেল, কোনটা সিমেন্সকে দিচ্ছেন, এটা না করে টোটাল কমপ্রিহেনসিভ প্রোজেক্ট করুন। প্রত্যেকটিকে নিয়ে একসঙ্গে। তারপরে আপনি পাওয়ার ফিনান্স কর্পোরেশনের সঙ্গে কথা বলুন। ভেলকে আপনি কি দেবেন? ভেলতো মনোপলাইজ করে ফেলেছে, গোটা ব্যাপারটাতে একটা দীর্ঘসূত্রতা দেখা যাচ্ছে। সাঁওতালডিহির দুটো ইউনিট বার্গেনিং করে ফেলে রাখল, ওরাতো মনোপলাইজ করে ফেলেছে, আপনাকে ডোন্ট কেয়ার করছে। এই যে দর দিচ্ছে, সে আপনাকে টার্ম ডিকটেড করছে, আপনার বিদ্যুৎ ব্যবস্থা মার খাচ্ছে। আর.ই.সি.কে ডেকে একটা কমবাইন্ড কমপ্রিহেনসিভ প্রোজেক্ট করুন তার মাধ্যমে আপনি মর্ডানাইজেশন এবং রেনোভেশনের দিকে এগোন। এরপরে আমি বলব, পরিবেশ দূষণ নিয়ে, সুপ্রীম কোর্ট তো চারিদিকে অ্যালার্ট। আপনার ওখানেও তো পরিবেশ দূষণ হচ্ছে। এরজন্য, আপনি পুরাতন ইলেকট্রোস্ট্যাটিক, প্রিসিপিটেটরগুলির পরিবর্তে আধুনিক ই.এস.পি. বসানোর জন্য জরুরি ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করছে। এবং এইগুলি সংযোজন করার জন্য চেষ্টা করছেন। পরিবেশ দূষণের ফলে ধোঁয়া বেরুচ্ছে, এইসব হচ্ছে। আপনি ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে লোন নিচ্ছেন আপনি তো সবই সরকারের টাকা থেকে করছেন, সাগরদীঘি অনিশ্চিত, তিস্তা ক্যানেল কবে হবে বলতে পারছেন না, গৌরিপুর তাপ বিদ্যুৎ কেন্দ্র বলতে পারছেন না। ডি.পি.এল.এর সঙ্গে মৌ স্বাক্ষরিত হয়েছে, ডি.পি.এল.কে সমস্ত দিক থেকে নবীকরণের জন্য মেসার্স কে.এফ.ডাব্লিউ. জার্মানির সংস্থা তারা সাহায্য করবেন, মৌ সহির পর ৩৩০ কোটি টাকার এই নবীকরণ কবে হবে, কবে শুরু হবে, মৌ সহির উপর মানুষের বিশ্বাস নেই। এরপরে বলছি, ওয়েস্ট বেঙ্গল ইলেকট্রিক্যাল আন্ডারটেকিং রিকভারি অফ ডিউজ যেটা করেছিলেন, এই ব্যাপারে বলেছিলাম এইগুলি অনিশ্চিত। এইগুলি বাস্তবায়িত কখনই হবে না। আপনাকে বলি, টু ইজ টু ওয়ান রেশিও বিদ্যুৎ পিক পিরিয়ডে পাওয়া যাচ্ছে না। তারফলে ফ্রিকুয়েন্সি ড্রপ করছে, ভোল্টেজ ড্রপ করছে স্টেবিলাইজার লাগিয়ে লোকে কত বিদ্যুৎ নেবে? কলকাতার বাইরে গেলেই ড্রপ করছে, এইগুলির ক্ষেত্রে আপনাকে বলব নূতন করে ইমাজিনেশন করুন। ইউ আর ট্রাইং টু বিল্ট এ কাসেল ইন দি এয়ার। আপনার অর্থ দপ্তরের জন্য হচ্ছে না, আপনি স্টেবিল পাওয়ার সাপ্লাই দিতে পারছেন না। গ্রামীণ বৈদ্যুতিকরণ হ চ্ছে না, মানুষের মধ্যে একটা বিশৃঙ্খল অবস্থা সৃষ্টি হচ্ছে। এই কারণে আমি বাজেটের বিরোধিতা করে কাটমোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-00 — 3-10 P.M.]

**শ্রী মৃণালকান্তি রায় :** *মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি এই হাউসে পেশ করেছেন* তার সমর্থনে এবং বিরোধী পক্ষের যে ছাঁটাই প্রস্তাব এসেছে সেই ছাঁটাই প্রস্তাবকে ছেঁটে ফেলে তার বিরোধিতা করে সবিনয়ে আপনার সামনে এবং হাউসের কাছে কিছু বক্তব্য বলতে চাই। দীর্ঘদিনের অভিজ্ঞ সুদীপবাবু, বক্তব্য রাখছিলেন, কিন্তু ছাঁটাই প্রস্তাবগুলি এমনভাবে দিয়েছেন যেন মনে হচ্ছে সবটাই বিদ্যুতের উন্নয়নকে স্বীকার করে নিয়ে দিয়েছেন। কাজেই ছেঁদো হয়ে গেছে তাদের ছাঁটাই প্রস্তাব। তাই আমি বলতে চাই, ১৯৭৭ সালের আগে যে সমস্ত বিদ্যুৎ কেন্দ্রে অপদার্থতা ঘটেছিল তাদের সেই

অপদার্থতার ভার নিয়ে বামফ্রন্টের যাত্রা শুরু। বিদ্যুতের টাকা বরাদ্দর ক্ষেত্রেও তাদের অপদার্থতা ছিল। ১৯৭৭-৭৮ সালে বিদ্যুৎ খাতে বরাদ্দ ছিল মাত্র ৯৯.৮১ কোটি টাকা। এর থেকে বলা যায়, সেই সময় বিদ্যুতের উপর কতটা গুরুত্ব দেওয়া হত। সেখানে ১৯৯৫-৯৬ সালে বিদ্যুৎ খাতে আমাদের বরাদ্দ ছিল ৭৫৭.৯৬ কোটি টাকা এবং এই বছর ১৯৯৬-৯৭ সালে গ্রামীণ এবং শহরের মানুষদের চাহিদা এবং বিভিন্ন শিল্পের চাহিদার কথা চিন্তা করে এই খাতে ১,২১৬ কোটি ২৭ লক্ষ টাকা ধরা হয়েছে। গ্রামাঞ্চলের মানুষ এখন আর সরকারের কাছে খাদ্য বা মাইলো চান না, তারা চান বিদ্যুৎ। আজকে মহল্লায় মহল্লায় বিদ্যুতের চাহিদা ব্যাপক। বিদ্যুৎ না পেলে নির্বাচনে ভোট দেবেন না বলে বলছেন তারা। অর্থাৎ চাহিদাটা আমরাই তৈরি করেছি। কিন্তু সেই সময় চাহিদা এবং যোগানের আপনাদের অবহিত করা যেতে পারে। ১৯৭৩ সালের বিদ্যুৎ পর্ষদের প্রতিবেদনে লেখা হয়েছিল ইন ১৯৫১... তাহলে বিদ্যুতের ক্ষেত্রে অপদার্থতা কোথা থেকে শুরু হয়েছিল? এখানে গুজরাট, অন্ধ্র ইত্যাদি রাজ্যের সঙ্গে তুলনা করা হয়েছে। ১৯৫১ সাল থেকে ১৯৭১ সাল পর্যন্ত বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে ক্ষমতা বাড়িতে যে সাহায্য দিয়েছিল তার পরিমাণ ছিল ৫৩৯ ভাগের মতো, মহারাষ্ট্রে ১,০৭৪ ভাগের মতো, তামিলনাড়ুকে ১,১৭১ ভাগের মতো। আর এই সময় পশ্চিমবঙ্গে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা মাত্র ২২ ভাগ বাড়াবার জন্য কেন্দ্রীয় সহায়তা আসে। তারা বিদ্যুৎ-ব্যবস্থাকে আস্তে আস্তে নষ্ট করে দেবার ব্যবস্থা করেছিলেন। সেই জায়গা থেকে আজকে আমরা ৫,০০০ মেগাওয়াটেরও বেশি বিদ্যুৎ উৎপাদন করছি। ওদের আমলে যে সমস্ত বিষয়গুলি বহুল আলোচিত ছিল সংবাদপত্রে এবং বিধানসভার ভিতর তার কয়েকটি উদ্ধৃতি এখানে তুলে ধরছি। আজকে আমাদের পাওয়ার বেড়েছে, তারজন্য জনসাধারণ ওদের পাওয়ারলেস করে দিয়েছেন। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে সহযোগিতার ব্যাপারে সামগ্রিক পরিকল্পনাতেই ঘাটতি ছিল। রাজ্যকে একটা দুর্বিসহ অবস্থার মধ্যে ঠেলে দেওয়া হয়েছিল। আমরা দেখছি বিদ্যুৎ ছাঁটাই নিয়ে ২০.৪.১৯৭৪ তারিখে যুগান্তর লিখেছিল বিদ্যুৎ সঙ্কটের ফলে ১০ লক্ষ কর্মচারী লে অফ হয়েছেন এবং লোডশেডিং যা হচ্ছে তাতে পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে। মোমবাতির আলোয় বিধানসভায় স্পিকারের প্রবেশ ও প্রস্থান। তখনকার দিন এই অবস্থা ছিল। কিন্তু আমাদের এই অবস্থা দেখার সুযোগ হয়নি। ২৩.৪.৭৪ যুগান্তর পত্রিকা দেখে নেবেন, সেখানে বলছে, 'বিদ্যুৎ ছাঁটাই হচ্ছেনা, অতঃপর কেনাবেচা ছাঁটাই'। ৯.৪.৭৪ তারিখে আনন্দবাজার পত্রিকায় বেরোল বিদ্যুৎ রেশন একটা প্রহসন, ২৪ ঘন্টা আলো নিভে আছে। সবচেয়ে উল্লেখযোগ্য ব্যাপার হচ্ছে তখনকার বিদ্যুতমন্ত্রী বলেছিলেন গনিখান চৌধুরি এক্সপ্যান্ডিং ইকনমিতে বিদ্যুৎ ঘাটতি দূর করা যাবেনা। কাজেই বিদ্যুৎ ঘাটতি থাকবে। রাজ্যের বিদ্যুৎ সঙ্কটের কারণ অনুসন্ধানের জন্য সিদ্ধার্থশঙ্কর রায় কর্তৃক কমিশনের প্রতিবেদনের তথ্যসমূহ, ১৯৭৫ সালের ২৮শে জুলাই বিধানসভায় পেশ করেন। লোডশেডিংএর ফলে ১৯৭২ থেকে ১৯৭৪ পর্যন্ত চট, ইঞ্জিনিয়ারিং সহ বিভিন্ন শিল্পে ব্যাপকভাবে উৎপাদন ব্যহত হয়েছে। ১৯৭২ থেকে ১৯৭৪ সালের প্রথম তিনমাসে বিদ্যুৎ বিচ্ছিন্নতার ফলে এক লক্ষ বাহান্ন হাজার পাঁচশ টন চট উৎপাদন হয়নি, এর মূল্য ৫৮ কোটি ৮০ লক্ষ টাকা। এই ক্ষেত্র থেকে আমরা আসছি এবং আমরা আজকে বিদ্যুতের ক্ষেত্রে একটা আশার আলো জাগিয়েছি, শিল্পপতিদের মধ্যে আশার আলো জেগেছে, তাই শিল্পপতিরা বিভিন্ন জায়গা থেকে আজকে ছুটে আসছে। ১৯৭০-৭১ সালে বিদ্যুৎ উৎপাদন হয়েছিল ১৫৩০ মেগাওয়াট, ১৯৭৬-৭৭

সালে ১৬২৫ মেগাওয়াট, ১৯৭৭-৭৮ সালে ১৬৩১ মেগাওয়াট, ১৯৭৯-৮০ সালে ১৮২৫ মেগাওয়াট। আর আজকে আমরা প্রায় ৫৪৮১ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করছি। ১৯৫১ সালে হায়েস্ট ইন্সটল ক্যাপাসিটি ছিল পশ্চিমবাংলায় ৫৪৬ মেগাওয়াট এবং মহারাষ্ট্রে ৩৩৯ মেগাওয়াট, তারা সেকেন্ড পজিশন ছিল। ১৯৬০-৬১ সালে মহারাষ্ট্রে ইন্সটল ক্যাপাসিটি ছিল ৭৫৯ মেগাওয়াট, পশ্চিমবাংলায় তখন ৭৩৫ মেগাওয়াট; ১৯৮১-৮২ সালে সেটা বেড়ে দাঁড়ায় আমাদের রাজ্যে ১৭৯৫ মেগাওয়াট, আর তামিলনাড়ুতে ২৯১০ মেগাওয়াট। অন্ধ্রপ্রদেশে ২০৬৩ মেগাওয়াট। এইভাবে বিদ্যুতের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার অন্যান্য রাজ্যগুলোকে যে সহায়তা দান করতেন, পশ্চিমবাংলা সেখানে বঞ্চিত হয়েছিল। এখানে জেনারেশন যথেষ্ট হচ্ছে, ডিস্ট্রিবিউশন এবং মেইনটেনেন্সের ক্ষেত্রে কিছু সমস্যা উত্থাপিত হয়েছে। এই সম্বন্ধে সাব-কমিটির রিপোর্টে স্পষ্ট উল্লেখ করা আছে। কোথায় কোথায় সমস্যা আছে এবং কিভাবে তার সমাধান করা যাবে। ১৯৭৯-৮০ সালে গুজরাটে মাথাপিছু উৎপাদন ছিল ০.৭৫, কিলোওয়াট সেখানে মহারাষ্ট্রে ০.৬০ কিলোওয়াট এবং পশ্চিমবঙ্গে সেখানে ০.৩৫ কিলোওয়াট। তাহলে এও একটা বঞ্চনার শিকার। সেখান থেকে উঠে এসে আমরা ১৬৮তে দাঁড়িয়েছি। আজকে আপনার প্রশ্নের উত্তরে আছে। ১৯৬৫ থেকে ৭৩ পর্যন্ত এই সময় কালে এক মেগাওয়াট বিদ্যুৎও যুক্ত হয়নি পশ্চিমবাংলায় বিদ্যুতের ক্ষেত্রে। বিদ্যুৎ গ্রাহক সংখ্যা বৃদ্ধি ৭৮-৭৯ সালে ৩৩ লক্ষ ১৫ হাজার ৬শো মেগাওয়াট হয়েছিল এবং ৭৮-৭৯ সালে ছিল ১১ লক্ষ ৮০ হাজার ৬শো মেগাওয়াট। তাহলে কি বৃদ্ধির হার হয়েছে? সেটাও আমরা দেখতে পাচ্ছি। বিদ্যুৎ গ্রাহকের সংখ্যা ৭৮ সালে অন্ধ্রপ্রদেশে ছিল ২০ লক্ষ, গুজরাটে ছিল ২১ লক্ষ, কর্ণাটকে ছিল ২০ লক্ষ, মহারাষ্ট্রে ২৮ লক্ষ আর আমাদের তো অনেক বেশি ৩১ লক্ষ ৪১ হাজার ৫৬১। গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে ৭৪ সালে যেটা ছিল ১০ হাজার ৯৮১টা গ্রামে। তার মানে ২৮ পারসেন্ট। ১৯৭৮-৭৯ সালে ১২ হাজার ১৬৩টি অর্থাৎ ৩১.৩৪ পারসেন্ট। আর ৮৯-৯০ সালে বামফ্রন্ট সরকার যখন ধাপে ধাপে এগিয়েছে, বিভিন্ন পরিকল্পনা, দীর্ঘমেয়াদি পরিকল্পনার মাধ্যমে, যখন বাজেট এর টাকার অঙ্ক বৃদ্ধি করে চলেছে সেই সময়ে ৮৯-৯০ সালে বেড়ে দাঁড়ায় ২৬ হাজার ৩৯২ অর্থাৎ ৭৯.৪১ পারসেন্ট। আর আজকের আপনার প্রশ্নোত্তরে আপনি বলেছেন সেটা বেড়ে দাঁড়িয়েছে ২৯ হাজার ১১৬। অর্থাৎ ৭৬.৫৭ পারসেন্ট। পাম্পসেট সংযোগের ব্যাপারটা যদি আমরা দেখি তাহলে দেখব ৭৭ সালে প্রায় ১৬ হাজার পাম্পসেটকে বিদ্যুতায়িত করা হয়েছিল। আর এখন ৯৪-৯৫ সালে আমরা যেটা দেখছি, ৯৯ হাজার ২৫৪টা পাম্পসেটকে বিদ্যুতায়িত করা হয়েছে। এইভাবে বিভিন্ন দীর্ঘমেয়াদি পরিকল্পনা করে পুরুলিয়া পাম্প স্টোরেজ, রাম্মাম জলবিদ্যুৎ কেন্দ্র, অন্যান্য বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র করা হয়েছে। বায়ু থেকেও বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র করার ব্যবস্থা করা হচ্ছে। গোটা ব্যবস্থাকে ঢেলে সাজানো হচ্ছে। মেনটেনেন্স বা ডিস্ট্রিবিউশনের ক্ষেত্রে গুরুত্ব দেওয়া হচ্ছে। আমার মনে আছে যখন দিঘাতে বিদ্যুৎ সরবরাহ করা হত তখন সাবস্টেশন হিজলি থেকে আনতে হত। এখন দিঘার কাছে রামনগরে সাব স্টেশন, এইরকমভাবে সাবস্টেশনগুলিকে থানায় থানায় নিয়ে যাওয়ার পরিকল্পনা এটাও বামফ্রন্ট সরকারের সাফল্য। তাই গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে আমরা এগিয়ে [illegible] বোর গতিতে। ওদের একটা দুঃখ আছে, দুঃখটা হচ্ছে ২০০১ সালে আমরা পৌঁছব [illegible] একটা রজত জয়ন্তির উৎসবের দিন ঘোষিত হবে। সেই রজত জয়ন্তির বিষয়বস্তু হবে ওরা বামদিক থেকে ডানদিকে আসতে পারেন নি। আমরা সেই জয়ন্তী উৎসবে

অংশগ্রহণ করব। এইকথা বলে ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Pankaj Banerjee :** Respected Deputy Speaker Sir, I rise here to oppose the Demand No.69 proposed to be and to be forwarded by Dr. Shankar Sen in this august House. I oppose it as I am sitting in Opposition. I am to oppose it and I will show you the thing which in self-contradictory. In his budget speech he has mentioned that in the year 1993-94 he has produced 13,711 M.W. and in 1994-95 he has produced 14393 MW and in 1995-96 he has produced 14,326 M.W. But the Government of West Bengal has come out with a book which in called Economic Review. There he has mentioned or his department has mentioned that in 1993-94 he has produced 13,476 M.W. and it is not 13,711 M.W. In the year 1994-95 it is only 14,174 M.W. and it is not 14,393 M.W. Which one is correct ? In the Minister's budget statement he is demanding that he has produced 'X' amount of electricity but in the Economic Review the statement is just different. It is said that Power Department is successful, Minister is successful. I have all regard and respect for Dr. Shankar Sen but with statement and fact I will try to show you that the State of Bengal instend of giving forward step is just going behind. Why he has asked for such an increament in the budget this year ? This year if you go through his budget speech his demand is Rs.1172 crores whereas in the last year his demand was Rs.748 crores. Instead of Rs.748 crores he has demanded this year for a budget which we suppose to pass a budget of Rs.1172 crores. What is the yield ? What is the prospect ? What is the success in the last year ? Sir, the production was to the tune of 14,393 unit and last year it was 14326—0.4%. So, the production has gone down. The Hon'ble Minister in his department by his machinery, by new set up he has produced less amount of electricity. The production will be less, the tariff will be increased, the common people will be given more and more share out of the game. The Minister will go on hiking his budget from year to year. We cannot equate all these three things. When the production is going down, what is happening in the State of West Bengal. Sir, this is a report of the Subject Committee where it has been mentioned that by only booking there was a pilferage in the year 1992-93 money value was Rs.230 lakhs. In the year 1993-94 it was Rs.306 lakhs and in the year 1994-95 it was Rs.1500 lakhs. Sir, the hooking is going high as a result of which loss is being incurred to the tune of Rs.700 lakhs. Because his department is incapable, because there are theft in his department, because the corruption is deep ingrained. So, the people has to give more tariff on electricity in order to fulfil his demand. So, due to hooking, as I have said, from 1992-93

to 1994-95 hooking loss has risen to five times and in 1992-93 the cases were lodged 608. In the year 1993-94, 435 cases were lodged and in the year 1994-95 only 177 cases were lodged. When the loss was to the tune of Rs.230 lakhs then 608 cases were lodged. When there was loss of Rs.306 lakhs then 435 cases were lodged and when the loss was to the tune of Rs.1500 lakhs then the number of cases was 177. So, not only they are stealing but they are protecting the thefts also. They are taking part of the thefts. They are sharing the amount which is being given out from the exchequer, from the treasury. Many times they claim that they have achieved a success for the electrification in the rural areas. Sir, here is a book with me. The Annual Report 1994-95 of the Ministry of power. It is seen that in Andhra Pradesh the total number of villages are 27,379. Out of these 27,358 villages are electrified. Hundred percent. In the state of Himachal Pradesh 18,807 villages are there. Out of these 18,100 villages are electrified. Hundred percent. In Karnataka 27,028 villages are there. 26,983 villages are already electrified. Ninety Nine point Nine Five per cent. In Maharasthra 39,354 villages are there. Out of these 39,106 villages are electrified. In Tamil Nadu 15,831 villages are there. Fifteen thousand eight hundred twenty two villages are electrified. Hundred per cent. But in West Bengal out of 38,028 villages only 28,455 villages are electrified. That is why we have to increase to the tune of 400 crores of rupees in favour of our Minister only to achieve this target.

Not only this, sir, this is just only one side of the coin. Heie I am showing progress reports in respect of energisation of pumpsets. That is the main thing in villages, in rural areas. In case of electrification of pumpsets Government has claimed that they have brought a revolution in agricultural fields in West Bengal. What they have done ? Sir, I may be permitted to give a comparative study. In Andhra Pradesh the target was to energise 16 lakh pumpsets. They have achieved 13,09,800 pumpsets. In Kerala the target was 3 lakhs. They have achieved 2,63,000. In Maharashtra the target was 18 lakhs. They have achieved 17,60,976. In Punjab the target was 7 lakhs. They have reached 6,39,000. In Tamil Nadu it was 15 lakhs. They have given power to 14,22,800 and in West Bengal the target was 5 lakhs. Sir, what they have done ? Only they have energised 94,710 pumps. That is why our Hon'ble Minister has asked us to give a clearance of 11,72,75,00,000 crores of rupees, while in the previous year we sanctioned a budget of 743 crores of rupees. Four hundred crores we are supposed to give extra this time to the Ministry. And that is the achievement of the State Government so far as rural electrification, energisation of pumps and other things are concerned.

Sir, my time is very much limited. Otherwise I could show you have how many moujas are still left so far as the State of West Bengal is concerned. The Hon'ble Finance Minister in his finance budget has claimed that within this financial year 90 percent of the villages will be electrified. In his budget speech, if you go through para 4.8 you will see, that he has claimed that 90 percent of the villages will be electrified. What has happened actually, sir? In 1994-95 about 28,000 villages have been covered so far. The Finance Minister promised to cover 6,000 virgin villages in one year. Sir, in 1990-91, 1991-92, 1992-93, 1993-94 and 1994-95 they have covered only 1,300 villages. So in one year their target is 300 villages! Now the Finance Minister is claiming that 6,000 villages are going to be electrified this year.

In today's newspaper, you have seen that in Midnapore district, the Zilla Parishad Chairman who is a CPI(M) leader he is disputing over the claims of the government, over the claims of the Power Department. The Power Department is claiming 5,000 villages they have electrified. The Panchayat leaders, the Zilla Parishad leaders, the district leaders they have disputed. They are telling itself a blatant lie. Not even 4,000 villages are electrified. The statement is absolutely a wrong statement. Sir, electrification means reaching electrictiy to individual house. But electrification does not mean where the poles are erected, where only the lines are drawn. There are so many villages, there are so many Talukas, there are so many Moujas where that electricity has not yet reached. But in their false report, they have projected that 5,000 villages are already electrified. That is nothing but a wrong statement Sir. I vehemently oppose that. Sir, in order to focus their incapability if I am permitted to say, then I would like to mention about their line loss which is 23%. This line loss is perhaps the highest in the world. Nowhere this loss is seen or available. Why this loss is here? Because they don't have the transmission system. They are spending crores of rupees only in buying the stores materials. In the Central Store, Sir, they are buying the commodities and articles at the Panchayat level The same articles are bought by the Panchayat leaders. And even in Calcutta, the materials which are bought at the cost of Rs.10.00, the Panchayat leaders are buying the same articles at the cost of Rs.30-00. The same thing, the same articles are being purchased by Panchayat than that of the price of the Central Stores, the things, which are purchased once a year, they are also being purchased for the second time. Sir, the Minister does not know this. So, I will request him to go into the details and to say whether my report is wrong or right. Sir, what is happening? They are selling electricity to other states? They have

started selling electricity to Andhra Pradesh, Assam, Orissa and also now in Kerala. Are we self-sufficient in Power? Just you go beyond Basirhat, Just you go beyond Howrah, you will see that total 'darkness' is compelling there. During the last two or three months, I had been to Bankura and Purula. In every two hours—there was a half-an-hour load shedding specially in Purulia. Perhaps my friends representing the different areas in purulia district they will also appreciate and support me, that after every two hours there was a half-an-hour compulsory load shedding. Not only that, whenever power is there, the lamps of 60 watts can be glown. You will see the tubelights are not glowing—so much so is the low capacity, so much so is the fluctuation in the power line that all the people—they are in the dark. What the Minister is doing? Perhaps the Minister is very smart and he is very clever. He is satisfying the Calcutta people. The reporters were living in and around Calcutta. They are very happy that they are getting power in their offices and in their houses. The Calcutta people very often raise slogans in favour or against the Minister or the department or the government. They are very much happy in Calcutta yet. We the Calcuttans —we are getting line for 24 hours a day. We are happy with him. But if you go beyond Calcutta just 10 kms. out of Calcutta you will see that still we are as if in the 17th Century. I do not know when we will be reaching to 2000 years. Sir, in Jeerut, power is coming from Farakka. But they cannot receive it. There is no required transformer. It has to be stepped down to 210 KVA, to 100 KVA to 120 KVA, to 66 KVA, to 33 KVA. They cannot do it. But what they do? They divert the power to other states. They are buying powers from the NTPC. From Farakka, they are buying power. They are bringing it to Jeerut. But from Jeerut, they cannot divert it away to other consumers. What they are doing? They are taking power back. They are selling it to the other states—giving publicity to the Press that look we are self-sufficient. Not only we can satisfy our consumers, we can sale powers to other states also. So, this is nothing but a blatant lie, Sir. If you permit me to say—for the last ten years, not even one big industry have come in the State. They are saying the power generation has gone high. We have shown that only .4% power they have produced during the last year to the big industries which have either closed down or have become skeleton. GKW, previously, they were drawing most of the bulk power in Howrah. Remington, they were drawing the bulk power. Three units are either closed down or have become skeleton. One, not even single, big industry has been put up during the last one or two decades. So, naturally, the consumption has gone down. The Minister has claimed that two lakhs of domestic connections are

given. How much current in domestic house, we consume ? It is a negligible. It does not give any reflection. It does not give any bearing. Only reflection is, if industrialisation would be there, if heavy industry would have come here, if mediocre industry would have come here. So many MOUs are signed. So many crores of rupees have been assured. till date. Nor even one medium, semi-medium, or big industry has come here. Not only that, now our Hon'ble Minister has sold himself to only one industrial house that is CESC. Sir, do you know that this house, this CESC, this Goenka, what is doing ? He has put up a plan at Budge Budge. What he is doing ? He is bringing 18 rekes of coal daily. Six rekes of coal are consumed, extra 12 rekes of coal are sold to the other consumers. Government is being cheated. Why government cannot say anything ? He is the best friend of Jyoti Basu. He is big contributor to Alimuddin St. So, Government is just an observer. Hon'ble Power Minister is sincere. Neither he can shout against the Government nor he can consume this sort of insult on him. This is not the way. A Government should try to go forward. Sir, another thing I will try to bring your attention of the fact that this CESC, perhaps, you know, when Mr. Siddhartha Sankar Ray tried to give authority to go for extra generation by the CESC, now the Chief Minister, then the Leader of the Opposition, Mr. Jyoti Basu, uehemently opposed. He asked the government not to give any permit, not to give any licence to CESC. But why now all the licences and the permits are being given. Only because he is familiar with the Chief Minister, only because he is good friend of the Chief Minister. Now, what they are doing, Sir ? One example, I try to show you that is in Gouripur, they are producing to the tune of 7 to 10 M.W power. All on a sudden the department took a decision that this unit has to be wounded up. This winding up process has started. Now, all on a sudden, this unit is given to hands of Birla and the familiar family, that is to CESC management. They are now trying to go for it again and again. You will see that the unit will come to a position when again generation will be started. But not in the hands of the Government, but in the hands of the private entrepreneures, but in the hands of the private producer, and private owners. Sir, what has happened very recently in the Bandel ? About 100 numbers of workmen were transfered. Most of them belong to CITU. My dear friend, Hon'ble Members must try to remember that most CITU employees were transfered from Bandel Thermal Power station numbering more than 100. Why ? Because a day will come, either today or tomorrow or day after, when the Bandel Thermal Power Unit is also to be given to the private entrepreneures. That is why, this minimization of labour. That is why this skeletization of the unit has already been in the

process. In this way, the government is trying to hand over the unit to the private entrepreneures. The employees are being transfered from one place to another without giving them any hearing and the entire monarchy is being given to two to three people in the State of West Bengal, only to satisfy the purpose of the ruling party. Sir, I just show you another example. (At this stage the red light lit up) I will come to stop, Sir, just one second. I have with me an "Indes of industrial policy production in 1991". It was 212 in the all India basis, in Bengal 125. And now what has happened? In all India level it has achieved the target 233 and in Bengal it has achieved 134. When the national increament is 10% then our State is only 5.9%. with this word, once again I will try to say that this department and this Government is self-sufficient on failure. So, we cannot support it. We oppose the Budget and support the cut motions.

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর ব্যয় বরাদ্দকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, পশ্চিমবাংলার নাগরিকরা প্রত্যেকেই এটা উপলব্ধি করছেন যে আমাদের রাজ্যে বিদ্যুতের বন্যা বয়ে গেছে, এটা আমাদের বিরোধী দলের সদস্যরাও বলছেন। আমাদের রাজ্যের উদ্বৃত্ত বিদ্যুৎ আমরা বাইরের রাজ্যে সরবরাহ করতে সক্ষম হয়েছি এবং আমাদের উৎপাদনশীলতা বাড়ছে এটা মাননীয় বিদ্যুতমন্ত্রীর নেতৃত্বেই সম্ভব হয়েছে। আমাদের বিদ্যুতের উৎপাদন বাড়ছে, কিন্তু ডিস্ট্রিবিউশনের ক্ষেত্রে কিছু অসুবিধা দেখা দিয়েছে, বিশেষ করে গ্রামাঞ্চলে। পশ্চিমবাংলায় পঞ্চায়েতের মাধ্যমে গ্রামাঞ্চলে যে অর্থনৈতিক উন্নয়ন ঘটেছে, মানুষের আধুনিক সভ্যতার বিকাশ ঘটেছে, সেই সঙ্গে সঙ্গে বিদ্যুতের চাহিদাও বৃদ্ধি পেয়েছে। বিশেষ করে গ্রামাঞ্চলের কৃষিক্ষেত্রে, ক্ষুদ্র শিল্পে, কুটিরশিল্পে এইসব ক্ষেত্রে বিদ্যুৎ আজকে অপরিহার্য হয়ে উঠেছে। কি ক্ষুদ্র শিল্পে, কি কুটির শিল্পে, কি কৃষিক্ষেত্রে এই বিদ্যুতের চাহিদা আমরা পুরোপুরি মেটাতে পারছি না। আমরা দেখছি যে বছরের পর বছর বিদ্যুতের জন্য দরখাস্ত করে আজকে বিদ্যুৎ পাচ্ছে না। তাই গ্রামাঞ্চলে মানুষের ক্ষোভ বাড়ছে বিদ্যুতের জন্য। কৃষিক্ষেত্রে যারা টাকা জমা দিয়েছিল, কিন্তু বর্তমানে এর মূল্যবৃদ্ধি হওয়ার জন্য আপনি এই হাউসে বলেছিলেন যে তাদের আগের টাকাতেই বিদ্যুৎ সরবরাহ করা হবে কিন্তু তাদের সেই টাকায় বিদ্যুৎ সরবরাহ করা হয়নি। অপরদিকে বক্রেশ্বরে একটি গুরুত্বপূর্ণ বিদ্যুৎ প্রকল্প গড়ে তোলা, এটা অভিনন্দনযোগ্য। বক্রেশ্বর তাপ বিদ্যুৎ কেন্দ্র রাজ্যবাসীর একটা প্রত্যাশা হল বিদ্যুতের ক্ষেত্রে আমরা এগিয়ে যাচ্ছি। বক্রেশ্বরের ব্যাপারে জাপানের সঙ্গে আমাদের একটা চুক্তি হয়েছিল এটার কাজ হয়নি, আবার একটা চুক্তি হচ্ছে, কেন চুক্তি ফেল করল সেটা দেখতে হবে। ময়ূরাক্ষির জল যেটা সেচের জন্য মুর্শিদাবাদ, বীরভূম জেলায় প্রবাহিত হয়, সেই জল পাওয়ার ক্ষেত্রে এখনও অসুবিধা আছে। আগের যে পুরনো লাইনগুলি আছে, ট্রান্সফরমারগুলি আছে সেগুলি ঠিকভাবে রক্ষণাবেক্ষণ হচ্ছে না। আরেকটা কথা বলব যে আপনার দপ্তরের অফিস থেকে মিটার ঠিকমতো দেখা হয় না, মাসের পর মাস একসাথে বিল করে দেওয়া হয়। ' ক্ষেত্রে আমি অনুরোধ করব সময়মতো যেন মিটার দেখা হয়, রিডিং ঠিকমতো দেখা

হয়। আরেকটা কথা হচ্ছে, আমরা বিধানসভায় দেখি লোডশেডিং হয় না, আমরা এম.এল.এ. হোস্টেলে দেখি লোডশেডিং হয় না, কিন্তু গ্রামাঞ্চলে দেখি লোডশেডিং হয়। আমি বিদ্যুৎ দপ্তরে টেলিফোন করেছি, কিন্তু কোনও উত্তর পাইনি, কেউ থাকে না। টেলিফোন নামিয়ে রাখে। আমি যখন বিধানসভার একজন সদস্য হিসাবে পরিচয় দিই, তখন তারা উত্তর দিতে পারে না ঠিকমতো। এই যে সমস্যাগুলি দেখা দিয়েছে এই সমস্যাগুলি দূর করতে হবে। এ ছাড়া বিদ্যুতের চাহিদা অনুযায়ী আজকে ঠিকমতো সরবরাহ না হওয়ার ফলে আমরা দেখছি, দিনের পর দিন মানুষ নাজেহাল হয়ে যাচ্ছে। এরফলে হুকিং এবং ট্যাপিং দিনের পর দিন বাড়ছে। এই হুকিং এবং ট্যাপিং বাড়ার ফলে বেশিরভাগ ক্ষেত্রে ট্রান্সফরমারগুলি বিকল হচ্ছে। গ্রীষ্মকালে সেচের কাজে, কোল্ড স্টোরেজের কাজে এবং গৃহস্থের কাজে বিদ্যুতের চাহিদা বেশি থাকার ফলে ট্রান্সফরমারগুলি বিকল হয়ে যায়। এক-একটি বিকল ট্রান্সফরমার বছরের পর বছর চেঞ্জ করা হয়না। সুতরাং মাননীয় মন্ত্রী মহাশয়কে এগুলি দেখবার জন্য অনুরোধ করছি। এ ছাড়া আমাদের উলুবেড়িয়া থানার নবগ্রাম স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুৎ পৌঁছায়নি। এ বিষয়ে আপনাকে দেখতে হবে। এ ছাড়া গোঘাটের ভিকদাস (৪০০ কেভি) সাব-স্টেশনের কাজ এখনও পরিপূর্ণ হয়নি। এই কাজটি সম্পূর্ণ করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাব। তারপর গো-ঘাটের ৩২টি মৌজায় এখনও বিদ্যুৎ পৌঁছায়নি। সেই ৩২টি মৌজায় যাতে বিদ্যুৎ পৌঁছায় তারজন্য আবেদন জানাব। সঙ্গে সঙ্গে আর একটি অনুরোধ জানাব, ১৯৭৭ সালের আগে যে সরকার ক্ষমতায় ছিল তাদের আমলে যেখানে যেখানে খুঁটি পৌঁছেছিল অথচ তার বা বিদ্যুৎ পৌঁছায়নি তার দায়ভার আপনার উপর পড়েছে। সেইসব মৌজাকে বৈদ্যুতিকরণ করা হয়েছে বলে ঘোষণা করা হয়েছে, কিন্তু আসলে সেখানে বিদ্যুৎ পৌঁছায়নি। আমি অনুরোধ করব, সেইসব মৌজায় বৈদ্যুতিকরণ করার ক্ষেত্রে আপনাকে যোগ্য ভূমিকা নিতে হবে। এই কথা বলে এই বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অজয় দে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিদ্যুৎ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাকে আমি সম্পূর্ণ বিরোধিতা করছি এবং আমাদের দলের সদস্যদের দ্বারা আনীত কাট-মোশনের সমর্থনে বক্তব্য রাখছি। স্যার, আমাদের পশ্চিমবাংলায় বিদ্যুতের যে অবস্থা তাতে অত্যন্ত পরিষ্কারভাবে বলা যায় যে, কি পাওয়ার সাপ্লাইয়ের ক্ষেত্রে বা কি ইউনিট-ওয়াইজ বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রেই বলুন পশ্চিমবাংলা অন্যান্য রাজ্যগুলি থেকে পিছিয়ে রয়েছে। যে অবস্থা পাঞ্জাব, মহারাষ্ট্র, গুজরাট প্রভৃতি রাজ্যে তৈরি হয়েছে, পশ্চিমবাংলা সেই জায়গায় যেতে পারেনি। একটি বিষয় খুব পরিষ্কারভাবে বলা যায়, আমাদের পশ্চিমবাংলায় শিল্পের যে বাতাবরণ তৈরির চেষ্টা হচ্ছে তার অন্যতম প্রতিবন্ধকতা সৃষ্টি করছে বিদ্যুৎ এবং খুব পরিষ্কারভাবে বলা যায়, এই বিদ্যুৎ ঠিকমতো সাপ্লাই না হওয়ার ফলে, বিদ্যুৎ নিয়ে নিশ্চয়তা না থাকার ফলে আমাদের এখানে যে কারখানা গড়ে উঠছিল তাতে আমাদের এই এলাকার যে ডেভেলপমেন্ট হত বা এমপ্লয়মেন্টের যে ব্যবস্থা হত সেই জায়গায় আজকে বিদ্যুৎ প্রতিবন্ধকতা সৃষ্টি করছে। যারজন্য মাল্টি ন্যাশনাল কার ম্যানুফাকচারিং কোম্পানি যেমন, ফোর্ড এবং হুন্ডা কোম্পানিগুলি তামিলনাড়ুতে চলে যেতে বাধ্য হয়েছে। আজকে আমাদের পশ্চিমবাংলায় বিদ্যুতের যে অবস্থা তাতে যতই রাজ্য সরকার বলুন যে আমাদের রাজ্যে বিদ্যুতের ঘাটতি নেই, বিদ্যুৎ আমরা বাইরের রাজ্যে সাপ্লাই করছি সেটা কিন্তু

আমি মেনে নিতে পারছি না। যদিও ডঃ শঙ্কর সেন আসবার পর তার কিছু সদিচ্ছা দেখছি, প্রচেষ্টা দেখছি। একথা আমি অস্বীকার করি না। কোনও জায়গায় গিয়ে দাঁড়িয়েছে, আজকে এটা ভালভাবে উপলব্ধি করা দরকার। বিশেষ করে আমাদের রাজ্যে বিদ্যুৎ পর্ষদের যে চরম অরাজকতা, এই জায়গায় দাঁড়িয়ে আজকে পশ্চিমবাংলা সাফার করছে। আজকে এই কথা আমাদের সরকারি পক্ষের সদস্যরা বলেছেন যে কি অবস্থায় বিদ্যুৎ পর্ষদ চলছে। খাম খেয়ালি ভাবে বিদ্যুৎ পর্ষদ চলছে, বিলিং ঠিকমতো হয়না। এইসব পরিসংখ্যান সরকারি পক্ষের সদস্যরা দিলেন। এটা সকলেরই কথা। কিছুদিন আগে রাজ্য সরকার রাজ্য বিদ্যুৎ পর্ষদ, রাজ্য বিদ্যুৎ উন্নয়ন নিগমের আর্থিক পরিচালনা দেখার ব্যাপারে একটা স্টাডি কমিটি গঠন করেছিলেন। সেই স্টাডি কমিটিতে ছিলেন বিদ্যুৎ সচিব, পর্ষদের চেয়ারম্যান এবং উন্নয়ন নিগমের ফাইনান্সিয়াল ম্যানেজার। এই ধরনের বিভিন্ন অফিসারদের একটা স্টাডি কমিটি করা হয়। সেই কমিটি রিপোর্টও দিল। সেই রিপোর্টে পরিষ্কার ভাবে বলা হল যে পর্ষদে অরাজকতা চলছে। বিলিং ঠিক নেই, রিডিং ঠিক নেই, ঠিকভাবে নেওয়া হয়না, কোনওরকম পরিসংখ্যান নেই, ইত্যাদি বিভিন্নরকম রিপোর্ট দিয়েছিলেন এবং সবচেয়ে বড় কথা, বিদ্যুৎ পর্ষদের চুরি রোখবার জন্য আজ পর্যন্ত ক্যাটেগোরিক্যালি কোনও পদক্ষেপ নেওয়া হচ্ছে না। রিপোর্টে আরও বলা হয়েছে, কলকাতার নিকট সল্ট লেকে যেখানকার লোকের স্ট্যান্ডার্ড অব লিভিং হাই, ওখানে এমন ধরনের মানুষ বাস করেন, যাদের ক্রয় ক্ষমতা বলুন, আর্থিক অবস্থা বলুন, সাধারণ মানুষের থেকে অনেক বেশি, সেখানে রিপোর্টে বলা হয়েছে প্রায় ৫৫ থেকে ৬০ পারসেন্ট মানুষের বিল আসে ১০০ ইউনিটের কম। যে বাড়িতে গেলে দেখতে পাবেন টি.ভি., ফ্রীজ, [illegible] মেশিন চলে, সেই সমস্ত বিত্তবান মানুষের বাড়িতে কতরকম আধুনিক গ্যাজেটস [illegible] সব থাকে, সেইরকম স্ট্যান্ডার্ড লোকের ৬০ পারসেন্ট মানুষের বাড়িতে ১০০ ইউনিটের কম বিল আসে। ৩০ পারসেন্ট থেকে ৬০ পারসেন্ট কম বিল হচ্ছে। এটা স্টাডি কমিটির রিপোর্টে বলা হয়েছে। আজকে যেখানে মুখ্যমন্ত্রী থাকেন, স্বনাম ধন্য লোকেরা থাকেন, সেই সল্ট লেকের মতো একটা জায়গায় ইলেকট্রিক ডিস্ট্রিবিউশন অ্যান্ড ট্রান্সমিশনের লস, এক কোটি টাকা ধরতে হয়েছে। সেখানে এত যে দুর্নীতি আছে, স্টাডি কমিটির রিপোর্ট পাবার পরও কোনও এনকোয়ারি করে অ্যাকশন নেওয়া হচ্ছে না। এই সম্পর্কে মন্ত্রী মহাশয় সভায় দয়া করে জানাবেন। আজকে বিদ্যুৎ পর্ষদে দিনের পর দিন দেনা বাড়ছে। বিদ্যুৎ পর্ষদ যেভাবে চলছে, আজকে সরকারি দপ্তর, পঞ্চায়েত পৌরসভা যতগুলো আছে, তাদের কাছ থেকে প্রায় ৩২০ কোটি ৩৮ লক্ষ টাকা পর্ষদের পাওনা। আমাদের একজন সদস্যের কোয়েশ্চেনের একটা রিপ্লাইতে দেখলাম এই যে পাওনা বিদ্যুৎ পর্ষদের বাড়ছে, এই টাকাটা না তুলে সাধারণ গ্রাহকদের কাছ থেকে ফুয়েল সারচার্জ এবং রেট বাড়িয়ে দিচ্ছে। তারফলে সবচেয়ে বেশি সাফার করছে কনজিউমাররা। পর্ষদের যে কোটি কোটি টাকা ফাঁকি হচ্ছে এটা কেউ দেখছে না। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কয়লার সেস বাবদ যে টাকা পাওয়া যায় কেন্দ্রীয় সরকার কয়লার সেস বাবদ মোটা টাকা দেন। কিন্তু রিপোর্টে দেখলাম কোল ইন্ডিয়া পর্ষদের কাছ থেকে আড়াই শত কোটি টাকা পাবে। এই জায়গায় আজকে দাঁড়িয়ে আছে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ। আজকে পর্ষদের যে দেনাগুলো রয়েছে, নিজেদের যে ল্যাকুনাগুলো রয়েছে, সেইগুলো বন্ধ না করে, অরাজকতা বন্ধ না করে, জনসাধারণের ঘাড়ে দশ পয়সা থেকে ২২ পয়সা পর্যন্ত ফুয়েল চার্জ রেট বাড়াচ্ছেন। কিন্তু আজকে গ্রাহকরা বিদ্যুৎ পরিষেবা ঠিকমতো পাচ্ছেনা।

উনি বলছেন কনজিউমারদের ডোমেস্টিক কানেকশন তরান্বিত করেছেন। কিছুটা হয়েছে ঠিকই। কিন্তু আজকে কানেকশনের ক্ষেত্রে কি করা হল, হঠাৎ একটা সার্কুলার দেওয়া হচ্ছে ৮০ পারসেন্ট গ্রামে যে বিদ্যুৎ ঢুকেছে সেটা ইরিগেশনের জন্য, যেমন ডিপ টিউবওয়েল, শ্যালো টিউবওয়েল, রিভার লিফট এইসবগুলো বিদ্যুতায়িত হয়েছে। কংগ্রেস আমল থেকে এই গ্রামীণ বৈদ্যুতিকরণ করার কাজ শুরু হয়েছিল কিন্তু আপনাদের আমলে এই কাজ আর এগোয়নি। আজকে সকালেই আপনি সুনীতিবাবুর প্রশ্নের উত্তরে বলেছেন যে গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ খুঁটিয়ে খুঁটিয়ে চলছে কেন্দ্রের টাকায়। আমি ইরিগেশনকে অবহেলা করতে বলছি না কিন্তু সেখান থেকে ডোমেস্টিক কানেকশন দেওয়া বন্ধ হলে পাশাপাশি তারজন্য অন্য অ্যারেঞ্জমেন্ট কি করেছেন আশাকরি সেটা বলবেন। সকলেই জানেন যে এস.টি.ডব্লু, ডি.টি.ডব্লু, আর.এল.আই থেকে ৮০ পারসেন্ট গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ হয়েছে, এর বাইরে কোনও ব্যবস্থা নেই। সেখানে হঠাৎ করে যদি আপনি একটা ব্যবস্থা নেন তাহলে তারজন্য বিকল্প কি ব্যবস্থা নিয়েছেন সেটা আপনি বলুন। তিন বছর আগে যারা ডোমেস্টিক কমার্সিয়াল কানেকশনের জন্য আবেদন করেছেন এখন যখন এনকোয়ারি করতে যাচ্ছে তখন বলছে যে এই ধরনের সার্কুলার এসেছে অতএব এর থেকে কানেকশন দেওয়া যাবে না। গ্রামের মানুষরা কি তাহলে বিদ্যুৎ পাওয়া থেকে বঞ্চিত থাকবেন? গ্রামের মানুষরা যেখানে দীর্ঘদিন অপেক্ষা করার পর এই সার্কুলারের জন্য কানেকশন পাচ্ছেন না সেখানে তারজন্য কি ব্যবস্থা আপনি নিয়েছেন যাতে তারা বিদ্যুতের কানেকশন পেতে পারেন আশা করি সে সম্বন্ধে আপনি সভাকে বিস্তারিতভাবে বলে আশ্বস্ত করবেন। তারপর বিভিন্ন পাওয়ার প্ল্যান্টগুলি আশেপাশে বিদ্যুৎ সরবরাহের ব্যাপারে আসছি। বছর তিনেক আগে আপনি কোলাঘাটে গিয়ে বলেছিলেন যে তার ১০ কিঃ মিঃ রেডিয়াসের মধ্যে আপনি বিদ্যুতায়নের ব্যবস্থা করবেন কিন্তু দু' কিঃ মিঃ-এর বেশি হয়নি। গৌরীপুর, ব্যান্ডেল, কোলাঘাটে একই অবস্থা। এর উপর সবচেয়ে বড় সমস্যা হয়ে সেখানে দেখা দিয়েছে তাপ বিদ্যুৎ কেন্দ্রের ছাই। তাপ বিদ্যুতকেন্দ্রগুলির ছাই সেখানকার আকাশকে ঢেকে ফেলেছে। সমগ্র এলাকাটির পরিবেশ সেখানে এই ছাই-এর জন্য দূষিত হয়ে পড়েছে। এইসব দেখেশুনে সেখানকার মানুষরা তাই স্লোগান তুলেছেন যে, 'দিলাম জমি পেলাম ছাই, এই সরকারের তুলনা নাই।' এই দূষণের ব্যাপারে সরকার থেকে কি ব্যবস্থা নিচ্ছেন আশা করি মন্ত্রী মহাশয় তার জবাবি ভাষণে সেটা বলবেন। এরপর আমি গ্রুপ সাপ্লাইগুলির কথায় আসছি। আজকে মানুষ সঠিকভাবে এইসব এলাকায় বিদ্যুৎ পাচ্ছে না বলে অনেক ক্ষেত্রে গ্রুপ সাপ্লাই-এর কর্মিদের উপর রুষ্ট হচ্ছে এবং কোনও কোনও ক্ষেত্রে তারা আক্রান্ত হচ্ছে। কেন এই অবস্থাটা হচ্ছে? সেখানে যখন ব্রেক ডাউন হচ্ছে তখন তা রেক্টিফিকেশনের জন্য যেসব মেটিরিয়ালস দরকার গ্রুপ সাপ্লাই-এর কর্মিরা তা পাচ্ছে না ফলে কাজ ব্যাহত হচ্ছে এবং তারা আক্রান্ত হচ্ছে। বিভিন্ন জায়গায় মেটিরিয়ালস সাপ্লাই করার জন্য আপনি শ্যামনগরের কড রোডে একটি সেন্ট্রাল স্টোর করেছেন এবং সাধারণ মানুষ যাতে সঠিকভাবে অল্প সময়ের মধ্যে কাজ পেতে পারে তারজন্য কিছু কিছু জায়গায় রিজিওন্যাল স্টোর করেছেন যেমন শিলিগুড়ি, চুঁচুড়া, বর্ধমান, মেদিনীপুর, নদীয়া এবং মুর্শিদাবাদের জন্য শান্তিপুর-এ। কিন্তু শান্তিপুরের স্টোর-টা আইডেল হয়ে পড়ে আছে দীর্ঘদিন ধরে কারণ সেখানে কাজ করার মতন পরিবেশ নেই, কোনও মেটিরিয়ালস নেই। সামান্য কাট আউট বা ফিউজ ওয়ার পর্যন্ত চিফ ইঞ্জিনিয়ারের কাছ থেকে অ্যাপ্রুভাল নিয়ে আনতে হয় ফলে

রিজিওন্যাল অফিসগুলি ঠিকমতন কাজ করতে পারছে না। শান্তিপুর থেকে সামান্য একটা জিনিসের জন্য কলকাতায় এসে চিফ ইঞ্জিনিয়ারের অ্যাপ্রুভাল নিয়ে যদি নিতে হয় তাহলে কখনও রিজিওন্যাল অফিসগুলি ঠিকমতন কাজ করতে পারে না, ফলে রেভিনিউ ফল করে, মানুষ অ্যাজিটেটেড হয়ে পড়ে। এটা দেখা দরকার যে রিজিওন্যাল অফিসগুলিতে যাতে সমস্ত মেটিরিয়ালস পাওয়া যায়। তারপর বিভিন্ন জায়গায় যে কাজ চলছে তারমধ্যে কোনওরকম সমতা নেই। সেখানে এই কমিউনিকেশন গ্যাপ হচ্ছে। আর একটা কথা রুর‍্যাল ইলেকট্রিফিকেশন সম্পর্কে বলব। রুর‍্যাল ইলেকট্রিফিকেশন আজকে যে জায়গায় দাঁড়িয়ে আছে, একটা খুঁটি পুতলেই পুরো মৌজাকে ইলেকট্রিফায়েড বলে বলা হচ্ছে। অথচ সেই গ্রামগুলিতে ইলেকট্রিফিকেশন হচ্ছে না, গ্রামের মানুষ বিদ্যুৎ পাচ্ছে না।

(এই সময়ে স্পিকার অন্য বক্তাকে ডাকায় মাইক বন্ধ হয়ে যায়)

**শ্রী সুভাষ চক্রবর্তী ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আজকে মেনশন পর্বে দুই' একজন মাননীয় সদস্য সৌরভ গাঙ্গুলির সম্বর্ধনা সম্পর্কে আমাদের রাজ্য সরকার কি করছেন সেটা জানানোর জন্য বলেছে। আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য এবং আমন্ত্রণ করার জন্য সেই বিষয়ে উল্লেখ করছি। আগামি ২০ তারিখ বেলা ৫টার সময়ে ক্ষুদিরাম অনুশীলনকেন্দ্রে আমরা তার সম্বর্ধনার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে একটা অনুষ্ঠান করছি। আমি সমস্ত বিধায়কদের এই সম্বর্ধনা অনুষ্ঠানে উপস্থিত থাকতে অনুরোধ জানাচ্ছি। আমি নিমন্ত্রণ পত্র পরে দেব।

**শ্রী অমর চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিদ্যুৎমন্ত্রী যে বাজেট [illegible] এখানে পেশ করেছেন, আমি তাকে সমর্থন জানিয়ে বিরোধিদের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। বিরোধী পক্ষ থেকে বলা হয়েছে পশ্চিমবঙ্গ অন্যান্য রাজ্য থেকে পিছিয়ে আছে। তা যদি হয়েও থাকে তাহলে এর কারণ কি সেটা আমাদের একটু বুঝতে হবে। আমরা এটা দেখছি যে আমাদের সীমিত ক্ষমতার মধ্যে বামফ্রন্ট সরকার এবং আমাদের আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন বিদ্যুৎমন্ত্রীর উদ্যোগে কংগ্রেস আমলে আমরা বিদ্যুতের ব্যাপারে যেভাবে পিছিয়ে ছিলাম তাকে ওভার কাম করে চলেছেন। আমরা দেখতে পাচ্ছি যে নিউক্লিয়ার পাওয়ার প্রোজেক্ট, সেটা আজকে একটা বিশেষ স্থান অধিকার করে আছে। আজকে নিউক্লিয়ার পাওয়ার প্রোজেক্টগুলি কাদের উদ্যোগে এবং কিভাবে বিভিন্ন জায়গায় হচ্ছে? তারাপুরে হচ্ছে, রাজস্থানে হচ্ছে, মাদ্রাজে হচ্ছে, কিন্তু পশ্চিমবঙ্গে তার কোনও স্থান নেই। কেন নেই, সে কথা বিদ্যুৎমন্ত্রী আমাদের বিশ্লেষণ করে জানাবেন। আমরা দেখছি যে ৫০ হাইড্রো প্রোজেক্ট ইলেকট্রিক স্কীম উইথ টোটাল ক্যাপাসিটি অব ১০ থাউজেন্ড ৬৯ মেগাওয়াট আর আন্ডার ডিফারেন্স স্টেজেস অব কনস্ট্রাকশন। আমার কথা হচ্ছে, এই ৫০ হাইড্রো ইলেকট্রিফিকেশনের স্কীম কোথায় কোথায় হচ্ছে, পশ্চিমবাংলায় তার মধ্যে কয়টা আছে এবং এগুলি কেন্দ্রীয় সরকারের দৌলতে হচ্ছে, না কিভাবে হচ্ছে এবং পশ্চিমবঙ্গের যেটা পাবার কথা সেটা পশ্চিমবঙ্গে হচ্ছে কিনা আমাদের জানাবেন। আমার বিশ্বাস যে পশ্চিমবঙ্গের যেটা পাবার কথা সেটা আমরা পাচ্ছি না। মহারাষ্ট্রে এনরনের সঙ্গে যে এগ্রিমেন্ট হয়েছে, মাল্টিন্যাশনালদের নিয়ে যেভাবে জাতীয় স্বার্থ বিরোধী চুক্তি করা হয়েছে, সেইরকম চুক্তি করে আমাদের বিদ্যুৎমন্ত্রী নিশ্চয়ই বিদ্যুৎ আনবেন না। তাসত্ত্বেও আমাদের বিদ্যুৎমন্ত্রী যেভাবে চেষ্টা করছেন, যেভাবে বিদ্যুৎ গড়ে

তুলছেন, যেভাবে রুর‍্যাল ইলেকট্রিফিকেশনের জন্য চেষ্টা করছেন তারজন্য তাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আমরা দেখছি যে, ওয়েস্ট বেঙ্গল রিনিউয়্যাল ডেভেলপমেন্ট অ্যান্ড এনার্জির জন্য তিনি যে বরাদ্দ চেয়েছেন, সেই বরাদ্দ অত্যন্ত সীমিত। তার অ্যানুয়াল রিপোর্টে ১৯৯৩-৯৪ সালের প্রসপেক্ট সম্পর্কে যে চিত্র তুলে ধরেছেন, আমার ধারণা এই বরাদ্দ আরও বাড়ানো দরকার। আমি আশা করব যে পরবর্তী বাজেটে এরজন্য আরও বেশি বরাদ্দ হবে। রুরাল ইলেকট্রিফিকেশন যাতে সহজ লভ্য হয় এবং কম খরচে বিদ্যুৎ উৎপাদনের জন্য যে পরিকল্পনা করেছেন, আশা করব তাকে সুন্দর এবং কার্যকর করে তুলবেন। আজকে এক্ষেত্রে রিসার্চ ইনস্টিটিউটগুলি সবই রয়েছে অন্যান্য রাজ্যে। রিসার্চ ইনস্টিটিউটগুলি সবটাই করেছেন কেন্দ্রীয় সরকার। আমি কয়েকটি রিসার্চ ইনস্টিটিউটের কথা বলছি। পাওয়ার রিসার্চ ইনস্টিটিউট, বাঙ্গালোর, সেখানে রিসার্চ চলছে। অন্যান্য জায়গায় যেসব রিসার্চ ইনস্টিটিউট রয়েছে সেগুলো সবই রিসার্চ অ্যান্ড ইনস্টিটিউট। কেন্দ্রীয় সরকারের তত্বাবধানে সেগুলো চলে। পশ্চিমবঙ্গে একটিমাত্র ইনস্টিটিউট দুর্গাপুরে করা হয়েছে এবং সেখানে শুধুমাত্র কাজ হয় ট্রেন্ড পার্সোনেল ফর অপারেশন অ্যান্ড মেনটেনেন্স অফ থার্মাল পাওয়ার স্টেশন অনলি। কিন্তু আজকালকার দিনে অপ্রচলিত যেসব পদ্ধতির কাজ চলছে বা নিউক্লিয়ার এবং হাইড্রাল পাওয়ার সম্বন্ধে যেসব রিসার্চ চলছে সেই শিক্ষা আমরা রিসার্চ ইনস্টিটিউটের মাধ্যমে পাওয়ার ক্ষেত্রে বঞ্চিত হচ্ছি। ঐ ধরনের ইনস্টিটিউট যাতে আমাদের রাজ্যে হতে পারে তারজন্য প্রয়াসি হতে অনুরোধ করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এবারে মূল জায়গায় আসবার চেষ্টা করব। এবারের বাজেট সম্বন্ধে আমার মনে হয়েছে, রাজ্য বিদ্যুৎ পর্ষদের উৎপাদন যে কমেছে .১৪ পারসেন্ট তার মূল কারণ হচ্ছে ব্যান্ডেল এবং সান্তালদি ফেলিওর। কিন্তু বুঝতে হবে যে, ব্যান্ডেল এবং সান্তালদির ইউনিটগুলি অনেক পুরানো এবং তার মেনটেনেন্সটাও অনেক খরচ সাপেক্ষ হয়ে যাচ্ছে। ঐ বিদ্যুৎ কেন্দ্র দুটিই এই ব্যর্থতার মূল কারণ হয়ে দাঁড়িয়েছে। যদিও এই বছর গত বছরের তুলনায় .৪ পারসেন্ট বিদ্যুৎ উৎপাদন কম হয়েছে সময়টা একইরকম ধরে নিয়ে। কিন্তু ডি.পি.এলের মতো জায়গায় একটি অ্যাক্সিডেন্ট হওয়া সত্ত্বেও ১৯৯৬ সালের মার্চ মাসে রেকর্ড উৎপাদন হয়েছে। সেখানে মেনটেনেন্সের জন্য ৩৩০ কোটি টাকার একটি চুক্তি সিমেন্সের সঙ্গে করেছেন ডি.পি.এলকে আরও শক্তিশালি করবার জন্য। এটা নিশ্চিত প্রশংসার যোগ্য, কিন্তু সঙ্গে সঙ্গে ব্যান্ডেল এবং সান্তালদি সম্বন্ধেও সুচিন্তিত সিদ্ধান্ত নিতে হবে বলে আমি মনে করি। আর একটি প্রকল্প রয়েছে তিস্তা প্রকল্প। রাম্মাম বিদ্যুৎ প্রকল্প সম্বন্ধে যে কথা বলেছেন সেটা হল, ১৩৬ কোটি টাকা ব্যয়ে সেখানে ৫১ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনে সক্ষম হয়েছেন নির্ধারিত সময়ের মধ্যে। কিন্তু তিস্তা বিদ্যুৎ প্রকল্পের জন্য যেখানে ২৮৪.২২ কোটি টাকা করেছেন সেখানে কেন বিদ্যুৎ উৎপাদন সম্ভব হল না? যদিও মাত্র ৬৭.৫ মেগাওয়াটের প্রকল্প সেটা। আমার কথা হল, রাম্মামের ক্ষেত্রে যেটা সম্ভব হল, তিস্তার ক্ষেত্রে সেটা সম্ভব হল না কেন? অবশ্য অন্যান্য অসুবিধার কথা বলেছেন তিস্তা সম্পর্কে। তুলনামূলক যদি বিচার করা যায় তাহলে দেখা যাবে ১৯৪৬ সালে ১৯৩২ মিলিয়ান ওয়াট বিদ্যুৎ উৎপাদন হয়েছিল এবার ১৯৯১ সালে ৫৩২১ মিলিয়ান ওয়াট উৎপাদন হয়েছে। অর্থাৎ এই ১৪ বছর বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধি পেয়েছে ৩৪৮৯ মিলিয়ান ওয়াট। এই হারটা আপনি এখনও অব্যাহত

রেখেছেন। বর্তমানে ১৯৯৫-৯৬ সালে আপনি বিদ্যুৎ উৎপাদন করেছেন ১৪,৩২৬ মিলিয়ান ইউনিট। আপনার সমীক্ষায় দেখতে পাচ্ছি বাল্ক পারচেজ ফ্রর্ম আউট সাইড করেছেন ৬৭৯৪.৮৫ মিলিয়ান ইউনিট। এই ফিগারের মধ্যে আপনার এই পারচেজের ফিগার আছে কিনা বুঝতে পারছি না। চাহিদার সাথে সাথে বিদ্যুৎ উৎপাদন বাড়ছে। আপনি মোট কত উৎপাদন করেছেন বলেছেন কিন্তু বর্তমানে মোট চাহিদা কত সেটা আমরা পাই নি। ১৯৯১ সাল পর্যন্ত চাহিদা ছিল ১৯৯৮ মিলিয়ান মেগাওয়াট। ১৯৭৬ সালে এই চাহিদা ছিল ৫২৬ মিলিয়ান মেগাওয়াট। বর্তমানে চাহিদা কত সেটা আমরা বুঝতে পারছি না। ১৯৭৬ সালে গ্রামের বৈদ্যুতিকরণের ক্ষেত্রে ৯৮২৫ মিলিয়ান ওয়াট নিয়েছেন, ১৯৯১ সালে সেটা হয়েছে ২৭,৫৮৫ মিলিয়ান ওয়াট। অর্থাৎ বৃদ্ধি হয়েছে ১৭,৭৫৯ মিলিয়ান ইউনিট, ৪৬.৭৩ পারসেন্ট বেড়েছে। নলকূপে বিদ্যুৎ সংযোগ অনেক বেশি হয়েছে। ১৯৭৬ সালে ১০.৮০ হাজার টি নলকূপ বৈদ্যুতিকরণ হয়েছে, ১৯৯১ সালে সেখানে ৮৯,১৭৬ টি নলকূপে বৈদ্যুতিকরণ হয়েছে। তার মানে বেড়েছে ৭৯ হাজার ৯৬টি। সেই হার আপনি এখনও অব্যাহত রেখে চলেছেন। প্রশ্ন হল যে আপনি উৎপাদন করছেন ১৪,৩২৬, রাজ্যের মধ্যে বিক্রি করছেন ৭৪৭৪.১৯। বাইরে বিক্রি করছেন ৫২৩.৮৪, অর্থাৎ টোটাল সেল হচ্ছে ৭,৯৯৪.০০। এটা যদি বিক্রি করে থাকেন, আমাদের যে উৎপাদন ১৪,৩২৬ হয়ে থাকে তাহলে এর মধ্যে ফ্যারাক থাকার কারণ কি? বাল্ক পারচেজ ফ্রর্ম আউট সাইড ৬৭৯৩ মিলিয়ান ওয়াট এই হিসাবটা ঠিক বুঝতে পারছি না। অনেক জায়গায় আপনি মেগাওয়াট, অনেক জায়গায় মিনিমাম ইউনিট লিখেছেন, এইগুলি আমি গুলিয়ে ফেলেছি। আমি এই ব্যাপারে লে ম্যান, আমি ঠিক বুঝতে পারিনি। আমাদের বিদ্যুৎ পরিস্থিতি যেভাবে আস্তে আস্তে ক্রমশ বিভিন্ন দিকে উন্নতির দিকে নিয়ে যাচ্ছেন তারজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আপনাকে আরও ধন্যবাদ জানাচ্ছি আপনি গ্রাম উন্নয়নের জন্য অপ্রচলিত প্রথার মাধ্যমে বিদ্যুতের উন্নতি ঘটানোর চেষ্টা করছেন। আপনি গোসাবার কথা বলেছেন, বিভিন্ন উইন্ড মিলের কথা বলছেন, আজকে প্রশ্ন উত্তর পর্বে আলোচনা হয়েছে সোলার প্রোজেক্ট করছেন তারজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। স্বল্প খরচে যাতে গ্রামে আরও বেশি করে বিদ্যুৎ দিতে হয় তার জন্য আপনাকে এই বিষয়গুলির প্রতি জোর দিতে হবে। এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি উথাপন করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের পক্ষ থেকে আনা ছাঁটাই প্রস্তাবগুলো আমি সমর্থন করছি। স্যার, সারা রাজ্যের বিদ্যুতের চিত্রটা কি তা আমাদের পক্ষ থেকে আমাদের দলের মাননীয় সদস্যরা তুলে ধরবার চেষ্টা করেছেন। আপনাদের শাসক দলের প্রথম বক্তা মৃণাল কান্তি রায় মেদিনীপুর-এর একটা এলাকা থেকে নির্বাচিত প্রথম সদস্য। তিনি প্রথমেই তারিফ করতে শুরু করলেন। আমি বিস্মিত হয়ে গেলাম। আমি বিস্মিত হলাম এই কারণে যে, নিজের জেলার সভাধিপতি কি বলেছেন তা শুনলে বুঝতে পারবেন। সারা মেদিনীপুর জেলা কিভাবে বঞ্চিত হয়েছে তা মেদিনীপুর জেলার সভাধিপতি সম্প্রতি একটি বৈঠকে মিলিত হয়ে বলেছিলেন। আমি তার বক্তব্যটি পড়ে শোনাচ্ছি। তিনি বলেছেন, মেদিনীপুর জেলায় গ্রামীণ বৈদ্যুতিকরণ হয়েছে রাজ্য বিদ্যুৎ পর্ষদ খাতা কলমে যে হিসাব দেখিয়েছেন, বাস্তবের সঙ্গে তার কোনও মিল নেই। সম্প্রতি মেদিনীপুর, বর্ধমান ডিভিসনের

এক বৈঠকে জেলা পরিষদের সভাধিপতি হরেকৃষ্ণ সামন্ত এই অভিযোগ করে বলেন, জেলার ১০,৩৪০টি গ্রামের মধ্যে ৫ হাজারের বেশি গ্রামে বিদ্যুৎ পৌঁছে গিয়েছে বলে বিদ্যুৎ পর্ষদ দাবি করলেও এখনও আসলে চার হাজারের কম গ্রামে এখনও পর্যন্ত বিদ্যুৎ সরবরাহের জন্য প্রয়োজনীয় কাজকর্ম হয়েছে মাত্র। তারমধ্যে বস্তুতই বিদ্যুৎ সংযোগ হয়েছে আরও কম সংখ্যক গ্রামে। ঐ বৈঠকে বিদ্যুৎ পর্ষদের মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জোনের ম্যানেজাররাও উপস্থিত ছিলেন। ছিলেন ভূমি সদ্ব্যবহার ও পঞ্চায়েত মন্ত্রী সূর্যকান্ত মিশ্র। শুধু এখানেই শেষ নয়, তিনি আরও বলেছেন ক্ষোভের সঙ্গে। পরিকল্পনা দপ্তরের যে পুস্তিকা প্রকাশিত হয়েছে, তাতে মেদিনীপুর জেলার সভাধিপতি, মার্কসবাদি কমিউনিস্ট পার্টির নেতা অত্যন্ত ক্ষোভপূর্ণ ক্রুদ্ধ মন্তব্য করেছেন। তিনি বলেছেন যে, ১৯৯৬-৯৭ সালের বার্ষিক পুস্তিকা সংক্রান্ত বিষয়ে জেলা পরিষদের সভাধিপতি বলেছেন, পর্ষদের দেওয়া হিসাব প্রকৃতপক্ষে চূড়ান্ত প্রতারণা ছাড়া আর কিছুই নয়। এই যে অবস্থা, তাতে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এখান থেকে ১৫৬ কিমি দূরে একটা মহকুমা শহরে থাকি, সেখানে কালকে রাত ১১টার সময়ে বিদ্যুৎ উধাও হয়েছিল। আমি আজকে ভোর ৫টার সময়ে যখন বাস ধরতে আসি তখনও বিদ্যুৎ আসেনি। এদিকে মাননীয় মন্ত্রী মহাশয় ফলাও করে বলবেন বিদ্যুৎ উৎপাদন অনেক বেশি হচ্ছে। আমরা প্রতিবেশি রাজ্যকে বিদ্যুৎ দিতে চাই। আবার তার সাথে বন্ধু সরকার যেখানে আছে, যেমন কেরালায় তাদের কাছে তিনি বিদ্যুৎ পৌঁছে দিতে চাইছেন। আমি অবাক হয়ে যাচ্ছি। আমাকে অত্যন্ত ক্ষুব্ধ এবং ক্রুদ্ধ হয়ে বলতে হচ্ছে, মেদিনীপুর জেলা এই রাজ্যের মধ্যে বৃহত্তম নয়, এটি ভারতবর্ষের মধ্যে বৃহত্তম জেলা, যেখানে ৯০ লক্ষ লোক বাস করে। হুগলি জেলায় লোকদীপ প্রকল্পে যেখানে ২১,৬৪৮ জন সুযোগ পেয়েছে, যেখানে হুগলির মতো ৩টি জেলাকে একত্রিত করলে মেদিনীপুর জেলা হয়, সেখানে মেদিনীপুরে লোকদীপ প্রকল্পে সুযোগ পেয়েছে ৪,৭৬০ জন। এই বঞ্চনার হাত থেকে মেদিনীপুর জেলা কি করে বাঁচবে? আজকে আপনি একটি প্রশ্নের উত্তরে প্রশ্নোত্তর পর্বে বলেছেন, যখন আপনাকে প্রশ্ন করা হয়েছিল। বায়ু চালিত বিদ্যুৎ কেন্দ্র আপনি বললেন যে দিঘাতে বসানো হয়েছে, কিন্তু সেই বায়ু চালিত বিদ্যুকেন্দ্রটির আঁতুর ঘরেই মৃত্যু হয়েছে। এক ফোঁটাও বিদ্যুৎ উৎপাদন করতে পারেনি। আপনাদের রেকর্ডই এইকথা বলবে যে, সারা রাজ্যে যে বিদ্যুৎ উৎপাদন হয় তা মেদিনীপুর জেলাই তার সিংহভাগ উৎপাদন করে কিন্তু সেই মেদিনীপুর জেলাই আজকে বিদ্যুৎ থেকে বঞ্চিত, এইকথা আপনার সার্বিক রাজ্য বাজেট থেকেই বলছি। ১৯৯৩-৯৪ সালে বিদ্যুৎ গ্রাহকের সংখ্যা ছিল ৩৩,৪৯,৫০৬, সেখানে ১৯৯৪-৯৫ সালে গ্রাহকের সংখ্যা দাঁড়াল আপনার পরিসংখ্যান হিসাবে ৩৫,১৫,৬০০। অর্থাৎ এক বছরে বাড়ল কত মাত্র ১,৭৪,৮৪১ বেড়েছে। সেই অনুপাতে জনসংখ্যার হার প্রতি বছরই বেড়েই চলেছে, বছরে ২০ লক্ষ বৃদ্ধি পাচ্ছে। সেখানে ৭ কোটি লোকসংখ্যা পিছু ১ কোটি পরিবারকে আপনারা বিদ্যুৎ সংযোগ দিতে হবে। অর্থাৎ তার মানে আপনারা ৩৩ শতাংশ বিদ্যুৎ সংযোগ করতে পেরেছেন। মাননীয় মন্ত্রী একটি প্রশ্নোত্তরে বললেন যে রাজ্যের ৯৫০০০ পাম্প সেটে বিদ্যুৎ দেওয়া হয়েছে। তারপরে নিশিকান্ত মাহাতোর একটি প্রশ্নোত্তরে মন্ত্রী বললেন যে ১৯৯৩ সালে পুরুলিয়া জেলায় আর এল আই ৭২৪টির মধ্যে ৫টিতে বিদ্যুৎ চালিত করা গেছে। শুধু তাই নয়, আপনার পার ক্যাপিটা কনজাম্পশন অফ ইলেকট্রিসিটিতে অন্য রাজ্যের তুলনায় কি

অবস্থায় এসে দাঁড়িয়েছে সেটা দেখুন পাঞ্জাবে ৬৮টি ইউনিট এম.ডব্লিউ.এইচ, ইউ পি তে ৫৯০ হরিয়ানার ৪৮৭ এবং তামিলনাড়ুতে ৩৬৭, মধ্যপ্রদেশে ৩১০ আর পশ্চিমবঙ্গে মাত্র ১৭৭.০৬। সুতরাং সারা ভারতবর্ষে জাতীয় স্তরে প্যার ক্যাপিটা কনজাম্পশন অফ ইলেকট্রিসিটি গড়পড়তা হচ্ছে ২৫০। আজকেই মাননীয় মন্ত্রী মহাশয় তার প্রশ্নোত্তরে বললেন যে, ৩৮ হাজার মৌজায় মধ্যে ২৯ হাজার ২০৫টি মৌজার বিদ্যুৎ দিতে পেরেছেন। সেখানে মৌজায় একটি খুঁটি পুঁতে দিয়ে বৈদ্যুতিকরণ হল বলে যে আপনারা দাবি করছেন এই আইডিয়াটা আপনারা বাতিল করুন। রাজ্যের বিদ্যুৎ উৎপাদনে অবহেলা হয়েছে সেই কারণে এই বাজেটকে সমর্থন করা যায় না। আজকে রাজ্যের বিদ্যুতের অবস্থা শোচনীয়। একটা গ্রামে খুঁটি পুঁতে দিয়ে গোটা গ্রামে বৈদ্যুতিকরণের যে দাবি আপনারা করছেন আমরা তা সঠিক মনে করি না। তারপরে মাননীয় মন্ত্রী তার প্রশ্নোত্তরে বললেন যে, আর ই সির ঋণের বহু টাকা শোধ দিতে বাকি আছে। আজকে আর ই সির কাজ শ্লথ গতিতে চলছে। কেন্দ্রীয় সরকার আর ই সির জন্য যে টাকা দেন সেই টাকা আপনারা নিয়ে আর ই সি কে লোন দেন, তাতেই ঋণের বোঝা আর ই সির উপরে চলছে। আপনারা মার্জিন রেখে ইন্টারেস্ট কষে আর ই সিকে টাকা দেন। সুতরাং আর ই সি সোজাসুজি টাকা পায় না। আপনি আপনার বাজেট বক্তৃতায় বলেছেন যে আর ই সির কাজ ২৩ পারসেন্টের বেশি গ্রামে করা হয়নি। সুতরাং আর ই সির কাজ এগোতে পারেনি। এই কারণে এই বাজেটকে হতাশা ব্যঞ্জক এবং হতাশাজনক মনে করে এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কামাখ্যানন্দন দাস মহাপাত্র ঃ** মিঃ স্পিকার স্যার, মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয় ব্যয় বরাদ্দের যে দাবি উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন করছি। স্যার, আপনি জানেন স্বাধীনতার পর প্রায় ৩০ বছর পর্যন্ত আমাদের রাজ্যে বিদ্যুৎ এর অবস্থা ছিল একটা ভয়াবহ অরাজক অবস্থা। শহরে এবং মাত্র গোটাকয়েক গ্রামে যেখানে বিদ্যুৎ পরিবহন ব্যবস্থা ছিল, সেখানে হাইটেনশন ও লো টেনশন লাইনগুলি রাজনৈতিক কারণে উচ্চবিত্তের স্বার্থে সম্প্রসারিত করা হয়েছিল। কৃষি-শিল্প-ব্যবসা-পরিষেবার ক্ষেত্রে সাধারণের নাগালের বাইরে ছিল বিদ্যুৎ। এই পরিস্থিতিতে স্বাভাবিকভাবে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর দুটো বিষয়ে নজর দেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। এক হচ্ছে, বিদ্যুৎ এর উৎপাদন বাড়ানো এবং দুই হচ্ছে, সুষ্ঠু পরিবহন ও সঞ্চালন ব্যবস্থা। মিঃ স্পিকার স্যার, কংগ্রেস আমলে তৈরি হয়েছিল যে সমস্ত পাওয়ার স্টেশন, সেখানে পুরনো সমস্ত যন্ত্রপাতিগুলি ব্যবহার হয়েছিল, অনিয়মিত ও নিম্নমানের কয়লা সরবরাহ, পর্ষদের অর্থাভাব—এসব বাধা সত্ত্বেও পশ্চিমবাংলায় বিদ্যুতের উৎপাদন বৃদ্ধি প্রশংসার দাবি রাখে। এক্ষেত্রে আপনি ব্যয়-বরাদ্দের দাবি করতে পারেন। এই বিষয়ে উন্নতি হলেও আমি সরাসরি বলব, পর্বত প্রমাণ সমস্যা রয়ে গেছে সুষ্ঠু পরিবহন ও সঞ্চালনের ক্ষেত্রে। এই বিষয়টিতে যাওয়ার আগে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, গভীর উদ্বেগের সঙ্গে যে জিনিসটা বলতে চাই, আপনি জবাবি ভাষণে সেটা বলবেন। গতকাল সংবাদপত্রে একটি সংবাদ প্রকাশিত হয়েছিল, পরিবহন ও সঞ্চালনের উন্নতির জন্য জাপানের ও.ই.সি.এফ. থেকে প্রায় ৭শো কোটি টাকার ঋণ পাওয়ার বিষয়টি নিয়ে। ঋণ পাওয়ার বিষয়ে যে শর্তগুলি উল্লেখ হয়েছে সেইগুলি মারাত্মক। সংবাদে পড়লাম, প্রায় শতকরা ১২ থেকে ১৫ শতাংশ মাসুল বৃদ্ধির প্রস্তাব, পর্ষদ মেনে নিয়েছে। দ্বিতীয়ত ভবিষ্যতে খরচ যত বাড়বে তত আরও মাসুল বৃদ্ধি করে গ্রাহকদের উপর তার দায় চাপানোর শর্ত পর্ষদ মেনে

নিয়েছে। তৃতীয়ত মাসুল বৃদ্ধির প্রক্রিয়াটি সঠিকভাবে কার্যকর হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করার জন্য জাপানির ঐ সংস্থা তারা নজরদারি করবে। এখান থেকে আমাদের বাঁচার প্রশ্ন জেগেছে? রাজ্য সরকারের চূড়ান্ত অনুমোদন ছাড়া মাসুল বৃদ্ধির প্রতিশ্রুতির অধিকার পর্ষদকে কে দিয়েছে? রাজ্য সরকারের চূড়ান্ত অনুমোদন এখনও ঘোষণা হয়নি, গ্রীণ সিগনাল কি তারা পেয়েছিলেন? যদি পেয়ে থাকেন তাহলে আমাদের প্রশ্ন, গত মাস থেকে বিধানসভা চলছে, যখন তখন বিদেশি সংস্থার কাছ থেকে ঋণ নেওয়ার পরিকল্পনা ও মাসুল বৃদ্ধি করতে হবে, যা পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার কখনও করেনি, সেইরকম সিদ্ধান্তে আসার আগে বিধানসভায় আপনি এটা আনেননি কেন? চতুর্থত মাসুল বৃদ্ধির যে প্রক্রিয়া তার উপর নজরদারি করবে বা তা যথাযথ হচ্ছে কিনা ও.ই.সি.এফ. নজরদারি করবে, এটাতো সাংঘাতিক জিনিস, এত ইন্টারনাল অ্যাডমিনিস্ট্রেশনের উপর হস্তক্ষেপ করবে। এই জিনিস যদি ঘটে তাহলে তো তা রোধ করা দরকার। আপনি জানেন, বিদ্যুৎ এর ক্ষেত্রে, সারা ভারতবর্ষের ক্ষেত্রে এটা প্রযোজ্য। বিদ্যুৎ শিল্পে বিদেশি সংস্থা তারা অর্থ বিনিয়োগ করতে চায়, তা বিনিয়োগও করতে হবে কেন্দ্রীয় সরকারের মাধ্যমে। বিভিন্ন বিদেশি সংস্থা তারা ২।৩ শতাংশ সুদে টাকা বিনিয়োগ আগ্রহী। কিন্তু দেখা যাচ্ছে, যেটা ২।৩ শতাংশ সুদে ৩০ বছরে পরিশোধযোগ্য সেখানে কেন্দ্রীয় সরকার সুদের হার বাড়িয়ে ১৬।১৯ শতাংশ হিসেবে করে রাজ্যের ঘাড়ে চাপিয়ে এবং ৭ বছরে পরিশোধের শর্ত আরোপ করে। এখানে কেন্দ্রীয় সরকারের পলিসি হচ্ছে বাধ্য করা রাজ্যকে মাসুল বাড়াতে। দিল্লিতে একটা রাজনৈতিক পরিবর্তন ঘটেছে, ফলে কেন্দ্র ও রাজ্যের সম্পর্কটা নূতন করে ভাবনা-চিন্তার সময় এসেছে। আরও দু-এক মাস অপেক্ষা করে, দিল্লির সরকারের কাছে প্রস্তাব পাঠানো উচিত, ২।৩ শতাংশ সুদে যেটা আমরা পেতে পারতাম সেটা যেন পাওয়া যায়। পর্ষদের অর্থাভাব আছে, পর্ষদের টাকা-পয়সা বাকি পড়ে আছে। পর্ষদের আয় বাড়ানোর ক্ষেত্রেও প্রশাসনিক গাফিলতি চরম, পর্ষদের অনাদায়ী অর্থের পরিমাণ ক্রমশ বাড়ছে। সেই অনাদায়ী অর্থের পরিমাণ ১৯৯২-৯৩ সালে ছিল ২৫.২৯ কোটি টাকা; ১৯৯৩-৯৪ সালে ছিল ১৬৪.৮৫ কোটি টাকা এবং ১৯৯৪-৯৫ সালে ছিল ১১৬ কোটি ৯৯ লক্ষ টাকা। প্রায় ৩০০ কোটি টাকা অনাদায়ী থেকে গেছে। আমি সঠিকভাবেই আরেকটি সমস্যার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি, বিদ্যুৎ চুরি, বে-আইনী ব্যবহার, তার চুরি, সরঞ্জাম চুরি। এসব প্রতিরোধে পঞ্চায়েতের ভূমিকা নিশ্চয়ই গুরুত্বপূর্ণ। কিন্তু ভূত যদি সরষের ভেতরই বাসা বাঁধে তবে তা তাড়ানো ওঝার দুঃসাধ্য। দপ্তরের কর্মিদের একাংশের সহযোগিতাতেই এসব কাজ হয়। আমরা দেখতে পাই কর্মচারিদের একাংশ বহু জায়গায় দুর্নীতির সঙ্গে যুক্ত। এটা ইন্টারনাল অ্যাডমিনিস্ট্রেশনের ব্যাপার, এই ব্যাপারে কড়া নজরের ব্যবস্থা না হলে কিন্তু এটা ঠেকানো যাবে না। একটা ভয়াবহ সমস্যার মধ্যে আজকে গ্রামাঞ্চলের মানুষ বাস করছে। বহু ক্ষেত্রেই পঞ্চায়েতের স্থায়ী কমিটির সভায় এস.এস.রা যান না। সর্বশেষে আমার জেলার সম্পর্কে আমি কয়েকটি কথা বলতে চাই। আপনি যে ফিগার দিয়েছেন তাতে দেখা যাচ্ছে মেদিনীপুরে ১০,৪৬৮টি মৌজার মধ্যে ৫৩৮২টি মৌজায় বিদ্যুতায়িত হয়েছে, অর্থাৎ ৫১.৪১ পারসেন্ট বিদ্যুতায়িত হয়েছে। এই রেট লোয়েস্ট ইন ওয়েস্ট বেঙ্গল এই ফিগারটা সঠিক নয়। এই ফিগারটা সম্পর্কে আমাদের সন্দেহ আছে। কংগ্রেসি জমানায় যে ধরনের হিসাব হত, এখানেও সেই ধরনের হিসাব করা হয়। কোনও একটা মৌজায় একটা খুঁটি পোঁতা হয়েছে, তারও যায়নি বলা হচ্ছে সেই মৌজা বিদ্যুতায়িত হয়ে গেল। এই

ধরনের জিনিসগুলো যাতে না হয়, যাতে সঠিক তথ্যটা বেরিয়ে আসে সেটা দেখবেন। ইনটেনসিফিকেশন স্কীমে আমরা দেখছি ২৬০০টি মৌজার ক্ষেত্রে আমাদের বৃহত্তম জেলা মেদিনীপুর জেলায় মাত্র ৮০টি মৌজায় কাজ হয়েছে। আমাদের জেলার বিষয়ে বলতে চাই, আমাদের জেলায় যে ট্রান্সমিশন লাইন আছে তা থেকে আমাদের জেলায় বিদ্যুৎ পাওয়া যেতে পারে ২৪৪ মেগাওয়াট, কিন্তু পিক আওয়ারে কঞ্জাম্পশন বেশি হয়, ওখানে একটি নতুন সাব-স্টেশন অপরিহার্য হয়ে দাঁড়িয়েছে। জেলায় বিদ্যুৎ সরবরাহ সুষ্ঠভাবে করার জন্য ১৩টি ৩৩।১১ কে.ভি-র সাব-স্টেশন অনুমোদিত হয়েছে। কাজ যাতে না আটকে যায় তারজন্য পঞ্চায়েত নিজের টাকায় জমি কিনছে। কিন্তু আপনার দপ্তরের পক্ষ থেকে কাজ খুব একটা এগোচ্ছে না। জানিনা অর্থাভাব আছে কিনা, ইনফ্রাস্ট্রাকচারের অভাব আছে কিনা। আপনার দপ্তরে নানান কাজে নানান লোক যুক্ত থাকে। কেউ রেভিনিউ আদায় করেন, কেউ রক্ষণাবেক্ষণ করেন, কেউ নতুন বৈদ্যুতিকরণ করেন, কেউ ট্রান্সফর্মার বদলায়, সব পৃথক পৃথক অফিসে হয়। কিন্তু গ্রামের মানুষ বিপদে দিশেহারা। ব্লক লেভেলে ওয়ান অ্যাডমিনিস্ট্রেশান-এর বিষয়টি বিবেচনা করা দরকার। আমি আশা করব আপনি এই বিষয়গুলো বিবেচনা করবেন। আরেকটা কথা বলে আমি শেষ করব উত্তরবঙ্গে বন্যা হচ্ছে, কিন্তু দক্ষিণ বঙ্গে আগামি বোরো চাষের সময়, অন্তত বিদ্যুৎ সরবরাহের যেন ত্রুটি বিচ্যুতি যেন না হয়, সেদিকটাও দেখতে হবে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আকবর আলি খন্দেকার** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, সেই বাজেটের বিরোধিতা করে, আমার দলের পক্ষ থেকে যে কাটমোশন আনা হয়েছে, তাকে সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে বইটা আমাদের কাছে দিয়েছেন, সেই বইয়ের শেষ পাতায় একটা জায়গায় লেখা আছে যে, হুগলিতে ১৯৮১ সালে লোকগণনা অনুযায়ী বসতিপূর্ণ মোট মৌজার সংখ্যা এক হাজার আটশ নিরানব্বই এবং ৩১.৩.৯৬ পর্যন্ত মোট বৈদ্যুতিকরণ হয়েছে এক হাজার আটশ আটানব্বইটা এবং বৈদ্যুতিকরণের শতকরা হিসাব নিরানব্বই ভাগ। যদি এই বইটার সংখ্যার হিসাব ধরি, তাহলে এই বাজেট পেশ করে কি লাভ। এত কোটি কোটি টাকা খরচ করে কি লাভ। তার মানে হুগলির সমস্ত গ্রামে মৌজায় মৌজায় বিদ্যুৎ পৌঁছে গেল। আমি কোনও তথ্য বা সংখ্যায় যেতে চাই না। তবে আমি চন্ডিতলা বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি। সেই গ্রামের কোনও বাড়িতে যখন যাই, 'চাষিরা নিশ্চয়ই আমার মতো বিধানসভায় আসবে না', তখন কিন্তু সেই মানুষরা আমার কাছেই কৈফিয়ত চাইবে। যখনই যাই তখনই বলে যে তাদের ঘরে কবে বিদ্যুৎ আসবে। তাদের ছেলে লণ্ঠনের আলো ছেড়ে কবে বিদ্যুতের আলোয় পড়তে পারবে বা ধান বীজ বপন করে ভালো ফসল ফলাবার জন্য কবে বিদ্যুতের পাম্প বসিয়ে জল আসবে ইত্যাদি ইত্যাদি। কিন্তু এটাই আমরা দেখতে পাচ্ছি না। তাহলে এই পরিসংখ্যান দিয়ে লাভ কি? আজকে কলকাতা শহরগুলিতে বা সংবাদপত্রে দেখতে পাচ্ছি যে, কলকাতার মানুষ ভালো আছে। কিন্তু গ্রামবাংলার অবস্থা কি? একটা কথা আছে যে, ঘর পোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে ডরায়। ঠিক তেমনই আকাশে মেঘ উঠলেই গ্রামের লোকাল অফিস ইলেকট্রিক অফ করে দেয়। কারণ ঝড় বৃষ্টি হলেই তার কানেকশন কেটে যায়। আমি জানি না বহু বিধায়কই এই কথা বিদ্যুৎমন্ত্রীর কাছে বলেছেন কিনা? এটাই হচ্ছে বাস্তব ঘটনা। আজকে শহরের বিদ্যুতের অবস্থা ভালো। কিন্তু

গ্রামবাংলার মানুষ কেমন করে আছে? এগুলি আমাদের চিন্তা করতে হবে। আমাদের মাননীয় মন্ত্রী সারা পশ্চিমবাংলায় মৌ করছেন, কিন্তু আমাদের ওখানের বহু কারখানার মালিক বলেন যে, 'বিদ্যুতের ব্যবস্থা নেই, কাজ করতে পারছি না।' আবার দেখতে পাচ্ছি যে, কিছু কারখানার মালিক গোপনে ষড়যন্ত্র করে মৌ কিনে কানেকশন না নিয়ে বিদ্যুৎ নিয়ে নিয়েছে। তার ফলে বিদ্যুতের অবনতি ঘটছে এবং এলাকার মানুষ বিদ্যুৎ পাচ্ছে না। তারপর বহু এলাকায় লাইট পোস্ট লাগানো আছে, কিন্তু তার নেই। যেমন চন্ডিতলা বিধানসভা কেন্দ্রে গঙ্গাধরপুর অঞ্চলে পোস্ট লাগানো আছে, কিন্তু তার নেই, বিদ্যুৎ নেই। আর একটা ব্যাপারে আসছি। সেটা হচ্ছে লো ভোল্টেজ। দপ দপ করে একশো ওয়াটের বাল্বগুলি জ্বলছে। আজকে এই লো ভোল্টেজের ফলে বহু মানুষ অতিষ্ঠ হয়ে উঠেছে। এখনও বহু গ্রাম আছে যেখানে বিদ্যুৎ পৌঁছায় নি। যেমন হুগলি জেলার চন্ডিতলা বিধানসভা কেন্দ্রের হারাণদিঘি, কানাইঘাটি গ্রামে এখনও বিদ্যুৎ পৌঁছায় নি। নিজের জন্মস্থান খানাকুল থানা—তিনি ওই অঞ্চলের মানুষ- সেখানে পান্থহরি মৌজায় ৪টে লাইট পোস্ট গেছে বংশীবাবু আপনারা মন্ত্রীকে বলবেন সেখানে কোনও গ্রামে বিদ্যুৎ পৌঁছায় নি। কিছুদিন আগে চন্ডিতলা অঞ্চল থেকে বিদ্যুতের তার কেটে নিয়েছে। কাদের চোর তার কেটেছে জানি না। সরকারের বড় বড় মন্ত্রীরা চোর পুষেছেন কিনা জানি না। অথচ প্রাক্তন বিধায়কের বাড়িতে ২৪ ঘন্টার মধ্যে বিদ্যুতের কানেকশন গেল। কালাচরা থেকে তার নিয়ে ২৪ ঘন্টার মধ্যে প্রাক্তন বিধায়ক মলিন ঘোষের বাড়িতে বিদ্যুতের কানেকশন গেল। এদিকে হাজার হাজার গ্রামে বিদ্যুৎ নেই। আমরা ডিস্ট্রিক্ট ইঞ্জিনিয়ারকে বলেছি গ্রামগুলোতে বিদ্যুতের তার লাগানোর ব্যবস্থা করুন, নতুবা আমরা আন্দোলন করব। বলাগড়ে তাপ বিদ্যুৎ প্রকল্প তৈরি করেছেন, কিন্তু সেখানে সি.পি.এমের বড় আখড়া তৈরি হয়েছে। সেখানে যাদের জমি ছিল সেই জমির পাট্টাদাররা জমির মূল্য পাচ্ছেন না। অনেককে তাদের জমি থেকে মেরে বের করে দেওয়া হয়েছে। আমরা ডি.এমের সঙ্গে এ ব্যাপারে মিটিং করেছিলাম। তিনি বলেছেন দেখব। এই সমস্ত কারণে এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের দলের কাট মোশনকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শিবপ্রসাদ দোলুই :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন তাকে সমর্থন করছি এবং বিরোধিদের আনা ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি। মাননীয় সদস্যর বক্তৃতা শুনে মনে হল যেন কংগ্রেসের আমলে পশ্চিমবঙ্গে বিদ্যুতের অবস্থা ভাল ছিল। যাইহোক আমি বলার চেষ্টা করছি। কংগ্রেস জমানায় ১০ হাজার ৯শো ৮১টি মৌজায় অর্থাৎ ২৮ পারসেন্ট গ্রামে বিদ্যুৎ পৌঁছেছিল। কিন্তু ১৯৭৭ সালের পর থেকে ১৯৯৬ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের আমলে ২৯ হাজার ১১৬টি মৌজায় অর্থাৎ ৭৬.৫ পারসেন্ট গ্রামে বিদ্যুৎ গেছে। বর্তমানে পশ্চিমবঙ্গে পাম্পসেট ১৬ হাজার থেকে এক লক্ষে পৌঁছে গেছে। কংগ্রেস আমলে কুটির জ্যোতি, লোকদীপের কথা কল্পনা করা যেত না। এর মাধ্যমে ৭০ হাজার গরিব মানুষের ঘরে বিদ্যুৎ গেছে। কংগ্রেস আমলে মানুষ খাদ্যের জন্য আন্দোলন করত, আর এখন মানুষ বিদ্যুতের' জন্য আন্দোলন করছে। গ্রাহকের সংখ্যা ১৯৯৪ সালে ছিল ১৫ লক্ষ, এখন সেটা ৩৫ লক্ষের বেশি হয়েছে। কংগ্রেস আমলে বিদ্যুতের উপর নজর দেওয়া হয় নি। বর্তমানে ৮০০ মেগাওয়াট ইউনিটের উপর বিদ্যুৎ উৎপাদন বেড়েছে। গত ৫ বছরে বিদ্যুৎ উৎপাদন ৬ হাজার মেগাওয়াট

ইউনিট থেকে বেড়ে ১৪ হাজার মেগাওয়াট ইউনিট হয়েছে। কংগ্রেস আমলে এটা ছিল ২ হাজার মেগাওয়াট ইউনিট। কংগ্রেস আমলে প্রতিনিয়ত বিদ্যুতের সমস্যা ছিল। বর্তমানে পশ্চিমবঙ্গের উদ্বৃত্ত বিদ্যুৎ ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে দেওয়া যাচ্ছে। আর এখানে লোডশেডিং হয় বিদ্যুতের অভাবের জন্য নয়। এখানে লোডশেডিং হয় কারিগরি ত্রুটির জন্য। মাননীয় মন্ত্রী মহাশয় আরও ৫২০টি গ্রামে বিদ্যুৎ দেওয়ার জন্য চেষ্টা করছেন। আমি যেটা বলতে চাই যে আমরা কোনও গ্রামে একটা-দুটো আলো জ্বললে বৈদ্যুতিকিকরণ হয়ে গেছে বলিনা, কিন্তু কংগ্রেসিরা তাদের আমলে কোনও গ্রামে একটা-দুটো আলো জ্বললে বৈদ্যুতিকরণ হয়ে গেছে বলত। তাদের সেই ব্যর্থতা, অপদার্থতা আমাদের ঘাড়ে এসে চেপেছে। কংগ্রেসি আমলে কোনও গ্রাম কোনও মৌজায় বিদ্যুৎ পৌঁছানোর জন্য তারা কোনও উদ্যোগ নেয় নি। তাই আমি মনে করি, কংগ্রেস যে পথে চলেছে, সেই পথে চললে আমাদের হবে না, সেই পথে নয়, উন্নতির পথে আমাদের হাঁটতে হবে। তাই আমি আমাদের মন্ত্রীর আনা বাজেট বরাদ্দকে সমর্থন করে এবং বিরোধিদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গৌতম চক্রবর্তী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় ৬৯ নং দাবির অধীন পাওয়ারের যে বাজেট পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের কংগ্রেস দল যে সমস্ত কাট মোশন এনেছে তার সমর্থনে আমার বক্তব্য রাখছি। আশা করেছিলাম, মন্ত্রী মহাশয় যখন বাজেটের বইটি দেবেন, তারসঙ্গে বিভিন্ন রাজ্যে কি হয়েছে এবং পশ্চিমবাংলায় কি হয়েছে, এটার একটা কম্পারেটিভ স্টেটমেন্ট দেবেন। কিন্তু তিনি তা না করে শুধু মাত্র সদস্যদের কাছে একটা রোজি পিকচার তুলে যেন তার দায়িত্ব শেষ করলেন এবং মাননীয় সদস্যদের বিভ্রান্ত করার, মানুষকে বিভ্রান্ত করার অপচেষ্টা করেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি এবং নিন্দা করছি। প্রথমেই বলে রাখি যে, সারা ভারতবর্ষে ৮০ শতাংশ মানুষ বিদ্যুৎ ভোগ করছে, আর, আমাদের এই বিরাট প্রগতিশীল পশ্চিমবঙ্গের মাত্র ৬০ ভাগ মানুষ বিদ্যুৎ পাচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় মাননীয় সদস্যদের বলেছেন ৭৯ পারসেন্ট মৌজায় ইলেকট্রিফিকেশন হয়ে গেছে পশ্চিমবঙ্গে। আমি তীব্র বিরোধিতা করে বলছি, মন্ত্রী মহাশয় যদি মনে করে থাকেন যে, শুধু মাত্র একটা পোল দিলেই সেই মৌজায় বা সেই গ্রামে ইলেকট্রিফিকেশন হয়ে গেল, তাহলে বলব উনি মূর্খের স্বর্গে বাস করছেন। মন্ত্রী মহাশয়কে আমি বিনয়ের সাথে অনুরোধ করছি, দয়া করে ৭২ থেকে ৭৭ সালের বাজেটগুলো দেখুন। আমরা, কংগ্রেস সেদিন বিরোধী দলে ছিলাম না, সরকারেই ছিলাম, তখনও আমরা সমালোচনা করেছিলাম তদানিন্তন পাওয়ার মন্ত্রীর। বলেছিলাম, বিধানসভায় বলার জন্য আপনার অফিসাররা যে স্টেটমেন্ট তৈরি করে দেন, তারমধ্যে সমস্ত কিছু অসত্যে ভরা থাকে।। আপনি এখানে যে সমস্ত বক্তব্য রেখেছেন তা গ্রামবাংলায় না ঘুরে শুধুমাত্র আপনার বেতনভুক কর্মচারিরা যে স্টেটমেন্ট দিয়েছেন, তার উপরই বেস করে মাননীয় সদস্যদের কাছে আপনার বক্তব্য পেশ করার চেষ্টা করেছেন।

পার ক্যাপিটা বিদ্যুৎ কঞ্জাম্পশনের ক্ষেত্রে বলতে চাই, পশ্চিমবাংলার বুকে কয়েকটা বিশেষ জেলায়, বিশেষ বিশেষ মন্ত্রী দীর্ঘদিন ধরে, ১৯ বছর ধরে ক্ষমতায় থেকেছেন। তারফলে দেখতে পাই, সারা পশ্চিমবঙ্গে যেখানে ৯,০৫১ মিলিয়ন কে.ডব্লু.এইচ. টোটাল কঞ্জাম্পশন,

সেখানে হাওড়া, হুগলি, দুই ২৪ পরগনা ও কলকাতা কঞ্জাম্পশন হচ্ছে ৫,৬১৬.১ মিলিয়ন কে.ডব্লু.এইচ. বর্ধমান ১,৮১৮.৭ মিলিয়ন কে.ডব্লু.এইচ.। অর্থাৎ ৭,৪৩৪.২ মিলিয়ন কে.ডব্লু.এইচ. ভোগ করছে বর্ধমান, হাওড়া, হুগলি, কলকাতা ছাড়া টোটাল ১৬১৬-২। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডিসপ্যারিটি কতদিন চলতে পারে? শুধু মাত্র হাওড়া, হুগলি, কলকাতা, বর্ধমানের মানুষ দিনের পর দিন তারা বিদ্যুৎ পাবে আর উত্তরবাংলার এবং বীরভূম নদীয়ার মানুষ হাহাকার করবে এটা হতে পারেনা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি উত্তরবাংলার একজন বিধানসভার সদস্য নির্বাচিত হয়ে এসেছি। উত্তরবাংলার ছটা এলাকায় ১৭.৪ ভাগ মানুষ আছে। সেখানে বিদ্যুৎ পাচ্ছে মাত্র ৪.৬ শতাংশ মানুষ। এই ডিসপ্যারিটি কি চলতে পারে? এটা চলতে পারেনা! আজকে যখন উত্তরাখন্ডের দাবি করা হয়, তখন আপনারা তাদের দোষারোপের চেষ্টা করেন। বলেন, পশ্চিমবঙ্গকে ভাগ করার চেষ্টা করছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিনীতভাবে মাননীয় মন্ত্রীর কাছে এই প্রশ্ন করতে চাই, যখন একটার পর একটা তাপ বিদ্যুৎ প্রকল্প দক্ষিণ-বাংলায় হয় তখন কেন একটাও তাপ বিদ্যুৎ প্রকল্প উত্তর-বঙ্গে হয়না? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৭২ সালে তিস্তা প্রকল্প নেওয়া হয়েছে, কংগ্রেস আমলে। দীর্ঘ ২০ বছর হয়ে গেল আজ পর্যন্ত তিস্তা প্রকল্প থেকে বিদ্যুৎ পাওয়া গেল না। মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, তিস্তা প্রকল্প কবে কমপ্লিট হবে? কবে পাওয়ার কঞ্জাম্পশন হবে? অথচ একটার পর একাট জল-বিদ্যুৎ দক্ষিণবঙ্গে হয়ে যাচ্ছে। এই ডিসপ্যারিটি আর কতদিন পর্যন্ত চলবে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, তৎকালীন পাওয়ার মিনিস্টার গনিখান চৌধুরি মহাশয় তখন ছিলেন। তখন ২৭ পারসেন্ট পশ্চিমবাংলায় ছিল সেখানে ৫১ পারসেন্ট ইলেকট্রিফায়েড হয়েছে। তিনি পশ্চিমবাংলায় বেকার যুবকদের কাজের সংস্থান করেছেন। তাই স্যার, এই ব্যায়-বরাদ্দের বিরোধিতা করে এবং কাট-মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুৎমন্ত্রী মহাশয় ১৯৯৬-৯৭ সালের সরকারের বাজেটের বিরোধিতা করে এবং কংগ্রেসের প্রতিটি কাটমোশনের সমর্থন করে বক্তব্য রাখছি। গতকাল সংবাদপত্রে দেখলাম, জাপানি সংস্থা ও.ই.সি.এফ-এর সঙ্গে কালো-চুক্তি করেছেন এই সরকার। এই কালো-চুক্তির ফলে দরিদ্র মানুষের, অনুন্নত মানুষের প্রচন্ড ক্ষতি হবে। এই সভায় মেনশন করার সময় সদস্যারা চিৎকার করে থাকেন যে, গ্রামে-গঞ্জে বিদ্যুতের অভাব, সেখানে বিদ্যুৎ পৌঁছোচ্ছে না, বিদ্যুতের দাম বাড়ছে, ইত্যাদি। আমি আশ্চর্য হয়ে যাই, সি.ই.এস.সি. যখন ১৫ শতাংশ বিদ্যুতের দাম বাড়িয়ে দিল তখন কিন্তু আপনারা কোনও চিৎকার করলেন না। কোনও প্রতিবাদ করলেন না। পর্ষদ দিনের পর দিন দাম বাড়িয়ে যাচ্ছে। এর একটা বিহিত করা দরকার বলে আমি মনে করি। এই সরকার বলছেন, গ্রামে-গঞ্জে কাজ করতে পারেন নি কারণ আর.ই.সি. টাকা দেয়নি এবং মন্ত্রী বলেছেন, এবছর তিনটে প্রকল্পে ২৯-টা সংযোগ করার চেষ্টা করছেন এবং আর.ই.সি. টাকা দিয়েছে। আমার বক্তব্য, গত বছর টাকা দিল না, এবছর টাকা দিচ্ছে এর কারণ কি? গ্রামে-গঞ্জে দেখা যাচ্ছে আমাদের মন্ত্রিত্বে থাকাকালীন অবস্থায় বিদ্যুতের প্রসার হয়েছিল এটা আপনারা স্বীকার করবেন কিনা জানিনা। রাজ্য সরকার অনেক প্রকল্পের কথা বলছেন, কিন্তু সরকারের নিজস্ব প্রকল্প তৈরি করতে পারছেন না।

এই সরকার অন্য সংস্থা তৈরি করতে পারেন নি। আজকে ব্যান্ডেল ও সাঁওতাল তাপ বিদ্যুৎ কেন্দ্রের কি অবস্থা দাঁড়িয়েছে। দক্ষতার অভাবে টাকা পয়সা সব নষ্ট হচ্ছে। আমার এলাকায় পুজালি তাপবিদ্যুৎ কেন্দ্র এই মার্চে চালু হওয়ার কথা ছিল কিন্তু চালু হওয়ায় এই প্রজেক্টে খরচ বেড়ে যাচ্ছে। এবং এই বাড়তি টাকাটা সাধারণ গ্রাহকদের উ চাপবে। আপনারা সরকার দলের বলে যা ইচ্ছা বলবেন, চিৎকার করছেন এটা ঠিক ন আপনারা বলছেন কাজ করার চেষ্টা করছেন, কিন্তু মনে হয় না আপনারা কাজ করার চে করছেন। মন্ত্রী মহাশয় বলছেন ২০ বছরে কিছুটা স্থায়িত্ব এনেছেন, তাহলে বাকিটা আন আর কত বছর লাগবে? আপনারা আবার বলছেন বেসরকারি হাতে দিয়ে দেব। সরক করতে পারছে না, বেসরকারী হাতে দিয়ে দেবেন, এটা বন্ধ হওয়ার দরকার বলে আমি ম করি। আপনারা বলেন টাকার অভাবে কাজ করতে পারছেন না। আমি আপনাদের টাক হিসাব দিচ্ছি, ১৯৯২-৯৩ সালে আপনারা পেয়েছেন ১৭৪ কোটি টাকা, আর খরচ করে ১৪৭ কোটি টাকা, ১৯৯৩-৯৪ সালে আপনারা পেয়েছেন ১৭২ কোটি টাকা, আর খ করেছেন ১২৭ কোটি টাকা, ১৯৯৪-৯৫ সালে আপনারা পেয়েছেন ২৬৪ কোটি টাকা, ও খরচ করেছেন ১৮৫ কোটি টাকা। তাহলে আপনারা কেন বলছেন টাকা নেই? ( টাকা রিটার্ন গেল? তাহলে কি আমরা মনে করব এই পাওয়া টাকা খরচ করার ক্ষম আপনাদের নেই। ২৩ পারসেন্ট গ্রাম অন্ধকার, কোনও কাজ হয়নি। অনেক টাকা পেয়েছিল আমরা যখন গ্রামে গঞ্জে যাই, তখন দলমত নির্বিশেষে প্রত্যেক মানুষের কাছে আমা এইসব কথা শুনতে হয়। বিদ্যুতের প্রয়োজন সবার। বিদ্যুতের অভাবে লেখাপড়া হচ্ছে হাসপাতাল চালানো যাচ্ছে না, হাসপাতালে রোগির অপারেশন হচ্ছে না। এক কথায় বল গেলে বিদ্যুতের জন্য সব ব্যাপারেই ক্ষতি হচ্ছে। এরজন্য সরকারকে বলিষ্ঠ পদক্ষেপে এগি যেতে হবে। মাননীয় মন্ত্রী শঙ্কর সেন নিজেকে একজন বড় প্রযুক্তিবীদ, বৈজ্ঞানিক বলে ম করেন, কিন্তু তিনি ভালো কাজ করতে পারছেন না। কারণ আগের মন্ত্রী প্রবীর সেনগুপ্ত করে গেছেন। তিনি শুধুই দলবাজি করে গেছেন, রাজনীতির আখড়ায় পরিণত করে গেছে প্রত্যেকের যেমন টাকা-পয়সার দরকার, শিক্ষার দরকার, সেইরকম ভাবেই বিদ্যুতেরও দর আছে। ডি.ভি.সি., এন.টি.পি.সির কাছ থেকে আমাদের বিদ্যুৎ ক্রয় করতে হয়, তার ম কেন্দ্রীয় সরকারের উপরেই রাজ্য সরকারকে নির্ভর করতে হয়। তাহলে এখানে রাজ্য সরকা ভূমিকা কি? সেইজন্য বলছি বক্রেশ্বরে কোনও প্রকল্প তৈরি হবে না। প্রকল্প করার ব সকলকে এগিয়ে আসতে হবে। আগে গ্রামীণ বৈদ্যুতিকরণ সমিতি ছিল, দক্ষিণ ২৪ পরগন বীরভূমে, এখন সেগুলি লাটে উঠেছে।

**শ্রী প্রবোধ পুরকাইত ঃ** মিঃ চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রী যে বাজেট পেশ করে আমি তার বিরোধিতা করি এবং মাননীয় সদস্য শ্রী দেবপ্রসাদ সরকার যে ছাঁটাই প্র দিয়েছেন তাকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। আমি সর্ব প্রথম যে কথাটা বল চাই সেটা হচ্ছে, এই বামফ্রন্ট সরকার যেভাবে গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ করছে তা অ শম্বুক গতিতে চলছে এবং সেটা খুবই উল্লেখযোগ্য নয়। যারা গ্রাম বাংলার লোক তারা সকলেই জানে। এই সরকার বলছেন, বিদ্যুতের চাহিদা বাড়ছে, কিন্তু সেই চাহিদা অনুস বিদ্যুৎ পৌঁছে দিতে পারছেন না বিশেষ করে সাধারণ মানুষের কাছে। এরফলে বিশেষ ক

গ্রাম বাংলা সমস্তই অন্ধকারে আছে। এই বিধানসভায় এই বিষয়ের উপর যে সাবজেক্ট কমিটি সেই সাবজেক্ট কমিটি যে চিত্রটি তুলে ধরেছেন সেটা বামফ্রন্টের কৃতিত্ব কালিমা লেপন করেছেন এবং এটাই বাস্তব সত্য। মাননীয় মন্ত্রী মহাশয় দাবি করেছেন গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ দ্রুত চলছে, গ্রামের তফসিলি জাতি এবং তফসিলি সম্প্রদায় ভুক্ত মানুষের কাছে তিনি বিদ্যুৎ পৌঁছে দেবার প্রতিশ্রুতি দিয়েছেন। কিন্তু বিদ্যুৎ বিষয়ে সাবজেক্ট কমিটি বলছেন, যেভাবে গ্রামে বৈদ্যুতিকরণের কাজ চলছে তাতে দেখা যাবে আগামি ২২ বছরেও গ্রামে বিদ্যুৎ পৌঁছাবে না। এটা সাবজেক্ট কমিটির মন্তব্য। এই কমিটি আরও মন্তব্য করেছেন, কোনও মৌজায় বা কোনও একটি গ্রামে পোস্ট পুঁতে দেওয়া হয়েছে। সেই পোস্ট দেখিয়ে বলা হয়েছে, ঐ মৌজায় বৈদ্যুতিকরণ করা হয়েছে। সাবজেক্ট কমিটি এই ব্যাপারে যে মন্তব্য করেছেন সেটা কি মাননীয় মন্ত্রী মহাশয় খতিয়ে দেখেছেন? সাবজেক্ট কমিটি এই বিষয়ে যে চিত্রটি তুলে ধরেছেন তা দূর করবার জন্য মন্ত্রী মহাশয় কি পদক্ষেপ নিয়েছেন? এমন অনেক ব্লক বা থানা আছে আমরা যারা গ্রাম এলাকা থেকে নির্বাচিত সদস্য হয়ে এসেছি আমরা দেখেছি, বিশেষ করে আমার কুলতলি বিধানসভা কেন্দ্রে বিদ্যুৎ বলতে কিছু নেই। কোনও গ্রামে আজও বিদ্যুৎ পৌঁছায়নি ১০ বছরে। কয়েকটি জায়গায় কয়েকটি মৌজার উপর দিয়ে কুলতলি ব্লক অফিসের কাছে সেখানে পোস্ট পর্যন্ত গিয়েছিল, কিন্তু সেখানে কোনও বিদ্যুৎ সংযোগ বা তার দেওয়া হয়নি। এই অবস্থায় পড়ে আছে। এই যদি চিত্র হয়, তাহলে বামফ্রন্ট সরকারের গ্রাম বাংলায় বৈদ্যুতিকরণের কাজ কিভাবে অব্যাহত গতিতে এগিয়ে যাচ্ছে তা বোঝা যাচ্ছে। এক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে পজিটিভ পদক্ষেপ গ্রহণ করুন। বিশেষ করে অগ্রাধিকারের ভিত্তিতে ব্লক বা থানাগুলিতে যেখানে যেখানে এখনও বিদ্যুৎ যায়নি সেইসব ক্ষেত্রে কর্মসূচি গ্রহণ করা দরকার। অপরদিকে আর একটি কথা বলতে চাই, পরিবেশ দুষণের কথা আপনি বলেছেন। যে সমস্ত থারমাল প্ল্যান্ট আছে, সেই সমস্ত থারমাল প্ল্যান্টের আশে-পাশে পরিবেশ দুষণ ভয়ঙ্করভাবে হচ্ছে। আপনার কোলাঘাট থারমাল পাওয়ার প্ল্যান্টে যে ছাই জমছে সেই ছাই থারমাল প্ল্যান্টের ১০ কিলোমিটার ব্যাসার্ধে বা চারিদিকে ছাই ছড়িয়ে পড়ছে। সেই ছাই সরিয়ে যেখানে সেখানে ফেলা হচ্ছে যেখানে নদী আছে, বিল আছে বা নালা আছে, এমন কি রেললাইনের পাশে যে জল নিকাশি ব্যবস্থা আছে সেখানেও ফেলা হচ্ছে। এরফলে জল-নিকাশি ব্যবস্থা বন্ধ হয়ে যাচ্ছে বৃষ্টির সময়ে সেই ছাই গিয়ে পড়ছে পুকুরে। এরফলে আশে-পাশের পরিবেশ দুষিত হয়ে পড়ছে। আপনি এরজন্য কি ব্যবস্থা নিয়েছেন? ছাই নিয়ন্ত্রণ করবার জন্য যে যন্ত্র বসাবার কথা, আপনি সেই পদক্ষেপ নিতে পারেননি। এইজন্য ভয়ঙ্করভাবে পরিবেশ দূষণ হচ্ছে সুপ্রিম কোর্ট এই সম্পর্কে নির্দেশ দিয়েছেন। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, পরিবেশ দুষণ যাতে না হয় তারজন্য আপনি থারমাল পাওয়ার প্ল্যান্টে ব্যবস্থা নিন। আর একটি প্রশ্ন আমার আছে, সেটা হচ্ছে, বিদ্যুতের ক্ষেত্রে আপনি মাসুল বৃদ্ধি করছেন এবং সেটা অত্যন্ত লজ্জাজনক শর্তে। জাপানের ওভারসীজ ইকনমিক কর্পোরেশন ফান্ড থেকে ৭০০ কোটি টাকা অত্যন্ত লজ্জাজনক শর্তে নিচ্ছেন এবং তারজন্য ১২ থেকে ১৫ পারসেন্ট মাসুল বৃদ্ধির শর্ত মেনে নিয়ে করছেন। এর অনিবার্য পরিণতি হবে যারা গ্রাহক, তাদের দায়িত্ব বহন করতে হবে। অথচ কেন্দ্রের যে শিল্প নীতি তার আপনারা বিরোধিতা করেন, আবার এই জিনিসগুলি গ্রহণ করছেন, বহুজাতিক সংস্থার কাছ থেকে এই সমস্ত চুক্তি করে টাকা নিচ্ছেন

বিদ্যুৎ চুরি যে হচ্ছে, এই বিদ্যুৎ চুরি হওয়ার ক্ষেত্রে হুকিং, ট্যাপিং এর ঘটনা অত্যন্ত উল্লেখযোগ্য হলেও, তার চেয়ে বেশি চুরি এমন কতকগুলো শিল্প সংস্থা, যে শিল্প সংস্থাগুলোর বিদ্যুৎ চুরি ধরার জন্য কোনও নজরদারি ব্যবস্থা আপনাদের নেই। যারফলে এইসব অসাধু শিল্প সংস্থাগুলো বিদ্যুৎ চুরি করছে। অথচ তাদের আপনারা বলছেন সস্তায় বিদ্যুৎ দেবেন। আর একটি বিষয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, আপনি গ্রামীণ বৈদ্যুতিকরণের বিষয়টি বিবেচনা করবেন। এই বলে দেবপ্রসাদ বাবুর আনা ছাঁটাই প্রস্তাবকে সমর্থন জানিয়ে এবং এই বাজেটকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ডঃ শঙ্করকুমার সেন ১৯৯৬-৯৭ সালের জন্য ৬৯ নং দাবির যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা বলছি। সামগ্রিক ভাবে রাজ্যের বিদ্যুৎ পরিস্থিতিতে কিছুটা স্থায়িত্ব আসায় সমাজের সব শ্রেণীর মানুষের মধ্যে একটা আশার সঞ্চার হয়েছে। আমরা দেখেছি, কংগ্রেসি আমলে কোনও মৌজায় একটা খুঁটি বসিয়ে, ঐ মৌজাটিকে ইলেকট্রিফায়েড বলে ঘোষণা করা হয়েছিল। এইরকম ঘোষণার বঞ্চনা আপনি বহন করেছেন। আপনি প্রকৃতভাবে মানুষের উপকারের কথা ভেবেছেন, আপনার বাজেটে তা লিপিবদ্ধ আছে। আপনার বক্তব্যে আপনি বলেছেন অনাদায়ি কিছু আছে। এটা ঠিকই নানাভাবে কিছু অনাদায় ঘটেছে। আপনি অর্থাভাব এবং অনটনেব মধ্যে দিয়ে চলেছেন। তারমধ্যে দিয়েও আপনাকে ভাবতে হবে গ্রামীণ বৈদ্যুতায়নেব কথা। সর্বাধিক ভাবে গ্রামীণ বৈদ্যুতিকরণের দিকে আপনাকে নজর দিতে হবে। কারণ গ্রামে কেরোসিন তেলের অত্যন্ত অভাব। আজকে নিরক্ষরতা দূরীকরণের ফলে ছেলেমেয়েদের মধ্যে লেখাপড়া করার একটা জোয়ার এসেছে। কেরোসিনের অভাবে তারা পড়াশুনা করতে পারেনা। সেই জায়গায় যদি বিদ্যুৎ না যায় তাহলে গ্রামের ছেলেমেয়েরা বঞ্চিত হবে, তাদের লেখাপড়ার ক্ষতি হবে। মেদিনীপুর জেলায় নতুন সাব স্টেশন করার কথা বলেছেন, তার কাজও শুরু করেছেন। বাকিগুলোর কাজ যাতে তরান্বিত হয় সেই বিষয়ে দেখবেন। তমলুকের সাবস্টেশনটা অবিলম্বে নির্মাণ করতে হবে। হলদি নদীর উপর টাওয়ারের কাজ অসমাপ্ত হয়ে পড়ে রয়েছে। যে কনট্রাকটররা কাজ করছিল, তারা কাজ ছেড়ে চলে গেছে। মেদিনীপুর জেলার ডি.ই.'র কাছে এই বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, আমার কিছু করার নেই, জেড.এম. এর কাছে গেলে তিনি বলেন আমার কিছু করার নেই। মেম্বারকেও এই বিষয়ে জানিয়েছি, ওখানে এইরকম ভাবে প্রশাসন চলছে। মেদিনীপুর জেলা বিদ্যুতের দিক থেকে এখনও অবহেলিত। আপনি সর্বাধিক গুরুত্ব দিয়ে মেদিনীপুর জেলায় যে বিদ্যুৎ প্রশাসন আছে, তা একেবারে ঘুঘুর বাসা হয়ে দাঁড়িয়েছে, সেই ঘুঘুর বাসা ভেঙে তাকে ঢেলে সাজান। ওখানে সৎ কর্মনিষ্ঠ, একনিষ্ঠ অফিসারদের ডেপিউট করুন। তা নাহলে মেদিনীপুর জেলায় বিদ্যুতের উন্নতি ঘটবে না। তার সঙ্গে সঙ্গে বলি, নরঘাটে বিদ্যুতের তার টাঙানোর পর উড়উড়ি থেকে কোটবাড় পর্যন্ত দবাট মৌজার তার কেটে নেওয়া হল। বিদ্যুতের সংযোগ না থাকার ফলে এই সমস্ত কান্ড ঘটল। আপনাদের অফিসারই তো আপনার সামনে বললেন এক মাসের মধ্যে কাজ শেষ করে দেবেন। কিন্তু সেই কাজ এখনও শেষ হয়নি। রেপাড়ায় সাবস্টেশন অবিলম্বে শেষ করে অবিভক্ত নন্দীগ্রামের প্রতিটি গ্রামকে আলো দেবার ব্যবস্থা করুন। মহিষাদল এক নং ব্লকে বরগোদা, গোদর, রাম ভদ্রপুর এইসব অঞ্চলে শিডিউল

কাস্ট অধ্যুষিত, এই সমস্ত গ্রামগুলোতে এখনও পর্যন্ত আলো যায়নি। দক্ষিণ দামোদর পুরের স্বাস্থ্য কেন্দ্র চোদ্দ, পনেরো বছরেও আলো পেল না। আপুড়ে পল্লিও আলো পেল না। এতদিন ধরে তারা অবহেলিত অবস্থায় রয়েছে। তারফলে ঐ এলাকার মানুষ নির্বাচনের সময় আমাদের ধাক্কা দিয়েছে। মেদিনীপুরে গ্রামীণ বৈদ্যুতায়নের কাজ অনেক পিছিয়ে আছে বলে, এই জিনিস থেকে এই জিনিস হচ্ছে। খেজুরির একটি গ্রামও এখনও পর্যন্ত বিদ্যুতের ছোঁয়া পেল না, যেখানে সত্তর ভাগ তফসিল জাতির বাস। সেখানে আলো জ্বলে নি। খেজুরি, যেখানে ৭০ ভাগ মানুষ তফসিলি সম্প্রদায়ের সেখানকার মানুষরা এখনও বিদ্যুতের আলোর স্পর্শ পায়নি। স্বাধীনতার সময় যে মেদিনীপুর জেলা স্বাধীনতা সংগ্রামে অগ্রণী ভূমিকা নিয়েছিল আজ সেই মেদিনীপুর জেলা বৈদ্যুতিকরণের ব্যাপারে সবচেয়ে পিছিয়ে। আর বাঁকুড়াও বোধ হয় আছে। মাননীয় বিদ্যুৎমন্ত্রীকে এই বিষয়টি বিশেষভাবে বিবেচনা করার জন্য অর্থাৎ মেদিনীপুর জেলাতে বৈদ্যুতিকরণের কাজটা যাতে দ্রুত শেষ হয় তা দেখার জন্য বিশেষভাবে অনুরোধ জানিয়ে, তার বাজেটকে সমর্থন করে শেষ করছি।

**Shri Narbahadur Chettri :** Mr. Chairman. Sir, I come from the area where the first ever hydal project of the country is situated, the Sedvabong Hydal Project, which was inaugurated in 1897 by the then Lt. Governor of Bengal. Now the Sedvabong Hydal Project is closed. Near Sedvabong Hydal Project, there is another Hydal project in the hills — that is Singtom Hydal Project. This is also unfortunately closed. I request the Hon'ble Minister to see that these two hydal projects, Sidvabong and Singtom, which were historic hydal projects in the State, run properly and also request him to do something so that hydal projects function in the hills. Sir, there is another hydal project, the Bijonbari Little Rinchinton Hydal Project and its installed capacity is 2,000 K.W. One of the unit of the Rinchinton Hydal Project is closed unfortunately. Previously, there was a supply line through which water of Dhudhia river came and which was used for this hydal project and about 1 M.W. unit was produced. I request the Hon'ble Minister to see that this line is restored. In regard to Fazi, its installed capacity is 1,200 K.W. Now the power we are getting from Fazi is only about 500 K.W. Rinchinton Hydal Project, we were getting 2,000 K.W. previously, and now we are getting 1,000 K.W. So, all these power projects which were there in the hills and functioned previously are facing a rather grim picture. The Rammam Hydal Project has come after long long interval. Out of 50 M.W. installed capacity only 12.5 M.W. is being produced. Our Hon'ble Chief Minister and Hon'ble Power Minister had gone there. They inaugurated the power project with great funfare. But we are disappointed that this Rammam is not producing sufficient quantum of Power. In Jaldakha, we are getting 20 K.W. power out of 35 K.W. installed capacity.

So this is the overall picture of the Power Department in Darjeeling district. Sir, there are about fifty rivers and small streams wherein we can get about 100 M.W. of power. Out of these fifty rivers only one river has been choosen for producing power i.e. Kalikhola Rambikhola. Out minister had himself gone there to lay the foundation stone of that power project last year. But the initial work is yet to be undertaken by the Power Department. I request the Hon'ble minister to see that the work of Kalikhola Rambikhola is started without any loss of time. So for rural electrification is in the hill is concerned only 10 to 15% of the villages have been covered by rural electrification. Electrification in the industrial areas of Bijonbari, Sukhiapokhri block and Gorubathan block are yet to be traced. Only urban areas comprising some houses and some shops have been electrified. So, I request the Hon'ble minister to see that maximum number of villages are electrified under rural electrification scheme. The Hon'ble minister is aware that we the hill people need more power in view of the climatic condition there. Specially in winter season we do not get enough power in the hills. So I request the Hon'ble minister to do something for the hill people so far as the Power department is concerned. I appreciate our technocrat Hon'ble Power minister because he has brought the Power department into grace. Previously the power situation was worse. He has made the situation bad. So I request him to make the situation good. I am not going to support his budgetary Demand right now. But I am not opposing his Demand too and urge the minister to make the Power situation good so that member like me is compelled to support his budget in the coming years. Thank you.

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় চেয়ারম্যান, স্যার, আমাদের মাননীয় বিদ্যুৎমন্ত্রী ১৯৯৬-৯৭ সালের জন্য যে বাজেট বরাদ্দ উত্থাপন করেছেন, তার প্রতিটি ছত্রের আমি সম্পূর্ণ বিরোধিতা করছি। তিনি প্রথম ছত্রে বলেছেন যে, এই রাজ্যে বিদ্যুৎ পরিস্থিতির কিছুটা স্থায়িত্ব আনা সম্ভব হয়েছে। আমি মন্ত্রী মহাশয়কে বলব যে, এই স্থায়িত্ব হচ্ছে শ্মশানের স্থায়িত্ব। একথা কেন বলছি? আজকে এই স্থায়িত্বের জন্য আপনাকে কিছুটা রেসপনসিবল বলব না, যদি পুরস্কৃত করতে হয় তাহলে সেটা হচ্ছে লেবার ডিপার্টমেন্ট, ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট এবং গ্রামের থিভস অ্যান্ড কমরেডস। আমি একথা কেন বলছি? আজকে এই স্থায়িত্ব আসার কারণ কনজাম্পশন অব পাওয়ার অনেক কমে গেছে। ইন্ডাস্ট্রিয়াল কনজাম্পশন, আপনি লক্ষ্য করুন, আমার কথা বলছি না, ১৯৯১-৯২ সালে যেখানে ৪,৪২৯.৯৩ মিলিয়ন ইউনিট ছিল, সেখানে ১৯৯৪-৯৫ সালে হয়েছে ১,৮১৪.৯৪ মিলিয়ন ইউনিট। অর্থাৎ ইন্ডাস্ট্রিয়াল কনজাম্পশন আজকে অনেক কমে গেছে। শিল্প নেই, শিল্প বন্ধ্যা, শুধু 'মৌ'-তেই সীমাবদ্ধ আছেন। ইউ শ্যুড বি থ্যাঙ্কফুল টু দি ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট অ্যান্ড লেবার ডিপার্টমেন্ট। ডোমেসটিক কনজাম্পশন আপনি নিশ্চয়ই জানেন, আমি রিপিট করছি না। ১৯৯১-৯২ সালে ছিল ২ হাজার ৯১.৬৭ মিলিয়ন ইউনিট, সেখানে ১৯৯৪-৯৫ সালে সেটা বেড়ে গিয়ে হল ১৫ শত মিলিয়ন ইউনিট।

আমি ব্যাঙ্গ করে বললাম যে বেড়ে গেল, কিন্তু এটা আসলে কমে গেল। হোয়াট ইজ দি রিজন? আপনি বলছেন যে গ্রামে আপনি বিদ্যুৎ পৌঁছে দিয়েছেন। কিন্তু বিদ্যুৎ পৌঁছে দেবার পরে ট্রান্সফর্মার চুরি হয়ে যাচ্ছে। শেষ ধন্যবাদ জানাবেন থিভস অ্যান্ড কমরেডদের ট্রান্সফরমার চুরি হয়ে যাচ্ছে বলে। আমি গতকাল চারটি অভিযোগ পেয়েছি দোলগোবিন্দপুর থেকে। দেড় মাস আগে ট্রান্সফর্মার চুরি সম্পর্কে জানানো হয়েছে, কিন্তু কোনও সাড়া পাওয়া যায়নি। ফলে গ্রামগুলো আজকে অন্ধকারে ডুবে রয়েছে। সেজন্য ধন্যবাদ জানানো দরকার ওদের। দু'জন পন্ডিত রয়েছেন বামফ্রন্ট সরকারে। তাদের মধ্যে একজন অসীমকুমার দাশগুপ্ত মহাশয়ের দূরদৃষ্টি বেশি, তাই তিনি ডে বাই ডে পাওয়ার ডিপার্টমেন্টকে ডিক্রিজ করছেন। আজকে ইঞ্জিনিয়ারদের ক্ষমতা কেড়ে নেওয়া হয়েছে, আর.ই.সির ক্ষমতা জেলা পরিষদের হাতে তুলে দেওয়া হয়েছে। আর বক্রেশ্বর ইউনিটে যাদের পরিচালক করেছেন তাদের মধ্যে কো-চেয়ারম্যান যাকে করেছেন তিনি সি.পি.এমের একজন কমরেড যার পাওয়ার সম্বন্ধে কোনও জ্ঞান নেই। তারফলে অটোমেটিকালি ইঞ্জিনিয়াররা ইনসাল্টেড হয়েছেন। এবারের ১৯৯৬-৯৭ এর বাজেটে অসীমবাবু বলেছেন যে, যেহেতু জেনারেটর এবং ইনভার্টরের চাহিদা যথেষ্ট বেড়ে গেছে, তারজন্য জেনারেটর এবং ইনভার্টারের উপর ২ পারসেন্ট কর কমিয়ে দিয়েছেন তিনি। আগামি ১৯৯৭-৯৮ সালের বাজেটে হয়তো দেখব, পশ্চিমবঙ্গে পাওয়ার জেনারেশন এত ফল করেছে যারজন্য আজকের এই ২ পারসেন্ট নয়, সম্পূর্ণ সাবসিডি দিয়ে জেনারেটর এবং ইনভার্টার বিক্রি করছেন। পাওয়ার জেনারেশন সম্পর্কে একথা কেন বলছি? কারণ ১৯৯৪-৯৫ পাওয়ার প্রডাকশন হয়েছিল ১৮,১০০ সামথিং মিলিয়ন ইউনিট, তারপর ১৯৯৫ সালের নভেম্বর মাস পর্যন্ত সেটা ৯,৭৭৯ মিলিয়ন ইউনিট হল। আর্থিক সমীক্ষা, ১৯৯৫-৯৬ তাতে হিসেবটা রয়েছে। ফল ডাউনটা কেন হল? এটা হয়েছে বাল্ক পার্চেজ ফ্রম আউটসাইড স্টেট এর কারণে। আপনি দেখুন, ইকোনোমিক রিভিউতে রয়েছে, ১৯৯৩-৯৪ সালে বাল্ক পার্চেজ করেছেন ৫,৮৭৩.৯৩ মিলিয়ন ইউনিট, ১৯৯৪-৯৫ সালে করেছেন ৬,৭৯৮.৮৫ মিলিয়ন ইউনিট। এবারে রিডিউস করেছেন উপযুক্ত লোকদের, দোজ হু আর ফিট তাদের আপনি সরিয়ে দিয়েছেন। কমরেডদের চাপে উপযুক্ত লোকেরা আর উপযুক্ত জায়গায় নেই। আপনি পন্ডিত লোক, চিন্তা করছেন সিনসিয়ারলি, কিন্তু পলিটিকাল প্রেসারে আপনি নত হয়ে যাচ্ছেন। কিন্তু পলিটিকাল প্রেসারের উর্দ্ধে এই ডিপার্টমেন্টকে রাখুন, কারণ এই ডিপার্টমেন্টের উপর রাজ্যের এগ্রিকালচার, ইন্ডাস্ট্রি এবং হেলথ অফ দি স্টেট সবকিছু নির্ভরশীল। টোটাল ইকোনোমি অফ দি স্টেট ডিপেন্ডস অন দিস ডিপার্টমেন্ট। দিস ইজ দি ব্যাকবোন অফ দি কান্ট্রি। আজকে এই ডিপার্টমেন্ট যদি মেরুদন্ডহীন হয়ে পড়ে তাহলে হোল কান্ট্রি উইল কোল্যাপস। এছাড়া আপনার এই বাজেট ভাষণে আপনি পুরানো জেনারেটিং ইউনিটগুলির মর্ডানাইজেশনের চিন্তা করেছেন কিনা সেটা বোঝা যাচ্ছে না। আজকে হাজার কোটি টাকা জাপান থেকে নিচ্ছেন বক্রেশ্বর নতুন ইউনিট স্থাপন করবার জন্য। এক্ষেত্রে আমার সাজেশন হচ্ছে, স্টপ করুন এটা এবং কমরেডস এবং কন্ট্রাক্টররা যে টাকা পেয়েছে কোটি কোটি টাকা ঐ টাকা নিয়ে ট্রাই টু মেনটেন, ট্রাই টু মর্ডানাইজ ওল্ড ইউনিটস যাতে জেনারেশন ম্যাকসিমাম ইউনিটে গিয়ে পৌঁছাতে পারে। জেনারেশন নিয়ে আমি বিশেষ কিছু বলতে চাই না, কারণ পঙ্কজ ব্যানার্জি জেনারেশনের ব্যাপারে ডিটেলসে বলে গেছেন। তবে জেনারেশন ম্যাকসিমাম লেভেলে পৌঁছাতে পারেনি। আমার সাজেশন হচ্ছে ঋণ নিয়ে ইউনিটগুলির মর্ডানাইজেশনের

*চেষ্টা করুন। বক্রেশ্বর সম্বন্ধে বলি। বক্রেশ্বর ফ্লপ করবে।*

*(গোলমাল)*

প্লিজ লেট মি টু সে। বক্রেশ্বর ড্যাম আপনি করছেন। বক্রেশ্বরের জন্য জলটা হচ্ছে র মেটিরিয়াল। এখানে যে জল লাগবে তারজন্য আপনি ড্যাম তৈরি করছেন। সাইনটিস্টদের বলুন তো, অ্যাজ এ প্রুডেন্ট ম্যান আপনি বলুন তো এখানে যে ড্যাম করছেন সেখান থেকে জল নিয়ে আপনি ৩-৪ মাসের বেশি চালাতে পারবেন কিনা? আপনি বলবেন ময়ূরাক্ষী রিজারভারে জল আছে সেখান থেকে আপনি ৬০।৭০ কিউসেক জল নিয়ে চালাতে পারবেন। কি সর্বনাশ করবেন আপনি বীরভূমের! বীরভূমে নূতন কোনও সেচ প্রকল্পের ব্যবস্থা নেই। এই ময়ূরাক্ষী হাজার হাজার একর জমি কমান্ড এরিয়া আছে। আপনি ৩-৪ মাসের জন্য ড্যাম করছেন, বাকি জল ময়ূরাক্ষী থেকে নেবেন, তাহলে সেচের কি হবে? এই ব্যাপারে আপনার সঙ্গে কি ইরিগেশন ডিপার্টমেন্টের এগ্রিমেন্ট হয়ে গেছে যে ময়ূরাক্ষী থেকে আপনি জল নেবেন? সেইজন্য বলছি বক্রেশ্বর ফ্লপ করবে। বিগত ১৯ বছরে বীরভূমের জন্য নূতন কোনও সেচ প্রকল্প হল না। ময়ূরাক্ষী সেই বিধানচন্দ্র রায়ের আমলে হয়েছে এবং হিংলো সেচ প্রকল্প, তার পরিকল্পনা কংগ্রেস আমলের। এখন নূতন কোনও সেচ প্রকল্পের কোনও পরিকল্পনা নেই। সুতরাং বক্রেশ্বর ফ্লপ করবে, এক ইউনিট বিদ্যুৎও দিতে পারবেন না। সেই সঙ্গে হাজার হাজার একর কমান্ড এরিয়া মার খাবে। আমি জানতে চাই এই বক্রেশ্বর সাইট সিলেকশনটা কে করল? কে আপনাকে বলল যে এটা হচ্ছে উপযুক্ত জায়গা? [illegible] গিভিন ইউ একচুয়াল অ্যাডভাইজ? আমি মন্ত্রী মহাশয়কে বলতে চাই বক্রেশ্বর প্রকল্প [illegible] সর্বনাশ ডেকে আনবে। এখানে ইরিগেটেড যে এরিয়া আছে সেইগুলি মার খাবে। [illegible] এখানকার ক্রপ ডবল হবে ট্রিবিল হবে। আমি মন্ত্রী মহাশয়কে বলব আপনি নূতন জল কোথা থেকে আসবে, একটা ড্যাম করলে কি জলের সমস্যা মেটাতে পারবেন? এই প্রকল্প করার জন্য আপনি লোন নিচ্ছেন। ইউ হ্যাভ টু টেক লোন, লোন নেওয়া [illegible] আপনার ডিপার্টমেন্টের কিছু করার নেই! লোনের অভাবে, টাকার অভাবে আর.ই.সি বন্ধ হয়ে গেছে। আমি একটা বিষয় মাননীয় মন্ত্রীকে বলতে চাই। আমরা এম.এল.এ, জনপ্রতিনিধি, অ্যাজ এ মিনিস্টার আপনি বলুন এই এম.এল.এ-দের কি কাজ। এম.এল.এ-দের একটা গ্রামের একটা খুঁটি দেওয়ার ক্ষমতা আছে, আধ হাত তার দেওয়ার ক্ষমতা আছে? কোন অফিসারের ক্ষমতা আছে, কোনও সুপারিনটেনডিং ইঞ্জিনিয়ার অ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার সেক্রেটারির ক্ষমতা আছে, মন্ত্রীর ক্ষমতা আছে কোনও একটা গ্রামে বিদ্যুতের তার দেওয়ার? যতক্ষণ না পঞ্চায়েত সমিতি রেকমেন্ড করছে, যতক্ষণ না জেলাপরিষদ রেকমেন্ড করছে ততক্ষণ কেউ দিতে পারবে না। হোয়াই ডু উই স্টান্ড? আপনি এম.এল.এদের কাজ দিন, আপনি একটা জেলা অ্যাডভাইসারি কমিটি করুন। আজকে রুর‍্যাল ইলেকট্রিফিকেশনে কি অবস্থা! আই ডু নট ওয়ান্ট টু রিপিট দ্যাট, আজকে রুর‍্যাল ইলেকট্রিফিকেশন ঠিকমতো ভাবে করতে পারছেন না। আজকে ২৭০ কোটি টাকার বেশি ইনক্লুডিং ইনটারেস্ট আজকে ডিউ। আপনার টাকা নেই। পুরানো প্রকল্পগুলি আপনি ঠিকমতো ভাবে মেনটেন করতে পারছেন না, প্রোডাকশন একটা লিমিট হয়ে গেছে, তার বেশি যেতে পারছেন না। আজকে রুর‍্যাল ইলেকট্রিফিকেশন ডিফেকটিভ। রুর‍্যাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশন আপনাকে টাকা দেবে না আজকে আপনি যা গ্রামে কাজ

করেছেন। আপনি গ্রামে চলুন, ডু নট ট্রাই টু কনফাইন ইয়োরসেলফ ইন দি রাইটার্স বিল্ডিং, গ্রামে সাধারণ মানুষের কি অবস্থা দেখুন। নবরী মৌজায় রুর‍্যাল ইলেকট্রিফিকেশনে ইলেকট্রিফায়েড হয়ে গেছে। এই কথা আপনার খাতায় লেখা আছে। আপনি আমার সঙ্গে চলুন, দেখবেন আমি কাউকে ছোট করে বলছি না যেখানে বাবুরা থাকেন সেখানে তাদের বাড়িতে ইলেকট্রিফায়েড হয়েছে কিন্তু যেখানে নবরী মৌজায় আদিবাসীরা থাকে সেই আদিবাসী পাড়ায়, মাল পাড়ায় বাগদি পাড়ায় ইলেকটিফায়েড হয়নি। কিন্তু আপনার ডিপার্টমেন্ট থেকে বলা হয়েছে যে নবরী মৌজায় ইলেকটিফায়েড হয়ে গেছে। সো ইট ইজ ডিফেকটিভ, প্লিজ ট্রাই টু কারেক্ট ইট। আপনার অফিসারদের জিজ্ঞাসা করুন একটা মৌজা ইলেক্ট্রিফায়েড মানে কি সেই মৌজায় সমস্ত পাড়ায় ইলেক্ট্রিফায়েড হবে নাকি একটা স্পেশ্যাল পাড়ায় ইলেক্ট্রিফায়েড হবে। এবারে টোটাল আপনি সাড়ে ১১ কোটি টাকার বেশি বরাদ্দ এনেছেন এবং কিছু উন্নতি করেছেন বলছেন। কিন্তু সেই উন্নতিটা হচ্ছে শ্মশানের শান্তি। তাই সামগ্রিক উন্নতির কথা বিচার করে টোটাল পাওয়ার ডিপার্টমেন্টকে ঢেলে সাজাবার জন্য এম.এল.এ., এম.পি.দের হাতে কিছু ক্ষমতা দেবার ব্যবস্থা করুন। আপনার বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় শঙ্কর সেনের যে বাজেট বরাদ্দ এখানে উপস্থাপিত হয়েছে তাকে সমর্থন করছি। কংগ্রেসের কাট মোশন বলতে কিছুই নেই, যা আছে তা আজে বাজে কথায় ভর্তি। সুতরাং আমি ওগুলোকে সমর্থন করছি না। এখন যেটা প্রশ্ন দাঁড়িয়েছে, বিরোধী পক্ষের নেতা যখন মাননীয় মন্ত্রী মহাশয় অসুস্থ ছিলেন তখন একটা বক্তৃতায় বলেছিলেন যে, সমস্ত ডিপার্টমেন্টের মধ্যে কোনও উন্নতি পরিলক্ষিত হোক বা না হোক, ইলেকট্রিসিটিতে একটা উন্নতি পরিলক্ষিত করা গেছে। কোন জায়গায় ইলেকট্রিক ডিপার্টমেন্টের উন্নয়ন পরিলক্ষিত করা গেছে? ইলেকট্রিসিটি মিনস মডার্ন লাইফ এবং মডার্ন লাইফ মিনস ইলেকট্রিসিটি। এ ছাড়া চিন্তা-ভাবনার কিছু নেই। সেই জায়গায় আমরা পৌঁছেছি। আমরা যদি ভাবি এবং দেখি, বিগত দিনের অবস্থাটা কি ছিল, কোন জায়গা থেকে কি হল যদিও নামটা বলা ঠিক না হয়, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি এটা বাদ দিয়ে দেবেন ডিউরিং দি রেজিম অফ [***] তখন কোলাঘাট বিদ্যুৎ প্রকল্পের টাকা কোথায় গেল?

(এই সময়ে তাপস রায় দাঁড়িয়ে কিছু বলতে চেষ্টা করেন)।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** Tapas Roy please take your seat. You do not know the procedure. যে কোনও মেম্বার সত্য বলতে পারেন, অসত্য বলতে পারেন। তাঁর যা ইচ্ছা বলার অধিকার আছে। আপনি আবার যা ইচ্ছা বলবেন, ওঁরা শুনবেন। ওঁর স্বাধীনতা আছে অন দ্যাট বাজেট ওঁর যা ইচ্ছা বক্তব্য রাখার। ওঁর ইচ্ছা অনুযায়ী উনি বক্তব্য রাখবেন, আপনারা শুনবেন। আবার আপনাদের যে বক্তব্য তা রাখবেন, ওঁরা শুনবেন।

(এই সময়ে তাপস রায় আবার দাঁড়িয়ে কিছু বলতে চেষ্টা করেন)।

Tapas Roy, you are a new member. Please don't argue with me. This is a misconduct of a member. This is misbehaviour of a member. This is misconduct. You are a new member. You listen what I say.

* Expanged as ordered by the Chair.

You do not know the Rules and Procedures. This is that the member... তিনি সত্য বলতে পারেন, তিনি অসত্য বলতে পারেন। আপনি শুনবেন। আপনিও সত্য বলতে পারেন, অসত্য বলতে পারেন। ওরা শুনবেন, জবাব দেবার সময়ে জবাব দেবেন। আপনার যখন সুযোগ আসবে, জবাব দেবেন। ওরা শুনবেন। ওদের যখন সময় আসবে, জবাব দেবেন।

**শ্রী প্রভঞ্জন মন্ডল :** you do not put any objection to your speech. আমিও চাই না, ওরা আমাকে ডিস্টার্ব করুন। আমি যেটা বলছিলাম, নট কোটিং হিজ নেম, ডিউরিং দি রেজিম অফ [***] কোলাঘাট বিদ্যুৎ প্রকল্পের টাকা সরিয়ে নিয়ে আসা হল কোথায়? নিয়ে আসা হল স্টেডিয়াম তৈরি করার জন্য। আমরা যখন বামফ্রন্ট সরকার তৈরি করলাম গরিব মানুষদের আশির্বাদ নিয়ে তখন আমাদের প্রথম থেকেই আমাদের উদ্দেশ্য হল কি করে গ্রামের লোকেদের বিদ্যুৎ দেওয়া যায় এবং সেখানে গরিব মানুষদের ইলেকট্রিফিকেশন দেওয়ার মধ্যে দিয়েই ইট ওয়াজ দি ফিলোজফি অফ দি গভর্নমেন্ট, ইট ওয়াজ দি আইডিয়া অফ দি দেন গভর্নমেন্ট। কত সহজে, কত দ্রুত বিদ্যুৎ পৌঁছে দিতে পারব এটাই ছিল আমাদের বেসিক ফিলোজফি। আমরা সেই দৃষ্টিভঙ্গি নিয়ে চ্যালেঞ্জ গ্রহণ করেছিলাম এবং সেই চ্যালেঞ্জ অ্যাকসেপ্টও করেছিলাম। এবং আমরা সেটা গ্রহণ করার মধ্যে দিয়ে কার্যকর করতেও সক্ষম হয়েছি এবং এই ব্যাপারে আমরা থ্যাংকফুল ফর দি ডায়নমিক পাওয়ার মিনিস্টার। আপনারা যে অবস্থায় কোলাঘাট প্রোজেক্ট ফেলে রেখে গিয়েছিলেন, আজকে সেখান থেকে তাকে রক্ষা করে পাওয়ার জেনারেশন করা গেছে। আমার নেকস্ট পয়েন্ট হচ্ছে যে, পঙ্কজ ব্যানার্জি বললেন যে হুপিং ট্যাপিং খুব বেড়ে গেছে। এই সম্পর্কে আমি বলি প্রিভেনশন ইজ বেটার দ্যান কিওর। আজকে হুপিং ট্যাপিংয়ের প্রবণতা কেন আসছে সেটা দেখতে হবে। আমরা যখন বিদ্যুৎ চাইছি কিন্তু বিদ্যুৎ পাচ্ছি না তখনই হুপিং ট্যাপিংয়ের প্রবণতা আসবেই। এই বিষয়টা মনে রেখেই মাননীয় মন্ত্রী দু লক্ষের বেশি কানেকশান দিয়ে দিয়েছেন। দু'লক্ষের বেশি কানেকশন এক বছরে দেওয়া হয়ে গেল। দু'লক্ষ এবং এই বছরে আরও দু'লক্ষের বেশি কানেকশন আমরা ১০ লক্ষ মানুষকে দিতে পেরেছি সুতরাং এই ১০ লক্ষ লোককে আমরা বিদ্যুতের কভারেজে আনতে পেরেছি। এই ব্যাপারে দেয়ার ইজ নো ডেনিয়াল অফ ফ্যাকটস যে ট্রান্সমিশনের ব্যাপারেও আমাদের দৃষ্টিভঙ্গির অনেকটা উন্নতি করা হয়েছে। গোলমাল যা ছিল তা অনেকটা দূর করা গেছে। ১৯৭২ সালে ট্রান্সমিশনগুলোর যে অবস্থা ছিল তার থেকে অনেক উন্নতি করা গেছে। এরফলে নর্থ বেঙ্গল ইউনির্ভাসিটির থেকে শুরু করে দার্জিলিং শহর অবধি ১৩২ কে.ভি. সাব স্টেশন তৈরি করে লাইন টেনে নিয়ে গেছে। জি এন এল এফ মেম্বাররা কি এই ডেভেলপমেন্ট অস্বীকার করতে পারবেন? এস ইউ সি আই সদস্যরা বিরোধিতা করছেন কিন্তু আপনারা ভাবতে পারেন গোসাবার মতো জায়গায় বায়োগ্যাস থেকে বিদ্যুৎ উৎপাদন করা হচ্ছে। এবং তারজন্য প্রকল্প হাতে নেওয়া হয়েছে? তাছাড়া ডিস্ট্রিবিউশন সিস্টেমের মাধ্যমে দু'লক্ষ প্লাস দু'লক্ষ অর্থাৎ ৪ লক্ষ মানুষের ডেভেলপমেন্টের ব্যবস্থা করা হয়েছে। বীরভূম থেকে আরম্ভ করে মুর্শিদাবাদের প্রত্যন্ত অঞ্চলে ডেভেলপমেন্ট করা গেছে। ডিস্ট্রিবিউশন সিস্টেমের মাধ্যমে ট্রান্সমিশন সিস্টেমে ডেভেলপমেন্ট হয়েছে। এছাড়া

Note : ** Expanged as ordered by the Chair.

১৩২ কে.ভি. সাবস্টেশন করা হয়েছে। লো ভোল্টেজ বাল্ব আগে যে জ্বলত না এখন সেখানে ১৩২ কে.ভি. সাব স্টেশন করার ফলে জ্বলছে। এরথেকে এল.টি. লাইন এক্সটেনশন করা হয়েছে ফর দি উইকার সেকশন অফ দি পিপল। সুনীতি বাবু বললেন যে গ্রামের মানুষের জন্য নাকি কিছু করা হচ্ছে না। ডোম পাড়া বাগদি পাড়ার জন্য কি কিছুই করা হয়নি? আপনারা কি কোনওদিন কুটির জ্যোতি প্রকল্প লোকদীপ প্রকল্প নিয়ে চিন্তা করেছেন? আজকে ওনারা কেন্দ্রীয় সরকার অ্যাসিস্টেন্স দিচ্ছেন বলে বলছেন, আমি বলছি পশ্চিমবঙ্গ তো ভারতেরই মধ্যে, তার বাইরের তো নয়। বীরভূম কি পশ্চিমবঙ্গের বাইরে পশ্চিমবঙ্গের উন্নতি মানে তো বীরভূমেরও উন্নতি। আজকে সিউড়ি নির্ভর করছে কলকাতার উপরে আবার কলকাতা নির্ভর করছে দিল্লির উপরে। আজকে ভারতের উন্নতি মানে তো পশ্চিমবঙ্গেরও উন্নতি এই জিনিসটা তো বুঝতে হবে। আজকে এল.টি. লাইন এক্সটেনশন করা হয়েছে ফর দি উইকার সেকশন অফ দি পিপল। এই ব্যাপারে আমরা জেলা পরিষদ এবং পঞ্চায়েতকে এই সিস্টেমের সঙ্গে যুক্ত করেছি।

**শ্রী নন্দগোপাল ভট্টাচার্য ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমাদের বাজেট বরাদ্দের উপর ১৬ জন বক্তব্য রেখেছেন। আমি প্রত্যাশা করেছিলাম যে বর্তমান সময়ে পশ্চিমবাংলায় ক্ষুদ্র সেচ যে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে সেই দিকে দৃষ্টি রেখে মাননীয় সদস্যরা এই সম্পর্কে সমালোচনা করবেন এবং গঠনমূলক সমালোচনা করবেন। তার সাথে সাথে প্রয়োজন মতো পরামর্শ দেবেন যাতে আগামি দিনে এই কাজকে আরও বিস্তারিত এবং আরও ত্বরান্বিত করা যায় তার জন্য। তারা তাদের মতবাদ মতো বিভিন্ন দৃষ্টিভঙ্গিতে মূল্যবান পরামর্শ দেবেন এই ছিল আমার প্রত্যাশা। কিন্তু দেখলাম একজন বা দুজন ছাড়া কেউই ক্ষুদ্র সেচ সম্পর্কে কোনও আলোচনাই করলেন না। দু-একজন মাননীয় সদস্য আলোচনা করেছেন। আমি বলতে চাই বাজেট বিতর্কে যদি বিতর্কটাই না হল তাহলে জবাবি ভাষণ দেবার ব্যাপারটা খুব ভাল জমে না। এটা আলোচনা হোক, বিতর্ক হোক, এই আলোচনা বিতর্কের মধ্যে দিয়ে আরও কিছু কিছু জায়গা আমরা আরও বেটার রেজাল্ট পেতে পারি, দু-একটা সাজেশনও আসতে পারে। যখন আমরা বজবজের জন্য চিন্তা করছি, বজবজে থার্মাল প্রোজেক্ট-এর জন্য চিন্তা করছি, আপনারা বললেন কি অপরাধ হচ্ছে, বজবজে হলে কি ফলতার ইন্ডাস্ট্রিয়াল জোন বাঁচবে না, ফলতা হলে কি কলকাতার এই ধারগুলি বাঁচবে না, আপনারা বলছেন বজবজে কেন এটা হচ্ছে? বজবজের জন্য যে স্কীম হয়েছিল, প্রোজেক্ট হয়েছিল সেখানে সাধারণ মানুষের একটা প্রতিবন্ধকতা থাকা সত্ত্বেও আমরা বুঝেছিলাম এই প্রোজেক্টটা হলে আপনাদের লাইফ লাইন হয়ে যাবে, এটা আমরা তাদেরকে কনভিন্স করেছিলাম। আপনাদের জীবনের একটা দরজা খুলে যাবে। সেইদিক থেকে বজবজ এগিয়ে চলেছে। বক্রেশ্বর নিয়ে আপনারা ঠাট্টা করছেন, একজন বললেন, বক্রেশ্বর ইজ এ ফ্লপ, আমরা বলছি, Bakreswar is now implementing its generation with the help of Japanese assistance. বক্রেশ্বর ইমপ্লিমেন্ট করছে জাপানিরা, এবং জাপানের সহায়তা নিয়ে আগামি ২।১ বছরের মধ্যে বক্রেশ্বর তার নিজস্ব জায়গায় দাঁড়িয়ে যাবে। আপনারা যেটা বলছেন বক্রেশ্বর ফ্লপ, বক্রেশ্বর উইল বি এ সাকসেসফুল ইউনিট হবে। আমি মনে করি, মাননীয় মন্ত্রী মহাশয়,

এখানে যে প্রস্তাব উত্থাপন করেছেন তাকে সম্পূর্ণরূপে সমর্থন করা যায় এবং কাট মোশন যা এসেছে তাকে সম্পূর্ণরূপে বিরোধিতা করে শেষে বলতে চাই, ওরা প্রতিবন্ধকতা করলেও আমাদের সাহায্য নিয়ে ডিস্ট্রিবিউশন, ট্রান্সমিশন এবং জেনারেশন আমরা করে যাব এবং প্রোজেক্ট সাকসেসফুল হবে, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** স্যার, আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে, অতীতে আপনি রুলিং দিয়েছেন, এই হাউসের যিনি সদস্য নন তার নাম করে কোনও বক্তৃতা করা যাবে না, কিন্তু একটু আগে মাননীয় সদস্য প্রভঞ্জন মন্ডল মহাশয় বললেন, সিদ্ধার্থশঙ্কর রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন পশ্চিমবঙ্গের তখন তিনি কোলাঘাটের তাপ বিদ্যুৎ কেন্দ্রের জন্য বরাদ্দকৃত টাকা কেটে নিয়েছিলেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** সিদ্ধার্থশঙ্কর রায়ের নাম বাদ যাবে।

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সর্বপ্রথমে আপনার মাধ্যমে আমার বিধায়ক বন্ধুরা যে সব আলোচনায় অংশগ্রহণ করেছেন আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি, এইজন্য যে আসল চিত্রটা ফুটে ওঠে, যদিও আমার মাঝে মাঝে মনে হচ্ছিল যে শুধু ইস্টক বর্ষণই পেলাম, কিছু শুভ সংবাদ পেলে আমার যেসব কর্মিরা পশ্চিমবঙ্গে কাজ করছে, সবাইতো অসাধু নয়, সবাই যে নিসকর্মা বা অলস তা নয়, যারা কাজ করছেন তারা একটু উৎসাহিত হতেন আমিও হতাম। সেইজন্য ইটের সঙ্গে কিছু ফুল পেলে ভাল হত। আমি মালা চাই না। এ মণিহার আমার সাজে না। স্যার, আপনার অনুমতি নিয়ে আমি ইংরাজিতে বিধায়ক বন্ধু নরবাহাদুর ছেত্রির প্রশ্নের উত্তর দিতে চাই। উনি যে প্রশ্ন তুলেছেন, সেইগুলি বলি, উনি বাংলাটা বুঝতে পারবেন না। So, Shri Narbahadur Chettri, I am addressing to you, the points which you have raised regarding various small hydro projects, I am glad to inform you that we have got clearance from the Central Government now so that all these can be renovated, all these small hydro projects including Sidrapanth, the first hydro project in West Bengal, we are very proud of it. They can be renovated and we have got the clearance now and Central Government will give us, I think, around 60% of the total fund and the rest will be provided by the State Government. Regarding Rammam-2, Mr. Chettri, your information is probably not up-to-date. Rammam-2 is generating 38 MW regularly. Jaldhaka is closed now. Jaldhaka has some problem. You know, because of heavy rain lot of boulders are coming. down. There are two rivers. So, lot of boulder are coming. We are to keep Jaldhaka shut down for about a week. Previous to that it was generating about 12 MW. Mongpu, Kalikhola and Rambikholla after this rainy season the civil engineering work will start. We have made all the arrangements and in my submission I have mentioned some of the new projects which we have posed before the private parties. The whole idea is that these private parties will generate at a cost which is approved by us, not that at any cost they can generate. So, it is taking

certain time, Power project agreement is required so that electricity cost is not much. So, this is the information but I think, I must say something about Kalimpong, the debacle which has been about 2/3 years back. 166 KV tower had been washed away. Our people are working very hard and I have been told that within 2/3 days some make ship arrangement will be made as we did probably some of my firends will remember that year before last during Alipurduar flood we made some make ship arrangement so that in two days power was restored. In the meantime we have requested the Sikkim Government to give us certain power. They have agreed to give us 2 MW power except 3/4 hours in the evening. Because if they give us 2 MW power in the evening, there will be power shortage in Gangtok. They will give us around 750 KW power during 2/3 hours in the evening and the rest of the day for about 20 hours they will give us 2 MW that we have already made arrangement. In the meantime I expect that the line will be restored. I can mention one thing that my people, engineers, technicians, workers, the shramiks—they are very good for crisis management. Whenever there is a crisis they jump into it. I have seen in Gokarna, you know, during that ravage which was created 3/4 years back in Alipurduar and also in your Kalimpong case, they jumped into action and I hope that something will be done. I am very sorry that I am not a magician. I cannot do anything overnight. So, I beg your pardon for that.....স্যার,আমি বাকিটা বাংলায় বলছি। কারণ বেশিরভাগ ডিসকাশন বাংলায় হয়েছে। আমি প্রথমেই আমাদের যে সাবজেক্ট কমিটি ছিল, সেই সাবজেক্ট কমিটির সদস্যদের ধন্যবাদ জানাতে চাই। তারা অত্যন্ত পরিশ্রম করে একটা রিপোর্ট বার করেছে। রিপোর্টটাতে কোনও জিনিস চাপা হয়নি, কোনও মিথ্যাচারের চেষ্টা তারা করেননি। আমি সব জিনিসটা সোজাসুজি বলতে চেষ্টা করছি। আমরা একই কথা বলেছি গত বছরে, রুর‍্যাল ইলেকট্রিফিকেশনে আমাদের অনেক কাজ ব্যহত হয়েছে এবং আমরা অনেক কাজ করতে পারিনি। জেনারেশন সম্বন্ধে বলি, জেনারেশন সম্বন্ধে আমাদের উদ্বেগ আছে, ট্রান্সমিশন, ও.ই.সি.এফ প্রোজেক্ট সম্বন্ধে উদ্বেগ আছে। বক্রেশ্বরের এক নম্বর এবং দুই নম্বর ইউনিটের কাজ আমরা শুরু করছি। তাই আমি খুব গর্ব করে বলতে পারি, বক্রেশ্বরে আমরা ইন্টারন্যাশনাল টেন্ডার করেছিলাম। একটা কথা আমি বার বার বিভিন্ন সভায় বলি, কম্পিটিটিভ বিডিং ইজ নট এনাফ, তার সঙ্গে ট্রান্সপারেন্ট স্পেসিফিকেশন এমনভাবে হবে আমাদের দেশিয় যে শিল্পগুলো আছে, যারা বিদ্যুতের যন্ত্রপাতি উৎপাদন করে তাদেরকে বিদেশিদের সঙ্গে কম্পিটিশন করতে হবে। ট্রান্সপারেন্ট স্পেসিফিকেশন উইথ ইন্টারন্যাশনাল কম্পিটিটিভ বিডিং। এবং বক্রেশ্বরের আজকে যে মূল্য আমরা পেয়েছি আপনারা শুনলে অবাক হয়ে যাবেন যে ৩.৬৭ কোটি টাকা এক মেগাওয়াট। কবেকার মূল্য? ১৯৯৯ সালের ডিসেম্বরের মূল্য। আজ থেকে সাড়ে তিন বছর পরে যে কস্ট সেটা হচ্ছে ৩.৬৭। আজকের দিনে ৩.৬৭ নয়। এটা কিন্তু ভারতবর্ষের বিভিন্ন প্রদেশের সঙ্গে আপনারা কমপেয়ার করুন, দেখবেন একটা ভালো এস্টিমেট। তখনকার দিনে আপনি যদি একজ্যাক্যালেট

করে আনেন; ভারত সরকারের একটা মেজার আছে যে দেশজ ইকুইপমেন্ট গুলোর জন্য সাড়ে ১০ পারসেন্ট এসক্যালেশন ধরা হয়। বিদেশ থেকে যেগুলো আসে সেগুলোতে ২ পারসেন্ট এসক্যালেশন ধরা হয়। আমি যদি সেটাকে এসক্যালেশন ধরে মূল্যমানে আসি তাহলে দেখব ২.৭ কোটি টাকা পার মেগাওয়াট। আজকের মূল্যমান হচ্ছে ২.৭ কোটি টাকা পার মেগাওয়াট এটা অত্যন্ত কম। সেটার ১৯৯১ সালে ভারত সরকার বিদ্যুৎ নীতি এনেছিলেন, তারা বলেছিলেন যে ৪ কোটি টাকা পার মেগাওয়াট আমরা অ্যালাউ করব। তখন আমরা বলেছিলাম, এখন অবশ্য জিনিসটা অনেক পাল্টেছে ডিসকাশনের মধ্যে দিয়ে। পাওয়ার রেশনিং এর কথা বলেছেন। এটা আমি পরে বলব। সুদীপ বাবু অনেক কথা বলেছেন। ভাল ভাল পয়েন্ট তুলেছেন। বেশিরভাগ ডিসকাশন করেছেন। পরে আপনারাও বলেছেন। পাওয়ার রেশনিং এর প্রবলেমটা কিন্তু একটু শক্ত। আমাদের ডিফিকালটি হয়েছে যে আমাদের দিনে প্রায় ২০ ঘন্টা বিদ্যুৎ জেনারেশন উদ্বৃত্ত থাকে, একটা থার্মাল পাওয়ার স্টেশনে। এখন আমি একটু টেকনোলজি বলব। একটা থার্মাল পাওয়ার স্টেশনকে, তারজন্য যে ক্যাপাসিটি তার ৬০ পারসেন্টের তলায় আমি যদি নামাই তাহলে যন্ত্রগুলো খারাপ হয়ে যায়, তার লাইফ কমে যায়। এবার ৬০ পারসেন্ট কিন্তু রাত্রিবেলা থাকে না, মাঝরাতে থাকে না। আমরা সন্ধ্যেবেলা দেখছি আমাদের বিদ্যুতের চাহিদা প্রচন্ড বাড়ছে। কলকারখানা চলে, বাড়িতে, অফিসে কিছু কিছু চলে। এইসব জায়গায় বিদ্যুৎ দিতে হয়। প্রচন্ডভাবে চাহিদা বেড়ে যায় এবং এই চাহিদা বাড়ার জন্যই ওই সময়টা আমাদের সেন্ট্রাল সেক্টর থেকে পাওয়ার নিতে হয়। তারজন্য আমি যদি না নিই তাহলে কিন্তু আমার সিস্টেম স্টেবল থাকবে না। গ্রীড ফেলিওর হয়ে যাবে। গ্রীড ফেলিওরের কথাটা আপনারা বোধহয় ভূলে গেছেন। ভারতবর্ষে সেকেন্ড জুলাই, আমি যেদিন আমার অফিসে বসেছিলাম সেদিন গ্রীট ফেলিওর হয়েছিল। এই গ্রীট ফেলিওরটা কিন্তু একটা সর্বনাশা জিনিস। আজকে আপনারা বলছেন এবং সাধারণভাবে মনে হয় যে পশ্চিমবঙ্গ বাইরে বিদ্যুৎ দিচ্ছে না। পশ্চিমবঙ্গের কোনও ইচ্ছা নেই বাইরে বিদ্যুৎ দেওয়ার কারণ আমরা তো টাকা পাই না। আমরা কি টাকা পাচ্ছি? সব সময়ে পাচ্ছি না কিন্তু ব্যাপারটা কি হয়েছে যে আমার গ্রীটকে যদি স্টেবল রাখতে হয় এটা একটা মাকড়সার জালের মতো। আমরা সবাই বিদ্যুৎ দিচ্ছি। ডি.ভি.সি দিচ্ছে, এন.টি.পি.সি দিচ্ছে, সি.ই.এস.সি দিচ্ছে, এস.ই.বি দিচ্ছে। সবাই দিচ্ছে। ফ্রী-কোয়েন্সীটাকে কনস্ট্যান্ট রাখতে হবে পঞ্চাশের কাছাকাছি। পঞ্চাশ থেকে নেমে যদি সাতচল্লিশ মতো হয়ে যায় তাহলে কিন্তু গ্রীট ফেলিওর হয়ে যাবে। এবার আমি পাওয়ারটা পুশ করলে পাওয়ারটা দেওয়া যাবে কোথায়, পশ্চিমবঙ্গে যদি চাহিদা না থাকে উড়িষ্যায় যদি চাহিদা থাকে, বিহারে চাহিদা থাকে বিদ্যুৎ সেখানে চলে যাবে। অথবা ইষ্টার্ন রিজিওন ইলেকট্রিসিটি বোর্ড যারা ভারত সরকারের সংস্থা, যদি মনে করে যে এই বিদ্যুৎটা আমরা অন্ধ্রকে দিয়ে কিছুটা আয় হবে, দেওয়া হচ্ছে। কেরালাও তাই। আমি জানি না আপনারা কোথা থেকে ইনফরমেশন পেয়েছেন। কেরালার মন্ত্রী আমাকে লিখেছিলেন আমি তাকে এবারে যে পাওয়ারটা পুশ করছি সেটা যাবে কোথায়? পশ্চিমবঙ্গে যদি চাহিদা না থাকে, উড়িষ্যায় যদি চাহিদা থাকে, বিহারে চাহিদা থাকে বিদ্যুৎ সেখানে চলে যাবে। অথবা ইস্টার্ন রিজিওন ইলেকট্রিসিটি বোর্ড ভারত সরকারের সংস্থা। তারা যদি মনে করে যে এই বিদ্যুৎ আমরা অন্ধ্রকে দিয়ে কিছুটা আয় হবে, দেওয়া হচ্ছে। কেরালাও তাই। আমি জানি না আপনারা কোথা থেকে ইনফরমেশন পেয়েছেন। কেরালার মন্ত্রী আমাকে লিখেছিলেন। আমি

তাকে বলেছি যে এটা বিচার করবে পাওয়ার গ্রীট কর্পোরেশন এবং ইস্টার্ন রিজিওন ইলেকট্রিসিটি বোর্ড, সাদার্ন রিজিওন ইলেকট্রিসিটি বোর্ড। এরা সবাই মিলে যদি ঠিক থাকে, আমাদের যে সময়টা উদ্বৃত্ত থাকে, সন্ধ্যেবেলা বাদ দিয়ে ঘন্টা চারেক বাদ দিয়ে সেই সময় বিদ্যুৎ যদি কেরালায় দেওয়া যায়, তাহলে দেওয়া যেতে পারে, আমাদের কোনও আপত্তি নেই। জিনিসটা কিন্তু এই নয় যে আমরা ব্যবসা করার জন্য বাইরে বিদ্যুৎ দিচ্ছি। একবার দিয়েছিলাম বছর তিনেক আগে আমাকে কেন্দ্রীয় মন্ত্রী অনুরোধ করেছিলেন দিল্লিতে দেওয়ার জন্য। আমরা দিয়েছিলাম। এটা ইচ্ছা করে, ওর অনুরোধ রাখার জন্য। কিন্তু আমরা ইচ্ছা করে কেন এখান থেকে বিদ্যুৎ পাঠাব, তার বিনিময়ে টাকা পাব না। এইরকম কোনও জায়গা কিন্তু আমাদের নেই। এটা আমি স্পষ্টভাবে বলছি। গ্রীটকে মেনটেন করার জন্য আমাদের জেনারেশন ঠেলে দিতে হয় ফ্রিকোয়েন্সী তুলতে হয় এবং ৫০ এর কাছাকাছি রাখতে গিয়ে যে অ্যাডিশনাল বিদ্যুতটা থাকে, সেই বিদ্যুতটা ওই গ্রীডের মাধ্যমে অন্য জায়গায় চলে যেতে পারে। আর যদি আসাম অথবা উড়িষ্যা কিংবা বিহার কি অন্ধ্রে কিছুটা বিদ্যুৎ পায় ক্ষতি কি? আমরা নিজেদের বঞ্চিত করে করছি না। এটা হচ্ছে জেনারেশনের সঙ্গে সিস্টেমের একটা কানেকশন। এটা আপনারা মাননীয় বিধায়করা যদি দয়া করে একটু বুঝবার চেষ্টা করেন, তাহলে দেখবেন আমাদের অবস্থাটা কোথায়? সেই অ্যাডভান্স টাকা হচ্ছে ওই ৪০০, এত কোটি টাকা। যারজন্য বলা আছে ফ্রম পাওয়ার প্রোজেক্টস ওই টাকাটা ধরা আছে। তা সত্ত্বেও আরও আছে। ব্যান্ডেল প্রকল্প নিয়ে, ব্যান্ডেলে যেটা চলছে আমাদের গত বছর বিদ্যুৎ উৎপাদন কম হয়েছে। আপনাদের মনে রাখতে হবে যে, এই ব্যান্ডেল এবং সাঁওতালডি ১৯৯১-৯২ সালে একটা টার্নড অ্যারাউন্ড করেছিল। আজকে সমস্ত ভারতবর্ষের বিভিন্ন জায়গায় আপনারা যদি যান, যতই আপনারা ঈর্ষা পোষণ করুন যে ওয়েস্ট বেঙ্গল হ্যাজ টার্নড অ্যারাউন্ড। আমি কখনই বলিনি যে, আমরা স্বর্গে পৌঁছে গেছি। আমি বলেছি যে, কিছুটা স্থিতিশীল হয়েছে। আমি মাননীয় বিধায়ককে বলব যে, আপনি আশ্বস্ত হতে পারেন যে, আমার যারা কাজ করেন বিদ্যুৎ প্রকল্পে, পাওয়ার স্টেশনে, তাদের মধ্যে একটা বড় অংশই হচ্ছেন নিষ্ঠাবান এবং তারা কিন্তু সবাই ফাঁকিবাজ বা চোর নন। তবে এই চোর এবং ফাঁকিবাজদের নিয়েই আমার সমস্যা। আমার ডিস্ট্রিবিউশনে যে ঘাটতি, রুর‍্যাল ইলেকট্রিফিকেশন আজকে যে সমস্ত সমালোচনা করলেন আমি নিজেই আমার সবচেয়ে বড় সমালোচক। এই চোর এবং অসৎ কর্মিদের নিয়েই বড় সমস্যা। এটা আধিকারিক থেকে শুরু করে, সবার মধ্যেই আছে। আবার ইঞ্জিনিয়ার আছেন, টেকনিশিয়ানস আছেন, এরা সবাই অসাধু নন। তবে বড় অংশই কিন্তু সাধু। এই সাধু না থাকলে এই যে ওয়েস্ট বেঙ্গল হ্যাজ টার্নড অ্যারাউন্ড এটা হতে পারত না। ওয়েস্ট বেঙ্গল হ্যাজ টার্নড অ্যারাউন্ড এই কথাটা আপনি যদি আজকে বিভিন্ন রাজ্যে যান, তাহলে সেখানে শুনবেন যে, তারা বলছেন ওয়েস্ট বেঙ্গল হ্যাজ টার্নড অ্যারাউন্ড। কি করে হল? আমি করিনি। আমি শুধু খানিকটা ওদের মদত দিয়েছি। আমি শুধু ওদের অ্যাডভাইজ দিয়েছি। কিন্তু তারা নিজেরাই তাদের জ্ঞানমতো পরিশ্রম মতো দে হ্যাড টার্নড, মেড ইট টার্নড অ্যারাউন্ড। সেইজন্য আমি বলেছিলাম যে, কিছু ফুল দিন। তারা খুশি হোক। তারা নিয়ে যাবে। আমি আপনাদের আশ্বস্ত করতে পারি যে, আমাদের ভবিষ্যৎ, আমাদের পরবর্তী ৫ বছরের লড়াই হচ্ছে এই অসাধুদের বিরুদ্ধে। আমি কিছুদিন আগেই বলেছি গত রবিবার আমাদের কাছে একজন এসেছিলেন তিনি বলছিলেন আমাকে এখন বলছেন যে,

এখন বিদ্যুতের কানেকশন পাবে না। কিছু টাকা দাও, আমি এখনই দিয়ে দিচ্ছি।' আমার কাছে এই খবরগুলি আসে। দে কাম ডাইরেক্টলি টু মি। অ্যাকশন নিতে হবে। কিন্তু প্রবলেমটা কি জানেন? প্রবলেমটা হচ্ছে আপনারা যখন বলছিলেন যে, এম এল এদের হাতে ক্ষমতা দিন। মন্ত্রী হিসাবে আমার কিন্তু কোনও একজিকিউটিভ পাওয়ার নেই। আমি আমার সংস্থাকে বলতে পারি আই ক্যান রিবিউক দেম। কিন্তু আই ক্যান নট একজিকিউট থিম। দিজ ইজ দ্য ডিফিকালটি। এটা শুধু আমার নয়, সমস্ত মন্ত্রীরই এই অসুবিধা। আই ক্যান নট একজিকিউট দেম। আই ক্যান রিবিউক দেম যে, তোমরা এটা কর, সেটা কর, তোমরা অ্যাকশন নাও। পানিশমেন্ট দাও। কিন্তু আমার পানিশমেন্ট দেওয়ার নিজস্ব কোনও ক্ষমতাই নেই। উই ক্যান ইনিসিয়েট ইট ফ্রম দ্য ডিপার্টমেন্ট। ট্রান্সমিশন সম্বন্ধে যেটা বলা হয়েছে যে, আমার ও.ই. সি. এফ-এর কাছ থেকে নাকি লোন নিয়েছি। এটা কিন্তু ঠিক নয়। ওই ও ই সি এফের কাছ থেকে যে লোনটা আসছে, এখনও কোনও লিখিত শর্ত রাজ্য সরকার দেয় নি। আমি আবার বলছি ও ই সি এফ প্রোজেক্ট-এ বক্রেশ্বর হোক পুরুলিয়া হোক, আপনারা ট্রান্সমিশন সম্বন্ধে যেটা কাগজে দেখেছেন সেই ব্যাপারে বলছি যে, রাজ্য সরকার কোনও লিখিত শর্ত মেনে নেয় নি। হ্যাঁ, গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার ডিপার্টমেন্ট অফ পাওয়ার, তারা বলেছিলেন যে, এটাকে ইনকরপোরেট করা হোক। কিন্তু মজার কথা হল যে, ওই ও ই সি এফ সংস্থা জাপানের সংস্থা, তারা কিন্তু বলেছে না। আমরা কোনও শর্ত আরোপ করব না। বিদ্যুতের দাম দুইভাবে বাড়ে। একটা হচ্ছে কয়লার দাম বাড়ছে। রেলের ফ্রেট বাড়লে বিদ্যুতের দাম বাড়বে। ডিজেল অয়েল, ফুয়েল অয়েল যেসব তেল ব্যবহার করা হয়, সেইসব এর দাম বাড়লে বিদ্যুতের দাম বাড়বে। ইন দ্য ফর্ম অফ ফুয়েল সারচার্জ। আর কর্মিদের মাহিনা বাড়ে। যন্ত্রাংশের দাম বাড়ছে দিনে দিনে। তারজন্য ট্যারিফ বাড়বে। এটা কিন্তু হিসাব করেই বাড়ানো হয়। এরমধ্যে কোনও ফাঁকিবাজি নেই। আমরা খুশিমতো ১৫ পারসেন্ট, ৩০ পারসেন্ট, ৫০ পারসেন্ট বাড়িয়ে দিলাম, তা কিন্তু নয়। এরমধ্যে কোনও ফাঁকিবাজি নেই। একটা কথা আপনারা মনে রাখবেন, সুদীপবাবু খুব একটা ভাল কথা বলেছেন, উনি সাবজেক্ট কমিটিতে ছিলেন, উনি বলেছেন যে বিদ্যুৎ পর্ষদের ক্ষতি হচ্ছে। এবারে সার্বিকভাবে সমস্ত পশ্চিমবঙ্গে দেখুন, আমরা বলে রাখি যে পশ্চিমবঙ্গে বিদ্যুৎ পর্ষদের যে রুর‍্যাল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড আছে, আমি আবার বলছি, ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড ইজ এ রুর‍্যাল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড। কেন বলি? অরিজিনালি যখন স্টেট ইলেকট্রিসিটি বোর্ড তৈরি হয়েছিল তখন একটা কনসেপশন ছিল যে, আমরা ইন্ডাস্ট্রির কাছ থেকে বড়লোকদের কাছ থেকে বড় বড় কমার্শিয়াল হাউস থেকে বিদ্যুতের জন্য দাম বেশি নেব। সেই টাকায় রুর‍্যাল ইলেকট্রিফিকেশন করব। এটা ছিল আইডিয়া। ক্রস সাবসিডাইজেশন এবং পশ্চিমবঙ্গে বিদ্যুৎ পর্ষদের কি অবস্থা। এই ইন্ডাস্ট্রির ভাল ভাল জায়গাগুলো, সি.ই.এস.সি.র আন্ডারে, এই ইন্ডাস্ট্রির ভাল ভাল জায়গাগুলো ডি.ভি.সি.র আন্ডারে। আপনারা জানেন না যে একই ডি.ভি.সি. এরিয়াতে ডি.ভি.সি. সাপ্লাই করবে ৩৩ কে.ভি. অ্যাবাভ টু দি ইন্ডাস্ট্রিজ। আর ডি.ভি.সি.র কাছ থেকে পাওয়ার নিয়ে আমাদের রুরাল ইলেকট্রিফিকেশন করতে হবে বাড়িতে বাড়িতে বিদ্যুৎ দিতে হবে, ছোট কারখানায় বিদ্যুৎ দিতে হবে। এরকম একটা অ্যানোমালি হয়ে আছে। সুতরাং সে ক্ষেত্রে আমাদের পশ্চিমবঙ্গে বিদ্যুৎ পর্ষদ লস করবে। মনে করুন, চাষে এগ্রিকালচারে আপনারা বলেছেন বাড়ল না কেন? তামিলনাড়ুতে কথা বলেছেন, অন্যান্য স্টেটের কথা

লছেন। আপনারা একটু খতিয়ে দেখলে দেখবেন যে এইসব জায়গায় বিদ্যুতের দাম শূন্য। মরা যখন ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের পাওয়ার সাবজেক্ট কমিটিতে এই নিয়ে লোচনা করি, তখন বলা হয়েছিল বিদ্যুতের দাম ৫০ পয়সা করা হোক। ভারত সরকার য়েছিলেন। আমাদের এখানে বিদ্যুতের দাম হচ্ছে ১৯.৬৩ পয়সা। আমরা লাম্প পেরিয়ে সেছি, ১৭০০ টাকা বছরে। ১৯.৬৩ পয়সা খরচে ক্ষতি হয় ২ টাকার বেশি। বিদ্যুৎ চাষী ইয়ের কাছে নিয়ে যেতে ২ টাকা খরচা হয়। এবারে গুচ্ছ প্রকল্প রয়েছে। ৬টা শ্যালো-উবওয়েল হয়েছে। আমি যেখানে কানেকশন দিই সেখানে ট্রান্সফর্মার, লাইন ইত্যাদি দিতে রচ হয় একলক্ষ টাকার বেশি। কিন্তু আমি ওর কাছ থেকে কত নিই? এককে জনের কাছ কে ৪ হাজার টাকা করে ৬ জনের কাছ থেকে ২৪ হাজার টাকা। এই যে সাবসিডি -সাবসিডি ইন দি ফর্ম অফ ইনিশিয়াল কস্ট, সাবসিডি ইন দি ফর্ম অফ ট্যারিফ, এটা কিন্তু জ্য সরকার দিচ্ছে। এরজন্য রাজ্য বিদ্যুৎ পর্ষদের বছরে ১৮০ কোটি টাকা লস হয়। রকার এবিষয়ে সচেতন। আপনারা দেখবেন, গত ২ বছরে ৭৯০ কোটি টাকা বিভিন্ন খাতে জ্য সরকার দিয়েছে। এটা দিতে হবে। আমরা গ্রামের মানুষকে সস্তায় বিদ্যুৎ দিতে চাইছি। মে অনেক কিছু হয়নি। হওয়ার দরকার। যেখানে পশ্চিমবঙ্গের ক্ষেত্রটা একটু অন্যরকম। শ্চিমবঙ্গে অনেক নদী, নালা আছে। পশ্চিমবঙ্গে বৃষ্টি বেশি হয়। বোরো চাষের সময় চাহিদা চন্ড ভাবে বাড়ে। এ বিষয়ে একজন সদস্য বলেছেন প্রতিবছর আমরা কিন্তু মনিটর করছি , আগের বছরে এই ডিমান্ড ছিল, নেকস্ট ইয়ারে আমরা ডিমান্ডটা অন্তত ১৫ পারসেন্ট ড়িয়ে ট্রান্সফর্মারের ক্যাপাসিটি চেঞ্জ করব। আমরা কিন্তু সাইনটিফিক্যালি করার চেষ্টা করি। ন্তু সব জায়গায় হয়ে উঠছে না। কিন্তু বোরো চাষের যেভাবে ডিমান্ড বাড়ছে, প্রতি বছর ৫ পারসেন্ট করে, সেখানে আমরা ট্রান্সফর্মারের চাহিদা ১২-১৫ পারসেন্ট করে বাড়ানোর ষ্টা করি। কিন্তু হয়ে উঠছে না। অনেক জায়গায় বেশিরভাগ লো ভোল্টেজে পাম্প চলে , এবং আপনারা জানেন প্রতি বছর বিপর্যস্ত হয়ে থাকি। কিন্তু চাষের ত্রুটি নেই। আমি কথা বলতে চাইছিলাম যে আজকে যেকোনও প্রোগ্রাম সে আর.ই. বলুন কিংবা পাওয়ার টশনের ছাইয়ের প্রোগ্রামই বলুন অত্যন্ত ভয়াবহ। আর.ই. প্রোগ্রামের ব্যাপারে আপনারা লেছেন যে, গ্রামে একটা লাইট দিয়ে গেলে আর.ই. হয়ে গেল। এটা আমার তৈরি নয়। পরন্তু, ১৯৮১ সালে আমি যখন দিল্লি গিয়ে প্ল্যানিং কমিশনের দি-দেন চেয়ারম্যানকে লেছিলাম যে দিস ইজ এ ব্ল্যাফ। এটা ঠিক হয়নি। আর.ই. যখন প্রথম তৈরি হয় তারা ন করেছিলেন জানিনা। তারা ২ ভাগে করেছিলেন। প্রথম হচ্ছে লোন দেবেন, গ্রামে বিদ্যুৎ বে। একটা কি দুটো বাড়িতে বিদ্যুৎ জ্বলছে অথবা পাম্পে চলবে। এটাকে বলা হয় ভার্জিন জা ইলেকট্রিফিকেশন। এরপর এই লোনটা শোধ হয়ে গেলে সেকেন্ড লোন আসবে, সেটা চ্ছে ইনটেনসিফিকেশন। এখন এই দুটোর মাঝে আনফরচুনেটলি যেটা হল আমি অন্য জ্যের ব্যাপারটা বলব, আমি যদি অন্য রাজ্যকে টানি—সাধারণত পশ্চিমবঙ্গে যেটা হয়েছে টা হল আমরা ঋণ শোধ করতে পারিনি। ঋণ শোধ করতে না পারাতে সেকেন্ড ইন্সটলমেন্ট সছে না। প্রবলেমটা কিন্তু সেখানে। প্রথমটা শোধ করতে পারিনি। কেননা, যখন শুরু হয়, খন সুদ ছিল ৫ পারসেন্ট। সেটা বাড়তে বাড়তে ১২ পারসেন্ট কোনও কোনও জায়গায় ৪ পারসেন্ট হয়ে গেছে। আর, রিটার্ন হচ্ছে মাত্র ২ থেকে ৩ পারসেন্ট। গ্রামের মানুষ রিব, আমি জানি। পুরো জিনিসটা আমি অ্যানালিসিস করেছি। আমরা শোধ করতে পারিনি,

সেইজন্য রুর‍্যাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশনের কাছে আমাদের ঋণ থেকে গেছে। এটা এক দিক।

দ্বিতীয় দিক হল, বলেছেন অনেক রাজ্যে ১০০ পারসেন্ট ইলেকট্রিফিকেশন হয়ে গেছে। আপনারা একটু খতিয়ে দেখুন, তাদের কাছে জিজ্ঞেস করুন। জাতীয় উন্নয়ন পর্ষদের সাব কমিটি, যার চেয়ারম্যান ছিলেন শারদ পাওয়ার, সেখানে বিশদ আলোচনা করেন, তার রিপোর্ট বেরিয়েছে ১৯৯৪ সালে। সেখানে কি বলেছে? ন্যাশনাল national scale—in 1994 84% villages have been electrified. The electricity has reached 84% villages but only 26% households have received electricity... এটা হচ্ছে ন্যাশনাল স্কেলে। আমি বলতে চাই, একটা ভুল অথবা মিসটেকেন পলিসি থেকে আজকে আমরা এখানে দাঁড়িয়েছি। ভারত সরকার চাইছেন, আমরাও চাই ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিল বলেন, ২০১০ সালের মধ্যে ইলেকট্রিসিটি শুড রিচ এভরি হাউস। দেখা গেল এটা করতে হলে দরকার ২৫ হাজার কোটি টাকা। কোথা থেকে আসবে এই টাকা? আমাদের কাছে জানতে চেয়েছিল, এই যে ৮,০০০ গ্রাম বাকি আছে, এরজন্য কত লাগবে? আমরা বলেছি ৭৪০ কোটি টাকা। ২০০ কোটি টাকা লাগবে গ্রামে বিদ্যুৎ পৌঁছে দিতে তার, খুঁটি এসবের জন্য। তারপর ৩৩ কে.ভি. সাব স্টেশন, ১২০ কে.ভি. সাব-স্টেশন করতে হবে, নাহলে পাওয়ার টিমটিম করবে। এখানে বামফ্রন্টের এম.এল.এ. যারা আছেন, আমার দাবি বরাদ্দকে সাপোর্ট করেছেন, তারাও মনে মনে জানেন গ্রামে বিদ্যুৎ টিমটিম করছে। আমি নিজেও জানি। কিন্তু তবুও আমি এই ব্যয়-বরাদ্দের সাপোর্টে এবং কাটমোশনের বিরুদ্ধে বলছি। কেন বলছি? আপনার শুধু এটুকু বিচার করুন, আমাদের কি আপওয়ার্ড ট্রেন্ড, না উই আর গোয়িং ডাউনওয়ার্ড? কুটির জ্যোতি, লোকদীপ প্রকল্পে ৭৬,৫০০ বাড়িতে দেওয়ার কথা ভাবা হয়েছে। গত বছর হয়েছে ৯,২০১। হতে পারে কোনও কোনও জেলায় কম হয়েছে, কোনও কোনও জেলায় বেশি হয়েছে। এটা সম্বন্ধে যারা নতুন বিধায়ক এসেছেন, তাদের বলি, কুটিরজ্যোতি, লোকদীপ প্রকল্প হচ্ছে ইকনমিক্যালি উইকার সেকশনদের জন্য। এই লিস্টটা তৈরি করে জেলা পরিষদ। জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি ঠিক করে দেবে কারা কারা উইকার সেকশনের মধ্যে পড়ে। এটায় ভারত সরকার কিছু টাকা দেন, রাজ্য সরকার কিছু টাকা দেন।

আজকে যে পরিসংখ্যান দেওয়া হয়েছে, তারমধ্যে অনেক জায়গায় ভুল আছে আপনারা বলছেন। আমিও স্বীকার করি, অস্বীকার করব না। কারণ আপনারাও সেখানকার মানুষ যারা সেখান থেকে বলছেন পরিসংখ্যান ভুল হয়েছে। পরিসংখ্যান দিয়েছে রুর‍্যাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশন, তাদের কলকাতা অফিস থেকে। অফিসারদের কোনও দোষ নেই, তারাও সেই নীতি ধরেই বসে আছে একটা লাইন গেলে, একটা পাম্প কানেকশন হলে, মৌজায় গেলে তাকে ভার্জিন মৌজা ইলেট্রিফায়েড হয়ে গেছে বলছেন। তবুও আমরা বেশি আছি একটু, আমরা ইনটেন্সিফিকেশনের উপর জোর দিতে চাইছি, রি-ভাইটালাইজেশন-এর উপর জোর দিতে চাইছি। ইতিমধ্যে বহু মৌজায় তার চলে গেছে। বাড়িতে বিদ্যুৎ যায় নি, তার-টা গেছে। এগুলি ফিরিয়ে আনতে হবে। এরজন্য টাকার প্রয়োজন সব চেয়ে বেশি। ইচ্ছার কোনও অভাব নেই। পরিশেষে আমি দুটো কথা বলব, একটা হচ্ছে, তাপ-বিদ্যুৎ কেন্দ্রের ছাই সম্বন্ধে। বিজ্ঞানী হিসাবে এটা আমাকে পীড়িত করে। তাপ বিদ্যুৎ কেন্দ্র যখন স্থাপিত

হয়েছিল তখন যে কয়লা আসত তার ছাই-এর কন্টেন্ট ছিল ১৫ পারসেন্ট আর এখন আসছে ৪০ থেকে ৪৫ পারসেন্ট। ১৯৯৪ সালে এ সম্বন্ধে একটা সভা হয়েছিল তৎকালীন প্রধানমন্ত্রী সেখানে প্রেজেন্ট ছিলেন, তখন আমি একটা প্রস্তাব দিয়েছিলাম যে একটা ন্যাশনাল পলিসি ফর দি নেকস্ট ২০ ইয়ারস করা হোক যে, আমরা কি কয়লা পুড়িয়েই তাপ-বিদ্যুৎ কেন্দ্রে যাব না আমরা কিছু কিছু নন-কনভেনশনাল-এ যাব, একটু স্ট্রেস দেব হাইড্রো ইলেকট্রিসিটিতে? একটা ন্যাশনাল পলিসি করার কথা বলেছিলাম। সেটা অ্যাকসেপটেডও হয়েছিল এবং একটা কমিটিও এ বিষয়ে হয়েছিল। কিন্তু সেই কমিটির রিপোর্ট জানতে পারি নি। আজকে ভারতবর্ষে সময় এসেছে, সমস্ত রাজ্যে আপনারা যদি দেখেন দেখবেন এই কয়লা চালিত বিদ্যুৎ কেন্দ্রগুলো থেকে প্রভুত পরিমাণ ছাই পরিবেশ দূষণ করছে। শুধু আমাদের রাজ্যে নয় দিল্লিতে যে পাওয়ার স্টেশন আছে বা অন্যান্য রাজ্যে যে পাওয়ার স্টেশন আছে সেখানেও একই ব্যাপার। কারণ ইলেকট্রো-স্ট্যাটিক পারসিপিটেটর তার এফিসিয়েন্সি ৯৯ পারসেন্টের বেশিতে অপারেট করছে। কত উন্নত করবেন? আমরা উন্নত করে যাচ্ছি। ব্যান্ডেলে চেঞ্জ করেছি কিন্তু তার একটা লিমিট আছে তো? কিন্তু আজকে যদি ৪৫ পারসেন্ট ছাই পাওয়ার সেক্টরে আসে তাহলে যাব কোথায়? এই সমস্যা আজকে এসে গেছে। এবারে কয়লা খনির ব্যাপারে বলি, আমি একটা সাজেশন দিয়েছিলাম যে, কোল পিচ হেড-এ ওয়াসারি বসাও। তাহলে যে রেল-ওয়াগান করে আমরা কয়লা পাচ্ছি — আমার যদি ছাই-এর শতাংশ ২২ পারসেন্ট হয় আমি বেশি দাম দেব। এই সাজেশনটা দেওয়া হয়েছিল। এই সাজেশনটা গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার ততকালীন যে এনভায়রনমেন্ট মিনিস্টার, তৎকালীন পাওয়ার মিনিস্টার তারা গ্রহণ করেছিলেন। যতদূর আমার কাছে সংবাদ, ওয়ার্ল্ড ব্যাঙ্ক-এর সাপোর্টে তারা পিচ-হেডে একটা ওয়াসারি বসানোর পরিকল্পনা করছেন। তবে সঠিক অবস্থান আমার জানা নেই। আমাদের রাজ্যে আমরা কিছু নতুন নতুন জল-বিদ্যুৎ প্রকল্প করতে চাচ্ছি। কিন্তু জল-বিদ্যুৎ প্রকল্প নট স্ট্যান্ডার্ড। এজন্য বড় ড্যাম দরকার হয়, বহু মানুষ উৎখাত হয়ে যাবে এইরকম নয়। এটাকে বলা হয় রান অফ দি রিভার স্কীম। অর্থাৎ নদী থেকে জলটা নিলাম বিদ্যুৎ করে আবার নদীতে জল ফিরিয়ে দিলাম। এজন্য কোনও বড় ড্যাম করতে হচ্ছে না। আমরা ফারাক্কার জন্য একটা প্রস্তাব দিয়েছিলাম। এখনও পর্যন্ত সেই প্রস্তাব গৃহীত আছে। ভারত সরকার গৃহীত করেছেন। ফারাক্কায় ১২৫ মেগাওয়াটের একটা স্টেশন হতে পারে। আমাদের যেটা আছে, লো-হেডে সেটা গৃহীত হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত ভারত সরকার কাজটা শুরু করেন নি। আবার সোলার পাওয়ার-এ কি হচ্ছে দেখা যাক। আজকে জাপান, আমেরিকা বলছে যে ২০০৫ সালের মধ্যে সোলার পাওয়ার এখন যেটা ১২ কোটি পার মেগা-ওয়াট সেটা ৪ কোটি পার মেগাওয়াট-তে দাঁড়াবে। আমাদের এখানেও এ নিয়ে গবেষণা হচ্ছে। আমাদের কাল্টিভেশন অফ সাইয়েন্স—কলকাতা শহরে গবেষণা হচ্ছে। দাম কমে আসবে। সুতরাং এখন দরকার ২০ বছরের একটা মাস্টার প্ল্যান করা; যে, আজকে আমরা কয়লা চালিত বিদ্যুৎ কেন্দ্র করে যাব না একটু শিফট করব, একটু অন্যরকম চিন্তা করব। এই চিন্তা-ধারা আজকে ভারত সরকারের কাছে দেওয়া হয়েছিল এবং আমার মনে হয় এটা নিয়ে আরও এগোনো দরকার। ছাই থেকে বাই-প্রোডাক্ট ইন্ডাস্ট্রি আমরা কিছু কিছু করছি। কিন্তু এখনও পর্যন্ত এমন কোনও ইন্ডাস্ট্রি হয়নি যেখানে ১০০ পারসেন্ট ইউটিলাইজেশন হয়েছে। জার্মানিতে ম্যাকসিমাম ২৫ পারসেন্ট হয়েছে। ২৫ পারসেন্ট অফ ফ্লাই অ্যাশ ক্যান বি ইউটিলাইজড ইন ব্রিকস, বোল্ডারস, এগ্রিগেটস, ফার্টিলাইজারস ইত্যাদি। আমি পরিশেষে

বলব যে রুর‍্যাল ইলেকট্রিফিকেশন নিয়ে কাজ করার ব্যাপারে নতুন করে ভাবনা-চিন্তা করার সময় এসেছে। এটা এস.ই.বির মতো সাবসিডি দিয়ে নতুন একটা বোর্ড করব। আমার একটা সাজেশন ভালো লেগেছে, যে গ্রামের মানুষের যদি কোনও প্রয়োজন হয় তাহলে তারা কার কাছে যাবে। আমরা জানি আমাদের এই কাজে কোথাও কোথাও অসুবিধা আছে। এই ইনফ্রাস্ট্রাকচারের মধ্যে ওয়ান উইনডো সিস্টেম করা যায় কি না। আমি আশ্বাস দিচ্ছি এটা নিয়ে চিন্তা করব। বিলিং নিয়ে অনেক প্রশ্ন আছে। রাজ্য সরকার এই জায়গায় একটা অ্যানালিসিস করছে। ডোমেস্টিক এবং স্মল স্কেলে আমরা সিঁড়ির মতো রেট করব। ১০০ পর্যন্ত একটা রেট থাকবে, আবার ১০১ থেকে ২০০ পর্যন্ত একরকম রেট থাকবে, ২০০ উপরের আরেকটা রেট থাকবে, আমার মনে হয় এটা আমরা চালু করতে পারব। আপনারা জানেন ইনকাম ট্যাক্সে এত টাকা, প্লাস এর সাথে আরও এক্সট্রা এত টাকা দিতে হয়, সেইরকম নিউ মেথড অফ ট্যারিফ স্ট্রাকচার এটা আমরা স্টাডি করছি, পরে এটা করা হবে। ইন্ডাস্ট্রিয়াল ট্যারিফ ব্যাক ওয়ার্ড ডিস্ট্রিক্টের জন্য আমরা কম ট্যারিফ দেওয়ার চেষ্টা করছি। হ্যান্ডিক্যাপদের স্মল স্কেল ইন্ডাস্ট্রিগুলিকে রিডিউস রেটে ট্যারিফ দেওয়া যায় কি না দেখছি। আমার মনে হয় ১ বছরের মধ্যে আপনাদের এটা জানাতে পারব। আমরা প্রচন্ড বাধা বিঘ্নের মধ্যে দিয়ে যাচ্ছি। আমাদের সব লোকজন কাজ করেন না, ১০০ পারসেন্টই সৎ নন, এর মধ্যেই কাজ করছি। আমরা চেষ্টা করব পানিশমেন্ট এবং বোনাস এই দুটির ভিতর দিয়ে একটা ভালো জায়গায় পৌঁছাতে। আপনাদের সবাইকে আমার শ্রদ্ধা জানিয়ে এবং আশাকরি আপনারা সকলেই এই ব্যয় বরাদ্দকে সমর্থন করবেন আর আপনাদের কাটমোশনের বিরোধিতা করে এবং এই ব্যয় বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

## DEMAND NO. 69

**Mr. Deputy Speaker :** There are 17 cut motions in Demand No.69. All thé cut motions are in order. Now, I put all the cut motions to vote.

The Cut motions Nos 1 to 17 moved by Dr. Hoimi Basu, Shri Robin Mukherjee, Shri Shyamadas Banerjee, Shri Rabindranath Chatterjee, Shri Abdul Mannas, Shri Ajoy De, Shri Anoy Gopal Sinha, Shri Ashok Kumar Deb, Shri Deba Prasad Sarkar and Shri Gyan Singh Sohanpal that the amount of the Demand be reduced by Rs.100/- were there put an lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.11,72,75,00,000 be granted for expenditure under Demand No.69, Major Heads: "2801-Power, 4801-Capital Outlay on Power Projects, 6801-Loans for Power Projects and 6860-Loans for Consumer Industries." (This is inclusive of a total sum of Rs.5,86,38,00,000 already voted on account in February, 1996) was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 6.18 p.m. till 11 a.m. on Tuesday, the 16th July '1996 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 16th July, 1996 at 11.00 A.M.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 23 Ministers, 8 Ministers of State, and 166 Members.

**Starred Questions**
**(to which oral answers were given)**

**রাজনৈতিক সংঘর্ষ**

*৪৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩) **শ্রী আব্দুল মান্নান, শ্রী সুকুমার দাস ও শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ১৯৯৬ সালে প্রাক্-নির্বাচন ও নির্বাচনোত্তর পরিস্থিতিতে কতগুলি রাজনৈতিক সংঘর্ষের ঘটনা ঘটেছে;

(খ) উক্ত সংঘর্ষে কতজন নিহত/আহত হয়েছেন; এবং

(গ) সংঘর্ষ নিয়ন্ত্রণে রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) **সংঘর্ষ ঃ-**

প্রাক্ নির্বাচন — ৭০টি।

নির্বাচনোত্তর — ৭৭টি।

(খ) **নিহত ঃ-**

প্রাক্ নির্বাচন — ২ জন।

নির্বাচনোত্তর — ১৭ জন

**আহত ঃ-**

প্রাক্ নির্বাচন — ১০৫ জন।

নির্বাচনোত্তর — ১১৫ জন।

(গ) (১) হাঙ্গামাকারিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার জন্য পুলিশ সুপারদের নির্দেশ দেওয়া হয়েছে।

(২) রাজনৈতিক মঞ্চে আলাপ-আলোচনা চালানো হচ্ছে।

(৩) বেশ কিছু হাঙ্গামাকারিদের গ্রেপ্তার করা হয়েছে এবং বাকীদেরও করা হবে।

(৪) উপদ্রুত অঞ্চলে পুলিশ ক্যাম্প স্থাপন করা হয়েছে।

[11-00 – 11-10 P.M.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** যাঁরা নিহত হয়েছেন তাঁদের মধ্যে কোন কোন রাজনৈতিক দলের ক'জন করে কর্মী আছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সি. পি. আই. (এম)—৮ জন। কংগ্রেস(ই)—৭ জন। আর. এস. পি.—১ জন। বি. জে. পি.—১ জন। মোট—১৭ জন। এ ছাড়াও কিছু নিহতের ঘটনা ঘটেছে, কিন্তু সেগুলিকে ঠিক রাজনৈতিক সংঘর্ষ বলতে পারি না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আপনাকে ধন্যবাদ। আপনি আপনার দলের বক্তব্যকে খণ্ডন করলেন—আপনার দল বলেছিল, তাদের ২৬ জন নিহত হয়েছে, আপনি বললেন ৮ জন। আপনি সত্য স্বীকার করলেন। এই যে রাজনৈতিক সংঘর্ষগুলি হয়েছে এগুলির মধ্যে কতগুলি বামফ্রন্টের বিভিন্ন শরিক দলের মধ্যে হয়েছে এবং কতগুলি বামফ্রন্টের সঙ্গে কংগ্রেসের হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মূলত এই সংঘর্ষগুলি হয়েছে কংগ্রেসের সঙ্গে সি. পি. আই. (এম) দলের। আর বামফ্রন্টের শরিক দলের মধ্যে একটা ঘটনা ঘটেছে, কিন্তু সেটা খুব একটা গুরুত্বপূর্ণ ঘটনা নয়।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আমরা জানি গোঘাটে বামফ্রন্টের শরিক দলের মধ্যে সংঘর্ষ হয়েছে এবং অন্যান্য জায়গায়ও হয়েছে। সুতরাং আমি জানতে চাইছি এই সংঘর্ষ গুলির সংখ্যা কত? আর. এস. পি.-র যে নিহত হয়েছে সে কাদের সঙ্গে সংঘর্ষে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নির্বাচনোত্তর সংঘর্ষের যে কথা আমি বললাম তা ২রা মে থেকে ১০ই জুনের মধ্যের ঘটনাগুলি। এর মধ্যে গো-ঘাটের ঘটনা ঘটেছে। বাকিগুলি সব পরবর্তী কালে ঘটেছে। আর. এস. পি.-র সঙ্গে কংগ্রেসের সংঘর্ষ হয়েছে।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে নির্বাচনের আগে এবং নির্বাচনের পরে খুন হয়েছে। কংগ্রেস কতগুলি জায়গায় কতজনকে খুন করেছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমি তো খুনের হিসাব বললাম, আক্রমনের ঘটনা বললাম। তবে আমি এটা বলতে পারি কংগ্রেসের পক্ষ থেকে আক্রমন করা হয়েছে নির্বাচনের আগে ১৬টি ক্ষেত্রে আর নির্বাচনের পরে ১০টি জায়গায়।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** আপনি বললেন নির্বাচনের পরে ৭৭টি রাজনৈতিক সংঘর্ষ হয়েছে। আমার প্রশ্ন, তাতে সি. পি. এম. বনাম সি. পি. এম. অন্তর্দলীয় কোন্দলে সংঘর্ষের সংখ্যা কত?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** এইরকম ঘটনা জানা নেই, তবে আপনি বললে আমি বলতে পারি। নির্দিষ্ট ঘটনা বলতে পারি, যেমন পঞ্চাননতলায় যা হচ্ছে তাকে আমি রাজনৈতিক সংঘর্ষ বলতে রাজি নই। আর সি. পি. এমের আভ্যন্তরীন রাজনৈতিক সংঘর্ষ বললে আমি উত্তর দেব।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল :** আমার প্রশ্ন হচ্ছে, প্রাক নির্বাচনীর পরবর্তীকালে নির্বাচনকে কেন্দ্র করে যে সমস্ত জায়গায় ওরা অত্যাচার এবং আক্রমন করছে এইরকম কটা ঘটনার নজীর আছে যেখানে বিধায়ক জড়িত হয়ে আছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমি তো বললাম, নির্বাচনের আগে ৭০টি এবং নির্বাচনের পরে ৭৭টি। আমি আবার বলছি, ২মে থেকে ১০ই জুন যে ঘটনা ঘটেছে। আর নির্বাচনোত্তর সংঘর্ষ বলে সারা বছর চালাতে রাজি নই।

**শ্রী আবু সুফিয়ান সরকার :** এ পর্যন্ত মুর্শিদাবাদ জেলায় প্রাক নির্বাচনী এবং নির্বাচনের পরে কতজন লোক নিহত হয়েছে এবং কতগুলি বাড়ি ভাঙচুর হয়েছে তা জানাবেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমার কাছে জেলাভিত্তিক হিসাব নেই। আপনি নোটিশ দিলে আমি বলব।

**শ্রী সুভাষ নস্কর :** নির্বাচনোত্তর পরিস্থিতিতে যে সংঘর্ষ হয়েছে তার মধ্যে লুঠতরাজ এবং অগ্নি সংযোগের ঘটনা কতগুলি ঘটেছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** ঘটনাগুলি সবই লেখা আছে। কিন্তু একজনের মৃত্যুর ঘটনা এবং আহত হওয়ার ঘটনা ছাড়া আর এখন কিছু বলতে পারছি না। অনেকগুলি ক্ষেত্রে অগ্নি লাগানোর ঘটনা রয়েছে। তবে নির্দিষ্ট কতগুলি ক্ষেত্রে আগুন লেগেছে তা আমি বলতে পারব না। মারা গেছে এবং আহত হয়েছে এটা আমি বলতে পারি।

**শ্রী প্রবোধ পুরকাইত :** আমি জানতে চাইছি, এই সংঘর্ষকে কেন্দ্র করে আজ পর্যন্ত কত মানুষ ঘর ছাড়া হয়ে আছে—এইরকম তথ্য আপনার আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** নির্দিষ্টভাবে নেই, তবে বেশ কিছু মানুষ ঘর ছাড়া আছে। যেখানে ঘর ছাড়া হয়েছে আলোচনাস্তরে আছে। দ্বিতীয় হচ্ছে, সেখানে পুলিশ ক্যাম্প বসানো হয়েছে এবং রাজনৈতিক স্তরে আলোচনার পর বেশির ভাগ মানুষ আস্তে-আস্তে তাদের ঘরে ফিরে যাচ্ছেন।

[11-10 – 11-20 P.M.]

**শ্রী দিবাকান্ত রাউত :** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর

কাছে জানতে চাইছি, নির্বাচনের আগে, এবং ১০ই জুনের আগে কংগ্রেসে কংগ্রেসে সংঘর্ষ হয়ে কতজন মারা গেছে এবং কতজন আহত হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** কংগ্রেসের মধ্যে কী মারামারি হয়েছে তার রিপোর্ট আমার কাছে নেই।

**শ্রী রবীন মুখার্জি ঃ** মন্ত্রী মহাশয়ের কাছ থেকে আমি জানতে চাই, জাঙ্গীপাড়ায় যে তিনজন কংগ্রেস কর্মী নিহত হয়েছে, সেটা রাজ্যের পুলিশমন্ত্রী কী রাজনৈতিক সংঘর্ষ নয় বলতে চেয়েছেন, ওখানে তিনজন নিস্ব দরিদ্র কংগ্রেস কর্মী নিহত হয়েছে, তার জন্য কতজনকে গ্রেপ্তার করা হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমি জাঙ্গিপাড়ার ঘটনাকে রাজনৈতিক সংঘর্ষ বলতে রাজী নই। এটা দুটি প্রতিবেশির মধ্যে সংঘর্ষ। গত বছর এক পরিবার ধান লাগিয়েছিল, আর একটি পরিবার সেই ধান কেটে নিয়ে গিয়েছিল, এবারেও তাই ঘটেছে। যারা ধান কেটেছিল তারা আগে কংগ্রেসের সদস্য ছিল না। সুতরাং এটা দুই পরিবারের মধ্যে সংঘর্ষ। এই সংঘর্ষ খুব দুঃখ জনক। এটাকে রাজনৈতিক সংঘর্ষ বলতে রাজী নই।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, এই যে ১৭ জন নির্বাচনের পর খুন হয়েছে, এর কোনও জেলাওয়ারি পরিসংখ্যান এবং নামের তালিকা আপনার কাছে আছে কী?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মৃত্যুর সংখ্যা জেলাওয়ারি চাইলে এখন দিতে পারবো না, চাইলে বিকালে দিয়ে দিতে পারি।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মন্ত্রী মহাশয় উত্তর দেবেন কী, যেখানে সি. পি. এম. কর্মী খুন হয়েছে, সেখানে আসামীরা অল অ্যারেস্টেড, আর যেখানে কংগ্রেস খুন হয়েছে, সেখানে কত আসামী অ্যারেস্ট হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** যেখানে কংগ্রেস খুন হয়েছে, সি. পি. এম. অ্যারেস্ট হয়েছে আংশিক, আপনাদের ক্ষেত্রে যারা খুন হয়েছে, যারা খুন করেছে, তাদের প্রত্যেককে গ্রেপ্তার করবো এই প্রতিশ্রুতি দিচ্ছি, সে যে পার্টিরই হোক না কেন।

**শ্রী পরেশ দাস ঃ** মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, নির্বাচনের পরে প্রকাশ্যে জনসভায় বিশেষ সংস্থার প্রতিনিধিরা প্রকাশ্যে বলে বেড়াচ্ছে যে আগুন জালিয়ে দেবো, খুন করে দেবো, এই হুমকি দিচ্ছে। এই তথ্য আপনার জানা আছে কী?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এটা আমার জানা আছে, মুর্শিদাবাদ জেলায় প্রকাশ্যে এই সব কথা বলা হয়েছে।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** এটা আমার প্রশ্ন, আমাকেও বলার সুযোগ দিন।

**মিঃ স্পিকার :** আপনি যে প্রশ্ন দিয়েছিলেন, সেটা এক সঙ্গে ছিল না আলাদা ছিল, একই প্রশ্নে তো তিনজনের সই আছে।

**শ্রী আব্দুল মান্নান :** স্যার, সুদীপবাবুর আলাদা প্রশ্ন আছে।

**মিঃ স্পিকার :** আচ্ছা, ফাইলটা আমাকে দেখতে দিন।

(মিঃ স্পিকার এই সময় ফাইলটি মাননীয় সদস্যদের দেখানোর নির্দেশ দেন)

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** ওখানে আমার নামটা আছে। আমার প্রশ্ন ছিল, আমাকে প্রশ্ন করতে দিন। এ নিয়ে গোঁয়ার্তুমি করবেন না।

**Mr. Speaker :** Now the practice in this Assembly Secretariat is, if similar questions are received, one is admitted, the others are not allowed. That is the practice. In this case, what they have done ? They have tagged three similar questions together. That does not give you the right for three supplementaries. Then there will be ten similar questions and each one will say, 'give us supplementaries.' If other's questions are allowed then yours have to be allowed. No, I cannot allow this.

**Next Question. Question No. 436.**

....(Noise and Interruption)....

....(At this stage Hon'ble Member, Shri Sudip Bandyopadhyay was seen rushing towards Hon'ble Speaker's podium shouting)....

### 'বসুমতি' পত্রিকা

*৪৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৯) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকার অধিগৃহীত 'বসুমতী' দৈনিক পত্রিকার প্রচার-সংখ্যা (সারকুলেশন) কত; এবং

(খ) ঐ পত্রিকা প্রকাশের জন্য গড়ে বার্ষিক লাভ বা লোকসানের পরিমাণ কত?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :**

(ক) বর্তমান বছরের জুন মাস পর্যন্ত গড়ে দৈনিক ১২,৩৯৬ কপি।

(খ) ১৯৯৫-৯৬ সালে লোকসানের পরিমান আনুমানিক ৪৪.১৪ লক্ষ টাকা।

.... (প্রচণ্ড গোলমাল) ....

[11-20 – 11-30 A.M.]

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এত গণ্ডগোলের মধ্যে প্রশ্নের

উত্তরটা ভাল শোনা যায়নি। সেজন্য মন্ত্রী মহাশয়কে প্রশ্নের উত্তরটা আর একবার বলার জন্য অনুরোধ করছি।

....(গোলমাল )....

**মিঃ স্পিকার ঃ** জয়ন্তবাবু, আপনি জিজ্ঞাসা করুন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে উত্তরবাংলায় প্রকৃত পক্ষে প্রথম শ্রেণীর পত্রিকা না থাকা সত্ত্বেও এর সার্কুলেশন এত কম হওয়ার কারণ কী এবং বসুমতী পত্রিকার সার্কুলেশন বাড়াবার জন্য কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** বসুমতী পত্রিকা আমরা যখন প্রথম বের করেছিলাম শিলিগুড়িতে তখন একটা লক্ষ্য ছিল। আমরা আগে পাশের ৫টি জেলা দেখে বুঝেছিলাম যে এই পত্রিকা ১৫ হাজার সার্কুলেশন করা সম্ভব। এই ১৫ হাজার যে টার্গেট ছিল তাতে আমরা ১০ হাজার অতিক্রম করেছি। এবারে ১২ হাজার ৩৯৬তে এসেছি। ভবিষ্যতে ১৫ হাজার যাতে সার্কুলেশন হয় তার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, এই বসুমতী পত্রিকার যারা সাংবাদিক এবং যারা কর্মচারী ছিলেন, তাদের কর্মসংস্থান হয়েছে কিনা অর্থাৎ সাংবাদিকসহ বসুমতী পত্রিকার সঙ্গে যে সমস্ত কর্মচারী যুক্ত ছিলেন তাদের কর্মসংস্থানের ব্যবস্থা হয়েছে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** কর্মসংস্থানের কোনও সমস্যা নেই। যারা ছিলেন তারা চাকুরি করছেন। কলকাতার একদল সাংবাদিক, তারা হঠাৎ মামলা করলেন। তার ফলে একটা জটিল অবস্থার সৃষ্টি হয়েছে। আমি তাদের কাছে অনুরোধ করেছি যে, আপনারা হয় শিলিগুড়িতে যান, না হয় কাজ করুন, বাড়িতে বসে বসে মাইনা নেবেন না। এটা নৈতিক দিক থেকে অন্যায়। কারও চাকুরি যায়নি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** আমার তৃতীয় প্রশ্ন, বসুমতী পত্রিকার যেমন পুরানো ঐতিহ্য ছিল তেমনি যুগান্তর এবং অমৃতবাজার পত্রিকা দুটিও স্বাধীনতা সংগ্রামের ঐতিহ্যবাহী, কিন্তু পত্রিকা দুটো অচল হয়ে রয়েছে। পত্রিকা দুটি পুনঃ প্রকাশ করতে সরকার অধিগ্রহণের ব্যবস্থা করছেন কিনা, কিংবা মালিকদের পরিচালনায় খোলাতে উদ্যোগ গ্রহণ করছেন কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** প্রশ্নটা মূল প্রশ্নের সঙ্গে যুক্ত নয়, তবুও বলছি যে, পত্রিকা দুটি ব্যক্তি মালিকানায় পরিচালিত হত, কিন্তু তাদের আর্থিক অবস্থাটা জটিল। সরকারের নেবার প্রশ্ন নেই, কিন্তু আমাদের পক্ষ থেকে কয়েক বছর ধরে আমরা চেষ্টা করেছি যাতে যুগান্তর এবং অমৃতবাজার চালু হয়। তবে আমাদের সেই প্রচেষ্টা ব্যর্থ হয়েছে। এই মুহূর্তে জটিলতা আরও বেড়ে গেছে, কাজেই কি হবে জানি না। কিন্তু আমাদের উদ্যোগের কোনও অভাব নেই। শ্রমমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর সচিবালয় চেষ্টা করছেন, কিন্তু এই মুহূর্তে খোলার কোনও সম্ভাবনা দেখতে পাচ্ছি না।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** বসুমতী পত্রিকায় ক্রমাগত লস চলছে, কিন্তু ওটা পুরানো পত্রিকা। ঐ লস পূরণ করে যাতে সেখানে লাভ হয় তারজন্য কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** হ্যাঁ, আমাদের মূল পরিকল্পনা হচ্ছে কর্পোরেশনের যে ক্ষতি হচ্ছে সেটা কমিয়ে আনা। ইতিমধ্যে লসটা অনেকটাই কমিয়ে এনেছি। আমাদের লক্ষ্য হচ্ছে শিলিগুড়িতে বসুমতীর সার্কুলেশন ১৫,০০০ অতিক্রম করা। যদি সেটা অতিক্রম করতে পারি তাহলে খরচটা কমে আসবে এবং তখন বসুমতী কর্পোরেশন লাভজনক সংস্থায় পরিণত হবে।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ** অমৃতবাজার এবং যুগান্তর পত্রিকা এক সময় বন্ধ হয়েছিল। তারপর আপনার ইনিশিয়েটিভে পত্রিকা দুটি খোলে। কিন্তু তারপর আবার পত্রিকা দুটো বন্ধ হয়েছে, কিন্তু খোলাবার জন্য আলোচনা চলছে। আমার প্রশ্ন, বসুমতীর লস কমার জন্য কি ব্যবস্থা নিয়েছেন এবং যুগান্তর ও অমৃতবাজার পত্রিকা দুটি পুনরায় খুলবার ব্যাপারে মালিকপক্ষ আপনাকে কিভাবে সাহায্য করছেন? নাকি তারা অনমনীয় মনোভাব নিয়ে চলছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** দুটি সম্পূর্ণ আলাদা প্রশ্ন এবং বসুমতী সম্পূর্ণ আলাদা সংস্থা। এটা সরকারি সংস্থা। বসুমতীর ক্ষতিটা কমিয়ে আনতে ব্যবস্থা নেওয়া হয়েছে। যুগান্তর এবং অমৃতবাজার ব্যক্তি মালিকানার কাগজ। সেখানে একাধিক মালিক এখন। সেখানে কার সঙ্গে আলোচনা করবো সেটা বুঝতে পারছি না, এটাই হচ্ছে সমস্যা।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** শিলিগুড়ির সঙ্গে সঙ্গে কলকাতা থেকেও যাতে বসুমতী প্রকাশিত হয় সে ব্যাপারে চিন্তা-ভাবনা করছেন কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** না, এই প্রশ্নের উত্তর বিধানসভাতে আগেও দিয়েছি যে, কলকাতায় সরকারি পরিচালনায় পত্রিকা চালাবার কোনও বাস্তব ভিত্তি নেই এবং তারই জন্য বসুমতীকে শিলিগুড়িতে নিয়ে গেছি।

Point of order কোথায়?

**Mr. Speaker :** What is your point of order, Mr. Sinha?

[11-30 – 11-40 P.M.]

**শ্রী অতীশচন্দ্র সিংহ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সুদীপ বন্দ্যোপাধ্যায় একজাকটলি এই মর্মে প্রশ্ন দিয়েছিলেন, কিন্তু অন্য নাম ছিল না। যদিও শ্রী আব্দুল মান্নান তাঁর প্রশ্ন দিয়েছেন, কিন্তু তারসঙ্গে আরও দুজনের নাম রয়েছে, অবশ্য তাঁরা সই করেননি। আপনার অফিসাররা একসঙ্গে ক্লাব করে প্রশ্নটা করে দিয়েছেন। আমি বলতে চাই, সুদীপ বাবু আলাদা কোশ্চেন দিয়েছিলেন, কিন্তু আপনার অফিস ভুল করে সেখানে একসঙ্গে তিনজনের নাম জুড়ে দিয়েছেন। কাজেই তাঁকে সাপ্লিমেন্টারি করতে না দিলে অন্যায় কাজ হবে। সুতরাং আপনাকে আমি বলছি আমাদের দলের তরফ থেকে যে এটাকে স্যার প্রেজটিজ ইসু করবার দরকার নেই। উনি দু-একটা সাপ্লিমেনটারি কোশ্চেন করবেন, বুদ্ধদেববাবু বসে আছেন, উত্তর দেবেন।

আপনি বললেন ১০-১২ জন মিলে প্রশ্ন করবে। ১০-১২ জন মিলে প্রশ্ন করে না, দু একজন করে। আপনার অফিস ভুল করে একসঙ্গে ক্লাব করে দিয়েছেন, সেখানে সাপ্লিমেনটারি করার যথেষ্ট অধিকার আছে। আপনি যদি আমাদের এই অধিকার থেকে বঞ্চিত করেন তাহলে আমরা সাধারণ অধিকার থেকে বঞ্চিত হব। এটা এমন কিছু মারাত্মক ব্যাপার নয় এতে সরকারকে পড়ে যেতে হবে না, সরকারকে বেইজ্জত হতে হবে না। সাধারণ মেম্বারদের অধিকার সাধারণ প্রশ্ন করবে। আপনার অফিস ভুল করে ক্লাব করে দিয়েছেন। আপনি সেটা ধরে আব্দুল মান্নানকে ৩টি সাপ্লিমেনটারি প্রশ্ন করতে দিয়েছেন বলে অন্য কেউ করতে পারবে না, এটা অন্যায় হবে বলে আমি মনে করি। আমাদের দলের তরফ থেকে আমাদের দাবি আপনি সুদীপ বন্দ্যোপাধ্যায়কে সাপ্লিমেনটারি করবার জন্য ডাকুন, তাতে অন্যায় কিছু হবে না এবং আমাদের স্বাধিকার রক্ষা হবে।

(গোলমাল)

(এ ভয়েস ঃ- ওনাকে ক্ষমা চাইতে হবে।)

(গোলমাল)

**Shri Gyan Singh Sohanpal :** Mr. Speaker Sir, there is a seperate chapter which deals with the questions. Normally what is the practice ? If a notice is given by one member and on a particular subject on a particular issue and similar notices are also given by other members incidentally on the same issue when it reaches your secretariat normally what should they do ? They accept one and disallow the others. Your office in a number of cases, I can give you hundreds of examples Different questions have been printed in the list of questions on the same day in different names on the same subject. Sir, in a situation like this what you have done in your own wisdom you have clubbed those questions in the House for the facility of the ministers-in-charge and for the convenience of the members. In that what you have done Sir, the proceedings of this House will bear it out you have allowed each member to put supplementary independently. Whether that was within the rules it was your decesion, you have allowed it. In this particular case there is a seperate notice from Shri Abdul Mannan and there is a seperate notice from Shri Sudip Bandyopadhyay. Your office had the liberty to accept one and reject the other. It was not done. they could have printed the questions seperately leaving it to you to club or not to club. of their own they have done something which is not authorised by the rules or by any other authority. They have clubbed the questions together of their own which they cannot do without the consent of the person who has given a seperate notice. and by doing that the man who was given separate notice cannot dinied the privilege that he enjoys

to raise questions by giving a separate notice. Sir, one should not stand on prestige now, Heaven will not fall if we just allow Shri Sudip Bandyopadhyay to ask one or two questions. For the future, if you think that it is not in order you may kindly advise accordingly that this practice may be discontinued. You can direct the office not to commit this mistake in the future. But why should members be penalized for the mistakes of the Secretariat ? I appeal to your magnanimity not to stand on prestige and allow Shri Sudip Bandyopadhyay to make one or two submission and that will satisfy everybody. Thank you, Sir.

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে বিষয়টা এখানে রেজড হয়েছে, এটা আমার কাছে মনে হয়েছে ছায়ার বিরুদ্ধে লড়াই করা হচ্ছে। প্রিন্টেড হয়ে এখানে যেটা বার হয়ে এসেছে, আমাদের বিজনেসটা হল তাকে কনসেনট্রেট করা। কোনও বিষয় যদি ওমিশন হয়, কোনও বিষয়ের মধ্যে যদি বিতর্ক থাকে, তাহলে নিঃসন্দেহে সদস্যদের প্রিভিলেজের কোশ্চেন, রাইটাস'এর কোশ্চেন। তা যদি এখানে রেজড হয়, তাহলে আপনি অল পার্টিকে ডাকুন, তাহলেই সেটাকে সলভ করা যায়। মাননীয় প্রবীন সদস্য জ্ঞান সিং সোহনপাল যে কোশ্চেনটা এখানে রেজ করলেন, এই প্রসঙ্গে আমার কিছু বক্তব্য আছে, যা আমি এই সভাতে জানাতে পারি। কিন্তু আমি সভাকে মাডল্ড করতে চাইছি না। কিন্তু প্রশ্নটা হল, এখানে আমি মনে করতে পারছি না, মাননীয় সদস্য সুদীপ বন্দ্যোপাধ্যায়ের কোনও কোশ্চেনের বিষয়ে তাঁর রাইট কার্টেল্ড হয়েছে কিনা। তাই এই বিষয়টিকে নিয়ে pending discussion inside your chamber with allparty delegation, all party leadership. আপনি সবাইকে ডাকুন, আপনাকে আমি এটা অনুরোধ করব। কিন্তু আমি আপনাকে শুধু একটি বিষয়ে বলতে চাই, যে ইউনিক বিহেবিহার মাননীয় সদস্য সুদীপ বন্দ্যোপাধ্যায়, আমার বন্ধু, করলেন, সেটা আমার কাছে মনে হয়েছে কনডেমনেবল। শুধু তাই নয়, উনি ওখানে দাঁড়িয়ে চেয়ারকে লক্ষ্য করে বললেন—আমরা যখন আপনাকে অভিনন্দন জানাই তখন আপনাকে বলি, you are the custodian, you are the protector to observe rights and privileges of the members of this House. আজকে আপনাকে দাঁড়িয়ে বলা হল, হি ইজ দি কালপ্রিট। আমি রিপিটেডলি এই কথা শুনেছি। আমি মনে করি দিস ইজ অলসো হাইলি কনডেমনেবল এর দ্বারা হাউসের সমস্ত পরিবেশকে মাডল্ড করে দেওয়া হয়েছে। আমি এই প্রশ্নে মাননীয় স্পিকার সাহেবকে অনুরোধ করবো, সমস্ত পার্টির নেতৃত্বকে আপনি ডাকুন। সেখানে সেক্রেটেরিয়েটের ফাংশনিং কি রকম হচ্ছে আলোচনা করুন। কোশ্চেন, মেনশন কি রকম ভাবে আসে তা সবাই জানেন। আমি বিরোধী পক্ষকে বলব, আগেরদিনও বলেছিলাম। আমি কোনও জায়গায় দরবার করতে যাইনি। বনগাঁ থেকে একজন এম. এল. এ. ৯দিন ধরে মেনশন দিয়েছেন, অথচ তাঁর সেটি সময়ের অভাবের জন্য আসে নি। বিধানসভায় ট্রেজারি বেঞ্চ থেকে কোশ্চেন দেওয়া হয়, সেইসব কোশ্চেন সময়ের অভাবে আসে না। আমরা মনে করি এই সভা হল বিরোধী দলের। ঠিক আছে, আমরা সবটা মেনে নিয়েছি। কিন্তু তার মানে কি এই, যেটা ইস্যু নয়, সেই ধরণের ইস্যুকে তোলা হবে? এই ধরণের বিষয়কে তুলে হাউসের বিজনেসকে মাডল্ড করা ঠিক নয়। বক্তব্য যা আছে তা তুলুন, সেটাতে আপনাদের

সঙ্গে সহমত হতে আমাদের দ্বিধা নেই। কিন্তু সভাকে চালাতে উদারতা, সহনশীলতা, ধৈর্য এটা আমরা সরকার পক্ষ থেকে এবং বিরোধী পক্ষ থেকে আশা করি। এটাতে আমাদের সকলের রেসট্রেণ্ড হতে হবে। এটাই হচ্ছে আপনার কাছে আমার সাবমিশন।

**Mr. Speaker :** Now, Mr. Sinha ....

**(Noise and Interruptions)**

Please take your seat. I hope the members will keep their tempers cool. Now, I have a list before me prepared by my Secretariat, which starts from question number 435 in the names of Shri Abdul Mannan, Shri Sukumar Das and Shri Sudip Bandyopadhyay—which is before me. I have asked my Secretariat about the convention. The convention is, if there are more than one question which are similar in nature, then one question is sent to the Minister for its answer. If the answer comes, then because the questions are of similar nature, is put on the list together. I have told my Secretary that this is not the correct procedure. The correct procedure is that the question which is sent to the concerned Minister will be answered in the House and the other questions will not be answered because it has already been answered in the House. They will remain with the Secretariat and the concerned members will be informed that as the question has already been answered, this will not be answered by the Minister. It is a general procedure which has been followed. But in this case officers have made some mistakes elsewhere. Now, apparently it seems that Mr. Sudip Bandyopadhyay's question was not sent to the Minister for replies. It has not sent to the Minister for replies because it transpired that Question No. 435 was sent to the Minister and the reply had come. Mr. Gyan Singh Sohanpal, if you like that Shri Sudip Bandyopadhyay's questions be sent again to the Minister for formal reply, then I can take it up again. Nothing more than that can be done at the present moment. Now, we proceed. Now Starred Question No. 437.

[11-40 - 11-50 P.M.]

**শ্রী সৌগত রায় :** স্যার, আমি কোশ্চেনটা জিজ্ঞাসা করার আগে একটা কথা বলব। স্যার, আপনি দেখুন আমার কোশ্চেনটা নিয়েও সেই একই ভুল অফিস করেছে। আমার কোশ্চেন মোজাম্মেল হকের সাথে এক সাথে করে আবার প্রিন্ট করা হয়েছে। এই কারণেই সুদীপ রেগে গিয়েছিল। ঠিক একই ভাবে আমার নাম ডিসিডেন্ট সি. পি. এম. ম্যানের সঙ্গে জড়িয়ে কোশ্চেন করা হয়েছে। ইট ইজ এ কাস্টিগেশন অন মাই নেম। আপনার সেক্রেটারিয়েট যেভাবে ভুল করছে তাতে দেখুন মোজাম্মেল হকের সঙ্গে আমার নাম কি করে থাকতে পারে, ইট উড হ্যাভ বিন প্রিন্টেড অ্যাজ এ সেপারেট কোশ্চেন। একই সাবজেক্ট হলে

আলাদাভাবে প্রিন্ট হবে তারপরে আপনি ঠিক করবেন যে দুটো কোশ্চেনের ম্যাটার যখন এক তখন একইসঙ্গে কোশ্চেনটাকে ধরা হবে এবং সেক্ষেত্রে দুজন বিধায়ককেই সুযোগ দেওয়া হবে একটা করে অতিরিক্ত প্রশ্ন করার জন্যে। আপনার সেক্রেটারিয়েট কিভাবে ভুল করছেন আপনি দেখুন। সুদীপের কোশ্চেনও ঠিক সেইভাবে আরেক জনের নামের সঙ্গে করা হয়েছে। আপনি দেখুন যে মোজাম্মেল হক, ছায়া ঘোষকে বামফ্রন্টের প্রার্থীকে হারিয়ে দিয়েছে তার সঙ্গে আমার নাম কি করে প্রিন্ট হল? আপনার সেক্রেটারিয়েটের কোশ্চেন সেকশন একই ভুল ক্রমাগত করে যাচ্ছে। তাও সুদীপের কোশ্চেন মান্নান সাহেবের সঙ্গে ছিল কিন্তু আমার কোশ্চেন মোজাম্মেল হকের সঙ্গে জড়িয়ে করা হল এতে আমার সম্মান থাকবে কি করে, আপনি বিষয়টা একটু দেখুন। আপনি এই বিষয়ে একটু রুলিং দিন।

**মিঃ স্পিকার ঃ** আমার রুলিং যা দেওয়ার তা দেওয়া হয়ে গেছে। আপনি কি কোশ্চেনটা অ্যাডমিট করবেন, না আমি নেক্সট কোশ্চেনে যাব?

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি অ্যাডমিট করছি।

### Price-hike of Milk

***437.** (Admitted question No.***1074) Shri Saugata Roy** & **Shri Mozammel Haque :** Will the Minister-in-charge of the Animal Resources and Development Department be pleased to state—

(a) whether there is any proposal for a hike in the price of milk sold by the State Government;

(b) if so—

(i) the brief outlines of the proposal; and

(ii) the justifications thereof?

**Shri Anisur Rahman :**

(a) The matter is under examination.

(b) (i) Does not arise at this stage.

(ii) Does not arise at this stage.

**Shri Saugata Roy :** Sir, will the Hon'ble Minister be pleased to state the present price of different types of milk that is sold by the West Bengal State Govt. in the market.

**Shri Anisur Rahaman :** There are three types and the present price rate is that—D.T.M. Rs. 5/- per litre T.M. Rs. 7/- per litre, and cow milk Rs. 10/- per litre.

**Shri Saugata Roy :** Sir, the State Government procures milk for supplying to its Haringhata Dairy. I would like to know from the Hon'ble Minister has there been any increase in the procurement price of milk which the State Government procures from individual cattle owners or any other dairies. In that case the question of price rise can a rise. আপনি যে দামে দুধটা কিনছেন, সরকার যেটা কিনছেন, সেটা কি রিসেন্ট বাড়ানো হয়েছে?

**শ্রী আনিসুর রহমান ঃ** আমরা দুধের ব্যাপার নিয়ে একটা কমিটি করেছি, দুধের দাম বাড়ার প্রয়োজনীয়তা আছে। দুধের দাম এবং বিক্রয় দাম, সঙ্গে সঙ্গে কেনার দাম, চাষীরা এটার ঠিকমতো দাম না পেলে সেটা পারবেনা, সেইজন্য একটা কমিটি করেছি, তারা সবটা বিবেচনা করবে, তারপরে তারা রেকমেণ্ড করবে, তারপরে আমরা সিদ্ধান্ত নেব।

**শ্রী সৌগত রায় ঃ** যেহেতু রাজ্য সরকার দুধ বিক্রি করেন হরিণঘাটার মাধ্যমে, এমনিতেই আপনাদের সাপ্লাই ইরেগুলার, প্রবলেমও হয়, দুধ খারাপ হয়ে যায়, গাড়ি আসে না, যেহেতু দুধটা সাধারণত বাচ্ছারা এবং শিশুরা ও প্রসূতি মায়েরা ব্যবহার করে, তাই দুধের দাম না বাড়িয়ে রাজ্য সরকার এই দুধের দামের ক্ষেত্রে ভর্তুকি দেবেন কি?

**শ্রী আনিসুর রহমান ঃ** সরকার যে দুধ বিক্রি করে সেটা সাবসিডি দিয়েই বিক্রি করে। যে দামে ডাবল টোন মিল্ক বিক্রি করা হয় সেটা হচ্ছে ৫ টাকা, অন্যান্য সংস্থা মাদার ডেয়ারি, মেট্রো ডেয়ারি তারা এটা বিক্রি করে ১০ টাকার উপরে। সেই দিক থেকে আমরা অনেক বেশি সাবসিডি দিই। ৪/৫ বছরে দুধের দাম বাড়েনি। প্রোডাকশন কস্ট এখন বাড়ছে। তাই দামের ব্যাপারে পুনর্বিন্যাস করতে হবে। মানের ব্যাপারে যেটা বললেন, সেই রকম অভিযোগ নেই যে সরকারি দুধের মান খুবই খারাপ। যদি নির্দিষ্ট অভিযোগ থাকে তাহলে আমরা নিশ্চয় দেখবো, সেটা জানাবেন। আমরা চাইনা আমাদের দুধ ছেলেমেয়েদের ক্ষতি করুক।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমি যেটা দেখছি, বিভিন্ন জায়গায় প্রাইভেট ক্যাটেল অর্গানাইজেশন, প্রাইভেট ডেয়ারি আছে, ছোট ছোট ডেয়ারি আছে, এই রকম যেগুলি আছে, গ্রামাঞ্চলে বা গঞ্জে সেই সব জায়গা চিলিং প্ল্যান্টের মধ্যে দুধ রাখার কোনও ব্যবস্থা করবেন কিনা বা এই রকম কিছু চিন্তা আছে কিনা জানাবেন কি?

**শ্রী আনিসুর রহমান ঃ** আমাদের সরকারের অনেকগুলি ডেয়ারি আছে, এছাড়া পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় সরকারের যে অপারেশন ফ্লাড স্কীম হয়েছিল, তাদের মাধ্যমে আমাদের এখানে মিল্ক ফেডারেশন আছে। তেমনি বেশ কিছু জেলায় ইউনিয়ন আছে, সেখানে ইউনিয়নের মাধ্যমে সোসাইটির মাধ্যমে দুধ ডেয়ারি। সবগুলির মাধ্যমে চাষীদের কাছ থেকে দুধ সংগ্রহ করা হয়, এখন চাষীরা যাতে দুধের দামটা ঠিকমতো পায় সেই ব্যাপারে গুরুত্ব দেওয়া হচ্ছে।

## Free Distribution of Video and TV

***439.** (Admitted question No.***1083**) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Information and Cultural Affairs Department be pleased to state—

(a) whether there is any proposal for free distribution of Video and Televisions in the different Blocks of the State;

(b) if so—

(i) the brief outlines of the proposal; and

(ii) the steps taken/proposed to be taken so far.

**Shri Buddhadeb Bhattacharjee :**

(a) Yes.

(b) To disenminate information to the rural population and to create a healthy cultural atmosphere showing good films.

(i) All district offices and some Sub-Divisional Offices have been covered with Colour T.V. sets with VCPs.

(ii) Colour T.V. sets have also been despatched to 248 Panchayat Samities

(iii) Rest of the Sub-Divisional offices and Panchayat Samities will be covered gradually.

**Shri Sultan Ahmed :** Is there any proposal to distribute TVs and Videos at the Gram Panchayat level ?

**Shri Buddhadeb Bhattacharjee :** No, at present we are trying to give to Panchayat Samitis only. There 340 Panchayat Samitis. Till now we have given to 248 Samitis.

**Shri Sultan Ahmed :** Is there any proposal to give it to the Calcutta Municipal Corporation on the ward basis ?

**Shri Buddhadeb Bhattacharjee :** It is absolutely a rural based programme.

**Shri Sultan Ahmed :** Is there any proposal to local clubs ?

**Shri Buddhadeb Bhattacharjee :** It would not be given to any private organisation—club etc., only to the Panchayat Samitis it would be given.

**Shri Prabhanjan Mandal :** Will the Minister-in-charge be pleased to state as to whether the Government has any proposal to give radio set to the Panchayat Samitis ?

**Shri Buddhadeb Bhattacharjee :** We have abandoned that programme. We are giving TV and VCPs because this is a very advanced media.

[11-50 – 12-00 Noon]

**শ্রী রবীন মুখার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই ভি. ডি. ও এবং টেলিভিশন পৌরসভা ও কর্পোরেশনের কাছে দেওয়ার নির্দিষ্ট কোনও প্রস্তাব আছে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমরা আগে পঞ্চায়েতের কথা ভাবি, গ্রামাঞ্চলের মানুষের কথা ভাবি। গ্রামের মানুষ কোনও খবর পাননা, সংস্কৃতির দিক থেকেও পিছনে। আগে আমরা গ্রামটা ভাবি, পরে শহরটা ভাবব।

**শ্রী প্রবোধ পুরকায়েত :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, পঞ্চায়েত সমিতিতে দেওয়ার ব্যবস্থা করেছেন, গ্রামের মানুষের কাছে সংবাদ পৌছে দেওয়ার ব্যবস্থা করেছেন। গ্রাসরুট লেভেলে গ্রাম পঞ্চায়েত গুলোতে ধীরে ধীরে টি. ভি. এবং ভি. ডি. ও সেট দেবেন কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** পঞ্চায়েত সমিতি করতেই আমাদের দু'বছর সময় লেগে যাচ্ছে। আমাদের যা টাকার অবস্থা তাতে তিন বছরও লাগতে পারে। পরে নিশ্চয় আমরা ভাবব।

**শ্রী মৃণালকান্তি রায় :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন পঞ্চায়েত সমিতি লেভেলে টি. ভি., ভি. ডি. ও পৌছে দেওয়ার ব্যবস্থা করেছেন। কিন্তু এমন জায়গা আছে যেখানে টি. ভি. সেন্টার নেই, ছবি আসেনা। সেই রিলে সেন্টারের ব্যাপারে সেন্ট্রাল গভর্নমেন্টের সঙ্গে আপনি যোগাযোগ করছেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** টি. ভি. সেটগুলো লাগনোর পর কোনও সমস্যা থাকলে, যদি কোনও অ্যান্টেনার সমস্যা থাকে সেগুলো এবং অন্য সমস্যা থাকলে আমরা আলোচনা করে সমস্যাটা মেটাতে পারব।

**শ্রী সৌগত রায় :** যে টি. ভি. সেটগুলো দেওয়া হচ্ছে সেগুলো ব্ল্যাক এণ্ড হোয়াইট দেওয়া হচ্ছে, না কালার দেওয়া হচ্ছে। আর ভি. ডি. ও যেগুলো দেওয়া হচ্ছে, সেগুলো ভি. সি. পি. না ভি. সি. আর। সেখানে স্যাটেলাইট চ্যানেল দেখানোর কোনও ব্যবস্থা থাকছে কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** আমরা যে টি. ভি. সেটগুলো দিচ্ছি সেগুলো সব কালার টি. ভি. এবং এগুলো আমরা ওয়েবেল থেকে কিনছি। আর ভি. ডি. ও সেটগুলো সমস্ত ভি. সি. পি. সেট। এর মাধ্যমে ওরা নিউজ শুনবে, কলকাতা দূরদর্শন দেখবে এবং ভি. ডি. ও-র মাধ্যমে আমরা যে ফিল্ম তৈরি করেছি সেই ফ্লিমগুলো তারা দেখবে। ১৮টি ভি. ডি. ও ফিল্ম আমরা তৈরি করেছি এবং আরও পাঁচটি তৈরি হয়ে গেছে আমরা দেব। তবে ইন্টারন্যাশনাল চ্যানেল দেখিয়ে মাথা খারাপ এখনই আমরা করব না।

**শ্রী সুভাষ নস্কর :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছে জানতে চাইছি আপনি

টি. ভি. সেট, ভি. ডি. ও দেবার ব্যবস্থা করেছেন কিন্তু সমস্যা যেটা, গ্রামাঞ্চলে সবচেয়ে বড় সমস্যা যে ইলেকট্রিসিটির প্রভিশন নেই। সেখানে তাঁরা কি করবেন? শুধুই কি ব্যাটারিতে চলবে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ পঞ্চায়েত** সমিতিতে ইলেকট্রিসিটি নেই। কোন পঞ্চায়েত সমিতি সেটা?

**শ্রী সুভাষ নস্কর ঃ সুন্দরবন** এলাকায় তো ইলেকট্রিসিটি নেই, সেখানে আপনি কি করবেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সুন্দরবনের সমস্যাটা একদম আলাদা সমস্যা। এখানে সোলারেও দেখা যাবে কি না সন্দেহ আছে। এখানে ব্যাটারি দিয়েই চালাতে হবে।

**মহম্মদ ইয়াকুব ঃ** উত্তর ২৪ পরগনার চাঁপাতলা অঞ্চলে বিদ্যুত নেই।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, কয়েক বছর আগে, আমাদের সরকার স্বীকৃত যে গ্রন্থাগার ছিল, সেখানে টি. ভি., রেডিও সেট দেওয়ার ব্যবস্থা ছিল। সেটা বন্ধ হয়ে গেছে। এখন নতুন করে গ্রামীণ গ্রন্থাগার—এগুলো তো মিডিয়াম অব এডুকেশন—সে দিক থেকে এই গ্রামীণ গ্রন্থাগার গুলিতে টি. ভি. বা রেডিও দেবার ব্যবস্থা করেছেন কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** পঞ্চায়েত সমিতির অফিসেই আমরা করছি। কারণ পঞ্চায়েত সমিতি সবচেয়ে কর্ম চঞ্চল জায়গা। কাজের শেষে মানুষ এখানে এসে দেখতে পারবে। এখানে তারা এন্টারটেনমেন্ট ছাড়াও আমরা কিছু এডুকেটিভ ফিল্ম তৈরি করেছি— চাষ বাস নিয়ে, জনসংখ্যা, নিরক্ষরতা নিয়ে নানা রকম ফিল্ম আমরা তৈরি করেছি। পঞ্চায়েত সমিতি আদর্শ জায়গা হবে। সবচেয়ে বেশি মানুষ এখানে দেখতে পারবে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** আপনি পঞ্চায়েত সমিতিতে যে ভি. ডি. ও সেট, টি. ভি. সেট দেবেন, এখন প্রশ্ন হচ্ছে অফিস শুরু হয় সাড়ে দশটায় শেষ হয় পাঁচটায়। এখন কথা হচ্ছে যারা দূর দূরান্ত থেকে আসে,—যেমন আমার পঞ্চায়েত সমিতি ১৭টা গ্রাম পঞ্চায়েত নিয়ে গঠিত,—তারা কি করবে? টি. ভি. সেট কি গ্রামে নিয়ে গিয়ে দেখানো হবে? তাছাড়া গ্রামে প্রায় জায়গাতেই বিদ্যুত নেই।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এটা কোনও প্রশ্ন নয়। আমরা মনে করছি অফিস হয়ে যাবার পর সন্ধেবেলা কি বিকেলবেলা ডিষ্ট্রিক্ট ইনফরমেশন অফিসার জানাবেন কোন দিন কি দেখানো হবে। সেটা দেখবার জন্য ব্যাপক মানুষ নিশ্চয়ই সেখানে আসবে। সেট গুলো নিয়ে গ্রামে গ্রামে ঘোরা সম্ভব না। তাছাড়া সেট টা কোথাও রাখার নিরাপত্তার ব্যাপারটাতো রয়েছে। সে ক্ষেত্রে আমরা পঞ্চায়েত সমিতিকেই আসল জায়গা বলে মনে করছি। সে জন্য কাজের পর মানুষ সেখানে ভিড় করবে। পরবর্তীকালে আমরা গ্রামের দিকে যাব।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ব্লকে, পঞ্চায়েত সমিতিতে টি. ভি. সেট দিচ্ছেন। তথ্য সম্প্রচার দপ্তর থেকে আগে স্কুলে রেডিও সেট দেওয়া হত। কেন

এগুলো দেওয়া বন্ধ হয়েছে। এখন রেডিও অনেক জায়গায় আছে, অনেক জায়গায় নেই। এগুলোর পুনর্জীবন করবেন?

[12-00 – 12-10 P.M.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমি, আগে মাননীয় সদস্য যিনি প্রশ্ন করলেন তাঁকে বললাম—আমাদের রুরাল ব্রডকাস্টিং ইউনিট ছিল, আমরা রেডিও সেট তৈরি করতাম। রেডিও সেট স্কুলে দিতাম। কিন্তু এখন প্র্যাকটিক্যালি চাহিদা দেখছি না। মানুষের চেতনার স্তর পাল্টাচ্ছে। কিন্তু আমি বলছি না যে একদমই চাহিদা নেই। যেমন দার্জিলিং পাহাড়ে হিল এরিয়াতে রেডিও সেট আছে। তবে সাধারণ মানুষের চাহিদা এখন ওই দিকে চলে যাচ্ছে। সেজন্য আমরা সেই চাহিদার সঙ্গে তাল রেখে করতে চাই।

**শ্রী বীরেন ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, জানালেন যে ব্লকগুলোতে, পঞ্চায়েত গুলোতে টি. ভি. সেট দেওয়া হচ্ছে। এতে আমি আশঙ্কা বোধ করছি। কারণ টি. ভি. গুলো দেওয়ার ফলে এই অফিসগুলোর ওয়ার্ক কালচার নষ্ট হতে পারে। কারণ টি. ভি.তে খেলা থাকলে বা ভাল সিনেমা বা ভাল সিরিয়াল থাকলে অফিসের কেউ দেখবে না এটা আমি বিশ্বাস করতে পারছি না। দ্বিতীয়ত মাননীয় মন্ত্রী মহাশয় বললেন সন্ধ্যার পর গ্রামের লোকদের টি. ভি. দেখানো হবে। কিন্তু গ্রামের লোকদের কে টি. ভি. দেখাবে, কখন দেখাবে, কোথায় দেখাবে সে ব্যাপারে কোনও কমিটি করেছেন? মাননীয় তথ্য সংস্কৃতি দপ্তরের কথা বললেন, কার্যত সংস্কৃতি দপ্তরের যে ভাবে দায়িত্ব পালন করা উচিত গ্রামাঞ্চলে তারা সেভাবে দায়িত্ব পালন করেন না। তাঁরা ব্লক, মহকুমা শহর থেকে অফিসে আসছেন। তথ্য দপ্তরের সঙ্গে ব্লক অফিসের সংযোগ নেই। সুতরাং টি. ভি. সেটের মাধ্যমে শিক্ষামূলক বিষয় জনগণের মধ্যে প্রচার করার জন্য একটা অ্যাডভাইসরি কমিটি করে টি. ভি. সেট চালানোর বিষয়ে কোনও পরিকল্পনা আছে কিনা অনুগ্রহ করে বলবেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য মূল দুটো প্রশ্ন করেছেন। একটা হচ্ছে ওয়ার্ক কালচার থাকবে কি থাকবে না? ওয়ার্ক কালচার—টি. ভি. সেট দিলেও নষ্ট হতে পারে, না দিলেও নষ্ট হতে পারে। পঞ্চায়েত সমিতির নেতৃত্বের উপর এত অনাস্থা রাখবেন না। টি. ভি. সেট কে দেখাবেন, কোথায় দেখানো হবে, কার দায়িত্বে দেখানো হবে, পঞ্চায়েত নিয়ন্ত্রণ এবং পঞ্চায়েতের নেতৃত্বে থাকবে কিনা এই সমস্ত ব্যাপারগুলো আলোচনা করেই এই পথে এগোচ্ছি।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### নিয়ন্ত্রিত বাজার সমিতি

*৪৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯২) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে নিয়ন্ত্রিত বাজার সমিতির সংখ্যা কত (জেলাভিত্তিক সংখ্যা); এবং

(খ) কোন কোন বাজার সমিতি সক্রিয়ভাবে কাজ করছে?

**কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

**জেলা ভিত্তিক নিয়ন্ত্রিত বাজার সমিতির সংখ্যা নিম্নরূপ :**

| ক্রমিক সংখ্যা | জেলার নাম | | নিয়ন্ত্রিত বাজার সমিতির সংখ্যা |
|---|---|---|---|
| ১) | দার্জিলিং | .. .. | ২ টি |
| ২) | কুচবিহার | .. .. | ৬ টি |
| ৩) | জলপাইগুড়ি | .. .. | ৩ টি |
| ৪) | উত্তর দিনাজপুর | .. .. | ২ টি |
| ৫) | দক্ষিণ দিনাজপুর | .. .. | ১ টি |
| ৬) | মালদহ | .. .. | ২ টি |
| ৭) | বীরভূম | .. .. | ১ টি |
| ৮) | বর্ধমান | .. .. | ৫ টি |
| ৯) | বাঁকুড়া | .. .. | ৫ টি |
| ১০) | মেদিনীপুর পূর্ব | .. .. | ৪ টি |
| ১১) | মেদিনীপুর পশ্চিম | .. .. | ১ টি |
| ১২) | পুরুলিয়া | .. .. | ২ টি |
| ১৩) | উত্তর ২৪-পরগনা | .. .. | ১ টি |
| ১৪) | দক্ষিণ ২৪-পরগনা | .. .. | ১ টি |
| ১৫) | হাওড়া | .. .. | ১ টি |
| ১৬) | হুগলি | .. .. | ৩ টি |
| ১৭) | নদীয়া | .. .. | ৩ টি |
| ১৮) | মুর্শিদাবাদ | .. .. | ৪ টি |
| | | মোট .. | ৪৭ টি |

সক্রিয় বাজার সমিতিগুলি হল ঃ-

| ক্রমিক সংখ্যা | জেলার নাম | | সক্রিয় নিয়ন্ত্রিত বাজার সমিতির নাম |
|---|---|---|---|
| ১) | দার্জিলিং | .. | কালিম্পং, শিলিগুড়ি |
| ২) | কুচবিহার | .. | কুচবিহার সদর, মাথাভাঙ্গা তুফানগঞ্জ, দিনহাটা, মেখলীগঞ্জ ও হলদিবাড়ি |
| ৩) | জলপাইগুড়ি | .. | ধূপগুড়ি, বেলাকোবা, আলিপুরদুয়ার |
| ৪) | উত্তর দিনাজপুর | .. | ইসলামপুর ও কালিয়াগঞ্জ |
| ৫) | দক্ষিণ দিনাজপুর | .. | বালুরঘাট |
| ৬) | মালদহ | .. | সামসী ও ইংলিশবাজার |
| ৭) | বীরভূম | .. | বোলপুর |
| ৮) | বাঁকুড়া | .. | সিমলী[illegible] |
| ৯) | বর্ধমান | .. | কালনা ও [illegible] |
| ১০) | পুরুলিয়া | .. | বলরামপুর |
| ১১) | মেদিনীপুর পূর্ব | .. | তমলুক, [illegible] ও চন্দ্রকোনা |
| ১২) | মেদিনীপুর পশ্চিম | .. | মেদিনীপুর সদর (উত্তর) |
| ১৩) | উত্তর ২৪-পরগনা | .. | বারাসাত |
| ১৪) | দক্ষিণ ২৪-পরগনা | .. | আলিপুর সদর |
| ১৫) | হাওড়া | .. | উলুবেড়িয়া |
| ১৬) | হুগলি | .. | শেওড়াফুলি, পাণ্ডুয়া ও চাঁপাডাঙ্গা |
| ১৭) | নদীয়া | .. | করিমপুর ও বেথুয়াডহরী |
| ১৮) | মুর্শিদাবাদ | .. | ধুলিয়ান ও কাশিমবাজার |
| | | মোট | ৩৫ টি |

### রানাঘাট জেলে কয়েদী

***৪৪১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭৮) **শ্রী অজয় দে ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রানাঘাট জেলে কত জন কয়েদীকে রাখার ব্যবস্থা আছে; এবং

(খ) কয়েদীদের জন্য প্রতিদিন আহার ও অন্যান্য বাবদ কত টাকা ব্যয় করা হয়?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রানাঘাট সাব জেলে ৫৯ জন পুরুষ বন্দী ও ২ জন মহিলা বন্দীকে অর্থাৎ মোট ৬১ জন বন্দীকে রাখার ব্যবস্থা আছে।

(খ) রানাঘাট সাব জেলে গড়ে প্রতিদিন মাথাপিছু আহার বাবদ খরচ—২৮ টাকা ৪৭ পয়সা।

অন্যান্য বিষয়ে গড়ে প্রতিদিন মাথাপিছু খরচ—১৩ টাকা ৩৫ পয়সা।

### কবি নজরুলের ফ্ল্যাট অধিগ্রহণ

***৪৪২।** (অনুমোদিত প্রশ্ন নং *৬১১) **শ্রী তপন হোড় ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, কলকাতার টালা-পার্ক অ্যাভিনিউ-এ অবস্থিত কবি নজরুলের স্মৃতি বিজড়িত ফ্ল্যাটটি অধিগ্রহণের প্রস্তাব সরকার গ্রহণ করেছেন?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না।

### Milk Supply Scheme

***443.** (Admitted Question No. ***1572) Shri Ashoke Mukherjee** and **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Animal Resources and Development Department be pleased to state—

(a) whether it is a fact that Durgapur, Krishnagar, Greater Calcutta and Burdwan Milk Supply Schemes have arrears in preparation of Proforma Accounts;

(b) if so—

(i) the period for which the Accounts of the above Enterprises are due;

(ii) the reasons for such arrears; and

(iii) the contemplation of the State Government in the matter?

**Minister-in-charge of Animal Resources Development Department :**

(a) Yes.

(b)

| (i) | Name of the scheme | Year from which accounts are due. |
|---|---|---|
| (1) | Durgapur Milk Supply Scheme | 1984-85 |
| (2) | Krishnagar Milk Supply Scheme | 1992-93 |
| (3) | Greater Calcutta Milk Supply Scheme | 1991-92 |
| (4) | Burdwan Milk Supply Scheme | 1992-93 |

(ii) The reason is that the proforma Accounts are prepared centrally and this being commercial audit the office is not a position to understand or comply with the procedure. There is no trained manpower for such work. Accountant General, West Bengal have been requested to send a team to teach our staff the procedure but so far that has not succeeded.

(iii) All possible steps are being taken.

**দুগ্ধ প্রকল্পের বিকেন্দ্রীকরণ**

*৪৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬৩) **শ্রী মোজ্জামেল হক :** প্রাণীসম্পদ-বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

সরকার পরিচালিত মাদার ডেয়ারি দুগ্ধ প্রকল্পটি বিকেন্দ্রীকরণ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

**গভীর নলকূপ**

*৪৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৭২) **শ্রী আবু সুফিয়ান সরকার :** জলসম্পদ

অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় সেচের কাজের জন্য কতগুলি গভীর নলকূপ ও আর. এল. আই আছে; এবং

(খ) তার মধ্যে কতগুলি চালু অবস্থায় আছে?

**জল সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ১৯৯৬ সালের ৩১শে মার্চের হিসাব অনুসারে মুর্শিদাবাদ জেলায় সেচের কাজের জন্য জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের অন্তর্গত ৫২৪টি উচ্চ ক্ষমতা সম্পন্ন, ৩২টি মাঝারি ক্ষমতা সম্পন্ন, ১৬৫টি নিম্ন ক্ষমতা সম্পন্ন গভীর নলকূপ ও ৩৫০টি আর. এল. আই. প্রকল্প আছে।

(খ) উপরিউক্ত প্রকল্পগুলির মধ্যে ৪৭৮টি উচ্চ ক্ষমতা সম্পন্ন, ২৯টি মাঝারি ক্ষমতা সম্পন্ন ১১৭টি নিম্ন ক্ষমতা সম্পন্ন গভীর নলকূপ ও ৩২৫টি আর. এল. আই. চালু অবস্থায় আছে।

### Milk Supply Scheme at Krishnagar

***446.** (Admitted Question No. ***1573) Shri Akbar Ali Khandakar** and **Shri Saugata Roy** : Will the Minister-in-charge of the Animal Resources and Development Department be pleased to state—

(a) the present staff cost and percentage of capacity utilisation at Krishnagar Milk Supply Scheme compared to that in 1989-90;

(b) the cumulative loss sustained by this Dairy up to March 1995; and

(c) the present position of the proposal for expansion of this unit ?

**Minister-in-charge of Animal Resource Development Department :**

(a) (i) Present average monthly staff cost—Rs. 8.50 lakhs.

Average monthly staff cost in 1988-89—Rs. 6.90 lakhs.

(ii) Present copacity utilisation 10,000 litres per day—50%

Capacity utilisation in 1989-90 15,000 litres per day—75%

(b) Rs. 877.15 lakhs

(c) At present there is no proposal for expansion.

### প্রতিবন্ধীদের সহায়ক সামগ্রী প্রদানের ব্যবস্থা

*৪৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪২) শ্রী আব্দুল মান্নান : সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যের প্রতিবন্ধীদের জন্য সরকার কর্তৃক বিনামূল্যে সহায়ক সামগ্রী প্রদানের কোনও ব্যবস্থা আছে কি না; এবং

(খ) থাকলে, ১লা জানুয়ারি, ১৯৯১ থেকে ৩১শে ডিসেম্বর, ১৯৯৫ অবধি কতজনকে তা প্রদান করা হয়েছে?

**সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ, আছে।

(খ) সহায়ক সামগ্রী প্রাপকের সংখ্যা আর্থিক বছরের ভিত্তিতে নিচে দেওয়া হইল।

| আর্থিক বছর | প্রাপকের সংখ্যা |
|---|---|
| ১৯৯০-৯১ | ১৩২৬ |
| ১৯৯১-৯২ | ১৩৭২ |
| ১৯৯২-৯৩ | ১২৯২ |
| ১৯৯৩-৯৪ | ১০৮০ |
| ১৯৯৪-৯৫ | ১৩৮১ |

### লোক-সংস্কৃতির পুনরুজ্জীবন

*৪৪৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৬১) শ্রী জয়ন্তকুমার বিশ্বাস : তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

লুপ্তপ্রায় কবিগান, তরজা, মুর্শিদাবাদের আলকাপ, মালদহের গম্ভীরা এবং বোলান গানের পুনরুজ্জীবনের জন্য রাজ্য সরকারের তরফে কোনও উদ্যোগ গ্রহণ করা হচ্ছে কি না?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

হ্যাঁ, লোকসংস্কৃতির এই ধারাগুলির উন্নয়ন ও বিকাশের উদ্দেশ্যে পরিকল্পিতভাবে উৎসব ও কর্মশালাতে ইত্যাদি সংগঠিত করা হচ্ছে এবং আর্থিক সহযোগিতাও প্রদান করা হচ্ছে। লোকসংস্কৃতি শিল্পীদের পুরস্কারও দেওয়া হয়ে থাকে যথাযথ মর্যাদা দানের জন্য।

## Mother Dairy

*449. (Admitted Question No. *1084) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Animal resources and Development Department be pleased to state—

(a) whether the State Government has finalised its decision to take over Mother Dairy from the National Dairy Development Corporation;

(b) if so—

(i) the brief outlines of the arrangements made/proposed to be made to run the Dairy after take-over ?

**Minister-in-charge of Animal Resources Development Department :**

(a) This is under consideration.

(b) Question does not arise.

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received seven notices of Adjournment Motion. The first one is from Shri Shyamadas Banerjee on the subject of modernisation of IISCO at Burnpur. Shri Banerjee also submitted a notice of Adjournment Motion on the same subject yesterday to which I withheld my consent. Besides, Shri Banerjee has also tabled a notice of Motion under Rule 185 on the same subject which is under consideration.

The second one is from Shri Shobhan Deb Chattopadhyay on the subject of alleged malpractices in Police Administration in the State. A similar notice was submitted by Shri Chattopadhyay yesterday to which I withheld my consent.

The third one is from Shri Pankaj Banerjee on the subject of spurt in anti-social activities in Calcutta.

The fourth and the fifth ones are from Shri Saugata Roy and Shri Kamal Mukherjee on the subject of havoc due to flood and landslides in North Bengal. the statement on Calling Attention Notice on the landslides at Kalimpong was made by the Minister-in-charge Urban Development Yesterday.

The sixth one is from Shri Ashok Kumar Deb on the subject of

proposed shifting of Head Office of South Eastern Railway from Calcutta to Orissa.

The seventh one is from Shri Suniti Chattaraj on the subject of severe damage to the Bridge over Bakreswar River near Kamardanga village of Birbhum district.

The subject matters of the Motions do not call for adjournment of the business of the House. Moreover, the Members may, ventilate their grievances in the matters through Calling Attention, Mentions, etc.

I, therefore, withhold my consent to all the Motions.

One Member may, however, read the text of his Motion as amended.

**Shri Pankaj Banerjee :** Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely :

"Murder, dacoity, snatching, raping in Calcutta is multiplied. The Police Administration is totally ineffective and the offenders are indulged in for the failure of the Calcutta Police Administration."

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker :** Today, I have received fourteen notices of Calling Attention on the following subjects, namely :

1. Appointment of an assistant Teacher in Raninagar High School. : Shri Md. Sohrab

2. Placement of Divider on B.T. Road Causing spurt in road accidents. : Shri Nirmal Ghosh

3. Unauthorised occupancy of road-side of 34 No. National Highway in English Bazar, Malda. : Shri Gautam Chakravartty

4. Alleged abduction of five fishermen by pirates in Sundarban Areas on 13.7.96. : Shri Kamal Mukherjee

5. Alleged murder of one Musa Molia at Hoglu village under Jaynagar P.S. on 12.5.96. : Shri Sobhan Deb Chattopadhyay.

| | | |
|---|---|---|
| 6. Reported decoities in Calcutta in last week. | | Shri Saugata Roy |
| 7. Acute crisis of drinking water at Pujali under Budge Budge Assembly Constituency. | : | Shri Ashok Kumar Deb |
| 8. Non-electrification of tribal areas in Birbhum district. | : | Shri Suniti Chattaraj |
| 9. Reported death of one Debu Pramanik in police custody at Chinsurah. | : | Shri Abdul Mannan |
| 10. Reported dismissal of two teachers at Barrackpore Ramkrishna Viveka-nanda Mission School. | : | Shri Prabhanjan Mandal |
| 11. Poor Transport System in the areas under Hirapur Assembly Constituency | : | Shri Shyamadas Banerjee |
| 12. Non-supply of drinking water from the Rural Water supply Project at Jaypur in Purulia district. | : | Shri Santiram Mahato |
| 13. Apprehended damage of the cremation ground under Santipur Municipality due to erosionof Bhagirathi. | : | Shri Ajoy Dey |
| 14. Alleged death of one student Shri Pankaj Ganguly from electrocution at Saktinagar Hospital, Nadia. | : | Shri Shibdas Mukherjee |

I have selected the notice of Shri Santiram Mahato on the subject of non-supply of drinking water from the Rural Water Supply Project at Jaypur in Purulia district.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on the 18th July, 1996.

### Statement on Calling Attention

**Mr. Speaker :** Now, I will call upon the Minister-in-charge of Home (Police) Department to make a statement on the subject of alleged abduction of fifty fishermen of Kultali, South 24-Parganas on 10.7.96.

(Attention called by Shri Biswanath Mondal on the 12th July, 1996)

**বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

দক্ষিণ ২৪ পরগনার কুলতলিতে ১০.৭.৯৬ তারিখে ৫০ জন মৎস্যজীবীর অপহরণ সম্পর্কে শ্রী বিশ্বনাথ মণ্ডল কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষনী প্রস্তাবের জবাবে আমি নিম্নলিখিত বিবরনীটি পাঠ করছি।

১৯৯৬ সালের ১০ই জুলাই রাত ৯টা ১৫ মিনিটের সময় কুলতলি থানার অধীনে নাগেনাবাদ পুলিশ ফাঁড়িতে ঠাকুরানি খালের কাছে বেনিফেলি জঙ্গলে কিছু অজানা জলদস্যু কর্তৃক নৌকাসহ কয়েকজন মৎস্যজীবীকে আটকে রাখার সংবাদ এসে পৌছায়। প্রাথমিকভাবে যে তথ্য পাওয়া যায় তা থেকে বোঝা যায়, ৯ থেকে ১০ জন জলদস্যু পাইপগান ও অন্যান্য মারাত্মক অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে বেনিফেলি জঙ্গল সংলগ্ন একটি এলাকায় অনেক মৎস্যজীবীকে তাদের নৌকাসহ জোর করে আটকে রেখেছে। নাগেনাবাদ পুলিশ ফাঁড়িতে আসা প্রাথমিক সংবাদে জানা যায় যে জলদস্যুরা মৎস্যজীবীসহ অন্তত ৮টি নৌকা আটকে রেখেছে। জানা যায় যে তারা নৌকা মালিকদের থেকে দুই লক্ষ টাকা দাবি করেছে এবং সেই জন্য ৪ জন লোককে টাকা সংগ্রহ করার জন্য ছেড়ে দিয়েছে।

এই সংবাদ পাওয়ার পর নাগেনাবাদ পুলিশ ফাঁড়ি থেকে একটি বাহিনী এবং জেলা সদর থেকে অতিরিক্ত পুলিশ সুপার (গ্রামীণ) এর নেতৃত্বে আরও একটি বাহিনী ঘটনাস্থলের দিকে যাত্রা করে। ১৯৯৬ সালের ১২ই জুলাই সকালে পুলিশ ঐ এলাকায় গিয়ে পৌছায়। বেনিফেলির জঙ্গলে ও গভীর জঙ্গলের মধ্যের খালগুলিতে তল্লাশি চালানো হয়। সারা দিন ধরে তল্লাশি চালানোর পর ৮টি নৌকা, একটি ট্রলার এবং ৪ জন আরোহীকে প্রথমে উদ্ধার করা হয়। উদ্ধার হওয়া লোকেরা জানায় যে জলদস্যুরা মাছ ধরা জাল, জ্বালানি, যন্ত্রাংশ ও রেশন নিয়ে গেছে এবং মৎস্যজীবীদের দৈহিক নির্যাতনও করেছে। প্রতিটি নৌকা থেকে ভিন্ন ভিন্ন অঙ্কের টাকা দাবি করা হয়। তারা আরও জানায় যে পুলিশকে দেখে ঐ জলদস্যুরা গভীর জঙ্গলে পালিয়ে গেছে। শেষ পর্যন্ত একজন ছাড়া সব অপহৃত মৎস্যজীবীকে এবং সমস্ত নৌকাগুলিকে খুঁজে উদ্ধার করা হয়। যে মৎস্যজীবীকে এখনও খুঁজে পাওয়া যায়নি, খবর পাওয়া গেছে যে তাকে অন্য কোনও জায়গায় সুস্থ অবস্থায় দেখতে পাওয়া গেছে। এই খবরটি যাচাই করে দেখা হচ্ছে। এখনই খবর পেয়েছি, তাকেও পাওয়া গেছে।

জলদস্যুদের সঙ্গে জড়িত সন্দেহে দুই ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। কুলতলি থানায় একটি সুনির্দিষ্ট কেস দায়ের করা হয়েছে। এ বিষয়ে তদন্তের কাজ চলছে। এ ধরনের আর কোনও ঘটনা প্রতিরোধ করার জন্য এবং মৎস্যজীবীদের মধ্যে আত্মবিশ্বাস ফিরিয়ে আনার জন্য বেনিফেলি জঙ্গল এলাকায় পুলিশের লঞ্চগুলি ক্রমাগত টহল দিয়ে চলেছে।

[12-10 – 12-20 P.M.]

**মিঃ স্পিকার ঃ** মিঃ নির্মল ঘোষ, হোয়াট ইজ ইয়োর পারসোনাল এক্সপ্লানেশন?

**শ্রী নির্মল ঘোষ ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি পার্সোনাল এক্সপ্লানেশন এই জন্য দিচ্ছি, অনারেবল হোম মিনিস্টার আমি যখন হাসপাতালে ছিলাম তখন এখানে একটা স্টেটমেন্ট দিয়েছিলেন। স্যার আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই যে, আমি যখন আক্রান্ত হই আমার বাড়ির দাওয়াতে তখন আমি যে এফ. আই. আর. করেছি তাতে আমি কিন্তু বলিনি যে সি. পি. এম আমাকে মেরেছে। কিন্তু স্যার, আমি আশ্চর্য হয়ে আজকে দেখছি পুলিশের যে রিপোর্ট আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় পড়েছেন তাতে লিখেছেন যে, আমি যে পাড়ায় থাকি সেখান থেকে অধিক রাতে একটা মদ্যপ ছেলেকে সন্দেহজনক ভাবে ধরা হয়। কিন্তু পুলিশ কাউকে গ্রেপ্তার করেনি আজ পর্যন্ত। আপনি পুলিশকে জিজ্ঞাসা করুন পুলিশ—কেন মারল, মেরেছে কিনা সেই তদন্তে না গিয়ে 'আজকাল' পত্রিকার কাট-আউট দেখিয়ে না কি মন্ত্রী মহাশয় বলেছিলেন যে, এটা উপদলীয় সংঘর্ষ এবং যারা ধরা পড়েছে তারা কংগ্রেসের সমর্থক। স্যার, আপনার মাধ্যমে আমি বলতে চাচ্ছি, হাউসের একজন সদস্য যদি মার খায় আর মন্ত্রী মহাশয় যদি এইটুকু সাফাই গায় যে,—মার খেয়েছে, এটা উপদলীয় সংঘর্ষ এবং যারা মেরেছে তারা কংগ্রেসের সমর্থক—এবং এটা বলে মন্ত্রী মহাশয় যদি তার দায়িত্ব স্খলন করতে চান তাহলে আমাদের অন্য কিছু বলার নেই। শুধু এটুকু বলব, মন্ত্রী মহাশয় এ কথা কেন বললেন? কারণ, আমার ডাইরিতে আমি বলিনি সি. পি. এমের লোক মেরেছে। তাহলে ওঁরা কেন বলতে চাচ্ছেন কংগ্রেস মেরেছে 'আজকাল' বলছে স্যার, সমস্ত পশ্চিমবাংলার সব কটা পত্রিকা ইনক্লুডিং স্টেটস ম্যান, বর্তমান, আনন্দবাজার—অল পেপারস বলছে, আক্রান্ত হয়েছে। এখানে আমার দাদাকে জড়িয়ে পুলিশ একটা স্টেটমেন্ট করিয়েছিল পরবর্তী কালে। আপনি জানলে খুশি হবেন, এখানে সান্ধ্য আজকাল বলছে, পানীহাটির কংগ্রেস বিধায়ক নির্মল ঘোষ আক্রান্ত। 'আজকাল' পরের দিন বলছে, দাদা বলেন উপদলীয় সংঘর্ষ। কে বলেছেন? গোপাল ভট্টাচার্য মহাশয়। স্যার, আমি উনার নাম নিতে চাই না—আই অ্যাম সরি। কিন্তু এখানে দেখুন পরের দিন কাগজে ক্লিয়ার করে দিয়েছে—'আজকাল'কে ধন্যবাদ। তারা বলেছেন, সন্তোষবাবু এবং গোপালবাবু একথা বলেন নি। এটা উপদলীয় সংঘর্ষ নয়। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই, আজকে সরকার পক্ষ আছে—বিরোধী দলের একজন সদস্য মার খেয়েছে, ঠিক আছে। আপনি এটাকে যে ভাবেই বলুন না কেন, হাউসে যে ভাবেই বলুন না কেন কিন্তু এই ঘটনা ভগবান না করুন আপনাদের দলের কারো সাথেও হতে পারে। সেই জন্য আমি দয়া করে বলব, মন্ত্রী মহাশয় এ ব্যাপারে আপনি একটু নজর দিন এবং এটা যে সি. পি. এম. মেরেছে এটা আমি বলিনি। কিন্তু আমি জানি যে ছেলেটিকে ধরেছে সে সি. পি. এম. করে। কিন্তু আমি তবুও বলিনি। কারণ আসল ঘটনা কি? কেন মারল আমাকে, সেটা আমরা জানতে চাই এবং পুলিশ দোষীকে শাস্তি দিক এই আমাদের এফ. আই. আর.। আই ক্যান সো ইউ অনারেবল মিনিস্টার স্যার, হোয়াট ওয়াজ দি এফ. আই. আর.। ইউ ক্যান কালেক্ট ইট ফ্রম ইয়োর পুলিশ অলসো।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য কয়েকটা কাটিং থেকে কি বললেন আমি জানি না। আমার বক্তব্য কলিং অ্যাটেনশন-এর উত্তর, এখানে লিখিত বিবৃতি আছে। আপনি দয়া করে সেদিন যদি না এসে থাকেন বিবৃতিটা যোগাড় করে নেবেন। আমি কোনও জায়গায় বলিনি, এটা উপ-দলীয় সংঘর্ষ। আমার ভাষাটা ছিল, এটাকে একটা রাজনৈতিক ঘটনা বলে

মনে হচ্ছে না, রাজনৈতিক সংঘর্ষ বলে মনে হচ্ছে না—এটাই ছিল আমার বক্তব্য। রাজনৈতিক ঘটনা নয়, আমি বলেছি। উপদলীয়-এর প্রশ্নই নেই। রাজনৈতিক ঘটনা নয়, উপদলীয় প্রশ্ন নয়। আমি প্রথমে বলছি রাজনৈতিক সংঘর্ষের ঘটনা নয় বলে লেখা আছে। দ্বিতীয়ত যে দু জনকে গ্রেফতার করা হয়েছে তাদের স্টেটমেন্ট অনুযায়ী দেখা যাচ্ছে তারা কংগ্রেস সমর্থক।

**শ্রী নির্মল ঘোষ ঃ** আসামীকে গ্রেপ্তার না করে পরিবর্তে যে লোকদেরকে ধরা হয়েছে তাদের কংগ্রেস সমর্থক বলে বলছেন। কিন্তু আমরা যাকে ধরেছিলাম সে সি. পি. এম. সমর্থক। পুলিশ আপনাকে যা বললো আপনি সেটা অ্যাক্সেপ্ট করে নিলেন, কিন্তু আপনি যে দু জনের নাম বললেন, আমি ৩২ বছর আছি তাদের নাম আমার খাতায় নেই।

## MENTION CASES

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার চৌরঙ্গী বিধানসভা নির্বাচন কেন্দ্রের পার্কস্ট্রিট এলাকায় অনেক দিন ধরেই এই জিনিস চলছে। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে আছেন উনি জানেন। ওঁনার নিজের নির্বাচনী এলাকায় সম্প্রতি একটা ঘটনা ঘটেছে তার জন্য ১৩ জনকে অ্যারেস্ট করেছেন। আর আমার এলাকায় কুইন্স ম্যানশন এবং কান্নানি ম্যানশনে দীর্ঘদিন ধরে একটা নারকীয় কাণ্ড চলেছে, আমি বার বার বলেছি নওল সিং যোশী সে একজন রিং লিডার, বহু আই. এ. এস., আই. পি. এস. এঁরা গেস্ট হাউসে যায় বলে পুলিশ কিছু করতে পারছে না। আমাদের কাউন্সিলার রাজীব দেব বার বার পার্কস্ট্রিট থানায় ডেপুটেশন দিয়েছেন, কিন্তু তারা বলছেন আমরা অসহায়, আই. পি. এস, আই. এ. এস. অফিসার বলে আমরা কিছু করতে পারব না। আমি মাননীয় পুলিশমন্ত্রীকে বলতে চাই যে আপনার বিধানসভা এলাকায় ঘটনা ঘটলো, ১৩ জনকে অ্যারেস্ট করলেন, আর আমার বিধানসভা এলাকায় ঘটনা ঘটলে আপনি কোনও ব্যবস্থা নেবেন না কেন? আমি নামও বলছি নওল সিং যোশী ২ নং রাসেল স্ট্রিট। আপনি যদি ব্যবস্থা নেন তাহলে ভালো কথা, তা নাহলে নির্বাচনের আগে আমি কথা দিয়েছি, আমি নিজের হাতে আইন তুলে নিতে বাধ্য হব, আমি সেটা চাই না। আপনি দায়িত্বশীল মন্ত্রী পার্কস্ট্রিটের নারকীয় ঘটনার কথা আপনি জানেন, মাননীয় স্পিকার স্যারও জানেন বলে আমার ধারনা। অবিলম্বে এই নারকীয় ঘটনা থেকে ওই এলাকাকে মুক্ত করবেন বলে আমার বিশ্বাস।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাউরিয়া কটন মিল লক্ আউট হয়ে গেছে। প্রায় সাড়ে বারো হাজার কর্মচারীর প্রায় ৪০ লক্ষ টাকার গ্র্যাচুউটি বাকি আছে, কয়েক কোটি টাকার প্রভিডেণ্ড ফাণ্ড ও বোনাস বাকি আছে। শ্রমিকরা অনাহারে দিন যাপন করছে, না খেয়ে মৃত্যুর সঙ্গে লড়াই করছে, হাজার হাজার স্থানীয় মানুষ অনাহারে দিন যাপন করছে, তাই আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং বলছি এই মিলটি দীর্ঘ দিনের ঐতিহ্যপূর্ণ কটন মিল, সেই মিলকে মালিকশ্রেণী বেআইনিভাবে লক আউট করেছে। যাতে এই মিলটি খোলা হয় এবং সঙ্গে সঙ্গে ওই শ্রমিকদের মুখে হাসি ফোটানো যায় তার জন্য অনুরোধ করছি। তা নাহলে শ্রমিকরা মালিকদের বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলবে।

**শ্রী অসিত কুমার মাল ঃ** উপস্থিত নেই।

[12-20 – 12-30 P.M.]

**শ্রী তপন হোড় ঃ** স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আমার নির্বাচন কেন্দ্রে রেশন কার্ডের ফর্ম পেতে অসুবিধা হচ্ছে এতে সাধারণ মানুষের রেশন কার্ড পেতে অসুবিধা হচ্ছে এবং যে সমস্ত শিশুগুলি জন্মাচ্ছে তাদের ক্ষেত্রেও অসুবিধা হচ্ছে, বিবাহ সূত্রে যারা আসছেন তাদের ক্ষেত্রেও অসুবিধা হচ্ছে। এর পাশাপাশি হারিয়ে যাওয়া রেশন কার্ডের ডুপ্লিকেট করার ফর্ম পাওয়া যাচ্ছে না। ফলে খুবই অসুবিধা হচ্ছে। আমার কন্সটিটিউয়েন্সির সাধারণ মানুষেরা রেশন অফিসে গিয়ে দিনের পর দিন হয়রান হচ্ছে। একটা রেশন কার্ড পেতে ৬ মাস থেকে ১ বছর সময় লেগে যাচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বংশীবদন মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের খানাকূল থানার মাধ্যমিক পাশকরা ছাত্র-ছাত্রীদের উচ্চ-মাধ্যমিক স্তরে ভর্তি হওয়ার ক্ষেত্রে যে ভীষণ অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে তার প্রতি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ঐ এলাকার প্রচুর সংখ্যক ছাত্র-ছাত্রীকে বর্তমানে ১৫/২০ কিলো মিটার দূরের উচ্চ-মাধ্যমিক স্কুলে পড়তে যেতে হচ্ছে। অথচ ওখানে অন্তত তিনটে স্কুল আছে—'ছত্রশাল রাধানগর বীরেশ্বর হাই স্কুল, বালিপুর হাই স্কুল এবং হরিশচক হাই স্কুল'—এই স্কুলগুলিকে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করা যায়। সুতরাং বিষয়টির প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

**শ্রী দেবীশঙ্কর পাণ্ডা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা করুন মর্মান্তিক এবং বিয়োগান্ত ঘটনার প্রতি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রী এবং সমাজ-কল্যাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সাথে সাথে আমি সভার মাননীয় সদস্যদের হৃদয় এবং মানবতার কাছে আবেদন রাখছি। মেদিনীপুর জেলার নন্দীগ্রাম থানার মহম্মদপুর গ্রামের কন্টু চরণ দাস, একজন ক্ষেতমজুর। অতি দরিদ্রভাবে জীবন-যাপন করে। ক্ষেতে কাজ করে, আর যখন সে কাজ থাকেনা তখন অনাহারে দিন কাটায়। গত ১৩ তারিখ কোনও ভাবে কিছু আটা সংগ্রহ করে তা দিয়ে রুটি তৈরি করে সে, তার স্ত্রী এবং তার তিন ছেলে-মেয়ে সেই রুটি খেতে বসেছিল। সে সময়ে তার ঘরের দেয়াল তাদের ওপরে ভেঙে পড়ে এবং ঘটনাস্থালেই তার একটা ছেলে মারা যায়। আর দুই ছেলে-মেয়েকে আশঙ্কাজনক অবস্থায় হলদিয়া স্টেট জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। তাদের মধ্যে একজনকে এন. আর. এস.—এ বদলি করে দেওয়া হয়েছে। অত্যন্ত দরিদ্র পরিবার—চিকিৎসার এবং খাওয়া-পরার কোনও সামর্থই নেই। গ্রামের মানুষেরা চাঁদাতুলে তাদের খাওয়া-পরার ব্যবস্থা করছে, রক্ষা করার চেষ্টা করছে। তাই আমি আপনার মাধ্যমে ত্রাণ ও সমাজ-কল্যাণ মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, এই হতভাগ্য পরিবারকে রক্ষা করতে অবিলম্বে রাজ্য সরকারের পক্ষ থেকে কিছু আর্থিক সাহায্যের ব্যবস্থা করে দেওয়া হোক এবং সভার সদস্যদের এ বিষয়ে সোচ্চার হতে আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

**শ্রী শেখ মাজেদ আলি :** মাননীয় স্পিকার, মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার এলাকার, ভগবানপুর বিধানসভা কেন্দ্রের 'বরচিরা প্রবীর বনবিহারী হাই স্কুল', রংকিনিপুর, মেদিনীপুর, ১৯৬৩ সালে প্রতিষ্ঠিত হয়। বর্তমানে ঐ বিদ্যালয়ে ছাত্র সংখ্যা প্রায় ১০০০। প্রতি বছর ১০০ মতো ছাত্র মাধ্যমিক পরীক্ষায় পাশ করে। বিদ্যালয়টির নিজস্ব বাড়ি আছে, লাইব্রেরি আছে, কোয়ালিফায়েড টিচার্স আছেন, প্রয়োজনীয় সংখ্যক অন্যান্য কর্মীরা আছেন এবং রিজার্ভ ফাণ্ডে ৮০০০ টাকা আছে। বিদ্যালয়টির পক্ষ থেকে ওয়েস্ট বেঙ্গল বোর্ড অফ হায়ার সেকেণ্ডারি কাউনসিলের কাছে ৫০ টাকা ফি দিয়ে আবেদন করা হয়েছে কেবল মাত্র আর্টস গ্রুপ উচ্চ মাধ্যমিক স্তরে পড়ানোর সুযোগের জন্য। অবিলম্বে বিদ্যালয়টির ঐ আবেদন মঞ্জুর করে বিদ্যালয়টিকে উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী পঙ্কজ ঘোষ :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, বনগাঁ মহকুমা হাসপাতালের পরিষেবা ব্যবস্থার উন্নতি করা একান্ত দরকার। কয়েকটি ঘরের অবস্থা খুবই খারাপ। সেগুলি মেরামত করা খুবই প্রয়োজন। সবচেয়ে বড় জিনিস যেটা, সেটা হচ্ছে, ওখানে ইনটেনসিভ কেয়ার ইউনিট চালু করা দরকার। কারণ বনগাঁ থেকে কলকাতার দূরত্ব ৮০/৮৫ কিলোমিটার। সাধারণত এই ধরণের পেশেন্টেরা পথেই দুর্ঘটনা ঘটে। সুতরাং ওখানে একটি ইউনিট চালু করলে রোগীদের অনেক সুবিধা হয়। এছাড়া হাসপাতালের পরিচ্ছন্নতার দিকেও নজর দেওয়া দরকার। হাসপাতালে পরিচ্ছন্নতার অভাব আছে।

**শ্রী মহঃ সোহরাব :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সুতি বিধানসভা কেন্দ্রের অন্তর্গত সুতি ১ নম্বর ব্লকের হেডকোয়ার্টার আহিরণ এবং তার পাশে জঙ্গীপুর ব্যারেজ, ফরাক্কা ব্যারাজের অফিস। ওখানে একজিকিউটিভ ইঞ্জিনিয়ার থেকে আরম্ভ করে অনেক অফিসার আছেন। এখান থেকে ৪টি অঞ্চলের মানুষ যাতায়াত করে ন্যাশনাল হাইওয়ে দিয়ে। এখনও পর্যন্ত সেখান থেকে কলকাতায় আসার ডায়রেক্ট কোনও স্টেট বাস নেই। বিভিন্ন ব্লক হেডকোয়ার্টার থেকে এবং গুরুত্বপূর্ণ গ্রাম থেকে কলকাতাগামী স্টেট বাস চালু আছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে অনুরোধ করছি, জঙ্গীপুর ব্যারাজ থেকে কলকাতাগামী যদি একটি নতুন স্টেট বাস চালু হয় তাহলে ঐ এলাকার মানুষের অত্যন্ত সুবিধা হয়। ওখানে বাস থাকারও সুবিধা আছে। পারমানেন্ট পুলিশ আউট-পোস্ট আছে এবং ফরাক্কা ব্যারেজে জঙ্গীপুরে অনেক জায়গা আছে। সেইজন্য নতুন বাস চালু করার জন্য মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে অনুরোধ করছি।

**শ্রী হিমাংশু দত্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচিত এলাকা পূর্বস্থলী কেন্দ্রে লক্ষ্মীপুর রেলস্টেশনের জন্য অ্যাপ্রোচ রোড না থাকার ফলে শত শত যাত্রীকে যখন ট্রেন থেকে নেমে রাস্তা দিয়ে যেতে হয় তখন ভীষণ অসুবিধার সম্মুখীন হয়। কারণ এই রাস্তাটি ভীষণ কাদা হয়। সেইজন্য অচিরে এই রাস্তাটি যাতে পাকা করা হয় তারজন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শেখ দৌলত আলি :** নট্ প্রেজেন্ট

**শ্রী অশোক দেব :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যেখানে রাজ্যসরকার শিল্পের জন্য চারিদিকে ল্যাণ্ড চাইছেন সেখানে আমার বজবজ বিধানসভা কেন্দ্রে ই. সি. ই. নামে একটি কোম্পানি আছে, সেই কোম্পানির ল্যাণ্ড রাতের অন্ধকারে বিক্রি করে দেবার চেষ্টা করছে সরকার বা অথরিটি কাউকে না জানিয়ে। ৭ একর জমি বিক্রি করে দিচ্ছেন। আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, অবিলম্বে এই বে-আইনি ভাবে জমি বিক্রি বন্ধ করা হোক।

**শ্রীমতী দেবলীনা হেমব্রম :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার খাতরা মহকুমা আদিবাসী মহাবিদ্যালয় আছে। সেই বিদ্যালয়ে সায়েন্স বিভাগ চালু হয়নি। তাই অবিলম্বে এই বিদ্যালয়ে সায়েন্স বিভাগ চালু করার জন্য মাননীয় উচ্চ-শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী সরেশ আংকোরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর একটি জরুরি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা কাঁকসা বিধানসভা কেন্দ্রের ১৩টি গ্রাম পঞ্চায়েত এলাকায় কয়েকটি মৌজায় মাত্র বিদ্যুৎ এসেছে। কিন্তু সমস্ত পাড়াতে বিদ্যুৎ যায়নি, সমস্ত পাড়ায় যাতে বিদ্যুৎ যায়, সেই ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি। এছাড়া কাঁসা বিধানসভা কেন্দ্রে এর আগে কুটির জ্যোতি প্রকল্পের জন্য সার্ভে হয়ে গেছে। কিন্তু এখনও পর্যন্ত কাজ শুরু হয়নি। সেই কাজ যাতে শুরু হয় তার জন্য বিদ্যুৎ মন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, রাজ্য সরকারের যারা উচ্চ পদস্থ কর্মচারী, তাদের চার পাঁচ বছর অন্তর বদলি করা দরকার। কিন্তু দেখছি কোনও কোনও রাজ্য সরকারের অধিগৃহীত সংস্থায়, রাজ্য সরকারি সংস্থায় উচ্চ পদস্থ অফিসার যারা সরকারকে, সরকারি মুখ্যদলকে সাহায্য করছে, টাকা যোগান দিচ্ছে এবং নিজেদের স্বার্থ রক্ষা করছে, তাদের বছরের পর বছর এক জায়গায় রেখে দেওয়া হয়েছে। আপনি জানেন ইস্টার্ন ডিস্টিলারিকে পশ্চিমবঙ্গ সরকার অধিগ্রহণ করেছেন, এই সংস্থার ম্যানেজিং ডিরেক্টার দশ বছর ধরে ওখানে রয়েছেন। তিনি ওখানে রয়েছেন, তার মানে এই নয় যে ওখানে তিনি বিশাল ভাল কাজ করছেন, শ্রমিকদের সুবিধার দিকে লক্ষ্য রাখছেন, সংস্থার উন্নতি করছেন। তিনি এই সমস্ত কিছুই করছেন না। শুধু মাত্র তিনি সরকারি দলকে লক্ষ লক্ষ টাকা উপঢৌকন দিচ্ছেন। কাজের কাজ কিছুই করছেন না। এই রকম একজন ম্যানেজিং ডিরেক্টারকে অবিলম্বে ট্রান্সফার করার আবেদন জানাচ্ছি।

**শ্রীমতী সুস্মিতা বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর প্রতি একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বড়জোড়া ব্লকে একটা হাই স্কুলও নেই। তাই আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি বড়জোড়া ব্লকে খাঁড়ারী অঞ্চলে অবিলম্বে যেন একটি হাই স্কুল করা হয়।

**শ্রী শিবদাস মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সারা পশ্চিমবঙ্গ ব্যাপী নদীর জল

বাড়ার ফলে বিভিন্ন শহর এবং গ্রামে গঞ্জে ভাঙন দেখা দিয়েছে। কৃষ্ণনগরের পাশ দিয়ে জলঙ্গী নদী প্রবাহিত। এর ফলে কৃষ্ণনগরের ঘুর্নী অঞ্চলের দাসপাড়া, ব্রাহ্মণ পাড়া, মুচিপাড়া, কাশ্যপ পাড়া, এই সমস্ত এলাকায় নদী ভাঙনের ফলে অনেকগুলো বাড়ি নদী গর্ভে চলে গেছে।

তাই স্যার, আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, কৃষ্ণনগর শহরের এক নং ওয়ার্ড এবং ২১ নং ওয়ার্ড-এর যে সমস্ত অঞ্চল নদীগর্ভে চলে গিয়েছে এবং সুইপার পট্টির যেসব বাড়ি নদী গর্ভে চলে গিয়েছে তাদের জন্য ত্রানের অবিলম্বে ব্যবস্থা করা হোক এবং জলঙ্গী নদীর ভাঙ্গন রোধ করার জন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হোক।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, উত্তরপাড়া—কোতরং পৌরসভার সঙ্গে হিন্দমোটর কারখানা সহ মাখলা এবং ভদ্রকালি অঞ্চল পঞ্চায়েত ১৯৬৯ সালে দ্বিতীয় যুক্তফ্রন্টের আমলে তদানিন্তন পৌরমন্ত্রী প্রয়াত সোমনাথ লাহিড়ির আমলে যুক্ত হয়। কিন্তু হিন্দমোটর কারখানার মালিকপক্ষ—বিড়লা গোষ্ঠী—এবং মাখলা অঞ্চলের ইঁট খোলার মালিকরা দীর্ঘদিন ধরে মামলা করে ব্যাপারটি ঝুলিয়ে রাখেন। অবশেষে ১৯৯১ সালে মামলায় তারা পরাজিত হন এবং এই দুটি অঞ্চল পঞ্চায়েত উত্তরপাড়া-কোতরং মিউনিসিপ্যালিটির সঙ্গে যুক্ত হয়। মাখলা এবং ভদ্রকালি অঞ্চলটিতে দীর্ঘদিন ধরে পঞ্চায়েতও ছিল না, পৌর সভাও ছিল না ফলে সেখানকার মানুষরা পৌর সুযোগ সুবিধা থেকে বঞ্চিত ছিলেন। এই দুটি অঞ্চল পৌরসভার সঙ্গে সংযুক্ত হবার ফলে উত্তরপাড়া-কোতরং মিউনিসিপ্যালিটির ওয়ার্ডের সংখ্যা ২০ থেকে বেড়ে ২৫ হয়। কিন্তু এই যে ৫টি ওয়ার্ড যুক্ত হল এই অ্যাডেড এরিয়ার জন্য উত্তরপাড়া-কোতরং মিউনিসিপ্যালিটিকে বাড়তি কোনও আর্থিক বরাদ্দ দেওয়া হয়নি। ফলে ২০টি ওয়ার্ডের জন্য বরাদ্দকৃত অর্থ দিয়েই ২৫টি ওয়ার্ড সেখানে চালাতে হচ্ছে। এতে ঐ এলাকার মানুষদের পৌর স্বাচ্ছন্দ্যে যথেষ্ট অভাব থেকে যাচ্ছে। বিষয়টি গুরুত্ব দিয়ে দেখার জন্য আমি মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি এবং সেখানে অধিক অর্থ বরাদ্দ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী মায়ারানি পাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পুলিশ বিভাগের কাজ হচ্ছে আইনশৃঙ্খলা রক্ষা করা, মানুষের জীবন ও সম্পত্তি রক্ষা করা। এক কথায় বলা যায়, পুলিশের কাজ হচ্ছে, দুষ্টের দমন এবং শিষ্টের পালন। কিন্তু স্যার, দুঃখের সঙ্গে জানাচ্ছি, সেই কাজ আমার জেলাতে পুলিশ করছে না। আমার জেলা মুর্শিদাবাদে প্রতিদিনই খুন-খারাপি লেগেই আছে। এমন দিন নেই যে দিন কোনও না কোনও খুন হয়। সেখানে অপরাধের মাত্রা ক্রমশ বাড়ছে। তা ছাড়া আমার জেলা সীমান্তবর্তী অঞ্চল। বাংলাদেশের সঙ্গে সীমান্ত অঞ্চল থাকায় বাড়তি সমস্যা হিসাবে আমার জেলাতে চোরাচালানের সমস্যা প্রকট হয়ে উঠেছে। সেখান দিয়ে অবাধে বাংলাদেশে চিনি, গরু, লবণ ইত্যাদি পাচার হচ্ছে। স্বল্প সংখ্যক পুলিশ দিয়ে এই সমস্ত বেআইনি কাজ সেখানে বন্ধ করা সম্ভব নয়। মাননীয় পুলিশ মন্ত্রীর কাছে আমি দাবি জানাচ্ছি, অবিলম্বে আমার জেলায় সীমান্ত এলাকায় বাড়তি পুলিশ দেওয়া হোক।

**শ্রীমতী মমতা মুখার্জি** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার জেলা পুরুলিয়ার সঙ্গে কলকাতার সড়ক পথে এবং ট্রেন পথে যোগাযোগের ব্যাপারে অব্যবস্থা রয়েছে। এরজন্য পুরুলিয়া জেলাতে প্রচুর পরিমানে কাঁচা মাল থাকা সত্ত্বেও শিল্পপতিরা সেখানে গিয়ে শিল্প স্থাপন করতে উদ্যোগী হচ্ছেন না। এই প্রসঙ্গে বিভাগীয় মন্ত্রীর কাছে আমার দাবি এবং অনুরোধ, দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় পুরুলিয়া জেলাতে যে ছররা এয়ারড্রোমটি তৈরি করা হয়েছিল তা পুনর্নির্মাণ ও তার মাধ্যমে বিমান চালানোর ব্যবস্থা করে পুরুলিয়াতে শিল্পায়নের জন্য উদ্যোগী হোন।

[12-40 – 12-50 P.M.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায়** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল হিউম্যান রাইটস কমিশনের সঙ্গে একটা বৈঠক হয়েছে। সেখানে রাজ্য সরকারের ঊর্ধতন কর্তৃপক্ষ ডি. জি. এস. পি. হোম সেক্রেটারি, আই জি. (প্রিজন) ছিলেন এবং ওদিক থেকে হিউম্যান রাইটস কমিশনের চেয়ারম্যান ছিলেন। সেখানে তারা বলেছেন যে লক আপে যারা বিচারাধীন বন্দী আছেন তারা অসুস্থ হয়ে পড়ছেন, মৃত্যুও হচ্ছে। কারণ সেখানে ডাক্তার নেই, ঔষধ নেই, চিকিৎসা হচ্ছে না। এমনিতেই বিচারাধীন বন্দীর মৃত্যুর সংখ্যা ক্রমাগত বাড়ছে। সম্প্রীতি আমরা জেনেছি যে, সি. পি. এম-এর একজন মার্ডার কেসে যাবৎ জীবন কারা দণ্ডে দণ্ডিত হয়ে আছেন, তিনি জেল থেকে বাইরে চলে যাচ্ছেন, আবার ফিরে আসছেন। মন্ত্রী সম্ভবত এই ব্যাপারে রিপোর্ট পেয়েছেন। আমাদের কাছে জেলার অভিযোগ করেছেন যে, পুলিশ পাওয়া যাচ্ছে না, চিকিৎসার জন্য যে সব বিচারাধীন বন্দী আছে তারা বাড়ি চলে যাচ্ছে, আবার ফিরে আসছে। এটা একটা মারাত্মক অবস্থা। বিচারাধীন বন্দীদের চিকিৎসা জেলখানায় হচ্ছে না, এটা সাংঘাতিক ব্যাপার। বিধান সভা চলছে। এখানে জেল মন্ত্রী মহাশয় আছেন, বিষয়টি তিনি এই সভাকে অবহিত করুন।

**শ্রী বিশ্বনাথ চৌধুরি** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে কথা বলেছেন, জেল থেকে যারা বেরোয়, মূলত প্যারোলে যাবার যে সিসটেম আছে সেই সিসটেমে যায়। পুলিশ সেখানে তাদের নিয়ে যায়, তাদের সঙ্গে থাকে। আর চিকিৎসা সংক্রান্ত ব্যাপারে যে কথা বলেছেন, চিকিৎসা সংক্রান্ত ব্যাপারে আমাদের কিছু অসুবিধা আছে। তবে সেগুলি দূর করার জন্য আমরা একটা ব্যবস্থা গ্রহণ করছি। দীর্ঘদিন ধরে আমাদের ৩১ জন ডাক্তার শর্টেজ আছে। কাজেই আমরা বিভিন্ন জায়গায় পার্ট টাইম ডাক্তার দিয়ে সেখানে কাজ চালাবার চেষ্টা করছিলাম। ইতিমধ্যে স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে মাননীয় মন্ত্রী মহাশয় সেখানে কন্ট্রাক্ট সিসটেমে ডাক্তার নিয়োগ করবার জন্য অনুমোদন দিয়েছেন। আমরা আশা করছি যে ২ মাসের মধ্যে আমাদের বিভিন্ন জায়গায় যে ডাক্তার শর্টেজ আছে, সমস্ত জায়গায় আমরা ডাক্তার দিতে পারবো।

**শ্রীমতী ইভা দে** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে। আমার ঐ এলাকার পরিবহন ব্যবস্থা সম্পূর্ণ ভাবে ভেঙ্গে পড়েছে। হাওড়া থেকে উদয়নারায়নপুর ভায়া ইছানগর, যেটা বোড়ল, দিলাকাস দিয়ে গেছে, এই রাস্তাটা ১৪/১৫ কিলো মিটার, এটা জঙ্গীপাড়ার অন্তর্গত। এখানে

আগে ৬৩ নম্বর বাস যাতায়াত করত। এখন সেটা বন্ধ হয়ে গেছে। একটা মিনি বাস যেটা যাতায়াত করতো সেটাও বন্ধ হয়ে গেছে। এর ফলে সেখানকার মানুষের প্রচণ্ড কষ্ট হচ্ছে। কাজেই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি যে সরকারি বাস, সি. এস. টি. সি বা সি. টি. সি বাস যাতে দেওয়া যায় তার ব্যবস্থা করুন তাহলে সেখানকার মানুষ উপকৃত হবে।

**শ্রী শশাঙ্ক শেখর বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ইংরাজি ৪ঠা জুলাই আমার হাসখালি বিধানসভা কেন্দ্রের মানিকতলা গ্রামে ২ জন মানুষ খুন হয়। সেই খুনকে কেন্দ্র করে উভয় দলের মধ্যে সংঘর্ষ হয়। সেই সংঘর্ষ সাম্প্রদায়িক সংঘর্ষের রূপ নেয়। এর ফলে বহু মানুষ গ্রাম ছেড়ে চলে গেছে। সেখানে বহু ঘরবাড়ি পুড়ে গেছে, মানুষের থাকার জায়গা নেই, খাবারের কিছু নেই। আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে দাবি করছি যে, সেখানে যৌথ পরিষদীয় দল পাঠানো হোক এবং ত্রাণ সাহায্য সহ খাদ্যদ্রব্য এবং থাকবার ব্যবস্থা করা হোক এবং সেই সঙ্গে সঙ্গে পুলিশের সন্ত্রাস বন্ধ করা হোক। এই আবেদন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নীরদ রায়চৌধুরি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্রে দুটি স্টেট জেনারেল হসপিটাল রয়েছে, একটি ১৩১ বেডের এবং অপরটি ১৩০ বেডের এবং দুটিরই বেহাল অবস্থা ১৩১ বেডের হসপিটালটি মিলিটারিদের জন্য তৈরি হয়েছিল। হসপিটাল দুটিতে অস্বাস্থ্যকর অবস্থা। সেখানে খাবার নেই, জল নেই, আলো নেই, ডাক্তার এবং নার্সদের কোয়ার্টার নেই। এভাবে কোনও স্টেট জেনারেল হসপিটাল চলতে পারে না। আমরা শুনেছি, ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে কিছু টাকা স্যাংশন করা হয়েছে হাসপাতালের জন্য। তারই জন্য হাসপাতাল দুটির প্রতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের স্বার্থে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী শান্তা ছেত্রী :** অনারেবল স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মৎস্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দার্জিলিংয়ে মাছ চাষের জন্য রাজ্য সরকার একটা প্রচেষ্টা নিয়েছেন বলে জেনেছি। পাহাড়ে মাছ চাষের এই প্রচেষ্টাকে আমরা স্বাগত জানাচ্ছি। কিন্তু পাহাড়ে মাছ চাষের ব্যাপারে একটা সার্বিক পরিকল্পনা নেবার প্রয়োজন রয়েছে। সেই প্রয়োজনকে স্বার্থক করে তুলতে গেলে মিন-ভবন তৈরি করা একান্ত প্রয়োজন। তাই আমি মাছ চাষের স্বার্থে সেখানে পরীক্ষা কেন্দ্র গড়ার দাবি জানাচ্ছি। ধন্যবাদ।

**শ্রী নর্মদাচন্দ্র রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গের দক্ষিণ দিনাজপুর জেলা সাংঘাতিক ভাবে বন্যা কবলিত হয়েছে। তোলাই, আত্রেয়ী, পুনর্ভবা এবং টাঙ্গনের জলে সেখানকার ৬টি ব্লক বন্যা কবলিত। গত বছরও বিধ্বংসী বন্যায় ঐ জেলা সাংঘাতিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছিল যার জন্য সেখানকার মানুষের ক্রয় ক্ষমতা কমে গেছে। ঐ জেলার একটি মাত্র রাস্তা জলে ডুবে গেছে। এরপর

যোগাযোগ সম্পূর্ণ বন্ধ হয়ে গেলে ব্লক গুলোর সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যাবে। তারজন্য অবিলম্বে ব্লক গুলিতে ত্রাণ-সামগ্রী পাঠাতে এবং পলেথিনের অভাব দূর করতে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অসিতকুমার মাল ঃ** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি রাজ্য সরকার এবং খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের রেশনিং ব্যবস্থায় গ্রামের মানুষের সঙ্গে শহরের মানুষের একটা বৈষম্য রয়েছে, বিশেষ করে কেরোসিন তেলের ক্ষেত্রে। কেরোসিন তেল গ্রামের মানুষের ক্ষেত্রে সপ্তাহে মাথাপিছু ২০০ গ্রাম, কিন্তু শহরে ৩০০ গ্রাম। শহরের মানুষের জন্য ইলেকট্রিকের ব্যবস্থা রয়েছে, রান্নার জন্য এল. পি. জির ব্যবস্থা রয়েছে, কিন্তু গ্রামের মানুষের জন্য এল. পি. জির কোনও ব্যবস্থা নেই এবং সমস্ত গ্রামে বিদ্যুতও পৌছায়নি। তাই রান্নার জন্য গ্রামের মানুষের যেমন কেরোসিন দরকার, তেমনি অন্ধকারে আলোর জন্য কেরোসিন দরকার। তারজন্য আপনার মাধ্যমে রাজ্য সরকার এবং খাদ্যমন্ত্রীর কাছে অনুরোধ করব, কেন্দ্রের বন্ধু সরকারের সঙ্গে আলোচনা করে—আমি বলছি না শহরের মানুষের জন্য অ্যালটমেন্ট কমিয়ে দেওয়া হোক—শহরের মানুষের জন্য যে অ্যালটমেন্ট রয়েছে মাথাপিছু ৩০০ গ্রাম করে। গ্রামের মানুষের ক্ষেত্রেও মাথাপিছু ৩০০ গ্রাম হোক। এ-ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেবার জন্য আমি অনুরোধ রাখছি।

**ডঃ রামচন্দ্র মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি ট্যুরিজম বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হল, খেজুরী থানার মসনদিয়ালা একটি অতি প্রাচীন হিস্টোরিকাল প্লেস। সেখানে একটি দরগা রয়েছে। সেখানে একটি মেলা হয়। শত শত তীর্থযাত্রী সেখানে মার্চ-এপ্রিল মাসে আসেন। সব সময়ে ভীড় সেখানে। দিঘার মতো একটা মনোরম পরিবেশ সেখানে। সেখানে তীর্থযাত্রীদের জন্য একটি ভবন তৈরি করবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী আকবর আলী খন্দকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার চণ্ডীতলা বিধানসভা কেন্দ্রের ছাত্র-ছাত্রীরা ১১ ক্লাশে ভর্তি হতে পারছে না। তার ফলে বহু দূরে গিয়ে তাদের ভর্তি হতে হচ্ছে এবং তার ফলে তাদের অনেক অসুবিধা ভোগ করতে হচ্ছে। এবং ১২ ক্লাসের সিলেবাস অত্যন্ত কঠিন। তাই অবিলম্বে কুমীরমোড়া হাইস্কুল গঙ্গাধরপুর গার্লস হাইস্কুল এবং বেগমপুর হাইস্কুল, চণ্ডীতলা বিধানসভার এই হাইস্কুল গুলিকে একাদশ-দ্বাদশ শ্রেণীতে উন্নীত করা হোক এই দাবি আমি জানাচ্ছি।

[12-50 – 1-00 P.M.]

**শ্রীমতী কনিকা গাঙ্গুলি ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করছি। বিষয়টি হল বিভিন্ন শহরাঞ্চলে খাটাল উচ্ছেদ করার যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে, তার ফলে যে কর্মসূচি গ্রহণ করা হয়েছে তাতে দুধের ঘাটতি দেখা দিয়েছে। এই দুধের পরিপূরক হিসাবে সেখানে কোনও ডেয়ারি দুধের ব্যবস্থা করা হয় নি। বালি মিউনিসিপ্যালিটি এলাকায় এই কর্মসূচির ফলে দুধের ঘাটতি দেখা দিয়েছে। আমি

বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি এই বিষয়টা দেখা হোক। শুধু বালি মিউনিসিপ্যালিটি নয় যে সমস্ত জায়গায় এই কর্মসূচি গ্রহণ করা হয়েছে সেই সমস্ত জায়গাতেই দুধের ঘাটতি দেখা দিয়েছে। সেই জন্য আমি দাবি জানাচ্ছি এই সমস্ত জায়গায় পরিপূরক হিসাবে ডেয়ারি মিলের ব্যবস্থা করা হোক।

**শ্রী সঞ্জয় বক্সী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি নদী জলপথ পরিবহন নিগমের হাওড়া স্টেশন থেকে বাগবাজার ভায়া শোভাবাজার একটা লঞ্চ সারভিস চালু আছে। কিন্তু বিশাল পোস্তাবাজার থাকা সত্ত্বেও হাওড়া শোভাবাজার মুখি কোনও লঞ্চ ঘাট নেই। অত্যধিক জ্যাম এবং সংকীর্ণ রাস্তার জন্য জনগনের পক্ষে হাওড়া থেকে যাওয়া আসা করার ক্ষেত্রে ব্যাপক সমস্যার সম্মুখীন হতে হয়। এই অঞ্চলের বসবাসকারী জনগনের স্বার্থে, অফিস যাত্রীদের স্বার্থে এবং এই অঞ্চলের ব্যবসা বানিজ্যর সঙ্গে যুক্ত জনগনের স্বার্থে আমি পরিবহন মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি অবিলম্বে হাওড়া শোভাবাজার মধ্যবর্ত্তি স্থানে, জগন্নাথঘাট বা নিমতলাঘাট এই রকম কোনও সুবিধা জনক স্থানে একটা নূতন লঞ্চঘাট করা হোক।

**শ্রী নৃপেন গায়েন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তরবঙ্গে বন্যা হয়েছে এবং কয়েক জন মানুষ মারা গেছে। নিশ্চয়ই তার জন্য আমরা শোক প্রকাশ করছি। রাজ্য সরকার জরুরি ভিত্তিতে সেখানে ত্রাণ পৌছে দেবার ব্যবস্থা করছেন। সুন্দরবনের বিধায়করা বারে বারে বলছে সুন্দরবনের নদীবাঁধ গুলি মেরামত করবার জন্য। কিন্তু সেই গুলি দেখা হচ্ছে না। আমার কাছে খবর আছে যে সুন্দরবনের নদীবাঁধ গুলি মেরামত করার জন্য অর্থ বরাদ্দ করা হয়েছে। হাসনাবাদের রাজনগর এবং হিংঙ্গলগঞ্জের রমাপুর হেমনগর পারঘুমটি এই সমস্ত এলাকার নদীবাঁধ গুলির অবস্থা খুব খারাপ। এখানে এখনও নদীবাঁধ মেরামতের কাজ শুরু হয় নি। একজিকিউটিভ ইঞ্জিনিয়ারদের বললে তাঁরা বিধায়কদের দেখিয়ে দিচ্ছে, মন্ত্রীদের দেখিয়ে দিচ্ছে। সুন্দরবনের বন্যা একটু আলাদা। এখানে নোনা জল যদি জমি গুলোতে ঢুকে যায় তাহলে ২-৩ বছর কোনও ফসল হবে না। সেই জন্য এই এলাকার জন্য বিশেষ ভাবে দেখা দরকার যাতে নোনা জলে প্লাবিত না হয়। গতবার বন্যা হয়েছে, এবারেও যদি বন্যা হয় তাহলে প্রচণ্ড ক্ষতি হবে, কোনও ফসল হবে না। এই বিষয়টা যথেষ্ট গুরুত্ব দিয়ে দেখা দরকার, মন্ত্রী মহাশয় যেন এই বিষয়টা দেখেন।

**শ্রী প্রবোধচন্দ্র পুরকায়েত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুন্দরবনের যে সমস্ত মৎসজীবী নদীতে মাছ ধরতে যায়, বারেবারে তাদেরকে জলদস্যু আটক করছে এবং মুক্তিপন হিসাবে তাদের কাছ থেকে হাজার হাজার টাকা আদায় করছে। তার ফলে সুন্দরবন এলাকার মৎসজীবীদের সমুদ্রে কিংবা খাঁড়িতে মাছ ধরতে যাওয়ার ব্যাপার নিয়ে একটা বিপদ জনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। তাই আমি পুলিশমন্ত্রীর কাছে দাবি করছি সুন্দরবন এলাকার মৎসজীবীরা যাতে নির্বিঘ্নে মাছ ধরতে যেতে পারে তার ব্যবস্থা করুন। নদীতে মাছ ধরা তাদের জীবন-জীবীকা, তাদের আপনি জলদস্যুর হাত থেকে বাঁচান। আপনি সুন্দরবন এলাকায় একটা স্থায়ী টহলদারীর ব্যবস্থা করুন। তা না হলে মৎসজীবীদের জীবন বিপন্ন হবে, বারে বারে তাদের যন্ত্রচালিত নৌকা আটক হচ্ছে এবং প্রাণহানি ঘটছে। এটা বার বার হচ্ছে। তাই

আমি আপনার মাধ্যমে পুলিশ মন্ত্রীর কাছে দাবি করছি, সুন্দরবনের খাড়ি এলাকায় স্থায়ী ভাবে নিরাপত্তা রক্ষী বাহিনীর ব্যবস্থা করুন এবং মৎস্যজীবীরা যাতে তাদের জীবন জীবিকা নির্বাহ করতে পারে তার ব্যবস্থা করুন।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আজকে পশ্চিমবাংলার অধিকাংশ কলেজে প্রিন্সিপাল নেই এবং প্রিন্সিপাল বিহীন ভাবে এই কলেজগুলো চলছে। শান্তিপুর কলেজ চার বছর ধরে অধ্যক্ষ বিহীন অবস্থায় চলছে। সেখানে প্রায় সাড়ে তিন হাজার ছাত্রছাত্রী আছে। তাদের পঠন পাঠনে সমস্যা চলছে। বিশেষ করে অ্যাডমিশনের সময়ে কেউ দায়িত্ব নিতে চাইছেন না। গত চার বছরে সেখানে ৬ জন প্রিন্সিপাল বদলী হয়েছেন। এর ফলে ছাত্র-ছাত্রীদের পঠন পাঠনে খুবই অসুবিধা হচ্ছে। তাই আমি দাবি করছি, শান্তিপুর কলেজে অধ্যক্ষের পদটি পূরণ করা হোক।

**শ্রী বিনয় দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আরামবাগ মহকুমা হাসপাতালে ইনটেনসিভ কেয়াঁরের কোনও ব্যবস্থা নেই। সেখানে ইনটেনসিভ কেয়ার ইউনিট করার জন্য প্রশান্ত শূর যখন মন্ত্রী ছিলেন তখন ভিজিটিং কমিটিতে প্রস্তাব দেওয়া হয়েছিল। এখনও পর্যন্ত তা কার্যকর হচ্ছে না। সেখানে আবার পাশাপাশি, সাপে কাটা রোগীর ডায়ালিসিসের ব্যবস্থা নেই। যার ফলে সাপে কাটা রোগীরা মারা যাচ্ছে। আরামবাগ মহকুমার সঙ্গে কলকাতার দূরত্ব ৯০ কিমি। এবং এখানকার হাসপাতালের সঙ্গে কয়েক লক্ষ মানুষ যুক্ত। এটা একটা বানভাসি এলাকা। হুগলি, বর্ধমান, মেদিনীপুর এবং বাঁকুড়া এইসব অঞ্চলের ৮-১০ লক্ষ লোকের জন্য এই মহকুমা হাসপাতাল। ঐ সমস্ত এলাকার সকল মানুষের দাবি, উক্ত হাসপাতালটিকে ডিস্ট্রিক্ট পর্যায়ে উন্নীত করা হোক। এটি করতে পারলে কলকাতার হাসপাতালগুলিতে চাপ কমে যাবে। সেজন্য আমি আবার অনুরোধ করছি যাতে এই হাসপাতালটিকে জেলা স্তরের হাসপাতালে উন্নীত করা হয় এবং ইনটেনসিভ কেয়ার ইউনিট প্রতিষ্ঠা করা হয়।

**শ্রী গৌতম চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মালদহ জেলায় ২৬ লক্ষ মানুষের মধ্যে প্রায় ৭ লক্ষ মানুষের মাথার উপরে আজকে কোনও আচ্ছাদন নেই। আপনারা জানেন যে, বিগত বন্যায় মালদহ জেলার বিস্তীর্ণ এলাকার মানুষের ঘর ভেঙে গিয়েছিল। মালদহ জেলার সভাধিপতি, মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির সভাধিপতির কাছে আমরা আবেদন করেছি, কিন্তু কোনও সুরাহা পাইনি। আমরা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের কাছে আবেদন করেছি, কিন্তু কোনও সুরাহা পাইনি। আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রান মন্ত্রীর কাছে আবেদন করছি, অবিলম্বে মালদহ জেলার ৭ লক্ষ মানুষ যারা আজকে গৃহহারা, মাথার উপরে যাদের আচ্ছাদন নেই, তাদের সরকারি গ্রান্ট দেওয়া হোক টু মেক দেয়ার হাউসেস।

**শ্রী মৃনালকান্তি রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র (আরক্ষা) মন্ত্রী, সেচ মন্ত্রী এবং মৎস্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকায় কাঠমুণ্ডি গ্রাম মৎস্যজীবী অধ্যুষিত একটি গ্রাম। সেখানে সাতটি নৌকা এবং একশোটি পরিবার বাঁধা পড়ে গেছেন। পিছাবনি ক্যানাল থেকে তার দুপাশে যে বিশাল বাঁধ আছে,

সেটি কংগ্রেস মদতপুষ্ট এক ব্যক্তি বন্ধ করে দিয়েছে। কেউ যদি পাহারা দিতে যায় তাহলে তার জিভ কেটে নেবে, পা কেটে নেবে, টুকরো টুকরো করে কেটে ফেলবে বলে হুমকি দিচ্ছে। এখনও অবধি তাদের গ্রেপ্তার করা হয়নি। তাদের অবিলম্বে অ্যারেস্ট করা হোক, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি।

[1-00 – 1-10 P.M.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র বারুইপুরে সমাজবিরোধীরা প্রতিটি স্টেশনে মদ, জুয়া, সাট্টা খেলা শুরু করেছে। এর ফলে ওখানে বাচ্চা ছেলেরাও এতে আকৃষ্ট হচ্ছে। বিনা ইনভেস্টে এইরকম ব্যবসা চলছে, পুলিশকে বলা সত্ত্বেও কোনও ব্যবস্থা নিচ্ছে না। মল্লিকপুর স্টেশনে মদ বিক্রি হচ্ছে এবং বারুইপুর স্টেশনে প্রাকাশ্যে সাট্টা, জুয়া খেলা হচ্ছে। পুলিশের একটা অংশ ওদের কাছ থেকে পয়সা পায় সেই কারণে বারবার বলা সত্ত্বেও তারা কোনও ব্যবস্থা নেয় না। ওখানে পুলিশের এই ব্যাপারে কোনও ভূমিকা নেই। এরফলে তরুণ ছেলেরা যারা চাকুরি পায় নি বা পাচ্ছে না তারাও ওটা সহজ রাস্তা হিসাবে বেছে নিয়েছে। সুতরাং অবিলম্বে আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীকে আবেদন করছি যে, তিনি যেন নির্দেশ দেন যে যে কোনও দলেরই হোক না কেন তাদের গ্রেপ্তার করা হোক এবং অবিলম্বে এইসব জিনিসগুলো বন্ধ করা হোক।

**শ্রী মীর কাশিম মণ্ডল :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি রাস্তা উন্নয়নের জন্য পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র চাপড়া এগ্রিকালচারাল মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটির পাশ দিয়ে কৃষ্ণনগর-করিমপুর সড়ক হতে একটি রাস্তা বাঁধপাড়া, গোবুরা পাড়া এবং দক্ষিণ বৃত্তিহুদার মধ্যে দিয়ে সুর সাগর ঘাটে পৌঁছেছে। দীর্ঘদিন ধরে রাস্তাটির কোনও উন্নয়ন না ঘটার ফলে ওই এলাকার মানুষের চলাফেরার চরম অসুবিধা হয়। নদীর পাড়ে নাকাশি পাড়া ব্লক, সুখ সাগর এবং পাটপুরের মধ্যে দিয়ে বেথুয়াডহরী পর্যন্ত ওই রাস্তাটি মেটাল রোডে পরিণত হলে বাণিজ্যিক সুবিধা হবে। সেইকারণে আমি আপনার মাধ্যমে কার্যকর পদক্ষেপ নেওয়ার জন্যে আবেদন জানাচ্ছি।

**শ্রী কমল মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার চন্দননগর বিধানসভায় একাদশ-দ্বাদশ শ্রেণীতে ভর্তি করতে খুব অসন্তোষ সৃষ্টি হচ্ছে। বহু ছাত্র-ছাত্রী ভর্তি হতে পারছে না। গত বছরে একটি মেয়েদের স্কুলকে একাদশ-দ্বাদশ শ্রেণীতে উন্নীত করা হয়েছে। কিন্তু ছেলেদের স্কুলকে করা হয় নি। সেইকারণে এই বছরে ডাঃ শীতল প্রসাদ ঘোষ আদর্শ শিক্ষালয় এবং অরবিন্দ বিদ্যামন্দিরকে একাদশ-দ্বাদশ শ্রেণীতে উন্নীত করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**ডাঃ পরভীন কুমার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে টিটাগড়ের কেল্ভিন জুট মিল সম্পর্কে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দীর্ঘ ৫ মাস ধরে টিটাগড়ের কেল্ভিন জুট মিল বন্ধ হয়ে রয়েছে। লেবার কমিশনের অফিসে ডেপুটি লেবার কমিশনারের সঙ্গে মিটিং হয়েছে। মালিকপক্ষ কিছুতেই মানতে রাজি হয় নি কোনও শর্ত,

তারপরে ত্রি পাক্ষিক চুক্তি হল সেটাও মানতে রাজি নয়। বারেবারে বলা সত্ত্বেও তারা কোনও রকম ভাবেই রাজি হচ্ছে না। সেইকারণে আমি আবেদন জানাচ্ছি যে শ্রমমন্ত্রী যেন অবিলম্বে এই ব্যাপারে হস্তক্ষেপ করেন। ওই মিলের মালিক যদি মেনে না নেয় তাহলে তাদের যেন সাসপেণ্ড করা হয় এবং অন্য প্রোমোটারকে সেই জায়গায় বসানো হয়।

**শ্রী সৌগত রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কলেজ সার্ভিস কমিশনের অনিয়ম সম্পর্কে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলেজ সার্ভিস কমিশনে যে অনিয়ম চলছে সেই ব্যাপারে অভিযোগ জানিয়েছে জেনারেল রিসার্চ স্কলার ফোরাম অফ ওয়েস্ট বেঙ্গল। তারা অভিযোগ করেছেন যে রাজ্যে বেসরকারি কলেজগুলোতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কমিশন সঠিক নিয়ম অনুসরণ করছে না। ১৯৮৮ সালে একটি কলেজে সার্ভিস কমিশন একটা প্যানেল তৈরি করেছিল তাতে পদার্থবিদ্যা, রসায়ন এবং বাংলায় শিক্ষক নেবার কথা ছিল। অনেক ক্ষেত্রে প্যানেলের নিচের দিকে নাম আছে, এমন প্রার্থীকে চাকরি দেওয়া হয়েছে। উপর তলার প্যানেলের প্রার্থীকে বঞ্চিত করে। আমার বক্তব্য হচ্ছে, ভবিষ্যতে সব প্যানেলকে অতীতের প্যানেলের সঙ্গে যুক্ত করতে হবে, যাতে ভবিষ্যতে কোনও প্যানেল বাতিল না হয়ে যায়। সেদিন শিক্ষা বাজেটে মাননীয় মন্ত্রী বলেছেন, স্লেট পরীক্ষায় যারা পাস করছে তাদের সবাইকে নিলেও কলেজের শূন্য পদ পূরণ করা যাবে না। এটা মাননীয় মন্ত্রী অসত্য বলেছেন, তার কারণ ৮ বছর পরে কলেজ সার্ভিস কমিশন এর প্রথম প্যানেল হতে চলেছে, ইতিমধ্যে যোগ্য প্রার্থীর সংখ্যা ৬ হাজারে দাঁড়িয়েছে। সাড়ে তিন শত কলেজে শূন্য পদের সংখ্যার থেকে এটা অনেক কম। স্যার, আমরা চাই এখন বিভিন্ন কলেজগুলি যে ভাবে চালানো হচ্ছে পার্ট টাইম টিচার নিয়োগ করে, তাদের জন মজুরের মতো বেতন দিয়ে চালানো হচ্ছে, ৬ মাসের বেশি কোনও পোস্টে পার্ট টাইম টিচার নেওয়া যাবে না, তা নাহলে পোস্ট অ্যাবলিশড করতে হবে এবং আমার আরও দাবি কলেজ সার্ভিস কমিশনকে শূন্য পদ পূরণের জন্য অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**শ্রী শক্তিপদ খাঁড়া :** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েক বছর ধরে পঞ্চায়েত ভিত্তিক মিটার রিডার নিয়োগ করা হয়েছে। ওরা কমিশনের ভিত্তিতে কাজ করে থাকে। প্রতি ৩ মাসের বিলের জন্য ২.৫০ পয়সা করে কমিশন পেয়ে থাকেন। কাজে এদের আন্তরিকভাবে ঘাটতি লক্ষ্য করা যাচ্ছে না। আগে অ্যাভারেজ বিল হোত, এখন সেখানে নিয়মিত বিল হচ্ছে। শুধু বিল তৈরি করাই নয়, নির্দ্ধারিত সময়ের আগে ওরা গ্রাহকের বাড়ি বাড়ি বিল পৌছে দিয়ে থাকেন এবং নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে কাজ করে থাকেন, তাদের কমিশন খুবই কম। সেইজন্য বিদ্যুৎ মন্ত্রীর কাছে আবেদন যাতে ওরা কমিশন পায় এবং তারা নিয়মিতভাবে টাকা পেতে পারেন তার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী তারক বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পৌর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এই সভার মাননীয় সদস্যারা সকলেই জানেন যে ১৪০ বিধানসভা কেন্দ্রে কুমারটুলির একটা বিখ্যাত জায়গা, এই কুমারটুলির মৃৎশিল্পীরা শুধু আমাদের রাজ্যে নয়, ভারতবর্ষে এবং আন্তর্জাতিক ক্ষেত্রে ওরা যথেষ্ট সুনামের অধিকারী। এই কুমারটুলির

মৃৎশিল্পীরা গভীর সঙ্কটের সম্মুখীন। সামনে দুর্গাপূজা, কালিপূজা এই পূজা উপলক্ষ্যে কলকাতার বিভিন্ন জায়গায় প্রতিমা কুমারটুলি থেকে যায়। এদের ট্রেড লাইসেন্স রিনিউ না হওয়ার জন্য ওরা স্টেট ব্যাঙ্ক এবং ইউনাইটেড ব্যাঙ্ক থেকে লোন পাচ্ছেনা, এবং ট্রেড লাইসেন্স রিনিউও হচ্ছে না। তারা জলকর এবং জঞ্জাল কর দিতে পারছে না। ওরা খ্যাতিসম্পন্ন শিল্পী হলেও অর্থের দিক থেকে দুর্বল। আমি পৌরমন্ত্রীর কাছে অনুরোধ করছি এই শিল্পীদের জলকর এবং জঞ্জাল কর মুকুব করে দেওয়া হোক।

[1-10 – 1-20 P.M.]

**ডঃ নির্মল সিন্‌হা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পরিবহন মন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দক্ষিণ ২৪ পরগনার বারুইপুর থেকে ক্যানিং এলাকার পরিবহন সঙ্কট প্রবল, প্রাইভেট বাস উঠে যাচ্ছে। সরকারি বাস সেই জায়গায় তাদের স্থান পূরণ করতে পারছে না। এই সময় ট্রেকারের আমদানি হয়েছে, ট্রেকারে লাভের জন্য মালিকরা লিজ দিয়ে দিচ্ছে। সেখানে সীমিত আসন সংখ্যার থেকে বেশি লোক তারা তুলে নিয়ে যাচ্ছে, তার জন্য ড্রাইভারের পাশে আসন করে দিচ্ছে, মানুষদের বাইরে পাদানিতে ঝুলে যেতে হয়, ঝুলে যাওয়ার জন্য ওরা পাদানি করে রেখেছে, এই অবস্থা চলছে। যোগ্য ও একসপার্ট নয় এইরকম ড্রাইভারদের দিয়ে গাড়িগুলো চালানো হচ্ছে। ২৭শে মে বারুইপুর-ক্যানিং রুটে ছোয়ানিতে প্রচণ্ডভাবে মর্মান্তিক দূর্ঘটনা ঘটে এবং কয়েকজন মৃত্যুমুখে পতিত হয়। এই দুর্ঘটনা কি এড়ানো যেত না? আসন সংখ্যার থেকে বেশি লোক নিয়ে যাওয়া হচ্ছে, এটা দেখা দরকার এবং দোষীরা যাতে শাস্তি পায় তার বিরুদ্ধে ব্যবস্থা করা দরকার।

**শ্রী সুধীর ভট্টাচার্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যের জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ১১৮, নম্বর ফলতা বিধানসভার বিধায়ক হিসাবে বলতে চাই, আমার এলাকায় বহু নলকূপে জল নেই, সেখানকার মানুষকে পুকুরের জল খেতে হচ্ছে। স্যার, কলকাতার কাছাকাছি একটা থানা এলাকায় মানুষের এত জলকষ্ট কেন। ঐ এলাকায় বহু গ্রামে আজকে টিউবওয়েল খারাপ হয়ে পড়ে আছে। তা সারাবার জন্য কোনও ব্যবস্থা নেই। নির্বাচনের আগে আমরা দেখলাম ট্যাপের ব্যবস্থা হয়েছে। আমার এলাকার চাকলার কয়েকটি গ্রামে সি. পি. এমকে ভোট না দেওয়ার জন্য ট্যাপে জল আসেনা। কংগ্রেসি এলাকায় ট্যাপে জল আসে না। সেইজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই, পশ্চিমবাংলায় আজকে জল নিয়ে রাজনীতির খেলা চলছে, কংগ্রেসকে ভোট দিয়েছে সেই অপরাধে যদি তাদের জল না দেওয়া হয় ট্যাপ থাকা সত্ত্বেও এটা চলতে পারে না। আমি জনস্বাস্থ্য ও কারিগরি দপ্তরের মন্ত্রী মহাশয়কে এই ব্যাপারে হস্তক্ষেপ করার জন্য অনুরোধ করছি।

**শ্রী ইউনুস সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৯৯৪ সালে সেপ্টেম্বর মাসে পদ্মার ভাঙ্গনে জলঙ্গীতে ৫০০ পরিবার রাস্তায় বাস করছিল। ২৫০টি পরিবারকে পঞ্চায়েত জমি কিনে ব্যবস্থা করেছে, ১০০টি পরিবার তারা নিজেরাই ব্যবস্থা করেছে, কিন্তু ১৫০টি পরিবারের কোনও ব্যবস্থা

হয়নি। জলঙ্গী, জয়কৃষ্ণপুর, মুরারপুর, নলবোনা, বাগনান, এই পাঁচটি গ্রামে অবিলম্বে ব্যবস্থা করা দরকার।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয় বলতে চাই। আমরা যারা মফঃস্বলের এম. এল. এ., এলাকা থেকে বহু লোক আমাদের সঙ্গে দেখাশোনা করতে আসে, কিন্তু আমরা তাদের থাকতে দিতে পারিনা। আমাদের প্রয়োজনে আমরা কোনও ঘর পাইনা। বলা হয় ঘর নেই। এখন আবার নতুন সার্কুলার দেওয়া হয়েছে কারোর ঘরে কেউ থাকলে ১০০ টাকা ফাইন করা হবে। আপনার কাছে আমার বিনীত নিবেদন এই ব্যাপারে অন্য একটা ব্যবস্থা করা হোক। আমাদের গেস্টরা কলকাতায় এসে যাতে থাকতে পারে তার ব্যবস্থা করা হোক।

**শ্রী শিবপ্রসাদ দোলুই ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ডি. ভি. সি রাইট ব্যাঙ্ক এমব্যাঙ্কমেন্ট ইন্দাস অবধি চাষীরা বোরো চাষের জল পাচ্ছে। সেই জল দক্ষিণ দামোদর থেকে খণ্ডকোষ, রায়নায় দু থেকে তিন ঘন্টা সাত থেকে দশ দিন জল দেওয়া হয়। দক্ষিণ দামোদর থেকে রায়না ও খণ্ডকোষে নিয়মিত জল দেওয়ার জন্য মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কালিপ্রসাদ বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র হরিপাল বিধানসভা কেন্দ্রের বন্দিপুর তেঁতুলপুর রাস্তাটি একমাত্র সংযোগকারী রাস্তা। ১০/১২ হাজার মানুষ প্রতিদিন হাসপাতালে যায়, স্কুল কলেজে যাচ্ছে, ব্যাঙ্কে যাচ্ছে, রেলওয়ে ষ্টেশনে যাচ্ছে। রাস্তাটি ভেঙে চুরে একেবারে তছনছ হয়ে গেছে। ট্রেকার সার্ভিস বন্ধ হয়ে গেছে, রিকশা যাচ্ছে না। অবিলম্বে রাস্তাটি সংস্কারের জন্য বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জটু লাহিড়ি ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাধ্যমিক উচ্চমাধ্যমিক শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, উচ্চমাধ্যমিকে ভর্তির ব্যাপারে ভীষণ অসুবিধা রয়েছে তার উপর আমার কেন্দ্র হাওড়ার বাকসারা হায়ার সেকেণ্ডারি স্কুলটিতে বাণিজ্য বিভাগটি বন্ধ করে দিতে হয়েছে। একমাত্র কমার্স টিচার যিনি গত ডিসেম্বর মাসে রিটায়ার করে গেছেন। স্কুল কর্তৃপক্ষ আগাম নোটিশ দিয়েছিলেন যে একমাত্র কমার্স টিচার রিটায়ার করেছেন তা সত্ত্বেও এখনও পর্যন্ত কোনো কর্মাস টিচার নিযুক্ত করা হয় নি। ফলে বাণিজ্য বিভাগটি বন্ধ করে দিতে হয়েছে। যেখানে নতুন কোনো হায়ার সেকেণ্ডারি স্কুল হচ্ছে না সেখানে একটি হায়ার সেকেণ্ডারি স্কুলের বাণিজ্য বিভাগকে বন্ধ করে দিতে হচ্ছে। আমি অবিলম্বে মাননীয় মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী জয়ন্ত চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বন মন্ত্রীর কাছে কয়েকটি কথা বলতে চাই। সংবাদ পত্রের মাধ্যমে আপনারা সকলেই জানেন যে বিহারের দলমা পাহাড় থেকে প্রতি বছর শীত কালে বেশ কিছু হাতী আসে। সেই হাতীগুলির মধ্যে ৪/৫টি হাতী মরার, বাঁকাদল, বেলসুড়িয়া অঞ্চলে স্থায়ীভাবে বসবাস করছে। আমরা লক্ষ করছি, এই হাতীগুলির মধ্যে একটি হাতী বাড়িঘর ভাঙচুর করছে, চাষবাস নষ্ট করছে। যার ফলে বহু

লোক গৃহহীন হয়ে পড়বে।

**শ্রী তাপস চট্টোপাধ্যায় :** (অনুপস্থিত)

**শ্রী অমর চৌধুরি :** (অনুপস্থিত)

**শ্রী ভদ্রেশ্বর মণ্ডল :** (অনুপস্থিত)

**শ্রী নির্মল ঘোষ :** স্যার, আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ের অবতারণা করছি। আপনারা সকলেই জানেন সুলেখা কালির নাম। স্বদেশি আন্দোলনে এর সঙ্গে এর নাম জড়িয়ে আছে। বাসন্তী দেবীর নামে বাসন্তী কটন মিল আর বেণী ইঞ্জিনিয়ারিং। দুটো আমার নির্বাচনী ক্ষেত্রে আর একটা লাগোয়া স্যার, এই কারখানা গুলো বি. এফ. আর এ পড়েনি। বিভাগীয় মন্ত্রীর কাছে আমি কয়েকবার বলেছি আবার আজকেও মেনশন দিচ্ছি, এর একটা বিরাট গুরুত্ব রয়েছে। স্বাধীনতার সময়, স্বাধীনতার পর থেকেই সুলেখা কালি আমাদের সঙ্গে রয়েছে, এ কথা সকলেই জানেন। আমি বিভাগীয় মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি। এই কারখানা গুলো তাড়াতাড়ি খোলার ব্যবস্থা করা হোক।

[1-20 – 1-30 P.M.]

**শ্রী মাণিক উপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র বারাবনিতে যে স্কুল আছে সেখানে দূরদূরান্ত গ্রাম থেকে ছেলে-মেয়েদের আসতে ভয়ঙ্কর অসুবিধা হয়। কারণ সেখানে পরিবহন কাঠামো টোটালি ভেঙে পড়েছে। তার সাথে সাথে, এস. বি. এস. টি. সি.র যে সমস্ত পরিবহন ছিল সেগুলো আগে চলছিল, কিন্তু হঠাৎ সেই বাসগুলোকে উইথড্র করা হল। অনেক দূর থেকে, অনেক সাধারণ গরিব মানুষ গ্রাম থেকে বাইরে আসার জন্য এবং ছেলে-মেয়েরা লেখাপড়া করার জন্য স্কুল বা কলেজে আসতে পারছেন না। আপনারা নিজেদের জনদরদী বলে থাকেন। কিন্তু দুঃখের ব্যাপার আপনারা এই দিকে নজর দেন নি। আমি মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে অনুরোধ করছি অবিলম্বে এখানে পরিবহনের সুবন্দোবস্ত করুন।

**শ্রী মহম্মদ হান্নান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র রামপুরহাটের এক নং এবং ২নং ব্লকে দ্বারকা নদী প্রবাহিত হওয়ার ফলে মহাতীর্থ তারাপীঠের শশ্মান নদীগর্ভে চলে যাচ্ছে। জুনিদপুর গ্রাম থেকে ললিতকুণ্ড গ্রাম পর্যন্ত নদীর দুইধারের বাঁধ প্রায় ভগ্ন অবস্থায় আছে। সত্ত্বর এই বাঁধ সংস্কার করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীকে অনুরোধ করছি। এই বাঁধ সংস্কার না হলে ১০ খানা গ্রাম নদী গর্ভে চলে যাবে।

**শ্রী আবদুস সালাম মুন্সি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা কালিগঞ্জে কাটোয়া বল্লভপাড়া ঘাটে একটা ব্রিজ অত্যন্ত দরকার। হাজার হাজার মানুষ প্রতিদিন বর্ধমান ও নদীয়া জেলার সঙ্গে এক ঘাট দিয়ে যোগাযোগ করেন। একদিকে নবদ্বীপের গৌরাঙ্গ সেতু আরেকদিকে

বহরমপুর সেতুর মধ্যে ১৫০ কিলোমিটার জায়গার মধ্যে কোনও ব্রিজ নেই। অবিলম্বে এই ব্রিজটি করার জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী শৈলজাকুমার দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা পুলিশ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার সবচেয়ে বড় পুলিশ স্টেশন হল কাঁথি থানা। কাঁথি পুলিশ স্টেশনে ৩টি ব্লক এবং একটি. পৌরসভা আছে। এই এলাকার মধ্যে তিন লক্ষাধিকের বেশি মানুষ বাসবাস করেন। আমরা সাম্প্রতিক কালে লক্ষ্য করছি এই একটা থানার পক্ষে এই বিশাল এলাকার উপর নজর রাখা সম্ভব হচ্ছে না। সেজন্য আমি মাননীয় পুলিশমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে এই থানাকে দুটো থানায় বিভক্ত করা হোক। আর যত দিন এই থানা দুটো থানায় বিভক্ত না হয় ততদিন কাঁথি ২নং এবং ৩নং ব্লকে দুটো পুলিশ ফাঁড়ি বসানোর জন্য আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী চক্রধর মাইকাপ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কাঁথি থানার ৩নং ব্লকে ৬নং দুরমুর গ্রামপঞ্চায়েতে একটা জুনিয়র হাই স্কুল বা হাই স্কুল নেই। অথচ ১০ বছর আগে এখানকার অঞ্চলবাসীরা জমি দান করে দুরমুর বিদ্যাসাগর আদর্শ শিক্ষা নিকেতন তৈরি করেছেন। কাঁথি ৩নং পঞ্চায়েত সমিতি অ্যাডভাইসরি কমিটি করে এই স্কুলটিকে দেখাশোনা করছেন। আমি মাননীয় শিক্ষামন্ত্রী কে অনুরোধ করছি অবিলম্বে এই স্কুলটিকে যেন সরকারি অনুমোদন দেওয়া হয়। নাহলে ৩০টি গ্রামের ছেলে-মেয়েদের পড়াশোনা বন্ধ হয়ে যাবে।

**শ্রী খগেন্দ্রনাথ মাহাতো :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র শালবনী শিক্ষায় অনগ্রসর। মাধ্যমিক পরীক্ষার পর সেই এলাকার ছাত্র-ছাত্রীদের উচ্চমাধ্যমিকে ভর্তি হতে অসুবিধা দেখা দিচ্ছে। এই সমস্যা দূর করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দিতে অনুরোধ করছি।

**শ্রী পরেশনাথ দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কারিগরি শিক্ষা এবং প্রশিক্ষণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাশ করার পর ছাত্র-ছাত্রীরা যাতে কারিগরি শিক্ষা লাভ করে কর্ম জীবনে প্রবেশ করতে পারে, তার জন্য সাগরদীঘি ব্লকে একটি পলিটেকনিক কলেজ খোলার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী শিবপ্রসাদ মালিক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্বাভাবিক বৃষ্টিপাত না হওয়ার ফলে গোঘাট সহ হুগলি জেলাতে চাষাবাদ প্রায় বন্ধ হয়ে গেছে। শুধু তাই নয়, পাট ভেজানোর জলও নেই। মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি ডি. ভি. সি. এবং কংসাবতী জলাধার থেকে জল ছাড়ার ব্যাপারে উদ্যোগ নিতে।

**শ্রী অশোক গিরি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রী মহাশয়-এর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা কাকদ্বীপ সম্প্রতি মহকুমা

হয়েছে। এই কাকদ্বীপের চৌ-রাস্তার মোড় যেন মিনি চৌরঙ্গি এখানে অসংখ্য গাড়ি চলাচল করে, রাস্তার উভয় দিকে অসংখ্য দোকান-পাট, লরি থেকে মাল নামায়, ফলে যানজটের সৃষ্টি হয় এবং প্রায়ই দুর্ঘটনা ঘটে থাকে। এই অসুবিধাগুলো দূর করার জন্য সেখানে বিকল্প ব্যবস্থা হিসাবে একটি বিকল্প বাই-পাস রাস্তার জন্য আবেদন করছি।

**শ্রী অঙ্গদ বাউড়ি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় গ্রানাইট পাথর পাওয়া গেছে, এবং তা থেকে কিছু শিল্পও গড়ে উঠেছে সেখানে। কিন্তু কিছু অসাধু ব্যবসায়ী বেআইনি ভাবে সেই পাথর বাইরে চালান করে দিচ্ছে। মেজিয়া, ঝিঘাট, শালতোড়া—সেখানকার থানার অফিসারদের যোগসাজসে এটা করছে। অবিলম্বে এই পাথর চালান বন্ধ করার জন্য আবেদন করছি।

**শ্রী নন্দদুলাল মাঝি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার রসুলপুর থেকে কাঁকুড়ডাঙা রাস্তাটি খুবই গুরুত্বপূর্ণ রাস্তা। এই রাস্তায় বর্ধমান পুরুলিয়া, বর্ধমান বাঁকুড়া বাস চলে। মেরামতির অভাবে রাস্তাটি ভয়ঙ্কর ভাবে ক্ষতিগ্রস্ত হয়ে পড়েছে। অবিলম্বে এই রাস্তাটি মেরামত করার জন্য অনুরোধ করছি।

[1-30 – 1-40 P.M.]

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমার নির্বাচনী কেন্দ্রের ৩৫-টি মৌজার ৮৩-টি গ্রামে বিদ্যুৎ নেই। এর মধ্যে একটা লেপ্রসি কলোনি, সাওঁতাল এবং পিছিয়ে পড়া মানুষের বসবাস রয়েছে। আমি অবিলম্বে আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর কাছে ঐসব জায়গায় বিদ্যুৎ পৌঁছে দেবার ব্যবস্থা করার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী বিশ্বনাথ মণ্ডল ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম এবং বড়এঞা গ্রামে ক্যানেলের সাহায্যে চাষাবাদ হয়। এদিকে আকাশে মেঘ নেই, বৃষ্টি হচ্ছে না। কৃষকরা মাথায় হাত দিয়ে বসে আছেন। আগে ১-লা জুলাই ময়ূরাক্ষীর বাঁধ থেকে জলছাড়া হত। কিন্তু বর্তমান বছরে তা এখন ছাড়া হয়নি। ফলে তিনটি ব্লকের সমস্ত কৃষিকাজ বন্ধ হয়ে যাবার উপক্রম। যেটুকু আবাদ হয়েছে তাও শুকিয়ে যাচ্ছে। এ বিষয়ে আমি আগেও বলেছি এবং সাংবাদিকদেরও বলেছি। ঐ সমস্যার যাতে দ্রুত সমাধান করা হয় আমি তার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী রামপ্রবেশ মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এ বিষয়ে তাঁর হস্তক্ষেপ দাবি করছি। আমার নির্বাচনী কেন্দ্র মালদার মানিকচক। মালদা জেলার স্টেট বাস স্ট্যাণ্ড থেকে অমৃতি হয়ে বাবলা, কমলপুর, মোথাবাড়ি হয়ে কালিয়াচক পর্যন্ত একটা স্থায়ী স্টেটবাস রুট চালু করা হোক জনসাধারণের যাতায়াতের সুবিধার জন্য।

আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমেরিকার দুজন প্রবাসী ডাক্তার তাঁরা মেডিকেল কলেজকে ডায়ালিসিস মেশিন উপহার দিয়েছেন। কিন্তু সেটা চলছে না। এটা পি. জি. ছাড়া আর কোথাও নেই। মেডিসিন ডিপার্টমেন্টর অবস্থাটা দেখুন। আর্টিফিসিয়াল রেসপিরেশনের জন্য বহু মূল্যের ভেন্টিলেটর ছিল—সেটা অচল হয়ে আছে। কার্ডিওলজি ডিপার্টমেন্টে ইনটেনসিভ কেয়ার ইউনিট, সেখানে বিসাইড মনিটর বহু মূল্যবান, এটা অচল হয়ে আছে। তাছাড়া ব্লাড, গ্যাস এনালেসার-এর মতো মূল্যবান যন্ত্র অচল হয়ে আছে। মেডিকেল কলেজের মতো একটা জায়গায় এই রকম অবস্থা। সেখানে ডায়ালিসিসে প্রতি বছর অন্তত ৮ থেকে ১০ হাজার পেসেন্ট আসে। পি. জি. তে এক হাজার ক্যাপাসিটি। মেডিক্যাল কলেজ অচল হয়ে আছে। আমি এ বিষয়ে তদন্ত করার জন্য এবং দ্রুত ব্যবস্থা নেবার জন্য মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বীরেন ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েকদিন আগে বর্ধমান জেলার কালনা গ্রুপ ইলেকট্রিসিটি অফিসে কংগ্রেস জোর করে ঢুকে বিদ্যুতে ব্যবহৃত ট্রান্সফর্মার-৬৫ কে.ভি. ট্রান্সফর্মার চুরি করে, তুলে নিয়ে আসে। ফলে ঐ অফিস থেকে প্রায়োরিটির ভিত্তিতে ট্রান্সফরমার বন্টনের ব্যবস্থা ভেঙ্গে পড়েছে এবং বিশৃঙ্খলা দেখা দিয়েছে। অ্যাসিসটেন্স ইঞ্জিনিয়রকে শারীরিক ভাবে নিপিড়ন করা হয়েছে। স্যার, আমি আপনার মাধ্যমে ঐ ব্যাপারে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী হবিবুর রহমান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর কিছুক্ষণ পরে মাননীয় পুলিশ মন্ত্রী পুলিশের আরাম-আয়াসের জন্য কয়েকশো কোটি টাকার ব্যায়-বরাদ্দ অনুমোদন করাবেন। এই পুলিশের অমানুষিক বর্বরোচিত আচরণের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি।

স্যার, মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ থানায় দীর্ঘদিন ধরে লালখান্দিয়ার গ্রামে একটা সন্ত্রাস বিরাজ করছে। নির্বাচনের পরে সেখানে গত বৃহস্পতিবার রাত্রে পুলিশ আসামী ধরতে গিয়ে একটা বাড়িতে জোর করে ঢোকে। বাড়ির মালিক কাজের উদ্দেশ্যে দীর্ঘ দিন বাইরে আছে, কিন্তু তারা মেয়েদের প্রতি অশালীন আচরণ করে, বাড়ি ঘর ভেঙে চুরমার করে দেয় এবং চাল, ডাল এই খাবারের সাথে কোরোসিন তেল মিশিয়ে দিয়ে সেগুলিকে অখাদ্যে পরিণত করে। পরের দিন মেয়েদের প্রতি পুলিশ যে অশালীন আচরণ করেছে তার জন্য তারা কেস করেন।

(এই সময় মাইক অফ হয়ে যায়)

**শ্রী দ্বিজেন্দ্রনাথ রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা বালুরঘাট কুমারগঞ্জে একটি মাত্র পাকা সড়ক, সেখানে দেড় লক্ষ মানুষের বাস। ইচ্ছামতী নদীর উপর একটি মাত্র জীর্ণ কাঠের সেতু আছে। সেই সেতুটি কংক্রিটের করার জন্য মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করছি।

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। পুরুলিয়ায় রাষ্ট্রীয় বালিকা বিদ্যালয় শিক্ষিকার অভাবে

১৯৮৯ সাল থেকে উচ্চমাধ্যমিক এই স্কুলটি বন্ধ হয়ে আছে, এটি একটি রাজ্য সরকারের স্কুল, ১৯৮৯ সাল থেকে শিক্ষিকার অভাবে এগারো, বারো ক্লাস বন্ধ হয়ে আছে। সেখানে ৯ জন শিক্ষিকা নেই, সেই রাষ্ট্রীয় বালিকা বিদ্যালয়টি বন্ধ হয়ে যাবার উপক্রম হয়েছে। তাই আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি, অবিলম্বে যাতে উচ্চমাধ্যমিক স্কুলটি খোলার জন্য এবং শিক্ষিকা নিয়োগের জন্য আবেদন করছি।

**শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** মিঃ ডেপুটি স্পিকার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের স্বাধীনতা সংগ্রামীরা ভারত সরকারের কাছ থেকে পেনসন পেয়ে থাকেন। কিন্তু যা টাকা পান তাতে তাঁদের জীবন ধারণ করা সম্ভব হয়না। বিশেষ করে আজকের যুগে সম্ভব না। এই কথা চিন্তা করে ভারতবর্ষের অন্যান্য রাজ্য সরকার বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছেন, তাঁরা নিজেদের তহবিল থেকে আর্থিক সাহায্য তাঁদের দিয়ে থাকেন। আমাদের পশ্চিমবাংলায় সে রকম কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। যাঁরা দেশের জন্য জীবন দিলেন, সংগ্রাম করলেন, তাঁরা আজকে দুঃখ দুদ্দর্শার মধ্যে জীবন কাটাচ্ছেন। তাই আপনার মাধ্যমে বলতে চাই যে তাঁদের কথা চিন্তা করে তাঁদের আর্থিক সাহায্য দেবার ব্যবস্থা করলে ভাল হয়।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ** স্যার, অত্যন্ত ব্যাখ্যার সাথে এবং অত্যন্ত দুঃখের সাথে আজকে আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে জানাতে চাই যে, হরিদ্বার এবং উজ্জয়িনীতে প্রায় ৬০ জন, লাস্ট নিউজ যেটা পেয়েছি তাতে ৬৩ জন পিল্‌গ্রিমস মারা গেছেন, দে আর ডেড বাই স্ট্যামেড। এই এলাকার কিছু কিছু মানুষও সেখানে যেতে পারেন। এটা আমি হাউসে বলছি এই কারণে যে আমাদের এটা ম্যাসেজ অফ কনডোলেন্স, আমরা এই মৃত্যুর জন্য মর্মাহত এটা জানানো দরকার। আমাদের পশ্চিমবাংলা থেকে কেউ কেউ গিয়ে থাকতে পারেন, সেটাও জানা দরকার।

**শ্রী মহবুবুল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলার চাঁচোল ১ এবং ২ নম্বর ব্লকে মুসলীম অনগ্রসর শ্রেণীর মধ্যে আনসারি, ধুনিয়া, মুনসুরী, জেলমন যাঁরা আছেন, তাঁদের কিন্তু হয়রানি হতে হচ্ছে, তাঁরা ব্লকে দরখাস্ত করে বসে আছেন, কিন্তু কর্মচারিদের তৎপরতার অভাবে সার্টিফিকেট যাচ্ছে না। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি এই ব্যাপারে দেখার জন্য। তারা ব্লক অফিসে দরখাস্ত করছে, কিন্তু কর্মচারিদের তৎপরতার অভাবে তারা সার্টিফিকেট পাচ্ছে না। যাতে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় এ বিষয়ে দৃষ্টি দেন তার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নরঘাট বিধানসভা কেন্দ্রের নরঘাট থেকে চৌখালি পর্যন্ত ৭ কিলো মিটার রাস্তাকে পাকা রাস্তায় রূপান্তরের আবেদন জানাচ্ছি। এই রাস্তাটি দিঘা—মেচেদা রাস্তার সঙ্গে যুক্ত হয়েছে। এই রাস্তাটি পাকা হলে বহু ব্যবসায়ীর উপকার হবে। অনেক শিক্ষা প্রতিষ্ঠান উপকৃত হবে। পায়রাচালি, কুলাপাড়া, বাটনান, বালিবাড়, ফতেপুর, পুরুষত্তমপুর, গোখুরী, বাটকীচক, নেতুড়িয়া, কোড়খালি, ভগবানখালি, কুশলপুর, ঠেংড়াখালি, চাকনান, নরঘাট

প্রভৃতি ৫০টি গ্রামের মানুষের উপকার হবে। যে রাস্তা দিয়ে প্রতিদিন লক্ষাধিক মানুষ যাতায়াত করে সেই রাস্তাটিকে পাকা রাস্তায় রূপান্তরিত করার জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**Shri Padmanidhi Dhar :** Mr. Deputy Speaker, Sir, here I would like to say self-composed lyric on Mention.

With what intention
Members are going to mention
They are waiting in tension
But there is no pension
or remuneration
The Speaker should give an injunction
about Mention
And mention create no sensation
Because there is no co-ordination
There should be time for introduction
Before going in details of mention
In case of mention, there should
not be any interruption from
the Opposition.

## ZERO HOUR

**শ্রী আবদুস সালাম মুন্সী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকার পলাশি একটা ঐতিহাসিক জায়গা, মাটিয়ারী কাঁসা শিল্পের একটা অত্যন্ত বনিয়াদী জায়গা, কাজীগঞ্জ এবং বল্লভপুরও খুবই বনিয়াদী স্থান; কিন্তু ঐ অঞ্চলে এখন পর্যন্ত কোনও সরকারি বাস চালু করা হয় নি। পলাশির মতো ঐতিহাসিক স্থানে প্রায়ই বিদেশি পর্যটকরা যান, অথচ সেখানে যাবার বিশেষ কোনও পরিবহন ব্যবস্থা নেই। তাই আমি মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে দাবি করছি অবিলম্বে ওখানে সরকারি বাস দেওয়া হোক।

**শ্রী সৌগত রায় :** স্যার, আমি উত্তর-বঙ্গের দার্জিলিং জেলার ধ্বসে আক্রান্ত মানুষদের প্রতি এবং কুচবিহার, জলপাইগুড়ি ও উত্তর দিনাজপুর জেলার বন্যা কবলিত মানুষদের প্রতি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দার্জিলিং জেলার কালিম্পং মহকুমার বাগরাকোটে ধ্বস নামার ৪৮ ঘন্টা পরেও ত্রাণ এবং সেনাবাহিনী পৌঁছতে পারে নি। গঙ্গারামপুরে কাল থেকে বন্যা হচ্ছে, কোনও ত্রাণ শিবির খোলার সুযোগ এখন পর্যন্ত হয় নি। নাগরাকাটায় বন্যা হচ্ছে, বহু মানুষ জলবন্দী হয়ে পড়েছে। এই সমস্ত প্রতিটি ক্ষেত্রে অবিলম্বে সব রকমের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**শ্রী পরেশনাথ দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার সাগর দীঘি কনস্টিটিউয়েন্সির মধ্যে একটা

গ্রামীণ হাসপাতাল আছে। অসংখ্য রুগী প্রতিদিন সেই গ্রামীণ হাসপাতালে চিকিৎসার জন্য আসে। সেখানে ৩০-টা বেড আছে। সেখানে একটা স্যাংশন এক্সরে মেশিন আছে এবং টেকনিশিয়ানের পদ'ও অনুমোদিত হয়েছে। এই অবস্থায় আমি ঐ গ্রামীণ হাসপাতালের এক্সরে মেশিনটা অবিলম্বে চালু করার আবেদন জানাচ্ছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, ৪২নং জওহরলাল নেহেরু রোডে একটা প্রথিক আর্কিটেকচারাল বিল্ডিং আছে। কর্পোরেশনের রুলকে ফ্লাউট করে সেটা ভেঙে সেখানে একটা বাড়ি প্রমোটাররা তৈরি করছে। কলকাতা শহর এমনিতেই অসাধু প্রমোটারদের স্বর্গ রাজ্য, কংক্রিটের জঙ্গল হয়ে গেছে। যেভাবেই হোক অসাধু প্রমোটারদের হাত থেকে কলকাতাকে বাঁচাতে হবে। আমার দাবি এই আনস্কুপ্লুস, ডিসঅনেস্ট প্রমোটাররা যাতে এই কাজ আর না করতে পারে, তার জন্য সরকার সজাগ দৃষ্টি দিন।

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি ঃ** নট প্রেজেন্ট

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, টালিগঞ্জ, যাদবপুর, ঢাকুরিয়া প্রভৃতি অঞ্চলে আজকে সমাজবিরোধীদের আস্থানা হয়ে উঠেছে। গত ৭ দিনে ১৯টি ডাকাতি হয়েছে। কলকাতা শহরে ডাকাতরা নির্বিঘ্নে ডাকাতি করে চলে যাচ্ছে। একটা টি.ভির দোকানে হানা দিয়ে ১০টি টি.ভি বের করে নিয়ে গেছে। কিন্তু তার ২০ গজ দুরেই থানা থাকা সত্ত্বেও পুলিশ নির্বিকার। বালিগঞ্জে একটা সোনার দোকানে বেলা ৪টার সময়ে ডাকতরা ডাকাতি করে প্রায় ২৫ লক্ষ টাকা নিয়ে চলে গেল। পুলিশ যায়নি। গোটা কলকাতা শহর আজকে ডাকাতদের কবলে চলে গেছে। আর একটু পরেই পুলিশ বাজেটে কোটি কোটি টাকার বরাদ্দ হবে। অথচ কলকাতা শহরে আইন-শৃঙ্খলা যেভাবে ভেঙে পড়েছে তাতে আমরা উদ্বিগ্ন হয়ে পড়ছি।

**শ্রী বিশ্বনাথ মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি জরুরি বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে জমিরুদ্দিন খান নামে একজন কোয়াক ডাক্তারকে পাশের গ্রামে ২ জন লোক আবু সহিদ এবং মহঃ শেখ চিকিৎসার নাম করে ডেকে নিয়ে যায়। গত ২৪-৬-৯৬ তারিখে বরোঞা থানার অর্ন্তগত বেলডাঙা মাঠে নিয়ে গিয়ে খুন করে। তার লাশ গত ২৭ তারিখে পুকুর থেকে উদ্ধার করা হয়েছে। বরোঞা পুলিশ তাকে উদ্ধার করে পোস্ট-মর্টেমের জন্য কান্দি হাসপাতালে নিয়ে যান এবং ৭ তারিখে তার পোস্ট মর্টেম হয়। এখনও পর্যন্ত যে ২ জন ধরা পড়েছে তারা কংগ্রেস-আই দলের লোক। আর বাকি যাদের নাম আছে তাদের পুলিশ এখনো পর্যন্ত গ্রেপ্তার করেনি। আমি এই সমস্ত খুনী আসামীদের অবিলম্বে গ্রেপ্তারের দাবি জানাচ্ছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি মানবিক প্রশ্ন তুলে ধরছি। যারা সাপ খেলা, বাঁদর খেলা এবং ভাল্লুক খেলা দেখাচ্ছে তাদের সরকার গ্রেপ্তার করছে এবং গ্রেপ্তার করে নিয়ে গিয়ে ১২০০/১৩০০ টাকা ফাইন করছে। আমার এলাকায় এইরকম আড়াইশো সাপুড়ে থাকে। এখন কিভাবে তারা জীবন-ধারণ করবে? এদের জন্য অলটারনেটিভ কিছু চিন্তা করতে হবে। বন্য প্রাণী সংরক্ষন আইনে যদি গ্রেপ্তার হয়ে

যান তাহলে অন্যভাবে কোনও ব্যবস্থা করার জন্য আমি. সরকারের কাছে আবেদন করছি যাতে এরা জীবনধারণ করতে পারে।

**শ্রী রামপ্রবেশ মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আমার এলাকার একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এবং হস্তক্ষেপ দাবি করছি। আমার মানিকচক বিধানসভা কেন্দ্রে কালিয়াচক ২ নম্বর ব্লকের অর্ন্তগত মাথাবারি ফাঁড়ি দীর্ঘদিন ধরে অবস্থিত। ভাল ঘরবাড়ি ভাড়া নেওয়া হয়েছে এবং সেই বাড়িতেই ফাঁড়িটি চলছে। কিন্তু এই ফাঁড়িটিকে থানায় রূপান্তরিত করার জন্য বহু দিন ধরে চেষ্টা করা হচ্ছে, কিন্তু কার্যকর ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে না। তাই আমার দাবি, অবিলম্বে এই ফাঁড়িটিকে থানায় রূপান্তরিত করা হোক।

**শ্রী মহঃ সোহরাব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, মুর্শিদাবাদ জেলায়, নদীয়া এবং মালদায় অনেক চাঁই সম্প্রদায় বাস করে। তফসিলি জাতি ও উপজাতি ভুক্ত হওয়ার জন্য বহুদিন ধরে বহু রকমের আন্দোলন এবং বহু রকমের চেষ্টা করে যাচ্ছেন। ভোটের সময়ে এরা অনেকেই ভোট বয়কট করেছে। তাই আমি পশ্চিমবঙ্গ সরকারের আদিবাসী দপ্তরের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, অনতিবিলম্বে এদের তফসিলি শ্রেণীভুক্ত করা হোক।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলায় ১ বছর ধরে তফসিলি জাতি ও উপজাতিদের জন্য শিডিউল কাস্টস কম্পোনেন্ট লোনের টাকা যার ৫০ পারসেন্ট সাবসিডি সেন্ট্রাল গভর্নমেন্ট দেয় সেই টাকা এস. সি অ্যাণ্ড এস. টি ফিনানসিয়াল করপোরেশনকে দেওয়া হচ্ছে না, অর্থ দপ্তর সেই টাকা আটকে দিয়েছে। এরফলে পিছিয়ে পড়া মানুষকে বঞ্চিত করা হচ্ছে।

**শ্রী মৃনালকান্তি রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। রামনগর কলেজে গত বছর ইণ্ডাস্ট্রিয়াল ফিস অ্যাণ্ড ফিসারির জন্য ৩০টি আসন বিশিষ্ট বৃত্তিমূলক শিক্ষা ব্যবস্থা গ্রহণ করা হয়। এরফলে দারুণভাবে সাড়া পড়ে ছাত্রদের মধ্যে এবং প্রচণ্ড প্রতিযোগিতা তৈরি হয়। এবং ওখানে চাহিদা রয়েছে। কিছুদিন বাদে এইচ. এস. এর রেজাল্ট বেরোবে, সেই জন্য সিট বাড়িয়ে যাতে ৫০টা করা যায় সেই ব্যবস্থা করুন এবং পাশাপাশি ওখানে অসংখ্য হোটেল গড়ে উঠছে, ওখানে একটা হোটেল ম্যানেজমেন্ট পড়ানোর ব্যবস্থা যাতে করা হয় তার জন্য অনুরোধ করছি।

[1-50 – 2-30 P.M.] (including adjournment)

**শ্রী চক্রধর মাইকাপ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় হাউসে রাখছি। কাঁথি তিন নং ব্লকের এক নং দেবেন্দ্র গ্রাম পঞ্চায়েতে কংগ্রেসের মদত পুষ্ট কিছু সমাজবিরোধী বেশ কয়েক বিঘা কৃষিজমিকে অকৃষি জমিতে পরিণত করার চেষ্টা করে। গ্রাম বাসীরা তাদের বাধা দিতে গেলে তাদের বোমা, বন্দুক নিয়ে আক্রমন করে। এই বিষয়ে বি. এল. আর. ও. কে জানানো হয়েছে, এস. ডি. ও. কে জানানো হয়েছে, থানাতেও জানানো হয়েছে কিন্তু আজ পর্যন্ত একটা সমাজ বিরোধীকেও গ্রেপ্তার করা হয়নি। মাননীয় পুলিশ মন্ত্রীর কাছে আমি চার পাঁচটি মার্ডার কেসের আসামী এই সমস্ত গুণ্ডারা যারা কৃষি

জমিকে অকৃষি জমিতে পরিণত করছে গায়ের জোরে, গ্রামের মানুষের উপর আক্রমন করছে, তাদের অবিলম্বে গ্রেপ্তার করার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী মানিক উপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বারাবনি বিধানসভা কেন্দ্রে পানীয় জলের প্রচুর অভাব। সেখানে দীর্ঘদিন যাবৎ যে জলের ট্যাঙ্কার তৈরি হয়ে রয়েছে, সেইগুলো দিয়ে জল দেওয়া হয়, কিন্তু বর্তমানে পপুলেশন বেড়ে যাওয়ার ফলে পানীয় জলের অভাব দেখা দিয়েছে। সেই জন্য সেখানকার ট্যাঙ্কার স্কীমগুলো যাতে এক্সটেনশন করা হয় তার জন্য আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শান্তিরাম মাহাতো :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলাতে পরিবহন ব্যবস্থা একেবারে ভেঙে পড়েছে। এমনিতে পুরুলিয়ায় বাসের সংখ্যা কম, সরকারি বাসের সংখ্যা অত্যন্ত কম। ওখানকার বেকার যুবকরা ছোট ছোট ট্রেকার এবং ট্যাক্সির ব্যবসা শুরু করেছিল, জনসাধারণ তার উপর নির্ভর করে যাতায়াত করতো। কিন্তু সরকার তাদের উপর একটা অ্যাডিশন্যাল ট্যাক্স ধার্য্য করার ফলে তারা খুব অসুবিধায় পড়েছে। কারণ ৫২ সিটের বাসের জন্য যে ট্যাক্স ধার্য্য করা হয়েছে, এই সব ছোট ছোট ট্রেকার এবং ট্যাক্সির উপর সেই একই ট্যাক্স ধার্য্য করা হয়েছে। তার ফলে বেকার যুবকরা ব্যাঙ্কের লোন শোধ করতে পারছে না। পুলিশ তাদের গাড়িগুলোকে থানায় আটকে রাখছে। এই বিষয়ে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(At this stage the House was adjourned till 2-30 P.M.)

[2-30 – 2-40 P.M.]

**After Adjournment**

## VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 21

**Mr. Speaker :** Now discussion on Demand No. 21. Now Hon'ble Members, please move your cut motions.

Shri Ashok Kumar Deb
Shri Deba Prasad Sarkar
Shri Nirmal Ghosh
Shri Anoy Gopal Sinha
Shri Robin Mukherjee
Shri Sultan Ahmed
Shri Abdul Mannan
Shri Ajoy De
Shri Robindranath Chatterjee
Shri Saugata Roy
Shri Gyan Singh Sohanpal
Shri Kamal Mukherjee

Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100.

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পুলিশমন্ত্রী মহাশয় আজ আমাদের সামনে তার দপ্তরের যে ৫৫৪ কোটি টাকার বাজেট পেশ করেছেন আমি তার তীব্র বিরোধীতা করছি এবং আমাদের দলের তরফ থেকে এর উপর যে সমস্ত কাটমোশন আনা হয়েছে তা আমি সমর্থন করছি। স্যার, গত ১০ বছরে পুলিশের বাজেট ৪ গুন বৃদ্ধি হয়েছে। আমাদের সময় ১৯৭২/৭৩ সালে পুলিশের বাজেট ছিল ৩০ কোটি টাকার মতোন। তারপর ক্রমশ তা বৃদ্ধি পেতে পেতে ১৯৮৫/৮৬ সালে তা হয়েছিল ১৩৬ কোটি টাকা এবং তারপর তার ১০ বছর পরে এই ১৯৯৬/৯৭ সালে সেই বাজেট দাঁড়িয়েছে ৫৫৪ কোটি টাকার। অর্থাৎ ৪ গুন বৃদ্ধি হয়েছে। আমি আজকে প্রশ্ন করছি পুলিশ মন্ত্রীর কাছে—মাননীয় মুখ্যমন্ত্রীও এখানে আছেন—যে পুলিশের গুনাগুন এবং যে জন্য এত জন পুলিশকে সরকারপক্ষ থেকে রাখা হচ্ছে তারা কি তাদের দায় দায়িত্ব পালন করছেন? আমাদের পশ্চিমবঙ্গে কি নারী ধর্ষন কমেছে? আমাদের পশ্চিমবঙ্গে কি খুন কমেছে? আমাদের পশ্চিমবঙ্গে কি নিয়ম বহির্ভুতভাবে আগ্নেয়াস্ত্র বোমা, পাইপগান ইত্যাদি তৈরি কমেছে? এর উত্তর সকলেই জানেন। এর পরিষ্কার উত্তর হচ্ছে, না, কমে নি বরং সেগুলি বহুগুন বৃদ্ধি পেয়েছে। পুলিশের বেতন, সুযোগসুবিধা, বাড়ুক তাদের সংখ্যা বৃদ্ধি হোক তার বিরোধীতা করছি না কিন্তু বিরোধীদল হিসাবে আমরা চাইব পুলিশ নিরপেক্ষভাবে তাদের ভূমিকা পালন করুক। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেট ভাষনে বলেছেন যে পুলিশের জন্য নতুন গাড়ি কিনতে হবে, তাদের নতুন অস্ত্রশস্ত্র দিতে হবে তার কারণ এখন নাকি আগের দিনের ঐ পাইপ, ভোজালি দিয়ে কাজ চলে না। এখন সমাজবিরোধীরা নানান রকমের সফিসটিকেটেড অস্ত্রশস্ত্র ব্যবহার করছে কাজেই পুলিশকেও সফিসটিকেটেড অস্ত্রশস্ত্র দিতে হবে। আমরা এর বিরোধীতা করছি না। কিন্তু আমার প্রশ্ন, আজকে পশ্চিমবঙ্গের শহর, গ্রামগঞ্জ যে অবস্থায় উপনীত হয়েছে সেগুলি বন্ধ করার জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে? তার কোনও ব্যবস্থা হচ্ছে না। আপনার কাছে আমার প্রশ্ন, এই পুলিশ কি নিরপেক্ষ ভাবে কাজ করছে? তার উত্তর হচ্ছে, না। এই ব্যাপারে বহু দৃষ্টান্ত এখানে আমরা দিয়েছি। আমার পরবর্তী বক্তারাও এই ব্যাপারে বলবেন। পুলিশ আজকে ক্ষমতাসীন দলের হয়ে কাজ করছে। আমি একটার পর একটা উদাহরণ দিয়ে বলতে পারি যদি সময় থাকে। আমরা দেখছি যে এই রকম একটা প্রশাসনিক অবস্থার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গ চলছে। কংগ্রেস দলের পক্ষ থেকে কোনও কেস নিয়ে থানায় গেলে এফ. আই. আর নেওয়া হয়না। যদি সি. পি. এম-এর বিরুদ্ধে, ক্ষমতাসীন দলের বিরুদ্ধে কোনও কমপ্লেন করা হয় তাহলে তার কোনও সুরাহা হয়না। পক্ষান্তরে কংগ্রেসের বিরুদ্ধে যদি কেউ মিথ্যা অভিযোগ করে তাহলে সঙ্গে সঙ্গে পুলিশের তাণ্ডব শুরু হয়ে যায়। পুলিশ সেখানে গিয়ে বাড়িঘর লুঠ করছে, বাড়িঘর ভাঙ্গচুর করছে, অন্তঃসত্তা মেয়েদের পেটে লাথি মেরে তার পেটের বাচ্চাকে নষ্ট করে দিচ্ছে। আমাদের বহরমপুরে কদবেল তলার ঘটনা নিয়ে হিউম্যান রাইটস কমিশনের কাছে কমপ্লেন করা হয়েছে। একটা মিথ্যা কেসে সামাদ বলে একটা ছেলেকে জড়িয়ে সেখানকার টাউনবাবু রাত্রি বেলায় তার বাড়ি গিয়ে দরজা-জানালা ভেঙ্গে দিয়েছে। আমরা সেখানে গিয়ে দেখে এসেছি যে কি করুন অবস্থা। আমি পুলিশ মন্ত্রীকে বলবো যে; আপনি তার বাড়িতে গিয়ে দেখে আসবেন। আপনি পুলিশের জন্য বাজেটে যে ৫৫৪ কোটি টাকা চেয়েছেন, সেটা কি এই জন্য চেয়েছেন? আজকে মিথ্যা কেসে জড়িয়ে তার বাড়িতে গিয়ে মেয়েদের পেটে লাথি মারবে, টি. ভি সেটা নষ্ট করে দেবে, সমস্ত

জিনিস-পত্র নষ্ট করে দেবে? সামাদ ছেলেটির একটা কাঠের কারখানা ছিল। লক্ষ লক্ষ টাকার কারখানার মেসিন-পত্র চুরমার করে দিয়েছে। পুলিশকে এই অধিকার কে দিয়েছে? আপনি কি তাদের এই অধিকার দিয়েছেন? পুলিশ এই সব করছে। ১১ই জুলাই স্ববং থানার হরিপুর চক, কৃষ্ণ পলাসি, কৃষ্ণ জীবন চক, চুরকা গ্রামের ৩০টি ফ্যামিলির সমস্ত মানুষকে গ্রাম ছাড়া করিয়েছে আপনার দলের লোকেরা। আপনি এই ব্যাপারে ইনকোয়ারি করবেন এবং সেই বিষয়ে আমাদের জানাবেন। সেখানে এফ. আই. আর করা হয়েছে, দুইজনকে গ্রেপ্তারও করা হয়েছে। আজকে ৩০টি ফ্যামিলি ৭/৮ দিন ঘর ছাড়া হয়ে আছে, এদের ফেরাবার দায়িত্ব কে নেবে? আমরা পুলিশ বাজেটের আরও বেশি বরাদ্দ দিতে রাজি আছি, কিন্তু কংগ্রেসের উপরে যে অত্যাচার হচ্ছে, মানুষের উপরে যে নির্যাতন হচ্ছে, মানুষকে যে ভাবে ঘর ছাড়া করা হচ্ছে, মেয়েদের উপরে যে নির্যাতন হচ্ছে, পুলিশ এই ব্যাপারে কোনও প্রতিকার করতে পারেনা। এই যদি হয় তাহলে কিসের জন্য বরাদ্দ বেশি আমরা মঞ্জুর করবো? তারপরে স্ববং থানার কাঠগেড়িয়া গ্রামে জবা জানার স্বামী বলাই জানাকে ১৯৯২ সালে খুন করেছিল কানাই জানা, ফণি ভূষণ জানা, রবীন্দ্রনাথ পাল। এই তিন জন গত ৩/৪ বছর ধরে ধমকাচ্ছিল, অশ্রাব্য ভাষায় গালিগালাজ করছিল কেস উইথ ড্র করে নেবার জন্য। ১৬ই জুন রাত্রি ৯টার সময়ে জবা জানাকে তারা রেপ করে। তারপরে তাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। আপনি জানেন যে ১৪ ঘন্টার মধ্যে যদি রেপ কেসের ক্ষেত্রে পরীক্ষা করা না যায় তাহলে জানা যায়না যে সে রেপ হয়েছে। ইচ্ছাকৃত ভাবে তাকে ৪৮ ঘন্টা রেখে দিয়ে তারপরে তার মেডিকেল পরীক্ষা করা হয়েছে যাতে সে যে রেপ হয়েছে তার প্রমাণ যাতে না পাওয়া যায়। এই অস্বাভাবিক অবস্থার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গ চলছে! আমরা হিউম্যান রাইটস কমিশনের কাছে কমপ্লেন করেছি। আমরা জানিনা তার কি উত্তর পাব। কিন্তু আমাদের কেন হিউম্যান রাইটস কমিশনের কাছে যেতে হবে? আপনারা হিউম্যান রাইটস কমিশন পশ্চিমবঙ্গে করেছেন, তার জন্য আপনাদের ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু এই হিউম্যান রাইটস কমিশনকে আরও ক্ষমতা দিতে হবে। জাস্টিস চিত্ততোষ মুখার্জি আছেন কিন্তু তার কোনও লোকবল নেই। ইনকোয়ারি করার জন্য তার গাড়ির প্রয়োজন, লোকজন প্রয়োজন, কিন্তু সেগুলি নেই। আপনার পুলিশের উপরে তাকে নির্ভর করতে হয়।

[2-40 – 2-50 P.M.]

আজকে আমরা ইনডিপেণ্ডেন্ট অথরিটি চাইছি, কারণ পুলিশের পক্ষ থেকে মানুষের উপর দুর্ব্যবহার যা হচ্ছে তারজন্য একটা ইনডিপেণ্ডেন্ট অথরিটি থাকা দরকার যাতে তাদের কাছে গিয়ে মানুষ সুরাহা পেতে পারেন। তারা এনকোয়ারি করে আপনাদেরও অবহিত করতে পারবেন এবং তাতে আপনাদের ইজ্জতও বাড়বে। কিন্তু যদি ভেবে থাকেন যে, এইভাবে অত্যাচার করলে আপনারা বছরের পর বছর ক্ষমতায় থেকে যেতে পারবেন সেটা হবে না। মানুষের উপর অত্যাচার চালিয়ে আপনারা টিকে থাকতে পারবেন না। আপনারা এটা চিন্তা করুন যে, অত্যাচারিরা বেশিদিন ক্ষমতায় টিকে থাকে না। ব্রিটিশ ভারতবর্ষের মানুষের উপর ২০০ বছর ধরে অত্যাচার চালিয়েও এখানে টিকে থাকতে পারে নি। মুঘল সম্রাটরাও এদেশে দেড়শ বছরের বেশি থাকতে পারেননি, কারণ তারাও বহু অত্যাচার ভারতবর্ষের বুকের উপর করেছেন। সুতরাং আপনাদের ইতিহাস থেকে শিক্ষা নেওয়া দরকার। নিপীড়ন করে, অত্যাচার

করে, মহিলাদের উপর অত্যাচার করে সরকারে টিকে থাকা যায় না। তাই অনুরোধ করছি, পুলিশকে নিরপেক্ষভাবে চালাবার চেষ্টা করুন। তবে পুলিশের মধ্যে ভাল লোকও রয়েছেন। তাদের সবাই আপনাদের ধামা ধরা নন। কিন্তু চাকরি রক্ষা করতে হবে, যদি আপনাদের কথা শুনে না চলেন তাহলে ট্রান্সফার করে দেবেন, তারজন্য আপনাদের বেআইনি আদেশ অনিচ্ছার সাথে পালন করতে বাধ্য হন তারা। আজকে আমরা দেখছি, আমাদের সময় যেখানে একজন মাত্র আই. জি. ছিলেন, আপনাদের সময়ে বর্তমানে দেখছি ডি. জি. ৪ জন, আই. জি. ১২ জন, হয়তো সংখ্যাটা একজন বেড়ে এখন ১৩ জন হয়েছে, ডি. আই. জি. ২৪ জন। কিন্তু ক্রাইমের সংখ্যা কি কমেছে? নারী ধর্ষণের সংখ্যা কি কমেছে? চুরি, ডাকাতি, রাহাজানি ইত্যাদির সংখ্যা কি কমেছে পশ্চিমবঙ্গে? তাহলে এত বেশি আই. জি., ডি. আই. জি. কেন পশ্চিমবঙ্গে? কলকাতায় আপনাদের জয়েন্ট সি. পি. ৪ জন, অ্যাডিশনাল সি. পি. ২ জন, ডি. সি. ২৭ জন। তাতে কলকাতায় ক্রাইম কমেছে কিনা আপনি জবাব দেবেন। সারা পশ্চিমবঙ্গে পুলিশের সংখ্যা ৭২,০০০ অ্যাডিশনাল ফোর্সের সংখ্যা ২০,০০০। সংখ্যাটা আরও বৃদ্ধি পাক আপত্তি নেই, তাদের বিনা পয়সায় রেশন দিন আপত্তি নেই, কিন্তু আমার প্রশ্ন, তাদের এফিসিয়েন্সি কি বেড়েছে? তাদের ঘুষ না দিলে কোনও কাজ হয়? মানুষ দেখছে, পুলিশ কনস্টেবল চোখের সামনে হাত পেতে লরি থেকে ঘুষ নেয়। মাঝে অসীম দাসগুপ্ত মহাশয় দু'চার দিন এটা কন্ট্রোল করতে গিয়েছিলেন। কিন্তু তিনি দেখলেন যে, পারা যাবে না, তাই তিনি হাল ছেড়ে দিয়েছেন। অবশ্য আপনি ঐ কাজটা করতে যাননি, কারণ আপনি জানেন যে, ঐ অসাদ্ধ সাধন করা সম্ভব নয়। কিন্তু প্রশ্ন হল, যেখানে তাদের আপনি মাইনে দিচ্ছেন, সস্তায় রেশন দিচ্ছেন, সেখানে তারা ঐভাবে ঘুষ নিচ্ছেন কেন এক-দুই-পাঁচ টাকা করে? এসব বন্ধ করতে হবে না? আর গ্রামে গঞ্জে তো ব্যাপারই নেই, আপনাকে বললে আশ্চর্য হয়ে যাবেন, পাইপ গানের নাম করে বলা হচ্ছে—'তোমাকে বড়বাবু ডেকেছেন। তোমার কাছে পাইপ গান আছে এটা আমাদের খবর।' অনেক সময় হয়তো কারও কাছে থাকে, আবার অনেক সময় থাকে না। যেহেতু বড়বাবু ডেকেছেন, তাই তারা বড়বাবুর কাছে ছোটে টাকা-পয়সা দিয়ে নাম কাটাতে। এভাবে পুলিশের টাকা-পয়সা খাওয়ার ঘটনা সর্বত্র আকছার ঘটছে। আজকে পুলিশের নাম করে পশ্চিমবঙ্গে যে অরাজক অবস্থা চলছে, নিদারুণ পার্টিবাজী চলছে, এসব যদি বন্ধ না করেন তাহলে কি করে আমরা ৫৫৪ কোটি টাকা পুলিশ খাতে বরাদ্দ করবো জানি না।

মার্ডার হয়েছে আপনাদের সময় ৫ বছরে ৮৫৪৭ টি, আমাদের সময় ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত মার্ডার হয়েছে ৪৩৫০ টি। এই ভাবে পরিসংখ্যান দিয়ে আমি আর আপনাদের ভারাক্রান্ত করতে চাই না। যে কোনও জায়গায় দেখবেন সে মার্ডার থেকে শুরু করে নারী ধর্ষণ লকআপে মৃত্যু সব দিক থেকে দেখবেন সংখ্যা বহু গুন বৃদ্ধি পাচ্ছে। এর পরে আপনারা আরও টাকা চাইছেন আরও বেশি টাকা চাইছেন। টাকা দিতে আমাদের আপত্তি নেই। কিন্তু আমাদের দাবি হচ্ছে আপনাকে পুলিশের এফিসিয়েন্সি বাড়াতে হবে, নারী ধর্ষণ কমাতে হবে, খুন কমাতে হবে। দোষী ব্যক্তি যাতে শাস্তি পায় তার ব্যবস্থা করতে হবে। এখানে তো বিচারের বানী নিরবে নিভৃতে কাঁদে। একটার পর একটা এখানে মার্ডার হচ্ছে, তাদের কোনও শাস্তি হচ্ছে না। অধিকাংশ ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি আসামী খালাস পেয়ে

যাচ্ছে। আজকে যারা মার্ডার করছে তারা যদি শাস্তি না পায় তাহলে অন্যান্য মার্ডারাররা আরও বেশি উৎসাহিত হবে, আরও বেশি মার্ডার করতে উৎসাহ বোধ করবে। এই অবস্থা দূর করার জন্য আপনাকে পুলিশের ইনটেলিজেন্স বাড়াতে হবে। আজকে পুলিশের ইনটেলিজেন্স একেবারে তলানিতে গিয়ে পৌঁছেছে। আমাদের মুর্শিদাবাদ জেলার এম. এল. এ. অধীর চৌধুরি গ্রেপ্তারের ব্যাপার নিয়ে কিছু দিন আগে বিবৃতি দিয়েছিলাম। আমরা দেখতে পাচ্ছি তার সঙ্গে যে সমস্ত লোক আছে, মৃন্ময় রায়, আমাদের জেলা কংগ্রেসের সম্পাদক, অধীর চৌধুরিকে অ্যারেস্ট করবেন বলে মৃন্ময় রায় নবগ্রামের ইলেকশনের চার্জে ছিলেন। এখন দেখতে পাচ্ছি সেই মৃন্ময় রায়কে ধরে নিয়ে গিয়ে তাঁকে সায়েস্তা করবার চেষ্টা করা হচ্ছে। এটা আবার কি ধরণের ব্যবস্থা? এই ধরণের ব্যবস্থা যদি নিতে থাকেন, এই ধরণের কাজ যদি করে যান তাহলে কখনই মুখোজ্জ্বল হবে না, আপনাদের নিশ্চয়ই সাধারণ মানুষের কাছে অপমানিত হতে হবে। আপনারা নিরপেক্ষ ভাবে চলুন, পুলিশকে নিরপেক্ষ ভাবে চলবার নির্দেশ দিন। দোষী ব্যক্তিদের শাস্তি দিন, পুলিশের ইনটেলিজেন্স বাড়িয়ে দোষী ব্যক্তিদের শাস্তি বিধানের ব্যবস্থা করুন। এই গুলি আপনারা করতে পারেন নি, তাই আপনার এই বাজেটের তীব্র বিরোধিতা করছি এবং আমাদের আঁনা কাট মোশনকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পুলিশমন্ত্রী যে বাজেট বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তার আমি বিরোধিতা করছি এবং আমাদের আনা কাট মোশনের সমর্থনে আমি আমার বক্তব্য রাখছি। এই বিধানসভায় সিদ্ধার্থশঙ্কর রায় যখন বিরোধী দলের নেতা ছিলেন তখন তিনি কয়েকবার আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীকে বলেছিলেন "জ্যোতি, তুমি একা সামলাতে পারছো না, একজন রাষ্ট্রমন্ত্রী রাখো"। আমরা খুশী, দেরীতে হলেও তিনি তাঁর সেই উপদেশ তিনি মেনে নিয়েছেন। তাই তিনি নিজে দায়িত্ব ছেড়ে দিয়ে একজন পূর্ণ মন্ত্রীর হাতে তাঁর দপ্তর সমর্পন করেছেন। তিনি একাই পুলিশ মন্ত্রী ছিলেন বটে কিন্তু নিজে প্রোমোশন বা ট্রান্সফার বিষয়টা দেখতেন না। এই ডিপার্টমেন্টটা দেখতেন প্রথম হচ্ছেন অশোক বোস এবং কে একজন মিঃ ঘোষ, আই. জি. হেড কোয়াটার তাঁকে সাহায্য করতেন। এই প্রোমোশন এবং ট্রান্সফারের ব্যাপারে পুলিশের সব চেয়ে বেশি দূর্নীতি লুকিয়ে আছে। স্যার, আপনি জানেন কিনা জানিনা পশ্চিমবাংলার মধ্যে কয়েকটি জায়গায় এবং সেই সঙ্গে কলকাতার কয়েকটি জায়গায় যাওয়ার জন্য ডাক হয় এবং সেখানে ৫ লক্ষ টাকা পর্যন্ত দিতে হয়। পশ্চিমবাংলার মধ্যে হাওড়ার গোলাবাড়ি, শিবপুর, লিলুয়া এবং বালি আই. সি, উত্তর ২৪-পরগনায় বনগাঁ, বসিরহাট, হরিদাসপুর এই সমস্ত সীমান্তবর্তী এলাকা এবং কলকাতার বড়বাজার, মানিকতলা, জোড়াবাগান এবং ওয়াটগঞ্জ এই সমস্ত জায়গায় যাবার জন্য ৫ লক্ষ টাকা করে ডাক হয়। এই রকম দূর্নীতির মাধ্যমে ঠিক হয় কে কোথায় যাবে। জানিনা কোথাকার টাকা কোথায় যায়। আমি আশা করি বুদ্ধদেববাবু এই গুলি দেখবেন। একটা নূতন জিনিস আমরা দেখতে পাচ্ছি, পৃথিবীতে মনে হয় প্রথম বুদ্ধদেব বাবু একদিকে পুলিশ মন্ত্রী এবং অন্য দিকে কালচার দপ্তরের দায়িত্ব পেয়েছেন। আমরা জানি দুটি অ্যানাথেমা। উনি এক হাতে ও. সি আর অন্য হাতে মসি নিয়ে কাজ করবেন, ওনার একহাতে পুলিশের লাঠি এবং অন্য হাতে ঢাকের কাঠি নিয়ে এগিয়ে যাবেন। আমরা আশা করি পুলিশের মধ্যে উনি কিছুটা কালচার

আনতে পারবেন। তাহলে আমরা খুশী হবো এবং পুলিশ আর লোক মারবে না।

[2-50 – 3-00 P.M.]

আমরা বুদ্ধদেববাবুর কাছে খুব আশা করেছিলাম। রাজ্যের যিনি পুলিশ মন্ত্রী তাঁকে ডি. ওয়াই. এফ.-এর নেতা হওয়ার উর্দ্ধে উঠতে হবে। তার মানে, পুলিশ মন্ত্রী হয়ে গরম গরম একটা বিবৃতি দিলেন, পার্টির ক্যাডাররা গরম হল, এটা পুলিশ মন্ত্রীর দায়িত্ব নয়। রাজ্যের মানুষ আপনার কাছে আশা করে আইন শৃঙ্খলা আপনি রক্ষা করবেন, সাধারণ মানুষের নিরাপত্তা দেবেন, রাজনৈতিক সংঘর্ষ বন্ধ করবেন, অপরাধকে দমন করবেন, অপরাধ যাতে না হয় তারজন্য আপনি ব্যবস্থা নেবেন। আপনার হাতে এতবড় রাজ্যের মানুষের দায়িত্ব। ৫৫৭ কোটি টাকার বাজেট যেখানে আপনার, সেখানে আপনি ডি. ওয়াই. এফ. নেতার মতো বিবৃতি দিচ্ছেন। আপনি জানেন যে, নির্বাচনের পরে নির্বাচনোত্তর সংঘর্ষের জন্য আপনি কংগ্রেস সভাপতি সোমেন মিত্রকে ডেকেছিলেন এবং তাঁর সঙ্গে আলোচনা করেছিলেন। আমাদের মনে হয়েছিল যে আপনি সঠিক পদক্ষেপ নিচ্ছেন। আলোচনা করার দরকার আছে। কিন্তু তার ঠিক দুদিন পরে সোমেনবাবুকে উদ্দেশ্য করে কি বিবৃতি দিলেন? আপনি তেড়েমেড়ে বললেন যে, সোমেনবাবুর বাড়িটা তো সমাজবিরোধীদের লঙ্গরখানা। আপনার বোঝা দরকার যে, বিবৃতি দেওয়া আপনার কাজ নয়। কারও বাড়িতে যদি সমাজবিরোধীদের লঙ্গরখানা হয়, তাহলে আপনার দায়িত্ব তাদের অ্যারেস্ট করা, তাদের এগেনস্টে কেস করা। বিবৃতি দেওয়াটা আপনার দায়িত্ব নয়। আপনি এটা করে দায়িত্বজ্ঞানহীনের মতো কাজ করেছেন। এটা করলে ডিসিপ্লিন থাকে না। আমরা আপনার কাছ থেকে কি আশা করেছিলাম? আমরা আশা করেছিলাম যে, আপনি নতুন দায়িত্ব নিয়েছেন পুলিশ মন্ত্রী হিসাবে, আপনি এই রাজ্যের আইন-শৃঙ্খলাকে নিয়ন্ত্রন করবার চেষ্টা করবেন। আজকে সকালে আপনি আব্দুল মান্নান সাহেবের প্রশ্নের জবাবে বললেন যে ১৭ জন মারা গিয়েছে। আমাদের রিপোর্ট কি? কংগ্রেস থেকে আমরা দাবি করছি যে, নির্বাচনের পরে ৩০ জন মারা গিয়েছে। আপনাদের যে সভায় মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু ছিলেন, সেখানে বিমানবাবুও ছিলেন। সেখানে তিনি বলেছেন যে ২১ জন সি. পি. এম মারা গিয়েছে। অন্য সব দলের কথা ছেড়ে দিন, নির্বাচনের পরে দু'আড়াই মাসে নির্বাচনোত্তর সংঘর্ষে ৫১ জন কংগ্রেস কর্মী মারা গিয়েছে। এটা কী আপনার ব্যর্থতার পরিচয় নয়? বিবৃতি না দিয়ে এটা কী আপনার বন্ধ করা উচিত নয়? এটা কী আপনার খারাপ লাগে না যে, আপনার দপ্তরের ব্যর্থতার বিরুদ্ধে পশ্চিমবাংলায় একটা বিরোধী দলকে বাংলা বন্ধ ডাকতে হয়েছে? আপনার কী এটা খারাপ লাগে না যে, আপনার সঙ্গে কংগ্রেস সভাপতির আলোচনার পর রাজবল হাটে তিনটি নৃশংশ হত্যাকাণ্ড হয়েছে, তারমধ্যে একজন নিহত ব্যক্তির গলা থেকে রক্ত পান করা হয়েছে? আমরা কী মধ্যযুগের আগে চলে গিয়েছি? পশ্চিমবাংলায় কী এই বর্বরতা চলবে, আর পুলিশ মন্ত্রী হিসাবে আপনি বিবৃতি দিতে থাকবেন? বুদ্ধদেববাবু, দুটো জিনিস একসাথে হতে পারে না। আমরা চাই যে, আপনারা এই পরিস্থিতিকে নিয়ন্ত্রণ করুন এবং পশ্চিমবাংলায় রাজনৈতিক সংঘর্ষ বন্ধ করুন। বাংলা বন্ধের দিনেও পটাশপুরে একজন কংগ্রেস কর্মীকে পিটিয়ে খুন করা হয়েছে। বুদ্ধদেববাবু, ধরনীধর জানা, একজন কংগ্রেস কর্মী, তাকে পিটিয়ে খুন করা হয়েছে। আপনি জানেন যে, আজকে

এখানে আইন-শৃঙ্খলা পরিস্থিতিটা কী রকম—হোয়াট ইজ ইট টু-ডে? আমি বলছি, রোববার এর কাগজ থেকে আমি উদ্ধৃত করছি। অল ইজ ওয়েল ইন দি স্টেট অফ ওয়েস্ট বেঙ্গল। আমাদের হ্যামলেট, প্রিন্স অপ ডেনমার্ক, বুদ্ধদেববাবু এখানে পুলিশ মন্ত্রী রয়েছেন। হাউ ইজ ইট অল ওয়েল? আমি কাগজে পড়েছি, প্রথমে কলকাতার পঞ্চাননতলায় যুবক নিহত। সেই একই দিনে পড়ছি, মাত্র দু'দিন আগের কাগজ, ৬ ঘন্টার ফারাকে কলকাতায় বড় রাস্তার উপরে দুটো ডাকাতি। সেই একই দিনে পড়ছি যে, পাঁচজন ধীবরকে নিয়ে উধাও জলদস্যু। সেই একই দিনে পড়ছি, চুঁচুড়ায় বন্দী মৃত্যুর ঘটনা। দেবু প্রমানিক পুলিশ কাস্টডিতে মারা গিয়েছে। সেখানে ম্যাজিস্ট্রেট গিয়ে আহত হয়েছেন। সেই একই দিনে পড়ছি, সমাজসেবী খুন হয়েছেন—কাঁদিতে বিশিষ্ট সমাজসেবী খুন হয়েছেন। সেই একই দিনে আমি পড়ছি, মছলন্দপুরে খুন, পাল্টা খুন। অবভিয়াসলি সামথিং ইজ রং ইন দি স্টেট অফ ওয়েস্ট বেঙ্গল। পুলিশ তার কাজ সঠিক ভাবে করতে পারছে না, খুন বন্ধ করতে পারছে না। কলকাতার মতো শহরে ডাকাতি আটকাতে পারছে না। কলকাতার মতো শহরে গোষ্ঠী সংঘর্ষ বন্ধ করতে পারছে না। এই সবের বিরুদ্ধে আপনি ব্যবস্থা নেবেন এটা আমাদের আশা। কিন্তু আমাদের দুঃখ যে, পুলিশের এই যে ৫৫৪ কোটি টাকার বাজেট, এই বাজেটে আধুনিকীকরণের টাকা কত? প্লান বাজেটে বরাদ্দ হচ্ছে ১৬ কোটি টাকা, লেস দ্যান থ্রি পার্সেন্ট। থ্রি পার্সেন্ট প্লান বাজেট নিয়ে, শুধু মাইনে দিয়ে একটা পুলিশ বাহিনীকে রাখা যায় না। তারফলে কি হচ্ছে? বিরাট পুলিশ বাহিনী, প্রায় ৭০ হাজার লোক, তলার লেভেলে টোটাল স্ট্যাগনেশন হয়ে গেছে। কনস্টেবলরা কোনও প্রোমোশন পায় না। উপর লেভেলে আপনারা অনেক পোস্ট ক্রিয়েট করেছেন। অতীশদা বলেছেন যে, কি ভাবে আপনারা চারটে ডি. জি. পোস্ট তৈরি করেছেন। কনস্টেবলদের তথা পুলিশ'এর লোকদের রেশন দেবার জন্য আপনি ৪৫ কোটি টাকা খরচ করছেন, অথচ দেশের গরিব মানুষরা রেশন পায় না। পুলিশের লোকেরা আট আনায় চাল পায়। ৬০ পয়সায় তারা ডাল পায়। দু'টাকায় পুলিশ তেল পায়, বাজারে তেল ৩৬ টাকা হলেও। আপনি এই যে ৪৫ কোটি টাকা খরচ করছেন, সেখানে ভুয়া রেশন কার্ড কত আছে, তার হিসাব কি আপনার কাছে আছে? কে সাপ্লাই দেয়? সেদিন কাগজে বেরিয়েছে, সিনিয়র পুলিশ অফিসারদের স্ত্রীদের একটা অ্যাসোসিয়েশন আছে, তারা সাপ্লাই করছে। আপনি জানেন যে, দিনের পর দিন বডিগার্ড লাইনের কনস্টেবলরা ফিরে আসছে, তারা রেশনে কোনও জিনিসপত্র পাচ্ছে না। তারফলে ওদের মধ্যে ডিসিপ্লিন ভেঙ্গে পড়েছে। তারপরে সবচেয়ে বড় ভুল করেছেন আপনি পুলিশ বাহিনীর মধ্যে ট্রেড ইউনিয়ন করার অধিকার ঢুকিয়ে দিয়ে, আমি নিজে ট্রেড ইউনিয়ন করি কিন্তু আমি বলব সবচেয়ে বড় প্রভাব পড়েছে পুলিশ বাহিনীর মধ্যে এই ট্রেড ইউনিয়ন করার অধিকার ঢুকিয়ে দিয়ে। বামফ্রন্টের ইন ক্লাব জিন্দাবাদ বলে ধ্বনি তুলে পুলিশের মধ্যে আপনি ওভার অল ডিসিপ্লিন আপনি আনতে পারেন নি। আজকে অবস্থা কি—কনস্টেবলরা ও. সি কে মানছে না, ও. সি ডি. সিকে মানছে না। আবার ডি. সি সি. পিকে মানছেন না। আসলে প্রত্যেকেরই আলাদা আলাদা রাইটার্সে খুঁটি রয়েছে বলে তারা এইভাবে চালিয়ে যাচ্ছেন। ফলে ডিসিপ্লিন ডাইরেক্টলি অ্যাজ এ হোল কোল্যাপস করে গেছে। আপনি দায়িত্ব নেবার কয়েকদিনের মধ্যেই একবালপুরে দাঙ্গা হল। একটা মহরমের তাজিয়া নিয়ে যাওয়াকে কেন্দ্র করে দাঙ্গা হয়ে গেল। পুলিশ আগে থেকেই রাস্তা আটকাতে পারত কিন্তু তা না করে তাজিয়া বেরোনোর পরে পুলিশ

কোনওমতেই তাদের আর যেতে দেবে না, ফলে দাঙ্গা হল। আপনি সেদিন ওখানে না গিয়ে আমিন সাহেবকে পাঠালেন। আপনি না গিয়ে ইনট্যালেকচুয়াল পুলিশিং শুরু হল। আপনি নিগোশিয়েশন করার চেষ্টা করলেন, ফলে দাঙ্গা আরও জটিল আকার নিল। এর ফলে একবালপুর থানা অ্যাটাক হল। আমারই কনস্টিটিউয়েন্সির একটি ধর্মান্ধ ছেলে রাস্তা আটক করল তার ফলে তারাতলার কাছে বাসের লোকেরা তাকে পিটিয়ে মেরে দিল। আমি ওর পোস্ট মর্টেমের পরে লাশ সনাক্ত করতে গেছিলাম। বিনা কারণে ছেলেটা মারা গেল, আপনি যদি আর্মি আরও আগে নামাতেন তাহলে এই ধরণের তীব্র আকারে এর রূপ নিত না। আপনারা বারো ঘন্টা দেরি করলেন আর্মি নামাতে। আপনি যদি ৩০ তারিখে আর্মি ডাকতেন তাহলে এই ধরণের ঘটনা ঘটত না। আসলে আপনার একটা ধারণা ইউ নো বেস্ট, সেইকারণেই এই অবস্থা দাঁড়াল। সেখানে বডিগার্ড লাইনে দেখা গেল যে পুলিশ লুঙ্গি, গেঞ্জি পরে রাস্তায় নেমে পড়ল এবং ইট মারতে শুরু করল। এই ভাবে পুলিশ সংখ্যালঘুদের বাড়িতে পুলিশি আক্রমণ করতে লাগল। এবং তারা প্রত্যক্ষভাবে দাঙ্গায় জড়িয়ে পড়ল। আপনিই তো বডিগার্ড লাইনের পুলিশ অ্যাসোসিয়েশনের একটা সভায় গিয়েছিলেন। অনেক বক্তৃতাও দিলেন। আমার নিজের কেন্দ্রে বারেবারে আমি জিতেছি, এইবারও ২৩ হাজার ভোটে জিতেছি কিন্তু বডিগার্ড লাইনে আমি ৭ হাজার ভোটে হেরেছি। যতগুলো ওয়ার্ড আমার ছিল একমাত্র বডিগার্ড লাইন ছাড়া সব কটাতেই আমি জিতেছি। ওই বডিগার্ড লাইনের সমস্ত সি. পি. এমের পুলিশ প্রায় আড়াই হাজার ভোট পোস্টাল ব্যালটে আপনাদের ভোট দিলেন। এই ব্যাপারে আমি সর্বস্তরে জানিয়েছিলাম, এমন কি সেসন সাহেবকে পর্যন্ত জানিয়েছিলাম, কমপ্লেন করেছিলাম কিন্তু কোনওভাবেই আমি ওদের নিয়ন্ত্রণ করতে পারিনি। আমি সব জায়গায় জিতেছি, কেবল একজায়গা ওই বডিগার্ড লাইনে হেরেছি। বডিগার্ড লাইনের পুলিশ ডাইরেক্টলি সি. পি. এমকে ছাপ দিয়েছে। আপনাদেরই সি. পি. এমের লোক মহেন্দ্র মণ্ডল, আপনার হেস্টিংস থানার ও. সি. যখন ধর্ষণের অভিযোগে অভিযুক্ত, ওই তমাল ঘোষকে মামলার থেকে ছাড়িয়ে আনতে গেছিলেন, তারপরে আপনাদেরই পুলিশ অ্যাসোসিয়েশনের সমর্থক এবং কর্মী নীলকমল ঘোষ ধর্ষণের অভিযোগে অভিযুক্ত। তিনি আবার পুলিশ অ্যাসোসিয়েশনের সদস্য। আজকে মফঃস্বলে নন গেজেটেড পুলিশ অ্যাসোসিয়েশন দে আর ক্রিয়েটিং হ্যাভক। এর ফলে গোটা ব্যবস্থাটা ভেঙ্গে পড়েছে এবং কোনও ডিসিপ্লিন নেই। আজকে রাজ্যে অপরাধ নিয়ন্ত্রণ হচ্ছে না। সর্বদা অপরাধ সংগঠিত হচ্ছে তার কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। মাননীয় বুদ্ধদেব বাবু পুলিশবাহিনী সম্পর্কে তার বাজেট বইতে বলেছেন, যে, পুলিশকে প্রায়শই অপরিমেয় প্রতিকূলতা, বাধা বিপত্তি ও চ্যালেঞ্জের বিরুদ্ধে সরকারের প্রশাসন যন্ত্র হিসাবে কাজ করতে হয়। তিনি পুর্নবার আশ্বস্ত করেছেন যে, পুলিশ প্রশাসন তার কর্তব্য পালন করতে গিয়ে আইনের শাসনকে পক্ষপাতহীন ভাবে উর্দ্ধে তুলে রাখবে। কিন্তু বাস্তবে আমরা তা দেখতে পাচ্ছি না। আপনারা অফিসারদের ক্ষেত্রে পিক অ্যাণ্ড চুজ করে বেছে নিচ্ছেন। আমাদের ৩টি জেলাতে এস. পির সঙ্গে গোলমাল হওয়াতে ডি. এম. আই এ. এস অফিসাররা চলে যেতে বাধ্য হয়েছেন। মুর্শিদাবাদের ডি. এম এস. পির সঙ্গে মতভেদ হওয়াতে ওখান থেকে চলে গেলেন। আজকে ডি. এমরা এস. পিদের সিসিআর লেখেন না। মালদহের এস. পি তার মেয়েকে পাশ করানোর জন্যে স্কুলের সেক্রেটারিকে তুলে নিয়ে গেছিলেন, এইসব ঘটনা শুনলে আমাদের লজ্জা করে। আসলে ওঁদের রাইটার্সে খুঁটি আছে

তাই কোনও কিছুকেই ভয় পান না। তারপরে বাঁকুড়ার মহিলা ডি. এম. এস. পির সঙ্গে গোলমাল হওয়াতে চলে গেলেন। এইভাবে অ্যাডমিনিস্ট্রেটিভ অ্যাক্ত এ হোল কোল্যাস হয়ে গেছে। আজকে পুলিশের ইনটালিজেন্স নেই, ইনভেস্টিগেশনের কাজ নেই, মব কন্ট্রোল করার ব্যবস্থা নেই। প্রিভেনশন অফ আইনের কোনও ব্যবস্থা নেই। আজকে পুলিশ যেহেতু অন্যতম প্রশাসন সেটাই আজকে ভেঙ্গে পড়েছে। আজকে কলকাতার পুলিশ তাই কন্ট্রোল করতে ব্যস্ত, ময়দানে খেলার মাঠে তারা ডিউটিতে ব্যস্ত, এসপ্ল্যানেড ইস্টে ডিউটি দিতে ব্যস্ত, খুন জখম রাহাজানি ধরতে তারা ব্যস্ত নয়। এই পুলিশের উপরে সিমপ্যাথি হতে পারে? কিন্তু পুলিশ যে ভাবে চলছে সেটা ঠিক ভাবে নয়। আজকে পুলিশকে লক-আপ ডেথের বিরুদ্ধে প্রতিবাদ করতে গেলে, থানায় বলতে গেলে, পুলিশ বলে অপরাধী ধরতে পারবো না। পুলিশ আজকে যে ভাবে থার্ড ডিগ্রি মেথড চালায়, যখন সারা পৃথিবী আজকে এগিয়ে যাচ্ছে, সেখানে ইনভেস্টিগেশন ডিটেকটিভ ডিপার্টমেন্ট না করে এমন মার মারছে, সেটা সহ্য করতে না পেরে ৩ তলা থেকে মানুষ ঝাঁপিয়ে পড়ে। গতবারে মুখ্যমন্ত্রী বাজেট বক্তৃতায় স্বীকার করেছিলেন আড়াইশত লক-আপ ডেথ হয়েছে, এবারে আরও ২৬টি লক আপ ডেথ হয়েছে। আপনি কি আশ্বস্ত করবেন, পুলিশ মন্ত্রীত্বকালে একটিও লকআপ ডেথ হবে না। দেবু প্রামাণিক তো চুঁচড়ায় সেদিন নিহত হল, আমরা চাই, আপনারা ফরচুনেট যে কংগ্রেসের মতো একটি দল এখানে আছে, যারা সাম্প্রদায়িকতার কাজ করেনা, আমরা প্রধান বিরোধী দল, এই রাজ্যের এবং দেশের স্বার্থে একটা জায়গায় দাঁড়িয়ে আছি। অসমে উলফা, পাঞ্জাবে টেরোরিস্ট আছে, তামিলনাড়ুতে এল. টি. টি. ই. আছে, বোম্বেতে দাউদ ইব্রাহিম আছে, পশ্চিমবাংলায় এই সমস্ত সমস্যা নেই, এই রাজ্যে একটা হেভেন অফ পিস হয়ে উঠতে পারত, সেটা আপনাদেরই পুলিশ বাহিনীর অযোগ্যতার জন্য হচ্ছে না, আমরাও আশা ছাড়ছি না, আপনি ৩ মাস দায়িত্ব পেয়েছেন, এটা পরীক্ষা করার জন্য যথেষ্ট নয়, যাই হোক, Morning shows the day. Your morning is not very bright lets hope. evening will be better. আমি এই বাজেটের ব্যয় বরাদ্দের বিরোধীতা করে কাট মোশনের সমর্থনে আমার বক্তব্য শেষ করছি।

[3-00 – 3-10 P.M.]

**শ্রী রবীন দেব :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আরক্ষা বিভাগের ব্যয় বরাদ্দের যে প্রস্তাব এখানে উপস্থাপিত হয়েছে আমি তা সমর্থন করছি এবং বিরোধিদের ছাঁটাই প্রস্তাবগুলির সম্পূর্ণ বিরোধিতা করছি। স্যার, এই যে ব্যয় বরাদ্দের প্রস্তাব উপস্থাপিত হয়েছে, বিগত বছর থেকে এই ব্যয় বরাদ্দের পরিমাণ কিছুটা বেড়েছে। প্রায় ২৭ কোটি টাকা। সৌগত বাবু ৫৫৭ কোটি বলে ফেললেন, আসলে ৫৫৪ কোটি। এটা বাড়াতে হয়েছে গত বছর থেকে এই বছরের মাঝখানে, গোটা দেশের পরিস্থিতির মধ্যে অপরাধ প্রবণতা, দুর্বৃতায়ন যে গতিতে বাড়ছে, আমাদের স্বাধীনতার পর ১ বছরে এমন অপরাধ প্রবণতা ইতিপূর্বে কখন দেখা যায়নি। অপরাধের মাত্রা এমন জায়গায় পৌছেছে যে বড় বড় তাবড় তাবড় নেতা, মন্ত্রী, প্রাক্তন রাজ্যপাল এইসব এক একটা জালে জড়িয়ে পড়েছে। স্যার, এমন কি প্রাক্তন প্রধানমন্ত্রীকেও দুর্নীতির জালে জড়িয়ে পড়তে হচ্ছে ৪২০ ধারায়। এমন একটা কোরাপশান, যখন দেশের সামনে, অপরাধ প্রবণতাকে সেখানে আশ্রয় দেওয়া হচ্ছে, প্রশ্রয় দেওয়া হচ্ছে,

এই সময়ের মধ্যে আমরা লক্ষ্য করেছি, আমাদের দেশে একটি রাজ্য মহারাষ্ট্র, সেখানে যখন বিস্ফোরণ ঘটলো, ঐ বিস্ফোরণে গড ম্যান, আণ্ডারওয়ার্ল্ড এর লোকদের প্রশ্রয় দিচ্ছেন কেন্দ্রীয় মন্ত্রী, তাবড় তাবড় নেতারা। এবং তাদের বিরুদ্ধে এই ব্যবস্থা নিতে হচ্ছে। এমন কি এমন জায়গায় গিয়েছে, কংগ্রেসের নেতা, নেত্রীরা তারা কিন্তু এই রকম অপরাধের সঙ্গে জড়িয়ে পড়েছেন, আইন হাতে নিচ্ছেন, যা ইতিপূর্বে আমরা কখনও লক্ষ্য করিনি। কংগ্রেসের নেতা, যুব কংগ্রেসের নেত্রী নয়না সাহানীকে তন্দুরে টুকরো টুকরো করে কেটে জ্বালিয়ে দেওয়া হল। এই রকম যখন পরিস্থিতি তখন আমরা দেখলাম ৩১শে আগস্ট, পরিস্থিতি এমন ভয়ঙ্কর হল একটা রাজ্যের মুখ্যমন্ত্রীকে প্রাণ দিতে হল। প্রাক্তন প্রধানমন্ত্রী থাকাকালীন একজন খুন হয়ে গেল। এই রকম পরিস্থিতিতে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গ সরকারের স্বরাষ্ট্র পুলিশ বিভাগের ব্যয়-বরাদ্দের আলোচনা হচ্ছে। গোটা দেশে এই রকম অপরাধ প্রবণতা বাড়ছে, অপরাধীরা অপরাধ করছে, অপরাধীদের আশ্রয় দেওয়া হচ্ছে, অপরাধীদের প্রশ্রয় দেওয়া হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এটা লক্ষ্য করেছি, মাননীয় মন্ত্রীর ব্যয়-বরাদ্দে এই বিষয়টা উল্লেখ আছে, এটা আমাদের রাজ্যের বিষয় নয়, আন্তর্জাতিক ক্ষেত্রেও এইগুলিকে আরও ছড়িয়ে দেওয়া হচ্ছে। আমাদের রাজ্যে ১৬ই ডিসেম্বর পুরুলিয়ায় যে ঘটনা ঘটল, পুরুলিয়ায় যে অস্ত্র বৃষ্টি হল এটা কি একটা মামুলী বিষয়? কারা এর সাথে জড়িত, একটু গভীরভাবে ভাবুন। আনন্দমার্গীরা মার্কিন সাম্রাজ্যবাদের সঙ্গে হাত মিলিয়ে এই কাণ্ডটি ঘটালেন। তাদের পক্ষে লোকসভায় কে সওয়াল করলেন? আপনাদের নেত্রী সংসদে সওয়াল করলেন এবং তিনি বললেন আনন্দমার্গীদের উত্তপ্ত করা হচ্ছে। একটু আগে মাননীয় সৌগতবাবু বললেন, কেন ব্যয় বাড়াল। ৩৭ কোটি ছিল, ১০৭ কোটি ছিল, এখন ৫৫৪ কোটি হয়েছে। কেন হল? পুলিশের ভূমিকা হচ্ছে আইন-শৃঙ্খলা রক্ষা করা, মানুষের সেবা করা, মানবাধিকার রক্ষা করা এসব কাজে পুলিশকে ব্যতিবস্ত থাকতে হয়। ২৮শে সেপ্টেম্বর ১৯৯১ সালে—পঙ্কজ বাবু এখানে আছেন—রিজেন্ট পার্কে একজন ইনকাম ট্যাক্স অফিসারের মাথায় কে বাড়ি মেরেছিল? তাদের প্রোটেকশনের দায়িত্ব কে নেবে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত বছর নভেম্বর মাসে তিন সপ্তাহ ধরে ৬ই নভেম্বর থেকে ২৬শে নভেম্বর পর্যন্ত মেট্রো সিনেমা হলের সামনে ধর্ণা দিলেন যুব কংগ্রেসিরা। তারপর আবার আলিপুর ধর্ণা দিলেন দুই সপ্তাহ ধরে। আমার আপনার পয়সায়, সাধারণ মানুষের পয়সায়, কত টাকা খরচ করতে হয়েছে এইসব মূল্যহীন চমক সৃষ্টি করবার ধর্ণার জন্য? ৮৫ লক্ষ টাকা। এই দুটি কর্মকাণ্ডের জন্য জনস্বার্থের সঙ্গে সম্পর্ক নেই তার অন্য ব্যয় হচ্ছে। এত অর্থ কেন এর জন্য ব্যয় করতে হচ্ছে। প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রী, বর্তমান স্বরাষ্ট্রমন্ত্রী, এই পরিস্থিতির মধ্যে থেকে পশ্চিমবাংলার আইন-শৃঙ্খলাকে রক্ষা করবার জন্য ভারতবর্ষের অন্য রাজ্যগুলির তুলনায় এখানে প্রতিটি ক্ষেত্রে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখবার জন্য যে ব্যবস্থা নিয়েছেন তা প্রশংনীয়। পুলিশকে আপনারা উত্তপ্ত করেছেন ২৭শে এপ্রিল থেকে ৩০শে মে পর্যন্ত। প্রাক-নির্বাচনী হত্যাকাণ্ড হয়েছে সারা দেশে। প্রতিটি প্রার্থীর জন্য বিশেষ নিরাপত্তার ব্যবস্থা করতে হয়েছিল, প্রধানমন্ত্রী থেকে মুখ্যমন্ত্রীর জন্য বিশেষ ব্যবস্থা করতে হয়েছিল। এই রকম অবস্থার মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবাংলায় একটি প্রার্থীরও প্রাণহানি হয়নি। এখানেই শুধু নয়, এই প্রাক নির্বাচনী ঘটনায় আপনারা দেখবেন তিন জন পুলিশ আহত হয়েছে। আপনারা বীরভূমের নানুরের ও. সি. কে পর্যন্ত আক্রমণ করেছেন। ৯টা এইরকম ঘটনা ঘটেছে। আপনাদের তো কেউ কেউ বললেন, একটা

বললেন, কেন এমন ঘটনা ঘটলো, তিনি বললেন (প্রচণ্ড গোলমাল)

[3-10 – 3-20 P.M.]

**মিঃ স্পিকার ঃ** মিঃ দেব এক মিনিট। আচ্ছা, এইভাবে চলতে থাকলে When your members will speak, they will do the same thing. I will not stop them. Earlier when your members spoken, they were not disturbed. They were heard undisturbed. Now he has also the right to speak. You can't stop it. It can't be done. If you don't have the patience, there's the lobby outside; You can rest there—if you don't have the patience. But if you choose to seat here, you have to seat and listen to other members silently. That's the procedure. In future I will not stop them. The other day, you did not hear even the Law Minister. If you choose that way, choose that way. এই সময় সুব্রত মুখার্জি কিছু বলতে ওঠেন।

**মিঃ স্পিকার ঃ** মিঃ সুব্রত মুখার্জি আপনি তো পথ দেখাবেন। আপনি তো সিনিয়র মেম্বার। Please don't go into this way.

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কথা বলছিলাম যে এই ভাবে যদি দায়িত্বশীল ব্যক্তিরা আইন হাতে নেন তাহলে আইনশৃঙ্খলার উপর চাপ পড়বে, পুলিশ প্রশাসনের উপর চাপ পড়বে। কেন কমছেনা? একজন বললেন আমি যদি জিতি ৬ মাস ধরে পেটাবো। তারপর হচ্ছে একজন ৮৬ নং ওয়ার্ডের কংগ্রেস প্রার্থী তিনি বলছেন অস্ত্রশস্ত্র আমার হাতে আছে। নির্বাচনের পর ছুঁড়ে দেব। বিবৃতি দিয়ে বলছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি তো জানেন এই কলকাতা শহরে আমাদের অভিজ্ঞতা আছে একজন পুর প্রতিনিধি কংগ্রেস কর্মী আড্ডা মারতে গিয়ে একজন মহিলার প্রাণ নিয়ে নিলেন। আমার হাতে রিভলবার ছিল না সে কথাটা খেলো না। রিভলবারের গুলিতে তাঁর সহকর্মীর স্ত্রীকে প্রাণ দিতে হয়। বিষয়টা হচ্ছে এই যে আইন কে হাতে নিচ্ছে। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে এই দাবি করবো তাঁর ব্যয় বরাদ্দের মধ্যে বিরোধী সদস্যদের উপদলীয় কোঁদল থামাতে যে অর্থব্যয় হচ্ছে। মাননীয় বিধায়ক সুব্রত মুখার্জির কি মনে নেই ১৯৯২ সালের ৮ই জুন কে তাঁকে, তাঁর বাড়ির সামনে থেকে তাড়া করেছিল? কংগ্রেসের কর্মীরা? একই সাথে আপনাদের মনে নেই, মাননীয় বিধায়ক এখানে নেই—দমদম বিমানবন্দরে একজন মন্ত্রী আসার সময় কে সেই বিধায়কের পেটে বন্দুক ঠেকিয়েছিল? কে রিভলবার ঠেকিয়েছিল? আপনারা একটারপর একটা সংবাদ তৈরি করছেন। ১৯৯৩ সালের ২০শে আগস্ট হাওড়ার উৎপল ভৌমিক ও দেবুকে কে খুন করেছিল? তার জন্য পুলিশকে অনেক খেসারত দিতে হয়েছে। এই খুনকে কারা প্রশ্রয় দিয়েছিল? পুলিশকে ব্যতিব্যস্ত করেছিল কারা? ১৯৯৫ সালের ১৬ই আগস্ট আপনারা একটা বন্ধ ডেকেছিলেন। কিসের জন্য বন্ধ ডেকেছিলেন? আপনারা হয় ছুটির আগের দিন নতুবা ছুটির পরের দিন বন্ধ ডাকেন। কেন ডেকেছিলেন? একজন সমাজবিরোধীকে কেয়ার টেকার নিয়োগ করেছিলেন, এখন সেই কেয়ার টেকার জেলে আছে। আপনারা অনেকে তো কালো কোট পরেন। সেই কালো কোট পরে যান, পারলে তাকে ছাড়িয়ে নিয়ে আসুন।

প্রদেশ কংগ্রেসের সভাপতি স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে আলোচনা করেছেন। অতীত দিনে এটা ছিল না। এটা খুব ভাল ব্যাপার নতুন এই যে উদ্যোগ নিয়েছেন, এটা নতুন কালচার, নতুন নজির সৃষ্টি করেছেন মাননীয় বুদ্ধদেব বাবু। এই জায়গা থেকে বলছি, সেই আলোচনার পর ৮ই জুন মহম্মদ ইরফান নামে একজন কর্মীকে খুন করল। কারা খুন করেছে? এই খুনের পিছনে যারা ছিল তাদের নিয়ে এসেছিলেন। এতে অপরাধীরা উৎসাহিত হয়। একটু আগে বললেন মাননীয় বিধায়ক সৌগত রায়, উল্লেখ করেছেন মাননীয় বিধায়ক পঙ্কজ ব্যানার্জি, আপনারা জানেন, এখানে মাননীয় বিধায়ক গৌতম চক্রবর্তী আছেন। পঞ্চাননতলায় শনিবার রাত ১০টার পর এক যুবকের প্রাণ গেছে। কে প্রাণ নিয়েছে? সৌগত বাবু জানেন। কংগ্রেসের ২টো উপদলের লড়াইয়ে সাধারণ মানুষ ব্যতিব্যস্ত হয়ে গেছেন। গৌতম বাবু বলেছিলেন সমাজবিরোধীদের থামান। ওরা এলাকায় ঘুরছে। ওখানকার কংগ্রেস কাউন্সিলার, ওখানকার কংগ্রেস এম. পি.র বিরুদ্ধে সাধারণ মানুষের ক্ষোভ ফেটে পড়ছে। এই সমাজবিরোধীদের আশ্রয় দিচ্ছে, প্রোটেকশন দিচ্ছে নেত্রী ও নেতারা। মাননীয় অতীশ বাবু সাম্প্রদায়িক সম্প্রীতির কথা উল্লেখ করলেন। পশ্চিমবঙ্গে ১৯৯২ সালের ৬ই ডিসেম্বরের পর আপনারা দাঙ্গাবাজের ভূমিকা গ্রহণ করেছিলেন। উত্তরপ্রদেশের আলিগড়ে, ত্রিপুরায়, ভাগলপুরে দাঙ্গার নেতৃত্ব দিয়েছেন আপনারা। কংগ্রেস দাঙ্গাবাজ। আজকে সকালে খবরের কাগজে প্রকাশিত হয়েছে, দুপুরে রেডিও তে প্রচার হয়েছে—কংগ্রেসের প্রাক্তন মন্ত্রী এইচ. কে. এল. ভগতকে কংগ্রেস থেকে বহিষ্কার করা হয়েছে। তিনি দিল্লির প্রদেশ কংগ্রেস কমিটির প্রেসিডেন্ট ছিলেন। তিনি ১৯৪৮ সালের ৩১শে অক্টোবরের পর কংগ্রেস জমানায় ৩ হাজার লোককে খুন করেছেন। তাঁকে আদর করে কংগ্রেসে ফিরিয়ে আনা হয়েছিল। এখন তাঁকে শাস্তি দেওয়ার জন্য মাত্র ৬ মাসের জন্য কংগ্রেস থেকে বহিষ্কার করা হয়েছে। স্থায়ী ভাবে বহিষ্কার করা হয় নি।

[3-20 – 3-30 P.M.]

ইকবালপুরের ঘটনা আপনাদের মুখে শোভা পায়? কারা থানায় গিয়ে হামলা করেছিল? কারা উস্কে দিয়েছিল? মাননীয় মন্ত্রী যে দৃঢ়তার সঙ্গে মন্ত্রী মহম্মদ আমিনকে সেখানে পাঠিয়ে অবস্থা আয়ত্বে এনেছেন, তা সত্যিই প্রশংসনীয়। নাহলে আরও বড় ঘটনা ঘটতে পারত, তার থেকে বাঁচিয়ে দিয়েছেন। এটা কি সাধারণ ব্যাপার? কোনও বিধায়কের বিরুদ্ধে কোনও ব্যক্তির বিরুদ্ধে আমার কথা নয়। একজনের বিরুদ্ধে ৩৩টি মামলা, এটা তো স্বাভাবিক ব্যাপার নয়। যার মধ্যে ১৪টি খুনের, ৩০২ ধারায়। তাহলেও কি তার বিরুদ্ধে ব্যবস্থা নেবে না? তাকে গ্রেফতার করবে না। স্যার, আপনি যদি বলেন তবে আমি একটার পর একটা কেস বলে দিতে পারি, কেস নাম্বার তুলে দিতে পারি। মানব সাহা, সি. পি. আই. (এম)-এর কর্মী, শিক্ষক নেতা, তাকে খুন করা হল। শেখ সালাম, পঞ্চায়েত প্রধান, ৮৮ সালে তাকে খুন করা হয়েছে। এরকম অসংখ্য মামলা আছে। ১৪টি ৩০২। ৩০৩ ধারায়। এইগুলো কি মামুলী ব্যাপার। একটু আগে বললেন, পশ্চিমবঙ্গের সঙ্গে তুলনা করি কোন দিক দিয়ে? নির্বাচনের পর খুন হয়েছে আমাদের ২৮ জন কর্মী, আমরা তার তালিকা দিয়েছি। আপনারাও একটা তালিকা দিয়েছেন, কিন্তু সংখ্যা মিলছে না। যে নাম আপনাদের তালিকায় প্রকাশ করেছিলেন, সে এসে বলল, 'আমি তো বেঁচে আছি'। আপনাদের যুব কংগ্রেসের নেতা, নেত্রী একটার পর একটা অপরাধে জড়িয়ে পড়ছেন। ১৬ই জানুয়ারি, আলিপুরে তিন বছরের বাচ্চা মেয়ে

সোমাকে ধর্ষণ করেছিল প্রজা নন্দী, যুব কংগ্রেসের নেতা। আপনারা তার বিরুদ্ধে দাঁড়ান নি। সৌগত বাবু, ঐ শোক সন্তপ্ত পরিবারের মানুষদের একটু স্বান্তনা দিতেও যান নি। এমন কঠোর আপনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি বিষয় উল্লেখ করতে চাই। আজ দেশের মধ্যে যে ঝড়-ঝাপটা চলছে, এই পরিস্থিতিতে মিডিয়ার প্রভাব অত্যন্ত মারাত্মক। সৌগত বাবু পড়াশোনা করেন, তিনি হয়ত জানেন—কানাডার আদালতে চার্লস বলে একটি ১৪ বছরের ছেলের বিচার হয়েছিল। সে হরার ফ্লিম দেখে ৭ বছরের বাচ্চাকে খুন করে, তার চর্বি রান্না করে খেয়েছে। দমদমের সজল বারুই মামলা মনে নেই আপনাদের? দূরদর্শন দেখেই সে ঐ খুন করেছিল। আজকে টি. ভি. মিডিয়া, ইলেকট্রনিক্স মিডিয়া, একটার পর একটা মিডিয়া, তার থেকে অপরাধ প্রবণতা বাড়ছে। আর তার সাথে যুক্ত হয়েছে কংগ্রেসের এই অপরাধ প্রবণতা। ২রা মে থেকে আমাদের ২৭ জন কর্মীকে খুন করা হল। নদীয়া, মুর্শিদাবাদ, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, গার্ডেনরিচে, কলকাতা মহানগরীতে কি করছেন? জিতে গিয়ে হামলা করছেন। একটু আগে বললেন অনেক বিধায়ক জিতেছেন। জিতে আত্মহারা হয়েছেন, কিন্তু পুলিশকে সার্টিফিকেট দেন নি, তারা দায়িত্ব পালন করেছেন বলে। পুলিশ দায়িত্ব পালন করেছে বলেই বিধানসভা নির্বাচনে জিতে এসেছেন। আর ভবানীপুর থানার কথা বললেন তো? কিন্তু আপনাদের এম. পি. ভবানীপুর থানার ও. সি-কে প্রোটেক্ট করেন নি? তার পক্ষ অবলম্বন করেন নি? এটা কি সাধারণ ব্যাপার? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই ব্যয় বরাদ্দ সমর্থন জানিয়ে সাথে সাথে এটা বলছি, পুলিশকে আরও তৎপর হতে হবে, ঐসব অপরাধীদের বিরুদ্ধে কঠোর হতে হবে, অপরাধীদের শাস্তি দেবার ব্যাপারে কঠোরতর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ভি. আই. পি.-দের জন্য স্পেশ্যাল প্রোটেকশন হয়, একটা নতুন সেকশন করুন ক্রিমিনাল ভি. আই. পি-দের জন্য। তাদের জন্য একটা আলাদা ব্যবস্থা রাখুন। তাদের জন্য যদি থাকবার ব্যবস্থা করা যায় তাহলে পশ্চিমবাংলায় শান্তি-শৃঙ্খলাকে স্বরাষ্ট্র বিভাগের পক্ষ থেকে, পুলিশরা যে ভাবে উন্নত পর্যায়ে নিয়ে গেছেন সেটা আরও উন্নত হতে পারবে। এই কথা বলে ব্যয়-বরাদ্দকে সমর্থন করে এবং ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** Now, Shri Adhir Ranjan Chowdhury. Hon'ble Members, it would be the maiden speech of Shri Adhir Ranjan Chowdhury. It is the convention of the Parliament not to disturb the maiden speech of any member. I would expect you to honour that convention.

**Shri Adhir Ranjan Chowdhury :** Respected Mr. Speaker, Sir, I do strongly support the cut motions on police budget, 1996-97, as mooted by Congress Bench. But before participating the debate on Police Budget let me take the privilege of extending my hearty congratulations and warm embracing to all the Hon'ble Members, distinguished visitors, press-men and others present in the august House. Sir, in the United States all the Members of the Senate follow the aphorism that before election may we be Democrat or Republican, but after election everyone is

American. Taking this cue can't we say that before election may one be CPI(M) or Congress but after election we are all for our State's progress ? I think this should be an ideal way of honouring the mandate of the electorates. Sir, we the Congress men get sermonized and imbibed by the philosophy of Mahatma Gandhi and firmly belive in primacy of truth, tolerance and consideration of others sentiment and above all liberty of speech, which seems to be unfortunately missing in some cases.

Sir, this being my maiden speech I hope that all sorts of cordial co-operation will be extended to me by all Members of this august House.

স্যার, আর হাতে সময় কম থাকার জন্য আমি প্রথমে আমার ব্যক্তিগত অত্যন্ত গুরুতর বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। তা হল, গত ৭ই জুলাই মুর্শিদাবাদের হরিহরপাড়া থানার অর্ন্তগত সি. পি. এম. অধ্যুসিত নগড়াজল গ্রামে একটি সভা হয়েছিল। এই সভায় মুর্শিদাবাদের সি. পি. এম. পার্টির তরফ থেকে উপস্থিত ছিলেন শেখর সাহা, তিমির ঘোষ, তরুণ দে। এই সভায় আরও উপস্থিত ছিলেন মুর্শিদাবাদের বিভিন্ন প্রান্ত থেকে আসা সি. পি. এম. আশ্রিত খুনী-আসামীরা। সেই সভায় একটা ব্লু-প্রিন্ট তৈরি হয়। যে ব্লু-প্রিন্টের দ্বারা আমাকে আগামী দিনে হত্যার পরিকল্পনা হচ্ছে। এই ব্লু-প্রিন্ট অনুযায়ী সি. পি. এম. আশ্রিত খুনীদের অবস্থান থাকবে সি. পি. এম.-এর জেলা সদর দপ্তরে আর আমার যাতায়াতের উপর নজর রেখে সঠিক সময়ে আমাকে আঘাত করার জন্য তথ্য সরবরাহ করবে মুর্শিদাবাদের পুলিশ সুপার গৌরীদত্তের নেতৃত্বে একটা পুলিশ দল।

[3-30 – 3-40 P.M.]

মাননীয় স্পিকার স্যার, আমি বিধায়ক হবার পর এখনও পর্যন্ত কোনও দেহরক্ষী পায়নি। নিরুপায় হয়ে আমি ব্যক্তিগত সিকিউরিটি এজেন্সির কাছ থেকে দুটো গান-ম্যান নিজের পয়সায় ভাড়া করেছিলাম। গতকাল শুনলাম এই সিকিউরিটি এজেন্সির যে ওনার তাকে পুলিশ অ্যারেস্ট করে বাধ্য করাচ্ছে সেই গান-ম্যান দুটো উইথড্র করে নিতে। আপনি কি মনে করেন যে আমার বেঁচে থাকার দরকার আছে? তাহলে আমি আপনার কাছে অনুরোধ করছি আমার নিরাপত্তার বিষয়ে ভাবার জন্য। ১৯৯৬-৯৭ সালের এই যে পুলিশ বাজেট এ সম্পর্কে আমি বলবো এটা একটা আগাপাস্তলা অসত্য ভাষণ, অসাড় বাগাড়ম্বর, এই ভাষণে পশ্চিমবঙ্গের বাস্তব চিত্র পরিস্ফূটিত হয় নি। এই ভাষনে সঠিক তথ্য ও পরিসংখ্যান না দিয়ে জনগনের প্রতি বিশ্বাস ঘাতকতা করা হয়েছে, অত্যন্ত দৃষ্টিকটু ভাবে এখানে প্রশাসনিক ব্যর্থতাকে ধামাচাপা দেবার চেষ্টা করা হয়েছে। অথচ বামফ্রন্ট সরকার নিজেকে জনগনের সরকার বলে দাবি করেন। আমি বামফ্রন্ট সরকারের ফ্রন্ট কথাটিকে ব্যবহার করতে পারবো না। কারণ, কিছু দিন আগে মুর্শিদাবাদে গিয়ে শুনে এসেছি বামফ্রন্টের কত বিষ, ছায়া ঘোষের কাছে জেনে নিস। মিঃ স্পিকার স্যার, পশ্চিমবঙ্গ কবিগুরু রবী[illegible]র, কাজী নজরুলের, স্বামী বিবেকানন্দের, নেতাজী সুভাষচন্দ্র বোসের, আচার্য জগদীশচন্দ্র, [illegible]

কবি সুকান্তের, ক্ষুদিরামের জন্মভূমি ও কর্মভূমির নাম পশ্চিমবঙ্গ। মাননীয় পুলিশ মন্ত্রী আপনি কি আপনার ভাবনে স্বীকার করেছেন এই সমস্ত ইতিহাসবিদ, দার্শনীক, বিপ্লবীদের কর্মভূমি ও জন্মভূমি এই পশ্চিমবঙ্গ আজ দণ্ডনীয় অপরাধে ভারতবর্ষের ৩১টি রাজ্যের মধ্যে দশম স্থান অধিকার করে আছে? আপনি যা বলেছেন খুনের হিসাবে পশ্চিমবঙ্গের স্থান ষষ্ঠ, আর রায়টে সপ্তম স্থানে, ধর্ষণে পঞ্চম স্থানে, মহিলা নির্যাতনে চতুর্থ স্থানে এবং লক-আপে মৃত্যুতে তৃতীয় স্থান অধিকার করেছে? না, আপনি স্বীকার করেন নি। আমরা পশ্চিমবঙ্গের কমিউনিস্টদের মুখে শুনেছি গণতান্ত্রিক বিপ্লবের কথা, সমাজতান্ত্রিক বিপ্লবের কথা, সাংস্কৃতিক বিপ্লবের কথা। আমি জানি আজকের মাননীয় পুলিশমন্ত্রী তিনি তথ্য ও সংস্কৃতি মন্ত্রীও বটে। আপনি কি অস্বীকার করতে পারেন আপনার সংস্কৃতিতে বেড়ে ওঠা পশ্চিমবঙ্গের পুলিশ শিখেছে কি ভাবে বেলেঘাটায় ফুটপাত থেকে ফুটপাত বাসিনী নীহার বানুকে থানায় ধরে নিয়ে গিয়ে ধর্ষণ করতে হয়। কি ভাবে গ্রাম-গঞ্জ থেকে পেটের দায়ে খাটতে আসা নারী শ্রমিককে মোটর সাইকেলে উঠিয়ে নিয়ে গিয়ে গড়ের মাঠে ধর্ষণ করতে হয়। আপনার রাজ্যে আপনার সংস্কৃতিতে এই দেশের পুলিশ লক-আপে বন্দী অসহায় নারীকে ধর্ষণ করে। আপনার সংস্কৃতিতে বেড়ে ওঠা আপনার কর্মচারীরা মুকবধির দীপালী বসাককেও ধর্ষণ করে। এ রাজ্যের সমাজ সেবিকাকে প্রথমে ধর্ষণ করে। এ রাজ্যের সমাজ সেবিকাকে প্রথমে ধর্ষণ তার পর তার যোনীদেশে টর্চ লাইট ঢুকিয়ে হত্যা করা হয়েছে। এ রাজ্যে উম্মাদিনী মহিলাকেও ধর্ষিতা হতে হয়। এর পরও আপনি বলবেন, আপনি ক্রিমিনালদের শায়েস্তা করতে চান? হ্যাঁ, আপনার এই কথাকে পশ্চিমবাংলার আপামর জনসাধারণ সমর্থন করে যে ক্রিমিনালদের শায়েস্তা করার দরকার আছে। কিন্তু মাননীয় মন্ত্রী যখন খুনের দণ্ডে দণ্ডিত এবং যাবজ্জীবন সাজাপ্রাপ্ত, বর্তমানে মুক্ত মালিক মণ্ডলকে নিয়ে সভা অলঙ্কৃত করেন, তখন আমি জিজ্ঞাসা করব তিনি কোনও ধরনের ক্রিমিনালদের শায়েস্তা করতে চান? হোয়াট ইজ দি আন অ্যাম্বিগুয়াস ডেফিনেশন অফ ক্রিমিনাল? কাম অ্যাণ্ড লেট আস হোল্ড এ ডিবেট সো দ্যাট ওয়ান ক্যান বি ডিফাইন্ড অ্যাজ এ ক্রিমিনাল। ডায়ালেকচুয়াল মেটেরিয়ালিজম, তত্ত্ব অনুযায়ী বৃদ্ধির শর্ত মেনে পশ্চিমবঙ্গে যখন সোমেন মিত্রের নেতৃত্বে একের পর এক লাল প্রাসাদগুলি ভূলুণ্ঠিত হচ্ছে, সেই সময়ে উদভ্রান্তের মতো আপনি বলে বসলেন ভারতীয় জাতীয় কংগ্রেসের জাতীয় শাখার (পশ্চিমবঙ্গ) সভাপতি সোমেন মিত্র সমাজ বিরোধীদের নেতা। আমার প্রশ্ন আপনারা প্রতিপক্ষকে সকলকে বলেন প্রতিক্রিয়াশীল, ক্রিমিনাল, সমাজ বিরোধী। মার্ক্সীয় দর্শন অনুযায়ী আপনারা আমাকেও সেই ভাবেই চিহ্নিত করে চলেছেন। কিন্তু আমি বলবো আপনাদের প্রতিপক্ষতা করার মতো, আপনাদের বিরোধিতা করার জন্য যদি ক্রিমিনাল সংজ্ঞা পেতে হয় তাহলে পশ্চিমবঙ্গের সব কংগ্রেস কর্মীই ক্রিমিনাল, সমাজ বিরোধী। কিন্তু আপনাদের কর্মীরা কি সকলে সতী?

মাননীয় স্পিকার স্যার, ১৯৯১ সালে আমাকে মানব সাহার হত্যার অভিযোগে অভিযুক্ত করা হয়েছিল। when you tell lies frequently that becomes truth. গোয়েব্লস-এর তত্ত্ব অনুযায়ী পশ্চিমবঙ্গের গ্রামে-গঞ্জে, শহরে-নগরে, প্রান্তরে আমার বিরুদ্ধে প্রচার করা হয়েছিল—আমি মানব সাহা খুনের কেসের খুনী আসামী অধীর চৌধুরী। কিন্তু মাননীয় স্পিকার, আমি বিশ্বাস করি মানব সাহা একজন সৎ, ভদ্র বিনয়ী, আদর্শনিষ্ঠ সি. পি. এম কর্মী ছিলেন। আজ পশ্চিমবঙ্গে সৎ এবং আদর্শবান সি. পি. এম কর্মীর সংখ্যা কমে গেলেও

মানব সাহা সেই বিরল প্রজাতির সৎ কর্মী ছিলেন। তিনি কখনো উড়তি বাড়তি পয়সা রোজগার করেন নি। এক সময় মুর্শিদাবাদের বামফ্রন্ট নেতৃত্ব মানব সাহাকে মুর্শিদাবাদ প্রাথমিক শিক্ষা পর্ষদের সভাপতি মনোনীত করেছিলেন এবং তার জন্যই তিনি খুন হন। তারপর মুর্শিদাবাদের সি. পি. এম নেতৃত্ব আল্লারাখা নামে আর একজন সি. পি. এম কর্মীকে মুর্শিদাবাদ জেলা প্রাথমিক শিক্ষা পর্ষদের চেয়ারম্যান মনোনীত করেছিলেন। কিছুদিন পরে তিনিও খুন হন। আমার প্রশ্ন যে ব্যক্তি বা গোষ্ঠী রঙিন চাদরের আড়ালে অর্থ, সম্মান, প্রতিপত্তি আদায় করে চলেছে তাদের কেন খোঁজা হচ্ছে না? তাদের খোঁজা হোক।

মাননীয় স্পিকার স্যার, আপনি কি জানেন মানব সাহার নশ্বর দেহ যখন চিতায় জ্বলছিল তখন তাঁর পুত্র মানব সাহার রক্ষিত সমস্ত মার্ক্সবাদী পুস্তক চিতায় ছুড়ে ফেলে দিয়ে বলছিল, "বাবা, তুমি যার জন্য, যে আদর্শের জন্য প্রাণ দিলে, তোমার সেই বইগুলো তুমি সঙ্গে নিয়ে যাও। আমি এই বইগুলো আমাদের গৃহে রাখতে ঘৃণা বোধ করি।' কিছু দিন পরে দেখা গেল সেই ছেলের অস্বাভাবিক মৃত্যু হয়েছে। মানব সাহার ছেলের লাশ গঙ্গার জলে ভাসতে বহরামপুরের মানুষ দেখেছে।

তাই আমি মাননীয় পুলিশ মন্ত্রীর কাছে দাবি করব—মানব সাহার কেসের সঠিক বিচার হোক। আমি সঠিক বিচারের দাবিতে বিচারপতির কাছে আত্মসমর্পণ করেছি কিছু দিন আগেই। স্যার, আপনি প্রবীন আইনজ্ঞ, শিক্ষিত লোক, আপনি নিশ্চয়ই বুঝবেন, মানব সাহার কেসের মেরিটস, মেটিরিয়ালস দেখে মাত্র ১০০০ টাকায় আমাকে জামিন দেওয়া হয়েছে।

স্পিকার স্যার, ১৯৯১ সালে কংগ্রেসি প্রতিনিধি হিসাবে আমি মুর্শিদাবাদের নবগ্রামে নির্বাচন করতে গিয়েছিলাম। মাত্র ১২ দিন সময় পেয়েছিলাম। তারমধ্যেই আমি নবগ্রামের মানুষের ভালবাসা অর্জন করেছিলাম। সে সময়ে কিন্তু সি. পি. এম-এর বুলেটিন 'গণ শক্তি'-তে আমাকে সমাজবিরোধী আখ্যা দেওয়া হয় নি। সেদিন মুর্শিদাবাদ জেলার সি. পি. এম-এর নার্ভ সেন্টার নবগ্রামে আমি ব্যাপক সাড়া ফেলে দিয়েছিলাম। বাধ্য হয়ে সি. পি. এম. ব্যাপক কারচুপি করে মাত্র ১৩০১ ভোটে আমাকে পরাজিত করেছিল। আমাকে জিততে দেয় নি। তারপর, তার ঠিক পাঁচ বছর পরে সি. পি. এম-এর সেই লালদুর্গ, সেই নার্ভ সেন্টারে আমি নিজে উপস্থিত না থেকেও, মানব সাহার খুনের আসামীর অপবাদ মাথায় নিয়েও নবগ্রাম থেকে ২০,০০০-এরও বেশি মার্জিনে জিতে আজকে আপনার কাছে এসে উপস্থিত হয়েছি। আমি কাট মোশানকে সমর্থন করে এবং বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করলাম। থ্যাঙ্ক ইউ।

**মিঃ স্পিকার ঃ** মিঃ বুদ্ধদেব ভট্টাচার্য, উনি যে ওঁর সিকিউরিটির ব্যাপারটা বললেন, ওটা একটু দেখবেন।

[3-40 – 3-50 P.M.]

**শ্রী শঙ্কর সিংহ ঃ** মাননীয় স্পিকার স্যার, রাজ্য সরকারের আনা পুলিশ বাজেটের বিরোধীতা করে, আমাদের দলের পক্ষ থেকে যে কাট মোশন পেশ করা হয়েছে সেই কাট

মোশনের সমর্থনে আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর উদ্দেশ্যে দু' একটা কথা বলতে চাই। মাননীয় স্পিকার স্যার, সভার প্রারম্ভে ক্ষমতাসীন দলের মাননীয় সদস্য শ্রী রবীন দেবের বক্তৃতা মনোযোগ দিয়ে শুনছিলাম। আমার ভাবতে আশ্চর্য লাগে এবং দুঃখ লাগে, যারা একদিন বাংলার মাটিতে বিগত কংগ্রেস সরকারের পুলিশ বাজেটকে সামনে রেখে বাংলার মানুষের কাছে কাঁধে পতাকা নিয়ে কংগ্রেস সরকারকে চিহ্নিত করতেন পুলিশিরাজ সরকার বলে, স্বৈরতান্ত্রিক সরকার বলে এবং এই পরিভাষাগুলি ব্যবহার করে যারা একদিন বাংলার মানুষকে সংগঠিত করে ইতিহাসের অমোঘ নিয়মে ১৯৭৭ সালে বাংলার বুকে ক্ষমতায় এলেন সেই দল বিশেষ করে মার্ক্সবাদি কমিউনিস্ট পার্টির দলের নেতারা এবং সদস্যবৃন্দরা উৎসাহিত হয়ে পুলিশ বাজেটের বরাদ্দকে সমর্থন করে তাদের ভাষনের পরিসমাপ্তিতে স্বরাষ্ট্রমন্ত্রীকে উপদেশ দিয়ে বলেন, আরও পুলিশ বাজেটে বরাদ্দ বাড়ান, তখন বাংলার মানুষ হিসাবে আমার লজ্জা বোধ হয়। মাননীয় স্পিকার স্যার, এই সভায় মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রী আছেন। আপনারা নিশ্চয়ই জানেন, বিগত সরকারের আমলে অর্থাৎ ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালে, আপনাদের পরিভাষায় পুলিশিরাজ সরকারের আমলে ১৯৭৪-৭৫ সালে পুলিশ খাতে বরাদ্দ ছিল ৪৬ কোটি ৩০ লক্ষ ৮৬ হাজার টাকা। আর আজকে বামফ্রন্টের আমলে ১৯৯৬-৯৭ সালে পুলিশ খাতে ব্যয়-বরাদ্দ করছেন ৫৫৪ কোটি ৩ লক্ষ ২০ হাজার টাকা। মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশমন্ত্রী, মাননীয় মুখ্যমন্ত্রী সহ সদস্যবৃন্দদের কাছে আবেদন জানাতে চাই, পশ্চিমবাংলার বুকে যখন জনস্বার্থে পরিকল্পনা খাতে অর্থাৎ কৃষিখাতে যেখানে ৯৩ কোটি ৬০ লক্ষ ৩০ হাজার টাকা বরাদ্দ হচ্ছে, যখন স্বাস্থ্য খাতে বরাদ্দ হচ্ছে ১৮৮ কোটি ৪৫ লক্ষ ৭০ হাজার টাকা, যখন শিক্ষা খাতে বরাদ্দ হচ্ছে ৫২০ কোটি ৩৭ লক্ষ টাকা, সেখানে দুর্ভাগ্যের সঙ্গে আমরা দেখছি, পুলিশ খাতে ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে ৫৫৪ কোটি ৩ লক্ষ ২০ হাজার টাকা। আমি এই কারণে বলতে চাইছি, যেখানে পশ্চিমবাংলার বুকে কৃষিক্ষেত্রে উন্নয়ন নেই, যেখানে আরও অর্থ বরাদ্দ হলে কৃষির উন্নতি ঘটতো, কৃষিজীবী মানুষের কর্মসংস্থানের সুযোগ হত, যেখানে শিল্প ক্ষেত্রে মুখ থুবড়ে পড়ে আছে—ঝগড়া-ঝাটি বা বিতর্কের কোনও ব্যাপার নয়—এটাই বাস্তব ঘটনা—মুখ থুবড়ে পড়ে আছে শিল্পনগরী গুলি—সেখানে অর্থ বরাদ্দ কমে যাচ্ছে। যেখানে গ্রাম বাংলার মানুষ স্বাস্থ্য এবং চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে, ঠিক সেই মুহূর্তে দেখা যাচ্ছে সেই খাতে অর্থ বরাদ্দ কমে যাচ্ছে। অথচ পশ্চিমবাংলায় পুলিশকে সাজাতে গোজাতে ৫৫৪ কোটি টাকা কারা খরচ করছে, যারা এতদিন পশ্চিমবাংলার মানুষকে সংস্কৃতিবান বলেছিলেন। এই পুলিশ সাধারণ মানুষের জন্য নয়, এই পুলিশকে সাজাতে গোজাতে এত টাকা খরচ করা হচ্ছে। পুলিশকে কোনও শিক্ষায় শিক্ষিত করেছেন, মুখ্যমন্ত্রী আপনি আছেন, স্বরাষ্ট্র মন্ত্রী আছেন, দয়া করে বলবেন কী? আপনাদের কথায় যদি ধরে নেওয়া হয় বামফ্রন্ট সরকার-এর রাজত্বে আপনাদের ভাষায়, আপনাদের কথায় রাজনৈতিক শিক্ষায় আপনারা শিক্ষিত করে প্রগতিশীল কাঠামোর রাষ্ট্রযন্ত্রে রূপান্তরিত করতে পেরেছেন, তাহলে আমি আপনাদের ধন্যবাদ জানাতে পারতাম। কিন্তু বিষয়টা সেখানে নয়, পুলিশ বরাদ্দ ৫৫৪ কোটি টাকা হয়েছে, কোনও পুলিশের জন্য বরাদ্দ হয়েছে, যে পুলিশ রাতের অন্ধকারে আসামী ধরার নাম করে পুলিশের গাড়ি নিয়ে কাঁকুড়গাছির ফুটপাথ থেকে নীহার বানুকে তুলে নিয়ে এসে থানার মধ্যে ধর্ষণ করে, সেই পুলিশকে সাজানোর জন্য। ৫৫৪ কোটি টাকা

বরাদ্দ করা হয়েছে। কোনও পুলিশের জন্য বরাদ্দ বাড়ানো হচ্ছে, যে পুলিশ একজন শ্রমিক ভিখারী পাশোয়ানকে পুলিশের গাড়িতে করে তুলে নিয়ে গিয়ে হত্যা করেছে, যাকে আর খুঁজে পাওয়া গেল না। সি. বি. আই. রিপোর্টে যা প্রমাণিত হয়েছে। সেই পুলিশকে সাজানোর জন্য ৫৫৪ কোটি টাকা খরচ করবেন। এখানেই আমাদের আপত্তি, এখানেই আমাদের প্রতিবাদ। এখানে মাননীয় বুদ্ধদেব বাবু আছেন, তিনি আমাদের রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী, আপনার কাছে আবেদন পশ্চিমবাংলার মানুষ, আমরা কংগ্রেস করলেও বলছি, পশ্চিমবাংলার সাত কোটি মানুষ আপনার মুখের দিকে তাকিয়ে আছে। এদের সকলের নিরাপত্তার দায়িত্ব আপনার। শুধু মাত্র মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সমর্থকদের রক্ষা করার জন্য এই পুলিশ বাহিনী নয়। আপনার উন্নাসিকতা, আপনার দাম্ভিকতা এমন একটা পরিচয় দিচ্ছে—আপনি কথায় কথায় বলেন আপনি কমিউনিস্ট কিন্তু আপনার এই ব্যবহার কমিউনিস্টদের মতো ব্যবহার নয়। এই জিনিস আপনি চালাতে থাকলে আপনি কোনওদিন কমিউনিস্ট হতে পারেন না। তাই আজকে এই বাজেটকে বিরোধিতা করে এবং আমাদের দলের আনা কাট মোশনের সমর্থনে বক্তব্য রেখে, আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে স্বরাষ্ট্রমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন জানাই এবং বিরোধী পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে তার বিরোধিতা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধীদের বক্তব্য শুনে খানিকটা হাসি লাগছে। ওরা জানেনা ৪৭ সালে স্বাধীনতার পর ১৯৫২ সালে প্রথম নির্বাচন হয়। আজকে মুখ্যমন্ত্রী যেখানে বসে আছেন, সেখানে সেদিন ছিলেন বিধান রায় মুখ্যমন্ত্রী। ১৯৫৩ সালে তখন পশ্চিমবাংলার দুর্ভিক্ষ দেখা দিল। ওরা জানেনা তখন হাওড়া জেলার মানুষ, পশ্চিমবাংলার মানুষ খাবারের জন্য আন্দোলনে অংশ গ্রহণ করেছিল।

[3-50 – 4-00 P.M.]

সেই সময় এই কংগ্রেসের পুলিশ অন্নদা দলুইকে দেউলটি স্টেশনে গুলি করে হত্যা করে। আজও দেউলটি স্টেশনে তার শহিদ বেদি আছে। ১৯৫৭ সালে দ্বিতীয় নির্বাচনে উলুবেড়িয়াতে কংগ্রেস প্রার্থী জয়যুক্ত হলেন। উলুবেড়িয়ার বাসুদেবপুর গ্রামের মানুষরা তাকে ভোট দেয় নি এই অজুহাতে সেদিন ফরোয়ার্ড ব্লক কর্মীদের নামে ডাকাতি, খুন, রাহাজানি ইত্যাদি নানান অসত্য মামলা দিয়ে—তখন জুরি সিসটেম ছিল—তাদের যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করেছিলেন। আমি তাদের নামগুলি পড়ে দিচ্ছি যাদের কারাদণ্ডে দণ্ডিত করা হয়েছিল। তাদের নাম হচ্ছে, চিত্ত দাস, কচি ঘোড়ুই, কেষ্টা দলুই। তাদের বাবা, মা, ছেলেমেয়ে সব মারা গিয়েছে। যুক্ত ফ্রন্টের আমলে তারা মুক্তি পায়। তারপর ১৯৫৯ সালে ডাঃ রায় যখন মুখ্যমন্ত্রী, প্রফুল্ল সেন খাদ্যমন্ত্রী তখন মানুষ যখন খেতে পাচ্ছে না তখন তিনি তাদের বলেছিলেন, বজরা খাও, ভুট্টা খাও, মাইলো খাও, কাঁচকলা খাও। মানুষ তার প্রতিবাদ করেছিলেন এবং বলেছিলেন আমরা খাব না এসব। সেই সময় সুবোধ মল্লিক স্কোয়ার থেকে খাদ্য আন্দোলনে যোগ দিয়ে ৫০/৬০ হাজার মানুষের মিছিল জননেতা হেমন্ত বসু, অমর বসু এবং অন্যান্য বামপন্থী নেতাদের নেতৃত্বে গভর্নর হাউসের সামনে এসে আইন অমান্য করেছিল। সেই আইন অমান্য আন্দোলনের উপর কংগ্রেস সরকারের পুলিশ যে অত্যাচার চালিয়েছিল

আজও আমার তা মনে আছে। মেয়েদের কাপড় খুলে গিয়েছে তা সত্ত্বেও তাদের পেটানো হয়েছে। রক্তাক্ত অবস্থায় প্রায় ৮০ জন স্বেচ্ছাসেবককে আধমরা অবস্থায় ধাপার মাঠে ফেলে দেওয়া হয়েছে। বসুমতি, আনন্দবাজার, দর্পন কাগজে তার ছবিও বেরিয়েছিল। ১৯৬৬ সালে মানুষকে আপনারা বজরা খাইয়েছেন। সেই সময় রেশনের চাল, গম নেই, চারিদিকে কর্ডনিং, কেরোসিন তেল পর্যন্ত পাওয়া যায় না। মেদিনীপুর জেলার মানুষরা উড়িষ্যা থেকে চাল আনতে গিয়েছিল, তাদের গুলি করে মারা হয়েছিল।

(গোলমাল)

সেদিন স্বরুপনগর, বাদুড়িয়াতে আনন্দ হাইত, নুরুল ইসলাম যারা ছাত্র ছিল তাদের গুলি করে মেরেছিল কংগ্রেসের পুলিশ। শুধু তাই নয়, বাউড়িয়া স্টেশনে একজন মহিলা তার নাম নির্মলা সামন্ত, সে চাল নিয়ে আসছিল, সেখানে তাকে গুলি করে হত্যা করেছিল কংগ্রেসের পুলিশ। তারপর ১৯৭৫ সালে সারা ভারতবর্ষে কংগ্রেস দলের প্রয়াত প্রধানমন্ত্রী রাতের অন্ধকারে জরুরি অবস্থা জারি করেছিলেন এবং মানুষের গণতান্ত্রিক অধিকার কেড়ে নিয়েছিলেন। কংগ্রেসিরা এখানে গণতন্ত্রের কথা বলেন কিন্তু সেদিন ওদের প্রধানমন্ত্রী মানুষের গণতান্ত্রিক অধিকার কেড়ে নিয়েছিলেন। স্বাধীনতার পর মানুষের ঐ একটিই মাত্র গণতান্ত্রিক অধিকার ছিল যে সে মাঠে, ময়দানে, কলে কারখানায় দাঁড়িয়ে তার বক্তব্য পেশ করতে পারতো এবং প্রতিবাদ করতে পারতো। কিন্তু জরুরি অবস্থা জারি হওয়ার সময় আমরা দেখলাম, রেলের একজন কর্মচারী, সে তার স্ত্রী ও ছেলেমেয়েদের নিয়ে রাত্রে শুয়ে আছে সেই সময় কংগ্রেসের পুলিশ গিয়ে দরজা ভেঙ্গে তাকে ধরে নিয়ে এসেছিল। হাজার হাজার বামপন্থী নেতা ও কর্মীকে সেদিন বিনা বিচারে গ্রেপ্তার করে রেখে দেওয়া হয়েছিল মিসা, ডি. আই. আর-এ। এমন কি সেদিনের আনন্দবাজারের বড় জার্নালিস্ট বরুন সেনগুপ্ত মহাশয়কে ডি. আই. আরে গ্রেপ্তার করে পুরুলিয়া জেলে অর্ডিনারি ক্রিমিন্যাল হিসাবে রাখা হয়েছিল। সেদিন আপনাদের পুলিশ অগনিত বামপন্থী নেতা, কর্মীকে গুলি করে হত্যা করেছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শুধু তাই নয়, তার প্রতিবাদে গণতন্ত্রকে হত্যা করেছিল কারা? ১৯৫২ সাল থেকে ১৯৭৬ সাল পর্যন্ত সারা ভারতবর্ষ তথা পশ্চিমবঙ্গের মানুষের কোনও গণতান্ত্রিক অধিকার ছিল না। ১৯৭৭ সালে কেন পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার এল, কারা একে প্রতিষ্ঠিত করলো? আপনাদের সেদিনের অত্যাচারের কথা ভুলে গেছেন। সেদিন কি অত্যাচার করা হয়েছিল, কি অবিচার করা হয়েছিল সেই কথা আজকে ভুলে গেছেন! আপনাদের দলের এম. এল. এ রজনী দলুইকে আপনারা মিসায় গ্রেপ্তার করেছিলেন। সেই সব কথা ভুলে গেছেন। ১৯৭৭ সালে এই সরকার প্রতিষ্ঠিত হবার পরে আপনারা রেল বন্ধ করবেন, রাস্তা অবরোধ করবেন, ইচ্ছামত আপনাদের নেত্রী, যুব কংগ্রেসের সভাপতি রাস্তা অবরোধ করছেন, আপনাদের নিজেদের দলের মধ্যে যে বিরোধ তার জন্য আজকে সাধারণ মানুষ অসুবিধার সম্মুখীন হচ্ছে। আপনারা জানেন না যে কানোরিয়া জুট মিলের কি অবস্থা আপনারা করেছিলেন? সেখানকার ৪ হাজার শ্রমিকের কি অবস্থা হয়েছিল? প্রফুল্ল চক্রবর্তীকে টাকা দিয়েছেন, আপনাদের নেতৃত্ব সাহায্য করেছেন। পশ্চিমবঙ্গ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রী তাকে গুলি করেনি, কোনও পুলিশ পাঠায় নি। আমাদের মুখ্যমন্ত্রী, আমাদের শ্রমমন্ত্রী শ্রমিকের স্বার্থে রাইটার্সে তাদের নিয়ে এসে মর্যাদা দিয়ে কানোরিয়া জুট মিল খোলার চেষ্টা করেছেন। [illegible]

চক্রবর্তীকে টাকা দিয়ে আপনারা সাহায্য করেছেন, আপনারা কানোরিয়া জুট মিলের শ্রমিকদের মুখের গ্রাস কেড়ে নিয়েছিলেন। আজকে আপনারা বলছেন যে পশ্চিমবঙ্গে প্রশাসন নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একথা বলতে চাই যে, পুলিশ নিশ্চয়ই তার কাজ করবে। পুলিশের কাজে কোনও রাজনৈতিক হস্তক্ষেপ করা উচিত নয়। পুলিশ তার নিজের আইন মতো নিরপেক্ষ ভূমিকা পালন করবে। আপনি জানেন যে পুলিশের মধ্যে দুটি অ্যাসোসিয়েশন আছে। একটা নন-গেজেটেড বামপন্থী, আর একটা ওদের ফেডারেশন। এই পশ্চিমবাংলায় খুন, গুলি, অত্যাচার, ধর্ষণ ইত্যাদি যত রকম অকাজ করছে সেই ফেডারেশনের পুলিশ। বামফ্রন্ট সরকারকে অপ্রিয় করার জন্য, তার চরিত্র নষ্ট করার জন্য সেই পুলিশ, কংগ্রেসি মদতের পুলিশ তারা নানা রকম অশান্তি পশ্চিমবাংলায় সৃষ্টি করে চলেছে। আজকে এগুলি দূর করতে আরও সময় লাগবে। আজকে ২০ বছর ধরে পশ্চিমবঙ্গের মানুষ আপনাদের চেহারা দেখেছে। এই পবিত্র বিধান সভায় জনগণ আপনাদের ভোট দিয়ে পাঠিয়েছেন। আজকে সেখানে আপনারা যে ধরনের আচরণ করছেন, নিজেদের মধ্যে মত বিরোধ নিয়ে যা করছেন সেটা পশ্চিমবঙ্গের মানুষ দেখছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয় পুলিশ খাতে যে ব্যয়-বরাদ্দের দাবি রেখেছেন, আমি তাকে সমর্থন করছি সেই সঙ্গে এই কথা বলতে চাই, হাওড়ার উৎপল ভৌমিককে কারা খুন করেছিল? আপনারাই খুন করেছেন। আপনারা এখানে ওখানে খুন করছেন, আপনাদের দুই কংগ্রেসের বিরোধে যে খুন জখম হচ্ছে, অত্যাচার চালাচ্ছেন, আর বলছেন যে পশ্চিমবাংলার স্বরাষ্ট্র মন্ত্রী ব্যর্থ হয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সর্বশেষে কয়েকটি প্রস্তাব রাখবো। পুলিশের কাছ থেকে ভাল কাজ পেতে হলে যেসব থানাগুলো আজকে পড়ে যাচ্ছে সেগুলো পরিবর্তন করার প্রয়োজন রয়েছে। তাই এই বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের কাট মোশনের বিরোধীতা করে শেষ করছি।

[4-00 – 4-10 P.M.]

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কংগ্রেসের আনিত কাট মোশনকে সমর্থন করে এবং পুলিশ-মন্ত্রীর বাজেটের বিরোধীতা করে দুই-চারটি কথা বলতে চাই। আমি বলছি, মন্ত্রীর যে বাজেট বিবৃতি সেটা অত্যন্ত গতানুগতিক। এতে রয়েছে শুধুমাত্র পুলিশের জয়গান। কিন্তু এক সময় আপনারাই বলতেন—পুলিশ তুমি যতই মারো, মাইনে তোমার ১১২। আপনারাই বলতেন—বছর বছর পুলিশের বাজেট বাড়ছে কেন। গত ১৯ বছরে আপনাদের শাসনে পুলিশ দপ্তরে কতটা কি বৈপ্লবিক পরিবর্তন করেছেন। সেটা দয়া করে জানাবেন। পুলিশের দুর্নীতি আপনারা দেখেও দেখেন না, কারণ ওরাই এখন আপনাদের রক্ষাকবচ। তাই কলকাতার পুলিশ কমিশনার তুষার তালুকদার লিখতে সাহস পান "....চাকরি জীবনের শুরুতে দেখেছি, ঘুষ নেওয়া কাজটা যে ভাল নয় এই বোধ তখনও ছিল, কিন্তু আজ আমাদের আই. পি. এস.-দের এক অংশের কথা ভালই বলতে পারি এবং বলতে পারি কয়েকজন মার্কামারা আই. এ. এস.-দের কথাও, এদের চাল-চলন দেখে মনে হচ্ছে, ঘুষ নেওয়াটাই বীরত্বের কাজ এবং যারা ঘুষ নেন না তারা আদতে ভীতু, স্রেফ ভীতু। সর্বোচ্চ আমরা ও তার কাছের যেসব চরম অসৎ অফিসার তাদের দেখে ইয়ং অফিসাররা কি বুঝবে? কি জানবে? কি শিখত? এমন এমন অফিসারকে পুলিশের সর্বোচ্চ পদ দেওয়া

হয়েছে যারা সারা জীবন ধরে দুর্নীতি করেছেন। থানাগুলোকে তারা নিলাম করে দিয়েছেন। অপরাধীদের সঙ্গে সরাসরি বা মিডলম্যানদের মারফৎ এইসব দুর্নীতিগ্রস্ত অফিসাররা জড়িত থাকেন। ..." আমার প্রশ্ন, আপনি কেন তুষার তালুকদারকে জেরা করেননি, দোষী আই. পি. এস. অফিসারদের জেরা করেননি? পুলিশের জয়গান করুন আপত্তি নেই, কারণ পুলিশে সাধারণত মধ্যবিত্ত সাধারণ ঘরের ছেলেরাই চাকরি করতে আসে। এবং তাদের বহুরকম সমস্যা রয়েছে, যেমন—আবাসনের সমস্যা, ছেলেমেয়েদের পড়াশুনার সমস্যা, পেনসন পাওয়ার সমস্যা ইত্যাদি। অতীতে পুলিশের রেশন-ব্যবস্থার বিরুদ্ধে আপনারা কত কথাই বলতেন, কিন্তু এখন উল্টো কথা বলছেন। তবে কোনও পুলিশ আহত হলে বা অসুস্থ হলে এখন তারা ঠিকমতো চিকিৎসা বা ঠিকমতো ওষুধ পাচ্ছে না। দেখা যাচ্ছে, পুলিশ হসপিটালে ডাক্তার নেই, ওষুধ নেই। তাই স্বাভাবিকভাবে আজকে তারা ক্ষুব্ধ। কিন্তু তাদের বিরুদ্ধে মানুষের অভিযোগ, কেউ ডায়েরি করতে গেলে তারা সেই ডায়েরি নেয় না, কেউ ডায়েরি করলে উল্টে তার বিরুদ্ধে পাল্টা কেস দিয়ে দেয়। আজকে পুলিশ নানাভাবে টাকা রোজগার করছে। ভাল লোককে তারা চোখ রাঙাচ্ছে। বেআইনি সাট্টা, মদ, জুয়া ইত্যাদির অসাধু কাজ যারা করছে তাদের কাছ থেকে পুলিশ কোটি কোটি টাকা কামাচ্ছে। আজকে পতিতালয়ে গিয়ে সতী খোঁজা, আর পুলিশের মধ্যে সৎ খোঁজা একই ব্যাপার। তবুও বলছি, আপনি দয়া করে ওদের অভাব-অভিযোগগুলি দেখুন, কিন্তু সঙ্গে সঙ্গে প্রতি বছর তাদের আয়-ব্যয় এবং সঞ্চয়ের হিসেব দাখিল করার নীতি চালু করুন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, চন্দননগর বিধানসভা কেন্দ্র থেকে আমিই প্রথম নির্বাচিত কংগ্রেস সদস্য, কিন্তু নির্বাচনের পর ভদ্রেশ্বর এবং চন্দননগর থানা আমার সঙ্গে যে ব্যবহার করেছে, পুলিশ মন্ত্রীর কাছে অভিযোগ করছি, আপনি ঐ জেলার ডি. এম. এবং এস. পি. যারা আছেন তাদের কাছ থেকে খবর নিন যে, কি অবস্থার মধ্যে রয়েছি। এই ধরণের ব্যবহার যদি চালিয়ে যাওয়া হয় তাহলে আগামী যে দিন আসছে সেই দিন ভয়ঙ্কর। সেজন্য আপনার কাছে আমার বিশেষ নিবেদন, পুলিশের যেসব অভাব-অভিযোগ রয়েছে সেসব দেখুন, কিন্তু দয়া করে তাদের দালাল তৈরি করবেন না। আপনারা আগে বড় বড় সব কথা বলতেন, কিন্তু এখন সেসব অস্বীকার করছেন। আগামী দিনে কিন্তু উল্টো কথা বলতে হবে আপনাদের। সেদিন কিন্তু আগত। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কমলকান্তি গুহ :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি কুচবিহার মহারাজের পুলিশকে দেখেছি, স্বাধীনতার পর দীর্ঘ দিন ধরে কংগ্রেসের পুলিশকে দেখেছি, কংগ্রেসের অবশানের পর বামফ্রন্ট সরকারের পুলিশকে দেখছি। সেই ট্রাডিশন সমানে চলেছে। শিষ্টের দমন এবং দুষ্টের পালন এই অবস্থা চলছে। গত পরশুদিন মাননীয় মুখ্যমন্ত্রী পুলিশ অ্যাসোসিয়েশনের সভায় বলেছেন যে কারা সমাজবিরোধী কারা আইন-শৃঙ্খলা ভাঙে সেটা পুলিশ জানে, তবে তাদের ধরছে না কেন? দার্শনিকের ভঙ্গীতে তিনি তাঁর বক্তব্য রেখেছেন। এই প্রশ্ন তো আমরা করবো যে পুলিশ জানে কারা সমাজবিরোধী, কারা খুন করে, কারা অপরাধ করে, অথচ তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছে না কেন। এই প্রশ্ন তো হবে আমাদের। মুখ্যমন্ত্রী, যিনি রাজ্যের প্রধান, তিনি ব্যবস্থা নেবেন। যারা সমাজবিরোধী তাদের ধরার ব্যবস্থা করবেন, যারা সমাজবিরোধীদের আশ্রয় দিচ্ছে তাদের শাস্তির ব্যবস্থা করবেন। তা না করে,

দুষ্টু ছেলেদের মায়েরা যেমন চড় কসিয়ে দেন, মৃদু চাপড়িয়ে দেন সেই ভাবে তাঁর আদরের পুলিশকে আশ্রিত পুলিশকে মৃদু ভৎসনা করে দিলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পুলিশের পরিকাঠামো আজকে ভেঙে চুরমার হয়ে গিয়েছে। ওদের দোষ দিয়ে লাভ নেই, পুলিশের যে আচরণ বিধি নিয়ম কানুন আছে কোনও থানায় তা অনুসরণ করা হয় না। যেমন নিয়ম আছে, যে কোনও কাউকে গ্রেপ্তার করলে ২৪ ঘন্টার মধ্যে তাকে আদালতে হাজির করতে হবে। আমরা দেখেছি ৩-৪ দিন পারেও আদালতে হাজির করা হয় নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সময় থানার দালালরা তাদের আত্মীয় স্বজনের বাড়িতে যায়, টাকা পয়সা লেনদেনের ব্যবস্থা হয়, তারপর তাদের ছেড়ে দেওয়া হয়। যদি টাকা-পয়সা না দিতে পারে তাহলে ৩-৪ দিন বাদে তাদের আদালতে পাঠিয়ে দেওয়া হয়। চুঁচুড়ায় যে ঘটনা ঘটে গেল ওই ঘটনার যে নায়ক তাকে আমি ভাল করে চিনি। তিন বিঘা আন্দোলনে আমাদের শায়েস্তা করবার জন্য ১৯৯১ সনে দিনহাটা থানায় ও. সি করে নিয়ে যাওয়া হয়েছিল এই হাজরাকে। পুলিশের মধ্যে এই কনভেনশন আছে যে একটা থানায় আড়াই থেকে সাড়ে তিন বছরের বেশি কেউ ও. সি. থাকবে না। এই হাজরাকে ৫ বছর এই দিনহাটা থানায় রাখা হয়েছিল আমাদের শায়েস্তা করবার জন্য। তাকে বদলি করে দেওয়া হলো, আবার দেখলাম পৌর নির্বাচনের সময় বামফ্রন্টকে জেতাবার জন্য তাকে স্পেশাল দায়িত্ব দিয়ে দিনহাটায় নিয়ে যাওয়া হল। এই হাজরা চুঁচুড়ায় এসেছে এবং সেখানে একটা লোককে মেরে হত্যা করা হয়েছে। এই ব্যাপারে মেজোবাবুর উপর দায়িত্ব দেওয়া হচ্ছে, কিন্তু আমি জানি এর পিছনে সমস্ত কলকাটি নেড়েছে এই হাজরা।

[4-10 – 4-20 P.M.]

যাইহোক, পরিকাঠামোর নিয়ম কানুন ভেঙে চুরমার হয়ে গেছে। পুলিশের হিসাব দেবেন মাননীয় তথ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রী যে, পশ্চিমবঙ্গে বামফ্রন্ট'এর আমলে ডাকাতি কমেছে, খুন কমেছে, দাঙ্গা কমেছে। এইসব হিসাব দেবেন। কিন্তু থানায় ডাইরি হয় না। কোনও ডাকাতি হলে তাকে রবারি বলে চালিয়ে দেওয়া হয়। যারা এজাহার দিতে যাবে তাদেরই আগে ধরে নেওয়া হয়। যারা সমাজ বিরোধী গোলমাল করে, তারা পুলিশের সাথে আলোচনা করে ঘটনা ঘটবার আগে থানায় একটা এফ. আই. আর. করে দিয়ে চলে যায়। পরে মার খেয়ে, আহত হয়ে, নির্যাতিত হয়ে যারা থানায় আসে, তাদের সাথে সাথে অ্যারেস্ট করা হয়। থানা থেকে তাদের বলা হয় যে, তোমরা গোলমাল করেছো। এই ভয়ে লোকে থানায় যেতে চায় না। এই সমস্ত ঘটনা দাঁড়িয়ে গেছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমরা দুটি শক্তির দ্বারা নির্যাতিত হচ্ছি। সীমান্তের মানুষ একদিকে বি. এস. এফ, আর একদিকে পুলিশ, বি. এস. এফ'-এর দ্বারা অত্যাচারিত হচ্ছে। এদের সম্বন্ধে আমরা এত বছর ধরে বামফ্রন্ট সরকারের দৃষ্টি আকর্ষণ করে আসছি। আইন শৃঙ্খলা বি. এস. এফ শেষ করে দিচ্ছে। ডাকাত ও সমাজ বিরোধীদের এই বি. এস. এফ প্রশ্রয় দিচ্ছে। আমি একটা স্টেটমেন্ট দেখলাম, স্বরাষ্ট্রমন্ত্রী বলছেন যে, তিনি জেলা শাসককে চেয়ারম্যান করে এই বি. এস. এফ-কে দিয়ে যে সমস্যা সৃষ্টি হচ্ছে তা দেখবার জন্য, ঠিকঠাক করবার জন্য, সমাধান করবার জন্য একটা কমিটি করেছেন। উনি বলছেন এটা আগেই হয়েছিল। কিন্তু আমি সীমান্তের মানুষ, আমি সীমান্তের প্রতিনিধি, আমি কোনওদিন জানি না, আগে এই ধরণের কোনও কমিটি হয়েছিল কিনা।

যাইহোক, দেরি করে হলেও তিনি কমিটি করেছেন। আমি বলতে চাই, পুলিশকে লালবাজার থেকে বা রাইটার্স থেকে গ্রামের পুলিশকে কন্ট্রোল করা যাবে না। এস. ডি. ও. কে চেয়ারম্যান করার পর মহকুমায় সেখানে যারা জনপ্রতিনিধি আছেন, তাদের নিয়ে এবং উচ্চতম পুলিশ অফিসারদের নিয়ে সেখানে একটা কমিটি করা হোক। তারা দু'মাস অন্তর বসবে এবং দেখবে যে পুলিশের কাজকর্ম ঠিকমতো হচ্ছে কিনা, দোষীদের ঠিকমতো ধরা হচ্ছে কিনা, থানা ঠিকমতো চলছে কিনা। এগুলো দেখতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে পুলিশের অত্যাচার কোনও জায়গায় গেছে। মাননীয় সদস্য রবীন ঘোষ বলছিলেন যে, কংগ্রেস আমলে ফরোয়ার্ড ব্লক কর্মীদের উপরে অত্যাচার হয়েছে, তাদের গুলি করে হত্যা করা হয়েছে, তাদের জেলে পোরা হয়েছে। সেই ফরোয়ার্ড ব্লকে আমিও ছিলাম। আমিও অত্যাচারিত হয়েছি। ১৯৪৫ সাল থেকে আমি জেল খাটছি। আজকে এই পুলিশের দ্বারা অত্যাচারিত হচ্ছে, নির্যাতিত হচ্ছে, তবে সেই ফরোয়ার্ড ব্লক নয়। সেই ফরোয়ার্ড ব্লক হলো 'সমাজতান্ত্রিক ফরোয়ার্ড ব্লক', সারা ভারত মার্ক্সবাদী ফরোয়ার্ড ব্লক নয়। সেই ট্রেডিশন চলছে, একই অত্যাচার চলছে। তাই স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আমার অনুরোধ, আপনি একটা কমিটি করে দিন। আজকাল মহকুমায় এসডিও-কে থানা পরোয়া করে না। এসডিও-কে চেয়ারম্যান করে মহকুমায় একটা কমিটি করুন। সেখানে আপনি জনপ্রতিনিধিদের রাখুন, অন্য যাদের রাখার তাঁদের রাখুন। সেই কমিটি দু'মাস অন্তর পুলিশের কাজকর্ম মূল্যায়ন করবে এবং তা উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানাবে। তা না করে এখানে পরস্পরকে দোষারোপ করে লাভ নেই। কেউ এখানে দোষ করলো বা ওখানে দোষ করলো, এইভাবে পরস্পরকে দোষারোপ করে লাভ নেই। আজকে গ্রামের গরিব মানুষ থেকে আরম্ভ করে শ্রমিকের বস্তিতে এবং ভিখারীদের কি অবস্থা? ভিখারী পাশোয়ানের মতো লোক আজকে কোথায় চলে গেল? এই বিষয়টাই আজকে ভাববার বিষয় এবং সেইজন্য আমি আপনার কাছে অনুরোধ করব যে, আজকে সমস্ত প্রশাসনকে এবং রাজ্যকে যারা ঠিকমতো চালাতে পারেন সেই পুলিশের দিকে বিশেষ নজর দিতে হবে। এই সময়ে লালবাতি জ্বলে ওঠে এবং অন্য সদস্যর নাম ঘোষণা করা হয়।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে বাজেটের ব্যয়বরাদ্দ মাননীয় মন্ত্রী উপস্থাপিত করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। আজকে এই বাজেটের দিকে সারা পশ্চিমবঙ্গের মানুষ তাকিয়ে আছে। আমাদের বিরোধী বন্ধুদের বলি কেবলমাত্র বিরোধী সদস্য বলেই বিরোধিতা করতে হবে, আমি অন্তত আশা করেছিলাম এরমধ্যে আপনারা কিছু কনস্ট্রাকটিভ সাজেশন রাখবেন। আমরা যারা সরকারপক্ষের সদস্য, আমাদেরও অভিযোগ অনেক সময় থাকে কিন্তু একটা সভায় আপনারা সুস্পষ্ট মতবাদ দেবেন এটাই আমি আশা করেছিলাম। সেইদিক থেকে কমল গুহ মহাশয় যে বিষয়ে আলোকপাত করেছেন এবং তথ্য দিয়ে যে বুঝিয়েছেন কংগ্রেস আমলে কি হয়েছে আর এই আমলে কি হয়েছে, তারমধ্যে দিয়ে একটা সুস্পষ্ট মতবাদ পাওয়া যায়। আমি এই প্রসঙ্গে জানাই যে, এই সভারই একজন সদস্য রাষ্ট্রমন্ত্রী ছিলেন, তার ভাগ্নে জামাই দ্বিতীয় বিবাহ করার ফলে সেই দ্বিতীয় বিবাহের পত্নীকে পুলিশ ঘর থেকে তুলে এনে চুলের মুঠি ধরে প্রকাশ্য রাস্তায় টানতে টানতে নিয়ে গেছিল। এই জিনিস আমরা সকলে প্রত্যক্ষ করেছিলাম ওই স্ত্রীর সামনে এই ঘটনা ঘটেছিল। কিন্তু মজার ব্যাপার যে, ওই মন্ত্রী পরের বার আর ফিরে আসতে

পারেন নি, জনগণ তাকে প্রত্যাখ্যান করে তার জায়গায় বিমল মিস্ত্রী জয়যুক্ত হলেন। সুতরাং এই রকম অনেক উদাহরণ আমরা দিতে পারি। পুলিশ হচ্ছে ডিসিপ্লিনারি ফোর্স পুলিশ ইচ্ছা করলে ডিসিপ্লিন রক্ষা করতে পারেন আবার ইচ্ছা না করলে রক্ষা করবে না। সুতরাং এই ব্যাপারে আপনার, আমার সকলের সহযোগিতা দরকার। আমি এই বাজেটকে আরও সমর্থন করছি এই কারণে যে, পুলিশমন্ত্রী একদিকে যেমন পুলিশের দেখাশোনা করছেন তেমনি তিনি অন্যধারে আবার কৃষ্টি এবং সংস্কৃতিরও মন্ত্রী। আজকে এটা বোঝার দরকার যে, একটা শ্রেণীর মানুষ যারা কৃষ্টি এবং সংস্কৃতি হারিয়ে ফেলেছে, সেখানে পুলিশ প্রশাসনকে সমর্থনের মধ্যে দিয়ে আমি মন্ত্রীকে অনুরোধ করব যে সুষ্ঠু কৃষ্টি এবং সংস্কৃতি সম্পন্ন মানুষকে আপনি যভাবে পুরস্কার প্রদান করছেন সেইভাবে যদি প্রদান করা যায় তাহলে অপরাধ প্রবণতা অনেক কমে যাবে। সঠিক কাজের জন্য সঠিক পুরস্কার যদি প্রদান করেন তাহলে উপকার হয়। তাহলে আপনিও উপকৃত হবেন এবং অপরাধ প্রবণতাও অনেকটা কমে যাবে। আজকে সারা ভারতবর্ষ জুড়ে অপরাধ প্রবণতা যেভাবে বেড়ে চলেছে, সেখানে পশ্চিমবঙ্গে কিছু কম হলেও গর্ব করার মতো কিছু নেই। আজকে অপরাধ প্রবণতা যে মাত্রায় বেড়ে চলেছে সেখানে আমাদের কতগুলো নিয়ম সুনির্দিষ্টভাবে পালন করতে হবে। মাননীয় মন্ত্রী দৃঢ়ভাবে যেভাবে ঘোষণা করেছেন এবং অনেক প্রশ্নোত্তর সময়েও আপনি বলেছেন যে অপরাধ কোনও দলের সেটা কিন্তু বড় কথা নয়, আপনি দৃঢ়তার সঙ্গে বলেছেন যে, পুলিশ অপরাধিকে খুঁজে বের করবেই। কংগ্রেসিরা তাদের দলের কাউকে না ধরে পুলিশ যদি অন্য দলের কাউকে বা বামফ্রন্টের কোনও দোষীকে গ্রেপ্তার করে তখন পুলিশ মন্ত্রী হিসাবে আপনাকে বাহবা দিচ্ছেন, কিন্তু ওদের দলের কাউকে গ্রেপ্তার করলে তখনই গাত্রদাহ হয়ে যায়। আমার কতগুলো এই ব্যাপারে সাজেশন আছে, পুলিশের পক্ষে এবং বিপক্ষে উভয়পক্ষেই আমার মতামত আছে। পুলিশ ভালো কাজ করলে তাদের পুরস্কারের ব্যবস্থা করুন আর যারা অন্যায় করবে, অপরাধজনক কাজে ব্যাপৃত থাকবে তাদেরকে তিরস্কার করবেন। আরেকটি কথা বলার দরকার সেটা হচ্ছে যে, যেসব অপরাধি অপরাধ করছেন যেমন খুন, জখম, অন্যান্য মামলায় যুক্ত তাদেরকে আপনি চিহ্নিত করেন নি পৃথকভাবে যে তাদের কোনও রাজনৈতিক ভূমিকা আছে কিনা বা কোনও দলের সঙ্গে যুক্ত আছে কিনা। দয়া করে যদি এটা আমাদের হাউসকে আলোকপাত করেন তাহলে চিত্রটা পরিষ্কার হয়ে যাবে।

[4-20 – 4-30 P.M.]

কোন দলের মধ্যে কতজন অপরাধী আছে। এটা খুঁজে বের করার জন্য আপনার কাছে আমি অনুরোধ করবো। আর আমার কতকগুলি সাজেশন আছে, সেনা বাহিনীকে যেমন দেশপ্রেমে এবং জাতীয়তাবোধে উদ্বুদ্ধ করা হয় দেশের স্বাধীনতা রক্ষার জন্য, তেমনি আপনি সেখানে সঠিকভাবেই ধরেছেন, আমাদের ডিসিপ্লিনারি এই ফোর্স, বিশৃঙ্খলাপরায়ন ফোর্সকে সেইভাবে নূতন আদর্শে উদ্বুদ্ধ করতে হবে, একটা মানসিকতা আস্তে আস্তে গ্রো করছে, ওদের মধ্যে আদর্শ উপেক্ষিত হচ্ছে। থানাগুলিতে মাঝে মাঝে পুলিশের উর্দ্ধতন কর্তৃপক্ষরা অডিট করেন, বার্ষিক অডিট, এটা আর্থিক দিক থেকে অডিট হয়, কিন্তু থানা গুলিতে যতগুলি অপরাধ এর ঘটনা ঘটেছে সেগুলি নিয়ে আপনাদের থেকে সমালোচনা হয়না, সেইগুলির সমালোচনা করলে পুলিশ সঠিক দায়িত্ব পালন করেছে কিনা প্রতি বছরে তার একটা খসড়া

রিপোর্ট বেরিয়ে আসবে, তাতে সুবিধাই হবে। পুলিশ এর ভূমিকা নিয়ে যে প্রশ্ন উঠেছে হয়ত এ থেকে আমরা নিষ্কৃতি পাব। আমাদের কাছে যেটা বোঝার অসুবিধা হচ্ছে, পুলিশ কোড ইংরাজিতে লেখা, যারা জনপ্রতিনিধি আছি তারা এটা জানে, কিন্তু সাধারণ জনগণের পক্ষে এটা অসুবিধাজনক। এই পুলিশ কোডটা বাংলায় তৈরি করে আমাদেরকে এবং পঞ্চায়েতকে দিলে ভাল হবে এবং পঞ্চায়েতের কাছে যদি এটা প্রচার করার ব্যবস্থা করেন তাহলে পুলিশ কি দায়িত্ব পালন করছে এবং কোনও অপরাধে কি কি শাস্তি হওয়া উচিত সেটা সাধারণ মানুষ বুঝতে পারবেন। একই সাথে থানায় যে ডাইরি লেখা হয় এটা ইংরাজিতে লেখা হয়, এটা সাধারণ মানুষ বুঝতে পারেনা। পুলিশ ডাইরিতে কি লিখছে। আবার দেখা যায়, অনেক সময় যারা অভিযোগ করতে যান, তারা বাংলায় বলেন, হয়ত এমন ভাবে ইংরাজিতে ব্যাখ্যা লেখা হয় তার ভাষাটা, বক্তব্যটা সঠিকভাবে লেখা হল না। সুতরাং এটাও বাংলায় লেখা উচিত। নারী নির্যাতন, পণ প্রথা, ধর্ষণ ইত্যাদি অনেক ঘটনা সারা দেশে, সারা রাজ্যে এই যে চলেছে, এই ব্যাপারে আমার সুস্পষ্ট প্রস্তাব মহিলাদের একটা সেল্‌ গঠন করেছেন আপনি, ঐ এস. পি. লেভেলে, ডিস্ট্রিক্ট লেভেলে। একটা ব্যবস্থা করে দেখতে পারেন, প্রত্যেকটি থানায় একজন করে মহিলা অফিসার না হোক কনস্টেবল রাখা যায় কিনা, এতে মহিলারা সাহস পাবেন তাদের ঘটনা বলতে। পুরুষ পুলিশকে যে কথা বলতে তারা সাহস পাননা, সেটা এক্ষেত্রে সাহস পাবেন। দ্বিতীয়ত থানায় যে লক-আপ আছে পুলিশের, মহিলা যদি কাওকে অ্যারেস্ট করা হয়, সেক্ষেত্রে তার স্থান হয় অনেক সময় অস্ত্র রাখার ঐ জায়গায়, সুতরাং একটা ছোট্ট জায়গায় যদি ব্যবস্থা হয়, কারণ মহিলাদের অপরাধের সংখ্যাও দিনে দিনে কম হচ্ছে না। মদ, সাট্টা, উৎকোচ গ্রহণ এটা নিয়ে নানান ঘটনা আসছে, পুলিশ এর বাইরে নয়, সেই অভিযোগ আমরা করেছি। আমাদের রাজ্যে তৎকালীন যারা দায়িত্বে ছিলেন তাদেরও বলেছি এবং চিহ্নিত করণ করেছেন আপনারা, আমাদের সরকারও শাস্তি দিয়েছেন এবং পুলিশ পার্সন যারা মদ, সাট্টা এবং উৎকোচ গ্রহণ করেন, মুস্কিল হল সেটা প্রমাণ করা যায়না। সুতরাং এই বিষয়টা আর একটু ভাবা দরকার। ওদেরকে আজকে এই ব্যাপারে বোঝানো দরকার, ওদের আদর্শকে উদ্বুদ্ধ করা দরকার, একই সাথে হেরোইন, গাঁজা, অবাধে মদ ব্যবসা এইগুলি ব্যাপকভাবে বেড়ে যাচ্ছে, আমার কাছে অভিযোগ আছে। আমরা যখন সঠিক জায়গায় বলি, গাঁজা চাষ বন্ধে, মদের ব্যবসা বন্ধের জন্য তখন আমাদের জেলার দায়িত্বপ্রাপ্ত যারা নারকোটিক সেলে আছেন, তারা বলেন, সারা জেলা জুড়ে নারকোটিক সেলের সেট আপ না থাকায় তাদের অসুবিধা হয়। থানার সহযোগিতা যদি তারা পান তাহলে নারকোটিক সেলের দায়িত্ব প্রাপ্ত অফিসাররা গিয়ে সেই জায়গায় অ্যারেস্ট করতে পারেন, ব্যবস্থা নিতে পারেন। থানা অনেক সময় দেখেও দেখেননা অবৈধ মদের ব্যবসা, হেরোইনের ব্যবসা চলছে। নারকোটিক সেল ও থানা এই দুটোর মধ্যে কি করে সমন্বয় করা যায় এইগুলোর জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি। একই সাথে আরেকটি কথা আপনাকে বলছি, জুয়ো, সাট্টা এইসব খুব বেড়ে গেছে। এইসব ব্যাপারে মদত কারা জোগায় সেটা আপনি জানেন। জুয়া, সাট্টা এগুলো বন্ধ হোক। প্রকাশ্যে জুয়ো খেলা হয়, রেলওয়ে স্টেশনের পাশে, প্রকাশ্য বাজারে, এইসব জায়গাতেই জুয়া ও মদের ঠেক। এই জায়গাগুলো অন্যের উপর নির্ভর না করে লোকাল পুলিশ যাতে তীব্র হন সেটা দেখা দরকার। পুলিশের যে অংশটা অন্যায় আবদারে মদত দিচ্ছেন, কিছুটা দূর্নীতি পুলিশের মধ্যে আছে। খবরের কাগজে

বেরিয়েছিল আমাদের সরকার পুলিশের কাজকর্ম, পুলিশকে রক্ষা করার জন্য, তাদের সুযোগ সুবিধার জন্য যথেষ্ট রকম যত্নবান। সেই জায়গা থেকে এই পুলিশ অন্য কোনও কাজে মদত দেবেন যেটা সমাজের পক্ষে অহিতকর সেটা যেন না হয়। গ্রামেগঞ্জে যারা বেশি পরিশ্রম করেন তারা হলেন হোমগার্ড ও এন. ভি. এফ। তাদের সুযোগ-সুবিধার অবস্থা ভালো নেই। পুলিশের যে রেশন আছে তার থেকে তারা বঞ্চিত। অল্প আকারে হলেও তাদের রেশনের ব্যবস্থা করতে পারলে ভালো হয়। তারা উপকৃত হতে পারত, এটা যদি আপনার বরাদ্দের মধ্যে রাখতে পারেন সেই চিন্তা করবেন। আজকে গণধোলাইয়ে মৃত্যুর ঘটনা নানাভাবে শুনছি। গণ-ধোলাইয়ের পর পুলিশ দায় এড়িয়ে যায়। এর পিছনে কোনও চক্রান্ত আছে কিনা এটা খতিয়ে দেখা দরকার। এর কারণগুলো খুঁটিয়ে দেখে ব্যবস্থা নেওয়া দরকার। সর্বশেষে আমি অনুরোধ করব, পুলিশ যেমন আমাদের বন্ধু, পুলিশকে যেমন পুরস্কৃত করবেন, তেমনি আবার তিরস্কৃতও করবেন। আমাদের সমাজে এই পুলিশকে আমরা শুধু মালিশ করছি, পালিশ করছি না এটা যেন না হয়। এই ব্যয়-বরাদ্দের সমর্থন করে, ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-30 – 4-40 P.M.]

**শ্রী মিহির গোস্বামি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পুলিশমন্ত্রী যে বাজেট এই সভায় রেখেছেন তার বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন করে আমার কয়েকটি কথা এখানে বলতে চাই। আমরা যখন ছাত্র ছিলাম স্কুলে পড়তাম তখন বুদ্ধদেব বাবু ছাত্র স্বার্থের কথা বলতেন। কিন্তু আবার নতুনভাবে দেখলাম, সেদিন তিনি এই বিধানসভায় দাঁড়িয়ে বললেন, যে তার রাজনৈতিক জীবনের শুরু থেকে তিনি কংগ্রেসকে ঘৃণা করেন। এই কথা বলার পর আমাদের মনে পড়ে একটা কথা—রাজনীতির প্রথম কথা হচ্ছে মানুষকে ভালোবাসা কবি সুকান্ত'র ভাষায়। সেই ভালোবাসা থেকে যদি কেউ বিচ্যুত হয় তাহলে সত্যিকারের রাজনীতির কথা সেখানে বলা যায় না। তাই যে মানুষ কংগ্রেসিদের ঘৃণা করেন সেই মানুষদের হাতে পুলিশ দপ্তর থাকলে, আমি মনে করি পশ্চিমবাংলার কোনও মানুষের জীবন নিরাপত্তার মধ্যে না পড়ে নিরাপত্তা হীনতার মধ্যে ভুগছে। বামফ্রন্টের আমলে নারী নির্যাতন, ছাত্র, যুব শ্রমিক যে কোনো গণতান্ত্রিক আন্দোলনের উপর আঘাত করাটা একটা কালী পূজা, দুর্গাপুজোয় বাজী পোড়ানোর মতো একটা ফ্যাশনে দাঁড়িয়েছে। আজকে সেই জায়গায় দাঁড়িয়ে পুলিশের গুলি চালনা বা লক আপে মৃত্যু হয় তার যদি কোনোও গণতান্ত্রিক মানুষ প্রতিবাদ করেন তাহলে নৃপেন বাবুর মতো তাঁকে দল ছাড়তে হয় অথবা সি. পি. এম মানসিকতায় তাকে রোগ গ্রস্থ বলে আখ্যা দেওয়া হয়। পশ্চিমবাংলার সমস্ত মানুষই আজ নিরাপত্তাহীনতায় ভুগছে। আজকে অনেক সদস্যই কংগ্রেস আমল সম্পর্কে অনেক খারাপ খারাপ কথা বললেন কিন্তু এটা মনে রাখা দরকার কংগ্রেসের আমলে যদি পুলিশ গুলি করতো তাহলে বিচার বিভাগীয় তদন্ত হত। আমার জেলা কুচবিহারে ৭৪ সালে পুলিশের গুলিতে মারা যাবার পর সিদ্ধার্থ রায়ের মুখ্যমন্ত্রীত্বে কুচবিহারে একটা বিচার বিভাগীয় তদন্ত হয় এবং সেই অপরাধীর সাজা হয়। ৮৮ সালের ৪ঠা আগস্ট কুচবিহার জেলায় শান্তিপূর্ণ আন্দোলনে পুলিশ নির্বিচারে বিমান, রবীন, হায়দার এই যুব কংগ্রেস কর্মীকে গুলি করা হল তার আজও বিচার বিভাগীয় তদন্ত করা

হয় নি। মেয়ো রোডে ১৩ জন যুবকংগ্রেস কর্মীকে গুলি করে খুন করা হল আজও বামফ্রন্ট সরকার তার কোনও বিচার বিভাগীয় তদন্ত করে নি। এর থেকে প্রমাণ হয় পশ্চিমবাংলায় মানুষের গণতান্ত্রিক অধিকার নেই। রাজনৈতিক মেরুকরণের কথাও আপনারা সকলেই জানেন। ৭৭ সালের পর থেকে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর পুলিশের সার্বিক ভাবে রাজনৈতিক মেরুকরণ করে দিয়ে সি. পি. এম দলীয় কাজে ব্যবহার করেছে। এই রাজনৈতিক মেরুকরণের ফলে শুধু যে কংগ্রেসে অসুবিধা হচ্ছে তাই নয়, বামফ্রন্টের অনেক শরিকদলকেও নাজেহাল হতে হচ্ছে। এখানে বলার সৎ সাহস না থাকলে বাইরে গিয়ে তারা একথা বলবেন। রাজনৈতিক মেরুকরণের মধ্য দিয়ে পুলিশ বাহিনীকে দলীয় কাজে ব্যবহার করে পশ্চিমবাংলার গণতান্ত্রিক অধিকারকে নষ্ট করার চেষ্টা করছে। মাননীয় পুলিশ মন্ত্রী যখন বাহবা দিয়ে পুলিশের বাজেট বাড়াচ্ছেন তখন ৯৫ সাল পর্যন্ত পশ্চিমবাংলায় নন একজিকিউটেড ওয়ারেন্টের সংখ্যা প্রায় ৭২ হাজার ৫৩৩। আমার জেলায় কুচবিহারে নন একজিকিউটেড ওয়ারেন্ট হলো ৯ হাজার ৪১১। পুলিশের বাজেট বাড়া ভালো পাশাপাশি পুলিশের অকর্মণ্য অবস্থাকে যাতে মুক্ত করা যায় এটা নিশ্চয়ই মাননীয় পুলিশমন্ত্রী দেখবেন। টোটাল পুলিশ ফোর্সের সংখ্যা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। ৭২ হাজার আর্মড পুলিশ, নন-আর্মড পুলিশ ৫০ হাজার এবং পুলিশ ফোর্স পশ্চিমবাংলায় ৭২ হাজার। তার জন্য ৫০০ কোটি টাকার উপর বাজেট পেশ করা হয়েছে। তাই অকর্মণ্য পুলিশ বাজেটের বিরোধিতা করে এবং কংগ্রেস দল কর্তৃক আনীত কাটমোশান প্রস্তাব কে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আকবর আলি খোন্দকর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আজকে মাননীয় পুলিশ মন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটের বিরোধিতা করে এবং কংগ্রেস দলের পক্ষ থেকে যে কাট-মোশন আনা হয়েছে সেই কাট মোশানকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আমি বিধানসভায় নতুন। নির্বাচনে জিতে এখানে এসেছি। আমার বহুদিন আগের একটা কথা মনে পড়ল, সেটা বলছি। ১৯৭৩ সালের একটা দিনের কথা মনে পড়ছে। সেদিন আমি কলকাতায় এসপ্ল্যানেড ইস্টে এসেছিলাম। সেদিন ছিল বেকার বিরোধী দিবস। ওখানে ইনক্লাব জিন্দাবাদ, মার্ক্সবাদ জিন্দাবাদ শ্লোগানে ধর্মতলা মুখরিত হয়ে গিয়েছিল। আমি সেই লাল ঝাণ্ডার আকর্ষণে সেখানে পৌছে গিয়েছিলাম। সেদিন সেখানে যাঁকে দেখেছিলাম তিনি আজকের পুলিশ মন্ত্রী বুদ্ধদেব বাবু। তিনি শ্লোগান দিয়েছিলেন—শিক্ষা খাতে ব্যয় বাড়াও, পুলিশ খাতে ব্যয় কমাও। অথচ আজকে তিনি বলছেন পুলিশ খাতে ব্যয় বাড়াও, শিক্ষা খাতে ব্যয় কমাও। পুলিশ খাতে ব্যয় বাড়ানো সত্ত্বেও পশ্চিমবঙ্গে আমরা কি দেখছি? আমরা দেখছি কলকাতার থানা গুলোতে নতুন নতুন গাড়ি দেখতে পাই। কিন্তু হুগলি জেলার মফস্বলে চণ্ডীতলা থানায় একটা গাড়ি। খানাকুল থানায় একটা গাড়ি। আজকে খবর দিলে ২৪ ঘন্টা বাদে পুলিশ আসে। পুলিশের নাকি টাকার দরকার। শ্রীরামপুর থানায় বসার জায়গা নেই। বাড়ি ভেঙে পড়ছে, বাড়ি হচ্ছে না। এদিকে মাননীয় মন্ত্রী পুলিশের জন্য ব্যয়বরাদ্দ বাড়িয়েছেন! মাননীয় পুলিশ মন্ত্রীকে বলতে চাই—এখন পশ্চিমবঙ্গের যিনি মুখ্যমন্ত্রী, সেদিন তিনি ছিলেন বিরোধী দলে। এই বইতে তিনি লিখেছেন, নিশ্চয় আপনারা পড়েছেন, সেটা বলছি— ৩১শে আগস্ট, ১৯৫৯ খাদ্যমন্ত্রীর অপসারণ ও খাদ্যের দাবিতে এবং পুলিশী দমন-পীড়নের প্রতিবাদে শহীদ মিনার ময়দানে ৩ লক্ষ নরনারীর জমায়েত হয়। মহাকরণ অভিমুখে

অভিযানের উপর পুলিশ গুলি চালায়। সহস্রাধিক মানুষ পুলিশের আক্রমণে আহত হন। তার মধ্যে ১৩০ জনের অবস্থা অত্যন্ত সঙ্কটজনক ছিল—বর্ধমান, বহরমপুর, গঙ্গারামপুর ইত্যাদি জায়গায় পুলিশ লাঠিচার্জ করে। সেই সময় জ্যোতি বসু মুখ্যমন্ত্রী ছিলেন না। আরেকজন মহিলা নেত্রী মণিকুন্তলা সেন 'সেদিনের কথা' পৃষ্ঠা ২৮৫তে বলেছেন—জোর করে মহাকরণের দিকে যাওয়া যদি 'অপরাধমূলক' কাজ হয়, ১৯৫৯ সালের 'ঐতিহাসিক' খাদ্য আন্দোলনের দিনে সেই কাজই করেছিলেন সেদিনের কমিউস্ট পার্টি এবং বামপন্থীরা। তাঁদের প্ল্যান ছিল সভাশেষে আমরা রাইটার্স বিল্ডিং ঘিরে থাকব। ................ এবং সভাশেষে একটা মিছিল রাইটার্সের দিকে পা বাড়াতেই পুলিশ তাদের পেটাতে শুরু করল। গ্রামের কৃষক এসেছে কলকাতা শহরে। পালাবার পথঘাট-ও তারা জানে না। শুধু শুধু মুখ বুজে পড়ে পড়ে তারা মার খেল। এরপর মার্ক্সবাদীদের ২১শে জুলাইয়ের কথা কি মনে পড়ে? সেদিন কলকাতার রাজপথে পুলিশের গুলিতে ১৩ জন মারা গেল। মাননীয় বিধায়ক সৌগতবাবু এদের কথা বলেছেন। বুদ্ধদেব বাবু এই ১৩ জন মানুষকে কি ফিরিয়ে দিতে পারবেন? কি জবাব দেবেন? আজ পর্যন্ত তার কোনও বিচারবিভাগীয় তদন্ত হল না। মাননীয় অতীশ বাবু ঠিকই বলেছেন বিচারের বাণী নিরবে নিভৃতে কাঁদছে। বুদ্ধদেব বাবু আপনাকে জবাব দিতে হবে। আগামী প্রজন্মকে কি বলবেন? আপনারা নিজেদের গরিবের বন্ধু বলেন। কিন্তু ভিখারী পাশোয়ানের খোঁজ আপনারা এখনও দিতে পারলেন না। তার স্ত্রী জানে না যে তার স্বামী কোথায়। ভিখারী পাশোয়ান মামলায় কি হল? আপনারা বলছেন গরিবের বন্ধু, শ্রমিকের বন্ধু—কিন্তু এখনো ভিখারী পাশোয়ানের স্ত্রী জানে না তার স্বামী কোথায়। বুদ্ধদেব বাবুকে বলছি, যে সি. আই. ডি. এনকোয়ারি হয়েছিল, তার রিপোর্ট আগামী বিধানসভায় পেশ করা হোক। দেবু প্রমাণিকের কথা বলুন। আজকে আনন্দবাজার কাগজে বেরিয়েছে, লক আপে তাকে তিন দিন কিছু খেতে দেয় নি। জল খেতে চেয়েছিল, দেওয়া হল ফিনাইল। আমার কাছে খবর আছে। সেই মেডিক্যাল রিপোর্ট নিয়ে এসে বিধানসভায় পেশ করুন। কি ভাবে খুন করেছে আপনার পুলিশ ডিপার্টমেন্ট। হুগলি জেলার চুঁচুড়া থানায় তিন দিন খেতে দেয় নি।

[4-40 – 4-50 P.M.]

শেষে বলি, আমাদের মা, বোনেরা দিনের পর দিন টাকা রোজগার করে যখন নিয়ে আসে, হাওড়া স্টেশনে আমেদাবাদ এক্সপ্রেস, গীতাঞ্জলী এক্সপ্রেস এলে জি. আর. পি. তাদের থেকে সেই টাকা-পয়সা নিয়ে নেয়। এটা খোঁজ খবর নিন, এবং বন্ধ করুন। না হলে পশ্চিমবাংলার বহু মানুষ অনাহারে মারা পড়বে। এই কথা বলে আমাদের দলের আনা কাট মোশনের সমর্থনে এবং বাজেট বরাদ্দের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই ব্যয়বরাদ্দকে সমর্থন জানিয়ে এবং বিরোধী দলের আনা কাট মোশনের বিরোধীতা করে আমার বক্তব্য রাখছি। বিরোধীদের বক্তব্য শুনতে শুনতে একটি কথা আমি ভাবছিলাম—গত ৩০ বছরের কংগ্রেস জমানায় আমাদের মুখ্যমন্ত্রী এবং বামফ্রন্টের সদস্যরা রাজনৈতিক কারণে, শ্রমিক আন্দোলনে, কৃষক আন্দোলনের স্বার্থে কত বার, কত বছর জেলখানায় গিয়েছিল, আর আমাদের ১৯ বছরের বামফ্রন্ট জমানায় বিরোধী দলের নেতারা যারা সদস্য, তারা কত বার, কত বছর,

কত মাস, কত দিন জেলখানায় ছিলেন? আমাদের রাজ্যে রাজনৈতিক কারণে বিরোধী দলের নেতাদের আমরা কারাগারে নিক্ষেপ করি নি। আমাদের মুখ্যমন্ত্রী থেকে অনেকেই অনেক বছর কারাগারে প্রতি বছর যেত। এটা একটা পার্থক্য।

দ্বিতীয় পার্থক্য হচ্ছে এই আপনাদের সময় গ্রামের ক্ষেতমজুর, গরিব চাষী তাদের স্বার্থ থানা দেখত না, জোতদার-জমিদাররা যা বলত, পুলিশের অফিসার দারোগারা তাই করতেন। নিরেপক্ষতার মানে কী জোতদার-জমিদারদের কায়েমি স্বার্থের স্বার্থ রক্ষা করা। আপনারা আবার বড় বড় কথা বলছেন। আমার পূর্ববর্তী বক্তা বললেন, ২১শে জুলাইয়ের কথা। আমি আপনাকে স্মরণ করিয়ে দিই, মণি কুন্তলা দেবীর সেই বইটিতেই আছে ৪৯ সালের ৭ই এপ্রিল বৌবাজারের কাছে যখন মহিলাদের মিছিল বেরিয়েছিল, তখন অমিয়া, লতিকা, গীতারন ছিল, কংগ্রেসি পুলিশ জামানায় তাদের উপর গুলি চলেছিল, সে কথা ভুলে যাচ্ছেন। আমরা, বামফ্রন্ট এ কথা বলি না যে, পুলিশের মধ্যে সমস্ত কিছু দোষ আমরা সরিয়ে দিতে পেরেছি, কিন্তু আমরা এ কথা দৃঢ় ভাবে দাবি করব আপনাদের জামানার সাথে এই জমানার পুলিশ বিভাগকে নিয়ন্ত্রণ করার ক্ষেত্রে, ব্যবহার করার ক্ষেত্রে একটা গুণগত পার্থক্য থেকেই গেছে।

কোনও শ্রমিক আন্দোলন বা কৃষক আন্দোলনের উপর আমরা তো কখনও গুলি চালাই না। এটা একটা গুনগত পার্থক্য, এটা কখনও অস্বীকার করতে পারেন? আমাদের জীবনের অভিজ্ঞতা হচ্ছে, মাননীয় সিদ্ধার্থশঙ্কর রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন, ১৯৭৩ সালের ২৩ জুলাই আমরা বাংলা বন্‌ধ ডেকেছিলাম। মেদিনীপুর শহরের পার্টি অফিসে আমাদের সমর্থকদের আপনারা বোমা ছুড়েছিলেন, ভোজালী-তরবারী নিয়ে আক্রমণ করেছিলেন। আমাদের কামাক্ষ্যাদার অফিসের ভেতর পুলিশ গ্যাট গ্যাট করে ঢুকেছিলেন। কামাক্ষ্যাদা একজন প্রবীন স্বাধীনতা-সংগ্রামী। কিন্তু যারা বোমা মারল পুলিশ তাদের ধরল না। কামাক্ষ্যাদা-সহ আমাদের ৩০-জনকে পুলিশ ধরে নিয়ে গিয়েছিল। এই হচ্ছে অবস্থা। আমি ভেবেছিলাম বিধানসভায় একটা আলোচনা হবে। ডিবেট হবে আজকে সারা দুনিয়ায় বলুন, ভারতবর্ষের বিভিন্ন আন্ত-রাজ্যে বলুন—অপরাধ প্রবণতা বাড়ছে। শিশুদের ক্ষেত্রেও এটা হচ্ছে। সারা ভারতে এর সংখ্যা বাড়ছে আর ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গে এর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে না, কমের দিকে। ২৪ নম্বরে রয়েছে। দিল্লি-বোম্বের থেকে অপরাধের সংখ্যা, হত্যার কেস, কলকাতায় কম। যেহেতু এই বইটাতে লেখা রয়েছে তাই আমি আর রিপিট করছি না। তাছাড়া আমার সময় কম। সারা পৃথিবীতে—আমেরিকা, জার্মানি বলুন আর পশ্চিমি দুনিয়ার সমাজতান্ত্রিক দেশ বলুন সেখানে খুন-ডাকাতি-রাহাজানি-ধর্ষন প্রভৃতি অপরাধমূলক কাজ-কর্ম বাড়ছে। সেই আলোকে বিচার করতে গেলে পশ্চিমবাংলায় অপরাধ তত নয়। পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে মানুষ বলেন, মদ, সাট্টা, জুয়া, রাজনৈতিক দুর্বৃত্তায়ন হয়ে রয়েছে, পুলিশ তাকে কন্ট্রোল করুক। মানুষ চায়। কিন্তু কেন করতে পারছেন না? কারণ পুলিশের উপর একটা রাজনৈতিক চাপ থাকে। পুলিশ সেখান থেকে পিছিয়ে আসতে পারছেন না। আজকে সরকার পক্ষ থেকে এবং বিরোধী পক্ষ থেকে একটা কথা দিতে হবে যে, কোনও অপরাধীর পক্ষ নিয়ে তাঁরা ফোন তুলে হ্যালো করবেন না। রুনু গুহ নিয়োগী কাদের সৃষ্টি? রুনু গুহ নিয়োগীর মতো অনেক এখনও রয়েছেন। আমরা রুনু গুহ নিয়োগীকে প্রোমোশন দিতে বারন

করেছিলাম। নকশাল আন্দোলনে আমরা রুনু গুহ নিয়োগীকে প্রোমোশন দিতে বারন করেছিলাম। নক্‌শাল আন্দোলন দমন করার নাম করে তিনি চূড়ান্ত অত্যাচার চালিয়েছেন, আপনাদের সাহায্যে। যাই হোক আমার সময় শেষ হয়ে যাওয়াতে আমি এই ব্যায়-বরাদ্দের সমর্থন করে এবং কাট-মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-50 – 5-00 P.M.]

**শ্রী প্রবোধ পুরকায়েত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পুলিশমন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি তার বিরোধিতা করে কয়েকটা কথা বলব। প্রথমত তিনি বাজেটে যে অর্থ বরাদ্দ করেছেন এবং নিজেও স্বীকার করেছেন যে, তা গত বছরের তুলনায় এবার বেশি পেয়েছে। এটা শুধু এবছরই নয় বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর থেকেই প্রতি বছর ক্রমাগত পুলিশ বাজেটে বরাদ্দ বেড়েছে। এ ব্যাপারে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার আগে, যখন বিরোধী বেঞ্চে ছিলেন তখন একটা শ্লোগান বামপন্থী নেতৃত্ব দিতেন—পুলিশ বাজেট বৃদ্ধি না করে জনসাধারণের উন্নয়নের খাতে টাকা বাড়ানো হোক—এটা তাদের প্রধান কথা ছিল। কিন্তু প্রশ্ন হচ্ছে, আজকে তাঁরা ক্ষমতায় বসে সেই নীতি থেকে সরে এসেছেন। বছরের পর বছর বাজেটে পুলিশের জন্য টাকা বৃদ্ধি পাচ্ছে এবং এর যুক্তি হিসাবে বলা হচ্ছে যে, সমাজ বিরোধী প্রবণতা বৃদ্ধি পাওয়ার জন্যই এটা করতে হচ্ছে। তাই আজকের দিনে পুলিশের জন্য নানাভাবে পুলিশের সংখ্যা বৃদ্ধি করছেন, থানার সংখ্যা বাড়ানো হচ্ছে, নানান ধরনের নতুন নতুন অস্ত্র দিতে হচ্ছে, গাড়ির ব্যবস্থা করতে হচ্ছে, এই সব যুক্তি আপনারা দেখাচ্ছেন। কিন্তু যেখানে এই ভাবে থানার সংখ্যা, পুলিশের গাড়ির সংখ্যা এবং নানাবিধ সুযোগ সুবিধা বাড়ানো হচ্ছে, সেখানে কিন্তু জনসাধারণ কোনও নিরাপত্তা পাচ্ছে না। প্রতি বছর যদি হিসাব করে দেখা যায় তাহলে দেখবেন এখানে খুনের সংখ্যা বাড়ছে, লুঠের সংখ্যা বাড়ছে, চুরি-ডাকাতি-রাহাজানির সংখ্যা বাড়ছে, অগ্নি সংযোগের সংখ্যা বাড়ছে, নারী ধর্ষণের সংখ্যা বাড়ছে, এখানে অনিশ্চয়তার বাতাবরণ সৃষ্টি হয়েছে। এক দিকে বাজেটে ব্যয় বরাদ্দ বাড়িয়ে পুলিশের শক্তি বৃদ্ধি করছেন, অন্য দিকে এই পুলিশ তারা মানুষের জীবনে নিরাপত্তা দিতে পারছে না। আজকে মানুষের জীবনে নিরাপত্তা পুলিশ দিতে পারছে না। থানায় যদি যান তাহলে সেখানে দেখবেন, তাঁরা দেখে অভিযোগকারী কোনও দলের। সি. পি. এম. বিরোধী যদি কোনও অভিযোগ থাকে তাহলে তাঁরা সেটা লিপিবদ্ধ করে কোনও কার্যকর ব্যবস্থা নেন না। তাঁরা বলেন এটা সি. পি. এমের বিরুদ্ধে। সি. পি. এমের লোকাল কমিটির মেম্বাররা থানায় বসে থাকেন, থানাগুলি আজ সি. পি. এমের কাছারী বাড়িতে পরিণত হয়েছে। তারা বলেন কোর্টে কেস করে কগনিজিবল বলে থানায় আনুন তারপর দেখবো। আপনারা মুখে বলেন গণ আন্দোলনে পুলিশ হস্তক্ষেপ করবে না, কিন্তু বাস্তবে আমরা দেখছি কি? প্রত্যেকটি গণ আন্দোলনে, সেটা ভাড়া বৃদ্ধির জন্যই হোক বা মানুষের জীবনের চাহিদা পূরণের দাবিতেই হোক সেখানে পুলিশকে নির্মমভাবে লেলিয়ে দেওয়া হয়েছে। কোথাও শ্রমিক আন্দোলন, কোথাও কৃষক আন্দোলনে, যেমন নদীয়ার কৃষক আন্দোলনে গুলি করে হত্যা করেছিলেন, আমরা এটা দেখেছি। তাই মাননীয় পুলিশ মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য যে গণ আন্দোলনের ক্ষেত্রে বামফ্রন্ট সরকারের পুলিশের ভূমিকা কি? এখন দেখা যাচ্ছে পুলিশ নিজেই ক্রাইম করছে। এই কয়েক দিন আগে এই বিধানসভা চত্তরে হাইকোর্টের সামনে

একজন মহিলা শ্রমিককে পুলিশ তুলে নিয়ে গিয়ে মাঠে গিয়ে ধর্ষণ করেছে। যাদের হাতে আইন রক্ষা করার ভার সেই রক্ষকই বামফ্রন্ট রাজত্বে ভক্ষক হয়ে উঠেছে। আপনারা পুলিশকে বলেন জনসাধারনের সাথে ভালোভাবে ব্যবহার করতে হবে, ভালোভাবে মিশতে হবে, জনসাধারণের কথা শুনতে হবে। কিন্তু পুলিশের কাজে, আচরণে, ব্যবহারে কি দেখছি, তাদের রাউডি আচরণ দেখতে পাচ্ছি। পুলিশ বেআইনি কাজ করছে, শান্তি শৃঙ্খলা ভঙ্গ করছে, আজকাল থানার পাশেই মদের ঠেক দেখা যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচন কেন্দ্রে বৈকুণ্ঠপুরে দেখেছি ১৭টি বুথে আমরা কোনও প্রচার করতে পারি নি, ভোটার স্লিপ পর্যন্ত দিতে পারিনি, আমরা এস. পির কাছে সব জানিয়েছি, সেখানে ওপেন ভোট হয়েছে। বুথগুলি সেনসেটিভ বুথ বলা হয়েছিল কিন্তু সেখানে লাঠিধারী হোমগার্ড দেওয়া হয়েছিল। ১০০ জন কর্মী ঘর ছাড়া হয়ে আছেন দীর্ঘদিন ধরে, এস. পিকে জানিয়েছি। আমি জিজ্ঞাসা করতে চাই যে, আপনার দল ছাড়াও অন্য দলের লোকেদের ক্ষেত্রে আপনি ব্যবস্থা গ্রহণের জন্য আপনি পুলিশকে নির্দেশ দেবেন কিনা? সি. পি. এম দলের যে সমস্ত সমাজবিরোধীদের নামে শত শত কেসের চার্জসিট আছে আজ পর্যন্ত পুলিশ তাদের গ্রেপ্তার করছেনা। সি. পি. এম দলের সমাজবিরোধীদের বিরুদ্ধে অভিযোগ জানালে, অভিযোগকারীর ওপরই অত্যাচার, জুলুম হচ্ছে। হাত পা ভেঙে দেওয়া হচ্ছে। হাজার হাজার টাকা জরিমানা করে আদায় করা হচ্ছে। মাননীয় মন্ত্রীর কাছে আমার আবেদন, মানুষের নিরাপত্তা বজায় রাখতে, পুলিশের নিরপেক্ষতা বজায় রাখতে তিনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন। এই ক'টি কথা বলে, শ্রী দেবপ্রসাদ সরকার মহাশয়ের কাট মোশন সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পরেশ পাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী যে পুলিশ বাজেট পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং কংগ্রেস দলের পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে তা সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি।

স্যার, ৬০-এর দশকের শেষের দিকে এবং ৭০-এর দশকের প্রথম দিকে আমরা দেখেছি যে, বামপন্থীরা শ্লোগান দিতেন, "পুলিশ তুমি যতই মারো, মাইনে তোমার ১১২। পুলিশ খাতে ব্যয় কমাও, শিক্ষা খাতে ব্যয় বাড়াও।" আর আজকে আমরা এখানে দেখছি সেই বামপন্থীরা পুলিশ খাতে ৫৫৪ কোটি টাকা খরচ করছেন! ৫০০ কোটি টাকা কেন, আরও বেশি খরচ করুন, আমাদের কোনও আপত্তি নেই—আপত্তি থাকতোও না যদি দেখতাম আপনার পুলিশ কংগ্রেস জমানা থেকে আরও উন্নত ধরণের কাজ পশ্চিমবাংলার বুকে করেছে। তাহলে আমাদের কোনও আপত্তি থাকবে না।

স্যার, শাস্ত্রে একটা কথা আছে—যে রাজ্যে অলঙ্কার পরিহিতা নারী নির্বিঘ্নে রাত্রিবেলা রাস্তা দিয়ে হাঁটতে পারেন, সে রাজ্যে বুঝতে হবে শৃঙ্খলা ঠিক আছে। আর এ রাজ্যের আইন-শৃঙ্খলা কি রকম আছে? এই বিধানসভার পাশেই একজন দিন মজুর মহিলাকে একজন পুলিশ সার্জেন্ট রাস্তা থেকে গাড়ি করে তুলে নিয়ে গিয়ে ধর্ষণ করে। আর সেই পুলিশ সার্জেন্ট আসামীকে গ্রেপ্তার করার জন্য সময় লাগে মাত্র ১০ দিন! এই ১০ দিন সময় কেন লাগলো? আমরা জানতে পারি যে, অনেক উচ্চ পদস্থ পুলিশ অফিসারের সঙ্গে

এবং একজন প্রভাবশালী রাজনৈতিক নেতার সঙ্গে তার অত্যন্ত দহরম-মহরম, তাই পুলিশ কি করবে, কি করবেনা তা ভেবে মরছিল। ঐ অপরাধী পুলিসের যখন সাংবাদিকরা ছবি তুলতে যায় তখন সে তাদের ক্যামেরা ভেঙে দিতে যায়। তাদের ধরে পুলিশ মারে। অথচ সে ঘটনার বিরুদ্ধে পুলিশমন্ত্রী কোনও কথা বলেন না বা কোনও বামপন্থী সোচ্চার হয়ে ওঠেন না।

আমরা জানি মানুষ সব চেয়ে নিরাপদ আশ্রয়স্থল হিসাবে থানাকে ভাবে। মানুষ যখন কোনও বিপদে পড়ে তখনই থানায় গিয়ে উপস্থিত হয়, আশ্রয় চায়। অথচ আমরা দেখছি কাঁকুড়গাছির মতো জায়গায় নিহারবানু নামে একজন ভদ্রমহিলা থানার পাশেই আশ্রয় নিয়েছিলেন। তাঁকে কো-অর্ডিনেশন কমিটির নেতা নীলকমল সেখান থেকে তুলে নিয়ে গিয়ে থানার মধ্যে ধর্ষণ করে। আর সেই মহিলার ইজ্জত বাঁচাতে আমাদের একজন প্রাক্তন বামপন্থী মন্ত্রী তাঁকে ৫০০ টাকা ঘুষের বিনিময় বলেন, 'তুমি এখান থেকে চলে যাও।' এরপরেও কি এ রাজ্যে আইন-শৃঙ্খলা বজায় আছে বলতে হবে? এ রাজ্যে কি আইন-শৃঙ্খলা বজায় আছে, যখন আমরা দেখি পুলিশ কর্মচারিদের ইউনিয়নের সভায় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু এবং পুলিশমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যর সামনেই মহেন্দ্র মণ্ডল উচ্চ পদস্থ পুলিশ অফিসারদের ধমকালো? একটু আগে একজন কমরেড বক্তব্য রাখার সময়ে বললেন, পুলিশকে প্রশংসা আপনারা করছেন না কেন? পুলিশ প্রশংসা নেবে কি করে? প্রশংসা নেওয়ার কোনও ক্ষমতা ওদের নেই। নীহারবানু কেসে যে পুলিশ নীরকমলকে অ্যারেষ্ট করলো তাকে ওখানে না রেখে গোরু তাড়াবার জায়গায় পোস্টিং করেছেন। যেহেতু ঐ দোষী ব্যক্তিটি কো-অর্ডিনেশন কমিটির লোক ছিলেন। সুতরাং পুলিশকে আপনারা ভাল কাজ করতে দেবেন না। রাজনৈতিক উদ্দেশ্যে পুলিশকে কাজে লাগাবেন। কংগ্রেসকে মার, কংগ্রেসকে কাটো, কংগ্রেসকে পেটাও। কাজেই এই বাজেটের বিরোধিতা করে এবং কংগ্রেসের আনীত কাট-মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-00 – 5-10 P.M.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অফ ইনফরমেশন। আমি বাজেটে অংশ নিচ্ছি না। আমি একটি ছোট ইনফরমেশন এই সভাকে দিচ্ছি। আজ সকালে বুদ্ধদেববাবু বললেন, যুগান্তর পত্রিকা সর্ম্পকে এবং তিনি আশার বানী শোনাতে পারেননি। আমি এইমাত্র রাজ্যসরকারের ডাকা একটা মিটিং-এ গিয়েছিলাম ইউনিয়নের হয়ে পত্রিকার পক্ষে। আমাদের বক্তব্য ছিল, যে টাকাটা সরকারের ঘরে আছে সেই টাকায় কর্মচারিদের মাহিনা দিয়ে দেওয়া হোক। বুদ্ধদেববাবুর সচিব তিনি এই মিটিং-এ গিয়েছিলেন। তিনি রাজি হয়েছেন। ৬০ লক্ষ টাকার মতোন সরকারি টাকা সেটা সরকারি একজন অফিসারের মধ্যস্থতায় কর্মচারিদের মাহিনা যতটুকু দেওয়া যাবে সেটা দেওয়া হবে। এই সংবাদটা আমি জানালাম।

**শ্রী মোজাম্মেল হক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই মাননীয় পুলিশমন্ত্রীর ব্যয়-বরাদ্দের বাজেটকে সমর্থন করি এবং কংগ্রেস বা বিরোধীদলের আনীত কাট-মোশনের বিরোধিতা করছি। আমি কয়েকটি কথা বলতে চাই, কিছুক্ষন আগে আমাদের জেলার

বিরোধীদলের সদস্য অধীরবাবু তিনি নিজের আত্মপক্ষ সমর্থনে নেমে বললেন যে তিনি নাকি অপরাধী নন। এখন কে অপরাধী আর কে অপরাধী নয় যার বিরুদ্ধে কেস হয়েছে তার বিচার হবে এবং সেটা বিচারাধীন আছে। ইতিমধ্যে ১৩টি কেসে তার বিরুদ্ধে চার্জশিট হয়েছে এবং ৮টি কেসে চার্জশিট রেডি হয়েছে, ওয়েটিং-এ আছে। তার বিরুদ্ধে ৩৩টি কেসের তালিকা আমার কাছে আছে। আমার যেহেতু অল্প সময়, সেহেতু সেটা পড়ে শোনাতে চাই না, আপনার কাছে দেব। আমি আর একটি বিষয়ে বলতে চাই, তিনি বললেন মানব সাহা এবং আল্লারাখা এরা ২ জন নাকি মুর্শিদাবাদ জেলায় স্কুল বোর্ডের চেয়ারম্যান ছিলেন। এটা সম্পূর্ণ অসত্য। আমি কোনওদিন দেখিনি বা এই ধরণের কোনও প্রস্তাবও নেওয়া হয়নি। উনি কোথা থেকে এই খবর সংগ্রহ করেছেন তা আমি জানি না। এখানে কয়েকজন সদস্য মানিকবাবুর কথা বলেছেন যেহেতু তিনি একজন বিধায়ক। ওনার কেস বিচারাধীন আছে। সুতরাং এখনই ওনার বিরুদ্ধে অভিযোগ আনা ঠিক হয়নি। এটা তারা ইচ্ছাকৃতভাবে বললেন কিনা জানি না, তবে সত্যের অপলাপ করেছেন বলে আমি মনে করি। এখানে মাননীয় সদস্য অধীর চৌধুরি এবং শঙ্কর সিং তারা ২ জনে যেভাবে বক্তব্য রাখলেন পুরোটাই অভিনেতার মতোন অভিনয় করেছেন। এখানে জনগন চায় যারা জনপ্রতিনিধি তারা যে কোনও বাজেটে এই আইন সভায় গঠনমূলক সমালোচনা করবেন। সরকার পক্ষের কোনওরকম ক্রুটি-বিচ্যুতি থাকলে সেটা তুলে ধরবেন। কিন্তু ওনারা সম্পূর্ণভাবে নাটক করে গেলেন। তারা যেভাবে মুর্শিদাবাদ এবং নদীয়া জেলায়—সন্ত্রাস সৃষ্টি করছেন, আমি এই সভাকে বলতে চাই। আজকে সারা রাজ্যে ওদের অবস্থা দেখুন, ওরা ১৯ বছর ধরে পশ্চিমবাংলার গদি থেকে বিচ্যুত করেছেন পশ্চিমবাংলার জনগন। ফলে তারা এখন একটা নুতন কৌশল নিয়েছে। সেটা হচ্ছে এই রকম, যখন তারা তাদের বক্তব্য, বাণী প্রচার করে, তাদের কার্যকলাপের মধ্যে জনগনকে আনতে পারছেনা, তখন তারা ঠাণ্ডা মাথায় খুন করছে। অকারণে কোনও ঘটনা নেই, অথচ তারা খুন করছে। কাদের দিয়ে খুন করাচ্ছে? যারা এলাকায় চুরি, ডাকাতি, রাহাজানি করে তাদের সংগঠিত করে এই সব খুন করানো হচ্ছে। আমরা দেখেছি আমাদের এলাকায় নওদা, ডোমকল, হরিহরপাড়া, এই সমস্ত অঞ্চলে এই সব ঘটনা ঘটানো হচ্ছে। এই সব করার জন্য সাহাজাদাপুরে তারা একটা কনফারেন্স করেছে। এই ভাবে সমস্ত জেলার যারা অ্যান্টি সোসাল আছে, ক্রিমিন্যাল আছে, তাদের সংগঠিত করে এই সব খুন, লুঠ-তরাজ এরা চালাচ্ছে। এই ভাবে তারা ক্ষমতা দখল করতে চায়। যার জন্য ওরা ঠাণ্ডা মাথায় বিনা কারণে খুন করছে। মানুষ সন্ত্রস্ত হয়ে বাড়ি থেকে বেরোতে পারছে না। কয়েকদিন আগের একটা ঘটনার কথা বলি, জশিম নামে একটা ছোট ছেলে দৌলতাবাদে, ফুটবল কিনে নিয়ে বাড়ি ফিরছিল, তাকে হঠাৎ খুন করা হল। তার ফলে ঐ এলাকার জনসাধারণ সন্ত্রস্ত হয়ে পড়েছে। যে সমস্ত এলাকাগুলো থানা থেকে দূরে সেই সমস্ত এলাকায় এই অ্যান্টি সোসালরা বিশেষ করে বিশৃঙ্খলা সৃষ্টি করছে, সন্ত্রাস সৃষ্টি করছে, ভয় দেখাচ্ছে। কে তাদের মদত দিচ্ছে? কংগ্রেস দল তাদের মদত দিচ্ছে। আজকে সমাজ বিরোধীরা সেই সব জায়গায় প্রাকাশ্য দিবালোকে বিশৃঙ্খলা সৃষ্টি করে অরাজকতা সৃষ্টি করছে। গত যে নির্বাচন হয়ে গেল, সেই নির্বাচনের ক্ষেত্রে আমাদের রাজ্যের যে পুলিশ প্রশাসন, তাদের যে ভূমিকা তারা-পালন করেছে, তার জন্য তাদের ধন্যবাদ জানাই। কিন্তু আশা করেছিলাম যে নির্বাচনের পরবর্তী পর্যায়ে আর কোনও অঘটন ঘটবে না। কিন্তু যে সমস্ত অঘটন ঘটেছে, খুন, সন্ত্রাস, ডাকাতি

ঘটেছে, ওখানে বিরোধী দলের ভূমিকা হচ্ছে ঐ সমস্ত অ্যান্টি সোশ্যালদের যদি সংযত রাখতো, এর থেকে দূরে থাকতো, কশন করতো তাহলে এই সব ঘটনা ঘটতো না। কোথাও কোথাও জনগন এর বিরুদ্ধে পাল্টা আক্রমন সংগঠিত করার চেষ্টা করেছে। কিন্তু আমরা ঐক্যবদ্ধ ভাবে এই সমস্ত ঘটনা থেকে দূরে থাকতে চাই। সাংঘাতিক ঘটনা হচ্ছে এই, আমাদের জেলাতে আমরা নবগ্রামে প্রকাশ্যে একটা জনসভা করলাম। সেই সভাতে প্রদেশ কংগ্রেস সভাপতি এবং বিরোধী দলের নেতাও উপস্থিত ছিলেন, তাঁদের উপস্থিতিতে মাননীয় সদস্য অধীর বাবু ঘোষণা করলেন একটা পঞ্চায়েতের নাম করে, সেখানে মুর্শিদাবাদ জেলাতে তিনি খুন করবেন, তিনি সন্ত্রাস সৃষ্টি করবেন, আগুন জ্বালিয়ে দেবেন। তিনি এই সমস্ত কথা প্রকাশ্য জনসভায় বললেন। এর ফলে ঐ এলাকার জনসাধারণ ভীত সন্ত্রস্ত হয়ে পড়লেন। এই হচ্ছে কংগ্রেসের কার্যকলাপ। এখানে রাজ্য কংগ্রেসের নেতৃত্বও অপারগ। আজকে তারা বলেছেন যে পুলিশ নিরপেক্ষ নয়। আমি একটা উদাহরণ দিচ্ছি ওরা কত বিশৃঙ্খলার ঘটনা ঘটিয়েছে, ওদের যুব কংগ্রেস নেতা বাংলাদেশে চোরাই মাল পাচার করছে, আমার কাছে এই সম্পর্কে লিখিত আছে, জনসাধারনের কাছ থেকে এই সব অভিযোগ এসেছে, আমি পরে আপনার কাছে পেশ করবো। আমি আজকে কয়েকটা প্রস্তাব রাখতে চাই, আমাদের রাজ্যে এন. ভি. এফ. রা পুলিশের সমতুল কাজ করে, আমি মন্ত্রী মহাশয়ের কাছে প্রস্তাব রাখছি, তাদের আপনি ক্যাজুয়্যাল কর্মী হিসাবে স্বীকৃতি দিন, তারপর তাদের স্থায়ী করুন পুলিশ হিসাবে। এই বলে ব্যয় বরাদ্দকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-10 – 5-20 P.M.]

**শ্রী তাপস রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পুলিশমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় আজ এই সভায় পুলিশখাতের যে ৫৫৪ কোটি ৩ লক্ষ ২০ হাজার টাকার ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তার সম্পূর্ণ বিরোধিতা করে এবং আমাদের দলের বিধায়কদের আনা সমস্ত কাটমোশানগুলি সমর্থন করে আমার বক্তব্য রাখছি। কোনও পুলিশের ব্যয় বরাদ্দের কথা বুদ্ধদেববাবু রেখেছেন আমাদের সামনে? Lack of modernisation, indiscipline, corruption, violation of human rights. total Politilisation failure to prevent crimes. এই পুলিশের। আমি বুদ্ধদেব বাবুকে দোষ দিই না তার কারণ, কিছুক্ষণ আগে বাংলার মহারাজা যিনি এখানে ছিলেন, এখন চলে গেছেন, তিনি মাত্র মাস দুয়েক আগে যুবরাজ বুদ্ধদেব ভট্টাচার্যের হাতে পুলিশের দায়িত্ব তুলে দিয়েছেন। বাংলার এই রাজকুমার একদিকে সংস্কৃতির মন্ত্রী এবং অপর দিকে পুলিশমন্ত্রী। একদিকে তার মুখে কবি সুকান্তের বুলি অপর দিকে গত মাস দুই ধরে পুলিশমন্ত্রী হিসাবে পুলিশমন্ত্রীর বুলি। উনি নিজেও জানেন যে এই দুটিকে উনি খাপ খাওয়াতে পারছেন না। সংস্কৃতির তুলির সঙ্গে পুলিশের বুলি—এই দুটিকে গুলিয়ে ফেলে উনি মাঝে মাঝেই ভুল বকছেন এবং সেটা উনি নিজেও বুঝতে পারছেন। মাননীয় পুলিশমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় কি উত্তর দেবেন যে গত এক বছরে কলকাতায় এবং পশ্চিমবঙ্গে—বড়বাজার এবং অন্যান্য জায়গায় কতগুলি সোনারদোকানে ডাকাতি হয়েছে এবং তার কটা ডিটেকটেড হয়েছে এবং কত রিকোভারি হয়েছে? এগুলি ধরা হয়না কেন—মার্ক্সবাসী কমিউনিষ্ট পার্টির কর্মীরা এতে ইনভলভড বলে? সেইজন্যই কি

এগুলি আপনারা ধরতে দেন না, না ধরতে বলেন না? স্যার, এখানে অনেক বক্তা বক্তব্য রাখতে গিয়ে বলেছেন, পুলিশকে নিউট্রাল করতে হবে। কিন্তু পুলিশ নিউট্রাল হলে তো বুদ্ধদেববাবুও পুলিশমন্ত্রী হবেন না আর জ্যোতিবাবুও মুখ্যমন্ত্রী হবেন না। পুলিশকে এখানে নিউট্রাল হতে দেওয়া হয়না। স্যার, লাইব্রেরিতে বসে জ্যোতিবাবুর ১৯৫৬ সালের একটা বক্তৃতা পড়ছিলাম এই পুলিশ বাজেটের উপর। তিনি বলেছিলেন, বিধানবাবু একথা বলবেন, Everybody waxes eloquent when he talks about police. আমি জানি বুদ্ধদেববাবুও আজকে উত্তর দিতে গিয়ে একথা গুলিই বলবেন। স্যার, ১৮ তারিখের স্বর্ণশিল্পী সমিতি বন্‌ধ ডেকেছে। তারা বলেছেন, কোনও রকম সরকারি কর দেবেন না। তার কারণ হচ্ছে গত কয়েকদিনের সোনার দোকানে ডাকাতি। এই প্রসঙ্গে আমি কয়েকটি ঘটনার কথা তুলে ধরছি। দে অ্যাণ্ড সন্স, রফি আমেদ কিদোয়াই রোড, ৫৫ লক্ষ টাকা, চন্দানী জুয়েলার্স, যোধপুর পার্ক—১২ লক্ষ টাকা, রামলক্ষন অ্যাণ্ড কম্পানি, লিন্ডসে স্ট্রিট—৭০ লক্ষ টাকা, সেনকো গোল্ড প্রাইভেট লিমিটেড, আব্দুল্লা রসুল রোড, ২৫ লক্ষ টাকা—এক মাসে পর পর ৭টি ডাকাতি হয়েছে পুলিশমন্ত্রীর কেন্দ্রের মধ্যে অথবা কেন্দ্রের আশেপাশে যাদবপুর সন্তোষপুর অঞ্চলে। আজ পর্যন্ত এরজন্য কি ব্যবস্থা নিয়েছেন? মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় জানেন ঘটনা-টা, আপনারাও জানেন, গত ২৮ তারিখে এয়ারপোর্ট হোটেলের ৬ লক্ষ টাকা নিয়ে যাচ্ছিল WBO ZE 3522 নং-এর এই গাড়িটা। এই গাড়িটা যাচ্ছিল। এই গাড়িটাকে তাড়া করেছে কারা? এই গাড়িটাকে তাড়া করেছে যে গাড়িটা তার নম্বর হচ্ছে ডব্লিউ. বি ই. ৮৫৭০। আপনাদের সন্দেশখালির লোকাল কমিটির সেক্রেটারি, তিনি এই গাড়ির মালিক। সন্দেশ খালির লোকাল কমিটির সেক্রেটারি, তার ছেলে এই ডাকাতির সঙ্গে জড়িত। এটা ২৮শে জুনের ঘটনা। আজ পর্যন্ত গাড়িটাকে সিল করা হলনা এবং সন্দেশ খালির লোকাল কমিটির সেক্রেটারির ছেলেকে গ্রেপ্তার করা হয়নি কেন? আমি নির্দ্দিষ্ট অভিযোগ জানাচ্ছি যে সেই জেলার পুলিশ কর্তৃপক্ষ এটাকে ধামাচাপা দেবার চেষ্টা করছেন, কিছু টাকা পর্যন্ত রিকভার করেছে। যেখানে রাজবলপুর হাটের উত্তম বড়েল, শম্ভু পাইক, দুলাল বড়েল হত্যা হল, তাদের রক্ত খাওয়া হল, সেখানে পুলিশ বললো যে, তারা দেরিতে পৌছেছিল গাড়ি ছিলনা বলে। আজকে বহু জায়গায় গাড়ি নেই বলে অজুহাত দেখানো হয়। আমি একথা পরিস্কার ভাবে বলতে চাই যে, যেখানে গাড়ির অভাব সেখানে মুখ্যমন্ত্রীর আপ্ত সহায়কের কাছে ৪টি গাড়ি কলকাতা পুলিশের থাকে কি করে? এর জবাব আজকে দেবেন না? অ্যাম্বাসাডর—৯২০৬, টাটা সুমু, উইলি জীব, কলকাতা পুলিশের ৪টি গাড়ি মুখ্যমন্ত্রীর আপ্ত সহায়কের কাছে থাকবে কেন? শুধু তাই নয়, কলকাতা পুলিশের ১০০টির উপরে গাড়ি আন-অথোরাইজড পারসনরা ব্যবহার করে। পুলিশ মন্ত্রী এর জবাব দেবেন না। আজকে থানা গাড়ি পায়না, আই. ও-রা গাড়ি পায়না, সেখানে কলকাতা পুলিশের ১০০টির বেশি গাড়ি আন-অথোরাইজড পারসনরা ব্যবহার করছে। আর যে লরীগুলি নিয়ে নগর পুলিশরা ডিউটি করেন সেগুলি লজ্জা হয়। ত্রিপল ছেঁড়া গাড়িগুলি নিয়ে নগর পুলিশকে ল অ্যাণ্ড অর্ডারের ডিউটি করতে হয় এবং সেই লড়িগুলি স্টার্ট করতে করতে বন্ধ হয়ে যায়, পেট্রোল নিয়ে ফিরে আসতে পারেনা। আর. এন. মুখার্জি রোডের দুই দিকে সেই রকম লরি ২৪ খানা সাজিয়ে রাখা আছে এবং প্রতিদিন এর জন্য টাকা গোনা হচ্ছে। এরজন্য কি আমাদের বরাদ্দ করতে হবে? আপনারা বলেছেন যে আমাদের রাজ্যে শান্তি-শৃঙ্খলা বিরাজ করছে। শান্তি-

শৃঙ্খলা যদি বিরাজ করে তাহলে জ্যোতিবাবু কোনও সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করলেন? কারা তাকে মারতে এসেছিল? আজকে ৪০টি সফিসটিকেটেড উইপন নিয়ে, আর্ম নিয়ে তার লোকেদের ৮/৯ খানা গাড়ি করে তাকে এসকর্ট করতে হয়। সুতরাং মুখ্যমন্ত্রীর নিরাপত্তা ব্যবস্থাই বুঝিয়ে দেয় যে শান্তি-শৃঙ্খলার অবস্থা কোথায় আছে। কোনও প্রদেশের মুখ্যমন্ত্রীকে আমরা দেখিনি ব্ল্যাক ক্যাট কম্যাণ্ডো নিয়ে চলাচল করতে। ভারতবর্ষের কয়েকটি প্রদেশে আমাদের ঘোরাফেরা আছে, এই জিনিস আমরা কোথাও দেখিনি। আজকে খুনের কেসের কোনও কিনারা পশ্চিমবঙ্গে হবেনা। ১৯৮৪ সালের পর থেকে এখানে এক্সপ্লোসিভ ইনসপেক্টর নেই। যদি একটা এক্সপ্লোসিভের ঘটনা ঘটে তাহলে সেটাকে কে এসট্যাবলিশ করবো কোর্টে? আজকে ১২ বছর ধরে এটা নেই। ৫৫৪ কোটি টাকা বরাদ্দ চাওয়া হচ্ছে, এটা কিসের জন্য? মোমিনপুর মর্গে ৬ বছর আগে একজন ডাক্তার রিটায়ার করে গেছেন। কয়েক শত পোস্ট মর্টেম কেসের রিপোর্ট জমা পড়লো না, এখানে খুন, ডাকাতি, বোম কেসের কোনও কিনারা হবেনা, আপনারা এর বিরুদ্ধে বলবেন না? আপনারা এটাকে সমর্থন করবেনা? আর বুদ্ধদেব বাবু যে ৫৫৪ কোটি টাকার ব্যয়-বরাদ্দ এনেছেন, সেটাকে আমাদের সমর্থন করতে হবে। আপনারা জানেন যে যারা চাকুরি করেন তারা ১২ মাসের মাইনা পান। কিন্তু পুলিশে যারা চাকুরি করেন তারা ১৪ মাসের মাইনা পান। এক মাসের বোনাস, আর এক মাস ডিপ্রাইভেশন অব উইকলি অব ডে। আজকে কোনও নিরাপত্তা বাংলার মানুষ তাদের কাছ থেকে পায়? আজকে একটা জায়গায় লেখা দেখলাম যে বুদ্ধদেব বাবুর স্পর্দ্ধা কোনও জায়গায় গিয়ে দাঁড়িয়েছে। স্যার, ১৭ প্যারাতে উনি বলছেন যে আমার সরকার। উনি গভর্নর কবে হলেন? আমার সরকার বলার অধিকার গভর্নরের ছাড়া আর কারো নেই। আমরা দেখছি কিছুদিন থেকে প্রতিনিয়ত বাংলাদেশ থেকে লোক এসে ক্রাইম করছে, স্মাগলিং করছে, অস্ত্রের ব্যবসা করছে। তারা স্মাগল করছে, বেআইনি অস্ত্রের ব্যবসা করছে, খুন করছে, কিন্তু আপনাদের যে পুলিশ রয়েছেন, আই. বি. আই. জি. বা ডি. আই. জিরা রয়েছেন তারা কিছুই করছেন না। কিন্তু ইট ইজ দি রেসপনসিবিলিটি অ্যাণ্ড ডিউটি অফ দি স্টেট পুলিশ। বলুন সেকশন ১৪ ফরেন অ্যাক্টে কতজনকে অ্যারেস্ট করেছেন, প্রসিকিউট করেছেন, কতজনকে ফেরত পাঠিয়েছেন? তাহলে আজকের এই ব্যয়-বরাদ্দ কাদের জন্য, কিসের জন্য? আপনারা আই. জি. বাড়িয়েছেন, ডি. আই জি. বাড়িয়েছেন, ডি. জি. এবং অ্যাডিশনাল ডি. জির সংখ্যা বাড়িয়েছেন, কিন্তু তাতে ক্রাইম কমেছে? এস. আই. বাড়িয়েছেন, কিন্তু কনস্টেবল কতজন বাড়িয়েছেন? থানার গাড়ী বাড়িয়েছেন? এই ব্যয়-বরাদ্দ আমাদের সমর্থন করতে হবে? ওয়েস্ট বেঙ্গল পুলিশের হাউসিং-এর জন্য একটি কর্পোরেশন রয়েছে যার তত্ত্বাবধানে রয়েছেন একজন অ্যাডিশনাল ডি. জি.। কিন্তু এত মাথাভারী প্রশাসন, অথচ পুলিশ আবাসন একটি ঘরও তারা তৈরি করেছেন? না, করেননি। তাদের বসিয়ে বসিয়ে মাইনে দিতে হবে তারজন্য আপনাদের এই ব্যয়-বরাদ্দকে আমাদের সমর্থন করতে হবে? আমার লজ্জা লাগছে এই ভেবে যে, যেখানে দাঁড়িয়ে আমি বক্তৃতা করছি তার অনতি দূরে বাংলার মা বোনেরা আঁচলে মুখ ঢেকে বসে রয়েছেন। আমি বুদ্ধদেববাবুকে বলতে চাই—আপনি সজ্জন ব্যক্তি, আপনার ইমেজ সম্পর্কে আপনি অত্যন্ত সচেতন, কাজেই পুলিশকে দিয়ে এসব কাজ করাবেন না। আজকে পুলিশ যা করছে সেটা কমরেডদের মদতে হচ্ছে। কিন্তু আজকে সেভাবে মা-বোনেরা আঁচলে মুখ ঢাকছেন, সুকান্ত ভট্টাচার্য্যের ভাইপো হয়ে পুলিশের কার্যকলাপের ফলে আপনার সেরকম

মুখ ঢাকা ছবি যেন কখনও কাগজে ছেপে না বেরোয়, বাংলার মানুষের চোখে যেন সেরকম ছবি কখনও না পড়ে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[5-20 – 5-30 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রথমে পুলিশমন্ত্রীর ব্যায়-বরাদ্দের বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। এবারে বুদ্ধদেববাবু নতুন করে পুলিশমন্ত্রী হয়েছেন, কিন্তু বরাবরই দপ্তরটা মুখ্যমন্ত্রীর অধীনে ছিল। মাননীয় জ্যোতিবাবু একজন দক্ষ প্রশাসক, বারবার পাঁচবার তিনি পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হয়েছেন, কাজেই মানুষের তাঁর উপর একটা বিরাট আশা ছিল। কিন্তু তিনি পুলিশকে কোনও জায়গায় নিয়ে গেছেন! বুদ্ধদেববাবু সম্পর্কে ব্যক্তিগতভাবে কিছু বলার আগে বলছি যে, তিনি নতুন ভাবে পুলিশ দপ্তরের দায়িত্বটা নিয়েছেন। কিন্তু এই দপ্তরকে সুষ্ঠুভাবে চালাবার মানসিকতা তাঁর থাকলেও তাঁর পার্টি সেভাবে চালাতে দেবে কিনা এই প্রশ্ন আমার মনে এসেছে, কারণ জ্যোতিবাবুও পার্টির উর্দ্ধে থেকে এই দপ্তরকে চালাতে পারেননি। তিনি পার্টির কাছে মাথা নত করে পুলিশ প্রশাসনের মাথা' নত করিয়েছিলেন পার্টি বাঁচাবার জন্য। কিছু আগে আমাদের অধীর চৌধুরি দ্ব্যর্থহীন ভাষায় বক্তৃতা দিচ্ছিলেন। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু যখন পুলিশমন্ত্রী ছিলেন সেই সময় গঙ্গাধর ভট্টাচার্য মতিগঞ্জে খুন হলেন। পরদিন আনন্দবাজারে বার হল যে, ঐ খুনের সঙ্গে [***] জড়িত। সেটা কে বলেছিলেন? আমার কথা নয়, সেটা বলেছিলেন ডি. এম. রানু ঘোষ এবং এস. পি. সুফি আহমেদ। ডাইরেকটর জেনারেল অফ পুলিশ গিয়ে তাকে বলেছিলেন, ওকে আত্মসমর্পন করতে হবে। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী পাঁচদিন পরে বললেন, 'কোথায় উনি পালিয়েছেন? এই তো উনি আমার পাশে বসে রয়েছেন।' প্রথম এফ. আই. আর. পরিবর্তন করে একটা জাল মানুষকে দেখানো হল। অধীর চৌধুরি বলেছেন, কিভাবে কমরেডদের বাঁচাবার জন্য সমস্ত নীতি বিসর্জন দিয়ে কিভাবে তিনি পার্টির কাছে আত্মসমর্পন করেছেন। এটা একটা দৃষ্টান্ত বলবো না, বলবো নজির। আজকে তাঁর উপর ভরসা করে পশ্চিমবঙ্গের মানুষ বসে আছেন। এর উপর নির্ভর করে পশ্চিমবাংলার মানুষ বসে আছে। আজকে আমি বলতে চাই আমরা কি আশা করছি? পুলিশ অফিসারের বিরুদ্ধে কেস হয়েছে, তারপর দেখা যায় সেই পুলিশ অফিসার গ্রেপ্তার হতে সময় লাগে, তারপর অনেক পরে তাকে সাসপেণ্ড করা হয়। ও. সি., সাগর, সে তার নিজের স্ত্রীকে মারলো, অনেক দিন বাদে তাকে গ্রেপ্তার করা হলো। পুলিশ নাকি তাকে খুঁজে পাচ্ছিল না। সাগর থানার ও. সি. নিজের স্ত্রীকে খুন করলো! আমি এই রকম কয়েকটি নির্দ্দিষ্ট ঘটনার কথা বলতে চাই, আপনি তার জবাব দেবেন। ও. সি. মগরাহাট, অরিন্দম আচার্য, তিনি কি করেছেন? তিনি খুনের কেসের আসামী সেখানে কমিটি হয়েছে, তাকে ৩ বছর ধরে ও. সি-কে বসিয়ে রাখা হয়েছে। সেখানে যদি কোনও কংগ্রেস কর্মী যায় সঙ্গে সঙ্গে তার বিরুদ্ধে অন্য একটা কেস দিয়ে গ্রেপ্তার করা হয়। আজও একজনকে গ্রেপ্তার করে পাঠিয়েছে, আমার কাছে সার্টিফায়েড কপি আছে, আমি নিয়ে এসেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একজন লোক অভিযোগ জানাতে গেল, তাকে গ্রেপ্তার করে পাঠিয়ে দিয়েছে। ও. সি., মহেশতলা খুনের কেসের আসামী, তাকে ডায়মণ্ডহারবারে ও. সি.

Note: ** [ Expunged as ordered by the chair. ]

করে পাঠিয়ে দেওয়া হয়েছে। প্রাইমাফেসি কেস প্রমানিত হয়েছে। তার কেস নাম্বার আমার কাছে আছে, কেস নাম্বার হল সি-১০৮। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমানে এস. পি, রাখালদাস মজুমদার, ডায়মণ্ডহারবারে অ্যাডিশনাল এস. পি ছিলেন, তার বিরুদ্ধে কেস হয়েছে। তিনি আসামী হয়ে আছেন, তিনি আসামী হয়ে থাকা সত্ত্বেও তাঁর পদোন্নতি হল। তিনি তাঁর নিজের মেয়েকে পাস করানোর জন্য ৪০ জন মেয়েকে পাস করাতে হয়েছে। তিনি এখন এস. পি. হয়ে আছেন। ও. সি., মথুরাপুর, তার বিরুদ্ধে কেস হয়েছে। ও. সি., পাথরপ্রতিমা তার বিরুদ্ধে কেস হয়েছে। এই সমস্ত পুলিশ অফিসারের বিরুদ্ধে কেস আছে। আমি আপনাকে অনুরোধ করবো যে সমস্ত পুলিশ অফিসারের বিরুদ্ধে মার্ডার কেস আছে সেই সমস্ত পুলিশ অফিসারকে থানার দায়িত্বে দয়া করে রাখবেন না। থানা থেকে তাদের সরিয়ে দিন, অন্য জায়গায় তাদের নিয়ে যান। যারা এই সমস্ত খুনের আসামী তারা ক্রাইম কনট্রোল করবে কি করে? খুনের আসামী হয়ে চোর ধরবে এটা আশা করা যায় না, ডাকাত ধরবে এটা আশা করা যায় না। আমরা সেই জন্য এই পুলিশ প্রশাসনের ব্যায় বরাদ্দের দাবি সমর্থন করতে পারছি না। আপনারা কোথায় মারামারি করছেন সেটা আমি এখানে দাঁড়িয়ে বলছি। ট্যাংরায় দুজন সমাজবিরোধী ভল্লুক এবং কাশিয়া বোমাবাজি করছে, মারামারি করছে। একজন সি. পি. এম-এর এম. এল. এ হয়ে আর একজন সি. পি. এম-এর কাউনসিলার বাদল করের হয়ে। আপনি কি ব্যবস্থা নিয়েছেন? আপনাদেরই গণশক্তির কেশিয়ার, আপনাদের কাগজের কেশিয়ার সুনীল চৌধুরি খুন হলো, তার মৃতদেহ পাওয়া গেল সল্টলেকের পাশে। আজ পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়েছে? সে তো আপনাদেরই গণশক্তির কেশিয়ার। আপনাদের নিজেদের পার্টিতে পার্টিতে মারামারি হচ্ছে। পুলিশ প্রশাসনটাকে একেবারে ব্যর্থ করে দিয়েছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কিছুতেই এই পুলিশমন্ত্রীর ব্যয় বরাদ্দকে সমর্থন করতে পারছি না। আমি আরও একটা বিষয় বলছি, উনি এর জবাব দেবেন। এই বিধানসভায় দাঁড়িয়ে উনি বলেছিলেন, তখন তিনি পুলিশমন্ত্রী হন নি, সাম্প্রদায়িক সম্পৃতি সম্পর্কে আলোচনার সময় উনি দম্ভের সঙ্গে বলেছিলেন, থানায় যত মন্দির মসজিদ আছে ভেঙে দেব। জ্যোতিবাবু যখন পুলিশ মন্ত্রী ছিলেন তখন তিনিও এই কথা বলতে পারেন নি। আপনি যদি দক্ষ প্রশাসক হিসাবে নিজেকে প্রতিষ্ঠিত করতে চান তাহলে আজকে আপনাকে এই বিধানসভায় বলতে হবে কত দিনের মধ্যে আপনি প্রতিটি থানায় মসজিদ এবং মন্দির ভেঙ্গে দেবেন। মানুষের কাছে আপনাকে জবাবদিহি করতে হবে, এই কাজ করতে পারলে বুঝবো বুদ্ধদেববাবুর সঙ্গে সংস্কৃতি এবং নামের মিল আছে।

[5-30 – 5-40 P.M.]

আমি আপনার কাছে এটা জানতে চাইছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে দুর্ভাগ্যের বিষয় যে, আমরা লক্ষ্য করছি, আমরা যে পুলিশ রেগুলেশন অ্যাক্ট নিয়ে কাজ করছি, এটি লর্ড ক্লাইভের আমলের তৈরি আইন। এটি তৈরি হয়েছিল ১৯৪৩ সালে। তখন থেকে এই পুলিশ রেগুলেশন অ্যাক্ট ছিল। তারপরে কিছু পরিবর্তন হয়েছে, ১৯৭৪ সালে কিছু পরিবর্তন হয়েছে। কিন্তু মেন স্ট্রাকচার নেই। তাই আপনি হয়ত বলবেন সমালোচনা করছি। আমি আপনাকে উপদেশ দেব না, আমি আপনাকে অনুরোধ করতে চাই। অশোক মিত্র অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিশন হয়েছিল। আপনি এই রকম একটা কমিশন করুন পুলিশ প্রশাসনকে

চালাবার জন্য, যে কমিশনের কাজ হবে পুলিশের সঙ্গে সাধারণ মানুষ শুধু নয়, জনপ্রতিনিধি, পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি বা জেলা পরিষদ হোক, সব জায়গায় একটা কো-অর্ডিনেশন বজায় রাখা—ডিষ্ট্রিকট লেভেলে এবং সাব-ডিভিসন লেভেলে সব জায়গায় এটা বজায় রাখবে। আজকে ক্যালকাটা পুলিশ রেগুলেশন অ্যাক্ট অনুযায়ী যে অবস্থা চলছে, এই পিফর্মের ফলে, পরিবর্তিত পরিস্থিতিতে আপনি একজন দক্ষ প্রশাসক হিসাবে আপনার কাছে আমি আশা করবো, আমার এই ছোট্ট সাজেশান আপনি রাখবেন। এবং আপনি একটা নতুন চিন্তাধারা নিয়ে, নতুন ভাবে পুলিশকে তৈরি করার চেষ্টা করুন, যেখানে পুলিশ হবে মানুষের বন্ধু। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিনীত ভাবে বলতে চাই, আমার কাছে সমস্ত কাগজপত্র আছে, আমি সব নিয়ে এসেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পুলিশ মন্ত্রীকে বলবো, ১৯৭২-৭৭ সালে পুলিশ নাকি কংগ্রেসের পুলিশ ছিল। আপনি জবাবে বলবেন, তখন থানার লক-আপে কটা খুন হয়েছিল, আর আপনাদের সময়ে কটা খুন হয়েছে? আপনি বলবেন, পুলিশ লক-আপে কটা রেপ হয়েছে ১৯৭২-৭৭ সালে, আর আপনাদের আমলে কটা হয়েছে? আপনি বলবেন যে, প্রতি বছর খুন, ডাকাতি, রাহাজানি বেড়ে যাচ্ছে, আপনি পারছেন না, পুলিশ কেন পারছে না? আপনি বলছেন প্রত্যেক বছর যে, এই খাতে বেশি করে টাকা দিন। খুন বাড়াবার জন্য? ধর্ষণ বাড়াবার জন্য? পুলিশকে সাহায্য করবার জন্য, না পুলিশ প্রশাসনকে আপনার দলের কাজে ব্যবহার করবার জন্য? পুলিশ কিন্তু খারাপ নয়। পুলিশ সব সময়ে পশ্চিমবাংলায় কাজ করে। কিন্তু আপনি পি. সি., সি.আর. পি. সি. অনুযায়ী তাদের কাজ করতে দেন না। পুলিশ প্রশাসনকে আপনি বিকলাঙ্গ করে রেখে দিয়েছেন। তাদের কাজ হলো শুধু সি. পি. এম-কে সাহায্য করা, সি. পি. এম এম. এল. এ.দের সাহায্য করা, সি. পি. এম-এর কাউন্সিলারদের সাহায্য করা। সি. পি. এম-এর কথা মতো পুলিশ চলছে। তারা জানে সি. পি. এম-এর কথা মতো চললে তাদের প্রোমোশন হবে। এস. পি., মুর্শিদাবাদ, তাকে আপনি ট্রান্সফার করলেন কেন? তাকে হাইকোর্ট করে সেটা বন্ধ করতে হয়েছিল। যতগুলো পুলিশ সৎ এবং নিষ্ঠাবান হয়ে কাজ করতে গিয়েছিল, তাদের প্রত্যেকে পুরষ্কারের বদলে তিরষ্কার পেয়েছে, ভর্ৎসনা পেয়েছে। আর যারা সাহায্য করছে তারা পুরষ্কার পেয়েছে, উপকৃত হয়েছে। তাই আমি আপনার এই ব্যয় বরাদ্দকে সমর্থন করতে পারছি না। মানুষকে সাহায্য করতে গেলে পুলিশকে সেই ভাবে কাজ করতে হবে। আমি এই ব্যয় বরাদ্দের দাবিকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** 'কান্তি গাঙ্গুলি' নাম বাদ যাবে।

**শ্রী শেখ খবিরুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় পুলিশ মন্ত্রী যে ব্যয় বরাদ্দ এখানে এনেছেন আমি তা সমর্থন করছি এবং বিরোধীদের সমস্ত কাট মোশন যা এনেছেন তার বিরোধিতা করছি। আমি এই বাজেটকে সম্পূর্ণ ভাবে সমর্থন করে বলতে চাইছি যে বিরোধীদের অনেক বক্তব্য আমি শুনলাম। আমার মনে হল এই বক্তব্য অসত্য এবং ভিত্তিহীন। আমরা দেখেছি যে, ১৯৭২-৭৭ সালে সি. পি. এম-এর ১১০০ কর্মী খুন হয়েছিল। তারজন্য কোনও মামলা হয়নি। আমাদের অনেক কর্মী তখন বিনা বিচারে আটক ছিলেন। এখন আপনারা বলতে পারবেন কতজন বিনা বিচারে আটক আছেন? ওঁদের অনেকে এখানে ফুল বাগানের ঘটনার কথা বলেছেন। ঐ ঘটনায় জনৈক কনস্টেবল জাবজ্জীবন বন্দী

আছে। পশ্চিমবাংলায় আইনের শাসন প্রতিষ্ঠিত আছে। এখানে অনেকে বলেছেন পুলিশের সম্বন্ধে। পুলিশের ইতিবাচক এবং নেতিবাচক সবদিকই আছে। আমরা দেখেছি বিগত দিনে তারা যে চিন্তা ভাবনা নিয়ে চলতো, কংগ্রেস আমলে শ্রমিক শ্রেণীর সঙ্গে যখন সংঘর্ষ হয়েছে তখন তারা মালিকদের পক্ষ নিয়েছে। ভাগচাষী এবং জোতদারদের যখন লড়াই হয়েছে তখন তারা জোতদারদের পক্ষ নিয়েছে। তারা গণতান্ত্রিক আন্দোলনের নামে লুটপাট করেছেন, এখন তারা ওইসব করতে পারছে না বলে তাদের যত রাগ। আমরা দেখেছি ওদেরই একাংশের মানুষ ওইসব লোকেদের সঙ্গে যোগাযোগ রাখছে এবং নানারকম চক্রান্ত করছে। আমরা পশ্চিমবঙ্গে দেখছি এখানে তারা বিভিন্ন ধরণের গণতান্ত্রিক আন্দোলনের নামে অশান্তির সৃষ্টি করছে। সেইকারণে আমাদের পুলিশকে আরও ট্রেনদেন করতে হবে। তারজন্য আমাদের আরও অত্যাধুনিক যন্ত্রপাতি যেমন বজ্রবাণ, জল কামান থেকে শুরু করে বিভিন্ন ধরণের নতুন যন্ত্রপাতি আনতে হবে। আমরা ১৯৭৪ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত যদি দেখি তাহলে দেখব যে, পুলিশ বাজেটের বরাদ্দ ছিল সাড়ে আট পার্সেন্ট থেকে সাড়ে নয় পার্সেন্ট, সেখানে এখন বরাদ্দ হয়েছে সাড়ে চার পার্সেন্ট এবং শিক্ষাখাতে ২৬ পার্সেন্ট খরচ করা হচ্ছে। আমরা বলছি না আমরা আমূল পরিবর্তন করেছি তবে কিছুটা তো পরিবর্তন করতে সক্ষম হয়েছি। তাছাড়া নানা রকম জনহিতকর কাজ পুলিশ করে থাকে এবং সবচেয়ে বড় কথা- পশ্চিমবঙ্গে পুলিশ কখনো সাম্প্রদায়িক দাঙ্গার সঙ্গে জড়িত হয় নি। এখানে পুলিশ নিরপেক্ষ ভূমিকা পালন করে, সেখানে ভারতবর্ষের অন্যান্য জায়গায় পুলিশ দাঙ্গায় অংশগ্রহণ করেছে। এখানে মানবাধিকার কমিশনের শর্তগুলো অক্ষরে অক্ষরে পালন করা হচ্ছে। সংখ্যালঘু কমিশন এখানে সুপ্রতিষ্ঠিত। আজকে যদি পুলিশ কাজ না করত তাহলে এগুলো সম্ভব হত কি করে? আজকে যেখানে জিনিসপত্রের দাম বাড়ছে, সারা ভারতবর্ষে বেকারত্ব বাড়ছে, সেখানে দুর্নীতি বাড়বে তাতে কোনও সন্দেহ নেই। সেই দুর্নীতি বন্ধ করতে পুলিশের দরকার এবং কংগ্রেসি রাজত্বগুলোত সবচেয়ে বেশি দুর্নীতি, সেখানে পুলিশ কি ভূমিকা নিয়েছে একটু দেখুন। আমরা বিগত দিনে দেখেছি দিল্লিতে সবচেয়ে বেশি খুন হয়েছে। ১৯৯৫ সালে দিল্লিতে ধর্ষণ হয়েছে ৩৫৭, বোম্বাইতে ২১০ এবং কলকাতাতে মাত্র ৫৪ জন। তারপরে দিল্লিতে খুন হয়েছে ৪৭৯টি, বোম্বাইতে ৩৫৭টি এবং কলকাতাতে মাত্র ৮৩টি। তারপরে ভারতীয় দণ্ডবিধির আওতাধীন অপরাধমহলের সংখ্যা ১৯৯৫ সালে ৪৫,৩৬২, বোম্বাইতে ৪০,২৮৯ এবং কলকাতাতে ১১,৬৭১। তারপরে সংগঠিত হত্যাকাণ্ড দিল্লিতে ৪৯৭, বোম্বাইতে ৩৫৭ এবং কলকাতাতে ৮৩। মাফিয়ার ব্যাপারে মহারাষ্ট্র সবচেয়ে উপরে। মাফিয়া অপরাধে যারা ছিলেন তাতে মহারাষ্ট্রে ১৯৯১ সালে ৬৮ জন ছিলেন, উত্তরপ্রদেশে ৩৮ জন ছিলেন। সুতরাং ১৯৯১ সালে মাফিয়া অপরাধে তালিকাভুক্ত যারা হয়েছেন তার সংখ্যা হচ্ছে ১২৩, এবং এটা রাজ্যগতভাবে ভাগ করলে দেখা যাবে যে, পশ্চিমবঙ্গ ১৯৯৪-৯৫ সালে হত্যা, ডাকাতির যে তথ্য পাওয়া গেছে তাতে সংখ্যা অনেক কম। আজকে পশ্চিমবঙ্গে এই অপরাধ অনেকটা আমরা কমাতে পেরেছি। পশ্চিমবঙ্গের পুলিশ বাহিনীকে দুই থেকে আড়াই হাজার কি.মি. সীমান্তবর্তী এলাকা সামলাতে হয়। তারপরে পাশেই বিহার এবং উড়িষ্যা এই দুই সীমান্তবর্তী রাজ্য রয়েছে। সুতরাং সীমান্তবর্তী এলাকা সামলানো তাদের একটা বড় কাজ। তারা এখানে বহু নদ-নদী আছে যথা ২৫০টি নদ-নদী এবং ৭০টি মোহনা আছে সেইসব এলাকাগুলো পুলিশকে সামলাতে হচ্ছে। অন্যান্য রাজ্যের তুলনায় এখানে পুলিশের সংখ্যা

অনেক কম, এখানে ১০ হাজার মানুষ পিছু পুলিশ আছে। এখানে বিচ্ছিন্নতাবাদ এবং সাম্প্রদায়িকতা মাথা চাড়া দিয়ে উঠতে পারেনি। আর যেটুকু উঠেছে তা কংগ্রেসের মদতেই হয়েছে। আপনারাই ঝাড়খণ্ডীদের মদত দিচ্ছেন, গোর্খা লিগকে মদত দিচ্ছেন। সুতরাং এইসব কারণে পুলিশকে আরও স্টেনদেন করা দরকার। তাছাড়া কংগ্রেস জমানাতে যেভাবে পুলিশ খাতে খরচ করা হত এখন তা করা হয় না। আমরা দেখছি তারা নানারকম অত্যাচার করছেন। নদীয়া জেলায় দেখেছি, গত বিধানসভা নির্বাচনের পরে ৯ জন সি. পি. এম. কর্মী কংগ্রেস(ই) সমাজবিরোধীদের হাতে খুন হয়েছেন। এর সঙ্গে বলি, ৮ জন রানাঘাট মহকুমায় নির্বাচনের পর খুন হয়েছেন, এবং ২৭শে জুন পর্যন্ত পশ্চিমবঙ্গে ২৪ জন খুন হয়েছেন, এবং ৯৫ সালের ৩০শে আগস্ট পর্যন্ত বামফ্রন্টের জামানায় আমাদের কর্মী খুন হয়েছেন ১৩৭১ জন। এখানে সত্যরঞ্জন বাপুলী মহাশয় বলছিলেন, তাঁর উদ্দেশ্যে বলি, আপনি ১৮ই এপ্রিল, ৭৪ সালে বলেছিলেন, আই. এ. এস., আই. সি. এস. অফিসাররা বসে আজকে জোতদারদের হাত শক্ত করছে এবং পুলিশ সাহায্য করছে। এমন কি এম. এল. এ.-দের বিরুদ্ধেও মিথ্যা মামলা দায়ের করে গ্রেপ্তার করার চেষ্টা করছে। এই ছিল তখনকার অবস্থা। আমরা দেখেছি, হেমন্ত বসুর মতোন সর্বজন শ্রদ্ধেয় নেতাকে হত্যা করা হয়েছিল, সেই হত্যাকাণ্ডের সঙ্গে সঙ্গে দেখা গেল সেই সময়ের পুলিশ কমিশনার শ্রী রঞ্জিৎ গুপ্ত তিনি বলে ছিলেন যে এর পিছনে মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির লোকজনের হাত আছে—এটা বলা হয়েছিল '৭১ সনের নির্বাচনের আগে। এখানে বসে আছেন, পুলিশের তখনকার স্বরাষ্ট্র দপ্তরের রাষ্ট্রমন্ত্রী ছিলেন, তিনি বলেছিলেন, সুব্রত মুখার্জি সাহেব বলেছিলেন, এই হেমন্তবসুর হত্যাকাণ্ডের পেছনে যাদের হাত রয়েছে নিজের স্বার্থে দলীয় স্বার্থেই তাদের সকলের কথা প্রকাশ করা যাবে না। আপনারা জানেন, এবারের নির্বাচনের আগে এই রকম একটা বাতাবরণ তারা তৈরি করেছিলেন, তারা নির্বাচনের আগে বলেছিলেন, সব যোগাড় করে রেখেছি, সি. পি. এম.কে শুইয়ে দেবো। গতকালকের একটি সংবাদপত্রে দেখলাম, অণ্ডাল এলাকার কাজোয়া গ্রামে কর্মী বলরামের বাড়ি থেকে রাইফেল উদ্ধার করা হয়েছে, তিনটি পাইপ গান উদ্ধার করা হয়েছে, বহু গুলি বারুদ উদ্ধার হয়েছে। কংগ্রেস মানেই সন্ত্রাসের আবহাওয়া। সেইজন্য আমি বলতে চাই, আজকে পশ্চিমবাংলায় একটি সুস্থ সরকারের রাজত্ব আছে, তাই তারাও শান্তিতে আছেন, তারা গোষ্ঠীদ্বন্দ্ব আর দলবাজী শুরু করেছেন, পশ্চিমবাংলায় বামফ্রন্ট না থাকলে তারা খুনোখুনি করে মরতেন। সেইজন্য পুলিশ বাজেটকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-40 – 5-50 P.M.]

**Mr. Speaker :** Before I call upon Hon'ble Home Minister to reply I would like to inform the House that Hon'ble Member Shri Adhir Ranjan Chowdhury when he was speaking has addressed the House on the question of his security. I have requested the Hon'ble Home Minister to make arrangements of his security. I have been informed that Shri Adhir Ranjan Chowdhury requested SP, Murshidabad on 8.7.96 to depute Constable—1995 Srikanta Jana as his Security Constable. On 9.7.96 SP, Murshidabad deputed C/610 Arun Halder to perform his

security duty as C/1895 Srikanta Jana was posted to a police camp. Shri Chowdhury did not accept him and returned him at 3-00 p.m. On 14.7.96, SP, Murshidabad again deputed C/661 Nanda Sarkar to perform his security duty, but Shri Chowdhury had already left Berhampore.

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি পুলিশ বাজেটের ব্যয়বরাদ্দের উপর মাননীয় সদস্যদের আলোচনা মন দিয়ে শুনেছি। এই আলোচনার যে বিষয়গুলি আমার মনে হয়েছে গুরুত্বপূর্ণ, প্রয়োজনীয়, আমি তার কয়েকটি বিষয়ে আমার মতামত প্রথমে রাখছি। বিরোধী দলের নেতা প্রথমে আমাদের স্মরণ করিয়ে দিয়েছেন এবং একই ধরণের কথা কয়েকজন সদস্যও বলেছেন, পুলিশ বাজেট নাকি আমাদের রাজ্যের সামগ্রিক যে বাজেট, এই বাজেটের তুলনায় এটা নাকি একটা বিরাট বাজেট বা পুলিশ বাজেট একটু বড় করতে হচ্ছে। আমি মাননীয় সদস্য অতীশ বাবুকে স্মরণ করিয়ে দিচ্ছি, উনি ওনাদের সময়ের হিসাব করে বলছেন, '৭২-'৭৭ সাল পর্যন্ত ছিল পুলিশের বাজেট, সেই সময়ের রাজ্যের সামগ্রিক বাজেট থাকতো ১ হাজার কোটি টাকা থেকে ২ হাজার কোটি টাকার মধ্যে। সেই বাজেটে পুলিশের যে বাজেট ছিল তার থেকে বর্তমান বাজেট ১৩ হাজার কোটি টাকার বাজেট। এই বাজেট পুলিশের বাজেটের সামগ্রিক বাজেটের ৪.২ শতাংশর উপর।

সামগ্রিক বাজেটের তুলনা করে এখানে অনেকে কবিতা শোনালেন। শিক্ষা খাতে ব্যয় কমাও, আমাদের রাজ্যে শিক্ষা খাতে বাজেট করা হচ্ছে, শতকরা ২৬ ভাগ, বিদ্যুৎ-এর ক্ষেত্রে আছে ১৩ ভাগ, স্বাস্থ্য খাতে ১০ ভাগ, পুলিশের বাজেট তারও অনেক নিচে আছে ৪ ভাগ। এটা একটা নীতিগত প্রশ্ন তাই আমি একটার উত্তর আপনাকে প্রথমে দিলাম। আপনারা আরেকটা প্রশ্ন করেছেন, রাজ্যে কেন অনেকগুলো অতিরিক্ত পদ সৃষ্টি করা হয়েছে? ডি. জি চারজন করা হয়েছে, কয়েকজন আই. জি. এবং কয়েকজন ডি. আই. জি. করা হয়েছে। সামগ্রিকভাবে এই সংখ্যাটা বেড়েছে। কারণ অপরাধীদের চরিত্র নানা ধরনের হচ্ছে। পুলিশের নেতৃত্বে নির্দিষ্ট পদগুলো স্বতন্ত্রভাবে করার জন্য আমাদের এই অতিরিক্ত পদ সৃষ্টি করতে হয়েছে। আমাদের প্রায় ২৫০টার উপর এই রকম কিছু পোস্টে সিনিয়ার আই. পি. এস অফিসাররা আছেন। আশি হাজার পুলিশকে নিয়ন্ত্রণ করার জন্য এই সংখ্যাটা খুব বেশি নয়, এই সংখ্যাটা তুলনামূলকভাবে কম। আমরা এই পোস্টগুলো এই কারণে করেছি—সি. আই. ডি, আই. বি, আই. জি—আমরা নির্দিষ্টভাবে অপরাধের জায়গাগুলো দেখার জন্যই এই সিনিয়ার পোস্টগুলো দেওয়া হয়েছে। আপনারা বলবেন, তাতে কি আপনাদের অপরাধ কমেছে? পোস্টিং-এর দ্বারা অপরাধ কমানো যায়না। তবে অপরাধ কমানোর চেষ্টা করা হচ্ছে, উদ্যোগ নেওয়া হচ্ছে, প্রশাসনকে আরও শক্তিশালী করার জন্য আমাদের এই উদ্যোগ নিতে হচ্ছে। এখন আই. পি. এস অ্যাসোসিয়েশন আরও কয়েকটি প্রস্তাব আমাদের কাছে দিয়েছেন, বেশি পদসৃষ্টি করার জন্য। অপরাধগুলো নির্দিষ্ট করে আরও নতুন পদ সৃষ্টির প্রস্তাব আমাদের কাছে সম্প্রতি দিয়েছেন। এইগুলো নির্দিষ্ট আলোচনা করছি। আপনারা তার সঙ্গে যে মূল প্রশ্ন করেছেন, সামগ্রিকভাবে তাতে কি রাজ্যে অপরাধ কমেছে? সব ক্ষেত্রে কমেনি। এই জন্য সরকার কি খুব নিশ্চিন্তে আছে, খুব শান্তিতে আছে? না নেই। স্বাভাবিকভাবে অতীতে অপরাধীদের যে চরিত্র পশ্চিমবাংলায় ছিল, সেই পরিপ্রেক্ষিতে বর্তমানে আমাদের

রাজ্যের অপরাধের মাত্রা সম্বন্ধে আমরা উদ্বিগ্ন। বিশেষ করে মহিলাদের বিরুদ্ধে যে অপরাধ সংগঠিত হচ্ছে এবং আমাদের যে পরিমাণ উদ্যোগ নিতে হচ্ছে। আমি আলাদা আলাদা করে উত্তর দিলাম না—কয়েকটি ডাকাতির কথা উঠেছে, কয়েকটি বিশেষ বিশেষ ঘটনার কথা উঠেছে—আমি সামগ্রিকভাবে অপরাধীদের কথা বলছি, আমি প্রথমেই স্বীকার করে নিচ্ছি, অপরাধীদের যে মাত্রা, বিশেষ করে নারীদের বিরুদ্ধে যে অপরাধ হচ্ছে তাতে আমাদের সরকার খুবই উদ্বিগ্ন। আমরা এর বিরুদ্ধে উদ্যোগ নিচ্ছি। এর সঙ্গে সঙ্গে যে কথাটা স্মরণ করিয়ে দিতে চাই, আমরা কিন্তু শূন্যের উপর দাঁড়িয়ে নেই। আমরা ভারতবর্ষ বলে একটা দেশের উপর দাঁড়িয়ে আছি। তার আর্থ-সামাজিক সঙ্কটের মধ্যে আমাদের রাজ্যের অবস্থানটা কেমন এটা বিচার করতে গেলে, কলকাতা শহরটা কেমন, এটা বিচার করতে গেলে, আমাদের একটা মাপকাঠি চাই। আমি বিনয়ের সঙ্গে বলতে চাই, এই মুহূর্তে এই শহরটা বা রাজ্যটা ভারতের যে কোনও রাজ্য বা শহর থেকে—আমাদের কলকাতা শহর—ভালো আছে। সংখ্যা দিয়ে আমি সামগ্রিকভাবে অপরাধীদের সংখ্যাটা বলছি, ১৯৯৫ সালে কলকাতায় ১১,৬৭১টি অপরাধের ঘটনা ঘটেছে, দিল্লিতে হয়েছে ৪৫,৩৬২টি; বোম্বেতে হয়েছে ৩০,২৪৯টি; মাদ্রাজে ৬,২৭২টি এবং ব্যাঙ্গালোরে ২৮,৮৮৩টি। তাহলে আমাদের রাজ্যে কি খুব বেশি।

[5-50 – 6-00 P.M.]

আমি শুধু বলছি বম্বে ৪০ হাজার যখন দিল্লিতে ৪৫ হাজার। সব অপরাধ মিলিয়ে কলকাতা শহরে ১১ হাজার। সমস্ত অবস্থাটা আমাদের নিয়ন্ত্রণের বাইরে চলে গেছে, আমাদের কলকাতা শহরের অবস্থাটা সবচেয়ে খারাপ—এই কথা বিরোধীরা বললেন—আপনারা বোধ হয় কলকাতার সম্মান রাখছেন না, আপনারা বোধ হয় পশ্চিমবঙ্গের সম্মান রাখছেন না। এই ভাবে সম্মানটা হানি করবেন না। তাহলে আমাদের খুব একটা লাভ হয় না। সেই সঙ্গে সঙ্গে অতীশ বাবুর আরেকটা কথার উত্তর দেওয়া উচিত বলে মনে করি। তিনি পরামর্শ দিয়েছেন যে আপনারা চেষ্টা করুন নিরপেক্ষভাবে পুলিশকে চালানোর। আমি অত্যন্ত আন্তরিকভাবে এই কথা বলছি। এখানে মুখ্যমন্ত্রীও গত বাজেটে একাধিকবার বলেছেন যে যখনই কোনও অপরাধ সংঘটিত হয় বা যখনই কোনও রাজনৈতিক সংঘর্ষ হবে সেখানে পুলিশ প্রশাসনকে নিরপেক্ষ থাকতে হবে। এটা আমাদের ঘোষিত নীতি। শুধু তাই নয়, এটা আমরা কার্যকর করতে চাই। এটার ব্যতিক্রম হতে পারে কিন্তু সেটা আমাদের নীতি বিরুদ্ধ। পুলিশ প্রশাসনকে নিরপেক্ষ থাকতে হবে। অতীশবাবু বললেন আমরা জোর করে কিছু সিদ্ধান্ত করি, কিছু অফিসার আছেন তাদের মনঃপুত হয় না, তারা আড়ালে বলেন। আমার জানা নেই। রাজনৈতিকভাবে আমি বা মুখ্যমন্ত্রী এই কথাটা বলছি, এটা আমরা বিশ্বাস করি না। এই বিশ্বাস নিয়েই আমরা প্রশাসনকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করছি। সৌগত বাবু তাঁর বক্তব্যের মধ্যে একটা গুরুত্বপূর্ণ বিষয় বলেছেন সেটা হচ্ছে যে আমরা আগের বার বেসরকারি প্রস্তাবের সময়ে বলেছিলেন যে, পোস্ট পোল ক্ল্যাশ—নির্বাচোনোত্তর সংঘর্ষের প্রশ্নে—আপনারা আপনাদের তথ্যটা নির্দিষ্টভাবে বলুন, একবার বলছেন ৫০, একবার বলছেন ৩০। আবার রাজ্যপালের কাছে যে প্রস্তাব দিয়ে এসেছিলেন তাতে নাম আছে ২৫ জনের। আর সভাপতি আমাদের কাছে যে প্রস্তাব পাঠিয়েছিলেন তাতে ছিল ১৮, বিভিন্ন দিনে। আমি পরিস্কার বলে দিচ্ছি। আমাদের দিনটা হচ্ছে ২রা মে থেকে ১০ই জুন। আপনারা কি সারা জীবন বলে যাবেন

নির্বাচনোত্তর সংঘর্ষ। আমাদের সরকারি হিসেবে আমি সাহায্য করছি। ২রা মে থেকে ১০ই জুন—নির্বাচনোত্তর সংঘর্ষ, সেখানে আমরা যা স্ট্যাগু নিয়েছি, যেখানে আমরা দাঁড়িয়ে আছি সেখানে আমাদের মৃত্যুর সংখ্যা হচ্ছে ১৭। সি. পি. এম ৮, কংগ্রেস—৭, আর. এস. পি—১, বিজেপি—১। তারপর আবার নির্বাচনোত্তর পরিস্থিতি। এখন সেটা বলতে পারেন বনধ্ জনিত পরিস্থিতি, বনধ্ পরবর্তী পরিস্থিতি। কিন্তু নির্বাচনোত্তর পরিস্থিতি আর টানবেন না। আমি শুধু একটা কথাই বলছি। আপনারা যখন ১২৫ জনের তালিকা দিয়ে এসেছিলেন। আমি পুঙ্খানুপুঙ্খরূপে দেখেছি। প্রতিটা নাম খবর নিয়ে দেখেছি, সেখানে এমন কিছু নাম আছে যাদের নাম খুঁজেই পাওয়া যায় নি। এমন কিছু নাম আছে যেখানে পারিবারিক সমস্যা, এমন কিছু নাম আছে প্রতিবেশীর সঙ্গে মারামারি, একটা অপবাধী আরেকটা অপরাধীর সঙ্গে মারপিট করেছে। আপনাদের যে নাম আপনাদের লিস্টের মধ্যে ছিল—মাত্র ৫ জন। কিন্তু আমাদের হিসাব্ অনুযায়ী ৭ জন। আপনারা নিজেরাই নিজেদের নাম কম দিয়েছেন। আমরা দেখছি এই ৭ জন এবং এই ১৭ জনের যে মৃত্যু হয়েছে, আমি বলতে চাইছি নিশ্চয়ই এ ঘটনা অবাঞ্ছিত ঘটনা। এখন যে ব্যাপারেই সংঘর্ষ হোক, আমরা সেই সংঘর্ষ বন্ধ করার জন্য আপ্রাণ চেষ্টা করব। অন্তত এই ব্যাপারে সরকারের আন্তরিকতার কোনও অভাব নেই। সেই প্রসঙ্গে সৌগতবাবু কতকগুলি ঘটনা নিজের মতো করে সাজিয়ে দিলেন। গতকালের কাগজ থেকে চুঁচুড়া সম্পর্কে বললেন, ডাকাতির কথা বললেন। চুঁচুড়ার ব্যাপারটা ডি. আই. জি. লেবেলে তদন্ত হচ্ছে। অপরাধীদের বিচার হবে—এ ব্যাপারে কোনও প্রশ্ন নেই। আমাদের ঘোষিত নীতি আপনারা জানেন। একজনকে বরখাস্ত করা হয়েছে টেকনিক্যালি তাই করতে হয়—এই কথাগুলো আপনাদের শোনার ধৈর্য নেই। সেই সময় সেখানকার থানার ও. সি. ইনচার্জ থানায় ছিলেন না। ও. সি. একজনকে থানার দায়িত্ব দিয়ে গিয়েছিলেন। যাকে থানার দায়িত্ব দিয়েছিলেন তাকে টেকনিক্যালি শাস্তি দিতে হয়। এখন ডি. আই. জি. লেবেলে তদন্ত হচ্ছে। তদন্ত হলে সমস্ত লক-আপ ডেথের ক্ষেত্রে কোনও আপস নেই। সেখানে শাস্তি হবে। সৌগত বাবু চুঁচুড়ার ঘটনার কথা বললেন, ডাকাতির কথা বললেন। আমি তার সঙ্গে আরও দুটো জিনিস যোগ করছি—জগৎবল্লভপুরে আপনারা মিটিং করলেন, মিটিং-এর পর আপনারা থানার মধ্যে ঢিল মারলেন। এতে থানার কয়েকজন কর্মী আহত হলেন, একজন এ. এস. আই., একজন কনস্টেবল আহত হয়েছেন। পুলিশ এ ব্যাপারে কেস শুরু করেছে।

(গোলমাল)

[6-00 – 6-10 P.M.]

সৌগতবাবু অরেকটা ঘটনা হল—পঞ্চানন তলায় একজন ত্রিনাথ দে কে, একজন বাপী খুন করেছে। এই বাপী, ত্রিনাথকে আপনি চেনেন, আমাকে আর ঘাটাবেন না। এসব গণ্ডগোল চলছে। সৌগত বাবু একবালপুরের ঘটনা নিয়ে হাউসে আলোচনা হয়েছে। একটা জায়গায় বুঝতে পারছি না। উনি ঘটনাটা জানেন। ২৯ তারিখ বিকেল থেকে একটা প্রসেশন নির্দিষ্ট রুট দিয়ে যেতে চায় না। সারা রাত বোঝানো হয়েছে। অথচ আজকে উনি বললেন ৩০ তারিখ সকালে একটা মিছিল নির্দিষ্ট জায়গা দিয়ে যাচ্ছে না, আর এর জন্য আর্মি ডাকবো? আপনি কি বলছেন বুঝতে পারছি না। আপনি বলছেন টেনশন ছড়িয়ে গিয়েছিল। আপনার

সঙ্গে আমার পার্থক্য থেকে যাচ্ছে। পরের দিন দুপুরে থানা আক্রমণের ঘটনা ঘটা পর্যন্ত আমাদের ধৈর্য দেখানো দরকার ছিল—যেহেতু ধর্মীয় মিছিল। আনন্দবাজারে যে সমালোচনা বেরিয়েছিল সেই সমালোচনাকে আমি গ্রহণ করছি না। যখন একবালপুর পুলিশ স্টেশন আক্রান্ত হয়েছিল, তার আড়াই ঘন্টার মধ্যেই আমি মাননীয় মুখ্যমন্ত্রী তখন দিল্লি যাচ্ছেন তার সাথে আলোচনা করে ঠিক করেছিলাম আর্মি নামাব, কারফিউ করব। উনি নির্দেশ দিয়েছিলেন। আড়াই ঘন্টার মধ্যেই কারফিউ করেছিলাম এবং আর্মি নামিয়ে ছিলাম। আপনি বললেন, সকালবেলা মিছিল যাচ্ছিল না বলে আর্মি ডাকিনি কেন? এটা হয় না। সৌগত বাবু আমাকে প্রিন্স হ্যামলেট বললেন। আই অ্যাম নট প্রিন্স হ্যামলেট, নট আই অ্যাম ইলিয়ট। আমি সচেতন ভাবে, সতর্ক ভাবে করেছিলাম এবং কোনওরকম সমস্যা তৈরি হয় নি বলেই মনে করি। অন্তত আপনাদের সমালোচনা ছাড়া অন্য কোনও জায়গা থেকে সমালোচনা এসেছে বলে শুনিনি। ব্যারাকে বিশৃঙ্খলার বিষয়ে আপনাদের কথা দিয়েছিলাম, হাউসে কথা দিয়েছিলাম। এখন তদন্ত হচ্ছে, ১০ জনের শাস্তি হয়েছে, ১০ জনকে সাসপেণ্ড করা হয়েছে। কিন্তু আপনাদের রাগটা দেখলাম ওখানে গণ্ডগোলের জন্য নয়, দোকান ভাঙচুর করা, মারধোর করা—রিপোর্টারদের, ফটোগ্রাফারদের মারধোর করার জন্য নয়, আপনাকে ভোট দেয় নি বলে আপনার রাগ। ভোট দেয় নি বলে তো আর শাস্তি দেওয়া যায় না।

তারপর সৌগত বাবু আমাকে বলেছিলেন [***] বিরুদ্ধে আমি একটা স্টেটমেন্ট করেছিলাম—এটা নাকি ডি. ওয়াই. এফ. এর নেতার মত। তা নয়। ডি. ওয়াই. এফ. আমি কবে করতাম ভুলে গেছি। এখন আমার চুল পেকে গেছে। আমার যদি চুল না পাকত, তাহলে কি আপনাদের নেত্রীকে সম্মানসূচক ভাবে অবাদে বেরিয়ে আসার রাস্তা করতাম? করতাম না। [****] বাড়িতে কারা থাকে আমি জানি, সেখানে একদিনও পুলিশ যায় নি, আমি বারণ করে দিয়েছি—আমার চুল পেকেছে বলেই।

(নয়েজ)

মাননীয় কংগ্রেস-এর সভাপতির আমার কথায় যদি অসম্মান হয়ে থাকে, তাহলে আমি যে কথা বলেছি, সেটা বাদ দিয়ে দিতে অনুরোধ করছি। এর পরে মাননীয় সদস্য সৌগত বাবু বলেছেন যে, হাউসের কাছে এনসিওর করুন, এখানে নিশ্চয়তা দিন লক আপ ডেথ একদম বন্ধ করে দেবেন। মাননীয় সৌগত বাবুকে বলছি, এই মুহূর্তে দেশের বাস্তবতা, আমাদের রাজ্যের বাস্তবতা মেনে নিয়ে এটা শুধু বলতে পারছি—লক আপ ডেথের একটা ঘটনাও কোনও কারণে সরকার গোপন করবে না, লক আপ ডেথ-এর কোনও ঘটনা সরকার প্রশ্রয় দেবে না এবং যদি কোনও পুলিশ অফিসার দোষী প্রমাণিত হয়, সেই অফিসার শাস্তি পাবেন। এটা হচ্ছে সরকারের নীতি, আমাদের নীতি।

এর পরে মাননীয় সদস্য সত্যরঞ্জন বাপুলি একটা কথা বলেছেন, আমি বুঝতে পারলাম না। তিনি বলেছেন কোনও পুলিশ অফিসারের বিরুদ্ধে যদি মামলা হয়, সেই মামলা চালু থাকে, তাহলে সেই অফিসার কাজ করতে পারবে না। এটা বোধ হয় কোনও আইনে নেই।

Note : **[ Expunged as ordereded by the chair ]

আপনি হয়ত জানেন না, কয়েকজন ও. সি.-র কথা বলেছেন। মগরাহাট থানার ও. সি. একজন। না, আপনি বলেছেন, ডায়মণ্ডহারবার নিয়ে গেছে। সেখানে হোক বা অন্য থানায় হোক—আপনি বলেছেন, 'একটা জায়গা করে বসিয়ে রাখুন।' কোনও অফিসারের বিরুদ্ধে মামলা চললে মামলার নিষ্পত্তি হবে। কিন্তু রায় না বোরোনো পর্যন্ত বসানো যায় না। ট্যাংরায় আপনারা নিজেরা মারামারি করেছেন সেখানে সবাইকে গ্রেপ্তার করেছি, পঞ্চাননতলায়ও হয়েছে। আর মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় মনে হয় তৈরি হয়ে আসেন নি, আপনি আমাদের বাজেট স্পিচটা মনে হয়, পড়েন নি, পড়লে, ঐ রকম সাজেশন রাখতেন না। সেখানে লাস্ট বাট ওয়ান, ১৪ পাতায় আছে—"দীর্ঘদিন ধরেই এর প্রয়োজন অনুভূত হচ্ছে। সেই জন্য আমাদের সরকার একটা কমিটি গঠন করার সিদ্ধান্ত নিয়েছেন। ঐ কমিটি সঠিক প্রেক্ষাপটে যাবতীয় সমস্যা পর্যালোচনা করবে এবং বর্তমান পুলিশি ব্যবস্থার সংস্কার ও উন্নতি সাধনের জন্য যে সমস্ত পদক্ষেপ নিতে হবে সেগুলোর সন্ধান দেবে।" এই বাজেট স্পিচ নিয়ে আমার সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রীর কথা হয়েছে। ১৯৫২ সালে কলকাতা পুলিশে এবং ১৯৫৮ সালে রাজ্য পুলিশে শেষ অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিটি তৈরি হয়েছিল। তার পর আর নেওয়া হয়নি। কিন্তু এই বাজেট সাজেশনে বলেছি, সেই উদ্যোগ নেব। ইতিমধ্যে আমরা সিদ্ধান্ত করেছি এবং বাজেট স্পিচে তার বক্তব্য রেখেছি। আমি আর বেশি সময় নিতে চাই না। বিরোধী দলের অনেক সদস্য গুরুত্বপূর্ণ কিছু কথা বলেছেন, তার মধ্যে পুরস্কার দেওয়া এবং সাজা দেওয়া সম্বন্ধেও প্রস্তাব এসেছে। আমাদের মধ্যে থেকেও প্রস্তাব এসেছে—আমি এগুলো গুরুত্ব দিয়ে ভাবছি বর্তমানে পুলিশ তো ভালো কাজও করেন, জীবনের ঝুঁকি নেন। কিন্তু সেজন্য পুরস্কারের হিসাবটা বহু পুরোনো—একজন ডাকাত ধরতে পারলে ২০০ টাকা পাবে। এটার পরিবর্তন হওয়া উচিত। এবং সরকারের নিয়ম-কানুন মেনে নিয়ে গর্হিত অপরাধীদের সাজা কি করে বেশি দেওয়া যায় সেটাও ভাবা হচ্ছে। এখানে ডাইরি লেখা বা এন্ট্রির কথা বলা হয়েছে। এবিষয়ে আমরা চিন্তা করছি। আরও অনেক কথা সদস্যরা বলেছেন। আমি শুধু বলতে চাই, আমাদের রাজ্যে অপরাধ যেটা হচ্ছে, সেটা কমিয়ে আনা আমাদের দায়িত্ব এবং পুলিশ প্রশাসনকে মানুষের আশা-আকাঙ্খার উদ্যোগী করে গড়ে তোলা আমাদের দায়িত্ব এবং আমরা এ দায়িত্ব পালন করবার জন্য আপ্রাণ চেষ্টা করব। এই বলে কাট-মোশনের বিরোধিতা করে এবং ব্যায়-বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** মাননীয় সদস্য সোমেন মিত্রের ব্যাপার বাদ যাবে।

[6-10 – 6-14 P.M.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আমরা বার বার একটা কথা বলি, বুদ্ধদেববাবু শুধু পুলিশ মন্ত্রী নন, সরকারের গুরুত্বপূর্ণ ব্যক্তি এবং মুখ্যমন্ত্রীর পরে তার স্থান। উনি বারবার হাউসের মধ্যে এবং হাউসের বাইরে প্রদেশ কংগ্রেস-এর সভাপতির সম্বন্ধে বিধানসভার কার্যবিবরণী কটাক্ষ্য করে অনেক কথা বলেন। আপনাকে ধন্যবাদ স্যার, আপনি ঐ ব্যাপারটা থেকে বাদ দিয়েছেন। আমি পুলিশ মন্ত্রীকে অনুরোধ করছি, আমাদের কাছে খবর আছে—আপনি একটা পরিষদীয় কমিটি করুন তারা অনুসন্ধান করে দেখুক সোমেন মিত্রের বাড়িতে বা তার কাছে

কারা থাকছে আর আলিমুদ্দিন স্ট্রিটের [* * *]

মিঃ স্পিকার ঃ আপনি বসুন।

The motions (No. 1 to 3, 6, 8-11, 13 & 14, 16, 17, 20 & 21) that the amount of the Demand be redeced by Rs. 100/- were then put and lost.

The motions (No. 4, 5, 7, 12, 15, 18 & 19) that the amount of the Demand be reduced by Rs. 100/-, were then put on vote and a division taken with the following results :

**NOES** :

Abu Ayes Mondal, Shri

Adhikary, Shri Nisith

Anisur Rahaman, Shri

Bagdi, Shri Bijoy

Bagdi, Shri Kiriti

Bagdi, Shri Lakhan

Bagdi, Shri Natabar

Bag, Shri Kartic Chandra

Banerjee, Shri Debabrata

Basu, Shri Baren

Basu, Shri Jyoti

Bera, Shrimati Chhaya

Bhakat, Shri Buddhadeb

Bhattacharjee, Shri Buddhadeb

Bhattacharjee, Shri Nandagopal

Biswas, Shri Ananda Kumar

Biswas, Shri Binay Krishna

---

**Note** :- ** [Expunged as ordered by the chair]

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Kamalakshi

Biswas, Shrimati Susmita

Bose, Shri Shyamaprasad

Bouri, Shri Angad

Chakrabarty, Shrimati Kumkum

Chatterjee, Shri Pratim

Chattopadhyay, Shri Tapash

Choudhury, Shri Bansha Gopal

Choudhury, Shri Biswanath

Chowduhry, Shri Jayanta

Chowdhury, Shri Nani Gopal

Dakua, Shri Dinesh Chandra

Das, Shri Paresh Nath

Dasgupta, Dr. Asim Kumar

Das Mahapatra, Shri Kamakhya Nandan

Dasthakur, Shri Chittaranjan

Deb, Shri Goutam

Deb, Shri Rabin

Dey Shrimati Ibha

Dhar, Shri Padmanidhi

Doloi, Shri Siba Prasad

Duley, Shri Krishna Prasad

Dutta, Shri Binoy

Dutta, Dr. Gouri Pada

Dutta, Shri Gurupada

*Dutta, Shri Himangsu*

Ganguly Shri Bidyut

Ganguly, Shrimati Kanika

Gayen, Shri Nripen

Ghatak, Shri Santi Ranjan

Ghosh, Shri Biren

Ghosh, Shrimati Minati

Ghosh, Shri Rabindra

Ghosh, Shri Sunil Kumar

Giri, Shri Ashoke

Goala, Shri Rajdeo

Goswami, Shri Subhas

Hembram, Srimati Deblina

Hembram, Shri Jadu

Hore, Shri Tapan

Kalimuddin Shams, Shri

Kundu, Shri Ranjit

Let. Shri Dhiren

Mahammad Hannan, Shri

Maikap, Shri Chakradhar

Moitra, Shri Banshi Badan

Majhi, Shri Nanda Dulal

Majhi, Shri Tamal

Malick, Shri Shiba Prasad

Mandal, Shri Prabhanjan

Mandal, Shri Ramchandra

M. Ansaruddin, Shri

Md. Yakub, Shri

Mehta, Shri Nishikanta

Mir Quasim Mondal, Shri

Misra, Dr. Surya Kanta

Mistry, Shri Bimal

Mitra, Shri Biswanath

Mondal, Shri Bhadreswar

Mondal, Shri Biswanath

Mondal, Shri Ganesh Chandra

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Rabindranath

Mondal Shri Subhas

Mostafa Bin Quasem, Shri

Mozammel Haque, Shri

Mukherjee, Shri Anil

Mukherjee, Shrimati Mamata

Mukherjee, Shri Manabendra

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Pratyush

Mukhopadhyay, Shri Chittaranjan

Murmu, Shri Maheswar

Mursalin Molla, Shri

Nanda, Shri Brahmamoy

Naskar, Shri Subhas

Pakhira, Shri Ratan Chandra

Pal, Shri Shyama Prosad

Rana, Shrimati Sakti

Ray, Shri Dwijendra Nath

Roy, Shri Manmatha

Roy, Shri Mrinal Kanti

Roy, Shri Narmada Chandra

Roychowdhuri, Shri Nirode

Saha, Shri Kripa Sindhu

Saha, Dr. Tapati

Samanta, Shri Rampada

Sanyal, Shri Kamalendu

Saren, Shri Subhas Chandra

Saresh, Shri Ankura

Sen, Shri Dhiren

Sengupta (Bose), Shrimati Kamal

Sk. Khabiruddin Ahmed, Shri

Singh, Shri Lagan Deo

Sinha, Dr. Nirmal

Sinha, Shri Prabodh Chandra

Sk. Majed Ali, Shri

Soren, Shri Khara

Unus Sarkar, Shri

Zamadar, Shri Badal

AYES

Abdul Mannan, Shri

Abdus Salam Munshi, Shri

Abu Sufian Sarkar, Shri

Akbar Ali Khandakar, Shri

Bondyopadhyay, Shri Sudip

Banerjee, Shri Ambica

Banerjee, Shri Shyamadas

Bapuli, Shri Satya Ranjan

Biswas, Shri Shashanka Shekhor

Chakravortty, Shri Gautam

Chatterjee, Shri Rabindra Nath

Chattaraj, Shri Suniti

Das, Shri Sukumar

Deb, Shri Ashoke Kumar

De, Shri Ajoy

Ghosh, Shri Nirmal

Goswami, Shri Mihir

Gyan Singh Sohanpal, Shri

Habibur Rahaman, Shri

Mahato, Shri Shantiram

Mahbubul Haque, Shri

Mainul Haque, Shri

Md. Abdul Karim Choudhury, Shri

Md. Sohrab, Shri

Mukherjee, Shri Kamal

Mukherjee, Shri Rabin

Mukherjee, Shri Samar

Mukherjee, Shri Sibdas

Mukherjee, Shri Subrata

Paul, Shri Paresh

Poddar, Shri Deokinandan

Roy, Shri Saugata

Sen, Dr. Anupam

Singha, Shri Sankar

Sinha, Shri Anoy Gopal

Sinha, Shri Atish Chandra

**ABSTENTIONS**

Das Shri Sailaja Kumar

Guha Shri Kamal

Purakait Shri Probodh

Lepcha Shri G. E.

The Ayes being 36, Abstentions 4, and the Noes 120; the motions were lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.554,03,20,000 be granted for expenditure under Demand No. 21, Major Head : "2055—Police" during the current financial year.

This is inclusive of a total sum of Rs. 277,02,00,000 already voted on account in February, 1996, was then put and agreed to.

**Mr. Speaker :** All submissions made by Mr. Abdul Mannan regarding Ganasakti will be expunged.

**Adjournment**

The House was then adjourned at 6.14 p.m. till 11.00 a.m. on Tuesday, the 17th July 1996 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Wednesday, the 17th July, 1996 at 11-00 A.M.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Ministers, 5 Ministers of State and 160 Members.

### Starred Question
### (to which oral answers were given)

**পদ্মা ও ভাগীরথীর ভাঙ্গন প্রতিরোধ**

*৪৫১। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৩।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় পদ্মা ও ভাগীরথীর ভাঙ্গন প্রতিরোধে রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে ;

(খ) বিগত দুটি আর্থিক বছরে উক্ত নদীভাঙ্গন প্রতিরোধে কি পরিমাণ টাকা বরাদ্দ হয়েছিল ; এবং

(গ) উক্ত ভাঙ্গন রোধের জন্য বিগত দুটি আর্থিক বছরে ভারত সরকার কোনও অর্থ সাহায্য করেছে কি?

[11-00 — 11-10 A.M.]

**শ্রী গণেশ মন্ডল ঃ**

(ক) মুর্শিদাবাদ জেলায় গঙ্গা/পদ্মার ডান পাড়ের ভাঙ্গন প্রতিরোধে বিগত দুটি আর্থিক বছরে যে সমস্ত জায়গায় কাজ হাতে নেওয়া হয়েছে সেগুলি হল ঃ

| | |
|---|---|
| (১) জলঙ্গী থানা এলাকা জলঙ্গী বাজার অঞ্চলে | ৭৫৭.৬৮ লক্ষ টাকা |
| (২) নলবোনা থানার অন্তর্গত নলবোনা অঞ্চলে | ৬৩৫.৪৭ লক্ষ টাকা |
| (৩) লালগোলা থানার শেখালীপুর এবং চিন্তামনি এলাকায় | ১৯৫.০০ লক্ষ টাকা |
| (৪) ভগবানগোলা থানার হাসানপুর অঞ্চলে | ১২৪.০০ লক্ষ টাকা |
| (৫) সুতি থানার অন্তর্গত হাসানপুর এলাকায় | ৬৯.০০ লক্ষ টাকা |
| | **মোট ১৭৮১.১৫ লক্ষ টাকা** |

অর্থাৎ মোট ১৭.৮১ কোটি টাকা ব্যয় করা হয়েছে।

পাশাপাশি, বিগত দুই আর্থিক বছরের মধ্যে ১৯৯৪-৯৫ আর্থিক বছরে ভাগীরথী নদীর বাম তীরে বেলডাঙ্গা থানার অন্তর্গত মঝঝমপুরে ৭১ লক্ষ টাকার কাজ এবং ১৯৯৫-৯৬ আর্থিক বছরে ভাগীরথীর ডান তীরে বহরমপুর থানার অন্তর্গত চর মহুলায় ৩১.০০ লক্ষ টাকার ভাঙ্গন প্রতিরোধের কাজ সম্পন্ন করা হয়েছে।

(খ) পদ্মা নদীর ডান পাড়ের ভাঙ্গন প্রতিরোধের কাজে টাকা বরাদ্দের পরিমাণ ছিল নিম্নরূপ ঃ

১৯৯৪-৯৫ আর্থিক বছরে মোট ৭৪৩.১৯ লক্ষ টাকা

বিভিন্ন খাত থেকে এই টাকার সংস্থান করা হয়েছিল যেমন

(A) কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া ঃ

| | |
|---|---|
| (a) বি এ ডি পি খাতে | ৫০০.৫০ লক্ষ টাকা |
| (b) কমন বর্ডার রিভারস খাতে | ৪০.০০ লক্ষ টাকা |
| (B) রাজ্য সরকারের বিভাগীয় বার্ষিক যোজনা খাতের | ২০২.৬৯ লক্ষ টাকা |
| | ৭৪৩.১৯ লক্ষ টাকা |

১৯৯৫-৯৬ আর্থিক বছরে মোট ৭৮০.৮১ লক্ষ টাকা

| | |
|---|---|
| এর মধ্যে বি এ ডি পি খাতে | ২০১.৩৩ লক্ষ টাকা |
| ও রাজ্য সরকারের আর্থিক যোজনা খাতে | ৫৭৯.৪৮ লক্ষ টাকা |

এবং ভাগীরথীর ভাঙ্গন প্রতিরোধ বিভাগীয় বার্ষিক যোজনা খাত থেকে ঃ

| | |
|---|---|
| ১৯৯৪-৯৫ আর্থিক বছরে | ৬০ লক্ষ টাকা |
| ১৯৯৫-৯৬ আর্থিক বছরে | ৬০ লক্ষ টাকা |

(গ) বিগত দুটি আর্থিক বছরে রাজ্য সরকারের যোজনা খাতে ভারত সরকারের কোনও অর্থ সাহায্য পাওয়া যায় নি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যেভাবে ব্রেক-আপ করেছেন এবং যেভাবে উত্তর দিলেন সেটা অনুসরণ করা গেল না। পদ্মা ও ভাগীরথীর জন্য যে টাকাটা অঙ্কটা বললেন তার টোটাল টাকাটা কত এবং কি পরিমাণ কাজ হয়েছে?

**শ্রী গণেশ মন্ডল ঃ** টোটাল টাকাটা প্রথমেই আমি বলে দিলাম ১৭৮১.১৫ লক্ষ টাকা। এটা একটা অর্থিক বছরের। এর পর পর বছর ঐরকমই হবে এবং কতটা জায়গায় এই মুহূর্তে কাজ হয়েছে সেইরকম ফিগার আমার কাছে নেই। তবে যে জায়গাগুলির কাজ হয়েছে সেই জায়গাগুলির নাম আমি বলে দিলাম।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** বর্তমানে পদ্মা এবং গঙ্গার ভাঙ্গন শুরু হয়েছে। সেপ্টেম্বর মাসে বিধংসী অবস্থা তৈরি হবে। এই জেলায় বন্যা সেপ্টেম্বর মাসে বাৎসরিক দুর্গাপুজার মতো হবে। এর প্রতিরোধের জন্য বর্তমানে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

[11-10 — 11-20 A.M.]

**শ্রী গণেশ মন্ডল ঃ** ১৯৯৬-৯৭ সালের আর্থিক বছরে পদ্মার ডান পাড়ে ভাঙ্গন প্রতিরোধে মুর্শিদাবাদ জেলার আখেরিগঞ্জ, বুড়িপাড়া, জলঙ্গী, কমলপুর, সেখ-আলিপুর, নলবনা, মহেশপুর, তারানগর প্রভৃতি জায়গায় জরুরিভিত্তিক কিছু কাজ ইতিমধ্যেই হাতে নেওয়া হয়েছে বা বর্ষার পরে হাতে নেওয়া হবে। যে সমস্ত জায়গায় ইতিমধ্যে কাজ হাতে নেওয়া হয়েছে সেগুলি হচ্ছে , কমলপুর ১১.১৩ লক্ষ টাকা, বুড়িপাড়া ১.৯১ লক্ষ টাকা, সেখ-আলিপুর ৩৯.৯৫ লক্ষ টাকা। মোট ৫২.৯৯ লক্ষ টাকা। অস্থায়ী ভাঙ্গন রোধে যে সমস্ত কাজের প্রস্তাব করা হয়েছে তার মধ্যে মহেশপুর ১২.৫০ লক্ষ টাকা, তারানগর ১০.০০ লক্ষ টাকা। জলঙ্গীর উজানে ১০.০০ লক্ষ টাকা নলবোনার ভাঁটিতে ১০.০০ লক্ষ টাকা, আখেরিগঞ্জ অঞ্চলে ১১.৮৬ লক্ষ টাকা। মোট ৫৪.৩৬ লক্ষ টাকা। যে সমস্ত জায়গায় বর্ষার পর কাজ নেবার প্রস্তাব রয়েছে সেগুলি হল, জলঙ্গীতে ১৪৩.০০ লক্ষ টাকা, নলবোনাতে ১৩০.৬৬ লক্ষ টাকা, নলবোনার উর্দ্ধভাগে ৯৬.৫২ লক্ষ টাকা। মোট হচ্ছে ৩৭০.১৮ লক্ষ টাকা।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, সেচ দপ্তরের উন্নতমানের পরিকাঠামো বা ইনফ্রাস্ট্রাকচার থাকা সত্ত্বেও ব্যাপকভাবে বন্যা প্রতিরোধের কাজ জেলাপরিষদ, যাদের কোনও ইনফ্রাস্ট্রাকচার নেই বললেই চলে তাদের মধ্যে দিয়ে করানো হচ্ছে কেন?

**শ্রী গণেশ মন্ডল ঃ** সবটা জেলাপরিষদের মাধ্যমে হয় না। জলঙ্গী যখন ভেঙ্গে যায় তখন ঐ জায়গায় কাজ করার ক্ষেত্রে আমাদের রাজ্য সরকারের ইঞ্জিনিয়ার এবং কেন্দ্রীয় জলসম্পদ দপ্তরের ইঞ্জিনিয়ার উভয় সরকারের ইঞ্জিনিয়াররা ঐ জায়গায় যান। যাবার পর একমত হয়ে তারা একটা পরিকল্পনা প্রস্তুত করার কথা বলেন। সেই পরিকল্পনা প্রস্তুত করার ক্ষেত্রে তার রূপায়ণ কিভাবে হবে এটা নিয়ে আলাপ আলোচনা করার ক্ষেত্রে একদিন মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের ঘরে মুখ্যসচিবের উপস্থিতিতে এই কাজটা যাতে সুষ্ঠুভাবে হয় তারজন্য একটা মনিটারিং কমিটি করা হয়। আমি সেই কমিটিতে চেয়ারম্যান হিসাবে ছিলাম। সেই কমিটিতে জেলা পরিষদের সভাধিপতি ছিলেন, আমাদের দপ্তরের বিভিন্ন ইঞ্জিনিয়াররা, যারা ঐ এলাকায় কাজ করেন তারা ছিলেন, ডি এম এস পি এরা ছিলেন এবং আমন্ত্রিত সদস্য হিসাবে ওখানকার বিধায়ক ছিলেন। এদের নিয়ে যেমন ঐ এলাকা পরিদর্শন করতাম তেমনি কিভাবে কাজ করা যায় এবং যথাযথভাবে করা যায় তা নিয়েও নানান সময় আমরা আলোচনা করতাম। সেখানে আলোচনা করে সিদ্ধান্ত হয় যে জেলাপরিষদ ওখানে যে বোল্ডার দরকার সেই বোল্ডার সাপ্লাই-এর দায়িত্ব নেবে। তখন বোল্ডার সরবরাহ করার ব্যাপারটা ডিপার্টমেন্ট থেকে করা যাচ্ছিল না নানান কারণে। সেই সময় জেলাপরিষদকে বলা হয় ওখানে বোল্ডার সাপ্লাই দেবার জন্য। সেখানে ঠিক হয় যে আমাদের দপ্তরের ইঞ্জিনিয়াররা সেখানে সুপারভিশন করবেন এবং কমিটির মেম্বাররা ঐ কাজের অগ্রগতি তদারকি করবেন।

সেইজন্য নির্দিষ্ট সময়ের আগে এই কাজটা শেষ করা হয় এবং যে অর্থ এরজন্য ধার্য ছিল তার চেয়ে কিছু কম পরিমাণ অর্থে এই কাজটা শেষ করা যায়।

**শ্রী মহম্মদ সোহরাব :** গত বছর সুতীর হাসানপুরে কিছু কাজ হয়েছিল কিন্তু এখন সেখানে ভাঙ্গন অত্যন্ত বেশি। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এ বছর সেখানে কিছু কাজ করার পরিকল্পনা আছে কিনা?

**শ্রী গণেশ মন্ডল :** সুতীর ভাঙ্গনের সমস্যার কথা আমরা জানি। সেখানে গতবার কিছু কাজের পরিকল্পনা নিয়েছিলাম। নির্দিষ্টভাবে এখনই এই তথ্যটি আমার কাছে নেই। কোন কোন জায়গায় কাজ এ বছর নিয়েছি সেটা আমি আগেই বলেছি। সুতীর কাজ নিয়েছি কিনা একটু সময় দিলে জানিয়ে দিতে পারি, এই মুহূর্তে বলতে পারছি না।

**শ্রী প্রভঞ্জন মন্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে পদ্মা-ভাগীরথী ভাঙ্গন, এটা নিয়ে দীর্ঘদিন ধরে চলছে, কোয়েশ্চেন অ্যান্সার হচ্ছে, স্টেটমেন্ট দিচ্ছেন, এই সব চলছে। এই সম্পর্কে একটা মাস্টার প্ল্যান হয়েছিল এবং ইট ওয়াজ সাবমিটেড টু দি সেন্ট্রাল গভর্নমেন্ট। এই সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়, দেবব্রত বন্দ্যোপাধ্যায়ও বলেছিলেন, এটা নিয়ে দিল্লিতে প্রাইম মিনিস্টারের সঙ্গে আমাদের চিফ মিনিস্টারের একটা মিটিং হয়েছে। আমরা জানতে চাই যে আফটার কামিং ব্যাক ফ্রম দিল্লি দি রেজাল্ট দেয়ার অফ?

**শ্রী গণেশ মন্ডল :** মাননীয় সদস্যরা জানেন যে গঙ্গা, পদ্মা ভাঙ্গনকে চিহ্নিত করে এর আগেও বিধানসভার একটি কমিটি দিল্লিতে যায় এবং ভাঙ্গন সম্পর্কে তারা দৃষ্টি আকর্ষণ করেন। কিন্তু সামগ্রিক ভাবে এখনও পর্যন্ত সেখান থেকে ইতিবাচক কোনও সাড়া পাওয়া যায়নি। তবে ওরা বলেছিলেন যে এই ভাবে হবে না, নির্দিষ্ট জায়গা চিহ্নিত করে সেখান থেকে আপনারা স্কীম তৈরি করে সেটা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠান। আমরা মুর্শিদাবাদের অনেকগুলি জায়গায় সেই ধরনের স্কীম করে ওদের ফ্লাড কন্ট্রোল অফিসে পাঠিয়েছি। ওদের অফিসাররা ঐ এলাকায় এসেছিলেন এবং তারা সেগুলি দেখেছেন। কিন্তু সেই স্কীম এখনও পর্যন্ত সেখান থেকে পাশ হয়নি। আখরিগঞ্জের যে জায়গা সেগুলিও চিহ্নিত করে স্কীম করে দিয়েছি, কিন্তু এখন পর্যন্ত কোনও উত্তর পাওয়া যায়নি।

**শ্রী আবু সুফিয়ান সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ভগবানগোলা, আলমপুর, কাজিপাড়া ইত্যাদি জায়গার জন্য ১২৭ কোটি টাকার মতো খরচ করছেন বলে জানিয়েছেন। কিন্তু এই বছর পদ্মার ভাঙ্গনে শিবনগর, চরকুঠিবাড়িতে ভাঙ্গন শুরু হয়েছে। আপনি এটাও জানেন যে হনুমন্ত নগর এবং আশে পাশে যে সমস্ত জায়গায় ভাঙ্গন হয়েছে, সেখানে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। ১৯৭৮ সাল থেকে বছরের পর বছর যে ভাঙ্গন চলছে তাতে প্রায় ৩০/৪০টি গ্রাম এই ভাঙ্গনে চলে গেছে, বহু বাড়ি ঘর নষ্ট হয়েছে। কাজেই আপনার কাছে আমার প্রশ্ন যে, এর জন্য কোনও স্থায়ী প্রতিরোধ ব্যবস্থা রাজ্য সরকার গড়ে তুলেছেন কিনা, কোনও পরিকল্পনা আছে কিনা সেটা জানাবেন কি?

**শ্রী গণেশ মন্ডল :** আপনি যে এলাকার কথা বলছেন. আমরা যখন এই বিষয়ে

জায়গার কথা বলেছেন, আমি যখন উত্তর দিয়েছি তখন জায়গার নাম করে বলেছি, এলাকা হিসাবে বলেছি। আমার বক্তব্যের মধ্যে আপনার ঐ এলাকা আছে কিনা সেটা আমাকে আর একবার এনকোয়ারি করতে হবে।

**শ্রী ইউনিস সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, জি এফ সি সি-র যে স্কীমগুলি করার কথা বললেন, এই ব্যাপারে মুর্শিদাবাদের কোন কোন স্কীমগুলি অনুমোদনের জন্য পাঠানো হয়েছে জানাবেন কি?

[11-20 — 11-30 A.M.]

**শ্রী গণেশ মন্ডল ঃ** সেই স্কীমগুলির নাম আমার কাছে নেই। এখানে সেই নামগুলি নেই। তবে আখেরিগঞ্জের যে নামগুলি বললেন সেই জায়গার জন্যও স্কীম পাঠানো হয়েছে। কিন্তু নাম ধরে ধরে এখন সেটা বলতে পারছি না।

**শ্রী হবিবুর রহমান ঃ** আমার অতিরিক্ত প্রশ্ন, জঙ্গীপুর, ব্যারেজের ডাউন ওয়ার্ডে জঙ্গীপুর থেকে আখেরিগঞ্জ পর্যন্ত যে কাজ হয়েছে স্পান এবং পিচিং-এর তার কোনও সংস্কার হচ্ছে না। আবার সেখানে ভাঙ্গন দেখা দিয়েছে নতুন করে। সেই ভাঙ্গন প্রতিরোধের কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা? কারণ সেখানে সংস্কারের কাজ না হলে কোটি কোটি টাকা ওয়াশড আউট হয়ে যাবে।

**শ্রী গণেশ মন্ডল ঃ** সাধারণভাবে আমরা যে কাজগুলি করি সেই কাজগুলিকে রক্ষা করবার জন্য সংস্কারমূলক যে কাজ করা দরকার সেই কাজ অনেক ক্ষেত্রে করে থাকি। অনেক সময় ফান্ডের অভাবে সেটা করতে পারি না। আপনি যে জায়গাগুলোর নাম বললেন দয়া করে যদি সেই নামগুলি আমাকে লিখে দেন তাহলে তা নিয়ে আমরা আলোচনা করতে পারি। পরবর্তীকালে জানিয়েও দিতে পারি যে, সেক্ষেত্রে কি করতে পেরেছি, না পেরেছি। এর আগে এম আই সি আপনার জেলা নিয়ে বসেছিলেন এবং সেখানে অনেকের সাথে কথা হয়েছে তার। আমিও ঐ জেলার সংশ্লিষ্ট বিধায়কদের নিয়ে বসেছি এবং আলোচনা করেছি এবং তাদের বলে দিয়েছি যে, সেখানে কি করতে পেরেছি, না পেরেছি। আপনি নামগুলি দিতে পারলে আপনাকেও সেটা বলে দিতে পারব।

**শ্রী কামাখ্যানন্দন দাস মহাপাত্র ঃ** আপনি বলেছেন যে, ভাঙ্গন প্রতিরোধের কাজ জেলা পরিষদের মাধ্যমে করতে গিয়ে একদিকে অর্থ অপেক্ষাকৃত কম খরচ হয়েছে, অপরদিকে নির্দিষ্ট সময়ের আগে সেই কাজ শেষ হয়েছে। আমাদেরও অভিজ্ঞতা, সারা পশ্চিমবঙ্গে জেলা পরিষদের মাধ্যমে যেসব কাজ হয়েছে সেখানে অর্থ কম খরচ হয়েছে এবং নির্ধারিত সময়ের আগে কাজ শেষ হয়েছে। এই অভিজ্ঞতার ভিত্তিতে সারা পশ্চিমবঙ্গে অ্যান্টি ইরোশনের যেসব কাজ করছেন সেটা সারা পশ্চিমবঙ্গে, ব্যতিক্রম হিসাবে নয়, জেলা পরিষদের মাধ্যমে করতে রাজি আছে কিনা?

**শ্রী গণেশ মন্ডল ঃ** সমস্ত ক্ষেত্রে আমরা রাজি হলেও জেলা পরিষদ অনেক সময় রাজি হয় না, সুতরাং সব ক্ষেত্রে এটা করা যায় না। কাজটা পরস্পরের মধ্যে আলোচনার ভিত্তিতে

করি। জেলা পরিষদ মূলত তাদের যে ফান্ড রয়েছে সেই ফান্ডের টাকায় আমাদের কাজ করতে বলেন, কিন্তু আমাদের ফান্ডের টাকায় জেলা পরিষদ সাধারণত কাজ করে না। সেজন্য বিভিন্ন জেলায় বিভিন্নভাবে আমাদের দপ্তরের সঙ্গে পারস্পরিক আলোচনার ভিত্তিতে কাজ হয়। আমরা মনে করি, পরস্পরের মধ্যে আলোচনাটা ফলপ্রসু হয়। তবে এটা যেহেতু ১১ কোটি টাকার ব্যাপার এবং কাজটা যেহেতু তাড়াতাড়ি করার দরকার ছিল বলে এক্ষেত্রে একটা বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছি।

**শ্রী রবীন মুখার্জি :** হুগলি জেলার বলাগড় ব্লকে গঙ্গার পাড়ে ব্যাপক ভাঙ্গন দেখা দিয়েছে এবং সেখানে স্কুলবাড়ি ভেঙ্গে পড়েছে। নাবার্ড একটি প্রকল্পে ৮.৫১ কোটি টাকা টাইম বাউন্ড হিসাবে ঐ ব্যাঙ্ক থেকে রিলিজ করেছে, কিন্তু সেটা রূপায়িত হচ্ছে না। সেখানে ল্যান্ড অ্যাকুইজিশনের কিছু কিছু কেস রয়েছে, কিন্তু অর্থ পাওয়া যাচ্ছে না। এ ব্যাপারে জেলা পরিষদের সঙ্গে জেলা স্তরে কথা বলেছেন কিনা?

**শ্রী গণেশ মন্ডল :** প্রথম প্রশ্নের উত্তরে জানাই যে, বলাগড়ে গঙ্গার ভাঙ্গন খুবই ব্যাপক। ঐ ভাঙ্গনের উল্টো দিকে একটি দ্বীপ তৈরি হচ্ছে এবং তারই জন্য বলাগড়ের দিকে ভাঙ্গন হচ্ছে। এব্যাপারে অতীতে আমরা একটা স্কীম করেছিলাম, কিন্তু সেটা বিশেষ ফলপ্রসূ হয়নি। এই ধরনের প্রবল ভাঙ্গন ঠিকভাবে নিয়ন্ত্রণ করার ক্ষেত্রে এই মুহূর্তে আমাদের ছোট কিছু স্কীম আছে, বড় ধরনের কোনও স্কীম নেওয়া হয় নি। দ্বিতীয় প্রশ্ন যেটা করেছেন নিশ্চয়ই সেটা গুরুত্বপূর্ণ। আমাদের রাজ্যে ভাঙ্গন যেমন সমস্যা তেমনি জল নিকাশি ব্যবস্থাও একটা সমস্যা। এই সমস্যা সমাধান করার ক্ষেত্রে আপনার জেলাতে আমাদের স্কীম আছে। 'ন্যাবাড' কিছু টাকা দিতে রাজি হয়েছে। এই বিষয়ে আপনি আমার সঙ্গে কথা বলেছেন ঠিকই। আমি একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের সঙ্গে কথা বলেছি। এই ক্ষেত্রে ৪টি এল এ কেস আছে। এই ব্যাপারে আপনি আমাকে ডি এম-এর সঙ্গে কথা বলতে চলেছেন। আমি এখনও বলতে পারিনি তবে এই বিষয়টা আমার নোটিশে আছে, ডি এম-এর সঙ্গে কথা বলব যাতে জমিটা তাড়াতাড়ি দিতে পারে। এখানে মেরামতের কাজ যাতে করতে পারি সেটা আমি চেষ্টা করব। কিন্তু আমি যে চেষ্টা করব, এই ক্ষেত্রে জনপ্রতিনিধি হিসাবে আপনার সহযোগিতা কামনা করি।

**শ্রী নীরদ রায়চৌধুরি :** মাননীয় মন্ত্রী মহাশয় গঙ্গা, পদ্মা এবং ভাগীরথী ভাঙ্গনের কথা বললেন। কিন্তু বিদ্যাধরী নদীর কি হবে? বিদ্যাধরী নদীর সংস্কার না হওয়ার জন্য হাজার হাজার বিঘা জমির চাষ হচ্ছে না, চাষ বন্ধ হয়ে যাচ্ছে। এই নদীর দু-পাশে যে লোকজন বাস করছে তাদের অবস্থা অত্যন্ত খারাপ। এখানে অতি বৃষ্টিতে ভেসে যাচ্ছে আবার খরার সময় মরছে। এই অবস্থা থেকে পরিত্রাণ পাওয়ার জন্য বিদ্যাধরী নদী সংস্কারের ব্যাপারে কি করবেন সেটা আপনি এই হাউসকে বলুন, তাহলে হাজার হাজার কৃষক উপকৃত হবে। আমার দাবি অনতিবিলম্বে বিদ্যাধরী নদী সংস্কারের কাজ হাতে নিন।

**শ্রী গণেশ মন্ডল :** মাননীয় সদস্যকে জানাতে চাই আজকের এই প্রশ্নের বিষয় বস্তু হচ্ছে, গঙ্গা, পদ্মা ভাঙ্গন নিয়ে।

## Closed & Sick Industries

*452. (Admitted Question No. *455) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) the number of closed and sick Small Scale Industrial Units in West Bengal ;

(b) whether the Government have any programme to re-open those units of the State Government or start a new one ; and

(c) the achievements in the matter during the past few years ?

**Shri Pralay Talukdar :**

(a) 65,000 as per the lastest Census of Reserve Bank of India.

(b) In the interest of revival of sick SSI units of the State, a Committee on SSI Sickness under the Chairmanship of the Chairman, West Bengal Financial Corporation and other concerned officers of the State Government and the Bank has been formed by the State Government.

(c) The causes of sickness of 315 registered sick SSI units have been studied by the above Committee. Out of 315 units, 105 units have been sponsored to Banks/WBFC for their revival/ rehabilitation. The remaining units have been found to be non viable. 5 units have already been revived.

**শ্রী সুলতান আহমেদ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ৬৫ হাজার এস এস আই ইউনিট বন্ধ এবং রুগ্ন রয়েছে অ্যাজ পার রিজার্ভ ব্যাঙ্ক সেনসাস। এর আগে আমরা এই হাউসে অনেক বড় বড় কথা শুনেছি যে পশ্চিমবাংলা এস এস আই ইউনিটে আগে আছে। এখন দেখছি রোজ এস এস আই ইউনিট বসছে এবং উঠে যাচ্ছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়-এর কাছে জানতে চাই এই যে ৬৫ হাজার ইউনিট বন্ধ, রুগ্ন হয়ে আছে এই ইউনিটগুলির মধ্যে সেক্টরওয়াইজ অর্থাৎ টেক্সটাইল.

[11-30 — 11-40 A.M.]

**শ্রী প্রলয় তালুকদার ঃ** আমাদের কাছে এস এস আই ইউনিটস-এর নাম্বারটা আছে। সেক্টর ওয়াইজ চাইলে দিতে পারব। আমাদের এস এস আই ইউনিট হচ্ছে ৬ লক্ষ। ব্যাঙ্কিংয়ের রিপোর্ট হচ্ছে, ব্যাঙ্কের কাছে যারা ডিফলটার, তাদেরও ওরা ধরে নিয়েছে সিক। সেই হিসাবে ৬৫ হাজার। আমরা দুটো জিনিস করছি আমাদের ডিপার্টমেন্ট থেকে আমরা টোটাল সেনসাস করার সিদ্ধান্ত নিয়েছি। ৬৫০০০ এর প্রত্যেকটির জন্য সিদ্ধান্ত নিয়েছি।

এরমধ্যে ৩১৫টি স্যাম্পেল হয়েছে ডব্লু বি এফ সি-এর চেয়ারম্যানকে নিয়ে যে কমিটি গঠিত হয়েছিল তাকে দিয়ে। এস এস আই ইউনিটগুলো সিক হওয়ার বহু কারণ আছে। কোনও কারণ মার্কেটিংয়ের, কোনও কারণ ব্যাঙ্কের ফাইনান্সের জন্য। কোনও কারণ আছে ডিলেড পেমেন্টের জন্য। এমন হল যে, কোনও জায়গায় সাপ্লাই করল, ৯০ দিনের মধ্যে পেমেন্ট করার কথা, কিন্তু তা হল না। তারপর দেখা গেল ইউনিটটা লক-আউট হয়ে গেল। এই রকম বহু কারণ আছে। এই সমস্ত কিছু নিয়ে আমরা সেনসাস করার সিদ্ধান্ত নিয়েছি। সেনসাস স্টার্ট হয়ে গেছে। জয়েন্ট ডিরেকটরকে দিয়ে আমরা সেনসাস করাচ্ছি। আর সেকটর ওয়াইজ যেটা বলছেন, আমাদের এখানে ঝাঁটার কাঠি থেকে শুরু করে ইলেকট্রনিক্স, ১০ কোটি টাকা পর্যন্ত প্রোজেক্ট আছে। কাজেই সেক্টর ওয়াইজ চাইলে, নোটিশ দেবেন, জানিয়ে দেব। আর পাওয়ার ইউজ করে যারা, সেখানে টাইনি সেক্টর যেমন আছে, বড় সংখ্যাও আছে। সেই হিসাবে ৬ লক্ষ হচ্ছে সংখ্যাটা। সেক্টর ওয়াইজ বললে তারমধ্যে হোসিয়ারি রেডিমেন্ট গার্মেন্টস, ইলেকট্রনিক্স, ইঞ্জিনিয়ারিং ফাউন্ড্রি, এইসব যদি চান তাহলে নোটিশ দেবেন। আমি প্রত্যেকটি জানিয়ে দেব।

**শ্রী সুলতান আহমেদ ঃ** ট্রেড ইউনিয়ন মুভমেন্ট বা ফিনান্সিয়াল সেক্টর থেকে ঠিকমতো লোন পায়নি টাইমলি, এই রকম কতগুলো ইউনিট আছে? ট্রেড ইউনিয়ন মুভমেন্টের জন্য ঝান্ডা লাগিয়ে দিচ্ছে, তারফলে ইন্ডাস্ট্রি বন্ধ হয়ে গেছে এই রকম কতগুলো ইউনিট আছে?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** ট্রেড ইউনিয়ন মুভমেন্টের জন্য কারখানা বন্ধ আছে, এটা দেখার জন্য লেবার ডিপার্টমেন্ট আছে। এখানে এটা জানতে চাওয়ার বিষয় হচ্ছে অপ্রাসঙ্গিক। ট্রেড ইউনিয়ন সব জায়গাতেই আছে। কখনও ঝান্ডা লাগিয়ে লক-আউট করা হয়। আবার লক আউট করে ঝান্ডা লাগিয়ে দেওয়া হয় কখনও। আর ব্যাঙ্ক ফাইন্যান্সের ব্যাপারও আছে। শুধু ব্যাঙ্কিং ফাইন্যান্স নয়, ওয়েস্ট বেঙ্গল ফিনান্সিয়াল কর্পোরেশেন আছে, এখানে প্রচুর হ্যারাসমেন্ট আছে। যার ফলে ইন্ডাস্ট্রি চালানো শক্ত হয়ে পড়ে।

**শ্রী সুলতান আহমেদ ঃ** ৬৫ হাজার বন্ধ এবং রুগ্ন যে এস এস আই ইউনিট আছে, এদের টোটাল কত পরিমাণ টাকা ফিনান্সিয়াল কর্পোরেশন, ফিনান্সিয়াল ইনস্টিটিউট এবং ব্যাঙ্কের কাছে আটকে আছে?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** মুশকিল কি জানেন ব্যাঙ্কের যে টাকা দেওয়ার কথা সেক্ষেত্রে তারা আন্ডার ফিনান্স করেন, ফলে ব্যাঙ্কের টাকা এখনও অনেক আটকে আছে। ব্যাঙ্ক প্রতিটি ক্ষেত্রে ৬ মাসের পেমেন্টের জায়গায় ৬ বছরে পেমেন্ট করে। সুতরাং ব্যাঙ্ক দুটো জিনিস করে এক হচ্ছে আন্ডার ফিনান্স করা এবং ডিলেড করা। ডব্লিউ বি এফ সিও এইরকম করে। আমাদের ডিপার্টমেন্টের কাজ হচ্ছে প্রোমোশনাল কাজ অর্থাৎ প্রাকটিক্যালি ব্যাঙ্ক, ডব্লিউ বি এফ সি এবং আর্থিক প্রতিষ্ঠানের কাছে তদ্বির করা যাতে করে এস এস আই ইউনিটগুলো সুবিধা পায়। আর বি আই ৬৫ হাজার ইউনিট বলেছে।

**শ্রী সুলতান আহমেদ ঃ** কত টাকা আটকে আছে তার পরিমাণ দিন এবং সেক্টর ওয়াইজ পরিসংখ্যান আপনার কাছে আছে কি?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** আমি তো বলেছি প্রত্যেকটি ক্ষেত্রে স্পেসিফিক কোয়েশ্চেন করলে নোটিশ দিন আমি উত্তর দেব।

**শ্রী সুলতান আহমেদ ঃ** স্যার, আই সিক ইয়োর প্রোটেকশন। আমার ৩টে অরিজিন্যাল কোয়েশ্চেন সাপ্লিমেন্টারির উত্তর মাননীয় মন্ত্রী দিতে পারেন নি। আমার প্রশ্ন ছিল যে, সরকারের কাছে হিসাব আছে কিনা যে রাজ্যে যে বেকারি বাড়ছে তাতে ব্যাঙ্ক এবং ফিনান্স কর্পোরেশনের কাছে আপনাদের কত টাকা আটকে আছে তার পরিসংখ্যক আপনার কাছে আছে কিনা, উনি তার কোনও উত্তরই দিতে পারেন নি।

**মিঃ স্পিকার ঃ** আপনার যে মেন কোয়েশ্চেন এ বি সি ছিল দ্যাট হ্যাজ বিন অ্যানসার্ড। আপনার সাপ্লিমেন্টারিটা কি?

**শ্রী সুলতান আহমেদ ঃ** আমার প্রশ্ন হচ্ছে ব্যাঙ্ক আর্থিক প্রতিষ্ঠান এবং ডব্লিউ বি এফ সির কাছে কত পরিমাণ টাকা আটকে আছে যারজন্য এই সমস্ত বন্ধ এবং রুগ্ন কারখানায় পরিণত হচ্ছে?

**মিঃ স্পিকার ঃ** মন্ত্রীর কাছে ফিগার না থাকলে পরে উত্তর দিয়ে দেবেন।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, ক্লোজ এবং সিক ইউনিট ৬৫ হাজার, এই ৬৫ হাজার ক্লোজ এবং সিক ইউনিটের জন্য কত সঠিক বেকার আছে?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** এইভাবে বলা সম্ভব নয়, এই যে ৬৫ হাজার ক্লোজ এবং সিক এটা কিন্তু ব্যাঙ্ক রুগ্ন বলেছে। আমাদের যে ইউনিটগুলো সিক সেগুলো কিন্তু সব ক্লোজ নয়। কিন্তু ব্যাঙ্ক এই ৬৫ হাজার ইউনিটের মধ্যে কতটা ক্লোজ এবং কতটা সিক ভাগ করেন নি।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** যেগুলো ক্লোজ আছে সেগুলো সম্পর্কে বলুন?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** আমরা ৩০৫টির মধ্যে ১০৫টির রিপোর্ট দিয়েছি এবং সেখানে অ্যাভারেজ পাব এস এস আই ১০ থেকে ১৫ আমরা ধরে নিই।

[11-40 — 11-50 A.M.]

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছ থেকে আমি জানতে চাইছি, আপনি জানিয়েছেন এবং যে রিপোর্ট পাওয়া যাচ্ছে সেটা অত্যন্ত হতাশাব্যঞ্জক এই রাজ্যে ক্ষুদ্র শিল্প একটা ভয়ঙ্কর সঙ্কটের মধ্যে পড়েছে এর মূলে আছে ডি আই সি অফিস ডি আই সি অফিসে যা ভ্যাকেট করার জন্য পাঠানো হয়, সেখানে কিন্তু নন-টেকনিক্যাল লোকের অভাবে এই সমস্ত ইন্ডাস্ট্রির লোকেরা সঙ্কটে পড়েছে, নন-টেকনিক্যাল লোকেদের ভ্যাকেট করার ব্যবস্থা করবেন কি?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** এটার প্রাসঙ্গিকতা বুঝলাম না, তবে ডি আই সিকে স্ট্রেনদেন করার ব্যবস্থা করছি।

**শ্রী বরেন বসু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, একটু আগে বলছিলেন, একটা প্রোগ্রাম করছেন স্ট্রেনদেন করছেন। ৬৫ হাজার যেটা বলেছেন, আপনি যে পরিসংখ্যানটা দিয়েছেন এতগুলি ইউনিট বন্ধ আছে, এটা হচ্ছে রিজার্ভ ব্যাঙ্কের হিসাব। তাদের হিসাবের সঙ্গে প্রকৃত অর্থে সংস্থা চালাবার কোনও সম্পর্ক নেই, আপনি যে সেনসাস করবেন তার জন্য কোনও সময়সূচি আপনি নির্ধারণ করেছেন কিনা এবং সেই সেনসাস রিপোর্ট কতদিনের মধ্যে পেতে পারি?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** রিজার্ভ ব্যাঙ্ক এটা বলেনি যে ৬৫ হাজার বন্ধ আছে। এটা ক্লোজ অ্যান্ড সিক, তার অর্থ সিক মানে চালু আছে। কাজেই যেটা বলেছি সেটা হচ্ছে ৬৫ হাজার ক্লোজ অ্যান্ড সিক আছে? তাদের লিস্ট নিয়ে আমরা সেনসাস শুরু করেছি। আমরা যেটা বলেছি, ডিসেম্বরের মধ্যে প্রথম ২৫ শতাংশের সেনসাস আমাদের কমপ্লিট করতে হবে। কারণ সিকনেস এর অনেক কারণ আছে। যারা ইন্ডাস্ট্রি করেন তারা জানেন কি কি কারণে এগুলো হয়। আশা করছি আমরা এটা ১ বছরের মধ্যে বের করতে পারব।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমাদের নতুন সদস্যকে কটাক্ষ্য করে বললেন শিখতে হবে। আপনি তো দীর্ঘদিন ধরে দপ্তর দেখছেন, আমার প্রশ্ন হচ্ছে, যা নাম্বার অফ ক্লোজ অ্যান্ড সিক ইউনিট হয়েছে, আপনি বলেছেন, ৬৫ হাজার রিজার্ভ ব্যাঙ্ক হিসাব দিয়েছেন, সেখানে প্রশ্ন যখন আমরা করছি তখন বলছেন ক্লোজ নয়, সিক। আমার নির্দিষ্ট প্রশ্ন, ওয়েস্ট বেঙ্গল ফিনান্সিয়াল কর্পোরেশন তারা পশ্চিমবঙ্গে কতকগুলি এস এস আই ইউনিট কে মানিটারি ফিনান্স করেছে এবং টোটাল কত টাকা ফিনান্স করেছে?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** আমি যে উত্তরটা দিয়েছি, ক্লোজ অ্যান্ড সিক ইন্ডাস্ট্রি এই প্রশ্নটা স্পেসিফিক ছিল, উত্তরটাও তাই স্পেসিফিক দিয়েছি। এর মধ্যে ৬৫ হাজারকে নতুন করে সেনসাস করছি, এর মধ্যে কতকগুলি সিক হয়েছে আর ওয়েস্ট বেঙ্গল ফিনান্স কর্পোরেশন কাকে কত টাকা ফিনান্স করেছে, যদি এইসব জানতে চান আপনি লিখবেন, আমি উত্তর দিয়ে দেবে।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে স্মল স্কেল ইন্ডাস্ট্রির ইউনিটগুলি তার মধ্যে ৬৫ হাজার ক্লোজ অ্যান্ড সিক আমার কথা হচ্ছে, যে ওপেন ডোর How far the open door policy of the previous Central Government is responsible for such closed and sick units of Small Scale Industries and could I refer to the name of Janardan Puzary the then Minister of Central Government ? পশ্চিমবাংলার প্রতি রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করার জন্য কোনও রকম নর্মস না মেনে সেই টাকা ফেরত যায়। তার জন্য কত ইন্ডাস্ট্রি ক্লোজড এবং সিক হয়েছে?

**শ্রী প্রলয় তালুকদার ঃ** সেনসাস কমপ্লিট না হলে উত্তর দিতে পারব না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এটা খুবই ভাইটাল, আপনার শিল্পনীতির মধ্যে পশ্চিমবাংলার ক্ষুদ্র শিল্প কিভাবে এগিয়ে যাচ্ছে প্রতি বছর বাজেটে অর্থমন্ত্রী এবং সরকারের পক্ষ থেকে আমরা এই দাবি শুনে আসছি। ক্ষুদ্রশিল্পের উন্নয়নে রাজ্য সরকারের পজিটিভ ভূমিকা কি, ওয়েস্ট বেঙ্গল ফিনান্সিয়াল কর্পোরেশন অ্যাকচুয়াল ইনভেস্টমেন্ট কি।

এই সম্পর্কে জানতে হলে তো নোটিশ দিয়ে জানতে হবে। এতই যদি উন্নয়ন তাহলে ৬৫ হাজার শিল্প, রিজার্ভ ব্যাঙ্কের তথ্য অনুযায়ী ক্লোজড এবং সিক হয়ে আছে। তাহলে এটা আপনার শিল্প উন্নয়নের সঙ্গে কতখানি সঙ্গতিপূর্ণ এই সম্পর্কে ওয়াকিবহাল করতে পারবেন কি? আপনি তো সবাইকেই নোটিশ দিতে বলছেন।

[11-50 — 12-00 Noon]

**শ্রী প্রলয় তালুকদার ঃ** মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি আমাদের এস এস আই ইউনিটস ওয়েস্ট বেঙ্গলের সংখ্যা ছয় হাজার। এর যেমন প্রতি বছর গ্রোথ হচ্ছে, তেমন আবার বেশ কিছু ইন্ডাস্ট্রি সিক হচ্ছে। এটা কন্টিনিউয়াস প্লাস-মাইনাস হয়। সিক ইউনিট যেগুলো আছে তার জন্য একটা অ্যাসিসটেন্ট স্কীম আছে। অনেক সময় ব্যাঙ্কের জন্য সিক হয়, অনেক ফাউন্ড্রিগুলো আবার পপুলেশনের জন্য সিক হয়ে গেছে। আমরা একটা স্কীম করেছি সিক ইউনিটগুলোকে কি করে রিভাইভাল করা যায়। এর জন্য অনেক টাকা ইনভলভমেন্ট, ব্যাঙ্ক কত টাকা দিচ্ছে, ডব্লু বি আই ডি সি কত টাকা দিচ্ছে। এটা আমাদের ডিপার্টমেন্টের কাছে আছে, আমি জেনে বলতে পারব। এইগুলো আমরা রিভাইভালের জন্য করি, স্টেট গভর্নমেন্ট শুধু মার্জিন মানি দেয়। কতগুলো স্কীম আছে এইগুলো পড়তে আমার সময় লাগবে। মার্জিন মানি Margin money loan assistance programme for sick registered SSI Units. National Equity Fund Scheme for SSI units, Sanction of soft loan at concessional rate of interest to closed and sick industries, Capital Investment subsidy scheme, 1990 of Govt. of West Bengal for sick SSI units etc. etc. এইরকম স্কীম আছে যে স্কীমের মধ্যে দিয়ে আমরা সিক এস এস আই ইউনিটকে রিভাইভ করার ব্যবস্থা করি। তাছাড়া অ্যাকচুয়ালি সবটা আমি দিতে পারব না। কিন্তু কিছুটা দিতে পারব। ওয়েস্ট বেঙ্গল ফিনান্স কর্পোরেশনের ইনভলভমেন্ট কত সেটা বলে দিচ্ছি। During 1994-95, the West Bengal Finance Corporation sanctioned financial assistance of about Rs. 3312 lakhs to 445 units under the Re-finance scheme. The West Bengal Finance Corporation provided assistance amounting to Rs. 401.10 lakhs to 18 units. The West Bengal Finance Corporation also assisted 19 units with a loan of Rs. 26.35 lakhs during 1994-95 under the special scheme for assistance to the women entrepreneurs. এই পর্যন্ত তথ্য আছে আরও ডিটেল তথ্য চান আমাকে যদি মাননীয় সদস্যর' দয়া করে লেখেন, এই হাউস খোলা থাকলে হাউসেই দেব নাহলে আপনাদের চিঠি লিখে দেব। সমস্ত তথ্য আছে, রিপোর্ট দিয়ে দেব। কোনও তথ্য হাউড আন্ড সিক করার ব্যাপার নয়। সমস্ত তথ্য আমাকে জোগাড় করতে হবে। ফ্লোরে বললেই সব কিছু দিয়ে দেব এমন কোনও ভগবান নেই যে পারবে।

### স্বল্প সঞ্চয় প্রকল্পের লক্ষ্যমাত্রা

*৪৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৩।) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ১৯৯৫-৯৬ আর্থিক বছরে এ রাজ্যে স্বল্প সঞ্চয় প্রকল্পে সঞ্চয়ের কোনও লক্ষ্যমাত্রা ধার্য ছিল কি না ;

(খ) থাকলে, তা কত ; এবং

(গ) প্রকৃত সঞ্চয়ের পরিমাণ কত?

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ**

(ক) হ্যাঁ

(খ) নিট সঞ্চয়ের লক্ষ্যমাত্রা ১৭১০ কোটি টাকা।

(গ) ২০২৪ কোটি টাকা।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, প্রকৃত সঞ্চয়ের যে পরিমাণ জানালেন তাতে দেখা যাচ্ছে আগের আর্থিক বছরে এই বিভাগের যে সাফল্য, সেই সাফল্যের ক্ষেত্রে যে জেলাগুলি সংগৃহীত অর্থের উপর ভিত্তি করে উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছে, সেই জেলাগুলোর নাম জানাবেন কি এবং তাদের সংগৃহীত অর্থের পরিমাণ কত?

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ** ৯৫-৯৬ যে বছরের ক্ষেত্রে আপনি বলছেন, সেই বছরে ১৮টি জেলার মধ্যে সর্বপ্রথম স্থান কলকাতার। সেখানে নিট স্বল্প সঞ্চয়ের পরিমাণ ৩১০ কোটি টাকা, দ্বিতীয় স্থান উত্তর ২৪ পরগনা জেলার সেখানে নিট স্বল্প সঞ্চয়ের পরিমাণ ২৮৭ কোটি টাকা, তৃতীয় স্থান বর্ধমান যেখানে নিট স্বল্প সঞ্চয়ের পরিমাণ ২৬৭ কোটি টাকা, চতুর্থ দক্ষিণ ২৪ পরগনা ২৪৭ কোটি টাকা, পঞ্চম স্থান মেদিনীপুর ১৪৭ কোটি টাকা। আগের বছর এর আপেক্ষিক অবস্থান প্রথম থেকে পঞ্চম একই ছিল। পরিমাণ গুলো কিছুটা বিভিন্ন ছিল।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** স্যার, মাননীয় মন্ত্রী ৩০শে মে রবীন্দ্র সদনে স্বল্প সঞ্চয় শীর্ষক যে আলোচনা চক্র অনুষ্ঠিত হয়, সেখানে কলকাতা বিশেষভাবে সফল এবং যারা এজেন্ট তাদের আপনি পুরস্কৃত করেছেন। বিশেষভাবে এই সাফল্য কি এবং কতজন এজেন্টকে কি পরিমাণ পুরস্কার দিয়েছেন?

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ** আপনি জানেন, স্বল্প সঞ্চয়ের যারা গ্রাহক বা এজেন্ট, তাদের আমরা এবং কেন্দ্রীয় সরকার যৌথভাবে নিযুক্ত করি এবং এরা কমিশন পান। এরা ১ পারসেন্ট হারে কমিশন পান। ১ পারসেন্টের উপর ১০ পারসেন্ট হারে রাজ্য সরকারের এদের কমিশন দেন। তার থেকে, কমিশন ভিত্তিক যারা প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেন তাদের আমরা পুরস্কৃত করি। সেদিন আমরা প্রথম যে ৩ জনকে পুরস্কৃত করি তাদের কমিশনের পরিমাণ বছরে ৫ লক্ষ টাকা অতিক্রম করেছিল।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** কলকাতা জেলার এজেন্টদের পুরস্কৃত করছেন। বাকি জেলাগুলোর এজেন্টরা যারা সাফল্য দেখিয়েছেন তাদের যদি পুরস্কৃত না করা হয় তাহলে উদ্যমে ভাটা পড়বে বলে মনে হয়।

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ** আমরা এই ধরনের অনুষ্ঠান প্রত্যেকটি জেলায় করবার জন্য বদ্ধপরিকর।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে সঞ্চয় বেড়েছে বলে মনে করেন। আমি কিন্তু ব্যাপারটা বুঝতে পারছি না। আমি দেখি স্বল্প সঞ্চয় মানে হচ্ছে ভারত সরকারের ন্যাশনাল সেভিং সার্টিফিকেট, ইন্দিরা বিকাশ পত্র, কিষাণ বিকাশ পত্র। এগুলো বিক্রি হচ্ছে। কারণ ভারত সরকার এগুলো অ্যাট্রাকটিভ টার্মসে দিয়ে থাকেন। আগে লোকে মিউচুয়াল ফান্ডে যেত। এখন মিউচুয়াল ফান্ডের পজিশন ভাল নয়, শেয়ার মার্কেটের অবস্থাও ভাল নয়। সেজন্য স্বল্প সঞ্চয় বেড়েছে। আমরা যারা চাকরি করি তারা বছরের শেষে ইনকাম ট্যাক্স থেকে রিবেট পাওয়ার জন্য স্বল্প সঞ্চয় করি। সেজন্য ন্যাশনাল সেভিং সার্টিফিকেট লোকে কিনছে। ইন্দিরা বিকাশ পত্র, কিষাণ বিকাশ পত্র আরও বেশি বিক্রি হচ্ছে। এর ৮০ ভাগ টাকা রাজ্য সরকার লোন হিসেবে পাচ্ছেন। এতে রাজ্য সরকারের কৃতিত্ব কোথায়? স্বল্প সঞ্চয় বৃদ্ধি করার জন্য ওরা কি করছেন?

[12-00 — 12-10 P.M.]

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ** এর উত্তর যেহেতু এই প্রশ্নের মধ্যে অন্তত ৬-৭টা স্টেটমেন্ট ছিল, তারপর প্রশ্নটা এসেছে, সেজন্য আপনি অনুমতি দিলে আমি মিশ্রভাবে জবাব দিচ্ছি। প্রথমত মাননীয় বিধায়ক সৌগতবাবু অবহিত আছেন যে মানি এবং সেভিংস বিষয়টা যেহেতু ভারতবর্ষের সংবিধানে রাজ্য তালিকা ভুক্ত নয় তাই সেখানে কেন্দ্রীয় সরকারের একটা ভূমিকা আছে। সেই ভূমিকাটা হচ্ছে স্বল্প সঞ্চয়ের যে প্রকল্পগুলো আছে তার সুদের হার কি হবে সেটা ওরা বলে দেন এবং এটার ইমপ্লিমেন্ট, রূপায়ণ করার সমস্ত দায়িত্ব রাজ্য সরকারের উপর ছেড়ে দেওয়া আছে। এর জন্য সর্বভারতীয় স্তরে একটা কমিটি আছে। এটা ন্যাশনাল অ্যাডভাইসরি কমিটি অন স্মল সার্ভিসেস। প্রত্যেক রাজ্যের অর্থমন্ত্রী এই কমিটির সদস্য এবং কেন্দ্রীয় অর্থমন্ত্রী এই কমিটির সভাপতি। কিন্তু দুঃখের বিষয় গত ১০ বছরে একবারও কেউ এই কমিটিতে মিট করতে পারেন নি। ১৯৯১-৯২ সাল থেকে নানা বাধার সৃষ্টি করা হচ্ছে। এই টাকা রাজ্যের মানুষের উন্নয়নে ব্যবহার করা হবে নাকি এখানকার সঞ্চয় হাতিয়ে নিয়ে বেসরকারি উদ্যোগে দেওয়া হবে তার জন্য বাধার সৃষ্টি করা হচ্ছে। শেয়ার মার্কেটের কেলেঙ্কারি হল। মিউচুয়াল ফান্ডের অবস্থা ভাল নয়। একমাত্র রাজ্য সরকার প্রত্যেকটি জেলার ক্ষেত্রে কলকাতা জেলা সমেত স্বল্প সঞ্চয়ের লক্ষ্যমাত্রা স্থির করে একটা বিকেন্দ্রীভূত পরিকল্পনা নিয়েছেন। তাতে জেলাগুলোর মধ্যে যে পঞ্চায়েতগুলো আছে, জেলাগুলো যদি লক্ষ্যমাত্রা অতিক্রম করতে পারে তাহলে এই সঞ্চয়ের কিছু অংশ জেলাগুলো উন্নয়নের কাজের জন্য পাবে। বস্তুত আমাদের যেটা জেলা পরিকল্পনা ফান্ড, তার একটা বড় অংশ এই। এটা অনেক বড় রাজ্যও করতে পারে নি। লক্ষ্যণীয়, আমাদের রাজ্যের স্থান প্রথম। তারপর উত্তর প্রদেশ, তারপর গুজরাট, মহারাষ্ট্র বিভিন্ন রাজনৈতিক দলের আছে। আমরা পশ্চিমবঙ্গে বিকেন্দ্রীভূত করে, পঞ্চায়েতের সঙ্গে যুক্ত করে এর বৃদ্ধি এত করেছি। মানুষ ব্যাঙ্কে যে টাকা রাখছে, তার দ্বিগুণ টাকা রাখছে স্বল্প সঞ্চয়ে। এখানে কেন্দ্রীয় সরকারের কোনও ভূমিকা নেই। বরং রূপায়ণের ক্ষেত্রে তারা একটা বিরোধী ভূমিকাই পালন করেছিল। পশ্চিমবঙ্গ তার বিরুদ্ধে প্রতিবাদী কণ্ঠস্বর তুলেছে।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** পশ্চিমবঙ্গ বিধানসভা থেকে দিল্লিতে অল পার্টি ডেলিগেশনে আমিও একজন সদস্য ছিলাম, কংগ্রেসেরও তিন জন ছিলেন। আমরা বলেছিলাম, ব্যাঙ্কের আমানতের যে টাকা, তার শতকরা মাত্র ৪৮ ভাগ বিনিয়োগ করার ক্ষমতা এই রাজ্যকে দিয়েছেন, কিন্তু অন্যান্য রাজ্যে ৬০/৭০/৮০ ভাগ-এর মতো ব্যাঙ্কের টাকা বিনিয়োগ করা হয়। আমাদের ক্ষেত্রে এটা বঞ্চনা। আমরা রাজ্য থেকে একটা ব্যাঙ্কের কথা বলেছিলাম, তাও ওরা করতে দেয় নি। মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞেস করব, এই যে স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে আমরা প্রথম স্থান অধিকার করেছি কিন্তু কেন্দ্রীয় সরকারের পরিচালিত ব্যাঙ্ক এবং অর্থনৈতিক সংস্থা যে বঞ্চিত করছে, সেটা দূর করার জন্য রাজ্য সরকার কি জোর দিচ্ছে?

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ** যদি ঋণ-আমানতের কথা বলেন ব্যাঙ্কের ঋণ আমানতের অনুপাত ৫০ ভাগ এবং স্বল্প সঞ্চয়ে আমানতে ৭৫ ভাগ ফিরে আসে, সেদিক থেকে বেশি। আর স্বল্প সঞ্চয়ে মানুষ ব্যাঙ্ক থেকে দ্বিগুণ রাখতে উদ্যোগী হয়েছে। বিশ্বাস করুন, না করুন, এটা সরকারের কৃতিত্ব।

## Starred Question
## (to which written answers were laid on the Table)

### পাঠক্রম নির্ধারণে কমিটি গঠন

*৪৫০। (অনুমোদিত প্রশ্ন নং *২২১।) **শ্রী সুকুমার দাস ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পাঠক্রম নির্ধারণের জন্য সরকার কোনও কমিটি গঠন করার সিদ্ধান্ত নিয়েছে কি না ; এবং

(খ) নিয়ে থাকলে, উক্ত কমিটির সদস্য নিয়োগের পদ্ধতি কি?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পাঠক্রম নির্ধারণের জন্য নয় তবে উভয় পাঠক্রমের সমন্বয় সাধনের জন্য একটি কমিটি নিযুক্ত হয়েছে।

(খ) মধ্য শিক্ষা পর্ষদ ও উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সাথে যারা যুক্ত এমন কয়েকজনকে নিয়ে উক্ত কমিটি গঠিত হয়েছে।

### কৃষ্ণনগর কলেজিয়েট স্কুলে শিক্ষকের শূন্য পদ

*৪৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৩৪।) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগর কলেজিয়েট স্কুলে প্রাথমিক ও মাধ্যমিক বিভাগে কতগুলি শিক্ষক পদ শূন্য আছে ;

(খ) উক্ত শূন্য পদ পূরণের জন্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেছে কি না ; এবং

(গ) সরকার কি অবগত আছে যে, উক্ত বিদ্যালয়ে মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক স্তরে শিক্ষকের অভাবে পড়াশুনা ব্যাহত হচ্ছে?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রাথমিক বিভাগে ৪টি এবং মাধ্যমিক বিভাগে ৫টি মোট ৯টি পদ শূন্য আছে।

(খ) হ্যাঁ।

(গ) হ্যাঁ।

### জুনিয়র স্কুল অনুমোদন

*৪৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *৫৭২।) **শ্রী ঈদ মহম্মদ ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে ১৯৯৫-৯৬ আর্থিক বছরে কতগুলি জুনিয়র স্কুলকে অনুমোদন দেওয়া হয়েছে?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

বিদ্যালয়ের অনুমোদন দেওয়া হয় শিক্ষাবর্ষের হিসাবে, ১-৫-৯৫ শিক্ষা-বর্ষ থেকে রাজ্যে মোট ছটি জুনিয়র হাই স্কুলকে অনুমোদন দেওয়া হয়েছে।

### পানিহাটি মহাবিদ্যালয়ে স্নাতক স্তরে বিজ্ঞান বিভাগ চালু

*৪৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩৬।) **শ্রী নির্মল ঘোষ ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পানিহাটি মহাবিদ্যালয়ে স্নাতক স্তরে বিজ্ঞান রিভাগ চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) একত্রে যথাবিহিত প্রস্তাব এলে বিষয়টি বিবেচনা করে দেখা হবে।

### চতুর্থ বেতন কমিশনের রিপোর্ট

*৪৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬২৬।) **শ্রী তপন হোড় ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্য সরকারি কর্মচারিদের জন্য গঠিত চতুর্থ বেতন কমিশনের রিপোর্ট কবে নাগাদ প্রকাশ করা হতে পারে বলে আশা করা যায়?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

রাজ্য সরকারি কর্মী এবং শিক্ষক সহ অন্যান্য সংশ্লিষ্ট কর্মীদের জন্য ২৭ শে নভেম্বর, ১৯৯৫ চতুর্থ বেতন কমিশন গঠন করা হয়েছে। বেতন কমিশনকে গঠনের বিজ্ঞপ্তি জারির দিন থেকে এক বছরের মধ্যে সরকারের কাছে রিপোর্ট জমা দেবার জন্য অনুরোধ করা হয়েছে।

**ষাট বছর বয়োত্তীর্ণ শিক্ষকদের বেতন বন্ধ**

*৪৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮৮।) **শ্রী অজিত খাঁড়া ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা জেলার ৬০ বছর উর্দ্ধে বয়স্ক শিক্ষকদের বেতন প্রদান বন্ধ রাখা হয়েছে ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, বন্ধ রাখার কারণ কি?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এটা সত্য নয়, যে ৬০ বৎসরের উর্দ্ধে সকল শিক্ষকদের বেতন বন্ধ আছে। ১৯৯০ সালের আদেশ অনুসারে ১-১-৮৬ তারিখ থেকে সংশোধিত বেতনক্রমে যারা ইচ্ছাপত্র পেশ করেছেন, তারা ৬০ বছর বয়েসেই অবসর নেবেন। যারা ১-১-৮৬ তারিখের পুর্বের বেতনক্রমে ইচ্ছাপত্র দিয়েছেন তারা ৬০ বছরের পর ১ বছর করে ৬৫ বছর বয়স পর্যন্ত চাকুরি করবেন শুধু উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা নয় সমস্ত জেলাতেই এই আদেশ কার্যকরী আছে।

(খ) প্রশ্ন উঠে না।

**ফুড প্রসেসিং কেন্দ্রের সংখ্যা**

*৪৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৮৮২।) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** ফুড প্রসেসিং বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে ফুড প্রসেসিং কেন্দ্রের সংখ্যা কত?

**ফুড প্রসেসিং বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

৯টি (নয়টি)

**অলচিকি এবং সাঁওতালী ভাষা**

*৪৬০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯৬।) **শ্রী নরেন হাঁসদা ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, "অলচিকি" লিপি এবং সাঁওতালী ভাষাকে স্বীকৃতিদানের প্রস্তাব রাজ্য সরকার কর্তৃক কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, উক্ত প্রস্তাবটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) সত্য নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

**প্রশ্নপত্রের হিন্দি অনুবাদ**

*৪৬২। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১০।) **শ্রী শ্যামাদাস ব্যানার্জি :** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উচ্চমাধ্যমিক স্তর থেকে পরীক্ষার প্রশ্নপত্র হিন্দিতে অনুবাদ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**জবরদখল কলোনি**

*৪৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৩২৯।) **শ্রী মোজাম্মেল হক** এবং **শ্রী পরেশনাথ দাস :** উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে জবরদখল কলোনির সংখ্যা কত ;

(খ) পুনর্বাসনের জন্য ৩১শে মে, ১৯৯৬ পর্যন্ত উদ্বাস্তুদের জন্য কতগুলি কলোনির জমি সরকার অধিগ্রহণ করে স্থায়ী দলিল প্রদান করেছে ; এবং

(গ) অধিগ্রহণের পর স্থায়ী দলিল প্রদানের সংখ্যা কত?

**উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) কেন্দ্রীয় সরকার কর্তৃক স্বীকৃত জবরদখল করার সংখ্যা ৯৩২। এছাড়া রাজ্য সরকার ৯৯৮টি কলোনিকে স্বীকৃতি দিয়েছে এবং এর প্রশাসনিক কাজ শুরু করা হয়েছে।

(খ) উপরিউক্ত ৯৩২টি জবরদখল কলোনির মধ্যে ৮৮৭টি কলোনির দখল রাজ্য সরকার গ্রহণ করেছে। অবশিষ্ট ৪৫টি বিষয়ে যথোচিত উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

(গ) সরকারি পুনর্বাসন কলোনি ও জবরদখল কলোনি মোট ১৯৪২৪২টি স্থায়ী দলিল প্রদান করা হয়েছে।

## স্থায়ী স্কুল-পরিদর্শক

*৪৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪৮।) **শ্রী মহবুবুল হকঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ্ জেলায় প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শনের জন্য কোনও স্থায়ী পরিদর্শক আছেন কি না ;

(খ) না থাকলে, কত দিন যাবৎ উক্ত পদ খালি আছে ; এবং

(গ) উক্ত পদ স্থায়ীভাবে পূরণের বিষয়ে সরকার কোনও উদ্যোগ নিয়েছে কি না?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনের ক্ষেত্রে সকল স্তরের পরিদর্শক আছেন। মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শনের ক্ষেত্রে জেলা বিদ্যালয় পরিদর্শকের পদ শূন্য ছিল। সম্প্রতি উক্ত পদ পূরণ করা হয়েছে ; অন্যান্য পদে সকল পরিদর্শক আছেন।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

## ময়ূরাক্ষী কটন মিলস

*৪৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২৯।) **শ্রী বিজয় বাগদিঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে ময়ূরাক্ষী কটন মিলসের স্থায়ী ও অস্থায়ী শ্রমিক সংখ্যা কত ; এবং

(খ) উক্ত কারখানাটির আর্থিক অবস্থা কিরূপ?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) স্থায়ী—১৪৫ জন, অস্থায়ী—৫৮ জন।

(খ) বর্তমানে লোকসানে চলছে।

## রায়না ব্লকে বোরো মরশুমে জল প্রদান

*৪৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭৬।) **শ্রী শ্যামাপ্রসাদ পালঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

ডি ভি সি জলধার থেকে রায়না ব্লকে আগামী বোরো মরশুমে জল দেওয়ার কোনও পরিকল্পনা নেওয়া হচেছে কি না?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

আগামী বোরো মরশুমে ডিভিসি-র জলাধার থেকে জল দেওয়ার পরিকল্পনা সম্পর্কে এখনই কিছু বলা সম্ভব নয়। প্রতি বছর খারিচ সেচ মরশুমের পরে জলাধারে সঞ্চিত জলের পরিমাণ অনুযায়ী নভেম্বর মাসে বোরো চাষের প্রস্তুতি নেওয়া হয় এবং সম্ভাব্য বোরো সেচের এলাকাগুলিকে চিহ্নিত করা হয়ে থাকে।

**উত্তর দিনাজপুরে মাদ্রাসা ও বিদ্যালয় স্থাপন**

*৪৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯৮।) **শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উত্তর দিনাজপুর জেলার সাহাপুর-১ ও সাহাপুর-২ এলাকায় কোনও উচ্চমাধ্যমিক স্কুল, নিম্ন মাধ্যমিক স্কুল বা মাদ্রাসা নেই ;

(খ) ১৯৯৬-৯৭ আর্থিক বছরে উক্ত এলাকায় (১) উচ্চমাধ্যমিক, (২) নিম্ন মাধ্যমিক স্কুল ও (৩) মাদ্রাসা প্রতিষ্ঠার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(গ) থাকলে কোথায় কোথায় তা প্রতিষ্ঠা করা হবে?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উত্তর দিনাজপুর জেলায় ''সাহাপুর-১ ও সাহাপুর-২ এলাকা বলতে কোন স্থান মনে করা হচ্ছে তা পরিষ্কার নয়। সেজন্য এই প্রশ্নের উত্তর দেওয়া সম্ভব নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**খড়গ্রাম ও হরিহরপাড়ায় কলেজ স্থাপন**

*৪৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২৩।) **শ্রী বিশ্বনাথ মন্ডল ও শ্রী মোজাম্মেল হক ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপুর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম এবং হরিহরপাড়া এলাকায় কলেজ স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আপাতত নেই।

(খ) প্রশ্নই ওঠে না।

**দলিলের মূল্য নির্ধারণ**

*৪৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭২৮।) **শ্রী মনোরঞ্জন পাত্র :** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক করে উত্তর দেবেন কি—

বর্তমানে জমির দলিল করার সময় এলাকাভিত্তিক জমির বিঘা পিছু/শতক পিছু মূল্য কি পদ্ধতিতে নির্ধারণ করা হয়?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

পশ্চিমবঙ্গ স্ট্যাম্প (দলিলাদির অধমূল্যায়ন রোধ) নিয়মাবলি, ১৯৯৪-এর নিয়মাবলি ৩ অনুযায়ী করা হয়।

**রামপুরহাট শহরে গার্লস কলেজ**

*৪৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৭৪।) **শ্রী মহঃ হান্নান :** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৬-৯৭ শিক্ষা বর্ষে রামপুরহাট শহরে একটি বালিকা মহাবিদ্যালয় খোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত মহাবিদ্যালয়টির কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না,

(খ) প্রশ্ন ওঠে না।

**Registered SSI Industries**

*471. (Admitted Question No. *456) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) if is it a fact that the number of new Small Scale Industrial Units registered in the State and the employment created by such new SSI Units has continuously declined during the period between 1990-91 and 1995-96 ; and

(b) if so, the reason for :

(i) the factual position in this regard during the aforesaid period ;

(ii) the major reasons thereof ; and

(iii) the steps, if any, taken/proposed to be taken to reverse this trend ?

**Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department :**

(a) No. Actually from 92-93 onwards numbers has declined.

(b) (i) & (ii) Reasons for decline are mainly withdrawal of various benefits by the Central Govt. such as Central Subsidy Scheme, deregulation of raw materials like Iron & Steel and cumbersome process of registration.

(iii) A liberalised Registration Policy has been introduced from 1.4.96.

**নতুন ডিগ্রি কলেজ স্থাপন**

*৪৭২। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৫।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৫-৯৬-এর আর্থিক বছরে রাজ্যে কয়টি নতুন ডিগ্রি কলেজ স্থাপনের অনুমোদন দেওয়া হয়েছে ?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ছয়টি ।

**ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পে জমার পরিমাণ**

*৪৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১০৭।) **শ্রী সুকুমার দাস ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত আর্থিক বছরে (১৯৯৫-৯৬) রাজ্যে ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পে মোট কত টাকা জমা পড়েছিল ; এবং

(খ) রাজ্যের কোন জেলায় উক্ত প্রকল্প সংগৃহীত অর্থের পরিমাণ সবচেয়ে বেশি?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রধান ডাকঘরসমূহ হইতে বেসরকারিভাবে সংগৃহীত তথ্য অনুযায়ী

(১) মোট সংগ্রহ—৪৩৬৩ কোটি টাকা

(২) মোট সংগ্রহ—২০২৪ কোটি টাকা।

(খ) কলিকাতা।

**ও বি সি-দের শংসাপত্র প্রদান**

*৪৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৬।) **শ্রী তপন হোড়ঃ** তফসিলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক করে উত্তর দেবেন কি—

অন্যান্য (ও বি সি) অনুন্নত শ্রেণীভুক্ত ব্যক্তিদের সার্টিফিকেট ইস্যু করার পদ্ধতি কি?

**তফসিলি জাতি, উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

পদ্ধতি বিষয়ক নিয়মাবলির অনুলিপি গ্রথিত হইল।

**পশ্চিমবঙ্গ সরকার**
**তপসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগ**

**তফসিলি জাতি/উপজাতি ও ও.বি.সি. সম্পর্কীয় সার্টিফিকেট পাওয়ার নিয়মাবলি**

No. 48-TW/EC / MR-11/96 Dated, the 11th January, 1996.

১। ব্লক/পৌরসভা/নোটিফায়েড এরিয়া অথরিটির অফিস হইতে বিনা মূল্যে ছাপানো ফরম পাওয়া যাইবে। ফরম লইবার সময় কোনও সাক্ষ্যপ্রমাণাদির প্রয়োজন হইবে না।

২। (ক) স্থায়ী নিবাস ও (খ) জাতি/উপজাতি প্রমাণ করিবার জন্য, সম্ভব হইলে, প্রমাণ পত্রাদির ও পিতৃকূলের রক্ত সম্পর্কের কাহারও সার্টিফিকেট থাকিলে তাহার প্রত্যয়িত নকল আবেদনপত্রের সঙ্গে বি ডি ও/পৌরসভা/নোঃ এঃ অথরিটির অফিসে জমা দিতে হইবে। জমা দেওয়ার সময় পরবর্তী শুনানি/সাক্ষাৎকারের স্থান ও তারিখ সহ রসিদ দেওয়া হইবে।

৩। এক বা একাধিক মহল্লা/গ্রাম পঞ্চায়েতের সমস্ত আবেদনের শুনানি পূর্বঘোষিত নির্দিষ্ট দিনে নির্দিষ্ট স্থানে যথাসম্ভব একই প্রকাশ্য ও সর্বসমক্ষে গ্রহণ করিবার জন্য নির্দেশ দেওয়া আছে। যাহাদের আবেদনের শুনানি হইবে তাহাদের নামের তালিকা গ্রাম পঞ্চায়েত/ব্লক/পৌরসভা/নোঃ এঃ অথরিটির অফিসে টাঙ্গাইয়া দেওয়া হইবে এবং এই বিষয়ে কাহারও কোনও আপত্তি থাকিলে তিনি আগে হইতেই অথবা শুনানির দিন সাক্ষ্যপ্রমাণাদিসহ বক্তব্য রাখিতে পারিবেন।

৪। ব্লকের ক্ষেত্রে বি ডি ও এবং পৌরসভা/নোঃ এঃ অথরিটির ক্ষেত্রে এস ডি ও অথবা দায়িত্ব প্রাপ্ত কোনও ম্যাজিস্ট্রেট এই শুনানি গ্রহণ করিবেন।

৫। পিতৃকূলের রক্ত সম্পর্কীয় কাহারও সার্টিফিকেট দাখিল করিতে পারিলে সেই

আবেদনকারীর জাতি/উপজাতি ও স্থায়ী নিবাস সম্পর্কীয় নতুন প্রমাণ লাগিবে না। তিনি সরাসরি সার্টিফিকেট পাইবেন। আর যাহারা এই রকমের কোনও সার্টিফিকেট দাখিল করিতে পারিবেন না, তাহাদের আবেদনপত্রগুলি তফসিলি জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের ইনস্পেকটর বা অনুরূপ আধিকারিকের দ্বারা সরেজমিনে তদন্ত হইবে।

৬। জাতি/উপজাতি ও "স্থায়ী নিবাস" সম্পর্কে প্রধান/চেয়ারম্যান-এর সার্টিফিকেট সাধারণভাবে গ্রাহ্য হইবে। অবশ্য কোনও ক্ষেত্রে যদি প্রকাশ পায় যে, আবেদনকারী বা তার পূর্বপুরুষ রাষ্ট্রপতির সংশ্লিষ্ট আদেশ জারির তারিখের (যাহা তফসিলি জাতির ক্ষেত্রে ১০-৮-১৯৫০ ও তফসিলি উপজাতির ক্ষেত্রে ৬-৯-১৯৫০ ইং) পর অন্য রাজ্য হইতে পশ্চিমবঙ্গে আসিয়া স্থায়ীভাবে বসবাস করিতেছেন তবে সেই আবেদনকারীকে তাহার পূর্বরাজ্য হইতেই "মূল সার্টিফিকেট" সংগ্রহ করিতে হইবে। উক্ত আদেশ জারির পরবর্তী সময়ে যাহারা তদানিন্তন পূর্ব-পাকিস্তান হইতে ভারতে প্রবেশ করিয়া স্থায়ী ভাবে বসবাস করিতেছেন, তাহাদের বা তাহাদের বংশধরদের ক্ষেত্রে বাংলাদেশে সৃষ্টির পূর্ব তারিখে পশ্চিমবঙ্গের বাসিন্দা হইলেই চলিবে। কাগজপত্রাদি ছাড়াও যেখানে আবেদনকারীর পক্ষে বা বিপক্ষে মৌখিক সাক্ষ্য দেওয়া হইবে, সেই সমস্ত ক্ষেত্রে মৌখিক বক্তব্যের সারমর্ম তদন্তকারী অফিসার লিখিয়া লইবেন ও সারমর্ম সাক্ষীকে জানাইয়া দিয়া তাহার স্বাক্ষর গ্রহণ করিবেন।

৭। যে সমস্ত ক্ষেত্রে আবেদনকারী বা তাহার পূর্বপুরুষের নাম বৈধ ভোটার তালিকায় আছে, সেই সমস্ত ক্ষেত্রে নাগরিকত্বের জন্য প্রমাণ লাগিবে না।

৮। আবেদনপত্র জমা দেওয়ার তারিখ হইতে ছয় সপ্তাহের মধ্যে সার্টিফিকেট মঞ্জুর বা না-মঞ্জুর হইবে। প্রয়োজন বোধে সার্টিফিকেট দাতা আধিকারিক আবেদনপত্রটি অন্য জেলা বা রাজ্যে তদন্তের জন্য পাঠাইতে পারেন, সেই ক্ষেত্রে সময় বেশি লাগিবে।

৯। অন্যান্য মামলা মোকদ্দমার মতো সার্টিফিকেট কেসেরও তারিখ পড়িতে পারে এবং প্রত্যেক তারিখে আবেদনকারী পরবর্তী তারিখ জানিতে পারিবেন। অবশ্য সমস্ত প্রক্রিয়াটি সাধারণভাবে ছয় সপ্তাহের মধ্যে সম্পন্ন হইবে।

১০। কলিকাতা বাদে সমগ্র পশ্চিমবঙ্গের ক্ষেত্রে একমাত্র এস ডি ও এবং কলিকাতার ক্ষেত্রে দক্ষিণ চব্বিশ-পরগনার জেলা ম্যাজিস্ট্রেট অথবা তার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত কোনও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সার্টিফিকেট মঞ্জুর অথবা না-মঞ্জুর করিতে পারিবেন।

১১। সার্টিফিকেট না-মঞ্জুর হইলে কলিকাতার ক্ষেত্রে প্রেসিডেন্সি বিভাগের কমিশনার ও অন্য ক্ষেত্রে জেলাশাসকের নিকট আপীল করা চলিবে।

১২। অন্যান্য পশ্চাৎপদ শ্রেণীর (ওবিসি) অন্তর্ভুক্ত সম্প্রদায়সমূহের বেলাতেও সার্টিফিকেট পাওয়ার নিয়ম একই। তবে ইহাদের বেলায় যেহেতু নির্দিষ্ট চাকুরিজীবী ও নির্দিষ্ট আয়ের লোকেদের সন্তানেরা এই সার্টিফিকেট পাইবেন না, সেই কারণে অন্যান্য পশ্চাৎপদ শ্রেণীর সার্টিফিকেট-এর চাকুরি/আয়/জমি সম্পর্কীয় কিছু তথ্য জানিতে চাওয়া হইয়াছে।

কত সেচ জমি, কত অ-সেচ জমি আছে তাহার হিসাব দিতে হইবে ও সেই বিষয়ে স্থানীয় বি এল আর ও মহাশয়ের সার্টিফিকেট প্রয়োজন হইবে। জমি ও চাকুরি ব্যতীত অন্য আয়ের বেলায় যাহারা আয়কর দেন তাহাদেরকে তিন বৎসরের আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে। চাকুরির ক্ষেত্রে নতুন সম্পর্কে নিয়োগকর্তার সার্টিফিকেট লাগিবে। আয়কর অন্তর্ভুক্তির মধ্যে পড়েন না, বিভিন্ন পেশা ও ব্যবসা বাণিজ্য হইতে যে পরিমাণ আয় হয়, তাহার জন্য প্রধান/সভাপতি/এম এল এ/এম পি/কাউন্সিলরগণের সার্টিফিকেট প্রয়োজন হইবে। অন্যান্য সমস্ত বিষয়ে তফসিলি জাতি/উপজাতিভুক্ত ব্যক্তিগণের সার্টিফিকেট সম্পর্কীয় নিয়ম ওবিসি-ভুক্ত ব্যক্তিদের বেলায় হুবহু প্রযোজ্য।

### মেদিনীপুরে আইন কলেজ স্থাপন

*৪৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯৭।) **শ্রী নরেন হাঁসদা ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মেদিনীপুর জেলায় একটি আইন কলেজ স্থাপনের প্রস্তাব সরকার বিবেচনা করছে ;

(খ) সত্যি হলে, কোথায় স্থাপন করা হবে ; এবং

(গ) কবে নাগাদ উক্ত প্রস্তাব কার্যকর করা যাবে বলে আশা করা যায়?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না,

(খ) এবং (গ) প্রশ্ন ওঠে না।

### দলকার জলা সংস্কার

*৪৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮৯০।) **শ্রী শিবপ্রসাদ মালিকঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার গোঘাট এলাকার ''দলকার জল'' সংস্কারের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত কাজ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, আছে।

(খ) বর্তমানে জরীপের কাজ প্রায় ৫০ শতাংশ শেষ হয়েছে। বাকি কাজ শেষ করার, ব্যবস্থা নেওয়া হচ্ছে। প্রকল্পটির বাস্তবায়নের জন্য জরীপের কাজ শেষ হলে উপযুক্ত

পরীক্ষা নিরীক্ষার পরে একটি সুষ্ঠ পরিকল্পনা রচনা করে সেটির প্রশাসনিক অনুমোদনের জন্য ব্যবস্থা নেওয়া হবে।

### হীরাপুর এলাকায় কলেজ স্থাপন

*৪৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১১।) **শ্রী শ্যামাদাস ব্যানার্জিঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বর্ধমান জেলার হীরাপুর এলাকায় কলেজ স্থাপন করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে উক্ত কলেজটি কবে নাগাদ স্থাপিত হবে বলে আশা করা যায়?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আপাতত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

### বে-আইনিভাবে মদ বিক্রয়

*৪৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৫১।) **শ্রী মোজাম্মেল হক** এবং **শ্রী পরেশনাথ দাস ঃ** আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের গ্রামাঞ্চলে বে-আইনিভাবে মদ বিক্রয় চলছে ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হাঁ হলে, সরকার উক্ত বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করেছে/করছে?

**আবগারি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) গ্রামাঞ্চলের কোথাও কোথাও মাঝে মাঝে বে-আইনিভাবে মদ বিক্রয় হয়।

(খ) বে-আইনিভাবে মদ বিক্রি বন্ধে আবগারি বিভাগ থেকে নিয়মিত নজরদারী রাখা হয় এবং ধর-পাকড় করা হয়। ধৃত আসামী ও বাজেযাপ্ত বে-আইনি মদ সম্পর্কে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়। ভবিষ্যতে এই নজরদারী আরও জোরদার করা হবে।

### উত্তর দিনাজপুরে, উচ্চমাধ্যমিক, মাধ্যমিক এবং মাদ্রাসা স্কুল স্থাপন

*৪৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৬০২।) **শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উত্তর দিনাজপুর জেলায় গোতি এলাকায় কোনও উচ্চমাধ্যমিক স্কুল, মাধ্যমিক স্কুল বা মাদ্রাসা নেই ;

(খ) সত্যি হলে, উক্ত এলাকায় (১) উচ্চমাধ্যমিক, (২) মাধ্যমিক ও (৩) মাদ্রাসা প্রতিষ্ঠার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(গ) থাকলে, সেগুলি কোথায় কোথায় হবে?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) গোতি এলাকা বলতে মাননীয় বিধায়ক কোন এলাকা বলতে চাইছেন তা সঠিকভাবে না প্রকাশ করলে যথার্থ উত্তর দেওয়া সম্ভব নয়।।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

### বর্ধমানে মাদ্রাসার সংখ্যা

*৪৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩৫।) **শ্রী শ্যামাদাস পাল ঃ** মাদ্রাসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ১৯৯৫-৯৬ আর্থিক বছরে বর্ধমান জেলায় কয়টি মাদ্রাসা অনুমোদন পেয়েছিল ; এবং

(খ) তন্মধ্যে উক্ত মাদ্রাসাগুলি কোন কোন স্তরের?

**মাদ্রাসা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নতুন অনুমোদন এবং উন্নীতকরণ মিলিয়ে মোট সাত (৭) টি।

(খ) জুনিয়র হাই মাদ্রাসা হিসাবে নতুন অনুমোদন তিন (৩)টি ; সিনিয়র মাদ্রাসা হিসাবে নতুন অনুমোদন এক (১)টি ; হাই মাদ্রাসায় উন্নীতকরণ দুই (২)টি ; এবং দুই-শ্রেণী মাদ্রাসা থেকে চার-শ্রেণী (জুঃ হাই) মাদ্রাসায় উন্নীতকরণ এক (১) টি।

### Conversion of the Campus of Rabindra Bharati to Cultural Centre

*481. (Admitted Question No. *457) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Higher Education Department be pleased to state—

(a) the salient features of the Project for conversion of the Jorasanko Campus of Rabindra Bharati into a centre of Cultural and Tourist attraction ;

(b) the progress so far ;

(c) the steps proposed to be taken ; and

(d) financial assistance so far received/assured by the Government of Inida ?

**The Minister-in-charge of Education (Higher) Department**

(a) The salient features of the preliminary project reports are as follows :-

(1) To set up the National Centre in joint collaboration of the Govt. of India.

(2) The West Bengal Govt.,

(3) The Rabindra Bharati University and

(4) The Rabindra Bharati Society.

(i) To protect, preserve, renovate the comples, its precincts and surroundings.

(ii) To organise the museum and painting gallery.

(iii) The promote and provide facilities for creativity, reflexation and renovation in the field of literature and language, art and culture and other related matters.

(iv) To undertake development of the project in three phases.

(v) To undertake repair, renovation of the buildings, power supply and external illumination, air conditioning land scape and area development amongst others in the first phase.

(vi) The cost of the Phase-I as indicated by the Architect on the basis of the rough cost estimate comes to Rs. 900.00 lakh.

(vii) Phase II & III will devote thier activities to academic and cultural aspects.

(viii) The general governance of the centre has been proposed to be entrusted with General Council and immediate management with a Board of Governors.

The centre will also have other committee like Finance Committee, Development and Programme Committee etc.

b) (i) A preliminary project report along with a rough cost estimates

together with a Memorandum of Association as proposed by the Higher Education Department in consultation with Rabindra Bharati University and Rabindra Bharati Society and other well known exponents of Rabindra Culture was sent to the Government of India for their opinion.

(ii) The Government of India suggested some modification to the draft Memo of the Association sent by the Higher Edcuation Department.

A revised Memo of Association was prepared by the Higher Education Department after due consideration of the modification suggested by the Government of India.

This has been sent to them. Their further reaction is awaited.

(iii) In the meantime Archaeological Survey of India has already taken up the job of restoration and renovation of the Maharshi Bhavan Complex in the Jorasanko Campus.

(iv) Further dialogue with Government of India is going on.

(c) In order that the work of the complex can be undertaken soon, the following steps are proposed to be taken.

(i) Shifting the academic facilities of the Rabindra Bharati University from the Jorasanko Campus to the B.T Road Campus except a few Departments such as painting, dance etc. which will be befitting the ideals of the complex.

(ii) To continue dialogue with the Government of India regarding the approval of the Memorandum of Association towards registration of the Centre as a Society.

(iii) To intensify activities for obtaining promised assistance of Rs. 900.00 lakh from the Government of India.

(iv) To take necessary steps for establishment of General Council, Board of Governors and other bodies of the Centre.

(v) To start actual work regarding establishment of the Centre.

(vi) To allocate funds from the State budget for the purpose.

(vii) To take other steps as well be necessary from time to time.

(d) No fund has yet been received from the Government of India. However, the Ministry of Human Resource Development Department of the previous Congress (I) Government verbally assured to provide a substantial assistance for the Centre.

### পোশাকের উপর বিক্রয়কর

*৪৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪৬।) **শ্রী তপন হোড়ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

এটা কি সত্যি যে, রাজ্যে রেশম বস্ত্র ও পোশাকের উপর বিক্রয়কর তুলে দেওয়ার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

না।

### নিম্ন দামোদর পরিকল্পনা

*৪৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩৯।) **শ্রী শ্যামপ্রসাদ পালঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

দামোদর নদের বন্যা নিয়ন্ত্রণের জন্য নিম্ন দামোদর পরিকল্পনা গ্রহণের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীঃ**

দামোদর নদের বন্যা নিয়ন্ত্রণের জন্য সংশোধিত নিম্ন দামোদর নিকাশি পরিকল্পনাটি কেন্দ্রীয় সরকারের অধীনস্থ যোজনা পর্ষদ কর্তৃক অনুমোদিত। অনুমোদনের সময় প্রকল্পটির আনুমানিক ব্যয় ছিল ১৪.৪০ কোটি টাকা। পরিকল্পনাটি রূপায়ণের জন্য প্রথমেই প্রয়োজন জমি অধিগ্রহণ। এই জমি অধিগ্রহণের বিষয়টি ত্বরান্বিত করার জন্য সেচ দপ্তর হাওড়া জেলার জমি অধিগ্রহণ আধিকারিকের দপ্তরের সাথে সর্বদা যোগাযোগ রেখে চলেছে।

## Short Notice Starred Question
## (to which oral answers were given)

### নদী ভাঙ্গন রোধ ও বন্যা নিয়ন্ত্রণ

*৪৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১৭৬ এস এন।) **শ্রী মোজাম্মেল হকঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পদ্মা, ভৈরব, ছোট ভৈরব এবং জলঙ্গী নদীর ভাঙ্গন রোধ ও বন্যা নিয়ন্ত্রণের জন্য সরকার কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কিনা ; এবং

(খ) করে থাকলে, কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী গণেশ মন্ডল :**

(ক) হ্যাঁ, করেছেন।

(খ) নদীর গতি, প্রকৃতি ও ভাঙ্গনের তীব্রতা অনুসারে ভাঙ্গন প্রতিরোধক ও বন্যা নিয়ন্ত্রণের প্রকল্প তৈরি করা হয় এবং বিভাগীয় বার্ষিক যোজনা বরাদ্দ অনুযায়ী ঐ সব প্রকল্পগুলির মধ্যে থেকে অগ্রাধিকার ভিত্তিতে প্রতি বছর কিছু কিছু কাজ হাতে নেওয়া হয়।

**শ্রী মোজাম্মেল হক :** বললেন, যে, নদীর গতি-প্রকৃতির অনুযায়ী ভাঙন রোধ করা হয়, স্কীম তৈরি করা হয়, প্রকল্প গ্রহণ করা হয়। আমি বলেছি চারটে নদীর কথা, প্রত্যেকটি নদীতেই ভাঙন আছে। কিন্তু ভৈরব নদীর ভাঙনে বহু গ্রাম ক্ষতিগ্রস্ত হয়ে যাচ্ছে। সবচেয়ে ভয়ঙ্কর হল, পদ্মা নদী ভাঙতে ভাঙতে আমাদের সীমানা কমে যাচ্ছে আবার পশ্চিমবঙ্গের সীমানায় বাংলাদেশের লোকের জমি দখল করে রেখেছে, ফলে সেখানকার মানুষের সঙ্গে এখানকার মানুষের বিরোধ-এর সৃষ্টি হচ্ছে। এই বিরোধ মেটাবার জন্য কিছু করছেন কি না, জানতে চাই।

**শ্রী গণেশ মন্ডল :** এট কি করে হবে? আমাদের জমি বাংলাদেশে যাচ্ছে এটাতো আমাদের ব্যাপার নয়, আন্তর্জাতিক ব্যাপার। এটা রাষ্ট্রের সঙ্গে আরেকটা রাষ্ট্রের সম্পর্কের ব্যাপার। তাদের সঙ্গে সরাসরি কোনও কিছু করার প্রশ্ন আসে না। আর, আইন-শৃঙ্খলা জড়িত থাকলে তার প্রশ্নের উত্তর আমাদের এই দপ্তর দিতে পারবে না।

**শ্রী মোজাম্মেল হক :** এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে কিনা? যদি হয়ে থাকে তাহলে, এবিষয়ে কোনও পদক্ষেপ গ্রহণ করা হয়েছে কিনা?

**শ্রী গণেশ মন্ডল :** এখনও পর্যন্ত আমাদের কাছে তেমন কোনও সংবাদ নেই।

## Unstarred Question
## (to which written answers were laid on the Table)

### Piyali Town Industrial Estate

101. (Admitted Question No. 145) **Shri Shobhan Deb Chattopadhyay :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) there is any plan for revival of Piyali Town Industrial Estate at Baruipur ; and

(b) if so, plan and details thereof ?

**Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department :**

(a) No.

(b) Does not arise.

**Upgrading of the Baruipur Rural Hospital**

102. (Admitted Question No. 149) **Shri Shobhan Deb Chattopadhyay :** Will the Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

the steps taken by the Government to upgrade the Baruipur (Rural) Hospital into a Sub-Divisional Hospital ?

**Minister-in-charge of Health and Family Welfare Department :**

it is under active consideration and examination of the Health and Family Welfare Department.

**Un-electrified Mouzas at Baruipur**

103. (Admitted Question No. 156) **Shri Shobhan Deb Chattopadhyay :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) the total number of Mouzas of Baruipur P.S. are yet to be electrified ; and

(b) whether preference will be given to the villagers where more than 90% of the villagers belong to Scheduled Castes/Tribes ?

**Minister-in-charge of Power Department :**

(a) 3 Nos. Virgin Mouzas.

(b) there is no policy decision of giving preference of electrifying villages where more than 90% villagers belong to SC/Tribes under REC financed schemes. In this connection it may be mentioned that as per present REC, norms, the areas inhabited by largely economically weaker section are generally non-viable.

However, SC and TW Department of the State Government is sometimes, granting fund for electrification of SC/ST villages thereby giving indirect preference over other villages.

**রাজ্যে রাষ্ট্রীয় পরিবহন সংস্থার মোট বাস**

১০৪। (অনুমোদিত প্রশ্ন নং ৩৮৯।) **শ্রী আবু আয়েশ মন্ডল :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে রাষ্ট্রীয় পরিবহন সংস্থার অধীনে মোট কতগুলি বাস আছে ;

(খ) তন্মধ্যে দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার অধীনে বাসের সংখ্যা কত ;

(গ) কতগুলি ডিপো থেকে বাসগুলি চলাচল করে ; এবং

(ঘ) ডিপোগুলি কোথায় কোথায় অবস্থিত?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ৩,১৪৬টি।

(খ) ৬৩৩টি।

(গ) ১২টি ডিপো থেকে।

(ঘ) দুর্গাপুর ডিভিশনের ৬টি ডিপো হল : (১) দুর্গাপুর, (২) আসানসোল, (৩) বর্ধমান, (৪) বাঁকুড়া, (৫) পুরুলিয়া, (৬) কালনা।

বেলঘরিয়া ডিভিশনের ৬টি ডিপো হল : (১) বেলঘরিয়া, (২) হাবড়া, (৩) হাওড়া, (৪) হলদিয়া, (৫) মেদিনীপুর, (৬) দিঘা।

**Share of export items manufactured in W.B.**

105. (Admitted Question No. 450) **Shri Sultan Ahmd :** Will the Minister-in-charge of the Cottage & Small Scale Industries Department be pleased to state—

(a) Share of the West Bengal in export of items manufactured by Small Scale Industries compared to the total export of such items by our country ;

(b) The postion in regard to Leather Products, Readymade Garments, Taxtiles and Silk, Gems and Jewelleries, Jute Products, Engineering and Foundry items and other items ; and

(c) The steps taken by the State Government to promote Export of those items ?

**Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department :**

(a) Around 23%.

(b) Position in regard to :

| | | | |
|---|---|---|---|
| (i) | Leather Products | .. | 12.6% |
| (ii) | Textile & Silk | .. | 3.3% |
| (iii) | Hosiery & Readymade Garments | .. | 3.6% |
| (iv) | Engineering | .. | 26.00% |
| (v) | Jute Diversified Products | .. | 98.00% |
| (vi) | Gems & Jewellery | .. | Meagre |

(c) State Government has formad an Export Promotion Board to help promotion of export from the State.

**সালার সাব-ডিভিশনের ক্যানেল সংস্কার**

১০৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪০।) **শ্রী ঈদ মহম্মদ ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বোলপুর ডিভিশনের অধীন সালার সাব-ডিভিশনের ক্যানেল সংস্কারের কাজ বর্ষা মরশুমে হয়ে থাকে ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, উক্ত সংস্কার গ্রীষ্ম মরশুমে না করার কারণ কি?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না, এটা সত্যি নয়। সালার-ডিভিশনের ক্যানেল সংস্কারের কাজ খরিফ মরশুমের জলসেচ শুরু করার আগে শেষ হয়ে যায়।

(খ) প্রযোজ্য নয়।

**প্রতিরক্ষা-মন্ত্রকের উদ্বৃত্ত জমি**

১০৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯২।) **শ্রী তপন হোড়ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যে শিল্প গড়ার জন্য কলকাতা ও পার্শ্ববর্তী অঞ্চলে প্রতিরক্ষা-মন্ত্রকের উদ্বৃত্ত জমি রাজ্য সরকার ফেরত চেয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত জমির পরিমাণ কত ; এবং

(গ) এ-বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা হয়ে থাকলে তার সর্বশেষ পরিস্থিতি কি?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) এটা সত্যি যে, পশ্চিমবঙ্গে শিল্পায়নের প্রয়োজনে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে এ রাজ্যের মেদিনীপুর জেলার দিগরী ও শালবনীতে এবং বর্ধমান জেলার পান্ডবেশ্বর ও মাধাইগঞ্জে প্রতিরক্ষা-মন্ত্রকের অব্যবহৃত যথাক্রমে ১,৩৬৯,৬৫ একর, ৫৭৯.৪৪ একর ১১৯.৪৯ একর ও ৩৩৯.৫০ একর (মোট ২.৪০৮.০৮ একর) পরিমাণ জমি রাজ্য সরকারকে হস্তান্তরিত করবার অনুরোধ করেছিলেন।

(গ) প্রত্যুত্তরে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের কাছে উক্ত জমির বিনিময়ে কলকাতা ও ব্যারাকপুর অঞ্চলে উক্ত জমির সমমূল্যের পরিমাণ জমি চেয়েছে। কিন্তু কলকাতা ও ব্যারাকপুর অঞ্চলে জমির দুষ্প্রাপ্যতার কারণে বিষয়টি সম্পর্কে এখনও কোনও সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হয় নি।

### রাষ্ট্রীয় পরিবহনের ডিপো

১০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৭১১।) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগর-এ উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের ডিপো করার পরিকল্পনা বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(খ) উহার কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বরাদ্দকৃত জমিতে এখনও ডিপো নির্মাণ কাজ করা যায় নি। কিন্তু নির্মাণ কাজের জন্য জমির কিছুটা উন্নয়ন করা গেছে।

(খ) যথেষ্ট অর্থবরাদ্দ-সাপেক্ষে নির্মাণ কাজ ১৯৯৭-৯৮-এর আর্থিক বছরের মধ্যে শুরু হবে বলে আশা করা যায়।

### হরিহরপাড়া ব্লকে ৩৩ কে.ভি. সাব-স্টেশন

১০৯। (অনুমোদিত প্রশ্ন নং ৭৫৮।) **শ্রী মোজাম্মেল হক ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার অন্তর্গত হরিহরপাড়া ব্লকের চৌয়া মৌজাস্থিত ৩৩ কে.ভি. সাব-স্টেশন স্থাপন প্রকল্পে মোট কত টাকা ব্যয় ধার্য করা হয়েছিল ; এবং

(খ) জমির মালিকদের ক্ষতিপূরণ বাবদ (একরপ্রতি কত হারে) মোট কত টাকা দেওয়া হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মুর্শিদাবাদ জেলার অন্তর্গত হরিহরপাড়া ব্লকের চোঁয়া মৌজাস্থিত ৩৩ কে.ভি. সাব-স্টেশন স্থাপনের জন্য ব্যয় ধরা হয়েছিল ৪৬.১৯ লক্ষ টাকা।

(খ) জমির মালিকদের ক্ষতিপূরণ বাবদ একরপ্রতি ৮৬,৯০ টাকা হিসাবে ৩৪ জন জমির মালিককে মোট ৫,৬৭,৪৯৬ টাকা দেওয়া হয়েছে। এছাড়া জমির মূল্য বাবদ আরও ৯৩,৯৫৩ টাকা দেয়া আছে।

**নিউ কোচবিহারে রাষ্ট্রীয় পরিবহন সংস্থার মেরামতি কারখানা**

১১০। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪৫।) **শ্রী মিহির গোস্বামি ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার নিউ কোচবিহারে অধিকৃত জমিতে এই সংস্থার কেন্দ্রীয় মেরামতি কারখানা করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে ; এবং

(খ) (১) এই প্রকল্পটি কত টাকার ; এবং

(২) কবে নাগাদ প্রকল্পটি শেষ হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উক্ত জমিতে মেরামতি কারখানার সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে। ১,০০০ গাড়ি মেরামতের ব্যবস্থা করা যায় এই মর্মে প্রোজেক্ট রিপোর্ট তৈরি করা হয়েছে। প্ল্যান এস্টিমেট এবং টেন্ডারের নিয়মকানুন শেষ করা হয়েছে। ওয়ার্ক অর্ডারের অপেক্ষায় আছে।

(খ) (১) প্রকল্পটি মোট ৪২৫ লক্ষ টাকার ;

(২) আশা করা যায় প্রকল্পটি ৩ বছরের মধ্যে শেষ করা যাবে।

**পুরুলিয়ায় পাম্প স্টোরেজ স্কীম**

১১১। (অনুমোদিত প্রশ্ন নং ৯০২।) **শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) সর্বশেষ তথ্য অনুযায়ী পুরুলিয়ার পাম্প স্টোরেজ স্কীমের কাজ কি অবস্থায় আছে ; এবং

(খ) এ কাজ কবে নাগাদ শুরু হতে পারে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) সর্বশেষ তথ্য অনুযায়ী পুরুলিয়া পাম্প স্টোরেজ প্রকল্পটির পরিকাঠামোগত কাজের জন্য যথা বাড়ি-ঘর, রাস্তা, অফিস পুলিশ থানার বাড়ি প্রভৃতি তৈরির কাজ-এর ব্যাপারে পর্যায়ক্রমে টেন্ডার ডাকা হচ্ছে ও পূর্ণোদ্যমে কাজ চলছে। মূল প্রকল্পের জন্য টেন্ডার পর্যায়ক্রমে জুলাই, ১৯৯৭ থেকে ডাকা শুরু হবে বলে আশা করা যায়।

প্রকল্পটি রূপায়ণের জন্য ভারত সরকারের বিদ্যুৎ মন্ত্রক ও জাপানের ও ই সি এফ-এর অনুমতি সাপেক্ষে কেন্দ্রীয় সরকারি সংস্থা কন্সালটেন্ট—ওয়াটার ও পাওয়ার কন্সালটেন্সি সার্ভিসেস এবং বিদেশি কন্সালটেন্ট—ইলেকট্রিক পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন, জাপান—এই সংস্থা দুটিকে গত ডিসেম্বর, ৯৫তে নিয়োগ করা হয়েছে ও জানুয়ারি, ৯৬ থেকে কাজ শুরু হয়েছে। ১৯৯৫-৯৬ সালে এই প্রকল্পটির জন্য বরাদ্দ ছিল ৫ কোটি ৫০ লক্ষ টাকা এবং এ বাবদ খরচ হয়েছে ১ কোটি ৫১ লক্ষ টাকা। ১৯৯৬-৯৭ সালে বাজেট বরাদ্দ ২৩ কোটি টাকা ধরা হয়েছে।

মে, ৯৬ পর্যন্ত এই প্রকল্পে মোট খরচ হয়েছে ৩ কোটি ৭০ লক্ষ টাকা।

(খ) মূল প্রকল্পটি রূপায়ণের কাজ ১৯৯৮ সালের জুলাই মাস নাগাদ শুরু হবে বলে আশা করা যায়। আনুষঙ্গিক কাজকর্ম শুরু হয়ে গেছে।

### পাথরপ্রতিমা থানা এলাকায় বিদ্যুৎহীন মৌজা

১১২। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭৮।) **শ্রী গোপালকৃষ্ণ দে :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনা জেলার পাথরপ্রতিমা থানা এলাকার কতগুলো মৌজা বৈদ্যুতিকরণ সম্ভব হয় নি ; এবং

(খ) উক্ত মৌজাগুলি বৈদ্যুতিকরণের জন্য সরকার কি কি উদ্যোগ নিয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) উক্ত জেলার পাথরপ্রতিমা থানা এলাকার ৭০টি মৌজার বৈদ্যুতিকরণের কাজ এখনও বাকি আছে। প্রাথমিকভাবে সৌর প্যানেল দ্বারা বিদ্যুতায়িত ১৭টি মৌজায় পুনরায় গ্রিড পাওয়ারের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহের জন্য একটি আর ই সি প্রকল্প হাতে নেওয়া হয়েছিল এবং এর মধ্যে ২টির কাজ ৩১-৫-৯৬-এর মধ্যে শেষ হয়েছে। তবে বর্তমানে আই ই সি প্রকল্পের মাধ্যমে ঋণ পাওয়া সম্ভব না হওয়ার জন্য বৈদ্যুতিকরণের কাজ ব্যাহত হচ্ছে।

(খ) বাকি ৭০টি মৌজা বৈদ্যুতিকরণের জন্য আর ই সি-এর কোনও প্রকল্প বর্তমানে

হাতে নেই। প্রয়োজনীয় অর্থবরাদ্দ-সাপেক্ষে জেলা পরিষদ বিদ্যুৎ প্রকল্পের মাধ্যমে এই মৌজাগুলি পর্যায়ক্রমে বিদ্যুতায়িত করার প্রচেষ্টা চালানো হচ্ছে।

**বিদ্যাধরী খাল সংস্কার**

১১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৯২।) **শ্রী মহম্মদ ইয়াকুব :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) দেগঙ্গা ও হাবড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বিধ্যাধরী নদী (খাল) সংস্কারের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত কাজ আরম্ভ হওয়ার সম্ভাবনা আছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) দেগঙ্গা ও হাবড়া বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বিধ্যাধরী নদী সংস্কারের জন্য "Haroa Gong-Kulti Gong Basin Drainage Scheme (Nona Gong Basin), Pahse-II" নামে একটি জলনিকাশি পরিকল্পনা সরকারের আছে।

(খ) উক্ত পরিকল্পনাটি West Bengal Flood Control Board-এর Technical Committee-র অনুমোদন লাভ করার পর গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ কমিশনের কাছে পাঠানো হয়েছিল। কমিশন কিছু মন্তব্যসহ পরিকল্পনাটি ফেরত দেয়। কমিশনের চাহিদামতো আরও কিছু অতিরিক্ত তথ্য সংগ্রহ করে এবং পুনরায় জরীপ করে পরিকল্পনা রচনার কাজ চূড়ান্ত পর্যায়ে আছে। শীঘ্রই প্রকল্পটি অনুমোদনের জন্য গঙ্গা বন্যা নিয়ন্ত্রণ কমিশন-এর কাছে পাঠানো যাবে বলে আশা করা যায়।

পরিকল্পনাটি রূপায়িত হলে উক্ত অঞ্চলের ২৯৮ বর্গ কিলোমিটার এলাকা উপকৃত হবে। পরিকল্পনাটির আনুমানিক ব্যয় পাঁচ কোটি টাকা।

**New Colleges in West Bengal**

114. (Admitted Question No. 1055) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state—

(a) the number of new colleges set up in the State during the last five years ; and

(b) the number of them recognised till 31-5-96 ?

**Minister-in-charge of the Education (Higher) Department :**

(a) Thirteen (13).

(b) Thirteen (13.)

**ফুলিয়ার তন্তুবায় সমিতিকে সরকারি সাহায্য**

১১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮০।) **শ্রী আনন্দগোপাল দাস ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বীরভূম জেলার নানুর ব্লকের ফুলিয়া তন্তুবায় সমিতিকে ১৯৯১ সাল হতে ১৯৯৬ সালের ৩১শে মার্চ পর্যন্ত বিভিন্ন স্কীমে সরকার কত টাকা দিয়েছে ; এবং

(খ) উক্ত টাকা খরচের কোনও অডিট হয়েছে কি না?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মোট ৫০,২৫০ টাকা।

(খ) ১৯৯৪-৯৫ সাল পর্যন্ত অডিট হয়েছে।

**কলিকাতা-রাধানগর রুটে সি এস টি সি-র অনিয়মিত বাস চলাচল**

১১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮১।) **শ্রী বংশীবদন মৈত্র ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতা থেকে হুগলি জেলার খানাকুল থানার অধীন রাধানগর (রামমোহনের জন্মস্থান) পর্যন্ত সি এস টি সি-র বাস অনিয়মিতভাবে চলাচল করছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত রুটে বাস চলাচল নিয়মিত করার জন্য সরকার কোনও ব্যবস্থা নিয়েছে কি না?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এটা সত্যি যে, পুরাতন বাস মেরামত করে চালানোর জন্য ঐ রুটে বাস কিছুটা অনিয়মিতভাবে যাতায়াত করে।

(খ) নিয়মিতভাবে বাস চালানোর জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

**খানাকুলে ইনটেন্সিফিকেশন স্কীম**

১১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৫।) **শ্রী বংশীবদন মৈত্র ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, খানাকুলের ৮-১০টি মৌজা ইনটেন্সিফিকেশনের জন্য অনুমোদিত হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, ঐ কাজ কতদিনের মধ্যে শুরু হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আর ই সি অনুমোদিত ২টি ইনটেন্সিফিকেশন স্কীমের কাজ শুরু হয়েছিল। আর ই সি-র ঋণ না পাওয়ার জন্য বর্তমানে ঐ কাজ ব্যাহত হচ্ছে।

(খ) জেলা পরিষদ বিদ্যুৎ উন্নয়ন প্রকল্পের মাধ্যমে কাজ ত্বরান্বিত করার চেষ্টা চলছে।

**আরামবাগে রাষ্ট্রীয় পরিবহনের স্ট্যান্ড ও ডিপোর কাজ**

১১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯৫।) **শ্রী বিনয় দত্তঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

আরামবাগে দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের বাস স্ট্যান্ড ও বাস ডিপোর অসমাপ্ত কাজ কতদিনে সম্পূর্ণ হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

আরামবাগ ডিপোর বাউন্ডারি ওয়াল এবং সারফেস ড্রেন-এর দায়িত্ব হুগলি জেলা পরিষদকে দেওয়া হয়েছে। উক্ত কাজগুলি প্রায় সমাপ্তির পথে। ঐ কাজগুলি সম্পূর্ণ হলে ডিপোর ভিতর আনুষঙ্গিক কাজগুলি শুরু হবে।

**উত্তরবঙ্গে আদিম আদিবাসীদের সংস্কৃতি গবেষণাগার**

১১৯। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩৪।) **শ্রী নির্মল দাসঃ** তফসিলি জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) উত্তরবঙ্গের আদিম অধিবাসীদের সংস্কৃতি সংরক্ষণ ও গবেষণার জন্য আলিপুরদুয়ার মহকুমা শহরে কালচারাল রিফর্ম সেন্টার স্থাপনের কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবে রূপায়িত হবে বলে আশা করা যায়?

**তফসিলি জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, উত্তরবঙ্গের আলিপুরদুয়ার মহকুমায় কালচারাল রিসার্চ ইনস্টিটিউটের অধীনে একটি আঞ্চলিক কেন্দ্র স্থাপনের প্রস্তাব তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের বিবেচনাধীন আছে। প্রসঙ্গত উল্লেখ করা যায় যে, বাঁকুড়ার খাতরায়ও অনুরূপ একটি কেন্দ্র স্থাপনেরও পরিকল্পনা আছে।

(খ) পরিকল্পনার বিভিন্ন দিক খতিয়ে দেখা হচ্ছে, কবে নাগাদ বাস্তবে রূপায়িত হবে এখনই বলা যাচ্ছে না।

**আলিপুরদুয়ার মহকুমায় পর্যটন শিল্পের সম্প্রসারণ**

১২০। (অনুমোদিত প্রশ্ন নং ১২৪১।) **শ্রী নির্মল দাস ঃ পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত** মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আলিপুরদুয়ার মহকুমাকে পর্যটন কেন্দ্রের আওতায় আনার কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, পর্যটন সম্প্রসারণের জন্য বক্সাদুয়ার, রাজাভাতখাওয়া, জয়ন্তী, চিলাপাতা, কুমারগ্রামদুয়ার, সংকোষ রায়ডাক এলাকায় পর্যটকদের আকর্ষণের জন্য কি কি পরিকল্পনা নেওয়া হয়েছে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে কোনও পরিকল্পনা নেই।

(খ) ১৯৯৩-৯৪ সালে আলিপুরদুয়ার মহকুমার অন্তর্গত জয়ন্তীতে একটি পর্যটক আবাস নির্মাণের প্রকল্প কেন্দ্রীয় সরকারের অনুমোদনের জন্য কেন্দ্রীয় পর্যটন বিভাগে পেশ করা হয় এবং প্রকল্পটি কেন্দ্রীয় সরকার অনুমোদন করেন। কিন্তু প্রকল্পটি নির্মাণের জন্য যে জমি চিহ্নিত করা হয়েছিল তা বন্যায় নিশ্চিহ্ন হয়ে যায়। নিকটবর্তী এলাকায় বহু চেষ্টা সত্ত্বেও কোনও জমি না পাওয়ায় জলপাইগুড়ি শহরের ওপর একটি পর্যটক আবাস তৈরির পরিকল্পনা সরকার গ্রহণ করেন এবং ১৯৯৫-৯৬ সালে কেন্দ্রীয় সরকার সেই প্রস্তাব অনুমোদন করেন।

রাজাভাতখাওয়া, চিলাপাতা, কুমারগ্রামদুয়ার, সংকোষ, রায়ডাকে পর্যটন উন্নয়নের জন্য ভবিষ্যতে সরকার ভেবে দেখবে।

বক্সাদুয়ারে পর্যটকদের জন্য কয়েকটি তাঁবু তৈরির একটি প্রস্তাব কেন্দ্রীয় সরকার অনুমোদন করেছে কিন্তু রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে অসুবিধা দেখা দেওয়ায় প্রকল্পটি নিয়ে আর এগোনো যায় নি। ডুয়ার্স অঞ্চলে পর্যটন উন্নয়নের জন্য একটি সঠিক পরিকল্পনা তৈরির কাজ বিবেচনাধীন।

**রাজ্যে ব্যাঘ্র গবেষণা প্রকল্প**

১২১। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮৬।) **শ্রী আবু আয়েশ মন্ডল** এবং **শ্রী বীরেন ঘোষ ঃ** বনবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ব্যাঘ্র গবেষণা প্রকল্প নামে কোনও প্রকল্প চালু করা হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, উক্ত প্রকল্প কবে নাগাদ চালু হয়েছে এবং কোথায়?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই নামে কোনও প্রকল্প চালু নেই। তবে সুন্দরবনের গ্রামে বাঘের অনুপ্রবেশ নিয়ন্ত্রণ করার জন্য একটি গবেষণা চলছে।

(খ) ১৯৯৫-৯৬ সাল থেকে বিশ্বব্যাঙ্কের সহায়তায় সুন্দরবনে এই গবেষণাটি চালু আছে।

**বহরমপুর পঞ্চায়েত সমিতি বিভাজন**

১২২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৬৪।) **শ্রী মোজাম্মেল হকঃ** পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

মুর্শিদাবাদ জেলার বহরমপুর পঞ্চায়েত সমিতি বিভাজনের কোনও প্রস্তাব সরকারের আছে কিনা?

**পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না, এরূপ কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন নেই।

**গোপীবল্লভপুর বিদ্যুৎ সাব-স্টেশন**

১২৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১৩।) **শ্রী সুভাষচন্দ্র সরেন ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১-৬-৯৬ পর্যন্ত গোপীবল্লভপুরের বিদ্যুৎ সাব-স্টেশন নির্মাণের কাজ কত দূর সম্পূর্ণ হয়েছে ; এবং

(খ) ঐ সাব-স্টেশন কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে গোপীবল্লভপুরের সাব-স্টেশনের জন্য জমি উন্নয়ন সীমানার পাঁচিল এবং বেড়া দেওয়ার কাজ অংশত সম্পন্ন হয়েছে। ইমারতী, বৈদ্যুতিক যন্ত্রপাতির কাজ এ বৎসরেই শেষ করা হবে বলে প্রস্তাব করা হয়েছে, এবং এ জন্য বাজেটে টাকারও বরাদ্দ রাখা হয়েছে।

(খ) এখনই সঠিকভাবে বলা যাচ্ছে না। এই সাব-স্টেশনটি চালু করার জন্য ৩৩ কে.ভি. ওভার হেড তার টানতে হবে যা বনাঞ্চলের মধ্য দিয়ে যাবে। এটা আপাতত বাধাপ্রাপ্ত হয়েছে কারণ বন এলাকার কাজ করার জন্য Forest Clearance Certificate—ভারত সরকারের কাছ থেকে এখনও পাওয়া যায় নি। উক্ত সার্টিফিকেট সংগ্রহের চেষ্টা চলছে। এই সমস্যার সমাধান হলে এবং আর্থিক প্রতিবন্ধকতার সৃষ্টি না হলে ১৯৯৬-৯৭ আর্থিক বৎসরে কাজ শেষ হতে পারে।

### উদ্বাস্তু কলোনি উন্নয়নে অনুদান

১২৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১৯।) **শ্রী শঙ্করশরণ নস্কর ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৪-৯৫ এবং ১৯৯৫-৯৬ আর্থিক বছরে দক্ষিণ ২৪ পরগনা জেলার বিষ্ণুপুর পশ্চিম বিধানসভা নির্বাচনী এলাকার আমতলায় কন্যানগর উদ্বাস্তু কলোনির উন্নয়ন বাবদ অনুদানের পরিমাণ কত ; এবং

(খ) কোন সংস্থাকে উক্ত উন্নয়নের দায়িত্ব দেওয়া হয়েছে?

**উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৪-৯৫ বা ১৯৯৫-৯৬ আর্থিক বছর দুটিতে বিশেষ কোনও জেলার নির্দিষ্ট কোনও কলোনির নামে কেন্দ্রীয় সরকার উন্নয়ন বাবদ কোনও অনুদান দেন নি। তবে কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত অনুযায়ী ১৯৯৫-৯৬ আর্থিক বছর থেকে শুরু করে আগামী ৪ বছরে যে সব কলোনি উন্নয়ন করা হবে সেই তালিকায় কন্যানগর কলোনিকে ধরা আছে। উক্ত কন্যানগর কলোনির জন্য মোট ধার্য টাকার পরিমাণ ৩৪ লক্ষ ৯০ হাজার ৭ শত ৭৬ টাকা।

(খ) দক্ষিণ ২৪-পরগনা জেলা পরিষদকে দায়িত্ব দেওয়া হয়েছে।

### দীঘায় সায়েন্স মিউজিয়াম

১২৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪৪।) **শ্রী মৃণালকান্তি রায় ঃ** প্রযুক্তি ও বিজ্ঞান বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দীঘায় সায়েন্স মিউজিয়ামের জন্য নির্মিত ভবনটি সম্পূর্ণ কিনা ; এবং

(খ) উত্তর হ্যাঁ হলে, উক্ত ভবনটি জনসাধারণের জন্য কবে নাগাদ উন্মুক্ত করা হবে বলে আশা করা যায়?

**প্রযুক্তি ও বিজ্ঞান বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) দীঘায় বিজ্ঞান কেন্দ্রের জন্য ভবন নির্মাণ সম্পূর্ণ হয়েছে।

(খ) ভবনটি নির্মিত হবার পর প্রদর্শনীয় বিভিন্ন সরঞ্জাম আনার কাজ চলছে। এটি চলতি আর্থিক বছরেই উদ্বোধন করা হবে।

### বিদ্যুৎ সরবরাহের জীর্ণ লাইন সংস্কার

১২৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২০।) **শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর শহরের বিদ্যুৎ সরবরাহের জীর্ণ লাইন সংস্কার করার কোনও পরিকল্পনা নেওয়া হয়েছে কি না ; এবং

(খ) এই শহরের পুরানো ট্রান্সফরমারের পরিবর্তে নতুন ট্রান্সফরমার দেওয়ার কোনও ব্যবস্থা নেওয়া হয়েছে কি?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মেদিনীপুর শহর এলাকায় বর্তমানে লাইনের পরিবর্তন বা System improvement— এর কোনও পরিকল্পনা নেই। প্রয়োজনীয় অর্থ যোগাড় না করা পর্যন্ত এ বিষয়ে কোনও পরিকল্পনা নেওয়া সম্ভব নয়।

(খ) ভোল্টেজ অবস্থার উন্নয়ন ও অতিরিক্ত চাহিদা মেটানোর জন্য ডিস্ট্রিবিউশন সাব-স্টেশন ১০০ কে.ভি. এ ১১/০.৪ কে.ভি. ট্রান্সফরমারের কাজ ১০/১২টি জায়গায় করা হয়েছে। শহরের বিভিন্ন জায়গায় এইরূপ আরও কিছু কাজের পরিকল্পনা আছে।

এই সব কাজের ফলে ভোল্টেজ চাহিদা মেটানো ও নতুন বিদ্যুৎ সংযোগ দেওয়ার ক্ষেত্রে যথেষ্ট উন্নতি হয়েছে।

## বীরভূম জেলার বিদ্যুৎহীন মৌজা

১২৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩০।) **শ্রী বিজয় বাগদি ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলার রাজনগর ও খয়রাশোল থানা এলাকায় কতগুলি মৌজা বিদ্যুৎ বিহীন অবস্থায় আছে ;

(খ) উক্ত মৌজাগুলিতে বিদ্যুৎ দেওয়ার জন্য রাজ্য সরকারের কোনও পরিকল্পনা আছে কিনা ; এবং

(গ) থাকলে, তা কতদিনে সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বীরভূম জেলার রাজনগর থানা এলাকায় ২টি এবং খয়রাশোল থানা এলাকায় ২টি মৌজা বিদ্যুৎ বিহীন অবস্থায় আছে

(খ) উক্ত মৌজাগুলি বৈদ্যুতিকরণ কর্মসূচি বর্তমানে আই ই সি বা অন্য কোনও প্রকল্পের অন্তর্ভুক্ত নেই। তবে জেলা পরিষদের বিদ্যুৎ উন্নয়ন প্রকল্পের আওতায় আনা গেলে মৌজাগুলি বিদ্যুতায়ণ করা যেতে পারে।

(গ) উত্তর নিষ্প্রয়োজন।

### গয়েশপুরে বারোমেসে বাঁধ

১২৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৮৭।) **শ্রী অজয় দে ঃ** গ্রামীণ-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শান্তিপুর থানার গয়েশপুরে 'বারোমেসে বাঁধ' নির্মাণে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ; এবং

(খ) এ বাবদ গত মে ৯৬ পর্যন্ত পঞ্চায়েত সমিতিকে কত টাকা প্রদান করা হয়েছে?

**গ্রামীণ-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) শান্তিপুর থানার গয়েশপুরে 'বারোমেসে বাঁধ' নির্মাণ বিষয়টি এখন জেলা পরিষদের বিবেচনাধীন রয়েছে। সুতরাং কোনও অর্থ বরাদ্দ করার প্রশ্ন ওঠে না।

(খ) মে ১৯৯৬ পর্যন্ত কোনও টাকা পঞ্চায়েত সমিতিকে দেওয়া হয় নি।

### চন্দননগরে আধুনিক পর্যটন কেন্দ্র

১২৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬১০।) **শ্রী কমল মুখার্জি ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) চন্দননগরে আধুনিক পর্যটন ব্যবস্থা গড়ে তোলার জন্য কি কি ব্যবস্থা [illegible] করা হয়েছে ; এবং

(খ) দেশি-বিদেশি পর্যটনের সুবিধার্থে আধুনিক অতিথিশালা, হোটেল প্রতিষ্ঠার কর্মসূচি গ্রহণ করা হয়েছে কিনা?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কেন্দ্রীয় সরকারের আর্থিক সহযোগিতায় চন্দননগরে রবীন্দ্র ভবনের পেছনে একটি কাফেটোরিয়া নির্মাণ করার প্রকল্প পশ্চিমবঙ্গ সরকারের পর্যটন বিভাগ হাতে নিয়েছেন। নক্সা প্রস্তুত প্রভৃতি প্রাথমিক কাজগুলি শেষ হয়েছে। আশা করা যায় ১৯৯৬ সালের মধ্যে কাজটি আরম্ভ হবে।

(খ) বর্তমানে চন্দননগরে কোনও আধুনিক অতিথিশালা নির্মাণের কর্মসূচি গ্রহণ করা হয় নি।

### হুগলি জেলার খাস-জমি

১৩০। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬৬।) **শ্রী কমল মুখার্জি ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলায় খাস জমির পরিমাণ কত ;

(খ) তার মধ্যে কত পরিমাণ জমি বিলি করা হয়েছে ; এবং

(গ) বাকি জমি বিলি না হওয়ার কারণ কি?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হুগলি জেলার মোট খাস কৃষি জমির পরিমাণ ১৮,৬৪৩.৯৯ একর।

(খ) বিলি না হওয়া জমি বেশির ভাগই আদালতের রায়ে আবদ্ধ আছে। বাকি জমি বিলির জন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে।

**চন্দ্রকোনা থানা এলাকায় বিদ্যুতের চাহিদা**

১৩১। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৯৬।) **শ্রী গুরুপদ দত্ত ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

চন্দ্রকোনা থানা এলাকায় উত্তরোত্তর বৃদ্ধি প্রাপ্ত বিদ্যুতের চাহিদা পূরণে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

চন্দ্রকোনা থানা এলাকায় বিদ্যুৎ সরবরাহ করার জন্য পর্যদের দুটি ৩৩/১১ কে.ভি সাব-স্টেশন আছে। একটি চন্দ্রকোনা রোড সাব-স্টেশন অপরটি চন্দ্রকোনা টাউন সাব-স্টেশন উক্ত এলাকায় বিদ্যুতের বর্ধিত চাহিদা মোটানোর জন্য উপরোক্ত সাব-স্টেশন দুটির ক্ষমতা বাড়ানো হয়েছে। চন্দ্র কোনা রোড সাব-স্টেশনটির ক্ষমতা (১×৫+১×৩.১৫) এম.ভি. এ = ৮.১৫ এম ভি. এ থেকে (২×৫) এম ভি এ = ১০ এম ভি এ বৃদ্ধি করা হয়েছে। চন্দ্রাকোনা টাউন সাব-স্টেশনটির ক্ষমতা (২×৩.১৫) এম ভি এ = ৬.৩০ এম ভি এ থেকে (৩×৩.১৫) এম ভি এ = ৯.৪৫ এম ভি এ-তে বৃদ্ধি করা হয়েছে। আপাতত ঐ এলাকায় বিদ্যুৎ সরবরাহের বিশেষ কোনও সমস্যা নেই।

**পাঁশকুড়াকে পৌরসভায় রূপান্তর**

১৩২। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১৯।) **শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পাঁশকুড়া ১ ও ২ নং গ্রাম পঞ্চায়েত এলাকাসহ সংলগ্ন কয়েকটি মৌজা নিয়ে পৌরসভা করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কি এবং কবে নাগাদ কার্যকর হবে?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, প্রস্তাবটি সরকারের বিবেচনাধীন রয়েছে।

(খ) এখনই নির্দিষ্টভাবে সময় জানানো সম্ভব নয়।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received nine notices of Adjournment Motion. The First one is from Shri Kamal Mukherjee demanding for all Party meeting in regard to increase of Bus fare in Hooghly district. The second one is from Shri Pankaj Banerjee on the Subject of reported anti-social activities in Tollygunge, Dhakuria and Jadavpur areas. The third one is from Shri Suniti Chattaraj on the subject of non-availability of medicines and other necessary facilities in Hospital of Birbhum district. The fourth one is from Shri Akbar Ali Khondakar on the subject of reported involvement in illegal activities of G.R.P. Constables at Howrah Station. The fifth one is from Shri Sudip Bandyopadhyay on the subject of alarming situation due to flood and landslides in North Bengal. The sixth and seventh one are from Shri Saugata Roy and Shri Ajoy De on the subject of insufficient allotment of funds in Railway Budget for Railway Projects in West Bengal. এটা সেন্ট্রাল সাবজেক্ট। এটা কি করে হয় আমি জানি না। The eighth one is from Shri Ashok Kumar Deb on the subject of steps taken by the State Government on the Police Officials reported against in North 24-Parganas district. The ninth one is from Shri Shyamadas Banerjee on the subject of apprehention of flood in Burdwan district.

The subject matters of the Motions are not such which call for adjournment of the business of the House. Moreover, the Members may ventilate their grievances in these matters through Calling Attention Mentions and Motions.

I, therefore, withhold my consent to all the Motions.

One Member may, however, readout the text of his Motion as amended.

**Shri Sudip Bandyopadhyay :** Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurance namely, landslide has affected Kalimpong which remained cut off even three days after the disaster, and flood situations in North Bengal are still alarming. A transmission tower between Kalimpong and Chalisa was totally damaged keeping the large area into

total darkness. Relief is totally inadequate and Indian Airforce helicopters could not fly because of bad weather. The official death toll at Kalimpong has risen upto 50. Similarly, funds are not available to repair broken embankments in the districts of Jalpaiguri and Cooch Behar and relief materials of worth Rs. 1.5 lakhs have been sent to these areas. Government should take all-out effort and take steps to send adequate raw materials on top priority basis. Malda and South Dinajpur districts have also been flood-affected again.

**Mr. Speaker:** Mr. Prabodh Sinha, Hon'ble Minister made a statement about Kalimpong. Now who will make a statement regarding the present situation ?

**Shri Prabodh Chandra Sinha:** Hon'ble Relief Minister.

**Mr. Speaker:** Let them know what is the position. You tell the Irrigation Minister to make the House aware of the present situation in various districts and also the Relief Minister should inform us what is the relief situation.

## CALLING ATTENTION

**Mr. Speaker:** To-day, I have received twelve notices of Calling Attention on the following subjects namely :-

1. Non-functioning of Deep Tube Wells under Purbasthali Block-I in Burdwan district. : Shri Shyamadas Banerjee
2. Admission-problem in Higher Secondary Schools. : Shri Rabindra Nath Chatterjee
3. Proposed another Medical College in Midnapore district town. : Shri Sailaja Kumar Das
4. Acute power crisis in Asansol : Shri Tapas Banerjee
5. Threatened strike by gold traders against spurt in robbery. : Shri Saugata Roy
6. Non-delivery of S.C., S.T and O.B.C. certificate in Calcutta, Howrah, North 24-Parganas & South 24-Parganas districts. : Shri Ashok Kumar Deb
7. Deplorable condition of roads in Hooghly district : Shri Kamal Mukherjee

8. Increasing disputes between land-owners and Bargadars. : Shri Suniti Chattaraj

9. Deplorable condition of 32 No. National Highway in Purulia district. : Shri Santiram Mahato

10. Alleged dismissal of 2 teachers of Barrackpore Ramkrishna Mission and consequential situation arisen therein. : Shri Md. Sohrab

11. Delay in construction of Garia Bridge. : Shri Sobhan Deb Chattopadhyay

12. Alleged inaction of Police to arrest the Congress (I) supporters accused for murder of two agricultural labourers at Chandrakona on 4.7.96. : Shri Gurupada Dutta

I have selected the notice of Shri Saugata Roy on the subject of threatened strike by gold traders against spurt in robbery.

The Minister-in-charge may plesse make statement to-day, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statemet will be made on 23rd July, 1996.

## MENTION CASES

[12-10 — 12-20 P.M.]

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** আমরা আজকে খবরের কাগজে দেখলাম এই বিধানসভার অভ্যন্তরে বিধানসভার কাজকর্ম সরকার পক্ষ এবং বিরোধী পক্ষ সবাইকে নিয়ে চালানো। বিরোধী পক্ষের একটা রাজনৈতিক দায়িত্ব আছে, কিন্তু আমরা দেখছি কংগ্রেসের উপর তলার অবস্থা খারাপ।

(গোলমাল)

**মিঃ স্পিকার ঃ** এটা বলা যাবে না, বসুন। এখন মেনশন।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি রাজ্য হাউজিং বোর্ডের কিছু ইরেগুলারিটিজ চলছে তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমি বলতে চাই রাজ্য হাউজিং বোর্ডে খুব বে-নিয়ম চলছে, আমার কাছে দু-তিনটি অভিযোগ এসেছে। অনেক জায়গায় যেগুলি জেনারেল কোটার বাড়ি সেগুলি চেয়ারম্যানের স্পেশাল অর্ডারে বিভিন্ন লোককে দিয়ে দেওয়া হয়েছে। আমার কাছে অর্ডারের কপি আছে, তাতে চেয়ারম্যান গৌতম দেবের সই করা আছে। উত্তর ২৪ পরগনার একজন পুলিশ অফিসার মালা সিংহরায়, তাকে একটি দু রুমের ফ্ল্যাট, বিয়ারিং নং

২ আর-৮১৮, অন্যান্য হাউজিং এস্টেট, বেলেঘাটা, স্পেশাল কোটায় দেওয়া হয়েছে। সাধারণ মানুষের জন্য যে কোটা আলাদা করে রাখার কথা, সেটা আলাদা করে রাখা হচ্ছে না। এখানে প্রস্তাবে বিভিন্ন স্কুল কলেজের জন্য সরকারি কোটা ছিল সেটা অ্যাবলিশ করা হয়েছে। সরশুনা হাউজিং এস্টেট স্থানীয় বিধায়ক কিছু লোককে দিয়ে জোর করে জায়গা দখল করে রেখেছেন এবং এখানে পিয়ারলেসের সঙ্গে হাউজিং বোর্ডের প্রোজেক্টটা আটকে আছে। এটা কি করে আটকে আছে?

**শ্রী কিরীটি বাগদি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের এলাকার একটা বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বাঁকুড়া জেলার ইন্দপুর বিধানসভা কেন্দ্রের নতুন গাঁয়ে একটা মাত্র জুনিয়র হাই স্কুল আছে এবং সেটা সেই ১৯৭৮ সাল থেকে চলছে। এখন সেই জুনিয়র হাই স্কুলটির ছাত্র সংখ্যা প্রায় ২০০। কিন্তু এখন পর্যন্ত সেই জুনিয়র হাইস্কুলটিকে হাইস্কুলে উন্নীত করা হয় নি। অনেক চেষ্টা করা সত্ত্বেও, ছোটাছুটি করা সত্ত্বেও আজ পর্যন্ত তা সম্ভব হয় নি। সেই একই অবস্থায় স্কুলটি পড়ে আছে। তাই আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে অনুরোধ করছি, ঐ জুনিয়র হাইস্কুলটিকে তিনি হাইস্কুলে উন্নীত করার ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী মহঃ সোহরাব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন আমাদের রাজ্যের প্রতিটি ব্লকে একটি করে প্রাইমারি হেলথ সেন্টার এবং দুটো করে সাবসিডিয়ারি হেলথ সেন্টার আছে—বিশেষত রুরাল এলাকায়। সুতি বিধানসভা কেন্দ্রের সুতি এক নং ব্লকের হিলোরা সাবসিডিয়ারি হেলথ সেন্টারটিতে গত ১০ বছর ধরে ডাক্তার নেই, নার্স নেই, কোনও কিছুই নেই। উপরন্তু বর্তমানে এমন অবস্থা হয়েছে—ওখানে এস এইচ সি-টির যে ঘর বাড়ি দরজা জালানা ছিল তাও গাঁয়ের লোকে ভেঙে ভেঙে নিয়ে যাচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীকে ঐ স্বাস্থ্য কেন্দ্রটি রক্ষা করতে অনুরোধ করছি এবং যথাযথভাবে পরিচালনা করার জন্যও বলছি। তিনি স্বাস্থ্য কেন্দ্রটিকে সঠিকভাবে গড়ে তুলে তাকে ওখানকার মানুষের চিকিৎসার কাজে ব্যবহার করার জন্য উদ্যোগ গ্রহণ করুন। তাই আমি বিষয়টির প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এবিষয়ের একটা পাবলিক পিটিশন আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে পৌছে দিচ্ছি।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের ভরতপুর বিধানসভা কেন্দ্রের ভরতপুর এক নং ব্লকে ৮টা গ্রাম পঞ্চায়েত আছে। কিন্তু সেখানে একটা মাত্র হাই স্কুল এবং কয়েকটা জুনিয়র হাইস্কুল আছে। অথচ ঐ বিস্তীর্ণ এলাকার মধ্যে একটাও জুনিয়র গার্লস হাইস্কুল নেই। বেশিরভাগ স্কুলে ছেলে-মেয়েদের একই সঙ্গে পড়তে হচ্ছে। এর ফলে অনেক সময়ই নানা রকম অসুবিধা দেখা দেয়। সে জন্য ওখানকার মানুষের দীর্ঘদিনের দাবি—ভরতপুরে একটা গার্লস হাইস্কুল চালু করা হোক। আমি তাই আপনার মাধ্যমে বিষয়টির প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—যাতে ভরতপুরে একটা গার্লস হাই স্কুল করা যায় তারজন্য তিনি ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা কালীগঞ্জ গত ২৮শে এপ্রিল মাটিয়ারি এবং ফরিদপুর গ্রাম পঞ্চায়েতে একটা সাইক্লোন হয়। তারফলে ঐ দুটো গ্রাম পঞ্চায়েতের প্রায় ৫০০ ঘরবাড়ি ভেঙে যায় এবং প্রায় ১০/১৫ হাজার বিঘা জমির বোরো ধান ক্ষতিগ্রস্ত হয়। অথচ সেই সমস্ত গৃহহারাঁ মানুষদের জন্য আজ পর্যন্ত কোনও ত্রাণের ব্যবস্থা করা হয়নি। যে সমস্ত জমির ফসল নষ্ট হয়েছে সে সমস্ত জমির বা ফসলের ইনসিওরেন্স করা আছে, তা সত্ত্বেও আজ পর্যন্ত চাষিরা কোনও রকম ক্ষতিপূরণ পায় নি। সে জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণ মন্ত্রীর কাছে দাবি করছি—কালীগঞ্জের মানিয়ারি এবং ফরিদপুর গ্রাম পঞ্চায়েত এলাকার যে সমস্ত মানুষরা গৃহহারা হয়েছেন তাদের অবিলম্বে উপযুক্ত ত্রাণ দেওয়া হোক এবং যেসব জমির ফসল নষ্ট হয়েছে সেসব জমির চাষীদের ক্ষতিপূরণ করার ব্যবস্থা করা হোক।

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বেশ কয়েকদিন ধরে ট্যাংরা অঞ্চলে সিপিএম-এর দু পক্ষের মারামারির ফলে এলাকার সাধারণ মানুষরা সন্ত্রস্ত হয়ে পড়েছেন। ঐ এলাকার অনেক ছেলে-মেয়ে কলকাতার বিভিন্ন স্থানে পড়াশুনা করতে যায়। ঐ এলাকায় এমন অবস্থার সৃষ্টি হয়েছে যে, ছাত্র-ছাত্রীদের অভিভাবকরা বলছেন, তাদের ছেলে-মেয়েরা এলাকায় ঢুকতে বেরতে পারছেনা—ওখানে সিপিএম-এর দু'পক্ষ, ভাল্লুক আর কাশীর মধ্যে লড়াই চলছে। এবিষয়ে গতকাল এই হাউসে বলা সত্ত্বেও গত রাতে আবার মারামারি হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রীর এটা বন্ধ করা দরকার। সুতরাং মাননীয় মন্ত্রীর কাছে আমার দাবি অবিলম্বে তিনি সিপিএম-এর ঐ দু পক্ষের লড়াই বন্ধ করার ব্যবস্থা করুন এবং দোষীদের গ্রেপ্তার করার ব্যবস্থা করুন। তানাহলে ঐ এলাকায় সন্ত্রাস আরও বেড়ে যাবে—নিরীহ মানুষ, ছাত্র-ছাত্রী, অভিভাবকরা বিপদে পড়বেন। আমি আশা করব স্বরাষ্ট্রমন্ত্রী হস্তক্ষেপ ঘটিয়ে অবিলম্বে ওখানে গন্ডগোল বন্ধ করবেন।

[12-20 — 12-30 P.M.]

**শ্রীমতী কণিকা গাঙ্গুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বালি বিধানসভা কেন্দ্রের অন্তর্গত লিলুয়ায় রামকৃষ্ণ উদ্বাস্তু কলোনির পার্শ্ববর্তী এলাকায় সি এম ডি এর আর আর স্কীমে যে কাজ হচ্ছে সেই কাজ হঠাৎ বন্ধ হয়ে যায়। কারণ যে রাস্তায় কাজ হচ্ছে সেই রাস্তা আটকে জনৈক বীরকুমার মজুমদার তার বাড়ি বানিয়ে অবরোধ করে বসে রয়েছে। স্বাভাবিকভাবে ঘটনাটি ছোট মনে হতে পারে, কিন্তু আসলে ঘটনাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং বিচ্ছিন্ন ঘটনা নয়। ঐ এলাকায় ঐ কাজটি যদি সম্পন্ন না করা যায় তাহলে সমস্ত এলাকাটি জলমগ্ন হবে এবং এলাকার মানুষ অত্যন্ত ক্ষতিগ্রস্ত হবে। এই জায়গায় দাঁড়িয়ে আমি মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে অনুরোধ করছি তিনি যেন বিষয়টি দেখেন। প্রসঙ্গত বলি, এই বীর কুমার মজুমদার ওখানকার ব্লক কংগ্রেসের নেতা। তিনি বলেছেন, আমার পিছনে আমার দল আছে। এর পাশাপাশি আমি উল্লেখ করছি, কংগ্রেসের কালচার দাঁড়িয়ে গেছে অবরোধ করা। তারা অবরোধ করে আবার তুলেও নেয়। কিন্তু এখানে এই কংগ্রেস কর্মীটি পারমানেন্ট অবরোধে

নেমেছেন, সরকারি খাস জমি দখল করে যেখানে সেখানে বে-আইনিভাবে বাড়ি বানিয়েছেন। এরফলে পৌর কাজকর্ম করতে গিয়ে বারবার বাধা প্রাপ্ত হচ্ছে। এই বাধা প্রাপ্ত হওয়ার যে বিষয়টি আমি লক্ষ্য করছি, সেটা খুবই আনন্দের, দলমতনির্বিশেষে এলাকার মানুষ আজকে ঐ কংগ্রেস নেতার বিরুদ্ধে দাঁড়িয়েছে। আমি মাননীয় পৌরমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনি যেন এই বিষয়টি দেখেন।

**শ্রী ফণীভুষণ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী, মাননীয় পূর্তমন্ত্রী এবং মালদা হতে নির্বাচিত মাননীয় মন্ত্রী শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মালদা জেলার মধ্যে দিয়ে, পৌর এলাকার মধ্য দিয়ে ন্যাশনাল হাইওয়ে যেটা আছে, এই ন্যাশনাল হাইওয়েতে দৈনিক জ্যাম হয় এবং শহরের বুকে প্রতিমাসে ৩০টি খুন হয়। এই খুনকে রক্ষা করার জন্য এবং জ্যাম থেকে মুক্তি পাবার জন্য অনেকদিন থেকে মালদার মানুষ চাচ্ছে, মালদার দক্ষিণদিকে মহানন্দায় আর একটি সেতু নির্মাণ করা হোক। এই সেতুটি মালদা শহর থেকে ইংলিশবাজার টাউন হয়ে সাহাপুর অঞ্চলের ওপরে যাবে। এই সেতু নির্মিত হলে এই যে দৈনিক এত খুন হচ্ছে, এই খুন থেকে রক্ষা পাবে। সুতরাং এই দৈনিক অ্যাক্সিডেন্ট এবং খুনের কথা গুরুত্ব সহকারে বিবেচনা করে অবিলম্বে এই ব্রিজটি নির্মাণ করা হোক। আমি এই ব্যাপারে মাননীয় মন্ত্রী শ্রী বীরেন্দ্রকুমার মৈত্রর সাথে কথা বলেছি। তিনি বলেছেন, সরকারের সাথে অর্থাৎ অর্থমন্ত্রীর সাথে, মুখ্যমন্ত্রীর সাথে এবং পূর্তমন্ত্রীর সাথে আলোচনা করে এই ব্যাপারে অত্যন্ত গুরুত্ব সহকারে বিবেচনা করবেন। দীর্ঘদিনের উপেক্ষিত এই আবেদন মালদাবাসীর কাছ থেকে পৌছে দেওয়া সত্ত্বেও আজ পর্যন্ত সাহাপুর ব্রিজ, ফেরি ঘাট ব্রিজের পরিকল্পনা নেওয়া হয়নি। তাই আমার আবেদন অত্যন্ত গুরত্ব সহকারে বিবেচনা করুন এবং এর প্রতিকারের জন্য সক্রিয় হবেন।

**শ্রী গুরুপদ দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে একজন নাম না জানা গবেষক দীর্ঘ ২০ বছর ধরে একটি প্রত্নতত্ব সংগ্রহশালা তৈরি করেছেন। মাননীয় তথ্য ও সংস্কৃতি মন্ত্রী মহাশয়ের এ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করে বলছি, ঐ প্রত্নতত্ব সংগ্রহশালাটি অবিলম্বে সরকার কর্তৃক অধিগ্রহণ করা হোক। এই সংগ্রহশালাটি অধিগৃহীত হলে প্রত্নতত্ব গবেষকরা এবং এ বিষয়ে আগ্রহী মানুষরা এই সংগ্রহশালাটি ব্যবহার করে উপকৃত হতে পারবেন।

**শ্রী যদু হেমব্রম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদহের হবিবপুর বিধানসভা এলাকায় প্রাথমিক স্কুলে থেকে উত্তীর্ণ হয়ে ছেলেমেয়েরা হাইস্কুলের অভাবে ভর্তি হতে পারছে না। এর ফলে আদিবাসী অধ্যুষিত এলাকার মধ্যে শিক্ষার প্রসার ঘটছে না। আমার অনুরোধ, হবিবপুর গ্রাম পঞ্চায়েত এলাকায় নতুন একটি জেনারেল হাইস্কুল স্থাপন করা হোক।

**শ্রী অসিতকুমার মাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সারা পশ্চিমবাংলার মধ্যে সবচেয়ে বড় গ্রাম মাড়গ্রামে ৩০ হাজারের বেশি মানষ বসবাস করেন। সেই মাড়গ্রামের স্বাস্থ্যকেন্দ্রটি ভেঙ্গে

পড়ে গিয়েছে। এর ফলে সেখানকার ডাক্তার, নার্স, অন্যান্য স্টাফরা তাদের কোয়ার্টারে বসেই মাহিনা নিচ্ছেন। প্রতিদিন গড়ে ৩/৪শো লোক এই স্বাস্থ্যকেন্দ্রে এসে চিকিৎসা না পেয়ে ফিরে যাচ্ছেন। আগে ডাক্তারবাবু মাঠে রোগী দেখতেন কিন্তু এই বর্ষাকালে তা সম্ভব না হওয়ায় শতশত মানুষ হয়রানির মধ্যে পড়ছেন। পশ্চিমবঙ্গের সবচেয়ে বড় গ্রাম মাড়গ্রামের স্বাস্থ্য কেন্দ্রটি পুনর্নির্মাণ করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী বরেন বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, হাবড়ার উপর দিয়ে যে ন্যাশনাল হাইওয়েটি গিয়েছে সেই ন্যাশনাল হাইওয়েটি বিদেশ বাণিজ্যের ক্ষেত্রেও ব্যবহৃত হয়। হাজার হাজার ট্রাক সারা দেশ থেকে এই রাস্তাটি দিয়ে বনগাঁ সীমান্তে যায়। ঐ এলাকার হাজার হাজার মানুষ চান যে অবিলম্বে দমদম থেকে বারাসত পর্যন্ত ন্যাশনাল হাইওয়েটি আরও চওড়া করা হোক। একই সঙ্গে গুমা-বদর-বিড়া যে রাস্তাটি রয়েছে, যেটি ১৬ কি.মি. রাস্তা এবং এই অঞ্চলের মানুষের একমাত্র যোগাযোগের ভরসাস্থল, সেই রাস্তাটি অবিলম্বে সংস্কার করা হোক কারণ বর্তমানে রাস্তাটি ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে। পাশাপাশি ঐ এলাকার কৃষকদের কথা মনে রেখে তাদের সুবিধার জন্য জীবনপুর-কলসূর রাস্তাটি পিচ করা হোক এবং মাটিকুমড়া-চাকলা রাস্তাটি রিপেয়ার করা হোক। এ বিষয়ে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে ঐ বিষয়ে হস্তক্ষেপ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কেন্দ্র বারুইপুরের ইন্দ্রপালা গ্রামের হেলথ সেন্টারটি একটা সময় খুব ভালোভাবেই চলছিল এবং তারজন্য রাজ্য সরকার ৪টি বেডেরও ব্যবস্থা করেছিলেন। বর্তমানে এই স্বাস্থ্যকেন্দ্রটিতে একদিনও ডাক্তারবাবু আসেন না ফলে সেখানকার রোগীরা চিকিৎসা পাচ্ছেন না। এই স্বাস্থ্যকেন্দ্রটিতে চিকিৎসা না হওয়ার বর্তমানে রাত্রিবেলায় এটি সমাজবিরোধীদের একটি আড্ডাখানায় পরিণত হয়েছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি, এই স্বাস্থ্যকেন্দ্রটিতে বাধ্যতামূলকভাবে যাতে ডাক্তার যান সে ব্যবস্থা করুন। ৪টি বেড যুক্ত হেলথ সেন্টার খুব কমই আছে কাজেই এই হেলথ সেন্টারটির ব্যাপারটা দেখা উচিত। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি, সেখানে ডাক্তার পাঠাবার ব্যবস্থা করুন।

[12-30 — 12-40 P.M.]

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দ্বিতীয় ভূমি সংস্কার বিল রাষ্ট্রপতির অনুমোদন পেয়েছে। কিন্তু এখনও জোতদাররা জমি বে-নামে লুকিয়ে রাখার চেষ্টা করছে। আমার নির্বাচনী কেন্দ্র গোঘাটা সেখানে লক্ষীকান্ত ঘোষের ৬৯ একর জমি আছে। তিনি সেই জমির লুকিয়ে রাখার চেষ্টা করছেন এবং তার সেই জমিকে লুকিয়ে রাখার কাজে আরামবাগের মহকুমা প্রশাসক সর্বতভাবে সাহায্য করছেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি যে, সেই লক্ষ্মীকান্ত ঘোষের ঐ ৬৯ একর জমি যেটা লুকিয়ে রাখার চেষ্টা হচ্ছে সেটাকে অধিগ্রহণ করা হোক এবং যারা সেখানে চাষ করছেন তাদের মধ্যে বণ্টন করা হোক। এই জমি নিয়ে প্রতিদিন গরিব মানুষের মধ্যে লড়াই হচ্ছে।

**শ্রী এম আনসারুদ্দিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র জগৎবল্লভপুরের জগৎবল্লভপুর রুরাল হসপিটালটি ৬০ শয্যা বিশিষ্ট একটি হসপিটাল। বর্তমানে তার গৃহটি একটি সাংঘাতিক অবস্থায় এসে দাঁড়িয়েছে। সেখানে জল পড়ছে। রুগীরা যে বেডে শুয়ে আছে সেই বেডগুলি জল পড়ে ভিজে যাচ্ছে। আমরা বারেবারে এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করেছি। আমি আবার আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে হাসপাতালের গৃহটির সারাবার ব্যবস্থা করা হয়। বর্ষা শুরু হয়েছে, ৬০টি বেডেই রুগীরা রয়েছে, তাছাড়া মেঝেতে রুগী আছে, একটা অসহনীয় অবস্থার মধ্যে তারা আছেন.। স্বাভাবিকভাবে তার ব্যবস্থা যাতে করা হয় সেই দিকে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি। দ্বিতীয় কথা হচ্ছে, সেখানে মাত্র একটি অ্যাম্বুলেন্স আছে। সেখানে রুগীর যদি খুব খারাপ অবস্থা হয় তাহলে তাকে হাওড়া জেনারেল হাসপাতালে নিয়ে আসতে হয় । কিন্তু সেই অ্যাম্বুলেন্সের কোনও ড্রাইভার নেই। দীর্ঘদিন ধরে এইভাবে রাখা হয়েছে। আমরা এই ব্যাপারে সি এম ও এইচকে বলেছি কিন্তু এখনও পর্যন্ত কোনও ব্যবস্থা করা হয়নি। এখনও পর্যন্ত অ্যাম্বুলেন্সটি অচল হয়ে আছে। আমি এই দুটি বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ৭০ দশকে আমি যখন এই বিধানসভার সদস্য ছিলাম টালিগঞ্জের তখন এক শত শয্যা বিশিষ্ট মাতৃসদন তৈরি করে গিয়েছিলাম। ১৯৭৪ সালে সেই এক শত শয্যা বিশিষ্ট মাতৃসদন আমরা তৈরি করে রেখে গিয়েছিলাম। আজকে তিন বছর যাবৎ সেখানে কোনও ডাক্তার নেই, নার্স নেই। সেজন্য সেখানে কেউ চিকিৎসিত হতে আসে না। কলকাতার বুকের উপরে এক শত শয্যা বিশিষ্ট এই মেটারনিটি ক্লিনিক, শুধু মাত্র রাজ্য সরকারের ব্যর্থতা এবং খামখেয়ালির জন্য বন্ধ হয়ে আছে। এখানে এক শত শয্যা খালি পড়ে আছে। আজকে যেখানে অন্যান্য জায়গায় প্রসূতি মায়েদের জায়গা হচ্ছে না, সেখানে এই বেডগুলি খালি পড়ে আছে। এই হাসপাতালটি যদি সুষ্ঠুভাবে পরিচালিত হয় তাহলে কলকাতা এবং কলকাতার উপকণ্ঠে অনেক নারী প্রসূতির উপকার হবে। শুধু মাত্র কয়েকজন ডাক্তার এবং নার্স পেলে হাসপাতালটি আবার সুষ্ঠু ভাবে চালু করা যায়। কাজেই এই বিষয়ের গুরুত্ব অনুধাবন করার জন্য আমি স্বাস্থ্য মন্ত্রীকে অনুরোধ করব এবং হাসপাতালটি যাতে পুনরায় সদ্ব্যবহার করা যায় এবং প্রসূতি মায়েদের কাজে লাগে সেই ব্যবস্থা করার জন্য বলব।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী কেন্দ্র জলঙ্গীতে দুটি থানা জলঙ্গী এবং রানিনগর। দুটি থানাই বর্ডার এলাকায় বাংলাদেশ সীমান্তে। ওখানে সমস্যা হল, বাংলাদেশের চোর-ডাকাতরা মাঝে মাঝেই এসে হামলা করে এবং লুঠপাট করে নিয়ে যায়। আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, অবিলম্বে থানা দুটির শক্তি বাড়ানো হোক এবং অতিরিক্ত গাড়ি দেওয়া হোক, কারণ তা নাহলে বর্ডার এলাকার ঐ বাড়তি সমস্যার সমাধান করা যাচ্ছে না। এছাড়া বি এস এফের সঙ্গে কথা বলে যাতে ঐ থানা দুটির বর্ডার এলাকায় টহলদারি জোরদার হয় তারজন্য ব্যবস্থা নিতে আমি অনুরোধ করছি।

**শ্রী গোলান লেপচা ঃ** নট প্রেজেন্ট।

**শ্রীমতী মায়ারানি পাল ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে বহরমপুর তথা মুর্শিদাবাদ জেলায় বিদ্যুৎ সাপ্লাই-এর যে ঘাটতি সে সম্পর্কে বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ একটি কৃষিপ্রধান জেলা। চাষাবাদ করে বেশির ভাগ মানুষ সেখানে জীবিকা নির্বাহ করে। যারজন্য প্রচুর পরিমাণে সেচের জল প্রয়োজন। চাষের জল সরবরাহ করার জন্য বিভিন্ন গ্রাম ক্লাস্টার স্কীম আছে। বিদ্যুতের সাহায্যে পাম্প মেশিনের সাহায্যে সেখানে মাঠে জল দেওয়া হয়। কিন্তু বর্তমানে কোথায়ও ঠিকমতো বিদ্যুৎ সরবরাহ করা হয় না। বহরমপুরের রাধারঘাট, শিয়ালমারা, দোলতাবাজার, গোয়ালজান, ভাকুড়ি প্রভৃতি অঞ্চলের অনেক গ্রামেই এখনও পর্যন্ত বিদ্যুৎ পৌছায়নি। আমরা প্রায়ই শুনি, পশ্চিমবঙ্গ নাকি বিদ্যুৎ উৎপাদনে উদ্বৃত্ত রাজ্য। কিন্তু এই কি তার নমুনা! আমি অবিলম্বে চাষীদের ও গ্রামাঞ্চলে সাধারণ মানুষের কাছে যাতে বিদ্যুৎ পৌছায় ও ঠিকমতো বিদ্যুৎ সরবরাহ করা হয় তারজন্য মাননীয় মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**শ্রীমতী দেবলীনা হেমব্রম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রীয় সরকার সারের ক্ষেত্রে ভরতুকি দেওয়ায় সারের দাম কমে গেছে, কিন্তু তারফলে সারের মালিকরা কৃত্রিম অভাব সৃষ্টি করেছেন এবং তারফলে বাজারে সার পাওয়া যাচ্ছে না। এতে প্রান্তিক চাষীদের খুবই অসুবিধা হচ্ছে। তাই যাতে সহজে সার চাষিরা পেতে পারেন তার ব্যবস্থা নিতে এবং সঙ্গে সঙ্গে সারের কৃত্রিম অভাব সৃষ্টিকারীদের শাস্তি বিধান করতে আমি অনুরোধ করছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল রেলমন্ত্রী যে রেল বাজেট প্লেস করেছেন তাতে মেদিনীপুর জেলার মানুষ, বিশেষ করে পর্যটকরা ক্ষুব্ধ হয়েছেন। কারণ গত বছরও দীর্ঘ-তমলুক রেলপথের জন্য বাজেটে যেখানে ৫ কোটি টাকা ধার্য করা হয়েছিল, সেখানে এ বছরের বাজেটে সেটা কমিয়ে ১ কোটি টাকা করা হয়েছে। আজ থেকে ১০ বছর আগে তমলুক-দিঘা রেলপথের কাজ শুরু হয়েছিল এবং তার প্রোজেক্ট কস্ট ধরা ছিল ৭২ কোটি টাকা। কিন্তু আজ পর্যন্ত মাত্র ২১ কোটি টাকা খরচ করা হয়েছে। কেন্দ্রে আজকে আপনাদের বন্ধু সরকার রয়েছেন, কিন্তু তারা গত বছরের ৫ কোটির জায়গায় বরাদ্দ করেছেন মাত্র ১ কোটি টাকা। যাতে তারা ঐ রেলপথের জন্য বরাদ্দটা বাড়ান তারজন্য ব্যবস্থা নিতে আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি, কারণ আপনারাও ঐ সরকারের শরিক।

**শ্রী রতনচন্দ্র পাখিরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী ক্ষেত্রে ঘাটালের ৯ নম্বর ওয়ার্ডে একটি কাঠের সেতু পারাপারের অযোগ্য হয়ে পড়েছে। ঘাটালের ১৭টি ওয়ার্ডের মধ্যে ১০টি ওয়ার্ড বর্তমানে বন্যায় প্লাবিত। ঐ পোলটা যোগাযোগের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। পোলটা ভেঙে যাবার অন্যতম কারণ হচ্ছে, ঐ ৯ নম্বর ওয়ার্ডে সি পি এম কমিশনার জয়লাভ করেছেন, কিন্তু মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান কংগ্রেসের। তারজন্য পোলটির প্রতি গুরুত্ব দেওয়া হচ্ছে না। যাতে অবিলম্বে ঐ কাঠের পোলটিকে কংক্রিটের পোলে রূপান্তরিত করা হয় তারজন্য দাবি

জানাচ্ছি।

[12-40 — 12-50 P.M.]

**শ্রী সুধীর ভট্টাচার্য :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমি কিছু সময় চাই, কারণ এটা পশ্চিমবাংলার একটা বড় সমস্যা। টাকা তছরূপের অভিযোগে পশ্চিমবাংলার সমস্ত নন-ব্যাঙ্কিংগুলিকে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের সহযোগিতায় বন্ধ করে দেওয়ার জন্য মাননীয় অর্থমন্ত্রীকে জানাই উষ্ণ অভিনন্দন। ১৯৯৪ সালের মার্চ মাস থেকে ১৯৯৬ সালে জুলাই মাস দীর্ঘ এই ২ বছর ৫ মাস কাল পর্যন্ত মাননীয় মন্ত্রী মহাশয়ের দ্বারা বন্ধ করে দেওয়া নন-ব্যাঙ্কি-এর পরিচালক মন্ডলীর কাছ হতে সাধারণ নিম্নমধ্যবিত্ত ঘরের মানুষদের কষ্টার্জিত জমা দেওয়া টাকা ফেরতের ব্যবস্থা না করার জন্য পশ্চিমবাংলার লক্ষ লক্ষ গরিব ঘরের বেকার ছেলের দল যারা সৎভাবে উপার্জন করে বাঁচার তাগিদে ঐ সমস্ত কোম্পানিতে এজেন্সির কাজ গ্রহণ করেছিল তারা আমানতকারীদের অত্যাচারে কেউ ঘর ছাড়া কেউ ইহলোক ছাড়া। বন্ধের পর দীর্ঘ সময় অতিবাহিত হয়ে গেলেও সরকারপক্ষ থেকে কোনও রূপ আমানত ফেরতের ব্যবস্থা গ্রহণ করা হয় নি।

**শ্রী তপন হোড় :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বীরভূম জেলার জেলা শহর হচ্ছে সিউড়ি। এটা একটা গুরুত্বপূর্ণ শহর এবং বোলপুর শান্তিনিকেতন রবীন্দ্রনাথের কারণে গুরুত্বপূর্ণ জায়গা। এই দুটি জায়গায় দূরত্ব হচ্ছে ৪০ কিলোমিটার। এখানকার যোগাযোগকারী রাস্তাটির উপর দিয়ে প্রচুর পরিমাণে মটরযান চলাচল করে। বর্তমানে এই রাস্তার অবস্থা যা দাঁড়িয়েছে তা অত্যন্ত ভয়াবহ। এই রাস্তা শুধু সংস্কার নয় এই রাস্তা চওড়া করার প্রয়োজন হয়ে পড়েছে। প্রতিদিন এই রাস্তা দিয়ে হাজার হাজার লরি বাস চলচল করে। এই রাস্তাটি শুধু সিউড়ির প্রয়োজনে নয়, আন্তজেলা যোগাযোগের ক্ষেত্রেও এই রাস্তাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই রাস্তার মধ্যে দুটি সেতু আছে। একটা বক্রেশ্বর সেতু। যখন বন্যা হয় তখন সেই সেতু ডুবে যায়। সেই জন্য আমার দাবি এই সেতুকে আপলিফট করতে হবে। আর একটা বক্রেশ্বর নদীর উপর সেতু আছে সেটা একেবারে কমডেম হয়ে গেছে। যদি এ সেতুটি সংস্কার করা না হয় তাহলে এই রাস্তাটি বন্ধ হয়ে যাবে। এই ব্যাপারে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অজয় দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার এলাকায় ফুলিয়ায় একটা কোল্ড স্টোরেজ আছে সেটা কো-অপারেটিভের মাধ্যমে চলে। ৬ মাস আগে এখানে ব্যাপক দুর্নীতি হয়েছে। এই দুর্নীতির ফলে এখানে গরিব চাষিরা যে আলু রেখেছিল সেই ১০ লক্ষ টাকার আলু নষ্ট হয়ে গেছে। ফলে চাষীদের মাথায় হাত পড়ে গেছে। এখানকার যারা মেম্বার আছে চাষিরা তাদের দরজায় দরজায় ঘুরে বেড়াচ্ছে তাদের ক্ষতিপূরণের জন্য। কিন্তু তারা সেই ক্ষতিপূরণ পাচ্ছে না। আমার দাবি অবিলম্বে এই ব্যাপারে তদন্ত করা হোক এবং গরিব চাষী যারা আলু রেখেছিল তাদের ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা করা হোক।

**শ্রী অশোক গিরি :** স্যার, আমি আপনার মাধ্যমে সেচ এবং জলপথ দপ্তরের মাননীয়

মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের কাকদ্বীপ ডিভিশনের ডিভিশন অফিস কলকাতায় এবং এই ডিভিশন অফিসের অন্তর্গত ৪টি সাব-ডিভিশন আছে কাকদ্বীপে। এখানে প্রতি বছর নদীবাঁধ ভেঙে যায় এবং মানুষের ফসল ঘরবাড়ি সমস্ত নষ্ট হয়ে যায়। এই নদীবাঁধ মেরামত করার যে কাজ হয় সেই কাজের উপর নজরদারি করে কাকদ্বীপের এই ৪টি সাব-ডিভিশন কাজ ডিভিশন অফিশ থেকে। কিন্তু প্রায় ১৫০ কিলোমিটার দূর থেকে ঠিক ভাবে নজরদারি করা সম্ভব হয় না। সেই কারণে কন্ট্রাক্টারদের সাথে ডিভিশন অফিসের যোগাযোগ হয়। গরিব মানুষ, সাধারণ মানুষ যারা বাঁধ ভাঙার ফলে ক্ষতিগ্রস্ত হয় তারা সাব ডিভিশন অফিসে যায়। তারা বলে আমাদের করার কিছু নেই, আপনরা ডিভিশন অফিসের সঙ্গে যোগাযোগ করুন। কিন্তু সাধারণ মানুষের পক্ষে সেই যোগাযোগ করা সম্ভব হয়ে ওঠে না। আমার বক্তব্য হল যদি এই ৪টি সাব ডিভিশন অফিস কাকদ্বীপে থাকতে পারে তাহলে কেন ডিভিশন অফিস কলকাতায় থাকবে? সেই জন্য আমি দাবি জানাচ্ছি এই ডিভিশন অফিস কাকদ্বীপে স্থানান্তরিত করা হোক।

**শ্রী শিবদাস মুখার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। তহশীল মোহরার যারা ৩-৮-৭৯ থেকে কাজ করছেন তাদেরকে স্থায়ী করার কথা পশ্চিমবঙ্গ সরকার ঘোষণা করেছিলেন। কিন্তু যারা ১৯৬৬ সাল থেকে ১৯৮৪ সাল পর্যন্ত কাজ করেছেন তাদেরকে স্থায়ী করা হয়নি। সরকারি স্থায়ী কর্মচারী হিসাবে ১৩ই মার্চ, ১৯৯৬ তারিখে গণ্য করা হলেও আজ পর্যন্ত তাদের স্থায়ী কর্মচারী হিসাবে ঘোষণা করা হয়নি। এর ফলে প্রায় ৪৭ জন তহশীল মোহরার তারা মৃত্যু বরণ করতে বাধ্য হয়েছে। আবার অন্যদিকে, বাঁকুড়া জেলার কয়েকজন ব্যক্তি, যারা একটি পার্টির দলভুক্ত, তাদের তহশীল মোহরার হিসাবে নিযুক্ত করা হয়েছে। এটি একটি মানবাধিকারের বিষয়। সরকারি আদেশ যে সমস্ত সরকারি আমলা অমান্য করছেন তারা এই বিষয়টিকে উপেক্ষা করছেন। সরকারি আদেশ বলে যারা স্থায়ী হওয়ার যোগ্য অথচ স্থায়ী করা হচ্ছে না, সেই সমস্ত পরিবারকে রক্ষা করার জন্য আমি আপনার মাধ্যমে ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্তঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর সদর ব্লকে কোনও গার্লস হাইস্কুল নেই। চাঁদরা জুনিয়র গার্লস হাইস্কুলটি গত ১-১-৭০ থেকে চলছে। গত ১৮-৯-৯১ তারিখে জেলা পরিষদের সভাধিপতি এবং ডি আই, স্কুলস, উক্ত স্কুলটিকে হাইস্কুল করার জন্য রেকমেন্ড করে পাঠিয়েছিলেন। ফাইল নম্বরটি হচ্ছে ৩৭১১৯২ তাং ২-৪-৯২। আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, চাঁদরা জুনিয়র গার্লস হাইস্কুলটিকে আপ-গ্রেডেশনের ব্যবস্থা করুন এবং বালিকাদের পড়ার সুযোগ বৃদ্ধি করুন।

**শ্রী কমল মুখার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পৌর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনারা জানেন যে চন্দননগর এককালে ফরাসিদের অধীনে ছিল। এখানে জল নিষ্কাশন ব্যবস্থা ভালো ছিল। এর তিনদিকে গড় এবং একদিকে গঙ্গা। আমরা গর্ব করে বলতাম যে, অতি বৃষ্টিতে কোনওদিন এখানে জলমগ্ন হবে

না। কিন্তু এখন একটু বৃষ্টি হলেই সব জায়গাতেই জল জমে যায় এবং বহু মানুষ জলমগ্ন হয়ে পড়েন। গড়ের সংস্কারের জন্য ওখানকার পৌর বোর্ড সরকারের কাছে আবেদন জানিয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি যাতে গড় সংস্কারের জন্য ওখানে কিছু টাকা বরাদ্দ করেন।

**শ্রীমতী শক্তি রানা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার গোপীবল্লভপুরে রোহিনী ডুলুং যে ব্রিজ, সেটির কাজ দীর্ঘদিন ধরে চলছে। উক্ত ব্রিজ নির্মাণের কাজ এমন ভাবে চলছে যে কবে সম্পূর্ণ হবে তার ঠিক নেই। এর ফলে ঐ এলাকার সমস্ত মানুষের খুবই অসুবিধা হচ্ছে। বিশেষ করে বর্ষাকালে মানুষের যোগাযোগের ব্যাপারে খুবই অসুবিধা হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি যাতে উক্ত ব্রিজটির নির্মাণ কাজ সত্ত্বর শেষ হয়।

[12-50 — 1-00 P.M.]

**শ্রী পঙ্কজ ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র বনগাঁয় একটি বাস টার্মিনাস করা একান্ত দরকার। বনগাঁর সবচেয়ে বড় গঞ্জ হচ্ছে ন-হাটা, এখানে কোনওরকম বাস সার্ভিস নেই। একজন লোককে আসতে হলে ডেলি ২০ টাকার থেকে ২৫ টাকা খরচ করতে হয়। সুতরাং বনগাঁ থেকে হাবড়া ভায়া ন-হাটা হয়ে একটি সরকারি বাস চালু করা হোক। আরেকটি বনগাঁ থেকে দিঘা এবং বনগাঁ থেকে পুরী সরকারি বাস চালু করা হোক। আরেকটি হচ্ছে বাজিৎপুর টু বাবুঘাট ভায়া বনগাঁ এবং বনগাঁ টু কল্যাণী বাস সার্ভিস চালু করা হোক।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে উল্লেখ করতে চাই। মন্ত্রী তার বাজেট বক্তৃতায় বলেছেন যে মিড ডে মিল প্রোগ্রামের কর্মসূচি নেওয়া হয়েছে তাতে প্রত্যেক ছাত্র-ছাত্রী পিছু তিন কে.জি. করে প্রতি মাসে চালের বরাদ্দ করা হয়েছে। কিন্তু সুন্দরবন এলাকায় ক্যানিং (১) নং বিডিও একটি লিখিত সার্কুলার দিয়ে বলেছেন যে তিন মাসের বরাদ্দ ৯ কে.জি.র পরিবর্তে ৭ কে.জি. ২০০ গ্রাম করা হবে। তাতে ডিলাররা আবার ওটার থেকে ২০০ গ্রাম করে কমিয়ে দিয়েছেন। সেই কারণে বিভাগীয় মন্ত্রীর কাছে অনুরোধ করব যে, এই যে চাল দেওয়ার ক্ষেত্রে কারচুপি করা হচ্ছে এটা বন্ধ করা হোক এবং ছাত্র-ছাত্রীদের বরাদ্দকৃত চাল যেন দেওয়া হয়।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিধানসভা থেকে আমরা এই রাজ্যের রেল প্রকল্পের অনুমোদনের জন্য দাবি জানিয়েছি। এখান থেকে সর্বদলীয় প্রতিনিধিও বিগত কংগ্রেস সরকারের আমলে ওখানে গিয়েছিলেন। কিন্তু তখন আমরা কোনও সাড়া পাই নি। ওদের হাতে পশ্চিমবঙ্গের প্রকল্পগুলো বঞ্চনার শিকার এবং অবহেলার শিকার হয়েছিল। গতকাল যুক্ত ফ্রন্ট সরকারের রেল মন্ত্রক পশ্চিমবঙ্গের দাবিগুলোর প্রতি ইতিবাচক সাড়া দিয়েছেন এবং দীর্ঘদিন আগে যে হাওড়া-জনতা এক্সপ্রেস চলত, যেটা বন্ধ করে দিয়েছিলেন, সেটা আবার চালু করা হয়েছে। একটু আগেই মাননীয় বিধায়ক তমলুক-দিঘা রেল চালানোর

জন্য বলছিলেন। তমলুক-দীঘা থেকে শুরু করে এক লাখী বালুরঘাট পর্যন্ত রেল প্রকল্পর জন্য কেন্দ্রীয় সরকার ৩ কোটি টাকা বরাদ্দ করেছেন। পাশাপাশি হাওড়া-আমতা রেল প্রকল্পর জন্য ২ কোটি টাকা বরাদ্দ করেছেন। শুধু তাই নয়, মেট্রো রেল যেটা আমাদের দীর্ঘদিনের দাবি ছিল যে, একদিকে উত্তরব্যারাকপুর এবং দক্ষিণে গড়িয়া পর্যন্ত বাড়ানো হোক, এই নিয়ে আগেকার কেন্দ্রীয় সরকারের কাছে জানালে তারা বাতিল করে দিয়েছিলেন। এবং মেট্রোকে রেল দপ্তর থেকে সরিয়ে মেট্রো ডেভেলপমেন্ট অথরিটির হাতে তুলে দিয়েছিলেন। এই সরকার এসে আবার এটা রেল দপ্তর হাতে নিয়ে এসেছে। এবার নিত্য যাত্রীদের ভাড়া বাড়েনি এবং সাধারণ মানুষের খাদ্য শস্যের ক্ষেত্রেও মাশুল বৃদ্ধি তারা করেন নি।

**শ্রী নর্মদা রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় প্রাথমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কুশমন্ডী বিধানসভা কেন্দ্রে রাধিকাপুর অঞ্চলে একটি মাত্র জুনিয়র হাইস্কুল আছে, সেটিকে হাইস্কুলে উন্নীত করা হোক। দীর্ঘদিন ধরে এই দাবি আমরা করে আসছি, ওখানে ১৮ হাজার মানুষের বাস, অধিকাংশ এস সি সম্প্রদায়ের মানুষ বাস করেন। ওই রাধিকাপুরে জুনিয়র হাইস্কুলটিকে হাইস্কুলে রূপান্তরিত করার জন্য বহু চেষ্টা করা হয়েছে কিন্তু সব চেষ্টাই বৃথা হয়েছে। সুতরাং এই স্কুলটিকে হাইস্কুলে উন্নীত করা হোক এই দাবি আমি রাখছি।

**শ্রী রঞ্জিত কুন্ডুঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, ব্যারাকপুর ১ নম্বর ব্লকে যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি আছে, এটি ভাল প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, কিন্তু ৬টি বেড এখানে আছে। দীর্ঘদিন ধরে এখানে বি এম ও এইচ নেই, একজনকে দেওয়া হয়েছিল, মহিলা ডাক্তার কে, তিনিও আসছেন না. ফার্মাসিস্ট আসে না, তার যাওয়া আসাও ঠিক নেই, ২৬ জন কর্মচারী কোনওদিনই তারা অর্ধেক এর বেশি আসে না, তাও তাদের যাওয়া আসা ঠিক নেই। এই অবস্থায় সেখানে যে অপারেশনের ব্যবস্থা ছিল, সেটিও অব্যবস্থার মধ্যে আছে, অথচ এটি একটি ভাল স্বাস্থ্যকেন্দ্র, এটা নষ্ট হয়ে যেতে বসেছে। আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর প্রতি, এটির দিকে বিশেষ করে নজর দেওয়ার জন্য, এটি চালু থাকলে লক্ষাধিক মানুষ উপকৃত হবেন।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুরঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পঞ্চম বার্ষিকী পরিকল্পনায় গৃহীত একটি রাস্তা রাতুলিয়া থেকে গোবর্ধনপুর, সেই রাস্তার কাজ মাত্র ১ থেকে সোয়া কি. মি. হয়েছে, আমি আবেদন করব পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় গৃহীত কাজ অবিলম্বে দ্রুত সম্পন্ন করা হোক।

**শ্রী শক্তিপদ খাঁড়াঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত কয়েক বছর হল হুগলি জেলার পোলবা দাদপুর পঞ্চায়েত সমিতির এলাকাধীন ৬টি মৌজায় ৩৬টি মিনিকিট প্রথিত হয়েছে। মৌজাগুলি হচ্ছে, সড়ক দৌলতপুর, ভবানীপুর, মীরখিলা, বালিকুখারি, কাসুন্দিপাড়া। দুঃখের বিষয় এই মিনিগুলিতে এখনও বিদ্যুৎ সংযোগ হয়নি। অবিলম্বে মিনিগুলিতে বিদ্যুৎ সংযোগ করতে হবে। মিনিগুলি চালু হলে ১ হাজার বিঘা সেচ সেবিত হবে, এখন যেখানে এক ফসলি চাষ হচ্ছে, সেখানে চালু হলে ২/৩টি ফসল চাষ করতে পারবে, এতে কৃষকরাও উপকৃত হবেন এবং ক্ষেতমজুরদের

কাজ বৃদ্ধি পাবে।

**শ্রী সুস্মিতা বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সেচ ও জলপথ বিভাগের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, দামোদর ব্যারেজের উপর বাঁকুড়া জেলার বড়জোড়া এলাকায় নদীর দক্ষিণে যে অ্যাফ্লেকস বাঁধটি আছে, সেই বাঁধটিতে প্রচুর বালি জমে যাওয়ায় আরও উঁচু করতে হবে। তাই অবিলম্বে দামোদর অ্যাকশন প্ল্যান দরকার, এই অনুরোধটা আমি আপনার মাধ্যমে সেচ ও জলপথ দপ্তরের মন্ত্রীর কাছে ব্যারেজ সংস্কার করার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি পরিবহন মন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের সম্বন্ধে উল্লেখ করতে চাই। হীরাপুর বিধানসভা কেন্দ্রের অঞ্চলে পরিবহন ব্যবস্থা একদম ভেঙে পড়েছে। মরিচকোটা, সুইনিড, রঘুনাথবাটী, রামজীবনপুর, গোবিন্দপুর, সরারডিহি, সিতলা, উত্তর ধাদকা, মৌঝুরি, সাতপুকুরিয়া, গড়পড়িরা, সেনর‍্যালে প্রভৃতি অঞ্চলে ৪/৫ বৎসর কোনও বাস চলছে না। কিন্তু কোন অজ্ঞাত কারণে সেখানে বাস চলছে না আমরা জানিনা। বিশেষত মেয়েরা ওখান থেকে পড়াশুনার জন্য আসানসোলে আসতে পারছে না, এখান থেকে আসানসোল ৭ থেকে ১২ কি.মি. দূরে। পরিবহনমন্ত্রীর কাছে অনুরোধ করছি, অবিলম্বে সেখানে পুনরায় বাস চালানোর ব্যবস্থা করা হোক। কারণ এলাকার মানুষদের ভীষণ অসুবিধার পড়তে হচ্ছে।

[1-00 — 1-10 P.M.]

**শ্রী নীরদ রায় চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ক্ষুদ্র ও সেচ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র অশোকনগর গ্রাম পঞ্চায়েতে ট্রান্সফর্মার খারাপ হয়ে গেছে। তার ফলে ২৫০ থেকে ৩০০ বিঘে জমির ধান নষ্ট হয়ে যাচ্ছে। আমার এস ই পি-র কাছে গিয়েছিলাম, তিনি বলছেন, আমি কিছু করতে পারব না, ডি ই বলছেন আমি কিছু করতে পারব না। তাহলে এই ৩০০ বিঘা জমির ধান নষ্ট হয়ে যাচ্ছে, তার কি হবে। অনতিবিলম্বে সেখানে ট্রান্সফর্মার বসিয়ে ঐ এলাকার মানুষের যে দাবি সেই জল সরবরাহ করে ধান চাষ যাতে বিঘ্নিত না হয়, ঠিকমতো হয় তার করার জন্য অনুরোধ করছি।

**শ্রী শান্তিরঞ্জন গাঙ্গুলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার এলাকা শ্যামপুকুরের তীব্র জল সঙ্কটের প্রতিবাদ জানিয়ে আমার মেনশন রাখছি। শ্যামপুকুর স্ট্রিট, রামধনমিত্র লেন, চৌধুরি লেন এই সমস্ত রাস্তাগুলোতে জল সঙ্কটের জন্য এলাকার মানুষ খুব বিপদগ্রস্ত। জলের চাপ কমে গিয়েছে। সেখানে টিউবওয়েল দু-একটি আছে, চাপ পড়ার ফলে সাধারণলোক জল নিতে পারে না। আমি আপনার মাধ্যমে পৌর ও নগরোউন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এলাকার লোককে বাঁচাবার জন্য জলের ব্যবস্থা করা হোক এবং আরও কয়েকটি টিউবওয়েলের ব্যবস্থা করা হোক।

**শ্রী হবিবুর রহমান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাধ্যমিক ও শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ

দুই নম্বর ব্লকে দশটি গ্রাম পঞ্চায়েত আছে। সেখানে পাঁচটি মাধ্যমিক স্কুল আছে, কিন্তু কোনও উচ্চমাধ্যমিক স্কুল সেখানে নেই। মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা ভর্তি হতে পারছে না। ভর্তি হওয়ার জন্য তারা ছোটাছুটি করছেন, ভর্তি না হতে পেরে অনেকের পড়াশোনা বন্ধ করে দিতে হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাধ্যমিক শিক্ষা দপ্তরের মন্ত্রীর কাছে আবেদন করছি রঘুনাথগঞ্জ দুই নম্বর ব্লকে একটি উচ্চমাধ্যমিক স্কুল স্থাপন করা হোক।

**শ্রী চক্রধর মাইকাপ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দিঘা-কলকাতা রাস্তার পাশে লোকাল বোর্ড থেকে নিমপুর, সাত কিলোমিটার দীর্ঘ এই রাস্তাটি পিচ রাস্তা করার জন্য এই আবেদন জানাচ্ছি। এই রাস্তা দিয়ে প্রতিদিন ১০ হাজার মানুষ, হাজার হাজার শ্রমিক, ইট ভাটার শ্রমিক টালিভাটার শ্রমিক তারা যাতায়াত করেন, ছাত্র-ছাত্রীরা যাতায়াত করে। ঐ রাস্তাটিকে সড়ক রাস্তা করলে এই সমস্ত লোকরা উপকৃত হবে। পূর্তমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি এই রাস্তাটিকে সড়ক রাস্তা করা হোক।

**শ্রী গৌতম চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কেন্দ্র ইংলিশবাজার ৩৪ নম্বর জাতীয় মালদহ শহরের উপর দিয়ে চলে গেছে। মালদহ শহর রবীন্দ্রভবন থেকে মহানন্দা সেতু পর্যন্ত দীর্ঘ চার কিলোমিটার রাস্তা। এই রাস্তাটির উপর পূর্ব, উত্তর পূর্ব ভাবতের সমস্ত যান বাহন যায়। এই রাস্তাটির দু ধারে ১৭টি কিন্ডারগার্ডেন স্কুল এবং প্রত্যেকদিন এই রাস্তাটির উপর দিয়ে ছোটো ছোটো শিশুরা স্কুলে যায়। আজকে আমি হাউসে আসার আগে একটি ট্রাংক কল পেলাম যে একটি কিন্ডারগার্ডেন স্কুলের ভ্যানকে একটি ট্রাক চালক ধাক্কা দিয়ে ফেলেছে গিয়েছে। ৫ জন শিশুকে হাসপাতালে রক্তের ড্রিপ দেওয়াব হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই জনাকীর্ণ ৩৪ নম্বর জাতীয় সড়কটির সংস্কার করার জন্য, পেডেস্ট্রিয়ানরা যাতে সুস্থভাবে চলাফলা করতে পারে তার জন্য এবং মালবাহী ট্রাকের চালকদের নিয়ন্ত্রণ করার জন্য আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রী তথা পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমি একটি জ্বলন্ত সমস্যা—যে সমস্যা শুধু আমার ব্যক্তিগত সমস্যা নয়, এই গোলাকার ঘরের ভিতর যারা রয়েছি এই সমস্যা তাদেরও সমস্যা, সারা দেশের সমস্যা সে সমস্যা বেকার সমস্যা এই বেকার সমস্যা নিয়ে আমরা দেখতে পাচ্ছি বেকাররা দিশেহারা হয়ে দিন কাটাচ্ছে। দেশের অর্থনৈতিক সঙ্কট আরও ঘনীভূত হচ্ছে। আজকে সেই বেকার সমস্যা সমাধানে বামপন্থীরা সচেষ্ট হয়েছেন। আজকে যাতে কাজের অধিকারকে সাংবিধানিক স্বীকৃতি দেওয়া হয় তার জন্য বামপন্থীরা বারবার কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করেছে কিন্তু তদানীন্তন কেন্দ্রীয় সরকার, কংগ্রেস সরকার সেই দাবি গ্রহণ করেন নি। গ্যাট চুক্তি, প্রাইভেটাইজেশন ইত্যাদির মাধ্যমে বেকারত্ব আরও বাড়ছে। আজকে কেন্দ্রে নতুন সরকার এসেছে তাই মুখ্যমন্ত্রীর মাধ্যমে এই নতুন সরকারের কাছে দাবি জানানো হোক কাজের অধিকারকে সাংবিধানিক স্বীকৃতি দেওয়ার জন্য।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, ওয়াকফের বিচার বিভাগীয় তদন্ত হয়েছে তার টার্মস অব রেফারেন্স কবে ঠিক হবে এবং এই ব্যাপারে রাজ্য সরকারের প্রধান বিচারপতিকে চিঠি লিখেছেন কিনা? কবে নাগাদ কমিশনের কাজ শুরু হবে এবং টার্ম অব রেফারেন্স ঠিক করার

ক্ষেত্রে বিরোধী সদস্যদের কোনও মতামত গ্রহণ করা হবে কিনা? এটা আমাদেরকে জানানো হোক। ২৩ তারিখে বিধানসভা বন্ধ হয়ে যাবে, এর পর আমরা কিছুই জানতে পারব না। সুতরাং কমিশন অব এনকোয়ারি অ্যাক্ট অনুযায়ী কমিশনের কাজ সম্পর্কিত সরকারের ভাবনা চিন্তাধারার বিস্তৃত বিবরণ দিয়ে, যে কাজ বাকি আছে তার বিবরণ দিয়ে সভাকে ওয়াকিবহাল করুক এবং এই কমিশনের একটা ফার রিটিং এফেক্ট আছে। সরকারি পদে আসীন বহু মানুষকে এর মধ্যেকার আওতায় আনা হতে পারে। যখন কমিশন চলবে তখনও কি তারা সেই পদে থাকবেন এটা সরকারকে ঠিক করতে হবে। তাদের সেই দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হবে কিনা? আর অবিলম্বে টার্মস অব রেফারেন্স হাউসে ঘোষণা করা হোক।

**শ্রী নটবর বাগদি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমার নির্বাচনী এলাকায়, বিস্তীর্ণ এলাকা ট্রাইবাল জাতি, উপজাতি অধ্যুষিত। এই এলাকায় একটি হাইস্কুল। নটগুড়িয়া হাইস্কুল। এই স্কুলটিকে উচ্চমাধ্যমিক করার জন্য মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ওই এলাকার ১০/১২ মাইলের মধ্যে কোনও উচ্চমাধ্যমিক স্কুল নেই। ট্রাইব্যাল ছেলেমেয়েরা উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। এই স্কুলেটিকে উচ্চমাধ্যমিক উত্তীর্ণ করার আবেদন করছি।

[1-10 — 1-20 P.M.]

**শ্রী আকবর আলি খোন্দকর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার চন্ডীতলা বিধানসভা কেন্দ্রে ডানকুনি লেভেল ক্রসিং আছে। এখান থেকে বহু দূরপাল্লার গাড়ি, মালগাড়ি যায়। তার জন্য ঘণ্টার পর ঘণ্টা বাস, লরি, অ্যাম্বুলেন্সকে দাঁড়িয়ে থাকতে হয়। বহু লাইন পড়ে যায়, যাতায়াতের পথে বাধার সৃষ্টি হয়। এই সময় একটা এলাকার সঙ্গে আরেকটা এলাকার যোগাযোগ বিচ্ছিন্ন হয়। অবিলম্বে এখানে একটা ফ্লাইওভার তৈরি করার জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আবেদন জাচ্ছি। ফ্লাইওভার হলে এখানকার মানুষরা উপকৃত হবেন।

**শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ১লা এপ্রিল ১৯৮৬ থেকে যে সমস্ত হাসপাতাল গ্রামীণ হাসপাতাল হিসেবে স্বীকৃতি পেয়েছে, তাদের ব্যাঙ্কের সহায়তায় উন্নয়নের কাজ হবে। কিন্তু রাজ্য সরকার স্থির করেছেন ৩১শে মার্চ, ১৯৯৫ পর্যন্ত যে সব হাসপাতাল গ্রামীণ হাসপাতাল হিসেবে স্বীকৃতি পেয়েছিল তারাই কেবলমাত্র এই আইনের আওতায় আসবে। কিন্তু আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে আবেদন করছি ১লা এপ্রিল, ১৯৯৫ থেকে ৩১শে মার্চ, ১৯৯৬ পর্যন্ত যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্র গ্রামীণ হাসপাতাল হিসেবে স্বীকৃতি পেয়েছে তাদেরও বিশ্বব্যাঙ্কের উন্নয়নের আওতায় আনা হোক।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের আসানসোলের মানুষের দীর্ঘদিনের দাবিকে সম্মান জানিয়ে কংগ্রেস সরকার, পূর্বতন কেন্দ্রীয় সরকার আসানসোলে একটা রেডিও স্টেশন করার জন্য জমি একোয়ার করেছিলেন। সেই কাজ আজকে প্রায় সম্পূর্ণ হয়ে গেছে। আমি মাননীয় তথ্য ও সংস্কৃতি মন্ত্রীর কাছে অনুরোধ করছি যাতে তিনি

এব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে আসানসোল রেডিও স্টেশন উদ্বোধন করার ব্যবস্থা করেন।

**শ্রীমতী ইভা দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র জাঙ্গিপাড়ার একটা গুরুত্বপূর্ণ বিষয়ের কথা বলছি। জাঙ্গিপাড়ায় গ্রামীণ হাসপাতাল আছে। এই হাসপাতালের অন্তর্ভুক্ত ৪টি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র হল গুটি, বাগানডা, ফুরফুরা এবং রাজবল্লভঘাট। কিন্তু এখানে কোনও ডাক্তার থাকেন না। ডাক্তারদের ভালো কোয়ার্টার্সের বন্দোবস্ত আছে। প্রসূতিসদন সুবন্দোবস্ত থাকা সত্ত্বেও মায়েরা এখানে কোনও সুযোগ-সুবিধা পান না। সাধারণ চিকিৎসার জন্য এবং প্রসূতিদের জাঙ্গিপাড়া গ্রামীণ হাসপাতালে আসতে হয়। কিন্তু জাঙ্গিপাড়া গ্রামীণ হাসপাতালে অনেক সময় ডাক্তারবাবু থাকেন না। এখানে এক্সরে মেশিন, ই সি জি-র সরঞ্জাম রয়েছে। তবুও ডাক্তার না থাকার জন্য এখানকার মানুষরা সুচিকিৎসা পাচ্ছেন না। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই সমস্যাগুলো অবিলম্বে দূর করা সম্ভব হয়।

**শ্রী অঙ্গদ বাউড়ি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌর মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মেজিয়া রানিগঞ্জে যে সেতুটা হচ্ছে সেটা ১৯৯৬ সালে শেষ হবে। এখানে রোড করার জন্য পার্শ্ববর্তী অঞ্চল থেকে জমি অধিগ্রহণ করে মেজিয়া এবং রানিগঞ্জ-এর পার্শ্ববর্তী এলাকায় অ্যাপ্রোচ রোড তৈরি করার জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীকে অনুরোধ করছি।

**श्री रामजनम मांझी :** माननीय डिप्टी स्पीकर सर, मै आपके माध्यम से श्रममंत्री का ध्यान आकृष्ट कराना चाहता हूं। हमारे उलवेड़िया केन्द्र के मजदूर आज आत्महत्या करने को विवश है। कनोड़िया जूट मिल के मजदूर गरीवी और भूखामरी से तंग आकर एक मजदूर ने रेलवे लाइनपर जाकर आत्महत्या कर लिया। तीन दिन पहले की बात है एक मजदूर पतीपत्नी ने भूखामरी और गरीबी से तंग आकर आ गले मे फन्दा डालकर आत्महत्या कर ली। एसी अनेक घटना आज वहाँ घट रहा हैं। किते ही मजदूर आज हारकर आत्महत्या कर रहे हैं। मै माननीय श्रममंत्री से अनुरोध करता हूँ कि कनोड़िया जूट मिल और न्यू सेन्ट्रल जूट मिल को खोलवाने की जल्द से जल्द व्यवस्था किया जाए। इस केन्द्र के लगभग 40 हजार लोग गरीबी और भूखामरी के शिकार हो रहे हैं। मैं श्रममंत्री को जानकारी दे देना चाहता हूँ कि क्षेत्र मे इसके विरोध मे भयंकर आन्दोलन हो सक्ता हैं। इसलिए मैं श्रममंत्री से अनुरोध करता हूँ कि जल्द-से-जल्द बन्द मिलो को खुलवाने की व्यबस्था किया जाए।

**শ্রী মহম্মদ হান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের মাসড়া গ্রাম পঞ্চায়েত আদিবাসী অধ্যুষিত অঞ্চল। সেখানে ১৫ হাজার মানুষের মধ্যে ৯৫ পারসেন্ট লোক আদিবাসী। ঐ

মাসড়া গ্রামে একটা জুনিয়র হাই স্কুল আছে। তার ১৫ কিলোমিটারের মধ্যে কোনও হাই স্কুল নেই। ফলে আদিবাসী ছেলে-মেয়েদের আরও পড়াশোনা করার ইচ্ছা থাকলেও পারে না। তাই আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি, অবিলম্বে ঐ জুনিয়র হাই স্কুলটিকে হাই স্কুলে রূপান্তরিত করা হোক।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিগত ৬/৭ বছর আগে থেকে আমার এলাকায় বৈদ্যুতিকরণের সমস্ত প্রকল্পের কাজ বন্ধ আছে। সেখানে ৩৩ কে.ভি. সাব স্টেশনের কাজ সুষ্ঠ ভাবে হচ্ছে না, ধীর গতিতে হচ্ছে। এর ফলে সেচে স্যালো টিউবওয়েলের সুবিধা থেকে ২০/২৫টি গ্রাম বঞ্চিত থাকছে। গ্রামীণ বৈদ্যুতিক প্রকল্প, কুটিরজ্যোতি প্রকল্প বন্ধ হয়ে আছে। যাদের জমি অধিগ্রহণ করা হয়েছিল, তারা ক্ষতিপূরণও পেয়ে গেছে। এক শ্রেণীর প্রতিক্রিয়াশীল লোক ষড়যন্ত্র করছে সেই ৩৩ কে.ভি. সাব-স্টেশন যাতে না হয় তার জন্য। একটা গ্রামের উপর দিয়ে খুঁটি নিয়ে যেতে দিচ্ছে না, যার ফলে কাজ বন্ধ হয়ে আছে। অবিলম্বে পাওয়ার হাউসটি চালু করার জন্য অনুরোধ করছি।

**শ্রী শিবপ্রসাদ মালিকঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আরামবাগ-বর্ধমান রোড, মগরাই-রায়না রোড, এই দুটো রাস্তার একটি অংশ পি ডব্লু ডি রোডস-এর দ্বারা নিয়মিত রক্ষণা-বেক্ষণ হয়, বাকি অংশ পি ডব্লু ডি রক্ষণাবেক্ষণ করে কিন্তু এটি ঠিকভাবে হচ্ছে না। সরকারি খরচ কমানোর জন্য সম্পূর্ণটা পি ডব্লু ডি রোডস যাতে রক্ষণাবেক্ষণ করে, তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

[1-20 — 1-30 P.M.]

**শ্রী কার্তিকচন্দ্র বাগ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্য সরকার তফসিলি জাতি উপজাতিদের আর্থিক সাহায্য দেয় ৩৬০ টাকা। সেটা তফসিলি উপজাতিদের সকলেই পায় কিন্তু তফসিলি জাতির সকলে পায় না। আউসগ্রামে তফসিলি জাতি উপজাতিদের কোনও মহিলা হোস্টেল নেই। গুসকরায় ৩৫ সিটের হোস্টেল আছে। সেখানে ছাত্ররা ভর্তি হতে পারছে না। তাই সেখানে ১০০ সিটের দাবি করছি। এছাড়া মানকড়ে একটা কলেজ এবং বেলারি বিল্লগ্রামে উচ্চ-বিদ্যালয় স্থাপনের দাবি করছি।

**শ্রী পরেশনাথ দাস ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজিমগঞ্জ নলহাটি ব্রিটিশ আমলে তৈরি হয়েছে। সেখানে কেবলমাত্র লিংক ট্রেন দেওয়াতে ঐসব এলাকা থেকে কলকাতায় যোগাযোগ রক্ষা করা খুবই দুঃসাধ্য হয়ে পড়ে। আমি এলাকার যাত্রী-সাধারণের অসুবিধার জন্য সাগরদিঘি-সহ হাওড়া অথবা শিয়ালদা থেকে নলহাটি-ভায়া আজিমগঞ্জ এক্সপ্রেস ট্রেনের আবেদন করছি।

**শ্রী সুভাষ মন্ডল ঃ** (হাউসে অনুপস্থিত)।

**শ্রী পেলব কবি ঃ** স্যার, জামুরিয়া ধ্বস কবলিত এলাকা। আপনারা জানেন ঐ এলাকা

বিহারের প্রান্তদেশে অবস্থিত কিন্তু সেখানে কোনও দমকল সেন্টার নেই। এখান থেকে আসানসোল এবং রানিগঞ্জ শহর ৫০-৫৫ কি.মি. দূরে অবস্থিত। তাই স্যার, আমি আপনার মাধ্যমে ওখানে একটা দমকল সেন্টার করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আবেদন করছি।

**শ্রী বিনয় দত্ত ঃ** (হাউসে অনুপস্থিত)।

**শ্রী শিবপ্রসাদ দলুই ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। স্যার, বাঁকুড়া থেকে রায়নগর পর্যন্ত বি ডি আর দীর্ঘ ২৭ কি.মি. ব্রড-গেজ, ন্যারো গেজ বন্ধ করার কথা শুনছিলাম। পূর্বতন কংগ্রেস সরকার নাকি এটা বন্ধ করার সুপারিশ করেছিলেন। কিন্তু বর্তমান যুক্তফ্রন্ট সরকার সেই পথে না হেঁটে এ সম্বন্ধে নতুন করে চিন্তা-ভাবনা করছেন। এর জন্য রেলমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। অবিলম্বে তিন মাস বন্ধ করা ছোট রেল ডিজেল ইঞ্জিন দিয়ে চালাতে হবে ব্রড গেজে এবং তারকেশ্বর পর্যন্ত করতে হবে।

**শ্রী সবুজ দত্ত ঃ** (হাউসে অনুপস্থিত)।

**শ্রী আবুলবাসার লস্কর ঃ** (হাউসে অনুপস্থিত)।

**শ্রী শীতলকুমার সর্দার ঃ** (হাউসে অনুপস্থিত)।

**শ্রী মৈনুল হক ঃ** (হাউসে অনুপস্থিত)।

**শ্রী নির্মল ঘোষ ঃ** স্যার, আমি একটা জরুরি বিষয়ে মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তৎকালীন মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে আমাদের পশ্চিমবাংলার ইউনিভার্সিটি ফর অ্যানিম্যাল হাসব্যান্ডারি অ্যান্ড ফিসারি সাইন্স-এর যে ব্যবস্থা নদীয়ার বিধানচন্দ্র কৃষি বিশ্ব-বিদ্যালয়ের অন্তর্গত করা হয়েছিল সেটা মাননীয় মন্ত্রী মহাশয় না বলা সত্ত্বেও কলকাতায় ট্রান্সফার করে বেলগাছিয়াতে ভেটেনারি কলেজে নিয়ে আসা হয়। কিন্তু সেখানে যে ছাত্র-ছাত্রী ছিল সেই ছাত্র-ছাত্রীদের আপনি জানেন, পশুপালন বিভাগ-এর ক্ষেত্রে যদি ডেয়ারি বা ফার্ম না থাকে তাহলে প্র্যাকটিকাল এক্সপ্রেরিয়েন্স করা সম্ভব হয় না। এখন পর্যন্ত তিনটি ঘর দিয়েছে, সেখানে আলো নেই, জল নেই, সেখানে ছাত্রছাত্রীরা ক্লাস করতে পারছে না এবং প্র্যাকটিকাল ক্লাসও করা সম্ভব হচ্ছে না। এখন আমাদের গ্রামীণ অর্থনীতি পশুপাল প্রচন্ডভাবে দরকার। যারা ছাত্র-ছাত্রী আছে তারা সুযোগ পাচ্ছে না এবং ভবিষ্যতের ছাত্রছাত্রীরাও এ থেকে বঞ্চিত হবে।

**শ্রী তিমিরবরণ ভাদুড়িঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা এলাকার একটি দুর্নীতির ঘটনা আপনার গোচরে আনছি। চৈতন্যপুরের অঞ্চল প্রধান শ্রীকান্ত চক্রবর্তী, তিনি দুবার অঞ্চল প্রধান হয়েছেন। ডি আর ডি এ, আই আর ডি পি এই সব প্রকল্পের টাকা সেখানকার স্থানীয় স্টেট ব্যাঙ্ক শাখার ম্যানেজারের সহায়তায় আত্মসাৎ করেছেন। প্রায় ১০ লক্ষ টাকা হবে। থানায় ডাইরি হয়েছে। এ ব্যাপারে পুলিশ দিয়ে পূর্ণ তদন্ত করে সরকারি পর্যায়ে তা পরীক্ষা করা হোক। এটা শিডিউলড কাস্ট, যারা চাষী, মুচি, বায়েন, বাগদি, যারা

নিরান্ন, তাদের প্রকল্পের টাকা তিনি আত্মসাৎ করেছেন থানায় এনকোয়ারি করে এটা প্রমানিত হয়েছে। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং হস্তক্ষেপ প্রার্থণা করছি।

**শ্রী সুভাষচন্দ্র সোরেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্কুলশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র নয়াগ্রাম ১২টি গ্রাম পঞ্চায়েত সমন্বিত এলাকা। নয়াগ্রামে একটি মাত্র উচ্চমাধ্যমিক বিদ্যালয় থাকার জন্য এবং পাশের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় ভর্তির সমস্যা দেখা দিচ্ছে। আমি দাবি করছি আমার বিধানসভা এলাকার বালিসাড়িয়া বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে উন্নীত করার জন্য

**শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র গোয়ালপোখার অঞ্চলে একটি ৩৩ কে.ভি. সাব-স্টেশন করার কথা। সেখানে পঞ্চায়েত সমিতি এবং বি ডি ও র তৎপরতায় জমির ব্যবস্থা করা হয়েছে, প্ল্যান এবং স্কীম পাশ হয়ে গেছে। কিন্তু দেখা যাচ্ছে বিদ্যুৎ দপ্তরের কর্মচারিদের অবহেলার জন্য সেখানে কাজ আরম্ভ হচ্ছে না। সেই জন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি এ ব্যাপারে হস্তক্ষেপ করে যাতে এই কাজটা তাড়াতাড়ি করা যায় তার ব্যবস্থা করুন।

[1-30 — 1-40 P.M.]

**শ্রী খারা সোরেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় ত্রাণ ও সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গ সহ দক্ষিণ দিনাজপুর জেলায় আত্রেয়ী, পুনর্ভবা এবং টাঙন নদীর বন্যা ব্যাপক আকার ধারণ করেছে। দক্ষিণ দিনাজপুরের মানুষের কাছে এই নদীগুলো হোয়াং-হো নদীর মতো দুঃখের নদীতে পরিণত হয়েছে। পুনর্ভবা নদীর জল বৃদ্ধির ফলে এবং আমার বিধানসভা এলাকায় বাঁধ ভেঙে যাওয়ার ফলে বিস্তীর্ণ অঞ্চলে জল ঢুকে পড়েছে। বেশ কয়েকটি গ্রাম বন্যা কবলিত হয়ে পড়েছে। এমন কি একজনের মৃত্যু পর্যন্ত ঘটেছে। তাই আমি আপনার মাধ্যমে ত্রাণ ও সেচ মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, অবিলম্বে ওখানে ত্রাণ পাঠানো হোক এবং বাঁধ মেরামতের ব্যবস্থা করা হোক।

**শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি ভগবানগোলা থানার প্রাথমিক স্কুলগুলির দুরবস্থার কথা মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে জানাতে চাইছি। স্যার, আজমতপুর, শেখপাড়া, সুবর্ণমির্গি, দিয়া-রামচন্দ্রপুর, নির্মলচড়, চড় বীনপাড়া, গোবিন্দপুর, খাসমোহল, রামপুর, শান্তিডাঙ্গা প্রভৃতি গ্রামের প্রাথমিক বিদ্যালয়গুলির কোনও বাড়ি ঘর নেই। ওখানে গাছের তলায়, খোলা আকাশের নিচে ছাত্র-ছাত্রীরা পড়াশুনা করছে। আমরা এখন শিক্ষার প্রসারের কথা বলছি—তাই আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে দাবি করছি অবিলম্বে ওখানে বিল্ডিং গ্রান্ট দিয়ে ঐসব প্রাথমিক বিদ্যালয়গুলির বাড়ি ঘর তৈরি করার ব্যবস্থা করা হোক। ঐ সমস্ত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা যাতে প্রকৃত শিক্ষার সুযোগ পায় তার জন্যই আমি বিষয়টির প্রতি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রামপ্রবেশ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার মানিকচক বিধানসভা এলাকার একটা

গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করছি। পশ্চিম নারায়নপুর অঞ্চলে প্রায় ২০ হাজার মানুষের বসবাস, অথচ সেখানে কোনও হাই স্কুল নেই। সেখানে একটাই মাত্র জুনিয়র হাই স্কুল আছে—পশ্চিম নারায়নপুর জুনিয়র হাই স্কুল। বর্তমানে ওখানকার ছাত্র-ছাত্রীদের ৪ মাইল থেকে ৫ মাইল দূরের হাই স্কুলে পড়তে যেতে হয়। এই অবস্থায় আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে পশ্চিমনারায়নপুর জুনিয়র হাই স্কুলটিকে হাই স্কুলে রূপান্তরের দাবি জানাচ্ছি।

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দামোদরের ওপর দুর্গাপুরে যে ব্যারেজ আছে সেখানে ক্রমাগত পলি পড়ে পড়ে এমন অবস্থার সৃষ্টি হয়েছে যে, রিভার-বেড-এর উচ্চতা বেড়ে গিয়েছে। মাইথন এবং পাঞ্চয়েত জলাধার থেকে যখন জল ছাড়া হচ্ছে তখন বর্ধমান এবং বাঁকুড়া জেলার নদীর দুকূলবর্তী এলাকা প্লাবিত হচ্ছে। অবিলম্বে যে পলি ওখানে জমছে তা সংস্কারের ব্যবস্থা নাহলে ভয়াবহ বিপদ দেখা দেবে। আমি অবিলম্বে মাননীয় সেচ মন্ত্রীকে সেই ব্যবস্থা করতে দাবি জানাচ্ছি।

**শ্রী শান্তিরাম মাহাতো :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার পুরুলিয়া জেলার জয়পুর বিধানসভা কেন্দ্রের তিনটি অঞ্চলে—সিধি, রোপো ও ঘাঘড়া অঞ্চলে পুরুলিয়া শহর এবং অন্যান্য স্থান থেকে একেবারে বিচ্ছিন্ন হয়ে পড়ে আছে। এই তিনটি অঞ্চলের সঙ্গে আজ পর্যন্ত কোনও বাস যোগাযোগ ব্যবস্থা গড়ে ওঠে নি। ঐ এলাকাটি বিহারের বর্ডার এলাকা। অবিলম্বে ওখানে সরকারি বাস চালাবার ব্যবস্থা করার জন্য আমি পরিবহন মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলার বহরমপুর শহরে মোটামুটি সব রকম রোগেরই চিকিৎসার সুযোগ আছে। সেখানে বীরভূম, মুর্শিদাবাদ এবং নদীয়া জেলার রুগীরা চিকিৎসার জন্য যায়। আমাদের রাজ্যে কলকাতা শহরের পরেই বহরমপুর একটা উল্লেখযোগ্য চিকিৎসার জায়গা। কিন্তু সেখানে নিউরো চিকিৎসার কোনও ব্যবস্থা নেই। এর ফলে ওখানকার সাধারণ মানুষরা নিউরোলজি সংক্রান্ত সমস্যার ক্ষেত্রে খুবই অসুবিধার সম্মুখীন হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি, অবিলম্বে বহরমপুর হাসপাতালে নিউরোলজি ডিপার্টমেন্ট চালু করা হোক।

**শ্রী নৃপেন গায়েন :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের এলাকায় টিউবওয়েল বসানো যায় না। যার ফলে আমাদের ভবানীপুর অঞ্চলে পানীয় জলের জন্য পাইপ লাইনের ব্যবস্থা করা হয়েছে। ভবানীপুর এক নং গ্রাম পঞ্চায়েতে এবং ভবানীপুর দু নং গ্রাম পঞ্চায়েতে পাইপ লাইনের মাধ্যমে জল সরবরাহ করা হচ্ছে। যদিও ঐ দুটি অঞ্চলে পরিশুদ্ধ পানীয় জল সরবরাহ করা হচ্ছে, কিন্তু ওখানে বেশ কয়েকটি মৌজায় এখন পর্যন্ত পাইপ লাইনের কাজ করা হয় নি। সে জন্য আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি অবিলম্বে ভবানীপুর এক নং গ্রাম পঞ্চায়েত এবং ভবানীপুর দু নং গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত ভুরকুন্ডা, শুলকুনী, সুতীরচক, বেদেমারি, পারঘাটি প্রভৃতি মৌজায় পাইপ

লাইনের কাজ সম্প্রসারিত করে পরিশুদ্ধ পানীয় জল সরবরাহের ব্যবস্থা করা হোক।

## ZERO HOUR

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল রেলওয়ে বাজেট পেশ করা হয়েছে। আমি বিস্মিত যে পশ্চিমবঙ্গের প্রধান রাজনৈতিক দলগুলি রেলমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছেন। কিন্তু পশ্চিমবাংলা বঞ্চিত বিশেষ করে উত্তরবঙ্গ। উত্তরবঙ্গের মালদা থেকে বালুরঘাট রেল কবে শুরু হবে আর কবে সম্পূর্ণ হবে এ সম্বন্ধে কোনও কথা নেই। উত্তরবঙ্গে যাতায়াতের কি ভয়াবহ অবস্থা সেটা আপনি জানেন। সেখানে ডাবল লাইনের ব্যবস্থা নেই। মাশুল বেড়ে গেছে, ২০০ কিলোমিটারের উপর হলে যাত্রীদের বেশি ভাড়া দিতে হবে। আমাদের কলকাতায় আসতে হয় সব ব্যাপারে, সেইজন্য আমাদের উপর চাপ পড়ছে। পণ্যের উপর মাশুল বেড়েছে। এরফলে জিনিসপত্রের দাম বাড়বে। সেইজন্য আমি আপনার মাধ্যমে রেলমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তা পশ্চিমবঙ্গকে বঞ্চিত করা হয়েছে বলে এবং উত্তরবঙ্গকে অবজ্ঞা করা হয়েছে বলে তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী এম আনসারুদ্দিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি পশ্চিমবাংলার মানুষেব পক্ষ থেকে এবং সঙ্গে সঙ্গে আমাদের হাওড়া জেলার মানুষের পক্ষ থেকে। আপনি জানেন স্যার, ১৯৭০ সালে মার্টিন রেল যেটা ছিল সেটা উঠে গিয়েছিল। তারপর প্রয়াত প্রধানমন্ত্রী, ইন্দিরা গান্ধী যখন এলেন, তখন আমরা এখান থেকে তার কাছে ডেপুটেশন দিয়েছিলাম। পরবর্তীকালে গনিখান সাহেব যখন রেলমন্ত্রী হলেন তখন হাওড়া থেকে ২৮ কিলোমিটার দূর বড়গাছিয়া পর্যন্ত রেলে যাতায়াতের ব্যবস্থা হল। তারপর আমরা আর টাকা পাইনি। কোনও সময়ে ১ হাজার টাকা বাজেটে ধার্য হয়েছে। আজকের কাগজে দেখলাম, হাওড়া থেকে আমতা পর্যন্ত রেলের জন্য কেন্দ্রীয় রেলমন্ত্রী ২ কোটি টাকা ধার্য করেছেন। এরফলে কাজের কিছুটা অগ্রগতি হবে বলে আমরা আশান্বিত। সেই জন্য আমি আর একবার নতুন কেন্দ্রীয় সরকারকে এবং নতুন রেলমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি।

**শ্রী অধীররঞ্জন চৌধুরি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, ১৯৯৫ সালের ১৪ জুলাই বামফ্রন্টসরকার নবগ্রাম বিধনসভা কেন্দ্রের জিয়াগঞ্জ লন্ডন মিশনারি হাসপাতালটি অধিগ্রহণ করেছিলেন। আজ ১ বছর হয়ে গেল, এখনও পর্যন্ত এই হাসপাতালটি খোলার কোনও প্রয়াস সরকারের তরফ থেকে দেখা যায়নি। এরফলে দীর্ঘ অনাহারে ৩৭ জন কর্মীর মধ্যে নন্দরানি মন্ডল, ৫০ বছর বয়সের একজন মহিলার জীবন হানি ঘটেছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, এই হাসপাতালটি খোলার কোনও প্রয়াস আছে কিনা? পশ্চিমবঙ্গে যখন নবজাত শিশুকে কুকুরের খাদ্য হতে হয়, তখন এই লন্ডন মিশনারি হাসপাতালটি আর্দশ প্রসূতি এবং শিশুসদন হওয়া সত্ত্বেও এটাকে খোলা হচ্ছে না। এই হাসপাতালের যিনি কর্তৃপক্ষ সেই ডায়োসেস অফ ব্যারাকপুর তার সঙ্গে এগ্রিমেন্টের মাধ্যমে আড়াই কোটি টাকার সম্পত্তি বিনা কম্পেনসেশনে অধিগ্রহণ করা সত্ত্বেও আজ পর্যন্ত হাসপাতালটি চালু হল না। এই হাসপাতালে ১০৫টি বেড আছে, ১৫৬টি ঘর আছে এবং আধুনিক যন্ত্রপাতি রয়েছে।

সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে এই হাসপাতালটি চালু করার দাবি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[1-40 — 2-30 P.M. (including adjournment)]

**শ্রী পদ্মনিধি ধর ঃ** স্যার, হাওড়া জেলার শিবপুর বাকসাড়া হাইস্কুলে একাদশ শ্রেণীতে ভর্তি নিয়ে এস এফ আই এবং ছাত্র পরিষদ উভয়েই আন্দোলন করে, যদিও ছাত্র-পরিষদের আন্দোলন ছিল বে-আইনি। কিন্তু সেই আন্দোলনের ফলে যখন একটা সমঝোতা হল, যখন একাদশ শ্রেণীতে ভর্তির সিদ্ধান্ত গ্রহণ করা হল, তখন ঐ শিবপুর কেন্দ্রের যিনি বিধায়ক তিনি সমাজবিরোধীদের নিয়ে গিয়ে এস এফ আই জেলা নেতাদের উপর হামলা চালায় এবং এই হামলার ফলে জেলা কমিটির সদস্য, শ্রী কৌশিক পাল এবং দক্ষিণ হাওড়া জোনাল কমিটির সদস্য সুমিত্র অধিকারী গুরুতর আহত হয়। স্যার, সুমিত্র অধিকারীকে হাওড়া জেনারেল হাসপাতালে ভর্তি করতে হয়েছে। এখনও পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়নি।

(গোলমাল)

স্যার, কংগ্রেসিরা সেখানে গুন্ডামি করছে একজন বিধায়কের নেতৃত্বে। অবিলম্বে আমি এ ব্যাপারে মাননীয় পুলিশমন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করছি।

(গোলমাল)

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, মাননীয় সদস্য পদ্মনিধিবাবুর সামান্য সৌজন্যবোধটুকুও নেই শিবপুরের বিধায়কের সঙ্গে কথা বলে বিষয়টি উত্থাপন করার। কেউ ওকে রিপোর্ট লিখে দিয়েছেন আর উনি সেটা দেখে বলে যাচ্ছেন। উনি হাওড়ার একটা প্রান্তে থাকেন আর ওখানকার কথা বলে যাচ্ছেন। আমি ওখানকার লোক আমি জানি। স্যার, সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে উনি এখানে এইসব অসত্য কথাগুলি বলে গেলেন।

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এখন বিরতি, আবার আমরা মিলিত হব ২।। টার সময়।

At this stage the, House was adjourned till 2-30 P.M.

[2-30 — 2-40 P.M.]

(After Adjournment)

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, গতবার নির্বাচনের সময়ে দেখেছিলাম যে কোনও কারণে মুখ্যমন্ত্রীর ওখানে দুটি বুথে ভোট বয়কট হয়েছিল, বোধ হয় উন্নয়নের দাবিতে এই হাউসে মুখ্যমন্ত্রীর হয়ে তার এলাকা সম্পর্কে মেনশন করার কেউ নেই। সেজন্য আমি এই হাউসে মুখ্যমন্ত্রীর হয়ে সেখানকার উন্নয়নের জন্য মেনশন করছি। মুখ্যমন্ত্রীর

কনস্টিটিউয়েন্সিতে ডি এস-১, এবং ডি এস-২, এই দুটি বাস তারাতলা থেকে বরুবহাট পর্যন্ত চলে। এটা মুখ্যমন্ত্রীর কনস্টিটিউয়েন্সির মধ্যে পড়ে। এই ডি এস-১ এবং ডি এস-২ বাস দুটি গত ১৫ দিন থেকে বন্ধ হয়ে আছে। আগামীদিনে আবার যেন ভোট বয়কট না হয় সে জন্য আমি মুখ্যমন্ত্রীর হয়ে এই হাউসে ইনফর্মেশন দিলাম। এই বাস দুটি যেন অবিলম্বে চালু করা হয়।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এটা কোনও বিশেষ রাজনৈতিক দলের ব্যাপার নয়, এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। এই হাউস থেকে আমরা আমাদের প্রতিনিধি নির্বাচিত করে রাজ্যসভায় পাঠাই। রাজ্যসভার একজন সদস্যের বাড়ির সামনে গতকাল যে মারামারি হল, জুতো ছোড়াছুড়ি হল, এটা কোনও দলের ব্যাপার নয়, এতে আমাদের গোটা দেশবাসীর কাছে, আমাদের রাজ্যের প্রতিনিধিদের কাছে একটা যন্ত্রণার ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। আজকে তিহার জেল পরিষ্কার করা হচ্ছে কাউকে কাউকে নিয়ে যাবার জন্য, কাউকে হাওলায় জড়ানো হয়েছে, এই রকম একটা অবস্থা চলছে। এখানে একজন তার পদ থেকে পদত্যাগ করেছেন। ১১১ বয়সের যে দল, সেই দলের এই করুন অবস্থা, এই ব্যাপারে আপনার হস্তক্ষেপ চাইছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে একজন সদস্য, তিনি হাউসে আসছেন না, তার পদ থেকে পদত্যাগ করে বসে আছেন।

## LEGISLATION

### The West Bengal Minorities Commission Bill, 1996.

**Shri Mohammed Amin :** Sir, I beg to introduce the West Bengal Minorities Commission Bill, 1996 and to place a statment as required under rule 72 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Ligislative Assembly.

The West Bengal Miroitics' Commission Ordinance, 1996 (No. IV of 1996) was promulgated to make the Minorities Commission Statutory, The West Bengal Legislative Assembly was not in session then. The West Bengal Minorities Commission Bill, 1996 was ready in all respects to be presented to the West Begal Legislative Assembly during the 3rd week of Feburary, 1996. By the time the Bill was to be notified decision about the adjournment of the Previous Assembly was taken. Inspite of it the then Minister-in-charge of Minorities' Welfare Department discussed it with the speaker. In view of the time factor the Minister was advised not to take the Bill to the Assembly. In order to give the Commission the required statutory status ordinance was the only choice availabe to the Govt. then. Because of the General Election, notifying the ordinance under Section 1(3) of the ordinance was not resorted to. The ordinance is being repealed by taking a Bill in the Current Session

of the Assembly, for which the notice has already been sent to the Hon'ble Speaker.

(Secretary then read the Title of the Bill)

## STATUTORY RESOLUTION

**Shri Sultan Ahmed :** Sir, under Article 213(2) of the Constitution of India, I beg to move that this House disapproves the West Bengal Minorities' Commission Ordinance 1996.

এই সময় কেন হল? তার পেছনে কি এজেন্সি ছিল? তারপর অর্ডিনেন্স করবার পর সংখ্যালঘুদের জন্য কি করতে পেরেছেন সেটা হাউস বা বাইরের মানুষ জানেন না। ওটা ইলেকশন স্টান্ট ছিল। তারজন্য অর্ডিনেন্স করে তারপর হাউসে বিল আনা হয়েছে আগেও এটা বলেছি—ভাঁওতা দিয়ে সংখ্যালঘুদের নাম করে কিন্তু এটা ঠিক নয়।

The motion of Shri Sultan Ahmed that this House disapproves the West Bengal Minorities Commission Ordinance, 1996 was then put and lost.

**Shri Mohammed Amin :** Sir, I beg to move that the West Bengal Minorities Commission, Bill, 1996, be taken into consideration.

[2-40 — 2-50 P.M.]

**শ্রী সুলতান আহমেদ :** মিঃ ডেপুটি স্পিকার স্যার, দি ওয়েস্ট বেঙ্গল মাইনরিটিজ, কমিশন, তাকে স্ট্যাটুটরি পাওয়ার দেওয়া হচ্ছে। কিন্তু যে বিলটা এসেছে তাতে বলা হয়েছে— "To constitute a Minorities' Commission to study and suggest additional social, economic, educational and cultural requirements of religious and linguistic minorities of West Bengal with a view to equipping them to preserve secular traditions of West Bengal and to promote national integration" তার মানে হচ্ছে, এই বিল না এলে সেকুলার ট্রেডিশন প্রিজার্ভ হত না বা ন্যাশনাল ইনটিগ্রেশন থাকতো না। আমি এই বক্তব্যের প্রতিবাদ করছি। কারণ নবাব সিরাজউদৌল্লার আমল থেকে আরম্ভ করে আলিবর্দী, লালন ফকির, সেখ ওয়াজেদ আলি তাদের মতো মানুষ এখানে জন্মেছেন এবং তারা এই রাজ্য এবং দেশের সেকুলার ট্রেডিশন এবং ন্যাশনাল ইনটিগ্রিটি আরও জোরদার করেছেন। আর নজরুল ইসলাম, তাকে আমরা ভুলতে পারব না। এই বিল আনা হয়েছে সেকুলার ট্রেডিশন বাঁচিয়ে রাখতে—ইন্ট্রোডাকশনে এই যে প্যারা, তার আমি প্রতিবাদ করছি। আমরা জানি, গত ৫০ বছর ধরে সংখ্যালঘুদের নামে শুধু রাজনীতি হয়েছে, কেন্দ্রীয় সরকারও ৩০ বছর ধরে সংখ্যালঘুদের নিয়ে রাজনীতি করেছেন, কিন্তু তাদের সমস্যা যায়নি। কিন্তু লেফট ফ্রন্ট ২০ বছর ধরে সংখ্যালঘুদের সমস্যা নিয়ে যা করছেন সেটা আই ওয়াশ মাত্র। এর আগেও একটা সংখ্যালঘু কমিশন ছিল, কিন্তু সেই কমিশনের হাতে ক্ষমতা দেওয়া হয়নি। সেখানে একজন পার্ট টাইম চেয়ারম্যান ছিলেন।

তিনি কি রেকমন্ড করেছেন সেটা মন্ত্রী মহাশয় আমাদের জানাবেন আশা করি। কিন্তু আজকে এখানে কমিশন হয়েছে ফর মুসলিম, বুদ্ধিস্ট, জোরাস্ট্রিয়ান এবং ক্রিশ্চান, কিন্তু সংখ্যালঘুদের মধ্যে মেজরিটি মুসলিমদের ২৪.৮৪ পারসেন্ট, ৯১ সেন্সাস অনুযায়ী। তারা হচ্ছে মেজরিটি এই মুসলিম ভাইদের সমস্যা আছে, তাদের জীবিকার সমস্যা আছে, তাদের ছেলে-মেয়েরা চাকুরি পায় না, তাদের ছেলে-মেয়েদের শিক্ষা হচ্ছে না, তাদের আবাসনের সমস্যা রয়েছে। কলিকাতা শহরের আশেপাশে যে মিউনিসিপ্যাল টাউনগুলি আছে, মাননীয় মন্ত্রী মহাশয়, এই মাইনরিটি কমিশন বিল আনার আগে এই সমস্ত জায়গা ভিজিট করে আসতেন তাহলে বুঝতাম যে এই মাইনরিটি কমিশন বিল এনে সংখ্যালঘুদের জন্য কিছু করতে চাইবেন। এখানে সমস্যা দু-রকমের আছে, মাইনরিটিদের সমস্যা আছে এবং লিঙ্গুইসটিক মাইনরিটিদের সমস্যা আছে। আমাদের রাজ্যে উর্দু ভাষাভাষির মানুষ আছেন, হিন্দি ভাষাভাষির মানুষ আছে, উড়িয়া ভাষাভাষির মানুষ আছে, তামিল-তেলেগু ভাষাভাষির মানুষ আছে। তাদের মধ্যে অনেক সমস্যা আছে। তাদের জন্য যে এডুকেশনাল ইন্সটিটিউটগুলি রয়েছে সেখানে অনেক প্রবলেম রয়েছে। ২৪-২৫ শতাংশ আমাদের রাজ্যে যে মুসলিম ভাইরা রয়েছে তাদের সরকারি চাকুরির কি অবস্থা হয়েছে দেখুন। দেশ স্বাধীনতার পর ২৭ শতাংশ মুসলিম ভাই সরকারি চাকুরিতে ছিল। সরকারের দেওয়া আমার কাছে যে পরিসংখ্যান আছে যেটা আমি বিভিন্ন সময়ে এই হাউসে পেয়েছি, কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের যে রিপোর্ট পেয়েছি তাতে দেখতে পাচ্ছি সেই সংখ্যা ঘাঁটতে ঘাঁটতে ২ শতাংশে এসে গিয়েছে। পশ্চিমবাংলায় যারা এই মাইনরিটি কমিশন বিল আনছেন সেই সরকারের আমলে গত ১০ বছরে বিভিন্ন ডিপার্টমেন্টে কত সরকারি চাকুরি দেওয়া হয়েছে তার সব লিস্ট আমার কাছে আছে, আমি যদি সেই লিস্ট পড়ি তাহলে আপনি আমাকে সময় দিতে পারবেন না। কয়েকটি বলছি, যেমন কলিকাতা কর্পোরেশনে ৭৪৩৬ জনকে চাকুরি দেওয়া হয়েছে, তার মধ্যে মুসলিম অ্যাপয়েন্ট কত হয়েছে জানেন? মাত্র ১৬১ জন, তার মানে পারসেন্টজ হচ্ছে ২.১৬ পারসেন্ট। ইনফরমেশন অ্যান্ড কালচারাল অ্যাফেয়ার্স ডিপার্টমেন্ট যেটা বুদ্ধদেববাবুর ডিপার্টমেন্ট সেখানে মোট চাকুরি পেয়েছে ৭০৭ জন, তার মধ্যে ১৪ জন মুসলিম, অর্থাৎ ১.৯ পারসেন্ট। অ্যানিম্যাল হাসবেন্ড্রি অ্যান্ড ভেটেনারি সার্ভিস বিভাগে মোট ১৯৬২ জনের চাকুরি হয়েছে, তার মধ্যে মুসলিম ভাইরা পেয়েছে মাত্র ৬৩ জন। স্বাস্থ্য দপ্তরে চাকুরি হয়েছে মোট ১৪৬৩ জনের, তার মধ্যে মুসলিম ভাইরা পেয়েছে মাত্র ২৪ জন। ডিপার্টমেন্ট অফ হ্যান্ডলুম অ্যান্ড টেক্সটাইল, সেরিকালচার মোট ১৬৭৭ জনের চাকুরি হয়েছে, তার মধ্যে মুসলিম ভাইরা পেয়েছে মাত্র ৫০ জন। এই হচ্ছে পশ্চিমবাংলার চেহারা। এই সরকার মাইনরিটি কমিশন করে হামিদুল হুদার মতো লোক বসিয়ে মুসলিমদের সমস্যার সমাধান করবে এতে আমার যথেষ্ট সন্দেহ আছে। এই বিলের মাধ্যমে একজনকে স্ট্যাটুটরি পাওয়ার দেওয়া হয়েছে, একজন চেয়ারম্যান রাখা হয়েছে। এই বিলে বলা হয়েছে তিনি কিছু দিন থাকবেন। মন্ত্রী মহাশয়কে বলতে চাই এই বিলে একজন চেয়ারম্যানকে পার্ট টাইম চেয়ারম্যান করা হয়েছে, হোল টাইম ফাংশন করবেন না, তিনি একটা মিটিং-এ আসবেন, তার অ্যালাউন্স নিয়ে চলে যাবেন, ফুল টাইম বা হাফ টাইম আই এ এস অফিসারকে বসান। চাকুরির ক্ষেত্রে আমি এই রাজ্যের সরকারি চাকরির ফিগার দিয়েছি, এই রাজ্যে যে কেন্দ্রীয় সরকারের অফিস কাছারি আছে সেখানেও ঐ একই অবস্থা। আজকে যদি মাইনরিটি কমিশনের যদি ভালো করতে চান তাহলে আরও পরিষ্কার হয়ে

আসতে হবে। আমাদের মন্ত্রী আমিন সাহেব ওয়াকফ আলোচনার সময় দেখলাম উনি ৩ বার হাউসে দাঁড়িয়ে জল খেয়ে নিলেন। ওনার কণ্ঠরোধ হয়ে আসছিল, মুসলিমদের জন্য সত্যি কথাটা তার মুখ থেকে বার হয় নি। আজকে তাকে মন্ত্রী করা হয়েছে। আজকে এখানে মুসলিম ভাইরা আছে, পার্সি আছে, বুদ্ধিস্টরা আছে। আজকে পার্সিদের তো মাইক্রোস্পোপিক ওয়েতে দেখতে হয়, বুদ্ধিস্টরা তো কিছুটা দার্জিলিং-এর হিলে আছে। এই ব্যাপারে সমস্ত কিছুই মাননীয় মন্ত্রী মহাশয় জানেন। আজকে তাদের চাকুরির ব্যাপারে বললাম, চাকুরির দরজা বন্ধ। আপনারা বলেন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে চাকুরি হয়েছে। মুসলিম ছেলে-মেয়েরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যেতে চায় না, ১০-১৫ বছর নাম লিখিয়ে বসে আছে। আমার কাছে আপনাদের দেওয়া লেবার ইন ওয়েস্ট-এর ফিগার আছে, ১৩.৬৪ পারসেন্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রয়েছে মুসলিম ছেলে-মেয়েদের, তার মধ্যে ২.৪ পারসেন্ট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে কল করা হয়েছে।

চাকুরি কতজন পেয়েছে সেটা মন্ত্রী মহোদয় জানেন। আজকে এই যে অ্যাটিচিউড, তাতে মুসলিম ভাইরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে কল পায় না। মুসলিম ছেলেরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যায় না। মুসলিম ছেলেরা যাতে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে তাদের নাম লেখায় তারজন্য আপনারা ৫টি জেলায় স্পেশাল ড্রাইভের ব্যবস্থা করেছিলেন। কিন্তু সেই স্পেশাল ড্রাইভে ২৯৪ জন মাত্র নাম লিখিয়েছে। স্যার, আপনি এডুকেশন ইনস্টিটিউশন তথা শিক্ষার বিষয়ে জানেন। মুসলিম বস্তি, মুসলিম শ্রমিকরা যেখানে থাকে, সেখানে তাদের অবস্থাটা একটু দেখুন। ৮ বছরের ছেলে, যার স্কুলে যাওয়া উচিত, তাদের বাবা মায়েদের ক্ষমতা নেই ছেলেমেয়েদের প্রাইমারি স্কুলে পাঠাবে। সেইসব ছেলেরা চাকুরি করছে হোটেলে। আট-দশ বছরের ছেলেরা কলকাতার হোটেলগুলোয় দেখা যাচ্ছে তারা প্লেট পরিষ্কার করছে। বিড়ি মজদুরদের কি অবস্থা দেখুন। মুর্শিদাবাদ এবং নদীয়া জেলাতে যারা বিড়ি মজদুরি করছে, তাদের ৯০ পারসেন্ট হচ্ছে মুসলিম ভাই। তারা দশ বছর বয়স থেকে বিড়ি বাঁধছে। তাদের বংশানুক্রমিক যদি খবর নেন তাহলে দেখবেন যে তারা ৫০ বছর যাবৎ ঐ ট্রেডে আছে। তাদের ছেলেমেয়েরা বি এ পাশ করে, এম এ পাশ করে, হায়ার সেকেন্ডারি পাশ করে বসে থাকে, তারা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লিখিয়ে বসে থাকে। তারা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে কোনও কল পায় না। সরকারি চাকুরির ক্ষেত্রে তাদের ইন্টারভিউগুলো এক মিনিটেই শেষ হয়ে যায়। তাদের কাছে শুধু নাম ঠিকানা জিজ্ঞাসা করে বলা হয় যান, পরে জানাবো। এখানে সরকার মাইনরিটি কমিশন বিল আনছেন। আমরা জানি, দিল্লিতেও একটা মাইনরিটি কমিশন আছে। বিন কাশেম সাহেব ছিলেন, আমরা সবাই মিলে সর্দার আলি খাঁর কাছে একটা রিপ্রেজেনটেশন দিয়েছিলাম। উনি আমাদের বক্তব্য শুনে বলেছিলেন, আপনাদের রেজলিউশন দু'বছর লাগবে কেন্দ্রীয় সরকারের কাছে যেতে। আজকে যে মাইনরিটি কমিশন বিল আনছেন, এগুলো ফাইনালাইজড হয়ে জ্যোতিবাবুর কাছে যেতে বা ক্যাবিনেটের কাছে যেতে পাঁচ বছর লাগবে। মুসলিম ভাইরা দয়া চাইছে না। আজকে তাদের হাজার কোটি টাকার ওয়াকফ সম্পত্তি লুঠ হয়ে গেছে। তাদের জমিগুলো ফেরত দিয়ে দিন। তারা সেখানে কলকারখানা করবে, হাউজিং করবে, স্কুল করবে, হাইস্কুল করবে। সেখানে তাদের ছেলেমেয়েরা পড়বে। আপনি এখানে মাইনরিটি ক্যারেকটার বজায় রাখতে চাইছেন, অথচ তাদের স্কুলের কলেজের অনুমোদন দিতে চাইছেন

না। আমরা মাইনরিটি ক্যারেকটার চাই না। যেখানে রাজ্যে তাদের জন্য স্কুলের অনুমোদন দিচ্ছেন না, কলেজের অনুমোদন দিচ্ছেন না, সেখানে এটা একটা ফার্স করা হচ্ছে। আজকে তাদের জন্য একটা টেকনিক্যাল ইনস্টিটিউশন নেই। স্যার, আপনি দক্ষিণ ভারতে চলে যান, কর্ণাটকে, তামিলনাড়ুতে, কেরালায় তারা সেখানে টেকনিক্যাল ইনস্টিটিউশন করেছে। কেরালা তাদের চাকুরিতে সংরক্ষণের ব্যবস্থা রেখেছে। মুসলিমদের জন্য ১৫ শতাংশ সংরক্ষণ আছে। সংরক্ষণ তামিলনাড়ুতে আছে, কেরালায় আছে, অসমে আছে। কিন্তু পশ্চিমবঙ্গ সরকার কিছু করছে না। মুসলিমদের জন্য যদি সত্যিকারের কিছু করার ইচ্ছা থাকে তাহলে মাইনরিটি কমিশনকে শক্তিশালী করুন। আমরা যে অ্যামেন্ডমেন্টগুলো দিয়েছি তা গ্রহণ করুন। সিভিল কোড করতে হবে। একজন ফুল টাইম চেয়ারম্যান রাখুন এবং তাকে পাওয়ার দিন। আর মাইনরিটিদের জন্য রাজনীতি না করে, তাদের সঙ্গে খেলা না করে, তাদের রাজনীতিগত ভাবে ব্যবহার না করে যদি পারেন তাহলে কমিশনকে আরও শক্তিশালী করুন।

[2-50 -- 3-00 P.M.]

**শ্রী সেখ মাজেদ আলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে দি ওয়েস্ট বেঙ্গল মাইনরিটিজ কমিশন বিল ১৯৯৬ এখানে এনেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি। আমরা দেখেছি পশ্চিমবঙ্গ ভারতবর্ষের একটি অঙ্গ রাজ্য এবং সেখানে শুধু মুসলিম নয়, খ্রিস্টান, বৌদ্ধ, শিখ, পার্সি প্রভৃতি সংখ্যালঘু সম্প্রদায় বাস করে। আমরা লক্ষ্য করেছি যে, ভারতবর্ষে সংখ্যালঘু সম্প্রদায়ের স্বাধীনতার পর থেকে আজ অবধি তাদের জীবন সম্পত্তির ক্ষেত্রে সংরক্ষণের ক্ষেত্রে একটা বিশেষ বাধা এসে দাঁড়িয়েছে। আমরা লক্ষ্য করেছি যে, ১৯৮৪ সালে ৩১শে অক্টোবর ইন্দিরা গান্ধী খুন হওয়ার পরে সংখ্যালঘু মানুষ বিশেষ করে শিখ সম্প্রদায়কে খুন করা হয়েছিল এবং ৩দিন ধরে প্রায় চার হাজার শিখ খুন হয়েছিল। এই জিনিস কিন্তু ভারতবর্ষের অন্যত্র হলেও পশ্চিমবঙ্গে এর সাড়া তেমন পড়তে দেয় নি। তারপরে ১৯৯২ সালে ৬ই ডিসেম্বর বাবরি মসজিদ যখন ভাঙ্গা হল তখন কংগ্রেসি সরকার তো দিল্লিতে রাজত্ব করছিল। ওদেরই নেতা প্রধানমন্ত্রী থাকা সত্ত্বেও প্রাচীন সৌধর ঐতিহ্য ধ্বংস করে দেওয়া হল এবং সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গামা সর্বত্র শুরু হল। কিন্তু পশ্চিমবঙ্গ এর থেকে কিছুটা রেহাই পেয়েছিল, এখানে ছোঁয়া ততটা লাগতে পারেনি।

(নয়েজ মন্ত্রী নেই)

**মিঃ ডেপুটি স্পিকার :** অনেক মন্ত্রীই আছেন, পিছনে বসে আছেন, নতুন মন্ত্রী হয়েছেন বলে চিনতে পারছেন না।

**শ্রী সেখ মাজেদ আলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা কংগ্রেসি আমলে কি দেখেছি বাবরি মসজিদ ভাঙ্গা হল এবং সংখ্যালঘুদের জীবন এবং সম্পত্তি রক্ষা করা হল না। কিন্তু পশ্চিমবঙ্গ একমাত্র জায়গা যেখানে গণতান্ত্রিক পরিবেশ অনেক উন্নতি ছিল এবং এখানে সংখ্যালঘুদের জীবন সম্পত্তি রক্ষার গ্যারান্টি পর্যন্ত দিয়েছে। সেইজন্য এখানে সংখ্যালঘু শ্রেণীর জন্য মাইনরিটি কমিশন গঠন করা হয়েছে এবং তারা কাজও করছেন। ১৯৯৫ সালে যে মাইনরিটি কমিশন গঠন করা হয় তার মাধ্যমে এক বছরের মধ্যে মাদ্রাসা ছেলেদের জন্য

বিজ্ঞান পড়ানো এবং ভূগোল পড়ানোর ব্যবস্থা করা হল। এইভাবে শিক্ষার ক্ষেত্রে উন্নতি সাধন করার চেষ্টা করা হয়েছে। সংখ্যালঘু শ্রেণীরও যাতে শিক্ষাগত যোগ্যতা থাকে সেইদিকটা দেখা হচ্ছে। মাইনরিটি কমিশন গঠন করে তাতে জুডিসিয়াল এবং আইনগত ক্ষমতা দিতে হবে। শুধু তাই নয়, মাইনরিটি কমিশনের ফিনান্স কর্পোরেশনও গঠন করেছেন। সংখ্যালঘু বা মুসলিম ছেলেদের জীবন-জীবিকার প্রশ্নে সংখ্যালঘুদের নিয়োগের ক্ষেত্রে রিজার্ভেশনের ব্যবস্থা করা হচ্ছে।

(নয়েজ ঃ মন্ত্রী নেই)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মেনশেন আওয়ারে ৬জন মন্ত্রী থাকবেন আর কোয়েশ্চেন আওয়ারে যার যার কোয়েশ্চেন সেই সেই দপ্তরের মন্ত্রী থাকবেন এবং অন্য সময়ে এতো জনকে থাকতে হবে এইরকম কোনও হার্ড অ্যান্ড ফার্স্ট রুলস নেই, সুতরাং আপনারা বসুন। এখন ৪জন মন্ত্রী এখানে উপস্থিত আছেন। সুব্রতবাবু আপনি কি বলবেন বলুন।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার কেন দৃষ্টি আকর্ষণ করছি, আপনাকে ডিস্টার্ব করার জন্য নয়, হাউসের ব্যাঘাত ঘটানোর জন্য নয়, এটা রুলের ব্যাপারও নয়, হাউসে দেখা যাচ্ছে সাধারণভাবে মন্ত্রীরা দিনের পর দিন আসে না। আর এদিকে ডিসকাশন চলবে? কালকে চিফ মিনিস্টার ছিলেন, ২ ডজন মন্ত্রী উপস্থিত ছিলেন, বুদ্ধদেববাবু ছিলেন ২ ডজন মন্ত্রী ছিলেন। আজকে যেহেতু এটা মাইনরিটির ব্যাপার, ওদেরকে যেহেতু মাইনরিটিরা ভোট দেয়নি, সেইজন্য আজকে দেখা যাচ্ছে এই গুরুত্বপূর্ণ আলোচনার সময় একজন মন্ত্রী নেই। আমি কাউকে অশ্রদ্ধা না করে বলতে চাই, ওরা কি মন্ত্রী, এই মন্ত্রীদের সি এম এর কাছে যাওয়ার কি ক্ষমতা আছে? এটা রুলস এর ব্যাপার নয়। হাউসের মর্যাদার প্রশ্ন। হাউসের মর্যাদার সঙ্গে কোনও কম্প্রোমাইজ করব না, মন্ত্রীদের হাউসে থাকতে হবে। মন্ত্রীরা সরকারের বেতনভুক্ত। হাউস চলাকালীন তারা নিয়মিত ভাবে থাকতে বাধ্য।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, এখানে অনেকদিন ধরে ওরা বলছেন, এটাও ঠিক মেনশনের সময় প্রতিদিন ৬ জন মন্ত্রী থাকেন, তারপরেও আমরা চেষ্টা করছি ৮/১০ জন মন্ত্রী যেন থাকেন। এটা ডেভেলপমেন্ট হয়েছে। আপনি এবং স্পিকার সাহেব ধমক দিয়েছেন, মন্ত্রীরা সব কাজ ছেড়ে দিয়ে থাকছেন। ওরা যেটা বলবেন, এটা ন্যায় হোক বা অন্যায় হোক তারা থাকেন। এখন মাইনরিটি কমিশন বিল নিয়ে আলোচনা হচ্ছে এখানে এমন কোনও হার্ড অ্যান্ড ফার্স্ট রুল নেই, সব মন্ত্রীদের থাকতে হবে, ডিপার্টমেন্ট এর মন্ত্রী থাকলেই হবে, ইট উইল সাফাইস। সেখানে ৪ জন মন্ত্রী আছেন। তা সত্ত্বেও ওরা যদি বলেন, এখানে মন্ত্রীদের থাকতে হবে, তাহলে একটা জিনিস বুঝে নিন, আমি এই ব্যাপারে আপনার কাছে অনুরোধ করব, আপনার একটা শেল্টার চাইছি, কংগ্রেস বেঞ্চের থেকে বলা হয়ে থাকে, এখানে যে স্টেট মিনিস্টাররা থাকেন, তাদের সকলকে ওরা চেনেন না, ওরা সিকি, আধুলি এই রকম বলে থাকেন, ওরা কোনও রেকগনিশন দিতে চান না মন্ত্রী হিসাবে। স্যার, এটা আপনি দেখবেন। এখানে মন্ত্রীরা থাকেন, তাঁরা যাতে মন্ত্রী হিসাবে তাঁদেরকে ট্রিট করেন এটা দেখবেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এটা ঠিকই বারে বারে স্পিকার সাহেব বলেছেন, আমিও বলেছি, মাননীয় মন্ত্রীদের হাউসে থাকবার জন্য। এটা কোনও নিয়ম নেই, কতজন মন্ত্রী থাকবেন যদিও স্পিকার সাহেব বলেছেন, মেনশনের সময় ৬ জন মন্ত্রী থাকবে, কোয়েশ্চেন আওয়ারে যাদের প্রশ্ন থাকবে তারা থাকবেন।

(গোলমাল)

সুব্রতবাবু আপনি বসুন, আপনি একজন ইন্টারন্যাশনাল রেপুটেড লিডার, আপনি পেশেন্স রাখুন, আপনি বসুন। হাউসে আপনি আগে ছিলেন না, হঠাৎ এলেন, এসে বললেন মন্ত্রী কোথায়? আপনার মতো নেতার পক্ষে এই রকম তুচ্ছ ব্যাপার নিয়ে বলা উচিত নয়। এখানে মাইনরিটি মিনিস্টার ছিলেন, তার পিছনে প্রলয় তালুকদার মহাশয় ছিলেন আরও দু-একজন মন্ত্রী ছিলেন, তারপরে এখন হাউসে আরও মন্ত্রী এসেছেন, এই রকম কোনও নিয়ম নেই যে কতজন মন্ত্রীর থাকা উচিত। তবুও আমি বলব, মন্ত্রীদের থাকা উচিত। সমস্ত আলোচনার মধ্যে তারা যতদূর সম্ভব থাকবেন।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমার কথা হচ্ছে নিশ্চয় এটা বিরোধী পক্ষ থেকে দাবি করা অত্যন্ত স্বাভাবিক। বেশির ভাগ মন্ত্রী যেন থাকেন, বিশেষ করে মেনশন আওয়ারে অন্যান্য সময়ে মন্ত্রীরা থাকেন। এই ব্যাপারে কোনও বিতর্ক নেই। আমরা বিধানসভায় থাকি, যাদের প্রশ্ন উত্তর থাকে তারা হাউসে থাকেন, অন্যান্য সময়ে বিধানসভায় আমাদের নিজেদের ঘরে বসি, সেখানে কাজকর্ম থাকে, বিভিন্ন জনপ্রতিনিধিরা আসেন তাদের ডেপুটেশন নিয়ে, তাদের কথাও শুনতে হয়। এখানে সুব্রতবাবু আছেন, উনি একজন পুরাতন বিধায়ক, এক্ষেত্রে একজন, আধজন মন্ত্রী থাকা সত্ত্বেও এরা কি মন্ত্রী, আমি আশা করব সুব্রতবাবু তার দায়িত্ববোধের পরিচয় দেবেন, এই ধরনের মন্তব্য করা উচিত নয়, আশা করব এ থেকে তিনি বিরত থাকবেন।

[3-00 — 3-10 P.M.]

**শ্রী শেখ মাজেদ আলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সংখ্যালঘুদের মাইনরিটি কমিশন বিল এখানে এসেছে, এটাকে আমি সমর্থন করছি এবং তার সপক্ষে কিছু কথা বলতে চাই। মাইনরিটি কমিশন নিয়ে বন্ধুবর এখানে বলে গেলেন, চাকরি বাকরির ক্ষেত্রে সারা ভারতবর্ষের তুলনায় পশ্চিমবঙ্গের যে অবস্থা, সংখ্যালঘু যে মানুষেরা আছে, তাদের জীবন সম্পত্তির নিরাপত্তা, কংগ্রেস সরকার যারা দীর্ঘ ৪৯ বছর ধরে ছিলেন তাদেরও এই ব্যাপারটা নিয়ে বিবেচনা করা উচিত ছিল। আমরা লক্ষ্য করছি, ১৯৮৪ সালের ৩১শে অক্টোবর আমরা শোকাহত হয়েছিলাম, মর্মাহত হয়েছিলাম। কিন্তু আমরা দেখতে পেলাম দিল্লির বুকে শিখ সম্প্রদায়ের তিন হাজার সংখ্যালঘু মানুষকে নিধন করা হল। এখানে আজকে যারা বিরোধী পক্ষ বসে আছেন সেদিন তারা দিল্লিতে ক্ষমতায় ছিলেন। আমরা দেখতে পেলাম ১৯৯২ সালের ৬ই ডিসেম্বর, সংবিধানের মূল যে বিষয় সেটাকে রক্ষা করা গেল না। বাবরি মসজিদ ধ্বংস করা হল, বি জে পি-র নেতারা সেখানে ডিনামাইট দিয়ে পুরানো মসজিদটাকে ধ্বংস করল। একটা ধর্মের উপর আঘাত করা হল। কিন্তু আমাদের পশ্চিমবাংলায় এই ঘটনা

বিরল। আমাদের এখানে মাইনরিটির বড় অংশ মুসলিমদের জন্য ৫৫টি মাদ্রাসা অনুমোদন করা হয়েছে। সেখানে বিজ্ঞান, ভূগোল পড়ানোর সুযোগ করে দেওয়া হয়েছে। অন্যান্য জায়গায় মাইনরিটির জন্য চাকরির ক্ষেত্রে সংরক্ষণ করা হয়েছে। এখানকার যে পুলিশ বিভাগ, এখানকার যে বাণিজ্য বিভাগ, ব্যাঙ্ক বা অন্যান্য সরকারি বিভাগ আছে সেখানে চাকরির ক্ষেত্রে ভালো করে নজর দেওয়া এবং এইগুলো সহানুভূতির সঙ্গে বিচার করা দরকার। মাইনরিটি কমিশনকে হোলটাইম হিসাবে ট্রিট করা দরকার। তাদের জুডিসিয়াল ক্ষমতা দেওয়ার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করব। এই বিলকে সমর্থন করে, বিলের যে সংশোধনী আনা হয়েছে তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন মুখার্জি ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, ওয়েস্ট বেঙ্গল মাইনরিটি কমিশন বিলের উপর সংশোধনী এনে আমাদের মাননীয় সদস্য সুলতান আহমেদ সাহেব যে প্রস্তাব রেখেছেন তাতে আমি বক্তব্য রাখছি। মাইনরিটি কমিশন বিলে কি স্ট্যাটিউট আছে এবং এতে কি পাওয়ার আছে, কোনও জুডিসিয়াল পাওয়ার দেওয়া হয়েছে কিনা বলবেন। ভারতবর্ষের অন্যান্য রাজ্যে উত্তরপ্রদেশ, বিহারে আইনের দ্বারা কমিশন গঠন হয়েছে। এখানে পুরোমাত্রায় কমিশন গঠন করা দরকার, তাদের কোয়াসি জুডিসিয়াল পাওয়ার দেওয়া দরকার, ট্রাইবুনালের মাধ্যমে বিচারের দরকার। আর কমিশন যা সুপারিশ করবে সেটা সরকার মেনে নেবে কিনা তা মন্ত্রী মহাশয় বলবেন। কমিশনে কারা কারা থাকবে এটার উল্লেখ নেই। ৩০ শতাংশ মাইনরিটি কমিশনের মানুষ আজকে বস্তিতে থাকে। বস্তিতে গিয়ে আপনি দেখে এসেছেন কি তারা কি রকম দারিদ্র্যের মধ্যে, লাঞ্ছনার মধ্যে বসবাস করছেন। সেই বস্তিগুলো উন্নয়নের কোনও পরিকল্পনা এই সরকারের নেই। মাইনরিটি কমিশনের বিলে এই সম্বন্ধে কোনও উল্লেখ নেই। পশ্চিমবাংলায় আজকে এই ১৯ বছরে মাইনরিটি সম্প্রদায়ের মানুষদের জন্য কোনও চাকরির ব্যবস্থা করা হয়নি। কংগ্রেস আমলে, সুব্রতবাবু যখন মন্ত্রী ছিল তখন সেই সরকারের আমলে ৩৩ পারসেন্ট মাইনরিটি সম্প্রদায়ের মানুষকে চাকরি দেওয়া হয়েছিল। মহিলাদের কোনও শিক্ষার ব্যবস্থা নেই। যুবক যুবতীদের কোনও শিক্ষার ব্যবস্থা নেই। কোনও মুসলমান মহিলাদের শিক্ষার ব্যবস্থা নেই। মুসলিম ইউনিভার্সিটি নেই, কোনও মুসলমান হাসপাতাল নেই। ইসলামিয়া হাসপাতাল যেটা আছে তাকে একটা ফুল ফ্লেজেড হাসপাতাল করার কোনও পরিকল্পনা নেই এই মাইনরিটি কমিউনিটি বিলের মধ্যে। আপনারা জেনে রাখুন পশ্চিমবঙ্গে ভোটের আগে একটা ধাপ্পা দেওয়া হয়েছিল, লোন দেওয়া হবে মাইনরিটি কমিউনিটিদের মধ্যে। বিভিন্ন ব্লকে ফরম বিলি করা হয়েছিল। স্যার, পশ্চিমবঙ্গে ২০ হাজার ফর্ম বিলি করা হয়েছে কিন্তু এখনও পর্যন্ত একটাও মাইনরিটি কমিউনিটির যুবক যুবতী লোন পান নি। কেন? তাছাড়া কারিগরি বিদ্যালয়, পলি-টেকনিক বিদ্যালয়ে মুসলিম মহিলাদের শিক্ষার ব্যবস্থা নেই কেন? মুসলিম ভাইদের আজকে দ্বিতীয় শ্রেণীর নাগরিক করে রাখা হয়েছে।

**শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** মাননীয় অধ্যক্ষ মাহাশয়, বিগত কয়েক বছর ধরে ভারতীয় জনতা পার্টি এবং তাদের দোসর কংগ্রেস ভারতের সংখ্যা লঘুদের যে অবস্থা সৃষ্টি করেছেন সেই অবস্থার মধ্যে দাঁড়িয়ে বাম সরকার সংখ্যালঘুদের জন্য যে বিল নিয়ে এসেছেন তা সমস্ত সংখ্যালঘুদের পক্ষ থেকে ধন্যবাদযোগ্য। আমাদের বিরোধী সদস্য মাননীয় সুলতান আহমেদ

অনেকগুলো তথ্যের মধ্যে দিয়ে প্রমাণ করবার চেষ্টা করেছেন যে পশ্চিমবঙ্গের সংখ্যালঘুরা অবহেলিত চাকরি বাকরির ক্ষেত্রে। কিন্তু মুসলমান সংখ্যালঘু সংখ্যাটা কত সেটা তিনি এড়িয়ে গেছেন। আমি যে কথাটা বলতে চাইছি যে মুসলমান সংখ্যালঘু'র একটা ইতিহাস আছে। অবিভক্ত বাংলার দিকে যদি আমরা নজর দিই তাহলে আমরা দেখব বর্তমানে যেটা বাংলাদেশ সেখানে রাজা মহারাজা, জমিদার ছিল হিন্দু সম্প্রদায়ের লোক। তারা শিক্ষা দীক্ষায় উন্নত ছিল অনুরূপভাবে পশ্চিমবঙ্গে জমিদার ছিল মুসলমানরা। আমি মনে করি তারাও শিক্ষায় দীক্ষায় অনুরূপ উন্নত ছিল। কিন্তু দেশভাগের মধ্যে দিয়ে যারা ক্রীম অব দি সোসাইটি তারা বাংলাদেশে চলে যান এবং সেখানকার হিন্দুরা ভারতবর্ষে এসে বসবাস শুরু করেন। স্বাভাবিকভাবে মুসলমান সংখ্যালঘু এখানে যারা আছেন তাদের আমি বলছি ঠিক ধানের যে রকম বাতান হয় ঠিক সেই রকম অবস্থা। সেই অবস্থার মধ্যে দাঁড়িয়ে আমাদের সংখ্যালঘুদের সম্পর্কে চিন্তা করতে হবে। আমাদের বিরোধী সদস্য যারা আছেন তারা সম্পূর্ণ সহযোগিতা করবে এই আশা আমি রাখি। আমি যে কথাটা মাননীয় মন্ত্রীর দৃষ্টিতে আনতে চাইছি আমি যেটা বাস্তব অভিজ্ঞতা দিয়ে দেখেছি। বামফ্রন্ট সরকার বিভিন্নভাবে চেষ্টা করছে কিন্তু এই চেষ্টাগুলি বাস্তবায়িত হচ্ছে না। সরকারি পরিকল্পনা বাস্তবায়নের দায়িত্ব রয়েছে সরকারি কর্মচারিদের উপর। কিন্তু এই পরিকল্পনাগুলি বাস্তাবায়িত করার যে মানসিকতা সেটা এই কর্মচারিদের মধ্যে লক্ষ্য করা যায় না। আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করব যাতে মাইনরিটি কমিউনিটি স্কীমগুলো যথাযথভাবে বাস্তবায়িত হয় সে দিকে দৃষ্টি দিতে।

[3-10 — 3-20 P.M.]

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** স্যার, মাইনরিটি কমিশন বিল যে আজকে মন্ত্রী মহাশয়, এনেছেন এবং তার কিছু সংশোধনী আমাদের পার্টির তরফ থেকে মাননীয় সদস্য শ্রী সুলতান আহমেদ সাহেব দিয়েছেন আমি সেগুলোকে সমর্থন করে দু একটি কথা বলতে চাই। পাঁচ মিনিটে কিছু বলা যায় না কিন্তু আমার নিজের যা ধারণা যে আজকে এই বিল আনার প্রয়োজনীয়তা আপনারা কেন অনুভব করলেন। আপনি মনে করেছেন বিগত ২০ বছর আপনারা মুসলিমদের জন্য কিছু করেন নি। একটা পরিষ্কার বাংলা কথা আপনাকে বলছি মন্ত্রী মহাশয়, আপনি বলেছেন বিগত ২০ বছর ধরে আপনারা খালি একটা কথাই বলেছেন, আমরা এখানে সুরক্ষিত এখানে দাঙ্গা হবে না। এইসব বলে আপনারা ভোট করেছেন। এইসব কথাবার্তা বলে আপনারা তাদের ভোট নিয়েছেন। কিন্তু তাদের চাকরি, বিজনেসের জন্য ব্যাঙ্ক থেকে তাদের লোন পাইয়ে দেওয়ার ব্যাপারে আপনারা কিছুই করেন নি। এদিকে আপনারা সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। বিগত নির্বাচনে মুসলিমদের নিয়ে কোয়েশ্চেন তুললেন এবং ভোট নিলেন। ৩৬৫ দিন মরার চেয়ে একদিন মরা ভালো। আজ পশ্চিমবঙ্গের দুটো ক্লাস তৈরি হয়েছে। এই ক্লাস তৈরির মূলে আছে বামফ্রন্ট সরকার। আজকে এই শ্রেণীকে আপনারা কোথায় নামিয়ে নিয়ে গেছেন! আসানসোল ৪০ পারসেন্ট মুসলিম রেলপার এলাকায় শিক্ষা নেই, জল নেই, বাসস্থান নেই, লাইট নেই। এখানে আমার টেল অফ টু সিটিস-এর কথা মনে পড়ছে। যে গ্যারেজে স্কুটার রাখা হয় সেখানে এদের অনেকে কাজ করে। আবার চায়ের দোকানেও অনেকে কাজ করে। এদের চাকরির জন্য কোনও পজিটিভ ব্যাপার রাখতে পারেননি। মুসলিমদের সবদিক থেকে উন্নত করতে হবে। তাহলেই ক্লাস-লেস সোসাইটি তৈরি করা যাবে। ভাষা

শিক্ষার উন্নতির জন্য আপনারা উর্দুকে দ্বিতীয় ভাষা হিসাবে পশ্চিমবঙ্গে স্বীকৃতি দেবেন বলেছিলেন। কিন্তু আট-দশ বছর হয়ে গেল এখনও উর্দু ভাষাকে দ্বিতীয় ভাষা হিসাবে চালু করতে টালবাহানা করছেন। আসানসোল, ইংলিশবাজার, মালদা, কলকাতায় এখনও উর্দু ভাষা চালু হয় নি। মাননীয় সদস্য রবীন মুখার্জি মহাশয়, বলেছেন, মাইনরিটিসদের জন্য ২০ হাজার মাইনরিটিস ফর্ম, ইলেকশনের আগে বিলি করলেন। কিন্তু এর কোনও ইনফ্রাস্ট্রাকচার আছে কিনা সেটা দেখলেন না। এই ফর্ম কোথায় দেবে, কে দেবে, এর জন্য ব্যাঙ্কে কোনও ফান্ড আছে কিনা সেটার খোঁজ নিলেন না। এটা পুরো ধোঁকাবাজি করলেন। পশ্চিমবঙ্গের বিগত মন্ত্রী, মাননীয় মন্ত্রী ওয়াকফ নিয়ে কেলেঙ্কারি করলেন। আমি যে শহরে থাকি সেখানে কিছু প্রতিষ্ঠিত মুসলিম কিছু কিছু প্রপার্টি নিয়ে ৪০-৫০ হাজার টাকায় ভাড়া খাটায়। আর মসজিদকে দেয় ৪০-৫০ টাকা। হুদা, হালিম এরা কারা জানি না। কিন্তু এরা ওয়াকফ প্রপার্টি লিজ দিয়েছিলেন। সেই প্রপার্টিগুলো যদি ঠিকভাবে কাজে লাগানো যেত তাহলে সেই টাকায় মুসলিম গরিব ছেলেদের অনেক উপকার হত। আমি আশা করব আপনারা এই অ্যামেন্ডমেন্টগুলো গ্রহণ করবেন, এবং এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ঈদ মহম্মদঃ** মাননীয় মন্ত্রী এখানে ওয়েস্ট বেঙ্গল মাইনরিটিস কমিশন বিল, ১৯৯৬, উত্থাপন করেছেন—আমি তাকে সমর্থন করছি এবং কংগ্রেস যে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছে আমি তার বিরোধিতা করছি। এখানে বিরোধী দলের পক্ষ থেকে মাননীয় সদস্য সুলতান আহমেদ বললেন যে, চাকরির ক্ষেত্রে মুসলমানদের চাকরি হয় নি। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আসার পর ধর্মের ভিত্তিতে, সম্প্রদায়ের ভিত্তিতে কোনও চাকরি হয় নি। এখন, এখানে নিয়মমাফিক চাকরি হয়। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ মারফত চাকরি হয়। সবাইকে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লেখাতে হয়। নাম লেখবার পর কল হয়, তারপর ইন্টারভিউ হয়। এরপর মেরিটের ভিত্তিতে চাকরি হয়। কিন্তু কংগ্রেস আমলে কোনও নিয়ম ছিল না। সেই সময় দেশলাই খোলের মধ্যে নাম লিখে চাকরি দেওয়া হয়েছে। সুতরাং, সেখানে তার এই সব কথা বলা শোভা পায় না। আমরা নিয়মমাফিক চাকরি দিই। ভারতবর্ষ ধর্মনিরপেক্ষ দেশ, সংবিধানেও সেই অধিকার আছে। কিন্তু তা সত্ত্বেও অতীতে দিল্লিতে শিখদের উপর অত্যাচার হয়েছে, বিহারে বৌদ্ধদের উপর অত্যাচার হয়েছে এবং দিল্লিতে কংগ্রেস সরকার থাকার সময় বাবরি মসজিদ ভেঙে ফেলা হয়।

আমরা দেখেছি ৫০ থেকে ৬৪ সাল পর্যন্ত যখন পশ্চিমবঙ্গে কংগ্রেসি রাজত্ব ছিল, সেই সময় দু দুবার দাঙ্গা হয়েছিল। তখন সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের জীবনহানি, সম্পত্তিহানি হয়েছিল, তার হিসেব দিতে পারবেন? সুতরাং আপনাদের মুখে এই কথা খাটে না। শুধু মুসলমান নয়, খ্রিস্টান, বৌদ্ধ, শিখ, পার্সি থেকে আরম্ভ করে ভাষাগত দিক থেকেও যেসব মাইনরিটিস গ্রুপ আছে, তাদের অধিকারও তারা ঠিক মতো পাচ্ছে কিনা, সুযোগ-সুবিধা পাচ্ছে কিনা, এটা দেখার জন্য ইনডিপেন্ডেন্ট বডি কমিশন তৈরি করা হয়েছে। রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে যে রেকমেন্ডেশনগুলো আসে সংখ্যালঘুদের বিষয়ে ক্লজ ৪-এর ক্ষেত্রে, সেটা ঠিক মতো রক্ষিত হচ্ছে কিনা, সেইভাবে কাজ হচ্ছে কিনা—সংখ্যালঘুদের আর্থ-সামাজিক, শিক্ষা-সংস্কৃতি, জীবনযাত্রার মান উন্নয়নের দিকও এই কমিশন দেখবে। আশা করি এই কমিশন তার দায়িত্ব পালন করবেন। বামফ্রন্ট আসার পর আমাদের রাজ্যে সংখ্যালঘু

সম্প্রদায় আইনের সুবিচার পাচ্ছে, তারা এখানে নির্বিঘ্নে বসবাস করতে পরে, তাদের উপর আক্রমণ হয় না, অত্যাচার হয় না। সেই গ্যারান্টি আমরা দিতে পেরেছি। সংখ্যালঘুদের সব রকম সুযোগ-সুবিধার জন্য এই কমিশন গঠিত হয়েছে। তাই এই মাইনরিটিস কমিশনের বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-20 — 3-30 P.M.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** স্যার, ওয়েস্ট বেঙ্গল মাইনরিটিস কমিশন বিলের সঙ্গে আমাদের যে অ্যামেন্ডমেন্ট আছে, তার সমর্থনে আমি বক্তব্য রাখছি। প্রথমেই, মাইনরিটিস কমিশনের প্রথম যিনি চেয়ারম্যান ছিলেন, একজিকিউটিভ পাওয়ারের যিনি চেযারম্যান ছিলেন স্ট্যাটুটরি পাওয়ারে নয়, সেই মইউদ্দিন সাহেব, যিনি শিক্ষিত মানুষ, শিক্ষাবিদ্ও ছিলেন, সম্প্রতি মারা গেছেন, সেইজন্য উই এক্সপ্রেস আওয়ার কন্ডোলেন্স অন হিজ ডেথ।

প্রথমে একটা জিনিস বুঝতে হবে, মুসলমান সম্প্রদায় শুধু এই কমিশনের বিলে আসেনি। মুসলমান, খ্রিস্টান, বৌদ্ধ জর থুস্ট যাদের পার্সি বলে, সব আছে। লিঙ্গুইস্টিক মাইনরিটিসদের জন্য এখানে সর্ব ভারতীয় ভিত্তিতে দুটো কমিশন আছে। একটা সেপারেট অন লিঙ্গুইস্টিস মাইনরিটিস কমিশন, আর একটা অন দি বেসিস অফ রিলিজিয়ান মাইনরিটিস কমিশন। আমরা পশ্চিমবঙ্গে একটা কমিশন করতে চাইছি। পশ্চিমবঙ্গে যেটা সুলতান আহমেদ বললেন, এখানকার মুসলমানদের মধ্যে, লিঙ্গুইস্টিক মাইনরিটিসদের মধ্যে পার্থক্য অনেক বেশি। যারা উর্দু বা হিন্দি ভাষায় কথা বলছে, তাদের ক্ষেত্রে ব্যাপারটা এক রকম দাঁড়াচ্ছে এবং অন্যান্য যাদের কথা বলা হয়েছে, খ্রিস্টান হয়ত কিছু আছে, কিন্তু বৌদ্ধ, শিখ বা পার্সি থাকতে পারে নামে, কিন্তু ওরা সেইভাবে ম্যাটার করে না। আমাদের মূল বক্তব্য হচ্ছে মুসলমান সম্প্রদায়কে নিয়ে এই মাইনরিটিস কমিশনের কথা ভাবনা। আমার বলছি, একজিকিউটিভ পাওয়ার দিলেও, মাইনরিটিস কমিশন কে স্ট্যাটুটরি পাওয়ার না দিলে তাদের গভর্নমেন্ট ফাইলে এক্সেস থাকে না। স্ট্যাটুটরি পাওয়ার দিলে দে ক্যান সামন দি গভর্নমেন্ট ফাইলস। যে একজিকিউটিভ পাওয়ারের মধ্যে মাইনরিটিসি কমিশন গঠিত হচ্ছে, সেটা নিয়ার ফার্স। সুতরাং সেদিক থেকে বিচার করে সেটা সম্পূর্ণ করতে সুলতান আহমেদ খুব পজিটিভ ভাবেই ক্লজ ৪-এর অ্যামেন্ডমেন্ট দিয়েছেন। যেহেতু আমাদের অ্যামেন্ডমেন্ট আপনি একসেপ্ট করবেন না, এবং অ্যামেন্ডমেন্টও আনা দরকার, সেইজন্য রবীনবাবু একই কথা, একই বক্তব্য দিয়ে আর একটা অ্যামেন্ডমেন্ট এনেছেন।

ব্যাপারটা হচ্ছে, শিক্ষাগত এবং অর্থনৈতিক দিক থেকে মুসলিমরা পিছিয়ে আছে। আমি একটা লেবর ইন ওয়েস্ট বেঙ্গল ঘেঁটে দেখছিলাম, প্লেসমেন্ট ইন ভ্যাকান্ট জব : ১৯৯০ থেকে ১৯৯৫। এর সালওয়ারি কপি আমার কাছে আছে, আমি দিয়ে দেব। ১৯৯০ সাল থেকে ১৯৯৫ সাল ৫০,১৬৯ জন লোকের কাজ হয়েছে ৬ বছরে। তার মধ্যে মুসলিমদের হয়েছে ২,২৭২ জন। পারসেন্টেজ হিসাবে ৪.৫৩ পারসেন্ট। এটা ডিভার্সটেটিং চেহারা। এটা হওয়া উচিত নয়। পপুলেশনের ২৫ পারসেন্ট চলে গেলে। সেখানে এমপ্লয়মেন্ট লোয়ার। আরেকটা হিসাব দিচ্ছি। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে মুসলিমরা নাম রেজিস্ট্রি করতে চাচ্ছে না। ১৯৯০ সালে ৪৭,৯০৮, ১৯৯১ সালে ৩৮,৫০৫, ১৯৯২ সালে ৩৯,০০০, ১৯৯৩ সালে,

২৬,৮১২, ১৯৯৪ সালে ২৫,০২৩, ১৯৯৫ সালে ২২,০৮৯। অর্থাৎ এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের উপর মুসলিমদের কনফিডেন্স নষ্ট হয়ে যাচ্ছে। ওরা মনে করছে যে, এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর মধ্যে দিয়ে ওদের কর্মসংস্থানের কোনও সুযোগ আসবে না। সুতরাং এই যে ডাউন-ওয়ার্ড টেন্ডেন্সি এটাকে প্রতিহত করে মেজর স্টেপ নিতে হবে। কারণ আমাদের জানা দরকার, সংবিধানের সংখ্যালঘুদের নিরাপত্তার দায়িত্ব দিয়েছে। ওরা কৃপা-ভিক্ষা করত, তা নয়। ডিমান্ড উঠেছিল মুসলিমদের জন্য চাকরিতে সংরক্ষণের। এবিষয়ে দু-রকম মতামত আছে। এ সম্পর্কে কিন্তু প্রকৃত অর্থে ওদের সমস্যার কথা ভাবা চাই। আজকে পপুলেশন ২৫ পারসেন্ট রিচ করেছে এবং চাকরির দিকে যদি ৪ পারসেন্টের কাছে যায় তাহলে ওদের পজিটিভলি রিজার্ভেশন দেওয়া হোক, না হলে হবে না। আপনাকে বলতে হবে যে, রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে কজন সেক্রেটারি, কজন ডেপুটি সেক্রেটারি, কজন জয়েন্ট সেক্রেটারি, কজন এস পি, কজন ডি এম, অ্যাডিশনাল এস পি, থানার ও সি আছেন মাইনরিটিস রিপ্রেজেন্টশনে? কত পারসেন্ট হয়েছে। ওদের প্রতি এই যে অবহেলা তৈরি হচ্ছে তাতে ওরা রিয়ালাইজ করছে আজকে যে, ওরা বঞ্চিত সমস্ত ক্ষেত্রে এবং এই বঞ্চনার বিরুদ্ধে প্রতিবাদ জানানো দরকার। এটা আপনারা বেটার লেট দ্যান নেভার—এটা আপনাদের পরে বা লেটে রিয়ালাইজেশন হয়েছে। তার ফলে আজকে আপনারা মনে করছেন স্ট্যাটুটরি পাওয়ার দিয়ে একটা বিল আনবেন এবং সমস্ত বিলটা উইদাউট অ্যামেন্ডমেন্ট ভুলে ভরা বিল ছিল। মাননীয় সদস্য সুলতান আহমেদ ঠিকই বলেছেন, সামোনিং অ্যান্ড এনফোর্সিং দি অ্যাটেন্ডেন্স অফ এনি পারসন ফ্রম এনি পার্ট অফ ইন্ডিয়া এক্সজামিনিং হিম অন দিজ এইগুলো বারবার করেছেন। যেগুলো আমাদের ভারতবর্ষের ভিত্তিতে মাইনরিটি কমিশন-এর কাছে আগেও করা আছে, ক্লজ করা আছে, এগুলো সেখানে যোগ করা হয়েছে। এর আগে ইন্দিরা গান্ধী ১৫ পয়েন্ট প্রোগ্রাম করে অ্যানাউন্স ফর দি ওয়েল-ফেয়ার অফ দি মাইনরিটিস। আমরা দেখলাম সেই ওয়েল-ফেয়ার অফ মাইনরিটিস তাকে ফলো আপ করতে পশ্চিমবঙ্গে গভর্নমেন্ট-এর ১৯ বছর সময় লেগে গেল। এটা আমাদের কাছে বোধগম্য হল না। আমরা সেই জন্য মনে করি, এই যে মাইনরিটিস বিল তার সঙ্গে আপনি সার্বিক উন্নতির জন্য ন্যাশনাল ইন্টিগ্রেশন-এর কথা, প্রিয়াম্বেল-এর কথা বললেন। আপনাদের একটা মাইনরিটিস কমিশন বিল আনতে ন্যাশনাল ইন্টিগ্রেশন-এর কথা তোলার দরকার কি? মুসলমানরা কি তাদের জন্য মাইনরিটিস কমিশন না করলে ন্যাশনাল ইন্টিগ্রেশন থেকে চলে যাবে? কিছু একটা চালু করে তাদের এনকারেজ করার কোনও দরকার নেই। আমাদের পশ্চিমবাংলার মুসলিমরা ভেরি মাচ ইন ফেভার অফ ন্যাশনাল ইন্টিগ্রেশন। আর লিঙ্গুইস্টিক মাইনরিটিদের যে প্রবলেম আমি বারবার বলেছি হাউসে যে, উর্দু অ্যাকাডেমির ক্ষেত্রে জানেন আমার কনস্টিটিউয়েন্সির মধ্যে ১৯৮৪ সলে একটা উর্দু অ্যাকাডেমির ভিত্তি প্রস্তর হয়েছে মহিউদ্দিন সাহেবকে চেয়ারম্যান করে। কিন্তু আজকে ১৯৮৬ সালেও আমি যখন ওদিকে ঘুরতে যাই, গিয়ে দেখি তার একটা স্ট্রাকচার মোটামুটি কিছুটা হয়ে পড়ে রয়েছে। উর্দুকে সেকেন্ড ল্যাঙ্গুয়েজ করার কথা বেশি জায়গাতে বলা হয় নি, কলকাতা শিলিগুড়ি, আসানসোল এবং ইসলামপুর, যেখানে ১০ পারসেন্ট উর্দু স্পিকিং পপুলেশন আছে, সেখানে উর্দুকে সেকেন্ড ল্যাঙ্গুয়েজ করার ডিসিশন এখনও আপনার সরকার নিতে পারে নি। এরফলে এদের মধ্যে একটা ডিমরালাইজেশন হচ্ছে, আজকে আপনাকে এটা করতে হবে। আজকে কারেক্টলি বলা হয়েছে এখানে যে স্ট্যাটুটরি পাওয়ার দিচ্ছেন এ

কথা ঠিক, কিন্তু যে চেয়ারম্যানকে আপনি অ্যাপয়েন্ট করেছেন সেখানে আপনি যদি হোল টাইম চেয়ারম্যান না করেন, তাকে যদি শুধু মাইনে দেওয়ার জন্য চেয়ারম্যন করেন তাহলে কোনও লাভ হবে না। আপনি মেম্বারে সেক্রেটারি করেছেন, তাকে আপনিতো ফুল টাইম গভর্নমেন্ট জব দিচ্ছেন। আমাদের ডিমান্ড হচ্ছে এই মাইনরিটি কমিশন মাস্ট বি অ্যান অটোনমাস বডি, এর উপর যদি প্রতিনিয়ত রাজ্য সরকারের কন্ট্রোল থাকে, প্রতিনিয়ত যদি খবরদারি থাকে তাহলে মাইনরিটি কমিশন তার নিজের ইচ্ছামতো সুযোগ সুবিধা মতো কাজ করতে পারবে না। তার জন্য আমরা বারবার বলেছি ইট স্যাল বি টোটালি অটোনমাস বডি। এ ক্ষেত্রে আপনি যে টাকা কমিশনের জন্য এলর্ট করেছেন হোয়াট ইজ ইয়োর পারপাস। আপনি যে বিলটা এনেছেন তাতে মাথায় লিখতে হবে ডেভেলপমেন্ট ওরিয়েন্টড প্রোজেক্ট আপনি এই বিলের মাধ্যমে আনতে চাইছেন। আপনি টোটাল একটা ফিন্যান্সিয়াল ইমপ্লিকেশনস দিয়েছেন তাতে আপনি বলেছেন ডিউরিং দা ফিসক্যাল ইয়ার ১৯৯৫-৯৬ অ্যান্ড অ্যামাউন্ট টু দি টিউন অফ রুপিজ ৩৭.৪০ লাখ হ্যাজ বিন প্রোভাইডেড ফর। আপনার যে ফিনান্সিয়াল মেমোরান্ডাম তাতে আপনি এই টাকা বরাদ্দ করেছেন। আপনি আমকে বলুন যে এই টাকাটা কি মাইনরিটি কমিশনের মাইনে দেওয়ার জন্য? এটা কি শুধু ননপ্ল্যান এক্সপেন্ডিচার? এটা কি পরিকল্পনা বহির্ভুত খাতে? আপনার দপ্তর পরিচালনা এবং মাইনে দেওয়ার জন্যই? আপনি ৩৭ লক্ষ টাকার স্যাংশন নিয়ে আপনি কি উন্নয়ন করতে পারেন এদের জন্য, আমার এখনও পর্যন্ত কোনও আইডিয়া এল না। একটা জায়গায় আপনি বলেছেন ''A statutory arm of the government is very essential to protect and enforce the guarantee provided for the minorities in the Constitution'' আমরা মনে করি আপনি এ ক্ষেত্রে যে বিলটা এনেছেন সেটা লেট হয়েছে, লেট হলেও এনেছেন, অ্যামেন্ডমেন্ডগুলি একসেপ্ট করুন এবং এই বিলটাকে সম্পূর্ণ একটা রূপ দিন। ফুল অটোনমাস বডি উইথ স্ট্যাটুটরি পাওয়ার।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** সকলের অনুমতি ক্রমে আরও ১০ মিনিট সময় বাড়ানো হল।

**শ্রী মহঃ আমিন ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, এই বিলের উপর যে আলোচনা হল তা সবটা আমি শুনেছি, বিশেষ করে বিরোধী পক্ষের মাননীয় সদস্য যা বললেন তাতে আমি বুঝতে পারলাম না যে ওনারা এটা সমর্থন করছেন, না বিরোধিতা করছেন। এর উপর রবীন্দ্রনাথ মন্ডলের অ্যামেন্ডমেন্ট আছে। স্যার, এটা আমি বুঝতে পারি নি যে ওরা এটা সমর্থন করছেন, না বিরোধিতা করছেন। দ্বিতীয় কথা হচ্ছে,—

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মন্ত্রীকে বলতে দিন, বলার সময় বাধা দেবেন না, আপনারা বসুন, আপনারা বসুন।

[3-30 — 3-40 P.M.]

**শ্রী মহঃ আমিন ঃ** দ্বিতীয় কথা হল, ওরা বলেছেন—মুসলিমরা এখানে কম চাকরি পাচ্ছে। ওদের কথার ভাবটা এমন যেন, যখন ৩০ বছর ধরে কংগ্রেস রাজত্ব ছিল তখন

মুসলমানরা অনেক চাকরি পেত! আর এখন মুসলমানদের জন্য কোনও চাকরি হচ্ছে না। তারপর ভোটের কথা উঠেছে—মুসলমানরা কাদের সমর্থন করছে? মুসলমানরা ভোট দিয়ে না পাঠালে আমি কি করে এখানে এলাম? সারা ভারতবর্ষে ভোট হয়ে গেল, মুসলমান জনগণ কোন পক্ষে ভোট দিয়েছে তার প্রমাণ তো সকলেই পেয়েছেন। ওদের দল লোকসভায় ১৪০টি আসনে সীমিত হয়ে বসে আছে। তার থেকে ওরা কোনও শিক্ষা গ্রহণ করেছেন বলে মনে হচ্ছে না! আর এখানে আমরা কি দেখছি? শুধু গলাবাজি করে পার পাওয়া যাবেনা। যে সরকার জনগণের পক্ষে কাজ করবে তারাই ভোট পাবে। সে জন্যই বামফ্রন্ট সরকার এখানে ভোট পেয়েছে। মুসলমানদের ভোট পেয়েছে, অন্যদেরও ভোট পেয়েছে। এটা মনে থাকলে ওরা ঐসব কথা বলতেন না। তারপর এখানে বলা হল, বস্তির মুসলমানদের কি অবস্থা? সে অবস্থা কি ওদের মাধ্যমে আমাকে শুনতে হবে, না দেখতে হবে? আমি থাকি বস্তিতে। ৭২ সালের ইলেকশনের দিন আমার ঘরে কংগ্রেসের লোকেরা আগুন লাগিয়ে দিয়েছিল—টিটাগড়ে। তারপরে চলে এলাম পদ্মপুকুরে। আমি বস্তিতে থাকি, সাম্প্রদায়িক দাঙ্গায় দুবার আমার ঘর জালানো হয়েছে, লুঠ করা হয়েছে। কংগ্রেসিরা সেই কাজ করেছে—এই বেইমান বেশরমের দল আবার কথা বলছেন! যে অন্যায় ওরা করেছেন তার জন্য ইতিহাস ওদের ক্ষমা করবেনা।

(গোলমাল)

(বিরোধী দলের একাধিক সদস্য বাধা দেন।)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এভাবে বাধা দেবেন না। ওঁর বক্তব্য ওঁকে বলতে দিন। আপনারা আমাকেই যদি না মানেন তাহলে মন্ত্রীদের বা অন্য মেম্বারদের কি ভাবে মানবেন? একটু আগে আপনাদের বক্তব্য রাখার সময় মন্ত্রী আপনাদের কাউকে বাধা দেন নি, আপনাদের কেউ বাধা দেন নি, ওরা আপনাদের বক্তব্য শুনেছেন। এখন ওরা যা বলবেন তা আপনাদের শুনতে হবে পছন্দ হোক, আর না হোক। সরকার পক্ষের বক্তব্য যেমন পছন্দ হোক বা না হোক বিরোধী পক্ষকে শুনতে হবে, তেমন বিরোধী পক্ষের বক্তব্য সরকার পক্ষকেও পছন্দ হোক, বা না হোক শুনতে হবে। এটাই সংসদীয় গণতন্ত্রের রীতি। পরস্পর পরস্পরের কথা শুনতে হবে— শুনবেন এবং উত্তর দেবেন। কেউ কাউকে বক্তব্যের মাঝে বাধা দেবেন না। কেউ কারও বক্তব্য যদি না শোনেন তাহলে সংসদীয় গণতন্ত্র চলতে পারে না। ঠিক আছে, আপনারা বসুন। মিঃ আমিন, আপনি বলুন।

**শ্রী মহঃ আমিন ঃ** স্যার, আমি এটাই বলছিলাম যে, বিলে সব কথাই বলা আছে। পশ্চিমবাংলার সংখ্যালঘুদের অবস্থার উন্নতি বিধানের জন্য এই আইনটা আনা হচ্ছে। কমিশনকে আরও পাওয়ার দেওয়া হচ্ছে। জুডিসিয়াল পাওয়ার দেয়ার অ্যামেন্ডমেন্ট আছে, সেটাও আমি গ্রহণ করে নেব। আগে যে কমিশন ছিল তার কিছু দুর্বলতা ছিল। সেই দুর্বলতা কাটিয়ে এই কমিশনকে একটা পূর্ণাঙ্গ কমিশন-এ পরিণত করার চেষ্টায় এই বিল এই সভায় পেশ করা হয়েছে। মূলত কমিশন সংখ্যালঘুদের বিভিন্ন সমস্যাগুলি অনুসন্ধান করবে, যেগুলি বুঝবে এবং গভর্নমেন্টের কাছে সে অনুযায়ী তাদের সুচিন্তিত রেকমেন্ডেশন পাঠাবে। তাতে আমাদের

পদক্ষেপ নিতে সুবিধা হবে। এই কথা মনে রেখে বিলটি আনা হয়েছে। আমি আশা করি, মাননীয় সদস্যরা এটা বুঝবেন এবং সমর্থন করবেন।

The motion of Shri Mohammed Amin that the West Bengal Minorities' Commission Bill, 1996 be taken into consideration was then put and agreed to.

**Mr. Dy. Speaker :** There is amendment to Long Title by Shri Sultan Ahmed. The amendment is in order. Mr. Ahmed may move his amendment.

**Shri Sultan Ahmed :** Sir, I beg to move that for the Long Title of the Bill the following be substituted :-

"A Bill to constitute a Commission for Minorities and to provide for matters connected therewith or incident thereto."

The motion of Shri Sultan Ahmed (amendment no.1) was then put and lost.

**Clause-1**

The motion that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

**Clause-2**

**Mr. Dy. Speaker :** There is one amendment to Clause-2 by Shri Sultan Ahmed. The amendment is in order. Shri Ahmed may move his motion.

**Shri Sultan Ahmed :** Sir, I beg to move that in Clause-2 for item(c) the following be substituted :-

(c) "Minority" for the purpose of this Act means a community notified as such by the Central Government under Clause (c) of Section 2 of the National Commission of Minorities Act, 1992."

The motion of Shri Sultan Ahmed (amendment no. 2) was then put and lost.

The motion that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

## Clause-3

There are amendments to Clasue 3 by Shri Sultan Ahmed and Shri Abdul Mannan. The amendments are in order. I request Shri Ahmed to move his amendment.

**Shri Sultan Ahmed :** Sir, I beg to move that in Clause 3 for sub-clause (2) the following be substituted :-

> "(2) the Commission shall consist of a Chairperson, a Vice-Chairperson, a Member-Secretary and eleven members, three of whom shall be women, to be nominated by the State Government from amongst person of eminence, ability and integrity and three Members from amongst the Minority Community Members' shall be elected by the Members of the State Legislature.

Provided that at least Seven members including the Chairperson and Member-Secretary shall be from amongst the Minority Communities.

Provided further that the Chairperson shall be a person, who has the experience of working as a Secretary of the Government or in equivalent rank for at least five years.

Provided further that the Chairperson and Member-Secretary shall be wholetime.

Provided also that the Member-Secretary shall be appointed by the State Government from amongst the officers who have held the rank of Deputy Secretary or its equivalent rank for more than 3 years.

**Mr. Dy. Speaker :** Shri Abdul Mannan is not present and his amendment is not moved.

The motion of Shri Sultan Ahmed (amendment no. 3) was then put and lost.

The motion that Clasue 3 do stand part of the Bill was then and agreed to.

## Clause-4

**Mr. Dy. Speaker :** There are three amendments to Clause-4 by Shri Rabindra Nath Mondal and Shri Sultan Ahmed. Three amendments are in order. Mr. Mondal may move his amendment.

**Shri Rabindranath Mondal :** Sir, I beg to move that Clause 4 be renumbered as sub-clause (1) of that clause and after sub-clause (1) as so renumbered, the following sub-clause be inserted :-

2. (a) The Commission shall have the powers of a Civil Court trying a suit while performing the functions under sub-section (1);

(b) The Commission shall, while investigating or enquiring into any complaints regarding violation or infringement of any rights of the minority as guaranted by the Constitution or as conferred by or under any Central Act or State Act, shall have all the powers of a civil court trying a suit under the Code of Civil Procedure, 1908, and in particular, in respect 5 of 1908. of the following matters :-

(i) summoning and enforcing the attendance of any person from any part of India, and examining him on oath,

(ii) requiring the discovery and production of any document,

(iii) receiving evidence on affidavits,

(iv) requisitioning any public record or copy thereof from any court or office.

(v) issuing commissions for the examination of witnesses and documents, and

(iv) any other matter which may be prescribed.

3. The advice of the Commission and, especially, the findings of the Commission concerning deprivation of any right of the minority or any infringement of any well-being of the minority by commission or, shall ordinarily be binding upon the State Government.

**Mr. Dy. Speaker :** Are you accepting the amendment ?

**Shri Mohammed Amin :** Yes.

The motion of Shri Rabindranath Mondal (amendment no. 5) was then put and agreed to.

[3-40 — 3-50 P.M.]

**শ্রী সুলতান আহমেদ :** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আমার অ্যামেন্ডমেন্টগুলি

আমি ১,২,৩,৪ এই ভাবে দিয়েছিলাম। আমার পর মান্নান সাহেব দিয়েছেন, তারপর মাননীয় সদস্য রবীন মন্ডল দিয়েছেন। এখানে দেখা যাচ্ছে সরকারপক্ষ থেকে যে অ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে সেটা গ্রহণ করা হল আর আমার অ্যামেন্ডমেন্টগুলি রিজেক্ট করে দেওয়া হল। আমি আগে দিয়েছি, ওরা পরে দিয়েছেন। দেখা যাচ্ছে, আমার অ্যামেন্ডমেন্টের নং হয়ে গেল ৬,৭ আর সরকারপক্ষের অ্যামেন্ডমেন্ট-এর নং হয়ে গেল ৫। এটা কি করে হয়? যদি গ্রহণ করতে হয় তাহলে আমারটাও গ্রহণ করতে হবে এবং রবীন মন্ডলেরটাও গ্রহণ করতে হবে। নিতে হলে দুটোকে একসঙ্গে নিতে হবে।

**Mr. Deputy Speaker :** Please take your seat, Mr. Sultan Ahmed. I have heard your argument. I find from the records that the notice for amendment No. 5 had been served on 8/7/96, i.e., 8th July and the notice for amendment Nos. 6 & 7 on 12th of July next. So amendment No. 5 is preceeding to your amendement Nos. 6 & 7. Naturally the numbers have been allotted on that order because 8th July is prior to 12th of July. As such, naturally, numbers 6 & 7 have been allotted to your amendment. You may now move your amendments.

**Shri Sultan Ahmed :** Sir, I beg to move that in clause 4 after item (h) the following items be added :-

(i) to recommend provision for reservations of appointments or posts in favour of such minority communities which are not adequately represented in the services under the State,

(j) to make periodical or special reports and recommendations to the State Government on any matter pertaining to minorities and in particular difficulties confronted by them and/or any other matter which may be referred to it by the State Government.

**Shri Mohammed Amin :** Sir, I am not accepting his amendment.

The motion of Shri Sultan Ahmed that in clause 4 after item (h) the following items be added :-

(i) to recommend provision for reservations of appointments or posts in favour of such minority communities which are not adequately represented in the services under the State,

(j) to make periodical or special reports and recommendations to the State Government on any matter pertaining to minorities and in particular difficulties confronted by them and/or any other matter which may be referred to it by the State Government,

was then put and lost.

**Shri Sultan Ahmed :** Sir, I beg to move that Clause 4 be renumbered as sub-clause (1) of that clause and after sub-clause (1) as so renumbered the following new sub-clauses be inserted :-

4 (2) That State Government shall, whithin six months of receipt of such report (s)/recommendation(s) cause the reports/ recommendations. referred to in clauses (h) and (j) above, to be laid before the State Legislature alongwith a memorandum explaining the action taken or proposed to be taken on the recommendations and the reasons for non-acceptance, if any, of such recommendation or part.

(3) The Commission shall, while performing any of the above functions, have all the powers of a Civil Court trying a suit and in particular in respect of the following matters namely :-

(i) summoning and enforcing the attendance of any person from any part of India, and examining him on oarth,

(ii) requiring the discovery and production of any document,

(iii) directing the different departments of the State Government to submit regular/periodical reports regarding appointment of Minorities in vacant posts in State Services and recognition of Educational Institutions of the Minorities,

(iv) receiving evidence on affidavits,

(iv) requisitioning any public record or copy thereof from any court or office, and

(v) issuing commissions for the examination of witnesses and documents,

**Shri Mohammed Amin :** Sir, I am not accepting his amendment excepting the portion already accepted earlier.

**Mr. Deputy Speaker :** Now in amendment No. 7 by Shri Sultan Ahmed items Nos. (1), (ii), (iv). (v) & (vi) of clause 4(3) are similar to item Nos. (i), (ii), (iii), (iv) & (v) of clause 2 (b) of the amendment No.5 by Shri Rabindra Nath Mondal which have already been carried out.

Hence, these items of clause 4(3) in amendment No. 7 are rendered infructuous,

Now, I put the remaining portion of amendment No. 7 by Shri Sultan Ahmed to vote.

The motion of Shri Sultan Ahmed that clause 4 be renumbered as sub-clasue (1) of that clause and after sub-clause (1) as so renumbered the following new sub-clauses be inserted :-

4 (2) That State Government shall, whithin six months of receipt of such report (s)/recommendation(s) cause the reports/ recommendations, referred to in clauses (h) and (j) above, to be laid before the State Legislature along with a memorandum explaining the action taken or proposed to be taken on the recommendations and the reasons for non-acceptance, if any, of such recommendation or part.

(3) The Commission shall, while performing any of the above functions, have all the powers of a Civil Court trying a suit and in particular in respect of the following matters namely :-

(iii) Directing the different departments of the State Government to submit regular/periodical reports regarding appointment of Minorities in vacant posts in State Services and recognition of Educational Institutions of the Minorities,

was then put and lost.

The question that clause 4, as amended, do stand part of Bill, was then put and agreed to.

**Clauses 5 to 11**

The question that clauses 5 to 11 do stand part of the Bill, was then put and agreed to.

**Clause 12**

**Mr. Deputy Speaker :** There are two amendments to clause 12, being amendment Nos. 8 & 9 by Shri Sultan Ahmed. Shri Ahmed may now move his amendments.

**শ্রী সুলতান আহমেদ :** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার, ৫নং অ্যামেন্ডমেন্টটা উনি অ্যাকসেপ্ট করলেন, তাহলে ৭ নং-টা রিজেক্ট করেন কি করে? এটা তো রিজেক্ট করা যায় না। কারণ একই ল্যাঙ্গুয়েজ, একই রকম সব। ডিপার্টমেন্ট থেকে এটা এইভাবে নাম্বারিং করা হয়েছে।

**Mr. Deputy Speaker :** I have said that your amendment was identical. Now I have been told that notice has been served earlier by Shri Rabindra Nath Mondal. Hence your amendment has become infructuous.

**শ্রী সুলতান আহমেদ :** স্যার, ৫ নম্বরটা অ্যাকসেপ্ট করলে ৭ নম্বরটা রিজেক্ট কি করে হয়? মাইনরিটি কমিশনের এই রকম একটা গুরুত্বপূর্ণ রিপোর্ট হাউসে প্লেস করা হবে না? আমরা চাই এটা হাউসে প্লেস করা হোক। যাই হোক, মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করব এই অ্যামেন্ডমেন্টটা গ্রহণ করে নিতে।

**Mr. Deputy Speaker :** Mr. Ahmed, you have not heard me. When I was reading these clauses I put those which were not identical and naturally rest of them have become infructuous.

**Shri Sultan Ahmed :** We want that the report be placed before the House.

**Mr. Deputy Speaker :** Amendment No. 8 has already been circulated. Mr. Ahmed, please move your amendment.

**Shri Sultan Ahmed :** Sir, I beg to move that after Clause 12, sub-clause (1) the following Proviso be inserted :-

Provided that the State Government shall cause the Annual Report together with a memorandum of action taken on the recommendations containd therein and the reasons for the non acceptance, if any, of such recommendation and the Audit Report to be laid, as soon as may be, within six months, after the reports are received, before the State Legislature.

**মিঃ ডেপুটি স্পিকার :** আব্দুল মান্নান এখানে উপস্থিত নেই, কাজেই অ্যামেন্ডমেন্ট নম্বর ৯ ইজ নট মুভড।

The motion of Shri Sultan Ahmed that after Clause 12 sub-clasue (1) the following Proviso be inserted :-

Provided that the State Government shall cause the Annual Report together with a memorandum of action taken on the recommendations contained therein and the reasons for the non acceptance, if any, of such recommendation and the Audit Report to be laid, as soon as may be, within six months, after the reports are received, before the State Legislature was then put and a division was taken with the following results :-

**Noes**

Abu Ayes Mondal, Shri
Bagdi, Shri Bijoy
Bagdi, Shri Kiriti
Bagdi, Shri Lakhan
Bagdi, Shri Natabar
Bangal, Dr. Makhanlal
Basu, Shri Baren
Bhaduri, Shri Timir Baran
Biswas, Shri Binay Krishna
Biswas, Shri Kamalakshi
Biswas, Shri Kanti
Biswas, Shrimati Susmita
Bouri, Shri Angad
Bouri, Shri Haradhan
Chakraborty, Shri Satya Sadhan
Chattopadhyay, Shri Jyoti Krishna
Chaudhuri, Shri Amar
Chowdhury, Shri Jayanta
Chowdhury, Nani Gopal
Dakua, Shri Dinesh Chandra
Das Mahapatra, Shri Kamakhya Nandan
Dasthakur, Shri Chittaranjan
Deb, Shri Rabin
Dey (Bose), Shrimati Ibha
Doloi, Shri Siba Prasad
Duley, Shri Krishna Prasad
Dutta, Dr. Gouri Pada
Ganguly, Shrimati Kanika

Giri, Shri Ashoke

Hazra, Shri Samar

Hembram, Shrimati Deblina

Hembaram, Shri Jadu

Hore, Shri Tapan

Id. Mohammed, Shri

Idrish Mondal, Shri

Mahammad Hannan, Shri

Mahata, Shri Kamala Kanta

Mahato, Shri Abinash

Majhi, Shri Tamal

Mandal, Shri Prabhanjan

Mandal, Dr. Ramchandra

M. Ansaruddin, Shri

Md. Yakub, Shri

Minj, Shri Parkash

Mir Quasim Mondal, Shri

Mistry, Shri Bimal

Mirta, Shri Biswanath

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Rabindra Nath

Mostafa Bin Quasem, Shri

Mozammel Haque, Shri

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Kamal

Mukhopadhyay, Shri Chittaranjan

Mursalin Molla, Shri

Naskar, Shri Subhas

Pakhira, Shri Ratan Chandra

Pal, Shri Shyama Prosad

Rana Shrimati Shakti

Ray, Shri Dwijendra Nath

Roy, Shri Narmada Chandra

Saha, Shri Kripa Sindhu

Saha, Dr. Tapati

Sen, Shri Dhirendra Nath

Sengupta (Bose), Shrimati Kamal

Sk. Khabiruddin Ahmed, Shri

Shaw, Dr. Pravin Kumar

Sinha, Shri Prabodh Chandra

Sk. Majed Ali, Shri

Soren, Shri Khara

Talukdar, Shri Pralay

Zamadar, Shri Badal

**Ayes**

Abdus Salam Munshi, Shri

Abul Basar Laskar, Shri

Abu Sufian Sarkar, Shri

Akbar Ali Khandokar, Shri

Bondyopadhyay, Shri Sudip

Banerjee, Shri Shyamadas

Banerjee, Shri Tapas

Biswas, Shri Shashanka Shekhor

Chakravartty, Shri Gautam

Chatterjee, Shri Rabindra Nath

Chattaraj, Shri Suniti

Deb, Shri Ashok Kumar

De, Shri Ajoy

De, Shri Gopal Krishna

Goswami, Shri Mihir

Mahato, Shri Shantiram

Mahbubul Haque, Shri

Mondal, Shri Ramprabesh

Motahar Hossain, Dr.

Mukherjee, Shri Kamal

Mukherjee, Shri Samar

Mukherjee, Shri Subrata

Paul, Shrimati Mayarani

Ram, Shri Ram Pyare

Singha, Shri Sankar

Sinha, Shri Atish Chandra

Sultan, Ahmed, Shri

**Abst.**

Mal, Asit Kumar

Chettri, Narbahadur

[3-50 — 4-00 P.M.]

Ayes being 26 and Noes 72 the motion is lost.

The question that Clause 12 do stand part of the Bill was then put and agreed to.

**Clauses 13 to 17 & Preamble**

The question that Clauses 13 to 17 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Mohammad Amin :** Sir, I beg to move that the West Bengal Minorities Commission Bill, 1996, as settled in the Assembly, be passed.

The motion of Shri Mohammad Amin that the West Bengal Minorities Commission Bill, 1996, as settled in the Assembly, be passed —was then put and agreed to.

## DEMAND FOR GRANTS

## DISCUSSION ON DEMAND NO. 41

**Mr. Deputy Speaker :** There are five cut motions on Demand No. 41. All the Cut Motions are in order.

Shri Deba Prasad Sarkar
Shri Anoy Gopal Sinha
Shri Abdul Mannan
Shri Shyamadas Banerjee
} Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**শ্রী অসিতকুমার মাল :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার পশ্চিমবঙ্গ সরকারের তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া মহাশয়, যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, আমি তার তীব্র বিরোধিতা করছি এবং কংগ্রেস সদস্যদের আনা কাট মোশনগুলো সমর্থ করছি। তার কারণ, এই বাজেটে বিশেষ করে তফসিলি জাতি ও উপাজাতি মানুষের কাছে একটা হতাশা দেখা দিয়েছে। এই বাজেট কান্ডজ্ঞানহীন বাজেট এবং সুপরিকল্পিতভাবে তফসিলি জাতি এবং তফসিলি উপজাতি সম্প্রদায়ের মানুষকে ধাপ্পা দেওয়ার বাজেট। তাই আমি এই বাজেটের তীব্র বিরোধিতা করছি। স্যার, এই বাজেটে একটা কলমে তিনি পরিষ্কার করে লিখেছেন যে, ১৯৯৪-৯৫ সন পর্যন্ত মাধ্যমিক স্তর পর্যন্ত পাঠরত সকল ছাত্রছাত্রীদের ভরণপোষণ বাবদ বার্ষিক ৩০০ টাকা করে দেওয়া হয়েছে। এটা ১৯৯৬-৯৭ সালে ৩৬০ টাকা করেছেন। বার্ষিক যদি ৩০০ টাকা করে দেওয়া হয় তাহলে মাসে ২৫ টাকা দাঁড়ায়, অর্থাৎ প্রতিদিন ১ টাকাও হয় না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, ভরণপোষণ বাবদ তফসিলি জাতি এবং উপজাতি ছাত্রছাত্রীদের আপনি দিনে ৯০ পয়সা করে তাদের ভরণ পোষণ করবার জন্য যা দিচ্ছেন, আমি জানিনা, এটা সুস্থ মস্তিষ্কে করেছেন কিনা? আপনি এবারে এটা ৩৬০ টাকা করছেন। আপনি এই ভাবে তফসিলি জাতি এবং উপজাতিদের কল্যাণ করবেন? আমি জানি না, কার কথায় আপনি এই বাজেট প্লেস করেছেন? এর সদ উত্তর আপনি দেবেন। আপনি একটা জায়গায় বলেছেন যে সমস্ত জায়গায় তফসিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ের মানুষ বাস করে, বিশেষ করে তারা দারিদ্র সীমার নিচে বাস করে তাদের জন্য একটা পরিকাঠামো তৈরি করেছেন। সারা পশ্চিমবাংলায় ১৯ বছর ধরে কোনও তফসিলি গ্রামে কোনও তফসিলি উপজাতি গ্রামে যেখানে এই সম্প্রদায়ের মানুষগুলি বাস করে বিশেষ করে দারিদ্র সীমার নিচে বাস করে যেখানে এই পরিকাঠামো তৈরি করেছেন তার স্পেশিফিক বর্ণনা দেন নি। আমি যে কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছি সেখানে তফসিলি জাতির মানুষ বাস করে, সেখানে রাস্তা নেই, বিদ্যুৎ নেই, জলবন্দী অবস্থায় তারা থাকে, তারা খেতে পায় না। মাছ বিক্রি করে পরের জমিতে খেটে কোনও রকমে জীবন ধারণ করে। তাদের কথা আপনি ভাববেন না? অথচ কাগজে কলমে দেখিয়ে দিয়ে

আপনি বলে দিলেন একটা পরিকাঠামো তৈরি করেছি। কোন পরিকাঠামো কোথায় তৈরি করেছেন? আপনার বাড়িতে, আপনার কন্সটিটিউয়েন্সিতে। সেটা জানালেও খুশি হব, আপনি জবাবে বলবেন। আমি আরও নিবেদন করছি, আপনি বলেছেন পরিষ্কার করে যে এই বাজেট দারুন ভাল বাজেট। কি কি করেছেন? ছাত্র-ছাত্রীদের জন্য আবাস তৈরি করেছেন। কোথায় তৈরি করেছেন? যেখানে বামফ্রন্ট পরিচালিত কমিটি আছে সেই জায়গায় আবাস তৈরি করেছেন? কি করেছেন আমি জানি না, কিন্তু তাদের টাকার অ্যালটমেন্ট পাইয়ে দিচ্ছেন। তাই আপনি স্পেশিফিক ভাবে বর্ণনা করতে পারেন নি সারা পশ্চিমবাংলায় কোন কোন জেলায় কত ছাত্রাবাস তৈরি করেছেন তফসিলি জাতি এবং উপজাতিদের জন্য। স্পেসিফিক কোনও বর্ণনা না থাকলে আমরা বুঝব কি করে যে কতগুলি গ্রামে করেছেন আর আগামী দিনে কোথায় কোথায় করার কথা চিন্তা ভাবনা করছেন। তফসিলি জাতি এবং উপজাতি বিশেষ করে যারা দারিদ্র সীমার নিচে বাস করে তাদের জন্য ইকনমিক্যালি এবং এডুকেশনালি উন্নতির কোনও ব্যবস্থা এই বাজেটে করতে পারেন নি। আপনি ব্যর্থ হয়েছেন। তাই আমি এই বাজেটের তীব্র বিরোধিতা করছি। আজকে বলবেন শিক্ষার ক্ষেত্রে কি করেছেন। আজকে তফসিলি জাতি এবং উপজাতিদের জন্য শিক্ষক নিয়োগের ব্যবস্থা আছে। আপনি সারা পশ্চিমবাংলায় কত জন শিক্ষক নিয়োগ হয়েছে তার কত পারসেন্ট আপনি সংরক্ষণ করেছেন তার ফিগার আপনি দেবেন। কয়েক দিন আগে খবরের কাগজে দেখেছেন মুর্শিদাবাদ এবং বীরভূমে শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে আকাশ পাহাড় প্রমান দুর্নীতি হয়েছে। ভালো ভালো ছেলেরা সমস্ত কাগজপত্র ছিঁড়ে ফেলে দিয়েছে। ভাল ভাল মেরিটের তফসিলি জাতি এবং উপজাতিদের ছেলেমেয়েরা ইন্টারভিউ দিয়েছিল, তাদের কথা গ্রহণ করা হয় নি। আপনাদের পার্টির উপরতলার লোকেরা বসে একটা লিস্ট তৈরি করেছিল। সেই লিস্টের মাধ্যমে নিয়োগ হাইকোর্ট বন্ধ করে দিয়েছে, সুপ্রিম কোর্ট বন্ধ করে দিয়েছে। মন্ত্রী মহাশয় আপনি দায়িত্ব নিয়ে বলতে পারবেন, ৫-১০টা নয় জেলাওয়ারি হাজার দু হাজার ছেলেমেয়ের চাকুরি হয়, সেখানে কোনও জায়গায় আপনার পারসেন্টেড সংরক্ষণ করা হয়েছে এবং সেটা ইমপ্লিমেন্ট করা হয়েছে? হিসাব দিতে পারবেন? পারবেন না। দুর্নীতিকে আড়াল করার জন্য এই বয়েসে আপনাকে মন্ত্রী করা হয়েছে। আমি যদি বামফ্রন্ট সরকারের সদস্য হতাম এবং আপনার দপ্তরের মন্ত্রীত্ব করতাম তাহলে আমি মন্ত্রীত্ব থেকে পদত্যাগ করে গুডবাই দিয়ে চলে যেতাম। কারণ এই সম্প্রদায়ের মানুষকে প্রতারণা করা হচ্ছে ধাপ্পা দেওয়া হচ্ছে হবে। এই সম্প্রদায়ের মানুষের জন্য কোথায় কি করা হয়েছে তার কোনও কিছু বর্ণনা করা হয় নি। আপনি জানবেন তাদের চাকুরি দেওয়ার ক্ষেত্রে ব্যর্থ হয়েছেন, গরিব মানুষগুলোর উন্নয়নের ক্ষেত্রে ব্যর্থ হয়েছেন, তাদের ছাত্রাবাস তৈরি করার ক্ষেত্রে ব্যর্থ হয়েছেন এবং আপনি ব্যর্থ হয়েছেন শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবদের যে সার্টিফিকেট দেওয়ার ব্যবস্থা আছে সেই সার্টিফিকেট

[4-00 — 4-10 P.M.]

দেওয়ার ক্ষেত্রে। আমাদের বহু সদস্যকে এবং বামফ্রন্ট সরকারের বহু সদস্যদের বলতে শুনেছি যে তারা বলছেন যে অফিসাররা তাদের সার্টিফিকেট দিচ্ছে না, হ্যারাস করছে, ঝামেলা করছে।

আপনার প্রসিড়িওরের ক্ষেত্রে কমপ্লিকেসি অ্যারাইজ করেছে। সে ব্যাপারে আপনি কি ব্যবস্থা নিয়েছেন একবারও বললেন না। একজন ছাত্র কলেজে ভর্তি হবে, কিম্বা একজন বেকার চাকুরির জন্য দরখাস্ত জমা দেবে এবং তারজন্য এস সি, এস টি, বা ও বি সি সার্টিফিকেট জমা দিতে হবে, কিন্তু আপনি সেক্ষেত্রে ব্যবস্থা রেখেছেন—৫০ বছরের দলিল জমা দিতে হবে এবং তাহলে সে সার্টিফিকেট পাবে। তারই জন্য বলছি, এটা কান্ডজ্ঞানহীন বাজেট, আপনার কান্ডজ্ঞান নেই। আপনার তো যথেষ্ট বয়স হয়েছে! আগে যখন দলিল লেখা হত তখন জাতি হিসাবে হিন্দু বা মুসলিম লেখা থাকতো। এখন মুসলমানদের মমিন বা জোলাকে ও বি সি ধরা হয়েছে, কিন্তু আগে দলিলে মমিন বা জোলা বলে লেখা হত না, মুসলমান বলে লেখা হত। তাহলে কি করে ৫০ বছরের দলিল চাইছেন? আজকে অনেকে এস সি বা এস টির নাম করে ফলস সার্টিফিকেট নিয়ে সুযোগ-সুবিধা ভোগ করছে। আমি তার প্রতিবাদ করেছি এবং এক্ষেত্রে আইনগত ব্যবস্থা নেবার জন্য বলেছি। কিন্তু সেই ব্যবস্থা নিতে গিয়ে সুপরিকল্পিতভাবে যদি এস সি, এস টি বা ওবিসি ছাত্রছাত্রীদের বঞ্চিত করা হয় তাহলে সেই বাজেটকে সমর্থন কখনই আমরা করতে পারি না। আমি বহুবার মেনশন পিরিওডে এবং জিরো আওয়ারে বিষয়টা মেনশন করেছি, তারজন্য নিবেদন, এই ব্যবস্থাটা একটু নরম করুন, প্রসিডিওরে কোথায় কমপ্লিকেসি রয়েছে সেটা দেখে প্রসিডিওরটা সরল করবার চেষ্টা করুন। এটা করলে তারা লেখাপড়া শিখতে পারবে এবং ঐ সম্প্রদায়ের মানুষরা মনে করবেন যে তাদের জন্য কিছু করছেন। আপনি এখানে বাজেট প্লেস করেছেন, কিন্তু মন্ত্রীদের বসবার জায়গাগুলি দেখে মনে হচ্ছে আমি শ্মশানের মধ্যে বক্তৃতা রাখছি। দেখছি, প্রেসের লোকেরাও প্রায় অনেক চলে গেছেন। এর থেকেই এস সি, এস টি সম্প্রদায়ের মানুষের প্রতি মনোভাবটা বেরিয়ে আসছে। আজকে তিন পাতার যে বাজেট বইটা প্লেস করেছেন তাতে কতজন আই এ এস, আই পি এস বা সেক্রেটারিয়েটে কতজনকে অ্যাপয়েমন্টমেন্ট দিয়েছেন বলতে পারেন নি। বলতে পারেন নি যে, এই সম্প্রদায়ের মানুষের জন্য আমরা এই ব্যবস্থা করেছি। দয়া করে বলবেন কি, পশ্চিমবঙ্গ থেকে এই সম্প্রদায়ের কতজন আই এ এস বা আই পি এস আছেন? কতজনই বা সেক্রেটারিয়েটে চাকুরি করেছেন? কত শতাংশই বা তাদের জন্য সংরক্ষণ করেছেন? প্রতি বছর এদের জন্য কত পারসেন্ট সংরক্ষণ ইমপ্লিমেন্ট করছেন এবং যেগুলো করতে পারছেন না তারজন্য কি ব্যবস্থা নিচ্ছেন সেটাও দয়া করে বলবেন। মুর্শিদাবাদ, মালদা এবং নদীয়ায় জায় বলে এক সম্প্রদায় আছে। তারা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করে আসছেন তাদের এস সি-এস টি সম্প্রদায়ভুক্ত করার জন্য। এ ব্যাপারে আপনি কতদূর কি করেছেন সেটা জানবেন। আপনার একটি চিঠি পড়ে দিচ্ছি। শুধুমাত্র একটি খৎ লিখে দায়িত্ব পালন হয় না। সেটা পালন করতে গেলে আন্তরিকতা থাকা প্রয়োজন। এস সি এবং এস টির সমাজ কল্যাণ উন্নয়ন সমিতি আপনার কাছে চিঠি লিখেছিল আপনার দপ্তরকে এবং আপনার সরকারকে, সেখানে আপনারা ওই সম্প্রদায়ের আবেদন উপেক্ষা করেছেন। ওই সম্প্রদায় ভারতবর্ষের সমস্ত দারিদ্র সীমার নিচের মানুষের চেয়েও নিচে থাকে। এরা এক ধরনের ডে লেবার এরা কোনও সময়ে জলের উপরে থাকে, কোনও সময়ে পাহাড়ে থাকে এবং কোনও সময়ে গাছেও থাকে। ওরা এখনও সভ্য বলে পরিচিতি হতে পারেনি। এদের কাছ থেকে করুণ আবেদন এসেছিল যে ওই সম্প্রদায়কে বিশেষ করে তফসিলি সম্প্রদায়ের মধ্যে অন্তর্ভুক্ত

করা হোক। আপনার দপ্তর থেকে কেন্দ্রীয় সরকারকে একটা চিঠি লিখেছিল, আমার সময় অল্প বলে চিঠিটা একটুখানি পড়ে শোনাচ্ছি। You are, therefore, requested to consider the matter proposed in the representation. The Copy of representation is there, 30.7.94. K.K. Sarkar, Joint Secretary. এই কথাটাও আপনার দপ্তর থেকে লিখেছিল যে for doing the needful at your end, Yours U.K. Roy, Secretary to the Government of West Bengal, SC. & S.T. Department. ১৯৯৪ সালে এই চিঠি পাঠানো হয়েছিল কিন্তু তারপরে ওই হাজার হাজার মানুষের কথা উপেক্ষা করে তাদের জন্য একটা চোতা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়ে দিয়ে নিশ্চিত রাইটার্সের ঠান্ডা ঘরে বসে ওদের কথা ভুলে গেলেন। সুতরাং আপনার এই বাজেট পরিপূর্ণভাবে এস সি এবং এস টির স্বার্থ বঞ্চিত করছে, স্বার্থ রক্ষা করছে না, তাই আমাদের কংগ্রেস সদস্যদের আনীত কাট মোশনকে সমর্থন করে এই বাজেটের তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-10 — 4-20 P.M.]

**শ্রী নটবর বাগদি :** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় মন্ত্রী শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া যে বাজেট এখানে পেশ করেছেন ১৯৯৬-৯৭ সালের জন্য তাকে আমি সমর্থন করে কংগ্রেস সদস্যদের আনীত কাট মোশনের বিরোধিতা করে আমি দু একটি কথা বলছি। এতক্ষণ ধরে অসিতবাবুর বক্তব্য শুনলাম, তিনি খুব জোরের সঙ্গে আজকে এই তফসিলি সম্প্রদায়ের জন্য চিৎকার করলেন কিন্তু ওদেরই পূর্বসূরী কংগ্রেস পার্টি যখন ১৯৫৫ সালে সংবিধান তৈরি হয়েছিল তখন থেকেই এস সি এবং এস টির জন্য ভাবতেন তাহলে অনেক উপকার হত। আপনাদের নিশ্চয় মনে আছে যে, ষাটের দশকে কালেকারের নেতৃত্বে ব্যাকওয়ার্ড কমিশন তৈরি হয়েছিল। কিন্তু নানা কারণে কংগ্রেস পার্টি রাজনৈতিক সদিচ্ছা না থাকার জন্য ওই কমিশনের সুপারিশ গ্রহণ করেন নি। পরবর্তীকালে মোরারজী দেশাই প্রধানমন্ত্রী থাকাকালীন বি পি মন্ডলের নেতৃত্বে মন্ডল কমিশন গঠন করা হয়েছিল। তারা একটা সাজেশন দিয়েছিল কিন্তু ১৯৮০ সালে প্রয়াত প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী দ্বিতীয়বার প্রধানমন্ত্রী হওয়ার পরে রাজনৈতিক সদিচ্ছায় ওই কমিশনের রিপোর্ট গুরুত্ব সহকারে বিচার বিবেচনা করেন নি। শ্রেণী স্বার্থের ক্ষেত্রে কংগ্রেস পার্টির নেতৃত্বে যারা ছিলেন তারা উচ্চ বর্ণ হিন্দু ছিল এবং তাদের জাতপাতের সমস্যা ছিল যারজন্য গরিব মানুষ যারা দীর্ঘদিন ধরে বঞ্চিত হচ্ছে সেই নিচু শ্রেণীর মানুষের জন্য কোনও বেদনা অনুভব করেন নি। আমাদের এই নিচু শ্রেণীরও যে হিন্দু সম্প্রদায় এটা বোঝা কংগ্রেস পার্টির উচিত ছিল কিন্তু সেদিন তারা সেসব বোঝেন নি। যারা হীনমন্যতায় ভুগছে সেই শ্রেণীর মানুষকে কাজের মধ্যে দিয়ে জাতীয় জীবনের মূল স্রোতের মধ্যে নিয়ে আসার জন্য যে কর্মসূচি নেওয়া দরকার ছিল তা তারা নেন নি। অবশ্য রাজনৈতিক সদিচ্ছায় কংগ্রেস পার্টি সেটা করেন নি। তারই ফলে বিভিন্ন জায়গায় বিচ্ছিন্নতাবাদী আন্দোলন এবং আরও অনেক রকম আন্দোলন আজকে মাথা চাড়া দিয়ে উঠেছে। এমন কি ওই শ্রেণীর মধ্যে অন্য স্বাধীনরাষ্ট্র গঠন করার প্রশ্নও আজকে এসে গেছে। ওরাও যে সমাজের একজন এই ধরনের রাজনৈতিক সদিচ্ছা সেদিন যদি কংগ্রেসে থাকতো তাহলে তো আজকে এই ধরনের সমস্যা হত না। সুতরাং অসিত বাবু যে তফসিলি এবং ওবিসির

সম্প্রদায়ের জন্য চিৎকার করছেন তার কোনও মূল্য নেই।

আপনাদের স্মরণে আছে কিনা জানি না, আপনারা দেখবেন, এখানে যেটা পশ্চিমবঙ্গ সরকার করেছেন এটার কিছুটা রাজনৈতিক প্রেক্ষাপট আছে। এখানে বর্গা আন্দোলন হয়েছিল এবং ৬৭ সালে ভেস্টেড আইন আমাদের দেশে প্রচলিত হয়েছিল। সেই ভেস্টেড আইনে আপনারা কিন্তু বিলি ব্যবস্থা করেন নি, কোনও লোককেও ভেস্টেড হিসাবে জমি দেননি। কারণ কি? আপনাদের এখানে একটা রাজনৈতিক স্বদিচ্ছার অভাব ছিল। গরিব মানুষেরা জমি পাক, আদিবাসী শিডিউল কাস্টের লোকেরা জমি পাক এবং তারা রাজনৈতিক ভাবে সচেতন হয়ে উঠুক ; এই জায়গাতে আপনাদের রাজনৈতিক স্বদিচ্ছার অভাব ছিল তার জন্যই আপনারা করেননি। পরবর্তীকালে ৬৬-৬৭ সালে এখানে যখন যুক্তফ্রন্ট সরকার হয়, তখন গ্রামেগঞ্জে যে ভূমি আন্দোলন হয় সেই সময় প্রয়াত নেতা হরেকৃষ্ণ কোঙারের নেতৃত্বে গ্রামেগঞ্জে ভূমি দখলের লড়াই শুরু হয় এবং শিডিউল কাস্ট লোকেদের জমি দেওয়া হয়। এখানে কিন্তু সেই সময় যুক্তফ্রন্ট সরকারের একটা স্বদিচ্ছা ছিল। আপনারা এখানে স্কুল কলেজে লেখাপড়ার ব্যাপারে কিছু কথা বললেন। আপনারা ভারতবর্ষের বিভিন্ন প্রদেশে দেখুন, সেখানে কোনও জায়গায় মাধ্যমিক স্তরে ছেলে-মেয়েদের লেখাপড়ার জন্য রাজ্য সরকার থেকে টাকা পয়সা দিয়ে খরচ করছে? এখানে ৭৭ সালের আগে—আপনাদের নিশ্চয় মনে আছে— মাধ্যমিক স্তরে যেটা ভরম ভাতা বলতেন, তার জন্য কত টাকা দেওয়া হয়েছিল? ভাতা পাওয়ার যোগ্যতা বার্ষিক আয় ১৮ হাজার টাকার অধীন তফসিলি প্রাপকদের ক্ষেত্রে, ভাতা পাওয়ার ব্যাপারে ১ লক্ষ ১০ হাজার টাকা অবধি সীমা বেঁধে দেওয়া হয়েছিল। কিন্তু আদিবাসীদের ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন এই ভাতা সকলেই পাবে, এর কোনও উর্ধসীমা নেই। কংগ্রেস আমলে এই ভাতা ছিল না। এই ভাতা আপনারা চালু করেননি। এই ভাতা যুক্তফ্রন্ট সরকারের আমলে চালু হয়েছে। এই জিনিস আপনারা কোনও প্রদেশে দেখাতে পারবেন না যে মাধ্যমিক স্তরে এই রকম করেছে। যেটা কেন্দ্রীয় সরকার করেছে সেটা অন্য দিক। সেখানে কিন্তু অন্য রকম অবস্থা। আপনারা এটা নিয়ে চিন্তা-ভাবনা করলেন পরবর্তীকালে। আপনারা যেটা বলছেন, ৯০ সালের পরে, ও বি সিদের নিয়ে যে আইন, সেটা নিয়ে তো বিশ্বনাথ প্রতাপ সিং-এর সময়ে সেই রিপোর্টকে কার্যকর করার ব্যাপারে চিন্তা-ভাবনা করেছে ; কেন্দ্রীয় সরকারের শতকরা ২৭ শতাংশ সিটকে কোটা হিসাবে নির্দিষ্ট করে। কিন্তু আপনাদের কংগ্রেসের নেতৃত্বে যে সমস্ত প্রদেশ ছিল, বি জে পির নেতৃত্বে যে সমস্ত প্রদেশ ছিল গুজরাট, আমেদাবাদ বিহারে সেখানে কি অবস্থা ছিল? আপনারা ইন্ধন জুগিয়ে ছিলেন, সেই সমস্ত সুকুমারমতি ছেলেদেরকে বলেছিলেন যে ও বি সি দের জন্য যদি সমস্ত আসন সংরক্ষিত হয়ে যায় তাহলে কোনও সাধারণ মানুষ চাকরি পাবে না। ও বি সিদের আন্দোলনকে ধ্বংস করতে হবে, তার জন্যই ছাত্র-ছাত্রীদের আপনারা উস্কানি দিয়ে গায়ে আগুন লাগিয়ে আত্মাহুতি দেওয়ার কথা চিন্তা-ভাবনা করিয়েছিলেন। এমন কি সেই চেষ্টাও করেছিলেন। এই কংগ্রেস পার্টি, এটা আপনারা করিয়েছিল। বি জে পির লোকেরাও করিয়েছিল। বিভিন্ন জায়গায় করিয়েছিলেন, এটা কিন্তু আপনারা রোধ করতে পারেন নি। সুপ্রীম কোর্টে কেস গিয়েছিল, সুপ্রীম কোর্ট রাজি হয়েছিল, পরবর্তীকালে সেটা ইমপ্লিমেন্ট করা হচ্ছে বিভিন্ন জায়গাতে। আমাদের পশ্চিমবাংলাতেও তাই করা হচ্ছে। বামফ্রন্ট সরকার যেটা করছেন এটা একটা সামাজিক দিক। যে কাজ কংগ্রেস

পার্টি করে যেতে পারেনি, যে কাজ জাতীয় নেতৃত্ব করে যেতে পারেনি, সেই পিছিয়ে পড়া মানুষের অংশগুলিকে জাতীয় জীবনের মূলস্রোতে ফিরিয়ে আনার জন্য আমাদের নেতৃবৃন্দরা চিন্তা-ভাবনা করছেন। এই জন্য বর্গা আন্দোলন, এই আন্দোলনের ফলে কৃষি জমি দেওয়া হয়েছে, এস সি, এস টিদের যাতে তাদের সামাজিক দিক থেকে একটা তারা মর্যাদা পায় এবং তাদের ছেলে-মেয়েরা লেখাপড়া শিখতে পারে। আমাদের বামফ্রন্ট সরকার শিক্ষাকে একটা মূল মেরুদন্ড হিসাবে চিহ্নিত করেছেন, সেইজন্য আদিবাসী ট্রাইবাল ডিপার্টমেন্ট থেকে খরচ করা হচ্ছে। এটা অন্য জায়গাতে করেনি, এটা ওবিসিদের জন্য করা হয়েছে। মাইনরিটি কমিশন নিয়ে কিছুক্ষণ আগে আলোচনা হচ্ছিল, আপনারা জানেন এটা তারা গ্রহণ করেন নি, কিন্তু বামফ্রন্ট সরকার হাইকোর্ট যে নির্দেশ দিয়েছিল, ৩৮টি হিন্দুদের মধ্যে জাতি গোষ্ঠী এবং একটি মুসলিম সম্প্রদায়ের জাতি গোষ্ঠী, এই ৪০টি জাতিগোষ্ঠীকে নিয়ে তারা আদার ব্যাকওয়ার্ড কাস্ট হিসাবে ঘোষণা করেছে এবং তাদেরকে ফেসিলিটি দেওয়ার জন্য চিন্তা-ভাবনা করছেন। এটা কিন্তু বামফ্রন্ট সরকারই একমাত্র সুপ্রীম কোর্টের রায়কে মেনে নিয়ে তাকে কার্যকর করার জন্য তারা চিন্তা-ভাবনা করছেন। এইজন্য আমরা বারে বারে দেখতে পাই আমাদের বামফ্রন্ট সরকার এই সমস্ত পিছিয়ে পড়া মানুষগুলিকে স্বনির্ভর করার জন্য তাদেরকে একটা মর্যাদা দেওয়ার জন্য, সামাজিক দিক থেকে, যে কর্মসূচি গ্রহণ করেছে সেটা আপনারা অন্য জায়গাতে দেখতে পাবেন না। কলকাতার মতো টাউনে আপনারা দাঁড়ান, এখানেও কিছু এলাকা আছে, যেখানে এখনও কিছু লোককে মাথায় করে ময়লা নিয়ে যেতে হয়, এইভাবেই তারা তাদের জীবিকা নির্বাহ করে। এটা কিন্তু এখানে কম দেখতে পাবেন, এবং পঞ্চায়েতের সাহায্য নিয়ে কিছু চিন্তা-ভাবনা করা হচ্ছে। আমাদের পশ্চিমবাংলায় ১৪,০০০ এই রকম মানুষজনকে নিয়ে চিন্তা-ভাবনা করেছেন এবং চেষ্টা করছেন। মাননীয় চেয়ারম্যান সাহেব, আপনি জানেন, আমাদের পশ্চিমবাংলায় যে জমি বর্গায় রেকর্ড করা হয়েছে তার ৪১.১২ শতাংশ তফসিলি জাতি এবং উপজাতিদের মধ্যে বিতরণ করা হয়েছে। শুধু বিতরণ করেই তিনি থেমে থাকেননি, ট্রাইবালদের জন্য একটা ল্যান্ড করা হয়েছে এবং সেখানে কো-অপারেটিভ গঠন করা হয়েছে এবং সেখানে কেন্দুপাতা, শালের বীজ, জঙ্গলের অন্যান্য বনজ সম্পদ সংগ্রহ করে এক জায়গায় নিয়ে এসে বিক্রি করার চেষ্টা হচ্ছে। এই ব্যাপারে আদিবাসী এবং শিডিউল কাস্ট ডিপার্টমেন্ট একটা ইতিহাস তৈরি করেছেন, যা ভারতবর্ষের অন্য কোথাও নেই। তাদেরকে আমাদের দিকে নিয়ে আসার জন্য, জাতীয়-জীবনের মূলস্রোতে ফিরিয়ে আনার জন্য যে বাজেট গ্রহণ করা হয়েছে তাকে সমর্থন করে এবং কংগ্রেসিদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-20 — 4-25 P.M.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় চেয়ারম্যান সাহেব, ডিমান্ড নম্বর ৪১-এর বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য রাখছি। তফসিলি জাতি, উপজাতি সম্প্রদায়ের মানুষের সামাজিক অর্থনৈতিক মনোন্নয়নের জন্য এই সরকার ব্যর্থ। রাজ্যে তফসিলি জাতি ও উপজাতি গোষ্ঠীর উন্নয়নে রাজ্য সরকারের ব্যর্থতা এবং রাজ্যে উপজাতিদের উন্নয়ন প্রকল্পে কেন্দ্রীয় সরকারের বরাদ্দকৃত অর্থের সুষ্ঠ ব্যবহারে সরকারের ব্যর্থতা এবং রাজ্যে তফসিলি জাতি এবং তফসিলি উপজাতিদের দৈনন্দিন জীবনযা[illegible]

উন্নয়নে সরকারের ব্যর্থতা, এই কটি ব্যাপারে আমরা কাট মোশন দিয়েছি। আজকে এই সম্প্রদায়ের মানুষদের ও ব্যাকওয়ার্ড ক্লাস মানুষদের প্রধান সমস্যা হচ্ছে সার্টিফিকেট পাওয়ার ক্ষেত্রে একটা অভূতপূর্ব দীর্ঘসূত্রতা। এই অভিযোগটা আমরা বার বার উত্থাপন করেছি, কিন্তু তাতেও প্রকৃত অর্থে সার্থকতা আসছে না। তফসিলি জাতি বা উপজাতি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর মানুষের মূল দাবিটা হল রিজার্ভেশনের প্রশ্নে, কর্মসংস্থানের সুযোগ কতটা পাবে। আমি মাইনরিটি কমিশন বিলে আলোচনার সময় বলেছিলাম, এই সম্প্রদায়ের মানুষরা চাকরির ক্ষেত্রে তাদের পারসেন্টেজ কমে যাচ্ছে। আমি লেবার ইন ওয়েস্ট বেঙ্গল থেকে বলছি, ১৯৯০ থেকে ১৯৯৫ শিডিউল কাস্টরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে ভ্যাকেন্ট জব পেয়েছেন কত। ১৯৯০ সালে শিডিউল কাস্টদের চাকরি হয়েছিল, ৯,৪৪৯ এবং শিডিউল ট্রাইবসরা পেয়েছিল ১,২৮৬টি, অর্থাৎ ১৩.৫৪ পারসেন্ট, ১৯৯১ সালে সেটা একটু বেড়ে ১৮.১ পারসেন্ট হল, ১৯৯২ সালে সেটা হল ৩৭.৮৭ পারসেন্ট। তারপর পরপর তিন বছর ফল করল। ১৯৯৩ সালে হল ২০.৩২ পারসেন্ট, ১৯৯৪ সালের হল ২০.২৯ পারসেন্ট এবং গত বছরে ২১.৬৪ পারসেন্ট। অর্থাৎ দেখা যাচ্ছে যে এটা ফ্লাকচুয়েট করছে। এটাতে কোনও স্টেবিলিটি আসছে না চাকরির ক্ষেত্রে। আমি আগের দিন যখন আপনাকে হাউসে বলেছিলাম যে ১৭৭টা জাতের মধ্যে সেন কমিশন ৪৭টাতে ওদের স্বীকৃতি দিয়েছে অনগ্রসরদের তালিকাভুক্ত করতে। আপনি সম্ভবত সেটাকে একটু বাড়িয়েই বলেছিলেন। আমি সেটা আপনার কাছে জানতে চাইছি যে লেটেস্ট অবস্থাটা কি? সেন কমিশন অন্যান্য অনগ্রসর শ্রেণীদেরকে রিজার্ভেশন দেওয়ার ক্ষেত্রে মন্ডল কমিশন যে ১৭৭টা জাতকে অনগ্রসর বলে চিহ্নিত করেছিলেন তার মধ্যে ১৫০টা জাত অ্যাপ্লাই করেছিল তাদের কে ও বি সি তালিকাভুক্ত করতে। এখনও পর্যন্ত ৪৭টা তালিকাভুক্ত হয়ে আছে এবং দার্জিলিং জেলাতে যেটা গোর্খা পার্বত্য পরিষদ—ডি জি এইচ সি যেটা আপনাদের বলেছে যে তাদের সমস্তটাকে ও বি সি তালিকাভুক করার জন্য, তাতে সেন কমিশন এবং প্রতিনিধিরা দার্জিলিং গিয়ে ফিরে এসে তারা কি সিদ্ধান্ত নিলেন? দার্জিলিংয়ের ডিমান্ড হচ্ছে পাহাড়ী এলাকায় তাদের টোটালটা ও বি সি তালিকাভুক্ত করতে হবে কিন্তু রাজ্য সরকারের কমিশনের কাছ থেকে এখনও সুস্পষ্ট সিদ্ধান্ত এব্যাপারে জানা যায় নি। আমরা সে কারণে বলতে চাইছি যে ও বি সিদের সার্টিফিকেট পেতে প্রচন্ড দেরি হচ্ছে, ঢিলেমি হচ্ছে। আপনার সরকারের পক্ষে তফসিলি জাতি, উপজাতি, আদিবাসী কল্যাণ বিভাগের জয়েন্ট কমিশনার ই এস মারডি গত ১০.১.৯৬ সালে সার্কুলার দিয়েছিলেন এবং সার্কুলারে বলেছেন যে আবেদনপত্র জমা দেওয়ার তারিখ হইতে ছয় সপ্তাহের মধ্যে সার্টিফিকেট মঞ্জুর বা না-মঞ্জুর হইবে। প্রয়োজনবোধে সার্টিফিকেট দাতা আধিকারিক আবেদন পত্র অন্য জেলা তদন্তের জন্য পাঠাইতে পারেন। সেই ক্ষেত্রে সময় বেশি লাগিবে। তাহলে ৬ সপ্তাহের মধ্যে সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে যে সরকারি নির্দেশনামা রয়েছে, সেটা দিতে এত দেরি লাগছে কেন এবং সার্টিফিকেট না পাওয়ার জন্য কেন্দ্রীয় সরকার তাদের কর্মসংস্থান এর পশ্চিমবাংলার ওবিসি তালিকাভুক্ত বেকার যুবকরা বঞ্চিত হচ্ছে। আপনারা পশ্চিমবাংলার জন্য রিজার্ভেশন দিয়েছেন ৫ পারসেন্ট ফর ওবিসি। এই ৫ পারসেন্ট ওবিসি এখনও পর্যন্ত পশ্চিমবাংলায় কোনও কর্মসংস্থান কেন্দ্রের মাধ্যমে একটাও চাকুরি পায়নি। থ্রু ওবিসি কোটা। মানুষের অভিযোগ তো থাকবেই। সুতরাং এই যে একটা প্রচন্ড বঞ্চনা এবং ভারতবর্ষের অন্যান্য রাজ্যের অন্যান্য অনগ্রসর শ্রেণীদের, ওবিসিদের সার্টিফিকেট এর সাহায্য নিয়ে চাকুরির

ক্ষেত্রে, অন্যান্য সাহায্যের ক্ষেত্রে আবেদন করতে পারছে। পশ্চিমবাংলায় সেটা হচ্ছে না। অর্থাৎ কমিশনের কাজ কর্মের অগ্রগতি যত দ্রুত প্রত্যাশিত ছিল তত দ্রুত হচ্ছে না। আপনি আমাকে আগেরদিন বলেছিলেন যে ওবিসিদের যে সার্টিফিকেট দিতে দেরি হচ্ছে তার কারণ তাদের অরিজিন খুঁজতে দেরি হচ্ছে। শিডিউল কাস্ট বা শিডিউল ট্রাইবদের ক্ষেত্রে তাদের একটা অরিজিন পাওয়া যায় পিছনের দিকে তাকালে তাদের একটা ভিত্তি পাওয়া যায়। কিন্তু ওবিসির ক্ষেত্রে পাওয়া যায় না। কিন্তু আপনি যে সার্কুলার দিচ্ছেন তাতে ওবিসির ক্ষেত্রে এ ধরনের কথা বলছেন না যে আপনাকে অরিজিন দেখে দিতে হবে। আপনি সেখানে বলছেন যে কি কি কারণে সার্টিফিকেট পাওয়া যাবে। জয়েন্ট কমিশনার ফর রিজার্ভেশন, তিনি অন্য একাট সার্কুলারে বলেছেন যে এফিডেবিট ফ্রম অ্যাপ্লিকেশন "Affidavit from the applicants praying for O.B.C. certificate need not be insisted upon, Regarding residence and Class/Caste status certificate from Pradhan/ Chairman of Municipal/Councilor of Corporation shall be taken as documents." এতেই তো ডকুমেন্ট হওয়া উচিত। তার পর বলছেন No certificate from Gazetted Officer Group 'A' Officer class/caste is required. তাহলে গেজেটেড অফিসারদের কাছ থেকে সার্টিফিকেট দরকার হচ্ছে না। তাহলে ওবিসি সার্টিফিকেটের ক্ষেত্রে এম এল এ, এম পি, মিউনিসিপ্যালটির কাউন্সিলার, বা অঞ্চল প্রধান তাদের সার্টিফিকেট যদি এনাফ হবে তাহলে এই সার্কুলার থাকা সত্ত্বেও আপনাদের বিলম্ব হওয়ার কারণে রাজ্যের বেকার যুবকদের ক্ষেত্রে বঞ্চনা হচ্ছে। সে সম্পর্কে আপনাদের সরকারকে অভিযুক্ত করছি। আপনাকে আরেকটা বিষয় আমাদেরকে জানাতে হবে—ওয়েস্ট বেঙ্গল ব্যাকওয়ার্ড ক্লাসেস ডেভেলপমেন্ট অ্যান্ড ফিনান্স কর্পোরেশন করেছেন—সেটা নিয়ে বিলে পরে আলোচনা হবে। অন্তত এটাকে আপনারা লিগালাইজ করবেন-সেখানে ওবিসি রিপ্রেজেনটেটিভ রাখতে হবে। সেখানে যে সমস্ত রেজিস্টার্ড ফেডারেশন আছে— ফেডারেশন অফ আদার ব্যাকওয়ার্ড ক্লাসেস—এই এস সি, এস টি এবং মাইনরিটিসদের অ্যাফিলিয়েটেড অফিস আছে, ৮১ বেন্টিঙ স্ট্রিটে। ফেডারেশন অফ আদার ব্যাকওয়ার্ড ক্লাসেস আছে—এদের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করে আপনারা এই বিষয়টি সম্বন্ধে চূড়ান্ত সিদ্ধান্ত নিন। ওবিসিদের ক্ষেত্রে ৫ পারসেন্ট রিজার্ভেশন করেছেন—এটাকে বাড়ানোর কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা সেটা বলবেন। এস সি, এস টি কোটাতে যে চাকরি আছে সেখানে বলা হচ্ছে যদি এস সি, এস টি-এর মধ্যে থেকে সুটেবল ক্যান্ডিডেট না পাওয়া যায় তবে, এস সি, এস টি-র বাইরে থেকে লোক নেওয়া হবে। এই ব্যাপারটা আপনারা এক্সপ্লেইন করুন। এস সি, এস টিদের থেকে সুটেবল ক্যান্ডিডেট না পেলে অন্যদের নেওয়া হচ্ছে, সেটা এস সি, এস টিদের কোটার উপর হস্তক্ষেপ হচ্ছে। তাদের বদলে জেনারেল ক্যাটেগরি থেকে রিক্রুট করানো হচ্ছে। এস সি, এস টিদের কোটা যদি ফুল-ফিল না হয় তাহলে বলে দেওয়া হোক পরে এস সি, এস টিদের থেকেই ক্যান্ডিডেট নেওয়া হবে— এর কোনও গ্যারান্টি, এর কোনও অ্যাসুরেন্স সরকার পক্ষ থেকে আপনারা দিতে পারেন নি। ক্যালকাটা পুলিশে রিসেন্টলি রিক্রুটমেন্টে বলা হল এস সি, এস টি-র ক্যান্ডিডেট নেওয়া হবে—কিন্তু পরে বলা হল এস সি, এস টি-র ক্যান্ডিডেট পাচ্ছি না। সুতরাং কলকাতা পুলিশের চাকুরি থেকে তারা বঞ্চিত হচ্ছে। ওয়েস্ট বেঙ্গল এশেনশিয়াল কমোডিটিস সাপ্লাই কর্পোরেশন সম্পর্কে মন্ত্রী জবাব

দিচ্ছেন সব নিল, নিল। এই যে একটা গাফিলতি এবং ব্যর্থতা—এটা সম্বন্ধে সরকারকে কঠোর হাতে মোকাবিলা করতে হবে—তফসিলি জাতি ও তফসিলি উপজাতির মানুষদের স্বার্থে, তাদের ন্যায্য প্রাপ্তির জন্য আরও সচেষ্ট হতে হবে— এটা কোনও কৃপার ব্যাপার নয়—সংবিধানেও এর অধিকার সুরক্ষিত রয়েছে। সরকার এদের কে চাকরি দিচ্ছেন না—এটা আমাদের অভিযোগ। সেই কারণে আমরা অ্যামেন্ডমেন্ট দিয়েছি। আগামীদিনের এই সমস্ত ভুল পদক্ষেপ সরিয়ে নিয়ে এসে চাকরির ক্ষেত্রে এস সি, এস টি এবং অন্যান্য অনগ্রসর শ্রেণীর মানুষদের পারসেন্টেজ বৃদ্ধির ব্যাপারে উদ্যোগ নেবেন।

[4-30 — 4-40 P.M.]

**শ্রী বিজয় বাগদি ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজ তফসিলি-আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন তাকে আমি সমর্থন জানাচ্ছি এবং সমর্থন জানিয়ে কয়েকটি কথা আমি বলতে চাই। মাননীয় বিধায়ক অসিতবাবু বক্তৃতা করছিলেন এবং আমি ওনার অবগতির জন্য জানাচ্ছি—আপনি এস সি ঘরের ছেলে। আপনি বিগত ২০ বছরে ফিরে যান। তাহলে কি দেখেছেন? আমরা দেখেছি সমাজে আমাদের মাথা উচুঁ করে চলার অধিকার ছিলনা। আজকে অসিতবাবু বলতে পারবেন—বামফ্রন্ট সরকারের আমলে তফসিলি জাতি ও তফসিলি উপজাতি সম্প্রদায়ের মানুষ যেভাবে চলাফেরা করতে পারছেন, সেভাবে আগে চলাফেরা করা যেত কিনা? শুধু তাই নয়, এখন শিক্ষার ক্ষেত্রেও অনেক উন্নতি হয়েছে। প্রাইমারি স্কুলে ছাত্র-ছাত্রী রাখা যাচ্ছে না— গ্রামে-গঞ্জে ভর্তির সমস্যা দেখা যাচ্ছে, হায়ার এডুকেশনের ক্ষেত্রেও সমস্যা দেখা যাচ্ছে, যেটা মেনশনে একজন মাননীয় সদস্য বলেছিলেন। আজকে এই পরিস্থিতির মধ্যে থেকেও আমরা বুঝতে পারছি বামফ্রন্ট সরকার বিশেষ সাফল্য অর্জন করেছেন। আপনারা জানেন, ভূমিসংস্কারের মাধ্যমে তফসিলি জাতি ও তফসিলি উপজাতি সম্প্রদায়ের মানুষ দৃঢ়মূল ভাবে স্বনির্ভর হতে পেরেছেন সে ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের বিশেষ অবদান আছে। বিশেষ করে সার্টিফিকেটের কথা বলেছেন—সার্টিফিকেটের সমস্যা আছে—আমরা এটা অস্বীকার করছি না। সাথে সাথে এটা বলতে চাই, অতীতে সার্টিফিকেট পাওয়ার ব্যাপারে ২/৩ বছর সময় লাগত, স্কুলে ভর্তির সময়ও এই সমস্যা দেখা দিত। আজকে ছাত্র-ছাত্রীদের মধ্যে স্টাইপেন্ডের ব্যবস্থার জন্য, উৎসাহ দানের ব্যবস্থার মধ্যে দিয়ে অনগ্রসর শ্রেণীর ছেলে-মেয়েরা লেখাপড়ার সুযোগ বেশি পাচ্ছে। কিন্তু মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আবাসিক ছাত্রদের কাছে স্টাইপেন্ড সময় মতো পৌছোচ্ছে না। তিন-চার মাস টাকা না পেলে, সেইসব ছাত্রদের খাবার যোগানের ব্যাপারে অসুবিধা দেখা দেয়, সেজন্য তাদের অবাসিক বা আশ্রম ছেড়ে চলে যেতে হয়। বন সংরক্ষণের মাধ্যমে, ল্যাম্পস-এর মাধ্যমে, আদিবাসী মহিলারা শালপাতা সংগ্রহ করে রুজি রোজগারের পথ বেছে নিয়েছে। যেখানে বনসৃজন হচ্ছে, সেখানে ইউক্যালিপটাস, সোনাঝুরি এই সমস্ত গাছগুলি লাগান। একটা ব্যাপক এলাকার মানুষ, যারা জঙ্গলে বাস করে, সেখান থেকেই রুজি রোজগারের পথ থেকে, তাদের জন্য শাল, মহুয়া এই সমস্ত ফলের চারা লাগানোর ব্যবস্থা করুন। উচ্চ শিক্ষার ক্ষেত্রে বলছি, মেরিট অনুযায়ী ভর্তির ক্ষেত্রে দেখা যায়, সাধারণ ভাবে ভর্তির সুযোগ যেখানে, সেখানে তফসিলি জাতির কোটার মধ্যে ফেলে দেওয়া হয়। এই ক্ষেত্রটাও আপনি দেখবেন। কলেজ সার্ভিস কমিশন, পাবলিক সার্ভিস কমিশনের পরীক্ষার

ক্ষেত্রে শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইব ছাত্রদের প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা যাতে করা যায়, তার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। ৬ হাজার থেকে ৮ হাজার টাকা পর্যন্ত উর্ধসীমা আয়ের ক্ষেত্রে ৩৬০ টাকা ৩২০ টাকা স্টাইপেন্ডের ব্যবস্থা করেছেন। আমাদের যে সমস্ত চতুর্থ শ্রেণীর সরকারি কর্মচারিরা আছেন, তাদের দিকে তাকিয়ে, তাদের ছেলে মেয়েদেরে পড়াশোনার স্বার্থে এই উর্ধসীমাটা আর একটু বাড়ানো যায় কিনা, চিন্তা করবেন। আজকে রাজ্য সরকার বিভিন্ন কাজে যেমন কনট্রাক্টরি অনেকে করে, পি ডব্লু ডি, ইরিগেশন পি এইচ ই, সেখানে শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবদের জায়গা যেন বিশেষ ভাবে সংরক্ষিত থাকে, তার জন্য অনুরোধ করছি। ফুড সাপ্লাইয়ের ক্ষেত্রেও দেখা যায় এস সি, এস টিদের কোনও সুযোগ থাকেনা। ডিলারশিপ নিয়োগ করার ক্ষেত্রে একটা সংরক্ষণের কথা বলছি। ওবিসিদের সার্টিফিকেট দেওয়ার ব্যাপার নানা ভাবে হয়রানি করা হচ্ছে। এই ব্যবস্থা একটু সরলীকরণের জন্য অনুরোধ করছি। যাতে তারা সঠিকভাবে সার্টিফিকেট পায়, সেটা দেখবেন। ত্রিস্তর পঞ্চায়েতের ক্ষেত্রে প্রধান, সভাধিপতিদের ক্ষেত্রেও এস সি, এস টি সংরক্ষণের ব্যবস্থার জন্য অনুরোধ করছি। সবশেষে এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে, কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-40 -- 4-50 P.M.]

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে মাননীয় তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিষয়ক ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়, যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন আমি তার বিরোধিতা করে এবং কংগ্রেস দলের পক্ষ থেকে যে কাট মোশন গুলো আনা হয়েছে তার সমর্থন করে ২/৪টে কথা বলতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয় তার বক্তব্যের মধ্যে, বাজেট বিবৃতিতে বামফ্রন্ট সরকার ১৯ বছর ধরে কি কি কল্যাণের কাজ করেছেন তার জন্য একটা ফিরিস্তি দিয়েছেন। আমি শুধু বলতে চাই, বিশেষ করে ওবিসি সম্প্রদায়ের ব্যাপারে মাননীয় মন্ত্রীমহাশয় যেভাবে নিরব দর্শকের ভূমিকায় আছেন তাতে বাধ্য হয়ে আজকে এই বাজেটের বিরোধিতা করতে হচ্ছে। আপনি জানেন যে, ১৯৯২ সালে সুপ্রিম কোর্ট রায় দিয়েছিলেন ১৬ই নভেম্বর যে, মন্ডল কমিশনের সুপারিশ কার্যকর করতে হবে। এবং সেই রায়ের রায়ে বলা ছিল, চার মাসের মধ্যে সেই সুপারিশ কার্যকর করতে হবে। কিন্তু বর্তমান সরকার ওবিসিদের ক্ষেত্রে অতীব নিরব। তারা আজও অবহেলিত বঞ্চিত রয়েছে। ওবিসিদের ক্ষেত্রে সরকারের কোনও নির্দিষ্ট বক্তব্য বা প্রস্তাব আমরা বাজেটের মধ্যে দেখতে পাচ্ছি না। তিনি শুধু বলছেন, এই দপ্তরের মধ্যে ওবিসিদের দায়িত্ব আছে। এটুকু বলে এবং ৫ পারসেন্ট রিজার্ভ আছে বলে তার দায় সেরে দিয়েছেন। কিন্তু চেয়ারম্যান স্যার, আমরা কি দেখছি? ৫ পারসেন্ট ওবিসিদের শুধু রিজার্ভ দিলেন। কিন্তু এটুকু করলে শুধু একটা সরকারি দপ্তরের দায়িত্ব শেষ হয়ে যায় না। আজকে বি পি মন্ডলের নেতৃত্বে যে কমিশন হয়েছিল, তাতে ১৭৭-টা জাতিকে ওবিসি তালিকাভুক্ত করা হয়েছিল। কিন্তু এখানে ১৯৯৩ সালে এ এম সেনের নেতৃত্বে কি সুপারিশ আছে? আমরা তা জানি না। কিন্তু এখনও পর্যন্ত রাজ্য সরকার মাত্র ৪৭টা জাতিকে ওবিসি তালিকাভুক্ত করেছেন। কিন্তু আমরা কি দেখছি? পশ্চিমবাংলায় ওবিসিদের কোনও সেন্সাস নেই। আজকে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, ২৩.৬২ পারসেন্ট তফসিলি জাতি এবং ৫.৫৯ তফসিলি উপজাতিদের সংখ্যা। কিন্তু

পশ্চিমবাংলায় ওবিসিদের কোনও সেন্সাস নেই। এবং ওবিসিদের সংখ্যা কত তার কোনও রিপোর্ট মন্ত্রী মহাশয়ের কাছে নেই। তাই আজকে ওবিসিদের সেন্সাস করতে হবে। আজকে এদের ৫ পারসেন্ট রিজার্ভেসনের কথা বলেছেন। কিন্তু বিপি মন্ডল-এর সুপারিশ কি বলে? শুধু চাকরিতেই ৫ পারসেন্ট রিজার্ভেশনের কথা বলা হয়েছে। কিন্তু আজকে শিক্ষার ক্ষেত্রে—বিভিন্ন সরকারি সদস্য বললেন অনেক ক্ষেত্রেই আজকে তফসিলি জাতি উপজাতিদের হয়তো কোনও সুযোগ ব্যবস্থা নেই, কোনও সংরক্ষণের ব্যবস্থা নেই। কন্ট্রাক্টর নিয়োগের ক্ষেত্রে নেই, বিভিন্ন স্কুলের ক্ষেত্রে নেই। কিন্তু এই ব্যবস্থা আজকে করতে হবে। আজকে আমরা কি দেখছি, আমরা দেখছি যে মন্ডল কমিশনের সুপারিশে বলা ছিল সর্বক্ষেত্রে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে। এখানে পশ্চিমবাংলায় মাত্র ওবিসিদের ক্ষেত্রে সংরক্ষণের ব্যবহার করা তিনি বলেছেন। আজকে যদি মূল জিনিসটাই না হয় তাহলে বছরের পর বছর সংরক্ষণের ব্যবস্থা থাকলেও কোনও কাজ হবে না। তাই আমি মাননীয় মন্ত্রীকে ভাবতে বলব যে আদিবাসী জাতি ও উপজাতি এবং ওবিসিদের উন্নয়নের জন্য সত্যিকারের যদি কোনও কাজ করতে চান তাহলে তাদের শিক্ষার ক্ষেত্রে মূল যে সমস্যা তাদের সেই চেতনা বাড়াতে হবে। তাদের কম্পালসারি শিক্ষার ব্যবস্থা করতে হবে যাতে তারা নিশ্চিতভাবে স্কুলে যেতে পারে। অর্থাৎ ওবিসিদের জন্য স্কুলে কম্পালসারি এডুকেশনের ব্যবস্থা করতে হবে। এটা যদি না করা যায় তাহলে বছরের পর বছর ধরে সংরক্ষণ করেও কোনও কাজ করা যাবে না। আপনি বলেছেন যেখানে আদিবাসী এবং তফসিলি জাতির লোক বাস করে যেখানে পরিকাঠামোগত উন্নয়নের কথা বলেছেন। আমরা পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা থেকে এসেছি, আমার বাড়ির কাছে ও বি সি সম্প্রদায়ের মানুষ এবং তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ের মানুষ বাস করেন। আমরা দেখেছি বামফ্রন্ট সরকার সে রকম কোনও উন্নয়ন মূলক কর্মসূচি আজ পর্যন্ত নিতে পারেন নি। ইন্দিরা গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন তিনি ইন্দিরা আবাস যোজনার মাধ্যমে তাদের দারিদ্র সীমার নিচে থাকা লোকেদের জন্য কিছু কিছু পরিকল্পনা গ্রহণ করেছিলেন। কিন্তু বামফ্রন্ট সরকার সে রকম কোনও পরিকল্পনা গ্রহণ করতে পারেন নি। আজকে ওবিসিদের ক্ষেত্রে ৫ পারসেন্ট রিজার্ভেশনের কথা বলছেন। যদি তাদের সেন্সাস না হয়ে থাকে তাহলে কি করে রিজার্ভেশনের কথা বলছেন। বি পি মন্ডল কমিশন ২৭ পারসেন্ট রিজার্ভেশনের কথা বলেছেন। ১৯৫২ সালে কাকা কাল্লেকার কমিশনে তাদের রিজার্ভেশনের কথা কি । হয়েছিল। ভারতবর্ষে ওবিসিদের সংখ্যা ৫২ পারসেন্ট, অর্থাৎ তার অর্ধেক ২৭ পারসেন্ট ওবিসিদের সংরক্ষণের কথা বলেছেন। কিন্তু আপনি মাত্র ৫ পারসেন্ট রিজার্ভেশনের কথা বলেছেন। আপনি যখন ৫ পারসেন্ট রিজার্ভেশনের কথা বলেছিলেন তখন ১৪টা জাতিকে ওবিসিদের তালিকাভুক্ত করেছিলেন। কিন্তু এখন ৪৭টা সম্প্রদায়কে ওবিসি তালিকাভুক্ত করেছেন, আর এখনও রিজার্ভেশন হচ্ছে ৫ পারসেন্ট, এটা আপনাকে ভাবনা চিন্তা করতে বলব। এবং তাদের সেন্সাস করে তাদের ন্যায্য প্রাপ্তি থেকে তারা যাতে বঞ্চিত না হয় সেটা দেখতে অনুরোধ করব। মন্ডল কমিশনের সুপারিশ ৫২ পারসেন্টের অর্ধেক যেখানে ২৭ পারস্টে ওবিসিদের রিজার্ভেশন আছে, এখানেও সেন্সাস করে তার অর্ধেক আপনাকে করতে হবে। আজকে ওবিসি সার্টিফিকেট নিয়ে ব্যাপক গোলমাল হচ্ছে। সাধারণ মানুষ হয়রানি হচ্ছে। তারা ব্লক অফিসে গেলে সার্টিফিকেট পাচ্ছে না। সেখানে ফর্মের এত জটিলতা আছে যেটা পূরন করতে তাদের বোধগম্য হচ্ছে না। ওবিসি ছেলেমেয়েরা সেই ফর্ম পূরণ করতে

না পারার জন্য সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে এবং কেন্দ্রীয় সরকারের যে সব অফিস বা সংস্থা আছে সেখানেও তারা বঞ্চিত হচ্ছে। তাদের যে রিজার্ভেশন কোটা আছে সেখানে তারা সার্টিফিকেটের জন্য বঞ্চিত হচ্ছে। এটুকু বলে কংগ্রেসের তরফ থেকে যে কাটমোশন এসেছে তাকে সমর্থন করে এবং বাজেটের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

[4-50 — 5-00 P.M.]

**শ্রী খারা সোরেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, তফসিলি জাতি এবং আদিবাসী কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সমর্থন করে কয়েকটা কথা বলবার চেষ্টা করছি। আমি ধৈর্যসহকারে অসিত মাল মহাশয় এবং শান্তিরাম মাহাতো মহাশয়ের বক্তব্য শুনলাম। তারা এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করেছেন। তা বন্ধু আপনাদের জিজ্ঞাসা করি, আজ থেকে ২০ বছর পিছনে ফিরে যান, সে সময়ে প্রত্যন্ত গ্রামের যে চাষীরা নিজেদের বর্গাদার নামে পরিচয় দিত, যাদের আপনারা বলতেন ভাগচাষী, বর্গাদার হিসাবে যাদের আপনারা স্বীকৃতি দিতেন না, তারা জমিতে বেগার খাটতো, লেংটি পরত। তাদের ছেলেদের স্কুলে যাবার সুযোগ ছিল না। তাদের জোর করে জমি থেকে উচ্ছেদ করা হত। তারা আপনাদের বলত, এই জমি থেকে আমাদের উচ্ছেদ করো না, আমরা এই জমি চাষ করব।' তাদের পিটিয়ে আপনারা জমি থেকে উচ্ছেদ করেছেন। পরবর্তীকালে বামফ্রন্ট সরকার তাদের সেই জমিতে প্রতিষ্ঠিত করেছে, তাদের ছেলে-মেয়েরা পড়াশুনার সুযোগ পেয়েছে। এত সংখ্যায় তারা আজ পড়াশুনা করতে চাইছে যে, আজকে বামফ্রন্ট সরকারও তাদের স্কুলে জায়গা দিতে পারছে না। আজকে আপনারাও এখানে অভিযোগ করছেন—মাধ্যমিক পাশ করার পর উচ্চমাধ্যমিক স্তরে ছাত্র-ছাত্রীরা ভর্তির সুযোগ পাচ্ছেনা। সেই সুযোগ আরও বৃদ্ধি করতে হবে। আজকে এই দাবি আপনারা তুলছেন, আমরাও তুলছি। কেন? নিশ্চয়ই বামফ্রন্ট সরকার বিগত ২০ বছরে তফসিলি জাতি এবং আদিবাসীদের উন্নতির জন্য কিছু ব্যবস্থা গ্রহণ করতে পেরেছেন। তবে এ কথা আমরা নিশ্চয়ই মনে করিনা যে, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার তার সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে আদিবাসী এবং তফসিলি সম্প্রদায়ভুক্ত মানুষদের সমস্ত রকম সুযোগ সুবিধা দিতে পেরেছেন। না পারার পেছনে কিছু অন্তরায় নিশ্চয়ই আছে। কিন্তু বামফ্রন্ট সরকার যতটুকু পেরেছে ততটুকুতেই আমরা লক্ষ্য করছি আপনাদের গাত্রদাহ হচ্ছে। আজকে আদিবাসী এবং তফসিলি ছাত্র-ছাত্রীদের হস্টেলে থেকে পড়াশুনা করার সুযোগ করে দেওয়া হয়েছে। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, তাদের যে হস্টেল গ্রান্ট দেওয়া হয় সেই গ্রান্ট থেকে হস্টেলের পাচকের বেতন বাবদ অর্থ কেটে নেওয়া হয়। এটা না করে, হস্টেলের পাচকদের আলাদভাবে সরাকরি ব্যবস্থার মধ্যে দিয়ে বেতন দেবার ব্যবস্থা করা হোক। সাথে সাথে মেনটিনান্স গ্রান্ট যাতে সময় মতো দেওয়া হয়, সেদিকটাও আমি দেখতে অনুরোধ করছি। আমরা জানি গোটা পশ্চিমবাংলায় ১১৫টা 'ল্যাম্পস' আছে। মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া, জেলা ছাড়া অন্য জেলাগুলোয় 'ল্যাম্পস'-এর কাজ ঠিকমতো হচ্ছে না। তবে জলপাইগুড়ির কিছু 'ল্যাম্পস' সুষ্ঠুভাবে চলার চেষ্টা করছে। কিন্তু আমরা লক্ষ্য করছি 'ল্যাম্পস'গুলো শুধুই ব্যবসা করছে—কোথাও সারের ব্যবসা করছে, কোথাও কাপড়ের। রাজ্য সরকারের পক্ষ থেকে ওদের যে পরিমাণ আর্থিক সাহায্য দেওয়া দরকার তা দেওয়া সম্ভব হচ্ছে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ

করছি, আদিবাসী জনগণের স্বার্থে তিনি 'ল্যাম্পস'গুলি যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয় তার জন্য উদ্যোগ গ্রহণ করুন। এরজন্য প্রয়োজন টাকার অঙ্কের বৃদ্ধি। দ্বিতীয়ত আদিবাসী এবং তফসিলি জাতির মানুষদের জন্য চাকরির ক্ষেত্রে সংরক্ষণের ব্যবস্থা আছে ঠিকই, কিন্তু প্রমোশনের ক্ষেত্রে এক শ্রেণীর উর্ধতম কর্তৃপক্ষ প্রমোশনের সমস্ত লিস্ট ইত্যাদি এমনভাবে তৈরি করছে যাতে রোস্টারের মধ্যে তা পড়ছে না। আমি মাননীয় মন্ত্রীকে এ বিষয়টা একটু লক্ষ্য করতে অনুরোধ করছি। এ জিনিস আমরা ক্যালকাটা পুলিশের চাকরির প্রমোশনের ক্ষেত্রে দেখতে পাচ্ছি। যখনই সেখানে কোনও প্রমোশনের প্রশ্ন দেখা দিচ্ছে তখন সেই প্রমোশনকে এমন কায়দায় দেওয়া হচ্ছে যা রোস্টারের আওতায় পড়ছেনা—সেখানে এমনভাবে রোস্টার তৈরি করা হচ্ছে। কাজেই এ সমস্ত ক্ষেত্রে মন্ত্রীর হস্তক্ষেপের দরকার আছে বলে আমি মনে করি। কাজেই হায়ার এডুকেশন সংরক্ষণের যে ব্যবস্থা আছে—প্রত্যন্ত গ্রাম থেকে যারা আসে তাদের সেখানে সুযোগ-সুবিধা পাওয়ার ক্ষেত্রে দুরূহ ব্যাপার হয়ে ওঠে। তাদের জন্য যাতে করে সুযোগ-সুবিধা বাড়ানোর চেষ্টা করা হয় তারজন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব। বিশেষ করে আমি যেটা বলার চেষ্টা করছি, বালুরঘাটে আদিবাসীদের জন্য যে হোস্টেল ছিল ১৯৮৭ সালের বন্যায় ভেঙে যাওয়ার ফলে আদিবাসী হোস্টেলটি নতুন করে করার পরিকল্পনা ছিল। কিন্তু আজ পর্যন্ত সেই হোস্টেল এখনও তৈরি করার কোনও উদ্যোগ জেলা প্রশাসনের পক্ষ থেকে লক্ষ্য করছি না। দ্বিতীয় কথা হচ্ছে, আমি যেটা লক্ষ্য করছি, আদিবাসী ও তফসিলি সম্প্রদায়ের উন্নয়নের জন্য সমস্ত টাকা আজকে জেলা পরিষদে চলে যায়। জেলা পরিষদের সভাধিপতি ৫৬টি কমিটির চেয়ারম্যান। অন্ততপক্ষে ৩/৪ বার মিটিং হওয়া দরকার। এই সম্প্রদায়ের উন্নয়নের স্বার্থে যে কমিটি আছে সেই কমিটিতে কিন্তু এম এল এরা নেই। সুতরাং এদের উন্নয়নের স্বার্থে যাতে এম এল এদের যুক্ত করা যায় এবং জেলা পরিষদের সভাধিপতি চেয়ারম্যান হিসাবে যাতে বছরে অন্তত ৩/৪ বার মিটিং করেন তারজন্য ব্যবস্থা নেবার অনুরোধ জানাচ্ছি।

**শ্রী রাম প্রবেশ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট ভাষণ রেখেছেন তার তীব্র বিরোধিতা করছি এবং আমাদের দলের তরফ থেকে যে কাট মোশন আনা হয়েছে তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। ভারতের সংবিধানের ৩৪০ নং ধারা মোতাবেক ১৯৫৩ সালে কাকা সাহেব কাসেল ও ১৯৭৮ সালে বিপি মন্ডল কমিশন গঠিত হয়। এই কমিশনের উদ্দেশ্য ছিল ভারতের সমাজব্যবস্থায় ৫২ পারসেন্ট অনুন্নত পশ্চাৎপদ জনজাতির জীবন-জীবিকার উন্নয়নের জন্য সমীক্ষা তথা সুপারিশ করা। রিপোর্ট প্রাপ্তির পর ভারতের বিভিন্ন রাজ্যের রাজ্য সরকার সেই সুপারিশগুলো কার্যকর করার জন্য ব্যবস্থা গ্রহণ করে। কিন্তু পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সেই ব্যাকওয়ার্ড ক্লাস কমিশনের সুপারিশ প্রথমে বিশেষ আমল দিতে চাইনি। অনেক টাল-বাহানা করে বেশ কিছু দিন কাটিয়ে দেন। শেষে চাপে পড়ে বেশ কিছুদিন পর সংবিধানের ১৫(৪), ১৬(৪) ও ২৯(২) ধারা অনুয়ায়ী পশ্চিমবঙ্গের অনগ্রসর পশ্চাৎপদ শ্রেণীর মানুষের উন্নতির জন্য কোনও ব্যবস্থা নেওয়ার প্রয়োজন আছে কিনা তা বিচার করার জন্য পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ১৯৮০ সালে একটি কমিশন গঠন করে। কমিশনের রিপোর্টে বলা হয় যে, "আমাদের মতে

পশ্চাৎপদ নির্ধারণের সবচেয়ে বড় মাপকাঠি হওয়া উচিত দারিদ্র ও জীবন-ধারণের নিম্নমান জাতি বর্ণ নয়। অথচ এই পশ্চিমবাংলায় জাতি বর্ণ হিসাবে তফসিলি জাতি, উপজাতি চিহ্নিতকরণের ব্যবস্থা চালু আছে। ১৫(৪) অনুচ্ছেদ অন্যান্য প্রাসঙ্গিক বিবেচ্য বিষয় বাদ দিয়ে জাতির ভিত্তিতে কোনও শ্রেণীর বিভাজন অসিদ্ধ। তবে কোনও জাতি যদি সামাজিকও শিক্ষার দিক থেকে সমগ্র অনুন্নত হয় তবে তাদের জাতি গত নাম ধরে অনুন্নত শ্রেণীভুক্ত করা যেতে পারে এবং তা ধারা ১৫(৪) অনুচ্ছেদের বিধান লঙ্ঘিত হবে না। মন্ডল কমিশনের রিপোর্ট অনুসারে পশ্চিমবঙ্গে ১৭৭টি জনজাতি অনুন্নত ও পশ্চাৎপদ। অথচ পশ্চিমবঙ্গ সরকার এখন পর্যন্ত মাত্র ৪৪টি শ্রেণীর নাগরিককে অন্যান্য অনগ্রসর শ্রেণী হিসাবে ঘোষণা জারি করেছেন। বাকি ১৩৩টি শ্রেণীর নাগরিক এইসব সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত। এই ১৩৩টি শ্রেণীর বঞ্চিতদের মধ্যে পশ্চিমবঙ্গে ১৫ থেকে ২০ লক্ষ চাঁই জনগোষ্ঠী বসবাস করেন। এদের মধ্যে চাঁই জনগোষ্ঠী অন্যতম। কারণ মন্ডল কমিশনের রিপোর্টে চাঁই জন গোষ্ঠীকে ভারতের সর্বাধিক অনগ্রসর পশ্চাৎপদ শ্রেণী হিসাবে চিহ্নিত করা হয়েছে। মন্ডল কমিশনের রিপোর্টে ডাবল স্টার দিয়ে ১৮ নম্বরে বরচেইন চেই, চেইন বলে চিহ্নিত করা হয়েছে। যেহেতু চাঁই শব্দটির ইংরাজি বানান chain ব্যবহার করা হয়। চাঁইরা বঞ্চিত শোষিত শ্রেণীর সর্বাধিক অনগ্রসর ও পশ্চাৎপদ আর্থিক ও সামাজিক ভাবে অনুন্নত হয়েও ভারতীয় সংবিধানের শিডিউল, কাস্টস, শিডিউল ট্রাইবস দের মতোন সংরক্ষিত সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত। সম্পূর্ণ এককভাবে বিশেষ অঞ্চলে গোষ্ঠীবদ্ধভাবে বাস করার দরুন এক সম্পূর্ণ আলাদা নিজস্ব ভাষায় সংলাপ করতে পারে। সেটাকে 'ঘোট্রাই' ভাষা বলে অনেকে মনে করেন। পশ্চিমবঙ্গে তাদের দাবিয়ে রাখা হয়েছে। আমি স্যার, সেই ভাষার একটা কথা আপনাদের শোনাচ্ছি। 'ত্যাঁই ক্যায়সান হ্যাকাস'-এর মানে হচ্ছে, তুমি কেমন আছো। ভারতীয় সভ্যতা ও সমাজে জাতিগত অবস্থানে চাঁইরা শোষিত ও বঞ্চিত শ্রেণী। Oppressed and depressed class community এদের শতকরা ৯৫ জন দারিদ্র সীমার নিচে বাস করে। এদের মধ্যে শিক্ষার হার শতকরা একজন। এরা কঠোর পরিশ্রমীজাত। এরা কায়িক শ্রম করে। বাঁহাক বহে অথবা মাথায় ঢাকী বহে জীবিকা অর্জন করে। পশ্চিমবঙ্গের গঙ্গা, পদ্মা ও ভৈরব নদীর অববাহিকা ও চর এলাকায় এদের গোষ্ঠীবদ্ধভাবে বাস করতে দেখা যায়। শাকসব্জি উৎপাদন করে স্থানীয় বাজারে মেয়ে পুরুষ একত্রে বসে বিক্রি করা এদের মূল পেশা। পশ্চিমবঙ্গের মালদহ ও মুর্শিদাবাদ জেলায় এদের বসবাস সবথেকে বেশি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মি মন্ডল, আপনি ওটা কি পড়ছেন? এইভাবে লেখা পড়ে বক্তৃতা করা যায় না, আপনি এমনি বলুন।

**শ্রী রামপ্রবেশ মন্ডল ঃ** ঠিক আছে স্যার, পশ্চিমবঙ্গের 'পশ্চিমবঙ্গ চাঁই সমাজ উন্নয়ন সমিতি' বলে একটি সমিতি আছে এবং এই সমিতির দীর্ঘদিনের দাবি, চাঁই সম্প্রদায়কে তফসিলি জাতিভুক্ত করার। এ নিয়ে তারা বহু সংগ্রাম আন্দোলন করেছেন। বিধানসভা নির্বাচনের সময় তারা মালদহ, মুর্শিদাবাদ জেলাতে ভোট বয়কটের ডাক দিয়েছিলেন এবং মুর্শিদাবাদ জেলাতে কয়েকটি বুথে বয়কটও বোধহয় করেন। কিন্তু এর কোনও কিনারা হয়নি। তারপর স্যার, সার্টিফিকেট দেবার ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের অনেক ত্রুটি-বিচ্যুতি রয়েছে। ৬ মাস ঘুরেও সার্টিফিকেট পাওয়া যায় না। এ দিকে দৃষ্টি দেবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের

কাছে দাবি জানাচ্ছি। এই বলে বাজেটের বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে আনা কাটমোশনগুলি সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

[5-00 — 5-10 P.M.]

**শ্রী কিরীটি বাগদি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রীমহাশয় আজ এই সভায় তার দপ্তরের যে ব্যয় বরাদ্দের দাবি জানিয়েছেন তা সমর্থন করে এবং বিরোধীদের আনা সমস্ত কাটমোশনের বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। স্যার, একথা ঠিকই যে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার এখানকার পিছিয়ে পড়া মানুষদের কল্যাণের জন্য অনেক কিছু করেছেন এবং আরও কিছু করার জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। ২০ বছর আগে এখানে এই সম্প্রদায়ের মানুষগুলি যে জায়গায় ছিল আজ তার থেকে তাদের অনেক উপরে তুলে আনা গিয়েছে বামফ্রন্ট সরকারের প্রচেষ্টায়। যেখানে রাস্তা ছিল না, পানীয় জলের কোনও বিশেষ ব্যবস্থা ছিল না, স্কুল ছিল না, বিভিন্ন জায়গায় সেগুলি করা হয়েছে এবং আরও করার জন্য পরিকল্পনা করা হয়েছে। এগুলি বেশি করে করার প্রয়োজন আছে কিন্তু এ ক্ষেত্রে প্রধান বাধা হল রাজ্য সরকারের সীমাবদ্ধ ক্ষমতা। এই সীমাবদ্ধ ক্ষমতা নিয়েই বামফ্রন্ট সরকার যতটা পেরেছে করেছে। এ ক্ষেত্রে আরও বেশি করার জন্য আমি আবেদন জানাচ্ছি। যেমন গ্রামীণ পঞ্চায়েত এলাকায় যেসব কাজ করা উচিত ছিল সেগুলি হয়ত করা যাচ্ছে না, সেখানে কিছু কিছু দলবাজি করা হচ্ছে। এর ফলে সাধারণ গরিব মানুষদের মধ্যে বিক্ষোভ দানা বেঁধে উঠছে। এই প্রসঙ্গে লোকদীপ প্রকল্পের কথায় আসছি। এই লোকদীপ প্রকল্পে কিছু অফিসার বা কর্মীর ত্রুটি বিচ্যুতির জন্য লোকদীপ প্রকল্পের কাজ ব্যহত হচ্ছে। আমরা জানি, আমরা পঞ্চায়েতে ছিলাম, আমরা সেখানে সিদ্ধান্ত গ্রহণ করি যে, বিভিন্ন গ্রামে ২০ মিটারের মধ্যে যেখানে পোস্ট আছে সেই সব এলাকার গরিব মানুষদের বিদ্যুৎ দেওয়া হবে। কিন্তু অফিসারদের ত্রুটি-বিচ্যুতির ফলে সেই কাজগুলি এখনও সম্পন্ন করা হয়নি। যার ফলে সাধারণ মানুষের মধ্যে ক্ষোভ বাড়ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটি কথা হচ্ছে, আগে ছাত্র-ছাত্রীদের ভরণ-পোষণ ভাতা বাবদ যে ৩ শত টাকা ধার্য ছিল সেটাকে বাড়িয়ে ৩৬০ টাকা করা হয়েছে। আর পিতা মাতার বার্ষিক আয়ে যেটা ৬ হাজার টাকা ছিল ১৯৯৫ সালে, সেটাকে বাড়িয়ে ১৮ হাজার টাকা করা হয়েছে। আমি মনে করি ৩৬০ টাকা যেটা করা হয়েছে সেটা ঠিক আছে, কিন্তু পিতা-মাতার আয় যেটা ৬ হাজার টাকা থেকে ১৮ হাজার টাকা করা হয়েছে, এতে নিচু স্তরের মানুষের অসুবিধা হবে। ১৮ হাজার টাকা আয় যেটা করা হয়েছে, এতে ৬ হাজার টাকা যাদের আয় তাদের ছেলে-মেয়েরা বঞ্চিত হবে। সেজন্য আমি মনে করি যে শ্লাব সিস্টেম করা উচিত। আর একটা কথা হচ্ছে, মাধ্যমিক স্তরে ছাত্রদের ভাতাদান প্রকল্প কেন্দ্রীয় সরকার কর্তৃক মঞ্জুরীকৃত। কিন্তু দুর্ভাগ্যবশত সপ্তম যোজনার শেষে কেন্দ্রের কংগ্রেস সরকার তা বাতিল করে দেয় এবং সেটাকে রাজ্যের হাতে তুলে দিয়েছে। কংগ্রেস তফসিলি জাতি, তফসিলি উপজাতিদের কল্যাণের কথা বলে চিৎকার, চেঁচামেচি করেন। কিন্তু তারা দেশের ধনীক শ্রেণীর সেবা করেন। তানাহলে আমাদের ছাত্রদের উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত করা হয়েছিল কেন? তফসিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ের লোক আগে কত জন অধ্যাপক, কতজন ইঞ্জিনিয়ার, কতজন বিজ্ঞানী হয়েছে তার একটা হিসাব করার প্রয়োজনীয়তা আছে।

এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শীতল সরদার :** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, তফসিলি জাতি, তফসিলি উপজাতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়, যে ব্যয় বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন, আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের তরফ থেকে যে কাট মোশন আনা হয়েছে তার সমর্থন করে কয়েকটি কথা এখানে বলছি। আমার কথাগুলি আপনারা দয়া করে শুনবেন। এখানে অনেক শিডিউল কাস্টের প্রতিনিধি আছেন এবং কম করে ৯০ শতাংশ সদস্য প্রতিনিধি আছেন বামফ্রন্ট সরকারের। কিন্তু যে বাজেট এখানে পেশ করা হয়েছে সেটা সম্পূর্ণ ভিত্তিহীন এবং শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবসদের এতে ফাঁকি দেওয়া হয়েছে বলে আমি মনে করি এবং ধাপ্পা দেওয়া হয়েছে। একথা কেন বললাম সেটা আমার বক্তব্য শুনলে আপনারা বুঝতে পারবেন। প্রথম কথা হচ্ছে, কাস্ট সার্টিফিকেট দেবার যে ব্যবস্থা করেছেন, আমি জানি যে দরখাস্ত করলেও ৪ বছরেও কোনও সার্টিফিকেট পাওয়া যায়নি, এটা আমি প্রমান করে দেব। দ্বিতীয় কথা হচ্ছে, আপনারা ছাত্রাবাস করেছেন। সাঁকরাইলে একটা তফসিলি অধ্যুষিত এলাকা সেখানে কোনও ছাত্রাবাস আছে কি? কোন কোন জায়গায় ছাত্রবাস আছে সেটা আমাদের জানাবেন। আমরা জানি বিভিন্ন জায়গায় যে ছাত্রাবাস আছে, সেখানে স্কুলের ছাত্ররা থাকেনা। সেখানে ছাত্রদের নাম করে বহু টাকা গায়েব করা হয়েছে। এই জিনিসগুলি বরদাস্ত করা যায় না। আপনি জানেন যে চাকুরির ক্ষেত্রে আমাদের কিভাবে অবহেলা করা হয়েছে, সেকথা বললে আপনি অবাক হয়ে যাবেন আপনারা জেনে রাখুন, তফসিলিদের জন্য যে ক্লাস আছে, সেই ক্লাসে একটা মাস্টারও থাকে না। দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, আমাকে কম সময় দেওয়া হল। মন্ত্রী মহাশয়ও উঠে যাচ্ছেন। আমাকে মাত্র পাঁচ মিনিট সময় দেওয়া হয়েছে, কিন্তু দুই মিনিটের মধ্যে লাল আলো জ্বালিয়ে দিয়েছেন যা হোক, শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবদের জন্য যে সার্টিফিকেট দেবার ব্যবস্থা করা হয়েছে সেক্ষেত্রে কিন্তু গাফিলতি রয়েছে এবং তারফলে তারা বঞ্চিত হচ্ছেন। মন্ত্রীর বাজেট বই-এর ৪নং পাতার শেষে ১৯৯০ সালের ২রা অক্টোবর শিডিউল্ড কাস্টদের লোন দেবার ব্যাপারে যে কথা বলা হয়েছে সেটা সম্পূর্ণ ভুল। তাই আমি এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনকে সমর্থন করে বক্তব্য শেষ করলাম।

[5-10 — 5-20 P.M.]

**শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস :** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের তফসিলি জাতি এবং আদিবাসী কল্যাণ দপ্তরের মন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি এবং আমাদের কংগ্রেস দলের পক্ষ থেকে যে সংশোধনীগুলি আনা হয়েছে তাকে সমর্থনক করছি। আমি বলতে চাই, অপদার্থ বামফ্রন্ট সরকারের অপদার্থ বিভাগীয় মন্ত্রী এখানে যে দাবি পেশ করেছেন সেটা পেশ করবার আগে তিনি সেটা দেখেছিলেন কিনা আমার বোধগম্য হচ্ছে না। দেখা যাচ্ছে, মাননীয় অর্থমন্ত্রী ৪১ নম্বর ডিমান্ড যা পেশ করেছিলেন তার ৩৫টি মেজর হেডে ধরা হয়েছিল ১৮৯, ৬০, ২,৭০০ টাকা, কিন্তু বিভাগীয় মন্ত্রী এই হাউসে যে বাজেট পেশ করলেন তার পরিমাণ হচ্ছে ১৯০, ৮০, ২৭,০০০ টাকা। এই যে ১২০,০০০ টাকার অসঙ্গতি, এটা তিনি কোথা থেকে মিট করবেন সেটা বুঝা যাচ্ছে

না। এইভাবে তিনি এই সভাকে ইচ্ছাকৃতভাবে বিভ্রান্ত করেছেন। আমি এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি এবং নিন্দা করছি।

আমার দ্বিতীয় বক্তব্য হল, বিভাগীয় মন্ত্রী ১৯৯৪-৯৫, ১৯৯৫-৯৬ এবং ১৯৯৬-৯৭ এই তিন তিনটি আর্থিক বছরে তিনটি বাজেট বিবৃতি সভায় পেশ করেছেন। আমি তার ৫ পাতায় একটি প্যারাগ্রাফ খুব গুরুত্ব দিয়ে দেখেছি। সেখানে উনি বলেছেন—দারিদ্র সীমার দ্বিগুণ আয়ের মধ্যে সীমাবদ্ধ তফসিলি জাতি এবং তফসিলি উপজাতি মানুষদের জন্য জাতীয় তফসিলি এবং আদিবাসী উপজাতি উন্নয়ন এবং অর্থ নিগমের সহায়তায় পশ্চিমবঙ্গের তফসিলি এবং আদিবাসী উন্নয়ন ও অর্থ নিগম ইতিমধ্যেই এরাজ্যে বেশ কিছু কর্মসূচি এবং প্রকল্পে পোষণ মূলধন বিনিয়োগ হবে। উনি ১৯৯৪ সালে বলেছেন যে, নদীয়া জেলার ৫০০ টি ইউনিটে এবং কুচবিহার জেলার ৫১২টি ইউনিটে তফসিলি জাতি এবং তফসিলি উপজাতির ভূমিহীন কৃষকদের জমি কেনার খরচ এবং বলদ, যন্ত্রপাতি এবং অন্যান্য আকস্মিক খরচার ব্যবস্থা করার জন্য দুটি প্রকল্প মঞ্জুর করা হয়েছে। দুটি প্রকল্পই রূপায়ণ করা হচ্ছে। নদীয়া এবং কুচবিহারে জমি ক্রয় প্রকল্পগুলির জন্য যথাক্রমে ১.৭৫ কোটি টাকা এবং ১.৭৯ কোটি টাকা ব্যয় হবে। ১৯৯৬ সালেও ১৯৯৫ সালের মতো একই কথা বলেছেন। এর মধ্যে কোন বক্তব্যটা সঠিক সেটা আশা করি মন্ত্রী আমাদের জানাবেন। এইভাবে সভাকে আপনি বিভ্রান্ত করবেন না।

আমার পরবর্তী বক্তব্য, উনি বলেছেন এবং কয়েকজন মাননীয় সদস্যও বলেছেন যে, এই রাজ্যে কংগ্রেস সরকার যখন ছিল তখন তারা তফসিলি এবং আদিবাসীদের জন্য চাকুরিতে সংরক্ষণের দিকে তারা গুরুত্ব দেননি। কিন্তু আমি দায়িত্ব নিয়ে বলতে পারি, ১৯৭৬ সালে তদানিন্তন কংগ্রেস দলের মুখ্যমন্ত্রী শ্রী সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবদের জন্য চাকরিতে সংরক্ষণের ব্যাপারটা প্রথম পাশ করা হয়। ১৯৭৬ সালের সেই সময় এই আইন পাশ করা হয়। কিন্তু দুঃখের বিষয় পরবর্তী সময় আমরা দেখতে পাচ্ছি উনি বলেছেন সমস্ত জনসংখ্যার মধ্যে ২৩.৬২ শতাংশ তফসিলি জাতি এবং ৫.৫৯ শতাংশ তফসিলি উপজাতির মানুষ এই পশ্চিমবাংলায় বাস করে একেবারে করনিক থেকে শুরু করে উচ্চ পদস্থ অধিকারিক পর্যন্ত কত শতাংশ এই সম্প্রদায়ের মানুষ কাজ করে সেটা উনি উল্লেখ করেন নি। সব চেয়ে বড় কথা সবজেক্ট কমিটির একটা রিপোর্ট পড়লাম, তাতে দেখলাম প্রোমোশনের ক্ষেত্রে বলা হয়েছে প্রোমোশনের ক্ষেত্রে এস ই আর এর গুরুত্ব বেশি। কিন্তু আমরা দেখি যে যারা এই সমস্ত এস ই আর দিয়ে থাকেন তারা সমস্ত উচ্চ বর্ণের মানুষ তারা এই এস সি অ্যান্ড এস টি দের এস ই আর দেওয়ার সময় 'পুয়োর' এই কথাটা লিখে থাকেন, গুড, ভেরি গুড এই কথাটা লিখতে পারেন না। লেখেনও না। শুধু মাত্র এই রকম সব দেখিয়ে আমরা দেখতে পাচ্ছি তাদের চাকুরির ক্ষেত্রে প্রেমোশনের ক্ষেত্রে বঞ্চিত করা হচ্ছে। তারপর আপনি ওবিসি-র কথা বলেছেন, আদার ব্যাকওয়ার্ড ক্লাসের ৪৪টি সম্প্রদায়কে অন্তর্ভুক্ত করা হয়েছে। এই একটা কথা বলে তিনি তাঁর দায়িত্ব খালাস করে দিয়েছেন এবং বলেছেন তাদের জন্য ৫ পারসেন্ট ব্যবস্থা করা হয়েছে। আমার সাজেশন আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে যে ওবিসি সম্প্রদায়ের যে সমস্ত ছাত্র-ছাত্রী আছেন তাদের বৃত্তি দেওয়ার ব্যবস্থা করা হোক। স্কুল কলেজে চাকুরির ক্ষেত্রে এস সি অ্যান্ড এস

টিদের জন্য যেমন স্টাইফেন, দেওয়ার ব্যবস্থা আছে সেই রকম ওবিসিদের জন্য বৃত্তি দেওয়ার ব্যবস্থা করা হোক। আপনি এই ব্যাপারে জবাব দেবেন কি করবেন। আজকে সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে উনি হয়ত বলবেন কেন্দ্রের বিগত সরকারের সমাজ কল্যাণ মন্ত্রীর সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রীর পত্রালাপ হয়েছে, তাদের সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে অনেক বাধা আছে। যারা পূর্ব পাকিস্তানে ছিল, অধুনা বাংলাদেশে ছিল তাদের সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে অসুবিধা দেখা দিয়েছি। আমরা তাদের ভোটের তালিকায় নাম তুলেছি, এই সরকার তাদের রেশন কার্ড দিয়েছেন, তাদের ভোটে নির্বাচিত হয়ে আপনারা আমরা এখানে এসেছি, তাদের সার্টিফিকেট দেওয়ার ক্ষেত্রে আইনের নানা বেড়াজাল এবং জটিলতা দেখিয়ে বঞ্চিত করা হচ্ছে। শিডিউল্ড কাস্ট সার্টিফিকেট তুলতে গিয়ে দিনের পর দিন বেকার যুবকরা এস ডিও অফিস থেকে ফিরে আসছে। তারা এম এল এ-র সই নিয়ে যাচ্ছে, তারপর সভাপতির সই নিয়ে যাচ্ছে, তারপর প্রধানের সই নিয়ে যাচ্ছে, তারপর বি ডিও-র এনকোয়ারি রিপোর্ট নিয়ে যাচ্ছে তথাপিও এস ডিও অফিস থেকে ঘুরে চলে আসছে। সার্টিফিকেট পাচ্ছে না। যে সমস্ত জায়গায় তফসিলি জাতি এবং আদিবাসী সংখ্যা বেশি সেখানে তারা ঝগড়া করে চিৎকার করে কোনও রকমে সার্টিফিকেট পেয়ে যাচ্ছে কিন্তু যেখানে তারা সংখ্যায় কম সেখানে তারা সার্টিফিকেট পাচ্ছে না, সার্টিফিকেট থেকে তাদের বঞ্চিত করা হচ্ছে। ওবিসিদের সার্টিফিকেট দেওয়ার ব্যাপারটা না বলাই ভালো. তারা সার্টিফিকেট পাচ্ছে না। তারা এম এল এ-র সই করে নিয়ে যাচ্ছে অফিসার বলছে এই ভাবে হবে না। সেখানে নানা প্রশ্ন তোলা হচ্ছে। আমার সাজেশন তাদের ১ বছরের মধ্যে সার্টিফিকেট দিয়ে দেওয়া হোক। সরকারি অফিসারদের এই ব্যাপারে একটা অনিচ্ছা থেকে যাচ্ছে। এই অবস্থা দূর করার ক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয় কি সমাধান হবে উল্লেখ করেন নি। আমি আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় তার জবাব দেওয়ার সময় বলবেন কি করে আরও সহজ এবং সরল পদ্ধতি গ্রহণ করে সার্টিফিকেট দেওয়া যায় যাতে আদার ব্যাকওয়ার্ড ক্লাসের সাধারণ ছেলে-মেয়েরা যুবক যুবতীরা তাদের ন্যায্য অধিকার থেকে বঞ্চিত না হয়। কি করে আরও সহজ সরল পদ্ধতি করে আরও কম সময়ের মধ্যে, বসে, রেলের ভাড়া ব্যয় করে দিনের পর দিন যাতে আর অফিসারের কাছে ঘুরতে না হয় এই সার্টিফিকেট পাওয়ার জন্য। সম্ভবতঃ সাবজেট কমিটির একটা রিপোর্টে পড়েছিলাম যে মাননীয় মুখ্যমন্ত্রীর নেতৃত্বে একটা স্টাডিং কমিটি আছে যে কমিটির মূল কাজ হচ্ছে তফসিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ের মানুষরা যাতে চাকুরি বা অন্যান্য সুযোগ সুবিধার ক্ষেত্রে বঞ্চিত না হয় এই কমিটি সেটা লক্ষ্য করবে। কিন্তু আমরা দেখতে পেলাম, আজ পর্যন্ত তফসিলি জাতি, আদিবাসী এবং ওবিসি সম্প্রদায়ের মানুষকে বঞ্চিত করার জন্য একটি ক্ষেত্রে এই সরকার শাস্তির ব্যবস্থা করেন নি। এটা কিন্তু মাননীয় মন্ত্রী তার জবাবি ভাষণে বললেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের আগের পরপর তিনটি ভাষণ পড়েছি, তাতে কোথাও ত্রুটি দেখিনি। মাননীয় মন্ত্রী মহাশয় জবাব দেবার সময়ে, আশা করি, উল্লেখ করবেন যে, কোন কোন ক্ষেত্রে তফসিলি জাতি এবং উপজাতিদের চাকুরির ক্ষেত্রে বঞ্চনা করার ক্ষেত্রে, বিশেষ করে তাদের প্রোমোশনের ক্ষেত্রে বঞ্চনা করার জন্য কি ব্যবস্থা নিয়েছেন এবং আগামীদিনেও বা কি করবেন? এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে আনা কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-20 — 5-30 P.M.]

**ডঃ রামচন্দ্র মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অনারেবল মিনিস্টার ইন চার্জ ফর শিডিউল্ড কাস্ট অ্যান্ড শিডিউল্ড ট্রাইবস অ্যান্ড ওবিসি ওয়েলফেয়ার যে বাজেট এনেছেন, তার প্রতি সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শুরু করছি। বক্তব্যের প্রথমে উনি চারটি দফা এডুকেশন্যাল, ইকনোমিক, সোসিও কালচার অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ইন স্পেশাল এরিয়াস, এই যে চার দফা ফোরফ্রন্টে রেখে উন্নতিমূলক কাজ করবার জন্য প্রয়াসী হয়েছেন, আমি তারজন্য ভূয়সী প্রশংসা করছি। শিক্ষার জন্য ১৯৯৪-৯৫ সালে যে ২৪ কোটি টাকা বরাদ্দ হয়েছিল, সেটি ২৬ কোটি টাকা হয়েছিল, সেটি বর্তমানে ২৮.৬ কোটি টাকা বরাদ্দ করেছেন। অসীমবাবু যখন বরাদ্দ রেখেছিলেন তখন আমি এরজন্য ৩০ কোটি টাকা করার অনুরোধ করেছিলাম। টেকনিক্যাল এডুকেশনের জন্য ১০ কোটি টাকা ছিল, সেটি ১৪.২ কোটি টাকায় নিয়ে এসেছেন। এছাড়া সাংস্কৃতিক দিকে ১২ লক্ষ থেকে ১২.২ লক্ষ টাকা মঞ্জুর করেছেন। এর পরেও অর্থনৈতিক দিক থেকে গ্রামীণ প্রকল্পে বিনিয়োগের জন্য ৪০ কোটি টাকা থেকে বৃদ্ধি করে ৬৯ কোটি টাকা বরাদ্দ করেছেন। এইভাবে যে অর্থ বরাদ্দ করেছেন, এতে তফসিলি জাতি এবং উপজাতিদের যে কল্যাণসাধন হবে এটা আমি মনে করি। এছাড়া আদিবাসীদের কল্যাণের জন্য বহুমুখী প্রকল্প 'ল্যাম্প' করেছেন, সেটি খুব গুরুত্বপূর্ণ বলে আমার মনে হয়। এটি খুবই উন্নতিমূলক কাজ। এ সম্পর্কে আমি একটু বলতে চাই। আমার এলাকায় খেজুরি থানা এলাকায় যারা থাকে, সেখানে দুতিনটি জায়গায় তফসিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ের ৭০ ভাগের বেশি মানুষ থাকে। সেখানে আজ পর্যন্ত একটি কলেজ হল না। সেখানে কোন গ্রামে বিদ্যুৎ পৌছায় নি। ইনফ্রাস্ট্রাকচার সেখানে যেটা করেছেন, তাতে আমরা লক্ষ্য করছি, লোকগুলোকে আপনি নিযুক্ত করুন। যেমন ওখানে শিডিউল্ড কাস্টস ইনসপেক্টর একজন নিযুক্ত হয়েছিলেন। আজকে এক বছর হল তিনি চলে এসেছেন। তারপরে সেখানে আর কাউকে নিযুক্ত করা হয়নি। এইদিকে লক্ষ্য করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। তফসিলি জাতি এবং তফসিলি উপজাতি ছাত্রছাত্রীরা বা কর্মীরা যাতে তাদের সুযোগ সুবিধাগুলি ঠিকমতো পেতে পারে। তারজন্য একটা ইনফর্মেশন সেন্টার গড়ে তোলা হোক জেলাস্তর পর্যন্ত। অনগ্রসর শ্রেণীর লোকেরা যে অর্থ উপার্জন করছে তার বেশির ভাগ তারা অপচয় করছে। সেজন্য সোসিও-ইকনোমিক কন্ডিশন ভেঙে পড়ছে। সেজন্য নৈতিক শিক্ষার ব্যবস্থা গ্রহণের সঙ্গে সঙ্গে ঐ মানসিকতাকে নিষ্ক্রিয় করার জন্য আবগারি প্রশাসনে বিভাগের উপরে যে দায়িত্ব আছে, মাঝে মাঝে রেড করে সেইসবগুলো ভেঙে দেবার ব্যবস্থা করুন, যাতে মদের ঘাঁটিগুলো নিষ্ক্রিয় হয়ে যায়। তৃতীয়ত আমি বলছি সমুদ্র তীরবর্তী মৎসজীবিদের জন্য 'সমবায়' প্রথার মাধ্যমে উপার্জন ক্ষমতা বৃদ্ধির ব্যবস্থা করা হোক। চতুর্থত তফসিলি জাতির ছাত্র-ছাত্রীদের স্বার্থরক্ষার জন্যও তাদের ন্যায্য দাবি পাচ্ছে কিনা সেদিকে দৃষ্টির জন্যে একটা মাইনরিটি সেল করা হোক। এছাড়া রিভিউ কমিটি যেন থাকে, তারা দেখবে এই কাজ ঠিকমতো চলছে কিনা। এছাড়া আদিবাসীদের জন্য 'ল্যাম্পস' এলাকায় অ্যাগ্রো বেসড ট্রেনিং প্রোগ্রাম চালু করার আবেদন আমি জানাচ্ছি। এস সি এবং এস টি ক্যান্ডিডেটদের প্যানেলটা ঠিকভাবে কাজ করছে কিনা এবং শিক্ষাখাতে রেট অফ অল গ্রান্টস এবং রিজার্ভেশন পলিসিটি স্কুল অথরিটি ঠিকমতো

মেনে চলছে কিনা। এই বিষয়টা দেখা দরকার ফর অল রাউন্ড ডেভেলপমেন্ট, ইনফ্রাস্ট্রাকচার সেট আপের জন্য হাই স্কুল, প্রাইমারি হেলথ সেন্টার ইত্যাদি স্থাপনের প্রয়োজন। এছাড়া কম্পোনেন্ট প্ল্যানের ব্যাপার ১৯৮০ সালে শ্রীমতী ইন্দিরা গান্ধী জ্যোতি বাবুকে একটা চিঠি লিখেছিলেন, ওই গ্রান্টটা যাতে বাস্তবায়িত হয় সেই আবেদন আমি রাখছি। এইকথা বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বক্তব্য শুরুর আগে মাননীয় বিরোধী দলের সদস্য যে পয়েন্ট অফ অর্ডার করেছেন সেটা ধরেই আমি বলছি যে, আমাদের বইয়ে ছাপার একটা ভুল হয়েছে। যেখানে ১৯০ কোটি ৮০ লক্ষ ২৭ হাজার যেটা লেখা হয়েছে সেটা প্রিন্টিং মিসটেক হয়েছে। আসলে ১৮৯ কোটি ৬০ লক্ষ ২৭ হাজার টাকা যেটা অসীম বাবু ফিগার মুভ করেছিলেন সেটাই ঠিক। আসলে হিসাব নিকাশের গন্ডগোল হওয়াতে ভুল হয়ে গেছে, এরজন্য আমি প্রথমেই সভার কাছে ক্ষমা চেয়ে নিচ্ছি। এবার মূল যে বক্তব্য আছে সেই বিষয়ে আমি দুএকটি কথা বলব। তারপরে সাধারণভাবে যা বলার বলব। তবে সমস্ত বক্তব্যই দুটি জায়গায় কেন্দ্রীভুত হয়েছে। একটা হচ্ছে এসুরেন্স অফ সার্টিফিকেটস আরেকটা হচ্ছে ও বি সি দের ডিক্লারেশন বা আইডেনটিফিকেশন এখানে নানা জাতটাতের ব্যাপার আছে সুতরাং দুটি ব্যাপারই প্রধান্য পেয়েছে। তাছাড়া উন্নয়নমূলক কিছু কিছু বিষয় আছে। এই ব্যাপারে তথ্য ঠিকমতো নেওয়ার ব্যাপারে আজকে একটা বই আমরা বিলি করেছি সমাজের পশ্চাৎপদ অংশকে মূল স্রোতে সামিল করার জন্য 'বামফ্রন্ট সরকারের প্রচেষ্টা' এই বইতে অনেক তথ্য সঠিকভাবে দেওয়া আছে, তথ্যগুলো মাননীয় সদস্যরা দেখে নেবেন। আমি এসুরেন্স অফ সার্টিফিকেট সম্পর্কে প্রথমে বলছি। আপনাদের দলের কেউ কেউ অভিযোগ করেছেন বিশেষ করে নতুন সদস্যরা অভিযোগ করেছেন যে ৫০ বছরের রেকর্ড কেন এইক্ষেত্রে দেখা হচ্ছে? আমি তাদের অনুরোধ করব যে, আপনাদের দলেরই আজকে তারা অনেকেই বিধানসভাতে নেই, এতে মানস ভুঁইয়া মহাশয়ও ছিলেন, আমরা একসঙ্গে ডেপুটেশনে গেছিলাম। এসুরেন্স অফ সার্টিফিকেট নিয়ে আমাদের পশ্চিমবঙ্গ সরকার এবং কেন্দ্রীয় সরকারের মধ্যে চিঠি চাপাটি চলে ইনক্লুডিং টু সি এমস লেটার টু পি এম, আমি সেটা হাউসে বিলিও করেছি। তাতে একটা অদ্ভুত অবস্থার মধ্যে পড়তে হবে তাই আমরা ঠিক করলাম সংবিধান সংশোধন করতে হবে। এটা রাজ্যের পক্ষে সম্ভব নয় রাষ্ট্রপতির আদেশ বলে এস সি এবং এস টি ঘোষিত হয়েছে, সেখানে ১৯৫০ সালের আদেশবলে ওই তফসিলি শ্রেণী তারা যেখানে ছিল সেখানকারই এস সি এবং এস টি হয়েছে। তার পরবর্তী সময়ে তারা স্টেটে ট্রান্সফার হয়ে গেলেও নতুন করে তারা আর সেই স্টেটের এস সি এবং এসটি হবে, এটা একাধিক কোর্টের রায়। এই কথাটা একাধিক কোর্টের রায়ে আছে এবং রাষ্ট্রপতির একটা নির্দেশ এই অর্ডারে এটাকে আমাদের এখানে ঢুকিয়েছি। ব্যারাকপুর বেল্ট বা বেঙ্গল, বিহার, ইউ পি থেকে নানান লোক আসে তাদেরকে অ্যাডভানটেজ আমরা দিতে পারি না তারা, যারা ৫০এর পরে এসেছেন, তাদেরকে যদি আমাদের অফিসাররা ধরে ফেলেন হি উইল নট বি রেকগনাইজড অ্যাজ শিডিউল্ট কাস্ট, এটা আমার কথা নয়, কোর্টের কথা। এটাকে ওরা প্রয়োজনমতো সংশোধন করার জন্য আমরা দিল্লিকে অনেকবার বারেবারে বলেছি। এবং আপনাদেরও দু চারজন মাননীয় সদস্য আমার মনে আছে মানস

ভুঁইয়া ছিলেন, উই শেয়ার দি ডিফিকালটিজ অল অফ আস বোথ দি অপোজিশন অ্যান্ড রুলিং সাইড, এটা নিয়ে গিয়েছিলেন, জানি না কি হয় না হয়, তখন সংবিধান সংশোধনের কথা উঠেছিল, নানান কথা উঠেছিল। এখন নতুন করে দেখতে হবে কি হবে জানিনা। কাজেই ৫০ সনের যদি কেউ খোঁজাখুঁজি করেন তোমার বাবা মা বা ঠার্কুমা কোথায় ছিল, এটা যদি খুঁজতে বলেন দ্যাট ইজ এনটায়ারলি বাই দি অর্ডার অফ দি কোর্ট। এটা আমি মিনিস্টার হিসাবে নিষেধ করতে পারি না। এটা করা যাবে না। এটা কোর্টের ব্যাপার এটা খুঁজে বের করার ব্যাপার, এটা বিড়ম্বনা হবে। কিছু কিছু অসুবিধা হবে। তবে ইনসপাইট অফ দ্যাট সার্টিফিকেট ইস্যু হচ্ছে। খোঁজাখুঁজি করছে। ওবিসি নিয়ে একজন বললেন, কোনও অসুবিধা হচ্ছে? আমরা সার্টিফিকেটকে দুই রকমভাবে ভাগ করি, একটা হচ্ছে রিনিউয়াল আর একটা হচ্ছে ফ্যামিলির ফ্রেস সার্টিফিকেট। ফ্রেস এর ব্যাপার এত সহজে পাওয়া যাবে না। আবার যদি কেউ ফ্রেস সার্টিফিকেট চায়, আমরা এখন অনেকেই লার্নেড হয়ে গেছি, কাগজে কোনও জাতির নাম থাকে না, সেইজন্য ফ্রেস কেস এর অফিসারদের অসুবিধা হয়। তবে অফিসাররা ২২ হাজার সার্টিফিকেট ইস্যু করেছেন, ক্যালকাটায় কত করেছে, আমরা এখুনি বলতে পারব না। ওবিসি একজন চাকরি পায় নাই, এই অভিযোগ এখানে একজন মাননীয় সদস্য করেছেন, এই ফিগার আমি এখানে জানিনি তবে, জলপাইগুড়িতে এবং কুচবিহারের ওবিসি তারা চাকরি পেয়েছে, ওবিসি সার্টিফিকেট তারা পেয়েছে, গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গলে চাকরি পেয়েছে। তবে যদি কেউ প্রশ্ন করেন গোটা রাজ্য থেকে কত পেয়েছে, সেটার তাহলে উত্তরটা আলাদাভাবে দেওয়া যাবে। ওবি সি নিয়ে যে প্রশ্ন আছে, এটা ঠিক নয়। আমাদের সুপ্রীম কোর্ট বলেছেন, মন্ডল কমিশন ইপসো ফ্যাকটো, তবে এটা বলেনি কোথাও, বলেছে প্রত্যেকটি রাজ্য তাদের নিজস্ব কমিশন করে একেবারে ফাইন্ডিংস করে করবে। আমরা পশ্চিমবঙ্গ সরকার, আমরা ৭৭ সনে এসেছি, ৩০ বছর আপনারাও ছিলেন, মাদ্রাজ অন্যত্র শুনেছি ৫০ সনে, ৬০ সনে তারা করেছে, আমরা এখানে উত্তরাধিকার সূত্রে করিনি, তখন ওবিসি আমরা পাইনি। যেহেতু সুপ্রীম কোর্ট বলেছিল আপনারা নিজেদের মতো করে কমিশন করুন, এই কমিশনের ব্যাপারে গাইড লাইন হিসাবে তারা কালাকার কমিশন, মন্ডল কমিশন বলেছেন দেখতে পারে ঠিকই, কিন্তু তারা ইন্ডিপেনডেন্টলি কাজ করতে পারে। সুপ্রীম কোর্টের গাইড লাইন মেনে তারা সেই অনুযায়ী কাজ করছেন। এই পর্যন্ত ৪৪টি কমিউনিটি সেন কমিশন তারা ডিক্লেয়ার করেছে। ৪৪টি কমিউনিটির যে জনসংখ্যা দাঁড়াচ্ছে, আমাদের এখানে যে মেকানিজিম আছে অর্থাৎ ইন্ডিয়ান স্ট্যাটিসটিক্যাল ইনস্টিটিউট আমাদের

[5-30 — 5-40 P.M.]

জনসংখ্যার যে অ্যাকসেপ্টেড পদ্ধতি তারা যেভাবে ঠিক করে তাতে দাঁড়ায় ৭১ লক্ষ ৭৩ হাজার ৭৪৪ জন। দ্যাট কন্সটিটিউটেড ১০.৫ শতাংশ অফ দি টোটাল পুপলেশন। এখানে আপনাদের ঐদিকে থেকে মাননীয় সদস্য শান্তিরাম মাহাতো এই কথাটা বলছিলেন মোট আমাদের জনসংখ্যার হিসাবে নাম্বার অফ ওবিসি অর্ধেক। আমাদের এখানে দেখছি স্ট্যাটিসটিক্স ১০.৫ শতাংশ, ইট মে বি ২০ পারসেন্ট, ইট মে বি ৩০ পারসেন্ট, আই ডোন্ট নো, হতে পারে এখানে, তবে বলতে পারছি না। এখনও ১৮/২০টি জাতির ইন্টারভিউ হচ্ছে, এখানে ১০.৫ শতাংশ ওবিসি, ৫ শতাংশকে আমরা ঘোষণা করেছি। ওদিকে ওরাও ঘোষণা করবে,

আমরাও আস্তে আস্তে এগুবো, যেহেতু ২৮ শতাংশ এস সি, এস টি ঘোষণা করেছে, তাই ২২ শতাংশের বেশি আমরা যেতে পারব না। আমরা ২ পারসেন্ট হায়েস্ট যেতে পারি। টেন পারসেন্ট আছে বলে ফাইভ পারসেন্ট করেছি। আমরা স্টাডি করছি, এটা আরও বাড়বে, দেখা যাবে এক সময় হয়ত ৪০ পারসেন্ট লোক ওবিসি হবে। যে পারসেন্ট মেম্বার হবে তার হাফ পারসেন্ট আমরা রাখছি। এই হচ্ছে অবস্থাটা এই বিষয়ে বিভ্রান্তির কোনও সুযোগ থাকবে না। এটা একটা চেঞ্জিং প্রসেস, কি চূড়ান্ত হয় তার জন্য আমরা ওয়েট করছি। মাননীয় সদস্য অসিত মাল জানতে চেয়েছেন মেইনটেনেন্স চার্জ ইনসাফিসিয়েন্ট কেন। ইট ইজ এন ইন্টেনসিভ অ্যালাউন্স। ২৫০ টাকা থেকে ৩০০ টাকা দিচ্ছি। ছয় হাজার টাকা হচ্ছে ইয়ারলি। যারা বাড়ি থেকে আসবেন তাদেরটা আমরা ফ্যামিলির সঙ্গে এড করছি। আর যারা আলাদা জায়গা থাকছে, হোস্টেলে থাকতে হচ্ছে তাদের ৩০০ টাকা করে দিচ্ছি। এই জিনিসটা কেবলমাত্র বেঙ্গলেই চালু আছে, আর কোথাও নেই। এবং এটা আগে আমাদের এখানে ছিল না। ভারতবর্ষের আর অন্যকোনও রাজ্যে এটা দেয়না। তবে আমাদের ফান্ডের টানাটানি বলে আমরা খুব একটা এগোতে পারছি না। তবে সংখ্যাটা এগিয়ে যাচ্ছে, আগে ৫০ হাজার দিয়ে আরম্ভ করেছিলাম, এখন এক লক্ষ হয়ে গেছে। আমাদের বিশ্বাস আরও বেশি সংখ্যক ছেলে-মেয়ে স্কুলে আসবে। আমরা মনে করি একজনকে বেশি দেওয়ার চেয়ে, দুজনকে সেটা আলাদা আলাদা করে দেওয়া ভালো। বামফ্রন্ট সরকায়ের আমলে শিক্ষা, যে বইটা দেওয়া হয়েছে তার মধ্যে সংখ্যাতত্ব দেওয়া আছে। স্কুলে ভর্তির ব্যাপারটা ১৬০০ পারসেন্ট হয়েছে। সব তথ্য সেখানে লেখা আছে, মাননীয় সদস্যর অবগতির জন্য সেটা দেখে নেবেন। শিক্ষা বিভাগ থেকে স্কুল করে, সমস্ত কিছু করে, কিন্তু ঐ অ্যাসিস্ট সাপ্লিমেন্টারির কাজটা এই বিভাগ করে। তাহলে এইভাবে আমরা আশ্রম হোস্টেল করেছি। আপনারা বললেন কেন্দ্রীয় ছাত্রাবাসের কথা। আপনাদের জানা আছে এখন কলকাতায় সিদু-কানহু ডহরে একটা কেন্দ্রীয় ছাত্রাবাস আছে। বৌবাজার স্ট্রিটে একটা কেন্দ্রীয় ছাত্রাবাস আছে। আর্মহার্স্ট স্ট্রিটেও একটা আছে। সেটার নাম সেন্ট ডেভিড। আর একটা রানি রাসমণি এটা কলকাতায় সেন্ট্রাল হোস্টেল ফর এস সি এস টি। মফস্বলে মেদিনীপুরে আছে, কুচবিহারের আছে, ধূপগুড়িতে আছে, আলিপুরদুয়ারে আছে। এখন আরও কয়েকটা মঞ্জুর হয়েছে নানা জায়গায় হাওড়ায় একটা, নদীয়ায় চারটি, মুর্শিদাবাদে দুটো। হুগলিতে দুটো। এইভাবে কেন্দ্রীয় ছাত্রাবাস ৭০টা অনুমোদিত। তারমধ্যে ১৪টা ফাংশন করছে। চারটি কলকাতায় আছে। ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টারে একটা করে আছে। আমি সংখ্যাতত্ত্বের মধ্যে যাব না। রিজার্ভেশন সম্পর্কে

[5-40 — 5-50 P.M.]

সুদীপবাবু একটু জানতে চেয়েছেন। এখন এই বিষয়ে এই বইটার মধ্যে আমরা ফিগার দিয়েছি। আপনারা সেটা দেখে নেবেন। এই বইয়ের মধ্যে সেটা বলা আছে। ১৯৭৭ সালে আমরা যখন এলাম তখন ক শ্রেণীভুক্ত অফিসার ১১৪ এই স্টেটে। ১৯৯৪ সালে সেটা বেড়েছে। ৯১৮। মানে ৮ গুণ বেড়েছে। এইভাবে বি শ্রেণীভুক্ত অফিসার তখন ছিল ৭৫০ জন। এখন সেটার ৯৪-৯৫ সালের ফিগার আমি পেয়েছি ৪০৬৯জন। এটা কতগুণ বেড়েছে হিসাব করে নিতে হবে। এইভাবে দেখা যাচ্ছে এই যে ফিগারগুলো বলবেন যেটা কোনও বার বাইশের উপর দিয়ে চলে গেছে। কোনওবার বাইশের নিচে এসেছে। এটা ঠিক যে,

আমাদের স্ট্রিকট ভিজিলেন্সের ফলে রিজার্ভেশন কমিটি একটা হয়েছে, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটদের রিজার্ভেশন ডিস্ট্রিক্ট কমিশনার করে দেওয়া হয়েছে, যদি সেখানে এটা লঙ্ঘিত হয়, তাহলে হি উইল বি রেসপনসেবল। এই সমস্ত করা হয়েছে, যার ফলে স্কুলের বেলায় একটা ঝামেলা হচ্ছে ঠিকই, কিন্তু গভর্নমেন্ট অফিসগুলি এখনও নিজেরা কখনও অমান্য করে না। যারফলে কোনও বছর বাইশের উপর, কোনবছর বাইশের নিচে চলে আসছে। অনেক সময় হয় কি, যে, আগের বছর প্রসেস শুরু হয়েছে, পরে রিক্রুটমেন্ট হয়ে গেল, বছর শেষের পরে নতুন বছরে নতুন রিক্রুটমেন্ট হল। সেজন্য ওই ফিগার পরের বছরে যোগ হয়। সেই বছর ২৭ পারসেন্ট হয়ে যেতে পারে। এই রকম হয়। কিন্তু মোটামুটি সুদীপবাবু যে ফিগার সন্তুষ্ট হবেন, আমিও সন্তুষ্ট হব। আমাদের যে ২২ পারসেন্ট থাকার কথা, এপাশ ওপাশ ঘোরাঘুরি করছে ফিগারটা। কাজেই আন্ডার রিক্রুটমেন্ট হচ্ছে না। আগে তো স্কুলে কলেজে ছিল না। এখন টু থ্রি থেকে চালু করা হচ্ছে। সুতরাং একটু সময় লাগছে আমাদের ৭৭ সালে আমরা যখন এসেছিলাম, তখন টোটাল অ্যাজ ও হোল যা পেয়েছিলাম, তাতে এস সির রিপ্রেজেনটেশন ছিল ৬ পারসেন্ট। এ বি সি ডি সব মিলিয়ে ৬ পারসেন্ট। এটা আমাদের ২২ পারসেন্ট হয়েছে একটা অপটিমাম ফিগার। কিন্তু বাইশে আসতে পারিনি। কিন্তু যদি ওইভাবে আসতে হয়, অন্যজাতের রিক্রুটমেন্ট বন্ধ করে দিতে হয় কয়েক বছর। এটা উচিত নয়, এটা সম্ভব নয়। যারজন্য আমরা কিছু কিছু জায়গায় দু একটা ডিপার্টমেন্ট এনহান্স রিক্রুটমেন্ট করেছি। কিন্তু বেশিরভাগ জায়গায় ডিস্ট্রিক্ট ভিজিলেন্স করেছি। যারফলে এখন বাইশ, তেইশ চব্বিশের মধ্যে অ্যাজ পার ল সরকারি অফিসগুলি চলে। আমরা আশা করছি এই গ্যাপ আস্তে আস্তে কমবে। ২ থেকে ৪ বছরের মধ্যে অপটিমাম ২২-এ যাওয়া যাবে। ৬ থেকে ২৩-২৩ এ উঠতে সময় লাগবে, এ বিষয়ে মাননীয় সদস্যরা নিশ্চয়ই অবগত থাকবেন। আমাদের ডেভেলপমেন্টের ব্যাপারে বিরোধীপক্ষের একজন মাননীয় সদস্য জিজ্ঞাসা করলেন যে কোথায় কোথায় তার ইনফ্রাস্ট্রাকচার ডেভেলেপমেন্ট করেছে। আমি বলি সেটা উনি নিজ নিজ জায়গায় ডি ডব্লু সি-র কাছে জিজ্ঞাসা করুন। এই কমিটিতে সভাধিপতি হচ্ছে চেয়ারম্যান এছাড়া এই কমিটিতে ডি এম আছেন। এখানে জিজ্ঞাসা করলে কোথায় কোথায় কি কি কাজ হচ্ছে সেটা জানা যাবে। আর আপনারা নামের লিস্ট চাইলে আমি দিতে পারব। ১৯৮৯ সাল থেকে ১৯৯৫ সাল পর্যন্ত রাস্তাঘাট, ব্রিজ, কালভার্ট, বিল্ডিং, স্কুল ইত্যাদি তৈরি করতে সি ডি স্কীমে খরচা হয়েছে ৫০ কোটি ১৮ লক্ষ ৪ হাজার টাকা। সুতরাং আমি মাননীয় সদস্যদের অনুরোধ করছি আপনারা নিজের নিজের জেলার ডি ডব্লু সি-র সঙ্গে কথা বলবেন, তাহলেই সব জানতে পারবেন। প্রত্যেক জেলায় ডি ডব্লু সি আছে, কোথাও বাদ নেই। মোটামুটি স্যালিয়েন্ট পয়েন্টগুলো দিয়েছি। সবশেষে বলি এই বাজেট কিছুটা সংবেদনশীল এবং এতে কিছুটা সেন্টিমেন্ট রয়েছে। তবে উগ্র কোনও দিকে গেলে সোসাল টেনশন সৃষ্টি হবে, অসুবিধা হবে। আমাদের দায়িত্ব আছে এবং সেজন্য এই বইটার নাম দিয়েছি 'সমাজের পশ্চাৎপদ অংশকে মূল স্রোতে সামিল করার জন্য বামফ্রন্ট সরকারের প্রচেষ্টা।' আমাদের এই প্রচেষ্টা চলবে। এই প্রচেষ্টাতে সমস্ত সমাজের বাকি অংশকে সঙ্গে নিয়ে তফসিলি জাতি ও তফসিলি উপজাতি এবং আদার উইকার সেকশনকে মূল স্রোতে নিয়ে আসতে হবে। বাড়িতে কোনও দুর্বল ছেলে থাকলে, অন্য ছেলেদের চেয়ে মায়ের দরদ স্নেহ সেই দুর্বল ছেলের দিকেই বেশি থাকে। মা সেই দুর্বল ছেলের প্রতি স্পেশাল ব্যবস্থা করে থাকেন। তেমন তফসিলি

জাতি ও তফসিলি উপজাতি এবং ওবিসিদের প্রতি যদি বিরোধী পক্ষ, স্বপক্ষ সকলে মিলে সুবিচার করেন তাহলে আশা করি পিছিয়ে পড়া মানুষদের মূল স্রোতে ফিরিয়ে আনা যাবে। আমরা তাদের মূল স্রোতে ফিরিয়ে আনার চেষ্টা করছি। আশা করি বামফ্রন্ট সরকারের সেই চেষ্টা সার্থক হবে। এই বলে আমি আমাদের বাজেট বরাদ্দকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

The motions (cut motions 1 to 5) moved by Shri Deba Prasad Sarkar, Shri Anoy Gopal Sinha, Shri Abdul Mannan and Shri Shyamadas Banerjee that the amount of Demand be reduced by Rs. 100 were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 189,60,27,000 be granted for expenditure under Demand No. 41, Major Heads : "2202—General Education (Tribal Areas Sub-Plan), 2204—Sports and Youth Services (Tribal Areas Sub-Plan), 2210— Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan), 2210—Medical and Public Health (Public Health) (Tribal Areas Sub-Plan), 2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) (Tribal Areas Sub-Plan), 2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 2235—Social Security and Welfare (Social Welfare) (Tribal Areas Sub-Plan), 2236—Nutrition (Tribal Areas Sub-Plan), 2250—Other Social Services (Tribal Areas Sub-Plan), 2401—Crop Husbandry (Tribal Areas Sub-Plan), 2402—Soil and Water Conservation (Tribal Areas Sub-Plan), 2403—Animal Husbandry (Tribal Areas Sub-Plan), 2405—Fisheries (Tribal Areas Sub-Plan), 2406—Forestry and Wild Life (Tribal Areas Sub-Plan), 2408—Food, Storage and Warehousing (Tribal Areas Sub-Plan), 2425—Co-operation (Tribal Areas Sub-Plan), 2435—Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 2501—Rural Development (Tribal Areas Sub-Plan), 2575—Other Special Areas Programmes (Tribal Areas Sub-Plan), 2702—Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 2851—Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 4250—Capital Account of Other Social Services (Tribal Areas Sub-Plan), 4401—Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 4425—Capital Outlay on Co-coperation (Tribal Areas Sub-Plan), 4435—Capital Outlay on Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 4702—Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 4705—Capital Outlay on Command Areas Development (Tribal Areas Sub-Plan), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Underatakings) (Tribal Areas Sub-Plan), 5054—Capital Outlay on Roads and Bridges

(Tribal Areas Sub-Plan), 6225—Loans for Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 6250—Loans for Other Social Services (Tribal Areas Sub-Plan), 6425—Loans for Co-operation (Tribal Areas Sub-Plan), 6575—Loans for Other Special Areas Programmes (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) and 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 63,32,00,000 already voted on account in February, 1996) was then put and agreed to.

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। আজকে মেদিনীপুর জেলায় ময়না পঞ্চায়েত সমিতির সভাপতি পদে নির্বাচনের কথা ছিল। এই নির্বাচনের আগে কংগ্রেসি সদস্যরা একজন মহিলাকে অপহরণ করে লুকিয়ে রেখেছে এবং ৫ জনকে সিপিআই (এম)-এর তিনজন এবং সি পি আই-এর দুজন কর্মীকে মারধোর করেছে। এলাকায় উত্তেজনা রয়েছে। এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ময়নায় সভাপতি নির্বাচনে এই ঘটনা ঘটেছে।

## DISCUSSION ON DEMAND NO. 73

**Mr. Speaker :** There are seven cut motions on Demand No. 73. All the cut motions are in order and taken as moved.

Shri Sultan Ahmed
Shri Robin Mukherjee
Shri Ajoy De
Shri Deba Prasad Sarkar
} Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

[5-50 — 6-00 P.M.]

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় ক্ষুদ্র এবং কুটির শিল্প মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করে এবং আমাদের আনা কাট মোশনের সমর্থনে আমার বক্তব্য রাখছি। আজ সারাদিনের শেষে বাজেট, তাই খুব দীর্ঘ বা আক্রমণাত্মক বক্তৃতা রাখব না। হাউসের আমরা সকলেই চাই এই রাজ্যে ক্ষুদ্র এবং কুটির শিল্পের উন্নয়ন হোক। আমার মনে হয় এই উন্নয়ন সরকারের উপর নির্ভর করে না। ক্ষুদ্র এবং কুটির শিল্প সব সময় গড়ে ওঠে ইনডিভিজুয়াল এন্টারপ্রেনারের চেষ্টায়, ব্যক্তিগত শিল্পোদ্যোগীদের চেষ্টায়। সরকার বা সমাজের সেখানে দায়িত্ব থাকে সহায়কের ভূমিকার। যেটা সরকার আগে থেকেই করতে পারতেন, সেটা মন্ত্রী দপ্তরে পড়ে না, সেটা হচ্ছে, রাজ্যে যাতে এন্টারপ্রেনারশিপ ডেভেলপ করে তার জন্য আমাদের শিক্ষা ব্যবস্থাকে পরিবর্তন করা। এটা তারা করতে পারতেন। এটা অস্বীকার করার উপায় নেই, যেভাবে গুজরাট বা মহারাষ্ট্র বা পাঞ্জাবের যুবকদের মধ্যে ছোট শিল্প গঠনের একটা প্রবণতা আছে, যেটা আমাদের বাংলার যুবকদের মধ্যে নেই। হয়ত আমাদের শিক্ষাব্যবস্থার মধ্যে, আমাদের মূল্যবোধের মধ্যে এইগুলো নিহিত আছে। আগামী

দিনে আমাদের সকলকেই ভাবতে হবে কি করে এন্টারপ্রিনারশিপ ডেভেলপ করা যায়। আমাদের বিভিন্ন দপ্তরগুলো একসঙ্গে মিলিয়ে এ ব্যাপারে কি উদ্যোগ নিতে পারা যায়, এডুকেশন কি করে আরও ভোকেশনাল হতে পারে, বৃত্তি নির্ভর হতে পারে, লেবার কি করে আরও কাজ-এর যোগ্য শিক্ষা পেতে পারেন সে নিয়ে আরেক দিন আলোচনা হবে।

স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়কে তার দপ্তর সম্বন্ধে দোষী করতে চাইনা। বামফ্রন্ট আসার পর এই দপ্তরে বারবার মন্ত্রী বদল হয়েছে। ১৯৭৭ থেকে ১৯৮২ পর্যন্ত ছিলেন চিত্তব্রত বাবু। তিনি হেরে গেলেন। মন্ত্রী হলেন, প্রলয়বাবু। তখন তিনি মিনিস্টার অফ স্টেট ছিলেন। তারপর তিনি হেরে গেলেন, অচিন্ত রায় মন্ত্রী হলেন। তিনিও হেরে গেলেন, ১৯৯১ সালের মন্ত্রী হলেন প্রবীর সেনগুপ্ত। তার পর ৪-র্থ বামফ্রন্ট সরকার-এর চারজন ক্ষুদ্র শিল্প মন্ত্রী হবার পর পঞ্চমবার-এর জন্য প্রলয়বাবু রিপিটেড হয়েছেন। সুতরাং এই বিলে তিনি বেশি সময় পাননি। আজকে রাজ্য সরকারের হিসাব অনুযায়ী ১৯৯৫ সালের মার্চ পর্যন্ত আমাদের এখানে রেজিস্ট্রার্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রি হয়েছে ৪ লক্ষ ৩৭ হাজার ৪৭। তার মধ্যে আজকে মন্ত্রী হিসাব দিয়েছেন এবং সেই অনুসারে ৬৫ হাজার সিক বা ক্লোজ। তার মানে এপ্রিসিয়েট করার কোনও রাস্তা নেই। স্যার, প্রায় ১৫ পারসেন্ট থেকে ১৬ পারসেন্ট-এর মতো ইন্ডাস্ট্রি সিক বা ক্লোজ। আমদের এই রাজ্যে মর্টালিটি রেট ইনফ্যান্ট মর্টালিটির মতো। যেসব নতুন শিল্পগুলো লোকেরা নতন উদ্যোগ নিয়ে তৈরি করছে সেগুলো বন্ধ হয়ে যাচ্ছে শুধু শিল্পের রেজিস্ট্রেশনই যথেষ্ট নয়। আমার মনে হয়, ইন্ডাস্ট্রি সিক হয়ে যাওয়া বা রেজিস্ট্রার শিল্প বন্ধ হয়ে যাওয়া বা মর্টালিটি রেট বেড়ে যাওয়ার কারণটা ভালো করে দেখা দরকার। দুর্ভাগ্যবশত, আমাদের রাজ্যের কুটিরশিল্পের অনেক ক্ষেত্রে যে স্ট্যাটাস ছিল, সুযোগ ছিল সেগুলোকে আমরা নিজেরাই নষ্ট করেছি। সেগুলোতে সরকারের কোনও কৃতিত্ব ছিলনা। যেমন, হোশিয়ারি শিল্পে আমরা এক নম্বরে ছিলাম। শ্যামবাজারের কাছা-কাছি বিডন স্কোয়ারের আসেপাশে এগুলো ছিল। কিন্তু অতিরিক্ত ট্রেড ইউনিয়নবাজির জন্য এই শিল্পগুলো বন্ধ হয়ে গেল। মন্ত্রী নিশ্চয়ই জানেন, সেগুলো এখন কলকাতা থেকে কোয়েম্বাটুরে চলে গেছে। আপনি বলেছেন, হোশিয়ারির জন্য একটা পার্ক করবেন। এক সময় আমাদের পশ্চিমবাংলা প্রেস প্রিন্টিয়ের ক্ষেত্রে এক নম্বরে ছিল। কিন্তু সেখানেও অতিরিক্ত ট্রেড ইউনিয়নবাজি আমাদের ইন্ডাস্ট্রিকে বন্ধ করে দিয়েছে। তারপর দেশের প্রেস টেকনোলজির পরিবর্তন হলেও আমরা তাল রাখতে পারলাম না। যে বাংলা প্রেসে এক নম্বর ছিল সরস্বতী প্রেস, বেঙ্গল লিথো। এখন তাতে টাটা প্রেস, টমসন প্রেস হয়ে গেছে, আমরা আর এক নম্বরে নেই। এখন ভালো ব্রোসিওর ছাপানোর জন্য দিল্লি, বোম্বে, মাদ্রাজ যেতে হয়। প্রলয়বাবু নিশ্চয় জানেন, ডাইমন্ড কাটিংয়ের ইন্ডাস্ট্রির ব্যাপারে। এখান থেকে বহু কোটি টাকার জেমস অ্যান্ড জুয়েলারি এক্সপোর্ট হত, কয়েকশো কোটি টাকার কারবার হত। কিন্তু এখন জাভেরিবাজারে সেই হীরে কাটা হয় যদিও এখনও আগের মতোই বাঙালি ছেলেদের দিয়েই হীরে কাটানো হয় এবং হাওড়া থেকে সাধারণত তারা যায়। কিন্তু এখন আর বাংলা থেকে কোনও জেমস-জুয়েলারির এক্সপোর্ট করতে আমরা পারছি না। যদিও ফলতাতে এক্সপোর্ট প্রোসেস ইউনিটে একটা ডাইমন্ড কাটিং সেন্টার করা হয়েছে। কিন্তু সেগুলো শুকিয়ে বন্ধ হয়ে যাচ্ছে, চলছে না। আমাদের বাংলায় স্কিল আছে। সেক্ষেত্রে সংগঠিত ভাবে এটাকে কাজে লাগাতে পারছি না। আপনি তো জানেন,

হাওড়া ছাড়া জরীর কাজ ভারতবর্ষের অন্য কোথাও এত বিখ্যাত নয়। এটা সাঁকরাইলের লোকেরা করত। এটা বাইরে চলে যাচ্ছে, অন্য রাজ্য কাজ করছে। এটাকে আমরা ডেভেলপ করতে পারছিনা। হাওড়ার একটা গ্রাম আছে, সেখানে পৃথিবীর প্রথম গল্ফ-বল তৈরি হত। গল্ফ একটা বড় লোকেদের খেলা এবং আন্তর্জাতিক খেলাও বটে। বাঁশের গোড়া থেকে এই বল তৈরি করা হয়। এই সব ছোট ছোট ইন্ডাস্ট্রিগুলো বাঙালির কারও সাহায্য ছাড়াই ছিল। কিন্তু সেগুলো সেইভাবে নারচার বা ডেভেলপ করা গেল না। অন্য দিকে হাওড়া স্মলস্কেল ইন্ডাস্ট্রিতে ভারতবর্ষের মধ্যে একটা জায়গা করে নিয়েছিল। হাওড়ার বেলিলিয়াস রোডকে শেফিল্ডের সঙ্গে তুলনা করা হত। বেলিলিয়াস রোডের যে কোনও মেশিনে ড্রইং ফেলে দিলে লেদ ড্রিল করে নিতে পারত, এখন সেটা মৃতপ্রায়। এখনও নিশ্চয়ই বাংলায় লেদ ড্রিল কারখানা আছে, কিন্তু সামগ্রিকভাবে বেলিলিয়াস রোডকে অ্যাজ এ হোল এন্টারপ্রিনারশিপ ডেভেলপ করতে পারেন নি। নতুন ছেলেরা এগিয়ে আসছে শিল্প করতে, ক্ষুদ্র শিল্প যারা করতে চায় তারা ইনিশিয়াল ক্যাপিটাল, র' মেটিরিয়ালসের সুযোগ পায় না, তারা জমি পায় না, ইলেকট্রিক কানেকশন পায় না এবং সবচেয়ে বড় প্রবলেম ব্যাঙ্কের ঋণ, ফিনান্স কর্পোরেশনের ঋণের সুযোগ পায় না। প্রলয়বাবু যদি এটা করতে পারেন তাহলে বেকার ছেলেরা উপকৃত হবে। একটা ছেলে সে আপনার ডিপার্টমেন্টে যাবে, সে ক্ষুদ্রশিশ্প করতে চায়। সে যাতে ইলেকট্রিক কারেন্ট পায়, র' মেটিরিয়ালস পায়, ব্যাঙ্ক লোন পায় এবং সর্বোপরি মার্কেটিংয়ের সাহায্য যাতে পায় সেটা আপনার দপ্তরের দেখা উচিত। আমি হিসাব দিচ্ছি আপনারা এখনও ম্যাচ করতে পারেন নি, ভারতবর্ষের অন্যান্য রাজ্যের থেকে পশ্চিমবঙ্গ স্মলস্কেল ইন্ডাস্ট্রির ডেভেলপমেন্টের ক্ষেত্রে পিছিয়ে যাচ্ছে। আমি আরও দুটি কথা বলতে চাই, যখন বাটা কোম্পানির কারখানা তৈরি হয়েছিল তখন আর কোথাও চামড়ার কারখানা ছিল না। ওয়েস্ট বেঙ্গল ইজ ওয়ান অফ দি স্টেটস ইন ইন্ডিয়া হ'য়্যার কাউ স্লটার ইজ অ্যালাউড। এত দিন ধরে ইটালির সঙ্গে আলোচনা করে—এখন বলছেন, ট্যাংরার কারখানাগুলো এনভায়ারনমেন্ট পলিউশন ঘটাচ্ছে—আপনারা তাদের বানতলায় নিয়ে যাবেন। ইটালির সঙ্গে সমঝোতা হয়েছিল। তারা পাঁচ-ছয় বার কলকাতাতে এসেছিল, কিন্তু তারা এখন পালিয়ে গেছে। আপনি ডালমিয়াকে ভার দিয়েছেন, সে যেমন ভাবে ক্রিকেটকে ডুবিয়েছে তেমনিভাবে এখানেও ডোবাবে। এটা আপনাদের বোর্ডের হাতেই পুরোপুরি রাখা দরকার, তাহলে এটা বাঁচবে। আপনি এত দিন পরে গারমেন্ট কমপ্লেক্সের কথা ভাবছেন। এই কলকাতাতে মেটিয়াব্রুজের দর্জির মতো ভারতবর্ষের

[6-00 — 6-10 P.M.]

আর কোথাও এই রকম গারমেন্ট মেকার্স নেই। আপনাদের কোনও সাহায্য ছাড়াই আখরায় ন্যারো লেনগুলির বাড়িতে বাড়িতে বসে তারা আধুনিক কাট্ বানাচ্ছে। ফজলে আজিম মোল্লা আমাদের এম এল এ ছিলেন, রিগিং করে তাকে এবারে হারিয়েছেন। তিনি বাড়িতে বসেই এই কাজ করেন। ২০ বছর ধরে তাদের জন্য কোনও উদ্যোগ নেন নি, এখন বলছেন গারমেন্ট কমপ্লেক্স করবেন। আমাদের কাপড় সব বাইরে চলে যাচ্ছে। বোম্বে গারমেন্ট কমপ্লেক্স করেছে, সেখানে এখন বর্তমানে প্রচুর এক্সপোর্ট হচ্ছে। আমরা এই অ্যাডভান্টেজগুলো লুজ করেছি। যেখানে স্মলস্কেল ইন্ডাস্ট্রিগুলি ছিল, যেখানে স্কিলড লেবার আছে, সেখানে এটা ডেভেলপ হওয়ার কথা, কিন্তু আপনারা তাদের ইনফ্রাস্ট্রাকচার প্রোভাইড করতে পারেন নি।

হাওড়াতে আপনাদের কাজ শেখাতে হবে না, এটা তারা পুরুষানুক্রমে শেখে। বাবরি মসজিদ নিয়ে হইচই না করে তাদের একটু মার্কেটিং ফেসিলিটিজ দিন, একটু ব্যাঙ্ক লোন দিন। আপনাদের স্টেট ফিন্যান্স কর্পোরেশন ভালো কাজ করছে না। জয়নালদা আগে ক্ষুদ্র-শিল্পমন্ত্রী ছিলেন, তখন এটা তার হাতে ছিল। আমি জানি না কেন বামফ্রন্টের আমলে এটা অর্থমন্ত্রীর অধীনে চলে গেল। এটা অর্থমন্ত্রীর হাতে থাকা উচিত নয়। এটার জন্য একটা আলাদা কর্পোরেশন করে দিলে ভালো হয়। ওরা সেকশন ২৯ করে বন্ধ করে দিয়েছেন। ইন্ডাস্ট্রিয়াল লোন আদায় করাই আসল কথা নয়, ভায়াবিলিটি আছে কি না সেটা দেখতে হবে। আমদের বিভিন্ন ফিনান্সিয়াল ইনস্টিটিউশন আছে—ডব্লু বি আই ডি সি বড় শিল্পের জন্য ; সেটা ইন্ডাস্ট্রিয়াল মিনিস্টারের আন্ডারে, ফিনান্স মিনিস্টারের আন্ডারে নয়। তাহলে আপনার যে সংস্থা ছোট শিল্পকে অর্থ সাহায্য করবে সে অর্থ দপ্তরের আন্ডারে থাকবে কেন? ডব্লু বি এফ সি-কে আপনার দপ্তরের অধীনে নিয়ে আসবেন না কেন? এটা বুঝতে হবে যে, আমাদের রাজ্যে ওয়েস্ট বেঙ্গল ফিনান্সিয়াল কর্পোরেশনের ডিসবারসমেন্ট-এর ভূমিকা খুব একটা ভালো নয়, ভারতবর্ষের অন্য রাজ্যের তুলনায়। বরঞ্চ খারাপই বলা যায়। ১৯৯৪-৯৫ সালে টোটাল কিউমিলেটিভ লোন ডিসবারসমেন্ট পশ্চিমবাংলায় হয়েছে ৪১২ কোটি টাকা। সেখানে উত্তর প্রদেশে কত দিয়েছেন? ১৫০০ কোটি টাকা। তামিলনাড়ুতে ১৫০০ কোটি টাকা, মহারাষ্ট্রে ১৪৭২ কোটি টাকা, কর্ণাটকে ২২০৪ কোটি টাকা, অন্ধ্রপ্রদেশে ১৩৭২ কোটি টাকা, গুজরাটে ১৫৩৩ কোটি টাকা। কর্ণাটক ফাইনান্সিয়াল কর্পোরেশনের ডিসবারসমেন্ট ওয়েস্ট বেঙ্গল ফাইনান্সিয়াল কর্পোরেশনের তুলনায় সাড়ে পাঁচ গুণ বেশি। কেন ওয়েস্ট বেঙ্গল পিছিয়ে আছে? কি কারণে? প্রত্যেক বছরই আমাদের এখানে ফিনান্সিয়াল অ্যাসিসটেন্স ডিসবারস-এর পরিমাণ তেমনভাবে বাড়ছে না। এটা আপনার দেখা দরকার। আপনার এখানে বছর বছর যে ইনক্রিস হচ্ছে তা খুবই মার্জিনাল। আমাদের ফিনান্সিয়াল কর্পোরেশন ১৯৯৫ সালে স্মল স্কেলে ডিসবারসমেন্ট করেছে ৩ কোটি ১৬ লক্ষ টাকা এবং তার আগের বছর করেছিল ২ কোটি ৯০ লক্ষ টাকা। তার মানে বছরে অ্যাভারেজে ২৫ লক্ষ, ২৬ লক্ষ টাকা করে ডিসবারসমেন্ট বাড়ছে। দিস ইজ ইন সাফিসিয়েন্ট। দিস ইজ নট গুড এনাফ পর গ্রোথ রেট। ইট ইজ লেস দেন ১০%। স্মল স্কেল ইন্ডাস্ট্রিতে যদি ডিসবারসমেন্ট গ্রোথ রেট লো হয় তাহলে আপনি কি করে ইন্ডাস্ট্রি করবেন? এটা আপনাকে ভাবতে হবে। তার মনে এই নয় যে, ব্যাঙ্কের ভূমিকা এখানে এই ক্ষেত্রে খুব ভাল! এ ক্ষেত্রে ব্যাঙ্কের ভূমিকা প্রপারলি নেগেটিভ—ছোট শিল্পের ক্ষেত্রে ব্যাঙ্ক মোটেই কোনও ইতিবাচক ভূমিকা নিচ্ছেনা। এই নিয়ে সামগ্রিকভাবে আন্দোলন করা দরকার। প্রাইম মিনিস্টার রোজগার যোজনা, নরসিমা রাও যেটা চালু করেছেন—আপনি দেখুন সেখানে ব্যাঙ্কের ভূমিকা কি! আমরা এখানে অনেক আজে বাজে বিষয় নিয়ে আন্দোলন করি। অথচ বেকার যুবকদের এই বিষয়টা নিয়ে আমরা সেভাবে কেউ কোনও আন্দোলন করছি না। ১৯৯৫-৯৬ সালে ২২,৯০০ স্কীমের টার্গেট ছিল, আনএমপ্লয়েডদের সাহায্য দেবে। সেখানে তারা ৯৩৫২ জন আন-এমপ্লয়েডকে দিয়েছেন। বাকিগুলির ক্ষেত্রে কি বলছে? স্কীম ঠিক মতো তৈরি হয় নি। ডি আই সি আছে স্কীম তৈরি করে দেবার জন্য স্কীম ডিফেক্টিভ না হলেও ব্যাঙ্ক ইচ্ছে করে ইয়ার্মার্ক করা টাকা যেখানে ২২,০০০ ছেলে পাবে সেখানে তা ৯,৩৫২টা ছেলে পেল! সুপারিশের সংখ্যা কিন্তু খারাপ নয়—৩৫,১৫৫। কেন টার্গেট ফুলফিল হল না? আর ১৯৯৫-৯৬ সালের নভেম্বর মাস

পর্যন্ত ফিগার হচ্ছে ১১৩৫ এটা কত দূর ঠিক আমি জানি না। মাননীয় মন্ত্রী একটু বলবেন। এ বছরের লেটেস্ট ফিগার বইতে আছে কিনা জানি না। এবছর এখন পর্যন্ত কত লোককে দিয়েছেন? এ ক্ষেত্রে ব্যাঙ্কের বিরুদ্ধে আমাদের এই হাউস থেকে একটা সিরিয়াসলি প্রস্তাব নেওয়া উচিত। প্রধানমন্ত্রী রোজগার যোজনা আমরা ফুললি ইউটিলাইজ করতে পারছি না। তারপর আমি যে কথা আপনার কাছে বলতে চাই তা হচ্ছে, এখানে আপনি আরও কয়েকটা ইন্ডাস্ট্রির কথা বলেছেন—ছোট ল্যাম্প ম্যানুফ্যাকচারিং-এর কথা বলেছেন। এখানে বেঙ্গল ল্যাম্প বন্ধ হয়ে গেছে। কিন্তু স্মল স্কেলে অনেক ল্যাম্প ম্যানুফাকচারার আছে। অসুবিধা হচ্ছে ওদের স্টান্ডার্ডাইজেশন হয় নি, এটাই তাদের মেন প্রবলেম। রেল-টেলের বাল্ক সাপ্লাই-এর ক্ষেত্রে—মার্কেটিং-এর ক্ষেত্রে ঘুষ দিতে পারে না বলে অনেক সময় তাদের মাল নেওয়া হচ্ছে না, অন্য রাজ্যের লোক নিয়ে যাচ্ছে। সেন্ট্রাল গভর্নমেন্ট প্রাইস প্রেফারেন্স তুলে দিয়েছে। এখন এদের একটু দেখা দরকার। এরা যাতে মার্কেট পায় সেটা যেমন দেখা দরকার, তেমন এদের স্ট্যান্ডার্ডাইজেশনের ব্যাপারটাও একটু দেখা দরকার। আপনি ড্রাই সেল ব্যাটারির কথা বলেছেন। একটা এক্সাইস ব্যাটারি কিনতে গড়ে ২০০০ টাকা খরচ হয়। আর আমার পাড়ায় গ্যারেজে যে ব্যাটারি বানায় সে ১২০০/১৩০০ টাকায় সেটা করে দেয়। ইট ইজ এ টাইপ অফ স্মল স্কেল ইন্ডাস্ট্রি। অসংখ্য গারেজ আছে। কলকাতায় আশে পাশে ড্রাই সেল ব্যাটারি তৈরি করা হয়। কিন্তু স্ট্যান্ডার্ডইজেশনের একটু প্রবলেম আছে। ওরা কারও কাছে হেল্প চায় না। খালি একটু মার্কেটিং সাপোর্ট আর একটু স্ট্যান্ডার্ডাইজেশন। একটা জায়গায় খালি দেখতে হবে অ্যাকচুয়াল স্টেডি ভোল্ট কতক্ষণ দিচ্ছে। ওরা সেল্ফ-এমপ্লয়েড লোক। অধিকাংশই বাঙালি ছেলে অথচ কাজ শিখেছে এবং এই কাজ তারা করছে। ওদেরকে ভালভাবে সাপোর্ট দেওয়া দরকার বলে আমি মনে করি। এইরকম বহু লোক আছে। তারপর আপনার ইন্ডাস্ট্রিয়াল এস্টেট আছে। এই ইন্ডাস্ট্রিয়াল এস্টেটগুলির অবস্থা খুবই খারাপ। আপনি দেখেছেন কিনা জানি না, শেডগুলি ভেঙে গেছে, টিন ফুঁটো হয়ে জল পড়ছে, কোথাও ইলেকট্রিক নেই, বড় বড় ঘাস গজিয়ে গেছে। এই ইন্ডাস্ট্রিয়াল এস্টেটগুলি প্রপারলি মেইনটেনান্স করা দরকার। আপনি ভাড়া আদায় করুন, আপত্তি নেই। কিন্তু মেইনটেনান্স ঠিকমতো যাতে হয় প্রপারলি দেখা দরকার। শেড নতুন তৈরি হলে কোথাও খালি পড়ে থাকছে না, ধরাধরির ব্যাপার আছে। একবার পেয়ে গেলে সব কিছু করুণা-এটা ঠিক নয়। স্মলস্কেল ইন্ডাস্ট্রিতে যারা যাচ্ছে সরকার থেকে দিয়ে মনে করছে করুণা করছে। করুণার কিছু নয়। হি

[6-10 — 6-20 P.M.]

ইজ অ্যান এফেকটিভ কন্ট্রিবিউটর টু সোসাইটি। সবাই মিলে ব্যাক করা দরকার যাতে সে নিজের পায়ে দাঁড়াতে পারে। কিন্তু এখনও পর্যন্ত সেটা দেখছি না। অ্যাজ এ হোল যে অ্যাপ্রোচ সেটা স্মল স্কেল ইন্ডাস্ট্রির প্রতি এখনও পর্যন্ত চেঞ্জও করেননি। আমি শুনে আনন্দিত, বেঙ্গল পটারির জমি নিয়েছেন ইন্ডাস্ট্রিয়াল এস্টেট করার জন্য। এখানে যদি ইন্ডাস্ট্রিয়াল এস্টেট হয় তাহলে খুব ভাল হবে। বহু ছেলে ইন্ডাস্ট্রিয়াল এস্টেটে যাবার জন্য জমি চাচ্ছে। পাড়ার মধ্যে ইন্ডাস্ট্রি করতে গেলে পাড়ার ছেলেরা চাঁদা, অমুক-তমুক, চাকরি নেবার জন্য—নানারকমের ঝামেলা করে। একটা ফাঁকা মাঠের মধ্যে ইন্ডাস্ট্রি করলে অল অন এ সাডেন একটু আধটু ঝামেলা হয়। সেইজন্য ইন্ডাস্ট্রিয়াল এস্টেটে গেলে, ইনফ্রাস্ট্রাকচারের মধ্যে

গেলে তাদের পক্ষ সেখানে ইন্ডাস্ট্রি করা সহজ এবং ইনফ্রাস্ট্রাকচারাল সাপোর্ট সহজেই পেতে পারে। সেইজন্য আমি চাই স্মল-স্কেল ইন্ডাস্ট্রিগুলি আস্তে আস্তে ইন্ডাস্ট্রিয়াল এস্টেটের মধ্যে, একটি জায়গায় মধ্যে যত বেশি যেতে পারে সবদিকে থেকেই আপনার সাপোর্ট দিতে সুবিধা হবে এবং তাদেরও সাপোর্ট পেতে সুবিধা হবে। সুতরাং আর একটু ভালভাবে দেখা দরকার। আপনার দপ্তরে এ ছাড়াও আরও অন্যান্য জিনিস রয়েছে। সবচেয়ে বড় ব্যাপার যেটা সেটা হচ্ছে তাঁতিদের ব্যাপার। শান্তিপুর এবং কাটোয়ার তাঁত অধ্যুষিত এলাকার দুইজন এম এল এ আমাদের রয়েছেন। তারা এই সম্পর্কে ডিটেলসে বলবেন কিন্তু। আমি আপনাকে যেটা বলতে চাই সেটা হচ্ছে, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া জনতা ক্লথ থেকে সাবসিডি উইথড্র করেছেন। এখন আপনার যেটা নতুন প্রবলেম হয়ে দাঁড়াচ্ছে, হ্যান্ডলুম তাদের আপনি বলেছেন তন্তুজ এবং তন্তুশ্রীর মধ্যে দিয়ে যে ইয়ার্ন বিক্রি করছেন সেটা কিনতে। কিন্তু সেখানে ইয়ার্ন ঠিকমতো পাচ্ছে কি? ঠিকমতো পাচ্ছে না। এখন পর্যন্ত রেগুলার ইয়ার্ন মার্কেট কন্ট্রোল হচ্ছে বড়বাজারে। এটা আপনাকে দেখতে হবে। আমি আরও একটি কথা এই সুযোগে বলে রাখছি, ওয়েস্ট বেঙ্গল হ্যান্ডলুম ছাড়াও রেশম সিল্কে একটা বড় ম্যানুফাকচারার। রেশম শিল্পীরা রেশম বস্ত্রের উপর বিক্রয়কর মকুব করার আবেদন করেছেন। আমি অসীমবাবুর কাছে থেকে আশা করেছিলাম এবারে বাজেটে তিনি হয়তো এদের জন্য কিছু ব্যবস্থা গ্রহণ করবেন। তাদের আবেদন হচ্ছে, সিল্কের ক্ষেত্রে বর্তমানে ১২ পারসেন্ট প্লাস ৪ পারসেন্ট যে ট্যাক্স আছে সেটা কমাবার ব্যবস্থা করুন। এ বছর অসীমবাবু বলেছেন স্টেট গভর্নমেন্ট পারচেজের ক্ষেত্রে স্মল স্কেল ইন্ডাস্ট্রিকে প্রেফারেন্স দেওয়া হবে। এটা যাতে এনফোর্স হয় সেটা দেখার দায়িত্ব কিন্তু আপনার। নতুন বাজেটে ২৫ কোটি টাকা স্মল স্কেল ইন্ডাস্ট্রির জন্য উনি দিয়েছেন। আড়াই শো কোটি টাকার ইনভেস্টমেন্ট স্মল স্কেল ইন্ডাস্ট্রিতে এই বাজেটের মাধ্যমে হবে। পরের বছর আমি প্রলয়বাবুকে জিজ্ঞাসা করব—টু ডে ইজ টু আরলি টু আস্ক ইউ—নতুন বাজেটে কনসেশনের পর কতটা বেশি ইউনিট তৈরি হয়েছে, কতগুলি বেঁচে আছে এবং তারা কি কি হেল্প সরকার থেকে পেয়েছে? এরপর আপনার সিল্ক আছে, আপনার ল্যাক আছে, খাদি আছে। আপনি জানেন খাদির অধিকাংশ প্রতিষ্ঠানই জাল প্রতিষ্ঠান। তারা সাবসিডি নিয়ে লাভ করছে। অ্যাকচুয়ালি মুর্শিদাবাদ জেলা জাল খাদি প্রতিষ্ঠানে ভরে গেছে। খাদি ভেরি প্রফিটেবল ব্যাপার। বীরভূমেও ভরে গেছে। কিন্তু এর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে না। খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রি কমিশনের টাকা নিচ্ছে আর ওয়েস্ট করছে। কিন্তু খাদি ঠিকভাবে করলে ভাল এমপ্লয়মেন্ট পোটেনসিয়াল আছে। পরিশেষে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি, আপনি এক বছর এখানে ওখানে/টিভিতে বক্তৃতা দিয়ে বেড়াবেন না, ঐ তন্তুজ, তন্তুশ্রীর শো-রুম ওপেন করতে যাবেন না, হস্তশিল্প মেলায় ঘুরে বেড়াবেন না, আপনি কেবল কাজ করে দেখান যে এক বছরে পশ্চিমবাংলায় কত যুবককে ক্ষুদ্র ও কুটির শিল্পের মাধ্যমে প্রতিষ্ঠিত করতে পারলেন। সেখানে যদি ভাল ফল দেখাতে পারেন তাহলে আগামী বছর আপনার বাজেটে আমরা কোনও কাটমোশন দেব না, আর যদি না পারেন তাহলে আপনার বাজেট যাতে ডিফিটেড হয় তারজন্য আমরা কাট মোশন দেব। এই বলে আমাদের দলের কাটমোশনগুলি সমর্থন করে আমি শেষ করলাম।

**শ্রী বিশ্বনাথ মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মাননীয়

মন্ত্রী মহাশয় তার দপ্তরের যে ব্যয় বরাদ্দের দাবি আজ সভায় পেশ করেছেন তা সমর্থন করে এবং বিরোধীদের কাট মোশনগুলির বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। মাননীয় বিরোধীদলের সদস্য সৌগতবাবু বলেছেন যে পশ্চিমবঙ্গে ক্ষুদ্র ও কুটির শিল্পের ক্ষেত্রে সমস্যা দেখা দিয়েছে। সামগ্রিকভাবে গোটা ভারতবর্ষের তো সমস্যা' দেখা দিয়েছে, সেখানে তা থেকে একটি অঙ্গ রাজ্য পশ্চিমবঙ্গ তো বাদ যেতে পারে না। এই প্রসঙ্গে বলি, ১৯৮৭/৮৮ সাল থেকে ১৯৯০/৯১ সাল এই ৪ বছরে যেখানে উৎপাদনের গড় বৃদ্ধির হার ছিল ৬.৭ শতাংশ পরবর্তীকালে ৪ বছরে আপনারা ঐ গ্যাট চুক্তি সই করার ফলে এবং আন্তর্জাতিক অর্থ ভান্ডারের কাছে আত্মসমর্পন করার ফলে সেটা নেমে হল ৪.৩ শতাংশে। তার অনিবার্য ফল রাজ্যগুলির উপর পড়বে এবং তা সব ক্ষেত্রেই পড়বে, ক্ষুদ্র শিল্পও তা থেকে বাদ যাবে না। এর উপর কেন্দ্রীয় সরকার যে ১০ থেকে ২০ ভাগ কর বৃদ্ধি করলেন তা থেকে ক্ষুদ্র এবং কুটির শিল্পকেও তারা ছাড় দিলেন না ফলে ক্ষুদ্র শিল্প মার খেল। অপর দিকে আমাদের রাজ্যে বামফ্রন্ট সরকার ক্ষুদ্র শিল্পের বিকাশের জন্য অন্যান্য শিল্পের সঙ্গে যাতে এর একটা রেশিও থাকে ইতিমধ্যেই সে দিকে পদক্ষেপ নিয়েছেন। স্যার, ক্ষুদ্র ও কুটির শিল্পের কথা বলতে গিয়ে আমি পশ্চিমবঙ্গের তাঁত শিল্পের বিকাশের কথাটা বলতে চাই। পশ্চিমবঙ্গে এই তাঁত শিল্প ক্রমশ বাড়ছে। তাঁতেও সমবায়ের সংখ্যাও বাড়ছে। বর্তমানে এ রাজ্যে তাঁত শিল্পে নিযুক্ত শ্রমিকের সংখ্যা দাঁড়িয়েছে ৭ লক্ষেরও বেশি। তাঁত শিল্প বৃদ্ধির ক্ষেত্রে পশ্চিমবঙ্গে একটা অভুতপূর্ব রেকর্ড সৃষ্টি হয়েছে। আজ পশ্চিমবঙ্গের শহরে, গ্রামেগঞ্জে, প্রত্যন্ত [illegible] এই তাঁতশিল্প এবং ক্ষুদ্র ও কুটির শিল্প ছড়িয়ে পড়েছে। স্যার, সৌগতবাবুকে এই প্রসঙ্গে আরও একটি কথা আপনার মাধ্যমে বলতে চাই। ১৯৯৩ সালে লোকসভায় এই [illegible] তদানিন্তন কেন্দ্রীয় মন্ত্রী বলেছিলেন, ক্ষুদ্র ও কুটির শিল্পের বিকাশের জন্য ভারি ও মাঝারি শিল্পের সঙ্গে তুলনামূলকভাবে এর রেসিও হবে ২৪ শতাংশ। এই মর্মে লোকসভায় বিবৃতি দেওয়ার পরও ১৯৯৩ থেকে ১৯৯৫ সাল এই দু বছরের মধ্যে সেটা কার্যকর হয় না। ক্ষুদ্র ও কুটির শিল্পের বিকাশের জন্য কেন্দ্রীয় সরকারের যেভাবে এগিয়ে আসার দরকার ছিল, যেভাবে অর্থ বরাদ্দ করার দরকার ছিল সেইভাবে তারা এগিয়ে আসেন নি। স্বাভাবিক ভাবে রাজ্যগুলির উপরে তার ভার পড়বে। আপনারা দেখেছেন যে শিল্পে উৎপাদন কমে গিয়ে ৮.২ শতাংশ থেকে ৪.৩ শতাংশ হয়েছে। সামগ্রিক ভাবে কৃষিতে ৬.৪ শতাংশ থেকে ২.১ শতাংশ হয়েছে সর্বভারতীয় ক্ষেত্রে। এর ফল তো এখানেও পড়বে। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার পরে কৃষিতে অগ্রগতির ফলে, ভূমি সংস্কারের ফলে গ্রামীণ অর্থনীতি শক্তিশালী

[6-20 — 6-30 P.M.]

হওয়ার ফলে আজকে ক্ষুদ্র ও কুটির শিল্পের বিকাশ ঘটেছে। ৪ লক্ষের উপরে আমাদের ইউনিট রেজিস্ট্রার্ড হয়েছে এস এস আই-তে। তার মধ্যে ব্যাঙ্ক যারা অর্থ লগ্নী করে এবং কেন্দ্রীয় অর্থ লগ্নী সংস্থা যা বরাদ্দ করেন সেটা আপনারা স্বীকার করেছেন। র' মেটেরিয়াল যেটা আসার কথা ইস্পাত থেকে শুরু করে কেন্দ্রীয় সরকারের যে সমস্ত বরাদ্দ সেটা ঠিকমতো আসে না। আপনারা ভুলে গেছেন যে পশ্চিমবঙ্গে কুটির শিল্প করার ক্ষেত্রে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারতো ১৯৭৭-৭৮ সাল, প্রায় ১৩ বছর বাদে পেট্রো-কেমিক্যাল কমপ্লেক্স-এর লেটার অব ইনটেন্ড দেওয়া হল। পশ্চিমবঙ্গে আজকে কয়েক লক্ষ

মানুষের কর্মসংস্থানের ব্যবস্থা করা যেত যদি ডাউন স্ট্রিমের কাজগুলি করা যেত। ক্ষুদ্র শিল্পের কতকগুলি পরিকাঠামো দরকার হয়। ভারি শিল্প, মাঝারি শিল্প, এই সমস্ত শিল্প যেখানে থাকে, সেই শিল্পের সহযোগী শিল্প হিসাবে যদি গড়ে তোলা না যায়, যদি তার সঙ্গে সামঞ্জস্য রেখে না গড়ে তোলা যায় তাহলে ক্ষুদ্র কুটির শিল্পের বিকাশ ঘটানো যায় না। এখন আমাদের রাজ্য সরকার চেষ্টা করছেন। আজকে সর্বভারতীয় পরিস্থিতির পরিবর্তন ঘটেছে। পেট্রো-কেমিকেলের ব্যাপারে আগামীদিনে আমাদের রাজ্যে একটা সম্ভাবনা দেখা দিয়েছে। ইতিমধ্যে এখানে বিভিন্ন প্রকল্প তৈরি হয়েছে, লেদার ইন্ডাস্ট্রি হয়েছে। পশ্চিমবঙ্গ চর্ম শিল্পে সারা ভারতবর্ষের থেকে যা রপ্তানি হয় তাতে প্রথম স্থানে। এটা কি আপনারা অস্বীকার করতে পারেন? এখানে আরও সম্ভাবনা রয়েছে। পশ্চিমবঙ্গের লেদার ইন্ডাস্ট্রিতে লক্ষ লক্ষ মানুষের কর্ম সংস্থানের সুযোগ হয়েছে এবং তাদের জন্য দক্ষিণ ২৪ পরগনায় একটা কমপ্লেক্স তৈরি করা হচ্ছে। এগুলি হচ্ছে উন্নয়ন-এর ক্ষেত্রে একটা পদক্ষেপ, পরিকাঠামো তৈরি করার ক্ষেত্রে একটা পদক্ষেপ। ক্ষুদ্র ও কুটির শিল্পে পশ্চিমবঙ্গ সারা ভারতবর্ষের মধ্যে প্রথম দিকে যেতে পারে এটা তারই একটা পদক্ষেপ। আপনারা জানেন যে রেডিমেড গার্মেন্টে আমাদের রাজ্যে কয়েকটি অঞ্চলে সীমাবদ্ধ ছিল। এখন গোটা রাজ্যে এটা ছড়িয়ে পড়েছে, এর জন্য কমপ্লেক্স তৈরি হচ্ছে। এই ব্যাপারে মানুষকে যাতে আরও আকৃষ্ট করা যায় সেজন্য নানা রকম প্রয়োজনীয় নকশার জন্য ট্রেনিং সেন্টার করা দরকার। আমি সেজন্য মন্ত্রী মহাশয়কে বলব যে, এই ব্যাপারে আমাদের রাজ্যের গুরুত্বপূর্ণ কেন্দ্রে নানা রকম নকশার জন্য যদি ব্যবস্থা করা যায় তাহলে ভাল হবে। এই শিল্পগুলি থেকে আমরা বছরে কয়েক হাজার কোটি টাকার জিনিস রপ্তানি করতে সক্ষম হব। পশ্চিমবাংলায় আগামীদিনে এই একটা পরিকাঠামো তৈরি হতে চলেছে। আজকে পশ্চিমবঙ্গে পাওয়ার লুমের কাপড় বিক্রি হচ্ছে ১২ শত থেকে ১৩ শত কোটি টাকার। আমাদের পাওয়ার লুম রয়েছে ৪।। থেকে ৫ হাজার। এটাকে আরও বাড়ানো দরকার এবং যাতে আরও আধুনিক রুচির সঙ্গে সমতা রেখে তৈরি করা যায় সেই বিষয়ে আমাদের ভাবতে হবে। আর একটা কথা এখানে বলব। পশ্চিমবঙ্গে বরাবরের যে শিল্পগুলি ছিল অর্থাৎ ক্ষুদ্র ও কুটির শিল্প, তাতে মৃত শিল্পের ভূমিকা নেয়। এই মৃত শিল্পে বহু লোক কাজ করে। আমাদের রাজ্যের প্রায় লক্ষাধিক মানুষ এই মৃত শিল্পের সঙ্গে জড়িত আছে। কাজেই এই শিল্পকে আরও কিভাবে এগিয়ে নিয়ে যাওয়া যায় সেটা আমাদের ভাবতে হবে। গ্রামীণ উন্নতির জন্য কৃষিভিত্তিক শিল্প গড়ে তোলার প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। শুধু শহরে নয়, রাজ্যের সমস্ত জেলায় শিল্প গড়ে তোলার জন্য সামগ্রিকভাবে পঞ্চায়েত এবং পৌরসভাগুলিকে কাজে লাগাতে হবে। এই ব্যবস্থা গ্রহণ করলে, আমি মনে করি, আগামী দিনে ক্ষুদ্র ও কুটির শিল্প একটা উল্লেখযোগ্য জায়গায় যেতে পারবে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আজকে কুটির ও ক্ষুদ্রশিল্প দপ্তরের মন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের আনীত কাট মোশনের সমর্থনে বক্তব্য রাখছি। আমাদের সিনিয়র মেম্বার সৌগতবাবু বলেছেন যে, যে শিল্পকে কেন্দ্র করে আমাদের দেশের কাঠামো তৈরি করা যায়, যে রাজ্যে শুধুমাত্র রেজিস্টার্ড বেকারের সংখ্যা ৫৫ লক্ষ এবং এর বাইরেও যেখানে একটা ব্যাপক সংখ্যক

শিক্ষিত বেকার রয়েছে, এই অবস্থায় যদি রাজ্যের শিল্পগুলিকে পরিকাঠামোগত সুযোগ-সুবিধার ব্যবস্থা করে দেওয়া যায় তাহলে এইসব বেকাররা স্বনির্ভর হতে পারবেন। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে, রাজ্যে ক্ষুদ্র ও ছোট শিল্পের এস এস আই রেজিস্ট্রেশনের যে ট্রেন্ড সেটা বাড়ছে না, কমছে। এই এস এস আই ইউনিট রেজিস্ট্রেশনের সঙ্গে করেসপন্ডিং থাকে এমপ্লয়মেন্টের ব্যাপারটা। এক্ষেত্রে আমি একটি স্ট্যাটিসটিক্স ডিস্ট্রিক্টওয়াইজ তুলে ধরছি। ১৯৮৫-৮৬ সালে নতুন ইউনিট যা রেজিস্ট্রেশন হয়েছিল তার সংখ্যা ছিল বীরভূমে ৮২০, ১৯৯৪-৯৫ সালে সেই সংখ্যাটা দাঁড়ায় ৪০৮, অর্থাৎ ৫০ পারসেন্ট রেজিস্ট্রেশন হল। মেদিনীপুর ক্ষুদ্র শিল্প ইউনিট রেজিস্ট্রেশন হয়েছিল ১৯৮৫-৮৬ আর্থিক বছর, ২,৮৫৯টি, ১৯৯৪-৯৫ আর্থিক বছরে ১,৫২৯টি। নদীয়া জেলায় এই সংখ্যাটা ১৯৮৫-৮৬ আর্থিক বছরে ৯৫৪, ১৯৯৪-৯৫ আর্থিক বছরে ৫৩৯। এর থেকে দেখা যাচ্ছে, ক্ষুদ্র শিল্প ইউনিট রেজিস্ট্রি করাতে ঠিকভাবে কেউ এগিয়ে আসছেন না। আমি মনে করি, এক্ষেত্রে গভর্নমেন্ট অ্যাসিসটেন্স তারা যদি পেতেন তাহলে নিশ্চয়ই এগিয়ে আসতেন, কিন্তু সেটা পাচ্ছেন না বলেই তারা এগিয়ে আসছেন না। সবচেয়ে বড় কথা হল, এসব শিল্প প্রোডাকশনের বাজার পরিবেশও তারা পাচ্ছেন না। সেটা না পেলে এসব ছোট শিল্প আগামী দিনে বেঁচে থাকতে পারবে না। এবং তারফলে শিক্ষিত বেকারদের এই শিল্পের দিকে এগিয়ে আসার প্রবণতাও নষ্ট হবে। এছাড়া দেখা যাচ্ছে, ব্যাঙ্কের রেট অফ ইন্টারেস্ট এত বেশি, যারফলে তারা এদিকে আসতে চাইছেন না। এক্ষেত্রে ব্যাঙ্ক গ্যারান্টির ব্যাপারটা আরও সহজ করে যদি এস এস আই ইউনিটগুলিকে দেবার ব্যবস্থা করে না দেওয়া হয় তাহলে সেগুলো কি করে চলবে? কাজেই বিষয়টা নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে বসবার প্রয়োজন রয়েছে। তারা যাতে ফিনান্সিয়াল অ্যাসিসটেন্স দিতে পারেন সেটা দেখবার জন্য আমি বলছি। শুধু এই নয়, বিদ্যুতের অভাবেও এস এস আই ইউনিটগুলির মাঝ পথে থমকে যাচ্ছে। কাজেই তাদের জন্য পাওয়ার সাপ্লাই-এর ব্যাপারটা নিশ্চিত করা দরকার। এছাড়া র' মেটিরিয়ালস, টেকনিক্যাল এডস, ইত্যাদির ব্যাপারে যদি সরকারিভাবে সহায়তা দানের ব্যবস্থা করে দেওয়া হয় তাহলে ক্ষুদ্র শিল্প ইউনিটগুলিকে বাঁচিয়ে রাখা সম্ভব হবে। আমি মনে করি এইগুলি যদি সহজ সরল করা যায় তাহলে ছোট ছোট যে এস এস আই রেজিস্টার্ড শিল্পগুলি আছে সেইগুলি বাঁচতে পারে। কাঁচা মাল যেগলি দেওয়া হয় যেমন প্যারাফিন, মোম, সার ইত্যাদি, এই ব্যাপারে পারমিট দেওয়া হয়। এই পারমিটগুলি বাজারে বিক্রি হয়ে যাচ্ছে। এইগুলি ডিপার্টমেন্টের তরফ থেকে দেখা হয় না। এই ব্যাপারে একটা বোর্ড রয়েছে, তারা কিছু কিছু পারমিট দিচ্ছে। তারা নামকায়াস্তে একবার প্রোডাকশন করছে, তারপর তারা বাজারে পারমিট বিক্রি করে দিচ্ছে। এই ব্যাপারে ডিপার্টমেন্টের নজরদারি করা দরকার। ভাল ভাল কিছু ছেলে, বেকার যুবক কাজ করতে চাইছে, এই জিনিসগুলি থাকার ফলে টোটাল জিনিসটাই মার খেয়ে যাচ্ছে। মারজিন মানি গভর্নমেন্ট যাতে মঞ্জুর করে সেটা দেখা দরকার। এই বিনিয়োগে যদি সাবসিডি না পাওয়া যায় তাহলে সমস্ত স্কীমটা মার খাবে। স্বনিযুক্তি প্রকল্প, এটা তো অত্যন্ত হতাশাজনক অবস্থায় আছে। আমাদের যে পি এম আর ওয়াই স্কীমগুলি আছে, সেই ব্যাপারে আমি কয়েক দিন আগে আমার একটা কোয়েশ্চেন ছিল, তাতে মন্ত্রী মহাশয় যেটা জানিয়েছেন সেটা অত্যন্ত হতাশাজনক। বেকার ছেলে-মেয়েদের জন্য যে স্বনির্ভর প্রকল্প আছে, নদীয়া জেলায় ১০ পারসেন্টের বেশি ব্যাঙ্ক ফিনান্স করতে পারেনি। যেখানে কাজের জন্য মাকসিমাম টাকা আসছে

সেই টাকাটা ঠিকভাবে ব্যবহার হচ্ছে না। এই ক্ষেত্রে ব্যাঙ্কের অসহযোগিতা হতে পারে, কিন্তু এই ব্যাপারে তো দেখা দরকার। শিল্পগুলি তৈরি হল, বেকার যুবকদের নামে রেজিস্ট্রি হল, সেই শিল্প সরকারের অসহযোগিতার জন্য বলুন আর ব্যাঙ্কের অসহযোগিতার জন্য বলুন বন্ধ হয়ে গেল। এই ব্যাপারে তো মন্ত্রী মহাশয়ের দেখার দরকার আছে। এবারে আমি অন্য প্রসঙ্গে যাই। আমার এলাকায় শান্তিপুরে আপনারা জানেন, শুধু পশ্চিমবাংলার নয় ভারত বিখ্যাত বস্ত্রশিল্প রয়েছে। ইন্দিরা গান্ধী যখন বেঁছে ছিলেন তখন তিনি কৃষি এবং তাঁত শিল্পকে বেশি প্রাধান্য দিয়ে ছিলেন। তিনি তার ২০ দফা কর্মসূচির মধ্যে এই তাঁত শিল্পকে রেখেছিলেন। আজকে সেই হ্যান্ডলুম প্রোডাক্ট আস্তে আস্তে নষ্ট হয়ে যাবার উপক্রম হয়ে গেছে। এই তাঁত শিল্পে মূল ব্যাপার হল সুতো এবং এই সুতো কন্ট্রোল করছে বড়বাজার। এই জায়গাটা মাননীয় মন্ত্রী মহাশয়ের দেখার দরকার আছে বলে আমি মনে করি। আজকে স্পিনিং মিল যেগুলি আছে সেখানে যে পরিমাণ সুতোর দরকার সেটা যাতে সেখানে সরবরাহ করা হয় সেটা মন্ত্রী মহাশয়ের দেখার দরকার আছে। শুধু তাই নয় এই তাঁত শিল্পকে আরও বেশি করে উন্নত মানের করার জন্য সেন্ট্রাল গভর্নমেন্ট একটা স্কীম নিয়েছিল। এস ডি সি মধ্যে যে ডাইং সেন্টার আছে তারা কো-অপারেটিভে ইনভলমেন্ট হবে। সেই জায়গায় যে প্রথা পদ্ধতি সরকারের রয়েছে তাতে প্রকৃত যারা তন্তুজীবী তাদের উন্নতি সাধন হবে বলে মনে করি না। ডিস্ট্রিক্টে একটা মনিটরিং কমিটি করে দেওয়া হয়েছে, স্টেট লেভেলে একটা মনিটারিং কমিটি আছে। সেখানে গভর্নমেন্টের তরফ থেকে একজন রেজিস্টার নিয়োগ করা হয়। এই জায়গাটা আপনাকে দেখতে হবে। গভর্নমেন্টের তরফ থেকে যাকে রেজিস্টার হিসাবে নিয়োগ করা হয় তিনি একজন অনভিজ্ঞ মানুষ, তাঁত শিল্পের সাথে তিনি যুক্ত নয় পলিটিক্যাল মোটিভেটেড কতকগুলি মানুষকে এখানে নিয়ে গিয়ে বসিয়ে দেওয়া হচ্ছে। এই জিনিসগুলির ভাবার দরকার আছে। কেন সেখানে পিপলস রিপ্রেজেনটেটিভ প্রতিনিধিত্ব করবার সুযোগ পাবে না? ডিস্ট্রিক্ট মনিটারিং যে কমিটি আছে যার মাধ্যমে সেন্ট্রাল গভর্নমেন্টের এস ডি সি-র যে স্কীমগুলি আছে সেইগুলি ঠিক করে দিচ্ছে গভর্নমেন্ট রিপ্রেজেনটেটিভ, একজন রাজনৈতিক দলের লোক। সেখানে সি পি এম-এর লোকেদের প্রতিনিধিত্ব করবার জন্য পাঠিয়ে দেওয়া হচ্ছে। এই জায়গায় লোকাল যে [illegible] এম এল এ আছে কেন তাদের প্রতিনিধিত্ব থাকবে না? কংগ্রেস বা সি পি এম, আমি কোনও দলের কথা বলছি না, কোন দল সেটা বড় কথা নয়, সেখানে পিপল রিপ্রেজেনটেটিভ লোকাল এম এল এ কেন থাকবে না? আমি মনে করি এ বিষয়ে ভাবার দরকার আছে। এই বিষয়টা নিয়ে মাননীয় মন্ত্রী

[6-30 — 6-40 P.M.]

মহাশয়কে ভাববার জন্য অনুরোধ করব। এই ব্যাপারে তিনি কি করবেন আশা করি নিশ্চয়ই তার জবাবি ভাষণে বলবেন। স্যার, ১৯৮২ সালে শান্তিপুর একটা আর টি ডি সি, রিসার্চ অ্যান্ড ট্রেনিং ডিমোনস্ট্রেশন সেন্টার চালু হয়েছিল, এটি সেন্ট্রাল গভর্নমেন্টের একটি স্কীম, তাদের কাছ থেকে টাকা পাওয়ার পর কতকগুলো মেশিন আনা হয়েছিল ডিজাইন করার জন্য কতকগুলো মানুষকে সেখানে আনা হয়েছিল। আমরা দেখলাম কি সেখানে? শুধু তাই নয়, এই রকম একটি ইন্ডাস্ট্রিয়াল এস্টেট ছিল কল্যাণীতে। সেখানেও ট্রেনিং কাম ডিমোনস্ট্রেশন সেন্ট্রার ছিল, সেটিকে বন্ধ করে শান্তিপুর নিয়ে আসা হল। সেখানে টেষ্টিং মেশিন, ওয়াশিং

মেশিন রয়েছে, সুতা রং করার মেশিন রয়েছে। নতুন ধরনের যে পরিকাঠামো সবই সেখানে রয়েছে। কিন্তু আমরা দেখলাম যে, হঠাৎ করে ৮৫ সাল থেকে সেটি বন্ধ হয়ে রয়েছে। এত লক্ষ লক্ষ টাকা ব্যয় করে যে ট্রেনিং সেন্টার করা হল, সেটি শুধুমাত্র আপনাদের উদাসীনতার জন্য বন্ধ হয়ে রয়েছে। আপনি নতুন এসেছেন। অবশ্য আপনি এর আগে দীর্ঘদিন এই দপ্তরে ছিলেন। আপনি শান্তিপুরে আসুন। এই যে অর্থের অপচয় হচ্ছে এটি দেখার দরকার আছে। কারণ ওখানকার গরিব তন্তুজীবীদের প্রপার গাইডেন্স দেবার জন্য, উন্নতমানের টেকনিক্যাল গাইডেন্স দেবার জন্য যে চিন্তা কেন্দ্রীয় সরকার নিয়েছিলেন, আপনাদের কাছে এসে তা নষ্ট হয়ে যাচ্ছে। আমাদের যে সার্ভিস সেন্টার আছে, বিভিন্ন জায়গায় এই জিনিস আছে, আমি কিছুদিন আগে বিধানসভায় বলেছিলাম, উইভার যারা আছে তাদের কতকগুলো প্রপার গাইডেন্সের দরকার আছে। বর্তমানে যুগ পাল্টাচ্ছে। নতুন নতুন ডিজাইন আসছে। ফুলিয়াতে, নদীয়ার শান্তিপুরে নতুন নতুন ক্রেতা আসছে, জিনিসপত্র বাইরে যাচ্ছে। তাদের সঙ্গে পাল্লা দিতে গেলে উন্নতমানের কাপড় আমাদের তৈরি করতে হবে। বিহারে যেমন মধুবনিতে আছে, ভাগলপুরে আছে সেখানে উইভার সেন্টার আছে, উইভাররা সেখানে থেকে ট্রেনিং পায়, প্রপার গাইডেন্স পায়। এই যে ব্যাপারগুলো সেখানে আছে, অন্যান্য জায়গায় আছে, সেখানে আমাদের পশ্চিমবাংলায় কি আছে? এখানে কলকাতার মতো জায়গায়, কলকাতার বুকে একটা অফিস খুলে রেখেছেন। সেখানে সুদূর নর্থ বেঙ্গল থেকে, নদীয়া, বর্ধমান থেকে মানুষ আসবে এই ব্যবস্থা রেখেছেন। অন্য রাজ্যে যদি দুতিনটি করে থাকতে পারে, আমি মনে করি, শান্তিপুর যেটি তন্তুজীবী অধ্যুষিত এলাকা, যেখানে পরিবেশ আছে, বাইরে থেকে শান্তিপুরে, ফুলিয়ায় লোক আসছে, সেখানে অন্য জায়গায় যেমন উইভার সেন্টার আছে, তেমনি করে উইভার সেন্টার ওখানেও করা. দরকার। আপনি নিশ্চয়ই এই চিন্তা-ভাবনা করবেন। তন্তুজীবীদের স্বার্থে কতকগুলি পদক্ষেপ নিয়ে আমাদের এগোতে হবে। এখানে সৌগতবাবু খাদি শিল্পের কথা বলছিলেন। খাদি শিল্পের কথায় আমি বলি, আমরা বছরে ৯০ দিন রিবেট পাই। ৩৫ পারসেন্ট যে রিবেট পাই, তার ২৫ পারসেন্ট সেন্ট্রাল গভর্নমেন্ট দেয়। সেটা তারা সরাসরি খাদি বোর্ডকে দেয়। আর রাজ্য সরকার খাদি বোর্ডকে দেয় ১০ পারসেন্ট। আজকে ৬ বছর ধরে ৬ কোটি টাকা তাদের যেটা রাজ্য সরকারের কাছে পাওনা রয়েছে, সেই টাকা খাদি ইনস্টিটিউশনগুলোতে আটকে রেখেছেন। তারফলে তাদের ওয়ার্কিং ক্যাপিটাল ঘাটতি হয়ে যাচ্ছে। শিল্পটি নষ্ট হয়ে যাবে এর ফলে ৬ বছর ধরে কেন রিবেটের ৬ কোটি টাকা স্টেটের শেয়ারটা আপনি আটকে রেখেছেন? আশাকরি, আপনি বিষয়টি নিশ্চিতভাবে দেখবেন। ক্ষুদ্রশিল্পগুলিকে আমাদের বাঁচিয়ে রাখা প্রয়োজন। গোটা পশ্চিমবাংলায় শিল্প হবে, শিল্প হবে বলে আমরা যে আওয়াজ শুনছি, এই ব্যাপারে আমাদের মনে রাখা দরকার যে, আমাদের যে ভিত ছোট শিল্প, এগুলিকে রাখা দরকার। আমাদের আরও অনেক শিল্প আছে যেমন, মাদুর শিল্প আছে, কাঁসা পিতল শিল্প আছে, যে শিল্পগুলির উপরে বহু মানুষ বেঁচে আছে। সরকারের কাছে আশাকরি, এই বিষয়ে প্রপার গাইডেন্স থাকবে। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[6-40 — 6-50 P.M.]

**শ্রী কমলাক্ষী বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের

ক্ষুদ্র এবং কুটির শিল্পের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী প্রলয় তালুকদার যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করছি। ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত বিভিন্ন প্রক্রিয়ার মধ্যে দিয়ে এবং বিভিন্ন সাহায্য এবং সহানুভূতির মধ্যে দিয়ে ক্ষুদ্র এবং কুটির শিল্পকে একটা জায়গায় আনা গেছে। যার ফলে বিরোধীদলের সদস্যরাও বিরোধিতা করেননি বলেছেন আগামীদিনে মন্ত্রীকে তারা শো-কজ করবেন। এই বামফ্রন্ট সরকারের সহযোগিতার মধ্যে দিয়ে আমরা এই শিল্পকে অনেকটা এগিয়ে নিয়ে যেতে পেরেছি। এই শিল্পকে এগিয়ে নিয়ে যাবার ক্ষেত্রে সবচেয়ে সহজ হয়েছে গ্রামেগঞ্জে জমি পাওয়ার ব্যাপার। বেকার ছেলেরা এই গ্রামেগঞ্জে নিজেদের ঘরে বসেই তারা কাজ করছে। আজকে তাদের বিভিন্ন ধরনের ট্রেনিং দেওয়ার ব্যবস্থা করা দরকার। বেশি করে ট্রেনিং পেলে তারা আরও বেশি করে জিনিসপত্র তৈরি করবে এবং লাভজনক ভাবে নির্দিষ্ট জায়গায় তারা বিক্রি করবে। বেশিরভাগ গ্রামে কৃষক পরিবারের ছেলে মেয়ে তারা ট্রেনিং পেলে পরে আরও বেশি করে হাটে বাজারে উপার্জন করতে পারবে। তবে এইসব শিল্প বেশি করে উন্নত করতে গেলে যে ধরনের প্রযুক্তি আমাদের দরকার, আমাদের সেই ধরনের প্রযুক্তি নেই। আমরা যতই চেষ্টা করি না কেন আমরা প্রযুক্তিগত দিক থেকে পিছিয়ে আছি। সুতরাং এইদিকটা একটু দেখতে হবে। তারপরে সৌগতবাবু যে কথা বলেছেন যে, ক্ষুদ্র এবং কুটির শিল্প ও বৃহৎ শিল্প দুটোকেই একসঙ্গে জড়িয়ে রাখতে হবে। এই দুটো শিল্পই অঙ্গাঙ্গিকভাবে জড়িত, সুতরাং এইসব শিল্প আরও যাতে বেশি করে তৈরি হয় সেইদিকে দৃষ্টি দিতে হবে। তারজন্য আরও বেশি করে ট্রেনিংয়ের দরকার। মাননীয় মন্ত্রী বলেছেন যে, দুটো জায়গায় ট্রেনিং সেন্টার খোলা হবে। আমার মনে হয় ওটাই যথেষ্ট নয়, প্রত্যেকটি জেলাতে জেলাতে ট্রেনিং সেন্টার খোলার দরকার এবং তাদেরকে ট্রেনিং দেওয়ার দরকার। বেকার যুবক-যুবতীরা যারা ইন্ডাস্ট্রি করতে চায়, তাদের সাধ্যের মধ্যে এবং ক্ষমতার মধ্যে তারা ইন্ডাস্ট্রি করতে চায়, সেক্ষেত্রে তাদের যদি একটু ট্রেনিং দেওয়ার ব্যবস্থা করা যায় তাহলে আরও বেশি করে তারা ছোট ছোট ইন্ডাস্ট্রি করতে পারবে। গ্রামের বেকার ছেলেরা এবং মেয়েরা ঘরে বসে সেলাই শিখে জামা কাপড়, পোশাক পরিচ্ছদ তৈরি করে হাওড়া হাটে বা কলকাতার হাটে এসে বিক্রি করছে। তারা রাত ৪টের সময়ে বা ৩টের সময়ে উঠে এখানে আসে বিক্রি করতে। সেখানে আরও বেশি করে তাদের ট্রেনিং দেওয়ার দরকার। তাছাড়া যারা হ্যারিকেন নিয়ে জামা সেলাই করে তাদের জামা সেলাই করতে অনেক শ্রমিকের দরকার হয় একজন পকেট সেলাই করে, একজন কাটে ইত্যাদি। সুতরাং প্রত্যেককে ভালো করে ট্রেনিং দেওয়ার দরকার। এই বিষয়ে মন্ত্রী বিশেষ নজর দেবেন। আমি আর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করব। এই বাজেটের মধ্যে দিয়ে আগামী দিনে পশ্চিমবাংলার ক্ষেত্রে কুটির শিল্পের জোয়ার আসবে, এই জোয়ারের পরিপ্রেক্ষিতে সমস্ত এলাকায় যাতে যুবকদের ট্রেনিং এর সুযোগ করে দিতে পারেন তাহলে আমার এলাকায় বেকার যুবকদের মনে ও মুখে হাসি ফুটবে, আমি এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট প্রস্তাবকে সমর্থন করে এবং যে যে বিষয়গুলি বলেছি সেইগুলি বিবেচনা করবেন এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মন্ত্রীর যে ব্যয় বরাদ্দ এখানে উপস্থিত হয়েছে তাকে বিরোধিতা করে এবং আমাদের দলের সদস্যদের যে কাটমোশনগুলি আছে তাকে সমর্থন করে আমার বক্তব্য

রাখছি। প্রথমে বলি আমি বিরোধিতা করছি তার কারণ হচ্ছে পশ্চিমবঙ্গে কৃষিকার্য বাদ দিয়ে তাঁত শিল্পে সবচেয়ে বেশি লোক কাজ করে। সরাসরি ৩ লক্ষের মতো মানুষ আছেন যারা তাঁত বোনেন এবং আরও ৪ লক্ষ মানুষ আছেন যারা তাঁত শিল্পের সঙ্গে জড়িত আছেন। অর্থাৎ ৭ লক্ষ মানুষ এই শিল্পের সঙ্গে যুক্ত হয়ে তারা জীবিকা নির্বাহ করেন। পশ্চিমবঙ্গ সরকার শিল্পায়ন এর কথা ভাবতে গিয়ে ক্ষুদ্র শিল্পের কথা বিস্মৃত হয়ে গেছেন। পশ্চিমবঙ্গে যে তাঁত শিল্প, সেই শিল্পের সমবায়ের নাম করে রাজনৈতিক স্বার্থকে চরিতার্থ করার জন্য কিছু মানুষের আখড়া সেখানে হয়ে গেছে। সমবায় সমিতির নাম করে যে সমস্ত ভুয়া প্রতিষ্ঠানগুলি তৈরি হচ্ছে রাজনৈতিক স্বার্থকে চরিতার্থ করার জন্য তারা প্রাধান্য পাচ্ছে, মূলত যারা তাঁতী তারা এই সাহায্য পাচ্ছেন না এই কারণে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যারা প্রকৃত তাঁতী যারা এই সমস্ত সমবায় সমিতিতে অন্তর্ভুক্ত হতে চান না, বিভিন্ন কারণে তারাও যাতে সরকারের সাহায্য পান এবং সাহায্য পেয়ে বেঁচে থাকতে পারেন সেই ব্যাপারে তারা যেন লক্ষ্য রাখেন। আর একটি বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই, কটন অ্যান্ড ইয়ার্ন মনিটারিং কমিটি, যে কমিটির মাধ্যমে সরকার নির্ধারিত মূল্যে তাঁতীদের এবং সমবায় সমিতিগুলিকে সুতো সরবরাহ করা হয় সেই কমিটিও রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার জন্য তৈরি করা হয়েছিল, সেই কমিটিতে যারা প্রকৃতপক্ষ এক্সপার্ট লোক, তাদের কোনও সদস্য নেই, আমি দাবি করছি অন্তত পক্ষে যারা এক্সপার্ট তাদের সাহায্য করা হোক এবং তার সঙ্গে সঙ্গে সিটুর প্রতিনিধি না রেখে বিভিন্ন ট্রেড ইউনিয়ন যারা এই শিল্পের সঙ্গে যুক্ত এই সমস্ত ট্রেড ইউনিয়ন প্রতিনিধিদের এই কমিটিতে অন্তর্ভুক্ত করা হোক এবং যাতে নিরপেক্ষ ভাবে এই কমিটি সুতো সরবরাহ করার ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করতে পারে সেটা দেখতে হবে। আমরা দেখছি, এই কমিটি সাধারণত একজন কিম্বা দুইজন মানুষকে নিয়ে গঠিত হয়, তার সঙ্গে সরকারের প্রতিনিধিরা থাকেন, এদের মাধ্যমে বিভিন্ন জায়গায় তাঁতীদের সুতো সরবরাহর ক্ষেত্রে ব্যাপক দুর্নীতি আশ্রয় পায়। শুধু তাই নয়, তাঁতীরা যে সমস্ত সুতো পাওয়ার জন্য যান, এদের সঙ্গে কমিটির মানুষেরা দুরব্যবহার করেন। আমরা আর একটি জিনিস লক্ষ্য করে দেখেছি। সমবায় সমিতির মাধ্যমে যেখানে তাঁতের উৎপাদিত বস্ত্র বিক্রি হয় সেই তন্তুজে যে সমস্ত লোকাল পারচেজ সেন্টার আছে সেগুলি দুর্নীতিতে ভরে যাওয়ার ফলে অনেক জায়গাতে তাঁত বস্ত্র উৎপাদিত না হওয়া সত্ত্বেও, উৎপাদন দেখিয়ে দিয়ে সাবসিডি মেরে দেওয়ার একটা জায়গা হয়েছে। আমরা দেখেছি, ভারত সরকারের জনতা শাড়ির যে প্রকল্প ছিল, সেই প্রকল্প থেকে সরে এসে একটা নতুন তাঁত উন্নয়ন কেন্দ্র বলে যে প্রকল্প গ্রহণ করেছেন, সেই প্রকল্পর মাধ্যমে, মূলধন সহ ইমপুট যোগাড় দেওয়া, কাঁচামালের যোগান দেওয়া নিকাশি উন্নয়ন রজকের ব্যবহার এবং উৎপাদিত বস্ত্র যাতে বিক্রি করার ব্যবস্থা হয় তার জন্য যে সমস্ত ব্যবস্থা গ্রহণ করেছেন, তার প্রকৃত সদ্বব্যবহার করার নীতি এইগুলির ক্ষেত্রে রাজনৈতিক স্বার্থকে চরিতার্থ করার জন্য যে অবস্থার সৃষ্টি হয় তাতে প্রকৃত তাঁতীরা উপকৃত হন না।

আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছ অনুরোধ করব, যে সমস্ত সুযোগ-সুবিধা আছে তা যাতে প্রকৃত তাঁতীরা পান তার দিকে দৃষ্টি দিতে হবে। তাঁতশিল্পের সঙ্গে যে সমস্ত মানুষ যুক্ত আছেন বিভিন্ন ক্ষেত্রে তারা দুরারোগ্য ব্যধিতে আক্রান্ত হন। তাদের চিকিৎসার সেই

রকম কোনও সুযোগ সুবিধা নেই। তাঁতশিল্প যে সমস্ত জায়গায় গড়ে উঠেছে, সেখানে তাঁত শ্রমিকদের চিকিৎসার জন্য কোনও ব্যবস্থা গ্রহণ করা যায় কিনা সেটা দেখবেন। তাঁত শিল্প অধ্যুষিত এলাকায় তাঁত শ্রমিকরা বিভিন্ন রকম রোগে আক্রান্ত হচ্ছে, তুঁতের জল থেকে নানা রকম চর্মরোগ হচ্ছে। আমরা দেখলাম মাননীয় মন্ত্রীমহাশয় তার বাজেট বক্তৃতায় বলেছেন, তাঁত শ্রমিকরা বার্ধক্য ভাতা পান। এই ক্ষেত্রে রাজনৈতিক স্বার্থের উর্দ্ধে উঠে, বার্ধক্য ভাতা না দেওয়ার ফলে প্রকৃত তাঁতীরা উপকৃত হতে পারছে না। ক্ষুদ্রশিল্প কেন রুগ্ন হচ্ছে এটা নির্ণয় করার জন্য আপনার দপ্তর একটা কমিটি গঠন করেছিল, পশ্চিমবঙ্গ শিল্প নিগম কমিটির চেয়ারম্যানকে নিয়ে। এই চেয়ারম্যান শুধু কয়েকটি মিটিং করা ছাড়া আর কিছু করেনি। তিনি কোনও আলোচনা করেননি, যে এলাকায় এই ক্ষুদ্র কুটির শিল্প আছে সেই ক্ষুদ্র কুটির শিল্পগুলো কেন রুগ্ন হচ্ছে সেই সম্পর্কে তিনি বাস্তবে কোনও চিন্তা করেননি। কোনও পর্যালোচনা করেননি। যেখানে যেখানে তাঁতশিল্প গঠিত হয়েছে সেই এলাকায় গিয়ে অবস্থা পর্যালোচনা করে এই কমিটি যাতে ব্যবস্থা গ্রহণ করে তার জন্য আমি অনুরোধ করব। আরও একটি ব্যাপার আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যে সমস্ত সমবায় সমিতিগুলো আছে, তারা বিভিন্ন কারণে রুগ্ন হয়ে পড়েছে, শিল্পীরা সেখানে মজুরি পান না। তাদের হাতে রুক্কা ধরিয়ে দেওয়া হয়। আবার কিছু কিছু ফোড়ে আছে তারা তাঁতশিল্পীদের কাছে থেকে রুক্কা কিনে নেন। তাদের শ্রমের বিনিময়ে অর্জিত পয়সা ঠিকমতো পান না। সেই রুক্কা যাতে মিডিলম্যানদের হাতে না চলে যায় তার জন্য সমবায় সমিতি গঠন করা দরকার। এই কথা বলে এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6-50 — 7-00 P.M.]

**শ্রী তিমিরবরণ ভাদুড়িঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সম্মানীয় প্রলয়বাবু যে বাজেট আমাদের কাছে রেখেছেন তা অত্যন্ত গর্বের এবং পশ্চিমবঙ্গের মানুষের এবং আমাদের কাছে অত্যন্ত আনন্দদায়ক। প্রলয়বাবুকে আমরা এর আগেও পেয়ে তার অ্যাকটিভিটিস, গভীরতা, চিন্তাধারা, যেভাবে ক্ষুদ্রশিল্পকে সামগ্রিকভাবে রূপ দেওয়ার চেষ্টা করেন তা সত্যিই প্রসংশনীয়। আজকে আমি ব্যক্তিগতভাবে অত্যন্ত আনন্দিত এবং পুলকিত। আজকে বাজেট আলোচনায় সময় বিরোধী দলের সৌগত বাবু বক্তব্য রাখতে গিয়ে আমাদের নীতিকে খানিকটা সমর্থন করেও আবার বিরোধিতা করলেন। ঠাকুমার কাছে গল্প শুনেছিলাম, রত্নাকর দস্যু হারাম করতে করতে রাম রাম, মুখ দিয়ে বেরিয়ে এসেছিল। আগামী দিনে প্রলয়বাবুর বাজেট দেখে তারা রাম, রাম উচ্চারণ করবেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রলয়বাবু সত্যি কথা বলেছেন এবং প্রশ্নোত্তর পর্বে বলেছেন ৬৫ হাজার শিল্প বন্ধ ও রুগ্ন হয়েছে বিভিন্ন কারণে। তার জন্য উনি ফিল করেছেন একটা কমিটি করে সমস্ত তথ্য জেনে নিশ্চয় তার কাছে আশা করব রোগ তিনি নির্নয় করবেন। সেই সমস্যার সমাধান করবেন। প্রলয়বাবুকে আরও বাস্তববাদী হতে হবে। বেলডাঙ্গায় কেন্দ্রীয় সরকারের সহায়তায় একটা এইচ এম টি কারখানা গড়ে উঠেছিল। বিল্ডিং হল, ইনফ্রাস্ট্রাকচার তৈরি হল, ইলেকট্রিফিকেশন দেওয়া হল কিন্তু সেই শিল্প আজও হল না। এইচ্ এম টির

প্ল্যান অ্যান্ড মেশিনারি সমস্ত কিছু দেওয়া সত্ত্বেও কেন সরকার সেটা চালু করলেন না, এটা আজও আমার কাছে অজ্ঞাত। সেই স্কীমের মূল বক্তব্য প্রশিক্ষণ এবং প্রোডাকশন। আমাদের যে বেকার সমস্যা সেই বেকার সমস্যা সমাধানে যদি আন্তরিকভাবে চেষ্টা করি তাহলে ক্ষুদ্র কুটির শিল্পের একটা পদক্ষেপ যা দিয়ে বেকার সমস্যার সমাধানের জায়গায় যেতে পারব। প্রলয়বাবু গুরুত্বপূর্ণ বয়ন শিল্পের কথা বারবার বলেছেন। আমি তার কাছে আবেদন করব বিভিন্ন কলেজে বামফ্রন্ট সরকার বৃত্তিমূলক শিক্ষা দেওয়ার জন্য যখন নানাভাবে মেনে নিয়েছে, বয়ন শিল্পে বিশেষ করে কৃষিজাত শিল্পকে আরও উন্নত করার জন্য কৃষিকে শিল্পে নিয়ে আসার জন্য মুখ্যমন্ত্রী বারবার বলেছেন। আমার মনে হয় বয়ন শিল্পে এই ধরনের প্রশিক্ষণ দিলে ভাল হবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার কিছু বলার দরকার ছিল কিন্তু আমার সময় নেই। মাননীয় প্রলয়বাবু পাদুকা শিল্পের কথা বলেছেন। আমার এলাকায় বেলডাঙ্গায় ফটগাছিতে বেকার ছেলেদের নিয়ে একটা চর্ম শিল্প করা হয়েছিল। ভারতবর্ষের মতো জায়গায় বিভিন্ন রাজ্য থেকে চামড়ার আমদানি হয়। সেই কারণে আমার সেখানকার বেকার ছেলেদের দিয়ে আমরা চর্মশিল্পের কারখানা করেছিলাম। কিন্তু সেটা বন্ধ হয়ে আছে। ব্যাঙ্কের আন্ডার ফিনান্সের জন্য সমস্ত শিল্প মার খাচ্ছে। প্রলয়বাবু পশ্চিমবঙ্গ স্বর্ণ শিল্পকে অগ্রাধিকার দেওয়ার জন্য চেষ্টা করে যাচ্ছেন। প্রলয়বাবুকে করজোড়ে আবেদন করব, বঙ্গীয় স্বর্ণশিল্পে যারা আছেন তাদের স্বার্থ যাতে রক্ষিত হয় তিনি যেন সেটা দেখেন। এই কথা বলে আমাদের প্রস্তাবকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[7-00 — 7-10 P.M.]

**শ্রী আকবর আলি খোন্দকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আজকে যে ক্ষুদ্র ও কুটিরশিল্প বিভাগের যে বাজেট পেশ হয়েছে সেই বাজেটের বিরোধিতা করে এবং কংগ্রেস দলের পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে সেই কাট মোশনের সমর্থনে দুই-চারটি কথা বলতে চাই। রৌদ্র তাপে শাকসব্জি থেকে শুরু করে সব মানুষ যখন মারা যাওয়ার পথে চলে যায় ঠিক তেমনি ভাবে বেকারত্বের জ্বালা যে জায়গায় পৌঁছে গেছে সেই জায়গায় কুটির শিল্প শেষ হতে চলেছে। এ ব্যাপারে মাননীয় বিধায়ক শ্রী অজয় দে এবং মাননীয় বিধায়ক শ্রী সৌগত রায় তথ্য পরিসংখ্যান দিয়েছেন। আমি গ্রামের সাধারণ মানুষ। গ্রামের কোনও হায়ার সেকেন্ডারি পাশ করা ছেলে যদি জওহর রোজগার যোজনা প্রকল্পের জন্য ১ লক্ষ টাকা লোন আনতে যায় তাহলে প্রথমে তাকে দরখাস্ত করতে হয় ডি আই সির কাছে। তারপর তাকে একবার যেতে হবে পঞ্চায়েত সমিতির প্রধানের কাছে, আরেকবার গ্রাম পঞ্চায়েতের সভাধিপতির কাছে, আরেকবার বিডিও-র কাছে। তারপর ব্যাঙ্ককে যেতে হবে। সেখানে গেলে বলবে এই কাগজ ঠিক নেই, অমুক কাগজ নিয়ে এস। তারপর সেই কাগজ নিয়ে গেলে বলবে এটা নয়, অন্য কাগজ। বিডিও সপ্তাহে একদিন অফিসে থাকেন। বাকি ৬দিন তিনি কোথায় থাকেন জানা যায় না। আপনি যদি সত্যিকারের প্রলয় তালুকদার হয়ে থাকেন তাহলে আপনি প্রলয়ের মতো পশ্চিমবঙ্গের কুটিরশিল্পকে উন্নতির পথে তুলে আনুন। এবার পশ্চিমবঙ্গে তাঁত শিল্পের কথায় আসি। পশ্চিমবঙ্গের তাঁত শিল্পের

জন্য কেন্দ্রীয় সরকারের টাকা আপনারা নিচ্ছেন কিন্তু সেই টাকাগুলো আপনারা দুই হাতে উড়িয়ে দিচ্ছেন। সেই টাকা পশ্চিমবঙ্গ থেকে ফেরত চলে যাচ্ছে। আপনারা এইচ ডি সি করলেন, কেন্দ্রীয় সরকার বললেন ৪৮৬টা হবে। কিন্তু ৪৮৬ টার মধ্যে গত ২৩-৪-৯৬ পর্যন্ত দেখলাম ১৩৫টা হয়েছে। নিয়ম ছিল আমাদের ২৫০টা তাঁত থাকবে কিন্তু রাজ্য সরকার বললেন ২৫০টায় পারছি না, ওটা ১৫০ এ নিয়ে এসো। এরপর তারা বললেন ১৫০টা পারছি না। ৫০ এ নিয়ে এসো। সেন্ট্রাল গভর্নমেন্ট ৪৮০টার অনুমোদন দিলেন, সেটা আজকে হল ১৩৫। একটা স্কীমে ২৭ লক্ষ টাকা দেওয়ার কথা ছিল। সেই টাকা দেওয়া হল, কিন্তু বাকি টাকা পশ্চিমবঙ্গ থেকে ফেরত গেল। আমার বিধানসভা কেন্দ্র চণ্ডীতলা, সেখানে বেগমপুর নামে একটা গ্রাম আছে। বেগমপুর গ্রামের বাসিন্দাদের ৯০ পারসেন্ট হচ্ছেন তাঁতী। আমার সঙ্গে বহু তাঁতীর যোগাযোগ আছে। যদি আপনারা আমার সঙ্গে সেই গ্রামে যান তাহলে দেখবেন তাঁতীদের কি করুণ অবস্থা। মাননীয় জ্যোতিবাবু পাঁচ-সাত বছর আগে একবার বেগমপুরে গিয়ে সভা করেছিলেন। সেদিন তিনি বেগমপুরের তাঁতীদের কথা বলেছিলেন। কিন্তু এখন তিনি মনে হয় সেই গরিব তাঁতীদের কথা ভুলে গেছেন। আজকে রাজ্য সরকার ১০০টা তাঁত নিয়ে একটা কো-অপারেটিভ করেছেন। ৭৩টা সমিতির জন্য ৭৩০০ তাঁত এবং সেড কেনার জন্য টাকা প্রদান করেছেন কিন্তু বেশির ভাগ ক্ষেত্রে দেখা গেছে ৫০ পারসেন্ট টাকা ব্যয় করা হয়েছে এবং বাকি টাকা আত্মস্মাৎ করেছে। হুগলি জেলায় দুটো তাঁত কেনার কথা বলে ৭টা সমিতিকে ৭৭০ করে টাকা দেওয়া হয়েছে। ন্যাবার্ড ঋণের ক্ষেত্রে শাসক দলের লোকদের দেওয়া রিপোর্ট দিয়ে টাকার অনুমোদন করা হচ্ছে। এক্ষেত্রে দেখা যাচ্ছে হুগলি জেলায় ঐ টাকা বলাগড় ব্লক প্রাইমারি উইভারস কো-অপারেটিভ এবং জাঙ্গীপাড়া ব্লক প্রাইমারি উইভারস কো-অপারেটিভ এই দুটো কো-অপারেটিভ আত্মসাৎ করে দিয়েছে। এবং, দেখা যাচ্ছে, যেখানে অন্য মনোভাবাপন্ন দলের লোকেরা, যেমন রসিদপুর ইউনিয়ন কো-অপারেটিভ, সেখানে কোনও টাকা অনুমোদন দেওয়া হচ্ছে না। বেগমপুরের অবস্থা বলব। রাজ্য সরকারের পক্ষ থেকে এই বিষয়ে একটা বই দেওয়া হয়েছে। কিন্তু পাওয়ার লুম, হ্যান্ডলুম নিয়ে বেগমপুরে তিন বছর আগে গুলি চলেছে, দাঙ্গা চলেছে। আপনারা বলছেন তাঁত শিল্পিদের বাঁচিয়ে রাখতে হবে। তারা আজ গাইড লাইন না পেলে অসহায়। নকশা দিয়ে তাঁতীরা শাড়ি তৈরি করে, তা দিয়ে পাওয়ালুমও তৈরি করছে। বেগমপুরে চারটে স্যাম্পেল দেওয়া হয়েছে, তার মধ্যে ৩টেই পাওয়ালুমে ধরা পড়েছে। হ্যান্ডলুম পাওয়ালুমের লড়াইয়ে পুলিশ গুলি চালিয়েছে, লাঠি চলেছে, টি আর গ্যাস চলেছে, সেই মামলা এখন হাইকোর্টে চলছে। কিছুদিন আগে সেই গরিব তাঁতীদের গ্রেপ্তার করা হয়েছিল, হাইকোর্ট থেকে জামিন করা হয়েছে। হুগলি, মেদিনীপুর, বর্ধমান, নদীয়ায় তাঁত শিল্পীরা মৃতপ্রায় অবস্থায় পৌঁছেছে। হ্যান্ডলুমে একটা কাপড় তৈরি করতে ৮ ঘণ্টা সময় লাগছে, দুজন লোক লাগছে, আর সেটা বিক্রি হচ্ছে ৩২ টাকায়। সেখানে পাওয়ার লুমে ৮ ঘণ্টায় মধ্যে ৬/৮ টা কাপড় তৈরি হয়ে যাচ্ছে। পাওয়ার লুম তার পথে চলবে চলুক, কিন্তু হ্যান্ডলুমের দিকেও সরকারের যথাযথ দৃষ্টি দেওয়া প্রয়োজন। গরিব এই সব তাঁত শিল্পীরা যে অসহায়, কঠিন অবস্থার মধ্যে পড়েছে, তা থেকে তাদের উদ্ধারের ব্যবস্থা করার জন্য সরকারের কাছে অনুরোধ করছি। পরিশেষে আমাদের দলের পক্ষ থেকে আনা কাট মোশন সমর্থন করে এবং এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা সবাই জানি, সূর্যের তাপে যেমন আলবাল সব শুকিয়ে যায়, ঠিক তেমনি মুক্ত অর্থনীতির ফলে, এক চেটিয়া পুঁজির ফলে আমাদের রাজ্যের কুটির শিল্পগুলি ক্রম-ক্ষয়িষ্ণুতার শিকার হচ্ছে। ৬৫ হাজার রুগ্ন কুটির শিল্পের কথা আমরা জানি। শিল্পগুলি কেন রুগ্ন হয়ে যাচ্ছে, সেটা দেখার জন্য সেনসাস কমিটি তৈরি করার প্রস্তাব আছে। এটা জেলা ভিত্তিক করার কথা আমরা বলছি। এর সাথে কোথায় কোথায় নতুন শিল্প স্থাপনের সম্ভাবনা আছে, তাও খতিয়ে দেখতে হবে। আমরা জানি, জনতা কাপড় গরিব, মধ্যবিত্তের পরার কাপড়। এই কাপড় তৈরি করতেন বাংলার তন্তুজীবীরা। বিগত কংগ্রেস সরকার ভরতুকি বন্ধ করার ফলে সেটা বন্ধ হয়ে গেছে। এবং কৃত্রিম সুদ-আমানত বন্ধ হওয়ার ফলে বাজার নষ্ট হচ্ছে এবং এই রাজ্যে হ্যান্ডলুমের স্থান পাওয়ার লুম নিয়ে নিচ্ছে। এদের ভরতুকি দেওয়ার জন্য সরকারকে অনুরোধ করব। ৪০ নং ৬০নং সুতোর ভরতুকি না দিলে এদের টিকিয়ে রাখতে পারবেন না। দেখা যাচ্ছে অন্যান্য রাজ্যে ব্যাঙ্কগুলো তাদের আমানতের যতটা বিনিয়োগ করছেন, আমাদের এখানে তা করছেন না-এর জন্য কেন্দ্রীয় সরকার দায়ী। মহারাষ্ট্রে ৮০ ভাগ, গুজরাটে ৮০ ভাগ বিনিয়োগ করছে, অথচ আমাদের পশ্চিমবাংলায় মাত্র ৪২ ভাগ বিনিয়োগ হয়। বিড়ি শ্রমিকদের দুর্দশার কথা সবাই জানেন। কেন্দ্রীয় সরকারের নীতি এক্ষেত্রে দায়ী। মিনি সিগারেটের লাইসেন্স বাতিল না করলে পশ্চিমবঙ্গে বিড়ি শিল্প নষ্ট হবে এবং এর সঙ্গে যুক্ত প্রায় এক কোটি মানুষের জীবিকার প্রশ্ন, তারাও ধ্বংস হবে। আমাদের মালদা, মুর্শিদাবাদের তসর-শিল্প খুবই সুন্দর ছিল। কিন্তু সেটা আজকে সাউথ-বেঙ্গল অধিকার করে নিয়েছেন। স্যার, আমার সময় খুবই কম এবং সেটা শেষ হয়ে গেছে তাই মাননীয় মন্ত্রীমহাশয়কে সমস্যার সমাধানের জন্য আবেদন করে এবং বাজেটকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি ধন্যবাদ।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয় যে, ১০৪,০০,৪৬,০০০ টাকার বরাদ্দের দাবি উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন জানিয়ে বক্তব্য রাখছি। আমরা জানি, এই ক্ষুদ্র ও কুটির শিল্প বেকার মানুষের সর্মসংস্থান করার ক্ষেত্রে, গ্রামের অর্থনীতির সার্বিক বিকাশ করার ক্ষেত্রে এবং দেশের অর্থনৈতিক পরিবর্তন করার ক্ষেত্রে একটা বিরাট ভূমিকা পালন করে থাকে। বিশেষ ভাবে আমরা যদি বেকার সমস্যার কথা ভাবি তাহলে আমার নিঃসন্দেহে এই ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তর যাতে প্রসার লাভ করে সেদিকে দৃষ্টি দেব এবং সে বিষয়ে বর্তমান বাজেটে দৃষ্টি দেওয়া হয়েছে। কিছুদিন আগে একটা স্টেশনে একজন বাউলের গান শুনছিলাম। এক শিক্ষিত বেকার বাউল গান করছিল—'বেকারের জ্বালা আমরা কিছুটা বুঝেছি, বেকার যারা মরণ ভালো ও সংসারেতে, বেকার জ্বালা বিষয় জ্বালা পারি না সইতে'। এই বেকার সমস্যার সমাধানের জন্য আমাদের ক্ষুদ্র ও কুটির শিল্প বিভাগ যে ব্যবস্থা নিয়েছে, যে বরাদ্দ বাড়াবার ব্যবস্থা নিয়েছে তা যদি ঠিক মতো আমরা করতে পারি তাহলে এই ক্ষেত্রে প্রভূত উন্নতি করা সম্ভব হবে। অতীত দিনে যেমন রূপায়ণ করার ব্যবস্থা নেওয়া হয়েছে সেই রকম ব্যবস্থা যদি নেওয়া যায় তাহলে অর্থনৈতিক উন্নতির সঙ্গে সঙ্গে বেকার সমস্যারও উন্নতি হবে। তাছাড়া দেখতে পাচ্ছি, এ বছরে কুটির শিল্পের বিকাশ করার জন্য নানাভাবে কতকগুলো ক্ষেত্রে কর ছাড়ের ব্যবস্থা রয়েছে। বিশেষভাবে আমরা বলতে পারি ক্যালকাটা মেট্রোপলিটন এলাকার মধ্যে যে কুটির

শিল্প গড়ে উঠেছে তাতে কর ছাড়ের ব্যবস্থা করা হয়েছে তিন থেকে পাঁচ বছর। তাছাড়া আমরা দেখতে পাচ্ছি, হ্যারিকেন এবং কেরোসিন ল্যাম্প এ এন কর ছাড়ের ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া লেদার কমপ্লেক্স তৈরি করার জন্য, হোশিয়ারি শিল্প করার জন্য, তসর ইত্যাদির জন্য নানাভাবে ব্যবস্থা করা হয়েছে। এগুলো নিশ্চয় রূপায়িত হবে। তাই এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[7-10 — 7-20 P.M.]

**শ্রী প্রলয় তালুকদার ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, ৯ জন মাননীয় সদস্য এখানে বক্তব্য রেখেছেন। আমি প্রথমে কংগ্রেস সদস্যদের আনীত কাট মোশনের বিরোধিতা করছি। কারণ কংগ্রেস পক্ষ থেকে যারা বক্তৃতা দিলেন তাদের বক্তব্য এবং কাট মোশনের মধ্যে আকাশ-পাতাল ফারাক। আমি সমস্ত মাননীয় সদস্যদের কাছে আবেদন জানাব এই বাজেটকে আপনারা সর্বসম্মতি ক্রমে গ্রহণ করুন। দু-পক্ষের সদস্যরাই এখানে বলেছেন, আলোচনা বা সমালোচনা হয়েছে, এবং কনস্ট্রাকটিভ হয়েছে। এবং অনেক ভালো ভালো সাজেশন এসেছে। কুটির এবং ক্ষুদ্র শিল্প দপ্তরের পরিধি এবং বিশাল যে সমস্ত বক্তব্য, আলোচনার জবাব দিতে গেলে অনেক সময় লাগবে, রাত কাবার হয়ে যাবে। মাননীয় সদস্যদের বলব, তাদের নিজের নিজের এলাকার বা দপ্তর সম্বন্ধে যদি বক্তব্য থাকে তারা সব সময় আমার কাছে আসতে পারেন এবং বক্তব্য রাখতে পারেন। আমি চেষ্টা করব, যদি সম্ভব হয়। পশ্চিমবাংলার ৬ কোটি মানুষের জন্য যদি কিছুটা কাজ করতে পারা যায় এই দপ্তরের মাধ্যমে, তাহলে নিজেকে ধন্য মনে করব। ১০ পারসেন্টও যদি হয় তাহলে নিজেকে ধন্য মনে করব। ক্ষুদ্র ও কুটির শিল্পের সেনসাস হচ্ছে। স্মলস্কেল ইন্ডাস্ট্রির মধ্যে অনেক কিছু আছে, জেমস এবং জুয়েলারিও হচ্ছে, আবার অপর দিকে ইলেকট্রনিক্স ইন্ডাস্ট্রিও হচ্ছে স্মলস্কেল ইন্ডাস্ট্রি বা আমার দপ্তরের মধ্যে। কুটির শিল্পের সম্ভাবনা বেশ কিছু পরিমাণে নষ্ট হচ্ছে। সমস্যাটা কি? সমস্যাটা হচ্ছে ক্ষুদ্র ও কুটির শিল্প একা বেঁচে থাকতে পারে না। ক্ষুদ্র শিল্প হচ্ছে বড় শিল্পের অ্যানসিলিয়ারি ইন্ডাস্ট্রি অথবা ডাউন স্ট্রিম ইন্ডাস্ট্রি। বৃহত্তর শিল্পের সাথে যদি ক্ষুদ্র শিল্প এদের পরস্পরের মধ্যে যোগ না থাকে তাহলে ক্ষুদ্র শিল্প গড়ে উঠতে পারে না। হাওড়ার কথা সৌগতবাবু বলেছেন, হাওড়ায় ক্ষুদ্র শিল্প গড়ে উঠেছিল দ্বিতীয় বিশ্বযুদ্ধকে কেন্দ্র করে। রেলওয়ে এক্সপানসান এবং যুদ্ধকালীন যে ইঞ্জিনিয়ারিং শিল্পের বিকাশ তার ভিতর দিয়েই হাওড়ায় স্মলস্কেল ইন্ডাস্ট্রি গড়ে উঠেছিল। সেখানে কোনও প্ল্যান ওয়াইজ নয়, প্রয়োজনের ভিত্তিতেই গড়ে উঠেছিল। কিন্তু আজকে সেরকম কোনও পরিস্থিতি নেই। আজকে ক্ষুদ্র শিল্প গড়ে তুলতে গেলে আমাদের বিভিন্ন বড় শিল্প তাদের অ্যানসিলিয়ারি এবং ডাউন স্ট্রিম ইন্ডাস্ট্রির প্ল্যানে পড়তে হবে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর দক্ষিণ-পূর্ব এশিয়ার জাপান, সাউথ কোরিয়া, তাইওয়ান কুটির শিল্পের মডেল তৈরি করেছিল। দুর্ভাগ্য হচ্ছে আমাদের মতন দেশে যেখানে ৮টি পঞ্চবার্ষিকী পরিকল্পনা পরও আমরা সেভাবে কিছু করতে পারি নি এবং পশ্চিমবঙ্গে ঐতিহাসিক কারণেই দেশভাগের পর আমাদের বড় শিল্প যেটা আমাদের প্রাইম ইন্ডাস্ট্রি ছিল যেটা পশ্চিমভারতে স্থানান্তরিত হয়েছে। তার ফলে ক্ষুদ্র শিল্প মার খাচ্ছে। কি ওষুধ, কি ইলেকট্রনিক্স, সর্বক্ষেত্রেই আজকে আমরা চিন্তা করছি কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি দপ্তর আই টি সি তার সঙ্গে একযোগ ইনট্রিগ্রেটেড স্কীমে কাজ করতে পারি কি না। কাজ করতে

পারলে হলদিয়ায় যে মূল শিল্প আছে তার এমপ্লয়মেন্ট কম। কিন্তু তার সঙ্গে ডাউন স্ট্রিম ইন্ডাস্ট্রিতে এমপ্লয়মেন্ট লক্ষাধিক। মূল শিল্প যদি না হয় তাহলে ডাউন স্ট্রিম ইন্ডাস্ট্রি হবে না। তাহলেও ক্ষুদ্র ও কুটির শিল্পের কিছুটা পরিমাণে মানুষের মধ্যে চাহিদার পরিবর্তন হয়েছে। কুড়ি বছর আগে গ্রামের মানুষের যে চাহিদা যা ছিল বর্তমানে তা এক নয়। আজকে কৃষিতে আধুনিক প্রযুক্তি ব্যবহার হচ্ছে যেটা আগে ছিলনা। আগে ঢোঙা দিয়ে জল সেচ হত, এখন ট্রাক্টর, স্যালো চলছে। গ্রামের যে ১৮টি আইটেম আছে তার বাইরেও এবং সার্ভিস সেক্টরের বাইরেও আমাদের যেতে হবে। আমরা যেগুলি চিন্তা করছি সেক্ষেত্রে এন্টারপ্রেনারশিপ ইন্ডাস্ট্রি ডেভেলপমেন্টের ক্ষেত্রে শিক্ষা দেবার আছে। আমাদের আই টি আই থেকে অনেকে পাশ করে বেরুচ্ছে যাদের আমরা প্রধানমন্ত্রীর রোজগার যোজনা ইনকর্পোরেট করে মডার্ন ইন্ডাস্ট্রি তৈরি করতে চাই। ব্যাঙ্কের সাথে আমরা যাই নি। রাজনৈতিক কারণেও অ্যাপ্লিকেশন আটকানো হয়নি। ব্যাঙ্কের সাথে বসে আমরা স্কীম করছি। এ বছর ২২ হাজার টার্গেট কিন্তু আমরা ৩২ হাজার পাঠিয়েছি। সৌগতবাবু বললেন ৯ হাজার স্যাংশন হয়েছে কিন্তু ৯ হাজার স্যাংশন হবার পরও শেষ পর্যন্ত ব্যাঙ্ক দিয়েছে সাড়ে তিন হাজার লোককে। তাহলে এখানে পারসেন্টেজটা কত? আমরা সিদ্ধান্ত নিয়েছি প্রতি মাসে প্রাইম মিনিস্টার রোজগার যোজনা নিয়ে ব্যাঙ্কের সঙ্গে বসব। এবিষয়ে একটা মনিটারিং স্কীম আমরা তৈরি করেছি। আমাদের ডিপার্টমেন্ট হচ্ছে প্রোমোশনাল ডিপার্টমেন্ট, সমস্ত দপ্তরেই আমাদের যেতে হবে। কারও হয়ত ল্যান্ডের দরকার, তার জন্য তদ্বির করতে হবে। কারও হয়ত বিদ্যুতের সমস্যা আছে, তার জন্য বিদ্যুৎ দপ্তরকে বলতে হবে। কারও টাকার দরকার, তারজন্য ব্যাঙ্কের দরজায় যেতে হবে টার্ম লোনের জন্য। এটা আমাদের মনে রাখতে হবে যে, আমাদের দপ্তরের কেউ চাকরির প্রত্যাশা নিয়ে আসে না। যারা আমাদের দপ্তরে আসেন, তারা প্রত্যেকেই কিছু না কিছু করতে চান—তার মধ্যে দিয়ে তাদের নিজেদের যেমন এমপ্লয়মেন্ট হবে, তেমন আরও তিন চার জনের এমপ্লয়মেন্ট হবে। সুতরাং এ ক্ষেত্রে আমি সকলকে আশ্বস্ত করতে চাই যে, স্বভাবতই আমাদের দপ্তরে যারা আসবেন তারা যেন সেখানে একটু ভদ্র ব্যবহার পান, তা আমি দেখব, সেই নিশ্চয়তা আমি আপনাদের দিচ্ছি। কোনও রকম অভিযোগ এলে কড়া ব্যবস্থা নেব।

দ্বিতীয় কথা এখানে উঠেছে যে, রেজিস্ট্রেশনের সংখ্যা কমছে। হ্যাঁ কমছে। এই জন্য কমছে, স্মল স্কেল-এর রেজিস্ট্রেশন এখন আর কম্পালসারি নয়, এটা হচ্ছে অপশনাল, স্বেচ্ছাধীন। ১৯৮৫ সালে আমি যখন মন্ত্রী ছিলাম তখন রেজিস্ট্রেশন এখনকার চেয়ে বেশি ছিল। এখন অনেক কম। তখন র'মেটিরিয়াল সরকারের পক্ষ থেকে কোটা মেনে দেওয়া হত। র-মেটিরিয়াল না পেলে ইন্ডাস্ট্রির পক্ষে চলা সম্ভব ছিলনা। তখন রেজিস্ট্রেশন ছাড়া সরকারের কাছে কোটা অনুযায়ী র-মেটিরিয়াল চাওয়া যেত না। এখন র-মেটিরিয়াল ডি-সেন্ট্রালাইজ হয়ে গেছে। আজকে র-মেটিরিয়াল হার্ড কোক, সিমেন্ট ইত্যাদি খোলা-বাজারে ছেড়ে দেওয়া হয়েছে। তারপর ব্যাঙ্ক লোনের জন্য রেজিস্ট্রেশনের দরকার হয়, কিন্তু কারও যদি নিজস্ব পুঁজি থাকে, তাহলে তার আর তা দরকার হচ্ছে না। তার আমাদের দপ্তরে আসারও কোনও দরকার হচ্ছে না। সে নিজেই সমস্ত কিছু ব্যবস্থা করে নিচ্ছে। আর যার সেই সঙ্গতি নেই, সে রেজিস্ট্রেশন নিচ্ছে এবং আমাদের এসে বলছে, 'আমার জন্য একটু তদ্বির করুন। আমরা সব রকমের তদ্বির করতে রাজি আছি। এটা আমাদের মনে রাখতে হবে যে, আমাদের কুটির

শিল্পের চরিত্র দিনের পর দিন পরিবর্তিত হচ্ছে। মানুষের চাহিদা বাড়ার সাথে সাথে চাহিদার চারিত্রিক পরিবর্তনও ঘটছে। মনে করুন উলুবেড়িয়ায় যে সাটেলস কক তৈরি হত তা অল ইংলন্ড ব্যাডমিনটন কমপিটিশন খেলায় ব্যবহার করা হত। অর্থাৎ ওখানের যে কুটির শিল্প দ্রব্য এত দিন আমরা ওখানে পাঠিয়েছি, এখন আর তা যাচ্ছে না। উলুবেড়িয়া থেকে আজকে আর তা যাচ্ছেনা। সুতরাং বাজারের চাহিদা অনুযায়ী আমাদের ক্ষুদ্র ও কুটির শিল্পের প্রসার ঘটাতে হবে। সেজন্য আমরা ঠিক করেছি প্রত্যেকটা জেলায় কি ধরনের শিল্প হবে তার একটা প্ল্যান তৈরি করতে হবে। সে কাজ আমরা ইতিমধ্যেই শুরু করে দিয়েছি। দু তিনটি জেলার খসড়া পরিকল্পনা তৈরি করে ফেলেছি। এর মধ্যে স্মলস্কেলও আছে কুটির শিল্পও আছে। খাদি, সেরি কালচার, তাঁত ইত্যাদি সব কিছুই এর মধ্যে আছে।

[7-20 — 7-25 P.M.]

এই প্রসঙ্গে আমি একটা কথা বলতে চাই যে, এক সময় আমাদের দেশে ইলেকট্রনিক্স ইন্ডাস্ট্রি স্মল স্কেলে বিরাট ভাবে গড়ে উঠেছিল। কিন্তু আজকে সেখানে মাল্টি-ন্যাশনালরা ঢুকে গিয়েছে। আমাদের নিজস্ব ইলেকট্রনিক্স ইন্ডাস্ট্রির কাছে দেশিয় বাজার সঙ্কুচিত হয়ে গেছে। অথচ আমাদের দেশে কতগুলো কনজিউমার বাজার আছে, কিন্তু সেখানে স্মল স্কেল প্রোডাক্ট বিক্রি হয় না। যেমন ল্যাম্প-এর ক্ষেত্রে দেখুন—আমরা সবাই ফিলিপস ল্যাম্প ব্যবহার করি। কারণ আমাদের এখানে স্মল স্কেলে যে ল্যাম্পগুলি তৈরি হয় তার কোনও কোয়ালিটি কন্ট্রোল নেই। এখন আমাদের দপ্তর থেকে কোয়ালিটি কন্ট্রোল ডিপার্টমেন্ট করা হয়েছে বেলঘরিয়ায়—ঐ ডানলপ ব্রিজের পাশেই বিরাট আকারে করা হয়েছে, ইলেকট্রনিক মেশিন টেশিন বসানো হচ্ছে। সেখানে ডিটারজেন্ট পাউডার, ড্রাই সেল ব্যাটারি এবং ইলেকট্রিক ল্যাম্প-এর কোয়ালিটি কন্ট্রোল হবে। এরপরে রেডিমেড ড্রেস কমন ব্রান্ড নেম-এ, ও এফ সি ব্রান্ড নেম-এ বাজারে ছাড়া হবে। সেই চেষ্টা আমরা করছি। বিভিন্ন গভর্নমেন্ট ডিপার্টমেন্টের অর্ডার প্রোকিয়রমেন্টের মধ্যে দিয়ে ইউনিটগুলি যাতে অ্যাসিসটেন্স পায় তা দেখা হবে। আমাদের এখানে সেরি-কালচারের খুব বড় স্কোপ রয়েছে, কিন্তু তার প্রবলেমও রয়েছে। সেরি কালচার রিসার্চ সেন্টার আমাদের এখানেই নেই। সেটা কর্ণাটকে। পশ্চিমবঙ্গের ৬টি কলেজে সেরি কালচার পড়ার জন্য বি এস সি খোলা হয়েছে। সেরি কালচারে যে প্রসপেক্ট আছে তাকে কাজে লাগাবার চেষ্টা করছি। আমাদের ডিপার্টমেন্টের অফিসাররা ঐ সমস্ত কলেজে গিয়ে ছেলেদের পড়াচ্ছেন এবং রেগুলার ক্লাস নিচ্ছেন। সেরি কালচারে ৫ লক্ষ এমপ্লয়মেন্ট হবে। দ্বিতীয় হচ্ছে, শান্তিপুরের এম এল এ, শ্রী অজয় দে শান্তিপুরে সার্ভিস সেন্টারের কথা বললেন। আমি যখন আগে এই দপ্তরে ছিলাম তখন দেখেছি। এখন শুনলাম সেই সেন্টারের অবস্থা খারাপ। যাইহোক, আমি খোঁজ নেব। শান্তিপুর এবং ফুলিয়াতে এর ঘরানা আছে। সেইদিক থেকে সার্ভিস সেন্টারকে আরও কি করে উন্নত করা যায় তারজন্য প্রচেষ্টা নিশ্চয়ই নেওয়া হবে। আমি অজয়বাবুকে অনুরোধ করব, তার পরিকল্পনার কথাটা যদি ডিটেলসে আমাকে বলেন তাহলে ভাল হয়। আমি যখন ওখানে যাব তখন দেখব। এছাড়া আর কতকগুলি ব্যাপার ছিল, কিন্তু সময় না থাকার জন্য সব কিছু বলা যাচ্ছে না। হ্যান্ডলুম এবং পাওয়ার লুমের কথা আমি বলছি। হ্যান্ডলুম এবং পাওয়ার লুম আমরা ইমপ্রুভ করব। অন্য রাজ্যের পাওয়ার লুমের কাপড় কলকাতা এবং হাওড়ায় ছেয়ে ফেলেছে। পাওয়ার লুমের

কাপড়ে ড্রেস মেটিরিয়াল ছেয়ে ফেলেছে। আমার হাওড়া হাটের কাছে বাড়ি। আমি জানি, হাওড়া হাটে ৪০ হাজার স্টল আছে। সবাই ড্রেস মেটিরিয়াল বিক্রি করছে এবং এই ড্রেস মেটিরিয়ালগুলি সব বাইরের রাজ্য থেকে আসছে। হাওড়ার যারা দর্জি, মেটিয়াব্রুজের যারা দর্জি তারা এইসব ড্রেস মেটিরিয়াল তৈরি করছে, রেডিমেড গারমেন্টের সেন্টার করেছে। আমরা সেইজন্য পাওয়ার লুমের প্রসপেক্টকে তুলে ধরতে চাই। তবে হ্যান্ডলুমের সাথে প্রতিযোগিতা করে নয়। হ্যান্ডলুম বাঁচুক। পাওয়ার লুমের ডাইভারসিফিকেশন না করেও করা যায়। হ্যান্ডলুমের কাপড়কে প্রোটেকশন আমরা দেব। কিন্তু যেমন, কেমব্রিক, আদ্যি পলিয়েস্টার এগুলি হ্যান্ডলুমে হবে না, পাওয়ার লুমে হবে। পাওয়ার লুমের ডিজাইন আর হ্যান্ডলুমের ডিজাইন আলাদা হ্যান্ডলুম করলে মার্কেটিং-এ আসবে, পাওয়ারলুম করলেও আসবে। অন্য রাজ্য পাওয়ারলুম, হ্যান্ডলুম করে এগিয়ে যাচ্ছে। এরপর মুর্শিদাবাদে আমরা সিল্ক ইন্ডাস্ট্রি তৈরি করছি। মুর্শিদাবাদ এবং মালদাতে সিল্ক ইয়ার্ন ব্যাঙ্ক তৈরি করছি। ৪০ কাউন্ট, ৬০ কাউন্ট। ইয়ার্ন ব্যাঙ্কও করছি। ইয়ার্ন সিল্ক মালদাতে তৈরি করছি। মালদা থেকে সুতো অন্যান্য রাজ্যে যাচ্ছে, কর্ণাটকে চলে যাচ্ছে। আর সেখান থেকে পাওয়ারলুমের কাপড় পশ্চিমবাংলায় ফিরে আসছে। আমরা আমাদের রাজ্যের স্বার্থে হ্যান্ডলুমের সঙ্গে প্রতিযোগিতায় না এনেও পাওয়ারলুম করব। এই আশা রেখে বাজেটকে সমর্থন করে এবং বাজেটের প্রতি সকলের সমর্থন চেয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motions (Nos. 1-7) moved by Shri Sultan Ahmed, Shri Rabin Mukherjee, Shri Ajoy De and Shri Deba Prasad Sarkar that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 104,00,46,000 be granted for expenditure under Demand No. 73, Major Heads : "2851—Village and Small Industries (Excluding Public Undertakings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings)" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 34,68,00,000 already voted on account in February, 1996) was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 7.25 p.m. till 11.00 A.M. on Thursday the 18th July, 1996 in the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative chamber of the Assembly House, Calcutta on Thursday, the 18th July, 1996 at 11.00 A.M.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 17 Ministers, 6 Ministers of State and 141 Members.

[11-00—11-10 A.M.]

### OBITUARY REFERENCE

**Mr. Speaker :** Hon'ble Members, before taking up the business of the day I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Kinkar Mahato and Shri Sunil Kar, former Members of this Assembly who breathed their last recently.

**Shri Kinkar Mahato,** former Member of the West Bengal Legislative Assembly breathed his last on the 29th June, 1996. He was 56.

Born on the 27th September 1938 at Nalkupi, Purulia. Shri Mahato had his education at Satyabhama Bidyapith, Jhaldah, Ranchi College and University of Bihar. He was a teacher by profession. He had been interest in Games and Sports. A social worker, Shri mahato was closely associated with a number of social organisations.

He was elected a Member of the West Bengal Legislative Assembly successively in 1971 and 1972 from Jhaldah Constituency as a Congress candidate.

The State has lost a veteran political leader as well as an ardent social worker at the demise of Shri Mahato.

**Shri Sunil Kar,** former Member of the West Bengal Legislative Assembly breathed his last on the 9th July, 1996 in C.M.C. Hospital at Vellore, Madras. He was 66.

Shri Kar was born in the year 1337 B.S. at Balardia of Mymansingh in undivided Bengal. He was a Commissioner of Cooch Behar Municipality from 1990 to 1995 and had also been its Chairman from 1964

to 1973. Shri Kar was the Secretary of Town High School and the President of Sister Nivedita Girls High School at Cooch Behar town. He was also associated with many social and political organisations.

He was elected a member of the West Bengal Legislative Assembly first in 1971 and again in 1972 from Cooch Behar North Constituency as a Congress candidate.

The State has lost a veteran political leader and a social worker at the demise of Shri Kar.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(After two minutes)

Thank you, Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the members of bereaved families of the deceased.

## QUESTIONS AND ANSWERS

**Mr. Speaker :** There are two questions of Mr. Gautam Deb. I will take it later on.

### Starred Questions

### (to which oral answers were given)

### হাওড়া ওয়াটার ওয়ার্কস

*৪৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *৬২) **শ্রী অম্বিকা ব্যানার্জি ও শ্রী আব্দুল মান্নান ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া শহরে জলকষ্ট নিবারণ করতে হাওড়া ওয়াটার ওয়ার্কস-এর সম্প্রসারণের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, তা কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ**

(ক) আছে।

(খ) সম্প্রতি ৪৫ এম. জি. ডি. ক্ষমতাসম্পন্ন পদ্মপুকুর জলপ্রকল্পের সংস্কার এবং স্থিতিকরণের কাজ চলছে। এই পরিকল্পনার কাজ সি. এম. ডি.এ এবং হাওড়া পুরসভার যৌথ তত্ত্বাবধানে হচ্ছে।

হাওড়া শহরে জল সরবরাহ বৃদ্ধির জন্য সালকিয়াতে প্রায় ৫৮ কোটি টাকা ব্যয়ে ৩৩ এম. জি. ডি. ক্ষমতাসম্পন্ন একটি জলপ্রকল্প অনুমোদনের অপেক্ষায় আছে।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে এ ব্যাপারে এই সভার মাধ্যমে এবং বাইরে অনেকবারই আপনার দৃষ্টি আকর্ষণ করেছি। এই গভীর সঙ্কটের কথা চিন্তা করে এটা দেখতে আপনি নিজে এবং ডঃ দাসগুপ্ত, আপনারা হাওড়ায় গিয়েছিলেন এবং আমাকেও ডেকেছিলেন। সেটা প্রায় আজ থেকে দু' বছর আগের কথা। এরজন্য ২ কোটি ১৫ লক্ষ টাকা আপনারা দিয়েছিলেন এবং এখানেও এ ব্যাপারটা কনফার্ম করলেন। এসব কথা বোধহয় আপনার মনে পড়ছে। আপনি নিজে গিয়েছিলেন, ডঃ দাসগুপ্ত গিয়েছিলেন এবং মেয়র ছিলেন, সি. এম. ডি. এ.র চেয়ারম্যান ছিলেন। এই যে ২ কোটি ১৫ লক্ষ টাকা দিলেন, আপনি জানেন সেখানে কি ভয়ঙ্কর অবস্থা, ভয়ঙ্কর জলকষ্ট, এই টাকাটা কিভাবে খরচ হয়েছে তার বিস্তারিত কোনও খবর আপনার কাছে পৌঁছেছে কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** আমরা যে ২ কোটি ১১ লক্ষ টাকা মঞ্জুর করেছিলাম রেনোভেশনের জন্য এই টাকার ভেতরে ইতিমধ্যেই কাজ শুরু হয়ে গিয়েছে। ১৯৯৮ সালের মার্চ মাসের মধ্যে এটা শেষ হয়ে যাবে বলে আশা করা যাচ্ছে। এর কাজ চলছে। তবে বিস্তারিতভাবে কোথায় কিভাবে এই অর্থ খরচ হয়েছে সেটা এখনই বলতে পারব না, পরে জানিয়ে দেব।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** আমরা চোখে সেখানে কোনও ফল দেখতে পাচ্ছি না। বার বার আপনাকে বলেছি যে সেখানে যে ক'টা পাম্প আছে সেটা এনাফ নয়, পাম্পগুলি ওভারওয়ার্কড হয়ে যাচ্ছে। এখানে আরও পাম্প, অক্জিলারি পাম্প বসাতে হবে। তা ছাড়া যে পাম্পগুলি আছে সেগুলির রিপ্লেসমেন্টের দরকার হয়ে পড়েছে। আমার জিজ্ঞাসা, সেখানে আরও পাম্প পাঠানো এবং ওয়াটার ওয়ার্কসে আরও রিজারভা[illegible]নি করা ইত্যাদি কোনও পরিকল্পনা আছে বলে শুনেছেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** সাধারণভাবে হাওড়া শহরে পানীয় জলের সমস্যা আছে। এখানে দৈনিক মাথাপিছু ২৫ থেকে ৩০ গ্যালন জল সরবরাহ করা হয়ে থাকে। মোট ৩০ মিলিয়ন গ্যালন জল হাওড়ায় সরবরাহ করা হয়। আপনারা জানেন ৫৮ কোটি টাকা ব্যয় করে আরও ৩০ মিলিয়ন গ্যালন জল দৈনিক পাবার জন্য একটি বড় জল প্রকল্প নেওয়া হয়েছে। এটা হবে সালকিয়াতে। এর স্থান নির্বাচন হয়ে গিয়েছে, কেন্দ্রীয় জল মন্ত্রকের অনুমোদনও পাওয়া গিয়েছে। এটা হলে হাওড়ায় জল সরবরাহের উন্নতি হবে। আপনি বললেন, তার সঙ্গে বুস্টিং পাম্প এবং এমনি পাম্পগুলির সংস্কারের কথা। এটা খোঁজ করে দেখব। সালকিয়াটা শেষ করতে পারলে হাওড়া শহরে জলকষ্ট অনেকটা নিবারণ করা যাবে।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** স্যার, যুগ যুগ ধরে একই কথা বলা হচ্ছে, করছি করব। হাওড়া জেলার জলের অবস্থা একটা ভয়ঙ্কর জায়গায় পৌঁছেছে হাওড়া জেলার যারা জলের ট্যাক্স পেয়ারস, তারা জল থেকে বঞ্চিত হচ্ছে। আপনার দপ্তরের এটা জানা আছে কি, হাওড়া শহরে যে টোটাল পাইপ লাইন আছে তাতে কোনও প্রেসার নেই? জল থাকলেও

যদি প্রেসার না থাকে তাহলে জল বাড়ি পর্যন্ত পৌঁছায় না। জলের পাইপ লাইন অনেক তলা দিয়ে গিয়েছে, এখন অনেক উঁচু বাড়ি হয়ে গিয়েছে। সেই কারণে প্রেসারের জন্য আরও অকজিলিয়ারি পাম্প আপনাকে দিতে হবে, আরও হাই প্রেসার পাম্প আপনাকে দিতে হবে। এ ছাড়া আমার আরও একটা প্রশ্ন আছে সেটা হচ্ছে, হাওড়া শহরের ভেতরে যে পাইপ লাইন গিয়েছে সেই পাইপ লাইনের কোনও নক্‌শা আপনার কাছে আছে কি? আমরা লক্ষ্য করছি কোনও জায়গায় কোনও কিছু খারাপ হয়ে গেলে র‍্যান্ডাম খোঁড়া হচ্ছে সেটাকে বার করার জন্য। হাওড়া কর্পোরেশনের চিফ ইঞ্জিনিয়ার জানেন না কোথা দিয়ে কোন পাইপ লাইন গিয়েছে। এটা আপনার নজরে আছে কিনা জানাবেন।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** অবশ্যই নক্‌শা আছে, আপনি যদি বলেন তাহলে আপনাকে দিতে পারি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে নক্‌শা আছে। স্যার, উনি কিন্তু হাউসকে বিভ্রান্ত করলেন। হাওড়া কর্পোরেশনের যে টোটাল পাইপ লাইন তার কোনও নক্‌শা নেই, আর্টিফিসিয়াল যদি কোনও নক্‌শা করে থাকেন ভাল কথা। আপনি খোঁজ নিয়ে জানবেন অফিসিয়াল কোনও নক্‌শা নেই। নতুন কিছু পাইপ লাইন হয়েছে তার নক্‌শা আপনি করেছেন। নতুন এবং পুরানো কম্বিনেশন করে হাওড়া শহরের পাইপ লাইনের কোনও নক্‌শা নেই, এটা আপনি খোঁজ নিয়ে জানবেন। আমি জানতে চাই হাওড়ার যে সমস্ত অ্যাডেড এরিয়া অ্যাড করেছেন সেখানে এখনও পর্যন্ত কোনও পাইপ লাইন গিয়েছে? হাওড়ার যে কোনও অ্যাডেড এরিয়ায় কোনও ট্যাপ ওয়াটার পাইপ লাইন গিয়েছে এই খবর অপানার কাছে আছে?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** প্রথমে বলছি আমাদের নক্‌শা আছে। দ্বিতীয় প্রশ্ন করেছেন প্রেসার নিয়ে। এটা ঠিক কোনও জায়গায় প্রেসার কম কোনও জায়গায় বেশি আছে। হাওড়ায় যে সালকিয়া ওয়াটার সাপ্লাই স্কীম আমরা নিচ্ছি সেটা হলে প্রেসারের ব্যবস্থা আমরা দেব। আর একটা যে প্রশ্ন করলেন অ্যাডেড এরিয়া নিয়ে সেই সম্পর্কে বলি, অ্যাডেড এরিয়ায় এখন আমরা মূলত ডিপ টিউবওয়েল এবং হ্যান্ড টিউবওয়েলের মাধ্যমে জল সরবরাহ করি, সালকিয়ায় জল প্রকল্প হয়ে গেলে সেখান থেকে সারফেস ওয়াটার আমরা সরবরাহ করতে পারব।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ** হুগলি নদীর পাড়ে ইট ইজ এ টু ইন সিটি, ক্যালকাটা অ্যান্ড হাওড়া। ফরাক্কা ব্যারেজ থেকে বেশি জল দিচ্ছে এবং এই জল মিষ্টি। এই জলটা ড্রিংকিং ওয়াটার পারপাসে ইউজ করার জন্য আছে এবং অন্য ইউজের জন্য আছে এই হুগলি নদীর জল এখান থেকে ফিলটার করে হাওড়া শহরের জন্য দিতে পারেন কিনা ভাবনা-চিন্তা করবেন কি?'

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** হাওড়াতে যে জল সরবরাহ করা হচ্ছে সেটা হুগলি নদীর জল থেকেই করা হচ্ছে। সালকিয়া জল প্রকল্প যেটা হচ্ছে সেটা বালির রামলোচনঘাট থেকে জল নেওয়া হবে। হাওড়ায় হুগলি নদীর জলই সরবরাহ করা হয়।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় উত্তরে বললেন শালকিয়ায় একটি জল প্রকল্প নিচ্ছেন। এই প্রকল্পের টোটাল বরাদ্দ কত টাকা হবে এবং কবে নাগাদ হাওড়ার মানুষ জল পাবে, দয়া করে বলবেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** এটা আমার দয়া বা আপনার দয়ায় হচ্ছে না। যাই হোক, এই প্রকল্পে মোট ৫৮ কোটি টাকা ব্যয় করা হবে। শালকিয়া জল প্রকল্পে দৈনিক ৩০ মিলিয়ন গ্যালন জল সরবরাহ করা হবে। এরজন্য সি. এম. ডি. এ.র ওয়ার্কস্ কমিটির অনুমোদনও আমরা পেয়ে গিয়েছি। ৮ম পরিকল্পনায় গত বছর পর্যন্ত যতগুলো মেগাসিটি প্রকল্প অন্তর্ভুক্ত করতে পেরেছিলাম তারমধ্যে এটি অন্তর্ভুক্ত করতে পারিনি। কারণ কেন্দ্রীয় সরকারের মেগাসিটি প্রকল্পের জন্য যে অর্থ দেবার কথা ছিল তা তাঁরা দেননি। এই বছর আমরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে মেগাসিটি প্রকল্পে যে অর্থ পাব তাতে আমরা কাজটি শুরু করব। আশা করছি, এই আর্থিক বছরের মধ্যে কাজটি শুরু করতে পারব।

**শ্রীমতী কনিকা গাঙ্গুলি ঃ** আমরা পদ্মপুকুর জল প্রকল্পের কথা বললেন, এটি কি শুধুমাত্র হাওড়া শহরের মানুষের জন্য ব্যবহৃত হবে, না হাওড়ার পাশাপাশি যে সমস্ত পৌরসভা আছে, অর্থাৎ উলুবেড়িয়া এবং বালি মিউনিসিপ্যালিটি, এদের জন্য কোনও চিন্তাভাবনা করেছেন কি; বা এই প্রকল্পের মধ্যে এগুলো যুক্ত হবে কিনা?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** শালকিয়া থেকে বালি পৌরসভা কিছুটা উপকৃত হবে। কিন্তু উলুবেড়িয়া উপকৃত হবে কিনা তা এখনই বলা যাচ্ছে না।

**শ্রী সৌগত রায় ঃ** এই যে পদ্মপুকুর, এটি ১৯৮৩ সালে অনেক প্রচারের পর মাননীয় মুখ্যমন্ত্রী উদ্বোধন করেছিলেন। সেটিতে জন্মলগ্ন থেকেই সমস্যা দেখা গেছে। এখন দেখা যাচ্ছে ১৩ বছর আগে যেটির উদ্বোধন হয়েছিল, সেটির সম্প্রসারণ নয়, সংস্কারের জন্য ২ কোটি ১১ লক্ষ টাকা খরচ হয়েছে। পদ্মপুকুর জল প্রকল্পে কি ত্রুটি বার করেছেন, যার ফলে এই সংস্কার করতে হল, এবং এই যে সংস্কার হল, তাতে সেই ত্রুটি কি সংশোধন হল? কারণ সাধারণ মানুষ জল পাচ্ছে না, ওখান থেকে যা দেবার কথা, ৩০ মিলিয়ন গ্যালন জল দিচ্ছে না। এই সংস্কারের ফলে মানুষ জল পাবে কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** এই মুহূর্তে আমি বলতে পারছি না, কি ত্রুটি ছিল। জলের পাইপ লাইনের মধ্যে কিছু ত্রুটি ছিল কিনা, বিস্তারিতভাবে জানতে চাইলে পরে বলব। টেকনিক্যাল ত্রুটি ছিল তা এই মুহূর্তে বলতে পারছি না। আলাদা প্রশ্ন করুন, বলব।

**শ্রী অশোক দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বজবজ এবং পূজালী পৌরসভা এলাকায় জলের প্রচণ্ড ক্রাইসিস আছে। গার্ডেনরিচের সাথে অ্যাটাচ করে যাতে জলের ব্যবস্থা করা যায়, সেই ব্যাপারে সরকার কতদূর প্রসিড করেছেন?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** বজবজ, মহেশতলা, পূজালী এই সমস্ত পৌরসভায় জলের সমস্যা আছে। গার্ডেনরিচে আমাদের ২য় ইউনিট কিছু দিনের মধ্যে শুরু হবে। সেটি হলে সুরাহা হবে। বজবজ সম্পর্কে আমাদের চিন্তা-ভাবনা কি তা এখনই বলতে পারছি না।

[11-20—11-30 P.M.]

**শ্রীমতী শান্তা ছেত্রী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি তো জানেন যে হিল এলাকায় জলের খুব কষ্ট, দার্জিলিং পাহাড়ী এলাকায় ৪টি মিউনিসিপ্যালিটি এবং তারমধ্যে দার্জিলিং এবং কার্শিয়াং মিউনিসিপ্যালিটি একশো বছরের পুরণো, এই পরিপ্রেক্ষিতে আমার প্রশ্ন যে, এই ৪টি মিউনিসিপ্যালিটিতে ওয়াটার ডিস্ট্রিবিউশন এবং সাপ্লাই সিস্টেমের উন্নতির জন্যে আপনি কি কি প্রোপোজাল গ্রহণ করেছেন?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** সাধারণভাবে দার্জিলিং পার্বত্য এলাকার জল সরবরাহ ব্যবস্থা সম্পূর্ণভাবে গোর্খা পার্বত্য পরিষদের অধীনে। তবে দার্জিলিঙের কিছুটা এবং কালিমম্পঙের জল সরবরাহ উন্নত হয়েছে নেওড়াখালি জল প্রকল্প হওয়ার ফলে। এখানে পুরনো যেসব পাইপ আছে সেগুলো রিপ্লেস করার দরকার এবং নতুন পাইপ বসাতে হবে। এগুলো গোর্খা পার্বত্য পরিষদের কিছু করার কথা এবং পৌরসভারও কিছু করার কথা। তবে দার্জিলিং জেলায় জল সরবরাহের উন্নতি করার জন্যে আমরা এবং পি. এইচ. ই. মিলে যৌথ উদ্যোগ নিয়ে চেষ্টা চালানো হচ্ছে।

## Held over Starred Question

(to which oral answers were given)

### বিধায়কের আবাসন

*২৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩২৫) **শ্রী পরেশনাথ দাস ও শ্রী মোজাম্মেল হক ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

দূরবর্তী এলাকার বিধায়কদের আবাসন সমস্যা সমাধানের জন্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কি না?

**শ্রী গৌতম দেব ঃ**

আবাসন দপ্তরের বর্তমানে এরকম কোনও পরিকল্পনা নেই।

**শ্রী পরেশনাথ দাশ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন যে, এম. এল. এ.রা যারা দূরবর্তী জায়গার থেকে আসেন, তাদের এম. এল. এ. হোস্টেলে এক একটা ঘরে ২-৩ জন করে থাকতে হয়। সুতরাং এই সমস্যা সমাধানের জন্য আপনার কোনও পরিকল্পনা আছে কিনা এবং বাড়ি সম্বন্ধে কোনও ভাবনা-চিন্তা করছেন কিনা?

**শ্রী গৌতম দেব ঃ** এম. এল. এ.দের হোস্টেল পি. ডব্লিউ. ডি. তৈরি করে এবং রক্ষণাবেক্ষণ করে এবং আমাদের পার্লামেন্টারি অ্যাফেয়ারস ডিপার্টমেন্ট তাদের সঙ্গে আলোচনা করে। এম. এল. এ.দের রাখার ক্ষেত্রে অন্য কোনও অ্যালোটমেন্ট বা ওই হোস্টেলের উপর তলায় কয়েকটি তলা বাড়ানোর ব্যাপারে পি. ডব্লিউ. ডি.র সঙ্গে কথা বলতে হবে। আবাসন দপ্তর এম. এল. এ. হোস্টেল দেখাশোনা করে না। তবে যেহেতু প্রশ্নটা এসেছে সেই কারণে

পি. ডব্লিউ. ডি.র কাছ থেকে কিছু নিয়ে এসে আমি উত্তর দিলাম।

**শ্রী পরেশনাথ দাস ঃ** আমাদের এম. এল. এ. হোস্টেলের পাশে যে স্টেট গেস্ট হাউস তাতে এম. এল. এ.দের রাখার কোনও ব্যবস্থা করা যাবে কিনা?

**শ্রী গৌতম দেব ঃ** এগুলো তো আমার দপ্তরের প্রশ্ন নয়, আমি অ্যালাউ করব কি করে।

## Stared Questions

(to which oral answers were given)

### সরকারের হাতে খাস জমি

***৪৮৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৩) **শ্রী ঈদ্ মহম্মদ ঃ** ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দ্বিতীয় ভূমি সংস্কার আইন অনুমোদিত হওয়ার পর কত একর খাস জমি সরকারের হাতে ন্যস্ত হয়েছে?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ**

দ্বিতীয় ভূমি সংস্কার আইন অনুমোদিত হওয়ার পর মোট ৭১,৭৯৮.২৫ একর জমি সরকারের ন্যস্ত হয়েছে।

**শ্রী ঈদ্ মহম্মদ ঃ** আপনি বললেন যে, দ্বিতীয় ভূমি সংস্কার আইন অনুমোদিত হওয়ার পরে মোট ৭১,৭৯,৮২৫ একর জমি সরকারের ন্যস্ত হয়েছে, আমার প্রশ্ন যে, এর মধ্যে কত এগ্রি আর কত নন এগ্রি জমি আছে এবং যেগুলো নন এগ্রি সেগুলো কি ধরনের?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** এরমধ্যে এগ্রি কৃষি জমির পরিমাণ ৫৮ হাজার ১৫৯.৭২ এবং অকৃষি জমি ১৩ হাজার ৩৩৩.৬৩, এছাড়া আদারস্ জায়গা ৩০৪.৯০১।

**শ্রী ঈদ্ মহম্মদ ঃ** এই যে সমস্ত জমি সরকারের হাতে ন্যস্ত হল, এর মধ্যে কত জমি বিলি বন্টন করা হয়েছে?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** আইন অনুযায়ী সরকারের হাতে জমি যেগুলি ন্যস্ত হয়েছে। সেগুলি আমি বলতে পারবো। এর মধ্যে দ্বিতীয় ভূমি সংস্কার যেটা বলা হচ্ছে অর্থাৎ '৮১ সালে এবং '৮৬ সালে আইন সংশোধন হওয়ার পর, তা কার্যকর হওয়ার পর সেটার হিসাব আমি রাখিনি। মোট জমি যেটা বিলি হয়েছে তা হচ্ছে, ৯ লক্ষ ৯৫ হাজার হেক্টর।

**শ্রী ঈদ্ মহম্মদ ঃ** এই যে জমি বিলি বন্টন হল, এর মধ্যে কত তফসিলি শ্রেণীর লোক এবং কত আদিবাসী শ্রেণীর লোক পেয়েছেন?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মোট প্রাপক হচ্ছেন ২৩ লক্ষ ১১ হাজার, তার মধ্যে তফসিলি

জাতি ৮ লক্ষ ৭০ হাজার, তফসিলি উপজাতি ৪ লক্ষ ৮৯ হাজার।

**শ্রী ঈদ্ মহম্মদ ঃ** আপনি যে দ্বিতীয় ভূমি সংস্কার আইন করলেন, এক্ষেত্রে জমি দখলের নামে হাইকোর্টে কোনও কেস বলে আছে কিনা বা কোনও জমির মালিক হাইকোর্টে কেস করেছেন কিনা জানাবেন কি?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** হাইকোর্টে কেস আছে, ১ লক্ষ ৮৫ হাজার জমি বিভিন্ন মামলায় আবদ্ধ হয়ে আছে, ইনজাংশন হয়ে আছে।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, হাইকোর্টে ১ লক্ষ সামথিং মামলা পেন্ডিং হয়ে আছে, এইগুলির বিরুদ্ধে আপনি কি কি স্টেপ নিচ্ছেন?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** হাইকোর্টের বিরুদ্ধে আমি স্টেপ নিতে পারি না। যাইহোক আমি আপনার প্রশ্নটা সংশোধিত আকারে গ্রহণ করছি। মামলা যেগুলি আছে, সেই মামলাগুলি সম্পর্কে আমাদের যে আইন আছে, বিচার বিভাগীয় মন্ত্রী আছেন, তার সঙ্গে আমাদের এই ব্যাপারে কয়েক দফা আলোচনা হয়েছে, এইগুলির ব্যাপারে আমাদের সরকারের পক্ষ থেকে দেখভাল করে যাতে উন্নতি করা যায় সেই সম্পর্কে আমরা সুনির্দিষ্ট পদক্ষেপ নেব। আর একটা জিনিস হচ্ছে, ল্যান্ড রিফর্মস ট্রাইবুনাল আইন আমরা এখানে করেছি। মামলাগুলি যাতে দ্রুত ফয়সালা হয় সেটা আমরা দেখছি। এবং ট্রাইবুনাল যাতে তাড়াতাড়ি বসাতে পারি তার জন্যও প্রচেষ্টা নিচ্ছি।

**শ্রী গুরুপদ দত্ত ঃ** স্যার, এই যে ল্যান্ড রিফর্মস ডিপার্টমেন্টের যে সিলিং বহির্ভুত জমি খাস হচ্ছে, এতে ডিফেন্সের লোকেরা কি বাড়তি কোনও সুযোগ পায়? আমার এলাকায় ডিফেন্স-এর একজন লোক কড়া করে আমাকে চিঠি করেছে, এম. এল. এ. হিসাবে, সেক্ষেত্রে ডিফেন্সের লোকেরা বাড়তি কোনও সুবিধা পাবে কিনা বলবেন কি?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** এই ব্যাপারে এল. আর. অ্যাক্টে সেকশন ৪৯-এ বলা আছে, কি কি অগ্রাধিকারের ভিত্তিতে আমাদের জমি বিলি করতে হবে। ডিফেন্স-এর লোকেরা তারা পাবেন। আপনি এটা দেখবেন। বিরাট করে সব জায়গার জন্য ঢালাও তো বলতে পারব না। কোথায় কি আছে, কত লোক আছে, কত জমি আছে, সেখানে কত তফসিলি জাতি উপজাতি লোক আছে, ভূমিহীন আছে, এইসব দেখে সেখানে অগ্রাধিকার ভিত্তিতে দেওয়া হবে। এইসব দেওয়ার পরে যদি আরও কিছু থাকে তাহলে ডিফেন্স-এর লোককে দেবেন। সেটা আপনারা চিন্তা করে দেখবেন।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বলবেন কি হাইকোর্টে ১ লক্ষ কয়েক হাজার একর জমি বন্দী অবস্থায় আছে, আমি যতদূর জানি এর মতে বেশির ভাগটাই প্রায় ৫০ বছরের পুরনো, হাইকোর্টে বন্দী অবস্থায় পড়ে আছে। নতুন ভূমি সংস্কার হওয়ার পরেও মূল্যবান জমি যে সরকারের হাতে এল না, আপনার আগে যিনি এই দপ্তরের মন্ত্রী ছিলেন, সেই বিনয় বাবুকেও আমি বলেছিলাম, তিনিও ল্যান্ড ট্রাইবুনালে কথা বলেছিলেন। এখানে আমি স্পেসিফিক অ্যালিগেশন আনছি, আমার এলাকায় মহিষাদল রাজবাড়ির মূল্যবান জমি

হাইকোর্টে কি অবস্থায় আছে সেটা জানাবেন কি?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় সদস্য যেটা বললেন, এই যে ৫০ বছর ধরে আছে, এটা নয়। ৫০ বছর ধরে তো ভূমিসংস্কার আইন ছিল না। ভেস্ট এর পরে যেটা সেটা আলাদা কথা। বেশ কিছুদিন ধরে এই মামলাগুলি আছে। এটা সবারই উদ্বেগের বিষয়। হাইকোর্টে বন্দী রেখেছেন যেটা বললেন, এটা যদিও আমার কথা নয়, ওনার কথা, কিন্তু কি করা যাবে? আমাদের দেশে আইন আদালত আছে। ইনজাংশন হতে পারে। এইটা হাইকোর্ট-এর ব্যাপার। এই ব্যাপারে তো আমরা বিশেষ কিছু মন্তব্য করতে পারি না।

[11-30—11-40 P.M.]

ট্রাইবুনাল নিয়ে গতানুগতিক কথা বলিনি। আমি নির্দিষ্টভাবে বলেছি এবং আবার বলছি যে, ট্রাইবুনাল আইন পাশ হয়েছে, রুলস হয়েছে। স্টাফ তৈরি করতে হবে, পোস্ট ক্রিয়েট করতে হবে, জায়গা পেতে হবে। যেখানে যেখানে খালি জায়গা আছে সেটা আমরা দেখছি। ৬ হাজার স্কোয়ার ফিটের মতো জায়গা লাগবে। স্টেট ট্রাইবুনাল করতে হবে, রিজিওন্যাল ট্রাইবুনাল করতে হবে, তারপরে যাতায়াতে সুবিধা আছে কিনা সেটা দেখতে হবে। শিয়ালদহ কোর্টের ব্যাপারে নগর উন্নয়ন মন্ত্রী, বিচার মন্ত্রীর সঙ্গে আলোচনা করছি। আমরা চেষ্টা করছি যাতে তাড়াতাড়ি করা যায়। ট্রাইবুনালের যে আইন ৯ম শিডিউলে অন্তর্ভূক্ত সেটার বিরুদ্ধেও কেস করা হয়েছে, মামলা করা হয়েছে, সেটাও একটা বিষয় ছিল। ৯ম শিডিউলে যেটা অন্তর্ভূক্ত করা হয়েছিল সেই ৯ম শিডিউলের বিরুদ্ধেও চ্যালেঞ্জ করা হয়েছে, আবার একটা মামলা করা হয়েছে। এটা কি গতানুগতিক হল?

**শ্রী রামাপদ সামন্ত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, খাস জমিগুলি যাদের হাতে বিলি বন্টন করা হয়েছে, যারা খাস জমি পেয়েছে, অনেক সময়ে দেখা গেছে যে যিনি পাট্টা পেয়েছেন, তিনি অন্য একজনকে টাকার বিনিময়ে সেটা দিয়ে দিয়েছেন। সেই ভদ্রলোক জমি কেনার পরে আবার আর একজনকে বিক্রি করে দিয়েছে। তিনি সেই এগ্রিকালচার ল্যান্ডের নেচার পাল্টে দিয়ে বাস্তু জমিতে পরিণত করছেন। এখন রেকর্ডে সেটা জল জমি থাকবে, না বাস্তু জমি হবে, এই সম্পর্কে নির্দিষ্ট কোনও আইন আছে কিনা জানাবেন কি?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** একজন জমি পাট্টা পেলে, সে সেই জমি হস্তান্তর করতে পারে না, তার সেই অধিকার নেই। এটা সম্পূর্ণ বেআইনি। এই রকম যদি করা হয়ে থাকে সেক্ষেত্রে আমাদের সরকারের একটা দায়িত্ব আছে এবং এলাকার পঞ্চায়েতের জনপ্রতিনিধি হিসাবে সেটা আপনারা দেখবেন যাতে সে সেটা না করতে পারে। আপনারা দেখবেন যাতে কৃষকরা এই না করে। জমি পেয়েছেন, কেন সেই জমি তিনি বিক্রি করবেন? সেই জমি চাষবাস করলে, উৎপাদন হলে তার আয় হবে। সেই জমি তিনি কেন বিক্রি করবেন। সেই জমি হস্তান্তর করা সম্পূর্ণ বে-আইনি। আপনি যদি নির্দিষ্টভাবে আমাদের জানান তাহলে আমরা দেখবো যে কি ব্যবস্থা নেওয়া যায়।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, অনেক প্রচারের পরে বামফ্রন্ট সরকার সেকেন্ড অ্যামেন্ডমেন্ট এনেছিলেন ল্যান্ড সিলিংয়ের মধ্যে সারচার্জ, পুকুর, হোমেস্টেড সব

ইনক্লুড করার জন্য এবং বলা হয়েছিল যে অনেক জমি সারপ্লাস হবে। কিন্তু দেখা গেল যে এতদিন পরে মাত্র ৭৭ হাজার একর জমি সারপ্লাস ডিক্লেয়ার হয়েছে এবং তার মধ্যে ৫৮ একর জমি এগ্রিকালচারাল ল্যান্ড। যেখানে এই রাজ্যে টোটাল ভেস্টেড ল্যান্ড ১২ লক্ষ একর ছিল, তার মধ্যে ৯ লক্ষ ডিস্ট্রিবিউটেড হয়েছে। এটা খুবই স্মল পার্সেন্টেজ। এখন মন্ত্রী মহাশয় ল্যান্ড সিলিংয়ে ছাড় দিচ্ছেন। ইন্ডাস্ট্রির ক্ষেত্রে বলছেন যে তাদের ল্যান্ড সিলিংয়ে আসার দরকার নেই। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, ওদের ডিপার্টমেন্টের অ্যাসেসমেন্ট কি? সেকেন্ড অ্যামেন্ডমেন্টে আর কি কোনও সারপ্লাস জমি আসবে? এটা করার যে উদ্দেশ্য ছিল, এটার থেকে ফিউচারে কোনও বেনিফিট সারপ্লাস ল্যান্ড অ্যাক্রুড করবে না?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় সদস্যকে স্মরণ করিয়ে দিতে হচ্ছে যে, সেকেন্ড অ্যামেন্ডমেন্টটা আমরা যখন এনেছিলাম, ১৯৮১ সালে এই হাউসে পাশ হয়েছিল, সেটা কেন্দ্রীয় সরকারের টাল-বাহনার ফলে ১২-৫-৮৯ সালে কার্যকর হল। অর্থাৎ ৮ বছর আমরা কিছু করতে পারলাম না। তারপরে ৯ম শিডিউলে ঢোকানোর পরে ২/৩ বছর চলে গেছে। সেই বিবরণীতে যেতে চাই না। এটা হবার পরে যেটা সরকারে ন্যস্ত হয়েছে তার পরিমাণ আমি বলেছি। এটা আরও যাতে বাড়ানো যায় তার চেষ্টা আমরা করছি, তার সম্ভাবনা আছে। আর একটা কথা বলতে গিয়ে মাননীয় সদস্য বলেছেন যে, আমরা সিলিংয়ে ছাড় দিচ্ছি। আমরা সিলিংয়ে কোনও ছাড় দিচ্ছি না। আগে এস্টেট অ্যাকিউজিশন অ্যাক্ট ছিল, ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্ট ছিল, যা ১৯৭১ সালে হয়েছিল, তখন সবগুলিতে ছাড় ছিল। আপনার ৫৩, ৫৫, ৭১ সাল, এগুলিতে ছাড় ছিল। আপনি হঠাৎ করে বললেন যে আমরা সিলিংয়ে ছাড় দিচ্ছি। এইভাবে হাউসকে যাতে মিসলিড না করা হয় সেজন্য বলছে যে ছাড় আগে থেকে ছিল, এটা কোনও নতুন বিষয় নয়।

আমরা আইন সংশোধন করেছি, পরিস্থিতির পরিবর্তন হয়েছে তার সঙ্গে সঙ্গতি রেখেই যাতে আমরা ঠিকভাবে দিতে পারি তার জন্য চেষ্টা করছি।

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, ইতিমধ্যে তৃতীয় ভূমি সংস্কার আইন পাশ হয়েছে। এই তৃতীয় ভূমি সংস্কার আইন কোন সাল থেকে কার্যকর হবে এবং এই তৃতীয় ভূমি সংস্কার আইনের ফলে কি পরিমাণ জমি উদ্ধার করা সম্ভব হচ্ছে?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** এটাই তো প্রশ্ন ছিল, এর জবাবই তো আমি দিলাম।

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ** আমি জিজ্ঞাসা করেছি তৃতীয় ভূমি সংস্কার আইন কবে কার্যকর হবে, এর জন্য কি নোটিশ লাগবে।

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** ১৯৮১ সালে একটা ভূমি সংস্কার আইন আমরা সংশোধন করেছিলাম। তারপর কেন্দ্রের কাছে সেটা পাঠানো হয় রাষ্ট্রপতির অনুমোদনের জন্য। পাঁচ বছর থাকার পর সেটা তারা আমাদের ফেরত পাঠায় কিছু প্রস্তাব দিয়ে। তারপর আমরা প্রস্তাবমতো সেটা সংশোধন করি। ১৯৮৬ সালে যেটা আমরা সংশোধন করি সেটা ১২-৫-৮৯ থেকে চালু হল। সেই সময়ের পর থেকে স্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট, ল্যান্ড রিফর্মস অ্যাক্ট সব কিছু নিয়ে ৫৮,৯[illegible] একর কৃষি জমি এবং অ-কৃষি জমির পরিমাণ ১৩,৩৩৩.৬৩

একর। এছাড়া অন্যান্য জমির জমিরাণ ৩০৪.৯০ একর। মোট এই জমি আমাদের সরকারের হাতে ন্যস্ত হয়েছে।

**শ্রী বিনয় দত্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ পৌর এলাকা, অর্থাৎ আরবান, মিউনিসিপ্যালিটি এলাকাগুলিতে সরকার কত কৃষি জমি ভেস্ট করেছে এবং সেই কৃষি জমি বিলিবন্টনের কি ব্যবস্থা হয়েছে? এটা কি করে বিলি করা যায় এই বিষয়টা জানাবেন কি?

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** এটা মাননীয় সদস্য জানেন, সরকার একটা নির্দেশ দিয়েছিলেন মিউনিসিপ্যালিটি এলাকাগুলোতে যে খাস জমি আছে সেটা এখন ব্যক্তিগতভাবে কৃষির জন্য বন্টন না করতে। নগরোন্নয়নের জন্য বাড়তি জমি লাগতে পারে, শিল্পের জন্য বাড়তি জমি লাগতে পারে। কোনও ইনফ্রস্ট্রাকচার তৈরি করতে জলপ্রকল্প করতে বা বাজার করতে জমি লাগতে পারে। যদি কেউ বলেন আমাদের এখানে জমি লাগবে না তাহলে আমরা পুনর্বিবেচনা করে দেখতে পারি।

### হলদিয়ায় জমি অধিগ্রহণ

*৪৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৩) **শ্রী তপন হোড় ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হলদিয়ায় ছোট ও মাঝারি শিল্প গড়তে একহাজার একরের মতো জমি রাজ্য সরকার অধিগ্রহণ করছে; এবং

(খ) সত্যি হলে, অধিগৃহীত জমিতে কি কি শিল্প গঠনের পরিকল্পনা আছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ**

(ক) হলদিয়া অঞ্চলে বিভিন্ন শিল্প গড়ে তোলার মধ্যে রাজ্য সরকার ২৬০ একর জমি অধিগ্রহণ করেছেন এবং আরও ১৯৩০ একর জমি অধিগ্রহণের প্রক্রিয়া শুরু করেছেন।

এছাড়া, হলদিয়া পেট্রোকেমিক্যালস প্রকল্প রূপায়ণের জন্য হলদিয়া পেট্রোকেমিক্যালস লিমিটেডকে এ পর্যন্ত সর্বমোট ১২০৬.৪০৩ একর জমি দেওয়া হয়েছে এবং তাদের জন্য আরও ৬০৫.২৮৭ একর জমি অধিগ্রহণের কাজ শুরু হয়েছে।

(খ) উক্ত অঞ্চলে যে সব শিল্প গড়ে তোলার প্রস্তাব আছে, তার মধ্যে উল্লেখযোগ্য হল, রিফাইনারি, পেট্রোলিয়ামজাত সামগ্রীর জন্য স্টোরেজ টার্মিনাল, পেট্রোকেমিক্যাল, পেট্রোকেমিক্যাল ডাউনস্ট্রিম প্রোডাক্টস, পিগ আয়রন অ্যান্ড স্টিল প্লান্টস, ইঞ্জিনিয়ারিং প্রডাক্টস, ফার্টিলাইজার, কেমিক্যাল প্রডাক্ট ইত্যাদি।

[11-40—1-50 P.M.]

**শ্রী তপন হোড় ঃ** অতিরিক্ত প্রশ্ন স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়, অনুগ্রহ করে জানাবেন কি হলদিয়া পেট্রোকেমিক্যালসের জন্য এখন পর্যন্ত মোট কত পরিমাণ জমি নেওয়া হয়েছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** হলদিয়া পেট্রোকেমিক্যালসের জন্য এখন পর্যন্ত জমি নেওয়া হয়েছে, কোর এরিয়ার, যেখানে কারখানা হবে সেখানে অ্যাকোয়ার ল্যান্ড ৮৬০.১৬৫ একর, ভেস্টেড ল্যান্ড ১১৭.৩৩ একর, লিজ দেওয়া হয়েছে ৪৪.৮২৫ একর জমি। অতএব মোট ১০২২.০২০ একর জমি। হাউসিং-এর জন্য অ্যাকোয়ার করবে ২০৫.২৮৭ একর জমি। কিছু ভেস্টেড ল্যান্ড পাওয়া যাবে তার পরিমাণ ৩২.৪৮৩ একর। হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটির কাছ থেকে রিহ্যাবিলিটেশনের জন্য জমি কেনা হয়েছে ১৫১.৯০ একর। পলিপ্যাকের জন্য হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটিকে অনুরোধ করেছি আরও ৪০ একর জমি আমাদের জন্য অ্যাকোয়ার করার জন্য মানে এস. পি. এল.-এর জন্য।

**শ্রী তপন হোড় ঃ** কোন কোন শিল্প প্রকল্পের জন্য হলদিয়ায় জমি অধিগ্রহণ করা হয়েছে?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** হলদিয়া পেট্রোকেমিক্যালস বাদ দিয়ে বলছি। এক সপ্তাহ আগে বিস্তৃতভাবে এ ব্যাপারে বলা হয়েছে। হলদিয়া এলাকার কয়েকটি প্রজেক্টের নাম বলছি। আই. ও. সি. (এল. পি. জি. স্টোরেজ এন্ড বটলিং)-এর জন্য ১০৮ একর জমি দেওয়া হয়েছে, জুলাই, ১৯৯৬তে দখল পাবে। আই. ও. সি. (হলদিয়া-বারাউনি পাইপ লাইন)-এর জন্য ৯০ একর জমি দেওয়া হয়েছে। আই. বি. পি. (পেট্রোলিয়াম প্রোডাক্টস)-এর জন্য ৪৫ একর জমি দেওয়া হয়েছে, আগস্ট ১৯৯৬তে পাবে। বিটা ন্যাগথল লিমিটেড (কেমিক্যাল কমপ্লেক্স)-এর জন্য ১০ একর জমি দেওয়া হয়েছে। মাতাদীন ইন্ডাস্ট্রিস লিমিটেডের জন্য ১০ একর জমি দেওয়া হবে, নভেম্বর, ১৯৯৬তে জমি পাবে। বিড়লা মেটালস লিমিটেড (পিগ আয়রন)কে ৭৭৫ একর জমি দেওয়া হবে, ডিসেম্বর, ১৯৯৬তে জমি পাবে। মাইগ্রন লিমিটেড (ফিলার ম্যানুফ্যাকচারিং)কে ৮ একর জমি দেওয়া হয়েছে। মাইসোর সিমেন্ট লিমিটেডকে ৫০ একর জমি দেওয়া হবে, ডিসেম্বর ১৯৯৬তে পাবে। আই. টি. ডব্লু. সিগনেডস ইন্ডিয়া লিমিটেডকে ১৪ একর জমি দেওয়া হবে, জুলাই ১৯৯৬তে পাবে। নিক্কো কর্পোরেশন লিমিটেড (পি. ডি. সি.) ৭৫ একর জমি পাবে। আই. এইচ. পি. (গ্যালটেক্স লিমিটেড) (এল. পি. জি. এস. স্টোরেজ) ৬০ একর জমি পাবে। ডিসেম্বর ১৯৯৬তে। কার্বাক হোল্ডিংস লিমিটেড (এইচ. পি. এল. ডাউনস্ট্রিম) ৫ একর জমি পাবে। আই. এফ. বি. অ্যাগ্রো ইন্ডাস্ট্রিস লিমিটেড (হলদিয়া ডাউনস্ট্রিম) ৫০ একর জমি সেপ্টেম্বর, ১৯৯৬তে পাবে। শ্যানোন ইস্পাত লিমিটেড (কোল্ড রোল মিল) ১০ একর জমি দেওয়া হয়ে গেছে। মফতলাল ইন্ডাস্ট্রিস (অ্যালুমিনিয়াম ফ্লুরাইড) ৭৫ একর জমি পাবে। চন্দ্র'স কেমিক্যালস প্রাইভেট লিমিটেড (এইচ. পি. এল. ডাউনস্ট্রিম) ১০ একর জমি পাবে। পি. এস. এল. হোল্ডিংস (পাইপ লাইন কোটিং) ১৭ একর জমি পেয়েছে। ওয়েস্টার্ন পেট্রো জায়মন লিমিটেডের (পি. ও. এল. স্টোরেজ) ১৭ একর জমি পাবে, ডিসেম্বর ১৯৯৬তে। সাউথ এশিয়ান পেট্রোকেমিক্যালস লিমিটেড ৩০ একর জমি পাবে। এবং যে নামগুলো বললাম তারা ৫০ শতাংশ দাম দিয়েছে কিছু জমি

ইতিমধ্যে পেয়ে গেছে।

**শ্রী তপন হোড় ঃ** পশ্চিমবঙ্গে শিল্প বিকাশ কেন্দ্রগুলির জন্য এখন পর্যন্ত মোট কত জমি আপনি অধীগ্রহণ করেছেন?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** এটা হলদিয়ার বাইরে হয়ে গেল, তবুও বলে দিচ্ছি। আমাদের যে গ্রোথ সেন্টারগুলি আছে, সেখানে জলপাইগুড়িতে রামবাম গ্রোথ সেন্টারের জন্য নেওয়া হয়েছে ১০৬.২৪৫ একর জমি, রানিনগরে ১৫২.৫০ একর জমি, বাঁকুড়া জেলার বিষ্ণুপুরে জমি নিয়েছি ১৭২.৮৯ একর, কুচবিহার গ্রোথ সেন্টারে ১৩১.৩১৫ একর, মালদায় ১৬৪.৩৭ একর, হাওড়া জেলার উলুবেড়িয়া গ্রোথ সেন্টারে নিয়েছি ১০৭.৪৩ একর, দক্ষিণ ২৪ পরগনার ফলতায় ১৭২.০৬ একর, নদীয়া জেলার কল্যাণীতে ফেজ ১-এ নিয়েছি ১০২.১৫ একর, ফেজ ২তে নিয়েছি ১০২.৯৯৪ একর, ফেজ ৩তে ৮৮.৪১ একর, মেদিনীপুর জেলার হলদিয়া ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টারে জমি নিয়েছি ১১৯.৫৭ একর, আর মেদিনীপুর জেলার খড়গপুর ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টারে জমি নিয়েছি ২৫৬.৯৬৫ একর।

**শ্রী গৌতম চক্রবর্তী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাইছি এই বিষয়টি। — আপনাদের নিশ্চয় একটা আইন আছে, শিল্পপতিদের যে জমি অ্যালোট করেছেন, সেটা একটা নির্দিষ্ট সময়ের মধ্যে ইউটিলাইজ করতে হবে, অনির্দিষ্টকালের জন্য রাখতে পারবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে ইউটিলাইজ না করতে পারার জন্য আজ পর্যন্ত কত শিল্পপতিদের কাছ থেকে জমি ছিনিয়ে নিয়ে ডি-অ্যাকয়ার করেছেন?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** যখন গ্রোথ সেন্ট্রারের জন্য জমির ক্ষেত্রে টাকা দিয়ে অধীগ্রহণ করা হয়, তখন সেই নিয়ম থাকে না। শিল্প বিকাশের জন্য একটা নির্দিষ্ট সময় থাকে। অনেক ক্ষেত্রে ঐ সময়ের মধ্যেই হয়ে যায়, বেশিরভাগ হয় না। জমি পাওয়ার পর প্রোজেক্ট ঠিক করা, প্রোজেক্ট ফাইনান্সিং করা, এইগুলি করতে অনেক সময় লেগে যায়। টেকনিক্যাল আউটপুট এবং ফিনান্সিয়াল আউট পুটেও অনেক সময় লাগে। এই সব কারণে নির্দিষ্ট সময়ের মধ্যে অনেক ক্ষেত্রে হয় না। যখন দেখা যায় কোনও সম্ভাবনাই নেই, তখন আবার সেটা নিয়ে অ্যালোট করি। এরকম কোনও কোনও জায়গায় করা হয়েছে।

[11-50—12-00 P.M.]

**শ্রী নটবর বাগদি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানতে চাইছি, এই যাদের কাছ থেকে জমি অধিগ্রহণ করা হল তাদের পরিবারের কাউকে না কাউকে চাকরি দেবার কোনও সরকারি আইন আছে কিনা? থাকলে কি পদ্ধতিতে চাকরি দেওয়া হয়।

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** হলদিয়ার ক্ষেত্রে বাস্তুচ্যুতদের পরিবার থেকে একজন করে কাজ দেওয়ার কথা বলা হয়েছে। তার তালিকা করে জেলা প্রশাসনের কাছে রাখা আছে। যেমন যেমন রিকয়ারমেন্ট আসে তেমন তেমন চাকরি দেওয়া হয়।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** স্যার, হলদিয়ার পর যেসব জায়গায় শিল্পোন্নয়ন করতে চান

সেসব জায়গায় জমি অ্যাকোয়ার করা হয়। আপনি জানেন, কলকাতা-হাওড়ার পরে আসানসোল হচ্ছে ম্যাকসিমাম রিসোর্সেস জায়গা। শুধু কয়লা থেকে ৬২০ কোটি টাকার সেস স্টেট গভর্নমেন্ট পায়। এই কয়লা থেকে কোনও শিল্প করার চিন্তা-ভাবনা আছে কিনা? এ ব্যাপারে কোনও জমি অ্যাকোয়ার করেছেন কিনা?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** আসানসোল একটা পুরোনো শিল্পাঞ্চল। এর জন্য আলাদা কোনও শিল্প-বিকাশ কেন্দ্র গড়ার পরিকল্পনা নেই।

**শ্রী প্রভঞ্জন মণ্ডল ঃ** এই প্রশ্নটা অনেক আগেও এসেছিল। আমি একটা স্টেটমেন্ট দেখেছিলাম যে, হলদিয়া পেট্রো-কেমিক্যাল করতে প্রচুর তেল লাগবে। এবং তার পরিমাণ প্রতিদিন ১ লক্ষ লিটার। আমি আই. ও. সি.র সঙ্গে যুক্ত ছিলাম বলে এটা জানি। সেখানে একটা স্টেশন করতে হবে। আই. ও. সি. সার্ভিস স্টেশন—এটা সমুদ্রের মধ্যে হবে। একটা সাগরদ্বীপ-এর একটা অংশে এবং অন্যটা দিঘার একটা অংশে হবে। হলদিয়া পেট্রোকেমিক্যাল উইদাউট পেট্রোল হবে না। কিন্তু তার সাপ্লাই সম্পর্কে যে জটিলতা ছিল সেটার সমাধান হয়েছে কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** হলদিয়া পেট্রোকেমিক্যালসের টেকনিক্যাল টাই-আপের কথা এই বিধানসভায় বলা হয়েছে। এটা হবে। এ ব্যাপারে কোনও বাধা আছে বলে মনে হয় না।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** এ বিষয়ে জমি অধিগ্রহণ করা হয়েছে তাদের সঙ্গে সঙ্গে ক্ষতিপূরণ দিয়েছেন কিনা।

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** আইন অনুযায়ী ক্ষতিপূরণ দেওয়া হয়েছে। কোনও কোনও ক্ষেত্রে দেরি হয়। সেই দেরি যাতে না হয় তার জন্য বিশেষ ব্যবস্থা রাজ্য সরকার গ্রহণ করছেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি উত্তরটা আসানসোল পর্যন্ত দিলেন, সেই জন্য জিজ্ঞাসা করছি। প্রতি বছরই বিশেষ করে নির্বাচনের সময় আমরা শুনি যে, বহরমপুরের উপকণ্ঠে শিল্প হবে। অতীশবাবু বলেছেন এবং আগে প্রাক্তন মুখ্যমন্ত্রীও বলতেন। শুধু তাই নয়, ইন্ডাস্ট্রি করার জন্য বাইরের শিল্পপতি আনার জন্য স্বদেশে বায়ু পথে যোগাযোগ-এর কথা ওঁরা বলেন। রাজ্য সরকার এবিষয়ে কিছু অবগত আছেন কিনা?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** মুর্শিদাবাদ জেলায় শিল্প সম্ভাবনা সম্পর্কে সরকারের পক্ষ থেকে এবং কতকগুলো বেসরকারি প্রতিষ্ঠিত সংস্থা—সি. আই. আই, থেকে সমীক্ষা করেছে। সেখানে মাঝারি-বড় শিল্প কি কি গড়ে উঠতে পারে তার রিপোর্ট আমাদের কাছে আছে। এ ব্যাপারে আমরা বিভিন্ন শিল্পোদ্যোগীদের উৎসাহীত করার চেষ্টা করছি, সেখানে শিল্প করার জন্য। নির্বাচনের আগে সিদ্ধার্থবাবু যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তার সঙ্গে এর কোনও সম্পর্ক আছে বলে মনে হয় না।

(পার্সোনাল এক্সপ্লানেশন)

**শ্রী অতীশচন্দ্র সিংহ ঃ** স্যার, জয়ন্তবাবুর কথা শুনে আমি খুবই দুঃখিত। উনি বললেন

যে, নির্বাচনের আগে আমি এবং প্রাক্তন মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায় বহরমপুরে নাকি নানা রকম প্রতিশ্রুতি দিয়েছি—শিল্প করে দেব, হাওয়াই জাহাজ নিয়ে আসব ইত্যাদি। মাননীয় সদস্যের ঐ বক্তব্য সম্পূর্ণ অসত্য। আমি জনগণকে নির্বাচনের আগে এরকম কোনও প্রতিশ্রুতি দিইনি এবং আমি যতদূর জানি প্রাক্তন মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায়ও দেননি। ওঁর এই সমস্ত অসত্য কথা শুনে আমি অত্যন্ত দুঃখিত।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, পশ্চিমবঙ্গের প্রায় সব গ্রোথ সেন্টারগুলিই দেখার আমার সৌভাগ্য হয়েছে। হাওড়ার গ্রোথ সেন্টারের ইনফ্রাস্ট্রাকচার খুব ভাল না হলেও মোটামুটি ভাল। কিন্তু জলপাইগুড়ির অবস্থা মোটেই ভাল নয়। সেখানে ট্রান্সফর্মার বসানো হয়নি, পাওয়ার নেই। এই ধরনের অনেক গ্রোথ সেন্টারে সঠিক ইনফ্রাস্ট্রাকচার তৈরি হয়নি। উলুবেড়িয়ায় গ্রোথ সেন্টারের কাছে বোম্বে রোড চওড়া না হওয়ায় প্রচণ্ড ট্রাফিক জ্যাম হয়ে অসুবিধা হচ্ছে। সুতরাং আপনার কাছে আমার প্রশ্ন হচ্ছে সব গ্রোথ সেন্টারগুলোয় ইনফ্রাস্ট্রাকচার সঠিকভাবে গড়ে উঠেছে কি?

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** পশ্চিমবঙ্গে অনেকগুলো গ্রোথ সেন্টার বা শিল্পবিকাশ কেন্দ্রই সাফল্যমণ্ডিত হয়েছে; আবার কতকগুলো হয়নি। জলপাইগুড়ির 'ডাবগ্রাম শিল্প বিকাশ কেন্দ্র' ৫০ শতাংশ সাফল্যমণ্ডিত হয়েছে। কিছু বড় শিল্প পর্যন্ত হয়েছে। একটা চা গবেষণা কেন্দ্র, খুবই আধুনিক চা গবেষণা কেন্দ্র হচ্ছে। রানিনগর শিল্পবিকাশ কেন্দ্র এখনও পর্যন্ত ভালভাবে গড়ে ওঠেনি। কুচবিহারেরটা সাফল্যমণ্ডিত হবে। বিষ্ণুপুরেরটা ভাল হয়নি। নদীয়া জেলার কল্যাণীর তিনটে ফেজের সমস্ত কিছু হয়ে গেছে। ফলতা এবং উলুবেড়িয়ায় সমস্ত ভর্তি হয়ে গেছে, আবার নতুন জমি নেওয়া হচ্ছে। মাননীয় সদস্য ইনফ্রাস্ট্রাকচারের যে সমস্যার কথা বললেন তা আমরা জানি, তবে যেখানে বেশি প্রোজেক্ট আসেনি সেখানে তো খুব বেশি পাওয়ার আনা যায় না। আগে থেকে শুধু সেখানে পাওয়ার যাবে কেন? ইন্টারনাল রোড, জল ইত্যাদির কাজ আমরা আগে থাকতে করে দিই। তারপর যেমন যেমন প্রোজেক্ট আসে তেমন তেমন ইলেকট্রিক পাওয়ারের ব্যবস্থা করা হয়। তবে হ্যাঁ, এখনও কলকাতা, হাওড়া এবং ফলতার ওপরই জোরটা বেশি, অন্যত্র অত জোর নেই।

## Held over Stared Questions

(to which written answers were laid on the Table)

### Investment by NRIS

***239.** (Admitted Question No. *354) **Shri Sultan Ahmed : Will** the Minister-in-charge of the Housing Department be pleased to state—

(a) whether the State Government has any proposal, Scheme to attract investment by Non-resident Indians (NRIS) in Housing Projects in the State;

(b) if so, the details thereof; and

(c) response, if any, received from the NRIS?

**Minister-in-charge of the Housing Department :**

(a) No.

(b) Does not arise.

(c) Does not arise.

## Starred Question

(to which written answers were laid on the Table)

### গড়িয়া সেতু সম্প্রসারণ

*৪৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩) **শ্রী রবীন মুখার্জি ও শ্রী আব্দুল মান্নান ঃ** ১৯-৭-৯৫ তারিখের বিধানসভা প্রশ্ন নং *৪৯৩ (অনুমোদিত প্রশ্ন নং *১২০২)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে নগরোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

কলকাতার সাথে দক্ষিণ ২৪ পরগনা জেলার সংযোগ রক্ষাকারী গড়িয়া সেতুটির সম্প্রসারণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?

**নগরোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

মূল সেতুর নির্মাণ কাজ গত ডিসেম্বর '৯৫-এ শেষ হয়েছে। সেতুর দু'দিকে অ্যাপ্রোচ রোড নির্মাণের জন্য জমি অধিগ্রহণের চেষ্টা চলছে।

### বাঘের আক্রমণ

*৪৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০১) **শ্রী আব্দুল মান্নান ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৪, ১৯৯৫ এবং ১৯৯৬ (মে মাস পর্যন্ত) রাজ্যে বাঘের আক্রমণে কতজন প্রাণ হারিয়েছেন; এবং

(খ) নিহতদের পরিবারবর্গকে কি কি ক্ষতিপূরণ দেওয়া হয়েছে?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৪ — ৭ জন

১৯৯৫ — ৪ জন

১৯৯৬ (মে মাস পর্যন্ত) — ১ জন

(খ) প্রতিটি মৃত ব্যক্তির পরিবারবর্গকে রাজ্য সরকারের দেওয়া ক্ষতিপূরণের পরিমাণ এককালীন ৭৫০০ টাকা। ব্যাঘ্র প্রকল্পের কোনও সরকারি কর্মী বাঘের আক্রমণে মারা গেলে এর পরিমাণ ২৫,০০০ টাকা।

**'বেঙ্গল সল্ট কোম্পানি'**

***৪৯০।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫০৪) **শ্রী মৃণালকান্তি রায় ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) 'বেঙ্গল সল্ট কোম্পানি'টিকে আধুনিকীকরণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) থাকলে, তা বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বিভিন্ন পর্যায়ে বিবেচনাধীন আছে।

**জল সঙ্কট ঋণ**

***৪৯১।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৩) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কলকাতা শহরের জল সঙ্কট মোকাবিলায় 'হাডকো'র কাছ থেকে ঋণ নিয়ে পলতায় ৪ কোটি গ্যালনের এক জলাধার তৈরির প্রকল্প রাজ্য সরকারের বিবেচনাধীন আছে; এবং

(খ) সত্যি হলে,

(১) এই প্রকল্পের পূর্ণাঙ্গ বিবরণ; এবং

(২) এই প্রস্তাব রূপায়ণের বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) কলকাতা পুরসভা দৈনিক ৪ কোটি গ্যালন ক্ষমতা সম্পন্ন জলশোধন প্রকল্প রূপায়ণের জন্য 'হাডকো'র কাছে ২৫ কোটি টাকা ঋণের আবেদন পেশ করেছে। এই প্রকল্পটি আগামী বৎসর শুরু করার জন্য চেষ্টা করা হচ্ছে। এই প্রকল্পটি রূপায়িত হলে কলকাতায় প্রতিদিন আরও ৪ কোটি গ্যালন জল সরবরাহ করা যাবে। আপাতত এই প্রকল্পের খরচ ধরা

হয়েছে ৪৯ কোটি টাকা। তিন বৎসরের মধ্যে প্রকল্পটি সম্পূর্ণ হওয়ার কথা।

(২) বর্তমানে 'হাডকো'র কাছে ঋণে 'আবেদন' মঞ্জুর হওয়ার অপেক্ষায় আছে।

**অর্থানুকূল্যে বনাঞ্চল**

*৪৯২। (অনুমোদিত প্রশ্ন নং *৭৬১) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিশ্বব্যাঙ্কের অর্থানুকূল্যে রাজ্যে বনাঞ্চল গড়ে তোলার কোনও পরিকল্পনা করা হয়েছে কিনা; এবং

(খ) হয়ে থাকলে, তা বর্তমানে কোন্ পর্যায়ে আছে?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৯২-৯৩ সাল থেকে প্রকল্প হাতে নেওয়া হয়েছে এবং ১৯৯৬-৯৭ সালে শেষ হয়ে যাবে।

**মেগাসিটি প্রকল্প**

*৪৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *২২৪) **শ্রী সুকুমার দাস ঃ** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) কলকাতার কোন কোন এলাকাগুলি 'মেটাসিটি প্রকল্পে'র আওতায় আনা হয়েছে;

(খ) উক্ত প্রকল্প রূপায়ণে অনুমোদিত অর্থের পরিমাণ কত; এবং

(গ) কেন্দ্র ও রাজ্য সরকার উক্ত খাতে দেয় অর্থের পরিমাণ কত কত?

**নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বৃহত্তর কলকাতার (CMA) অন্তর্গত কলকাতা পৌর নিগম হাওড়া পৌরনিগম চন্দননগর পৌরসভা ও আরও আটত্রিশটি বিভিন্ন পৌরসভার অধীন সমগ্র এলাকাই 'মেগাসিটি প্রকল্পে'র আওতাভুক্ত হয়েছে।

(খ) উক্ত প্রকল্প রূপায়ণে অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালের জন্য প্রকল্প ব্যয় বরাদ্দের মোট পরিমাণ ৬০৮ (ছয়শত আট) কোটি টাকা, যার মধ্যে এ পর্যন্ত মেগাসিটি প্রকল্প অনুমোদন কমিটি ৩৩৫.৭১ কোটি টাকার প্রকল্প মঞ্জুর করেছেন।

(গ) কেন্দ্র ও রাজ্য সরকারের এ পর্যন্ত প্রদত্ত অর্থের পরিমাণ হল যথাক্রমে ৩৪.১৮ কোটি টাকা ও ১০৬.১৭ কোটি টাকা।

### মুর্শিদাবাদে মহকুমা

***৪৯৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬২২) **শ্রী ইউনুস সরকার ও শ্রী মোজাম্মেল হক ঃ** স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রশাসনিক কাজের সুবিধার জন্য মুর্শিদাবাদ জেলায় নতুন মহকুমা স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকলে, কোন কোন মহকুমা ভাগ করে নতুন মহকুমা করা হবে; এবং

(গ) উক্ত পরিকল্পনা কবে নাগাদ রূপায়িত হবে বলে আশা করা যায়?

**স্বরাষ্ট্র (কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

### দক্ষিণ কলকাতায় জলসঙ্কট

***৪৯৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৩০৩) **শ্রী সৌগত রায় ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় আনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, কলকাতা শহরে বিশেষ করে দক্ষিণ কলকাতায় বর্তমানে তীব্র জল সঙ্কট চলছে; এবং

(খ) সত্যি হলে, এই সঙ্কট নিরসনের জন্য রাজ্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেছে কিনা?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না, কোনও তীব্র সঙ্কট নেই। মাথাপিছু গড় পানীয় জল সরবরাহের ভিত্তিতে কলকাতা শহরে জল সঙ্কট নেই। কিন্তু চাপজনিত কারণে কোনও কোনও অঞ্চলে অনিয়মিতভাবে সঙ্কট লক্ষ্য করা গেছে।

(খ) কলকাতায় পানীয় জলের মাথাপিছু বর্তমান গড় সরবরাহ ৪২ জি.পি.ডি.সি.। এই সরবরাহ ৫০ জি.পি.সি.ডি.তে উত্তীর্ণ করতে কলকাতা শহরে প্রতিদিন পানীয় জলের মোট প্রয়োজন ২৩৭.৫ এম. জি.। কিন্তু বর্তমানে প্রতিদিন সরবরাহের মোট পরিমাণ ২০১ এম. জি.। অতএব প্রতিদিন অনুমিত ঘাটতির পরিমাণ ৩৭.৫ এম.জি.।

এই ঘাটতি পূরণ এবং চাপজনিত সমস্যা সমাধানের জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলি গৃহীত হয়েছে ঃ

(১) পলতায় প্রতিদিন ৪০ এম. জি. অতিরিক্ত পানীয় জল সরবরাহের জন্য একটি নতুন প্রকল্প রূপায়ণ।

(২) গার্ডেনরিচ-এ সি. এম. ডব্লিউ. অ্যান্ড এস. এ. ৬৩ এম. জি. ডি.-এর যে 'ট্রিটমেন্ট প্ল্যান্ট' স্থাপনের কাজ হাতে নিয়েছে, তা সম্পূর্ণ হলে তার একটি অংশ কলকাতার পৌরাঞ্চলের জন্য ব্যবহার।

(৩) জলের বর্তমানে চাপ বৃদ্ধির জন্য মহম্মদআলি পার্ক এবং বীরেন রায় রোড (পশ্চিম)-এ প্রতিটি ৪ এম. জি. ক্ষমতাসম্পন্ন দুটি নতুন বুস্টিং স্টেশনের নির্মাণ কার্য ত্বরান্বিত করা ঃ

(৪) পার্ক সার্কাস ময়দান, বাগমারি এবং রানিকুঠিতে (টালিগঞ্জ) জলাধারসহ নতুন বুস্টিং স্টেশন নির্মাণের বিষয় বিবেচনা ঃ

(৫) টালায় জল ধারণের ক্ষমতা আরও বৃদ্ধির জন্য ৭ এম. জি. ক্ষমতাসম্পন্ন বর্তমানে ক্ষতিগ্রস্ত একটি জলাধারের প্রয়োজনীয় মেরামত দ্রুত সম্পূর্ণ করা ঃ এবং

(৫) ১০ এম. জি. ক্ষমতাসম্পন্ন একটি নতুন জলাধারের ব্যবহার ইতিমধ্যেই শুরু করা।

### বাঁকুড়ায় গ্রানাইট শিল্প

***৪৯৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩৮) **শ্রী সুভাষ গোস্বামি ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার শালতোড়া থানায় গ্রানাইট শিল্প কেন্দ্রটি সম্প্রসারণ করে বাণিজ্যিকভাবে উৎপাদন করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, কিভাবে এবং কবে নাগাদ তা কার্যকর হবে বলে আশা করা যায়?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ। আছে।

(খ) বিষয়টি বিবেচনাধীন আছে। নির্দিষ্ট সময় নির্ধারিত হয়নি।

### Improvement of water distribution

***447.** (Admitted Question No. *444) **Shri Sultan Ahmed :** Will

the Minister-in-charge of the Urban Development Department be pleased to state—

(b) if so : —

(i) the salient features thereof;

(ii) the steps taken/proposed; and

(iii) the results thereof?

**Minister-in-charge of the Urban Development :**

(a) Yes.

(b) i) The salient features are :

Augmentation of Sources, Improvement, Refurbishment of Trunk Mains, Distribution Grid. Renovation, New construction of Underground Reservoirs, Boosting Stations etc.

ii) The following steps have been taken : –

1) Augmentation of source at Palta by 40 mgd.

2) Augmentation of source at Garden Reach by 60 mgd.

3) Underground Reservoir-cum-boosting station at Md. Ali Park, Behala Chowrasta, Park Circus Maidan.

4) Remodelling of 60" Talla, Auckland Main.

5) Balance portion of 1500 mm Talla, Palta Main.

6) Refurbishment of Calcutta Secondary Grid.

7) Sinking of big dia tubewells.

8) Improvement of distribution system and sources within slum areas.

iii) The Water Supply position in Calcutta has improved a lot.

### অভয়ারণ্যের স্বীকৃতি

*৪৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫৫) **শ্রী নির্মল দাস :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বক্সা টাইগার প্রোজেক্ট আন্তর্জাতিক অভয়ারণ্যের স্বীকৃতি পেয়েছে কি না;

(খ) পেয়ে থাকলে, উক্ত এলাকার আয়তন কত; এবং

(গ) কত সংখ্যক বাঘ, হাতী, গণ্ডার এবং অন্যান্য জীবজন্তু এই অরণ্যে আছে?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) ১৯৯৫ সালের গণনা অনুসারে জীবজন্তুর সংখ্যা নিম্নরূপ ঃ

| | |
|---|---|
| বাঘ | ৩১টি |
| চিতাবাঘ | ৭০টি |
| হাতি | ৮৫টি |
| গউর | ৩১০—৩৬০ |
| কাকর | ৯২৬—৯৯৬ |
| চিতল | ৪৮০—৫৫০ |
| পারা | ১১০—১৩০ |
| শম্বর | ৭০—৯০ |
| বরাহ | ২৬০০—২৮০০ |
| বেজি | ৩১০—৩৩০ |
| ভাম | ৩০০—৩৩০ |
| গোসাপ | ১১০—১৩০ |
| ময়ূর | ২৫০০—২৭০০ |
| বনমুরগী | ৫৪০০—৫৯০০ |

বক্‌সা এলাকায় কোনও গণ্ডার নেই।

### শহরে জলসঙ্কট

*৪৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩২) **শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) কলকাতা শহরে পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে কিনা; এবং

(খ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে উক্ত সঙ্কট মোকাবিলায় কি কি পদক্ষেপ গৃহীত হয়েছে?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মাথাপিছু গড় পানীয় জল সরবরাহের ভিত্তিতে কলকাতা শহরে জল সঙ্কট নেই। কিন্তু চাপজনিত কারণে কোনও কোনও অঞ্চলে অনিয়মিতভাবে এই সঙ্কট লক্ষ্য করা গেছে।

(খ) কলকাতায় পানীয় জলের মাথাপিছু বর্তমান গড় সরবরাহ ৪২ জি.পি.সি.ডি.। এই সরবরাহ ৫০ জি.পি.সি.ডি.তে উত্তীর্ণ করতে কলকাতা শহরে প্রতিদিন পানীয় জলের মোট প্রয়োজন ২৩৭.৫ এম.জি.। কিন্তু বর্তমানে প্রতিদিন সরবরাহের মোট পরিমাণ ২০১ এম.জি.। অতএব প্রতিদিন অনুমিত ঘাটতির পরিমাণ ৩৭.৫ এম.জি.।

এই ঘাটতি পূরণ এবং চাপজনিত সমস্যা সমাধানের জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলি গৃহীত হয়েছে ঃ

(১) পলতায় প্রতিদিন ৪০ এম. জি. অতিরিক্ত পানীয় জল সরবরাহের জন্য একটি নতুন প্রকল্প রূপায়ণ ঃ

(২) গার্ডেনরিচ-এ সি.এম.ডব্লিউ. অ্যান্ড এস.এ. ৬০ এম.জি.ডি.এর যে 'ট্রিটমেন্ট প্ল্যান্ট' স্থাপনের কাজ হাতে নিয়েছে, তা সম্পূর্ণ হলে তার একটি অংশ কলকাতার পৌরাঞ্চলের জন্য ব্যবহার ঃ

(৩) জলের বর্তমান চাপ বৃদ্ধির জন্য মহম্মদ আলি পার্ক এবং বীরেন রায় রোড (পশ্চিম)এ প্রতিটি ৪ এম.জি. ক্ষমতাসম্পন্ন দুটি নতুন বুস্টিং স্টেশনের নির্মাণ কার্য ত্বরান্বিত করা ঃ

(৪) পার্ক সার্কাস ময়দান, বাগমারি এবং রানিকুঠিতে (টালিগঞ্জ) জলাধারসহ নতুন বুস্টিং স্টেশন নির্মাণের বিষয় বিবেচনা ঃ

(৫) টালায় জল ধারণের ক্ষমতা আরও বৃদ্ধির জন্য —

* ৭ এম.জি. ক্ষমতাসম্পন্ন বর্তমানে ক্ষতিগ্রস্ত একটি জলাধারের প্রয়োজনীয় মেরামত দ্রুত সম্পূর্ণ করা ঃ এবং

* ১০ এম.জি. ক্ষমতাসম্পন্ন একটি নতুন জলাধারের ব্যবহার ইতিমধ্যেই শুরু করা।

### পৌরসভায় সংযুক্তিকরণ

*৫০০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৫৩) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

উত্তরপাড়া বিধানসভার অন্তর্গত নবগ্রাম গ্রাম পঞ্চায়েত ও কানাইপুর গ্রাম পঞ্চায়েত দুটিকে কোন্নগর পৌরসভার সঙ্গে সংযুক্তিকরণের কোনও প্রস্তাব রাজ্য সরকারের আছে কিনা?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** হ্যাঁ। এরকম একটি প্রস্তাব রাজ্য সরকার পেয়েছে। প্রস্তাবটি বিবেচনাধীন রয়েছে।

### হাওড়ায় পানীয় জলের সমস্যা

***৫০১।** (অনুমোদিত প্রশ্ন নং *১০০৮) **শ্রী জটু লাহিড়ি ঃ** নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) হাওড়া কর্পোরেশনের সংযোজিত এলাকায় পানীয় জলের সমস্যা সমাধানে রাজ্য সরকার কোনও পরিকল্পনা গ্রহণ করেছে কি না; এবং

(খ) করে থাকলে, উক্ত প্রকল্পটি কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, সালকিয়ার দৈনিক ৩০ (ত্রিশ) মিলিয়ন গ্যালন জল সরবরাহের ক্ষমতা বিশিষ্ট নতুন একটি প্রকল্প গড়ে তোলার কথা বিবেচনা করে দেখা হচ্ছে। এ ব্যাপারে প্রাথমিক কাজকর্ম শুরু হয়েছে।

(খ) প্রকল্পটি আগামী পাঁচ বছরের মধ্যে বাস্তবায়িত হবে বলে আশা করা যায়।

### আই. আর. ডি. পি. লোন

***৫০২।** (অনুমোদিত প্রশ্ন নং *১২২২) **শ্রী শৈলজাকুমার দাস ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) গত ১৯৯৫-৯৬-এর আর্থিক বছরে রাজ্যে আই. আর. ডি. পি. আওতার বেনিফিসিয়ারির সংখ্যা কত ঠিক করা হয়েছিল;

(খ) তন্মধ্যে কতজন বেনিফিসিয়ারিকে উক্ত লোন দেওয়া সম্ভপর হয়েছে; এবং

(গ) মোট লোন ও সাবসিডির পরিমাণ কত ছিল?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১,৪৯,২৪০।

(খ) ১,৬১,৭২৪ (১০৮.৩৭ শতাংশ)

(গ) ঋণ—৯,৪৭২.৬৪ লক্ষ টাকা। অনুদান—৫,৮১৭.৭১ লক্ষ টাকা।

## নিউ সেন্ট্রাল জুট মিল

***৫০৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৬১) **শ্রী অশোক দেব ঃ শিল্প ও বাণিজ্য বিভাগের** ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজের নিউ সেন্ট্রাল জুট মিলের অচলাবস্থা দূর করার ব্যাপারে সরকার কোনও উদ্যোগ গ্রহণ করেছে কি; এবং

(খ) করে থাকলে, তা কি?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯০ সালের সেপ্টেম্বর মাসে বি আই এফ এবং আর (Board for Industrial and Financial Reconstruction, BIFR) নিউ সেন্ট্রাল জুট মিলের পুনর্বাসনের জন্যে পুনর্বাসন প্রকল্প (Rehabilitation Package) অনুমোদন করেন। সময় সময় পর্যালোচনা ভিত্তিতে বি. আই. এফ আর. কোম্পানির জন্যে একটি সংশোধিত পুনর্বাসন প্রকল্প গত ৩১-১০-৯৫ সালে অনুমোদন করেন। সংশোধিত প্রকল্পে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে জাতীয় পুনর্নবীকরণ তহবিল (National Renewal Fund) থেকে ১ কোটি টাকা এবং ব্যাঙ্ক সমূহ (Consortium) থেকে অতিরিক্ত ৪ কোটি টাকা কার্যকর মূলধন ধরা হয়েছিল। জাতীয় পুনর্নবীকরণ তহবিল থেকে অনুদান না পাওয়ায় এবং ব্যাঙ্ক সমূহের কনসার্টিয়াম ব্যবস্থা চূড়ান্ত না হওয়ায় কোম্পানি আর্থিক সঙ্কটের সম্মুখীন হয়। রাজ্য সরকার এমতাবস্থায় কোম্পানির দৈনন্দিন কাজকর্ম চালু রাখার জন্যে ১৯৯৫-৯৬ আর্থিক বছরে ৭ কোটি টাকা স্বল্প মেয়াদী ঋণ মঞ্জুর করেন এবং জুন ১৯৯৬ সালে আরও ১ কোটি টাকা স্বল্প মেয়াদী ঋণ দেন।

উল্লেখ করা যেতে পারে যে বি. আই. এফ. আর অনুমোদিত প্রকল্প অনুযায়ী রাজ্য সরকার কোম্পানিকে ৪ কোটি টাকা সম মূলধন (ইকুইটি) এবং স্পেশাল জুট ডেভেলপমেন্ট ফান্ড থেকে পাওয়া (কেন্দ্রীয় সরকার) সুদ বিহীন ৩ কোটি টাকা দীর্ঘমেয়াদী ঋণ সহ ১০.২৫ কোটি টাকা বিক্রয় কর ঋণ (Sales Tax Loan) এবং ৩.০১ কোটি টাকা ব্যাঙ্ক গ্যারান্টি প্রদান করেন।

এছাড়া পশ্চিমবঙ্গ ইনসেন্টিভ স্কিমের সুযোগসুবিধা এবং অতিরিক্ত ৩.১ কোটি টাকা ব্যাঙ্ক গ্যারান্টি দিতে রাজ্য সরকার সম্মত হয়েছেন।

গত ৩১-৫-৯৬ তারিখে বি. আই. এফ. আর.-এর মিটিংয়ে লাভজনক সংস্থা হিসাবে কোম্পানির পরিচালনার জন্যে দীর্ঘমেয়াদী পরিকল্পনা পেশ করার নির্দেশ দেন এবং আগামী ১৪ই আগস্ট ১৯৯৬ সালে বি. আই. এফ. আর. তার শুনানির দিন ধার্য করেছেন। অর্থাৎ এই মিলটি চালু রাখার জন্য ইতিমধ্যেই রাজ্য সরকার BIFR অনুমোদিত প্রকল্পে যথাযথভাবে অংশগ্রহণ করেছে এবং প্রকল্পের বাইরেও অতিরিক্ত সহায়তা প্রদান করেছে।

### Election in Haldia Notified Area Authority

***504.** (Admitted Question No. *1372) **Shri Tushar Kanti Mandal :** Will the Minister-in-charge of the Municipal Affairs Department be pleased to state—

whether thc Government has any contemplation to hold election for constitution of the Haldia Notified Area Authority—is immediate for necessary action?

**পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** বর্তমান পৌর আইন অনুযায়ী প্রতিটি পৌরসভা অথবা প্রজ্ঞপিত অঞ্চলে নির্বাচিত পৌরবোর্ড থাকা বাধ্যতামূলক। হলদিয়া প্রজ্ঞপিত অঞ্চলে বর্তমান মনোনীত বোর্ডের মেয়াদ উত্তীর্ণ হবে আগামী ৩০-৯-৯৬ তারিখে। এই বিষয়ে ঐ সময়ের ভিতরে রাজ্য সরকার যথাযথ সিদ্ধান্ত গ্রহণ করবেন।

### The Calcutta Gazette

***505.** (Admitted Question No. *1389) **Shri Biplab Roychowdhury** and **Shri Saugata Ray :** Will the Minsiter-in-charge of the Commerce and Industry Department be pleased to state—

(a) what arrangements have been made for distribution and sale of Notifications published in the Calcutta Gazette printed by the Saraswaty Press and/or any other Press (other than the West Bengal Government Press);

(b) the variations in the number of Annual Subscribers of Calcutta Gazettes during the last three years;

(c) whether the State Government has any information regarding the difficulties faced by the people in getting copies of such Gazettes; and

(d) the steps, if any, proposed to be taken by the State Government to ensure availability of such Gazettes in the Publication Sales Counters?

**Minsiter-in-charge of the Commerce and Industry Department :**

(a) Copies of the Gazette-Notifications are sent by the concerned Presses and administrative departments to the Controller of Printing and Stationery, West Bengal who acts as Publisher on behalf of the Government.

Controller of Printing and Stationery, West Bengal sends

necessary copies to the Sales Counters at W.B.G. Press, Alipore campus and at New Secretariat Buildings (ground floor), K. S. Roy Road, Calcutta.

Copies meant for free distribution and paid subscribers are also sent to the concerned personnels subscribers by the Controller. But for sometime past there has been some dislocation.

Fresh instruction has been issued to all concerned presses and authorities reiterating supply of 1800 copies of each Gazette Notification to CPS, WB immediately on its being printed and CPS, WB has been instructed to ensure regular circulation of the same amongst the subscribers and officials and institutions entitled to free copies.

(b) Number of subscribers during '93–'94, '94–'95 and '95–'96 remained the same.

(c) There is no such information except what has been stated in above.

(d) Instructions have been issued for making available the Gazettes to the subscribing officials/departments entitled to free copies and also to the Sales Counters.

## Terminated of CUDP-III

***506.** (Admitted Question No. *1570) **Shri Ashoke Mukherjee** and **Shri Saugata Roy :** Minister-in-charge of the Urban Development Department be pleased to state—

(a) whether it is a fact that the agreements between the International Development Association (IDA) on the one hand and the Government of India, Government of West Bengal and the Calcutta Metropolitan Development Authority (CMDA) on the other hand regarding the Third Calcutta Urban Development Project (CUDP-III) has been terminated by the IDA; and

(b) if so, the reasons thereof?

**Minister-in-charge of the Urban Development Department :**

(a) Yes.

(b) The agreement for IDA III came to an end as per terms of the agreement.

**কাটোয়ায় জল সরবরাহ**

***৫০৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫২) **শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কাটোয়া মহকুমা বিধানসভা এলাকায় পানীয় জল সরবরাহের কোনও সামগ্রিক পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, কোন কোন মৌজায় এবং কবে নাগাদ তা বাস্তবায়িত হবে?

**জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিধানসভা অথবা মহকুমা ভিত্তিক পরিকল্পনা সাধারণভাবে নেওয়া হয় না।

(খ) প্রশ্ন নেই।

*৫০৮—হেল্‌ড ওভার।

**পাথরপ্রতিমায় জলসঙ্কট**

***৫০৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯৬০) **শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলায় পাথরপ্রতিমা এলাকায় পানীয় জলের সঙ্কট দূরীকরণে কোনও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কিনা; এবং

(খ) হয়ে থাকলে, কিভাবে এবং কবে নাগাদ তা রূপায়িত হবে বলে আশা করা যায়?

**জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১। দক্ষিণ লক্ষ্মীনারায়ণপুর নল বাহিত জল সরবরাহ প্রকল্প ৯.১৪ লক্ষ টাকা অনুমিত ব্যয়ে গ্রহণ করা হয়েছে। কাজ শুরু করা হলেও জমি সংক্রান্ত বিরোধের জন্য কাজ ব্যাহত হচ্ছে।

২। সুন্দরবন উন্নয়ন কর্তৃপক্ষের অনুরোধক্রমে ১৭৪.৬২ লক্ষ টাকা অনুমিত ব্যয়ে ৪টি জল সরবরাহ প্রকল্প গ্রহণ প্রস্তুত করা হয়েছে। প্রয়োজনীয় অর্থের মঞ্জুরি এবং যোগান সাপেক্ষে কাজ শুরু করা হবে।

**হাতির আক্রমণ**

***৫১০।** (অনুমোদিত প্রশ্ন নং *১০২) **শ্রী আব্দুল মান্নান ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত

মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে গত পাঁচ বছরে হাতির আক্রমণে নিহতের সংখ্যা কত; এবং

(খ) নিহতদের পরিবারদের জন্য কি কি ক্ষতিপূরণ দেওয়া হয়েছে?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক)

| সাল | উত্তরবঙ্গ | দক্ষিণবঙ্গ | মোট |
|---|---|---|---|
| ১৯৯২ | ৭০ | ৮ | ৭৮ |
| ১৯৯৩ | ৪৮ | ১৮ | ৬৬ |
| ১৯৯৪ | ৩৬ | ১৫ | ৫১ |
| ১৯৯৫ | ৩৯ | ১১ | ৫০ |
| ১৯৯৬ | ১৯ | ৪ | ২৩ |

(মে পর্যন্ত)

(খ) প্রতিটি নিহতের পরিবারবর্গকে ক্ষতিপূরণ বাবদ ৭৫০০ টাকা হিসাবে দেওয়া হয়।

## লাভের একটা অংশ

***৫১১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫১১) **শ্রী মৃণালকান্তি রায় ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, শিল্প স্থাপনে আগ্রহী শিল্পপতিদের লভ্যাংশের একটি অংশ, রাজ্যে শিল্পক্ষেত্রে বিনিয়োগ করার নির্দেশ দেওয়া হয়েছে; এবং

(খ) সত্যি হলে, এই নির্দেশনামার বিস্তারিত বিবরণ কি?

**শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নির্দেশ দেওয়া যায় না।

(খ) প্রশ্ন ওঠে না।

## Seperate Security Cell

***513.** (Admitted Question No. *1076) **Shri Sudip Bandyopadhyay :** Will the Minister-in-charge of the Hill Affairs Department be pleased to state—

*(a) whether the State Government has received any suggestion/ proposal for a Seperate Security Cell for the Darjeeling Gorkha Hill Council; and*

(b) if so—

(i) the brief outlines of the suggestion(s)/proposal(s); and

(ii) the contemplation of the State Government in the matter?

**Minister-in-charge of the Hill Affairs Department :**

(a) Yes.

(b) i) Darjeeling Gorkha Hill Council proposed for creation off post of Security Officer and supporting staff for security supervision there;

ii) State Government have initiated action.

* 514—Held Over.

**বনসংরক্ষণ প্রশিক্ষণ**

***৫১৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১১০২) **শ্রী সুকুমার দাস :** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বনসৃজন, বনসংরক্ষণ প্রশিক্ষণ ও গবেষণার জন্য বিশ্বব্যাঙ্ক এ পর্যন্ত কত অর্থ বরাদ্দ করেছে;

(খ) বরাদ্দকৃত অর্থের কত পরিমাণ এ পর্যন্ত পাওয়া গিয়েছে; এবং

(গ) উক্ত অর্থ কিভাবে ব্যয়িত হয়েছে?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) পশ্চিমবঙ্গ বনায়ন প্রকল্পে বিশ্বব্যাঙ্ক-এর বরাদ্দকৃত অর্থের পরিমাণ :

| | (কোটি টাকায়) |
|---|---|
| বনসৃজন ও সংরক্ষণ বাবদ | ৭৬.৮৭ |
| প্রশিক্ষণ বাবদ | ৫.৮৯ |
| গবেষণা বাবদ | ৬.৬১ |
| | ৮৯.৩৭ |

(খ) ৮৯.৩৭ কোটি টাকার মধ্যে ৫৫.৯১ কোটি টাকা পাওয়া গেছে।

(গ) ১৯৯২-৯৩ সাল থেকে ১৯৯৫-৯৬ সাল পর্যন্ত বন সৃজন ও বন সংরক্ষণ . প্রশিক্ষণ ও গবেষণার জন্য ব্যয় করা হয়েছে।

### Joint Sector in Housing Projects

***516.** (Admitted Question No. 768) **Shri Saugata Roy : Will the** Minister-in-charge of the Housing Department be pleased to state—

Projects made so far in the implementation of Joint Sector Housing Projects with Peerless and Bengal Ambuja?

**Minister-in-charge of the Housing Department :**

Bengal Peerless Housing Dev. Company Ltd. have taken up a Project for construction of 1168 no. of flats at Nazrul Islam Sarani (V.I.P. Road) and M/s Bengal Ambuja Housing Dev. Ltd. have taken up a Project at Rajapur on E.M. Bye-Pass for construction of 1880 no. of flats.

### ADJOURMENT MOTION

**Mr. Speaker :** Today I have received four notices of Adjournment Motion. The first one is from Shri Suniti Chattaraj on the subject of Govt. Circular for the employees absented on 5-7-96. The second one is from Shri Ashok Deb on the subject of illegal production of bricks at Budge Budge Maheshtala areas of 24 Parganas (South). The third one is from Shri Shyamadas Banerjee demanding for allotment of fund for development works of Asansol Municipality. The fourth one is from Shri Deba Prasad Sarkar on the subject of reported attack of Police on S. U. C. I. demonstrators at Hazra on 17-7-96.

The subject matters of the Motions are not such which call for Adjourment of the business of the House. These are related to the day to day administration of the Govt. Moreover, the Members may, ventilate their grievances in these matters through Calling Attention, mantions, etc.

I, therefore, withhold my consent to all the Motions.

Two members may, however, read out the text of their Motion as amended.

**Shri Suniti Chattaraj :** "Sir, This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of

recent occurrence, namely,—

It would be evident from the circulars bearing No. 7464-F dated 22-8-77 and 4884-F dated 27-5-1980 wherein absence of the strikers as well as the absence of these employees who did not attend in the Bandhs held in the past for some other reasons were regularised by grant of Special Casual Leave and/or re-imbursement of the salaries deducted. The break-in-service was also condoned with all service benefits from retrospective effect i.e., the date from which the benefit would become due to him if he would not suffer break-in-service.

But it is not followed by the Govt. in respect of the employees who were absent on 5-7-96 i.e., the day of last Bangla Bandh. We aprised you during our last discussion on 11-7-96 that if the Govt. desires to change its stand regarding the Bandhs, that must have to be done and policy announced before the employees before any call of Bandh from any Political Trade Union/Service Association and for this purpose the employees' Organisations may be given with opportunity to be heard.

Therefore, I consider the said circular dated 11-7-96 as a Politically motivated and demand for its immediate withdrawal."

[12-00—12-10 P.M.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতবী রাখছেন। বিষয়টি হল—

গতকাল পেট্রোল ডিজেল ও রান্নার গ্যাসের মূল্য বৃদ্ধির এবং পরিবহনের ভাড়া বৃদ্ধির প্রতিবাদে এস. ইউ. সি. আই. দলের কলকাতা জেলা কমিটির উদ্যোগে হাজরার মোড়ে পথ অবরোধের এক কর্মসূচি গ্রহণ করা হয়। শান্তিপূর্ণ এই অবরোধকারিদের উপর বিরাট পুলিশবাহিনী নিয়ে র‍্যাফ অতর্কিতে এসে আক্রমণ চালায়। র‍্যাফ ও পুলিশের নির্বিচার লাঠিচার্জে তিরিশ জনের বেশি আহত হয়। এদের মধ্যে বেশ কয়েকজনের আঘাত গুরুতর। একজন মাথায় গুরুতর আঘাত নিয়ে শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে এবং আর একজন এস. এস. কে. এম. হাসপাতালে ভর্তি আছেন। আন্দোলনকারী মহিলাদের উপর র‍্যাফ যেভাবে আক্রমণ করে তা নজিরবিহীন। আক্রমণের পর পুলিশ ৯ জন মহিলাসহ ৩৭ জনকে গ্রেপ্তার করে। আহতদের বিনা চিকিৎসায় দীর্ঘক্ষণ পুলিশ ফেলে রাখে। শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে মাথায় আঘাতপ্রাপ্ত এক ব্যক্তিকে কার্যত বিনা চিকিৎসায় ফেলে রেখেছে। পেট্রোল, ডিজেল ও রান্নার গ্যাসের মূল্য বৃদ্ধি এবং পরিবহনের ভাড়া বৃদ্ধির বিরুদ্ধে গণতান্ত্রিক আন্দোলনের উপর র‍্যাফসহ পুলিশবাহিনীকে নামিয়ে জনসাধারণের বিরুদ্ধে কার্যত যুদ্ধ ঘোষণা করে বেপরোয়া আক্রমণ ও নির্যাতন চালান। গণতান্ত্রিক আন্দোলনের স্বার্থে অবিলম্বে রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গীর

পরিবর্তন এবং গণ আন্দোলনে পুলিশি আক্রমণ বন্ধ হওয়া অত্যন্ত জরুরি।

## LAYING OF REPORT

**Report of the Yusuf Commission of Inquiry for the incidents that took place on 8th June, 1992 in several areas of South Calcutta.**

**Shri Jyoti Basu :** Sir, I beg to lay the Report of the Yusuf Commission of Inquiry on the incidents that took place on 8th June, 1992 in several areas of South Calcutta along with Memorandum of action thereon.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today, I have received nine notices of Calling Attention on the following subjects namely :

| Subject | | Name |
|---|---|---|
| *1. Non-inclusion of N.L.C.C. in the discussion on matter related to labour. | : | Shri Suniti Chattaraj |
| 2. Acute Power crisis in Asansol. | : | Shri Tapas Banerjee |
| 3. Proposed tourist centre at river-side under Pujali Municipality, south 24 Parganas. | : | Shri Ashoke Kumar Deb |
| 4. Discovery of 'Nanda Dighi Behar' of the ancient Buddhists in Malda district. | : | Shri Tapan Hore |
| 5. Delay in completion of Garia Bridge. | : | Shri Sobhan Deb Chattopadhyay |
| 6. Deplorable condition of roads in the villages under Hirapur Constituency. | : | Shri Shyamadas Banerjee |
| 7. Terms of reference of the proposed Commission of Wakf Property scam. | : | Shri Sudip Bandyopadhyay |
| 8. Reported mysterious death of a patient at Ruby General Hospital on 17-7-96. | : | Shri Saugata Roy |
| 9. Flood situation in North Bengal. | : | Shri Deba Prosad Sarkar |

I have selected the notice of Shri Sobhan Deb Chattopadhyay on the subject of "Delay in completion of Garia Bridge".

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 19th July.

(এই সময় এস. ইউ. সি. আই. সদস্যগণ ওয়াক আউট করেন)

(গোলমাল)

(কংগ্রেস সদস্যরাও সকলে ওয়াক আউট করেন)

**Mr. Speaker :** Now, I call upon the Minister-in-charge of Municipal Affairs Department to make a statement on the subject of non-sanction of fund for development works of Suri Municipality.

(Attention called by Shri Suniti Chattaraj on the 10th July, 1996)

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** সি. এম. ডি. এ. বহির্ভূত অঞ্চলের পৌরসভাগুলির জন্য নিম্নলিখিত উন্নয়নমূলক কর্মসূচিগুলি গ্রহণ করা হয়ে থাকে—যথা (১) আই. ডি. এস. এম. টি., (২) বস্তি উন্নয়ন, (৩) নলকূপের সাহায্যে পানীয় জল সরবরাহ, (৪) ইউ. বি. এস. পি., (৫) নেহরু রোজগার যোজনা ও (৬) পি. এস. আই. ইউ. পি. ই. প্রকল্প। তাছাড়া খাটা পায়খানা অপসারণ ও পৌরাঞ্চল উন্নয়ন কর্মসূচির কথাও উল্লেখযোগ্য।

গত তিন বৎসরে সিউড়ি পৌরসভাকে নিম্নলিখিত টাকা বিভিন্ন উন্নয়নমূলক খাতে মঞ্জুর করা হয়েছে ঃ

| আর্থিক বছর | প্রকল্পের নাম | মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ |
|---|---|---|
| ১৯৯৩-৯৪ | (১) পৌরাঞ্চলের উন্নয়নমূলক কাজ | টাকা ২,১১,৫০০.০০ |
| | (২) বস্তি উন্নয়ন | টাকা ১,০০,০০০.০০ |
| | (৩) নলকূপের সাহায্যে জল সরবরাহ | টাকা ৫,০০,০০০.০০ |

এছাড়াও ১৯৯৩-৯৪ আর্থিক বছরের পূর্বে সিউড়ি পৌরসভাকে নেহরু রোজগার যোজনার অন্তর্গত সুমে (SUME) এবং সুয়ে (SUWE) প্রকল্পের আওতায় যথাক্রমে টাকা ৩,৪১,৪০০.০০ এবং ৬,০২,৫০০.০০ টাকা মঞ্জুর করা হয়েছিল। সেই টাকা সদ্ব্যবহারের প্রতিবেদন এখনও পৌরসভার কাছ থেকে পাওয়া যায়নি।

| | | | |
|---|---|---|---|
| ১৯৯৪-৯৫ | (১) পৌরাঞ্চলের উন্নয়নমূলক কাজ | টাকা | ৪,৩৩,২০০.০০ |
| | (২) বস্তি উন্নয়ন | টাকা | ১,৪৯,১০০.০০ |
| ১৯৯৫-৯৬ | (১) পৌরাঞ্চলের উন্নয়নমূলক কাজ | টাকা | ১,৯৮,৮৫০.০০ |
| | (২) বস্তি উন্নয়ন | টাকা | ৭৩,৬০০.০০ |
| | (৩) নলকূপের সাহায্যে পানীয় জল সরবরাহ | টাকা | ৫০,০০০.০০ |
| | (৪) আই. ডি. এস. এম. টি. | টাকা | ৮,০১,০০০.০০ |
| | (৫) উন্নয়নমূলক কর্মসূচি (প্রশাসনিক ব্যয় সমেত) চুঙ্গিকরের পরিবর্তে | টাকা | ১১,৬০,১৯১.০০ |
| | (৬) পি. এম. আই. ইউ. পি. ই. পি. | টাকা | ১৬,৯৩,০০০.০০ |

বর্তমান আর্থিক বছরে (১৯৯৬-৯৭)-এ পর্যন্ত এই পৌরসভাকে উন্নয়নমূলক কাজের জন্য ৫১,৬০০.০০ টাকা, বস্তি উন্নয়নের জন্য ২৫,৮০০.০০ টাকা, উন্নয়নমূলক কর্মসূচির জন্য ৩,১০,০৩৮.০০ টাকা এবং পি. এম্. আই. ইউ. পি. প্রকল্পে ১৬.২৭ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে।

সিউড়ি পৌরসভার এই চতুর্থ পর্যায়ে খাটা পায়খানা অপসারণ প্রকল্পের আওতায় আনার প্রস্তাব সরকারের বিবেচনাধীন এবং এ বাবদ প্রাথমিকভাবে বর্তমান আর্থিক বছরে ১০,০০,০০০.০০ টাকা মঞ্জুর করা হতে পারে।

উপরোক্ত তথ্যানুযায়ী দেখা যাচ্ছে, সিউড়ি পৌরসভাকে বিভিন্ন উন্নয়নমূলক খাতে প্রতি বছরই অর্থ দেওয়া হচ্ছে, কিন্তু যথাসময়ে হিসাব দেওয়ার ক্ষেত্রে এই পুরসভা তৎপর নয়।

**Mr. Dy. Speaker :** Now, I call upon the Minister-in-charge of the Public Health Engineering Department to make a statement on the subject of non-supply of water from Joypur Rural Water Supply Project in Purulia district.

(Attention called by Shri Santiram Mahato on the 16th July, 1996.)

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী গৌতম দেব ঃ**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

মাননীয় সদস্য শ্রী শান্তিরাম মাহাতো আপনার মাধ্যমে একটি দৃষ্টি আকর্ষণী প্রস্তাব এনে জয়পুর গ্রামীণ জল সরবরাহ প্রকল্পের সমস্যার কথা তুলে ধরেছেন। এ প্রসঙ্গে মাননীয় সদস্যদের অবগতির জন্য প্রকল্পটির বর্তমান পরিস্থিতি সম্বন্ধে কিছু তথ্য জানাই।

জয়পুর গ্রামীণ পানীয় জল প্রকল্পটি ১৯৯০-৯১ অর্থ বর্ষে মোট ২৩ লক্ষ ৫১ হাজার টাকা ব্যয়ে চালু করা হয়েছিল। প্রকল্পটির সুবিধা পাচ্ছিল জয়পুর থানার ১৮টি গ্রামের ২০,৪৩৭ জন মানুষ। সাধারণ অবস্থায় প্রকল্পটিতে দৈনিক ১ লক্ষ ৬০০ হাজার গ্যালন পানীয় জল উৎপন্ন হয়।

দুর্ভাগ্যবশত গত কয়েক মাস ধরেই ঐ অঞ্চলে ব্যাপক বিদ্যুৎ বিভ্রাট ঘটেছে। জুন ও জুলাই মাসে (১৭ তারিখ পর্যন্ত) বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকার জন্য অথবা ভোল্টেজ কম থাকার জন্য বেশ কিছুদিন জল সরবরাহ বন্ধ ছিল। এ সমস্যা নিরসনের জন্য রাজ্য বিদ্যুৎ পর্ষদের সঙ্গে আলোচনা করে আমাদের বিভাগীয় ইঞ্জিনিয়াররা কি ব্যবস্থা নেওয়া যায় তা খতিয়ে দেখছেন।

**Mr. Dy. Speaker :** Now, I call upon the Hon'ble Minister-in-charge of the Finance Department to make a statement under rule 346.

## STATEMENT UNDER RULE-346

**Shri Asim Kumar Dasgupta :**

Mr. Speaker, Sir,

With, your permission, I rise to make the following statement.

The State Government has decided to make payment of due arrears to the teachers and non-teaching staff of primary and secondary schools on account of the decision of the Government on the recommendation of the Third Pay Commission through the General Provident Fund duly constituted. To this end school-specific Provident Fund Accounts will be opened for the teaching and non-teaching staff of secondary schools. The Department of School Education will take all necessary steps in this regard. Every effort will be made for transfer of funds by November 15, 1996 so that the teaching and non-teaching staff of primary and secondary schools may get the benefit as per prescribed rules.

**Mr. Dy. Speaker :** Now, I call upon the Minister-in-charge of the Relief Department to make a statement under rule 346.

[12-10—12-20 P.M.]

## STATEMENT UNDER RULE-346

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সাম্প্রতিককালে উত্তরবঙ্গে কিছু কিছু এলাকায় ল্যান্ড স্লাইড বা ধ্বস এবং বন্যায় যে বিরাট ক্ষয়ক্ষতি হয়েছে এই সভার মাননীয় সদস্যগণ সেখানে ত্রাণের কি ব্যবস্থা করা হয়েছে বা কিভাবে করা হয়েছে সে

সম্পর্কে জানতে চেয়েছিলেন। গতকাল মাননীয় অধ্যক্ষ মহাশয় এ সম্পর্কে সভায় একটি বিবৃতি দেওয়ার জন্য নির্দেশ দিয়েছিলেন রিলিফ মিনিস্টার মহাশয়কে। মাননীয় রিলিফ মিনিস্টার উত্তরবঙ্গে যাওয়ার জন্য তার পক্ষ থেকে এই স্টেটমেন্টটা আমি দিচ্ছি সভার মাননীয় সদস্যদের অবগতির জন্য। জেলাওয়ারি ত্রাণসামগ্রী পাঠানোর তালিকাটি আমি পড়ে দিচ্ছি।

**Name of District :**

| | | |
|---|---|---|
| 1. Jalpaiguri | Spl. G. R. (Rice) | 150 M. T. |
| | Spl. G. R. (Wheat) | 50 M. T. |
| | Contingent fund (including purchase of Dry Food etc.) | Rs. 6,25,000/- |
| | Tarpauline | 4500 pcs. |
| | Children Garments | 1000 pcs. |
| 2. Darjeeling | Spl. G. R. (Rice) | 25 M. T. |
| | Spl. G. R. (Wheat) | 25 M. T. |
| | Contingent fund (including purchase of Dry Food etc.) | Rs. 1,25,000/- |
| | Tarpauline | 500 pcs. |
| | Dhuti | 700 pcs. |
| | Sari | 700 pcs. |
| | Children Garments | 1000 pcs. |
| | Lungi | 300 pcs. |
| 3. Cooch Behar | Spl. G. R. (Rice | 100 M. T. |
| | Spl. G. R. (Wheat) | 25 M. T. |
| | Contingent fund (including purchase of Dry Food etc.) | Rs. 4,00,000/- |
| | Tarpauline | 3000 pcs. |
| | Dhuti | 700 pcs. |
| | Sari | 1000 pcs. |
| | Children Garments | 500 pcs. |
| 4. Dakshin Dinajpur | Spl. G. R. (Rice) | 50 M. T. |
| | Spl. G. R. (Wheat) | 500 M. T. |
| | Contingent fund (including purchase of Dry Food etc.) | Rs. 1,00,000/- |

| | |
|---|---|
| Tarpauline | 2000 pcs. |
| Dhuti | 700 pcs. |
| Sari | 1000 pcs. |
| Children Garments | 1000 pcs. |
| Lungi | 500 pcs. |

## ZERO HOUR

**শ্রী অজয় দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে পূর্তমন্ত্রী আছেন, আমি আশা করব যে তিনি এই ব্যাপারে কিছু বলবেন। আমাদের প্রয়াত নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর একটি মূর্তি কলকাতায় স্থাপনের জন্য দীর্ঘদিন ধরে আলাপ-আলোচনা চলছিল। সরকার এই ব্যাপারে সিদ্ধান্তও নিয়েছিলেন এবং একটা কমিটি করা হয়েছিল। সেই কমিটিতে বিরোধী দলের নেতা ডাঃ জয়নাল আবেদিনও ছিলেন। সেই কমিটি ক্লিয়ারেন্সও দিয়েছিল। আমি জানতে চাই যে আর কতদিন বাদে আমাদের প্রয়াত নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীকে সম্মান জানানোর জন্য মূর্তিটি স্থাপন করা হবে?

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্রে ছাত্র ভর্তির ভয়ঙ্কর সমস্যা দেখা দিয়েছে এবং এটা সারা পশ্চিমবঙ্গেও আছে। আমাদের বোলপুর, শান্তি নিকেতন একটা বিশেষ জায়গা। এখানে ছাত্র ভর্তির সমস্যা ভীষণভাবে দেখা দিয়েছে। কাজেই সেখানে অন্তত একটা গার্লস স্কুল এবং একটা বয়েজ স্কুলকে হায়ার সেকেন্ডারি না করলে এই প্রবলেম আরও অ্যাকিউট হবে। সেজন্য শৈলবালা গার্লস হাই স্কুল এবং বিবেকানন্দ বয়েজ হাই স্কুলকে যদি হায়ার সেকেন্ডারি না করা হয় তাহলে বহু ছাত্রছাত্রী উচ্চ শিক্ষা থেকে বঞ্চিত হবে। সেজন্য আপনার মাধ্যমে আমি উচ্চ শিক্ষা মন্ত্রীর কাছে আবেদন করছি যে এই বিষয়টি বিশেষভাবে চিন্তা করবেন।

**শ্রী ক্ষিতি গোস্বামি ঃ** মাননীয় সদস্য অজয় দে, তিনি ইন্দিরা গান্ধীর মূর্তি স্থাপন নিয়ে প্রশ্ন তুলেছেন। ইন্দিরা গান্ধীর মূর্তিটি সম্পূর্ণ তৈরি হয়ে আছে। আমরা আর্টিস্টের কাছ থেকে চিঠি পেয়েছি, এটা তাড়াতাড়ি ডেলিভারি নিতে হবে। কিন্তু মূর্তিটি বসাবার জন্য যে জায়গাটা ঠিক ছিল, সেখানে আর্মি থেকে করতে দেবে না, কেননা ওটা হচ্ছে 'ব্লু জোন'। ব্লু জোন হবার জন্য আর্মি থেকে একটা আপত্তি তোলা হয়েছে। আমরা সেজন্য করতে পারিনি। সেজন্য রেড রোডের ধারে আমরা বসাবো বলে ঠিক করেছিলাম, কিন্তু ডিফেন্সের আপত্তি ওঠায় আমরা সেই জায়গায় মূর্তিটি বসাতে পারিনি। ডিফেন্সের সঙ্গে আমাদের কথাবার্তা হচ্ছে। আগামী সেকেন্ড আগস্ট জেনারেল শঙ্কর রায় চৌধুরি কলকাতায় আসবেন। তার সঙ্গে আমাদের একটা অ্যাপয়েন্টমেন্ট হয়েছে। তার সঙ্গে আমরা এই ব্যাপার নিয়ে আলোচনা করবো এবং চেষ্টা করবো যাতে শ্রীমতী ইন্দিরা গান্ধীর মূর্তিটি স্থাপনের ব্যাপারে আগে থেকে যে জায়গা নির্দিষ্ট ছিল, অর্থাৎ রেড রোডের কাছে, সেটা যাতে তারা গ্রহণ করেন সেইভাবে চেষ্টা করবো।

[12-20—12-30 P.M.]

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কাটোয়া কলেজে বামপন্থী মনোভাবাপন্ন এক শ্রেণীর শিক্ষকদের মধ্যে একটা নারী ঘটিত কেলেঙ্কারিকে কেন্দ্র করে কলেজে মারধোর হয়। এর ফলে একজন শিক্ষক হাসপাতালে ভর্তি হয়েছেন। এই পরিস্থিতিতে কলেজের পড়াশোনা চরম অব্যবস্থার সৃষ্টি হয়েছে। এই অবস্থা দূর করার জন্য মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি এবং অবিলম্বে এর প্রতিকার প্রার্থনা করছি।

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরছি। দীর্ঘদিন মার্কসবাদী কমিউনিস্ট পার্টি করা একটা মানুষ যাঁর নাম হচ্ছে স্বপন মুখোপাধ্যায়। তিনি ১৯৮০ সালে পার্টির মেম্বার হন তারপর লোকাল কমিটি থেকে আরম্ভ করে জোনাল কমিটির তিনি সম্পাদক হন এবং পরে তিনি বর্ধমান জেলার জেলা কমিটিরও সম্পাদক হয়েছিলেন। তিনি একটা ক্ষেত্রে বুদবুদ জোনাল কমিটির সম্পাদকের ৩০ বিঘা উদ্বৃত্ত জমির ব্যাপারে তাঁর পার্টির মধ্যে তিনি বলেছিলেন, এটা অত্যন্ত অন্যায়, এটা ধরে রাখা উচিত নয়। এই বলার কারণে তাঁকে পার্টি থেকে বাদ দেওয়া হয় এবং তাঁর বাড়ি আক্রমণ করা হয়। তারপর গ্রামে সমস্ত মানুষের উপর আক্রমণ করা হচ্ছে কারণ যারা আগে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি করতো তারা এখন কংগ্রেস করতে আরম্ভ করেছে বলে। এখানে আইন-শৃঙ্খলা ফেরত আনার প্রয়োজন আছে এবং এই ব্যাপারে স্বরাষ্ট্রমন্ত্রীর বিবৃতি দাবি করছি।

**শ্রী মুস্তাফা বিন কাশেম ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার এবং আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি আমরা একটা গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করেছি, সেটা হচ্ছে আমাদের রাজ্যের ওয়াকফ সম্পত্তির বিষয় নিয়ে। মাননীয় মুখ্যমন্ত্রী এ ব্যাপারে কর্মরত হাই-কোর্টের একজন বিচারপতিকে দিয়ে বিচার বিভাগীয় তদন্ত করাবেন ঘোষণা করেছেন। অনেক প্রশ্ন সেখানে উঠেছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে টেলিগ্রাফ পত্রিকায় একটা খবর বেরিয়েছে। এই বিষয়ের প্রতি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। ৪ নম্বর এবং ৫ নম্বর ব্যাঙ্কসাল স্ট্রিট হল ব্যাঙ্কসাল কোর্টের সামনে মূল্যবান ওয়াকফ প্রপার্টি, প্রিন্স গোলাম মহম্মদ হলেন টিপু সুলতানের বংশধর। এই ওয়াকফ সম্পত্তির মাতওয়ালি পুরো সম্পত্তিটাই সওয়ালেশ কোম্পানিকে লিজ দেয়। সেই লিজ শেষ হয়ে যাওয়ার পরে আপনারা শুনবেন, খুব গুরুত্বপূর্ণ বিষয়-বেআইনিভাবে আবার সেই সম্পত্তিকে মাতওয়ালি এবং ট্রাস্টি বেআইনিভাবে লিজ দিলেন। কি দামে শুনবেন? ৩২ হাজার টাকা মাসে ভাড়া ৭৫ হাজার স্কোয়ার ফিটের জন্য। ৫০ পয়সা করেও পার স্কোয়ার ফিট নয়। মাতওয়ালি লিজ দিলেন ওয়াকফ বোর্ডকে না জানিয়ে, ওয়াকফ বোর্ডের বিনা অনুমতিতে। এই ওয়াকফ বোর্ড, যে ওয়াকফ বোর্ডের বিরুদ্ধে আপনাদের এত নালিশ সেই ওয়াকফ বোর্ডে নোটিশ দিলেন এই মর্মে যে এই বেআইনি হস্তান্তর তোমরা বন্ধ কর। কিন্তু তা করা হল না। ওয়াকফ বোর্ড থেকে মাতওয়ালিকে রিমুভ করার জন্য হাই-কোর্টে মামলা করা হল। যে হামিদুল হুদার কথা আপনারা বলেন তাঁকে হাই-কোর্ট অন্যতম কো-

ট্রাস্টি করে দিলেন। ওয়াকফ বোর্ড থেকে নোটিশ দেওয়া হল স'ওয়ালেশ কোম্পানিকে এই সম্পত্তি ভেকেট করার জন্য। স'ওয়ালেশ কোম্পানি জুডিসিয়াল সেক্রেটারি মিঃ পি. কে. সেনগুপ্তর কাছে অ্যাপিল করেছিল। কারণ জুডিসিয়াল সেক্রেটারি হচ্ছেন এই ক্ষেত্রে অ্যাপিলিয়েট অথরিটি। জুডিসিয়াল সেক্রেটারি রায় দিয়েছেন এই ট্রান্সফার পুরোপুরি বেআইনি। এই বেআইনি কাজের সঙ্গে যে ৩ জন যুক্ত তার মধ্যে একজন হচ্ছেন আসিফ আলি মির্জা। সেই দিন আমার বন্ধু সুলতান আহমেদ সাহেব বলেছিলেন হামিদুল হুদা সাহেবকে মাঝে মাঝে এই বিধানসভায় আসতে দেখা যায়। উনি কি ইঙ্গিত করেছিলেন আমি জানি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৩ই সেপ্টেম্বর, ১৯৯৫ সালে কলকাতার জ্যাকরিয়া স্ট্রিটে একটা মিটিং হয়েছিল এবং সেই মিটিং-এর একটা ছবি আমার কাছে আছে। সেই মিটিং-এ বক্তৃতা করছেন কংগ্রেসের একজন নেত্রী এবং মঞ্চে উপবিষ্ট আছেন সুদীপ বন্দ্যোপাধ্যায় এবং আছেন সেই আসিফ আলি মির্জা যিনি চোর বলে প্রমাণিত হয়েছেন।

(গোলমাল)

একই মঞ্চে উপবিষ্ট হয়ে তাকে নিয়ে মিটিং করছে কংগ্রেসের নেতারা। সুতরাং যারা ওয়াকফ কেলেঙ্কারি করছে তাদের কারা প্রশ্রয় দিচ্ছে সেটা মাননীয় সদস্যরা এবং পশ্চিমবাংলার মানুষ বিচার বিবেচনা করবেন।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় গত ৩ দিন যাবৎ টালিগঞ্জে রোড অঞ্চলে ব্যাপক বোমাবাজি এবং হামলার ফলে ১০ জন মানুষ আহত হয়েছেন এবং তারমধ্যে ৬ জনকে হাসপাতালে ভর্তি করতে হয়েছে। সেখানে ১১টি বাড়ি লুঠ হয়েছে এবং কয়েকটি দোকান লুঠপাট হয়েছে। শ্রীধর নামে সি পি এমের মদতপুষ্ট যে সমাজবিরোধী সে ৭২ ঘন্টা ধরে কলকাতার বুকে লুঠপাট করছে, বাড়িঘর লুঠপাট করছে, পুলিশের সেদিকে নজর নেই। সেদিন এখান থেকে ৫৫০ কোটি টাকার পুলিশ বাজেট পাশ করার পরও পুলিশমন্ত্রী সাধারণ নাগরিকদের রক্ষা করতে পারছেন না। বাড়িঘর লুঠপাট হচ্ছে, দোকান লুঠপাট করা হচ্ছে অথচ প্রশাসন নির্বিকার। আমি দাবি করছি, অবিলম্বে ঐ শ্রীধরকে গ্রেপ্তার করা হোক এবং অবিলম্বে সমাজবিরোধী কার্যকলাপ বন্ধ করার জন্য ব্যবস্থা নিন।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে আমার এলাকার একটি গুরুত্বপূর্ণ সমস্যা, সেটি শুধু আমার এলাকার সমস্যা নয়, গোটা পশ্চিমবাংলার একটি সমস্যা। আমার কেন্দ্রে আরশা হাইস্কুল যেটি আছে সেটিকে উচ্চতর হাইস্কুলে উন্নীত করার জন্য আমি মাননীয় মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঐ এলাকায় একটিও হায়ার সেকেন্ডারি স্কুল নেই। সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে এই অনুরোধ রাখলাম।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, গতকাল সংবাদপত্রে রেল বাজেট প্রকাশিত হয়েছে। এই সভায় অনেকে রেল বাজেট সম্পর্কে তাঁদের মতামত প্রতিক্রিয়া জানিয়েছেন, কেউ অভিনন্দনও জানিয়েছেন। কিন্তু তারপর মাঝে গোলমাল হয়ে গেল। সেজন্য আমরা এবং ফরোয়ার্ড ব্লকের সদস্যরা মতামত দিতে পারেননি। রেল বাজেট সম্পর্কে আমাদের

মতামত হচ্ছে, সাধারণ যাত্রীদের উপরে ভাড়া বৃদ্ধি হয়নি বটে, কিন্তু পশ্চিমবাংলায় যে সমস্ত প্রকল্প আছে, যেমন, বালুরঘাট প্রকল্প এবং একলাখি প্রকল্প এবং বিশেষ করে কৃষ্ণনগর থেকে বহরমপুর পর্যন্ত ডাব্‌ল লাইন এবং ইলেকট্রিফিকেশনের কাজ এবং অন্যান্য বড় বন প্রকল্পগুলোর কোনটাই রেল বাজেটে গ্রহণ করা হয়নি। সেদিক থেকে কেন্দ্রীয় সরকারের রেল বাজেট হতাশাব্যাঞ্জক। আমরা আশা করব, পশ্চিমবাংলার তরফে সেই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে জানানো হবে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে নগর উন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ কলকাতার কালিঘাট, ভবানীপুর, টালিগঞ্জ, ঢাকুরিয়া এবং যাবদপুরের বিস্তীর্ণ অঞ্চলে পানীয় জলের তীব্র সঙ্কট দেখা দিয়েছে। কয়েকদিন আগে পৌরমন্ত্রী বাজেট পেশ করার সময়ে এখানে বলেছিলেন, বিগত নির্বাচনে যাঁরা বামদলের প্রার্থী ছিলেন, তাঁরাও এই প্রসঙ্গ তুলেছিলেন, কলকাতা শহরে বিস্তীর্ণ অঞ্চলে পানীয় জল পাওয়া যাচ্ছে না। দায়িত্বে আছেন বামপন্থীরা। পৌরসভাগুলো আপনারাই পরিচালনা করছেন। গার্ডেনরিচ থেকে যে জল সরবরাহ করার কথা ছিল তা সরবরাহ না করার জন্য দক্ষিণ কলকাতার বিস্তীর্ণ অঞ্চলে জল নেই। সেখানে রাস্তার ভারীদের কাছ থেকে জল কিনতে হচ্ছে। পৌরসভাগুলো যাতে অবিলম্বে জল সরবরাহ করে আমি তার দাবি করছি।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উনি জবাব দিতে পারেন, নাও দিতে পারেন। জি. টি. রোডে আমরা যা দেখলাম, পি. ডব্লিউ. ডি.র যেসব পিচের কাজ শীতের সময়ে করা উচিত, তা না করে বর্ষার সময়ে করে। তার ফলে যা হওয়ার তাই হয়—সেইসব রাস্তাগুলোতে বড় বড় গর্ত দেখা দেয় কিছুদিনের মধ্যেই। রানিগঞ্জ থেকে বরাকর পর্যন্ত রাস্তার কাজ আজকে তিনমাস হল শুরু হয়েছে। কাজ হওয়ার পর কি হয়েছে তা দেখার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, আপনি ঐ অঞ্চলে একবার গিয়ে দেখুন। বিরাট বিরাট গর্ত হয়ে আছে। টোটাল আসনসোল শহরটা একেবারে ক্ষত-বিক্ষত হয়ে আছে। ২০ বছর ধরে ক্ষমতায় আছেন, এই সময়ের মধ্যেও আপনারা আমলাদের কন্ট্রোলে আনতে পারলেন না। তার ফলে যা চলছিল সেই অবস্থাতেই চলছে। এতবড় ভাইটাল জায়গা আসানসোল-এর আজকে কি অবস্থা। জি. টি. রোড যাতে মেরামতের ব্যবস্থা হয়, ভালভাবে রক্ষণাবেক্ষণ করে ভাল অবস্থায় ফিরিয়ে দেওয়া হয়, সেই অনুরোধ আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে করছি।

[12-30—12-40 P.M.]

**শ্রী অশোক দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বজবজ থেকে শুরু করে সারা রাজ্য জুড়ে আজকে একাদশ ক্লাশে ভর্তির ব্যাপারে প্রচণ্ড সমস্যা দেখা দিয়েছে। অ্যাডমিশন টেস্টে পাশ করা সত্ত্বেও বহু ছেলেমেয়ে ভাল মার্কস থাকা সত্ত্বেও স্কুল ভর্তির সুযোগ পাচ্ছে না। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে, তাদের অ্যাডমিশনের ব্যবস্থা করা হোক এবং আসন সংখ্যা যেন বাড়ানো হয়, তা না হলে ছাত্রছাত্রী এবং অভিভাবকরা ভীষণ বিপদে পড়বে।

**Mr. Deputy Speaker :** Zero hour is over.

## Voting on Demand for Grants

## DEMAND NOS. 7 & 61

**Mr. Deputy Speaker :** There is one cut motion on Demand No. 7 and 4 cut motions on Demand No. 61. All the cut Motions are in order.

## DEMAND NO. 7

**Shri Nirmal Ghosh :** Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

## DEMAND NO. 61

**Shri Anoy Gopal Sinha :**
**Shri Deba Prasad Sarkar :**
**Shri Abdul Mannan :**
Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী আজকে যে ভূমি রাজস্ব বাজেট আমাদের সামনে পেশ করেছেন সেই বাজেটের তীব্র বিরোধিতা করছি এবং আমাদের দলের তরফ থেকে যে কাটমোশন এসেছে সেগুলোকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। এইবারকার বাজেটে আমরা দেখেছি ব্যয়বরাদ্দের যে দাবি করা হয়েছে তা হচ্ছে ১৬৯ কোটি ৪২ লক্ষ টাকা। স্যার, আপনি জানেন এই দপ্তর যে সমস্ত কাজের জন্য তৈরি হয়েছিল তা হচ্ছে সরকারি জমি ন্যস্ত হবে, বর্গা রেকর্ড হবে এবং ভূমিহীন কৃষকদের মধ্যে সেই সমস্ত জমি বিতরণ করা। তবে এই কাজ প্রায় বন্ধ হয়ে এসেছে তা আপনাদের পরিসংখ্যান দেখলেই দেখতে পাবেন। যে পরিমাণ জমি সরকারের ন্যস্ত হয়েছে সেই পরিমাণ জমি বিলিও করা হয়েছে এবং বর্গা রেকর্ড যা হয়েছে তার সংখ্যা এত তুচ্ছ যে এই দপ্তর আর থাকার প্রয়োজন আছে বলে যথেষ্ট সন্দেহ দেখা দিয়েছে। আপনারা ইতিমধ্যেই তো একটা পোস্ট তুলে দিয়েছেন, বোর্ড অফ রেভিনিউয়ের পোস্ট তুলে দিয়েছেন। আপনারা সেই সময়ে বলেছিলেন যে, বোর্ড অফ রেভিনিউয়ের কাজকর্ম শেষ হয়ে গেছে, সেইজন্য দপ্তরটা আর রাখার প্রয়োজন মনে করছেন না। এই দপ্তরের কাজকর্ম এতো কমে গেছে যে ১৬৯ কোটি টাকা বাজেটে পাশ করার কোনও প্রয়োজন আছে বলে মনে করি না। আপনি ১৬৯ কোটি ৪২ লক্ষ টাকা যে ব্যয়বরাদ্দের দাবি করেছেন এর মধ্যে কতটাকা বেতন বাবদ যাবে এবং কত টাকা অন্যান্য খাতে যথা জমির পরিসংখ্যান, খতিয়ান লিখন ইত্যাদি বাবদ এবং সাথে সাথে কোনও একজনের কনসোলিডেটেড জমির পরিমাণ কত সেটা কাগজে কলমে বা কম্পিউটার দ্বারা সংখ্যা লেখবার বা নাম জানাবার কোনও ব্যবস্থা আছে কিনা এবং উন্নয়নমূলক কাজকর্মে কত টাকা ধরেছেন সেটা আপনি আপনার জবাবি ভাষণে আমাদের জানাবেন এটাই আশা করি। আপনি আশ্চর্য হবেন শুনলে যে, ১৬৯ কোটি টাকা ব্যয় হচ্ছে কিন্তু সেখানে

সরকারের আয় হচ্ছে রয়ালটি বাবদ ১৮.০৮৮ কোটি টাকা আর সেস বাবদ ৫.৬৯ কোটি টাকা। আর রাজস্ব অর্থাৎ ল্যান্ড রেভিনিউ বাবদ ৯ কোটি ৬৩ লক্ষ টাকা। সুতরাং সর্বমোট আয় এতে ২৫ কোটি ৪০ লক্ষ টাকা। আদায় হচ্ছে ২৫ কোটি ৪০ লক্ষ টাকা। আর খরচ হচ্ছে ১৬৯ কোটি ৪২ লক্ষ টাকা। এটা উচিত কি অনুচিত সেটা বিরোধী দল হিসাবে মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইবোই এবং মাননীয় মন্ত্রী তাঁর বক্তব্য রাখার সময়ে নিশ্চয় জানাবেন। এতো টাকা খরচ হওয়ার কি যৌক্তিকতা আছে জানি না, তারপরে ভেস্টেড জমির ব্যাপারেও হিসাব চেয়েছি এবং সেখানে বারে বারে বলেছি যতটুকু জমি সরকারের ন্যস্ত হয়েছে সেটা কাগজে-কলমে জানান। আপনারা তো রাজ্যপালের ভাষণ থেকে অর্থমন্ত্রীর ভাষণ সর্বত্রই হামবড়াই করে বলেন যে ভূমি সংস্কারের ফলে আজকে উন্নতি হয়েছে, এতো কিছু হয়েছে।

খাদ্য উৎপাদন থেকে সবগুলিতে বেড়েছে ভূমি সংস্কারের জন্য। আমি আপনাদেরকে জোর দিয়ে বলছি, ভূমি সংস্কার যেটুকু আপনাদের আমলে হয়েছে তা হচ্ছে ২০ বছরের মধ্যে, তাও ঐ প্রথম ২ বছরে হয়েছে। তারপর থেকে ভূমি সংস্কারের কোনও কাজ হচ্ছে না। এটা পরিষ্কার, পরিসংখ্যান দেখলে বোঝা যাবে। আমি বলতে চাই, জুলাই '৭৭ সাল পর্যন্ত যখন আমরা ছিলাম পশ্চিমবাংলায় যখন জমি ভেস্ট হয়েছিল ১০.৭৫ লক্ষ একর। '৭৭-'৭৮ সালের ইকনমিক রিভিউ থেকে এটা বললাম। এর মধ্যে কৃষি জমি বন্টিত হয়েছিল ৬.৩৫ লক্ষ একর তারপরে আপনাদের ৭৯ সালে ১২ লক্ষ ৪৫ হাজার একর কৃষি জমিকে ভেস্ট করেছেন। এটা ৭৭ সালে ছিল ১০ লক্ষ ৭৫ হাজার। ৭৯ সালে হল ১২ লক্ষ ৪৫ হাজার। এটা এই সময়টায় দেড় লক্ষ, পৌণে ২ লক্ষ জমি সরকারের ভেস্ট হল, এই সময় আপনারা কিছুটা কাজ করেছিলেন খাস করার ব্যাপারে। তারপরে যদি দেখেন, দেখবেন ১২. সামথিং-এ সীমাবদ্ধ আছে। এবারে দেখছি, বাজেট বক্তৃতায় ৯৫ সালের শেষে ১২.৮০ লক্ষ একর সরকারের খাস হয়েছে। সুতরাং আমরা দেখছি, ১৯ বছরে ৭৭ সালের থেকে ৯৫ সাল পর্যন্ত—৭৭ সালে আমাদের সময়ে ১০ লক্ষ ৭৫ হাজর একর ভেস্ট হয়েছিল, আপনাদের সময়ে এই হিসাবে ১২ লক্ষ ৮০ হাজার একর। এই দুটো বাদ দিলে দেখা যাচ্ছে মাত্র ২ লক্ষ ৫ হাজার একর, কৃষি জমির কথা বলছি, কৃষির কথা বলছি না। আর যদি ২ বছরের হিসাবটা বাদ দেন, যে ২ বছরে সরকারিভাবে আপনারা জমি ভেস্ট করেছিলেন, ৭৯-৯৫ সাল পর্যন্ত জমি ভেস্ট করেছেন মাত্র ৩৫ হাজার একর। ১৬ বছরে অ্যাভারেজ হচ্ছে, প্রায় ২ হাজার একরের সামান্য কিছু বেশি। আপনি নিশ্চয় আমাদের বক্তব্যর সঙ্গে একমত হবেন। তবে আমি বলি, বর্তমানে গত ১৬ বছরে আপনাদের ল্যান্ড রিফর্মস ডিপার্টমেন্ট ল্যান্ড ভেস্ট করার ব্যাপারে তাদের কাজ অত্যন্ত শ্লথ গতিতে পরিণত হয়েছে। এই ব্যাপারে আপনারা নির্মল মুখার্জি, দেবব্রত বন্দ্যোপাধ্যায়-এর রিপোর্ট একটা করতে বলেছিলেন, পঞ্চায়েত সম্বন্ধে আপনি ভালভাবে জানেন, তবুও সেখানে পরিষ্কার করে বলে দিয়েছেন, ল্যান্ড রিফর্মস ছিল পঞ্চায়েতের একটা অন্যতম কাজ। কার লুকানো জমি আছে সেটা ধরিয়ে দেবে, বর্গা রেকর্ড কি করতে হবে সেটা করবে। এটা একটা বিশিষ্ট কাজ ছিল পঞ্চায়েতের উপর। কিন্তু কমিশন যখন রিপোর্ট করলেন, সেখানে তারা বলছেন ৪-এর পাতায় Land Reform was one such programme, but it is now (wrongly)

seen as a squeezed lemon, with little surplus land to distribute and few bargadars left to be recorded, not counting the cases held up in the courts. The virtual exit of land reforms from the agenda of the Panchayats has left them with a feeling that there is nothing worthwhile left to do.

তার মানে পঞ্চায়েতের কাজকর্ম ল্যান্ড রিফর্মস থেকে বাদ হয়ে গেছে। আজকে এই অবস্থার মধ্যে আমরা ভূমি ও ভূমিরাজস্ব দপ্তরের কাজের নমুনা দেখতে পাচ্ছি। জমি বন্টনের ক্ষেত্রে কি হচ্ছে, একটু দেখা যাক। পরিসংখ্যান দেখলে দেখা যবে '৯০ ডিসেম্বর-এর ৯.০৭ লক্ষ একর, ১৯ লক্ষ ৪১ হাজার লোকের মধ্যে বন্টন করেছিলেন। আর '৯৫-এর ডিসেম্বরে আপনারা এবারে যে সর্বশেষ রিপোর্ট দিয়েছেন ডঃ মিশ্রর, সেখানে বলছে, ৯.৯৫ লক্ষ একর জমি ২৩ লক্ষ ১১ হাজার লোকের মধ্যে আপনারা বন্টন করেছেন। তার মানে যে '৭৭ সাল থেকে '৯৫ সাল পর্যন্ত ১৯ বছরে ৩.৬০ একর জমি বন্টন করেছেন। এটা সমস্ত জমি যা পশ্চিমবাংলায় আছে ১ কোটি ৩০ লক্ষ একর এর মতো, তা শতকরা ২ ভাগের মতোন।

[12-40—12-50 P.M.]

আমরা দেখতে পাচ্ছি, যদি ভাগ করে দেখেন এত লক্ষ একর জমি, এত লক্ষ লোকের মধ্যে ভাগ করা হচ্ছে, তাহলে আপনারা জমি ডিস্ট্রিবিউট করছেন মাথাপিছু ০.৬ বিঘা, অর্থাৎ ১২ কাঠার মতো জমি। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি জিজ্ঞাসা করতে চাই, ১২ কাঠার মতো জমি ডিস্ট্রিবিউট করে যদি আপনি বলেন, জনগণতান্ত্রিক বিপ্লব সফল করেছেন, তাদের আয়ের পথকে সুগম করে দিয়েছেন, তাদের সংসার প্রতিপালন করার সুযোগ করে দিয়েছেন, তাহলে বলব আপনার অর্থনীতিতে একটা ভুল আছে। একজন ভূমিহীন কৃষকের হাতে ১২ কাঠার মতো জমি তুলে দিলে তাদের পক্ষে সংসার প্রতিপালন করা সম্ভব নয়। পশ্চিমবাংলার মানুষকে আপনারা বোঝান যে, আমুল ভূমি সংস্কারের মাধ্যমে পশ্চিমবাংলায় বেকার সমস্যার সমাধান হবে। এটা কেবলমাত্র আপনাদের মুখেরই বুলি। এর দ্বারা বামফ্রন্ট সরকারের সাফল্য অর্জন করা সম্ভব নয়। পশ্চিমবাংলায় কৃষিযোগ্য জমি যা আছে, এটা ইলাসটিক রাবার নয়, এটা আপনি টেনে বাড়াবেন। রাস্তা করতে, ইন্ডাস্ট্রি করতে জমি লাগবে। কয়েকদিন পর আবার মাননীয় মন্ত্রী মহাশয় একটা বিল আনবেন ইন্ডাস্ট্রির জন্য ছাড় দেওয়া হবে, শিলিঙের বাইরেও তারা জমি রাখতে পারবেন। বর্তমানে যদি আমরা ধরে নিই, পশ্চিমবাংলায় কৃষিযোগ্য জমির পরিমাণ ১ কোটি ৩০ লক্ষ একর আছে—আপনাদের মার্কসীয় নীতি অনুসারে সাত কোটি লোকের মধ্যে যদি এটা সমানভাবে ভাগ করে দিই তাহলে মাথাপিছু বারো থেকে পনেরো কাঠার বেশি কাউকে দিতে পারবেন না—এতে সমস্যার সমাধান হবে না। আজকে পশ্চিমবাংলার সমস্যার সমাধান করতে গেলে কেবলমাত্র ভূমিসংস্কারের উপর নির্ভর করে থাকলে হবে না। এটা আপনাদের বুঝতে হবে, মানুষকে বোঝাতে হবে। আপনারা যদি মানুষকে ভুল বোঝাতে চান তাহলে পশ্চিমবাংলার সমস্যার সমাধান হবে না। আপনাদের প্রচেষ্টা করতে হবে এই ভূমিহীন কৃষকদের অন্যান্য কাজে যাতে নিযুক্ত করা যায়। সে যেভাবেই হোক, লোন দিয়েই হোক বা অন্য কোনও ব্যবসাতে নিযুক্তি করেই হোক। কেবলমাত্র জওহর রোজগার যোজনা, আই. আর. ডি. পি. এইগুলোর উপর

নির্ভর করে থাকলে হবে না। রাজ্য সরকারকেও উদ্যোগ গ্রহণ করতে হবে। রাজ্য সরকারের তহবিল থেকে এই সমস্ত ভূমিহীন কৃষকদের যদি কাজ দেওয়া যায়, তাদের জীবিকা-নির্বাহের জন্য উপায় করে দেওয়া যায়, তাহলে পশ্চিমবাংলার বেকার সমস্যা ঠেকানো যাবে। ১৯৮৭-৮৮ সালে বর্গা রেকর্ড হয়েছিল ১৩ লক্ষ ৭৫ হাজার হেক্টর; ১৯৯৩-৯৪ সালে হয়েছিল ৪ লক্ষ ৪০ হাজার হেক্টর; ১৯৯৪ সালে হয়েছিল ১৪ লক্ষ ৫৯ হাজার হেক্টর এবং ১৯৯৫ সালে ১৪ লক্ষ ৬৯ হাজার হেক্টর। আপনারা সেই ১৪ লক্ষর গাঁটেই পড়ে আছেন।

২০ লক্ষ বর্গাদারকে রেকর্ড করতে পারে। মাননীয় বিনয় চৌধুরি মহাশয় বলেছিলেন, ১৮ লক্ষ বর্গাদারকে পশ্চিমবঙ্গে নাকি নথিভুক্ত করা যেতে পারে। সেটা কবে হবে? সেই ফিগারটা ঠিক আছে? ১৮ লক্ষ পর্যন্ত বর্গাদারকে নথিভুক্ত করা যায়—এটা সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাই। কত বর্গাদার পশ্চিমবঙ্গে আছে, কত পারসেন্টেজ অ্যাচিভ করতে পেরেছেন এটা জানতে চাই। আশ্চর্যের বিষয়, আপনারা জমি ডিস্ট্রিবিউট করেছেন, জমি সরকারে ন্যস্ত করেছেন, জমি দ্বিতীয়, তৃতীয় সংশোধনী বিল এনেছেন। অথচ আমরা দেখতে পাচ্ছি, পশ্চিমবঙ্গে ভূমিহীন কৃষকের সংখ্যা দিন দিন বাড়ছে। আমরা পরিসংখ্যানে জানতে চাই—১০ বছর আগে পশ্চিমবঙ্গে কতজন ভূমিহীন কৃষক ছিল আর এখন কত আছে? ভূমিহীন কৃষকের সংখ্যা বেড়েছে না কমেছে? এ ব্যাপারে কোনও তথ্য আপনারা দেননি। এই তথ্য আপনাদের কাছ থেকে জানতে চাই। এ ব্যাপারে আরেকটা পয়েন্টে আসতে চাই—জমির হিসাবে আমরা দেখেছি—১৯৯৫ সাল পর্যন্ত ১২.৮০ লক্ষ একর জমি সরকারে ন্যাস্ত হয়েছে। তার মধ্যে বন্টিত হয়েছে ৯.৯৫ লক্ষ একর জমি। কিন্তু বাকি ২.৮৫ লক্ষ একর জমি সরকারে ন্যাস্ত হওয়া সত্ত্বেও সেটা বন্টিত হচ্ছে না কেন? কতখানি জমি কেন বন্টিত হয়নি, কতখানি জমি ইনজাংশনে আবদ্ধ আছে সে ব্যাপারে প্রশ্ন-উত্তরের সময় আপনি বললেন—১ লক্ষ ৮০ হাজার একর জমি ইনজাংশনে আবদ্ধ আছে, ২ লক্ষ ৮৮ হাজার একর জমি এখনও বন্টিত হয়নি। কেন বন্টিত হয়নি সেটা আমরা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই। এ ব্যাপারে একটা আশ্চর্য তথ্য, আপনাদের তথ্য বইয়ের একটা হিসাবে অনেক আগে দিয়েছিলেন। একটা চাঞ্চল্যকর তথ্য দিয়েছিলেন যে—৩১-১২-৭৮ পর্যন্ত ইনজাংশনে জমি আবদ্ধ ছিল ১.৪ লক্ষ একর এবং ৩১-১২-৮০ সালে ১ লক্ষ ৭৯ হাজার একর জমি ইনজাংশনে আবদ্ধ ছিল। ইনজাংশনে আবদ্ধ জমিকে হাই-কোর্টের আওতা থেকে বের করে আনার জন্য আপনারা, আপনাদের দলের অনেক উকিলকে নিয়োগ করেছিলেন। ১৯৭৭-৭৮ সাল থেকে ১৯৮০-৮১ সাল পর্যন্ত এই ৩ বছরের মধ্যে হাই-কোর্ট এবং বিভিন্ন কোর্ট থেকে ইনজাংশনে আবদ্ধ জমিকে ছাড়িয়ে আনার জন্য, আপনাদের দলের যে পেশাদার বিশেষজ্ঞ উকিল আছে, তাদের নিয়োগের জন্য খরচা হয়েছে ১ কোটি ৫৮ লক্ষ ৫৯ হাজার টাকা। কতখানি ইনজাংশনে আবদ্ধ জমিকে আপনারা ইনজাংশন থেকে বার করতে পেরেছেন সেটা আমরা জানতে চাই। কারণ ১৯৮০ সালের পর থেকে এর হিসাব আপনারা, আপনাদের পরিসংখ্যানের যে বইতে এর পরিসংখ্যান দেওয়া থাকে সেই বইটা আমাদের দেননি। পশ্চিমবঙ্গ পরিসংখ্যান, বিবরণী-৫ ১৯৮১ সালে প্রকাশিত হয়েছিল। এরপর আমরা আর এই বই পাইনি। ১৯৮১ সালের পর থেকে আপনারা ইনজাংশনে আবদ্ধ জমিকে বের করে আনার জন্য আপনাদের উকিলদের পিছনে কত ব্যয় করেছেন সেটা আমরা জানতে চাই। আপনাদের

ঠিকা টেনেন্সি অ্যাক্টে দেখেছি পশ্চিমবঙ্গে যত পেট্রোল পাম্প আছে সেই পেট্রোল পাম্পগুলো দাবি করছে যে "আমরাও ঠিকা টেনেন্সি অ্যাক্টে আছি।" এই পেট্রোল পাম্পগুলো সম্পূর্ণ মাল্টি-ন্যাশনাল কোম্পানিতে ছিল, বিফোর দি টেক-ওভার বাই দি সেন্ট্রাল গভর্নমেন্ট।

[12-50—1-00 P.M.]

এখন, এইগুলো সমস্ত সেন্ট্রাল গভর্নমেন্ট আন্ডারটেকিং। এই ঠিকা টেনেন্সি অ্যাক্ট-এর বাইরে যদি পেট্রোল পাম্পগুলোকে না আনেন, তাহলে মনে হয় অত্যন্ত অন্যায় কাজ হবে। কারণ, ঠিকা টেনেন্সির মূল কাজ ছিল লোকের বাস্তু এলাকার জন্য, সেইগুলোকে ঠিকা টেন্যান্ট হিসাবে ধরবে। কিন্তু এখনও পর্যন্ত এই সমস্ত মাল্টি ন্যাশনাল সংস্থাগুলো কোটি কোটি টাকা আয় করছে। ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন, ব্রিটিশ পেট্রোলিয়াম, ইত্যাদি ইত্যাদি। আপনারা বলছেন, এরাও ঠিকা টেন্যান্ট। এটা আশ্চর্য ব্যাপার। এই যে অসঙ্গতি, সেটা দূর করবার জন্য নিশ্চয় চেষ্টা করবেন, এই অনুরোধে জানাই। কনসোলিডেশন অফ্ ল্যান্ড হোল্ডিং করা দরকার—এখানে পশ্চিমবঙ্গ সরকার এই ব্যাপারে কোনও উদ্যোগ গ্রহণ করছেন না। এই সমস্ত দেখবেন। এই সমস্ত কাজ হচ্ছে না বলে আমরা এই বাজেটকে সমর্থন করতে পারছি না। এই কথা বলে এবং আমাদের কাট মোশানকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি, ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ সূর্যকান্ত মিশ্র ১৯৯৬-৯৭ সালের যে বাজেট এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য রাখতে চাইছি।

এটা আমরা সকলেই জানি, ১৯৭৭ সালে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর একটি বিকল্প নীতি এবং কর্মসূচি ঘোষণা করে যা কংগ্রেসের নীতি ও কর্মসূচি থেকে সম্পূর্ণ পৃথক। দেখা গেল পশ্চিমবাংলার পিছিয়ে পড়া মানুষের যদি উন্নয়ন ঘটাতে হয়, তাহলে তিনটি জিনিস দরকার—১. উৎপাদন বৃদ্ধি, ২. কর্মসংস্থান, ৩. স্বনির্ভরতা। অতএব, এই তিনটি বিষয়ের উপর দাঁড়িয়েই কর্মসূচি গ্রহণ করতে হবে—তবে, বিগত কংগ্রেস শাসনের সময় যেমন হয়েছে সেইভাবে নয়। এই কর্মসূচিকে সফল করার প্রথম শর্ত হল ভূমি সংস্কার। ভারতবর্ষের মতো কৃষিপ্রধান দেশে ভূমি সংস্কার অত্যন্ত জরুরি। ১৯৭৭ সাল থেকে বিভিন্ন প্রতিকূল অবস্থাকে অতিক্রম করে আইনের মধ্যে দিয়ে পশ্চিমবাংলায় যে ভূমি সংস্কার হয়েছে, সেটা শুধুমাত্র পশ্চিমবাংলাতেই যে স্বীকৃত হয়েছে, তা নয়, আজকে পশ্চিমবাংলার বাইরে জাতীয় এবং আন্তর্জাতিক ক্ষেত্রেও এটা স্বীকৃতি লাভ করেছে। এটা সবাই জানেন, বিরোধীরাও জানেন। গ্রামাঞ্চলের চিত্রগুলি যদি সঠিকভাবে দেখা হয়, পর্যালোচনা করা হয়, তাহলেই বিষয়টি বোঝা যায়, পরিবর্তনটা বোঝা যায়। এটা নিশ্চয় আপনারও উপলব্ধির মধ্যে আছে। সত্যের উপর দাঁড়িয়ে বলুন, গ্রামাঞ্চলের মানুষের অবস্থা অতীতে যা ছিল তার থেকে অনেক উন্নতি হয়েছে কিনা? এ কথা আজ অস্বীকার করার উপায় নেই যে, তাদের অবস্থার অনেক উন্নতি হয়েছে। পশ্চিমবাংলার মেহনতি মানুষ, ক্ষেত-মজুরদের অবস্থার অনেক উন্নতি হয়েছে। এ পর্যন্ত সরকারি আইনের মধ্যে দিয়ে ২৮.৮৯ লক্ষ একর জমি সরকারে ন্যস্ত হয়েছে। যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে পশ্চিমবঙ্গ একটি রাজ্য যেখানে

ভারতবর্ষে ৪৫ বছর এবং পশ্চিমবাংলায় ৩০ বছরের কংগ্রেস রাজত্বে কংগ্রেস দল যে ভূমি সংস্কার করেনি, সেখানে আইনের চৌহদ্দির মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকারের এই সাফল্যটা আমরা বিরাট বলে মনে করি এবং মানুষও মনে করে।

সরকারের ন্যস্ত জমির যে পরিমাণ, এটা পরিমাণটা যদি বছরে হয় ২৬ হাজার একর জমি সরকারে খাস ন্যস্ত হয়েছে—সেই জমি এর সঙ্গে যুক্ত। আমাদের বিরোধী পক্ষের নেতা বললেন, স্তিমিত হয়ে গেছে। কিন্তু এটা ঠিক নয়। ভূমি সংস্কারের ধারাবাহিক প্রক্রিয়ার মধ্যে দিয়ে এই ২৬ হাজার একরের যে জমি গত বছর সরকারে ন্যস্ত হয়েছে এবং এই নিয়ে ২৮.৮৯ লক্ষ একর জমি সরকারে ন্যস্ত হয়েছে। এর বেশির ভাগই আজকে তফসিলি জাতি-উপজাতিদের মধ্যে বিলি করা হচ্ছে। একজন বললেন, ১২ কাঠা জমি দিয়ে সমস্যার সমাধান হবে না। এটা আমরা জানি। কিন্তু সেই জিনিস আমরা করতে চাই। যেখানে সারা ভারতবর্ষ গরিব, তফসিলি জাতি-উপজাতি জমি ভোগ করে মাত্র ২.৯ পারসেন্ট সেখানে পশ্চিমবাংলায় গরিব, ক্ষেত-মজুর, প্রান্তিক চাষীরা জমি ভোগ করে ৬.০ পারসেন্ট। অর্থাৎ এর মধ্যে দিয়ে যে ব্যাপক পরিবর্তন গ্রামাঞ্চলে আমরা সংগঠিত করতে পেরেছি, পশ্চিমবাংলার উন্নয়নের ক্ষেত্রে যেভাবে দিগন্ত উন্মোচিত করতে পেরেছি—এটা কম কথা নয়। এটা সারা ভারতবর্ষের মধ্যে একটা উল্লেখযোগ্য ঘটনা বলেই আমরা মনে করি। পশ্চিমবাংলায় যে জমি আমরা বিলি করছি তার বেশির ভাগই অর্থাৎ প্রায় ৫৮ ভাগ জমি সমাজের পিছিয়ে পড়া মানুষ ভোগ করছে, ৩৮ হাজার পরিবার। এটা কম কথা নয়। যে তথ্য আছে সেগুলো যদি আমরা দেখি, তাহলে পশ্চিমবাংলায় শহরাঞ্চল বাদে গ্রামাঞ্চলের পরিবারের সংখ্যা ৫৫ হাজার। এই ৫৫ হাজার গ্রামবাসীর মধ্যে প্রায় ৩৮ হাজার পরিবার এর ফলে উপকৃত হয়েছে। প্রত্যক্ষভাবে এই ভূমি সংস্কারের মাধ্যমে উপকৃত হয়েছে। সেদিক থেকে আমরা বলতে পারি, এই যে বেশিরভাগ সাফল্য, এটা পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আছে বলেই সম্ভব হয়েছে। ভূমি সংস্কারের ক্ষেত্রে তাঁদের যে সদিচ্ছা আছে তার ফলে এটা সম্ভব হয়েছে। না হলে হত না প্রমাণ হিসাবে পশ্চিমবঙ্গ, ত্রিপুরা ও কেরালা-কে নিতে পারেন। ঐ তিনটি রাজ্যের কথা এই জন্য বললাম যে, ওখানেও বামপন্থী সরকার রয়েছেন। এছাড়া বলতে পারেন, ৪৯ বছরেও কোনও কোনও কংগ্রেস শাসিত রাজ্যে, বি. জে. পি. শাসিত রাজ্যে এই ধরনের ভূমি সংস্কার হয়েছে? প্রতিদিন সংবাদপত্রে দেখতে পাওয়া যায় যে, বিহারে ভূমিসেবা, জোতদারদের সংগঠিত সেনা, তারা জমি আন্দোলন করতে গেলে এবং সরকারে ন্যস্ত জমি আন্দোলন করতে গেলে—তাদের হাতে বন্দুক আছে, রাইফেল আছে, তারা জবরদখল করে রেখেছে—ভূমি আন্দোলন, আইনগতভাবে ভূমি সংস্কার করার সুযোগ তারা বন্ধ করে দিতে চাই। অতএব আমাদের বিরোধী বন্ধুরা সেই সব জায়গায় এটা করেননি। ৩০ বছর ধরে এটা কংগ্রেস করেননি। করেননি তার কারণ একটাই, তাঁরা যে শ্রেণীতে অবস্থান করেন সেটা জোতদার-জমিদারদের পুষ্ট করার জন্য। এটা স্বীকৃত, পশ্চিমবাংলার সবাই জানেন। মাননীয় বিরোধী পক্ষের নেতা ইনজাংশন, বে-নাম ইত্যাদি কথা বললেন। ইনজাংশনের আবদ্ধ জমি তো কংগ্রেসের লোকেরা করে রেখে গেছেন।

[1-00—1-10 P.M.]

যদি সত্যিই আপনাদের ভূমি সংস্কার করার ইচ্ছা থাকে তাহলে আপনারা তাদের কেন

বলছেন না, 'তোমরা ইনজাংশন তুলে নাও'। আপনারা যদি সত্যিই গরিব দরদী হন, যদি সত্যিই চান গরিব মানুষরা জমি পাক, তাহলে ইনজাংশনের বিরুদ্ধে আপনারা সোচ্চার হতেন। বরঞ্চ আপনারা গ্রামাঞ্চলের জমি দখলের লড়াই-এর পদে পদে বিরোধিতা করেছেন। আপনারা গরিব দরদী সেজে মুখে অনেক কথাই বলেন, কিন্তু প্রকৃত পক্ষে জোতদার, জমিদার, পুঁজিপতিদের বন্ধু হিসাবেই কাজ করেন।

আজকে পশ্চিমবাংলার উন্নয়নের স্বার্থে, পশ্চিমবঙ্গের শিল্প উন্নয়নের স্বার্থে, পশ্চিমবাংলার গরিব ভূমিহীন কৃষকদের স্বার্থে, পশ্চিমবাংলার অভ্যন্তরীণ বাজারের স্বার্থে, পশ্চিমবাংলার গরিব মেহনতী মানুষদের অধিকার সুরক্ষিত করার উদ্দেশ্যে যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে পেশ করা হয়েছে তাকে দৃঢ়ভাবে সমর্থন করছি। সাথে সাথে পশ্চিমবাংলার সাধারণ মানুষের স্বার্থের সঙ্গে যে সমস্ত ছাঁটাই মোশনের কোনও সম্পর্ক নেই সে সমস্তের প্রতি দৃঢ় প্রতিবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ১৯৯৬-৯৭ সালের জন্য ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের মন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্র মহোদয় যে বাজেট পেশ করেছেন আমি তাকে সমর্থন করতে পারছি না। কারণ পশ্চিমবাংলার ভূমি ও ভূমি সংস্কার দপ্তর সম্পর্কে গ্রাম-গঞ্জে একটা প্রচলিত প্রবাদ আছে—ওটা বাস্তু ঘুঘুর বাসা। ঐ বাস্তু ঘুঘুর বাসা থেকে গোটা পশ্চিমবাংলায় ভূমি সংস্কারের নামে একটা প্রহসন চলছে। এই প্রহসন দেখে দেখে প্রাক্তনমন্ত্রী শ্রদ্ধেয় বিনয় চৌধুরি শেষ পর্যন্ত হতাশ হয়ে পড়েছিলেন। কিন্তু দলের চাপে তিনিও সঙ্কীর্ণ চিন্তা ভাবনার শিকার হয়ে পড়েছিলেন। সি. পি. এম. দল ভূমি সংস্কারের নামে শ্রদ্ধেয় বিনয় চৌধুরির হাত দিয়ে ভূয়া পাট্টা বিলি করিয়েছে।

**(সরকার পক্ষ থেকে একটা ধ্বনি ঃ কোথায়?)**

**পাথরপ্রতিমায়।**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই তাঁর বাজেট ভাষণের মধ্যে কিছু কিছু ভাল কথা বলেছেন। তাঁর প্রচেষ্টা আছে। আমি বিশ্বাস করি, বিনয়দার তুলনায় বয়সে তিনি নবীন, তিনি বাস্তু ঘুঘুর বাসা ভাঙার জন্য কিছু কাজ করার নিশ্চয়ই উদ্যোগ নেবেন। তবে জমিদারি উচ্ছেদ আইন এবং ভূমি সংস্কার আইনের মধ্যে দিয়ে যে পরিমাণ জমি এখন পর্যন্ত এ রাজ্যে সরকারে ন্যস্ত হয়েছে এবং যে পরিমাণ জমি বিলি-বন্টনের পরিসংখ্যান এখানে দেওয়া হয়েছে তার থেকে প্রমাণ হয় না যে, রাজ্যে বামফ্রন্ট সরকার গত ১৯ বছরে ভূমি সংস্কার, ভূমি অধিগ্রহণ এবং ভূমি বন্টনের ক্ষেত্রে কোনও মৌলিক পরিবর্তন আনতে পেরেছেন। তিনি তাঁর ভাষণে বলেছেন, 'এ পর্যন্ত ২৮ লক্ষ ২৯ হাজার একর জমি পশ্চিমবাংলায় সরকারে ন্যস্ত হয়েছে। তার মধ্যে কৃষি জমির পরিমাণ ১২ লক্ষ ৮০ হাজার একর।' মাননীয় মন্ত্রী মহোদয় এ ক্ষেত্রে তাঁর বক্তব্যে দ্বিতীয় যে কথাটা বলেছেন তা হচ্ছে, ৯ লক্ষ ৯৫ হাজার একর জমি চাষীদের মধ্যে বিলি-বন্টন করা হয়েছে।' আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, তিনি তাঁর জবাবি ভাষণে যদি বলেন এই ৯ লক্ষ ৯৫ হাজার একর জমি কোন কোন সালে কিভাবে বিলি হয়েছিল, তাহলে আমরা উপকৃত হব। মাননীয় মন্ত্রী

মহোদয়, আপনি মোট ৯ লক্ষ ৯৫ হাজার একর জমি বিলি করেছেন বলছেন। অর্থাৎ পশ্চিমবঙ্গ সরকার এ পর্যন্ত মোট ৯ লক্ষ ৯৫ হাজার একর জমি বিলি করেছেন। মাননীয় মন্ত্রী মহাশয়, আমি আপনাকে একটা পরিসংখ্যান দিচ্ছি—এই মোট ৯ লক্ষ ৯৫ হাজার একর বিলি করা জমির মধ্যে ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গে সিদ্ধার্থ শঙ্কর রায়ের নেতৃত্বে যে মন্ত্রিসভা ছিল সেই মন্ত্রিসভার সময় বিলি করা হয়েছিল ৬ লক্ষ ১০ হাজার একর জমি।

৯ লক্ষ ৯৫ হাজার একরের মধ্যে সিদ্ধার্থ রায়ের আমলে হয়েছে ৬ লক্ষ ১০ হাজার একর এবং ১৯৭৭ সাল থেকে ১৯৯৫ সালের মধ্যে হয়েছে ৩ লক্ষ ৩৮ হাজার একর। এটা আমার উক্তি নয়, মাননীয় মন্ত্রী মহাশয় যখন পঞ্চায়েত মন্ত্রী ছিলেন তখন তিনি একটি বই প্রকাশ করেছিলেন, সেই প্রকাশিত বইয়ের পাঞ্জাবের প্রাক্তন রাজ্যপাল, শ্রী নির্মল মুখার্জি এবং সচিব, শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়ের যৌথ সমীক্ষার রিপোর্টের ভিত্তিতে বলছি, ৬ লক্ষ ১০ হাজার একর জমি ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত বিলি হল, আর ৩ লক্ষ ৩৮ হাজার একর জমি ১৯৭৭ সাল থেকে ১৯৯৫ সাল পর্যন্ত বিলি করা হল আর ১৯৯৫-৯৬ সালে মাত্র ৪৭ হাজার একর জমি এই রাজ্যে বিলি হয়েছে বলে আমরা পরিসংখ্যান থেকে দেখতে পাচ্ছি। তাই আমি আপনাকে বলছি, ভূমি সংস্কারের নামে রাজ্য সরকারের কোনও উল্লেখযোগ্য ভূমিকার কথা প্রমাণ করে না। মাননীয় মন্ত্রী মহাশয় অবশ্য তার বক্তব্যে অবহেলিত, আদিবাসী ও তফসিলি সম্প্রদায়ের মানুষের মধ্যে জমি বন্টনের ক্ষেত্রে বলেছেন ৫৮ শতাংশ মানুষকে উপকৃত হওয়ার সুযোগ জমি বন্টনের মধ্য দিয়ে দিয়েছেন। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন—নগর উন্নয়নের নামে কত জমি আদিবাসীদের কাছ থেকে কেড়ে নেওয়া হয়েছে? কত জমি আদিবাসীদের কাছ থেকে কেড়ে নেওয়া হয়েছে বীরভূম জেলায়? রবীন্দ্রনাথের নামাঙ্কিত স্মৃতিবিজড়িত শান্তিনিকেতনে "গ্রাম ছাড়া ঐ রাঙা মাটির পথ ধরে" মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সাংসদ, শ্রী সোমনাথ চট্টোপাধ্যায়-এর নেতৃত্বে নগর উন্নয়নের নামে "প্রান্তিকে" আদিবাসীদের কত জমি কেড়ে নেওয়া হয়েছে? এই জমি কেড়ে নেবার পর আপনাদের দলেরই পঞ্চায়েতের মেম্বাররা প্রতিবাদ করায় তাদের দল থেকে আপনারা তাড়িয়ে দিয়েছেন। তারপর আদিবাসীরা বঞ্চনার শিকার হয়ে কবিগুরুর লিখিত কবিতার উদ্ধৃতি দিয়ে বলেছেন, "রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি"। পশ্চিমবাংলায় ভূমি সংস্কার হচ্ছে? প্রচলিত আইন অনুযায়ী যেখানে আদিবাসীদের সম্পত্তি আছে সেখানে আদিবাসী ছাড়া হস্তান্তরিত হবে না। মাননীয় মন্ত্রী মহাশয় খোঁজ নিয়ে দেখবেন। ইস্টার্ন বাই পাশের ধারে আদিবাসী এলাকায় মুণ্ডাপাড়া, আনন্দপুর, হোসেনপুর, যাদবপুর এবং সোনারপুর বিধানসভা সংলগ্ন এলাকায় নগর উন্নয়নের নামে, কলকাতা বিস্তারের নামে ভাঙড়, সোনারপুর এলাকায় জলাভূমি বাঁচাও দিবস পালন করতে চাইছেন আর প্রোমোটার রাজ কায়েম করার জন্য নগর উন্নয়ন করতে গিয়ে আদিবাসীদের জমি অধিগ্রহণ করে নেন। মাননীয় মন্ত্রী মহাশয় একটি বিল আনছেন শিল্পোদ্যোগীদের জন্য ছাড় দেওয়া হবে। অথচ আদিবাসীদের জমির পাশে আমাদের অর্থমন্ত্রী, অসীমবাবুর মা, মৃণালিনী দাসগুপ্তার নামে একটি প্রতিষ্ঠান কতদিন দেওয়াল দিয়ে ঘিরে রাখা হয়েছে, তার কাজ এখনো পর্যন্ত হয়নি। অথচ আদিবাসীরা উচ্ছেদ হচ্ছে, তফসিলিরা উচ্ছেদ হচ্ছে। আমি যে কথাটা বলতে চাই, আজকে পশ্চিমবাংলায় ভূমি

সংস্কারের নামে এমন জিনিস হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় বর্গাদারদের রেকর্ড সংক্রান্ত বিষয়ে যে পরিসংখ্যান দিয়েছেন তাতে দেখা যাচ্ছে বিগত বছরের তুলনায় প্রায় দ্বিগুণ বর্গাদার রেকর্ড নথিভুক্ত হয়েছে। কিন্তু এ ব্যাপারে সংশয় থেকে যায়। অসংখ্য বর্গাদারদের জমি থেকে উচ্ছেদ করে একই জমিতে অপর বর্গাদারের নাম রেকর্ড করে দেওয়া হয়েছে। কারণ গ্রামে-গ্রামে বি. এল. আর. অফিসগুলিকে শাসক দলের আখড়ায় পরিণত হয়েছে। রেকর্ড সংশোধনের নামে, পাট্টা বিলির নামে, বর্গাদার রেকর্ডের নামে ব্যাপক দুর্নীতি চলছে। তাই আমি বলব, এই দপ্তরের দায়িত্বশীল অফিসারকে দিয়ে, সৎ অফিসারকে দিয়ে এই বিষয়গুলি আপনি দেখবেন। মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট বক্তৃতায় বর্গাদার, পাট্টা চাষীদের ক্ষেত্রে বলেছেন বীজ ধান দেন, সার দেন। মাননীয় মন্ত্রী মহাশয় কি খবর রাখেন—এবারের চাষের মরসুমে সুন্দরবন এলাকায় বীজ ধান দেওয়া হয়নি? বিধানসভার অন্যান্য সদস্যরা যারা গ্রামে থাকেন তারা বুকে হাত দিয়ে বলুন—কীট-নাশক ওষুধ সরকারি তরফ থেকে পাওয়া যায় কিনা?

[1-10—1-20 P.M.]

সহযোগিতা পাওয়া যায়? দপ্তর আছে, মাইনে আছে, কর্মচারী আছে, কিন্তু মানুষের সমস্যা সমাধান হয় না। পাট্টা নিয়ে কি গণ্ডোগোল রয়েছে, এই সম্পর্কে ডাঃ জয়নাল আবেদিন একটা চিঠি দিয়েছিলেন। পশ্চিম দিনাজপুরের একজন কৃষকের নামে হোম সেক্রেটারির কাছে তিনি চিঠি দিয়েছিলেন। জনৈক সইফুদ্দিন, ইটাহারের কৃষক, তিনি পাট্টাদার, তাকে উচ্ছেদ করা হয়েছে। অর্থাৎ রেকর্ডে দেখা গেছে অ্যাকচুয়্যাল পাট্টাদার হওয়া সত্ত্বেও তাকে স্বীকৃতি দেওয়া হয়নি। ছোট ছোট জমির মালিকদের জন্য ল্যান্ড কর্পোরেশনের কথা আপনারা বলেছিলেন, সেই ল্যান্ড কর্পোরেশন সম্পর্কে কী হয়েছে? দু'বার ল্যান্ড রিফর্ম আইন পরিবর্তন হয়েছে, কিন্তু কত জমি সরকারে বর্তেছে? ল্যান্ড কনভারশন সম্পর্কে বলি, ইসলামপুরে কনভার্টেড হয়ে ধানের জমিতে চা-বাগান হয়ে যাচ্ছে। কীভাবে ল্যান্ডগুলো কালেকশন হচ্ছে? তাই এইসব বেআইনি কার্যক্রমের মধ্যে দিয়ে এই রাজ্যে বাস্তু ঘুঘুদের যে বাসা বেঁধেছে, এইসব বাসা মন্ত্রী মহাশয়কে ভাঙতে বলছি। তিনি কিছু শুভ প্রয়াস নিয়ে বাংলার আর্ত মানুষদের বাঁচান। এই কথা বলে, এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের আনা কাটমোশনের সমর্থনে বক্তব্য রেখে আমি শেষ করছি।

**শ্রী মহঃ ইয়াকুব ঃ** অনারেবল চেয়ারম্যান, ভূমি ও ভূমি রাজস্ব খাতে যে ব্যয়বরাদ্দ দাবি এখানে পেশ করা হয়েছে, তাকে আমি সমর্থন জানিয়ে দু-একটি গুরুত্বপূর্ণ বিষয় ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টা হচ্ছে কলকাতার শহরাঞ্চলে এবং হাওড়ায় বস্তিগুলোতে জমিদারি প্রথা বিলোপ সাধন ঘটিয়ে ঠিকা প্রজাদের যে সত্ব সেটা সরকার গ্রহণ করে। কিন্তু এই সমস্ত বস্তি এলাকায় প্রমোটাররা নানা ভাবে বস্তির সাধারণ হাট ওনার, যারা বিধবা বা অসহায় হাট ওনার যারা, তাদের আর্থিক লোভ দেখিয়ে সেখানে বেআইনি বাড়ি নির্মাণ করে চলেছে। এর কারণ কী, আর্থিক সঙ্গতি তাদের নেই। যেখানে বর্গাদারদের প্রতি সরকার ব্যাঙ্ক থেকে লোন পাবার একটা ব্যবস্থা করেছেন এবং বর্গাদারদের জমিতে চাষাবাদ যাতে তারা করতে পারেন, তার ব্যবস্থা করেছেন আমাদের সরকার, সেই

রকম একটা ব্যবস্থা করার ফলে আজকে বর্গাদাররা উপকৃত হয়েছে। স্বাভাবিকভাবে আমি মন্ত্রী মহাশয়ের কাছে এই বিষয়টা বিবেচনা করার জন্য আবেদন করব যে কলকাতা শহরে ও হাওড়ার বস্তি এলাকার সাধারণ যারা হাট ওনার, তাদের ব্যাঙ্ক থেকে এইভাবে একটা ঋণ দেবার ব্যবস্থা যদি করেন, সহজ পদ্ধতিতে, কম সুদে, তাহলে সেই বস্তি এলাকার অসহায় মানুষ, তারা যে পাকা বাড়ি করতে চায়, মিউনিসিপ্যাল কর্পোরেশনের আইন অনুসারে জি প্লাস টু, এই বাড়িগুলো তারা তৈরি করতে পারেন। স্বাভাবিকভাবে এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। গত ১৯ বছর ভূমি ও ভূমি রাজস্বের ব্যাপারে আমাদের সরকার একটা বিরাট পরিবর্তন এনেছেন, এই বিষয়ে কোনও সন্দেহ নেই। যদিও তৃতীয় ভূমি সংস্কার আইনটা বাস্তবায়িত হয়নি, সেই জন্য আমি তৃতীয় যে সংশোধনী আইন, সেটাকে বাস্তবায়িত করার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

পাশাপাশি ভূমি বন্টনের কথাটাও আমি বলব। যারা এস. সি. বা এস. টি. সম্প্রদায়ের মানুষ এবং যারা একেবারে অর্থনৈতিক দিক থেকে অসহায় অবস্থায় গ্রামাঞ্চলে রয়েছেন, ক্ষেত-মজুরের কাজ করে জীবনধারণ করেন এবং জমি নেই তাদের পঞ্চায়েতের মাধ্যমে ভূমি বন্টনের ব্যবস্থা হলেও এ ক্ষেত্রে এখনও অনেক বাকি রয়ে গিয়েছে এবং কিছু কিছু ক্ষেত্রে বৈষম্যও আছে। এই বিষয়গুলি দেখা দরকার। অর্থাৎ গ্রামের ঐ ক্ষেতমজুর, যাদের কোনও জমি নেই প্রকৃত অর্থে তারাই যাতে জমি পায় সেজন্য বি. এল. আর. ও. এবং পঞ্চায়েতের মাধ্যমে সুষ্ঠুভাবে ভূমি বিলিবন্টন করা দরকার। এই প্রসঙ্গে পাট্টা দেওয়ার কথাটাও একটু বলব। বহু ক্ষেত্রে দেখা যাচ্ছে যে জমি বিলি হয়ে গিয়েছে কিন্তু তারা পাট্টা পাচ্ছে না। সেখানে নানান রকমের অজুহাত বি. এল. আর. ও. অফিসগুলি থেকে দেখানো হয়। এ ক্ষেত্রে পঞ্চায়েতের যেভাবে কাজ করা দরকার দেখা যায় কিছু কিছু পঞ্চায়েতে—জানি না তাদের উদ্দেশ্য কি—সরকার যে নীতি এ ক্ষেত্রে গ্রহণ করেছেন তা বাস্তবায়িত করার ক্ষেত্রে নানারকমের অন্তরায় সৃষ্টি করছে। এই প্রসঙ্গে আরও একটা কথা বলি যে, শিল্পায়ন, নগরায়ণ এবং অন্যান্য ক্ষেত্রের জন্য যে ভূমি অধিগ্রহণ করা হয় সরকার থেকে তার ক্ষতিপূরণ পেতে জমির মালিকদের দীর্ঘদিন লেগে যায়। এ ক্ষেত্রে সাধারণ জমির মালিক যাদের ভূমি অধিগ্রহণ করা হয়েছে তাদের অনেক হয়রানির মধ্যে পড়তে হয়। এ ক্ষেত্রে এমন একটা ব্যবস্থা নেওয়া দরকার যাতে জমি অধিগ্রহণের উইদিন থ্রি মান্থস যার কাছে সেই জমির প্রকৃত মালিকানা স্বত্ত্ব আছে সে যাতে ক্ষতিপূরণ পেয়ে যায়। এ দিকটার প্রতি সরকারের দৃষ্টি দেওয়া দরকার। তারপর বহু ক্ষেত্রে দেখা যায় যে কৃষি জমিকে ইট ভাটায় পরিণত করা হচ্ছে। অর্থাৎ ধানি জমি যেখানে ধান চাষ হবে সেইসব গরিব কৃষকদের লোভ দেখিয়ে কায়দা করে এক শ্রেণীর ইট ভাটার মালিক বেনামে সেগুলি ইজারা নিয়ে নিচ্ছে এবং তা নিয়ে ইট ভাটা করছে। এই বিষয়টিও সরকারের দেখা উচিত। পাশাপাশি বলি, ইট ভাটা থেকে যে পরিমাণে রাজস্ব সরকারের ঘরে আসার কথা তার একশো ভাগের ২০ ভাগও আসছে না। এ ক্ষেত্রে বি. এল. আর. ও. অফিসের এক শ্রেণীর কর্মচারী এবং অন্যান্য অফিসারদের একাংশের মধ্যে একটা দুর্নীতির গন্ধ আমরা পাচ্ছি। রাজস্ব বাড়াতে হলে এদিকে সরকারের নজর দেওয়া দরকার। এই কথা বলে, ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের ব্যয়বরাদ্দকে সমর্থন করে ও বিরোধীদের কাট মোশনগুলির বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অজিত খাঁড়া ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রী সূর্যকান্ত মিশ্র মহাশয় আজ এই সভায় তার দপ্তরের যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তার উপর কংগ্রেস দলের পক্ষ থেকে যেসব কাট মোশন আনা হয়েছে তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। একটু আগে এই বিতর্কে অংশগ্রহণ করে গোপালবাবু বলছিলেন, খাসযোগ্য জমি পশ্চিমবঙ্গ সরকারের হাতে এসেছে।

[1-20—2-00 P.M.] (including adjournment)

তার মধ্যে কংগ্রেসের সময়ে এসেছে ৯ লক্ষ ৫০ হাজার একর। আর বামফ্রন্ট সরকারের ১৯ বছরে এসেছে ৩ লক্ষ ২৫ হাজার একর। এটা কে বলেছেন? ১৯শে ফেব্রুয়ারি, ১৯৯৫ সালে তৎকালীন ভূমিরাজস্ব মন্ত্রী বিনয় চৌধুরি মহাশয় বিধানসভায় এটা পেশ করেছিলেন। তাহলে দেখা যাচ্ছে যে ৫ বছরে কংগ্রেসের আমলে চাষযোগ্য জমি সরকারে এসেছিল ৯ লক্ষ ৫০ হাজার একর। এই জমি ভূমিহীন শ্রমিক এবং প্রান্তিক চাষীদের মধ্যে কংগ্রেস আমলে বিলি করা হয়েছিল ৯ লক্ষ ৬৩ জনকে। আর বামফ্রন্ট সরকারের ১৯ বছরে বিলি করা হয়েছে প্রান্তিক চাষী এবং ভূমিহীন শ্রমিকদের মধ্যে ১৩ লক্ষ ৪৮ হাজার জনকে। কংগ্রেস আমলে ব্লক স্তরে একটা ভূমি সহায়ক কমিটি হত এবং সেখানে সকল দলের লোক থাকতেন। বড়লোকের জমি কেড়ে নিয়ে গরিব চাষীদের, ভূমিহীনদের মধ্যে বন্টন করার ক্ষেত্রে সকলের মতামত নেওয়া হত। এখন বামফ্রন্ট সরকার পঞ্চায়েতের মাধ্যমে একদলীয় কমিটি করা হয়েছে যাতে বি. ডি. ও. আছেন, ও. সি. আছেন, ডি. এল. আর. ও. আছেন, পঞ্চায়েত সমিতির সভাপতি এবং কর্মধ্যক্ষ আছেন। কিন্তু সেখানে বিরোধী দলের কোনও লোককে রাখা হয়নি। আমার বিশ্বাস, এটা করতে গিয়ে লাল পতাকা পোতা হচ্ছে, হানাহানি হচ্ছে, খুন-জখম হচ্ছে, জমি নিয়ে সংহার হচ্ছে, একটা অশান্তি চলছে। এদের আমলে ১৩ লক্ষ ৪৮ জনকে জমি দেওয়া হয়েছে বিনয়বাবুর সময়ে যে জমি বন্টন করা হয়েছে। আমি বর্তমান ভূমি ও ভূমি সংস্কার মন্ত্রীকে বলবো যে, রাজ্যের হাতে যে জমি এসেছে তার মধ্যে বিনয়বাবুর বর্ধমান জেলায় সব চেয়ে কম জমি এসেছে কিনা সেটা দেখবেন। সেখানে জমির মালিকের সঙ্গে একটা এগ্রিমেন্ট ছিল। আপনি মেদিনীপুর জেলার মানুষ। মেদিনীপুর, বাঁকুড়া এবং পুরুলিয়া—এই ৩টি জেলায় বর্গা নিয়ে বেশি খুনোখুনি, হাঙ্গামার ঘটনা ঘটেছে এবং এই রকম ঘটনায় আদালতের ইংজাংশন আছে এ পর্যন্ত ১ লক্ষ ২৫ হাজার। রেকর্ড সংশোধন করার জন্য যে নির্দেশ আছে হাই কোর্টের সেগুলি ডি. এল. আর. ও. লেভেলে মানা হয়নি। হাই কোর্টের যে নির্দেশ সেগুলিকে গোডাউনে পাঠিয়ে দেওয়া হয়েছে ল সেলের নামে। এর কোনও উপকার গরিব মানুষ পায়নি। গরিব মানুষ যাদের প্রপার্টি নিতে চাচ্ছেন, তাদের কোনও প্রটেকশন দেওয়া হচ্ছে না। আপনার উপরে আমার বিশ্বাস আছে। আপনি এই জিনিসগুলি ভেবে দেখবেন বলে আশা করি। আজকে জমি নিয়ে সারা রাজ্যে যে কাণ্ড ঘটছে, আমি তার দু'একটি উদাহরণ দিতে চাই। হলদিয়ায় শিল্প তৈরি করাকে কেন্দ্র করে সেখানে যে সমস্ত মানুষের জমি নেওয়া হয়েছে সেটা কিভাবে নেওয়া হয়েছে। ডি. এম. নিজে গিয়ে বুল ডজার দিয়ে জমির মালিককে প্রটেকশন না দিয়ে জমি নিয়ে নেওয়া হয়েছে এবং কোনও কোনও জায়গায় এই ব্যাপারগুলি আপনি দেখবেন যাতে আলাপ-আলোচনার মাধ্যমে সমাধান করা যায়। আপনার নিজের বিধানসভা কেন্দ্র নারায়ণগড়, বেলদা থানায় আমি

দেখেছি যে সেখানে চিত্তরঞ্জন জানা বহুবার আবেদন-নিবেদন করেছেন যে তার জমি নিয়ে বর্গা হচ্ছে, কিন্তু প্রশাসন থেকে কোনও প্রটেকশন দেওয়া হয়নি। সেই চিত্তরঞ্জন জানার আবেদন গ্রাহ্য হল না, সে ঘর ছাড়া হল। এখন সে ভিখারি হয়ে ঘুরে বেড়াচ্ছে। অপর দিকে সেই বি. এল. আর. ও. প্রমোশন পেয়ে গড়বেতা চলে গেলেন। দাঁতন, মোহনপুর, এগরা, এই সমস্ত জায়গায় জমি নিয়ে প্রচণ্ড গোলমাল চলছে। ভগবানপুরের মনোরমা সামন্ত, বিধবা মেয়ে মানুষ, তার মাত্র দুই বিঘা জমি আছে। পার্টির তরফ থেকে তাকে বলা হল যে ৫০ হাজার টাকা দিতে হবে। সে না দিতে পারায় তার চাষের জমি ভুয়া বর্গা করে দখল করে নিয়েছে। সে বিভিন্ন জায়গায় আবেদন-নিবেদন করেছিল। তার ভিত্তিতে বি. এল. আর. ও. এবং এন. আইকে এস. ডি. ও. ইনকোয়ারির নির্দেশ দিলেন এবং বলা হল যে একে পুলিশ প্রটেকশন দেওয়া হোক।

পুলিশ প্রোটেকশন দিচ্ছে না। তার জমিতে ভুয়া বর্গাদার বসিয়ে সি. পি. এম.এর লোকেরা জোর করে জমি জবরদখল করে রেখে দিয়েছে। মোহনপুর থানায় আস্তলা প্রাইমারি স্কুলের জমি ব্রাঞ্চ সেক্রেটারি বাদল পাত্র তার স্ত্রী দুলালী পাত্রর নামে জোর করে পাট্টা নিয়ে জমি জবরদখল করে রেখে দিয়েছে। পঞ্চানন জানা পার্টির এল. সি. এস., সে তার স্ত্রী মালতী জানার নামে একজন লেপ্রসি রোগী জমির পাট্টা পেয়েছিল সেই লেপ্রসি রোগীর থেকে জমি ছাড়িয়ে নিয়েছে। এই ব্যাপারে আপনাকে তদন্ত করে দেখার জন্য অনুরোধ জানাচ্ছি। জমির বর্গা নিয়ে এই সব জিনিস হচ্ছে। বিনয় চৌধুরি মহাশয় রাবার চাষের জন্য তাদের জমির ঊর্দ্ধসীমা শিথিল করার জন্য সিলেক্ট কমিটিতে প্রস্তাব পাঠিয়ে ছিলেন। এই পশ্চিমবাংলায় হাওড়া এবং মেদিনীপুরের বিস্তীর্ণ এলাকায় মাদুর এবং কাজু বাদামের চাষ হয়। এই মাদুর এবং কাজু বাদাম চাষ করার জন্য জমির ঊর্দ্ধসীমা শিথিল করার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তিনি যেন এই ব্যাপারে উদ্যোগ নিয়ে জমির ঊর্দ্ধসীমা শিথিল করার জন্য সিলেক্ট কমিটিতে প্রস্তাব পাঠান। রাইস মিলগুলি থেকে লেভি আদায় করা হচ্ছে না। যার ফলে ১ লক্ষ টন খাদ্যশস্য সংগ্রহ করা যাচ্ছে যেখানে ৫০ লক্ষ টন খাদ্যশস্য সংগ্রহ করার কথা। এই বিষয়টা মন্ত্রী মহাশয়ের দেখা দরকরা। উনি সৎ মানুষ, ওনাকে অনুরোধ করবো, সারা পশ্চিমবাংলা জুড়ে বর্গাদারের নামে বর্গাদার সংহার হচ্ছে, এটা যেন তিনি দেখেন। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে আমাদের ছাঁটাই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

(All this stage the House was adjourned till 2-00 p.m.)

(After adjournment)

[2-00—2-10 P.M.]

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, একটা পয়েন্ট অফ অর্ডার আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মুখ্যমন্ত্রী মহোদয় দ্বারা সাধারণভাবে কোনও কমিশনের রিপোর্ট আমাদের কাছে এই রকম ভাবে পেশ করেননি। কিন্তু একটা [*** ***]

** ... ** Note : [Expunged as order by the chair]

**Mr. Speaker :** Mr. Mukherjee, are you discussing the report? We are not discussing the report. I am sorry. It cannot be allowed.

**Shri Subrata Mukherjee :** Sir, please allow me to raise the point.

**Mr. Spaker :** No, no, I am sorry. It cannot be allowed.

Mr. Mukherjee, you have referred to Mr. Justice Usuf as a retired Judge. I would remind the Hon. members that when Usuf Commission was appointed, he was serving as a Judge of the Hon'ble High Court at Calcutta. His name was sent by the Chief Justice. While sitting on the Commission he retired and he continued. He was not appointed by the State Government. His name was sent by the Chief Justice of the Calcutta High Court. Don't mix up the issues. He was not appointed as a retired Judge. Judge has a discretion to make his finding.

## PRESENTATION OF REPORT

### Ninth Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I now present the 9th report of the Business Advisory Committee as follows :

22-7-96 (i) The Bidhan Chandra Krishi Viswavidyalaya (Second Amendment) Bill, 1996 (Introduction, Consideration and Passing) — $^1/_2$ hour

(ii) The Corporation (Amendment) Bill, 1996 (Introduction, Consideration and Passing) — 1 hour

(iii) The Darjeeling Gorkha Hill Council (Amendment) Bill, 1996 (Introduction, Consideration and Passing) — 1 hour

(iv) The West Bengal Land Reforms (Amendment) Bill, 1996 (as reported by the select Committee) (Consideration and Passing) — 1 hour

(v) The West Bengal Industrial Infrastructure (Development Corporation (Amendment) Bill, 1996 (Introduction, Consideration and Passing) — $^1/_2$ hour

23-7-96 (i) The West Bengal Revenue Intelligence (Collection and Monitoring of Information) Bill, 1996 (Introduction, Consideration and Passing) — 1 hour

(ii) The West Bengal Apropriation (No. 2) Bill, 1996 (Introduction, Consideration and Passing) 3 hours

I now request the Parliamentary Affairs Minister to move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 9th Report of the Business Advisory Committee as presented in the House be agreed to.

The Motion was then put and agreed to.

**Now Discussion on Demand No. 7 & 61**

**শ্রী নর্মদা রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি এবং ভূমি রাজস্ব এবং পঞ্চায়েত মন্ত্রী যে ৭ এবং ৬১ নং ব্যয়বরাদ্দের দাবি এখানে রেখেছেন তাকে আমি সমর্থন করছি। আমার সময় অত্যন্ত কম তারই মধ্যে বলছি এই বাজেটকে সমর্থন করছি এই কারণে যে, ভূমি সংস্কার আইনের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গে ভারতবর্ষের মধ্যে একটি রাজ্য যেখানে জমিদারি উচ্ছেদ এবং ভূমি সংস্কার নীতির ফলে গ্রামোন্নয়ন কর্মসূচির যে প্রকল্পগুলো সেগুলো ধারাবাহিকভাবে রূপায়িত হয়ে এসেছে। এই বাজেটের মধ্যে দিয়ে মাননীয় মন্ত্রী দক্ষতার সঙ্গে এই কথা বলেছেন যে, সারা পশ্চিমবঙ্গে সরকারি ন্যস্ত জমির পরিমাণ ২৮.৮৯ লক্ষ একর, আজকের প্রশ্নোত্তরেই তিনি বলেছেন যে, ১২.৮০ লক্ষ কৃষির যোগ্য জমি আছে। এর মধ্যে ৯.৯৫ লক্ষ হেক্টর জমি আজকে পিছিয়ে পড়া শ্রেণী যথা ক্ষেতমজুর এবং গরিব চাষীদের মধ্যে বিলি করা হয়েছে। ১৪ লক্ষ ৬৯ হাজার বর্গাদার আজকে প্রতিষ্ঠিত হয়েছে। এই বর্গাদারদের জমির পরিমাণ হচ্ছে ১০.৯১ হাজার সেইসঙ্গে গ্রামীণ ক্ষেতমজুরও আছে। তাছাড়া মৎস্যজীবি পরিবারদের বাস্তু জমি যে বিতরণ করা হয়েছে তার পরিমাণ ২ লক্ষ ৭০ হাজারের মতো। ভূমি সংস্কারের মধ্যে দিয়েই সমাজের পিছিয়ে পড়া একটা অংশের মানুষকে সরকারি ন্যস্ত জমি বিলি করতে সক্ষম হয়েছেন। গ্রামে গ্রাম পঞ্চায়েতের মধ্যে দিয়ে এবং দরিদ্র দূরীকরণ কর্মসূচির মধ্যে দিয়ে পিছিয়ে পড়া মানুষের একটা বড় অংশের মানুষকে আমরা যুক্ত করতে পেরেছি, এটা ভারতবর্ষের একটা রাজ্য হিসাবে পশ্চিমবঙ্গের পক্ষে গর্বের বিষয়। সেই কারণে আজকে গর্বের সঙ্গে বলব ভূমি সংস্কার এবং পঞ্চায়েতের দরিদ্র দূরীকরণ কর্মসূচির মধ্যে দিয়ে এই যে একটা বড় অংশের মানুষ যথা ক্ষেতমজুর এবং গরিব চাষী, শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইব এবং অবহেলিত পিছিয়ে পড়া মানুষকে অর্থাৎ মোট জনসংখ্যার ২৭ ভাগ মানুষকে আজকে সরকারি ন্যস্ত জমি বিলি করা গেছে। আমরা লক্ষ্য করেছি মোট জমির সংখ্যার ৫ ভাগের বেশি জমি সরকারি ন্যস্ত হয়েছে। সুতরাং স্বাভাবিকভাবেই উৎপাদন বেড়েছে। মানুষের ক্রয় ক্ষমতা বেড়েছে এবং পশ্চিমবঙ্গ খাদ্যশষ্য উৎপাদনে প্রথম অধিকার করেছে। আমরা আজকে গর্বের সঙ্গে পশ্চিমবঙ্গের দৃষ্টান্ত উদাহরণ হিসাবে সারা ভারতবর্ষের সামনে তুলে ধরতে পারি।

[2-10—2-20 P.M.]

আমি স্যার, এখানে সেই বিতর্কে যাচ্ছি না, কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কৃষি উৎপাদনের ক্ষেত্রে আজকে উৎপাদন খরচ বেড়ে যাওয়ার ফলে ক্রমশ এটা অলাভজনক হচ্ছে? কেন না সরকারের ন্যস্ত জমি বিলি করার মধ্যে দিয়ে যেভাবে কৃষি যন্ত্রপাতির মূল্যবৃদ্ধি পাচ্ছে এবং উৎপাদনজনিত খরচ বৃদ্ধি পাওয়ার ফলে আজকে কৃষকের কাছ থেকে জমি হাত ছাড়া হয়ে যাচ্ছে। আজকে উন্নত কৃষি প্রযুক্তি ও সেচ সম্প্রসারণের ফলে বহু জমি আবাদ যোগ্য জমি হিসাবে পরিণত হয়েছে। কিন্তু এই জমিগুলির শ্রেণী পরিবর্তন হয়নি। বিষয়টা গুরুত্ব দিয়ে দেখা দরকার। যাতে শ্রেণী পরিবর্তন করে গরিব মানুষদের মধ্যে ঐ জমি বিলি করা যায়। উদাহরণস্বরূপ বলা যায়, উত্তরবঙ্গের ইসলামপুরে বহু আবাদী জমি আজকে চা-বাগানে পরিণত হয়েছে এবং ফলের বাগানেও পরিণত হয়েছে। এইগুলির শ্রেণী পরিবর্তন করে বিলি ব্যবস্থা করা দরকার। ব্লক লেভেলে যে বি. এল. আর. ও. অফিস আছে, সেখানে জমি ভেস্ট করার ক্ষেত্রে যে সরকারি নিয়ম আছে সেটা পালন করা হচ্ছে না। মাননীয় মন্ত্রী এখানে আছেন, বি. এল. আর. ও. অফিসের কাজকর্ম অত্যন্ত ঢিলেঢালা। অফিসের এক শ্রেণী কর্মচারীর মধ্যে জমি ভেস্ট করার ব্যাপারে একটা অনীহা দেখা যাচ্ছে। দিনের পর দিন গড় হাজির হওয়ার ফলে কাজের খুব অসুবিধা হচ্ছে। সাধারণ মানুষকে হয়রানি হতে হচ্ছে। ফলে জোতদার ভেস্ট জমি ফেরত পাওয়ার সুযোগ পাচ্ছে। অনেক ক্ষেত্রে মামলা করছে। সরকারি উকিল সময় মতো মামলা লড়ছে না ফলে জোতদার পুনরায় ভেস্ট জমি ফেরত পেয়ে যাচ্ছে। মামলাভুক্ত জমি যা ভেস্ট আছে, সরকারিভাবে সেইগুলির মামলা নিষ্পত্তি করে সেইগুলি বিতরণ করা দরকার। দক্ষিণ দিনাজপুর জেলার তপন থানায় প্রায় দেড়শত একর জমি প্রায় ৬ শত পাট্টা, এই পাট্টাগুলি আপনার দপ্তর তারা সেখানে বিলি বন্ধ করে রেখেছে। তখন পঞ্চায়েত সমিতি ঐ ভেস্ট জমিগুলির ভূমিহীনদের একটা তালিকা করে ৬ শত মতো পাট্টা প্রস্তুত করে বিলি করতে পারেনি। আপনার দপ্তর এটা বন্ধ করে রেখেছে। বিষয়টি আপনার দেখা দরকার। আজকে ভূমি সংস্কার আইনের অঙ্গ হিসাবে ইতিমধ্যে সরকারের ন্যস্ত জমি পেয়ে যারা মালিক হয়েছেন বর্গাদার পাট্টা হোল্ডার, আজকে উৎপাদনজনিত খরচ বৃদ্ধির ফলে তাদের হাত থেকে জমি ক্রমশ হাত ছাড়া হয়ে যাচ্ছে। সেইজন্য আমার আবেদন কম সুদে তাদের জন্য ঋণের ব্যবস্থা করা এবং ভর্তুকি দিয়ে সার, বীজ, সেচ, কীটনাশক ঔষধ ইত্যাদি যাতে দেওয়া যায় তার ব্যবস্থা করা দরকার। কারণ তাদের এই টুকরো টুকরো জমি খণ্ড খণ্ড জমি সেখানে লাভজনক হচ্ছে, মূলধন বিনিয়োগের ফলে। সেই সঙ্গে আমি বলব, জমির রেজিস্ট্রেশন খরচ এবং তার ফিজ অত্যন্ত বেশি হওয়ার ফলে যারা কম জমির মালিক তাদের প্রয়োজনীয় জমির কেনার ও বিচার ক্ষেত্রে তাদের অসুবিধা সৃষ্টি হচ্ছে।

আপনার দপ্তরের বি. এল. আর. ও.র পক্ষ থেকে যে মূল্যায়ন করা হচ্ছে তার কি হল। শহরে এক বিঘা জমির দাম যদি এক লক্ষ হয়, তাহলে গ্রামে ঐ দামে ত্রিশ বিঘা জমি পাওয়া যাবে। জমির মূল্যের উপর সেখানে গরিব মানুষরা জমি কিনতে বা বিক্রি করতে গেলে রেজিস্ট্রেশন খরচ এবং ফি এতবেশি হওয়ার ফলে, জমির মূল্য ঠিক না হওয়ার ফলে তাদের ক্ষেত্রে অসুবিধা সৃষ্টি হচ্ছে। জমির রেজিস্ট্রি ফি কমিয়ে দেওয়া এবং

গ্রাম পঞ্চায়েতের উপর এর ভার দেওয়া হোক। কম আয়ের মানুষ জমি বিক্রি করতে গেলে রেজিস্ট্রেশন ফি অত্যন্ত বৃদ্ধির ফলে তাদের পক্ষে জমি কেনাবেচা করা সমস্যা হয়ে দাঁড়িয়েছে। এই বিষয়টা ভেবে দেখা দরকার। বড় একটা রেভিনিউ-এর থেকে কালেক্ট হচ্ছে। সুতরাং গরিব মানুষের দিকে দৃষ্টি দিয়ে আপনি রেজিস্ট্রেশন ফি কমাবেন আশা করি, স্ট্যাম্প ডিউটি আপনি ফাইভ পার্সেন্ট কমিয়েছেন। যেখানে বর্ডার রোড হচ্ছে সেখানে জমিগুলোর অ্যাকোয়ার করা হয়েছে, জমি অধিগ্রহণ করা হয়েছে। সেই সমস্ত জমিগুলোর কম্পেন্সেশনের টাকা তারা পাননি। কৃষকরা কালেক্টরেট থেকে টাকা পেতে হয়রান হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি আবেদন করব, বর্ডার রাস্তার যে সমস্ত জমি অধিগ্রহণ করা হয়েছে, তারা যাতে এই কম্পেন্সেশনের টাকা পায় তার ব্যবস্থা আপনি করবেন। আরেকটি বিষয় আপনার কাছে বলতে চাই, পশ্চিমবাংলা জুড়ে বহু ক্ষেত্রে সাব-রেজিস্ট্রি অফিস নেই এবং এর ফলে নিম্ন আয়ের জমির মালিক তাদের ক্ষেত্রে একটা সমস্যা দেখা দিয়েছে। জেলা ভাগের ফলে আমার ওখানে সাব-রেজিস্ট্রেশন অফিস কালিয়াগঞ্জে হওয়ার ফলে কুশমন্ডির মানুষকে জমি কেনাবেচা করতে সেখানে যেতে হচ্ছে। সেখানে এত বেশি ভিড় হচ্ছে, যে লোককে ফিরে যেতে হচ্ছে। জমি রেজিস্ট্রেশন অফিস প্রত্যেকটি ব্লকে করা দরকার। যদি তা চালু করা হয় তাহলে আরও রেভিনিউ আসবে। এই বিষয়টা আপনি দেখবেন। ইতিমধ্যে সরকারে ন্যস্ত জমির পরিমাণ ২৮.৮৯ লক্ষ একর এবং তার মধ্যে ৯.৯৫ লক্ষ একর জমি ভূমিহীনদের মধ্যে বিলিবন্টন করা হয়েছে। এর মধ্যে বাস্তুজমি ছাড়াও, কৃষিযোগ্য জমিও বিলি বাকি আছে, সেক্ষেত্রে অত্যন্ত গুরুত্ব দিয়ে আপনি ব্যাপারটা দেখবেন। কৃষিযোগ্য জমি বা আবাদ যোগ্য জমিতে যাতে চা-বাগিচা না হয় তার জন্য আপনি দেখবেন। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের কাট মোশানের বিরোধিতা করে আমরা বক্তব্য শেষ করছি।

**শ্রী মহবুল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রী ব্যয়-বরাদ্দের জন্য যে দাবি উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করতে পারলে খুব খুশি হতাম। কিন্তু সমর্থন করতে পারছি না। তিনি তার বাজেট বক্তৃতায় বলেছেন ভূমি সংস্কার নীতি গত ১৯ বছর ধরে বামফ্রন্ট সরকার যেভাবে রূপায়িত করছে, এখনও সেইভাবেই এগোবে। আমি এই বক্তব্যের তীব্র প্রতিবাদ করছি। যে গতিতে এই নীতি এগোচ্ছে সেই রকমভাবে এগোতে থাকলে ১০০ বছর সময় লেগে যাবে।

[2-20—2-30 P.M.]

তাই আমি কিভাবে ওনার বাজেট বক্তৃতাকে সমর্থন করব সেটা মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় বুঝতে পারছেন। আজকে দেখা যাচ্ছে যে জমিদারদের উচ্ছেদকে কেন্দ্র করে শাসক দলের বন্ধু বলেছিলেন—জোতদার, জমিদার সকলে কংগ্রেসের সমর্থক। কিন্তু আমরা বামফ্রন্টের ২০ বছরের শাসনকালে তার উল্টোটা দেখছি। গরিব মানুষ যাদেরকে কেন্দ্র করে সি. পি. এম. বিশেষ করে গ্রামাঞ্চলে তাদের দলকে ভারি করেছিল, বিরাট একটা গরিব মানুষের দল হিসেবে নিজেদের দলকে পরিণত করেছিল আজকে তাদের মধ্যে হতাশা এসেছে। যারা জোতদার, তারা আজকে নানাভাবে সি. পি. এমে. পার্টির নেতৃত্ব দিচ্ছেন। যারা গরিব মানুষ

ছিলেন তাঁরা আজকে তাদের দল থেকে সরে যাচ্ছেন। বিশেষ করে আমার এলাকায় তাই দেখতে পেয়েছি। ভূমি সংস্কার এবং সেচের সম্প্রসারণের ফলে সেচযোগ্য জমির পরিমাণ বৃদ্ধি পেয়েছিল। কিন্তু এখন দেখা যাচ্ছে যে, যে সমস্ত জমিতে সেচের ব্যবস্থা করা হয়েছিল সেইসব জমিতে সেচ বন্ধ করে দেওয়া হয়েছে এবং যে সব জমিতে সেচের ব্যবস্থা ছিল না সেইসব জমিতে সেচের ব্যবস্থা করা হয়েছে। যেমন মালদার খড়বায় ইরিগেশন স্কীম বন্ধ হয়ে যাচ্ছে। স্বরূপগঞ্জ, মায়াপুর, নুনাতোর, মল্লিক পাড়া, তারাপুর, খানপুর ১ নং এবং ২ নং এ. আর. অ্যান্ড আই. স্কীম বন্ধ হয়ে গেছে। সরকার থেকে নাকি সেচের সম্প্রসারণ করা হচ্ছে! অথচ এইসব জায়গায়, আর. অ্যান্ড আই. স্কীম বন্ধ হয়ে গেছে। সে ব্যাপারে সরকার কোনও চিন্তাভাবনা করছেন না। উত্তরবঙ্গের ইসলামপুর মহকুমায় যে চা-বাগানগুলো আছে সেগুলোর মধ্যে অনেক পাট্টাদার এস. সি. এবং এস. টি.। তাদের জমি নিয়ে সেগুলো চাবাগানে পরিণত করা হয়েছে। এই রকম জমির সংখ্যা প্রায় ৪৫ হাজার। মাননীয় বিধায়ক শ্রী আব্দুল করিম চৌধুরি এই নিয়ে আন্দোলন করছেন। কিন্তু সরকার এ ব্যাপারে কোনও দৃষ্টি দিচ্ছেন না। নির্বাচনের আগে বলা হয়েছিল সরকারি প্রকল্পের জন্য যাদের জমি অধিগ্রহণ করা হয়েছে তাদের ক্ষতিপূরণের ব্যবস্থা আছে। কিন্তু সেই ক্ষতিপূরণ এখনও তারা পাননি। মালদায় আর্সেনিক মুক্ত বিশুদ্ধ পানীয় জল সরবরাহের জন্য কালিয়াচক ১ নং, ২ নং ও ৩ নং, ইংলিশবাজার এবং মানিকচককে বেছে নেওয়া হল। সেখানে মাননীয় মন্ত্রী নির্বাচনের আগে, বিশুদ্ধ পানীয় জল সরবরাহ করার জন্য বিরাট সভা করে এসেছিলেন।

সেখানে দেখলাম দুশো বিঘা জমি নেওয়া হয়েছে, অধীগ্রহণ হল না। সেখানে একজন সি. পি. আই. (এম.)-এর নেতা সেখানে বিধানসভা কেন্দ্রে দাঁড়িয়ে পরাজিত হয়েছেন—তিনি ও জেলা পরিষদের কর্মাধ্যক্ষ সেই দুশো বিঘা জমির মালিকের সাথে রাতের অন্ধকারে আঁতাত করে ২০ লক্ষ টাকার বেশি ক্ষতিপূরণ না দিয়ে নিজেদের পকেটে পুরবার চেষ্টা করল। আর্সেনিক প্রকল্প যা গ্রহণ করা হয়েছে, সেখানে অনেক বেশি টাকা অন্যভাবে দেখানো হয়েছে, এই বিষয়ে মাননীয় মন্ত্রীকে তদন্ত করতে বলব। ভূমি বন্টনের ক্ষেত্রে দেখা যাচ্ছে, প্রকৃত বর্গাদার জমির পাট্টা পাচ্ছে না। একজন বর্গাদারের নামে চিহ্নিত জমি অন্য লোক ভোগ করছে। এইদিকে ঠিক মতো লক্ষ্য রাখা দরকার। একটা রিপোর্টের বই রাখতে হবে এবং যে জমি পাট্টা দেওয়া হচ্ছে, তা রেকর্ড থেকে বাদ দিতে হবে। জমির মূল্য হিসাবেই সিলিং করা উচিত৷ আর একটি জিনিস দেখা যাচ্ছে—আপনারা গ্রামাঞ্চলের জমির উপর হস্তক্ষেপ করছেন, কিন্তু শহরাঞ্চলে তা করছেন না। বি. এল. আর. ও. অফিসে যে বাস্তু ঘুঘুরা বাসা বেঁধেছে, সেই বাসা ভাঙতে হবে। মাননীয় সদস্য স্ট্যাম্প ডিউটির কথা বললেন, মাননীয় অর্থমন্ত্রী ১২ পার্সেন্ট থেকে ৫ পার্সেন্ট করেছেন। এখানে একটা সমস্যা রয়েই গেছে, রেজিস্টার অফিসের কর্মকর্তা ঠিক করে দেন জমির মূল্য কত হবে। এ ক্ষেত্রে ছোট জমির মালিকরা ক্ষতিগ্রস্ত হচ্ছে, রেজিস্ট্রি করতে পারছে না। এল. আর. ও. অফিস থকে বলে দেওয়া হয়েছে এত টাকা স্ট্যাম্প ডিউটি আদায় করতে হবে, এজন্য তারা বেসি করে স্ট্যাম্প ডিউটি ধরার চেষ্টা করে। মাননীয় বিরোধী দলের নেতা আগে বলেছেন, জমি সংক্রান্ত মামলাগুলি অযোগ্য আইনজীবীদের দ্বারা পরিচালিত করার জন্য দ্রুত নিষ্পত্তি হচ্ছে না। সেদিকেও দৃষ্টি দিতে হবে। অর্চাড গাছপালার মধ্যেই পড়ে। মালদায় প্রচুর আম গাছ আছে।

বন সৃজনের ক্ষেত্রে যদি অর্চাডকে কিছুটা ছাড় দেওয়া যায়, এটা দেখবেন। আজকে আপনারা অপারেশন বর্গা নাম দিয়েছেন। কিন্তু দেখা যাচ্ছে দলীয় স্বার্থ কায়েম করার ক্ষেত্রে এটা ব্যবহৃত হচ্ছে। বর্গাদার-বর্গাদারের মধ্যে দ্বন্দ্ব, সংঘর্ষ লেগে যাচ্ছে। সরকার যদি আইন করে জমিদারি উচ্ছেদ করতে পারে, তাহলে বর্গাদারকে জমি দিতে পারবে না কেন? আমি এটা একজন সি. পি. আই. (এম.)-এর লোককে বলেছিলাম, তিনি সঠিক উত্তর দিতে পারেননি, বলেছিলেন, এইভাবে আমরা শরীরটা গরম রাখতে চাই। যত লোককে জমির লোভ দেখিয়েছিলাম, তা দিতে পারছি না। এইজন্য আমাদের দল থেকে চলে যাবে। এই কথা বলে, এই বাজেটের বিরোধিতা করে, আমার আনিত কাটমোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-30—12-40 P.M.]

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় ভূমি ও ভূমি সংস্কার মন্ত্রীর আনীত ব্যায়-বরাদ্দের উপর কংগ্রেসের পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে তার সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। একটা বিষয়ে অবশ্য মন্ত্রী মহাশয়কে সমর্থন করতে হয়। পার্টি আমার বিরুদ্ধে গেলেও সেটা সমর্থন করতে হবে এবং না বললে সত্যের অপলাপ হবে। ১৯৭২ সালের আগে আমি দেখেছিলাম, লাল-ঝাণ্ডা হাতে নিয়ে তাঁরা তখন কংগ্রেসকে জোতদার-জমিদারদের প্রতিভূ, প্রতিনিধি বলেছিলেন। ১৯৭৭ সালে ক্ষমতায় আসার পর তাঁরাই জোতদার-জমিদারদের মার্কসবাদী কমিউনিস্ট পার্টির ছত্র-ছায়ায় নিয়ে আসে। এই ব্যাপারে তাদের সমর্থন না করে পারি না। যখন সরকারের হাতে ১২.৮০ লক্ষ একর জমি ন্যস্ত হয়েছে এবং তার মধ্যে ৯.৯৫ লক্ষ একর জমি বিলি করা হয়েছে। আমি প্রশ্ন করতে পারি মন্ত্রী মহাশয়কে যে, ঐ ২ লক্ষ ৮৫ হাজার একর জমি বিলি করা হল না কেন? ভূমিহীন গরিব মানুষের কাছে এটা বিলি করা হল না কেন। এর একমাত্র কারণ হচ্ছে আজকে আপনারা সেই জোতদার-জমিদারদের প্রতিভূ। তাদের আজকে আপনারা সেল্টার দিচ্ছেন বলে এই জমিগুলো বন্টন করা হচ্ছে না। আজকে এই রকম বিভিন্ন জায়গায় হচ্ছে। আমি তার মধ্যে একটা মাত্র উদাহরণ হিসাবে তুলে ধরছি। গলসির বুদবুদ গ্রামের জোনাল কমিটি সম্পাদকের পরিবারের ৩০ বিঘা উৎবৃত্ত জমি আছে। সেই জমি নিয়ে পার্টির মধ্যে একটা গোলমাল হয়। ওখানকার লোকাল কমিটির সম্পাদক শ্রী স্বপন মুখোপাধ্যায় প্রতিবাদ করলে তাঁকে পার্টি থেকে তাড়িয়ে দেওয়া হয়। তখন সে ১ হাজার সদস্য নিয়ে ঐ যুক্তি সমর্থন না করে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি ছেড়ে দিয়ে চলে আসল। সেই ৩০ বিঘা জমি কি আপনি উদ্ধার করতে পারবেন? পারবেন কি, সেই জমি গরিব কৃষকদের মধ্যে বিলি করতে? পারবেন না। পারলে নিঃসন্দেহে আপনাকে সমর্থন করতাম। এখানে নথীভুক্ত বর্গাদারদের সংখ্যার কথা বলেছেন ১৪ লক্ষ ৫৯ হাজার। কিন্তু যে মানুষ লালঝাণ্ডা হাতে নিয়ে থাকেন না, তেরঙ্গা ঝাণ্ডা নিয়ে থাকেন সেই প্রকৃত বর্গাদারদের নাম লিপিবদ্ধ করা হচ্ছে না। তাদের জমি দেওয়া হচ্ছে না। তাদের নাম আলাদা করে দেওয়া হচ্ছে। আর যে জমিগুলো দিচ্ছেন সেগুলো হয়তো সুনীতিবাবু নামের জমি জ্ঞানসিংবাবুকে দিয়ে দিলেন। কিন্তু যখন চাষের পর ধান তুলতে যাওয়া হল তখন বললেন, না এটা তোমার নয়, সুনীতিবাবুর জমি। এইভাবে গরিব মানুষকে বিভ্রান্তির মধ্যে নিয়ে যাওয়া হচ্ছে। ৪ হাজার ভূমিহীন মানুষের কথা বলা

হয়েছে। যে মানুষ আপনাদের সঙ্গে নেই, আপনাদের ছেড়ে পিছিয়ে এসেছেন বা পিছিয়ে যেতে পারেন সেই ভূমিহীন মানুষকে বাস্তুজমি আপনারা দিচ্ছেন না। এই প্রশ্নের কোনও উত্তর আপনার কাছে আছে বলে আমার মনে হয় না। জমি অধিগ্রহণ হোক, শিল্প বাড়ুক—এটা আমরা চাই। কিন্তু মন্ত্রী মহাশয়কে কি প্রশ্ন করতে পারি, কাটোয়া থানায় গোপালপতি দাস বলে একজন আছে, তার জমির ক্ষেত্রে কি হয়েছে?

কাটোয়ার ঘোষহাট মৌজার জে. এল. আর. নং ২২, প্লট নং ৬৫, গোপালপতি দাসের জমি আজ থেকে ১০ বছর আগে অধিগ্রহণ করা হয়েছিল এবং সে জমিতে সরকারি কর্মচারিদের আবাসন তৈরি করা হয়েছে। ১০ বছর হয়ে গেল আজও জমির মালিক ক্ষতিপূরণের কোনও মূল্য পায়নি। মাননীয় মন্ত্রী মহাশয় অবিলম্বে এ বিষয়ে কোনও ব্যবস্থা গ্রহণ করতে পারবেন কিনা আমি জানি না, তবে আমি তাঁকে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি। মাননীয় মন্ত্রী মহাশয় কতকগুলি ক্ষেত্রের রয়ালটির কথা এখানে তাঁর বাজেট ভাষণের মধ্যে উল্লেখ করেছেন। অথচ আমরা দেখছি কাটোয়ায় বালি-খাদ তৈরি করা হচ্ছে, সেখানে যে রয়ালটি আদায় করা হচ্ছে তা সরকারি কোষাগারে জমা পড়ছে না। প্রশাসনিক স্তরের কিছু কিছু মানুষের অবহেলার জন্য সেই রয়ালিটির টাকা সরকারি কোষাগারে যাচ্ছে না। সব চেয়ে দুঃখের কথা হচ্ছে সেই টাকা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির লোকেরা মেরে দিচ্ছে। আমরা দেখছি ঐ সমস্ত জায়গায় মার্কসবাদী কমিউনিস্ট পার্টির লোকেদের বসিয়ে রাখা হয়েছে, তারা টাকা আদায় করছে, রয়ালটি বাবদ টাকা সরকারি কোষাগারে জমা পড়ছে না। আমি যে জেলা থেকে এসেছি সেই বর্ধমান জেলার একজন মানুষ শ্রদ্ধেয় বিনয় চৌধুরি মহাশয়কে এবারে নির্বাচনে প্রার্থী করা হয়নি, ফলে তিনি এবারে মন্ত্রীও হননি। তিনি এই হাউসে একটা বক্তৃতা রেখেছিলেন, তিনি বলেছিলেন, '৯১ লক্ষর মধ্যে ২২ লক্ষ ভূমিহীন শ্রমিককে ১২ লক্ষ ৩৭ হাজার একর ন্যস্ত জমির মধ্যে ৯ লক্ষ ৬৩ হাজার একর জমি বন্টন করা হয়েছে।' মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই জমির মধ্যে ৬ লক্ষ ১০ হাজার একর জমি ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের মধ্যে, অর্থাৎ কংগ্রেসি রাজত্বকালে বন্টন করা হয়েছিল। তাহলে আমরা দেখছি মাত্র ৩ লক্ষ ৫৩ হাজার একর জমি ১৯৭৭ সাল থেকে ১৯৯৫ সালের মধ্যে বন্টন করা হয়েছে। ১২ লক্ষ একর জমি উদ্ধার করা হয়েছে, বন্টন করা হয়েছে ৯ লক্ষ একর, তাহলে বাকি ৩ লক্ষ একর জমি কি হল? এই প্রশ্ন আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। বাকি জমিগুলো আজ পর্যন্ত কেন বিলি করা হল না? ১৯-২-৯৫ তারিখে মাননীয় শ্রী বিনয় চৌধুরি এই সভায় ভাষণ রেখেছিলেন অপারেশন বর্গা এবং পাট্টা বিলি সম্পর্কে। তিনি বলেছিলেন যে, বর্ধমান জেলা একটা প্রধানত কৃষি ভিত্তিক জেলা, অথচ পশ্চিমবঙ্গের মোট ১৬টা জেলার মধ্যে অপারেশন বর্গা এবং পাট্টা বিলির কাজ বর্ধমান জেলাতেই সবচেয়ে কম হয়েছে। এর কারণ কি? এর কারণ হচ্ছে, ১৯৭৭ সালে আপনারা নির্বাচনে জিতে আসার পর, আপনাদের ভাষায় আপনারা যাদের জমিদার, জোতদার ইত্যাদি বলেন তারা সবাই আপনাদের লাল পতাকার তলায় চলে আসে। যার জন্য বর্ধমানে অপারেশন বর্গা হয় না, বর্ধমানে পাট্টা বিলি হয় না। অথচ মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া প্রভৃতি জেলায় অপারেশন বর্গা হয়েছে, পাট্টা বিলি হয়েছে। বর্ধমানের ধনী কৃষকবা, জোতদার, জমিদাররা আজকে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির ছত্রছায়ায় আশ্রয় নিয়েছে, তাই সেখানে ভূমি

সংস্কারের কাজ হয়নি। এ কথা আমার নয়, এ কথা ঐ বর্ধমান জেলা থেকে যে মানুষটি এখানে এসেছিলেন, সেই বিনয় চৌধুরি মহাশয়ের কথা। তিনিই বলেছেন, 'বর্ধমান জেলায় পাট্টা বিলি এবং অপারেশন বর্গা কম হয়েছে।' তারপর জমি বিলির জন্য ১৯৭২ সালে কংগ্রেস সর্বদলীয় কমিটি করে তার মাধ্যমে জমি বিলি করেছিল, পাট্টা বিলি করেছিল। আর এখন পঞ্চায়েতের মাধ্যমে পাঁচ জনের কমিটি করে পাট্টা বিলি করা হচ্ছে। সেই কমিটিতে বি. ডি. ও., ও. সি., পঞ্চায়েত সমিতির সভাপতি এবং পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ আছেন।

শুধু মাত্র মার্কসবাদী কমিউনিস্ট পার্টির স্বার্থ রক্ষার উদ্দেশ্যে মাননীয় ভূমি ও ভূমি সংস্কার মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন না করে, আমাদের কাট মোশনকে সমর্থন করে এবং এই বাজেট প্রস্তাবকে ধিক্কার জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-40—2-50 P.M.]

**শ্রী মানিকচন্দ্র মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সর্বতোভাবে সমর্থন করছি এবং মাননীয় বিরোধী দলের সদস্যবৃন্দ যে ছাঁটাই প্রস্তাব এনেছেন তাকে সম্পূর্ণ বিরোধিতা করে এই বাজেট সম্পর্কে দু-চারটি কথা বলছি। মাননীয় বিরোধী দলের সদস্যবৃন্দরা ভূমি সংস্কারের কথা বলেছেন এবং ১৯৭২ থেকে ১৯৭৭ সালের কথা বলেছেন এবং বলে স্ব-বিরোধী বক্তব্য রেখেছেন। যখন আমরা হাওড়া স্টেশন থেকে আসি তখন দেখি দেওয়ালের গায়ে আলকাতরা দিয়ে লেখা আছে, সূর্য পৃথিবীকে প্রদক্ষিণ করে বিংশ শতাব্দীর শেষে আর একবিংশ শতাব্দীর শুরুতে সন্ধিক্ষণে জ্ঞান, বিজ্ঞান, প্রযুক্তির যুগে ওদের কেউ কেউ এই কথাটা বিশ্বাস করলেও বিশ্বাস করতে পারে, কিন্তু কংগ্রেস ভূমি সংস্কার করতে চায় এই কথাটা অন্তত এই রাজ্যের কৃষক, এই রাজ্যের মানুষ কখনও বিশ্বাস করবে না। চিরস্থায়ী বন্দোবস্তের পূর্বে এতদিন বাংলার মানুষ সুখে-স্বাচ্ছন্দে ছিল। কারণ, গোয়াল ভরা গরু ছিল, ক্ষেত ভরা ফসল ছিল, পুকুর ভরা মাছ ছিল। কেন ছিল এটার ব্যাখ্যা বিভিন্ন রিপোর্ট থেকে জানা গেছে। বাংলার প্রত্যেক কৃষকের জমি ছিল, তাই বাংলার ঘরে ঘরে সুখ-শান্তি ছিল। ১৭৯৩ সালে যখন চিরস্থায়ী বন্দোবস্ত হল তখন কৃষকদের জমি কেড়ে নেওয়া হল এবং তার সঙ্গে খাজনা আদায়কারিদের যথেচ্ছ কর্তৃত্ব ছেড়ে দেওয়া হল কৃষকদের উপর। এর ফলে আস্তে আস্তে কৃষকরা তাদের জমি হারাতে শুরু করল এবং রাজ্যে জমি হারা কৃষকের সংখ্যা বাড়তে শুরু করল এবং তখন থেকে ভূমিহীন কৃষক, ক্ষেতমজুর এবং বর্গাদারের সংখ্যা ক্রমশ বৃদ্ধি পেতে শুরু হল। ফ্লাউট কমিশন বলেছিলেন, যত কৃষির উপর নির্ভরশীল মানুষ আছে তার ৪০ ভাগ হচ্ছে বর্গাদার। এদের প্রোটেকশনের কোনও ব্যবস্থা ছিল না। এরা নিয়মিত ফসল পেত না। এ ছাড়া অনাবৃষ্টি ছিল, তাই ওদের জীবনে নেমে এসেছিল দুঃখ-দুর্দশা। আর এই বর্গাদারদের বিষয়ে তিনি বললেন, দুই ভাগ ফসল দিতে হবে। সেই দাবি নিয়ে তেভাগা আন্দোলনের লড়াই হয়েছিল। সারা বাংলার কৃষক উজ্জীবিত হয়ে আন্দোলন করল। তাদের আত্মত্যাগের ইতিহাস, তাদের আত্মবলিদানের ইতিহাস সকলেরই জানা আছে। সেই আন্দোলনের ফলে রাজ্যে যথেষ্ট সাড়া তুলল এবং তার ফলেই চাপে পড়ে ১৯৫০ সালে কংগ্রেস ভূমি

সংস্কার, বর্গা আইন তৈরি করতে বাধ্য হয়েছিল। প্রশান্ত মহলানবীশ কমিটি বলেছিলেন, সারা দেশে ৬ কোটি ৩০ লক্ষ একর জমি উর্দ্বৃত্ত হবে। কিন্তু কি হল? আজ পর্যন্ত সারা দেশে মাত্র ৭৪ লক্ষ একর জমি অধিগ্রহণ করা হল। তারমধ্যে ২৪ লক্ষ একর জমি নানা মামলায় ইনজাংশনে আবদ্ধ হল। ৫০ লক্ষ একর জমি সারা দেশে বিলি করা হল আর পশ্চিমবাংলায় তার মধ্যে ১০ লক্ষ একর জমি বিলি করা হলি। ১০ লক্ষ একর মানে সারা দেশে বিলিকৃত জমির ২০ শতাংশ। সারা দেশে যে কৃষি জমি তার সাড়ে তিন ভাগ পশ্চিমবাংলায়। আর জনসংখ্যার ৮ শতাংশের মধ্যে সাড়ে তিন ভাগ জমি নিয়ে ২০ ভাগ জমি বিলি করা—এটা ভারতবর্ষে একটা নজীরবিহীন ঘটনা। পশ্চিমবঙ্গ, কেরল এবং ত্রিপুরা ছাড়া অন্য কোনও রাজ্যে ভূমি সংস্কার কাজের অগ্রগতি হয়নি। ওরা বললেন ১২ কাঠা জমি দিয়ে কি হবে? ৬ কোটি একর জমি যদি বিলি করা হত তাহলে ১ একর করে জমি যদি প্রত্যেক পরিবারকে দেওয়া হত তাহলে ৬ কোটি লোক উপকৃত হতেন। এখন একটি পরিবারের ৫ জন করে ধরলে ৩০ কোটি মানুষ উপকৃত হতেন। (এক একর করে পরিবার পিছু পশ্চিমবাংলায় সর্বচ্চো জমি দেওয়ার নিয়ম)। আর ৪০ ভাগ ছিল বর্গাদার সারা দেশে। ওরা তাদের উচ্ছেদ করে দিয়েছে। এখন যদি ২ কোটি বর্গাদার সারা দেশে থেকে থাকে এবং এই ২ কোটি বর্গাদারদের এক একটি পরিবার পিছু ৫ জন করে ধরলে ১০ কোটি বর্গাদারের পরিবার উপকৃত হবেন আর সারা দেশে ৪০ কোটি মানুষ উপকৃত হত। ৫ বছর আগে দারিদ্র্য সীমার নিচে ৩৩ পারসেন্ট ছিল। বর্তমানে এখন ৪০ ভাগ। তাহলে ৯৫ কোটি মানুষের মধ্যে যদি ৪০ ভাগ হয় তাহলে ৩৮ কোটি মানুষ দারিদ্র্য সীমার নিচে।

আর ৪০ কোটি মানুষকে পাট্টা দিলে, জমি দিলে ভারতবর্ষে আর দারিদ্র্য দূরীকরণ কর্মসূচি গ্রহণ করতে হত না। সমস্ত মানুষ দারিদ্র্যসীমার উপরে উঠে আসতো। তার উপর সেচের কিছু ব্যবস্থা করলে, কিছু সারের ব্যবস্থা করলে কৃষি উৎপাদন প্রভূত পরিমাণে বেড়ে যেত। এর ফলে গ্রামের মানুষের ক্রয় ক্ষমতা বেড়ে যেত, বেকার সমস্যার সমাধান হত। সারা দেশের অর্থনৈতিক চেহারাটা পাল্টে যেত। কিন্তু তা তো হয়নি। বরং দেশের সঙ্কট সৃষ্টি হয়েছে ভূমি সংস্কার না করার ফলে। সেই রকম একটা পরিস্থিতির উপর দাঁড়িয়ে এই রাজ্যে ভূমি সংস্কার হয়েছে, কৃষকদের অর্থনৈতিক মান উন্নয়ন হয়েছে। আপনারা বলেছেন ৭২ সাল থেকে ৭৭ সাল এর মধ্যে ৬ লক্ষ ১০ হাজার একর জমি বন্টন হয়েছে। আপনাদের আমি জিজ্ঞাসা করছি, ৬৬ সাল পর্যন্ত তো আপনারা ছিলেন, ক'জন বর্গাদারকে সেই সময় রেকর্ড করিয়েছিলেন আপনারা? ৫৩ সালে জমিদারি উচ্ছেদ আইন আপনারা করেছেন। ৫৬ সালে ভূমি সংস্কার আইন আপনারা করেছিলেন। কিন্তু আপনারা ৬৬ সাল পর্যন্ত এক কাঠা জমিও কোনও ভূমিহীন কৃষককে দেননি। উদ্বৃত্ত ক'কাঠা জমি মানুষকে দিয়েছেন? ৬৬ সালের ভূমি অন্দোলনের পর ৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার এসে ৬ লক্ষ একর জমি উদ্ধার করে এবং সেই জমিগুলো বিলি করে লাইসেন্স দেওয়া হয়। ঐ সময়েই তিন একর পর্যন্ত জমির খাজনা মকুব করে দেওয়া হয়। আপনারা যে ১০ হাজার বিঘা জমি উদ্ধার করার কথা বললেন। কিন্তু আপনারাই সেই উদ্বৃত্ত জমি আপনাদের ছেলে, আত্মীয়দের নামে বিলি করে দিয়েছেন। এরা আবার কি করে ভূমি সংস্কারের কথা বলেন? সারা রাজ্যে আমরা দেখেছি ৭২ সাল থেকে ৭৭ সাল পর্যন্ত আমরা তিন একর জমির মালিক তাদের খাজনা মকুব করে গিয়েছিলাম।

কিন্তু আপনারা ঐ সময়ের মধ্যে দু-তিন গুন করে খাজনা বাড়িয়েছেন, সারচার্জ, লেভি, ক্যানাল কর এইসব বৃদ্ধি করেছিলেন। লক্ষ লক্ষ কৃষক কর্মীদের মিথ্যা মামলায় জড়িয়েছিলেন, বর্গা উচ্ছেদ করেছিলেন, আমাদের ১১ শত কর্মীকে খুন করেছেন। এর ফলে কৃষকরা জমি ছাড়া হয়েছে, বাস্তু হারা হয়েছে। আমরা এসে আবার তাদের জমিতে বসিয়েছি, তাদের জমি নথীভুক্ত হয়েছে, রেকর্ড হয়েছে। এর ফলে কৃষি উৎপাদন অনেক বেড়েছে। আপনাদের আমলে কৃষি উৎপাদন হত মাত্র ৭৪ লক্ষ টন, এখন কৃষি উৎপাদন বেড়ে হয়েছে ১ কোটি ৩৫ লক্ষ টন। কিন্তু আমাদের দরকার ১ কোটি ৪০ লক্ষ টন। এই রাজ্যে এই সব সম্ভব হয়েছে ভূমি সংস্কারের জন্য এবং সার, বীজ, এই সমস্ত সময় মতো দিতে পারার জন্য। আগামী দিনে এই উৎপাদন আরও বৃদ্ধি পাবে। ওদের আমলে ক্ষেত মজুরদের কোনও কাজ ছিল না, মজুরির পরিমাণ ধার্য ছিল না। আজকে সেচের ব্যবস্থা হয়েছে, ভূমি সংস্কার হয়েছে, ক্ষেত মজুররা ১২ মাস কাজ পাচ্ছে, আগে ৫ টাকা ৬০ পয়সা ক্ষেতমজুরদের মজুরি ছিল। আজকে সেটা ৩০ টাকায় এসে দাঁড়িয়েছে, কোথাও কোথাও ৪০ টাকা পর্যন্ত হয়েছে।

ওদের সময়ে এই জিনিস ভাবা যেত না। ভূমি সংস্কারের ফলে পঞ্চায়েত ব্যবস্থার উন্নতি হয়েছে, উন্নত পঞ্চায়েত ব্যবস্থা গড়ে উঠেছে। এই পঞ্চায়েত আমলা নির্ভর পঞ্চায়েত নয়। জনগণের ভূমি সেখানে প্রত্যক্ষভাবে রয়েছে। গ্রামের মানুষ এই পঞ্চায়েতের মাধ্যমে সচেতন হয়েছে। তারা নিজেরাই গ্রামীণ নানা প্রকল্পের মধ্যে অংশ নিতে পারছে, স্থানীয় সমস্যার সমাধান তারা করতে পারছে। এই উদাহরণ ভারতবর্ষের অন্যান্য রাজ্যের মানুষের কাছে দৃষ্টান্ত সৃষ্টি করছে, তাদের দৃষ্টি আকর্ষণ করছি। আমি শুধু বলতে চাই, প্রাক্তন প্রধানমন্ত্রী, যাঁর নামে ৩৬ শত বিঘা জমি এবং প্রাক্তন কংগ্রেসের কৃষিমন্ত্রী বলরাম জাখরের নামে ৩ হাজার বিঘা জমি, তাদের মুখে ভূমি সংস্কারের কথা মানায় না।

[2-50—3-00 P.M.]

তাই ঐ ৬ই ডিসেম্বর যে ঘটনা ভারতবর্ষের বুকে ঘটেছিল এবং তার ফলে সারা দেশে যে দাঙ্গা হয়েছিল তার স্পর্শ পশ্চিমবঙ্গে লাগেনি এই কৃষক আন্দোলনেরই ফলে। আজকে এই কৃষক আন্দোলনের ফলেই এখানে শিল্পের বিকাশের পথ পরিষ্কার হয়ে গিয়েছে। বিরোধী দলের যিনি নেতা ছিলেন এর বিরোধিতা করার জন্য তার গদি চলে গিয়েছে, সারা ভারতবর্ষে আজকে আপনাদের পায়ের তলা থেকে মাটি সরে গিয়েছে। ভূমিহীন মানুষদের বিরোধিতা আর আপনারা করবেন না। আসুন ঐক্যমত্য হয়ে এই বাজেটকে সমর্থন করি। এই বলে বাজেটকে সমর্থন করে এবং কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় আজ তার দপ্তরের যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে আনা কাট মোশনগুলি সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট ভাষণের বইখানি দেখে মনে হচ্ছে, ওর বোধহয় এই রাজ্যের ভূমি ও ভূমি সংস্কারের ব্যাপারে বলার মতোন কিছুই নেই। মাত্র তিন পাতার মধ্যে তিনি তার বক্তব্য শেষ করে দিয়েছেন। ভূমি সংস্কারের অর্থ কি? ভূমি সংস্কারের অর্থ

হল, এর মাধ্যমে সরকারের হাতে ন্যস্ত জমি কত এল এবং সাধারণ গরিব মানুষদের মধ্যে কতটা তার বিলিবন্টন হল। ভূমি সংস্কারের মানে হচ্ছে, কত বর্গাদারের নাম ঠিকমতোন নথিভুক্ত করা গেল। স্যার, ওরা বলেন, কংগ্রেস নাকি ভূমি সংস্কারের ব্যাপারে কিছুই করেনি কিন্তু স্যার, আপনার মাধ্যমে ওদের বলতে চাই, ওদের জেনে রাখা ভাল যে সারা ভারতবর্ষের মধ্যে এ রাজ্যেই প্রথম কংগ্রেস সরকার জমিদারি প্রথা এখান থেকে উৎখাত করেছিলেন। এ রাজ্যেই প্রথম কংগ্রেস সরকারের আমলে ২৫ একরের সিলিং করা হয়েছিল। এ রাজ্যে আমরাই করতে পেরেছিলাম ইন্ডিভিজুয়াল, ব্যাক্তিগত সিলিং-এর বাইরে গিয়ে পারিবারিক সিলিং। যারা বামপন্থায় বিশ্বাস করেন সেই মানুষগুলি ৪৭ ভাগের কথা বলেছিলেন কিন্তু আমরাই সেখানে ৭৬ এবং ২৫ ভাগের কথা বলেছিলাম। এর পরও কি বলতে হবে যে এ রাজ্যে ভূমি সংস্কারের কাজ এবং আইন আগে কারা করেছে? স্যার, গত ২০ বছর ধরে এই দপ্তরের যিনি মন্ত্রী ছিলেন সেই বিনয়বাবু এখন আর মন্ত্রিসভায় নেই, তার জায়গায় সূর্যবাবু এসেছেন। আমি তাকে জিজ্ঞাসা করি, গত ২০ বছরের মধ্যে নতুন কি আইন আপনারা ভূমি সংস্কারের ক্ষেত্রে এ রাজ্যের মানুষকে উপহার দিতে পেরেছেন তা বলবেন কি? আপনারা বলবেন কি, কৃষিজীবী মানুষদের ভূমি পাবার ক্ষেত্রে এবং অন্যান্য ক্ষেত্রে কি করেছেন বৈপ্লবিক পরিবর্তন ঘটাবার জন্য? বরং আমরা যা করে দিয়েছিলাম তার বহু জমি আজকে মামলায় হাইকোর্টে আটকে পড়ে আছে। আজকে প্রশ্নোত্তরের সময়ে উত্তর দেবার চেষ্টা করেছেন। আমাদের বিরোধী দলের নেতা অতীশ সিন্‌হা মহাশয় বলেছেন যে ১ কোটি টাকারও বেশি খরচ হচ্ছে। কিন্তু না, আমার কাছে খবর আছে যে ২ কোটি টাকা মামলার জন্য খরচ করছেন। এটা কি এই জন্য যে, আপনাদের মনোনীত বশংবদ কিছু উকিল সেখানে থাকেন, তাদের কিছু অর্থ পাইয়ে দেবার চেষ্টা করেছেন এই খরচের মধ্যে দিয়ে? আজকে বড় জমির মালিক, যারা বিশাল জমির মালিক, যারা অপেক্ষাকৃত স্বচ্ছল মানুষ, তারা আজকে আপনাদের আশ্রয়ে, আপনাদের ছত্র ছায়ায় রয়েছে, সেজন্য তাদের বিরুদ্ধে আর আপনারা কোনও কথা বলেন না। তাই, আজকে ভূমি সংস্কার গত ২০ বছরে এগিয়ে যেতে পারেনি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আজকে আরও দু-একটি সমস্যার কথা এখানে বলবো। আমাদের হাসখালির বিধায়ক বললেন যে, আপনাদের অফিসারদের জুলুমে ঐ লোকাল ইটভাটা বন্ধ হতে চলেছে এবং সেখানে প্রায় ২৫ থেকে ৩০ হাজার কর্মচারী সেখানে কাজ করতো। রয়্যালটির নামে তাদের উপরে জুলুম চলছে, অত্যাচার চলছে। এর ফলে আজকে একটার পর একটা ইটভাটা বন্ধ হতে চলেছে এবং এর ফলে সেখানে যে ২৫ থেকে ৩০ হাজার কর্মচারী কাজ করতো তাদের রুজিরোজগারও বন্ধ হতে বসেছে। কাজেই আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই ব্যাপারটি আপনি দেখেন। আর একটা কথা হচ্ছে, ভূমি সংস্কারের ব্যাপারে যখন সমস্ত অফিসগুলি এক করা হয়েছিল তখন সেখানে যে তহশীলদার এবং মোহরারা কাজ করতো, সেই তহশীলদারদের স্থায়ী করা হল, আর মোহরাদের ক্ষেত্রে করা হবে বলা হয়েছিল। কিন্তু তাদের ক্ষেত্রে কিছু করা হয়নি। আজকে তারা বেকার হয়ে রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছে। এদের মধ্যে যারা হাই কোর্টে মামলা করে জিতেছে, তাদের কাছ থেকে জেনেছি যে বাঁকুড়া জেলায় কিছু লোককে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে। কিন্তু অন্য জায়গায় কি হয়েছে সেটা আপনার কাছে জানতে চাচ্ছি। আমাদের ইসলামপুরের বিধায়ক বললেন যে, ইসলামপুর মহকুমায় যেটা আগে বিহারের মধ্যে ছিল,

**সেই ইসলামপুর মহকুমা ১৯৫৬ সালে আমাদের রাজ্যের মধ্যে এসেছে। এখানে আগে কয়টি হিন্দি ভাষায় জমি-জমার কাগজপত্র লেখা হত। সেগুলি অনেক সময়ে বুঝতে না পারার জন্য তাদের বহু জমি খাস করে দেওয়া হয়েছে। এই ব্যাপারে আপনি দৃষ্টি দেবেন বলে আশা করি।**

আর একটা কথা হচ্ছে, রিজিওন্যাল ল্যান্ড রিফর্ম ট্রাইব্যুনাল আইন বহু আগে তৈরি হয়েছিল। সেখানে মানুষ রেভিনিউ অফিসারের রায়ের বিরুদ্ধে অ্যাপিল করতে পারবে। কিন্তু সেটা আজ পর্যন্ত কার্যকর হল না। এটা যাতে দ্রুত কার্যকর হয় সেটা দেখবেন। আর ট্রাইবুনালে যারা পরাজিত হবেন তারা সুপ্রীম কোর্টের পরিবর্তে হাই কোর্টে যাতে আবেদন করতে পারেন, এটা দেখার জন্য আবেদন রাখছি। আজকে পরিবর্তিত পরিস্থিতির মধ্যে আর্থ-সামাজিক বন্দোবস্তের সঙ্গে সঙ্গে বহু মানুষ আজকে তাদের জমি হারিয়েছে, তাদের পরিবারের সংখ্যাও বাড়ছে, জমি ভাগ হয়ে যাচ্ছে। যে উদ্দেশ্যে স্টেট ল্যান্ড কর্পোরেশন আইন তৈরি করা হয়েছিল ১৯৮৬ সালের ২৪শে মার্চ, সেই আইন আজও কার্যকর হয়নি। আপনি প্রতিশ্রুতি দিয়েছিলেন, কিন্তু সেটা আজও কার্যকর করা সম্ভব হয়নি।

[3-00—3-10 P.M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সর্বশেষে বলব, আমাদের মেদিনীপুর জেলায় মহিষাদলে রাজ পরিবারের প্রায় কয়েক শো একর জায়গা রয়েছে, আজকে সেই জায়গার অবস্থাটা কি? আপনি অ্যামেন্ডমেন্ট এনেছেন ইন্ডাস্ট্রির জন্য, টাউনশিপের জন্য ল্যান্ড সিলিং বাড়াবার কথা বলেছেন। এই নিয়ে পরে আলোচনা হবে, সেখানে সেই ব্যাপার নিয়ে বলবো। কিন্তু আজকে কি কারণে সেই রাজ পরিবারের জমি আটকে রেখে দেওয়া হয়েছে? সি. পি. আই. এবং সি. পি. এম-এর দ্বন্দ্বের জন্য কি আটকে আছে? একবার সি. পি. আই. সেখানে ঝাণ্ডা পুঁতে দিচ্ছে আবার সি. পি. এম. সেখানে গিয়ে ঝাণ্ডা পুঁতে দিচ্ছে। কয়েক শো একর জমি কোন আইনে আটকা পড়ে আছে? এই জমি বার করে আরও জনকল্যাণমুখী কাজে লাগান। ভূমি সংস্কার আইন এই ২০ বছর পশ্চিমবাংলার মানুষের কাজে লাগেনি এবং এই সরকার এই রাজ্যের মানুষকে কোনও নতুন ভূমি সংস্কার আইন তুলে দিতে পারেনি। সেই জন্য এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনগুলিকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কমলেন্দু সান্যাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় বিরোধী বন্ধুরা এবং আমাদের সহযোগী বন্ধুরা এই দপ্তরের বাজেট বরাদ্দের উপর বক্তব্য রাখতে গিয়ে অনেক মূল্যবান কথা বলেছেন। এর থেকে আমরা নিশ্চয়ই শিক্ষা গ্রহণ করবো এবং আগামী দিনে সেটা দপ্তরে প্রতিফলিত করার চেষ্টা করবো। ওইদিক থেকে শুনলাম "রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।" আসলে কান্দির রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি। এই বিধানসভায় প্রথম ভূমি অধিগ্রহণ আইনের মধ্যে দিয়ে এটা হয়েছিল। ভূমি অধিগ্রহণ আইন ওই পাশের বন্ধুরা খুব ইচ্ছা করে কি করেছিল? সেটা কি তাঁদের প্রাণের ভেতর থেকে বেরিয়ে এসেছিল? কয়েকদিন আগে বিদ্যুৎ দপ্তরের বাজেট বক্তৃতা শুনছিলাম। মন্ত্রী হয়ে আমি তো আর চিৎকার করতে পারি না। আপনারা জানেন বিদ্যুৎ নিয়ে কি হয়েছিল? আপনাদের

কংগ্রেসের কথা বলছি। নেতাজী সুভাষচন্দ্র বসু, হরিপুরা কংগ্রেসের সভাপতি। সেই সভায় পশ্চিমবঙ্গ থেকে দু'জন এ. আই. সি. সি.র মেম্বার ছিলেন, তার মধ্যে একজন হচ্ছেন সতীশ সামন্ত। তিনি গাঁয়ে বিদ্যুৎ নিয়ে যেতে চেয়েছিলেন। সুভাষচন্দ্র বোসের এই কথা তারা মেনে নেয়নি, বলেছিল যে গ্রামে বিদ্যুৎ গেলে উৎশৃঙ্খলার সৃষ্টি হবে। পরবর্তীকালে তাঁকে বিতাড়িত করা হয়েছিল। সেই জন্য বলছি "রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।" সেই রকম কান্দির রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন করে চুরি। ১৪ বছর ধরে কৃষকরা কেঁদেছে। ১৯৬৭ সালে এক ছটাক জমি আমরা পেয়েছিলাম?

আইন বানালেই জমি যায় নাকো কৃষকের মুষ্ঠি তলে
পশ্চিমবঙ্গের জমির লড়াই-এর ইতিহাস তাই বলে।

আইন বানালেই কাজ হয়ে গেল না। এটা প্রয়োগ করতে হয়। প্রয়োগের মাধ্যমেই সমস্ত কিছু সুফল মানুষের কাছে আসে।

আপনারা আইন তৈরির খেলাটা জানেন। কেন করেছিলেন ১৯৫৫ সালে জানেন? আইনটা করেছিলেন ১৯৫৫ সালে। একটা পটভূমিকা বলবার চেষ্টা করছিলেন আমাদের এক বন্ধু, আমরা তখন শিউলী ঝরানো শৈশবে দেখি, উত্তাল সারা দেশ, '৪৬-এ নৌ বিদ্রোহ ও দাঙ্গা খেলে লিগ কংগ্রেস, তার মাঝখানে তেভাগা লড়াই, খাঁপুর উঠেছে দ্বন্দ্বে, খবর আসছে তেলেঙ্গণা দাঁড়িয়েছে রাইফেল তুলে।' মনে পড়ে? এমনি এমনি আপনারা জমির জন্য আইন করেছিলেন? বুঝতে পেরেছিলেন যে, হাত থেকে সব বেরিয়ে চলে যাবে। যখন ক্ষমতায় আসলেন তখন গাঁয়ে গাঁয়ে গেলেন, বললেন, 'গাই বিয়োলে দুধ দেব, আমার কপালে একটা টিপ দিয়ে যা ভাই।'—ভোট দিয়ে যা ভাই। আপনারা কেউ একবারও মানুষের কথা, কৃষকের কথা ভেবেছিলেন? তা যদি ভাবতেন তাহলে আমরা এক লাফে চলে যেতাম ওপাশে। কমিউনিস্টরা এই রকম তাকত্ পেত না। আপনারা আইন করেছিলেন, প্রয়োগটা করলেন না। এত কথা বলছেন, একবারও ভাববেন না? সমালোচনা করছেন, মজা লাগছে। কিন্তু এগুলো বাস্তবায়িত করতে গিয়ে পদে পদে বাধা কোথা থেকে আসছে? ১৯৭২-৭৭ সালে ২০,০০০ কমরেড ঘরছাড়া হয়েছিল। ১১০০ কমরেড খুন হয়েছিল। ২০,০০০ কমরেড ঘর ছাড়ার পেছনে কি কারণ ছিল? কারণ ছিল জমির লড়াই, জমির সংগ্রাম। খুন হয়ে যায় জমিতে। আপনারই আইন (গোলমাল) আপনারা যখন বলেন, তখন আমরা চেঁচাই না। আপনারা যখন আইনটা পাশ করেন, সেই অনুযায়ী যদি কাজটুকু করতেন, তাহলে পশ্চিমবাংলায় এই চেহারা হোত না। সারা ভারতবর্ষে আপনারা টিকে থাকতেন। আজকে ভারতবর্ষে আপনারা মাইক্রোস্কোপিক ফোর্সে পরিণত হয়ে গেছেন। প্রণববাবুর বাড়ির সামনে কি গাদন হচ্ছে বুঝতে পারছেন না? আইন পাশ করলেই হয় না। ভাল ভাল আইন পাশ করে তা প্রয়োগ করতে হয়। এইটা বুঝতে হয়। তিনি প্রাক্তন মন্ত্রী, আপনাদের নেতা। ঐসব বলতে আমাদের বাঁধে না। '৪৭ সালের ১৪ই আগস্ট মধ্য রাতের অন্ধকারে, লিগ, কংগ্রেস দু'দলের জয়। এক হৃদপিণ্ড দুই ভাগে করে, স্বাধীনতা এল, এল না জমিন, কৃষকেরা উত্তাল। জমিদারী অধিগ্রহণ ছাড়া পথ নেই আর, এল ১৯৫৫ সাল। কংগ্রেস ধান্দাবাজ, জমিদারি গেল, জমিদার র'লো এল না কৃষক রাজ।' সেজন্য বন্ধুরা, সখাত সলিলে ডুবিয়েছেন। আসুন, যদি

সদিচ্ছা থাকে, এই বাজেটকে সমর্থন করুন। পাশে দাঁড়ান, সমস্ত কৃষকরা যাতে জমি পায়। যদি সদিচ্ছা তাকে, আমাদের বাজেটকে সমর্থন করুন। আমি বাজেটকে সমর্থন করে এবং সমস্ত কাট মোশনকে নাকচ করে দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3-10—3-20 P.M.]

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** আমি প্রথমেই যে ব্যয়বরাদ্দের দাবি এখানে পেশ করেছি তাকে সমর্থন করে এবং বিরোধী দলের আনীত কাট মোশনের বিরোধিতা করে সংক্ষেপে দু-একটি কথা নিবেদন করতে চাই। আজকে বিরোধীপক্ষ থেকে বলা হয়েছে এই বইটা যে দেওয়া হয়েছে খুব ছোট বই, এত ছোটখাট করবার জন্য তাদের এই বাজেট পছন্দ হয়নি। ছোটতেই এতো ছাঁটাই প্রস্তাব দিয়েছেন বড় রাখলে কি করতেন জানি না। এদিকে আপনারা তহশিলদারদের জন্য কান্না শুরু করেছিলেন যে, কেন তাদের রেগুলারাইজ করা হচ্ছে না, এখন যদি ওদের রেগুলারাইজ করতে যাই তাহলে তো বাজেটে আরও টাকা লাগবে। অতীশবাবু তো তাঁর বক্তব্যের মধ্যে বলেই দিয়েছেন যে, এত টাকা নিয়ে আপনি কি করবেন, আবার আপনাদের কেউ কেউ বললেন যে, আরও টাকা বাড়ানো দরকার। সুতরাং টাকা বাড়াব না কমাব আগে আপনারা ঠিক করুন। যাই হোক আমি অন্য কথায় যেতে চাইছি না, আমি সামান্য একটু বলব। আপনারা যা বলেছেন তেমন কিছু বলার মতো নেই। যাই হোক আমি যে কথায় আসছি সেটা হচ্ছে যে, ভূমি সংস্কারের আন্দোলনে জনগণতান্ত্রিক বিপ্লবের কথা বলা হয়েছে কেন। মাননীয় বিরোধী দলের নেতা বলেছেন আপনারা যে কর্মসূচি কার্যকর করবার চেষ্টা করেছেন সেটা কত মোট জমি নিয়ে। আমি সেই পরিপ্রেক্ষিতে বলতে চাই যে, আমরা জনগণতান্ত্রিক বিপ্লবের মধ্যে দিয়ে আমরা শুধু যেতে চাইছি না আমরা মোট ভূমি সংস্কারের মধ্যে দিয়ে পরিবর্তন আনব। আর যেটা নিয়ে অনেকবার বলেছি সেটা বলতে কখনো কোনও বাধা আমার নেই এবং বহুবার স্পষ্ট করে বলেছি যে মৌলিক ভূমি সংস্কার ছাড়া আমাদের আর্থ সামাজিক ব্যবস্থায় কোনও মৌলিক সমস্যার সমাধান করা সম্ভব নয়। মৌলিক ভূমি সংস্কার বলতে বোঝায় জমিদার-জোতদার তাদের সমস্ত জমি অর্থাৎ শিলিং বহির্ভূত জমি নয়, সমস্ত জমি বিনা ক্ষতিপূরণে কেড়ে নিয়ে গ্রামের ভূমিহীন দরিদ্র কৃষকের মধ্যে বিলি করা। তবে সেটা এই কাঠামোর মধ্যে সম্ভব নয়। এবং সেটা আমাদের দলের কর্মসূচিতেও নেই। আমাদের যে সীমিত কর্মসূচি তা আমাদের দেশের সংবিধানের যে চৌহদ্দি তারমধ্যেই সেটা যাতে করা যায় সেই চেষ্টাই আমরা করছি। কাজেই অসফলতা বলুন, ব্যর্থতা বলুন আমরা ভূমি সংস্কারের মধ্যে দিয়েই এগুব এবং সেইদিকেই আমাদের বিচার করতে হবে। তারপরে বিরোধীদলের নেতাও বলেছেন, অন্যরাও বলেছেন আপনাদের যে, খালি ভূমি সংস্কারের মধ্যেই আপনারা লেগে থাকবেন। আপনারা ঠিক কথাই বলেছেন কারণ ভূমি সংস্কারের মধ্যে দিয়েই আমরা সমগ্র গ্রামে গঞ্জে মৌলিক পরিবর্তন আনতে চাই। এই কথা আমি আগেও অনেকবার বলেছি এবং শুধু আমি বলছি না পরিকল্পনা কমিশনও একই কথা বলেছে যে ভূমি সংস্কার ছাড়া কোনও উপায় নেই। কেন্দ্রীয় সরকারও আগে বলেছে পরে তিন চার বছর আর বলেননি কারণ তারা উদার নীতি গ্রহণ করার ফলে আর ওইসব কথা বলেননি। সেইজন্য আমি যেটা বলে যাব সেটা হচ্ছে যে, এটা ছাড়া আমাদের কোনও উপায় নেই কারণ আমাদের দেশের যে যে মৌলিক সমস্যা, তার চাবিকাঠি আমাদের

হাতে নেই এবং সেখানে শিল্প হওয়া অসম্ভব এবং বেকারদের কাজ পাওয়া অসম্ভব। সেই কারণে আমাদের ভূমি সংস্কারের উপরে ভিত্তি করে, পুনর্বন্টনের উপরে ভিত্তি করে বিকাশ সুনিশ্চিত করতে হবে। এটা শুধু আমার কথা নয়, এখানে তো আপনারাও পড়েন, মাননীয় বিরোধীদলের নেতা তিনিও নিশ্চয় পড়েছেন ইউ. এন. ডি. পি.র রিপোর্ট, ইউনাইটেড নেশনস্ থেকে রিপোর্ট বেরোয়, সেটা ৩-৪ বছর ধরে বেরুচ্ছে, সেই রিপোর্ট নিশ্চয় পড়েছেন। সেখানেও একই কথা বলা হয়েছে, শুধু এটা আমার কথা নয়, সেখানেও বলা হয়েছে গ্রোথ টু বি সাসটেনেবেল মাস্ট বি ইকুইটিবেল। অর্থাৎ বিকাশ যেটা হবে সেটা ধরে রাখতে যদি হয় তাহলে সম বন্টনের উপরে ভিত্তি করেই দাঁড়িয়ে থাকতে হবে। এবং সেইজন্য ভূমি সংস্কারের প্রয়োজন। ভূমি সংস্কার ছাড়া কোনও বিকাশ অসম্ভব। এই যে হিউম্যান ডেভেলপমেন্ট রিপোর্ট এতেও লেখা আছে, সেখানেও তিন চার বছর ধরে একই কথা বলা হয়েছে। তারপরে আপনাদেরই একজন সদস্য বললেন যে, আপনারা ১৯ বছর ধরে একই পথ ধরে চলেছেন। সুতরাং আপনাদের সেইজন্য আর সমর্থন করব না। আমি বলছি যে পথ ধরে আমরা চলেছি সেই পথে আমরা অবিচলিত থাকব, সেখান থেকে সরে যাবার কোনও প্রশ্নই আসে না। তারপরে হিসাব নিকাশ সম্পর্কে অনেকে অনেকরকম কথা বলেছেন, অনেক বইফই থেকে তুলে বললেন। অতীশবাবু বিরোধী দলের নেতা তিনিও হিসাব সম্পর্কে বললেন, আমি ওঁনার বক্তব্যের উপরে দু-একটি কথা বলব।

এখন কথা হচ্ছে, যা বলছেন, '৭৭ সালের পরে কতজমি খাস হয়েছে, কত জনকে আমরা বিলি করেছি, কত জমি বিলি হয়েছে, আর তার মধ্যে কত কি হয়েছে, তাহলে এই সময়ের মধ্যে আমরা কি করলাম, ১৯ বছরে কি করলাম, এটাই তো মূল কথা? সেটা আমি এর আগেও বলেছি, সুনির্দিষ্টভাবে আমি বলতে চাই, হিসাবটা যদি গরমিল হয় দেখবেন। স্বাভাবিকভাবেই দেখবেন। এখানেও রেকর্ড থাকছে, আমার কথাও লেখা হচ্ছে। আগে কি হয়েছিল, পরে কি হয়েছিল, সবটা বোঝা যাবে না, তবে হিসাবটা মেলানো ভাল। কংগ্রেসের সময় কত ভেস্ট হয়েছিল, পরে কত হয়েছে। এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট জমিদারি আইন যখন হল, আইন তো অতীশবাবুকে বলা আমার ধৃষ্ঠতা হবে, এল. আর অ্যাক্ট, ই. এ. অ্যাক্ট কি সেটা আমার বলা ধৃষ্ঠতা হবে। যখন ই. এ. অ্যাক্ট হল তখন আপনা আপনি জমি খাস হয়ে গেল। খাসের জন্য কিছু করতে হোত না। এল. আর. অ্যাক্ট হতে বাড়তি জমি খুঁজে বার করে করতে হবে। তার জন্য কিছু বিধান আছে। ই. এ. অ্যাক্ট-এর যে প্রভিশন তাতে আপনা আপনি ভেস্ট হয়ে গেল। '৬৭ সালের আগে ৬ লক্ষ ৩০ হাজারের মতো জমি ই. এ. অ্যাক্টে ভেস্ট হয়েছিল। এটা তো আপনারা ভাল করেই জানেন। এই ৬ লক্ষ ৩০ হাজার জমি যেটা ভেস্ট হল সেটা দখল নেওয়া হল না। বিলি তো হলই না। '৬৭ সালে প্রথম যুক্তফ্রন্ট সরকার ক্ষমতায় আসে, '৬৯ সালে দ্বিতীয় বার আসে, অল্প সময় ছিল, ভেঙে দেওয়া হয়েছিল। এই দুটো সরকারের আমলে সেই জমি সংহতভাবে দখল নেওয়া হল। এইসব আমরা জানি। ইতিহাস লেখা আছে। এইসব কথা কেউ অস্বীকার করবে না। তারপরে বারিক জমি যেটা ভেস্ট হয়েছে সেটা '৬৭ সালের পরে ৪ লক্ষ একরের মতো। এই ৪ লক্ষ একর ভেস্ট হল ৬৭ থেকে ৭৭ সালের মধ্যে ই. এ. অ্যাক্টে কত, এল. আর. অ্যাক্টে কত। ই. এ. অ্যাক্টে ৩-৪ অংশ হয়েছে, এল. আর. অ্যাক্টে এক-চতুর্থাংশ হয়েছে, মানে

৩ লক্ষের মতোন ই. এ. অ্যাক্টে এবং এল. আর. অ্যাক্টে ১ লক্ষ ভেস্টিং হয়েছ। এটা সংহতভাবে দুটো যুক্তফ্রন্ট সরকারের আমলে হয়েছে। এল. আর. অ্যাক্টে ভেস্ট হয়েছে, ঐ সময়ে ঐ ১ লক্ষ। সেটা যদি ধরেন, আমি দায়িত্ব নিয়ে বলছি, অর্থাৎ '৭২-'৭৭ এই ৫ বছরের মধ্যে ঐ এল. আর. অ্যাক্টে যা ভেস্ট করেছেন, এখানে একজন বলেছেন, যা হয়েছে, ঐ সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে বা কংগ্রেস সরকারের সময়ে। তারপরে বিলি এবং দখল নেওয়া সেটা কি হয়েছিল, সেটার হিসাবটা বলেছেন, আমি হিসাবের মধ্যে যেতে চাইছিলাম না, বহুবার এখানে বলা হয়েছে। উনি আমাদের নির্মল মুখার্জি এবং ডি. বন্দ্যোপাধ্যায়ের বই থেকে উদ্ধৃতি করে বললেন, বিভিন্ন স্ট্যাটিস্টিক্যাল রিপোর্ট থেকে। উনি আবার প্রকাশেরও দাবি করেছেন। তখন ডি. বন্দ্যোপাধ্যায় ল্যান্ড রিফর্মস কমিশনার ছিলেন, তিনি রিপোর্ট বার করেছিলেন, যেহেতু আপনি উদ্ধৃতি দিলেন, সেইজন্য বলছি, এটাও বলতে পারতেন স্ট্যাটিসটিক্যাল রিপোর্ট (২) যেটা ৭৯ সালে প্রকাশিত হয়েছিল, তাতে বলা হচ্ছে অ্যাট এ পার্টিকুলার পয়েন্ট অফ টাইম কোনও একটি নির্দিষ্ট সময়ে এটা আপনারা সকলেই বুঝতে পারবেন, আমার পড়া শেষ হওয়ার পরে, under certain constraints, the district officers declared—all the lands available for distribution as having been distributed. They know it to be incorrect. তারা জানতেন, এটা ঠিক নয়, অথচ ঘোষণা করে দিলেন সব বিলি হয়ে গেছে।

[3-20—3-30 P.M.]

The beneficiaries who did not get the land knew that it is incorrect. তারা জমি পায়নি, তারা জানল এটা ভুল। The authorities who directed the distribution within a time limit also knew that. অর্থাৎ এক সময়ে যা ঘোষণা করে দেওয়া হল এই তারিখের মধ্যে সব জমি বিলি করে দেওয়া হল সেই হিসাব ঠিক নয়। ১৯৮৯ সালে এসে ধরা পড়ল এই ব্যাপারটা। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার আসা ১৯৭৮ সালে পঞ্চায়েত নির্বাচন হল, তখন পঞ্চায়েতকে বুঝিয়ে দিতে গিয়ে ধরা পড়ল এইসব জমি বিলি করা হয়নি। আমরা তখন দেখতে পেলাম হিসাবনিকাশ করে। ১৯৭৭ সালের পর থেকে ১৯৯৬ সালের মার্চ মাস পর্যন্ত আমাদের যা ভেস্টিং হয়েছে, এস্টেট অ্যাকুইজিশনের মধ্যে ৯,৪১,০০০ একর জমি। ১৯৯৬ সালের মার্চ মাস পর্যন্ত বিলি হয়েছে ৫,৪৫,০০০ হাজার একর। বাকি যেটা আছে তার মধ্যে ১,৮৫,০০০ একর জমিতে ইনজাংশন আছে। আর ১,০৭,২৪৪ একর জমি বিলির জন্য অপেক্ষা করছি, যেটা আমি আমার বাজেট বক্তৃতাতে উল্লেখ করেছি। আর ৫৭,০০০ একর জমি খুচরো প্লট যা কাউকে দেওয়া যাবে না। রাস্তাঘাট, বাজার ইত্যাদির জন্য আমাদের দরকার। এটা খেয়াল করবেন, প্রতি মাসে দুই হাজার একর করে ভেস্টিং হচ্ছে। ভেস্টিং হচ্ছে, বিলি হচ্ছে, এখানেই আমরা থেমে থাকছি না, এই প্রক্রিয়া অব্যাহত আছে। ৩,৪১,০০০ হাজার একর জমি ভেস্টিং করা হয়েছে বলে এই ব্যয়-বরাদ্দ সমর্থন করা যায় না, ছাঁটাই আনতে হয়, তাহলে তো বাজেট বন্ধ করে দিতে হয়। দিল্লিতে আমাদের একটা মিটিং হয়েছিল, ভূমি সংস্কার, জমি বিলি, খাস জমি কত আছে, কত ভেস্টিং হয়েছে এইসব সম্বন্ধে। আমি রিপোর্টটা এখানে পড়ছি না, কারণ আমার সময় শেষ হয়ে যাবে। ওদের সঙ্গে যদি তুলনা করেন [illegible] জমির

সেখানে অভাব নেই, মধ্যপ্রদেশ, সেখানে কত জমি খাস হয়েছে, কত জমি বিলি হয়েছে। তাহলে এসব দেখার পর ওখানকার সরকারকেই ছাঁটাই করে দিতে হবে, ওদের অস্তিত্ব থাকার কোনও মানে হয় না। তুলনামূলকভাবে বিচার-বিশ্লেষণ করে দেখবেন আমরা যেটা করছি, আপনি বিচার করবেন, ভূমি সংস্কার মানে জমি বিলি নয়। জমি বিলি, সার, সেচ, বিপণন, ভাল বীজ ইত্যাদি তাদের চেষ্টা করছি। কিন্তু একটা অসম প্রতিযোগিতা তাদের উপর চাপিয়ে দেওয়া হয়েছে উদার অর্থনীতি, উন্মুক্ত বাজারের নাম। যার ফলে তারা একটা অসম প্রতিযোগিতার সম্মুখীন হচ্ছে।

যেমন ভর্তুকি, ছাঁটাই ইত্যাদির জন্য তাদের বিরাট অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। সেই রকম অবস্থার মধ্যে থেকে জমি বিলি করেই ভূমি সংস্কারের কাজ শেষ হয়ে গেল এই কথা মনে করে যদি আপনারা ছাঁটাই প্রস্তাব এনে থাকেন তাহলে আপনাদের বলব আপনারা পুনর্বিবেচনা করুন, যে, ছাঁটাই প্রস্তাব প্রত্যাহার করবেন কিনা। আপনারা রাজস্ব আদায়ের কথা বলেছেন। আপনারা বলেছেন, 'মাত্র ২৫ কোটি ৪০ লক্ষ টাকা রাজস্ব আদায় করেছেন।' ভূমি রাজস্বের হিসাব বলেছেন ১ কোটি কত, তাহলে বাজেট নিয়ে কি করবেন? এখানে আমি একটা কথা বলে রাখি যে, আমাদের দপ্তরের নাম পরিবর্তন হয়েছে। আগে এই দপ্তরের নাম ছিল ভূমি রাজস্ব দপ্তর। এখন এই দপ্তরের নাম হয়েছে ভূমি ও ভূমি সংস্কার দপ্তর। আরেকটা জিনিস তুলে দিয়েছি—রাজস্ব পর্যদ তুলে দিয়েছি—বোর্ড অফ রেভেনিউ। এটা দৃষ্টিভঙ্গির ব্যাপার। ১৯৭১ সালে যখন রাজস্ব পর্যদ তৈরি হয়েছিল তখন ব্রিটিশ শাসন এখানে ছিল না। ইস্ট ইন্ডিয়া কোম্পানি রাজস্ব আদায়ের জন্য রাজস্ব পর্যদ তৈরি করেছিল। এর জন্য কালেক্টর তৈরি হয়েছিল। সুতরাং স্বাধীনতার পরও সেই দৃষ্টিভঙ্গি থাকা উচিত? এই দপ্তরকে তুলে দিয়ে অন্যায় করেছি? আপনারা এটা বিবেচনা করুন। তবে পোস্ট তুলে দিইনি। কোনও পোস্টই তুলে দিইনি। তাদের একীকরণ করে দিয়েছি। ভূমি রাজস্ব দপ্তরের, রাজস্ব আদায় প্রধান লক্ষ্য  হওয়া উচিত নয়। আমরা ১৯৫৫ সালের ২৩(বি) বা ২৩(খ) ধারা বলে খাজনা ছাড়ের যে কথা ঘোষণা করেছি আপনি বরং যাঁরা দরখাস্ত দেননি তাঁদেরকে সংগঠিত করুন, যাতে আমাদের ঘোষিত নীতির জন্য যাঁরা খাজনা ছাড়ের আওতায় আসবেন তাঁরা যেন খাজনা ছাড়ের জন্য অব্যাহতি পান। আরেকটা কথা পুনর্বিবেচনা করুন যে, ইস্ট ইন্ডিয়া কোম্পানি যেটা চালু করেছিল সেই রাস্তায় যাব, নাকি আমরা যে দৃষ্টিভঙ্গি নিয়েছি সেই রাস্তায় যাব। মাননীয় অতীশবাবু জিজ্ঞাসা করেছেন ভূমিহীন কৃষকের সংখ্যা বেড়েছে না কমেছে? আমি বলছি এটা আমাকে জিজ্ঞাসা করছেন কেন? জনগণনার রিপোর্ট দেখেননি? কৃষি শ্রমিকের সংখ্যা ১৯৮১ থেকে ১৯৯১ পর্যন্ত পশ্চিমবঙ্গের সঙ্গে সারা ভারতের তুলনা করলে বুঝতে পারবেন অবস্থাটা কি? আমরা কখনই দাবি করি না যে আমাদের দেশে একটা পুঁজিবাদী আধা সামন্ততান্ত্রিক ব্যবস্থা থাকবে আর সেখানে ভূমিহীনদের সংখ্যা কমতে থাকবে। কিন্তু তবুও পশ্চিমবঙ্গের সঙ্গে সারা ভারতবর্ষের পার্থক্য আছে। ১৯৮১ সাল থেকে ১৯৯১ সাল পর্যন্ত ভারতবর্ষে কৃষি শ্রমিকের সংখ্যা মোট জনসংখ্যার শতকরা ২.৩৫ হারে বেড়েছে। সেখানে পশ্চিমবঙ্গে কৃষি শ্রমিকের সংখ্যা বাড়িনি, এটা কমেছে। দি মেইন এগ্রিকালচারাল ওয়ার্কার, ১৯৮১ সাল থেকে ১৯৯১ সাল পর্যন্ত, সেনসাস যদি তুলনা করি তাহলে দেখা যাবে পশ্চিমবঙ্গে কৃষি শ্রমিকের সংখ্যা মোট জনসংখ্যার

শতকরা ১.৭৫ হারে কমেছে।

[3-30—3-40 P.M.]

আর এই নিয়ে এত বড় বড় কথা লেখা হয়েছে। আমি আপনাকে বলছি, 'ইকনমিক পলিটিক্যাল উইকলি'—১৬ই জুলাই ১৯৯৪ দেখবেন। সেখানে দাবি করা হয়েছে—আমি বলছি না—যে, পশ্চিমবঙ্গে রিপিজেন্টাইজেশন হচ্ছে, অর্থাৎ ভূমিহীনরা কৃষক হচ্ছে। যাদের জমি ছিল না, তারা জমি পেয়ে কৃষক হচ্ছে। যখন সারা দেশে ভূমিহারা হচ্ছে, তখন পশ্চিমবঙ্গে রিপিজেনটাইজেশন হচ্ছে। ওরা একটু বেশি দাবি করেছে, আমি অতটা দাবি করব না। এটা নিয়ে আমরা গর্ব করতে পারি, কেন তাহলে এটাকে খাটো করব? আপনাদের সব কথার জবাব দেওয়ার সময় আমার নেই, নির্দিষ্ট অভিযোগ আমরা দেখব। চা-বাগান একটাও আমরা বেআইনি করতে দিইনি। আদিবাসীর জমি যদি রেকর্ড হয়ে থাকে, তাহলে তা অন্যের নামে রেকর্ড হবে না। যদি এটা হয়, আমাদের বলবেন, আমরা আপনাদের সাথে থাকব। আমরা যে নীতি, যে দৃষ্টিভঙ্গির উপর দাঁড়িয়ে আছি, সেটার উপর দাঁড়িয়েই আমরা দেখব। আমরা, ভূমিহীন, ক্ষেতমজুর যারা, তাদের স্বার্থেই লড়াই করেছি, তাদের স্বার্থেই লড়ব, কে কোন দলের ঝাণ্ডা বয়, সেটা আমরা দেখব না। আর, জোতদার-জমিদার, কায়েমী স্বার্থ, বাস্তুঘুঘু, যারা পশ্চিমবঙ্গে ভূমি সংস্কারে প্রধান প্রতিবন্ধক, তাদের বিরোধিতা করব—সে যে দলেরই ঝাণ্ডা ধরুন, যদি আপনাদের দলের ঝাণ্ডা ধরে, তাহলেও তার বিরোধিতা করব। আশা করব আমার বাজেট বরাদ্দকে সমর্থন করবেন এবং আপনাদের কাট মোশন প্রত্যাহার করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

## Demand No. 7

The motions (Cut motion no.1) moved by Shri Nirmal Ghosh that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 151,98,27,000 be granted for expenditure under Demand No. 7, Major Heads : "2029—Land Revenue and 5475—Capital Outlay on Other General Economic Services" during the current financial year.

(This is inclusive of a toal sum of Rs. 50,67,00,000 already voted on account in February, 1996) was then put and agreed to.

## Demand No. 61

The Motions (Cut motion nos 1-4) moved by Shri Amoy Gopal Sinha, Shri Deba Prasad Sarkar and Shri Abdul Mannan that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum of Rs. 17,44,75,000 be granted for expenditure under Demand No. 61, Major

Head : "2506—Land Reforms" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 5,82,00,000 already voted on account in February, 1996) was then put and agreed to.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, অন এ পয়েন্ট অফ ইনফরমেশন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক'দিন আগেই বিধানসভায় পুলিশ বাজেটে অনেক টাকা দেওয়া হয়েছে—বোধ হয় এটা সকল সদস্যের কাছেই গুরুত্বপূর্ণ ঘটনা। গতকাল, মথুরাপুর থানায় পণ্ডিতিয়া, সেখানে এক জায়গায় ১৩টি ছিনতাই হয়েছে। ইতিহাসে বোধ হয় এ জিনিস নেই। আমি যখন আসি, তখন বলে, রোড ব্লকেড হয়েছে একটু আগে, পুলিশ আছে এবং একটা জায়গায় ১৩টি ছিনতাই হল—পুলিশ ক্যাম্প তার থেকে ২৪ গজ দূরে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যখন আসছিলাম সেই সময় রোড ব্লক করে—আমাকে পর্যন্ত অবস্থান করতে হয়েছে। রাত ১১ পর্যন্ত অবস্থান করার পর তাঁরা আমাকে এই বলে ছেড়ে দিয়েছিলেন যে, বিধানসভায় গিয়ে আমি এ বিষয়ে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করব। আমি এ বিষয়ে এস. পি.কেও জানিয়েছিলাম। মথুরাপুর থানার একটা জায়গায় ১৩টা ছিনতাই হয়েছে, এটা একটা নজিরবিহীন ঘটনা। তাই আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

## VOTING ON DEMAND FOR GRANTS

## DEMAND NOS. 62, 59, 60 & 63

**Mr. Deputy Speaker :** There are 7 cut motions on Demand No. 62, 3 cut motions on Demand No. 59, 4 cut motions on Demand no. 60 and one cut motion on Demand No. 63. All the cut motions are in order and moved as follows.

### Demand No. 62

Shri Deba Prasad Sarkar :
Shri Abdul Mannan :
Shri Ajoy De :
Shri Rabindra Nath Chatterjee :
Shri Shyamadas Banerjee :
Shri Anoy Gopal Sinha :

Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

### Demand No. 59

Shri Ashok Kumar Deb :
Shri Deba Prasad Sarkar :
Shri Abdul Mannan :

Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

## Demand No. 60

Shri Deba Prasad Sarkar :
Shri Sultan Ahmed :
Shri Shyamadas Banerjee :
Shri Abdul Mannan :

Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

## Demand No. 63

Shri Abdul Mannan : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পঞ্চায়েত মন্ত্রী তাঁর দপ্তরের যে ব্যয়-বরাদ্দ এনেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে সংশোধনী প্রস্তাব আনা হয়েছে তার সমর্থন করছি। আমার বিরোধিতার কারণ হচ্ছে। আজকে এই পঞ্চায়েত বাজেট একেবারে গতানুগতিক এবং মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর অতীত অভিজ্ঞতাকে কাজে লাগাননি। এমন কি এই অ্যাসেম্বলির নিজস্ব পঞ্চায়েত সাবজেক্ট কমিটি যে রিপোর্ট দিয়েছিল তারও কেয়ার করেননি। এই বাজেট রাখার সময় তার স্মরণ বা শ্রুতি একবারও আসেনি। আজকে আমাদের পশ্চিমবাংলায় ত্রিস্তর পঞ্চায়েত আছে—জেলা-পরিষদ, পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েত। আমি গ্রাম পঞ্চায়েত থেকে যদি শুরু করি তাহলে মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করব, ভেবে দেখবেন, গ্রাম-পঞ্চায়েতের পরিকাঠামোর যা আছে তাকে পরিবর্তন করা দরকার। এক একটা গ্রাম-পঞ্চায়েতে ৫ থেকে ৬ লক্ষ টাকা বছরে খরচ হয়। কিন্তু, স্টাফ আছে—একজন ইলেকটেড পঞ্চায়েত প্রধান, পঞ্চায়েত সেক্রেটারি এবং জব-অ্যাসিস্ট্যান্ট নামে একজন সি. পি. এম.-এর ক্যাডার। আজকে মাননীয় মন্ত্রী মহাশয় আপনি নিশ্চয় জানেন, এই স্টাফের ব্যাপারে সারা পশ্চিমবাংলায় আজকে একটা আলোড়ন সৃষ্টি হয়েছে। ১৯৭৭ সালে এই রাজ্যে যিনি মন্ত্রী ছিলেন, দেবব্রত বন্দ্যোপাধ্যায় তিনি সচিবদের উদ্দেশ্যে বলেছিলেন, আমি আপনাদের সরকারি কর্মচারী করে দেব। কিন্তু আজ পর্যন্ত আপনি সে ব্যাপারে দৃষ্টি দিলেন না। একটা কেস হয়েছিল C.R. No. 15073 of 1986 Secretary of the Gram-Panchayat Constituted under the Panchayat Act, 1973 are Government employee under Government of West Bengal and they are entitled to all the benefits and privileges etc.

১৯৮৬ সালে একটা সুপ্রিম কোর্টের রায়ের কথা বলছি—প্রবীরকুমার মজুমদার ভার্সেস জৈন-এর ডিভিসন বেঞ্চের রায় বেরিয়েছিল। কিন্তু এই রাজ্যের মন্ত্রী সে ব্যাপারে কোনও খেয়াল করেননি। এছাড়া আপনার অবগতির জন্য জানাই, আজকে রিসেন্টলি , ১৫—১-৯৫ তারিখে সুপ্রিম কোর্ট একটা রায় দিয়েছেন। তাতে বলছেন, সমস্ত পঞ্চায়েত সেক্রেটারিই গভর্নমেন্টের কর্মচারী হবেন। এটা কর্ণাটকের একটা কেসের রায় সুপ্রিম কোর্ট দেবার সময় বলেন। কিন্তু আপনারা আপনাদের পয়েন্টে রিজিড থেকে গেছেন। সরকারি কর্মচারি হিসাবে তাদের গণ্য করবেন না। ১৯৫৬ সালে যে পঞ্চায়েত অ্যাক্ট ছিল তাতে বলা হয়েছিল, তাঁরা

হবে একজিকিউটিভ অফিসার। ১৯৭০ একটা অ্যামেন্ডমেন্ট হয়, পঞ্চায়েতের সেক্রেটারিদের তাতে একজিকিউটিভ অফিসার বলে গণ্য করা হবে বলা হয়েছে। কিন্তু ঐ দুটো পয়েন্টে আপনারা কর্ণপাত করলেন না। অথচ গ্রামে পঞ্চায়েতের পরিকাঠামো দুর্বল থেকে গেল। এ বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

[3-40—3-50 P.M.]

অধিকন্তু আপনি দেখবেন, প্রত্যেক গ্রাম পঞ্চায়েতের সচিবকে ট্রান্সফার করছেন। কিন্তু এমন অনেক ঘটনা আছে, একটা সচিবকে ট্রান্সফার করা হল। সে যখন জয়েন করতে গেল, তাকে জয়েন করতে দেওয়া হল না। আবার সে ফিরে এলো। সেখানেও তাকে জয়েন করতে দেওয় হল না। ফলে ব্লক অফিস তাকে বসিয়ে বসিয়ে মাহিনা দিচ্ছে। দিজ টাইম অফ পঞ্চায়েত ইজ গোয়িং অন। এটা আমি আপনাকে বিনীতভাবে আবেদন করব এই ব্যাপারে ভেবে দেখার সময় এসেছে। গ্রাম পঞ্চায়েতের যিনি প্রধান তিনি ইলেকটেড মেম্বার। তিনি শিক্ষিত হবেন এমন কোনও ব্যাপার নেই, সাধারণ মানুষও আসতে পারেন। কিন্তু অ্যাকাউন্টস লিখবে কে? সুতরাং প্রত্যেক গ্রাম পঞ্চায়তে অ্যাকাউন্টস ক্লার্ক ইমিডিয়েট অ্যাপয়েন্ট করা দরকার। তা না হলে গ্রাম পঞ্চায়েতগুলো ঠিকমতো চলছে বলে মনে হয় না। পঞ্চায়েত সিস্টেমে একটা সুন্দর কথা বলা হয়েছে। আপনি আপনার বক্তব্যে বলেছেন ১৬(এ)তে, প্রত্যেক গ্রাম পঞ্চায়েত যান্মাসিক এবং বাৎসরিক হিসাব করে জনসাধারণকে দেখাতে হবে। আপনার কাছে এমন কোনও রিপোর্ট আছে কি—সত্যি-সত্যি কোনও গ্রাম পঞ্চায়েত এই কাজ করছে কিনা? আপনি দেখাতে পারবেন না, কারণ এগুলি দেখার কেউ নেই। কে অডিট করবে? কে তার ফাদার, কে তার মাদার কেউ জানে না। কারণ অডিট হয় না। আপনাকে প্রশ্ন করি, গ্রাম পঞ্চায়েতগুলিকে আপনি হিসাব দেখাতে বলেছেন, রাইটলি পয়েন্ট আউট করেছেন যদিও কোথাও দেখাচ্ছে না—কিন্তু কেন বলছেন না—আপনি তো এর আগেও পঞ্চায়েত মন্ত্রী ছিলেন, সুতরাং বাজেটে কোথাও বলেননি—পঞ্চায়েত সমিতির মাধ্যমে যে লক্ষ লক্ষ টাকা খরচ হয়, জেলা পরিষদের মাধ্যমে যে কোটি কোটি টাকা খরচ হয় সেই ব্যাপারে জানবার কোনও হিসাব বা ব্যবস্থা আপনি মানুষের জন্য কেন করেননি? এমন কি পঞ্চায়েত সমিতিগুলি কত টাকা পেয়েছে সেটা জানবার কোনও ব্যবস্থা আজ পর্যন্ত হয়নি। হোয়ার অ্যাজ গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে আপনি করতে যাচ্ছেন মানুষকে জানাবার ব্যবস্থা—হোয়াট ইজ হোয়াট। কিন্তু পঞ্চায়েত সমিতি বা জেলা পরিষদ অফিসগুলিতে এইরকম কোনও ব্যবস্থা নেই। আপনি অনেকদিন জেলা পরিষদের সভাধিপতি ছিলেন। সুতরাং আপনি নিশ্চয়ই জানেন পঞ্চায়েত সমিতি বা জেলা পরিষদে কি হচ্ছে? পঞ্চায়েত সমিতিতে সবচেয়ে বড় বিপদজনক অবস্থা ঘটছে। বামফ্রন্ট সরকার অডিট সিস্টেম তুলে দিয়েছেন। আমি আপনাকে বলছি, গ্রাম পঞ্চায়েতে অডিট করার দায়িত্ব ই. ও. পি.র। পঞ্চায়েতের যারা এক্সটেনশন অফিসার টু সামহাউ যে তারা গ্রাম পঞ্চায়েতের পার্ট অ্যান্ড পারসেল অফ দি অ্যাডমিনিস্ট্রেশন। তারা সেখানকার অডিট তৈরি করছেন। আপনি তাদের অডিট করার দায়িত্ব দিয়েছেন। দিজ সিস্টেম সুড বি চেঞ্জড। এমন অনেক ঘটনা আছে, এক-একটা জায়গায় ই. ও. পি. ১৫ বছর ধরে আছে। আপনি এটা নিশ্চয়ই জানেন। সাঁকরাইলের ই. ও. পি. মিঃ দত্ত কতদিন ধরে আছে সেটা আপনি খোঁজ নিয়ে দেখবেন। এতদিন ধরে থাকার ফলে একটা ভেস্টেড

ইন্টারেস্ট তৈরি হয়েছে। যার ফলে গ্রাম পঞ্চায়েতের অডিট ঠিকমতো হচ্ছে না। পঞ্চায়েতের সাবজেক্ট কমিটি রেকমেন্ড করেছে—আপনি তো এই কমিটির মেম্বার ছিলেন—According to new Panchayat Act Gram Panchayat have to place before the gram Sabha their audited accounts. অডিট হয় না। অডিটের কি ব্যবস্থা আছে? আপনি দেখাতে পারবেন যে পঞ্চায়েত সমিতিতে অডিট হচ্ছে, জেলা পরিষদে অডিট হচ্ছে? আপনি দেখাতে পারবেন না। আমি আপনাকে স্টাটিসটিক্স দিচ্ছি, পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে দেখুন, ১৯৮৯-৯০ সালে সারা পশ্চিমবাংলায় মাত্র ২৩টি পঞ্চায়েতে অডিট হয়েছে আর ১৯৯০-৯১ সালে সারা পশ্চিমবাংলায় মাত্র ১০টি পঞ্চায়েত সমিতিতে অডিট হয়েছে।

১৯৯১-৯২ সালে ৫টা; ১৯৯২-৯৩ সালে ১টা; ১৯৯৩-৯৪ সালে ১টা এবং ১৯৯৫-৯৬ সালে জিরো। এই হচ্ছে আপনার অডিটের পরিসংখ্যান। কমার্শের ছাত্রদের অডিট বলে একটা সাবজেক্ট পড়ানো হয়। পশ্চিমবাংলায় পঞ্চায়েতের অডিটের ক্ষেত্রে যা ঘটছে তাতে আর অডিট বলে কোনও সাবজেক্ট পড়াবার দরকার হবে বলে আমি মনে করি না। এটা আমার কথা নয়, সাবজেক্ট কমিটির রিপোর্টের বইটাতে আমি এই জিনিস দেখছি। বইটা আমি লিখিনি, বইটা এই হাউসের সাবজেক্ট কমিটি এই হাউসে পেশ করেছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি একটু বইটা পড়ে দেখবেন। এখানে অনেক শিক্ষক মহাশয় আছেন, তাঁরা জানেন স্কুলের ম্যানেজিং কমিটিতে কারা আছেন। শিক্ষক মহাশয়দের নমিনি, ইলেকটেড রিপ্রেজেন্টটেটিভদের নিয়ে ম্যানেজিং কমিটি তৈরি হয়। সেটা কারও ইচ্ছা মতো হয় না। সেখানে এক বছর অডিট না হলে পরের বছর ডি. আই. আর. সেই স্কুলের মাইনেপত্র, অন্যান্য খরচ গ্রান্ট করবে না। অথচ এখানে বছরের পর বছর অডিট না করে পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ চলছে, তাদের টাকা ব্যয় করতে কোনও অসুবিধা হচ্ছে না। এই জায়গায় আজকে পঞ্চায়েত এসে পৌছেছে! মাননয়ী মন্ত্রী মহাশয়, এই দুর্নীতির অবসান আপনি অন্তত অডিটটাই না হয় তুলে দিন। আপনি বলে দিন, তোমরা ইলেকশনে জিতে এসেছ, যা পার করো, আমার কিছু বলার নেই। আর তা না-হলে সিস্টেমটা ঠিক করুন।

স্যার, জেলা পরিষদগুলির অবস্থা আরও করুণ। বিশেষ করে মাননীয় মন্ত্রী মহাশয়ের মেদিনীপুর জেলার জেলা পরিষদের হাল ভীষণ করুণ। অডিট করার ক্ষেত্রের যে জেলা সব চেয়ে পিছিয়ে আছে তা হচ্ছে হাওড়া। তারপরের স্থানেই রয়েছে মেদিনীপুর। ১৯৮৭-৮৮ সালের পরে মেদিনীপুর জেলার আর কোনও অডিট হয়নি। এটাও সাবজেক্ট কমিটির রিপোর্টের মধ্যে উল্লেখ করা হয়েছে। অথচ মাননীয় মন্ত্রী মহাশয় ঐ জেলার দীর্ঘদিন সভাধিপতি ছিলেন। এই যদি অবস্থা হয় তাহলে মাননয়ী মন্ত্রী মহাশয়, আপনি দয়া করে অডিট সিস্টেম তুলে দিন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা সিস্টেম আছে—যিনি অ্যাকাউন্টস অফিসার হবেন তাঁকে হেড্ কোয়ার্টারেই থাকতে হবে। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি হাওড়া জেলার উলুবেড়িয়া মহকুমার অ্যাকাউন্টস অফিসার থাকেন কোথায়, আর তাঁর হেড কোয়ার্টার কোথায়। যার ফলে একটা কেসেরও অডিট হয় না। মাননীয় মন্ত্রীর কাছে আমার কনস্ট্রাকটিভ প্রোপোজাল হচ্ছে, আপনি সঠিকভাবে অডিট সিস্টেম চালু করুন। দরকার হলে নতুন করে অডিট

অফিসার নিয়োগ করুন। তারপর আজকে কোথাও কিছু ইন্সপেকশন হচ্ছে না। ইন্সপেকশনকে আরও জোরদার করতে হবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই আমার সঙ্গে এক মত হবেন যে, মার্কসবাদীরা বিশ্বাস করেন কোনও স্বায়ত্ত শাসনই হিসাবে গড়ে ওঠে না যতক্ষণ না সেখানে অর্থনৈতিক স্বাবলম্বিতা থাকে। অর্থাৎ অর্থনৈতিক স্বাবলম্বিতা ছাড়া প্রকৃত স্বায়ত্ত শাসননের কোনও মানেই হয় না। অথচ মাননীয় মন্ত্রী মহাশয়, গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ নিজের পায়ে দাঁড়িয়ে আগামী দিনে চলতে পারবে, আপনি বিগত ২০ বছরে এমন কোনও ব্যবস্থা সৃষ্টি করতে পেরেছেন কি? না, পারেননি। যদি জওহর রোজগার যোজনার টাকা না আসে তাহলে সব গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতির অফিসের ঝাঁপ আর খুলবে না। তখন আপনি কোন দপ্তরের মন্ত্রী হবেন? বোধ হয় সেই জন্য আগে থেকে ভূমি রাজস্ব দপ্তর আপনার হাতে দেওয়া হয়েছে, তা না হলে আপনি তখন বেকার হয়ে যাবেন।

প্রসঙ্গত উল্লেখ করি, আপনার এই বই-তে মেদিনীপুর জেলার সম্পর্কে একটা রিপোর্ট আছে যে, সেখানে একটা পঞ্চায়েত সমিতিতে ২৬,০০০ টাকা মিস হ্যান্ডেল হয়েছে। এই তো অবস্থা চলছে!

আপনাকে আমি একটা কনস্ট্রাকটিভ সাজেশন দিই—যে কোনও একজন সাধারণ মানুষ একটা গ্রাম পঞ্চায়েতের প্রধান হতে পারেন, তিনি ইংরাজি ভাষা নাও জানতে পারেন। কিন্তু বি. ডি. ও. তাঁর কাছে কোন ভাষায় চিঠি লেখেন? কোনও গ্রাম পঞ্চায়েতের প্রধানকে কি কোনও বি. ডি. ও. বাংলায় চিঠি লেখেন? না ইংরাজিতে চিঠি লেখেন। মাননীয় মন্ত্রী মহাশয়, পঞ্চায়েতের উদ্দেশ্য কি? ইনভলভমেন্ট অফ দি পিপলস রিপ্রেজেন্টটেটিভস। তাহলে আপনার এই ব্যবস্থার মধ্যে ইনভলভমেন্ট অফ দি এম. এল. এ.-এর কি হচ্ছে? দয়া করে আপনি একটা একটু বলবেন। জেলা পরিষদে এম. এল. এ.দের কি ভূমিকা দেখুন—২৪শে জুলাই হাওড়া জেলা পরিষদে একটা মিটিং আছে। সেই মিটিং-এ কি হবে? ১৯-৩-৯৬ তারিখের একটা রিপোর্ট পাশ হবে এবং ১৯-২-৯৬ তারিখের একটা রেজলিউশন পাশ হবে। আমরা ২৬শে জুলাই যাব, হাত তুলে বলে দেব পাশ, পাশ হয়ে যাবে। এই হচ্ছে আমাদের ভূমিকা। আমি পরিষ্কার বলতে চাই পঞ্চায়েতে ক্ষমতার বিকেন্দ্রীকরণ হয়নি। জেলা পরিষদের সভাধিপতি এবং কর্মাধ্যক্ষ ছাড়া আর কোনও মেম্বারের, এম. এল. এ.র কোনও ক্ষমতা নেই। আপনার কাছে আমার অনুরোধ পঞ্চায়েত ব্যবস্থায় এম. এল. এ.-র কি ভূমিকা তা দয়া করে একটু ব্যাখ্যা করবেন। আমার এলাকায় জমি বিলি হচ্ছে, আমি এম. এল. এ. আমি জানি না, বিলি হয়ে যাচ্ছে!

[3-50—4-00 P.M.]

এটা আপনাকে ভাবতে হবে। তাই এই যে অসঙ্গতি দেখা গেছে, এটাকে মেনে নেওয়া যায় না। এই বাজেট অত্যন্ত গতানুগতিক। তাই এই ব্যয় বরাদ্দকে সমর্থন করতে পারছি না। আমাদের কাট মোশনের সমর্থনে বক্তব্য রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী চক্রধর মাইকাপ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন মন্ত্রী যে

বাজেট বরাদ্দ এনেছেন, তাকে আমি সমর্থন করছি এবং বিরোধীরা যে কাট মোশন এনেছেন, তার চরম বিরোধিতা করে আমি দু-একটা কথা বলতে চাই। মাননীয় বিরোধী দলের সদস্য, তিনি বললেন যে মেদিনীপুর জেলায় কোনও অডিট হয়নি। কারণ মাননীয় মন্ত্রী মহাশয়, মেদিনীপুর জেলার লোক। সেই জন্যই তিনি গুরুত্বটা বেশি করে দেখিয়েছেন। কিন্তু বিষয়টা হল, পঞ্চায়েতের যে বর্তমান নিয়ম, তা মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন, বিরোধী দলের নেতাই হচ্ছেন পাবলিক অ্যাকাউন্টস কমিটির চেয়ারম্যান। তাঁর রাইট আছে, যে কোনও মুহূর্তে তিনি যে কোনও বিভাগে গিয়ে অডিট করতে পারেন, হিসাব দেখতে পারেন এবং ফাইন্যালাইজ করতে পারেন। আপনাদের কাছে কি তার রিপোর্ট আসছে না? মাননীয় সদস্য তাঁর বক্তব্যের শেষে পঞ্চায়েত অফিসে তালা ঝুলিয়ে দিয়ে গেলেন। কংগ্রেস বন্ধুকে আমি কয়েকটি কথা স্মরণ করিয়ে দিতে চাই, দেশ স্বাধীন হবার পর পঞ্চায়েত সম্পর্কে কোনও ধ্যানধারণা আপনাদের ছিল না, এটা অশোক মেহেতা কমিটি বলেছেন। তখন একটা কথা উঠেছে, আবার সব চুপ করে গেছেন। এটা আমার কথা নয়, অশোক মেহেতা কমিটি বলেছেন, বলবন্ত মেহেতা কমিটি ৫৭ সালে ত্রিস্তর পঞ্চায়েত কমিটি করার সুপারিশ করেন। যার জন্য একটা আইন হয় ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত অ্যাক্ট ৫৮। তারপর ৫৮ সালে নির্বাচন হয় দুটি স্তরে। আবার একটা আইন করা হয় ৬৩ সালে, জেলা পরিষদ আইন। তাহলে ৫৮ সাল থেকে ৬৩ সাল এই পাঁচ বছর লাগলো ফোর টায়ার পঞ্চায়েত ইলেকশন করতে। তারপর দীর্ঘ ১৫ বছর কোনও ইলেকশন হয়নি। আমরা কি দেখলাম, আমরা এটা দেখলাম ৭৪ সালে সুব্রত মুখার্জি, মাননীয় সদস্য পঞ্চায়েত মন্ত্রী ছিলেন, তাঁকে যখন এখানে প্রশ্ন করা হয়, ৭৩ সালে যে আইন হয়েছে, নির্বাচন কবে হয়েছে, তিনি বলেছেন আমি জানি না। তিনি মন্ত্রী ছিলেন বটে, তিনি এই ধরনের কথা বলেছিলেন। তাঁর মন্ত্রীত্বের কোনও দাম ছিল না। তিনি ফাউ হিসাবে ছিলেন। তারপর তিনি আবার পুলিশ মন্ত্রীও ছিলেন। আমরা ৬৭-৬৮ সালের রিপোর্টে দেখতে পাই, ১৩৬২টি পঞ্চায়েতের মধ্যে মাত্র দশটি পঞ্চায়েত কোনও রকমে বেঁচে আছে। ভাবতে অবাক লাগে। কংগ্রেস বন্ধুরা আজকে পঞ্চায়েত অফিসে তালা ঝুলিয়ে দিতে চাইছেন। কিন্তু তাঁদের সময়ে তাঁরা কি করেছেন? ৬৭ সালে যুক্ত ফ্রন্ট এসে পঞ্চায়েত নির্বাচন করতে চেয়েছিল। কিন্তু ইলেকশন করা সম্ভব হয়নি, তার আগেই সরকার ভেঙে গিয়েছিল। কিন্তু জনগণের চাপে ৭৭ সালে মুখ্যমন্ত্রী জ্যোতি বসু প্রথম যেদিন মুখ্যমন্ত্রী হিসাবে দায়িত্ব নিলেন, তখন তিনি বলেছিলেন আমি শুধু রাইটার্স বিল্ডিংসে বসে কাজ করব না। আমরা প্রত্যেকটা গ্রামে রাইটার্স বিল্ডিং গড়ে দিতে চাই।

প্রতিশ্রুতি অনুযায়ী তার পরের বছর অর্থাৎ ১৯৭৮ সালে ১৯৭৩ সালের আইন অনুযায়ী আমরা এখানে পঞ্চায়েত নির্বাচন করি। তারপর থেকে বামফ্রন্ট সরকার ঠিক সময়মত পঞ্চায়েতের নির্বাচন করে আসছেন। পঞ্চায়েতের বাজেটের আপনারা বিরোধিতা করছেন কিন্তু এই পঞ্চায়েতের সম্পর্কে ধ্যানধারণা আপনাদের পরিষ্কার হওয়া দরকার। পঞ্চায়েত হচ্ছে, Effective channel of communication between the state and the people. গান্ধীজীও এ সম্পর্কে যেটা বলেছেন সেটা নিশ্চয় আপনাদের জানা আছে। The greater is the power of panchayat, the better it is for the people. কিন্তু আজকে গান্ধীজীর নীতিকেও আপনারা বিসর্জন দিয়েছেন। কোন নীতি নিয়ে যে আজকে আপনারা চলেছেন সেটা আপনারা নিজেরাও জানেন না ফলে গোলমাল হচ্ছে। প্রিন্সিপ্যালের

গোলমাল থাকলে যেটা হয় সেটা আপনাদের হচ্ছে অর্থাৎ বিচ্যুতি ঘটছে। একটা রাজ্য সরকার কতটা সেবামূলক, জনকল্যাণমূলক কাজ করছেন এবং তাতে তারা কতটা সফল সেটা নির্ভর করে পঞ্চায়েতের সাফল্যের উপর। ১৯ বছরে এখানে বামফ্রন্ট সরকার সফল, না, বিফল সেটা এখনকার পঞ্চায়েতের কাজকর্ম দেখলেই বোঝা যাবে। এখানে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা হয়েছে, গণতন্ত্রের বিকেন্দ্রীকরণ করা হয়েছে। কিন্তু কংগ্রেস কি করেছে? ৫০ বছর দেশ স্বাধীন হলেও তারা ক্ষমতার বিকেন্দ্রীকরণের দিকে যায়নি বরং এককোষী প্রাণীর মতোন তারা থাকতে চেয়েছে। গান্ধীজী বলেছিলেন, সেলফ ভিলেজ গভর্নমেন্ট। ডোমিনিয়ান স্টাটাসের জন্য হাঁটু গেড়ে বৃটিশের কাছে ভিক্ষা পর্যন্ত চেয়েছিলেন। On bended knee, I ask a bread, but instead of bread I got a stone.

হাঁটু গেঁড়ে এক খণ্ড রুটি চাইলাম কিন্তু তার পরিবর্তে পেলাম এক খণ্ড পাথর। ডোমিনিয়ান মানে ব্রিটিশের অধীনে স্বায়ত্তশাসন কাজেই পঞ্চায়েতে তালা ঝোলানোর কথা কংগ্রেসিরা যেটা বলছেন সেটা তাদের মুখে মানায় না। এই পঞ্চায়েত ব্যবস্থা জনগণ এবং সরকারের মধ্যে একটা সেতু বন্ধন সৃষ্টি করেছে। এর ফলে একটা গণ উদ্যোগ গড়ে তুলে পঞ্চায়েতের মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কাজ করানো সম্ভব হচ্ছে। ১৯৭৮ সালে যখন এখানে প্রথম পঞ্চায়েত নির্বাচন হয় তখন সামাজিক গঠনের দিক থেকে এটা কিছুটা অসংগঠিত থেকে যায়। সেজন্য প্রতিটি গ্রামপঞ্চায়েতে দু'জন করে মহিলা এবং শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবস প্রতিনিধিকে মনোনীত করা হয়। কিন্তু তারপর আইন সংশোধন করে ৩৩ পারসেন্ট মহিলা ও শিডিউল কাস্ট শিডিউল ট্রাইবস প্রতিনিধির জন্য আসন সেখানে সংরক্ষিত করা হয়েছে। এর পর আমি এ রাজ্যে পঞ্চায়েতের সাফল্যের কয়েকটি নজির তুলে ধরছি। ইন্দিরা আবাসন যোজনায় ভাল মানের ঘর করার ক্ষেত্রে পশ্চিমবঙ্গের সাফল্য ৯০.৫ শতাংশ আর সারা ভারতবর্ষের সাফল্য হচ্ছে ৫৩ পারসেন্ট। পশ্চিমবঙ্গে কম টাকায় বাড়ি হয়েছে ৯ হাজার ৫৪০ টাকায়, ভারতবর্ষের অন্য রাজ্যে ১০ হাজার ৭৮০ টাকায়। জওহর রোজগার যোজনার কাজ অন্যান্য রাজ্যে ঠিকাদারদের দিয়ে চালানো হয় আর এ রাজ্যে ১০০ ভাগ কাজ এ ক্ষেত্রে পঞ্চায়েতের মাধ্যমে করা হয়। এর জন্য কেন্দ্র থেকে পাওয়া গিয়েছিল ৯৯১ কোটি ৩২ লক্ষ টাকা আর আমরা খরচ করেছি ১২শো ৬৯ কোটি ৮৪ লক্ষ টাকা। ক্ষেত মজুরদের জন্য পশ্চিমবঙ্গে শ্রম দিবস সৃষ্টি হয়েছ ৯১ পারসেন্ট, সারা ভারতবর্ষে ৩৮.৩ পারসেন্ট। আমরা কর্মসংস্থান সৃষ্টি করেছি ৭ কোটি ৬৫ লক্ষ, আর সুব্রতবাবুরা যখন ছিলেন তখন এক লক্ষও হত না সুব্রতবাবু, আপনি দ্বিতীয় ভলিয়ুমটা দেখবেন, কত গ্রাম পঞ্চায়েত আছে আপনি বলতে পারেননি।

[4-00—4-10 P.M.]

আই. আর. ডি. পি., ব্যাঙ্ক, সরকারি অনুদান সব মিলিয়ে ১৪ শত ৫৪ কোটি ১৩ লক্ষ টাকা আমরা করেছি। ১৯৯৪-৯৫ সালে আমাদের লক্ষ্য ছিল ২৯ লক্ষ ৬৫ হাজার ৫৯১। কিন্তু আমরা তার চেয়ে প্রায় ১৭ হাজার পরিবারকে বেশি দিয়েছি। অর্থাৎ ২৯ লক্ষ ৮২ হাজার ২৯৮টি পরিবারকে দিয়েছি। শেষে আমি এই কথা বলতে চাই যে, আমরা পঞ্চায়েতে শুধু উন্নতি করিনি, আমরা মানুষের মধ্যে চেতনা বাড়িয়েছি। বাবরি মসজিদ যখন

ভাঙা হল তখন আপনারা কলকাতা শহরে আতঙ্কে ঘুমাতে পারেননি। কিন্তু আমরা তার কোনও প্রতিফলন এখানে হতে দিইনি। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে, বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হবিবুর রহমান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় পঞ্চায়েত দপ্তরের মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এখানে উত্থাপন করেছেন, তাকে বিরোধিতা করে, আমাদের দলের তরফ থেকে আনা ছাঁটাই প্রস্তাবগুলি সমর্থন করে কয়েকটি কথা বলছি। এই বাজেটের পরিপ্রেক্ষিতে বক্তব্য রাখতে গিয়ে প্রথমে মন্ত্রী মহাশয়কে বলব যে, এর আগে আর একটি বাজেট পেশ করেছেন, ভূমি সংস্কার বাজেট, সেই বাজেটে আপনাদের দলের একজন সদস্য বলেছিলেন যে ভূমি সংস্কারেরর ফলে অনেক খেটে খাওয়া মানুষের সামাজিক উন্নয়ন হয়েছে। আমার কথা হচ্ছে যে, ১২ কাঠা জমি দিয়ে যদি সব উন্নয়ন হয়ে যায়, মানুষের সব দুঃখ দূর হয়ে যায় তাহলে আর এই বাজেটের দরকার কি? মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট স্পিচে ৬টি সংশোধনী আনা হয়েছে। এতে পঞ্চায়েতের গুরুত্ব কতখানি রয়েছে সেটা সহজেই বোঝা যাচ্ছে। আমার পূর্ববর্তী বক্তাকে ধন্যবাদ জানাই কারণ তিনি পঞ্চায়েতের প্রেক্ষাপটে মহাত্মা গান্ধীকে স্মরণ করেছেন। কংগ্রেস এই পঞ্চায়েত আইন তৈরি করেছে। গান্ধীজীর স্বপ্নকে বাস্তবায়িত করার জন্য কংগ্রেস বিভিন্ন সময়ে বিভিন্ন ভাবে আইন তৈরি করেছে। কংগ্রেসের লক্ষ্য ছিল, পাওয়ার টু দি পিপল, ফর দি ওয়েলফেয়ার টু দি পিপল। এটাকে লক্ষ্য রেখে রাজীব গাধী পঞ্চায়েতরাজ, নগর পালিকা বিল এনেছিলেন। এগুলি সব কংগ্রেসেরই চিন্তা ধারণা। আজকে ভারতবর্ষে এম. এল. এ., এম. পি., ৫ হাজার প্রতিনিধি। এই বিশাল ভারতবর্ষের সব মানুষকে সেবা করা যায়নি। তাই, এই বিলের মাধ্যমে পঞ্চায়েতে ৫০ লক্ষ মানুষ প্রতিনিধিত্ব করছে। তারা গ্রাম বাংলার মানুষের উন্নয়নের কথা চিন্তা করছে। আর আজকে আপনাদের লক্ষ্য কি আপনাদের লক্ষ্য হচ্ছে, পাওয়ার টু দি পার্টি অ্যান্ড ওয়েলফেয়ার টু দি পার্টি ওয়ার্কার্স। আমি এটা কেন বললাম সেই বিষয়ে পরে আসছি। মাননীয় সদস্য এর পরে যে বক্তব্য রাখলেন তাতে মনে হল সবই যেন রাজ্য সরকারের অর্থ, রাজ্য সরকারের টাকায় এই সমস্ত গ্রামীণ খেটে খাওয়া মানুষের উন্নয়ন সাধিত হয়েছে। আমি আপনার কাছে জিজ্ঞাসা করতে চাই, জাতীয় বার্ধক্য ভাতা প্রকল্প কারা করেছিল? জাতীয় পরিবার সহায়তা প্রকল্প কোন সরকারের চিন্তাভাবনা? জাতীয় মাতৃত্বকালীন সহায়তা প্রকল্প কোন সরকারের পরিকল্পনা? সার্বিক গ্রামোন্নয়ন প্রকল্প, আই. আর. ডি. পি., এটা কোন সরকারের পরিকল্পনা? গ্রামীণ যুব গোষ্ঠীকে নিয়ে আপনারা কোনও চিন্তা করতে পারেননি। আপনারা যুবকদের হাতে লাল ঝাণ্ডা দিয়ে শুধু মিছিল করিয়েছেন। যুব গোষ্ঠীর জন্য আপনাদের কোনও পরিকল্পনা আছে কি? গ্রামীণ বেকারদের স্বনির্ভরতা কর্মসূচি, যুব গোষ্ঠীদের জন্য স্বনির্ভরতা প্রশিক্ষণ কর্মসূচি, প্রধানমন্ত্রী রোজগার যোজনা, এগুলি সবই কংগ্রেসের পরিকল্পনা।

আপনারা শিক্ষিত বেকার যুবকদের ৫০ টাকা করে ভিক্ষে দিয়েছেন। আপনাদের বেকার যুবকদের জন্য কোনও পরিকল্পনা আছে? কেন্দ্রীয় সরকার আজকে শিক্ষিত বেকার যুবকদের জন্য জওহর রোজগার যোজনা পরিকল্পনা নিয়েছে। আজকে গ্রামের যারা দিন আনে দিন খায়, যারা ক্ষেত মজুর তাদের জন্য বিমা পরিকল্পনা কার? কেন্দ্রীয় সরকারের। এক কথায় আমি

বলতে চাই আজকে পঞ্চায়েতের মাধ্যমে গ্রামে যে উন্নয়নমূলক কাজ হচ্ছে, পল্লী উন্নয়ন সমাজ উন্নয়নের যে কাজ হচ্ছে তার যে সমস্ত পরিকল্পনা নেওয়া হচ্ছে পঞ্চায়েতের মাধ্যমে তার সমস্ত পরিকল্পনা কেন্দ্রীয় সরকারের। এই ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার ছাড়া আপনাদের নিজস্ব কিছু নেই। এই রকম আরও অনেক পরিকল্পনা কেন্দ্রীয় সরকার নিয়েছে যে গুলি আমার সময় কম থাকার জন্য বলতে পারছি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীর কাছে অত্যন্ত বিনয়ের সঙ্গে বলতে চাই, পঞ্চায়েতের মাধ্যমে যে সমস্ত পরিকল্পনা বাস্তবায়িত করা হচ্ছে, কোটি কোটি টাকা যে ব্যয় করা হচ্ছে খেটে খাওয়া মানুষের স্বার্থে সাধারণ মানুষের স্বার্থে এবং সর্ব স্তরের মানুষের স্বার্থে সেখানে আপনাদের নিজস্ব কোনও পরিকল্পনা আছে কিনা বলবেন। আপনারা শুধু কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা নিয়ে বাহাদুরি করছেন। কেন্দ্রীয় সরকারের লক্ষ লক্ষ কোটি কোটি টাকা নিয়ে আপনারা দুর্নীতি করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই পঞ্চায়েত রাজের কথা গান্ধীজীই বলেছিলেন। পঞ্চায়েতের বৃহত্তর স্বার্থে রাজীব গান্ধী আইন পাশ করেছিলেন। সেই পঞ্চায়েতকে রাজনীতির আখড়া দুর্নীতির আখড়ায় পরিণত করেছেন। এই দুর্নীতির আখড়ায় পরিণত হওয়া পঞ্চায়েত বরাদ্দের অনুমোদন দেওয়া যায় না। আপনারা জওহর রোজগার যোজনার কোনও হিসাব আপনারা দিতে পারবেন। এই যে ইন্দিরা আবাসন যোজনায় এবং বিভিন্ন প্রকল্পে যে কোটি কোটি টাকা এসেছে সেই টাকা আপনারা ব্যয় করতে পেরেছেন? প্রতি বছর তো টাকা ফেরত গেছে। কোনও সময় আপনাদের রাজ্যের অংশ দিতে না পারার জন্য, কোনও সময় ইউটিলাইজেশন সার্টিফিকেট দিতে না পারার জন্য সব টাকা আপনারা ব্যয় করতে পারেননি। আবার অন্য দিকে কেন্দ্রীয় সরকার দেয় না দেয় না বলে চিৎকার করছেন। কেন্দ্রীয় সরকার যখন টাকা পাঠায় পশ্চিমবাংলার দুর্নীতি পরায়ন সরকার বিরাজ করছে, সেই কারণে টাকা পাঠাতে এই সরকারের কোনও কুণ্ঠা বোধ করেননি। আপনারা আবার কেন্দ্রীয় সরকারের এই টাকা দিয়ে দলবাজী করছেন। আপনাদের দলীয় পঞ্চায়েতগুলিকে টাকা দিচ্ছেন আর অন্য পঞ্চায়েতগুলিকে টাকা দিচ্ছেন না। আমি তার হিসাব দিচ্ছি। যেমন কংগ্রেস পঞ্চায়েত সমিতি রয়েছে মুর্শিদাবাদের সুতী ব্লক (১) সুতী ব্লক (২) এবং রঘুনাথ ব্লক (২), কেন্দ্রীয় সরকারের টাকা আসছে এখানে আপনারা টাকা দিচ্ছেন না আর লালগোলা পঞ্চায়েত সমিতিতে ৩০-৪০ লক্ষ টাকা দেওয়া হল নির্বাচনের প্রাক্কালে। দলবাজি করার জন্য ৩০-৪০ লক্ষ টাকা নির্বাচনের প্রাক্কালে ব্যায় করা হল সেখানে।

[4-10—4-20 P.M.]

সেখানে কংগ্রেস প্রার্থী ফেল করে রাজনীতি করার জন্য। আপনারা সি. পি. এমে. পরিচালিত পঞ্চায়েত সমিতিকে লক্ষ লক্ষ টাকা দিলেন অথচ পার্শ্ববর্তী কংগ্রেস পরিচালিত সমিতিকে একটি পয়সাও দিলেন না। আজকে পঞ্চায়েতকে কেন্দ্র করে দেখা যাচ্ছে কেন্দ্রীয় সরকারের এই যে টাকাগুলো আসছে, তাতে আপনাদের অংশ কিছু আছে। কোনও জায়গায় ৮০ ভাগ থাকে কেন্দ্রীয় সরকারের, রাজ্য সরকারের ২০ পারসেন্ট থাকে। আবার কোনও কোনও জায়গায় সেন্ট পারসেন্ট কেন্দ্রীয় সরকারের টাকা থাকে। কেন্দ্রীয় সরকারের এই টাকা গ্রাম পঞ্চায়েতের টাকা রঘুনাথপুর (২) পঞ্চায়েত প্রধান সরাসরি চেকে নিয়ে যাচ্ছে, কিন্তু সেখানে পঞ্চায়েত সমিতি আছে তারা জানতে পারল না। এটাকে রাজনীতি ছাড়া কি বলা

যাবে? এই উদাহরণটা যদি সঠিক হয়, তাহলে একে রাজনীতির আখড়া ছাড়া আর কি বলা যাবে? আপনারা দুর্নীতিকে কিভাবে প্রশ্রয় দিচ্ছেন, সে সম্বন্ধে আমাদের মাননীয় সদস্য সঞ্জীবরাবু বলছিলেন যে, একটা জেলা পরিষদ সরকারের কাছ থেকে কোটি টাকা পাচ্ছে, সেগুলোর ব্যয় কিভাবে হবে? সেই ব্যয়টা সঠিকভাবে হচ্ছে কিনা তার মূল্যায়ন হবে না, তার অডিট হবে না? টাকাগুলো কি হরিলুঠ (এই সময়ে লাল আলো জ্বলতে দেখা যায়) হবে? এটা তো কখনই মেনে নেওয়া যায় না। সুতী ব্লকে হাড়োয়ার প্রাক্তন প্রধান কোন কারণে অ্যারেস্ট হয়েছিল? নূরপুর, সুতী-১-এর প্রধানের ব্যাপারে খোঁজ নিয়ে দেখবেন। চব্বিশ পরগনার রায়দিঘীতে একটা গ্রাম পঞ্চায়েতে সাড়ে চোদ্দ লক্ষ টাকা তছরূপ হয়েছে। একে আপনি দুর্নীতি বলবেন না? এর চেয়ে বড় দুর্নীতি আর কি আছে?

(এই সময়ে মাইক অফ হয়ে যায়)

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট প্লেস করেছেন, আমি সেই ব্যয় বরাদ্দের বিরোধিতা করছি। আমি বিরোধিতা করছি এই কারণে যে, আমাদের আনা যে কাট মোশনগুলো আমরা দিই, সেগুলো আপনারা গ্রহণ করেন না, নর্মালি একদিনও গ্রহণ করেন না। আমরা কিছু সাজেসন দিই। সেগুলো যখন নেন না, তার ফলে বিরোধিতা একটা এসে যায়। গ্রাম পঞ্চায়েতের ব্যাপারে সরকার পক্ষের লোকেরা ঢাক পেটাচ্ছেন যে আপনারা নির্বাচন করেছেন। হ্যাঁ, নির্বাচন আপনারা করেছেন। এইজন্য আপনারা নিশ্চয়ই প্রশংসা দাবি করতে পারেন। আমরাও প্রশংসা করছি। কিন্তু স্বাভাবিকভাবে পঞ্চায়েতের গোটা ক্রেডিট বামফ্রন্ট সরকার যদি নেবার চেষ্টা করেন, সেটা ঠিক নয়। পঞ্চায়েতি ব্যবস্থা আমাদের দেশে কংগ্রেসও আনেনি, সি. পি. এম.ও আনেনি। বৈদিক যুগ থেকে এটা দু'হাজার বছরের ইতিহাস, বেদ, রামায়ণের মধ্যে এই কথা বলা আছে। এই কথা স্বাধীনতা যুদ্ধের লড়াইয়ের সময়ে মহাত্মা গান্ধী মানুষের কাছে বলেছিলেন। আপনারা জানেন, এটা আমাদের দেশের ঐতিহ্যের সঙ্গে ধারাবাহিকভাবে চলে আসছে। মহাত্মাজী বলেছিলেন, দেয়ার কুড্ বি নো পূর্ণ স্বরাজ উইদাউট গ্রাম পঞ্চায়েত। আমাদের গ্রামীণ স্বরাজ না হলে পূর্ণ স্বরাজ আসবে না। এই কথা গান্ধীজী বলেছিলেন। এটাকে সামনে রেখে বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে আমাদের লড়াই হয়েছিল। এর পরবর্তী সময়ে আর্টিকেল ৪০ আমাদের সংবিধানের মধ্যে ইনকর্পোরেটেড হয়েছিল। এটা কংগ্রেসিরাই করেছিল, কংগ্রেসের উদ্যোগ ছিল এর পিছনে। এটা ডাইরেকটিভ প্রিন্সিপলস্ অফ স্টেটস-এর মধ্যে ইনকর্পোরেট করা হয়েছে।

আজকে যে পঞ্চায়েত ব্যবস্থা চলছে তাতে নিঃসন্দেহে বলা যায় একটা একপেশি ব্যবস্থার মধ্যে চলে গেছে, পঞ্চায়েত ব্যবস্থাটা নিশ্চয় খারাপ ব্যবস্থা নয়, কিন্তু আজকে যে অবস্থায় চলে গেছে সেই সম্পর্কে একটু আগেই মাননীয় আমাদের বন্ধু প্রফেসার দাস বলেছেন। আমার প্রশ্ন এর থেকে আপনি ওকে রক্ষা করবেন কি করে? আমি আগেও এর দুর্নীতি এবং রাজনীতি সম্পর্কে বলেছি, পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে রাজনীতি ভীষণভাবে ঢুকে গেছে। আই. আর. ডি. পি.র থেকে একটা সাহায্য আসে এবং তারজন্য সার্ভে লিস্ট করা হয়। এই সার্ভে লিস্ট করা হয় প্রকৃত দরিদ্র শ্রেণীর নিরুপণ করার জন্যে। কিন্তু সেখানে

আমরা দেখছি বহু বাড়িতে যারা সরকারি চাকুরি করে, ভাল অবস্থা, রাজনীতির দোহাই দিয়ে ঐসব সার্ভে লিস্ট করে ৬-৭ বছর ধরে আই. আর. ডি. পি.র টাকা পেয়ে যাচ্ছে। অথচ যারা প্রকৃত দরিদ্র শ্রেণীর মানুষ তারা আই. আর. ডি. পি.র লোন পাচ্ছে না। যেহেতু একপেশি রাজনৈতিক দোষে দুষ্ট সেই কারণে আমি আপনার প্রোটেকশন চাইছি। সাধারণ মানুষের পক্ষ থেকে এবং এই প্রোটেকশন আপনি করে দেবেন জানি না। এর সঙ্গে সঙ্গে আরেকটা কথা বলব রাজীব গান্ধী যেটা চেয়েছিলেন যে টাকা সরাসরি আসবে ডি. এমের কাছে এবং ডি. এম.এর মাধ্যমে পঞ্চায়েতে যাবে এবং অডিট হবে। অডিট সংক্রান্ত ব্যাপারে প্রথমেই মাননীয় সদস্য সঞ্জীববাবু বলেছেন, আমি আর তা বলছি না। কিন্তু এটা একটা লজ্জার ব্যাপার এবং এর কি পরিণাম আমরা জানি না। কয়েকদিন আগে মুখ্যমন্ত্রী সংবাদপত্রে বিবৃতি দিয়েছেন যে, কোনও অবস্থাতেই ডাইরেক্টলি টাকা দেওয়া যাবে না, রাজ্যের মাধ্যমে দিতে হবে। আজকে মাননীয় মন্ত্রী তার বাজেট বিতর্কে অংশগ্রহণ করে এর উত্তর দেবেন। আজকে যদি সরাসরি ডি.এম.এর কাছে টাকা তুলে দেওয়া হত, রাজীব গান্ধী যেটা বলেছিলেন, ডি. এম.এর সুপার কন্ট্রোল থাকলে তাহলে মোর টু দি পিপল করা যেত। ডি. এম. যদি সরাসরি পঞ্চায়েতকে টাকা দিত তাহলে তারা কাজ করত। কিন্তু এখানে কি হচ্ছে। সরকারের মাধ্যমে ফিল্টারাইজেশন হয়ে আসবে। জেলা পরিষদে আসবে সরকারের মাধ্যমে তারপরে পঞ্চায়েত সমিতিতে আসবে। এবং তারপরে গ্রাম পঞ্চায়েতে আসবে। আজকে গ্রাম পঞ্চায়েতে সচিব সমস্ত বিল পেমেন্ট করবেন কিন্তু আমরা তা দেখতে পাই না। সেখানে পঞ্চায়েত প্রধানকে রাজনীতির উর্দ্ধে থাকা উচিত, কিন্তু তা হচ্ছে না। পঞ্চায়েত প্রধানের হাতে কোনওভাবেই ৫০০ টাকার বেশি থাকা উচিত নয়, সেখানে আমরা দেখছি হাজার হাজার টাকা পঞ্চায়েত প্রধানের হাতে এবং ওই টাকা দিয়ে তিনি সুদও খাটাচ্ছেন। আমি এই ব্যাপারে আপনার হস্তক্ষেপ দাবি করছি। সেখানে পার্টিকুলারলি যে কোনও পার্টিই হোক না কেন এই ব্যাপারে আপনার একটা বিশেষ ব্যবস্থা নেওয়া উচিত এবং একটা আইনগত বাধ্যতামূলক ব্যবস্থা নেওয়া দরকার। সরকারি অফিসারের মাধ্যমে যাতে এই কাজটা হয় সেইদিকে আপনাকে দেখতে হবে। পঞ্চায়েত প্রধানরা পলিটিক্যালি প্রেসার পেয়ে থাকেন এবং যার ফলে বাধ্য হয়ে অনেক সময়ে দুর্নীতিগ্রস্ত হয়ে পড়েন। সুতরাং আইনগত প্রোটেকশন আপনাকে নিতে হবে।

এই প্রসঙ্গে আমি একটি স্পেশিফিক ঘটনার কথা উল্লেখ করছি। দক্ষিণ ২৪ পরগনার মৌখালি খাল কাটার ব্যাপক দুর্নীতি হয়। সেখানে আর. এস. পি. জেলা পরিষদের সদস্য অভিযোগ করেছেন যে চরম দুর্নীতি হয়েছে। ৭৯ লক্ষ টাকার প্রজেক্ট নিয়ে দুর্নীতি হয়েছে। আর. এস. পি.র জেলা পরিষদের সদস্যার নাম অঞ্জলি সর্দার, তিনি জেলা পরিষদের সভাধিপতিকে বলেছেন ২১ লক্ষ টাকা যে খরচ হয়নি, সেটা উদ্ধারের জন্য তদন্ত করতে বলেছিলেন। কিন্তু কিছু হয়নি, সেখানে পঞ্চায়েত সমিতির প্রধান এবং বি. এল. আর. ও.-র সই পর্যন্ত নকল করা হয়েছে। ওই আর. এস. পি. সদস্যদের নাম আমার কাছে কাগজে লেখা আছে, পেপার কাটিং আমার কাছে আছে। তিনি দাবি করছেন যে, এই যে লক্ষ লক্ষ টাকা তছরূপ হয়েছে তা বেনিফিসিয়ারি কমিটির কেউ জানেন না, এবং কেমন করে খাল কাটা হল সেটাও কেউ জানেন না।

[4-20—4-30 P.M.]

একই খাল দুইবার করে কাটা হচ্ছে, একই পয়সা দুইবার করে দেখানো হচ্ছে। এইভাবে দুর্নীতি হচ্ছে দক্ষিণ ২৪ পরগনার বারুইপুর পঞ্চায়েত সমিতিতে। যেখানে নিয়ম হচ্ছে, ৯০ দিনের মধ্যে পঞ্চায়েত সমিতিতে মিটিং ডাকতে হবে, সেখানে ১ বছরেও বারুইপুর পঞ্চায়েত সমিতিতে মিটিং ডাকেনি। যে স্থায়ী সমিতি আছে, তারা কি কাজ করছে, আমাদের কিছু জানার অবকাশ নেই। কাজ হয়ে যাচ্ছে, তারপরে আমরা জানতে পারছি। আমি আরো স্পেশিফিক উদাহরণ দেব। সেটা হচ্ছে, বৃন্দাখালি গ্রাম পঞ্চায়েত, বারুইপুর পঞ্চায়েত সমিতির আন্ডারে। সেখানে একটিও ইন্দিরা আবাসন প্রকল্পে বাড়ি হয়নি। আমি দায়িত্ব নিয়ে বলছি এবং ইউটিলাইজেশন সার্টিফিকেট দিয়ে দিয়েছেন, কমপ্লিশন সার্টিফিকেট দিয়েছে। বারুইপুরের পঞ্চায়েত সমিতির সভাপতিকে সেখানে ঢুকতে দেওয়া হয়নি। সরকারের সাব অ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ারকে সেখানে ঢুকতে দেওয়া হয়নি। রামনগর সেখানেও খাল কাটার টাকা অন্য খাতে ব্যয় হয়েছে।

(এই সময় মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)

**শ্রী মহঃ হান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী আজকে যে ব্যয়বরাদ্দ সভায় পেশ করেছেন তা আমি পূর্ণ সমর্থন করছি এবং আমাদের বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করছি। আমাদের বিরোধী বন্ধুরা তাদের বক্তব্যের মাধ্যমে আমাদের পঞ্চায়েত রাজের কথা তারা খুব একটা বিরোধিতা করেননি। তাদের বক্তব্যের মধ্যে একটি কথাই বার বার বেরিয়ে এসেছে, মহাত্মা গান্ধীর স্বপ্ন এই পঞ্চায়েত রাজের ব্যবস্থায় তৈরি করার কথা। তাদের ধন্যবাদ জানাচ্ছি, ১৯৫৭ সালে আমাদের বিরোধী বন্ধুরা তৎকালীন কংগ্রেসি মন্ত্রিসভা পঞ্চায়েত বিল তৈরি করেছিলেন। '৫৮ সালে জেলা পরিষদ-এর বিল তৈরি করেছিলেন, '৬৩ সালে তারা নির্বাচন করেছিলেন। ৫ বছর লেগে গেল মহাত্মা গান্ধীর স্বপ্ন এবং তার আদর্শকে কাজে লাগাতে। '৬৩ সালের পর থেকে আমাদের বিরোধী বন্ধুরা, '৭৭ সাল পর্যন্ত নির্বাচন করেননি। শুধু একটাই কারণে সেটা হচ্ছে, ভারতবর্ষের জনগণকে তারা মর্যাদা দেননি। তারা নির্বাচনকে ভয় করেন। পঞ্চায়েতের মাধ্যমে ভারতবর্ষের তারা উন্নতি চান না। শুধু মহাত্মা গান্ধীর কথা তারা মুখে বলেন। আমরা '৭৮ সালে পঞ্চায়েত নির্বাচনের মধ্যে দিয়ে কি করেছি বলব। এখন পর্যন্ত পঞ্চায়েতের মাধ্যমে গ্রাম বাংলায় রাস্তাঘাট থেকে শুরু করে পানীয় জল বিদ্যুৎ, বন সৃজন স্বনির্ভরশীল প্রকল্প মৎস্য চাষ গরিব কৃষকদের বর্গাদারদের পাট্টা দেওয়া, বিভিন্ন ধরনের ঋণ প্রদানের মাধ্যমে পশ্চিমবঙ্গের বুকে বামফ্রন্ট সরকার যে পঞ্চায়েতি ব্যবস্থা চালু করেছে, ভারতবর্ষের ইতিহাসে তা নজির বিহীন। শুধু পশ্চিমবঙ্গের মানুষ এই কথা স্বীকার করে না তাই নয়, ভারতবর্ষের প্রত্যেকটি প্রদেশের মানুষ এই কথা স্বীকার করে। তৎকালীন ভারতবর্ষের প্রধানমন্ত্রী আমাদের বিরোধী দলের বন্ধুদের নেতা প্রয়াত রাজীব গান্ধী মহাশয় আমাদের পশ্চিমবাংলার এই পঞ্চায়েতি ব্যবস্থাপনা দেখে বড় বড় করে সার্টিফিকেট দিয়েছিলেন।

এতবড় প্রশংসা তিনি করেছিলেন, আমাদের বিরোধী দলের বন্ধুরা বোধহয় সেটা ভুলে গেছেন। আমি যেটা বলতে চাই, আমরা কাজ করব পঞ্চায়েত রাজ্যের মাধ্যমে, পঞ্চায়েত

ব্যবস্থার মাধ্যমে আমরা পশ্চিমবাংলার মানুষকে সম্পূর্ণভাবে পুরোপুরিভাবে কাজের সুফল দিয়েছি, মানুষকে মর্যাদা দিয়েছি, পঞ্চায়েত সম্পর্কে মানুষের ধ্যানধারণা এনে দিয়েছি, পশ্চিমবাংলার মানুষ পঞ্চায়েত সম্পর্কে সচেতন। একজন বিরোধী বন্ধু বললেন পঞ্চায়েতে তালা লাগানো হবে। পশ্চিমবঙ্গের মানুষ এত সচেতন, যদি কেউ পঞ্চায়েতে তালা লাগাতে যায়, তাহলে তার অবস্থা দূরাবস্থা হয়ে যাবে। এটাই হচ্ছে বামফ্রন্টের বিরাট সাফল্য। দ্বিতীয়ত ভূমি সংস্কারের কথা আমরা বার বার বলছি, পঞ্চায়েতের মাধ্যমে ভূমি সংস্কারের মাধ্যমে পঞ্চায়েত ব্যবস্থা উন্নতি করা হয়েছে। ভূমি সংস্কার করতে গিয়ে সেচের ব্যবস্থা, বিদ্যুতের ব্যবস্থা, কৃষকের সার, কৃষককে উন্নতমানের বীজ সমস্ত ব্যবস্থা পঞ্চায়েতের মধ্যে দিয়ে আমাদের পশ্চিমবাংলায় ৭৮ সাল থেকে এখনো পর্যন্ত ধারাবাহিকভাবে চলে এসেছে। শুধু তাই নয়, গ্রাম বাংলার মানুষরা তাদের মান কিভাবে উন্নতি করা যায় তার জন্য—মন্ত্রী মহাশয় এখানে আছে,—আমাদের বামফ্রন্ট মন্ত্রিসভা চিন্তাভাবনা করছেন। এর পরেও আমাদের বিরোধী বন্ধু দুর্নীতি প্রসঙ্গে বলেছেন। আমাদের পঞ্চায়েত ব্যবস্থায় সবটাই যে একদম দুর্নীতিমুক্ত হয়ে গেছে এটা আমরা বলছি না। কাজকর্ম করতে গিয়ে ভুলত্রুটি থাকতেই পারে। সেই ভুলগুলো কাজের মধ্যে দিয়ে, অভিজ্ঞতার মধ্যে দিয়ে সংশোধন করতে হবে, এটাই আমাদের লক্ষ্য, আমাদের কাজ। আমার রামপুরহাট দুই নম্বর পঞ্চায়েত সমিতি বামফ্রন্টের দখলে ছিল। সেখানে পজিশন ছিল ১২ কংগ্রেস এবং ১৩ বামফ্রন্ট। কিন্তু কংগ্রেসি বন্ধুরা আমাদের একজন পঞ্চায়েত সদস্য কিডনাপিং করে ক্ষমতা দখল করেছে। সেই ক্ষমতা দখল করার পর পঞ্চায়েত সমিতি নিয়মনীতিকে সামনে রেখে কাজকর্ম করবে এই ধরনের প্রতিশ্রুতি এলাকার মানুষের কাছে দিয়েছিল। আমাদের রামপুরহাট বিধানসভার পাশে হাসন বিধানসভা কেন্দ্রে, যেখানকার কংগ্রেসি বিধায়ক অসিত মাল, সেখানে একটি পঞ্চায়েতে সমিতিতে মাস্টার রোলে প্র্যাকটিক্যাল কোনও কাজকর্ম হচ্ছে না, লক্ষ লক্ষ টাকা পঞ্চায়েত সমিতিকে দেওয়া হচ্ছে, কিন্তু কোনও কাজকর্ম হচ্ছে না। মানুষ এই কাজের প্রতিবাদ করছে, কিন্তু তারা ভয়ে মুখ খুলতে পারছে না, মুখ খুললে যদি খুন হয়ে যায়। এই কথা বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে এবং বিরোধী দলের ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-30—4-40 P.M.]

**শ্রী গৌতম চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় পঞ্চায়েতের উপর যে বাজেট পেশ করেছেন আমি তার তীব্র বিরোধিতা করছি এবং কংগ্রেস দলের পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য রাখার চেষ্টা করছি। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন সিদ্ধার্থশঙ্কর রায়ের মন্ত্রী সভার আমলে তদানীন্তন পঞ্চায়েত মন্ত্রী মাননীয় সুব্রত মুখার্জি—আজকের পঞ্চায়েতের যে বিল সেই বিল তিনি ১৯৭৩ সালে এনেছিলেন। পরবর্তীকালে দীর্ঘ ২৩ বছর পর পশ্চিমবঙ্গের রাজনৈতিক পটভূমি চেঞ্জ হয়েছে। ইকনমিক্যাল পটভূমি পশ্চিমবঙ্গে চেঞ্জ হয়েছে। ১৯৭৩ সালের সেই আইনকে শুধুমাত্র কিছু অ্যাডিশন, কিছু অল্টারেশন করে গতানুগতিকভাবে চালানোর চেষ্টা করা হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই কথা বলতে চাই যে, পঞ্চায়েতের উপর টোটাল একটা কমপ্রিহেনসিভ বিল আনা হোক। সমস্ত দলের সদস্যরা এর উপর আলোচনা করুন এবং আজকে একটা কথা বার বার করে বলা হচ্ছে যে শুধু পশ্চিমবঙ্গ বলে নয়।

সারা ভারতবর্ষের উন্নয়নের জন্য পঞ্চায়েতের উপর বিরাট দায়িত্ব দেওয়া হয়েছে। আজকে মাননীয় মন্ত্রী মহাশয়, আমাদের কাছে যে বাজেট পেশ করেছেন সেই বাজেটের মধ্যে বড় গলা করে বলেছেন গ্রামের উন্নয়নের জন্য যে টাকা খরচা করা হয় তার ৫০ পারসেন্ট টাকা থ্রু পঞ্চায়েত খরচা করা হয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই জওহর রোজগার যোজনা প্রকল্পে যে বিভিন্ন প্রকল্প নেওয়া হয়েছে তাতে কত পারসেন্ট টাকা পশ্চিমবঙ্গ সরকার দিচ্ছেন? পশ্চিমবঙ্গ সরকার কোথাও ২০ পারসেন্ট কোথাও ২৫ পারসেন্ট টাকা দিচ্ছেন, আর বাকি ৭৫ পারসেন্ট বা ৮০ পারসেন্ট টাকা কেন্দ্রীয় সরকার দিচ্ছেন। এ যেন পরের ধনে পোদ্দারি মারার মতো ব্যাপার। আপনারা, কেন্দ্রীয় যোজনা ইন্দিরা আবাস প্রকল্প পশ্চিমবঙ্গের এমন কোনও গ্রামে দেখাতে পারবেন না যেখানে বড় বড় বাড়ি ঘর এলাকায় আছে। ইন্দিরা আবাস যোজনায় সেখানে ইন্দিরার নাম তুলে দেওয়া হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার কাছে বিনীতভাবে বলতে চাই জওহর রোজগার যোজনা প্রকল্প কেন্দ্রীয় সরকারের। এই যোজনার মধ্যে দিয়ে যখন স্লাম পিরিয়ড যায়, যখন গ্রামের মানুষ কিছু কাজ পান না, সেই সময়ে যাতে অ্যাসিওরড মিনিমাম ১০০ দিন গ্রামের মানুষ কাজ পান তার জন্য জওহর রোজগার যোজনা প্রকল্প করা হয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই জওহর রোজগার যোজনা প্রকল্প পশ্চিমবঙ্গ টোটাল ফার্স্ট হয়েছে। আমার বিধানসভা কেন্দ্র ইংলিশবাজারে বিভিন্ন গ্রাম থেকে, প্রত্যন্ত গ্রাম থেকে ১০-১২ কিলোমিটার রাস্তা সাইকেল, রিকশা, ভ্যান নিয়ে গ্রামের মানুষরা আসছেন।

গ্রামের মানুষ যারা আসছে, দৈনিক মজুরি কত পাচ্ছে তারা? সমস্ত খরচ-খরচা বাদ দিয়ে ১৫-২০ টাকর বেশি থাকে না। কলকাতা মহানগরীর প্রান্তে প্রান্তে আজকে বস্তির সংখ্যা বাড়ছে কেন? মাননীয় মন্ত্রী মহাশয়কে খোঁজ নিতে অনুরোধ করছি। গ্রামের ক্ষেত-মজুর, কৃষক যারা কাজ পায় না, তারা কলকাতা মহানগরী ও তার শহরতলীতে ভিড় করছে কাজের আশায়। এখানে এসে যখন রুজি-রোজগার হয় না, তখন তারা বিভিন্ন অসামাজিক কাজকর্মের মধ্যে লিপ্ত হয়ে যায়। আর একটি কথা বলতে চাই, জেলায় আজকে সভাধিপতি ও কর্মাধ্যক্ষ ছাড়া কারও কোনও ক্ষমতা নেই। জেলার সভাধিপতির উপর ভিজিলেন্স করার ক্ষমতা কারো নেই। মালদা জেলার সভাধিপতির উক্তি আমি জানি। তিনি গর্বের সাথে বলেছেন, আমি মন্ত্রীর থেকেও বড়, আমার উপর কেউ নেই, আমার উপর ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটও নেই। জেলার টাকা তিনি খরচ করছেন সমস্ত, ডিসবার্স করছেন, কাউকে জবাবদিহি করবার নেই। বলছেন গ্রাম বাংলার ৫০ পারসেন্ট উন্নতি পঞ্চায়েতের মাধ্যমে করবেন। কিন্তু পঞ্চায়েত প্রধানদের কাজের উপর ভিজিলেন্স করার ব্যবস্থা রাখেননি। পঞ্চায়েত প্রধানের আন্ডারে থাকেন একজন সেক্রেটারি এবং অ্যাসিস্ট্যান্ট—তাদের মাথায় চড়ে তিনি ডুগডুগি বাজান, ও একটার পর একটা করাপশন করে যান। মালদা জেলায় ১১টি সিটের মধ্যে বামফ্রন্ট পেয়েছে মাত্র তিনটি। কোনও কমিশন করার দরকার নেই, কোনও ভিজিলেন্স করার দরকার নেই—মালদা জেলায় ১৩৬টি অঞ্চল আছে, সেইসব অঞ্চলে আপনাদের পার্টির ক্যাডারদের পাঠিয়ে দিন, দেখবেন কি হয়েছে। বিশাল সুন্দর একটা বাড়ি দেখে যদি জিজ্ঞেস করে এটা কার বাড়ি, সেখানকার লোক বলে দেবে, এটা মার্কসবাদী সেই পঞ্চায়েত প্রধানের বাড়ি। ওটা কার বাড়ি? জেলা সভাধিপতির বাড়ি, মার্কসবাদী কমিউনিস্ট পার্টি করেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের

কাছে আবেদন করছি, এই যে ৫০ পারসেন্ট টাকা খরচ হবে পঞ্চায়েতের মাধ্যমে, সেখানে এমন একটা ব্যবস্থা অবলম্বন করুন, যাতে মানুষের কাছে সেই টাকা পৌঁছায়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা, যারা এই বিধানসভা, আইন সভার সদস্য, আমরাই আইন করে পঞ্চায়েতের উপর বেশি দায়িত্ব দিয়েছি, ক্ষমতা দিয়েছি। পরিষ্কারভাবে জেনে রাখুন, এটা সেই পৌরাণিক যুগের ইঁদুরের গল্পের মতো হল—একটা ইঁদুর যখন বেড়ালের ভয়ে ঋষিকে বলল, বেড়াল হয়ে গেল, তারপর বাঘ হল। সেই বাঘ এখন আমাদের খাওয়ার চেষ্টা করছে। যখন তাদের বলা হয় একটা টিউব ওয়েল দিন, তারা আমাদের থাম দেখিয়ে দেন।

[4-40—4-50 P.M.]

যখন পঞ্চায়েত প্রধানকে বলি, একটা রাস্তা দিন, অমুকের ঘরে ছাওয়া নেই, তার ব্যবস্থা করুন—তখন তিনি তাতে কোনও কর্ণপাত করেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যাদেরকে বলিয়ান করা হল, ক্ষমতা দেওয়া হল তাঁরা কথা রাখছেন না, এটা হতে পারে না। তাই আমি এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনের সমর্থনে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় সূর্যকান্ত মিশ্র মহাশয় যে বাজেট পেশ করেছেন আমি তার সমর্থনে এবং কংগ্রেস আনীত কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শুরু করছি। স্যার, আমি আমার বক্তব্য একটা গল্প দিয়ে শুরু করছি। আকাশে যখন শকুন ওড়ে তখন তার নজর থাকে ভাগাড়ের দিকে। তাকে প্রথমে যখন জিজ্ঞাসা করা হয় সে কি দেখছে, সে বলে ভাগাড় দেখতে পাচ্ছে। তাকে পুনরায় জিজ্ঞাসা করা হয়, এটা ছাড়া সে কি দেখতে পাচ্ছে, শকুন বলে, সে ভাগাড় ছাড়া আর কিছুই দেখতে পাচ্ছে না। আমাদের কংগ্রেসি বন্ধুরাও পঞ্চায়েতে শুধু দুর্নীতি ছাড়া আর কিছুই দেখতে পেলেন না। কেন্দ্রের পূর্বতন কংগ্রেস সরকার, নরসীমা রাওয়ের আমলে তারা নানা রকম দুর্নীতির মধ্যে জড়িয়ে পড়েছেন। আজকে সুপ্রিম কোর্ট তাকে নাকে দড়ি দিয়ে ঘোরাচ্ছে। গ্রামে পঞ্চায়েতের মাধ্যমে আজকে রাস্তা-ঘাটের উন্নয়ন হচ্ছে, ভূমিহীন কৃষকদের ভূমি বন্টন করা হচ্ছে, জমি দেবার পর কৃষকদের হাতে বিনামূল্যে সার, মিনিকিট, কৃষি সরঞ্জাম দেওয়া হচ্ছে। এবং এর মধ্যে দিয়ে আজকে গ্রামের অর্থনৈতিক উন্নতি হচ্ছে। আমার আগে দেখতাম গ্রামের মানুষ খেতে না পেয়ে অন্যত্র কাজের জন্য চলে যেত। বালি তোলার পর তাদের খালি হাতে ফিরে যেতে হয়েছে, মজুরি পায়নি। আজকে গ্রামের কৃষির উন্নতি হয়েছে, অন্যত্র যেতে হয় না। এটাই আজকে ওঁদের সহ্য হচ্ছে না। তাই আজকে ওঁদের কাছে পঞ্চায়েত চক্ষুশূল হয়ে যাচ্ছে। আমাদের প্রবীণ সদস্য হাবিবুরবাবু বলেছেন, কেন্দ্র টাকা দিচ্ছে। কিন্তু কেন্দ্রীয় সরকার এই টাকা পাচ্ছে কোথা থেকে? রাজ্য সরকারের পক্ষ থেকে এই টাকা কালেকশন হয়ে সেখানে যাচ্ছে। কিন্তু কেন্দ্রীয় সরকার এই টাকা আমাদের ঠিক মতো ফিরিয়ে দিচ্ছে না। আমরা আমাদের পাওনা টাকা আদায় করার চেষ্টা করছি। মাননীয় সদস্য তিমিরবাবু একটা কথা মেনশনে নিয়ে এসেছিলেন, বেলডাঙায় আই. আর. ডি. পি., ডি. আর. ডি. পি. এ.-এর টাকা চুরি হচ্ছে, আত্মসাৎ হচ্ছে—এই হচ্ছে কংগ্রেসের অবস্থা। নিজেদের অবস্থাটা আজকে তাঁরা অপরের দিকে ঘুরিয়ে দেবার চেষ্টা

করছেন। আরেকজন সদস্য বললেন, সমস্ত টাকা নাকি পঞ্চায়েতের হাতে থাকছে। অর্থাৎ ক্যাশ। এটা ঠিক নয়। ক্যাশ ইন হ্যান্ড ২৫০ টাকা থাকে বাকি টাকা ব্যাঙ্কে থাকে। সেখানে জয়েন্ট অপারেটর থাকে। না থাকলে থার্ড অপারেটরের মাধ্যমেও টাকা তোলা হয়। পঞ্চায়েতে হিসাবনিকাশ করা হয়, বাজেট পেশ করা হয়, পরিকল্পনা গ্রহণ করা হয়, কোনও কোনও খাতে কত টাকা খরচ করা হবে সেটা ঠিক করা হয়। জব-অ্যাসিস্টেন্টের মাধ্যমে টাকা খরচ করা হয়। মেম্বাররা সবাই মিলে পরিকল্পনা করেন, প্ল্যান এস্টিমেট সাবমিট করেন—তার মাধ্যমে কাজ হয়। প্রধানদের হাতে আইন অনুযায়ী ২৫০ টাকা থাকে। তার বাইরে ক্যাস ইন হ্যান্ড থাকে না। একজন মাননীয় সদস্য বলেছেন, পঞ্চায়েতে নিয়মিত অডিট হয় না।

অডিট হয়, প্রতিটি করার পদ্ধতি আছে, কিন্তু তাকে আরও জোরদার করার প্রয়োজন আছে। শুধু সরকারি অডিটই হয় না, আমাদের বামফ্রন্ট পরিচালিত পঞ্চায়েতগুলির ক্ষেত্রে পার্টির পক্ষ থেকেও অডিট করা হয়, বামফ্রন্টের পক্ষ থেকে অডিট করা হয়। কোথাও কোনও বেনিয়ম হলে ব্যবস্থা নেওয়া হয়। আমরা জানি রক্ত-মাংসের সাধারণ মানুষ সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে লোভ-লালসার শিকার হয়ে পড়তেই পারেন। কিন্তু বামফ্রন্টের কোনও শরিক দলের কোনও পঞ্চায়েত প্রধানের ক্ষেত্রে সে রকম কিছু ঘটলে বামফ্রন্টের তরফ থেকে তাঁকে রেহাই দেওয়া হয় না। তার বিরুদ্ধে যথাযথ শাস্তির ব্যবস্থা করা হয়। কংগ্রেসের মধ্যে সেই ব্যবস্থা নেই বলেই গোটা দলটা আজকে দুর্নীতির মধ্যে জড়িয়ে পড়েছে। ১৯৭২-৭৩ সালের সেই ভুষি কেলেঙ্কারি থেকে শুরু করে আজকে নরসিমা রাও-এর বিভিন্ন রকম দুর্নীতি পর্যন্ত তারই ফল। কংগ্রেস এই রাজ্যে ১৪ বছর ধরে পঞ্চায়েতে কোনও নির্বাচন করেনি। ওঁদের সময়ে পঞ্চায়েতগুলো সব একটা বাস্তু-ঘুঘুর বাসায় পরিণত হয়েছিল। একটু আগেই মাননীয় রাষ্ট্রমন্ত্রী কমলেন্দু সান্যাল মহাশয় বলেছেন,—আইন ওঁদের আমলে হয়েছিল ঠিকই, কিন্তু আইনকে ওঁরা কোনওদিন কার্যকর করেননি। কি ভূমি সংস্কার আইন, কি পঞ্চায়েত আইন—ওঁরা তৈরি করার পর আর তা রূপায়িত করেননি। ওঁদের করা আইন আমরা প্রয়োগ করছি। ওঁরা মুখে গান্ধীজীর কথা বলেন। অথচ গান্ধীজীর আদর্শ মেনে ওঁরা পঞ্চায়েত ব্যবস্থা চালু করে যাননি। গ্রামের সাধারণ মানুষের হাতে ক্ষমতা তুলে দেওয়ার কথা ওঁরা মুখেই বলেন, কার্যত ওঁরা তা চান না। স্যার, এই বিধানসভায় যেমন পাবলিক অ্যাকাউন্টস কমিটি আছে এবং বিরোধী দলের একজন সদস্য তার চেয়ারম্যান, তেমন জেলা পরিষদের ক্ষেত্রেও বিরোধী দলের সদস্যকে চেয়ারম্যান করে কমিটি করা হয়েছে জেলা পরিষদের সমস্ত হিসাব-নিকাশ পরীক্ষা করার জন্য। দুর্ভাগ্যক্রমে বর্ধমান জেলাসহ কয়েকটি জেলায় জেলা পরিষদে কংগ্রেসের কোনও সদস্য নির্বাচিত হতে পারেননি। ফলে সেখানে ওঁদের সেই সুযোগ দেওয়া সম্ভব হয়নি। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে, এম. এল. এ.রাও জনপ্রতিনিধি, তাঁরাও দেড় লক্ষ, দু' লক্ষ মানুষের প্রতিনিধিত্ব করেন, এলাকার উন্নয়নের স্বার্থে পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদে তাদের মতামত পেশ করার সুযোগ থাকা উচিত। বিশেষ করে প্ল্যানিং-এর ক্ষেত্রে তাঁদের মতামত যাতে গুরুত্ব পেতে পারে সে বিষয়টা মাননীয় মন্ত্রী মহাশয়ের একটু বিবেচনা করা উচিত বলে আমি মনে করি। বর্তমানে আমরা দেখছি ডি. পি. সি. সি., ডি. পি. পি.র মিটিং-এ পরিকল্পনাগুলো আসে সেগুলো শুধু মাত্র টেবিলে প্লেস করা হয়, এম. এল. এ.দের সেখানে কোনও কিছু বলার

কোনও সুযোগ থাকে না। এলাকার উন্নয়ন সম্পর্কে, এলাকার উন্নয়নের পরিকল্পনা সম্পর্কে তাঁদের কোনও বক্তব্যই পঞ্চায়েত সমিতি বা জেলা পরিষদে পেশ করার সুযোগ হয় না। এম. এল. এ.রা যাতে সেই সুযোগ পেতে পারেন, সেদিকে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে একটু নজর দিতে অনুরোধ করছি। আমরা দেখছি আদায়কারীসহ অন্যান্য অনেক কর্মচারিদের এখনও স্থায়ীকরণের কোনও ব্যবস্থা হয়নি। এ বিষয়ের প্রতিও আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই প্রসঙ্গে আমি বলব যে, শুধু মাত্র সরকারি টাকায় পঞ্চায়েত চলবে, তা কখনও হতে পারে না। পঞ্চায়েতকে নিজস্ব ইনকাম সোর্স বাড়াতে হবে। বনসৃজন এবং অন্যান্য পরিকল্পনার মধ্যে দিয়ে নিজস্ব ইনকামের ব্যবস্থা গড়ে তুলতে হবে। নিজস্ব সেই ইনকাম তারা উন্নয়নের কাজে ব্যয় করতে পারবেন। এই বিষয়টার দিকে একটু জোর দিতে হবে। পঞ্চায়েতের মাধ্যমে আজকে গ্রাম বাংলার অর্থনৈতিক দিক দিয়ে পিছিয়ে পড়া মানুষদের—বিশেষ করে তফসিলি জাতি এবং আদিবাসী সমম্প্রদায়ের মানুষদের ডি. আর. ডি. এ. স্কীমে অনুদান দিয়ে, অল্প সুদে ঋণ দিয়ে অর্থনৈতিক দিক দিয়ে দাঁড় করাবার চেষ্টা করা হচ্ছে। এইসব কাজ আরও যাতে বেশি করে পঞ্চায়েত করতে পারে তার জন্য পঞ্চায়েতকে আরও ক্ষমতা দেওয়ার কথা ভাবা হচ্ছে। পঞ্চায়েত-এর মাধ্যমে বিদ্যুৎ ব্যবস্থা, হাসপাতাল ইত্যাদি রক্ষণা-বেক্ষণের কথা ভাবা হচ্ছে। গ্রাম বাংলার উন্নয়নের স্বার্থে পঞ্চায়েতকে আরও গণমুখী করার জন্য নতুন নতুন উদ্যোগ গ্রহণ করা হচ্ছে, নতুন নতুন পরিকল্পনা রচনা করা হচ্ছে। ইতিমধ্যেই গ্রাম বাংলার মানুষরা বামফ্রন্ট রাজত্বে পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে অর্থনৈতিক দিক দিয়ে খানিকটা চাঙ্গা হয়েছে। গণতান্ত্রিক অধিকারের বিকেন্দ্রীকরণের যে সুযোগ বামফ্রন্ট সরকার সৃষ্টি করে গ্রামের সাধারণ মানুষদের মধ্যে ছড়িয়ে দিয়েছেন তা কংগ্রেস কোনও দিনই মানুষকে দিতে পারেনি।

[4-50—5-00 P.M.]

সেইজন্য পঞ্চায়েতের মাধ্যমে যে কাজকর্ম হচ্ছে—এটা শুধু পশ্চিমবাংলা নয়, সারা ভারতবর্ষের মানুষ পশ্চিমবাংলার দিকে তাকিয়ে আছে। প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধী পর্যন্ত আমাদের পঞ্চায়েতের কাজের প্রশংসা করে সার্টিফিকেট দিয়েছিলেন। সেইজন্য আমি পঞ্চায়েতের বাজেটকে সমর্থন করে এবং কংগ্রেসের আনীত কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সরকারি বাজেটের বিরোধিতা করে এবং আমাদের সব কটি কাট মোশনের সমর্থনে বক্তব্য রাখছি। আমার বক্তব্য রাখার আগে প্রথম কথা হচ্ছে, আমাদের যে বইটি দেওয়া হয়েছে তার উপরে লেখা আছে ডাঃ সূর্যকান্ত মিশ্রের বই আর ভিতরে সবকিছুই বনমন্ত্রীর, পঞ্চায়েতের নাম গন্ধ নেই। পঞ্চায়েতকে তুলে দিয়ে বন দপ্তরে ঠেলে দেবার জন্য বুঝি এটা করা হয়েছে? আমার মনে হয় সকলেরই প্রতিবাদ করা উচিত।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই জিনিস এই হাউসে কোনওদিনও হয়নি, কোনওদিন কেউ দেখেননি। উপরে লেখা আছে, ডাঃ সূর্যকান্ত মিশ্র, ভারপ্রাপ্ত মন্ত্রী, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের আর ভিতরে সবকিছু লেখা হয়েছে বন দপ্তরের। আমি

এটা আপনাকে দেখাচ্ছি।

**শ্রী অশোককুমার দেব ঃ** আমরা পঞ্চায়েতের পক্ষে এবং কংগ্রেস দেশে পঞ্চায়েত রাজ এনেছিল। কিন্তু বর্তমানে যে পঞ্চায়েত রাজ চলছে সেই পঞ্চায়েত রাজের আমি বিরোধিতা করি। আপনারা প্রচার করে আসছিলেন বিগত ২০ বছর ধরে যে কেন্দ্রীয় সরকার বঞ্চনা করছে, কিছুই দিচ্ছে না। এখন কেন্দ্রে আপনাদের বন্ধু সরকার এসেছে। এই বন্ধু সরকারের কাছ থেকে কতটুকু সাহায্য পাবেন সেটা আমরা দেখতে চাই। আমার বজবজ বিধানসভা কেন্দ্রে ৫টি পঞ্চায়েত আছে। কিন্তু আমরা দেখি, পঞ্চায়েতে প্রাথমিক স্কুল নেই, জলের ব্যবস্থা নেই, বাথরুম নেই। কিন্তু কেন্দ্রীয় সরকার অনেক টাকা দিয়েছেন এবং রাজ্য সরকারও ভর্তুকি দেন। কিন্তু এই সরকার কোনও কাজ করছে না। এই দপ্তরের যিনি মন্ত্রী আছেন তিনি তার দক্ষতা দেখাতে পারছেন না। আমার পাশে সাতগাছিয়া বিধানসভা কেন্দ্র, কমরেড জ্যোতি বসুর এলাকা। সেই এলাকায় ২৮ লক্ষ টাকার বিনিময়ে একটা রাস্তা কনট্রাক্ট দেওয়া হল একজন প্রাক্তন এম. এল. এ.র ছেলেকে। সেই প্রাক্তন এম. এল. এ.র ছেলে ৩ জন প্রধান, পঞ্চায়েত সমিতির সদস্য এবং জেলা পরিষদ মিলে টাকাগুলি নয়ছয় করেছে। কাজ সম্পূর্ণ হয়নি। কেন কাজ হবে না? যে হারে পঞ্চায়েত টাকা পাচ্ছে সেই হারে টাকা খরচ করতে পারছেন না। দেখা যাচ্ছে, বজবজ এলাকায় ট্রাইসেম-এর কাজ বন্ধ হয়ে পড়ে আছে। সেখানে কোনও কাজ হচ্ছে বলে মনে হয় না। আই. আর. ডি. পি. এবং ইন্দিরা আবাসন যোজনার মাধ্যমে অনেক কাজ করা যায়। কিন্তু যেখানে সি. পি. এম.এর পঞ্চায়েত সেখানে কোনও কাজ হচ্ছে না, অথচ তাদের টাকা দিচ্ছেন। কিন্তু যেখানে কংগ্রেসের পঞ্চায়েত, তারা কাজ করতে চাইছে অথচ তারা টাকা পাচ্ছে না। আপনারা সেই কংগ্রেসের পঞ্চায়েতকে টাকা দিচ্ছেন না বেশি করে।

এই প্রসঙ্গটি থাকা উচিত বলে মনে করি। আপনারা দুটি কাজ করছেন, যেখানে কংগ্রেসি পঞ্চায়েত আছে, সেখানে আপনারা টাকা দিচ্ছেন না আর যেখানে সি. পি. এম. পঞ্চায়েত আছে সেখানে টাকা দিচ্ছেন। তারা কাজ কিছু করছে না, টাকাটা নিয়ে নয় ছয় করছে। এইভাবে পঞ্চায়েতগুলো একটা দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে। আমি বলবো যে সমস্ত পঞ্চায়েতের জন্য আপনারা টাকা দিচ্ছেন, অথচ সেখানে কাজ হচ্ছে না, সেই সমস্ত পঞ্চায়েতের বিরুদ্ধে আপনারা ব্যবস্থা গ্রহণ করুন এবং সেইগুলোকে ভিজিলেন্স কমিশন দেওয়া উচিত বলে আমি মনে করি। সে আপনাদের পঞ্চায়েতই হোক বা কংগ্রেস পরিচালিত পঞ্চায়েতই হোক। গ্রামাঞ্চল থেকে যারা আসেন, তারা সকলেই জানেন আজকাল পঞ্চায়েত অফিসগুলোতে সন্ধ্যাবেলা কি চলে। পঞ্চায়েত অফিসে বসে আপনারা দলবাজী করেন। আবার কোথায় কার বিবাহ বিচ্ছেদ, কোথাও মার্ডার, এই সব ফয়সালা করা হয়। এটা কী পঞ্চায়েতের কাজ? এর ফলে দিনের পর দিন সরকারি প্রশাসন যন্ত্রকে অচল করে রেখে দেওয়া হচ্ছে। প্রশাসন বলছে পঞ্চায়েতের যা কাজ নয়, পঞ্চায়েত তাই করছে, প্রশাসনের কাজে হস্তক্ষেপ করছে। অথচ পঞ্চায়েতের যে দায়িত্ব, জলের ব্যবস্থা করা, রাস্তাঘাটের ব্যবস্থা করা, আলোর ব্যবস্থা করা, সেইগুলো তারা করছে না। স্বাভাবিকভাবেই গণ্ডগোল হচ্ছে। এই পঞ্চায়েত দপ্তর একটা গুরুত্বপূর্ণ দপ্তর। কিন্তু দেখা যাচ্ছে প্রচুর টাকা থাকা সত্ত্বেও আপনারা

খরচ করতে পারছেন না। গ্রামসভা কমিটিগুলোতে প্রতি বছর দু'বার করে হিসাব দাখিল করা দরকার, মিটিং করা দরকার, কিন্তু সেইসব কিছুই হচ্ছে না। সরকার থেকে দেওয়া একটা বইতে দেখা যাচ্ছে যে একটা বিরাট সংখ্যক পঞ্চায়েতে অডিট হয়নি, অনেক বছর পড়ে আছে, অডিট হয়নি। কেন হয়নি, এর জন্য যারা দায়ী, তাদের বিরুদ্ধে কি অ্যাকশন নেওয়া হয়েছে? যে টাকা সরকার থেকে দেওয়া হয়, সেই টাকার হিসাব যদি ঠিক মতো না দেওয়া হয়, তাহলে তো সরকার পঙ্গু হয়ে যাবে? পঞ্চায়েতগুলোর আজকে কী অবস্থা দেখুন, জল নেই, আলো নেই, রাস্তাঘাট নেই, কয়েকদিন আগে দেখলাম সুনীতিবাবু তোয়ালে পরে এসে এর প্রতিবাদ জানালেন। কেন্দ্রীয় সরকার থেকে বলা হয় যে পঞ্চায়েতের জন্য প্রচুর টাকা দেওয়া হয়, অথচ সেই টাকা পশ্চিমবাংলার পঞ্চায়েত খরচ করতে পারে না। সেই জন্য মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ দাবি উত্থাপন করেছেন, তার বিরোধিতা করে এবং আমাদের আনা কাট মোশনের সমর্থনে বক্তব্য রেখে আমি এখানেই শেষ করছি।

**শ্রী সুব্রত মুখার্জি** ঃ আপনাকে যে বইটা দেখালাম, এই সম্পর্কে আপনার মন্তব্য শুনতে চাই।

**মিঃ ডেপুটি স্পিকার** ঃ সব বই কারেক্ট আছে, কয়েকটি কপিতে কারেক্ট করা হয়নি। এটা বাঞ্ছনীয় নয়। ভবিষ্যতে মন্ত্রী মহাশয়কে বলবো, তিনি দেখবেন যাতে এগুলো কারেক্ট হয়।

**শ্রী সুকুমার দাস** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়, ডাঃ সূর্যকান্ত মিশ্র মহাশয় যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন, তার বিরোধিতা করে দু'একটি কথা বলতে চাই। পঞ্চায়েত সমিতি বা গ্রাম উন্নয়ন বা পঞ্চায়েত দপ্তর সম্পর্কে বক্তৃতা দিতে গিয়ে যেটা বলতে চাই, এটা নৈতিকভাবে বিশ্বাস করি, গ্রাম উন্নয়নের ভার পঞ্চায়েতের উপর দেবার ফলে আমরা কম বেশি গ্রামবাসী মানুষ উপকৃত হয়েছি এটা ঠিক। কিন্তু এটা সত্ত্বেও ২০ বছরের মধ্যে ২০ হাজার কোটি টাকা খরচ হওয়ার ফলে তার সম্পদ কি সৃষ্টি হয়েছে আজকে সেটাই বিচার্য।

[5-00—5-10 P.M.]

সেই প্রেক্ষাপটকে সামনে রেখে আমি কয়েকটি কথা বলতে চাই যাতে আর্থিক ব্যয়বরাদ্দ যা অনুমোদিত হচ্ছে পঞ্চায়েত দপ্তরের জন্য তা নিয়ে পঞ্চায়েত দপ্তর কার্যকর ভূমিকা নিতে পারে এবং দেখাতে পারে সাধারণ মানুষের সম্পদটুকু ঠিকমতোন বিতরণ করা হচ্ছে।

**মিঃ ডেপুটি স্পিকার** ঃ সুব্রতবাবু, আপনার কাছে বই-এর যে কপিটা আছে সেটা আমাকে দিয়ে যান।

**(মাননীয় সদস্য শ্রী সুব্রত মুখার্জি ডেপুটি স্পিকার মহাশয়ের কাছে বইটি পাঠিয়ে দেন)।**

**শ্রী সুকুমার দাস** ঃ স্যার, আপনি জানেন, পশ্চিমবঙ্গে গ্রামপঞ্চায়েত আছে ৩ হাজার ৩২৫টি, পঞ্চায়েত সমিতি আছে ৩৩৯টি এবং জেলাপরিষদ আছে ১৭টি। বিরোধী দলের পক্ষ

থেকে এই দপ্তরের বাজেটের উপর বিতর্কে অংশগ্রহণ করে বক্তৃতা দিয়ে গিয়ে যে বিষয়টির উপর আমরা গুরুত্ব দিতে চাই সেটা হচ্ছে, এই যে হাজার হাজার বা কোটি কোটি টাকা পঞ্চায়েতের মাধ্যমে খরচ হচ্ছে এবং তাতে দেশের যে সম্পদ সৃষ্টি হবার কথা ছিল সেটা যেখানে বাধাপ্রাপ্ত হচ্ছে সেটা তুলে ধরা। যেখানে আর্থিক লেনদেনের ব্যাপার আছে, কোটি কোটি টাকা খরচ হচ্ছে সেই খরচ করার ক্ষেত্রে বা লেনদেনের ক্ষেত্রে দুর্নীতি যদি ধরা পড়ে এবং এ ক্ষেত্রে কারুর কাছে কৈফিয়ত তলব করার অধিকার বা যিনি খরচ করছেন তার সদুত্তর দেবার ব্যাপারটা যদি সঠিকভাবে প্রয়োগ না হয় তাহলে পঞ্চায়েতের নামে কালক্রমে একদিন আসবে যেদিন দেখবেন দুর্নীতির কালাপাহাড় সৃষ্টি হয়ে তা গ্রাম গ্রামান্তরে ছড়িয়ে পড়বে এবং তখন আর এই গ্রামপঞ্চায়েত বলে কিছু থাকবে না। আমরা সদস্যরা নীতিগতভাবে এটা মানি এবং আমরাও পঞ্চায়েত চাই। ইন্ডিয়ান ফিলোজফিতে দেখবেন, গ্রাম ভিত্তিক কথাবার্তা বলার, গ্রামভিত্তিক বিচার ব্যবস্থা হাজার হাজার বছর ধরেই এখানে আছে। বর্তমানে এটা মডিফায়েড রূপ নিয়েছে বলতে পারেন। গান্ধীজী যে প্রেক্ষাপটে বলেছিলেন সেটা মনে রেখে সেখানে সাংবিধানিক ক্ষমতা দেওয়া ছিল যে গ্রাম পঞ্চায়েত করতে হবে। কংগ্রেস আমলেও পঞ্চায়েত ব্যবস্থা ছিল, আজকেও সেটা আছে। তবে ধাক্কা খেতে খেতে অনেক নিয়মের পরিবর্তন হয়েছে এটা বলতে পারেন। যেমন একটা নিয়ম আছে অডিটের ব্যাপারে। কিন্তু দেখা যাচ্ছে ৩ হাজার ৩২৫টি গ্রামপঞ্চায়েতের মধ্যে মাত্র ১৩শোটির অডিট হয়েছে। এখন হিসাব-নিকাশ থাকবে না এটা তো হতে পারে না এবং সঙ্কীর্ণ রাজনীতির বেড়াজালে আবদ্ধ হয়ে না থাকলে আপনারাও সেটা চাইবেন না।

এখানে একটা নিয়ম আছে যে জেলাপরিষদে বিরোধী পক্ষের নেতাকে নিয়ে পাবলিক অ্যাকাউন্স কমিটির মতোন একটা কমিটি করা হবে এবং তারা জেলার পঞ্চায়েত সমিতি ও গ্রামপঞ্চায়েত সমেত সব কিছুর হিসাব-নিকাশ দেখতে পারবেন। লিডার অব অপোজিশনকে রেখেছেন ঠিকই কিন্তু সেখানে কোনও কার্যক্রমের ব্যবস্থা আছে কি? পরিভ্রমণের কোনও ব্যবস্থা আছে কি? সেখানে কোনও ব্যবস্থা না করে স্যুয়োমোটো একটা করে কমিটি করে রেখেছেন কিন্তু কোনও ব্যবস্থা করেননি। মাননীয় মন্ত্রী মহাশয়কে তাই বলবো, যেখানে লক্ষ লক্ষ বা কোটি কোটি টাকা খরচ হচ্ছে সেখানে তারজন্য একটা নিউ সিস্টেম চালু করুন। শিক্ষা নিয়ে আমি গর্ব করবো না আবার অশিক্ষিত লোকেদের আমি উপহাসও করবো না। কিন্তু শিক্ষার একটা আলাদা ব্যক্তিত্ব আছে। এই ব্যক্তিত্বের ব্যাপারটা যেখানে দুর্বল সেখানে লুঠ হচ্ছে। কেউ হয়ত উপর তলার দুর্নীতির কথা বলে এটাকে ধামাচাপা দেবার চেষ্টা করতে পারেন কিন্তু আমি তা চাই না। রেলে অ্যাক্সিডেন্ট হচ্ছে বলে রেল লাইন তুলে দেওয়ার পক্ষপাতি আমি নই, বরং ব্যবস্থাটাকে ভাল করে আরও দ্রুতগামী করে রেল চালানোর আমি পক্ষপাতি। কাজেই গ্রামপঞ্চায়েতে দুর্নীতির কথা বললে আপনারা যদি উপর তলার দুর্নীতির কথা বলে সেটাকে চাপা দেবার চেষ্টা করেন তাহলে আমার মনে হয় সেটা সঠিক হবে না। আপনারা বলেন যে পঞ্চায়েত ব্যবস্থার উপর আপনারা খুবই গুরুত্ব দেন। কি রকম গুরুত্ব দেন দেখুন। আজকে এই সভায় পঞ্চায়েতের বাজেট নিয়ে আলোচনা হচ্ছে অথচ মাত্র জনা পঞ্চাশেক বিধায়ক এখানে হাজির আর মাত্র দু'জন মন্ত্রী হাজির। এর থেকেই পঞ্চায়েতকে আপনারা কতটা গুরুত্ব দেন সেটা বোঝা যাচ্ছে। সূর্যবাবুকে আমি বলব,

অনেক পঞ্চায়েত সমিতি ভাসমান অবস্থায় চলেছে।

অর্থাৎ যারা সেই পঞ্চায়েতকে পরিচালনা করছেন, তাদের জব অ্যাসিস্টেন্ট বলুন আর জব সেক্রেটারি বলুন, তারা সরকারি স্বীকৃত কর্মচারী নয়। তাদের ভাতা বলে কিছু নেই, তারা কোনও প্রটেকশন পাচ্ছে না। তারা দোদুল্লমানতায় ভুগছে। ফলে তারা পঞ্চায়েতে ঠিক মতো কাজ করছে না। আমি পঞ্চায়েত সম্পর্কে বক্তব্য রাখতে গিয়ে সূর্যকান্তবাবুকে বলবো যে, প্রতিটি পঞ্চায়েতের স্টাফ এত পুওর, যে যেখানে ১২৫টি ফাইল গ্রাম পঞ্চায়েতকে ডিল করতে হয় সেখানে তাদের স্টাফ হচ্ছে ঐ জব অ্যাসিস্টেন্ট, ঐ জব সেক্রেটারি। এতে কোনও কাজ হয় না। সেজন্য আমি বলেছি যে, ২০ বছর ১০ হাজার কোটি টাকা ইনভেস্ট করার পরে আপনার রিটার্ন হচ্ছে ৫০ পারসেন্ট হিসাব আছে, আর ৫০ পারসেন্ট হিসাব নেই। আপনি কি চান যে ৫০ পারসেন্টের হিসাব থাকবে না? ৫০ পারসেন্টে সম্পদ সৃষ্টি হবে না, গ্রাম দাঁড়াবে না? এই প্রেক্ষাপটে ভাবাবেগে চুরি করে রাশিয়া পৃথিবীর মানচিত্র থেকে চলে গেছে। আপনারাও পশ্চিমবঙ্গে গ্রামে কাজ হচ্ছে, গ্রামে কাজ হচ্ছে, এটাই যদি বলতে থাকেন, গ্রামের যে উন্নয়ন হওয়ার কথা সেটা যদি না হয়, তাহলে সেই রকম অবস্থা আসতে পারে। আজকে সেই কাজ হচ্ছে না বলে আমরা চিৎকার করছি। আমরা এত মূর্খ নই যে গ্রাম পঞ্চায়েত সিস্টেমের বিরোধিতা করবো। কারণ ইট ইজ দি হাইয়েস্ট মেশিনারি। যেখানে ৭০ ভাগ মানুষ গ্রামে বাস করে সেখানে গ্রামের ডিপ টিউবওয়েল, গ্রামে রাস্তা, গ্রামের উন্নয়ন ইত্যাদির পরিসংখ্যা যদি নেওয়া যায় তাহলে কি দেখবো? আজকে সারা ভারতবর্ষের কিছু এম. এল. এ., কিছু এম. পি., ৭ হাজারের মতো সংখ্যা সংখ্যাতত্ত্বে বলে, তারা দেশ গঠন করছে, এটা আমি বিশ্বাস করবো না। আজকে সংখ্যাতত্ত্বর হিসাবে কি দাঁড়াচ্ছে? সারা ভারতবর্ষে হয়ত ৫০ লক্ষ লোক দেশ গড়ার কাজে, গ্রাম গড়ার কাজে নির্বাচিত প্রতিনিধি হিসাবে কাজ করছেন। There is no accountability in the financial arrangement হচ্ছে না। সেজন্য অডিট শুড বি পারফেক্ট। এটা ভাসমান হলে পশ্চিমবঙ্গ ডুববে, ডুববে, ডুববে। সেজন্য আমার সাজেশন হচ্ছে যে অডিট রিপোর্ট পারফেক্ট করতে হবে। আর গ্রাম পঞ্চায়েতের অফিস স্টাফকে স্থায়ী করে এদের সংখ্যা না বাড়ানো পর্যন্ত কোনও কাজ হচ্ছে না। তারপরে গ্রাম পঞ্চায়েতের ক্ষেত্রে আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, গ্রাম পঞ্চায়েতে ইন্দিরা আবাসন পরিকল্পনার জন্য হাজার হাজার, কোটি কোটি টাকা ব্যয় হচ্ছে। আমি সূর্যকান্তবাবুকে এই কথা বলতে চাই যে আমার এলাকার মহিষাদল এক নম্বর পঞ্চায়েত সমিতিতে ৩ বছরে একটাও ইন্দিরা আবাসন কাজ হয়েছে কিনা আপনি সেটা জেনে নেবেন। এখানে পঞ্চায়েত দপ্তরের ডাইরেক্টর আছেন, সেক্রেটারি আছেন, ডেপুটি সেক্রেটারি আছেন, আমি স্পেসিফিক অ্যালিগেশন করে বলেছি, মৌখিকভাবে বলেছি, আবার লিখিতভাবে বলেছি যে ৩ বছরের মধ্যে এখানে গ্রাম পঞ্চায়েতে কোনও কাজ হয়নি। সেজন্য বলেছি যে পঞ্চায়েত দপ্তরে ভাবের ঘরে চুরি হচ্ছে, পঞ্চায়েত দপ্তরের কাজ স্থির হয়ে যাচ্ছে। কাজেই গ্রাম পঞ্চায়েত, গ্রামসভাকে আরও পাওয়ারফুল করতে হবে। গ্রাম পঞ্চায়েত, গ্রাম সংসদের যে রেজলিউশন, সেই রেজলিউশনকে অ্যাডপট করছে কিনা, ইউটিলাইজেশন দিচ্ছে কিনা এগুলি দেখতে হবে। গ্রাম পঞ্চায়েত, গ্রামসভাকে পারফেকটাইজ করার জন্য কঠোর শৃঙ্খলা, কঠোর নিয়ম-কানুন করার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। এই ব্যাপারে আমি

কয়েকটি সাজেশন দিচ্ছি—(১) অডিট রিপোর্ট শুড বি পারফেক্ট, (২) স্টাফ অব দি পঞ্চায়েত শুড বি ইনক্রিজ মোর অ্যান্ড মোর, (৩), গ্রামসভা পারফেকটলি কাজ করছে কিনা, সভা হচ্ছে কিনা, এই ব্যাপারে কঠোর আইন করা। এই তিনটি সাজেশন রেখে, আপনার বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী চিত্তরঞ্জন দাসঠাকুর ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন, আমি তাকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা এই প্রসঙ্গে নিবেদন করছি। আমরা সকলেই লোকাল সেল্‌ফ গভর্নমেন্টের উপর গুরুত্ব দিই। কিন্তু সেই লোকাল সেল্‌ফ গভর্নমেন্টের যে কি ক্ষমতা, সেই ক্ষমতা সম্পর্কে কিছু সুনির্দিষ্ট হয়নি। আমরা জানি যে কেন্দ্রীয় সরকারের ক্ষমতার জন্য সেন্ট্রাল লিস্ট আছে, আর রাজ্যের ক্ষমতা সম্পর্কে স্টেট লিস্ট আছে। কিন্তু লোকাল সেল্‌ফ গভর্নমেন্টের যে কি ক্ষমতা সেই সম্পর্কে কোনও সুনির্দিষ্ট লিস্ট নেই। আমি মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাবো যে, এই সম্পর্কে একটা সুনির্দিষ্ট লিস্ট তৈরি করা হোক। আমি জানি যে পঞ্চায়েতে বিভিন্ন স্ট্যান্ডিং কমিটি আছে। সেই স্ট্যান্ডিং কমিটিতে বিভিন্ন প্রতিনিধি আছেন। এই ক্ষেত্রে আমি আবেদন জানাবো যে এই স্ট্যান্ডিং কমিটি যে যে বিষয় নিয়ে গঠিত হয়েছে, সেই সেই বিষয়ের এক্সপার্ট যারা তাদের যেন সরকার থেকে মনোনীত করা হয় যাতে পঞ্চায়েতের স্ট্যান্ডিং কমিটি আরও শক্তিমান হয়ে গুণগতভাবে কাজের মান উন্নত করতে পারে। আমরা জানি যে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আসার পরে গ্রামের যারা গরিব মানুষ তাদের আর্থিক এবং জীবন-যাপনের মান উন্নত করার জন্য আপ্রাণ চেষ্টা করছেন এবং তার ফলশ্রুতি হিসাবে আমরা দেখেছি যে, বি. পি. এল. তৈরি হয়েছে সেই বি. পি. এল.তে প্রায় সকলেই আই. আর. ডি. পি. ইত্যাদি নানারকম সুযোগসুবিধা পেয়েছে এবং তাদের জীবন-যাত্রার মানোন্নয়ন হয়েছে। তার ফলে আর নতুন করে আই. আর. ডি. পি. দেবার লোক খুঁজে পাওয়া যাচ্ছে না। আমি সে ক্ষেত্রে আবেদন জানাবো যে, এই বি. পি. এল. লিস্ট আবার সংশোধন করা হয় এবং পুনর্বার ঠিকঠাক করা হয়।

[5-10—5-20 P.M.]

আমরা জানি এবং এই কথা সুকুমারবাবু ঠিকই বলেছেন আমি তাঁর এই কথার সঙ্গে একমত যে পঞ্চায়েতের যথেষ্ট কর্মীর অভাব রয়েছে। আমার মনে হয় একজন জব অ্যাসিস্টেন্ট এবং একজন সেক্রেটারি দিয়ে সমস্ত কাজকর্ম করা সম্ভবপর নয়। গ্রাম পঞ্চায়েতের সদস্য। যাঁরা আছেন তাঁরা এলাকার কাজ করেন। কিন্তু তাদের একটা স্টাটুটরি রাইট দেওয়ার দরকার আছে। তাঁরা যে কাজ করেন, তাঁরা যে সিদ্ধান্ত নেন তার আইনগত একটা স্বীকৃতি দেওয়ার দরকার আছে। তাহলে পঞ্চায়েতের কাজ অনেক দ্রুতগামী হবে এবং গ্রামের লোকের অনেক সমস্যার সমাধান হবে। পঞ্চায়েতের সদস্যরা যে সিদ্ধান্ত নেন নানাকারণে সেই সিদ্ধান্ত কার্যকর করতে পারা যায় না। কারণ তাঁদের কোনও স্টাটুটরি রাইট নেই। সেইজন্য আমি বলবো পঞ্চায়েত ব্যবস্থাকে স্বীকৃতি দেওয়ার জন্য, পঞ্চায়েতের কাজকে দ্রুতগামী করার জন্য গ্রাম পঞ্চায়েত সদস্যদের একটা স্টাটুটরি রাইট দেওয়া হোক। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর ব্যয়. বরাদ্দের আলোচনার সময় বলেছেন গ্রামসভা ডাকা বাধ্যতামূলক। বিরোধী পক্ষ যাই বলুক

না কেন, আমরা দেখেছি এই সিদ্ধান্ত মানা হয়। আমরা দেখি যে সেখানে প্রতি বছরের হিসাব দেওয়া হয়। কিন্তু এই গ্রামসভার সদস্যদের যে সিদ্ধান্ত সেটা পুরোপুরিভাবে কার্যকর করতে পারা যায় না। অনেক সময় অনেক কষ্টসাধ্য রায় এসে যায়, সেখানে সেইগুলিকে ওভারকাম করতে হয়। আমাদের সবাইকে দলমত নির্বিশেষে পলিটিক্যালি ঐক্যবদ্ধ হয়ে প্রচেষ্টা চালিয়ে যেতে হবে যাতে এটা আমরা কার্যকর করতে পারি। তাহলে এর প্রকৃত সাফল্য সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে পারব। আজকে বিরোধী দলের মাননীয় সদস্যবৃন্দ আমাদের পশ্চিমবাংলার পঞ্চায়েত ব্যবস্থার সমালোচনা করেছেন। আমি বলবো এই পঞ্চায়েত ব্যবস্থার গুরুত্ব এবং ন্যায়সঙ্গত অধিকার তাঁরা কোনও দিনই স্বীকার করেননি। স্বীকার করতেন না বলে এই পশ্চিমবাংলায় বামপন্থী শাসনের আমলে সেই পঞ্চায়েতকে তাঁরা ভেঙে দিয়েছিলেন এবং তারপরে তাঁর নতুন পঞ্চায়েত গঠনের জন্য নির্বাচন করেননি। নানা কালা কানুন প্রবর্তন করে অধিকার হানি করেছেন। পশ্চিমবাংলা শুধু নয়, সারা দেশের মধ্যে বামপন্থীরা জনগণের ক্ষমতা প্রসারিত করার জন্য পঞ্চায়েত ব্যবস্থার উপর গুরুত্ব আরোপ করেছেন। পঞ্চায়েত ব্যবস্থা যারা মানে না তাদের মুখে পঞ্চায়েতের সমালোচনা করা মানায় না। পশ্চিমবাংলার পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে এখানে কি সাফল্য অর্জন করা গেছে সেটা আপনাদের নেতারাই বলে গেছেন। প্রয়াত রাজীব গান্ধী এখানে এসেছিলেন এবং দারুনভাবে পশ্চিমবাংলার পঞ্চায়েত ব্যবস্থার প্রশংসা করে গেছেন। আপনারা তাঁর কাছে যান—তিনি কোথায় আছেন আমি জানি না—তিনি যেখানে আছে সেখানে গিয়ে জেনে নিন কেন তিনি প্রশংসা করেছিলেন। ওনারা মাননীয় মন্ত্রী মহাশয়ের ব্যয় বরাদ্দের বিরোধিতা করেছেন, আমি তাঁদের সেই বিরোধী প্রস্তাবকে নাকচ করে দিচ্ছি এবং তাঁদের বক্তব্যের বিরোধিতা করছি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের আনা যে ব্যয় বরাদ্দের দাবি সেটা আমি সমর্থন করছি। আমি যে প্রস্তাবগুলি দিয়েছি, যেমন এক, গ্রাম পঞ্চায়েত সদস্যদের স্টাটুটরি রাইট দেওয়া হোক, দুই হচ্ছে লোকাল সেল্‌ফ গভর্নমেন্টের যে ক্ষমতা তার লিস্ট করা হোক, তিন হচ্ছে স্ট্যান্ডিং কমিটিতে এক্সপার্ট নিয়োগ করা হোক, চার হচ্ছে বি. পি. এল. লিস্টের সংশোধন করা হোক এবং শেষ হচ্ছে সমস্ত বিষয় ঐক্যবদ্ধভাবে করা যায় তার সার্বিক চেষ্টা করা হোক। মাননীয় মন্ত্রী মহাশয়ের ব্যয় বরাদ্দকে সমর্থন করে এবং তাঁর প্রচেষ্টা জয়যুক্ত হোক এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর বাজেট ভাষণের তীব্র বিরোধিতা করছি এবং আমাদের দলের কাট মোশনকে সমর্থন করছি। জাতির জনক মহাত্মা গান্ধী সবরমতি আশ্রম থেকে পঞ্চায়েতি রাজের ডাক দিয়েছিলেন, গ্রামের মানুষ তাদের গ্রামোন্নয়নের ভাল মন্দ নিয়ে চিন্তাভাবনা করবে পঞ্চায়েতি ব্যবস্থার মাধ্যমে। এই ছিল তাঁর উদ্দেশ্য। এটা লেনিন কিম্বা স্টালিন, কারও মাথায় গজায়নি। জাতির জনক মহাত্মা গান্ধীর মাথায় জেগেছিল। পশ্চিমবাংলায় বামফ্রন্ট পঞ্চায়েতি ব্যবস্থাকে ক্যাডার রাজে কায়েম করেছে। ত্রিস্তর পঞ্চায়েতের সাফল্যের জয়ঢাক বাজিয়ে সারা ভারতে বামফ্রন্ট সরকার বিশেষ কৃতিত্বের দাবি করে চলেছে দীর্ঘদিন ধরে। কিন্তু এসবই বামফ্রন্টের অন্যান্য বিষয়ের মতো বুজরুকি ছাড়া আর কিছুই নয়। প্রকৃতপক্ষে এই ব্যবস্থা ক্যাডারতন্ত্র ছাড়া অন্য কিছু নয়। এই ব্যবস্থার বিরুদ্ধে (১) ১৯৯৪ সালের ২২শে এপ্রিল সংশোধনী অনুযায়ী গ্রাম পঞ্চায়েতগুলিকে

স্বয়ংশাসিত সরকার আখ্যা দিলেও প্রকৃতপক্ষে পঞ্চায়েত সমিতির খবরদারিতেই কাজ করতে হয়। (২) গ্রামোন্নয়নের জন্য পঞ্চায়েতগুলি বাজেট তৈরি করলেও অনেক কম অর্থ বরাদ্দ করা হয়ে থাকে। ফলে পরিকল্পনা রূপায়ণ ব্যহত হয়ে পড়ে। (৩) দারিদ্র্যসীমার নিচের লোকেদের অসময়ে কাজের সংস্থান করাই যদি লক্ষ্য হয়ে থাকে তাহলে সেই পরিমাণ শ্রম দিবস সৃষ্টি করার মতো সরকারি অনুদান সময় মতো পৌছানো প্রয়োজন। অথচ বাস্তব ক্ষেত্রে তা হয় না। ফলে মূল লক্ষ্যে পৌছানো যায় না। (৪) বর্তমান সংশোধনী অনুযায়ী বেনিফিসিয়ারি কমিটি অথবা তদারকি কমিটি তৈরি করে কাজ করার ব্যবস্থা করতে গিয়ে নির্বাচিত প্রতিনিধি (সদস্য)দের গুরুত্ব হ্রাস করে গ্রামোন্নয়ন কাজকে শ্লথ করা কিম্বা অনাবশ্যকভাবে সংঘাতের সৃষ্টি করা হচ্ছে। (৫) বেশিরভাগ ক্ষেত্রে পঞ্চায়েত সদস্য ও প্রধানবর্গের অনভিজ্ঞতার সুযোগ নিয়ে পঞ্চায়েত সেক্রেটারি ও জব অ্যাসিস্ট্যান্টরা কাজে বিলম্ব ও অযথা হয়রানি করছে। এক্ষেত্রে চরম পার্টিবাজিও করছে। পঞ্চায়েত কর্মচারী সমিতির নির্দেশে পঞ্চায়েত কর্মীরা কাজে দলবাজি করে থাকে। (৬) গ্রামীণ সমস্যা সমাধানের ক্ষেত্রে গ্রাম পঞ্চায়েতগুলিকে সুপারিশ করার অধিকার ছাড়া অন্য কোনও অধিকার দেওয়া হয়নি। (৬)(ক) বিদ্যুৎ, পানীয় জলের সমস্যা দূরীকরণ, জলনিকাশি নালা, বেআইনিভাবে রাস্তা দখল, সরকারি পতিত জমি উদ্ধার, বেআইনিভাবে গৃহ নির্মাণ বন্ধ করার মতো সমস্যাগুলি সমাধানের জন্য কোনও আইনি ব্যবস্থা পঞ্চায়েতে দেওয়া হয়নি। ফলে গ্রামীণ মানুষদের কাছে প্রতি মুহূর্তে পঞ্চায়েত সদস্য ও প্রধানগণকে হেয় প্রতিপন্ন করা হয়। (৭) গ্রামীণ সমস্যা জর্জরিত মানুষ যখন সমাধানের আশায় প্রধান কিম্বা সদস্যের কাছে যায় যেন তারা সাধ্যমতো চেষ্টা করে। কিন্তু ক্ষমতার অভাব তাদের অসহায়তাকে প্রকট করে তোলে। পুলিশ প্রশাসন পঞ্চায়েতের সুপারিশ কার্যকর করে না বা সাহায্য করে না। (৮) নিরক্ষরতা দূরীকরণ, পালস্ পোলিও অপারেশন নামক জাতীয় কর্মসূচিগুলি গ্রাম পঞ্চায়েতের উপর দায়িত্ব দেওয়া হলেও ক্ষমতা ন্যস্ত না থাকার ফলে সাফল্য আসেনি। এই সমস্ত অব্যবস্থার জন্য আমি এর বিরোধিতা করি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এই রকমভাবে লিখিত ভাষণ পড়া যায় না। হাউসের একটা ডিগনিটি ও ডেকোরাম আছে। হাউস যেভাবে চলছে, আপনারা বাজার মনে করছেন। পরীক্ষার হলে যেমন একে কাগজ সাপ্লাই দেয়, ওকে সাপ্লাই দেয়, আপনারা সেই রকম করছেন।

**(ভয়েস ঃ স্যার, আপনি ওদিকের সদস্যদের বলুন?)**

আমি সবদিকের সদস্যদেরই বলছি।

[5-20—5-30 P.M.]

এই হাউসের একটা ঐতিহ্য আছে, এই হাউসের একটা ডেকোরাম আছে। ডিগনিটি আছে। এই হাউসকে এইভাবে ফার্স করলে অত্যন্ত বেদনার কথা এবং অত্যন্ত সেটা দুঃখের কথা, আমি এই কথা এপক্ষ এবং ওপক্ষ উভয় পক্ষকেই বলছি।

**শ্রী নৃপেন গায়েন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েতমন্ত্রী যে ব্যয়বরাদ্দ এখানে ঘোষণা করেছেন তাকে আমি সমর্থন করে বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। ১৯৭৮ সালে বামফ্রন্ট সরকার যখন এই রাজ্যে অনেক চিন্তাভাবনা

করে ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থা চালু করলেন তখন বিরোধীপক্ষ থেকে বিরোধিতা করা হয়েছিল। তারপরে তফসিলি জাতি এবং আদিবাসীদের জন্য যখন ভোটের আসন সংরক্ষণের কথা তোলা হয়েছিল ওরা বিরোধিতা করেছিলেন, তারপরে মহিলাদের আসন সংরক্ষণের ক্ষেত্রেও বিরোধীরা বিরোধিতা করেছিলেন। সুতরাং সর্বস্তরেই ওরা বিরোধিতা করেন, বিরোধিতা করা ওদের স্বভাব। আজকে এই ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থা তৈরি করে গ্রামের গরিব মানুষদের কাজে নিযুক্ত করা গেছে। এর চেয়ে ভাল ব্যবস্থা আর হতে পারে না। যারা এক সময়ে নিরক্ষরতার অন্ধকারে ভুগত, আজকে তারা সক্রিয়ভাবে গ্রামের কাজে আসতে পেরেছে। স্বাধীনতা লাভের পরে ৩০ বছর ধরে যে জমিদারি জোতদারি ব্যবস্থা ছিল, বড় বড় মানুষদের কাছে অর্থ পুঞ্জীভূত ছিল, সেই টাকা আজকে গ্রামের গরিব মানুষদের মধ্যে বন্টন হয়েছে এই ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে। আজকে গ্রামের নিম্ন স্তরের মানুষদের ক্ষমতা দেওয়ার মধ্যে দিয়ে তাদের আত্ম মর্যাদা, আত্ম সম্মান আজকে প্রতিষ্ঠিত হয়েছে। আজকে গ্রামে পঞ্চায়েত ব্যবস্থা শুধু উন্নয়নের মধ্যে সীমাবদ্ধ নেই, গ্রামে শিক্ষা, স্বাস্থ্য, আবাসন সমস্ত কিছু কাজের সঙ্গে জড়িয়ে পড়েছে। এই পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে আই. আর. ডি. পি., ট্রাইসেম প্রভৃতি কর্মসূচির মাধ্যমে গ্রামের গরিব মানুষদের মধ্যে চেতনা বৃদ্ধি করা গেছে। আমরা ১৯ বছর ধরে পশ্চিমবঙ্গে পঞ্চায়েতের ক্ষেত্রে সফল পদক্ষেপ নিয়েছি এবং তারই ফলে আজকে গ্রামের তলার দিকের মানুষেরা আর একেবারে নিঃশেষ হয়ে যায়নি। তারা আজকে আর অতল তলে চলে যায়নি এবং তা যাবারও আর কথা নয়। আজকে গ্রামেগঞ্জে রাস্তাঘাট, যোগাযোগ ব্যবস্থা এবং ঘরবাড়ির উন্নতি হয়েছে। মানুষ এখন উন্নতভাবে বাঁচতে চায়। আজকে গ্রামে গ্রামে ইমুনাইজেশন ক্যাম্প বসানো হয়েছে। চিকিৎসা ব্যবস্থাকে উন্নত করার জন্যে সাব সেন্টার চালু করা হয়েছে এবং রুর‍্যাল সেন্টার চালু করা হয়েছে। এছাড়া ট্রিপল আন্টিজেন ইত্যাদি দেওয়া হচ্ছে। সম্প্রতি পশ্চিমবঙ্গ পাল্‌স পোলিও সর্বত্র গ্রামেগঞ্জে পর্যন্ত দেওয়া হল এবং একটা বিশেষ নজির সৃষ্টি করল। তারপরে শিক্ষাক্ষেত্রেও গ্রামে পঞ্চায়েতের মাধ্যমে অনেক উন্নতি করা গেছে, আজকে গ্রামে প্রাইমারি স্কুল খুলে ছাত্রছাত্রী ভর্তি করছে এবং বাড়িতে বাড়িতে ছেলেমেয়েরা আজকে পড়তে যাচ্ছে, শিক্ষকরাও শিক্ষা দিচ্ছেন।

গ্রামের কৃষি শ্রমিকদের মজুরি বেড়েছে এবং এইসমস্ত সাফল্য এসেছে বামফ্রন্টের আমলে যে ভূমি সংস্কারের কাজটা হয়েছে তার পথ ধরে, এই সমস্ত সাফল্য এসেছে। আর একটা হচ্ছে, ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা বাস্তুঘুঘুদের বাসা ভেঙে দিয়ে তাদের হাত থেকে অধিকার কেড়ে নিয়ে গ্রামের গরিব মানুষদের হাতে ক্ষমতা তুলে দেওয়া হয়েছে। এটা কি অন্যায় হয়েছে? ৩০ লক্ষ মানুষের উদ্বৃত্ত জমি, খাস জমি বিলি বন্টন হয়েছে, ১৪ লক্ষ মানুষকে তাদের বাস্তু ভিটে দেওয়া হয়েছে। বর্গাদারের নাম নথিভুক্ত হয়েছে। সেই সাফল্যের পথ ধরে আমরা এগিয়ে চলেছি এবং সব মানুষের চেতনা এতে বেড়েছে। চেতনা না বাড়লে এত কাজ করা যায় না সাফল্য আসে না। যার জন্য আমরা দেখতে পাচ্ছি স্বাক্ষরতায় সাফল্য এসেছে আমাদের মধ্যে। মহিলাদের একটা যোগ্য ভূমিকা এখানে দেখা যাচ্ছে, এই স্বাক্ষরতার ক্ষেত্রে। এখানে আপনাদেরও মহিলা আছে, আপনারা যতই বিরোধিতা করুন, আপনাদের যারা ভোট দেয়, আপনাদের কর্মী, পঞ্চায়েতে দাঁড়ায়, তারাও আমাদের সঙ্গে হাতে হাত মিলিয়ে কাজ করেন। তাই আমরা সাফল্য পেয়েছি। মানুষের উপলব্ধি না হলে এত কাজ করা যায় না।

সেইজন্য পশ্চিমবাংলার গ্রামের চেহারা পাল্টে গিয়েছে। আমরাও পাল্টাতে সমর্থ হয়েছি। এখানকার মানুষের আত্মমর্যাদা আমরা এনে দিতে পেরেছি। পঞ্চায়েতের আসন সংখ্যার ব্যাপারে বলি, মহিলাদের তফিসিলি এবং আদিবাসীদের আসন সংরক্ষণ-এর ব্যাপারে একটা আইন হয়েছে। আপনারা এর বিরোধিতা করেছিলেন, বিশেষত মহিলারা অংশগ্রহণ করে যে সমস্ত কাজ করছেন তারা দায়িত্বপূর্ণভাবে সেই কাজ করছেন। আজকে মহিলাদের ব্যাপারে যে সামাজিক বৈষম্য সেটা পুরোপুরি দূর করা যায়নি, মহিলাদের প্রতি যে অন্যায় অবিচার হচ্ছে না সেটাও বলা যাবে না। তারা এখন বৈষম্যর প্রতিবাদ করছেন। গ্রামোন্নয়নের কাজে এখন তারা নিজেরা হাত লাগাচ্ছেন। গ্রামের উন্নয়নের স্বার্থে তারা এখন নিজেরা এগিয়ে আসছেন। গ্রামের ঘরবাড়ি করার কাজে রাস্তাঘাট করার কাজে তারা নিজেরা অংশগ্রহণ করছেন। উন্নয়নের কাজ তাবা নিজেরা করছেন। সমস্ত দিক থেকে পশ্চিমবাংলার গ্রামের চেহারা আজকে পাল্টে গিয়েছে। প্রথম কথা হচ্ছে, একটা নতুন আমলাতান্ত্রিক ঝোঁক আসার কথা। সেই নতুন আমলাতান্ত্রিক ঝোঁক যেন না আসে তার জন্য আমাদের সতর্ক থাকতে হবে। এটা শুধু আইন দিয়ে হবে না, এর জন্য চাই জনগণের চেতনা, সেই চেতনা বৃদ্ধি রাজনৈতিকভাবে যেমন প্রচেষ্টা থাকা দরকার, সরকারের পক্ষ থেকে তারও প্রচেষ্টা থাকা দরকার। আমি বলতে চাই, গ্রাম সংসদ এর মিটিং নিয়মিত হয় কিনা সেটা দেখা দরকার। সংসদ-এর মিটিংয়ে মানুষ কেন আসছে না সেটাও দেখা দরকার। গ্রাম পঞ্চায়েত স্তরে জেলা পরিষদ স্তরে যেমন সাব কমিটি আছে, তেমনি গ্রাম পঞ্চায়েত স্তরে সাব কমিটি করা যায় কিনা ভাবতে হবে। ইন্টারন্যাল অডিট এগিয়েছে, কিন্তু এক্সটার্নাল অডিট এগোয়নি, সেটা দেখা দরকার। পঞ্চায়েতের নিজস্ব সম্পত্তি সৃষ্টির দিকে জোর দিতে হবে, এই কথা বলে পঞ্চায়েতের ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

[5-30—5-40 P.M.]

**শ্রী বিপ্লব রায়চৌধুরি ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, পঞ্চায়েতের অধিকারকে আরও কার্যকর ও দায়িত্বশীল করে তোলার লক্ষ্যে ১৯৭৩ সালে তদানীন্তন সুব্রতবাবুর নেতৃত্বে পঞ্চায়েতের যে নতুন ফর্ম দেওয়া হয়েছিল, পরবর্তী পর্যায়ে আরও সংশোধিত করতে করতে ভারতবর্ষের প্রাক্তন প্রধানমন্ত্রী সর্বশেষ সংশোধনী এনেছিল ১৯৯৫ সালে এবং সেখানে পঞ্চায়েতের দায়িত্ব সমূহের ব্যাপারে আরও নির্দেশ দেওয়া হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় খুব সঙ্গতভাবেই বলেছেন, ভূমি সংস্কার, গ্রামীণ উন্নয়ন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, গ্রামীণ জল সরবরাহ, স্বাস্থ্যসম্মত পরিবেশ সৃজন, গ্রামীণ আবাসন, ত্রাণ ও সমাজ কল্যাণ, ক্ষুদ্র সেচ, সামাজিক বনসৃজন, গণশিক্ষা, কৃষি, মৎস্য চাষ ইত্যাদি। অর্থাৎ জুতো সেলাই থেকে চণ্ডীপাঠ, সবটাই পঞ্চায়েতের উপর দেওয়া হয়েছে। ১৯৭৩ সালে সুব্রতবাবু সেই কথাই বলেছিলেন—

ভাগ করে খেতে হবে সকলের সাথে অন্নপান।
অপমানে হতে হবে তাহাদের সবার সমান।।

সবচেয়ে নিচু স্তরের মানুষরা যেখানে আছেন তাদের দায়-দায়িত্ব আমাদের পালন করতে হবে। কিন্তু দুঃখের সঙ্গে এবং দুর্ভাগ্যের সঙ্গে আমরা লক্ষ্য করছি, উন্নয়ন করতে গিয়ে যে আর্থিক দায়দায়িত্ব সেটা যদি আজকে চেক অ্যান্ড ব্যালান্স পর্যায়ে চলে যাচ্ছে এটা আমরা

গভীরভাবে পরিলক্ষিত করছি। আমাদের মাননীয় সদস্য সঞ্জীব দাস মহাশয় অত্যন্ত সঠিকভাবে বলেছেন, পাঁচ বছর ধরে পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদে অডিট হচ্ছে না। যে ফাঁক থেকে যাচ্ছে, সেই ফাঁক কবে পূরণ হবে জানি না। পঞ্চায়েত মন্ত্রীর কাছে বলব, অবস্থাটাকে গতানুগতিক করার কোনও মানে হয় না। প্রয়োজনীয় সংশোধনের মাধ্যমে ব্যবস্থাটাকে যাতে বাধ্যতামূলক করা যায় তার জন্য আমি অনুরোধ করছি। পরবর্তী পর্যায়ে আরও একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি পঞ্চায়েতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতিতে আমরা কয়েক বছর ধরে দেখছি, অনাস্থা প্রস্তাব নিয়ে আসা হচ্ছে, তখন কোনও একজন মানুষ হাইকোর্টে গিয়ে ইনজাংশন জারি করে দেয়, ফলে মামলা চলতেই থাকে। সেদিক থেকে ব্যক্তিগত ইচ্ছা, অনিচ্ছার উপর নির্ভর করে পঞ্চায়েতের উন্নয়ন নির্ভর করতে হলে, পঞ্চায়েত ডিফাংক্ট হয়ে যাচ্ছে। এমন একটা মেকানিজমের দ্বারা, সম্মিলিত প্রচেষ্টার দ্বারা, পঞ্চায়েত্ত প্রধানরা থাকবেন, পঞ্চায়েত সমিতির সভাপতি থাকবেন, এই রকম একটা করা দরকার, তাহলে এর কাজ চালু থাকবে। তৃতীয় গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে পঞ্চায়েত সমিতির এক্সিকিউটিভ অফিসার হিসাবে বি. ডি. ও. কাজ করে থাকেন। আমরা অনেক সময় দেখছি, তিনি ব্লক ডেভেলপমেন্ট অফিসার হিসাবে আধিপত্য দেখাচ্ছেন। এই ব্যাপারটাকে আরও সহজ করলে পঞ্চায়েত এগোতে পারে। চতুর্থত বি. পি. এল. (বিলো দি প্রভার্টি লাইন) সম্বন্ধে এক বন্ধু এখানে ঠিকই বলেছেন। এটা মাঝে মাঝে সংশোধন করা দরকার। এটা পাঁচ বছর ধরে চলবে, এটা হতে পারে না। এই রকম একটা অচলাবস্থা যদি থাকে তাহলে পঞ্চায়েত কখনোই গতিশীল হতে পারে না। এই ব্যাপারটা সংশোধন করা দরকার। আরেকটা ব্যাপার মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব, আপনি আপনার বাজেট ভাষণে বলেছেন, ''জাতীয় পরিবার সহায়তা প্রকল্পে দারিদ্র্যসীমার নিচে আছে এমন পরিবারের মূল উপার্জনকারীর স্বাভাবিক মৃত্যু হলে পরিবারটি এককালীন পাঁচ হাজার টাকা এবং দুর্ঘটনায় মৃত্যু হলে এককালীন দশ হাজার টাকা সাহায্য পাবেন। এগুলো শুধু কাগজেই না লেখা থাকে, বাস্তবে যাতে রূপায়িত হয় তার জন্য মেকানিজম দরকার।''

মানুষ ঘুরতে ঘুরতে ক্লান্ত হয়ে যাচ্ছে। এই ছিন্নমূল মানুষদের কাছে সাহায্য পৌঁছে দেওয়ার জন্য এমন একটা মেকানিজম তৈরি হোক, যে মেকানিজমের মাধ্যমে এই সাহাযগুলো নিয়ে তারা নিজেদের জীবন নির্বাহ করতে পারবেন। আরেকটা বিষয় বলছি—দারিদ্র্যসীমার নিচে যাঁরা আছেন তাঁদের ১৯ বছর বয়সী মহিলাদের যাঁরা দুটো জীবিত সন্তান হওয়ার পর তাঁদের মাতৃকালীন ভাতা প্রকল্পে ৩০০ টাকা করে সাহায্য দেওয়া হোক—এই আবেদন রাখছি। এই মেকানিজমকে আরও বেশি করে তৈরি করা দরকার। কিন্তু এই মেকানিজমের মাধ্যমে যদি সাহায্যের ব্যবস্থা না করে যদি শুধু আইন করে খাতার পাতায় রেখে দেওয়া হয় তাহলে মানুষ উপকৃত হবেন না। এই বলে আমি এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে যে সংশোধনী আনা হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্র যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি এবং বিরোধীদের আনা সংশোধনীর বিরোধিতা করে আমি বলছি —

"পুস্তকস্থা তু যা বিদ্যা পরহস্ত
গতং ধনম্, কার্যকালে সমুৎপন্নে
ন সা বিদ্যা ন তদধনম্।"

স্বাধীনতার পর কংগ্রেস যে কাজ করেছে সেগুলো কাগজপত্রে লেখা আছে, বইতে লেখা আছে। ১৯৫২ সালে এরা সমষ্টি উন্নয়ন প্রকল্প বলে কিছু করেছিলেন—এর আদর্শটা ছিল মহাত্মা গান্ধীর। তিনি চেয়েছিলেন গ্রামের উন্নতি হোক, গ্রামের মানুষ স্বনির্ভরশীল হোক। কিন্তু কয়েক বছর পর সেই সমষ্টি উন্নয়ন প্রকল্পের অপমৃত্যু ঘটল। ১৯৫৮ সালে আবার পঞ্চায়েতকে সাজিয়ে গুছিয়ে তৈরি করলেন। ছয়ের দশকে আবার তা সমাপ্তি লাভ করল। তাহলে এই পঞ্চায়েত গঠনের কৃতিত্ব কোথায়? শুধু কাঠামো তৈরি করেছিলেন, কিন্তু প্রাণ সঞ্চার করতে পারেননি। আসল কৃতিত্ব প্রাণ সঞ্চারে। পঞ্চায়েতকে প্রাণ সঞ্চার করেছিলেন বামফ্রন্ট সরকার। আমরা দেখলাম ১৯৭৭ সালের পর থেকে শুরু করে পরপর ৪ বার পঞ্চায়েত নির্বাচন হয়েছে। এই পঞ্চায়েত নির্বাচনে প্রমাণিত হয়েছে মানুষ সত্যিকারের পরিষেবা, প্রাণের স্পর্শ পেয়েছে। গ্রামাঞ্চলে গেলেই সেটা বোঝা যাবে। মহাত্মা গান্ধী তৃণমূল স্তরে গণতন্ত্রের প্রসারের কথা বলেছিলেন। কিন্তু কংগ্রেস সেই পথ অনুসরণ করলেন না। কংগ্রেস আমলে গ্রাম-বাংলার মানুষের দুঃখ-দুর্দশা লেগেই ছিল। কিন্তু এখন ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে পর পর ৪ বার পঞ্চায়েত নির্বাচনে এই রাজ্যে যে সাফল্য দেখা গেছে, ভারতের আর অন্য কোনও রাজ্যে পঞ্চায়েতের এত সাফল্য আমরা দেখিনি। এই যে কৃতিত্ব এটা বামফ্রন্ট সরকারের কৃতিত্ব। রাজ্য সরকার এবং সাধারণ মানুষের মধ্যে যে সেতু বন্ধন পঞ্চায়েত করেছে, সেই পঞ্চায়েতের কাজ যাতে ভালভাবে সম্পন্ন হয় তারজন্য আমি কয়েকটি কথা বলছি। পঞ্চায়েত সমিতির নামকরণের ব্যাপারে বলি—আমার বিধানসভা কেন্দ্র নরঘাটে, মহিষাদল ১ নং ব্লকের নামকরণ হওয়া উচিত মহারাজ নন্দকুমার পঞ্চায়েত সমিতি। কারণ ঐতিহাসিক ঘটনা এর সাথে যুক্ত আছে এবং নন্দী গ্রামের ৩ নং পঞ্চায়েত সমিতির নাম পরিবর্তন করে নাম হওয়া উচিত মমট্ চণ্ডিপুর পঞ্চায়েত সমিতি—এটা আমার আবেদন, এটা দেখবেন। এছাড়া পঞ্চায়েতের যাঁরা সদস্য, তাঁদের ন্যূনতম একটা ভাতা দেওয়া যায় কিনা সেটা দেখবেন।

[5-40—5-50 P.M.]

পঞ্চায়েতের যে নিজস্ব রিসোর্স এবং সরকারিভাবে যে অর্থ পঞ্চায়েতগুলির জন্য বরাদ্দ হয়, সেই অর্থের একটি নির্দিষ্ট অংশ যাতে পঞ্চায়েতগুলি নিজস্ব সম্পদ সৃষ্টি করার ক্ষেত্রে ব্যবহার করতে পারে, তার সুনির্দিষ্ট নির্দেশিকা জারি করবেন। এই কথা বলে, এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী শকুন্তলা পাইক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আজকে আমাদের মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করে এবং আমার বিরোধী বন্ধুরা যে কাট মোশন এনেছেন, তার তীব্র বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। আজকে সংসদীয় গণতন্ত্রের মধ্যে থেকে, সামন্ততন্ত্রের শোষণ এবং বঞ্চনার হাত এড়িয়ে পশ্চিমবঙ্গে যে পঞ্চায়েত ব্যবস্থা চলছে, তা খুবই উল্লেখযোগ্য। আজকে এখানে

পঞ্চায়েতের মাধ্যমে সাধারণ খেটে খাওয়া মানুষ সামনের সারিতে এসেছে, বর্গাদার স্থায়ী অধিকার পেয়েছে, গরিব কৃষক, চাষী বুকে পেয়েছে বল এবং বেড়েছে উৎপাদন। আজ এখানকার পঞ্চায়েত ব্যবস্থা দেখে বহু বিদেশিও উচ্ছ্বসিত প্রশংসা করেছেন—এর মধ্যে একজন হলেন জি. কে. লিটন। পঞ্চায়েতি ব্যবস্থার ফলে আজ দারিদ্র্যসীমার নিচের মানুষের সংখ্যা এখানে কমেছে। পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে যে গ্রামোন্নয়ন হচ্ছে, তাতে মানুষ বেঁচে থাকতে পারছে। আজকে আর মানুষকে দুটো অন্নের জন্য দেশ ছেড়ে বিদেশে যেতে হয় না। পশ্চিমবঙ্গে পঞ্চায়েতগুলি যে কর্মসূচির রূপায়িত করছে, তার মধ্যে পড়ে—গ্রামোন্নয়ন, ভূমি সংস্কার, কৃষি, সেচ, গণশিক্ষা, ইত্যাদি ইত্যাদি। এই ভূমি সংস্কারের ক্ষেত্রে আমাদের গ্রাম পঞ্চায়েতগুলি উল্লেখযোগ্য ভূমিকা পালন করে চলেছে। পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে আজকে বাস্তুহীনদের বাস্তু দেওয়া হচ্ছে, বর্গা রেকর্ড করা হচ্ছে। কৃষিক্ষেত্রে পশ্চিমবঙ্গ যে ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে, এই বিষয়ে খুব উল্লেখযোগ্য ভূমিকা এখানকার পঞ্চায়েতের। ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে পুকুর খনন, ডিপ টিউবওয়েল করার মাধ্যমে কৃষি উন্নয়নের কাজ হচ্ছে। শিক্ষার ক্ষেত্রেও পঞ্চায়েত-এর ভূমিকা খুব লক্ষ্যণীয়। ৮০ শতাংশ প্রাথমিক বিদ্যালয় আজ পাকা করা হয়েছে। এখানে শিক্ষার পরিবেশ সৃষ্টি হয়েছে। পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে মহিলারা স্বাবলম্বি হয়েছে।

গ্রামীণ প্রকল্পগুলো কাজে লাগাতে পারছি। এটা আমাদের বামফ্রন্ট সরকারের রাজনৈতিক সদিচ্ছার ফলে হয়েছে। আমি এখানে বার বার শুনছি—পঞ্চায়েতে দুর্নীতি, পঞ্চায়েতে দুর্নীতি। এ বিষয়ে আমি মাননীয় বিরোধী সদস্যদের কিছু বলতে চাই। আমি পঞ্চায়েত সমিতির সভাপতি ছিলাম। তখন দেখেছি, বেশির ভাগে কংগ্রেসি পঞ্চায়েতগুলোতে দুর্নীতি হয়। স্যার, কুলপি বিধানসভার একটা গ্রামপঞ্চায়েত প্রধান আব্দুল রশিদ নস্কর তিনি পরপর ১৪টা খুন করে এবং পঞ্চায়েতের সমস্ত টাকা নিয়ে অস্ত্র কিনছেন। আরও দেখবেন, ধাসুয়া উত্তর গ্রাম পঞ্চায়েত প্রধান তিনি ৫০ হাজার টাকা ডাকাতদের কাছ থেকে নিয়েছেন। কিছু টাকা ডাকাতদের দিয়ে নিজে ২৫ হাজার টাকা নিয়েছে। কুলপি গ্রাম পঞ্চায়েতের টাকাও তাই হয়েছে। আমি আমার বক্তব্য আর দীর্ঘায়িত করব না। আমাদের মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে বাজেট পেশ করেছেন আমি আরেকবার তার প্রতি পূর্ণ সমর্থন জ্ঞাপন করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার তীব্র বিরোধিতা করছি এবং কংগ্রেস দল আনীত কাট মোশনের সমর্থন করছি। শুধু বিরোধিতা করার জন্যই বিরোধিতা করছি না। আমাদের বিরোধিতা করার কারণ আছে। পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন দপ্তরের যে বিভিন্ন ক্ষেত্রে নির্দিষ্ট ব্যর্থতা আছে সেই ব্যর্থতাকে কেন্দ্র করে কংগ্রেস দলের থেকে এই কাট মোশন আনা হয়েছে। তাই আমি এই কাট মোশনের সমর্থন করছি।

মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে এই সভায় আমাদের পক্ষ থেকে অনেক মাননীয় সদস্য পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ-এর অডিটের কথা বলেছেন। আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করলাম, সরকার পক্ষের মাননীয় সদস্য-সদস্যা তাঁরা তার বিরোধিতা

করলেন। এটা খুবই দুঃখ এবং পরিতাপের কথা আজকে বিধানসভায় দাঁড়িয়ে আমাদের মতো দায়িত্বশীল সদস্য-সদস্যারা যদি দুর্নীতিকে আড়াল করার জন্য সাফাই তৈরি করেন, তাঁদের পক্ষে সওয়াল করা হয় তাহলে দিনের পর দিন তারা স্বেচ্ছাচারী হয়ে উঠবে, তছরূপ, জালিয়াতি আরও বাড়বে। আমরা জানি, পঞ্চায়েত ব্যবস্থার জন্য আজকে গ্রামের অনেক মানুষ স্বাবলম্বী হতে পেরেছে। গ্রামের অনেক মানুষের অর্থনৈতিক উন্নতি হয়েছে। পাশাপাশি একথা বলতে হবে যে, পঞ্চায়েত ব্যবস্থা লক্ষ লক্ষ টাকা যা বিভিন্ন গ্রাম পঞ্চায়েতকে দেওয়া হয়েছিল—বছরে ৪০-৪৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল ডিস্ট্রিক্ট প্ল্যানে, জেলা থেকে কোটি কোটি টাকা ব্যয় করা হচ্ছে—সেই জায়গায় অডিট ব্যবস্থা নড়বড়ে, দুর্বল হয়ে রয়েছে। তাহলে সেখানে স্বেচ্ছাচারীতা, জালিয়াতি, আত্মসাৎ, তছরূপকারিদের সাহস আরও বাড়বে, এবিষয়ে কোনও সন্দেহ নেই। পঞ্চায়েতে যারা অডিট করবেন তাদের এ বিষয়ে নজর রাখতে হবে। এছাড়া অন্যান্য কাজ 'পাও'রা নজরে রাখবেন। আজকে আমাদের যে শাসন ব্যবস্থা তাতে জেলা পরিষদের সভাপতিকে রাষ্ট্র মন্ত্রীর পদমযদা দেওয়া হয়েছে। আজকে পঞ্চায়েত প্রধান বা সভাপতি বা সদস্যরা অর্থ তছরূপ করলে, আত্মসাৎ করলে, জালিয়াতি করলে তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নেবার মতো ক্ষমতা এই বি. ডি. ও.দের থাকবে না বা এস. ডি. ও.দের থাকবে না কেন? স্যার, আমি গত ৪ঠা জুন পর্যন্ত হাঁসখালির সভাপতি ছিলাম।

[5-50—6-00 P.M.]

আমরা লক্ষ্য করে দেখছি যে, পঞ্চায়েতে টাকা তছরূপ করা, টাকা নয় ছয় করা, আত্মসাৎ করা দিনের পর দিন বেড়ে যাচ্ছে। আইনে বলা আছে ৫০০ টাকার বেশি প্রধানরা নিজেদের হাতে রাখতে পারবেন না। ৫০০ টাকা কেন, ১ লক্ষ টাকা পর্যন্ত অনেক প্রধান বেআইনিভাবে সচিবদের তোয়াক্কা না করেই হাতে রেখে দিচ্ছে। এমন কি সচিবদের কাছ থেকে চেক বুক কেড়ে নেওয়া হয় এবং ক্যাশ বুক রাখা হয় না। এ বিষয়ে নির্দিষ্ট অভিযোগ করা হলেও কোনও ব্যবস্থা নেওয়া হয় না। কারণ উর্দ্ধতন কর্তৃপক্ষ ঐ সমস্ত অসাধু ব্যক্তিদের আড়াল করার চেষ্টা করেন এবং আড়াল করার জন্য অন্যান্য ক্ষেত্রের ওপব চাপ সৃষ্টি করেন। আজকে এই অবস্থার মধ্যে দিয়ে পঞ্চায়েত ব্যবস্থা চলছে। নিশ্চয়ই কিছু কিছু ক্ষেত্রে পঞ্চায়েতের মাধ্যমে ভাল কাজ হয়েছে। কিন্তু তার মানে এই নয় যে, দুর্নীতি করলেও সে দুর্নীতিকে আড়াল করতে হবে; চুরি, জালিয়াতি করলে তাকে আড়াল করতে হবে। নিয়ম অনুযায়ী জেলা পরিষদের অডিট করবে রিজিওনাল অডিট অ্যান্ড অ্যাকাউন্টস অফিসার। তিনি খুব বেশি হলে আই. এ. এস. স্তরের অফিসার হবেন। অথচ জেলা পরিষদের সভাধিপতি একজন রাষ্ট্রমন্ত্রী পদমর্যাদার মানুষ। তিনি রাষ্ট্রমন্ত্রীর পদাধিকার ভোগ করেন। সুতরাং জেলা পরিষদের টাকাপয়সা নয়ছয় হলে, তছরূপ হলে, আত্মসাৎ হলে সেই অফিসারের সভাধিপতিকে কি কিছু বলার ক্ষমতা আছে? আমি মনে করি, না নেই। আমি এখানে একটা নির্দিষ্ট অভিযোগ উত্থাপন করছি—পঞ্চগড়া তোরগ্রামের গ্রাম পঞ্চায়েতের সচিব সরকারের কাছে অভিযোগ করেছিলেন, 'প্রধান বেআইনিভাবে টাকা হাতে রেখে তছরূপ করেছে, নয় ছয় করেছে।' সেই কেসের মেমো নং ১৯৩/ডি. পি./৪সি.৯৫; ডেটেড ১২-১-৯৬। এই অভিযোগের ভিত্তিতে হুগলির অ্যাসিস্টেন্ট ডিস্ট্রিক্ট পঞ্চায়েত অফিসারকে. এস বি. বিশ্বাস জানানো সত্ত্বেও এবং অফিসার অন স্পেশাল ডিউটি অ্যান্ড এক্স-অফিসিও ডেপুটি সেক্রেটারি অফ দি গভর্নমেন্ট

অফ ওয়েস্ট বেঙ্গল হুগলি জেলার জেলা শাসককে চিঠি দেওয়া সত্ত্বেও সে বিষয়ে আজ পর্যন্ত কোনও তদন্ত হয়নি। সেই চিঠির মেমো নং হচ্ছে-১৩৩৫ পি. এন./০/১/১পি—৯১/৯৫, ডেটেড ৭-৬-৯৫। আমি এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন রাখছি, তদন্ত করা হয়েছে কিনা? যদি হয়ে থাকে তাহলে সেই তদন্ত অনুযায়ী কি অ্যাকশন হয়েছে? না আদৌ কোনও অ্যাকশন নেওয়া হয়নি? আর যদি তদন্ত করা না হয়ে থাকে তাহলে কেন তদন্ত করা হল না? কেন সেই প্রধানের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে না? স্পেশাল অফিসার, অ্যাসিস্টেন্ট ডাইরেক্টর নির্দেশ দেওয়া সত্ত্বেও কেন তদন্ত হল না? আর যদি তদন্ত হয়ে থাকে তাহলে সেই প্রধানের বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আপনি নিশ্চয়ই লক্ষ্য করে থাকবেন 'আনন্দবাজার পত্রিকায়' গত ১৫ই জুলাই পঞ্চায়েত সম্পর্কে একটা নির্দিষ্ট অভিযোগের সংবাদ প্রকাশিত হয়েছে। সেখানে বলা হয়েছে—'পুরুলিয়া জেলার পাড় থানার অধীন উন্নয়নের টাকা আত্মসাৎ করে সাক্ষ্য প্রমাণ লোপাট করার অভিযোগে প্রাক্তন ও বর্তমান তিন সি পি এম পঞ্চায়েত প্রধান এবং একজন সরকারি কর্মচারীর বিরুদ্ধে মামলা দায়ের করেছে পুরুলিয়ার জেলা শাসক। এস. ডি. ও. জানান পাড়া গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন সি. পি. এম. প্রধান (নাম করা যাবে না) উন্নয়নের জন্য আসা মোট অর্থের মধ্যে ৩ লক্ষ টাকা আত্মসাৎ করেছে। জওহর রোজগার যোজনা ও সাক্ষরতার টাকার কোনও হিসাব নেই।' এ ছাড়াও—'বৃহস্পতিবার এস. ডি. ও. দোবরা গ্রাম পঞ্চায়েতের সি. পি. এম. প্রধানের বিরুদ্ধে এফ. আই. আর. করেন। তার বিরুদ্ধে অভিযোগ সাক্ষরতার ও অন্যান্য খাতে আসা ৩৬,১১৬ টাকা ২৭ পয়সা তিনি আত্মসাৎ করেছেন।' মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, যে সাক্ষরতা নিয়ে আমরা এত কথা বলি সেই সাক্ষরতার টাকা নয় ছয় করা হচ্ছে, আত্মসাৎ করা হচ্ছে! আমি বিষয়টা মাননীয় সদস্য, সদস্যাদের ভেবে দেখতে অনুরোধ করছি—যে সাক্ষরতা নিয়ে পশ্চিমবঙ্গ সরকার এত হৈ চৈ করছেন সেই সাক্ষরতার টাকা সরকারের বড় শরিক দলের পঞ্চায়েতের প্রধান তছরূপ করছে! বিষয়টাকে অবশ্যই অত্যন্ত গুরুত্ব দিয়ে দেখা দরকার। যেখানে এত টাকা আত্মসাৎ হচ্ছে, নয়ছয় হচ্ছে, তছরূপ হচ্ছে সেখানে যদি অডিটের কথা বলা হয় তাহলে কটাক্ষ করা হচ্ছে! আমি মনে করি ই. ও. পি. বা অন্যান্যদের বাদ দিয়ে 'ক্যাগ'কে দিয়ে অডিট করানো উচিত। এই মুহূর্তে সেভাবে অডিট করিয়ে অন্তত ১৯৯৪-৯৫ সাল পর্যন্ত অডিট সম্পূর্ণ করতে হবে—আপ টু ডেট করা সম্ভব না-হলেও। আইনের মাধ্যমে পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের অডিটকে নির্দিষ্ট করতে হবে। সুতরাং মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে সেরকম পদক্ষেপ গ্রহণ করার জন্য আমি দাবি জানাচ্ছি।

আজকে মাননীয় মন্ত্রী মহাশয় ট্রাইসেম এবং আই. আর. ডি. পি.র কথা বলেছেন। এই আই. আর. ডি. পি. কাদের দেওয়া হবে? বিলো দি পর্ভাটি লাইন। কি করে ঠিক করা হল? ১৯৯২ সালে সি. পি. এম. পার্টির ক্যাডারদের দিয়ে সার্ভে করা হল এবং এই সার্ভের ভিত্তিতে যাদের পাওয়ার কথা তাদেরকে ইচ্ছাকৃতভাবে বাদ দেওয়া হল। আই. আর. ডি. পি. দেওয়ার ব্যাপারে যে সার্ভে লিস্ট তৈরি করা হয়েছে তার নাম আমি দেখেছি। আমি প্রমাণ করে দেব বহু লোকের নাম ইচ্ছাকৃতভাবে ১১ হাজার, ১২ হাজার করে দেখিয়ে নাম বাদ দেওয়া হয়েছে। অথচ যিনি সরকারি কর্মচারী, চাকরি করেন এবং একই পরিবারের অংশভুক্ত

তার আয় দেখানো হয়েছে ৪ হাজার টাকা। নদীয়া জেলায় মাননীয় মন্ত্রী মহাশয় সভা করেছিলেন। আমি তখন পঞ্চায়েত সমিতির সভাপতি হিসাবে তাঁকে প্রশ্ন করেছিলাম, এই অসামঞ্জস্যপূর্ণ যে সার্ভে রিপোর্ট হয়েছে এটার পরিবর্তনের কি ব্যবস্থা নিয়েছেন? উনি বললেন, ৫ বছর এইরকমই চলবে। কেন্দ্রীয় সরকারের গাইডলাইন আছে। সেই অনুযায়ী সার্ভে রিপোর্টের ভিত্তিতে আই. আর. ডি. পি.র লোন দেওয়া হচ্ছে। কিন্তু প্রকৃত যে সমস্ত মানুষ লোন পাওয়ার যোগ্য, যাদের দারিদ্র্যসীমার উপরে তলা আপনাদের দায়িত্ব ছিল—দুর্ভাগ্যের সঙ্গে লক্ষ্য করলাম, আজকে সেই সমস্ত লোকগুলোকে নোংরা রাজনীতির বেড়াজালে জড়িয়ে বঞ্চিত করা হল এবং এই বঞ্চনার শিকারে কংগ্রেস, সি. পি. এম. সব দলের মানুষ আছে দলমত নির্বিশেষে। এই সমস্ত কাজ অজ্ঞতাবশত সি. পি. এম. পার্টির ক্যাডাররা করলেন। সরকারি আধিকারীক বা সরকারি কোনও সংস্থাকে দিয়ে করানো উচিত ছিল। এরপর ট্রাইসেমে প্রশিক্ষণ দেওয়ার যে ব্যাপার আছে, সেখানে ট্রাইসেমের একটা নিয়ম আছে—প্রধানকে লিখে দিতে হবে। প্রশিক্ষণের পর তাকে আই. আর. ডি. পি.তে অন্তর্ভুক্ত করা হবে এবং তারপর তাকে ঋণ দেবার ব্যবস্থা করা হবে। কিন্তু কোনও প্রধান লিখে দিচ্ছে না। কেন দিচ্ছে না? তার কারণ একটাই, তার আগেই প্রধান আই. আর. ডি. পি.র নামের লিস্ট করে পঞ্চায়েত সমিতিতে পাঠিয়ে দিয়েছে। এরপর তারা ট্রাইসেমে যাবে এবং তাদের ট্রেনিং দেওয়া হবে। কিন্তু ট্রেনিং দেবার পরও তাদের ঋণ দেবার ব্যবস্থা করছেন না। আমার সময় কম থাকার জন্য এবার আমি নির্দিষ্ট কয়েকটি প্রস্তাব রাখছি। আমার প্রস্তাব হচ্ছে, জেলা প্ল্যানিং কমিটি আছে, ডিস্ট্রিক্ট কাউন্সিল ফর পঞ্চায়েত করা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি, ডিস্ট্রিক্ট কাউন্সিল ফর পঞ্চায়েতে সুনির্দিষ্ট কাজের ভিত্তিতে বিধি বা রুলস এখনও পর্যন্ত করে দেওয়া হয়নি। তারা যেদিন মিটিং করছেন, সেই মিটিং-এ কি ব্যবস্থা নিতে হবে, কি তদন্ত করবেন সেই মর্মে সুনির্দিষ্ট নিয়ম, বিধি বা নির্দেশাবলী দেয়নি। তাই আমি দাবি করব, ডিস্ট্রিক্ট কাউন্সিল ফর পঞ্চায়েতে যথেষ্ট ক্ষমতাসম্পন্ন যে বিধি সেটা তৈরি করে অবিলম্বে পাঠানো হোক এবং ডিস্ট্রিক্ট কাউন্সিল ফর পঞ্চায়েতে এম. এল. এ. এবং এম. পি.দের যুক্ত করা হোক। দ্বিতীয় প্রস্তাব, এম. এল. এ., এম. পি.দের বিধানসভার বাইরে কোনও কাজের দায়িত্ব দেওয়া হয় না। তাই আমার দাবি, এম. এল. এ. এবং এম. পি.দের পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের স্থায়ী সদস্য করা হোক এবং ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটিতে অন্তর্ভুক্ত করা হোক। এই কথা বলে বাজেটের তীব্র বিরোধিতা করে, আমাদের আনীত কাট মোশনকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কমলেন্দু সান্যাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের পঞ্চায়েত বাজেটের উপর বিরোধী বন্ধুরা এবং আমাদের এদিকে যারা আছেন, আমাদের সাথীরা বেশ কিছু গঠনমূলক বক্তব্য রেখেছেন এবং সমালোচনা কিছু আছে। তবে স্বায়ত্তশাসন ব্যবস্থা কেন? আমি আমার লেখা কবিতা দিয়ে বলি,

"যতদূর চোখ যায়, নিজেই দেখতে পান
বন্ধুকে দেন চুমো, শত্রুর ধরেন কান।
রাজ্য যদি বড় হয় রাজার বন্ধু ছড়িয়ে থাকে
মন পছন্দে কেউ পায় "চুমো" কানমলা দেয় "কারো" ডেকে।।

এইজন্য স্বায়ত্তশাসন ব্যবস্থা আছে। ছোট ছোট রাজ্য হলে রাজা দেখতে পায় আর রাজ্য যদি বড় হয়ে যায় তখন রাজার পক্ষে মুশকিল হয়ে যায়।

[6-00—6-10 P.M.]

আমাদের এখানেও সেই জন্য এই রকম ভাবনা অতি প্রাচীন কাল থেকে ছিল। আপনাদের বলেছি, আমরাও বলেছি, এইসব বিষয়ে একমত। গান্ধীজী, তাঁর মাথায় ছিল, রবীন্দ্রনাথের মাথায় ছিল, এইসব আপনারা জানেন। স্বাধীন ভারতে ইউনিয়ন বোর্ড এই রকম একটা ছিল। ভারত স্বাধীন হবার পরও পঞ্চায়েত এসেই করেননি। প্রথম স্বাধীন ভারতে ইউনিয়ন বোর্ড, "চুমো কান কম, চুমো কান মোলায় দুর্বল চৌকিদারের মাইনে দেওয়া আট দশ টাকা রেস্ট রিলিফের টাকা মেরে পকেটে তো রাখা।" এই ছিল প্রথম দিকে আপনাদের ইউনিয়ন বোর্ডের কাজ। আমরা যখন ৭৭ সালে জিতলাম, ৭৮ সালে বামফ্রন্ট আমলে যখন পঞ্চায়েত শুরু করলাম, এইভাবে বার বার পঞ্চায়েত নির্বাচন হয়েছে। আপনারা কৈ একবারও তো বললেন না, আপনাদের আমলে কেন এই রকম সব বন্ধ রাখতেন? আপনারা জানেন, আপনারা জিতলে এবারে কি হত। সবাই যদি পশ্চিমবাংলায় জিততেন, সমস্ত পঞ্চায়েত আজকে ডেড হয়ে যেত, মেরে দিতেন আপনারা পঞ্চায়েতকে। জেনে রাখুন আপনাদের অনেক পঞ্চায়েত আছে এখন। ঐ ত্রিপুরাতে করেছেন, এর আগেও আমাদের এখানে করেছেন। ঐ ৭২ সালে এসেই যত নির্বাচিত সংস্থা ছিল, একেবারে সেই সিনেট থেকে আরম্ভ করে নিচু তলার সমস্ত কিছু ভেঙে চুরমার করে দিয়েছিলেন। ভাঙচুর করাই তো আপনারা শিখেছেন। প্রথম পঞ্চায়েত নির্বাচন বামফ্রন্ট সরকারের আমলে, যখন আমরা সকলকে প্রার্থী করলাম, তখন এইসব নিয়ম ছিল না কিন্তু একজন আপনাদের বক্তা বলেছেন, তাঁকে ধন্যবাদ জানাচ্ছি, কারণ তিনি এতদিনে বুঝতে পেরেছেন, বোধদয় হয়েছে, এবং পঞ্চায়েত নির্বাচনে আমরা যখন প্রার্থী করলাম ভূমিহীন ক্ষেত মজুরকে, খেজুর গাছ কাটা সেই লোককে, বিড়ি ডলে সেই লোককে, আপনারা গ্রামে বক্তৃতা দিতে গিয়ে বলেছিলেন এরা পঞ্চায়েত চালাতে পারবে? এই ছিল আপনাদের প্রথম পঞ্চায়েতের কথা। দ্বিতীয় পঞ্চায়েতে এসে শিখলেন, বুঝলেন একটু যে কথাগুলো ঐ রকম করে বলা ঠিক হবে না। শেষ বারের পঞ্চায়েতে আপনাদের পায়ে ধরতে হয়েছে, আমি নিজে জানি অনেক গ্রামে গিয়ে। কারণ আদিবাসী গ্রামে, তফসিলি গ্রামে, সেইসব গ্রামে আপনাদের লোক ছিল না। হাতে-পায়ে ধরে ক্যান্ডিডেট করাতে হয়েছে। তারপর দাঁড়িয়েছে তারা, জেনে নিন। এইগুলো সত্য কথা, চিরদিন ওদের ঘৃণা করতেন। "জোতদার কৃষককে বাঁধলে বিরোধ, কৃষক ধরে ধোলায়, ইউনিয়ন বোর্ডের ভোট হত নাম ধরে হাত তোলায়। ঘোষ, বোস, চৌধুরি, মুখার্জি বাঁড়ুজ্জের দল, রামা বাগদি ভোটে দাঁড়াবে, কোথায় মনোবল? পঞ্চায়েত ভোট শেষবারই ঘটে ৬৪ সালে, ১৪ বছরে প্রধান মরলে উত্তরাধিকার ছিল সন্তানের। আইন পাশেই মধু ঝরে নাকি আইন প্রয়োগে ঝরে, বলি এই কথা নয় কোনও তত্ত্ব অভিজ্ঞতার জোরে"। বুঝতে পারলেন?

বিষয়টা গভীরভাবে উপলব্ধি করুন। এই বিষয়ে এর আগের ভূমি বাজেটের সময়ও বলেছিলাম যে কেন এই রকম হল? কৈফিয়ৎটা আপনাদেরই দিতে হবে। "সখাত সলিলে ডুবে মরি শ্যামা দোষ কারোও নয়, মা।" আপনারা নিজেই ডুবেছেন। আমরা এদিকে কেন?

সুনীতিবাবু আপনি অনেক পুরানো লোক, সেইজন্য শুনুন, কেন সখাত সলিলে ডুবেছেন। মনে রাখবেন আমরা এদিকে কেন? আমরাও তো ঐ দিকে থাকতে পারতাম? আগামী দিনের মধ্যে তৈরি হোন। আজকে দিল্লি ফাঁকা। নাইরে পরিত্রাণ।

আপনারা গ্রাম পঞ্চায়েতের কাজের সমালোচনা করছেন কিন্তু এই সমালোচনা আপনাদের ভেবেচিন্তে করা উচিত। কারণ বহু পঞ্চায়েতে আমরাও যেমন আছি তেমনি কংগ্রেসিরাও আছেন এবং অন্যান্যরাও আছেন। এই তো শশাঙ্কবাবু বক্তৃতা করছিলেন, উনি আমার জেলার হাঁসখালি পঞ্চায়েত সমিতির সভাপতি ছিলেন। কাজেই এই সমালোচনাটা আপনাদের ভেবেচিন্তে করা উচিত। এখানে সত্যি সত্যিই ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা হয়েছে। এই প্রসঙ্গে আপনাদের বলি, সহনশীলতার ব্যাপারটা আপনারা বুঝুন, শিখুন। কারুকে ছেঁটে ফেলে দিতে হবে—একথা আমরা বলি না। আজকে যে বাজেট পেশ করা হয়েছে তার ভেতরে যদি সত্যি সত্যি গিয়ে থাকেন তাহলে বুঝবেন কিভাবে আমরা এখানে গণতন্ত্রের বিকেন্দ্রীকরণ করেছি। এখানে শশাঙ্কবাবু বলছিলেন, আইন-কানুন তৈরি হয়নি। আমি তাকে বলব, আসুন, যা প্রয়োজন তা আমরা সবাই মিলে করি। এই বাজেট ভাষণে আছে দেখবেন, "পঞ্চায়েতের কাজ, আর্থিক শৃঙ্খলা বজায় রাখতে জেলা পরিষদগুলিতে বৃহত্তম বিরোধী দলের নেতার সভাপতিত্বে ডিস্ট্রিক্ট কাউন্সিল বা জেলা সংসদ গঠন করা হয়েছে।" আরও আছে, "সংশোধিত নয়া বিধি নিয়মের ফলে গ্রামীণ উন্নয়নের দিক নির্ণয়ের ক্ষেত্রে মুখ্য ভূমিকা পালনের মাধ্যমে পঞ্চায়েতগুলির গুরুত্ব ও কর্মপরিধি আরও বিস্তৃত হয়েছে।" নিশ্চয় হয়েছে। আমি নিজেও উপস্থিত ছিলাম এম. এল. এ. হিসাবে। আমাদের জেলার লোক সালাম সাহেব এখানে আছেন, তিনি সব জানেন। আপনারা, আমরা সবাই মিলেই সেখানে কাজ করেছি। তবে কোনও আইন যদি তৈরি না হয়ে থাকে তাহলে আসুন, আমরা সবাই মিলে সেগুলি করি। সকলে মিলে কাজ করতে পারলে রবীন্দ্রনাথের স্বপ্ন সফল হবে। রবীন্দ্রনাথের কবিতা দিয়েই আমি শেষ করব, 'আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে।' এই কথা বলে বাজেট প্রস্তাবকে সমর্থন করে এবং বিরোধীদের ছাঁটাই প্রস্তাব একেবারে ছাঁটাই করে দিয়ে শেষ করছি।

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবগুলির বিরোধিতা করে কয়েকটি কথা নিবেদন করতে চাই। এখানে আমাকে অনেকে স্মরণ করিয়ে দিয়েছেন সংবিধানে কি লেখা ছিল, নির্দেশাত্মক নীতিতে কি লেখা ছিল, আর্টিকেল ৪০-তে কি লেখা ছিল। অনেক বক্তা আমাকে গান্ধীজীর কথা স্মরণ করিয়ে দিয়েছেন এবং কেন স্মরণ করিয়ে দেওয়া হচ্ছে সে কথা বলেছেন। এটা হচ্ছে অদৃষ্টের পরিহাস। একটা কথা ঠিকই বলেছেন যে বৈদিক যুগ থেকে এখানে পঞ্চায়েত ইত্যাদি ছিল, বৈদিক যুগেও ছিল তারপরও ছিল অর্থাৎ হাজার হাজার বছর ধরেই ছিল। কেবলমাত্র কংগ্রেস আমলেই ছিল তা নয়। এই প্রসঙ্গে শুধু গান্ধীজীর কথাই নয়, রাজীব গান্ধীর কথাও আমি ওদের একটু স্মরণ করিয়ে দিচ্ছি। ওরা ৭৩ এবং ৭৪তম সংবিধান সংশোধনের কথা বলেছেন। কিন্তু কি পার্থক্য আমাদের সঙ্গে অন্যদের? আমি প্রথমে সেই কথাটাই বলছি। এইসব সংবিধান সংশোধন ছাড়াই আমাদের এখানে নিয়মিত সময়ে নির্বাচন হয়েছে, ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা হয়েছে। সংবিধান সংশোধন ছাড়াই এবং এটা কার্যকর হবার আগেই আমাদের এখানে মহিলা ও তফসিলি জাতি, উপজাতিদের জন্য আসন সংরক্ষণ

করা হয়েছে। আমাদের এখানে যা হয়েছে সেটা নিয়েই সারা দেশে আইন হয়েছে। এই প্রসঙ্গে একটা কথা ওদের ভাবতে বলি। সংবিধান সংশোধন হয়েছে, সংবিধানে নির্বাচন বাধ্যতামূলক কিন্তু দেখা যাচ্ছে নির্বাচন হচ্ছে না কয়েকটি রাজ্যে, তারমধ্যে কংগ্রেস শাসিত রাজ্যও রয়েছে। তারা যুক্তি দেখাচ্ছেন, নির্বাচন না হলে কি হবে বলা নেই সংবিধানে।

[6-10—6-20 P.M.]

এমন কি সংবিধান সংশোধিত হবার পরেও নির্বাচিত পঞ্চায়েতকে ভেঙে দেওয়া হয়েছে কংগ্রেস শাসিত রাজ্যে। আমি নাম এখানে উচ্চারণ করতে চাই না। এমন কি সংবিধানে বলা আছে যে ভেঙে দিতে পারেন, কিন্তু তার ৬ মাসের মধ্যে নির্বাচন করতে হবে। ৬ মাস পেরিয়ে গেছে, সংবিধানে নির্দিষ্ট নির্দেশ থাকা সত্ত্বেও সেখানে নির্বাচন হচ্ছে না। একবার ভাববেন না যে কোথায় পার্থক্য আছে পশ্চিমবঙ্গের সঙ্গে অন্যদের? সেজন্য আপনাদের মহাত্মা গান্ধী থেকে শুরু করে রাজীব গান্ধীর কথা স্মরণ করিয়ে দিতে হচ্ছে। এইসব কথা যদি গতানুগতিক হয়ে থাকে তাহলে চিরকাল আমরা এই রকম গতানুগতিক থাকব। কারণ এসব কথা আমাদের বারে বারে স্মরণ করিয়ে দিতে হবে। কয়েকটি কথা আপনারা এইসব কথা বলতে গিয়ে বলেছেন, সেগুলি বহু আলোচিত হয়েছে। তার মধ্যে আমি একটি কথা ধরে নিয়ে শুরু করছি। অডিট নিয়ে প্রায় সবাই বলেছেন এবং সবাই প্রায় এই বই তুলে ধরে বলেছেন। আমাদের বিরোধী দলের সদস্যরা সাবজেক্ট কমিটির রিপোর্ট নিয়ে বলেছেন, এসব হিসাব দিয়েছেন যে কত অডিট হয়েছে, কত হয়নি, এসব কথা বলছেন। আপনারা ভাল করেছেন, এই হিসাব তো আমরাই দিয়েছি সাবজেক্ট কমিটির কাছে। সাবজেক্ট কমিটির মিটিংয়ে তখন যারা সদস্য ছিলেন তাদের আমি স্মরণ করিয়ে দিচ্ছি, আমরা সাবজেক্ট কমিটিকে পুরো কনফিডেন্স দিয়ে বলেছিলাম যে আপনারা বলে দিন যে কি করবো, আমাদের অডিট-এর এই সমস্যা হচ্ছে তারা লিখেছিলেন এখানে কি সমস্যা হচ্ছে। আমি আপনাদের খেয়াল করে দিচ্ছি, এটাতো করতে পারতেন, যেটা সাবজেক্ট কমিটির রিপোর্টে লেখা আছে। সমস্যাটা কি? এখানে বলা হল বিরোধী দলের পক্ষ থেকে যে রাজীব গান্ধী বলেছিলেন যে আমাদের সি. এ. জি.র হাতে সমস্ত অডিট দিয়ে দেওয়া হোক। হ্যাঁ, আমরা বিরোধিতা করেছিলাম। কিন্তু এটা খেয়াল রাখবেন, ভারতবর্ষের এখনও দুটি রাজ্যে পঞ্চায়েতের অডিট, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদের অডিট একজামিনার অব লোকাল অ্যাকউন্ট, সি. এ. জি. থেকে করা হয় এবং পশ্চিমবঙ্গ হচ্ছে তার মধ্যে একটা। এটা আগে থেকেই আমাদের আছে। আমরা কোনও পরিবর্তন করিনি। আমরা কেন্দ্রীয় হস্তক্ষেপের বিরুদ্ধে ছিলাম। একটা রাজ্যের তালিকাভুক্ত বিষয় পঞ্চায়েত, যেটা দুই নম্বর তালিকাভুক্ত, লিস্ট-২ এন্ট্রি ৫, স্টেট লিস্টে আছে, সেখানে আমরা কেন্দ্রীয় হস্তক্ষেপের বিরুদ্ধে ছিলাম। কিন্তু আমাদের সি. এ. জি. অডিট করার যে বিধান পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদে আছে, আমরা তা কখনও পরিবর্তন করিনি। কিন্তু অডিট হচ্ছে না। কাকে দোষ দেবেন? রাজ্য সরকারকে? কি করার আছে! আমাদের কি ই. এল. এ.র উপরে নিয়ন্ত্রণ আছে? আমাদের কি সি. এ. জি.র উপরে নিয়ন্ত্রণ আছে? একবার তো আঙুল দিয়ে দেখাচ্ছেন না যে কার জন্য অডিট হচ্ছে না পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদে, বছরের পর বছর পড়ে থাকে? সাবজেক্ট কমিটির রিপোর্টে কি বলা হয়েছে। সাবজেক্ট কমিটিতে ই. এল. এ.কে ডাকা হয়েছিল এবং সেখানে

তারা কি বলেছেন?—নোইং দিস দি সাবজেক্ট কমিটি টুক দি এভিডেন্স অব ই. এল. এ., ওয়েস্ট বেঙ্গল। সাবজেক্ট কমিটি এভিডেন্স নিয়েছে। কি বলেছিলেন? 'টু কোট দেয়ার সাবমিশন, মানে ই. এল. এ. যেটা বলেছেন সেটা কোট করেছেন। সেটা কি?'' অ্যাজ রিগার্ডস দি স্টাফ পজিশন ইন অডিট সাইড ইজ কনসার্নড, দি কন্ট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল অব ইন্ডিয়া হ্যাজ পুট এ টোটাল এমবার্গো অন স্যাংশন অব এনি এডিশনাল স্টাফ টু কোপ উইথ দি ইনক্রিজড ওয়ার্ক লোড। কম্পট্রলার অ্যান্ড অডিটর জেনারেল অব ইন্ডিয়া এমবার্গো দিয়েছে যে কোনও স্টাফ দেবেন না। এটা কি আমাকে জবাব দিতে হবে? জবাবটা চান—এত বছর ধরে আমরা বলেছি বার বার এবং দে আর অলসো কন্টিনিউয়াসলি আর্জিং আপন দি স্টেট গভর্নমেন্ট টু টেক ওভার অর আদারওয়াইজ অব লোকাল ফান্ড অ্যাকাউন্টস উইদাউট লস অব টাইম। এখন আমাদের নিয়ে নিতে বলছেন। আপনারা বলছেন যে সি. এ. জি.কে দিন, আর সি. এ. জি. বলছে যে আমাকে স্টাফ দিচ্ছে না, আমি করতে পারছি না, আপনারা নিয়ে নিন। আপনারা আমাকে সুস্পষ্টভাবে বলে দিন যে আমাকে কি করতে হবে? আমরা চাইছি এটাকে নিয়ে নিন। আমাদের সাবজেক্ট কমিটি যেভাবে সুপারিশ করেছেন, এটা এই ফেব্রুয়ারি মাসে পেশ করা হয়েছে, তারপরে নির্বাচন ইত্যাদি এসে গেছে, মোটামুটি এর সঙ্গে সঙ্গতি রেখে, দু'একটি ছোটখাটো ব্যাপার আছে, সেটা আমাদের দেখতে হবে যে কি করতে হবে না হবে। আমাদের এটা নিয়ে নিতে হবে। এটা যদি বিরোধিতা করেন তাহলে আলাদা কথা। তবে আমার মনে হয় সর্বসম্মতভাবে রাজি হলে আমাদের সি. এ. জি.র হাত থেকে অডিট নিয়ে নিতে হবে। তখন আমি আশা করি যে আপনারা এর বিরোধিতা করবেন না, অডিট যাতে আমরা নিয়মিত করতে পারি তার জন্য। আর অডিট করে কিছু ধরা হয় না। এখানে যে যা ইচ্ছা তাই করতে পারে। গত আর্থিক বছরে আমাদের পঞ্চায়েতের বিভিন্ন কর্মকর্তা ৯ জনের বিরুদ্ধে এফ. আই. আর. করা হয়েছে। সেখানে গোলমাল হয়েছে, তদন্ত হয়েছে। অডিট রিপোর্টে গোলমাল ছিল, ৮ জনকে অ্যারেস্ট করা হয়েছে। এটা আর কোথায় আছে, কটা রাজ্যে আছে, কে বলতে পারেন? এখানে একজন মাননীয় সদস্য বললেন পুরুলিয়ার দুটো গ্রাম পঞ্চায়েতের কথা, এই বছরের ব্যাপার, কয়েকদিন আগের ব্যাপার। এও আছে আমাদের কাছে রিপোর্ট। এফ. আই. আর. করা হয়েছে। দুটো গ্রাম পঞ্চায়েতের প্রধানের বিরুদ্ধে এফ. আই. আর. করা হয়েছে। এক্স প্রধান, তার বিরুদ্ধে এফ. আই. আর. করেছি, সেক্রেটারি, তার বিরুদ্ধে এফ. আই. আর. করেছি। ৯ জনের মধ্যে ৮ জনকে অ্যারেস্ট করা হয়েছে। আমরা বিচার করি না, সে কোন দলের, কি ব্যাপার।

এটা আমরা করছি। তার চেয়ে বড় কথা—বিরোধী দলের কাছে আবেদন করছি, আপনারা দেখবেন—কত বড় মর্যাদা দিয়েছি, ভারতবর্ষের কেউ কোথায় দেয়নি। আপনাদের দলের যাঁরা এখন জেলা পরিষদের বিরোধী দলের নেতা তাঁকে আমরা অধ্যক্ষ করে, তাঁকে চেয়ারপারসন তৈরি করে ডিস্ট্রিক্ট কাউন্সিল তৈরি করেছি। তিনি জেলায় যে কোনও পঞ্চায়েতে গিয়ে অর্ডিট দেখতে পারবেন। তাঁরা দেখেন সেই কাজ? আপনাদের দল থেকে তো ট্রেনিং দেওয়া উচিত ছিল। দুর্ভাগ্যের বিষয় হল আমাকে তাঁদের ট্রেনিং-এর ব্যবস্থা করে দিতে হয়েছে। কল্যাণীতে নিয়ে গিয়ে তাঁদের ট্রেনিং-এর ব্যবস্থা করে দিতে হয়েছে যে তাঁরা কিভাবে

বিরোধী দলের ভূমিকা পালন করবেন। কি করে তাঁরা অডিট দেখবেন সেটা বলে দিয়েছি। তারপর আপনারা দেখেছেন, আমরা যে ট্রেনিং দিলাম সেটা তাঁরা কার্যকর করছে কিনা? গণতন্ত্র কিভাবে শক্তিশালী হবে? আমরা তো ট্রান্সফারেন্সি চাই, স্বচ্ছতা চাই। কিন্তু আপনারা যদি সেই ভূমিকা না পালন করতে পারেন তাহলে কি হবে? নিচের স্তর পর্যন্ত কে দেখবে সেটা তো বলছেন না? এতো বড় অধিকার কে কোথায় দিয়েছে? অধিকার তো প্রয়োগ করতে হবে। সেইজন্য আমি আপনাদের এইসব কথা বলছি। আমরা এটার উপর নির্ভর করি, দুর্নীতি ইত্যাদি রোধ করার একমাত্র গ্যারান্টি হল যে কত স্বচ্ছতা আমরা নিয়ে আসতে পারি। মানুষের কাছে আমরা যদি জবাবদিহি করি তাহলে আমাদের দায়িত্ব আমরা নিশ্চিত করতে পারব। সেটার উপর নির্ভর করে তার জন্য আমরা গ্রাম সংসদ সভার উপর জোর দিয়েছি। সঞ্জীববাবু বললেন, কি কি হয়েছে তার হিসাবটা দিতে পারবেন, অডিটের হিসাব দিতে পারবেন গ্রাম সংসদে কি হয়েছে? কেন দিতে পারবো না? আমি এটা তো পর্যালোচনা করছি। এটা তো আমাদের করা উচিত ছিল, জেলায় আপনাদের যাঁরা বিরোধী দলের নেতা হিসাবে আছেন তাঁদের কাছ থেকেও তো আপনারা পর্যালোচনা করতে পারেন। তাঁদের থেকেও তো খবরা-খবর নিতে পারেন কি হচ্ছে না হচ্ছে। এখানে দেখবেন অডিট যদি কোথাও হয় তাহলে গ্রাম পঞ্চায়েতে হচ্ছে, যেটা আমার হাতে রয়েছে, অর্থাৎ রাজ্য সরকারের হাতে রয়েছে। তারা একটু চাপের মধ্যে আছে। এখানে যেটা করা যায় সেটা আমরা দেখছি। দেখবেন ১৯৯০-৯১ সালে ৯৬ পারসেন্ট অডিট হয়েছে, তারপরের বছর ৯৪ পারসেন্ট, তারপরের বছর ৯১ পারসেন্ট এবং ১৯৯৩-৯৪ সালে ৮৩ শতাংশ অডিট হয়েছে। এটা হয়েছে এটা আমার হাতে আছে বলে, এটা আমি করতে পারি। কিন্তু যেটা ওদের হাতে রয়েছে সেটা তো আমি কিছু করতে পারছি না। অর্থাৎ যেটা সি. এ. জি.র হাতে রয়েছে। গ্রাম সংসদ এটা যদি বলেন এটাতে আমি দেখতে পাচ্ছি যে আমাদের এখানে মোট ২৭৭৩টি গ্রাম সভা রয়েছে এবং এখন পর্যন্ত রিপোর্ট পেয়েছি যে ১৬২৬টিতে মিটিং হয়েছে। আরও আমার কাছে রিপোর্ট আসছে। কোথায় হচ্ছে না সেটা আপনারা দেখবেন এবং আমাকে বলে দেবেন কোথায় হচ্ছে না। বলবেন কোথায় আমাকে হস্তক্ষেপ করতে হবে। আমাদের এখন পশ্চিমবাংলায় মোট ২৯৭১৫টি গ্রাম সংসদ আছে। সেখানে সমস্ত ভোটাররা মিটিং করবে, ওঁদের আমরা অধিকার দিয়েছি। রেডিওতে অ্যানাউন্সমেন্ট হচ্ছে, খবরের কাগজে বিজ্ঞাপন দিয়েছি। আমরা খবরের কাগজে বলছি, সব জায়গায় বলছি, আপনারা বলুন যাতে গ্রাম সভাটা হয়। সেখানে সব দলের সদস্য আছে, সেখানে আপনারা আসুন। এই ২৯ হাজার সামথিং গ্রাম সংসদের মধ্যে ২০,৪১২টি হয়েছে।

**(এ ভয়েস ঃ কংগ্রেসের লোকেদের ডাকছে না)**

এটা তো মুশকিল। আপনাদের যাতে ডাকে তার জন্য তো আপনারা ওখানে আছেন। সেইজন্য বলছি এই সবের উপর নির্ভর করছে আমরা কতটা স্বচ্ছতা নিয়ে পঞ্চায়েত ইত্যাদি চালাতে পারি। অডিট ছাড়া আর এখানে যেটা বলছেন সেটা হচ্ছে, জওহর রোজগার যোজনা, আই. আর. ডি. পি. এই সব কেন্দ্রীয় সরকারের প্রকল্প, আপনারা কি করছেন, রাজ্য সরকার কি করছেন। আপনারা তো দেখতে পাচ্ছি সব কেন্দ্রময় দেখতে পাচ্ছেন। আমি আপনাদের বলছি কেন্দ্র রাজ্য এই প্রকল্পগুলিতে আমাদেরও অংশ আছে। এটা তো আপনারা ভাল ভাবে

জানেন। এই ব্যাপারে তো আপনাদের বার বার বলা লাগে না। আই. আর. ডি. পি.তে আমরা অর্ধেক দিই কেন্দ্র অর্ধেক দেয়। জি. আর. ওয়াই.তে ৮০ শতাংশ কেন্দ্র দেয় এবং ২০ শতাংশ আমরা দিই। ই. এস. এ.তে আমরা দিই। এই যে জাতীয় সামাজিক সহায়তা প্রকল্প, এইসব প্রকল্পে তো আমাদের দেওয়ার কথা নয় এক পয়সাও। আমরা এখন বার্ধক্য ভাতা ১০০ টাকা করে দিচ্ছিলাম। তখন ওনারা বললেন ৭৫ টাকা করে দেব। আমরা সবাইকে ১০০ টাকা করে দিয়ে ওদের জন্য ৭৫ টাকা করবো? বাকি এই ২৫ টাকা আমাদের দিয়ে দিতে হয়েছে। আমাদের দেওয়ার তো কোনও বাধ্যবাধকতা ছিল না। এইগুলি আমাদের নিজস্বতা। এটা আমরা করেছি। আরও একজন মাননীয় সদস্য বক্তব্য রাখলেন, তিনি এখন নেই দেখছি, তিনি জীবন বিমা প্রকল্প নিয়ে বললেন। কি হাস্যকর ব্যাপার কি ভাল প্রকল্প চালু হয়েছে এই জীবন বিমা! এটা এতো ভাল প্রকল্প যেটা আমরা এখানে চালু করিনি। এতো ভাল প্রকল্প যে এই প্রকল্পের সুবিধা পেতে হলে ৬০ বছরের আগে মারা যেতে হবে। ৬০ বছরের পরে পর্যন্ত বাঁচলে সে পাবে না। আমরা কি বলবো? যে এই প্রকল্পে নাম লেখান আর ৬০ বছরের আগে যে কোনও প্রকারে সরে পড়ুন, মারা যান? তা না হলে আত্মহত্যা করুন। এটা কি ব্যাপার কি? বেঁচে থাকলে রক্ষা নেই। বেঁচে থাকলে সে নিজে যে টাকা-পয়সা জমা দিয়েছে সেই টাকা-পয়সা সে ফেরত পাবে না।

[6-20—6-30 P.M.]

এর প্রতিবাদ করবো না? এখানে একজন বক্তৃতা করে চলে গেলেন। এইসব জিনিস বুঝেসুজে করুন। আর বলেছেন যে, আমরা টাকা-পয়সা খরচা করতে পারছি না, টাকা দিল্লিতে চলে যাচ্ছে। টাকার কি হাত পা আছে, দিল্লিতে চলে যাবে? কিছু লোক লেখেন, আমাদের লক্ষ লক্ষ টাকা দিল্লিতে ফেরত চলে যায়। আমি বলছি, জওহর রোজগার যোজনায় ১৯৯২-৯৩ সালে খরচ হয়েছ ৮৪.৬৩ শতাংশ। ১৯৯৩-৯৪ সালে খরচ হয়েছে ৮৬.৭৬ শতাংশ এবং ১৯৯৪-৯৫ সালে খরচ হয়েছে ৮৫.৮ শতাংশ। এর পরে বলবেন, কেন একশো শতাংশ খরচ করিনি? এটা করা সম্ভব নয়। যারা কাজ না করে রিপোর্ট দেয় তারা করতে পারে। মার্চের শেষে টাকা পাওয়া যায়। এই বছরে তো এপ্রিলের শেষে টাকা পেয়েছি। মার্চের শেষে টাকা পেলে তা খরচ করা যায় না। কেন্দ্রীয় সরকারকে সেজন্য আমরা বলেছিলাম, ৮৫ শতাংশ খরচ হবে। এর জন্য কোনও কাটাকুটি হবে না। এটা আমরা করেছি। ইন্দিরা আবাস যোজনা আর. এম. ডব্লু. এস. মিলিয়ন-ওয়েল স্কীম—এটাতে রাস্তা হচ্ছে, কালভার্ট হচ্ছে। আমাদের দাবি হচ্ছে, এম. ডব্লু. এস.এ রাস্তা, বনসৃজন, এইসবের ক্ষেত্রে বরাদ্দ উপর থেকে বেঁধে দেওয়া যাবে না। আমরা বলছি, সব বিকেন্দ্রীভূত করুন। কনভার্সন করুন, সব পঞ্চায়েতের হাতে দিয়ে দিন। আপনি **(জনৈক মাননীয় কংগ্রেস সদস্যের প্রতি)** তো পঞ্চায়েত সদস্য ছিলেন, আপনি কি বলবেন? **(ভয়েস ঃ ইয়ার মার্ক করুন।)** আমরা ইয়ার মার্কের বিরুদ্ধে সেজন্য এটা আমরা বলছি যে, আমরা খরচ করছি। আই. আর. ডি. পি.তে এক বছর বাদ দিলে, প্রত্যেক বছর লক্ষ্যমাত্রা অর্জন করেছি ১০৭ শতাংশ। এই বছরে ১০৮ শতাংশ লক্ষ্যমাত্রা অতিক্রম করেছি। বি. পি. এল. লিস্ট—আপনি [illegible] সদস্য ছিলেন—আমরা নাকি ক্যাডার দিয়ে তৈরি করেছি? আপনি যখন ছিলেন তখন সেটা তো দারিদ্র্যসীমার নিচে যারা ছিল, তাদের নিয়ে করেছেন। তারপর বলছেন, এটা বদলাতে

হবে, ওটা বদলাতে হবে। আমরা বলছি, যখন পঞ্চবার্ষিকী পরিকল্পনা শুরু হল, তখন পঞ্চায়েত এলাকায় যারা দারিদ্র্যসীমার নিচে আছে, তাদের তালিকা করেছিলেন। যারা নিচে ছিল তারা এক বছরের মধ্যে ধনী হয়ে গেল? আমরা বলছি, দু'চারটি যদি থাকে তাহলে তাদের বাদ দিয়ে দিন। মাস্টার মহাশয় বা যারা চাকুরি করেন এমন যারা আছেন, তাদের বাদ দিয়ে দিন। কিন্তু আপনারাও তো ছিলেন, লক্ষ লক্ষ লোকের তালিকা করেছেন, যারা বিলো পভার্টি লাইনে আছে। এসব নিয়ে সমীক্ষা হয়েছে। কাজের মান কি রকম হয়েছে, আপনাদের পছন্দ হচ্ছে না, কিন্তু কেন্দ্রীয় সরকারের পছন্দ হয়েছে। এখানে কেউ বললেন, পশ্চিমবাংলার গ্রাম থেকে দলে দলে লোক কলকাতা শহরে চলে আসছে। এইসব বিশ্বাস করেন? সবকিছু নিয়ে কত সমীক্ষা হয়েছে, আমি খালি দু'একটি বলছি কি রকম কাজ হয়েছে। কি রকম কর্মসংস্থান হয়েছে? শেষ রিপোর্টে যেটা আছে, আমাদের কাজের মূল্যায়ন যা হয়েছে, কেন্দ্রীয় সরকারের মূল্যায়ন, সেই মূল্যায়নে জওহর রোজগার যোজনা, আই. আর. ডি. পি. সম্পর্কে আমি বলছি। আমাদের এখানে জওহর রোজগার যোজনায় পঞ্চায়েতের মাধ্যমে আমরা একশো শতাংশ করেছি। অন্যান্য রাজ্যে, সারা ভারতবর্ষের গড় ৬৯ শতাংশ। বাকি ৩০০ ভাগ রাজ্যে তো পঞ্চায়েত নেই। পঞ্চায়েত না থাকলে করবেন কি করে? তারপর আমাদের এখানে কন্ট্রাক্টর, মিডল ম্যান—কেন্দ্রীয় সরকারের রিপোর্ট—একটা জায়গাতেও নিয়োগ করা হয়নি। কন্ট্রাক্টর—মিডল ম্যান নিয়োগ ০.০০ পারসেন্ট হয়েছে পশ্চিমবাংলায়। জে-আর-ওয়াই-এর রিপোর্ট অল ইন্ডিয়াতে হচ্ছে ৪.২৫ মোট এস. সি. এবং এস. টি.।

কেন্দ্রীয় সরকারে গভর্নমেন্ট অফ ইন্ডিয়াতে যখন শ্রীযুক্ত নরসিমা রাও প্রধানমন্ত্রী এবং গ্রামোন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্তমন্ত্রী ছিলেন তখনকার রিপোর্ট। এখানে আরও অনেক কথা বলতে পারি যেখানে কোয়ালিটি অফ অ্যাসেটস-এর হিসাব হয়েছে, গুড্স স্যাটিসফ্যাক্টারি অ্যাসেট্সের হিসাব জে. আর. ওয়াই.তে হয়েছে। জে. আর. ওয়াইতে পশ্চিমবঙ্গে ৯৭.৪৯ পারসেন্ট, সেখানে অল ইন্ডিয়ার ফিগার হচ্ছে ৭৩.০৮ পারসেন্ট, ফর পুওর কোয়ালিটি অ্যাসেটস পশ্চিমবঙ্গে .৪১ সেখানে অল ইন্ডিয়ায় হচ্ছে ৮.০১। সুতরাং কিছু পার্থক্য আছে। আর ইনকমপ্লিট যেটা পশ্চিমবঙ্গে সেটা হচ্ছে ১.০৭ পারসেন্ট, সেটা অল ইন্ডিয়াতে ১৫.০৭ পারসেন্ট। যখন শ্রীযুক্ত নরসিমা রাও গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী ছিলেন সেই সময়ে তিনি করেছিলেন। তিনি কি পশ্চিমবঙ্গের জন্য সব ভাল ভাল করে গেছেন আমাকে এখানে বলবার জন্যে আর বাকি সব রাজ্যগুলোর জন্য খারাপ করে দিয়েছেন। সুতরাং তুলনামূলকভাবে বিচার করতে হবে। তারপরে আই. আর. ডি. পি. দেখুন এবং এটাই শেষতম, ১৯৯২-৯৩ সালে আই. আর. ডি. পি. ট্রাইসেমে দেখুন—সেখানে বলা হচ্ছে যে, 99% beneficiary committed under the IRDP were selected by the Gram Sabha on Gram Panchayat and only one percent was selected by the officials.

অল ইন্ডিয়ায় কত দেখুন। তারপরে পাবলিক রিপ্রেজেন্টেটিভ যেটা গ্রামসভা—এর ক্ষেত্রে অল ইন্ডিয়াতে হয়েছে ৫৬ পারসেন্ট, সেখানে পশ্চিমবঙ্গে ৯৯ পারসেন্ট। সুতরাং কিছু পার্থক্য আছেই। তারপরে কোয়ালিটি অফ অ্যাসেটসের ক্ষেত্রে আই. আর. ডি. পি.তে এবং জে. আর. ওয়াইয়ের কথা আগে বলেছি। ব্যাঙ্কের থেকে যে ঋণ বাবদ অনুদান পেয়ে অ্যাসেটস গুড্স হচ্ছে ৭৯.৬৫ পারসেন্ট। সেখানে কোয়ালিটি অ্যাসেটস অ্যাভারেজ ১৭.১৭

পারসেন্ট। এবার পুওর অর্থাৎ খারাপ কোয়ালিটি ২.৬২ পারসেন্ট। অল ইন্ডিয়ার যে হিসাব তাতে অ্যাভারেজের চাইতে খারাপ, পুওর অনেক বেশি। সেখানে আমাদের এখানে ৭৯.৬৫ পারসেন্ট এবং সেটা অল ইন্ডিয়াতে ৬৯.০৪ তারপরে অল ইন্ডিয়া অফ কোয়ালিটি অ্যাসেটসের ক্ষেত্রে কত ইনকাম বাড়ল বা কত আয় বাড়ল সেটা একটু বিচার করতে হবে। কর্মসংস্থান কি হল, আয় বাড়লো কিনা সেটা নিয়ে বিচার করতে হবে। ওয়েস্ট বেঙ্গলে ৭৬.২৩ পারসেন্ট অ্যানুয়াল ফ্যামিলি ইনকাম বেড়েছে। সেখানে সারা ভারতবর্ষে বাৎসরিক ফ্যামিলি ইনকাম বেড়েছে ৫৫.৫৮ পারসেন্ট। সুতরাং পশ্চিমবঙ্গে বাৎসরিক পরিবারে বেড়েছে ২ হাজারের বেশি বেড়েছে। এটাই শেষতম বেড়েছে। কাজেই সেইদিকটা বিচার করুন। কাজেই আমাদের লক্ষ্যমাত্রার কথাই ধরুন, শ্রম দিবস্নের কথাই ধরুন, কোয়ালিটি ইত্যাদির কথাই ধরুন সব দিক থেকে সারা ভারতবর্ষের অন্যান্য রাজ্যের থেকে গড়পড়তা হিসাব অনুযায়ী তুলনামূলকভাবে আমরা অনেক এগিয়ে, সুতরাং এগুলো বিচার করতে হবে। আমি জে. আর. ওয়াই. এবং আই. আর. ডি. পি.র কথা বলছি, ২০ পয়েন্ট প্রোগ্রাম আমাদের দপ্তরের বিষয় নয়। যাই হোক সেটা নিয়ে আপনারা বিচার করবেন। তবে এটা মনে রাখতে হবে পশ্চিমবঙ্গ একমাত্র রাজ্য আর একটিও রাজ্য নেই ভারতবর্ষে যেখানে গত ২০ বছর ধরে নিয়মিত সময়ের অন্তরে নির্বাচন হচ্ছে। ত্রিস্তর নির্বাচন হচ্ছে, তাদের হাতে ক্ষমতা বিকেন্দ্রীকরণ করা হয়েছে যা সারা ভারতবর্ষে নেই। বাইরের থেকে লোক আসে এখানে দেখতে, তাছাড়া বিদেশ থেকে এবং অন্যত্র দেশ থেকে এখানে আসেন। উন্নয়নশীল দেশ থেকে আসেন। তারা সবাই দেখে যান এতে আমরা গর্ববোধ করি। আমার মনে হয় পশ্চিমবঙ্গবাসী হিসাবে আপনারাও গর্ববোধ করতে পারেন, হীনমন্যতায় ভুগবেন না, ধন্যবাদ।

## Demand No. 62

The motions (cut motion Nos. 1 to 7) were moved by Shri Deba Prasad Sarkar, Shri Abdul Mannan, Shri Ajoy De, Shri Rabindranath Chatterjee, Shri Shyamadas Banerjee and Shri Any Gopal Sinha that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 203,97,00,000 be granted for expenditure under Demand No. 62, Major Heads : "2515—Other Rural Development Programmes (Panchayati Raj), 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayati Raj) and 6515—Loans for other Rural Development Programmes (Panchayati Raj)" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 68,01,00,000 already voted on account in February, 1996.) was then put and agreed to.

[6-30—6-33 P.M.]

**Demand No. 59**

The cut motion of Shri Ashok Kumar Deb (cut motion No. 1), Shri Deba Prasad Sarkar (cut motion no. 2) and Shri Abdul Mannan (cut motion no. 3). That the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 47,43,75,000 be granted for expenditure under Demand No. 59, Major Head "2501—Special Programme for Rural Development" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 1,59,00,000 already voted on account in February, 1996)

was then put and agreed to.

**Demand No. 60**

The cut motion of Shri Deba Prasad Sarkar (cut motion no. 1), Shri Sultan Ahmed (cut motion no. 2), Shri Shyamadas Baneerjee (cut motion no. 3) and Shri Abdul Mannan (cut motion no. 4) that the 'amount of the Demand be reduced by Rs. 100/-' were then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 369,53,89,000 be granted for expenditure under Demand No. 60, Major Head : "2505—Rural Employment" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 1,74,75,00,000 already voted on account in February, 1996)

was then put and agreed to.

**Demand No. 63**

The cut motion of Shri Abdul Mannan (cut motion no. 1) that the 'amount of the Demand be reduced by Rs. 100/-' was then put and lost.

The motion of Dr. Asim Kuamr Dasgupta that a sum of Rs. 56,84,50,000 be granted for expenditure under Demand no. 63, Major Head : "2515—Other Rural Development Programmes (Community Development), 4515—Capital Outlay on Other Rural Development

Programmes (Community Development) and 6515—Loans for Other Rural Development Programmes (Community Development)" during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 18,96,00,000 already voted on account in February, 1996)

was then put and agreed to.

**Mr. Dy. Speaker :** I have heard from my chamber that Mr. Subrata Mukherjee raised certain allegations against the Yusuf Commission Justice and this matter will be expunged from the proceedings.

প্রসিডিংস থেকে এইগুলি বাদ যাবে। কারণ কোনও জাস্টিস-এর সম্বন্ধে এই রকম আলোচনা করা যায় না।

## Adjournment

At this stage the House was adjourned at 6.33 p.m. till 11-00 a.m. on Friday, the 19th July, 1996 in the assembly house, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative chamber of the Assembly House, Calcutta on Friday, the 19th July, 1996 at 11.00 A.M.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 7 Ministers of State and 132 Members.

[11-00 — 11-10 A.M.]

## Starred Questions

**(To which oral answers were given)**

### সংযোগকারী রাস্তা ও সেতু নির্মাণ

***৫১৮**। (অনুমোদিত প্রশ্ন নং *২৯২।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ফরাক্কা থেকে হলদিয়া সংযোগকারী রাস্তা ও সেতু নির্মাণের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত;

(খ) উক্ত রাস্তার কাজ এ পর্যন্ত কতটা (৩০শে এপ্রিল, ১৯৯৬ পর্যন্ত) অগ্রসর হয়েছে; এবং

(গ) উক্ত রাস্তা ও সেতু নির্মাণের ক্ষেত্রে ভারত সরকার কর্তৃক প্রদত্ত আর্থিক সাহায্যের পরিমাণ কত?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ**

(ক) প্রথম পর্যায়ে সংযোগকারী রাস্তা ও সেতু নির্মাণ বাবদ বরাদ্দকৃত অর্থের পরিমাণ ১০০৮.৮৮৯ লক্ষ টাকা।

(খ) সংযোগকারী রাস্তা সহ দুটি প্রধান সেতুর (কুয়ে এবং ময়ুরাক্ষী) নির্মাণ কাজ শেষ হয়েছে এবং অপর একটি প্রধান সেতুর (অজয়) নির্মাণ কাজ চলছে।

(গ) ২৯৭.০০ লক্ষ টাকা।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি বললেন, সংযোগকারী রাস্তা ও সেতু নির্মাণের জন্য এখনও পর্যন্ত বরাদ্দকৃত অর্থের পরিমাণ ১০০৮.৮৮৯ লক্ষ টাকা। তার সঙ্গে আরও বললেন ভারত সরকারের দেয় অর্থের পরিমাণ ২৯৭.০০ লক্ষ টাকা। আমার জিজ্ঞাস্য হচ্ছে, এই পরিকল্পনার টোটাল এস্টিমেট কত?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** এই রাস্তা নির্মাণের জন্য এখন পর্যন্ত সম্পূর্ণ ভাবে নূতন কোনও পথ রেখা রচিত হয় নি। বর্তমানে জাতীয় সড়ক, রাজ্য সড়ক-এর উন্নতি সাধন, কয়েকটি কালভার্ট, কয়েকটি ব্রিজ এইসব কাজ আমরা করব। এখনও পর্যন্ত যেটুক কাজ আমাদের করতে হবে বলে নির্দ্ধারিত আছে, সেটাকে প্রথম পর্যায় বলে ধরছি, এবং বরাদ্দকৃত অর্থের পরিমাণ আপনাদের জানিয়ে দিয়েছি, এটা বরাদ্দকৃত অর্থের প্রথম পর্যায়ের কাজ। দ্বিতীয় পর্যায়ের কাজ সম্বন্ধে আমরা কিছু ভাবি নি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এখনও পর্যন্ত যেভাবে অগ্রগতি হচ্ছে তা অত্যন্ত সন্তোষজনক। আমাদের প্রশ্ন, এই রাস্তার কাজ কবে শেষ হবে এই ধরনের কোনও লক্ষ্য আছে কি না?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** আমি আগেই বলেছি, প্রথমে একটা চিন্তা ভাবনা করা হয়েছিল, একটা নূতন পথ রেখা তৈরি করা এবং হলদিয়া ফারাক্কাকে এর সঙ্গে যুক্ত করা যায় কিনা। যে পথগুলো অতিক্রম করা কঠিন আমরা সেই কারণে ঠিক করি, রাজ্য সড়ক, জেলা সড়ক, জাতীয় সড়ক ইত্যাদিকে সংযোজিত করে উন্নতি সাধন করে, একটা বিকল্প রাস্তা চালু করতে পারি কিনা।

এই বিষয়ে আমরা অগ্রগতির পথে অনেকখানি এগিয়ে গেছি। অজয় নদীর উপর যে ব্রিজ সেটা এখনও পর্যন্ত সম্পূর্ণ হয় নি। তার কাজ খুব দ্রুত চলছে। অজয় নদীর উপর ব্রিজের কাজটা সম্পূর্ণ হলে, কাজ খুব বেশি থাকবে না। কয়েকটা কালভার্ট নির্মাণ করলে এন. এইচ. টু. এর সঙ্গে যোগাযোগ করে দিতে পারব। সুতরাং হলদিয়া থেকে এন. এইচ. সিক্সকে ধরে তার পর সেখান থেকে এগিয়ে যেখানে বম্বে রোড, দিল্লি রোড মিশেছে সেটাকে নিয়ে দূর্গাপুর এক্সপ্রেস ওয়ে, পালটিস, এন. এইচ. টু. সেটা ধরে এগিয়ে গিয়ে যেটা এখন জি. টি. রোডে মেমারি হয়ে মন্তেশ্বর পেরিয়ে একেবারে কাটোয়ার পাশ দিয়ে অজয় নদীর সেতু অতিক্রম করে বীরভূম দিয়ে ময়ুরাক্ষী ক্রস করে নবগ্রামে গিয়ে ফরাক্কা চলে যাবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এই রাস্তাটা শুরু হওয়ার ফলে পশ্চিমবঙ্গে যোগাযোগ ব্যবস্থার ক্ষেত্রে একটা ঐতিহাসিক ঘটনা। যোগাযোগের ক্ষেত্রে নূতন নূতন সংযোগ তৈরি হবে। আমার যতদূর মনে আছে এই হাউসে তখন অমল ভট্টাচার্য ছিলেন, ডেলিগেশন এসেছিল যে ফরাক্কা থেকে নেপাল পর্যন্ত একটি রাস্তা হবে। এই রকম একটি কথাবার্তা হয়েছিল। তো এই রকম কোনও নেগোশিয়েশনের কথা আপনি জানেন কি?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** এই প্রস্তাবনা থাকতে পারে। আমি মন্ত্রী হয়ে আসার পর, এই

ব্যাপারে আমার দৃষ্টি আকর্ষণ করা হয় নি। এ বিষয়ে আমার কাছে কোনও খবর নেই। পরে আপনাকে এ বিষয়ে জানাব।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী বলেছেন ফরাক্কা থেকে হলদিয়া সংযোগকারী রাস্তা খরচ হচ্ছে ১০ কোটি টাকার মতো। প্রোপোরশনেটলি রাজ্য সরকার কত দিচ্ছেন আর কেন্দ্রীয় সরকার কত দিচ্ছেন?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** আমি আগেই বলেছি যে মোট বরাদ্দ ধরা হয়েছে ১০ কোটি টাকার মতো। এর মধ্যে কেন্দ্রীয় সরকার দিচ্ছেন ২ কোটি ৯৭ লক্ষ টাকা অর্থাৎ প্রায় ৩ কোটি টাকার মতো। অবশিষ্টাংশ সব অর্থ রাজ্য সরকারকে বহন করতে হচ্ছে।

**শ্রী আনন্দগোপাল দাস ঃ** মাননীয় মন্ত্রী হলদিয়া থেকে ফরাক্কা পর্যন্ত রাস্তাটি করতে গিয়ে অজয় নদীর উপর ব্রিজের কথা বললেন। অজয় নদীর উপর এই ব্রিজ করতে গিয়ে আমাদের কিছু জমি অধিগ্রহণ করতে হচ্ছে। সে ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি যে জমি অধিগ্রহণের ব্যাপারে আমাদের কিছু অসুবিধার সৃষ্টি হচ্ছে। আমরা দেখছি বর্ধমান জেলার দিক থেকে যে সমস্ত জমি অধিগ্রহণ করা হচ্ছে, তারা টাকা পেয়ে যাচ্ছে কিন্তু বীরভূম জেলায় যাদের জমি নেওয়া হয়েছে তারা টাকা পাচ্ছেন না। কৃষকরা তাদের জমিতে কাজ করতে দিচ্ছেন না।

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** আমি ব্যাপারটা দেখবার জন্য ওখানে উপস্থিত হয়ে দেখেছি যে অল্প কিছু সমস্যা আছে। খুব বেশি জমি অধিগ্রহণ নয়। ইরিগেশনের ওপরের জমিটা পাওয়া যাচ্ছে। আর অল্প সামান্য জমি অধিগ্রহণের প্রশ্ন আছে। সাব-স্ট্রাকচারের কাজ শুরু হয় নি, সুপার স্ট্রাকচারের কাজ এই বছর ধরব। শুধু জমির ব্যাপারে যা গোলমাল আছে। অ্যাক্ট (ওয়ান) জমি নিতে হবে। আমাদের সময় লাগবে ১৭, ১৮ মাস।

[11-10 — 11-20 A.M.]

অ্যাক্ট (ওয়ানে) জমি নেওয়ার জন্য সার্চিং করা শুরু হয়েছে। অ্যাক্ট (ওয়ানে) বলা আছে জমির ওয়ারিশকে আছে সমস্ত কাগজপত্র খুঁজে বার করে খবরের কাগজে বিজ্ঞাপন দিয়ে সমস্ত প্রসেস এবং প্রসিডিওর ফলো করে কাজ শুরু করতে হবে। সরকারের নিয়ম অনুযায়ী আমরা এগোনোর চেষ্টা করছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ফরাক্কা-হলদিয়া রাস্তার কথা বললেন। কিন্তু হলদিয়া পোর্টের ইমপরটেন্স রয়েছে ইন্ডাস্ট্রির জন্য। ক্যালকাটা পোর্টের ইমপরটেন্স বেড়েছে। এর জন্য বোম্বে রোডের গুরুত্ব বেড়েছে। কিন্তু বোম্বে রোডের সম্প্রসারণ হয় নি। এই রাস্তায় একটা ট্রাক খারাপ হলে গোটা রাস্তাটা মাইলের পর মাইল জ্যাম হয়ে যায়। এই রাস্তাটা সম্প্রসারণ হলে ক্যালকাটা থেকে ফরাক্কা যাওয়ার সুবিধা হবে। এখানে একটা ব্রিজ

আছে এবং কোনও কোনও জায়গা সরু হয়ে গেছে। যার ফলে বটল নেক সৃষ্টি হয়েছে। এ ব্যাপারে কোনও চিন্তা ভাবনা করেছেন কি?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** ন্যাশনাল হাইওয়ে — এন. এইচ. (৬) খড়গপুর থেকে কল্যাণী পর্যন্ত রাস্তাটা চওড়া করার জন্য স্কীম তৈরি করেছি। তারপর এই স্কীমটা আমরা মিনিস্ট্রি অফ সারফেস ট্রান্সপোর্টের কাছে পাঠিয়েছি। ওঁরা আশ্বাস দিয়েছেন স্কীমটা অনুমোদন করবেন। এই স্কীমটা স্যাংশন হলে ফাইল প্লেস করলে কাজটা করব। আমরা স্কীমের এস্টিমেট পাঠিয়েছি, ওঁরা ইন্সপেকশন করেছেন। ওঁরা অ্যাপ্রিশিয়েট করেছেন। স্কীমটা স্যাংশন হলে ফান্ড প্লেস করলে কাজ শুরু হবে। এটা অত্যন্ত জরুরি ব্যাপার। আপনি সঠিক ভাবেই পয়েন্ট আউট করেছেন।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** সাপ্লিমেন্টারি স্যার, টাকা থাকলে লেনিনগ্রাদ থেকে বালিগঞ্জ পর্যন্ত রাস্তা করা যায়। মাননীয় মন্ত্রী মহাশয়, পশ্চিমবঙ্গ অনেক দিন ধরে অবহেলিত হয়ে আছে।

আমার প্রশ্ন হচ্ছে, নর্থ বেঙ্গল এবং সাউথ বেঙ্গলের মধ্যে বাণিজ্যিক সুবিধার জন্য যে এক্সপ্রেস হাইওয়ে পরিকল্পনা হয়েছে, তাতে কোন কোন এজেন্সি টাকা দিয়েছে?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** এগজিস্টিং এন. এইচ.-৩৪, একে বলা হয় নর্থ বেঙ্গলের সঙ্গে লাইফ লাইন। বর্তমানে এটা টু লেনের একটু বেশি আছে, ফোর লেনিং করার জন্য স্কীম সাবমিট করেছি, ওরা বলেছে স্যাংশন দেবেন। গত সপ্তাহে চিফ ইঞ্জিনিয়ার ন্যাশনাল হাইওয়ে এসেছিলেন, আমার সাথে কথা হয়েছে, আগামী শুখা মরশুমে যাতে কাজটা করতে পারি, সেইভাবে স্যাংশন দেবেন এবং ফান্ড প্লেসিং হবে। এটা হলে আমরা ফেজ বাই ফেজ কাজটা করতে পারব, কলকাতা থেকে শিলিগুড়ি পর্যন্ত। প্রথম ফেজে কাজ হবে দমদম এয়ারপোর্ট থেকে চাকদা পর্যন্ত। দ্বিতীয় ফেজে হবে ফারাক্কা পর্যন্ত। তবে, মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলি, দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়েতে যত জোরে গাড়ি চলতে পারবে, এখানে সেই গতিতে চলার অসুবিধা আছে। ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রস্তাব আছে, তাতে ১৬টি রাস্তা ধরেছি, ওরা ১৫ কোটি টাকা দিচ্ছে টেকনিক্যাল সার্ভের জন্য। এই রাস্তাগুলোর মধ্যে ডায়মন্ড হারবার, বাসন্তী, এসব ধরা আছে। এইগুলো হাইয়েস্ট স্পেসিফিকেশন। এইগুলো মূলত ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রস্তাব। এখনও কোনও এজেন্সি আসে নি। বলা হয়েছে গ্লোবাল টেন্ডার করতে হবে। গ্লোবাল এজেন্সিকে সুযোগ দিতে হবে। আমরা শর্ট লিস্ট করতে পারি। কম্পিটিশনে যারা আসবে, তাদের সুযোগ দিতে হবে। অর্দ্ধেক আমরা পাব, অর্দ্ধেক ওরা পাবে, তাতে আমাদের আপত্তি নেই।

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** দু' বছর আগে পুরুলিয়ায় এন. এইচ.-৩২ এর কাজ শুরু হয়েছিল। গত এক বছর ধরে কাজটি বন্ধ আছে। এর কারণ কি মন্ত্রী মহোদয় জানাবেন?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** হঠাৎ করে এটা বলা মুশকিল, নোটিশ দেবেন, তখন বলে দেব।

**শ্রী মানিক মন্ডল ঃ** স্যার, হলদিয়া-ফারাক্কা রাস্তা নির্মাণ করতে গিয়ে ময়ূরাক্ষী এবং কুয়ো নদীর উপর ব্রিজ করেছেন এবং অজয় নদীর উপর ব্রিজ নির্মাণ শুরু করেছেন। অজয় নদীর উপর ঐ ব্রিজ নির্মাণ কবে নাগাদ শেষ হবে?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** ব্রিজের সাব-স্ট্রাকচারের কাজে যে পিয়ার আছে তা এ বছরে শেষ হয়ে যাবে। এটা করা হলে সুপার-স্ট্রাকচারের কাজে বেশি দেরি লাগবে না। আশা করা যাচ্ছে, বিগিনিং অফ ৯৮ এটা হয়ে যাবে।

**শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** স্যার, গত কাল 'আজকাল' এবং 'স্টেটসম্যান' পত্রিকায় একটা স্টেটমেন্ট বের হয়েছে যে, টাকা-পয়সার অভাবে রাজ্যের যে রাস্তাগুলো আছে সেগুলো নাকি মেন্টেনেন্স হচ্ছে না এবং নূতন রাস্তা তৈরি করা যাচ্ছে না। এটা কি সত্যি?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** এটা ঠিক যে আমরা পরিকাঠামোর যে কথা বলি তাতে রোড কমিউনিকেশনকে এক নম্বরে রাখা হয়। এটা না থাকলে কোথাও শিল্প গড়া যাবে না। এক্ষেত্রে যাতায়াত ব্যবস্থাটা মূল ব্যাপার। তা না হলে গঞ্জের সাথে গ্রামের, গ্রামের সাথে জেলার, জেলার সাথে জেলা-শহরের, জেলা-শহরের সাথে শহরের যোগাযোগ রক্ষা করা যাবে না এবং তাহলে উন্নয়ন বলতে যে জিনিস বোঝায় সেই পথে এগোনো কঠিন হবে। এখানে মাননীয় বিধায়করা আমাকে নিজের নিজের এলাকার যে সমস্ত রাস্তায় কথা বলেন এবং যে ভাবে বলেন — ৩।৫।৭ কি. মি. রাস্তা করলে, বহু মানুষের উপকার হবে — আমি সেটা বুঝতে পারি। কিন্তু দুঃখের বিষয় আর্থিক সঙ্গতি না থাকার জন্য সহানুভূতি দিয়ে দেখার পরও কাজ করা যায় না। মেন্টেনেন্সের ব্যাপারটাও ঠিকমতো দেখা সম্ভব হয় না, তাপ্পি মেরে মেন্টেনেন্স করে ছেড়ে দিতে হয়। সেন্ট্রাল গভর্নমেন্টের বর্ডার এরিয়া ডেভেলপমেন্ট প্রোজেক্ট, এম. ও. এস. টি.-এর নিজস্ব প্রোজেক্ট বা ট্রেড চলছে। তাতে ইউনিয়ন গভর্নমেন্টে ট্রেডের লরিগুলো যাচ্ছে। কিন্তু আমাদের রাস্তাগুলো অত ভার নিতে পারছে না। সেই সব ক্ষেত্রে আমি আক্ষেপ করে বলেছিলাম, টাকা পাওয়া যাচ্ছে না, তাই মেন্টেনেন্স করা যাচ্ছে না।

[11-20 — 11-30 A.M.]

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** আপনি কিছু দিন আগে বলেছেন, এই মন্ত্রিসভা বিশেষ করে অর্থমন্ত্রী আপনার দপ্তর থেকে স্বাস্থ্য দপ্তর বা বিদ্যুৎ দপ্তরকে বেশি বরাদ্দ দিচ্ছেন। বা অর্থমন্ত্রী আপনাকে সেই রকম বরাদ্দ দিচ্ছেন না। এ বিষয়ে আপনার কি মত?

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** হয়ত বরাদ্দকৃত অর্থের পরিমাণ দেখে আপনাদের এটা মনে হয়ে থাকবে। আমি এখানে দাঁড়িয়ে বলেছিলাম, গত বছর আমরা বেশ কিছু চওড়া রাস্তা করতে পেরেছিলাম। আমি দেড় বছর হল মন্ত্রিত্বে এসেছি। তখন থেকে আমি অর্থমন্ত্রীর সহযোগিতা,

পঞ্চায়েতের টাকা, জেলা প্ল্যানিং-এর টাকা এবং খানিকটা বিশেষ অর্থ বরাদ্দ পেয়েছি। সব মিলিয়ে আমরা কিছু রাস্তার কাজ করতে পেরেছি। অন্য বছরের তুলনায় গত বছর একটু ভালো অবস্থায় ছিলাম। অর্থমন্ত্রীর সহযোগিতা না হলে এটা হত না। আর বিদ্যুৎ, স্বাস্থ্যের প্রয়োজনীয়তার কথা অস্বীকার করার কিছু নেই এবং সেজন্য আমার হিংসাও নেই। আমার দপ্তরের কাজ আমাকেই দেখতে হবে। আমাকেই তার জন্য মানুষকে কৈফিয়ত দিতে হবে। অর্থের অসুবিধার কথা সংশ্লিষ্ট দপ্তরের সঙ্গে আলোচনা হয়, সহযোগিতা মোটামুটি পাই। আমাদের দপ্তরের বরাদ্দকৃত অর্থের পরিমাণটা বিদ্যুৎ বা স্বাস্থ্য দপ্তরের বরাদ্দ অর্থের পরিমাণের থেকে কম — এটা হতে পারে।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** বামফ্রন্ট সরকারের আমলে বা আপনার আমলে যে সব রাস্তা সারাবার জন্য টেন্ডার হয়েছে, কন্ট্রাক্টররা কাজ করছে না এই রকম নজির আছে কি এবং তাদের বিরুদ্ধে কী ব্যবস্থা নিচ্ছেন?

**মিঃ স্পিকার ঃ** এ রকম প্রশ্ন হবে না, এটা ছেড়ে দিন। আপনি একজন সিনিয়র মেম্বার হয়ে এ রকম প্রশ্ন করবেন কেন?

### রাজ্যে আন্ত্রিক রোগ

***৫১৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৮।) **শ্রী অম্বিকা ব্যানার্জি ও শ্রী আব্দুল মান্নান ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ১৯৯৪ ও ১৯৯৫ সালে রাজ্যে আন্ত্রিক রোগে আক্রান্ত রোগীর সংখ্যা কত;

(খ) উক্ত সময়ে ঐ রোগে কতজনের মৃত্যু হয়েছে; এবং

(গ) ঐ রোগ প্রতিরোধে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**শ্রী পার্থ দে ঃ**

(ক) ১৯৯৪ ও ১৯৯৫ সালে রাজ্যে আন্ত্রিক রোগে আক্রান্ত রোগীর সংখ্যা যথাক্রমে ৪৪,৮২৪ ও ১,০৯,২০০।

(খ) উক্ত সময়ে ঐ রোগে মৃত্যুর সংখ্যা যথাক্রমে ৬৯৮ ও ৯৫৩।

(গ) ঐ রোগ প্রতিরোধে রাজ্য সরকার নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করেছেন ঃ—

(১) আন্ত্রিক রোগে মৃত্যুর হার যথা সম্ভব কমিয়ে আনার জন্য ওরাল রিহাইড্রেশন থেরাপির প্রসারের উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। আক্রান্ত এলাকায় রোগীরা যাতে সহজে ও. আর. এস. প্যাকেট পেতে পারেন এজন্য গ্রামসেবক, অঙ্গনওয়াড়ী কর্মী, বহুমুখি স্বাস্থ্য কর্মী, স্বেচ্ছাসেবী সংগঠন, পঞ্চায়েত, স্কুল শিক্ষক প্রভৃতির মাধ্যমে রোগীদের

কাছে সরবরাহের ব্যবস্থা করা হয়েছে।

(২) জরুরিকালীন ভিত্তিতে সমস্ত স্বাস্থ্য কেন্দ্রে প্রয়োজনীয় ঔষধপত্র এবং স্যালাইন উপযুক্ত পরিমাণে সরবরাহ করা হয়েছে।

(৩) স্বাস্থ্য কর্মীরা বাড়ি বাড়ি ঘুরে রোগী খুঁজে বার করে তার চিকিৎসার ব্যবস্থা যথা সম্ভব বাড়িতেই করেছেন। প্রয়োজনবোধে রোগীকে নিকটবর্তী হাসপাতালে চিকিৎসার ব্যবস্থা করেছেন।

(৪) আক্রান্ত এলাকায় পানীয় জলের উৎসগুলিকে বিশোধন করার ব্যবস্থা করেছেন। যেখানে তা সম্ভব নয় সেখানে পর্যাপ্ত পরিমাণে পানীয় জল বিশোধনের জন্য হ্যালোজেন ট্যাবলেট সরবরাহ করা হয়েছে।

(৫) জনগণের মধ্যে ব্যক্তিগত স্বাস্থ্য সচেতনতা বাড়ানোর উদ্দেশ্যে এবং স্বাস্থ্য শিক্ষা প্রসারের উদ্দেশ্যে গণমাধ্যমগুলির সাহায্যে ব্যাপক প্রচারাভিযান চালানো হয়েছে এবং হচ্ছে।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মন্ত্রীর উপর এবং তাঁর কাজের উপর আমাদের আস্থা আছে। কিন্তু আমরা প্রত্যেক বছর আন্ত্রিক হচ্ছে দেখছি এবং বছরের ৩।৪ মাস আন্ত্রিক হচ্ছে। আন্ত্রিকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কতগুলি কথা আপনি বললেন, কিন্তু বছরের পর বছর এই আন্ত্রিক রোগ হচ্ছে এবং ১৯৯৪ এবং ১৯৯৫ সালে অনেক গুণ বেশি হয়েছে। কেন এটা বাড়ছে?

**শ্রী পার্থ দে ঃ** উনি যে উদ্বেগ প্রকাশ করেছেন সেটা সঠিক। এর উত্তরটা এই অল্প সময়ে সম্পূর্ণ ভাবে বলা যাবে না। জল বাহিত হলো আন্ত্রিক তাই এটা প্রতি বছরই ফিরে ফিরে আসে এবং এটা ঘটনা যে মোট আক্রান্তের সংখ্যা এটা সব সময় আমরা কমের দিকে রাখতে পারছি না বা নিয়ন্ত্রণে রাখতে পারছি না। এটা উৎস ঘটিত। জলের বিশুদ্ধতা একটা কঠিন সমস্যা, অন্য কয়েকটা রোগ সম্পর্কেও এটা প্রযোজ্য। স্বাস্থ্য দপ্তরের কতগুলি কর্মসূচি এ ব্যাপারে আছে এবং আরও কতগুলি ব্যাপার আছে সেটা এই স্বল্প পরিসরে বলা যাবে না। মানুষকে জল ব্যবহার করতেই হবে আর আমরা এই রকম একটা পরিস্থিতির মধ্যে বাস করি, তবুও একটা সময়ে প্রচেষ্টা হয়েছিল মাটির নিচের জল টিউবওয়েলের মাধ্যমে শোধন করে নেওয়া কিন্তু তাতেও ঝুঁকি থেকে যাচ্ছে।

[11-30 — 11-40 A.M.]

সে জন্য সবচেয়ে বড় কথা যা বোঝা যাচ্ছে, তা হচ্ছে সাধারণ জ্ঞান — আমাদের সমতলের জলকে বিশুদ্ধ করতে পারলে সবচেয়ে ভাল হয়। কিন্তু সে বিশুদ্ধতা রক্ষা করা খুবই কঠিন কাজ। তথাপি সেটা করার জন্য ধারাবাহিক প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। দ্বিতীয় কথা, আন্ত্রিক বা পেটের অসুখ বা উদরাময়ের প্রধান কারণই হচ্ছে পুষ্টির অভাব। এই অভাব যদি না থাকে, সাধারণ স্বাস্থ্য যদি ভাল থাকে তাহলে এই সব অসুখকে শরীর অনেক

দূর পর্যন্ত প্রতিহত করতে পারে। এ ব্যাপারে আমাদের অনেকগুলো করণীয় কাজ আছে। কিছু কাজ হয়েছে, কিছু কাজ এখনও করতে হবে। আপাতত যেটা করা উচিত সেটা হল — আক্রান্ত ব্যক্তির সাথে সাথে চিকিৎসার ব্যবস্থা করতে হবে। প্রধানত আন্ত্রিকের ৯৭%, ৯৮%-ই ভাইরাস ঘটিত অসুখ। এর ফলে শরীরের কতগুলো সাধারণ ভারসাম্যের অসুবিধার সৃষ্টি হয়, ভারসাম্য নষ্ট হয়ে যায়। সেই ভারসাম্য বজায় রাখতে পারলে শরীর নিজেই এ অসুখ সারিয়ে তুলতে পারে। ২/৩টি ক্ষেত্র বাদে, বেশির ভাগ ক্ষেত্রেই শরীরের ভারসাম্য ফিরিয়ে আনার মধ্যে দিয়ে রোগীর রোগ সারিয়ে তোলা হয়। এতে আক্রান্তের সংখ্যা থেকে একদম ক্ষতি হয়ে যাচ্ছে — মৃত্যু হয়ে যাচ্ছে, তার সংখ্যাটা আমরা কমিয়ে আনছি। তথাপি এর মধ্যে আত্ম-সন্তুষ্টির কোনও প্রশ্ন নেই, খুবই উদ্বেগের বিষয় — যেটা মাননীয় সদস্য বলছেন। বিষয়টাকে এখন দু' ভাগে করতে হচ্ছে। আক্রান্ত ব্যক্তিরা যাতে শরীরের ভারসাম্য বজায় রাখতে পারেন, তার যদি ব্যবস্থা করা যায় তাহলেই আমরা দেখছি আক্রান্তদের শতকরা ৯৭ ভাগ মানুষের অসুখ সেরে যাচ্ছে। এই অসুখে শিশুরা এবং বয়স্করাই বেশি আক্রান্ত হন। আমরা লক্ষ্য করছি কয়েকটা বিশেষ ধরনের আন্ত্রিকের ক্ষেত্রেই শুধু ঔষুধের প্রয়োজন হচ্ছে। সেসব ক্ষেত্রে নিশ্চয়ই ঔষুধ দিতে হবে এবং দেওয়া হচ্ছে। এই দু' রকম পদ্ধতি নিশ্চয়ই সাফল্য লাভ করছে। কিন্তু এই অসুখ বন্ধ করার জন্য আমাদের আরও ব্যাপক দায়িত্ব ও কর্তব্য আছে। বিশেষ করে এ ব্যাপারে ব্যাপক প্রচার হওয়া দরকার যে আন্ত্রিক অসুখ হবে না যদি জল পরিশুদ্ধ করে পান করা যায়। জল পরিশুদ্ধ করতে পারলে সবচেয়ে ভাল, সে চেষ্টা করা উচিত এবং করা হচ্ছে। তবে যদি কোনও কারণে কেউ আক্রান্ত হন, বিশেষ করে কোনও শিশু আক্রান্ত হয় — সারা দিনে তাঁর যতটা মলত্যাগ করার কথা তার চেয়ে পরিমাণে যদি বেশি হয়, তরল যদি শরীর থেকে বেশি বেরিয়ে চলে যায় — যেটাকে বলা হয় 'জল-বিয়োজন' বা ডিহাইড্রেশন — তাহলে কতগুলো পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং সে পদক্ষেপগুলি যদি আমরা গ্রহণ করতে পারি তাহলে শতকরা ৯৭টি ক্ষেত্রে এই অসুখে রোগীর বা আক্রান্তের কোনও ক্ষতি হবে না। তারপরও যদি কোনও ক্ষেত্রে দেখা যায় আক্রান্ত ব্যক্তি ঠিকমতো সুস্থ হচ্ছেন না তখন যে কোনও স্বাস্থ্য কেন্দ্রে যোগাযোগ করা যেতে পারে। এ ক্ষেত্রে চিকিৎসার খরচ এমন কিছু বেশি নয়, প্রয়োজনীয় ঔষুধও আছে। তবে এর জন্য সব চেয়ে বেশি প্রয়োজন প্রচার, প্রশিক্ষণ এবং সদিচ্ছা। এই তিনটে জিনিস থাকলে আমরা এর মোকাবিলা করতে পারব।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের সিনসিয়ারিটির অভাব নেই, এটা আমরা জানি। শহরের বস্তি অঞ্চলে এবং গ্রামের গরিব মানুষদের মধ্যেই এ রোগ বেশি হয়। আমরা লক্ষ্য করছি গ্রামের যে সমস্ত আক্রান্ত রোগীর অবস্থা খারাপ হয়ে পড়ে সে সমস্ত রোগীরা চেষ্টা করেও শহরে চিকিৎসার জন্য এসে পৌছতে পারে না অ্যাম্বুলেন্সের অভাবে। এ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয় কি একটা নির্দিষ্ট নিয়ম করবেন, এই রোগে আক্রান্ত রোগীদের জন্য চিকিৎসা কেন্দ্রে নিয়ে যাবার জন্য কিছু অ্যাম্বুলেন্সকে কি ইয়ারমার্ক করে রাখবেন? এ রকম কোনও পরিকল্পনা আপনার আছে কি? এই রোগের ন্যূনতম ঔষুধ হচ্ছে স্যালাইন, তা আপনার বেশির ভাগ চিকিৎসা কেন্দ্রেই পাওয়া যায় না। যদিও আমার দূরবর্তী গ্রামাঞ্চলের হাসপাতালগুলো দেখার সুযোগ হয় নি তথাপি আমি জেলা হাসপাতালগুলির অবস্থা যা

দেখেছি তাতে অবস্থা মোটেই ভাল নয়। একে রোগীদের রাখার জায়গা নেই, তারপরে এই রোগের ন্যূনতম ঔষুধ স্যালাইন, তাও থাকে না। এটা খুবই দুঃখের ব্যাপার। আর একটা হচ্ছে অ্যাম্বুলেন্সের অভাব, আন্ত্রিক রোগ যখন হয় তখন জেলায় জেলায় অ্যাম্বুলেন্স ইয়ারমার্ক করার কোনও পরিকল্পনা আছে কিনা?

**শ্রী পার্থ দে ঃ** আপনি যে প্রশ্নটা করেছেন তার একটা হল অ্যাম্বুলেন্স ইত্যাদি। আমি এই ব্যাপারে নিশ্চয়ই আসছি। কিন্তু এই যে আন্ত্রিক অসুখ, এই অসুখের জন্য যে ঔষুধের দরকার এবং যতটা পরিমাণে দরকার সেটা পশ্চিম বাংলার সমস্ত স্বাস্থ্য কেন্দ্রে রয়েছে। আর আমাদের যারা স্বাস্থ্য কর্মী হেলথ ওয়ার্কার, পঞ্চায়েত কর্মী যারা আছেন নানা স্তরে, এমন কি মাস্টার মশাই, শিক্ষক, পৌরসভা, পঞ্চায়েত তাদের সকলের কাছে এটা দেওয়া আছে। এইজন্য আমি আবার বলছি, এই ধরনের অসুখ হলে প্রথমে কতগুলি করণীয় কাজ পরিবারের লোকেদের করতে হবে। পরিবারের লোকেরা সেই কাজটুকু যদি করেন, শরীরে লবন এবং জলের ভারসাম্য বজায় রাখার জন্য যতবার শরীর থেকে তরল বেরিয়ে যাবে ততবার ওয়ারেশের সলিউশন দিতে হবে। সমস্ত জায়গায় এটা ছড়িয়ে দেওয়া আছে। যদি তারা নিজেদের বাড়িতে না পান ওয়ারেশ তাহলে সামান্য কিছু লবন এবং সামান্য কিছু চিনি দিয়ে এই ধরনের ওয়ারেশ তৈরি করে, স্বাভাবিক খাদ্যকে তরল করে রোগীকে যেন দেওয়া হয়। এটা করলে শতকরা ৯০ ভাগ রোগীর ক্ষেত্রে চিকিৎসা বাড়িতেই করা যেতে পারে, ডাক্তার ডাকার দরকার হয় না। আর যদি দরকার হয়, দেরি হয়ে গেছে, ঠিকমতো রিহাইড্রেশন করা হয় নি, তারজন্য যেটা দরকার সেই ঔষুধ প্রত্যেকটি স্বাস্থ্য কেন্দ্রে আছে। সাধারণ ভাবে স্যালাইন-ইনটারভেনাস স্যালাইন এটার যখন দরকার হবে তারজন্য ব্যবস্থা করা আছে। এখন যদি কোনও জায়গায়, হঠাৎ কোনও গ্রামে বা কোনও বাড়িতে হঠাৎ অনেকে অসুস্থ হয়ে পড়েন তাহলে তাদের হাসপাতালে পৌঁছানোর দরকার আছে এবং এরজন্য অ্যাম্বুলেন্সের ব্যবস্থা আছে, সঙ্গে সঙ্গে কাজে লাগানো যাবে। যদি এই কারণে গাড়ি ঘোড়ার অসুবিধা থাকে তারজন্য আমি পশ্চিম বাংলার সমস্ত জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি তাদেরকে বলেছি। তারা প্রস্তুত আছে। হঠাৎ যাকে বলা হয় এক্সিজেন্সি, হঠাৎ জরুরি পরিস্থিতি যদি দেখা দেয় তাহলে তারা সেই রোগীকে স্বাস্থ্য কেন্দ্রে পোঁছানোর ব্যবস্থা করে দেবেন এবং সমস্ত হাসপাতালে বলে দেওয়া আছে এবং তারা প্রস্তুত আছে। যে কোনও জায়গায় যদি প্রয়োজন হয় তাহলে সঙ্গে সঙ্গে সেখানে ক্যাম্প করা হবে। ডাক্তার ও স্বাস্থ্য কর্মীরা যে যেখানে আছে তাদেরও তালিকা করা আছে, প্রয়োজন হলে তারা ছুটে যাবেন — এই ধরনের ব্যবস্থা করা আছে। আমরা এই নিয়ে দুবার সারা রাজ্যের পরিস্থিতি বিচার বিশ্লেষণ করেছি। আবার দু-একদিনের মধ্যে খবরা খবর পেয়ে যাবো। খুব সম্প্রতি বন্যা এবং ধ্বসের ঘটনা ঘটেছে। এই কাজে যাতে গাফিলতি না হয় তারজন্য আবার বসে তার ব্যবস্থা করব। সেইজন্য বলছি, গাড়ি ঘোড়ার খুব একটা বড় সমস্যা হবে না।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি ছোট একটি উদাহরণ দিচ্ছি।

কলকাতার একদম পাশে হাওড়া জেলা হাসপাতালে কটা অ্যাম্বুলেন্স আছে এবং কটা অ্যাম্বুলেন্স কাজ করছে? হাওড়া কর্পোরেশনের কটা অ্যাম্বুলেন্স আছে এবং কটা অ্যাম্বুলেন্স কাজ করছে? আপনার হিসাবটা কাগজে কলমেই দেখবেন। স্বাস্থ্য দপ্তর যে ব্যবস্থা নিয়েছেন সেগুলি যদি কার্যকর হত তাহলে এত সমস্যা হত না, কিন্তু কার্যকর হচ্ছে না। এগুলি চেকআপ করার ব্যবস্থা করার কথা চিন্তা ভাবনা করছেন কিনা?

**শ্রী পার্থ দে ঃ** আপনি যে প্রশ্নটা করলেন — গাড়ি ঘোড়ার হিসাবটা দিচ্ছেন কি আছে, কতটা সারানো যায়, কতটা সারানো যায় না। সেটা আলাদা।

[11-40 — 11-50 A.M.]

গাড়ি ঘোড়া কী আছে, কতটা সারানো যায়, কতটা যায় না, সেটাও ব্যবস্থা নিচ্ছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় প্রশ্নের উত্তরে বললেন যে টোটাল তথাকথিত আন্ত্রিক রোগে প্রায় ১৬ শত জনের মৃত্যু হয়েছে। সরকার থেকে বলা হচ্ছে আন্ত্রিক রোগ, কিন্তু আসলে প্রত্যেক বছর কলেরা রোগে এত রোগী মারা যাচ্ছে। মন্ত্রী মহাশয় কী বলবেন কলেরা রোগে মারা গেছে, আমরা বলছি কলেরা রোগে এত লোক মারা গেছে, প্রত্যেক বছর কলকাতা শহরে মার্চ, এপ্রিল, মে, জুন, এই চার মাসে কলেরা রোগে অনেক মারা যায়। সুতরাং আমি জানতে চাই কলেরা এবং আন্ত্রিকের ডিফারেন্সটা কী?

**শ্রী পার্থ দে ঃ** ১৬ শত রোগী কলেরায় মারা গেছে, এই কথা বলি নি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** আপনি নিজেই বলেছেন ১৬ শত জন মারা গেছে, ৯৪ সালে ৬৯৮ জন, আর ৯৫ সালে ৯৫৩ জন, এই দুটো যোগ করলে ১৬০০-র মতই হয়।

**শ্রী পার্থ দে ঃ** এক একটা বছরের হিসাব আমি দিয়েছি। এক বছরে ১৬ শত বলি নি। কলেরা মহামারী গোপন করার কোনও ব্যাপার নেই। কলেরা হলেও তার নির্দিষ্ট ঔষুধ আছে, তা প্রয়োগ করলে সেই অসুখ সেরে যায়। তার জন্য আমাদের কলকাতায় আই. ডি. হাসপাতাল আছে। কলেরার মতো দু-তিন রকমের রোগ আছে, কলেরারও ঔষুধ আছে। উদরাময় — এটারও অন্য দিক আছে, তার মধ্যে একটি হচ্ছে সিগালা ঘটিত। ঔষুধ প্রয়োগ করে এইগুলোকে নিরাময় করা সম্ভব। রোগী কলেরায় আক্রান্ত হলে হাসপাতালে ভর্তি হবার পর তার মল পরীক্ষা করে দেখা হয় যে তার কলেরা রোগের জীবাণু আছে কী না, যদি থাকে তাহলে সেই রকম ভাবে চিকিৎসা করা হয়। এটা লুকোবার কিছু নেই। কোনও অসত্য কথা প্রচারিত হতে দেওয়া যায় না। রোগের লক্ষণগুলো হচ্ছে কয়েক ঘন্টা প্রস্রাব হচ্ছে না, চোখ বসে যাচ্ছে, শরীরে তাপ বাড়ছে, তাকে রিহাইড্রেশন করে কিছু উপকার না হলে তখন তাকে স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাবার কথা বলছি। কারণ বাড়িতে মল পরীক্ষা করা সম্ভব নয়। এই ব্যাপারে কলকাতায় বেলেঘাটায় যে আই. ডি. হাসপাতাল আছে সেখানে এবং হাওড়ায়

যে সত্যবতী আই. ডি. হাসপাতাল আছে, সেখানে এই সব চিকিৎসা করা হয় এবং জেলাতে সাধারণ হাসপাতালেই চিকিৎসা করা হয়। তবে বেশির ভাগ ক্ষেত্রেই আন্ত্রিক হলে পারিবারিক নিয়ন্ত্রণে এটা নিরাময় করা সম্ভব এবং বেলেঘাটায় আই. ডি. হাসপাতালের সঙ্গেই কেন্দ্রীয় সরকারের একটা ইনফেকশাস ডিজিজ রিসার্চ ইন্সটিটিউট রয়েছে, সেখানেও মল পরীক্ষা করা হয়। সুতরাং এই সম্পর্কে গোপন করার কিছু নেই। সরকার চান মানুষ এই ব্যাপারে আরও বেশি করে জানুন, যত জানবেন ততই ভাল।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, জেলাওয়াড়ী কোনও সংখ্যা থাকলে জানাবেন, ৯৪-৯৫ সালে কোন জেলায় আন্ত্রিক এর প্রকোপ সর্বাধিক এবং সেই জেলার আন্ত্রিক রোগাক্রান্তের সংখ্যা কত এবং মৃত্যুর সংখ্যা কত?

**শ্রী পার্থ দে ঃ** আমার কাছে হিসাব যা আছে এবং খালি চোখে যা আমি দেখতে পাচ্ছি সেটা হচ্ছে, ১৯৯৪ সালে আক্রান্তের সংখ্যা দক্ষিণ ২৪ পরগনায় সবচেয়ে বেশি, ৮ হাজার ৩৩১ এবং কলকাতায় ৮ হাজার ৩৫২। আর ৯৪ সালে এই অসুখে মারা গেছেন দক্ষিণ ২৪ পরগনায় ১৪৯ এবং কলকাতায় ২২৯। ৯৫ সালের হিসাবটাও বলে দিচ্ছি। ৯৫ সালে দক্ষিণ ২৪ পরগনায় আক্রান্তের সংখ্যা একটু কমেছে এবং মৃতের সংখ্যা খুবই কমেছে। আক্রান্ত হচ্ছে ৭ হাজার ৯৪৭ এবং মৃত ৪। কলকাতায় আক্রান্তের সংখ্যা অনেক বেড়ে গিয়েছে — ২১ হাজার ৮২৯ এবং মৃতের সংখ্যা আনুপাতিক হারে কমলেও সংখ্যার দিক থেকে কমে নি — ৩৫৭।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে পরিসংখ্যান দিলেন তা খুবই উদ্বেগ জনক। আধুনিক চিকিৎসা বিজ্ঞানের যুগে ন্যূনতম জন স্বাস্থ্যের ব্যবস্থা থাকলে এবং চিকিৎসার পরিকাঠামো থাকলে এই রকম রোগে এত আক্রান্ত এবং মৃত হওয়া উচিত নয় কারণ এটা দুরারোগ্য ব্যাধি নয়। আপনি বলেছেন, জলের উৎস রোগের কারণ, চিকিৎসার ব্যাপারটা কিছুই নয়। এ ক্ষেত্রে আপনি যে প্রতিশ্রুতি দিয়েছেন এবং যে ব্যবস্থা নিয়েছেন তা সত্ত্বেও আমরা দেখতে পাচ্ছি এখানে এই রোগে আক্রান্তের সংখ্যাও বাড়ছে, মৃতের সংখ্যাও বাড়ছে। আপনার পরিসংখ্যানই সেকথা বলছে। আপনি বলেছেন সমস্ত স্বাস্থ্য কেন্দ্রগুলিতে এই রোগের চিকিৎসার জন্য স্যালাইন এবং নেসেসারি ব্যবস্থা থাকে কিন্তু তা সত্ত্বেও চিকিৎসার অভাবে আমরা দেখতে পাচ্ছি বহু রোগী মারা যাচ্ছেন। এমন কি কলকাতায় পর্যন্ত এত সংখ্যায় লোক এই রোগে আক্রান্ত হচ্ছে, মারা যাচ্ছে। অনেক সময় এমারজেন্সী টিম পর্যন্ত পাঠাতে হচ্ছে যেহেতু স্বাস্থ্য কেন্দ্রগুলিতে যথেষ্ট সংখ্যক চিকিৎসক এবং ন্যূনতম ব্যবস্থা থাকে না। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, আগামী দিনে এই রোগ যাতে মহামারী রূপে দেখা না দেয় তার জন্য বিশেষ ব্যবস্থা করবেন কি?

**শ্রী পার্থ দে ঃ** একটা কথা ঠিকই যে আমাদের আরও কিছু ভাল করে বুঝে নেওয়া দরকার। সেই চেষ্টা আমরা আরম্ভ করেছি এবং আরও করতে হবে যে ঠিক কোন কোন জায়গায় এটা বেশি হচ্ছে এবং তার কিছু কিছু কারণ আমরা আমাদের চেষ্টায় বন্ধ করতে

পারি কিনা। কিন্তু যে জিনিসটার উপর জোর দিয়ে মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হল, এই অসুখ বন্ধ করার জন্য আমরা যদি মানুষকে কতকগুলি ব্যাপারে একটু অভ্যস্ত করে তুলতে পারি তাহলে ভাল হয় এবং তাতে এত বিপদও হবে না। এই অসুখে যে মৃত্যু হয় সেটার কারণ রোগীকে এত দেরিতে হাসপাতালে বা স্বাস্থ্য কেন্দ্রগুলিতে নিয়ে আসা হয় যে তার তখন শরীরের সমস্ত ব্যবস্থা বিকল হয়ে গিয়েছে। সেইজন্য আগে থেকে যদি রোগীর শরীরের পুষ্টির মান বজায় রাখার চেষ্টা করা হয়, তার শরীরের জলীয় অংশ এবং লবনের ভারসাম্য এই দুটি ঠিক করে আনা হয় তাহলে ভাল হয়। এক একটা অসুখে এক একটা ঔষুধ আছে। যেমন কলেরা হলে এক রকম, সিগমা হলে এক রকম, সাধারণ উদরাময় বা আন্ত্রিক হলে তেমন ঔষুধদের দরকার হয় না, নিজের থেকেই সেরে যায় যদি ব্যালেন্সটা শরীরের ঠিক থাকে। এরজন্য দামী যন্ত্রপাতি বা অ্যান্টিবায়োটিকের দরকার হয় না। এটা ভালভাবে বোঝা দরকার। তা না হলে ব্যবস্থা থাকা সত্ত্বেও এবং জানা থাকা সত্ত্বেও অনেক দেরিতে রোগী এসে পৌঁছালে তাকে পুনরুদ্ধার করা প্রায় অসম্ভব হয়ে পড়ে। আমি নিজে আই. ডি. হাসপাতালে গিয়ে দেখে এসেছি যে তখন ঐ ইন্টারভেনাস স্যালাইন পুশ করলেও সে স্যালাইন নিতে পারছে না। ঐ অবস্থা হলে কেউ কিছু করতে পারবে না। কাজেই এই অবস্থাটা যাতে না হয় সেটা দেখতে হবে।

[11-50 — 12-00 Noon]

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে, আমরা জানি বামফ্রন্ট সরকার প্রিভেন্টিভ মেজার নিচ্ছেন বেশি করে, কিউরেটিভ ছোট আকারে। কেন না, আমাদের যে বিশাল জনসংখ্যা তাতে কিউরেটিভ না নিয়ে প্রিভেন্টিভ মেজার গ্রহণ করতে হবে। আমরা জানি ৫ হাজার লোক পিছু দুইজন-একজন পুরুষ আর একজন মহিলা, তারা গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্রে কর্মী আছে, যারা এগুলি দেখে থাকেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য, আন্ত্রিক হোক, কলেরা হোক, আর ডাইরিয়া হোক, এর বিরুদ্ধে প্রচার করতে হবে। জনসাধারণের মধ্যে যারা নিরক্ষর, দুঃস্থ মানুষ তাদের মধ্যে এই রোগের প্রকোপ বেশি দেখা দিচ্ছে। আপনার এই যে ইনফ্রাস্ট্রাকচার তাকে কাজে লাগিয়ে স্বাস্থ্য দপ্তর থেকে গ্রামে গ্রামে এবং শহরের বস্তি এলাকায় আন্ত্রিক রোগের প্রতিরোধ হিসাবে ও. আর. এস. নিতে হবে, প্রিভেন্টিভ মেজার গ্রহণ করতে হবে, এই সম্পর্কে প্রচারের কোনও ব্যবস্থা করেছেন কিনা যাতে তৃণমূল স্তর পর্যন্ত গরিব মানুষের ঘরে এই প্রচার নিয়ে যাওয়া যায় এবং এই রোগ প্রতিরোধ করা যায়?

**শ্রী পার্থ দে ঃ** এই বছর বর্ষা আরম্ভ হওয়ার আগে সারা রাজ্যে আমাদের যে ব্যবস্থা আছে তার সঙ্গে বিশেষ ভাবে কলকাতায় কলকাতা কর্পোরেশন, হাওড়ায় হাওড়া কর্পোরেশন, এদের সঙ্গে বিস্তারিত আলোচনা করে আমরা কতকগুলি কর্মসূচি গ্রহণ করেছি। তার প্রধান অঙ্গ হচ্ছে, এই ধরনের রোগের লক্ষণ দেখা দিলে কি করতে হবে, কার কাছে প্রয়োজনীয় সাহায্য চাইতে হবে। আমরা বিশেষ ভাবে জোর দিয়েছি যে ও. আর. এস. দরকার হলে,

হ্যালোজেন দরকার হলে কার কাছে যাবেন, সেই রকম বিশেষ পরিস্থিতি যদি দেখা দেয়, আক্রান্তের সংখ্যা যদি বেশি হয়, অনেক মানুষ যদি অসুস্থ হয়ে পড়েন, তখন কার কাছে যাবেন, কি করবেন, এগুলি নির্দ্ধারিত করা হয়েছে। কলকাতায় যে বোরো কমিটি আছে তারা এবং তার সঙ্গে কিছু কিছু স্বেচ্ছাসেবী সংগঠনও বিভিন্ন জায়গায় এই কাজে যুক্ত আছে, তাদের সকলকে যুক্ত করা হয়েছে। এছাড়া বন্যা এবং ধ্বসের খবর পাওয়ার পরে আবার আমরা আলোচনা করব। রাত্রি বেলায় যদি কোনও সমস্যা হয় তাহলে কার কাছে যাবেন, প্রত্যেকটি পঞ্চায়েত এলাকায় এবং শহরাঞ্চলে যেখানে যেখানে মিউনিসিপ্যালিটির ওয়ার্ড আছে, সেখানে কাকে ডাকবেন, সেই ধরনের ব্যবস্থা আমরা করেছি। আমাদের স্বাস্থ্য কর্মীরা এই কাজে রত আছেন। এটাকে আরও শক্তিশালী করা দরকার কিনা, এই সব জিনিস আমরা দেখছি।

**শ্রী অসিত মিত্র ঃ** আপনি কিছুক্ষণ আগে পরিসংখ্যান-এর মাধ্যমে জানিয়েছেন যে, মৃতের সংখ্যা এবং রোগাক্রান্তের সংখ্যা বাড়ছে। আমার প্রশ্ন, বর্ষা চলছে এবং বন্যার প্রকোপও বাড়ছে, অথচ আপনি যে সমস্ত কর্মসূচি নিয়েছেন বলে বলছিলেন, আমরা বিভিন্ন এলাকা ঘুরে দেখেছি, সেই সমস্ত কর্মসূচির সামান্যতম প্রভাবও কোথায় পড়েছে সেটা এখনও পর্যন্ত দেখা যাচ্ছে না। গ্রামের হাসপাতালগুলির অবস্থাও প্রচন্ড খারাপ। সেখানে ঔষুধ পাওয়া যাচ্ছে না, স্যালাইন পাওয়া যাচ্ছে না। তবুও আপনি বলছেন যে, ব্যবস্থা নিয়েছেন। কিন্তু এক্ষেত্রে জেলাওয়াড়ী ইমিডিয়েটলি একটা করে যদি সেল তৈরি করে দেওয়া যায় তাহলে সেই সেলগুলো গ্রামের প্রতিটি হাসপাতাল এবং জায়গার তদারকি করে সেখানে রোগীর সংখ্যা কিভাবে কমানো যায় এবং প্রতিষেধক ব্যবস্থার ব্যাপারে কি কি করা যায় সেটা ভেবে তারা ব্যবস্থা নিতে পারেন। এটা করলে এই রোগের প্রকোপ কমানো যেতে পারে। আপনি এই ধরনের জেলাওয়াড়ী সেল গঠনের কথা ভাবছেন কি না?

**শ্রী পার্থ দে ঃ** ইতিমধ্যে সব জেলাতে আমরা একটা করে স্বাস্থ্য কমিটি তৈরি করেছি যাতে জেলা সভাধিপতি, জেলা শাসক, মুখ্য স্বাস্থ্য আধিকারিক এবং স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির কর্মাধ্যক্ষ এরা আছেন। তাঁরা বিষয়টা সম্পর্কে অবহিত আছেন এবং জেলাগত ভাবে এই ব্যাপারটা দেখবার দায়িত্বটা তাঁদের। কাজেই তাদের কাছে কোনও সমস্যা হাজির হলে সেটা তারা মোকাবেলা করতে পারবেন। মাননীয় সদস্যের বিশেষ কোনও জেলার কোনও এলাকা সম্পর্কে যদি কিছু বলার থাকে তাহলে অবশ্যই তিনি ঐ কমিটির সঙ্গে যোগাযোগ করতে পারেন তাহলে জেলা সভাধিপতি এবং জেলা শাসক সঙ্গে সঙ্গে ব্যবস্থা নিতে পারবেন।

## কর্মবিনিয়োগ কেন্দ্র ও নথিভুক্ত প্রার্থী

*৫২০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৭৬।) **শ্রী আবু আয়েশ মন্ডল** ও **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** কর্মবিনিয়োগ কেন্দ্র বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বর্তমানে রাজ্যে কর্মবিনিয়োগ কেন্দ্রের সংখ্যা কত; এবং

(খ) উক্ত কেন্দ্রগুলিতে নথিভুক্ত কর্মপ্রার্থীর সংখ্যা কত (৩০শে মার্চ, ১৯৯৬ পর্যন্ত)?

**শ্রীমতী ছায়া বেরা :**

(ক) এই রাজ্যে কর্ম বিনিয়োগ কেন্দ্রের সংখ্যা ৭০টি। এছাড়া ব্লক স্তরে ৫৭টি কর্ম বিনিয়োগ সহায়ক কেন্দ্র, ৪টি বিশ্ববিদ্যালয় সহায়ক কেন্দ্র আছে।

(খ) ৫৪,২৬,৪৪০।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** আমরা প্রশ্ন, ১৯৯৫ ক্যালেন্ডার ইয়ারে মোট কতজন কর্ম প্রার্থী কর্ম বিনিয়োগ কেন্দ্রে তাদের নাম নথিভুক্ত করেছেন?

**শ্রীমতী ছায়া বেরা :** ১৯৯৫ ক্যালেন্ডার ইয়ারে এক্ষেত্রে মোট সংখ্যাটা ছিল ৫৩,৯২,১২০। যেহেতু একটি ইয়ারের সঙ্গে আর একটি ইয়ার যোগ হয়ে থাকে সেজন্য বলছি যে, ১৯৯৫ সালে সংখ্যাটা দাঁড়িয়েছিল ৫৩,৯২,১২০।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** এই ক্যালেন্ডার ইয়ারে আমাদের রাজ্যে সরকারি এবং বে-সরকারি ক্ষেত্রে মোট কতগুলো শূণ্যপদ পূরণের জন্য বিজ্ঞাপন জারি করা হয়েছিল এবং কতজনকে শূণ্যপদে বহাল করা হয়েছে সেই সংখ্যাটা জানাবেন কি?

**শ্রীমতী ছায়া বেরা :** কত শূণ্যপদ বিজ্ঞাপিত হয়েছিল, নোটিশ দিলে সেটা পরে বলে দিতে পারব, কিন্তু ১৯৯৫ সালে মোট যে কর্মপ্রার্থী নিযুক্ত হয়েছিল তার সংখ্যা ৭,৮২২।

[12-00 Noon — 12-10 P.M.]

**শ্রী আবু আয়েশ মন্ডল :** আমাদের রাজ্যে সমস্ত কর্ম বিনিয়োগ কেন্দ্রগুলিতে পর্যায়ক্রমে কমপিউটার সিস্টেম চালু করার কথা ছিল। ইতিমধ্যে কতগুলি কর্ম বিনিয়োগ কেন্দ্রে কমপিউটার সিস্টেম চালু করা হয়েছে এবং সেটা কোথায় কোথায় হয়েছে এটা জানাবেন কি?

**শ্রীমতী ছায়া বেরা :** আমাদের পর্যায়ক্রমে কমপিউটার বসানোর পরিকল্পনা আছে। তবে আমাদের এখন পর্যন্ত কমপিউটার বসেছে ২টি কেন্দ্রে। আরও দুটি কেন্দ্রে বসানোর কাজ চলছে। আরও ৪টি জায়গায় স্যাংশন হয়ে গেছে, সময় মতো অর্থ পেলে পর্যায়ক্রমে বসাতে পারব।

## Starred Questions

## (To which written answers were laid on the Table)

### গণবন্টন ব্যবস্থার মাধ্যমে বিক্রয়ের ফলে ঘাটতি

***৫১৭।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৩।) **শ্রী আব্দুল মান্নান ঃ** খাদ্য ও সরবরাহ্ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ্ করে উত্তর দেবেন কি —

(ক) গণবন্টন ব্যবস্থার মাধ্যমে ১৯৯৫-৯৬ আর্থিক বছরে চাল, গম, ডাল, সরিষার তেল এবং চিনি বিক্রয়ের জন্য রাজ্যে ঘাটতির পরিমাণ কত ছিল;

(খ) ঘাটতি পূরণের জন্য কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল কি না; এবং

(গ) হয়ে থাকলে, ঘাটতি পূরণে উপরিউক্ত আর্থিক বছরে কি পরিমাণ উক্ত দ্রব্যগুলি সরবরাহ করা সম্ভব হয়েছিল?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) গণবন্টন ব্যবস্থার ১৯৯৫-৯৬ সালে ঘাটতির পরিমাণ ঃ—

চাল — ১৪.০২ লক্ষ মেট্রিক টন।

গম — ৯.৮৬ লক্ষ মেট্রিক টন।

চিনি — ১৩.৫২০ লক্ষ মেট্রিক টন।

গণবন্টন ব্যবস্থায় ১৯৯৫-৯৬ সালে ডাল ও সরিষার তেল সরবরাহ করা হয় নি।

(খ) পশ্চিমবঙ্গ সরকার, কেন্দ্রীয় সরকারের নিকট চাল, গম ও চিনির বরাদ্দ বৃদ্ধির আবেদন করেছেন কিন্তু কেন্দ্রীয় সরকারের কাছে এখনও কোনও সাড়া পাওয়া যায় নি।

(গ) প্রশ্নই ওঠে না।

### পলিটেকনিক কলেজ স্থাপনের পরিকল্পনা

***৫২১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪০৪।) **শ্রী অশোক দেব ঃ** কারিগরি শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) দক্ষিণ ২৪-পরগনার বজবজ এলাকায় একটি পলিটেকনিক কলেজ স্থাপন করার পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটির রূপরেখা কিরূপ?

**কারিগরি শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) দক্ষিণ ২৪ পরগনার বজবজ এলাকায় বর্তমানে পলিটেকনিক স্থাপনের পরিকল্পনা সরকারের নেই।

(খ) কোনও পরিকল্পনা না থাকার কারণে রূপরেখা প্রস্তুতের প্রশ্ন ওঠে না।

**কৃষি উন্নয়ন সমবায় সমিতি**

*৫২২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৫৪।) **শ্রী ঈদ মহম্মদ ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

রাজ্যে কতগুলি কৃষি উন্নয়ন সমবায় সমিতি অচল হয়ে পড়ে রয়েছে?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৪৬১টি।

**দুর্গাপুর এক্সপ্রেসওয়ে**

*৫২৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯।) **শ্রী কমল মুখার্জি ও শ্রী আব্দুল মান্নান ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) দুর্গাপুর এক্সপ্রেসওয়েটি কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায়;

(খ) রাস্তাটি নির্মাণের কাজ বর্তমানে কোন পর্যায়ে রয়েছে;

(গ) রাস্তাটির উপর —

(১) কতগুলি উড়াল সেতু নির্মাণ করা হয়েছে; এবং

(২) রাস্তাটির সাথে সংযোগের জন্য কতগুলি অ্যাপ্রোচ রোড প্রশস্ত করা হয়েছে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৮ সালের এপ্রিল মাসে চালু হবে বলে আশা করা যায়।

(খ) রাস্তার ৭৫ শতাংশ কাজ শেষ হয়েছে। বাকি অংশের কাজ চলছে।

(গ) (১) একটি।

(২) পাঁচটি।

**হাসপাতালে ধূমপানরোধে ব্যবস্থা**

***৫২৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৬১৬।) **শ্রী তপন হোড় ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের হাসপাতালগুলিতে ধূমপানরোধে সরকার কঠোর ব্যবস্থা গ্রহণ করেছে; এবং

(খ) সত্যি হইলে, নিয়মভঙ্গকারীর বিরুদ্ধে কি ধরনের শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার কথা সরকার বিবেচনা করেছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হাসপাতালগুলিতে ধূমপান বন্ধ করার নির্দেশ জারি করা হয়েছে।

(খ) এর আইনগত দিকগুলি খতিয়ে দেখা হচ্ছে।

**Distribution of Subsidised Rice**

***525.** (Admitteed Question No. *435) **Shri Saugata Ray** and **Shri Akbar Ali Khandakar :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state —

(a) Whether the State Government has any information regarding the Scheme being implemented by the State Government of Andhra Pradesh for distribution of subsidised Rice to the poor families;

(b) If so, —

(i) The salient features of the above scheme of the Govenment of Andhra Pradesh compared to the Scheme for distribution of subsidised Rice to the Landless Agricultural Labourers and members of their families introduced in West Bengal by the State Government from 1989; and

(ii) The number of beneficiaries, scale of distribution and the subsidised price of rice distributed under the above schemes ?

**Minister-in-charge of the Food and Supplies Department :—**

(a) No.

(b) (i) Does not arise.

(ii) Does not arise.

## রাস্তা সংস্কার

*৫২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৩।) **শ্রী রবীন্দ্র ঘোষ :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) শ্যামপুর ১ নং ব্লকের কোলিয়া আমীর আলি বিদ্যালয় হইতে বালিচাতুরা দামোদর নদ সংলগ্ন রাস্তাটি সংস্কারের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, উক্ত সংস্কারের কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) আপাতত কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## চটশিল্পে ই. এস. আই. বাবদ বকেয়া অর্থ

*৫২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৫২।) **শ্রী দেবপ্রসাদ সরকার :** কর্মচারী রাজ্যবিমা প্রকল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী রাজ্যে চটশিল্পে ই. এস. আই. বাবদ বকেয়া টাকার (পৃথক পৃথক ভাবে হিসাব উল্লেখ করে) পরিমাণ কত; এবং

(খ) উল্লিখিত বকেয়া অর্থ আদায়ের জন্য রাজ্য সরকার কি কি পদক্ষেপ নিয়েছে?

**কর্মচারী রাজ্যবিমা প্রকল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ৬০.৫১ কোটি টাকা (৩১.৩.৯৬ পর্যন্ত)

(খ) উল্লিখিত বকেয়া অর্থ আদায় করার জন্য কর্মচারী রাজ্যবিমা নিগমের আঞ্চলিক অধিকর্তা খেলাপী সংস্থার বিরুদ্ধে কর্মচারী রাজ্যবিমা আইনের ৮৫(এ), (ই) এবং (জি) ধারা এবং ভারতীয় দন্ডবিধির ৪০৬।৪০৯ ধারা অনুসারে ফৌজদারি মামলা দায়ের করেছেন। খেলাপী সংস্থাগুলি থেকে বকেয়া আদায়ের জন্য সার্টিফিকেট মালমাও দায়ের করা হয়েছে।

## বিশ্বব্যাঙ্কের সাহায্যে স্বাস্থ্য কেন্দ্রের উন্নয়ন

*৫২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১১৬৯।) **শ্রী কালীপ্রসাদ বিশ্বাস :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে স্বাস্থ্য কেন্দ্রগুলির উন্নতিকল্পে বিশ্বব্যাঙ্কের সাথে কোনও চুক্তি হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, কবে নাগাদ তা কার্যকর হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ। পশ্চিমবঙ্গের মোট ১৭০টি জিলা, মহকুমা, গ্রামীণ ও স্টেট জেনারেল হাসপাতাল এবং সুন্দরবন অঞ্চলের ৩৬টি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের উন্নয়নের বিষয়ে বিশ্বব্যাঙ্কের সঙ্গে চুক্তি সম্পাদিত হয়েছে।

(খ) প্রকল্পটির কার্যকাল ১৯৯৬-৯৭ বর্ষ থেকে ২০০১-২০০২ বর্ষ পর্যন্ত বিস্তৃত।

## পাকা রাস্তা নির্মাণ

***৫২৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৭১৮।) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) কৃষ্ণনগর ১ নং ব্লকের অধীন তারকদাসপুর গ্রাম হইতে পোড়াগাছা গ্রাম পঞ্চায়েতের ঝাউতলা পর্যন্ত রাস্তাটি পাকা করার কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, তার রূপরেখাটি কি?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পূর্ত (সড়ক) বিভাগের অধীন এরূপ কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

## নূতন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র স্থাপন

***৫৩০।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪১৪।) **শ্রী সুভাষচন্দ্র সরেন ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) মেদিনীপুর জেলায় নূতন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, নয়াগ্রাম এলাকার অন্তর্গত গোপীবল্লভপুর ব্লকের পরিষোল প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র স্থাপনের কাজটি কী পর্যায়ে রয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### বাইপাস রাস্তা নির্মাণ

***৫৩১।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৯৭।) **ডাঃ মোতাহার হোসেন ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) বীরভূম জেলার মুরারই-এর বাইপাস রাস্তাটির কাজ কবে নাগাদ শুরু হবে; এবং

(খ) উক্ত রাস্তাটির কাজ কবে নাগাদ সমাপ্ত হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রয়োজনীয় জমি অধিগ্রহণের কাজ চলছে। শেষ হলে রাস্তার কাজ শুরু হবে বলে আশা করা যায়।

(খ) এখনই বলা সম্ভব নয়।

### হাসপাতালের সুপারিনটেনডেন্টের বিরুদ্ধে মামলা

***৫৩২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৫০।) **শ্রী মৃণালকান্তি রায় ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) এটা কি সত্যি যে, দিঘা স্টেট জেনারেল হাসপাতালের সুপারিনটেনডেন্টের বিরুদ্ধে দীর্ঘ দিন যাবৎ মামলা চলছে;

(খ) সত্যি হইলে, কি কারণে মামলা হয়েছে; এবং

(গ) উক্ত মামলার ফলে ঐ হাসপাতালের অন্যান্য ডাক্তারদের চিকিৎসায় কোন অসুবিধা হচ্ছে কি না?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ইহা সত্য নহে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) না।

## শান্তিপুর বাইপাস রাস্তা নির্মাণ

*৫৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮৫।) **শ্রী অজয় দে** ঃ পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

শান্তিপুর বাইপাস রাস্তাটির নির্মাণ কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

শান্তিপুর বাইপাসের সাব-বেস-এর কাজ আরম্ভ হয়েছে। বালি এবং পাথর গুঁড়ো কনসিলডেশন এর কাজ চলছে।

## হাসপাতালে হোমিওপ্যাথিক ডাক্তার

*৫৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৫৮।) **শ্রী আনন্দগোপাল দাস** ঃ স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

রাজ্যে সরকারি হাসপাতালে বা স্বাস্থ্য কেন্দ্রে কতজন হোমিওপ্যাথিক ডাক্তার নিযুক্ত রয়েছেন (জেলাওয়াড়ী হিসাবসহ)?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

রাজ্যে সরকারি ৪টি হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজ ও হাসপাতালে আছে মোট ১২৭ জন ডাক্তার।

| | | |
|---|---|---|
| কলিকাতা (২টি) | — | ৭২ জন। |
| হাওড়া | — | ২৬ জন। |
| মেদিনীপুর | — | ২৯ জন। |
| **মোট** | — | ১২৭ জন। |

রাজ্যে স্বাস্থ্য কেন্দ্র হোমিওপ্যাথিক ডিসপেন্সারিতে মোট ৫০৫ জন ডাক্তার আছেন।

| | | |
|---|---|---|
| কলিকাতা | — | ৫ জন। |
| উত্তর ২৪ পরগনা | — | ১৬ জন। |
| দক্ষিণ ২৪ পরগনা | — | ২৭ জন। |
| হাওড়া | — | ৩১ জন। |
| বর্ধমান | — | ৩৩ জন। |

| | | |
|---|---|---|
| হুগলি | — | ৩৬ জন। |
| মেদিনীপুর | — | ৬৮ জন। |
| কোচবিহার | — | ২২ জন। |
| উত্তর দিনাজপুর | — | ৭ জন। |
| দক্ষিণ দিনাজপুর | — | ১৩ জন। |
| বাঁকুড় | — | ২৩ জন। |
| বীরভূম | — | ৩৪ জন। |
| দার্জিলিং | — | ৩০ জন। |
| জলপাইগুড়ি | — | ২৬ জন। |
| পুরুলিয়া | — | ৩৬ জন। |
| মালদা | — | ২৮ জন। |
| মুর্শিদাবাদ | — | ৩১ জন। |
| নদীয়া | — | ৩৯ জন। |
| মোট | — | ৫০৫ জন। |

**নবগ্রাম স্বাস্থ্য কেন্দ্র**

***৫৩৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৪২।) **শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) শ্যামপুর ১ নং পঞ্চায়েত সমিতির অন্তর্গত নবগ্রাম স্বাস্থ্য কেন্দ্রটির কাজ শেষ হয়েছে কি না;

(খ) হয়ে থাকলে, কবে নাগাদ উক্ত স্বাস্থ্য কেন্দ্রটির কাজ শুরু হয়েছিল ও কবে নাগাদ শেষ হয়েছে; এবং

(গ) ঐ স্বাস্থ্য কেন্দ্রটি কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ৩.১.৮৯ তারিখে কাজ শুরু হয়েছিল এবং ২২.৯.৯২ তারিখে শেষ হয়েছে।

(গ) শীঘ্রই পূর্ণাঙ্গরূপে চালু হবে বলে আশা করা যায়।

## দ্বারকেশ্বর নদীর উপর সেতু নির্মাণ

*৫৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩৪।) **শ্রী নন্দদুলাল মাঝি ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) বাঁকুড়া জেলার ইন্দাস-কোতুলপুর রাস্তায় দ্বারকেশ্বর নদীর উপর সেতু নির্মাণ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ কাজটি শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আছে।

(খ) পরিকল্পনাটির প্রাথমিক পর্যায়ের কাজ আরম্ভ হয়েছে। প্রকৃত নির্মাণ কাজ এর পরে শুরু হবে। এখনই নির্দ্দিষ্ট করে কিছু বলা যাচ্ছে না।

## সিউড়ী সদর হাসপাতালে নূতন বিভাগ

*৫৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *১১৪৪।) **শ্রী সুনীতি চট্টরাজ ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) বীরভূম জেলার সিউড়ী সদর হাসপাতালে পেডিয়াট্রিক (সার্জারী ও মেডিসিন) বিভাগ খোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত বিভাগটি খোলা হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না। তবে পেডিয়াট্রিক মেডিসিন বিভাগ না থাকলেও পেডিয়াট্রিক মেডিসিন ইউনিট আছে।

(খ) প্রশ্ন ওঠে না।

## দ্বারকা নদীর উপর সেতু নির্মাণ

*৫৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৬১৬।) **শ্রী বিশ্বনাথ মন্ডল ও শ্রী মোজাম্মেল হক ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) মুর্শিদাবাদ জেলার জীবন্তী-শেরপুর রাস্তায় দ্বারকা নদীর গাঁতলাঘাটে সেতু নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনার কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আছে।

(খ) উক্ত পরিকল্পনার প্রাথমিক পর্যায়ের কাজ আরম্ভ হয়েছে।

**রাজ্যে প্রাথমিক ও সহায়ক স্বাস্থ্য কেন্দ্র**

*৫৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১২০৩।) **শ্রী শৈলজাকুমার দাস ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) রাজ্যে কতগুলি প্রাথমিক ও সহায়ক স্বাস্থ্য কেন্দ্র আছে;

(খ) স্বাস্থ্য কেন্দ্রগুলিতে প্রয়োজনমতো সরকারি ডাক্তার আছে কি না; এবং

(গ) স্বাস্থ্য কেন্দ্রগুলিতে কর্মরত ডাক্তারের সংখ্যা কত?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের সংখ্যা — ৯২৪ (নয় শত চব্বিশ) এবং ব্লক লেভেল প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের সংখ্যা — ৩৪৪ (তিন শত চুয়াল্লিশ) টি।

(খ) ৩৯৭ (তিন শত সাতানব্বই) টি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র ব্যাতিরেকে অন্যান্য স্বাস্থ্য কেন্দ্রগুলিতে প্রয়োজনমতো সরকারি ডাক্তার আছে।

(গ) রাজ্যের স্বাস্থ্য কেন্দ্রগুলিতে কর্মরত মোট ডাক্তারের সংখ্যা — ১৮২৮ (এক হাজার আট শত আঠাশ) জন।

**শ্যামসুন্দর স্বাস্থ্য কেন্দ্র চালুকরণে ব্যবস্থা**

*৫৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৭৭।) **শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) শ্যামসুন্দর স্বাস্থ্য কেন্দ্রটি ৩১শে ডিসেম্বর, ১৯৯৬-এর মধ্যে চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, সরকার এ-বিষয়ে কি উদ্যোগ নিয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) শ্যামসুন্দর স্বাস্থ্য কেন্দ্রটি ১৮।৭।৯৬ তারিখে চালু করার পরিকল্পনা সরকারের আছে।

(খ) সরকার চুক্তির ভিত্তিতে ডাক্তার নিয়োগের ব্যবস্থা করেছেন।

### কোচবিহারে ডাক্তারবিহীন প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র

***৫৪১।** (অনুমোদিত প্রশ্ন নং *১২২৬।) **শ্রী মিহির গোস্বামী ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

(ক) ৪ নং কোচবিহার উত্তর বিধানসভা কেন্দ্রের মধ্যে কতগুলি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র রয়েছে;

(খ) কতগুলি স্বাস্থ্য কেন্দ্র ডাক্তারবিহীন অবস্থায় রয়েছে;

(গ) কবে নাগাদ ডাক্তারের শূণ্য পদগুলি পূরণ হবে বলে আশা করা যায়; এবং

(ঘ) স্বাস্থ্য কেন্দ্রগুলিতে দুঃস্থ রোগীদের সুচিকিৎসার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) চারটি।

(খ) একটিও না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) স্বাস্থ্য কেন্দ্রগুলিতে সরকারি বিধি অনুযায়ী সমস্ত রকম ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

### গোয়াগাঁও সাব-সিডিয়ারী স্বাস্থ্য কেন্দ্র

***৫৪২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬০৪।) **শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি —

(ক) উত্তর দিনাজপুর জেলার গোয়ালপোখর থানার অধীন গোয়াগাঁও সাব-সিডিয়ারী স্বাস্থ্য কেন্দ্রটি বর্তমানে চালু রয়েছে কি না;

(খ) না থাকলে, বন্ধ থাকার কারণ কি; এবং

(গ) কবে নাগাদ উক্ত স্বাস্থ্য কেন্দ্রটি পুনরায় চালু হবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে চালু রয়েছে।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**রায়দিঘি সুন্দরবন হাসপাতাল**

*৫৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *১২৭৭।) **শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

রায়দিঘি সুন্দরবন হাসপাতালটির মধ্যে নির্মিত গেস্ট হাউসটি কখন থেকে স্বাস্থ্য বিভাগকে হস্তান্তর করা হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

গেস্ট হাউসটি এখনও পর্যন্ত স্বাস্থ্য বিভাগকে হস্তান্তর করা হয় নি।

**রামপুরহাট মহকুমা হাসপাতাল**

*৫৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৭।) **শ্রী অসিতকুমার মাল ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি —

বীরভূম জেলার রামপুরহাট মহকুমা হাসপাতালে ডাক্তার, নার্স এবং অন্যান্য স্টাফ নিয়োগ করা হয়েছে কি না?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

হ্যাঁ।

**Mr Speaker :** I have received a notice of privilege from Shri Satya Ranjan Bapuli relating to certain comments at page 114 of the Usuf Commission's Report. Mr. Bapuli, generally submissions are not allowed until I find whether it is maintainable or not. But, in this case you have made very short comment on this.

## PRIVILEGE MOTION

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ। আমি গত কাল বিধানসভায় এই ইউসুফ কমিশনের রিপোর্ট পেয়েছি এবং সেটা আমি পড়েছি। ভারতীয় জাতীয় কংগ্রেসের পক্ষ থেকে আমি এবং আমার জুনিয়ার অলোক দত্তচৌধুরী অ্যাপিল

করেছিলাম। ৫-৬ দিন পর পর যে ডেট পড়েছে সেই অনুযায়ী আমরা গিয়েছি। আমি ডি. সি. এবং ইমপর্টেন্ট উইটনেসদের জেরা করেছি। আমি যখন জেরা করি যেটা আমি জেরা করছি তার থেকে উনি সরিয়ে দিচ্ছেন। কতকগুলি প্রশ্ন করেছি ওঁদের, তিনি ক্রস করে অন্য দিকে সরিয়ে দিচ্ছেলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তখন ওনাকে দাঁড়িয়ে বলেছিলাম আপনি একজন বিখ্যাত লইয়ার—

I have got the copy of the question. What is the use of it to allow the party to cross-examine. To ascertain whether the matter which the witness is saying is correct or not after decicing the evidence and the cross-examine.

আপনি এখানে একজন জাজ হয়ে বসে আছেন, আপনি সেই ভাবে বিচার করবেন।

Yes, you have. You can put any question not a question which the defence lawyer has put to the other party that it has come up in the record and to make it a short in favour of the Enquity Commission, in favour of the Government.

আমি জিজ্ঞাসা করেছিলাম সাক্ষীকে, আপনি যখন টিয়ার গ্যাস ছুঁড়েছিলেন তখন মব কত দূরে ছিল? এর পর উনি যে রিমার্ক করেছেন সেটা আমি এখানে বলছি, এটা শুনে তারপর আপনি যা মনে করবেন।

Mr. Satya Ranjan Bapuli, learned Senior counsel with Mr. Alok Dutta Chowdhury as the learned junior appeared before for Indian National Congress. Mr. Bapuli was appearing on behalf of the Congress. He appeared for a few days only. But his co-operation was much below the expectation of the Commission.

মাননীয় অধ্যক্ষ মহাশয় সেইজন্য এটা হবার পর আজকে সকালে আপনাকে টেলিফোন করে বলেছি এবং প্রিভিলেজের নোটিশ দিয়েছি। এই ব্যাপারে আপনার প্রোটেকশন চেয়েছি। বিকজ অফ দিস রিমার্কস, আমি এই নোটিশ দিয়েছি। সেখানে বহু সাক্ষী ছিল, আমি তাঁকে বলেছি দিস কমিশন ইজ এ ফার্স, অ্যাপিল করা না করা সমান। সেই জন্য আপনি বিষয়টা দয়া করে দেখবেন, এই বিষয়ে আপনার প্রোটেকশন চাইছি। একটা রিমার্কের এগেনস্টে একর্ডিং টু ইয়োর সুইট উইল আপনি যেটা করবেন সেটা করবেন। আমি এই ব্যাপারে আপনার প্রোটেকশন চেয়েছি এবং সেইজন্য প্রিভিলেজ এনেছি। ইউসুফ কমিশন নিয়ে আলোচনা হবে সেটা আলাদা ব্যাপার। এই আনওয়ান্টেড রিমার্কের জন্য আমি প্রিভিলেজ রেখেছি।

**Mr Speaker :** Mr. Bapuli has raised a question of privilege as

regards the comments of Mr. Justice K. M. Yusuf in his final part of the report of his Commission.

Now, Mr. Bapuli was appearing in the Commission as a lawyer either in his political capacity or in his professional capacity. It has nothing to do with the parliamentary work as such. I do not find anyway that appearance or that comment made by Mr. Justice Yusuf relates to his parliamentary work or it anyway affects any privilege relating to his parliamentary activity. As such, no case is made for breach of privilege and as such it is rejected.

### Adjournment Motion

**Mr. Speaker :** To-day, I have received eight notices of Adjournment Motions. The first one is from Shri Kamal Mukherjee on the subject of apprehension of flood in Arambag Sub-division. The second one is from Shri Suniti Chattaraj demanding for Intensive Care Unit in Suri Sadar Hospitial. The thrid and the fourth ones are from Shri Ashok Deb and Shri Nirmal Ghosh on the subject of reported lock out in New Central Jute Mill. The Fifth, Sixth and Seventh ones are from Shri Sudip Bandyopadhyay, Shri Saugata Roy and Shri Sobhan Deb Chattopadhyay on the report of the Yusuf Commission of Inquiry laid in the House on 18.7.96. This can only be discussed on a motion after in the House. Without a motion it cannot be discussed. As such, this Adjournment Motion is out of order. The eighth one is from Shri Pankaj Banerjee on the subject of spurt in anti-social activities in Tollygunge area.

The subject matters of the motion do not call for adjournment of the business of the House. Moreover, the members may ventilate grievances in the House through Calling Attention, Mentions etc.

I, therefore, with hold my consent to all the motions.

One member may, however, read the text of his motion as amended.

**... (Noise and interruptions) ...**

**Shri Pankaj Banerjee :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrences namely;

Anti-socials of Tollygunge area attacked the houses of peace-loving people of Tollygunge and injured more than 10 people of the area. Four of them were seriously injured. Number of shops and houses were looted and properties were damaged. Entire Tollygunge Road area is under the grip of anti-socials. Police of Tollygunge P. S. are totally inactive and indulging the anti-socials. Students of the area are afraid to attend their schools. This has become a daily affair in the disturbed areas.

## Calling Attention To Matters Of Urgent Public Importance

**Mr. Speaker :** To-day, I have received seven notices of Calling Attention on the following subjects, namely :—

1. Reported acute scarcity of drinking water in Calcutta. : Shri Saugata Roy.
2. Proposed Engineering College at Haldia. : Shri Sailaja Kumar Das.
3. Reported unnatural death of two students, Kumari Piary Khatoon and Kumari Halima Khatoon on 18.7.96 under Barasat P. S. : Shri Sobhan Deb Chattopandhyay.
4. Acute water crisis in Asansol. : Shri Tapas Banerjee.
5. Eahancement of Bus Fare in Hooghly district. : Shri Kamal Mukherjee.
6. Extension of Metro Rail. : Shri Ashok Kumar Deb.
7. Necessity of a C. T. Scan Unit in N. R. S. Hospital, Calcutta. : Shri Suniti Chattaraj.

I have selected the notice of Shri Saugata Roy on the subject of reported acute scarcity of drinking water in Calcutta.

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** Sir, the statement will be made on the 3rd July, 1996.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, the Minister-in-charge of the Health & Family Welfare Department to make a statement on the subject of non-clearance of corpse from the morgue of Diamond Harbour Sub-divisional Hospital.

**(Attention called by Shri Sk. Daulat Ali on the 11th July, 1996.)**

**শ্রী পার্থ দে ঃ**

**মাননীয় অধ্যক্ষ মহাশয়,**

মাননীয় সদস্য শেখ দৌলত আলি ডায়মন্ড হারবার মহকুমা হাসপাতাল সংলগ্ন মর্গে প্রয়োজনীয় সৎকারের অভাবে মৃতদের পড়ে থাকা বিষয়ে যে দৃষ্টি আকর্ষণী প্রস্তাব উত্থাপন করেছেন তার উত্তরে এই বিবৃতি পেশ করছি।

পড়ে থাকা মৃতদেহগুলি বেওয়ারিশ এবং কোনও দাবিদার নাই। ডায়মন্ডহারবার হাসপাতাল মর্গটি খুব ঘন বসতিপূর্ণ এলাকায় অবস্থিত। এই কারণে মর্গের নিকটে মৃতদেহগুলি সহজে সৎকার করা সম্ভব নয়।

তবে ডায়মন্ডহারবার পুরসভার পুরপিতা, মহকুমা শাসক এবং মহকুমা পুলিশ অফিসার জমা মৃতদেহগুলি গণ কবর দেওয়ার ব্যবস্থা করেছেন। এজন্য শহর থেকে দূরে একখন্ড জমি চিহ্নিত করা হয়েছে। সংশ্লিষ্ট দপ্তরের সম্মতির জন্য অপেক্ষা করা হচ্ছে। সৎকার কার্য খুব শীঘ্র সম্পন্ন করার ব্যবস্থা করা হবে।

[12-10 — 12-20 P.M.]

**শ্রী শেখ দৌলত আলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জিজ্ঞাস্য যে, এই যে ৩০০ লাশ পড়ে আছে, তার সৎকারের জন্য আপনি ইমিডিয়েট কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী পার্থ দে ঃ** ইমিডিয়েট ব্যবস্থার কথাই তো বললাম, একটা জায়গা দেখা হচ্ছে অনুমোদন পেলেই কাজ আরম্ভ হবে।

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, the Minister-in-charge of the Public works Department to make a statement on the subject of delay in completion of Garia Bridge.

**(Attention called by Shri Sobhandeb Chattopadhyay on the 18th July, 1996.)**

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গড়িয়া ব্রিজ নির্মাণের কাজ আমরা করছি না, ওটা পি. ডব্লিউ. ডি.-র ব্যাপার নয়, ইরিগেশন অ্যান্ড ওয়াটার ওয়েজ দপ্তর করবে। সুতরাং আমাদের দপ্তরের উত্তর দেওয়ার প্রশ্ন আসে না।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার নির্দেশক্রমে জানাচ্ছি যে, উত্তরবঙ্গে সম্প্রতি বন্যার ব্যাপারে সেচ ও জলপথ বিভাগ থেকে যে স্টেটমেন্ট দিয়েছে সেটা আমি লে করছি।

(**ভয়েস ঃ** গড়িয়া ব্রিজ সংক্রান্ত বিষয় তো, এখানে উত্তরবঙ্গ এল কি করে?)

**মিঃ স্পিকার ঃ** মিঃ সিনহা আপনার যদি গড়িয়া ব্রিজ সম্পর্কে কিছু বলার থাকে বলুন।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যেটা বললেন সেটা হচ্ছে গড়িয়া ব্রিজ নির্মাণের কাজ পি. ডব্লিউ. ডি. করে না, এটা ইরিগেশন অ্যান্ড ওয়াটার ওয়েজ দপ্তরের কাজ। পি. ডব্লিউ. ডি. দপ্তর এই কাজ করতে অপারগ, সুতরাং আমি ইরিগেশন অ্যান্ড ওয়াটার ওয়েজ ডিপার্টমেন্টের কাছে বিষয়টি পাঠাব, তাদের কাছ থেকে উত্তর এলে আমি লে করে দেব।

### Laying Of Rules

### The West Bengal State Legal Services Authority Rules, 1994

**Shri Nishit Adhikary :** Sir, I beg to lay the West Bengal State Legal Services Authority Rules, 1994 published under the departments Notification No. 6505-J, dated the 17th April, 1996.

## Laying Of Reports

### Annual Reports And Accounts Of The West Bengal Chemical Industries Limited For the Years 1992-93 And 1993-94.

**Shri Prabodh Chandra Sinha :** With your kind permission, Sir, I beg to lay the Annual Reports and Accounts of the West Bengal Chemical Industries Limited for the Years 1992-93 and 1993-94.

## POINT OF INFORMATION

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জাস্টিস ইউসুফ কমিশনের যে রিপোর্ট গতকাল আমাদের এখানে পেশ করা হয়েছে, এটা আমরা দেখছি রাজনৈতিক দোষে দুষ্ট এবং উদ্দেশ্য প্রণোদিতভাবে এই রিপোর্টটি পেশ করা হয়েছে। আমাদের দলের তরফ থেকে বলছি, আমরা সকলে খুবই উদ্বিগ্ন এবং এই ব্যাপারে আমরা একটা মোশনও দিয়েছি। জাস্টিস ইউসুফ কমিশনের রিপোর্টের উপর আমরা ডিসকাশন দাবি করছি, আপনি কবে সেই ডিসকাশন দেবেন সেটা আমরা জানতে চাইছি। এটা সম্পূর্ণ একটা বায়াস রিপোর্ট, এটার সম্বন্ধে হাউসে আলোচনা হওয়া বিশেষ প্রয়োজন আছে। ৩৫ লক্ষ টাকা খরচ করে এই রকম একটা বায়াস রিপোর্ট আমাদের হাউসের সামনে পেশ করা হয়েছে, এই ব্যাপারে আমরা আলোচনা চাইছি। আমরা মোশন দিয়েছি, আপনি সেই আলোচনার সময়টা কবে দেবেন, আমাদেরকে জানান।

**শ্রী সাধন পান্ডে ঃ** মিঃ স্পিকার স্যার, এটা অত্যন্ত উদ্বেগজনক বিষয়। মিঃ স্পিকার স্যার, আপনি সিদ্ধান্ত নিন, আপনার সিদ্ধান্ত নেওয়ার অধিকার আছে। এই হাউসে আমরা অ্যাগ্রিভড, এই সম্বন্ধে আমরা একটা ডিসকাশন চেয়েছি। নেক্সট উইকে আপনি হাউস বন্ধ করে দেবেন শুনছি। সেইজন্য আমরা ইউসুফ কমিশনের উপর — যেখানে একটা আশ্চর্যতম ব্যাপার ২১ তারিখে একটা শহীদ দিবস পালন হবে, ১৩টি ছেলেকে পুলিশ গুলি করে মারল, বিচার বিভাগীয় তদন্ত হল না, তিন দিন আগে এই কমিশনের রিপোর্ট বের করে দিয়ে কি উদ্দেশ্য সাধিত হচ্ছে? আমরা পরিষ্কার বলছি, আপনার নজরে আনছি, এই রকম একপেশে রিপোর্ট বের করার মধ্যে দিয়ে আপনারা আগুন নিয়ে খেলছেন। কোথায় সরকারের সেই পূর্ণ মন্ত্রী, মুখ্যমন্ত্রী কোথায়, আপনাদের মমতা ব্যানার্জিকে যদি অ্যারেস্ট করার ক্ষমতা থাকে, করুন। দেখব কত ক্ষমতা আপনাদের আছে, তাহলে বুঝব আমরা। স্যার, আপনাকে বলছি, আমাদের লিডার বলেছেন, ডিসকাশন একটা করতে দিন, আমরা ৩০ জনের উপর আছি। স্যার, এটা বায়াস মোটিভেটেড রিপোর্ট, এর উপর আলোচনা করতে দিন। আমার মনে হয়, এখানে খোলামেলা আলোচনা হলে, আমরা আমাদের তরফ থেকে কথা বলতে পারব। আপনি ডেমোক্রাট, প্লীজ অ্যালাও দিস ডিসকাশন।

[12-20 — 2-00 P.M.] (Including Adjournment)

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইউসুফ কমিশনের ব্যাপারে আমাদের বিরোধী দল নেতা এখানে বলেছেন এবং তিনি একটা আলোচনার দাবি তুলেছেন। এখানে রিপোর্ট প্রেস হয়েছে, অ্যাসেম্বলির যে নিয়ম কানুন, তাতে পঙ্কজ বন্দ্যোপাধ্যায়, সুদীপ ব্যানার্জি এবং সৌগত রায়কে [***]। আজকে সেই দাবি আমি আপনার মাধ্যমে করছি।

(নয়েজ)

**Mr. Speaker :** Now, the Leader of the Opposition in his point of order made certain allegations as regards laying of the report of Yousuf Commission. Section 4 of the Commission of Enquiries Act specifically states "The appropriate Government shall cause to be laid before the House of the people, or, as the case may be, the Legislative Assembly of the State, the report if any of the Commission on the inquiry made by the Commission under sub-section(1) together with a memorandum of the action taken thereon, within six months of the submission of the report by the Commission to the appropriate Government". Whatever has been done in requirement of law. Now there may be certain Enquiry Commissions whose reports are given early some reports are given late and some Enquiry Commission Reports are not given at all. There may be debate on that. I am no one to go into those things. There is a demand for discussion. The discussion takes place on a motion that the Report be taken into consideration. There is a meeting of the Business Advisory Committee to-day at recess. We will go into the Motion. The file has not come before me as yet.

**... (Noise & interruption) ...**

Now the question over here is we will be sitting in the Business Advisory Committtee at recess. Other issues and matters will be discussed at the meeting. If the Motion can be accommodated we will accomodate it. What is the problem ? I don't under stand. You all are making noise. Why are you putting the cart before the Horse ? There is no patience. You are impatient, intolerant and making adverse comments. Let us seat and decide.

**(At this stage the House was adjourned till 2 P.M.)**

Note : ** [Expunged as ordered by the chair]

[2-00 — 2-10 P.M.] (After Adjournment)

**মিঃ স্পিকার ঃ** রিসেসের আগে অনেকগুলো আনপার্লামেন্টারী শব্দ ব্যবহৃত হয়েছে। সেই শব্দগুলো রেকর্ড থেকে বাদ যাবে।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে। আপনি জানেন যে, আমি ইউসুফ কমিশনের ব্যাপার নিয়ে কিছু বলতে চাইছি না। আমি সকাল বেলা গিয়েছিলাম মাননীয়া সদস্যা মমতা ব্যানার্জির বাড়িতে এবং সেখানে গিয়ে একটা ব্যাপার শুনলাম যে তাঁকে ডিসটার্ব করা হচ্ছে, আগে তিনবার তাঁর বাড়ির সামনে পুলিশের গাড়ি ঘোরাফেরা করছে। আমরা শুনতে পাচ্ছি তাঁকে গ্রেপ্তার করার জন্য। আমি ক্যাটেগরিক্যালি বলতে চাই যে ইউসুফ কমিশনের ভিত্তিতে যে কোনও সময়ে তাঁকে গ্রেপ্তার করুন কিন্তু রাত্রি বেলা একজন মহিলাকে উত্যক্ত করা হচ্ছে, গ্রেপ্তারের ভয়ে মমতা ব্যানার্জি পালিয়ে যাবেন না।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি বিষয় এই সভায় উপস্থাপিত করতে চাই। গত ১৪.৬.৯৬ তারিখে মাননীয়া সদস্যা, শ্রীমতী সাবিত্রী মিত্র উল্লেখ পর্বে মেদিনীপুরের জেলা শাসক হেম পান্ডে এবং অ্যাডিশনাল জেলা শাসক পি. রমেশ কুমারের বিরুদ্ধে একটি গুরুতর অভিযোগ উপস্থাপন করেছিলেন। অভিযোগটি ছিল যে যে ট্রেনি ডব্লিউ. বি. সি. এস. অফিসাররা মেদিনীপুরে যাচ্ছেন তাঁদের উপর র‍্যাগিং হচ্ছে এবং তাঁদের সঙ্গে অশালীন আচরণ করা হচ্ছে। তিনি সরকারকে অনুরোধ করেছিলেন এই বিষয়ে অনুসন্ধান করতে। অনুসন্ধানের কাজ শেষ হয়েছে। এই অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন এবং অসত্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে অনুরোধ করছি, যেহেতু সংসদীয় রীতি অনুযায়ী যাঁরা এই সভার সদস্য নন তাঁদের নাম উল্লেখ করা যায় না, তাই ওই দুজনের নাম ওই দিনের সভার কার্য বিবরণী থেকে এক্সপাঞ্জ করা হোক।

**মিঃ স্পিকার ঃ** নো ডিবেট, নো ডিবেট, ডি. এম., এ. ডি. এম.-এর নাম ওই দিনের সভার কার্য বিবরণী থেকে বাদ যাবে।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অফ প্রিভিলেজ আছে। মাননীয় মন্ত্রী মহাশয়, একজন সদস্যা সরকারের একটা দপ্তরের অফিসারের বিরুদ্ধে অভিযোগ করেছেন, উনি তদন্ত করে সত্যি কি অসত্যি সেটা ফাইন্ডিং করেছেন। আমরা রোজই সরকারের বিভিন্ন দপ্তরের বিরুদ্ধে অভিযোগ করি। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় প্রত্যেকটি অভিযোগই কি আপনি অনুসন্ধান করে হাউসকে রিপোর্ট করেন? কোনটা করবেন, কোনটা করবেন না সেটা কিভাবে ঠিক করা হয়? কাজেই আমাদের সদস্যদের এই ব্যাপারটা প্রিভিলেজে হস্তক্ষেপ করা উচিত বলে আমি মনে করি।

**(এই সময় মাইক অফ হয়ে যায়।)**

**(গন্ডগোল)**

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের একজন মাননীয় সদস্য ইউসুফ সাহেবের সম্পর্কে মন্তব্য করেছেন 'চতুষ্পদ জানোয়ার'। আমি আবেদন করছি মাননীয় সদস্য পঙ্কজ বন্দ্যোপাধ্যায়ের এই মন্তব্য প্রসিডিংস থেকে বাদ দেওয়া হোক। এটা হাউসকে অবমাননা করা হয়েছে। সংসদীয় রীতি নীতির সঙ্গে এর কোনও সম্পর্ক নেই।

## VOTING ON DEMAND FOR GRANT

### Demand No. 57

| | |
|---|---|
| Shri Deba Prasad Sarkar,<br>Shri Sultan Ahmed,<br>Shri Abdul Mannan | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** আমি যে কথা বলতে শুরু করেছিলাম যে, সমবায় আন্দোলন একটা বে-সরকারি আন্দোলন। বে-সরকারি মানুষের দ্বারা তৈরি করা সমবায় প্রতিষ্ঠানগুলো তার ভাল মন্দের উপর নির্ভর করছে এই রাজ্যের সমবায় আন্দোলনের গতি প্রকৃতি। এই সমবায় আন্দোলনে আজকে এই রাজ্যের অবস্থা কি? মাননীয় ভক্তি বাবু আবার নূতন করে সমবায় দপ্তরে ফিরে এসেছেন। এর আগে এই দপ্তরের মন্ত্রী ছিলেন সরল দেব মহাশয়। তাঁর নির্বাচনের ফলাফলের মধ্যে দিয়ে সেটা প্রমাণিত হয়েছে সমবায় আন্দোলন কোথায় গিয়ে দাঁড়িয়েছিল। এই রাজ্যের সমবায় আন্দোলন শুধু থমকে দাঁড়ায় নি, এটা মজে গেছে এবং আস্তে আস্তে মৃত্যুর দিকে ঢলে পড়ছে।

**Mr. Speaker :** To-day is the last day for Voting of Demands for Grant. There are as many as 37 heads of Demands for Grants for disposal. In conformity with the previous practice and in pursuance of rule 209(3) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I fix that the House will sit to-day upto 7 P. M. and I also fix that the Guillotine will fell at 6 P. M. Immediately after 6 P. M. I shall put all the outstanding questions related to the Demands for Grants to Vote without any debate. I hope the members will try to be brief in their speeches.

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এখানে উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে আমি তার সমর্থনে কয়েকটি কথা বলতে চাই।

[2-10 — 2-20 P.M.]

ভক্তি বাবু এই রাজ্যে একটি প্রবীণ রাজনৈতিক ব্যক্তিত্ব। তিনি কি পারবেন এই

সমবায় দপ্তরকে এই অবস্থা থেকে জাগিয়ে তুলে, সাধারণ পিছিয়ে পড়া মানুষের মধ্যে দাঁড় করাতে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুনলে অবাক হবেন — এই সমবায় দপ্তর, যার শীর্ষে থাকে আর. সি. এস., গত দেড় বছরে তিন জনের বেশি আর. সি. এস. এই পদে বৃত হলেন, আবার এক্ষুণি খবর নিয়ে জেনেছি, সেখানে যিনি ছিলেন, তিনিও চলে গিয়েছেন, বর্তমানে কোনও রেজিস্টার নেই। সমবায় দপ্তরের মাথায় যেন সর্পাঘাত করেছে। কি করে এই দপ্তর চলবে? তুলনামূলক ভাবে আজকে যেখানে মহারাষ্ট্র, গুজরাট, তামিলনাড়ু এই সমবায় প্রতিষ্ঠানগুলোকে হাতিয়ার করে তাদের বিকাশ ও স্বাধিকারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে, সেখানে এই রাজ্যের সমবায় প্রতিষ্ঠানগুলির অবস্থা কি? বামফ্রন্ট ক্ষমতায় আসার পর একটি পরিকল্পনা ঘোষণা করেছিলেন — সর্বজনীন সদস্যকরণ। অর্থাৎ, তাদের সদস্য হতে যে টাকা লাগবে, এই সরকার সেটা দেবেন। কিন্তু সর্বজনীন সদস্য করার ক্ষেত্রে তাদের উদ্যোগটা কি? তারা কতটা করতে পেরেছে? আমাদের এই রাজ্যে ১৯৯৫-৯৬ সালে ১৭২০ জন সদস্যের জন্য ৮৬,০০০ টাকা দিয়েছে। আর প্রাথমিক সমিতি হচ্ছে ৬,৬০০। অর্থাৎ চারটি করে সমবায়ের পেছনে একজন সদস্য হচ্ছে। আমাদের আশঙ্কা, যে, উদ্দেশ্য নিয়ে সর্বজনীন সদস্যীকরণের কথা তারা ঘোষণা করেছিলেন, এই সর্বজনীন সমিতি ৬,৬০০ সীমায় পৌঁছতে ২ হাজার সালেও পারবেন না। এটা প্রহসন। গ্রামীণ পিছিয়ে পড়া মানুষের কাছে ব্যঙ্গাত্মক ছাড়া আর কি হতে পারে? মাননীয় সভাপতি মহাশয়, এই রাজ্যে, বা যে কোনও রাজ্যে সমবায়ে ব্যাঙ্কগুলিতে মূলত কাজ করে প্রাইমারি ক্রেডিট এগ্রিকালচারাল সোসাইটি। অর্থাৎ, যেগুলোর উপর ভিত্তি করে যেখান থেকে ঋণ নিয়ে গ্রামের কৃষক, সাধারণ মানুষ চাযাবাদ, ইত্যাদির মধ্যে দিয়ে বাঁচবার চেষ্টা করে। কিন্তু সেখানে কি দেখতে পাচ্ছি? সেখানে লগ্নি কি, আর্থিক সাহায্য কি, দাদন কত? তাদের ১৯৯৫-৯৬ সালে ১৬৭ কোটি ৯৭ লক্ষ টাকা ঋণ দেওয়া হয়েছিল।

অর্থাৎ আমাদের রাজ্যে যদি ৬ হাজার ৬০০ কৃষি ঋণ দান সমিতি থাকে তাহলে তাদের মাথাপিছু ঋণ দানের অবস্থাটা কি দাঁড়াচ্ছে? ৫১ টাকা ৫০ পয়সা। অর্থাৎ প্রতি প্যাক, প্রতিটি সমিতি পিছু কি দাঁড়াচ্ছে? ২ লক্ষ ৫৪ হাজার টাকা প্রতি সমিতি পিছু দাঁড়াচ্ছে। আবার এই রাজ্যের বাজেট বক্তৃতায় ফলাও করে বলা হচ্ছে যে. সমবায় আন্দোলন বামফ্রন্টের আমলে, গত ২০ বছরে সাধারণ মানুষকে বিশেষ আকৃষ্ট করতে পেরেছি। এর চেয়ে বড় ধাপ্পা আর কি হতে পারে! মাননীয় সভাপতি মহাশয়, এই কৃষি ঋণ দান সমিতিগুলো কৃষি ঋণ দেবার ক্ষেত্রে সীমাবদ্ধ থাকবে না, বা আবদ্ধ থাকবে না এবং তার জন্য তাঁরা ১৯৯১-৯২ সালের আর্থিক বছরে একটা নূতন স্কীম চালু করেছিলেন। সেই নূতন স্কীমের নাম হচ্ছে, বি. ডি. পি.। বিজনেস ডেভেলপমেন্ট প্ল্যান। সেই বিজনেস ডেভেলপমেন্ট প্ল্যানের দ্বারা তাঁরা ধীরে ধীরে সমস্ত সোসাইটিকে এই প্রকল্প বা পরিকল্পনার মধ্যে আনার কথা ভাবেন। কিন্তু এই বিজনেস ডেভেলপমেন্ট প্ল্যানের ক্ষেত্রে আমরা কি দেখতে পাচ্ছি। সেখানে সরকারের কোনও সহায়তা নেই। কোনও কোনও সোসাইটি তাদের নিজস্ব চেষ্টায় মবিলাইজেশন বা আমানত সংগ্রহের চেষ্টা করছে। কিন্তু একটা দপ্তর, যে দপ্তর নিজে কোনও আন্দোলন করে না। যে দপ্তর অন্য প্রতিষ্ঠান, তাকে যদি ভালো ভাবে চালিয়ে তাদের সাফল্য আসে তাহলে সমবায় দপ্তরের সাফল্য বলে চিহ্নিত হয়। কিন্তু আজকে এই বি. ডি. পি. স্কীমের আন্ডারে

যে সমস্ত সোসাইটিগুলো আছে, তাদের যে আনা হচ্ছে, একবার জানুন তাদের অবস্থাগুলো কি? তারা আজকে কোন জায়গায় আছে? তাদের আজকে কি ভাবে চলছে? তাদের কোন সহায়তা আপনারা করেন? আজকে শুধু মাত্র বাজেট বক্তৃতার মধ্যে দিয়ে আপনারা লম্বা লম্বা কথা বলেন এবং আর্থিক স্বাধিকারের কথা বলেন। আজকে এই বি. ডি. পি. স্কীমের আন্ডারে সোসাইটিগুলো এনে সোসাইটিগুলোর কি অবস্থা গিয়ে দাঁড়িয়েছে?

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমাদের রাজ্যে স্বল্প মেয়াদী ঋণ দান ছাড়া দীর্ঘ মেয়াদী ঋণ দেবারও ব্যবস্থা আছে। যার নাম হয়েছে 'কার্ড ব্যাঙ্ক', আগে ছিল এল. ডি. বি. ব্যাঙ্ক। এই ব্যাঙ্ক মারফৎ দীর্ঘ মেয়াদী ঋণ দেওয়া হয়। এখানে (বইতে) একটা সারণী দেওয়া আছে। সেখানে ঋণ দেওয়ার একটা তুলনা মূলক অবস্থা দেখানো হয়েছে — সেটা আমি বলছি। ১৯৯৪।৯৫ সালে তাদের লক্ষ্য মাত্রা ধার্য হয়েছিল ৩১.৪০ কোটি টাকা। আদায় হয়েছিল ২৮.৩৫ কোটি টাকা। আবার ১৯৯৫।৯৬ সালে লক্ষ্য মাত্রা ধার্য হয়েছিল ৪৫ কোটি টাকা, বিনিয়োগ হয়েছিল ৪০.১৯ কোটি টাকা, আদায় হয়েছিল ২১.৪৪ কোটি টাকা। শুনলে অবাক হবেন, ১৯৯৬।৯৭ সালে এই বাজেটে যা ধার্য করা হয়েছে, যে, আগামী দিনে দীর্ঘ মেয়াদী ঋণ দেওয়া হবে, যেখানে ১৯৯৫।৯৬ সালে ৪৫ কোটি ধার্য করা হয়েছিল এবারে ধার্য করা হয়েছে ৩৬ কোটি টাকা। তার কারণ কি? কারণ হচ্ছে, এই টাকা নাবার্ড দেয়, কার্ড ব্যাঙ্ক দেয়। এগ্রিকালচার অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট ব্যাঙ্কের আদায় এই রাজ্যে অত্যন্ত হতাশাব্যাঞ্জক। যার জন্য নাবার্ড দিতে চাইলেও আপনারা নিতে পারছেন না এবং এই জন্য নাবার্ড থেকে চিহ্নিত আছে, যে, এই রাজ্যের দীর্ঘ মেয়াদী ঋণ ৬০ শতাংশের নিচে আদায় আছে। সুতরাং তার লোন কমিয়ে দেওয়া হবে। এজন্য নাবার্ড আপনাদের হাত থেকে ক্ষমতা কেড়ে নিয়েছে। মাননীয় সভাপতি মহাশয়, আজকে গ্রামের মানুষ জানুক যে, আজকে এই দপ্তরের অবস্থাটা কি? কেন পারছে না? আজকে এ ব্যাপারে আমাদের মাননীয় অর্থমন্ত্রী বারে বারে আমাদের শোনান যে, রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক, বাণিজ্যিক ব্যাঙ্কগুলো পশ্চিমবঙ্গকে বঞ্চিত করছে।

[2-20 — 2-30 P.M.]

যখন আমাদের সুযোগ ছিল সেখানে সমবায় সমিতি প্রতিষ্ঠানগুলিকে হাতিয়ার করে গ্রামের মানুষকে দীর্ঘ মেয়াদী ঋণ দিতে পারতাম। আপনাদের অকর্মণ্যতা, অদূরদর্শিতার জন্য যেখানে ১৯৯৫-৯৬ সালে ৪৫ কোটি টাকা ধার্য করা হয়, সেখানে ১৯৯৬-৯৭ সালে মাত্র ৩৬ কোটি টাকা ধার্য করা হয়েছে। অন্য দিকে আজকে শহরাঞ্চলে সমবায় ব্যাঙ্ক আছে ১৪টি, আর গোটা রাজ্যে মাত্র ৪৮টি। আজকে মহারাষ্ট্রে, গুজরাটে আমানতের পরিমাণ কয়েক শো কোটি টাকা, আর এখানে কয়েক কোটি টাকার। মাননীয় সভাপতি মহাশয়, আজকে ভারতবর্ষের বিভিন্ন জায়গায় দুর্নীতি চলছে। আজকে রাজ্য সমবায় ব্যাঙ্ক যেখানে সোয়াবীন চাষ করবে বলে মাদ্রাজ থেকে আনল। কিন্তু তারা সীড কর্পোরেশন থেকে সামান্যই এনেছে, বেশিটাই এনেছে প্রাইভেট এজেন্সী থেকে। তারা বর্ধমান, পুরুলিয়া, মেদিনীপুর প্রভৃতি কয়েকটি জেলায়

দিয়েছিল, তার কোনও হিসাব নেই, সেখানে সোয়াবীন পচে গেছে, গলে গেছে। রাজ্য সমবায় ব্যাঙ্ক সোয়াবীন নিয়ে এত বড় একটা কেলেঙ্কারী আজকে করেছে। নাবার্ড যারা টাকা দিয়েছিল তারা এর বিরূপ মন্তব্য করেছে, আমার কাছে সমস্ত কপি আছে। এস. ডি. এফ. থেকে সেই সমস্ত টাকা সরিয়ে দেওয়া হয়েছে। রাজ্য সমবায় ব্যাঙ্কের চেয়ারম্যান সোয়াবীন কেলেঙ্কারী করেছে তার তদন্ত করান এবং আমি অনুরোধ করব রাজ্যের মানুষের কাছে আপনি জানান এর পিছনে কারা আছে?

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রী সমবায় দপ্তরের যে বাজেট পেশ করেছেন তাঁকে সমর্থন করছি। বিরোধী দলের মাননীয় সদস্য শৈলজা বাবু নাটকীয় ভঙ্গিতে যা বললেন তাতে উনি এই ক্ষেত্রে দুর্নীতি ছাড়া আর কিছুই দেখতে পান নি। স্যার, আমাদের আরবীক ভাষায় একটা ডিগ্রি আছে, খুব পন্ডিত ব্যক্তি হচ্ছেন 'ফাজিল'। কংগ্রেস আমলে ওঁনারা ফাজলামো করেছিলেন যারা পিছিয়ে পড়া মানুষ, দুঃস্থ মানুষ তাদের অর্থনৈতিক দিক থেকে উন্নত করবেন এই কথাটা বলেছিলেন। কিন্তু ওঁনারা যখন পশ্চিম বাংলায় ছিলেন, তখন যে সমস্ত গ্রামাঞ্চলে প্যাকস আছে সেখানে দাদন দিয়েছিলেন কিন্তু ৫০০ টাকা দিয়ে ৫০০০ টাকা লিখিয়ে নিতেন। সেই টাকা তারা শোধ করতে পারে নি, তাদের ভিটে গেছে, জমি গেছে। ওঁনারা সেই লক্ষ্যের দিকে এগোতে পারেন নি।

ওঁরা দেখতে পাচ্ছেন না, কিন্তু আমরা দেখছি আমাদের রাজ্যে সমবায় একটা গুরুত্বপূর্ণ জায়গায় গিয়ে পৌঁছেছে। পঞ্চায়েতের পরই সমবায় আজকে পশ্চিম বাংলার সব চেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। আমরা জানি সমবায়ের গুরুত্ব অসীম। সমবায়কে একটা আন্দোলনে রূপ দিতে হবে। আজকে আমরা দেখতে পাচ্ছি শহরাঞ্চল থেকে গ্রামাঞ্চল পর্যন্ত সর্বত্র বিভিন্ন ধরনের সমবায় বিরাজ করছে এবং নিয়মিত নূতন নূতন সমবায় গড়ে উঠছে। আজকে সমবায়ের মাধ্যমে গ্রামের গরীব মানুষরা শুধু মাত্র কৃষি ঋণই পাচ্ছে না, আগে যেসব মানুষরা বাড়ি ঘর করার জন্য কোনও ঋণ পেত না, তারা আজকে গৃহ নির্মাণ ঋণ নিয়ে নিজেদের বাড়ি ঘর বানাচ্ছে। বেকার যুবকরা সমবায় ঋণের কল্যাণে ছোট ছোট ব্যবসা গড়ে তুলে স্বনির্ভর হচ্ছে। কৃষক পরিবারের বেকার ছেলেরা স্টেট ব্যাঙ্কের মাধ্যমে যেমন ঋণ নিয়ে ব্যবসা করছে, তেমন নাবার্ডের ঋণের সাহায্যেও ব্যবসা বাণিজ্য করছে। যথা সময় লোন শোধও করছে। সুতরাং সমবায় সমিতির মাধ্যমে আজকে গ্রাম বাংলার অর্থনীতির ব্যাপক উন্নতি ঘটছে। গ্রামের বেকার যুবকদের অর্থনৈতিক স্বনির্ভরতা বাড়ছে। আজকে সমাজে পিছিয়ে পড়া মহিলারা শুধু মাত্র মহিলা সমিতির মধ্যেই সীমাবদ্ধ থাকছেন না। তাঁরা আজকে বিভিন্ন স্থানে দুগ্ধ উৎপাদক সমবায় সমিতিতে অংশ গ্রহণ করছেন। স্বাধীনভাবে তাঁরা নিজেরা নিজেদের সমিতি চালাচ্ছেন। এটা কি আমাদের রাজ্যের সমবায়ের সাফল্যের ইঙ্গিত নয়? আমাদের বিরোধী বন্ধুদের কাছে আমি এই প্রশ্ন রাখছি। তাঁরা এখনও অতীতের দিকে তাকিয়ে বসে আছেন। অতীতে তাঁরা যেভাবে সমবায়ের টাকা নিয়ে ৯/৬ করতেন, সেভাবে এখন আর পারছেন না। এটাই আজকে তাঁদের গাত্রদাহের মূল কারণ। এখনও ওঁরা অনেক জায়গায় চেষ্টা করছেন, কিন্তু অতীতের মতো সুবিধা করতে পারছেন না। আমাদের সোনাডাঙ্গার এস.

পি. এস.-এর কয়েক লক্ষ টাকা নিয়ে ওঁদেরই লোক ইসলামপুর থানায় গিয়ে ইঁট ভাঁটা করেছেন। তাঁর বিরুদ্ধে এখন কেস হচ্ছে। সে এখন এক আশ্রমের বাবাজী সেজে বসে আছেন। তাঁর বিরুদ্ধে কেস চলছে, ব্যবস্থা হবে। আমি আশা করছি শাস্তিও হবে।

স্যার, এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে কয়েকটি প্রস্তাব রাখতে চাই। সমবায়ের বেশ কিছু সমস্যা আছে, সেসব সমস্যার সমাধানের জন্য আমাদের কিছু উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। আমাদের রাজ্যের রেশম শিল্পের তথা রেশম শিল্পীদের আর্থিক সঙ্কট সমবায় আন্দোলনের মধ্যে দিয়ে মোচন করা সম্ভব। তাদের সঙ্কট তারা নিজেরা দূর করতে পারছে না, কারণ তার জন্য যে পরিকাঠামো গড়ে তোলা দরকার, তা তাদের একক প্রচেষ্টায় সম্ভব নয়, ফলে তারা মার খাচ্ছে। তাদের যে সমবায় সমিতিগুলি আছে সেগুলি এই পরিকাঠামো গড়ে তুলতে পারছে না। সেক্ষেত্রে তাদের কিছু সরকারি সাহায্যের প্রয়োজন আছে। আমি আশা করব মাননীয় মন্ত্রী মহাশয় মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম ব্লকের, জলঙ্গী ব্লকের, হরিহরপাড়া ব্লকের এবং রাজ্যের অন্যান্য অঞ্চলের রেশম শিল্প সমবায় সমিতিগুলিকে সেই সাহায্য প্রদানের মধ্যে দিয়ে তাদের স্বনির্ভর করে তুলবেন। আমরা লক্ষ্য করছি তন্তুবায় সমবায় সমিতিগুলির শিল্পীরা বাজার থেকে সুতো কিনতে পারছেন না। স্বভাবতই তাঁরা আজকে আবার মহাজনদের খপ্পরে গিয়ে পড়ছেন, তাঁদের তাঁতগুলো বাঁধা পড়ছে, সেগুলো শেষ পর্যন্ত চলে যাচ্ছে। তাঁরা বেকার হয়ে পড়ছেন, ঋণী হয়ে পড়েছেন। এই অবস্থা থেকে তাঁদের রক্ষা করার জন্য তাঁদের যেসব সমবায় সমিতিগুলি বিভিন্ন স্থানে ছড়িয়ে, ছিটিয়ে আছে, এলাকার ভিত্তিতে সেগুলিকে সংযুক্ত করে সঠিক ভাবে পুনর্গঠনের আমি প্রস্তাব রাখছি। আমরা লক্ষ্য করছি মৎস্যজীবী সমবায় সমিতির ওপর এখনও প্রতিক্রিয়াশীল শক্তি আঘাত হানছে। আমাদের মুর্শিদাবাদ জেলার সাগরদীঘি ব্লকে বিশাল বিশাল দীঘি আছে। যেসব দীঘিতে মাছের চারা করার জন্য ১০ লক্ষ টাকা দেওয়া হয়েছে। সেখান থেকে সেই মাছের চারা বিভিন্ন মৎস্যজীবী সমবায় সমিতিকে বিভিন্ন জলাশয়ে নিয়ে গিয়ে মাছ চাষ করার জন্য দেওয়া হয়। তবে সাগর দীঘির অনেক দীঘিই আজ মজে গেছে। তথাপি আমরা দেখছি এই মৎস্যজীবী সমবায় সমিতিগুলির কাজে বিভিন্ন ভাবে বাধা দেওয়া হচ্ছে। প্রতিক্রিয়াশীল চক্র মৎস্যজীবী সমবায় সমিতিগুলির এই কাজে বাধা সৃষ্টি করছে। সাগর দীঘিতে একজন কংগ্রেস নেতা মূলত এই কাজ করছেন। আমরা জানি আমাদের রাজ্যের বিভিন্ন স্থানে ২/৩ হাজার বড় বড় জলাশয় আছে।

[2-30 — 2-40 P.M.]

অনেক জলাশয় মজে গেছে। সেগুলি খনন করে মৎস্যজীবীদের যে সমস্ত সমবায় আছে তাদেরকে দিয়ে দেওয়া হোক। এইজন্য মৎস্যজীবীদের সমন্বয় করে এগুলি দেখার বিষয়ে প্রস্তাব রাখছি। আর একটি বিষয় বলছি, বেনফেডের মাধ্যমে কৃষকেরা সার পায় খুবই কম দামে। কিন্তু কিছু কিছু সমস্যা দেখা যাচ্ছে। কিছু কিছু বেনফেডে আমরা লক্ষ্য করছি, মার্কেটিং ম্যানেজার এবং দু-একজন কর্মকর্তা মিলে তাদের সেখানে যে সার যাচ্ছে সেখান থেকে কিছু লাভ নিয়ে বিক্রি করে দিচ্ছে। সেই সার কিন্তু পৌঁচাচ্ছে না। কৃষকদের যে

প্যাকস আছে তাদের কাছে এক্ষেত্রে আলু চাষের সময়ে, রবি চাষের সময়ে সঙ্কট দেখা দিচ্ছে। এখানে আমাদের কিছু করার থাকছে না। এক্ষেত্রে শক্ত হাতে তার পরিচালনা ব্যবস্থা এবং সার্বিক ভাবে দেখ ভালের ব্যাপারটা বলছি। সমবায়কে সর্বাধিক গুরুত্ব দিয়ে পঞ্চায়েতের সঙ্গে সমন্বয় করে পরিচালনা করার জন্য প্রস্তাব রাখছি। অন্যান্য ক্ষেত্রেও পঞ্চায়েতের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে পরিচালনার মধ্য দিয়ে যে কোনও সংস্থার সাফল্য খুব বেশি দেখা যাচ্ছে এবং তার রেজাল্ট খুব ভাল পাওয়া যাচ্ছে। সুতরাং সমবায়কে আলাদা জায়গায় ছেড়ে দিলে সাফল্য অর্জন করা যাবে না। আজকে যে কথা শৈলজা বাবু বলার চেষ্টা করছেন সেটা যাতে উনি আর না বলতে পারেন তার জন্যই পঞ্চায়েতের মধ্য দিয়ে আসতে হবে। আর একটি বিষয় বলতে চাই, বামফ্রন্ট সরকার আসার ফলে এবং ভূমি সংস্কারের ফলে রাজ্য সরকারের কৃষি দপ্তরের পক্ষ থেকে যেভাবে আজকে কৃষককে চাষের ক্ষেত্রে সহায়তা করা হচ্ছে, উন্নতমানের বীজ সরবরাহ করার ফলে আজকে এই রাজ্যে কৃষির উন্নতি ঘটেছে এবং উৎপাদন বেড়েছে। আজকে আমরা দেখতে পাচ্ছি, এই রাজ্যে ৪৩টি হিম ঘর রয়েছে। কিন্তু আমাদের রাজ্যে যে পরিমাণ আলু উৎপাদন হয় তার ৫০ ভাগ হিম ঘরে নিয়ে যাওয়া যায় না, তার কারণ অ্যাকোমোডেশনের অভাব। আমাদের জেলায় দেখছি, খড়গ্রাম, সাগরদীঘি, বড়োঞা প্রভৃতি অঞ্চলে প্রচুর পরিমাণে আলুর চাষ হয় রবি ফসলের মধ্যে। কিন্তু যে আলু উৎপাদন হয় তা রাখবার জন্য হিম ঘর নেই। সেইজন্য বীরভূমে যেতে হয়। সেইজন্য আমাদের পক্ষ থেকে বর্তমানে যিনি মন্ত্রী আছেন তার কাছে সুপারিশ করা হয়েছে। আমার বক্তব্য হচ্ছে, সারা রাজ্যে আজকে কৃষিতে উৎপাদন বেড়েছে। সেইজন্য প্রতিটি জেলায়, শুধু আলু নয়, অন্যান্য সব্জি, বিভিন্ন ধরনের ফল যেখানে যেখানে বেশি বেশি উৎপাদন হয় সেই সেই এলাকার ২/৩টি ব্লক একত্রিত করে, যে কৃষি সমবায় আছে সেই কৃষি সমবায়ের সদস্যদের নিয়ে একটি করে হিম ঘর প্রতিটি জেলায় তৈরি করা হোক। শুধু আলু নয়, সামগ্রিকভাবে সমস্ত ফলসকে রাখার জন্য হিম ঘর স্থাপন করার প্রস্তাব রাখছি। সারা রাজ্যে উৎপাদন বৃদ্ধি হওয়ার ফলে এটা খুবই গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে দেখার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং আশা করি তিনি এই বিষয়ে দেখবেন। তারপর এখানে সর্বজনীন সদস্যের কথা বললেন। আগে সর্বজনীন সদস্য হতে গেলে মোট ১১ টাকা লাগত। তার মধ্যে ১০ টাকা ডিপোজিট আর ১ টাকা সভ্য হওয়ার জন্য। বামফ্রন্ট সরকার আসার পর প্রত্যেক সদস্যকে ৫০ টাকা করে দিতে হয় শেয়ার হিসাবে আর ১ টাকা চাঁদার জন্য। এবারে ৮ হাজার নূতন সদস্য করা হবে এবং ৪ লক্ষ টাকা তাদের এগেনস্টে লাগবে। আপনারা আপনাদের আমলে এক পয়সাও কি দিয়েছিলেন, আপনাদেরও তো সরকার ছিল? এটা আমাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় যে বর্তমানে গরিব কৃষক, যারা নিজেদের পয়সা দিয়ে মেম্বার হতে পারে না, তারা আজকে মেম্বার হবার সুযোগ পেয়েছে। সেই জন্য এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সমবায় মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন, তার বিরোধিতা করে এবং আমাদের আনা কাট মোশনের সমর্থনে বক্তব্য রাখছি। কংগ্রেসের মূল লক্ষ্য হল — এই দেশে সরকার শুধু মাত্র

াহায্য করবে লক্ষ লক্ষ মানুষকে যারা দুর্বল শ্রেণীর মানুষ, যারা পিছিয়ে পড়া মানুষ, যাদের ীবিকা জীবনে সরকার সব সময় তাদের পাশে দাঁড়াতে পারেন, সেই মানুষগুলোর কথা চিন্তা রে — তার মধ্যে উপজাতি, ট্রাইব্যাল সহ সব শ্রেণীর মানুষকে, মৎস্যজীবী, গরিব কৃষক, রিব শ্রমিক, সকল শ্রেণীর মানুষকে একটা সহযোগিতার মধ্যে দিয়ে নিয়ে এসে বে-সরকারি ক্ষত্রে মানুষের যে উদ্যোগ, সেই উদ্যোগকে স্বার্থক করার জন্য আজকের যে সমবায় দপ্তর, সই দপ্তর কংগ্রেস সরকার করেছিল। কুড়ি বছর সময় বামফ্রন্ট সরকার পেয়েছেন, কিন্তু এই মবায় আন্দোলন সম্পর্কে পশ্চিম বাংলায় অন্তত কি নিদর্শন তাঁরা স্থাপন করতে পেরেছেন? ামরা যদি একটু তাকিয়ে দেখি মহারাষ্ট্রের দিকে — তারা সমবায় আন্দোলনে কি ভীষণ ন্নতি করেছে। আমাদের এখানে ৪০ লক্ষ পাট চাষী আছে, তাদের স্বার্থ রক্ষার জন্য ামাদের সমবায় দপ্তর সেই কৃষকদের পাশে গিয়ে দাঁড়াতে পারতেন, যেমন করে মহারাষ্ট্রে লো এবং আখ চাষের ক্ষেত্রে লক্ষ লক্ষ চাষীদের পাশে ওখানকার সমবায় দপ্তর তাদের হযোগিতা নিয়ে গিয়ে তাদের পাশে দাঁড়ায়। কিন্তু আমাদের এখানে সেই প্রচেষ্টা কোথায়? কদম প্রচেষ্টা নেই, আমি বলছি না — কিন্তু সেই প্রচেষ্টাকে স্বার্থক করবেন কী করে? াপনি নিশ্চয়ই প্রচেষ্টা চালাচ্ছেন গরিব মানুষ, পিছিয়ে পড়া মানুষ, যে সম্প্রদায়ের মানুষের ন্য এই কো-অপারেটিভ গড়ে তুলতে চান গ্রাম এবং শহরতলীতে, কিন্তু এত বড় গুরুত্বপূর্ণ াজের জন্য আপনার দপ্তর থেকে কত টাকা ব্যয় বরাদ্দ চেয়েছেন —৪৬ কোটি ৭৭ লক্ষ াকা ব্যয় বরাদ্দ চেয়েছেন। টাকার অঙ্কের দিক থেকে সরকার পক্ষ বোধ হয় এটা বিচার রছেন, কিন্তু কো-অপারেটিভ, টাকার অঙ্কের দিক দিয়ে বিচার হয় না। প্রকৃত কো-অপারেশন ানে সহযোগিতা দরকার। রাজনৈতিক দিক থেকে যদি আজকে কনজিউমার্স কো-অপারেটিভগুলোর দিকে তাকাই, তাহলে সেইগুলোর অবস্থা কী হয়েছে — ক্রেতারা সহজে াল জিনিস, ন্যায্য দামে পেতে চায়। তার জন্য কমজিউমার্স কো-অপারেটিভ সোসাইটিগুলোকে কি সাহায্য দিয়ে থাকেন? যা দেবার তা দিচ্ছেন, কিন্তু তার ইনফ্রাস্ট্রাকচার তৈরি করা, প্রশাসনিক সুষ্ঠু ব্যবস্থা এবং তার সাহায্যে রুটিন মাফিক কাজ করা, তা কিন্তু হচ্ছে না, জরদারি রাখা হচ্ছে না। মন্ত্রী মহাশয়, এই সব দিকে নজর দিন। ৬০ এর দশকে বিশেষ রে ৭২ থেকে ৭৭ সালে যে সব কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি কংগ্রেস সরকার রে গিয়ে ছিল আপনি দেখবেন ক্যালকাটা হলো সেল কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটির বস্থা কি অত্যন্ত শোচনীয় অবস্থা। আপনি যদি শেষ দিকে যান, বহু কে. পি. কে. সোসাইটি াজকে সীমিত হয়ে এসেছে।

[2-40 — 2-50 P.M.]

সরকারি দলের একজন মাননীয় সদস্যই বলছিলেন, আজকে এখানে হিম ঘরগুলির বস্থা গুদামের মতন। এরজন্য দায়ী তো আপনারাই। আপনাদের আমলেই এই অবস্থা হিম রগুলির হয়েছে। আজকে আলু নিয়ে এখানে ফাটকাবাজি চলার ফলে ১।। টাকা কে. জি.- র আলু আমাদের ৬/৭ টাকা কে. জি. দরে কিনতে হচ্ছে। এ ক্ষেত্রে কো-অপারেটিভ দপ্তর যদি কো-অপারেটিভ সোসাইটিগুলির মাধ্যমে ঠিক মতন আলুর সংরক্ষণ করতে পারতেন তাহলে আজকে পশ্চিমবঙ্গের মানুষকে এইভাবে আলুর ফাটকাবাজদের হাতে পড়ে হয়রান

হতে হত না। অবশ্য আপনাদের সহযোগিতাতেই ফাটকাবাজরা এখানে আলু নিয়ে এইভাবে ফাটকাবাজি করতে পারে, আপনাদের সহযোগিতা না থাকলে তারা এটা করতে পারত না। আমার সময় অল্প, পরিশেষে আমি বলব, কো-অপারেটিভ দপ্তর এ ব্যাপারে সাইলেন্ট হয়ে আছে। স্বল্প মেয়াদী ঋণ দেওয়ার ক্ষেত্রে দেখা যাচ্ছে, ১৯৯৫/৯৬ সালে ১ হাজার ৭২০ জনকে মাত্র এটা দেওয়া গেছে যেখানে টার্গেট ছিল ৮ হাজার। তারপর এই স্বল্প মেয়াদী ঋণ দান করেছেন ১৬৭ কোটি টাকা, দেবার কথা ছিল ১৮০ কোটি টাকা। যে টার্গেট ধরেছিলেন তা আপনারা পূর্ণ করতে পারেন নি। শ্রমিকদের অংশীদারী প্রথার ক্ষেত্রেও সমবায় দপ্তর সম্পূর্ণ ব্যর্থ। আমি তাই এই বাজেটের বিরোধিতা করে এবং কাট মোশনগুলি সমর্থন করে শেষ করছি।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রী শ্রী ভক্তি ভূষণ মন্ডল মহাশয় আজ এই সভায় তার দপ্তরের ১৯৯৬/৯৭ সালের যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তা সম্পূর্ণ রূপে সমর্থন করে এবং বিরোধিদের আনা কাট মোশনগুলির বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। স্যার, আমি ভেবেছিলাম সমবায়ের মতন একটা গুরুত্বপূর্ণ বিষয় যা গ্রামীণ সাধারণ মানুষের অর্থনৈতিক ব্যাপারে অন্যতম একটি প্রধান সহায়ক শক্তি সে বিষয়ে কংগ্রেসের মাননীয় সদস্যরা খুব পড়াশুনা করে এসে তথ্য সমৃদ্ধ বক্তব্য রাখবেন এবং তার মধ্যে দিয়ে আমাদের যে ত্রুটি বিচ্যুতিগুলি আছে সেগুলি আমরা সংশোধন করতে পারব। কিন্তু দুর্ভাগ্যের বিষয় বাজেট অধিবেশনে বক্তৃতা করতে হবে বলেই যেন তারা বক্তৃতা করে গেলেন। কোন তথ্য সমৃদ্ধ বক্তব্য তারা রাখতে পারলেন না। সমবায় সম্পর্কে বলতে গিয়ে শৈলজা বাবু মহারাষ্ট্র, গুজরাটের কথা বললেন। সেখানে সমবায়গুলি কাদের দখলে আছে সেটা কি তিনি জানেন না? পুঁজিপতি, ব্যবসায়ীরাই সেখানে সমবায়গুলি দখল করে আছে এবং তা পরিচালনা করছে। আমুলের কথা উনি বললেন, আমুলের কথা সুব্রত বাবু জানেন, উনি দেশ, বিদেশে ঘোরেন কাজেই এই আমুল কারা পরিচালনা করে সেটা শৈলজা বাবু তার কাছ থেকেই জেনে নেবেন এবং জেনে নেবেন মহারাষ্ট্র, গুজরাটে সমবায়গুলি কারা পরিচালনা করে। স্যার, আমাদের এই পশ্চিমবঙ্গে যারা দারিদ্র সীমার নিচে বাস করে মূলত বিভিন্ন ভাবে তাদের সাহায্য করার জন্যই এখানে সমবায় দপ্তর কাজ করে চলেছে। এখানে সমবায় বাজেটে যে বরাদ্দ ধরা হয়েছে তা সমবায় দপ্তর পরিচালনা করার জন্য। আপনারা জানেন, স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক, ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক, হাউসিং ফেডারেশন ইত্যাদি সংস্থাগুলি এবং তাদের জেলা শাখাগুলি প্রচুর পরিমাণে লং টার্ম এবং শর্ট টার্ম লোন চাষী এবং সাধারণ মানুষের স্বার্থে দেয়, এসব ক্ষেত্রে টাকা লগ্নি করে এবং সেটাও সমবায় দপ্তরের মাধ্যমে হয়। কাজেই এখানে যে টাকা ধরা হয়েছে সেটাই সব নয়। কংগ্রেসের আমলে এই সমবায় সমিতিগুলির অবস্থা কি ছিল সকলেই জানেন। এগুলি জোতদার, জমিদারদের দখলে ছিল এবং বাস্তু ঘুঘুর বাসা হয়েছিল। জোতদার, জমিদাররাই ব্যাঙ্ক থেকে লোন পেত। আপনারা ইউনিভার্সাল মেম্বারের কথা বললেন। আইনে তো অনেক কিছুই আছে। কংগ্রেস তো পঞ্চায়েতী রাজ আইন করেছিল, গান্ধীজীও পঞ্চায়েতী রাজের কথা বলেছিলেন কিন্তু গোটা ভারতবর্ষে সেটা কি আপনারা একজিকিউশন করেছেন? আমরা কিন্তু করেছি। কংগ্রেসের আমলে নির্বাচন হত না, সব অ্যাডমিনিস্ট্রেটার ছিল।

কংগ্রেস আমলে অধিকাংশ সমবায় সংস্থাগুলিতে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করা হত এবং সেই অ্যাডমিনিস্ট্রেটর কারা হতেন? গ্রামের পুরানো প্রধান, বাস্তু ঘুঘু জমিদার জোতদাররা। আমরা আসার পরে সেগুলিতে নির্বাচন প্রক্রিয়া শুরু করি। আমরা গ্রামের গরিব মানুষকে আরও বেশি সমবায়ের সদস্য হওয়ার জন্য ১০ টাকা করে সরকারি সাহায্য দিয়েছি। এখন সেই সাহায্য ৫০ টাকা করা হয়েছে। এই ভাবে সদস্যদের উপরে যাতে ট্যাক্স বেশি না হয় সে জন্য আমরা প্রচেষ্টা নিয়েছি। এর ফলে ১৯৭৪-৭৫ সালে যেখানে ৪।। লক্ষ মেম্বার ছিল, সেখানে আজকে গোটা পশ্চিমবঙ্গে এই সদস্য সংখ্যা ৬৬ লক্ষ হয়েছে। এই যে ৪।। লক্ষ থেকে সদস্য বেড়ে ৬৬ লক্ষ হয়েছে — এটা কি পরিবর্তন নয়? তারপরে আপনারা শর্ট টার্ম এবং লং টার্ম-এর কথা বলেছেন। আমি আপনাদের এই ব্যাপারে তথ্য দিতে চাই। টোটাল ইনভেস্টমেন্ট ইন এগ্রিকালচার সেক্টরে যা হচ্ছে, সেখানে কৃষকদের ডিম্যান্ডের ৭০ পারসেন্ট দেওয়া হচ্ছে শর্ট টার্ম, লং টার্ম সব মিলিয়ে সমবায় ব্যাঙ্ক থেকে। আপনারা ন্যাশনালাইজড ব্যাঙ্কের কথা বলেছেন। ন্যাশনালাইজ ব্যাঙ্ক কেন্দ্রীয় সরকারের সংস্থা। ন্যাশনালাইজ ব্যাঙ্কে পশ্চিমবঙ্গের টোটাল ডিপোজিট হচ্ছে ৪৮ পারসেন্ট। পশ্চিমবঙ্গে কৃষকদের জন্য খরচ হচ্ছে এর ৩০ পারসেন্ট। সুতরাং ন্যাশনালাইজ ব্যাঙ্কের ৩০ পারসেন্ট এবং শর্ট টার্ম, লং টার্ম এবং অন্যান্য সমবায় ব্যাঙ্কের লোন মিলিয়ে প্রায় ১০০ পারসেন্ট তারা পাচ্ছে! এছাড়াও হাউসিং ফার্ম, নন-ফার্মে ইনভেস্ট করা হচ্ছে। আমরা হাডকো এবং ন্যাশনাল হাউসিং থেকে লোন দিয়ে গরিব মানুষদের ঘর তৈরি করার জন্য লগ্নি করছি। আজকে গ্রামের মানুষের কাছে জল আছে, জমি আছে, কিন্তু টাকা যদি না থাকে তাহলে তারা সেই জমি চাষ করতে পারে না, তাদের বাধ্য হয়ে ভাগ চাষে যেতে হয়। কাজেই কৃষকদের লোন দেবার ক্ষেত্রে এই সমবায় ব্যাঙ্কগুলি বিরাট ভূমিকা পালন করছে। আজকে কো-অপারেটিভ সেক্টরে লং টার্ম, শর্ট টার্ম, ডিস্ট্রিক্ট কো-অপারেটিভ, এ. আর. ডি. বি.-এর ডিপোজিট নিয়ে টোটাল ডিপোজিট হচ্ছে পশ্চিমবঙ্গে ২৭ শত কোটি টাকা। এই বিরাট সম্ভাবনা, এই সম্ভাবনাকে আরও বাড়াতে হবে। আজকে গোটা ভারতবর্ষের রাজনৈতিক পরিস্থিতি যা তাতে আমাদের নিজেদের স্টেট রিসোর্সে-এর উপরে বেশি গুরুত্ব দিতে হবে, নিজেদের সম্পদ যোগাড় করতে হবে। 'নাবার্ড' কিছু দিন থাকবে, কিন্তু তারপরে তারা চলে যাবে। কাজেই পশ্চিমবঙ্গে আমাদের নিজেদের রিসোর্স মবিলাইজেশনের উপরে বিশেষ গুরুত্ব দেওয়ার প্রয়োজনীয়তা আছে। লং টার্মে ৪০ কোটি টাকা ইনভেস্ট করা হয়েছে। উনি কোথায় শুনলেন যে ৬০ পারসেন্ট কালেকশন হয় নি? ৬০ পারসেন্ট কালেকশন হয়েছে, এটা কারেন্ট রিপোর্ট। আর শর্ট টার্মে হয়েছে ৬১ পারসেন্ট। আর ইন্টারেস্ট সাবসিডির ক্ষেত্রে যে লোকগুলি ঠিক সময়ে লোন করেন তাদের ইন্টারেস্ট সাবসিডি দেওয়া হচ্ছে ৬ পারসেন্ট করে। তারপরে রিস্ক ফান্ড করা হয়েছে। যারা শোধ করতে পারছে না, ৫ বছরের উপরে ডিউ হয়ে গেছে, গরিব মানুষ, ট্রাইবাল ইত্যাদি তাদের এই রিস্ক ফান্ড থেকে সাহায্য করার ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও দুর্বল সোসাইটিগুলিকেও আমরা সাহায্য করছি। ১৯৭৪-৭৫ সালে কনজিউমারস ব্যবসা ছিল ৭০ কোটি টাকার। আজকে ৩৯০ কোটি থেকে ৪০০ কোটি টাকার কনজিউমারস ব্যবসা করছে। এটা আপনাদের সময় থেকে উন্নতি হয় নি? এই সব উদ্যো'গ নেবার ক্ষেত্রে আমাদের কি ভূমিকা নেই? আপনি জেনে খুশি হবেন যে, পুরুলিয়ায় অযোধ্যা পাহাড়ের নিচে অনেক জমি আছে সেখানে চাষাবাদ হয়, আখ, বাদাম ইত্যাদির সেখানে স্টেট গভর্নমেন্ট এবং টী

বোর্ডের উদ্যোগে চা গাছ লাগাবার জন্য পরীক্ষা নিরীক্ষা শুরু হয়েছে।

[2-50 — 3-00 P.M.]

বিগত চার বছর ধরে শুরু করেছি। সেখানে ৫৯১টি গাছ বেঁচে রয়েছে এবং আরও ২,০০০ গাছ লাগানো হয়েছে এবং সেগুলো বড় হচ্ছে। ওখান থেকে পাতা ও কুঁড়ি নাগরাকোটায় পাঠিয়েছি। সেটা দেখে তারা বলেছেন যে, কোয়ালিটিটা দার্জিলিং চায়ের মতো হবে। সেটা হলে পুরুলিয়ার গোটা অর্থনীতিই পাল্টে যাবে। ওখানে চায়ের মাটি আছে, পরিবেশ আছে, রয়েছে শুধু ওয়াটার ডিস্ট্রিবিউশনে গোলমাল। আজকে পঞ্চায়েত যেভাবে মহিলাদের জন্য রিজারভেশন করেছে, কেন্দ্রীয় সরকার মহিলাদের জন্য এম. এল. এ., এম. পি. পদে রিজারভেশন চালু করেছেন, সেইভাবে এখানে আমরা মহিলাদের কো-অপারেটিভ ব্যাঙ্ক চালু করেছি। অবশ্য তার অ্যাপেক্স বডি এখনও হয় নি। এই অ্যাপেক্স বডি করবার জন্য আমি মন্ত্রীকে অনুরোধ করছি। এইভাবে সমবায় আন্দোলনকে আমরা সাহায্য করছি। আমরা চাই, আপনারাও আমাদের সঙ্গে আসুন যাতে সমবায়ের মতো একটি বে-সরকারি আন্দোলনকে একটা বৃহত্তর আন্দোলন হিসাবে গড়ে তুলে গ্রামীণ অর্থনীতিকে গড়ে তুলতে সাহায্য করি। এই বলে বাজেটকে সমর্থন করে এবং বিরোধী দলের আনা কাট মোশনের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

**শ্রী মিহির গোস্বামী ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, সমবায় মন্ত্রী আনীত বাজেট প্রস্তাবের বিরোধিতা করে এবং আমাদের সদস্যদের আনা কাট মোশনের সমর্থনে বক্তব্য রাখছি। এই বাজেট প্রস্তাবের বিরোধিতা করতে গিয়ে প্রথমে ধন্যবাদ জানাতে চাই আমাদের মাননীয় সমবায় মন্ত্রী মহাশয়কে, কারণ মাত্র কয়েক দিন আগে তিনি নিজে আনন্দবাজার পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে বলেছেন যে, সমবায় দপ্তরে সবাই চোর। তিনি বিগত সমবায় মন্ত্রীর আমলে দুর্নীতির অভিযোগ তুলেছেন। কথাটা এখানকার মাননীয় সদস্যগণ সবাই জানেন, কাজেই এ ব্যাপারে নূতন করে বলবার কিছু নেই। যিনি এই বাজেট প্রস্তাব পেশ করেছেন তিনি সংগ্রামী মানুষ; তিনি নিজেই যখন বলেছেন যে, তাঁর দপ্তর দুর্নীতিগ্রস্ত তখন নূতন করে সে ব্যাপারে বলার দরকার নেই। এর থেকে বোঝা যাচ্ছে, বামফ্রন্ট সরকারের আমলে দুর্নীতি কোথায় গিয়ে পৌঁছেছে। আমরা আশা করব, সরকার পক্ষের সদস্যগণ এ ব্যাপারে নজর দেবেন, কারণ মাননীয় মন্ত্রী তাঁর নিজ দপ্তরকে চোর বলেছেন। আমরা জানি মানুষ রূপী সমবায় দপ্তরের দেহটা ছোট, মাথাটা বড়। এই সমবায় দপ্তরের দুটি ভাগ; একটি সাধারণ প্রশাসন এবং আর একটি অডিট সেকশন। কিন্তু অত্যন্ত দুঃখের ব্যাপার, বহু প্রাইমারি এগ্রিকালচারাল কো-অপারেটিভ সোসাইটিতে অডিট না হবার ফলে সেখানে দুর্নীতির পাহাড় জমেছে যা দূর করা একটা অসম্ভব কাজ হয়ে দাঁড়িয়েছে। অথচ এখানে বলা হয়েছে যে, সমবায় আন্দোলনের ফলে মানুষের উন্নতি হচ্ছে। নিশ্চয়ই, এই আন্দোলনের মাধ্যমে অনেক বেশি মানুষকে কাজে লাগানো যায়, কিন্তু সমবায় আন্দোলনের ক্ষেত্রে নাবার্ড যে কথা বারবার বলছে সেটা সরকার কখনও মানবার চেষ্টা করছেন না। আপনারা জানেন, বিভিন্ন সমবায় ব্যাঙ্কগুলো আজকে ধুঁকছে প্রশাসনিক দুর্বলতার কারণে, ধুঁকছে জেলার দীর্ঘমেয়াদী এবং

স্বল্পমেয়াদী কো-অপরেটিভ ব্যাঙ্কগুলি। সেখানে যেসব চিফ একজিকিউটিভ অফিসারদের নিয়োগ করা হয় তাঁরা প্রশাসনিক দিক থেকে দক্ষ ঠিকই, কিন্তু মূলত তাঁদের ব্যাঙ্কিং সেক্টরের কাজের অভিজ্ঞতা না থাকবার জন্য জেলা সমবায়গুলি সঠিক ভাবে কাজ করতে পারছে না। তার জন্য নাবার্ড সরকারকে বারবার রিপোর্ট দিয়ে বলেছে যে, প্ল্যানেন্ড চিফ একজিকিউটিভ অফিসারদের পোস্টিং দেবার আগে স্পেশ্যাল ব্যাঙ্কিং ট্রেনিং দেবার ব্যবস্থা করতে হবে এবং ট্রেনিং কমপ্লিট হবার পর তাদের চিফ একজিকিউটিভ অফিসার হিসাবে কো-অপারেটিভ ব্যাঙ্কগুলিতে পোস্টিং দিতে হবে।

আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব এই ব্যাপারে যদি 'নাবার্ড'-এর নির্দেশ ভাল করে মেনে চলার চেষ্টা করেন তাহলে পশ্চিম বাংলায় ব্যাঙ্কিং সেক্টরে বিশেষ করে সমবায়ের ক্ষেত্রে যে উন্নয়ন আনা যায় সেই উন্নয়ন আনা যাবে। নইলে বাধা প্রাপ্ত হবে। নাবার্ড বারে বারে সমবায় দপ্তরকে বলেছে জেলা ব্যাঙ্কগুলিতে রিক্রুটমেন্টের ক্ষেত্রে — সরকার আইন করেছিল ১৯৮৭ সালে — ২৫ পারসেন্ট নিয়োগ জেলা সমবায় ব্যাঙ্কগুলিতে পি. এ. সি. এস. থেকে নিতে হবে। কিন্তু আশ্চর্যের বিষয় পি. এ. সি. এস.-এ যে সমস্ত কর্মচারিরা কাজ করেন সেই কর্মচারিদের ভবিষ্যত সম্পর্কে কর্মচারিরা কিছু জানে না বলে অনেক ক্ষেত্রে তাদের কাজ করার মানসিকতা নষ্ট হয়ে যায়। সরকারি নির্দেশ থাকা সত্ত্বেও পি. এ. সি. এস. থেকে বিভিন্ন সমবায় ব্যাঙ্কগুলিতে রিক্রুটমেন্টের কোনও ব্যবস্থা নেই। যার ফলে সমবায়ে পি. এ. সি. এস.-কে যে ভাবে কাজে লাগানো সম্ভব হত সেই ভাবে কাজে লাগানো যাচ্ছে না। তারপর 'নাবার্ড' পরিষ্কার বলেছে ব্যাঙ্কিং সিস্টেম যদি না মানা হয় তাহলে সমবায় ব্যাঙ্কগুলিকে লাইসেন্স দেওয়া হবে না। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন এবং মাননীয় সদস্যরা জানেন যে, বিভিন্ন জেলায় যে সমবায় ব্যাঙ্ক আছে তাদের অনেকের ব্যাঙ্কিং লাইসেন্স নেই। আমাদের জানা দরকার, মন্ত্রী মহাশয় পরিষ্কার করে বললে খুশি হতাম, পশ্চিম বাংলায় ১৭টি সমবায় ব্যাঙ্কের মধ্যে ৩টি ব্যাঙ্ক লাইসেন্স পেয়েছে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কাছ থেকে। সেই ব্যাঙ্কগুলি হল হুগলি, বর্ধমান এবং তমলুক-ঘাটাল। আশ্চর্যের ব্যাপার হল অ্যাপেক্স অফ দি স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক, যাদের নাকি মূল সমবায় আন্দোলনের ধারক এবং বাহক হিসাবে পরিচালনা করার কথা, সেই ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক আজও রিজার্ভ ব্যাঙ্কের থেকে লাইসেন্স পায় নি। তার মূল কারণ হল ব্যাঙ্কে দুর্নীতি এবং বিশেষ করে প্রশাসনে রাজনৈতিক হস্তক্ষেপ। ফলে ব্যাঙ্কের যে সমস্ত রুলস অ্যান্ড রেগুলেশন মেনে চলা দরকার সেইগুলি মানা হয় নি। মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যেন শীঘ্র এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণ করেন যাতে করে রাজ্য সমবায় আন্দোলনের মূল ধারক এবং বাহক রাজ্য সমবায় ব্যাঙ্ক আর. বি. আই. থেকে লাইসেন্স পেতে পারে। সঠিক ভাবে কাজ করবার জন্য বিভিন্ন সমবায় কর্মীদের স্বার্থের দিকে লক্ষ্য রাখা দরকার। জেলা সমবায় কর্মচারিদের সমবায় ব্যাঙ্কগুলিতে তাদের কোথায় প্রভিডেন্ড ফান্ডের টাকা আছে সেটা খুঁজে পাওয়ার সুযোগ নেই।

**(এই সময় লাল বাতি জ্বলে ওঠে।)**

তাদের গ্রাচুইটির টাকা অ্যাকাউন্ট রাখতে হবে এটার পর্যন্ত কোন সঠিক নিদর্শন নেই। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব আপনি অনুগ্রহ করে জেলা সমবায় ব্যাঙ্কগুলিতে তাদের টাকা যাতে সুরক্ষিত করা যায় সেটা দেখবেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী ভক্তিভূষণ মন্ডল মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি। সমবায় আন্দোলন ভারতবর্ষে ব্যর্থ হয়েছে, পশ্চিম বাংলা তার ব্যতিক্রম নয়। এই সমবায় আন্দোলন ভারতবর্ষের অর্থনীতি গড়ে তোলার পথে একটা বিরাট ভূমিকা গ্রহণ করতে পারত। আমাদের দেশের দুজন শ্রেষ্ঠ মনীষী, শ্রী সুভাষচন্দ্র বোস এবং বিশ্বকবি রবীন্দ্রনাথ স্বাধীনোত্তর ভারতবর্ষে অর্থনীতিকে গড়ে তোলার ক্ষেত্রে সমবায়ের কথা বলেছিলেন।

[3-00 — 3-10 P.M.]

রবীন্দ্রনাথ অজস্র লিখেছিলেন। তিনি কবিতা যেমন লিখেছিলেন, তেমনি সমবায় সম্পর্কে লিখেছিলেন। কারণ তাঁর রাষ্ট্র চিন্তা ছিল। সুভাষচন্দ্র বসু ভারী শিল্পের সঙ্গে ক্ষুদ্র শিল্পের মধ্যে সমবায়ের মাধ্যমে আমাদের দেশের অর্থনীতিকে গড়ে তোলার চেষ্টা করেছিলেন। স্বাধীনোত্তর কালে আমাদের দেশে সমবায়কে সেই ভাবে দেখা হয় নি। সমবায় ভিত্তিক চারিত্রিক যে প্রবণতা সেটা আমাদের ছিল না। সেটা সেজন্য গড়ে ওঠে নি, সমবায় মনষ্কতা গড়ে তোলা যায় নি। তার ফলে সমবায় অনেক গড়ে উঠেছে ঠিকই, কিন্তু সেখানে অধিকাংশ ক্ষেত্রে দ্বন্দ্ব, দুর্নীতি এবং কলহ এইসব সৃষ্টি হয়েছে। কি উপরে, কি নিচের স্তরে, পা থেকে মাথা পর্যন্ত সর্বত্র দুর্নীতির চক্রান্ত চলছে। নির্বাচনের সময়ে যা হয়, অধিকাংশ ক্ষেত্রে নির্বাচন সঠিক ভাবে হচ্ছে না। আমার যতদূর অভিজ্ঞতা, আমি দেখেছি, নির্বাচন সঠিক ভাবে হচ্ছে না। একটা গোষ্ঠী সরকারি কর্মচারী ও প্রশাসনের সঙ্গে হাত করে সমবায়গুলো দখল করছে। কোথাও হয়ত নির্বাচন তিন বছর বাদে হবে, দেখা গেল সেখানে দু' বছর বাদে হয়ে গেল। তিন বছরের টার্মকে মানা হয় না। ভক্তি ভূষণমন্ডল মহাশয় একজন প্রবীণ রাজনীতিক। তিনি এই দপ্তরের ভারপ্রাপ্ত হয়েছেন। আশা করব, তিনি সফল হবেন। তাঁর বিবৃতির মধ্যে বহু জনমুখি কর্মসূচি আছে। সমাজের দুর্বলতর মানুষের জীবন মানের জন্য ছোট বড় বহু প্রকল্প আছে। যেমন দেখুন, এখানে মহিলা ঋণ সমবায় ব্যাঙ্কের কথা বলা হয়েছে, যদিও এই ক্ষেত্রে খুব বেশি অগ্রগতি ঘটে নি। আমাদের সমাজের মহিলারা, কি গ্রামে কি শহরে, মহিলারা দুর্বলতর শ্রেণীর মধ্যে পড়ে। তাদের সমবায়ের মাধ্যমে অর্থনৈতিক দিক থেকে উন্নতির চেষ্টা করার প্রয়াস নেওয়া হয়েছে। তেমনি কৃষক সমবায় সমিতি, শ্রমিক সমবায় সমিতি, এই ধরনের সমিতিগুলোর মধ্যে দিয়ে সেই চেষ্টা করা হচ্ছে। বামপন্থায় বিশ্বাসী মন্ত্রী মহাশয় চিরকাল সমাজতন্ত্রের জন্য লড়াই করছেন। তাঁর বিবৃতির মধ্যে সেটাই পরিস্ফুট হয়েছে। এর সাথে সাথে আমি কয়েকটি কথা বলব, আমরা যেটা বিভিন্ন সময়ে দেখছি, আমরা খবরের কাগজে পড়ছি। সমবায় মন্ত্রীর সঙ্গে কর্মচারিদের মধ্যে লড়াই চলছে। প্রশাসনের সঙ্গে কর্মচারিদের

লড়াই চলছে। এই যেসব বিভিন্নমুখি ঘটনা ঘটছে, আমি জানি না এর মধ্যে সুস্থ রাজনীতি কতখানি আছে? এই ধরনের রাজনীতি থাকার ফলে সমবায় আন্দোলন স্তব্ধ হয়ে গেছে। মন্ত্রীর সঙ্গে সচিবের বনে না। মন্ত্রীর সঙ্গে কর্মচারিদের বনে না। অর্থাৎ সমবায় দপ্তরের মধ্যে সমবায় নেই। সমবায় দপ্তরের মধ্যে সমন্বয়ের অভাব আমরা লক্ষ্য করছি। আর একটি কথা বলছি। হাউজিং কো-অপারেটিভ — এটির মধ্যে খুব ভাল দিক আছে, ঘর বাড়ি তৈরির একটি প্রকল্প এটি। যদিও হাউজিং কো-অপারেটিভ মূলত কলকাতা বেসড, কলকাতা কেন্দ্রিক। আপনি একটু খোঁজ নিয়ে দেখুন, সেখানে কি দুর্নীতি হচ্ছে। যাদের জন্য গৃহগুলো করা হচ্ছে — মধ্যবিত্ত, নিম্ন মধ্যবিত্তদের জন্য, সেখানে আপনি একটু খোঁজ নিয়ে দেখুন। আমি কোনও সম্প্রদায়ের নাম করে বলব না, প্রচন্ড দুর্নীতির জন্য তাদের হাতে চলে যাচ্ছে। সল্টলেকে আমরা দেখেছি জায়গাগুলো হস্তান্তরিত হচ্ছে। বেনফেডের সার বন্টন সম্পর্কে অনেক কথা শোনা যায়। সার যদি ঠিকমতো বন্টন করতে হয়, তাহলে উপরতলা থেকে হয় না। এখানে শেষ পর্যন্ত জনপ্রতিনিধিদের যুক্ত করতে হবে। অন্তত জেলা স্তরে ফার্টিলাইজার ডিস্ট্রিবিউশন কমিটি তৈরি করতে হবে এবং ফার্টিলাইজার ডেভেলপমেন্ট কমিটি গঠন করতে হবে। সার বন্টনের ক্ষেত্রে নানা রকম দুর্নীতির সৃষ্টি হচ্ছে এগুলো দক্ষতার সঙ্গে মাননীয় মন্ত্রীকে দেখতে হবে। অনেক কৃতবিদ্যা অফিসার আছেন, যাদের আমি ভালো ভাবেই চিনি এবং অনেকেই আমার জেলার থেকে এসেছেন, তাদের সহযোগিতা পেলে আপনি আরও দৃঢ়তার সঙ্গে কাজ করতে পারবেন। আরেকটা কথা সমবায় সমিতির ক্ষেত্রে অডিট ঠিকমতো করার ব্যবস্থা করুন। অডিট ঠিকমতো হলে মানুষের মধ্যে একটা ভয় থাকবে। এখন নাম কোয়াস্থে একটা অডিট হয়, বেশির ভাগ ক্ষেত্রে যারা অডিট করতে আসেন তাদের ভালো মন্দ খাইয়ে একটা ভালো রিপোর্ট বার করে নেয়। সুতরাং এই দিকটা আপনাকে দেখতে হবে। ঠিকমতো অডিট হলে পরে অনেক কিছু ধরা পড়ে যাবে। আপনার ব্যয় বরাদ্দ বেশি নয়, একটা বৈপ্লবিক কিছু পরিবর্তন আপনি করতে পারবেন এই কথা আমি মনে করি না কারণ আপনার ব্যয় বরাদ্দ অত্যন্ত সামান্য মাত্র ৪৬ কোটি ৭৭ লক্ষ ৪৫ হাজার টাকা। এতে বিশেষ কিছু করা যাবে না, কিন্তু পরিমাণগত দিক থেকে দরিদ্র শ্রেণীর মানুষের উন্নয়নের জন্য যে কর্মসূচি এবং দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছেন সেই দৃষ্টিভঙ্গি প্রকৃত সদর্থক তাই তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি আর ওঁদের কথা আর কি বলব, ওরা আর কি করবেন, অতীশ বাবু তো কিছুক্ষণ আগে বললেন যে উনি যে কবে মন্ত্রী ছিলেন তা ওঁনার মনেও পড়ে না, ভুলে গেছেন। যাই হোক আমি এই ব্যয় বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মোজাম্মেল হক (মুর্শিদাবাদ) ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমবায় মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি। সমবায়ের ব্যাপারে যে সমস্ত বক্তব্য উপস্থাপিত করলেন তাতে বিভিন্ন ক্ষেত্রে দেখলাম যেভাবে ব্যয় বরাদ্দ পেশ করা হয়েছে তাতে অনেক কিছু আশা করেছিলাম এবং আরও সঠিক ভাবে এটাকে বাস্তবায়িত করা যেত এবং গ্রাম বাংলার মানুষের উপকারে লাগানো যেত। সেই কারণে এই বিষয়ে আমি আপনার মাধ্যমে কিছু মতামত জানাতে চাই। বিষয়টি হচ্ছে মাননীয় মন্ত্রী তাঁর বাজেট বক্তব্য যে পেশ করেছেন তার শেষ প্যারাতে লিখেছেন যে রাজ্য সরকার গণতান্ত্রিক ভাবে এই যে সমবায়

আন্দোলন এটাকে গণতান্ত্রিক নীতির উপরে প্রতিষ্ঠিত করতে চায় এবং সমবায় কায়েমী স্বার্থের হাত থেকে মুক্ত করতে চাইছেন। আজকে বিশ বছর পরে এই ধরনের কথা ঠিক বোধগম্য হল না। ১৯৭২ থেকে ১৯৭৭ সাল এবং তারপরে কি হয়েছে এই নিয়ে আলোচনা করতে গিয়ে সরকারি পক্ষ বলুন বা বিরোধী পক্ষ বলুন অনেক বক্তব্য রেখেছেন এবং একই সুর তারা বাজিয়েছেন। সুতরাং আজকে বিষয়টা ভাবার দরকার আছে যে, এই যে কায়েমী স্বার্থের হাত থেকে মুক্ত করতে চাইছেন কেন? এই কথা বলার অর্থ কি তাহলে এই নয় যে, যাকেই আমরা লঙ্কায় পাঠাব তিনিই রাবণ রূপে প্রতিষ্ঠিত হবেন। সুতরাং এর মধ্যে দিয়ে একটা ব্যর্থতাই বহন করছে। এই প্রসঙ্গে আমি একটি ঘটনা ঘটেছে সেই সম্পর্কে বলছি — মুর্শিদাবাদে ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্কে নির্বাচন হওয়ার কথা ছিল কিন্তু হল না। ভোটাররা ভোট দিতে গিয়েও ফিরে গেলেন, কোর্ট কেসের একটা অর্ডার হাজির করা হল, ফলে ভোট দিতে পারে নি। সেখানে কারা ক্ষমতায় আছেন, একজন সাংসদ, বামফ্রন্ট সরকারের একজন সাংসদ সেখানে ক্ষমতায় আছেন। সেখানে মানুষ নির্বাচন করতে চাইছে কিন্তু যে কোনও কারণে হোক তিনি নির্বাচন ঠিকমতো হতে দিচ্ছে না।

[3-10 — 3-20 P.M.]

বিষয়টা হচ্ছে, বামফ্রন্ট সরকারের যে সাফল্য তাকে আরও বেশি বেশি করে তুলে ধরার জন্য, নির্বাচন যে গণতান্ত্রিক নীতির উপর প্রতিষ্ঠিত, যেটা করতে চেয়েছেন তাকে দেখা দরকার। কায়েমী স্বার্থের প্রভাব থেকে রক্ষার জন্য যে উদ্যোগটা নেওয়া দরকার আশা করি সেটা নেবেন। অডিটের ব্যাপারে যেটা বলা হয়েছে, আপনি বলেছেন ১৮ হাজার ৪৩৭টির মধ্যে ১৩ হাজার ৪১২টির নিরীক্ষার কাজ সম্পূর্ণ হয়েছে। নিরীক্ষার কাজ পুরোপুরি হলে ভাল লাগত। কিন্তু বাদ বাকি যে সমস্ত শীর্ষ স্থানীয় আছে, রাজ্য স্তরে, সেই ব্যাপারে আপনি বলেছেন, নিরীক্ষার কাজ চলছে। এটা কেন বলা গেল না, এটার নিরীক্ষার কাজটা শেষ হয়েছে? আপনার দপ্তরে যে সমস্ত অফিসাররা আছেন, অনেক আধিকারিক আছেন, যারা এই নিরীক্ষার কাজে যুক্ত আছেন, এই সমস্ত আধিকারিকরা থাকা সত্ত্বেও এই নিরীক্ষার কাজটা ঠিক ঠিকভাবে এখনও হচ্ছে না, এক্ষেত্রে যে ঘাটতি এবং অবহেলা আছে সেটা দূর করা দরকার। আমি একটা প্রশ্ন করেছিলাম অ্যাসেম্বলিতে, কনফেড এর হিসাব নিয়ে, তাতে আপনি বলেছেন কনফেড-এ কয়েক বছর হিসাব নিরীক্ষার কাজ হয় নি। এটা যদি এইভাবে চলে তাহলে ভাল হবে না। বেনফেড একটি গুরুত্বপূর্ণ ব্যাপার, এটা গুরুত্ব দিয়ে ভাবতে বলছি। এখানে মাননীয় সরকারি দলের সদস্য বলেছেন, বেনফেড যে লাভটা পৌঁছে দিতে চাইছে গরিব মানুষের কাছে তারা যে কাজটা করতে চাইছে, সেই পেনিটেশন ঠিকমতো হচ্ছে না। উপরতলা থেকে চুঁইয়ে চুঁইয়ে গরিব মানুষের কাছে যে লাভটা পৌঁছানো দরকার সেটা হচ্ছে না। বেনফেড এর মাল বাজারে বিক্রি হয়ে যাচ্ছে, গরিব মানুষ সরকারের ধার্য দামে মাল পাচ্ছে না। প্রশাসনের যে সমস্ত নিয়োগ হয় সেখানে অনিয়ম থেকে যাচ্ছে, বামফ্রন্টের যে নীতি, সেই নীতি অনুযায়ী যে কাজটা হওয়া উচিত, সেটা ঠিক ঠিকভাবে হচ্ছে না। পাশাপাশি কর্মীদের সুযোগ সুবিধার কথা বলছি, অনেক স্টাফ আছে তারা পয়সা পায় না। তাদের যতটুকু পাওয়া দরকার সেটাও তারা পাচ্ছে না, ফলে দুর্নীতি মাথাচাড়া দিয়ে উঠছে।

বিভিন্ন ক্ষেত্রে এইসব ঘটনা ঘটছে। শীর্ষ স্থানীয় যে সমস্ত সমবায় সমিতিগুলি আছে, রাজ্য স্তরে, জেলা স্তরে সেখানে যে চেয়ারম্যান নিয়োগ করা হচ্ছে, জেলার ক্ষেত্রে এম. এল. এ.-দের নিয়োগ করা হোক। না হলে অ্যাসেম্বলি থেকে নির্বাচন করে কনফেডে এবং বেনফেডে মেম্বারদের পাঠানো হোক, যাতে একটা দায়বদ্ধতা থাকে।

**শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় সমবায় মন্ত্রী যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি, সমর্থন জানাচ্ছি এই কারণে, আমি দেখছি, সমবায় আন্দোলন কেবলমাত্র ঋণ দেওয়ার মধ্যে সীমাবদ্ধ নয়, তাদের শাখা প্রশাখাগুলিও শুভ প্রয়াস গ্রহণ করেছে, সেইজন্য আমি সমর্থন জানাচ্ছি। স্যার, আমরা সবাই জানি, আমাদের সমাজে সব থেকে অবহেলিত নিপীড়িত অংশ এবং আমাদের যারা সমাজের প্রায় অর্দ্ধেক অংশ তারা হচ্ছে আমাদের দেশের মা-বোন। এই মা-বোন বর্তমান আর্থ সামাজিক অবস্থায় পরিপ্রেক্ষিতে তাদের মান উন্নয়নের ক্ষেত্রে একটা প্রচেষ্টা হয়েছে, কিন্তু এই প্রচেষ্টা এত কম, আমাদের মনে আশঙ্কা সৃষ্টি হয়, সত্যি কি এই সমাজের আর্থিক উন্নয়ন আনতে আমরা দৃঢ় প্রতিজ্ঞ। আমাদের রাজ্যে মহিলাদের সমিতির সংখ্যা মাত্র ২৪, আমাদের এই আর্থিক বৎসরে মাত্র ২০ লক্ষ টাকা তাদের উন্নয়নের জন্য ধার্য হয়েছে। এই ২৪টি নয়, আমাদের প্রতিটি গ্রাম পঞ্চায়েত এলাকায় এই মহিলাদের যদি সমিতি গড়তে পারি তাহলে তাদের শুধু আর্থিক দিক থেকে নয়, সামাজিক দিক থেকেও যথেষ্ট মর্যাদা পাবে।

স্যার, আমি সবিনয়ে বলি এবং বিধানসভাতেও বহুবার বলেছি, আমরা যেসব গরিব মানুষকে জমির পাট্টা দিয়েছি তারা খুবই দরিদ্র, সহায় সম্বলহীন কৃষক। তারা কৃষি উপকরণের অভাবে বাধ্য হয়ে সেইসব জমি অনেক ক্ষেত্রে হস্তান্তর করে দিচ্ছে। যেসব পাট্টা বিলি হয়েছে, সেগুলোকে একটা জায়গায় জমিয়ে, তাদেরকে নিয়ে একটা কো-অপারেটিভ গঠন করা দরকার, তারা যাতে জমিগুলো চাষাবাদ করতে পারে। তবেই সেইসব অবহেলিত পিছিয়ে পড়া মানুষগুলোর মানটা অনেক উন্নতি করতে পারি। আমি মাননীয় সমবায় মন্ত্রীর কাছে আবেদন করব, তার দৃষ্টি এই ক্ষেত্রে প্রসারিত করুন। আমাদের পশ্চিম বাংলায় ১৫ থেকে ২০ লক্ষ বিড়ি শ্রমিক আছে তাদের কোনও চাল নেই, চুলো নেই। সহায় সম্বলহীন হয়ে তারা স্ত্রী পুত্র পরিবার নিয়ে বিপদের সম্মুখীন। আমি আবেদন জানাব সেই সব বিড়ি শ্রমিকদের — আমার পাঁশকুড়া এলাকায় অনেক বিড়ি শ্রমিক আছে — নিয়ে যদি সমবায় সমিতি গঠন করা যায় তাহলে তাদের আমরা সাহায্য করতে পারি। তাহলেই তারা মাথা উঁচু করে দাঁড়াতে পারবে। কংগ্রেস আমলে সমবায় দপ্তরে দুর্নীতি ছিল, কিন্তু এখন সেই অবস্থা আর নেই। তাদের দিক থেকে ইতিবাচক কিছু উপদেশ দেওয়া উচিত ছিল। অনেকে আছেন তারা ভাল কাজেও আপত্তি করেন, আবার মন্দ কাজেও আপত্তি করেন। ঐ আপত্তি বাবুদের আমি অনুরোধ জানাব একটু খোলা মন নিয়ে বিচার করে নেতিবাচক দিকগুলো যাতে ঐক্যবদ্ধ ভাবে সারানো যায় তার চেষ্টা করবেন। সুভাষচন্দ্র, গান্ধীজি, রবীন্দ্রনাথের আদর্শকে যাতে রূপায়িত করতে পারি, দৃষ্টিভঙ্গিকে প্রসারিত করতে পারি, সমবায় আন্দোলনকে শক্তিশালী করতে পারি তার চেষ্টা করবেন। এই কথা বলে বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা

করে, মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ রেখেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অতীশচন্দ্র সিনহা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সমবায় দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় ১৯৯৬-৯৭ সালের যে ব্যয় বরাদ্দ আমাদের সামনে পেশ করেছেন তার বিরোধিতা করে আমাদের দলের পক্ষ থেকে যে সমস্ত কাট মোশন এসেছে তাকে সমর্থন করছি। আপনি যদি দেখেন গত কয়েক বছর এই বাজেট বরাদ্দের হিসাব, তাহলে দেখতে পাবেন এটা একটা সায়েন্টিফিক ভাষায় sinusoidal। অর্থাৎ কোনও সময় উপরে উঠছে, কোনও সময় নিচে নামছে, এর মধ্যে কোনও স্থিরতা নেই।

**Mr. Deputy Speaker :** Mr. Atish Sinha, the Minister-in-charge of this Department is ill. He is vomiting. If you kindly conclude your speech within one or two minutes, he will be able to give the replies.

**শ্রী অতীশচন্দ্র সিনহা :** যেখানে অন্য দপ্তরের বাজেট শুধু উপরের দিকে উঠছে, সেখানে এই দপ্তরের বাজেটই শুধু ব্যতিক্রম। আমি আমার বক্তব্য দীর্ঘায়িত করছি না। এই বাজেটের বিরোধিতা করছি। কারণ শুনছি মন্ত্রী মহাশয় খুব অসুস্থ।

**(Including Adjournment)**

[3-20 — 3-40 P.M.]

**শ্রী ভক্তিভূষণ মন্ডল :** শ্রদ্ধেয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটু অসুস্থ হয়ে পড়েছি। আমার কিছুদিন আগে ম্যালেরিয়া হয়ে গেল। কো-অপারেটিভ নিয়ে অনেক কিছু বলার আছে। এটা নিয়ে ভাবছি এবং এর জন্য অনেক চেষ্টা করছি। আমি অসুস্থ। আমাদের যে প্রস্তাব সেটা যাতে পাস হয় এবং বিরোধিদের যে কাট মোশন সেটা যেন কাট করা হয় এইটুকু বলে আমার বক্তব্য শেষ করছি।

**Demand No. 57**

The cut motions of Shri Deba Prasad Sarkar, Shri Sultan Ahmed and Shri Abdul Mannan that the amount of the demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Das Gupta that a sum of Rs. 46,77,45,000 only be granted for expenditure under Demand No. 57. **Major Heads : "2425 — Co-operation, 4425 — Capital Outlay on Co-operation and 6425 — Loans for Co-operation "** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 15,61,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**(At this stage the House was adjourned at 3.24 P. M. till 3.40 P. M.)**

[3-40 — 3-50 P.M.] **(After Adjournment)**

**Demand No.38**

**Mr. Deputy Speaker :** There are five Cut motion on Demand No.38. All the Cut motions are in order and moved as follows.

**Shri Debaprasad Sarkar :**

**Shri Abdul Mannan** : Sir, I beg to move that the amount of

**Shri Saugata Roy** : Demand be reduced by Rs.100/-

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৩৮ নং দাবির অধীন ব্যয় বরাদ্দের মঞ্জুরির বিরোধিতা করে, আমাদের কাট মোশনের সমর্থনে বক্তব্য রাখছি। প্রথমেই মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি আপনি এই বাজেটের হেড অন অ্যাকাউন্টে ২২২০, ৪২২০, ৬২২০ তে ২১ কোটি ১৫ লক্ষ ৪৩ হাজার রেখেছেন। একটা কথা ২২২০ তে আপনি ১৯ কোটি ৮৯ লক্ষ ৫০ হাজার রেখেছেন, অর্থাৎ দেখা যাচ্ছে নন-প্ল্যান শতকরা ৮৫ থেকে ৯০ ভাগ টাকা খরচা হচ্ছে। পরিকল্পনার সুযোগ কম। আপনাকে বলি — আগে দেখতাম সাম্প্রদায়িকতার বিপদ সম্পর্কে আপনি মানুষকে খুব সচেতন করতেন। কিন্তু এবার আপনার বাজেট বক্তৃতায় সাম্প্রদায়িক শক্তির বিপদ সম্পর্কে রাজ্যবাসীকে কোনও সচেতন করলেন না। আত্ম সন্তুষ্টিতে ভুগলেন — এটা ভাল করলেন না। কারণ বি. জে. পি.-র আগ্রাসন শুধু পশ্চিমবঙ্গেই নয় সারা দেশে দেখা যাচ্ছে। সে সম্বন্ধে কোনও কথা আপনার বাজেট স্পীচে নেই। এই প্রসঙ্গটা খুব দায়িত্বের সঙ্গে পালন করা উচিত ছিল। দ্বিতীয়ত, পশ্চিমবঙ্গে মানবাধিকার লঙ্ঘন অতীতেও হয়েছে এখনও হচ্ছে। এই সম্পর্কে, আমার মনে হয়, আপনার বাজেট বক্তৃতায়, মানবাধিকারের বিষয়ে মানুষকে উদ্বুদ্ধ করা উচিত ছিল। আমরা মনে হয়, বাজেট বক্তৃতার দুটো দিক সম্পর্কে সচেতন না করে বাজেটের মূল যে বক্তব্য, যেটা তথ্য ও সংস্কৃতি দপ্তরের কাছ থেকে প্রত্যাশিত ছিল সেটা থেকে সরে গেছেন। জাস্টিস মহম্মদ ইউসুফ তাঁর রিপোর্টে অনেক কথা বলেছেন। ইউসুফ কমিশনের রিপোর্টের একটা জায়গায় বলা হয়েছে, জানি না — টেনডেন্সি টু ইনডাইরেক্টলি টু থ্রেট দূরদর্শন পিপল কিনা। সেই রিপোর্টে তাঁরা বলেছেন —

"They wondered how it was possible that when the firing took place the Doordarshan Cameramen were there at the very spot and

they arrested the incident in their camera which shows the Victim Swapan Chakraborty lying on the road bleeding profusely and the Policemen pouring water to wash the blood. The allegation is that the camera was planted some where near by to capture the incident and then passed on to the Doordarshan to telecast''.

দূরদর্শন একটা সংবাদ টেলিকাস্ট করেছে। আপনাদের দলের পক্ষ থেকে, আপনাদের পক্ষে রবীন দেব, মহম্মদ সেলিম বললেন যে, — প্ল্যানটেড ক্যাসেট দূরদর্শনকে দিয়ে সেটা দূরদর্শনে দেখানো হয়েছে। বিভিন্ন সংবাদ মাধ্যমকে আন্ডার থ্রেট রাখার যে প্রচেষ্টা, দূরদর্শন এবং অন্যান্য মাধ্যমগুলোকে আন্ডার থ্রেট রাখার যে টেনডেন্সি, আমরা তার কনডেম করছি। আপনাদের জানাতে হবে — বাইরে ক্যামেরা রেখে দিয়েছিল, পুলিশ সাড়ে চারটের সময় গুলি করবে, এটা কি তাদের আগে থেকে জানা ছিল? বাইরে থেকে ক্যামেরা ফিট করা হল — পুলিশের উপর তাদের এতটাই নিয়ন্ত্রণ ছিল? হোয়েদার ইট ওয়াজ এ সেট আপ ম্যাটার। সুতরাং তথ্য ও সংস্কৃতি দপ্তরকে বলতে চাই, আপনাদের সরকার এবং আপনাদের দলের নেতাদের টেনডেন্সি হচ্ছে বিভিন্ন মাধ্যমগুলোকে প্রতিনিয়ত চাপের মধ্যে রাখা।

আপনার দপ্তরের বাজেট মূলত পাঁচটি ভাগে — তথ্য, সংস্কৃতি, চলচ্চিত্র, ভাষা এবং প্রত্নতাত্ত্বিক সংগ্রহশালা শাখা। আমি এক এক করে এই বিষয়ে আসব। আপনাদের কাছে মানুষের যে প্রত্যাশা, সেটা হচ্ছে — আপনারা অবজেকটিভ আউট লুক সামনে রেখে কাজ করবেন। কিন্তু আমরা দেখছি সংবাদ মাধ্যমের সম্বন্ধে আপনাদের একটা সংঘাতময় মনোভাব প্রতিনিয়ত বিরাজ করছে। আমরা দেখেছি, সাংবাদিকরা যখন বোর্ফস বা হাওয়া নিয়ে লেখে, তখন বলেন তারা বাঘের বাচ্চা। আর যখন ওয়াকফ, কিংবা বেঙ্গল ল্যাম্প, ট্রাম কেলেঙ্কারী নিয়ে লেখে, তখন তারাই হয়ে যায় বরাহ নন্দন। এই মানসিকতা আপনাদের সব সময় — মুখ্যমন্ত্রী থেকে আপনি, সবার প্রবণতা হচ্ছে সংবাদ মাধ্যমকে আক্রমণ করা। একবালপুরের ঘটনা নিয়ে যখন সৌগত বাবু বলছিলেন আর্মি নামাবার কথা, তখন বললেন, আনন্দবাজার পত্রিকার লেখার দ্বারা প্রভাবিত হয়ে বলছেন। আপনার কথাটা লক্ষ্যণীয়। সংবাদপত্রের প্রতি একটা চ্যালেঞ্জিং অ্যাটিচ্যুড আপনাদের মধ্যে ভীষণ ভাবে আছে, সেই অভিযোগ আপনাদের সম্বন্ধে আছে।

এবারে আসছি সংবাদপত্রে বিজ্ঞাপন দেওয়ার বিষয়ে। আমি কোনও মন্তব্য করব না, কিন্তু কোন কাগজে কত বিজ্ঞাপন দিয়েছেন আপনার কাছে পড়তে চাই। ১৯৯৫-৯৬ সালে স্টেটসম্যানে দিয়েছেন — ৯৯,৭৯,৮৬৫ টাকার, আনন্দবাজার পত্রিকায় — ৭১,৩২,৩০২ টাকার, টেলিগ্রাফে ২৪,৩৬,৮৫৯ টাকার, আজকাল পত্রিকায় — ৭৯,৪৬,৫২৯ টাকার, বর্তমান পত্রিকায় — ২০,৩৫,৫২৯ টাকার, প্রতিদিন পত্রিকায় — ১২,০৫,৯৪৫ টাকার আর, আপনার দলের পত্রিকা গণশক্তি পেয়েছে ৬৮ লক্ষ ৮৬৩ টাকার বিজ্ঞাপন। আমার কথা হচ্ছে, আপনার এই দলীয় প্রচার মুখপাত্র গণশক্তি পত্রিকা, সি. পি. আই. (এম) ক্যাডাররাই মূলত

যা পড়ে থাকে, তাকে কেন সরকারের অর্থ ৬৮ লক্ষ টাকার উপর বিজ্ঞাপন দেবেন? যেখানে আনন্দবাজার পাচ্ছে ৭১ লক্ষ, বর্তমান ২০ লক্ষ, সেখানে কেন অনুদান দিয়ে একটা কাগজকে টিকিয়ে রাখা দরকার? এই মনোভাবের পরিবর্তন হওয়া দরকার। পরে হয়ত আপনি তথ্য দিয়ে প্রচার করবেন, জনমানসে এর প্রভাব অ্যাসেসমেন্ট করেই করেছেন। কিন্তু এই করে মানুষকে বোঝানো যাবে না। এ থেকেই বোঝা যাচ্ছে, সরকারি অর্থ আপনারা দলীয় কাগজকে বাঁচিয়ে রাখার জন্য দিয়ে, সরকারি অর্থের অপচয় করছেন।

উর্দু কাগজগুলো আজাদ হিন্দ, আকবর-ই-মসরিকি, আবসার, এসব কাগজগুলোতে কত বিজ্ঞাপন দিয়েছেন? পার্টির পত্রিকা, আবসার পত্রিকায় ৫ লক্ষ ৮৭ হাজার ৫৩৫ টাকা, আজাদ হিন্দ পত্রিকায় ৩ লক্ষ ৭১ হাজার এবং আকবর-ই-মসরিকি পত্রিকায় ৩৬,৩৪৬ টাকা। প্রচারের ক্ষেত্রে আবসারের সার্কুলেশন কত? আমার মনে খুবই কম এক্সটিংক্ট স্টেজে। আকবরে মসরিক পত্রিকার এডিটর হচ্ছেন আহমেদ সঈদ মলহিয়াদী। এখানেও দেখছি উর্দু পত্রিকার ক্ষেত্রেও পার্টির মুখপাত্র হিসাবে নিয়ে এসেছেন এবং সরকারি অনুদান দিয়ে যাচ্ছেন এত করে। আপনাদের একটা পত্রিকা বার হয় — ওয়েস্ট বেঙ্গল। আপনি লিখেছেন, এই পত্রিকা দারুণ জনপ্রিয় হয়েছে এবং সুধীজনের প্রশংসা পেয়েছে। আপনি বলুন, এতে কত খরচ হয়, এর কতগুলি কপি বিক্রি হয় এবং এর অ্যাকুমুলেটেড লস কত? আপনি বলছেন প্রচন্ড অ্যাকসেপটেড হচ্ছে এবং প্রচন্ড গ্রহণ যোগ্যতা বেড়েছে। আপনি খরচ এবং বিক্রির দিকটা বলুন। বলুন কত লস হচ্ছে? আমার তো মনে হচ্ছে টোটালি লসে চলে এবং একটা ডিভাস্টেটিং লস। এটাও আপনাদের দলীয় মুখপাত্রের মতো হয়ে গেছে। পশ্চিমবঙ্গ পত্রিকায় তো ইন্টারভিউ নেওয়া হয়, বিমান বসুর ইন্টারভিউ নিয়েছেন। বিরোধী দলের নেতা অতীশ বাবুর ইন্টারভিউ কেন নেবেন না? তাঁর একটা ইন্টারভিউ তো নিতে পারেন, পশ্চিমবঙ্গ সরকার সম্বন্ধে তাঁর মতামত জানতে পারে রাজ্যের মানুষ।

[3-50 — 4-00 P.M.]

আপনারা হোডিং, পোস্টার প্রকাশোনার মধ্যে দিয়ে নেতাজী জন্ম শতবর্ষ উৎযাপনের ব্যবস্থা নিন, বিবেচনা করুন। এই ১৯৯৬-৯৭ সালটা নেতাজী জন্ম শতবর্ষ। আপনি সে সম্বন্ধে থরো ব্যবস্থা নিন। হোডিং — পোস্টারের মাধ্যমে সরকারি ব্যবস্থাপনায় মানুষের মধ্যে নেতাজীর চিন্তা ধারা প্রচারের ব্যবস্থা করুন। যদিও আপনারা এক সময় তাঁকে তোজোর কুকুর বলেছিলেন। এখন আবার পুনর্মূল্যায়ন করছেন — জ্যোতি বাবুকে নেতাজী মূর্তির সামনে কর জোড়ে দাঁড়িয়ে থাকতে দেখা যাচ্ছে। তাই বলছি, তাঁর শতবর্ষের ব্যাপারে উদ্যোগী হোন।

আপনারা দৈনিক বসুমতীকে কলকাতা থেকে শিলিগুড়িতে নিয়ে গেলেন। যুগান্তর-অমৃত বাজার পত্রিকার সর্বশেষ পরিস্থিতি কি — সে সম্বন্ধে আমাদের জানাবেন। আপনারা রাজ্যের হাতে টি. ভি.-র সেকেন্ড চ্যানেল চেয়েছিলেন। এটা কি এখনও আপনাদের চিন্তা ভাবনার মধ্যে আছে? টি. ভি. অ্যাডভাইসরি বোর্ডে রাজ্য সরকারের প্রতিনিধি এখনও পাঠাচ্ছেন কি?

প্রোগ্রাম অ্যাডভাইসরি কমিটি এক সময়ে বলেছিল, দূরদর্শনের প্রতিনিধি পাঠানো বন্ধ করেছেন। আর সেকেন্ড চ্যানেল-র দাবি নিয়ে রাজ্য সরকারের তরফে কেন্দ্রীয় সরকারের মন্ত্রীদের কাছে বা কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করা হয়েছে কিনা। বলা হয়েছে কিনা, সেকেন্ড চ্যানেল রাজ্যের হাতে ছেড়ে দেওয়া হোক। নাকি শুধু কংগ্রেস সরকার থাকলে এই দাবি দাওয়া থাকবে আর অন্য সরকার থাকলে থাকবে না? কেন না, এখন তো হয়ে যাওয়া উচিত। এ বিষয়ে আমাদের জানাবেন। তার পর জেলায় ইনফর্মেশন অ্যান্ড কালচার অফিসার পোস্ট ৭।৮ বছর খালি পড়ে আছে, অ্যাপয়েন্টমেন্ট হচ্ছে না। তাই সেইসব দপ্তরের কাজ কর্ম বন্ধ হয়ে রয়েছে। এ ব্যাপারে আপনাকে উদ্যোগ নিতে হবে। আমি অবশ্য শুনেছি, আপনি কোনও কোনও ক্ষেত্রে উদ্যোগী হয়েছেনও। বাংলা থিয়েটারের ২০০ বছর পূর্ণ হল। দুটো থিয়েটার। একটা মাদার থিয়েটার আরেকটা গ্রুপ থিয়েটার। এখন গ্রুপ থিয়েটারের চলটা বেশি। কিন্তু মাদার থিয়েটারটা প্রকৃত অর্থে প্রায় ১৯৯৭ সাল থেকে, লেভেডেস-এর সময় থেকে চলে আসছে। সেই অর্থে মাদার থিয়েটারের দিকে নজর পড়ছে না। আপনি অহীন্দ্র চৌধুরীর প্রশ্নে অছি পরিষদের সঙ্গে কথাবার্তা বলেছেন, ২০ মিনিটের জন্য গিয়ে ১ ঘন্টা ছিলেন, গণেশ মুখোপাধ্যায় মহাশয়ের সঙ্গে কথা বলেছেন। তখনকার দিনের শিল্পী — অর্ধেন্দুশেখর মুস্তাফী, অমৃতলাল বসু, জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর, মাইকেল মধুসূদন দত্ত, শিশির ভাদুড়ী, অহীন্দ্র চৌধুরী, গিরিশ ঘোষ, সরযুবালা দেবী এবং পরবর্তী কালের সৌমিত্র চ্যাটার্জি, সত্য বন্দ্যোপাধ্যায়, রবি ঘোষ, অনুপকুমার, গণেশ মুখোপাধ্যায়, জ্ঞানেশ মুখার্জি — এরা মাদার থিয়েটারের প্রোডাক্ট। নট কামিং ফ্রম গ্রুপ থিয়েটার। যা কিছু গোটা ব্যাপারটাই এখন গ্রুপ থিয়েটারের হচ্ছে। আমাদের বক্তব্য হচ্ছে, এই মাদার থিয়েটারের জন্য কিছু পজিটিভ ব্যবস্থা নিন। আমি শুনেছি, অহীন্দ্র বাবুর প্রশ্নে বলেছেন, তার সম্পত্তি, সম্পদ, গ্রন্থাগারের অছি পরিষদের হাতে দিয়ে দেবেন। আমি আপনাকে বলব, এ বিষয়ে চিন্তা ভাবনার আর কোনও দরকার নেই, এটা নিয়ে নেবার জন্য সচেষ্ট হন। অহীন্দ্র চৌধুরির যে সংগ্রহ আছে সেটা ভারত বিখ্যাত। ভারত বিখ্যাত গ্রন্থাগার বলে পরিচিত আছে। আপনার নিজের নাটক সম্বন্ধে কিছু কথা সংবাদপত্র মারফৎ জানতে পেরেছি। আপনার 'রাজধর্ম' নাটক দেখাতে নাকি ওয়ান নাইট-এ ৭২ হাজার টাকা সরকারি হিসাব থেকে খরচ হয়েছে। আর ১৯৯৩ সালের 'দুঃসময়' করতে নাকি ৮০ হাজার টাকা খরচ হয়েছে; সেই বিপুল পরিমাণ অর্থের ব্যাপারে আপনি বলবেন। রডন স্কোয়ারে বাণিজ্যিক কেন্দ্র হবে কিনা বলবেন। তাছাড়া, কালচারাল কমপ্লেক্স হবে, তার প্রস্তুতি সমস্ত সম্পূর্ণ — হলে কেন্দ্রীয় সরকারের সহায়তা পাব, এটা হাউসে বলেছিলেন, মনে আছে। এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের হিউম্যান রিসার্চ ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের কাছ থেকে টাকা পয়সা আসছে কিনা? এবং সেটা কি অবস্থায় আছে?

এবারে আমি আসছি চলচিত্র প্রসঙ্গে, হলিউডের ওয়ার্নার ব্রাদার্সকে আপনি বলেছেন শিল্পের মর্যাদা দেবেন। আপনি সল্টলেকে হলিউডের ওয়ার্নার ব্রাদার্সদের সঙ্গে জয়েন্ট সেক্টরে কোনও ফিল্ম কমপ্লেক্স তৈরি করছেন, না ওদের আলাদা করে দিয়েছেন। ওয়ার্নার ব্রাদার্সদের ফিল্ম ইন্ডাস্ট্রির মর্যাদা দেবেন বলেছেন তাতে অনেক রকম ফেসিলিটিজ দিতে হয়। তাঁদের কত জমি দিচ্ছেন, কত টাকায় এবং কি কি শর্তে দিচ্ছেন এবং সেখানে বাংলা ছবি দেখানো

বাধ্যতামূলক করছেন কি? যতক্ষণ না মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা হয়ে গোটা ব্যাপারটা কমপ্লিট হচ্ছে ততক্ষণ কিছু হবে না। তাই বলছি এটা কোন পর্যায়ে, মন্ত্রী পর্যায়ে আছে না অফিসারদের পর্যায়ে আছে? ফিল্মকে অ্যাজ এ হোল ইন্ডাস্ট্রি করা হোক এটা দীর্ঘ দিনের দাবি। যতদূর জানি ওয়ার্নার ব্রাদার্সদের চেয়ারম্যান ছিল টেরিস ওম্যান, তিনি কলকাতায় এসে ছিলেন, তাঁর সঙ্গে মুখ্যমন্ত্রীর কথা হয়েছে। তাঁদেরকে আপনি সেই জায়গাটা দিয়ে দিয়েছেন কি না? এর পর আরও আলোচনা হয়েছে কেন্দ্রীয় সরকারের উদ্যোগে যে চলচিত্রের সমস্ত কিছু ইতিহাস নিয়ে একটা মহাফেজখানা করা হবে, এটা কেন্দ্রীয় সরকারের থিংকিং। কে. পি. সিং দেও কলকাতায় এসেছিলেন, আলোচনা হয়েছে, তাঁর মতামত দিয়েছেন এবং বলেছিলেন পশ্চিম বাংলায় এ সম্পর্কে কাজকর্ম হচ্ছে এই শতবর্ষকে কেন্দ্র করে। এই মহাফেজখানা এ সম্পর্কে রাজ্য সরকারের ভূমিকা কি হবে? এরপর আমি আসছি সত্যজিৎ রায়ের ফিল্ম ইনস্টিটিউট-এর টাকা ঠিকমতো আসছে কি না? শুধু জমি দিয়েছেন, না কেন্দ্রীয় সরকারের সঙ্গে রেগুলার কো-অর্ডিনেশন আছে যে ফিল্ম ইন্ডাস্ট্রিকে কি ঢঙে উন্নীত করা যায়, টাইম লিমিট কি? কত দিনের মধ্যে শেষ করতে সক্ষম হবেন? আপনাদের সঙ্গে কেন্দ্রীয় সরকারের এই সত্যজিৎ রায় ফিল্ম ইন্ডাস্ট্রির আলোচনা কোন পর্যায়ে আছে? রূপায়ণ নিয়ে আপনি গর্ব করেছেন। কালার ল্যাবরেটরীর পক্ষে এটা নট আপ টু ডেট। এর সাথে ইস্টার্ন মোশন পিকচার্স অ্যাশোসিয়েশন যুক্ত, এটা কতটা কাজে আসবে সেটা চিন্তা করে দেখবেন। এই কালার ল্যাবরেটরী যেটা মাদ্রাজ, বোম্বেতে আছে তার সাথে টেকনিক্যালি কি ঘাটতি হচ্ছে সেটা ভেবে দেখার দরকার। নন্দন আপনাদের একটা প্রাউড কিন্তু রূপায়ণ কে সে ভাবে করা যাচ্ছে না। সেখানে একটা ঘাটতি থেকে গেছে। সেখানে আরও এফিশিয়েন্ট লোকের অভাব দেখা দিচ্ছে, সেখানে আরও অভিজ্ঞ লোকের দরকার আছে বলে যাঁরা ওখানে ছবি করতে যাচ্ছেন তারা বলছেন। এ ব্যাপারে আপনাদের যথাসাধ্য চেষ্টা করতে হবে। এটাকে নজর দিন। এতে অর্থকরী দিক থেকেও সুবিধা আসবে। আপনি এটাকে আরও ডেভেলপ করার চেষ্টা করুন। আরেকটা বিষয় বলি এবারের বাজেট বক্তব্যে আপনি বলেছেন যে, ফিল্ম ওয়ার্কার্স ওয়েলফেয়ার ফান্ডকে ২ লক্ষ টাকা দেবেন। গত বছর ১ লক্ষ ১০ না ১৫ হাজার টাকা দিয়েছিলেন। যারা দুঃস্থ কলাকুশলীদের মৃত্যু হলে এককালীন ৫ হাজার টাকা দেওয়া হবে। এই ৫ হাজার টাকাটা একটু বাড়ানো যায় কি না সেটা দেখবেন। বিয়ে অনুষ্ঠানে ৩ হাজার টাকা অনুদান দেওয়া হবে, এটা কম। দু'লক্ষ টাকার বাজেট বরাদ্দে কিছু হবে না, আমি বলি এটাকে আরও বাড়ানো দরকার। এটাকে বাড়ানোর চেষ্টা করুন।

[4-00 — 4-10 P.M.]

আর একটা খুবই অ্যালার্মিং ব্যাপার সম্পর্কে আমি আপনাকে সতর্ক করতে চাই। বে-আইনি ভি. ডি. ও. হলগুলো যতক্ষণ না নিয়ন্ত্রণে আসবে ততক্ষণ পর্যন্ত বাংলা ছবির বাজার ঠিকমতো নিজের পায়ে দাঁড়াতে পারবে না। বাংলা ছবি বিভিন্ন সিনেমা হলে অন্তত ৬ মাস দেখানো যেমন বাধ্যতামূলক করা দরকার, তেমন সাথে সাথে বে-আইনি ভি. ডি. ও. হলগুলোকেও নিয়ন্ত্রণ করা দরকার। এক শ্রেণীর পুলিশের সঙ্গে যোগসাজস করে এক শ্রেণীর বে-আইনি ভি. ডি. ও. মালিকরা গোটা রাজ্যের শহরাঞ্চলে এবং গ্রামাঞ্চলে দৌরাত্ম্য

চালিয়ে যাচ্ছে। আপনি যে কোনও ভাবেই হোক একদিকে তথ্য সংস্কৃতি মন্ত্রী, আর একদিকে পুলিশ মন্ত্রী। আপনাকে ঠিক করতে হবে আপনি প্রথমে কোনটাকে বেশি গুরুত্ব দেবেন। আমরা জানি পেন ইজ মাইটার দ্যান শোর্ড। এখন এটা আপনার ওপর নির্ভর করছে, আপনি কোনটাকে বেছে নেবেন — আপনি পেনকে মাইটার করবেন, না শোর্ডকে মাইটার করবেন — আইদার অফ দি টু, না একই সঙ্গে দুটো নিয়ে কাজ করবেন; সেটা করতে পারলেই ভাল হয়। আমি মনে করি ঐ বে-আইনি ভি. ডি. ও. হলগুলির সঙ্গে পুলিশের এক অংশের যোগাযোগ না থাকলে ওগুলো চলতে পারে না। ঐ হলগুলোয় গ্রামাঞ্চলে যে ধরনের ব্লু ফিল্ম দেখাচ্ছে — গ্রাম থেকে যে ধরনের অভিযোগ আসছে তাতে তরুন কিশোরদের নৈতিক মানের অধঃপতন হচ্ছে। এ বিষয়ে আমাদের অবশ্যই সচেতন থাকতে হবে।

সাথে সাথে ড্রাগ ইনফ্লুয়েন্সের ব্যাপারটা আসছে। বিভিন্ন স্কুল কলেজের আশপাশে চতুর্দিকে পুরিয়া বিক্রি হচ্ছে। পুলিশের কাছে মানুষ এ বিষয়ে বিভিন্ন সময়ে অভিযোগ করছে। এ ব্যাপারে পরবর্তীকালে আমি আপনার সঙ্গে বিস্তারিত আলোচনা করতে চেষ্টা করব। এর ফলে আমাদের তরুন সমাজের প্রচন্ড ভাবে নৈতিক মানের অবক্ষয় হচ্ছে। এই অবক্ষয়কে প্রতিরোধ করার জন্য অবশ্যই আমাদের সকলকে সচেষ্ট হতে হবে, তা না হলে এই কারণে সমাজে যে প্যানিক সৃষ্টি হয়ে তা দূর করা সম্ভব হবে না।

তারপর আপনার ওয়েস্ট বেঙ্গল ফিল্ম ডেভেলপমেন্ট কোম্পানি একটা প্রোফিটিয়ারি কনসার্ণ। এদের কাজকর্ম মোটামুটি ভাল। আপনার 'নন্দন' যেমন একটা ভাল কাজ, তেমন এটাও ভাল কাজ করছে।

মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি আপনার বাজেট স্পিচে কতগুলো প্রোজেক্ট সম্বন্ধে কেবলমাত্র প্ল্যান আউটলেই রেখেছেন, বরাদ্দ বিশেষ কিছুই নেই। এক জায়গায় আপনি বলছেন,

Setting up of a State Level Information Centre at Siliguri. Setting up of a Special tribunal Information Unit. Setting up of Information Centre at Bolpur, Haldia and Sundarban, Modernization of News Bureau, Appointment of Field Worker at Block Level and Block Information Centre. Setting up of a permanent exhibition pavalian at E. M. Bipass.

আপনি এই বক্তব্য রাখার পাশাপাশি এই সংক্রান্ত হেড অফ অ্যাকাউন্টগুলোয় আমরা অর্থ বরাদ্দ বিশেষ কিছুই দেখছি না। অনেকগুলো ক্ষেত্রে শুধু মাত্র প্রস্তাব রাখা আছে, কিন্তু আর্থিক বরাদ্দ দেখছি শূন্য। কিছু কিছু ক্ষেত্রে অ্যালোটমেন্ট করেছেন, কিন্তু সেগুলো খুবই সামান্য, নামমাত্র। আমার মনে হচ্ছে আপনার দপ্তর আর্থিক সঙ্কটে ভুগছে। অর্থাভাবে ভোগার ফলে নানান পরিকল্পনার প্রতি আপনার আগ্রহ থাকা সত্ত্বেও, আপনি সেগুলিকে কার্যে রূপায়িত করতে পারছেন না।

বাংলা ভাষার প্রয়োগ নিয়ে আপনি আপনার বাজেট বক্তৃতায় শেষ কথা বলেছেন। এ কথা আপনি প্রতি বছরই বলছেন, কিন্তু কোথায় যেন আপনার একটা ঘাটতি থেকে যাচ্ছে বাংলা ভাষার প্রয়োগের ক্ষেত্রে। আপনি নিজে বলেছেন, "সরকারি কাজকর্মে বাংলা ভাষা ব্যবহারের ব্যাপারে সরকারের খুব স্পষ্ট নীতিগত সিদ্ধান্ত থাকলেও এবং আমাদের যথেষ্ট আন্তরিকতা থাকলেও আমরা এ ব্যাপারে খুব একটা সফল হতে পারি নি"। আপনি বিগত কয়েক বছর ধরে এই একই রিপোর্ট আমাদের পরিবেশন করছেন। আমরা বলছি সরকারি কাজকর্মের ক্ষেত্রে বাংলা ভাষা চালু করার ব্যাপারে কেবল কতগুলো টাইপরাইটার ক্রয় করা, আর বাংলা অ্যাকাডেমি থেকে কিছু পরিভাষার বই নিয়ে আসা ছাড়া আর কোনও কাজই হয় নি। সুতরাং আপনাদের সিদ্ধান্তকে কার্যকর করার জন্য আপনাদের আরও তৎপর এবং উদ্যোগী হতে হবে।

প্রত্নতত্ত্ব সংগ্রহ শাখার কাজকর্মের মধ্যে মোটামুটি একটা গতি আমরা লক্ষ্য করছি। এ কাজ মোটামুটি ভালই চলছে। আগে এ বিষয়ে মানুষের ধারণা খুব একটা স্পষ্ট ছিল না; এখন এ বিষয়ে কিছু কিছু পরিষ্কার এবং স্পষ্ট ধারণা হয়েছে।

এবার আমি যে বিষয়ে আসব সেটা হচ্ছে, কেন্দ্রীয় সরকারের গণ মাধ্যমের সঙ্গে আমাদের এখানে রিজিওনাল কালচার যেটা ইস্টার্ন জোনে আছে গভর্নমেন্টের, তারপর ফিল্ম ডেভেলমমেন্ট কর্পোরেশন যেটা আছে ওদেরকে নিয়ে কো-অর্ডিনেশন করে সামগ্রিক ভাবে তথ্য দপ্তরের ক্ষেত্রে কমপ্রিহেনসিভ প্ল্যান করতে পারেন কিনা সেটা দেখবেন। কেন্দ্রীয় সংস্থার হিউম্যান রিসোর্সের যে দপ্তরগুলি আছে এবং রাজ্য সরকারের যে দপ্তরগুলি আছে ওদেরকে নিয়ে কো-অর্ডিনেশন স্থাপন করা সম্ভবপর হতে পারে বলে আমার মনে হয়। দপ্তরগুলির সঙ্গে কো-অর্ডিনেশন সম্ভবপর না হলে আপনার এই দপ্তরের সমস্ত চিত্র আপনার কাছে বেরিয়ে আসবে না। পৃথিবী যখন আজ এগুচ্ছে, রাইট টু নো জানবার আগ্রহ ততই বাড়ছে। এটা জানবার দরকার। এই জানবার দরকারের পাশাপাশি — আজকে ইনফরমেশন মিডিয়া এত ফার্স্ট হয়ে গেছে যে মানুষ রাতের বেলা টি. ভি. চ্যানেল খুললে আজকের কি ঘটনা সেটা কালকে খবরের কাগজে পড়বার আগেই দূরদর্শনের মাধ্যমে এমন ভাবে দেখতে পাচ্ছে তাতে আমার মনে হচ্ছে মানুষের আরও বেশি ভিজুয়ালের দিকে প্রবণতা চলে যাচ্ছে। এই ভিজুয়াল টেনডেন্সি যেভাবে আজকে গ্রো করছে — আমি প্রশ্নের উত্তরে শুনলাম, আপনি কোন কোন ব্লকের পঞ্চায়েত সমিতিগুলিকে টি. ভি. দিচ্ছেন। এই টি. ভি. দেবার ক্ষেত্রটাকে যদি বাড়িয়ে দেন, জানবার আগ্রহের দিকে যত বেশি ইক্যুইপ করবেন তত বেশি মানুষ আগ্রহান্বিত হবে। এই দপ্তর সম্পর্কে আমি নিশ্চয়ই বলব, গত বছর যখন এই বাজেটের উপর বক্তৃতা করেছিলাম তখন শ্রদ্ধেয় অনিল চ্যাটার্জি মহাশয় বাজেট বিতর্কে সরকারি দলের হয়ে উদ্বোধন করেছিলেন এবং তিনি উদ্বোধন করে অনেকগুলি পরিকল্পনার কথা বলেছিলেন, বাংলা চলচিত্র প্রসঙ্গে ভাবনা চিন্তার কথা তিনি বলেছিলেন। আজ আর তিনি আমাদের মধ্যে নেই। তাঁর মৃত্যুতে আমরা এখানে দাঁড়িয়ে শোক প্রকাশ করেছি। এরপরে আমি বলব, আমি আগে দেখেছিলাম বিভিন্ন জেলায় নানারকম মেলা হত। সেইসব মেলার জন্য দপ্তর থেকে তাদের কিছু কিছু আর্থিক সাহায্য করতেন। জেলার নিজস্ব কালচারের যে ধারা ছিল সেই

ধারাগুলি সম্পর্কে বাজেট বক্তৃতায় আলাদা একটা অংশ থাকত এবং অমুক জেলায় অমুক মেলার জন্য সরকার এইড দিয়েছে, কনট্রিবিউশন করেছে। কিন্তু সাম্প্রতিক কালে দেখতে পাচ্ছি এই বিষয়গুলি উঠে যাচ্ছে এবং দেখতাম ছোট ছোট আকারের বাংলার মানুষের গ্রহণ যোগ্য পুস্তক প্রকাশের ক্ষেত্রে আপনার দপ্তরের মধ্য দিয়ে আর্থিক সাহায্য দেওয়া হত। এই রকম অনেক পুস্তক প্রকাশিত হয়েছিল। আমরা সেই বিষয়ে সমালোচনা করেছিলাম যে কাদের দিয়ে করাচ্ছেন? পরবর্তী কালে দেখা গেল, সেইসব বিষয় সম্পর্কে বাজেট বক্তৃতায় খুব বেশি উল্লেখ নেই। সরকারের বেসিক যে পলিসি ছিল তা থেকে ডেভিয়েট করছেন কিনা? একটা সময়ে গ্রামীণ সংস্কৃতিকে উজ্জীবিত করার ক্ষেত্রে, গ্রামীণ চিন্তা ধারাকে আরও বেশি উজ্জীবিত করার ক্ষেত্রে সরকারের একটা বেসিক চিন্তাধারা ছিল। সেই বেসিক চিন্তা ধারা থেকে আপনার সরকার সম্পূর্ণ ভাবে সরে যাচ্ছেন। তারপর এখানে বলেছেন, "কেন্দ্রীয় সরকারের সঙ্গীত নাটক আকাডেমি, ভারতীয় সংস্কৃতি সম্বন্ধ পরিষদ, ললিতকলা আকাডেমি প্রভৃতি সংস্থার সঙ্গে সংযোগ রক্ষা করে বিভিন্ন কর্মসূচি অনুষ্ঠান করা হয়। পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্র ও পূর্ব ভারতের রাজ্যগুলির সদস্যপদ সহ গঠিত একটি সংস্থা। কিন্তু সংস্থাটি কেন্দ্রীয় সরকার পরিচালিত একটি সমান্তরাল সংগঠন না হয়ে যাতে সদস্য রাজ্যগুলির সম্মিলিত উদ্যোগের কেন্দ্র হয়ে ওঠে সেদিকে যথাযথ দৃষ্টি দিতে হবে"। কো-অর্ডিনেশনের ক্ষেত্রটা তৈরি হয়েছে কিনা সেকথা তিনি বলছেন না। তারপর বলছেন, "রাজ্য থেকে সাংস্কৃতিক প্রতিনিধি দল বিদেশে পাঠানোর প্রস্তাবও কেন্দ্রীয় সরকারের ভারতীয় সংস্কৃতি সম্বন্ধ পরিষদের কেন্দ্রীয় দপ্তরে যথেষ্ট গুরুত্ব পায় না"। আমি সেইজন্য বলছি, কেন্দ্রে যখন বন্ধু সরকার তৈরি হয়েছে তখন কেন্দ্রীয় সরকারের সঙ্গে এই ব্যাপারে আরও একটু উদ্যোগ নিয়ে করা উচিত। আর একটি কথা বলব, এখানে বলেছেন, "সঙ্গীত, নৃত্য, নাটক, চারুকলা, লোক সংস্কৃতি প্রভৃতি ক্ষেত্রে প্রতি বছর পুরস্কার দেওয়া হয়ে থাকে। দীনবন্ধু, আলাউদ্দিন, উদয়শঙ্কর, অবনীন্দ্র ও লালন পুরস্কার এ বছরও দেওয়া হয়েছে"। আমি জানতে চাইছি, এই পুরস্কারগুলি কাদেরকে দেন? কেন না এটা জানবার আগ্রহ আমাদের থাকতেই পারে। এই হাউসে অভিযোগ করেছিলাম, এই পুরস্কারগুলি বিভিন্ন ক্ষেত্রে যখন দিচ্ছেন তখন আপনাদের দলীয় চিন্তা ধারা সম্পন্ন মানুষের একটু প্রাধান্য থাকছে।

[4-10 — 4-20 P.M.]

এই পুরস্কারগুলো খুব প্রেস্টিজিয়াস এবং ডিগনিফায়েড পুরস্কার বলে রাজ্য সরকারের পক্ষ থেকে বলছেন। সেই জন্য বলছি, এই বিষয়গুলো সম্পর্কে খুব পরিষ্কার এবং স্পষ্ট ভাবে আমাদের আজকে সভায় জানা দরকার এই খরচ সম্পর্কে। আপনি কত টাকা তাঁদেরকে এখানে দিচ্ছেন, কী পুরস্কার দিচ্ছেন সেটা বলবেন। শুধু পুরস্কারের কথা বলে আজকে ব্যাপারটা শেষ করলে চলবে না। বাংলা, উর্দু, ইংরাজি, নেপালি, হিন্দি, সাঁওতালি, এই ছয়টি ভাষায় আপনি মুখপত্র বের করছেন। সাঁওতালি কবি রামচন্দ্র মুর্মুর একটা বিশেষ সংখ্যা বার করেছেন ২৯ এপ্রিল। এটা প্রকাশের সঙ্গে সঙ্গে একটা অভূত সাড়া জাগিয়েছে, এই কথা বলেছেন। কিন্তু আমার কথা হচ্ছে, এইগুলো যখন প্রকাশিত হয়, সেইগুলো আমাদের মধ্যে বিলি বন্টন করলে, আমরা এইগুলো সম্পর্কে ওয়াকিঁবহাল হতে পারি। কিন্তু এই বিষয়ে

একটা ঘাটতি আছে, আপনারা এই বিষয়গুলো নিজেদের মধ্যে রেখে দেন। এই কারণে মনে হয়েছে যে বিষয়গুলো সম্পর্কে যে বলা দরকার সেটা হচ্ছে না। এরপর আমি বলছি, অশ্লীল পত্র পত্রিকা যেগুলো বেরোচ্ছে, আজকে কলকাতা শহরে অশ্লীল পত্র পত্রিকায় একেবারে ছেয়ে গেছে। ক্যালকাটা হ্যাজ বিকাম এ ডেন। মধ্য কলকাতা এবং উত্তর কলকাতায় একেবারে ছেয়ে গেছে। কারণ পরেশ পাল মহাশয় বললেন একদিন ঐ সব বই সংগ্রহ করে জ্বালিয়ে পুড়িয়ে তিনি দিয়েছিলেন। উনি বললেন কোথায় কোথায় এই ধরনের ঘটনা ঘটছে। রাস্তায় তাকিয়ে দেখুন অশ্লীল হোর্ডিং-এ ভরে গেছে এস. এন. ব্যানার্জি রোড থেকে সর্বত্র এই অশ্লীল হোর্ডিং এবং পোস্টার দেখা যাচ্ছে। এই সম্পর্কে একদিন আলোচনা প্রসঙ্গে নির্মল মুখার্জি মহাশয় বলেছিলেন যে সেন্সার বোর্ড তো এই সব পাস করে দেয়। সেন্সার হচ্ছে কিন্তু হোর্ডিং সম্পর্কে তো সেন্সার বোর্ড আপত্তি করে না। আমি তখন বলেছিলাম সেন্সার বোর্ড থেকে তো পাস হয় কিন্তু জন মানসে যে সব হোর্ডিং অবক্ষয়ের সৃষ্টি করে, সেখানে আপনার দপ্তর থেকে হস্তক্ষেপ করতে পারে, প্রশাসন পুরোপুরি ইন্টারফিয়ার করতে পারে। যদি একটাও অশ্লীল পোস্টার রাস্তায় থাকে তাহলে সরকারের এভরি রাইট আছে হস্তক্ষেপ করার এবং সেটা কোথাও হচ্ছে না। এটাই প্রশ্ন। সুতরাং আপনি যথাযথ ভাবে দায়িত্ব নিয়ে এগিয়ে আসুন। আমি আপনাকে বলব, কেন্দ্রীয় সরকারের যে প্রচার মাধ্যম, দূরদর্শন এবং আকাশবাণী কলকাতা, এইগুলো সম্পর্কে আপনাদের একটা দীর্ঘ অভিযোগ ছিল যে এরা এক তরফা ভাবে প্রচার করে। আপনাদের ফেভারে প্রচার করে না, সবই কংগ্রেসের পক্ষে প্রচার করছে। কিন্তু আজকে এই অভিযোগ উল্টে গেছে। রবীন বাবুকে তো দেখি সব সময় কানে রেডিও নিয়ে বসে আছেন এবং এটা তার অভ্যাসে পরিণত হয়ে গেছে যে সংবাদ মাধ্যমকে তিরস্কার করা আমাদের অভিযোগ এখন উল্টো, রেডিওকে আপনারা নিয়ন্ত্রণ করার চেষ্টা করছেন। অত্যন্ত অগণতান্ত্রিক পদ্ধতিতে এটা করছেন। বাজেটে অনেক বিষয়ের দিকে নির্দেশ থাকলেও সেখানে কিন্তু ইমপ্লিমেন্টেশন হচ্ছে না, এটাই হচ্ছে আমাদের অভিযোগ। ইমাজিনেশন মে বি দেয়ার বাট ইট ইজ এ বিগ জিরো ইন দিস কেস অব ইমপ্লিমেন্টেশন। তাই এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের আনা কাট মোশনকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের মাননীয় মন্ত্রী শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় তথ্য ও সংস্কৃতি দপ্তরের যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন তা সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনগুলির বিরোধিতা করে কয়েকটি কথা বলছি। স্যার, আজকে একটা ভয়ঙ্কর সময়ে আমরা বাস করছি। দুনিয়া জুড়ে আমরা দেখছি মানুষের উপর, মানুষের মনের উপর, মানুষের সংস্কৃতির উপর আজ ভয়ঙ্কর আক্রমণ চলেছে, বিশেষ করে যখন থেকে দুনিয়ার অর্থনৈতিক ভারসাম্য-এর পরিবর্তন হয়েছে তখন থেকে। অর্থাৎ সমাজতান্ত্রিক দুনিয়ার বিপর্যয়ের পর যে এককেন্দ্রীক অর্থনৈতিক ব্যবস্থার সৃষ্টি হয়েছে সাম্রাজ্যবাদের নিয়ন্ত্রণে তারই পরিণতি হিসাবে আমরা দেখতে পাচ্ছি সংস্কৃতির উপর মারাত্মক আক্রমণ তারা চাপিয়ে দিতে চাইছে। একটা ভোগবাদ এবং পণ্য সংস্কৃতির পরিমন্ডল তারা চাপিয়ে দিতে চাইছে। এ বিষয়ে সবচেয়ে বড় হাতিয়ার হচ্ছে, বৈদ্যুতিক মাধ্যম। শুধু এখানকার টি. ভি. নয়, আরও নয়া নয়া বৈদ্যুতিক গণমাধ্যম

এখানকার আকাশ ছেয়ে ফেলেছে। নানান রকম চ্যানেলের মাধ্যমে তারা জীবন বিরোধী সংস্কৃতির প্রদর্শন করছে এবং সমাজের সব সুস্থ সংস্কৃতির উপর তারা আক্রমণ চালাচ্ছে। এই অবস্থার ভেতরে দাঁড়িয়ে বামফ্রন্ট সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তর মানুষের জীবনকে বিকশিত করার স্বার্থে মানুষের জয়গান গেয়ে যে ভাবে এগিয়ে চলেছেন সুস্থ সংস্কৃতি গড়ে তুলতে তা নিশ্চয় অভিনন্দনযোগ্য। অতীতে কংগ্রেস সরকারের আমলে এই দপ্তরটির নাম ছিল তথ্য ও জনসংযোগ দপ্তর এবং তখন এটি একটি কাগুজে দপ্তর হিসাবেই ছিল কিন্তু বামফ্রন্ট সরকার এখানে প্রতিষ্ঠিত হবার পর এই দপ্তরের নামকরণ করা হয়েছে তথ্য সংস্কৃতি দপ্তর। এই দপ্তর তার বহুমুখি কর্মধারা নিয়ে যেভাবে সুস্থ সংস্কৃতির বিকাশের ক্ষেত্রে কাজ করে যাচ্ছে তা সারা দেশের মানুষের দৃষ্টি আকর্ষণ করেছে। সংস্কৃতির এই অবক্ষয়ের মধ্যে দাঁড়িয়েও নূতন চিন্তা এবং দিশার দিকে পশ্চিমবঙ্গবাসীকে এগিয়ে নিয়ে যাবার জন্য এই দপ্তর বহুমুখি কার্যক্রম নিয়ে এগিয়ে চলেছেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেটকে সম্পূর্ণ রূপে সমর্থন করে এবারে আমি তার বিবেচনার জন্য কয়েকটি প্রস্তাব সুনির্দিষ্ট ভাবে রাখছি। শিশু ও কিশোর মনকে বিষিয়ে দেবার জন্য নূতন করে যে আক্রমণ শুরু করেছে ঐ বৈদ্যুতিক মাধ্যম এবং প্রিন্ট মিডিয়া এবং তা প্রতিনিয়ত চালিয়ে যাচ্ছে তার বিরুদ্ধে দাঁড়িয়ে শিশু ও কিশোর মনকে ধরবার জন্য আমার প্রস্তাব হল, শিশু ও কিশোরদের উপযোগী একটি পত্রিকা তথ্য সংস্কৃতি দপ্তর থেকে প্রকাশ করা হোক। যুবকদের জন্য যে 'যুব মানস' পত্রিকা আছে সেই রকম শিশু ও কিশোর মনের উপযোগী একটি পত্রিকা বার করা হোক। আনন্দমেলা যে সংস্কৃতি প্রচার করছে তার বিরুদ্ধে দাঁড়িয়ে শিশু মনকে ধরার জন্য এটি করার দরকার আছে বলে আমি মনে করি। সত্যজিৎ রায়ের সন্দেশ এবং কিশোর ভারতী অনিয়মিত হয়ে যাবার ফলে তথ্য ও সংস্কৃতি দপ্তরের এই ধরনের পত্রিকা একটি কার্যকর ভূমিকা নিতে পারবে বলে আমি মনে করি। তারপর যেসব প্রচার পুস্তিকা এবং হোর্ডিং তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে দেওয়া হয় এবং প্রকাশ করা হয় সেগুলি যাতে স্কুল, কলেজ, অফিস, কারখানা ইত্যাদিতে নিয়মিত দেওয়া হয় সেটা দেখা দরকার। জেলায় জেলায় বা মহকুমায় যে তথ্য দপ্তরের অফিসগুলি আছে সেগুলিকে ব্যবহার করে সংগঠিত ক্ষেত্রে এগুলি নিয়ে যাবার প্রয়োজনীয়তা আছে বলেই আমি মনে করি। ভি. ডি. ও. আজকে একটি আধুনিক মাধ্যম, একে ঠিক মতন ব্যবহার করা দরকার। এর পর আমি তথ্যচিত্র সম্পর্কে একটি পরিসংখ্যান দিচ্ছি। ১৯৫৪ থেকে ১৯৯১ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকার — আগের কংগ্রেস সরকার এবং বর্তমানে বামফ্রন্ট সরকার — ১১২টি তথ্য চিত্র তৈরি করেছেন। চলচ্চিত্রের শতবর্ষ 'পশ্চিমবঙ্গ' সংখ্যায় এই তথ্য আছে। এর মধ্যে বামফ্রন্টের আমলে তৈরি হয়েছে ৭০টি তথ্য চিত্র গুরুত্বপূর্ণ বিষয়গুলির উপর। কিন্তু সেগুলি প্রদর্শনের জায়গা কোথায়? খুব অল্প জায়গাই পাওয়া গিয়েছে। স্কুল, কলেজ, অফিস, কাছারি, কলে কারখানায় এগুলি দেখানোর ব্যবস্থা করা দরকার। আপনি পঞ্চায়েত সমিতিতে ভি. ডি. ও. দেবার পরিকল্পনা করেছেন, ভাল কথা।

[4-20 — 4-30 P.M.]

আজকে গ্রামের মানুষের মধ্যে, শহরাঞ্চলের মানুষের মধ্যে, স্কুলে, কলেজে, কলকারখানায়,

অফিস-আদালতে তথ্য দপ্তরের পক্ষ থেকে ভি. ডি. ও.-র মাধ্যমে সরকারি উদ্যোগে যে সমস্ত ভাল ভাল কাহিনী চিত্র হয়েছে সেগুলি যাতে দেখানো যায় এবং সেটার যাতে আরও ব্যাপক করা যায় তার জন্য আমি আবেদন জানাচ্ছি।

আর একটি মারাত্মক ব্যাপার হচ্ছে, এই সমস্ত কেবল অপারেটারদের উপরে কোনও নিয়ন্ত্রণ নেই। তারা অসংখ্য চ্যানেল দেখাচ্ছেন এবং তার বেশির ভাগ হচ্ছে অশ্লীল, যৌনতা নির্ভর, হিংস্রতা নির্ভর। এই ধরনের বিভিন্ন বিষয়ে তারা প্রদর্শন করছেন, যেগুলিতে মানুষের মনকে বিপথগামী করে তুলছে কাজেই এই কেবল অপারেটারদের যাতে নিয়ন্ত্রণ করা যায় সেই ব্যবস্থা গ্রহণের জন্য আমি প্রস্তাব রাখছি।

আর একটা কথা হচ্ছে, আমাদের যে সিনেমা হলগুলি আছে, তার যে প্রোজেকশনে চলচিত্র দেখানো হয়, সেই প্রোজেকশন ব্যবস্থা খুবই খারাপ এবং তাদের যে সাউন্ড ব্যবস্থা আছে সেটাও ভাল নয়। এই সম্পর্কে রাজ্য সরকারের পক্ষ থেকে যদি কোনও ব্যবস্থা নেওয়া হয় তাহলে ভাল হয়। এই দিকটা আপনাকে ভাবতে বলব।

আমার শেষ কথা হচ্ছে, আজকে বাংলা ছবির বাজার ক্রমশ সঙ্কুচিত হচ্ছে। এখন দিল্লিতে নূতন সরকার এসেছে এবং বাংলাদেশেও নূতন সরকার হয়েছে। কাজেই ব্যবসায়িক ভিত্তিতে যদি ওপারের বাংলা ছবি এপারে দেখানো যায়, এবং এপারের বাংলা ছবি যদি ওপারে দেখানো যায় তাহলে এর বাজার ভাল হতে পারে। আজকে যখন দিল্লিতে নূতন সরকারে এসেছে তখন সেই সরকারের সঙ্গে কথা বলে যদি এই রকম একটা ব্যবস্থা করা যায় বাংলা ছবির ক্ষেত্রে যে সঙ্কট দেখা দিয়েছে সেটা অনেকটা দূর হতে পারে বলে আমি মনে করি। এই বিষয়ে রাজ্য সরকারকে প্রয়োজনীয় উদ্যোগ নেবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। গণ মাধ্যম কেন্দ্রের মাধ্যমে যে ভাবে লেখক, শিল্পী, সাহিত্যিক, কবি, প্রবন্ধকারদের অনুদান দিয়ে আসছিলেন, সেই ভাবেই এগুলি দেবার জন্য অনুরোধ জানাচ্ছি। এই কথা বলে বাজেটকে সমর্থন করে, বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পরেশ পাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সংস্কৃতি মন্ত্রী, তিনি আবার পুলিশ মন্ত্রীও। আমরা ৬০ দশকের গোড়ায় এবং ৭০ দশকের প্রথম দিকে দেখেছি যে এই বামপন্থীরা চিনের সাংস্কৃতিক বিপ্লবের জন্য দুই হাত তুলে স্বাগত জানিয়েছিলেন এবং লাল সেলাম জানিয়ে আকাশ বাতাস মুখরিত করে তুলেছিলেন। তারা যখন পশ্চিম বাংলার গদিতে আসীন হলেন তখন তাদের এক মন্ত্রীকে দেখলাম যে সল্টলেকে হোপ-৮৬ চালু করেছেন। আমরা জানি হোপ-৮৬-এর বিরুদ্ধে বামপন্থীদের মধ্যে একজন মানুষ প্রচন্ড ভাবে গর্জে উঠেছিলেন, তার নাম হচ্ছে বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয়। কিন্তু আমরা একটা জিনিস লক্ষ্য করছি, আমি এবং সঞ্জয় বক্সী যখন কলকাতা কর্পোরেশনের কাউন্সিলর ছিলাম তখন আমরা

দেখেছি যে রিগ্যাল সিনেমার আশপাশে যে ভাবে পর্ণগ্রাফির সব চিত্র, ছবি বিক্রয় হয় তা নিয়ে অনেক ভাংচুর হয়েছে, বন্ধ করে দেওয়াও হয়েছিল। উনি তখন কর্পোরেশনের মন্ত্রী ছিলেন। ওনাকে জানাবার পরে কিছুদিন এগুলি বন্ধ হয়ে গিয়েছিল। আবার সেই সব জায়গায় এগুলি এমন ভাবে বিক্রয় হচ্ছে যে পাশ দিয়ে হাঁটা যায় না। আমরা এতে ভেবেছিলাম যে, উনি বন্ধ করলেও এটা বোধ হয় ওনার এক্তিয়ারে পড়ে না। কিন্তু এখন দেখছি যে উনি সংস্কৃতিক মন্ত্রী এবং সঙ্গে সঙ্গে পুলিশ মন্ত্রীও। কাজেই আপনার কাছে আমার আবেদন যে, এই জিনিসগুলি বন্ধ করা দরকার। সেই সঙ্গে সঙ্গে একথাও বলব যে, ঐ সিনেমার পাশে যেসব অশ্লীল পোস্টার লাগানো হয় সেগুলি তাকিয়ে দেখা যায় না, এগুলি বন্ধ করা দরকার। সেখানে একটা সিনেমার পোস্টার দেখলাম, তার নাম হচ্ছে, 'লুট গয়া লায়লা'। তাতে যে ভাবে অশ্লীল ছবি বেরিয়েছে, যেটা মা, বাবা, ভাই, বোনদের সঙ্গে নিয়ে তার পাশ দিয়ে হাঁটা যায় না।

তাতে যেভাবে ছবি দিয়েছে, সেখান দিয়ে বাবা মা ভাই বোনদের নিয়ে একসঙ্গে চলা অসম্ভব। আমি আশা করব, সংস্কৃতি মন্ত্রী এ ব্যাপারে নজর দেবেন। আমি উত্তর কলকাতার ছেলে। আমার আবেদন স্টার থিয়েটার সম্বন্ধে। উত্তর কলকাতার স্টার থিয়েটার ঐতিহাসিক মঞ্চ হিসাবে খ্যাত। ঐ থিয়েটারে রামকৃষ্ণদেব এবং গিরিশ ঘোষের মতো মানুষদের পদধূলি পড়েছিল। ঐ রকম একটা মঞ্চ আগুনে পুড়ে ছারখার হয়ে গেল। আমরা আশা করব, আপনার মতো একজন মানুষ যখন তথ্য দপ্তরে আছেন তখন স্টার থিয়েটারের মতো ঐতিহাসিক নাট্য মঞ্চটি বাংলার বুকে পুনরায় প্রতিষ্ঠিত হবে। কিন্তু আপনার বাজেটে সে সম্বন্ধে কিছু দেখতে পেলাম না। তবু আশা করব, সেটা আপনি করবেন। আপনার দপ্তর থেকে নাট্য মঞ্চগুলোকে অনুদান দেওয়া হয়। কিন্তু আমি প্রশ্ন করতে চাই, দক্ষিণ ২৪ পরগনার জয়নগরের 'বাসন্তী নাট্য মন্দির', যাদের পরিচালনায় মঞ্চস্থ হয়েছে 'রূপ অরূপ', ১০২ বছরের নাট্য মঞ্চ ওটি, তাদের কতটা অনুদান দিয়েছেন? ২০০ বছরের বাংলার সাংস্কৃতিক নাট্য উৎসবে ১০২ বছরের পুরানো বাসন্তী নাট্য মন্দির পড়ছে কিনা এবং তাদের কোনও পয়সা দেবেন কি না জানালে ভাল হয়। আমরা আশা করব, আপনি ঐ সংস্থাটিকে বাঁচাবার চেষ্টা করবেন, কারণ অতীতে আই. পি. টি. এ. এবং হেমন্ত মুখার্জি ওখানে ফাংশন করেছেন, গান শুনিয়েছেন এবং ওটিও একটি ঐতিহাসিক সংস্থা। সংস্থাটিকে বাঁচিয়ে রাখা দরকার বলেই বিষয়টার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করলাম।

মিঃ ডেপুটি স্পিকার স্যার, আজকে সারা বাংলা জুড়ে, বিশেষ করে কলকাতার বুকের উপর সন্ধ্যার পর থেকে যেভাবে কুৎসিত লোকজন ঘুরে বেড়ায় এবং বিভিন্ন এলাকায় যৌন পত্র পত্রিকা পৌঁছে দেয় সেটা অবিলম্বে বন্ধ হওয়া দরকার। আমরা আশা করব মাননীয় মন্ত্রীর উদ্যোগে এসব বন্ধ হয়ে বাংলার বুকে সুস্থ সংস্কৃতি গড়ে উঠবে। এই আশা করে আমাদের কাট মোশনকে সমর্থন করে, বাজেটের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

**শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় তথ্য মন্ত্রী ইনফর্মেশন এবং কালচারাল দপ্তরের যে ব্যয় বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন তাকে সমর্থন জানিয়ে দুই চারটি বিষয় আমি এখানে উল্লেখ করছি। প্রথমে আমি তাঁকে অভিনন্দন জানাই যে, তিনি এই দায়িত্ব পাবার পর নানা প্রতিকূল অবস্থার মধ্যে যেভাবে তথ্য সংগ্রহ, বৈজ্ঞানিক ভিত্তিতে — যেটা পরিকল্পনা রূপায়িত করবার ক্ষেত্রে সহায়ক — মানুষের গণ চেতনাকে জাগ্রত করবার জন্য বিভিন্ন সময় বিভিন্ন ভাবে তাঁর দপ্তরের পক্ষ থেকে যেসব উদ্যোগ নেওয়া হয়েছে সেটা সত্যিই প্রশংসনীয়। বিশেষ করে সাম্প্রদায়িকতার বিরুদ্ধে বিভিন্ন সময় ইনফর্মেশন এবং কালচারাল ডিপার্টমেন্টের পক্ষ থেকে বিভিন্ন জায়গায় সেমিনার, কনভেনশন, প্রদর্শনী ইত্যাদির মাধ্যমে সাধারণ মানুষের কাছে উল্লেখযোগ্য বিষয়গুলো তিনি তুলে ধরবার চেষ্টা করেছেন।

[4-30 — 4-40 P.M.]

সাথে সাথে অভিনন্দন জানাতে চাই কলিকাতার বুকে মধুসূদন মঞ্চ করার জন্য। এই মঞ্চে যে আধুনিক ব্যবস্থা আছে আমি মনে করি এটা শুধু বাংলার নয় গোটা ভারতবর্ষের গর্ব করার মতো মঞ্চ। সেই জন্য আমি তাঁকে আবার অভিনন্দন জানাচ্ছি। পাশাপাশি আমি আর একটা বিষয় বলতে চাই যেটা আমাদের অনেক দিনের দাবি। কেন্দ্রে এখন যুক্তফ্রন্ট সরকার আছে। টি. ভি.-তে আজকাল এত চ্যানেল তৈরি হয়ে গেছে, সেখানে বহুজাতিক সংস্থা যে ভাবে ২৪ ঘন্টা নানা ধরনের প্রোগ্রাম দেখাচ্ছে তাতে বিশেষ করে আমাদের বাংলার ঐতিহ্য সংস্কৃতি এবং কৃষ্টি আস্তে আস্তে নষ্ট হয়ে যাচ্ছে। স্বাভাবিক ভাবে আমাদের এই টি. ভি. চ্যানেলের উপর নিয়ন্ত্রণ দরকার এবং সেটা কেন্দ্রীয় সরকার করবে। আমি বলতে চাই এই দায়িত্ব কেন্দ্রীয় সরকারের নিশ্চয়ই থাকবে কিন্তু আমাদের রাজ্যের দাবি একটা চ্যানেল রাজ্যের অধীনে থাকা দরকার এবং বিশেষ করে তার উপর নিয়ন্ত্রণ থাকা দরকার। যার মাধ্যমে আমাদের এখানকার সংস্কৃতি, এখানকার কালচার, এখানকার কৃষ্টি, এখানকার আদাব তাহ-জিব সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে চাই। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই আমাদের দলমত নির্বিশেষে আমাদের সকলকে নিয়ে বাংলার যে ঐতিহ্য, বাংলার যে সংস্কৃতি, বাংলার যে কৃষ্টি, বাংলার আদাব এবং তাহ-জিব আছে তাকে রক্ষা করার জন্য কেন্দ্রীয় সরকারের উপর একটা চাপ সৃষ্টি করার জন্য তিনি এগিয়ে যাবেন এই আশা এবং ভরসা আমাদের আছে। সাথে সাথে পশ্চিমবাংলা পত্রিকার মাধ্যমে অনেকগুলি বিশেষ বিশেষ সংখ্যা বার করেছেন যেটা উল্লেখ করার মতো। যেমন মহাত্মা গান্ধীর জীবনী এবং তাঁর নীতি এবং আদর্শ নিয়ে একটা সংখ্যা বার করেছেন যেটা সত্যই প্রসংশনীয়। আমরা লক্ষ্য করছি অন্যান্য মনীষীর এই রকম ভাবে সংখ্যা বার করার চেষ্টা করা হচ্ছে তাঁর ডিপার্টমেন্টের তরফ থেকে। সেই জন্য আমি তাঁর কাছে অনুরোধ করব, ১৯৯৭ সালের ২৩শে জানুয়ারি নেতাজীর জন্ম শতবর্ষ উপলক্ষ্যে একটা বিশেষ সংখ্যা প্রকাশ করার ব্যবস্থা তাঁর ডিপার্টমেন্টে যেন করা হয়। পাশাপাশি আমি এই কথা বলব যে আমাদের পশ্চিম বাংলায় বিভিন্ন ব্লকে একটা করে মঞ্চ তৈরি করা যায় কিনা সেটা যেন তিনি ভেবে দেখেন। আর্থিক সঙ্গতি দেখে তিনি যেন এই বিষয়ে বিবেচনা করেন। এই ডিপার্টমেন্ট থেকে বিভিন্ন

ছবি তৈরি করা হচ্ছে, ভি. ডি. ও. ক্যাসেট তৈরি করা হচ্ছে। কিন্তু মঞ্চ নেই বলে সেইগুলি গ্রামাঞ্চলের মানুষকে দেখাবার সুযোগ সেই ভাবে ঘটাতে পারা যাচ্ছে না। সেই কারণে বিভিন্ন গ্রামের পরিবেশ এবং অবস্থা দেখে সেখানে একটা করে মঞ্চ করা দরকার। এই মঞ্চের মাধ্যমে যে সব গঠনমূলক শিক্ষামূলক তথ্যচিত্র বা অন্যান্য নাটক এবং অন্যান্য যে সব কর্মসূচি ইনফরমেশন এবং কালচার ডিপার্টমেন্ট থেকে করা হয় সেইগুলি যাতে গ্রামাঞ্চলের মানুষের কাছে তুলে ধরতে পারি সেই দিকে বিশেষ নজর দেবেন। সাথে সাথে এই কথা বলব যে, অপসংস্কৃতির বিরুদ্ধে আমরা একটা সময়ে প্রচন্ড আন্দোলন করেছিলাম। কিন্তু দুঃখের বিষয়, আজকে সেই অবস্থা নেই, আমরা সোচ্চার নই। আমাদের আরও বেশি করে সোচ্চার হতে হবে। কারণ যেসব পুস্তক আজকাল বিভিন্ন জায়গায়, বিভিন্ন এলাকায় বিক্রি হচ্ছে সেগুলো বন্ধ করার জন্য কি ব্যবস্থা করা যায় তা ভেবে দেখতে হবে। বিরাট বিরাট হোর্ডিংয়ের মাধ্যমে কুরুচিপূর্ণ নানা বিষয় তুলে ধরা হচ্ছে। ইনফর্মেশন অ্যান্ড কালচারাল ডিপার্টমেন্টের পক্ষ থেকে এই রকম হোর্ডিং করা যায় কিনা, যে হোর্ডিংয়ের মাধ্যমে মানুষের চেতনা জাগ্রত করা যাবে, সাধারণ মানুষকে সচেতন করা যাবে, এটা একটু ভেবে দেখবেন। এই রকম হোর্ডিংয়ের ব্যবস্থা যদি করেন যাতে সাম্প্রদায়িক বিষয়, শিক্ষার বিষয়, অন্য দায় দায়িত্ব তুলে ধরে যাতে মানুষকে সচেতন করতে পারে, তাহলে খুব ভাল হয়। এই কথা বলে, আমাদের এই বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোককুমার দেব** ঃ মাননীয় ডেপুটি স্পিকার মহোদয়, আমি তথ্য ও সংস্কৃতি বাজেটের বিরোধিতা করে এবং আমাদের দলের আনীত সবকটি কাট মোশনের সমর্থনে বক্তব্য রাখছি। সময় খুব অল্প, স্বাভাবিক কারণেই আমার পক্ষে সব কিছু তুলে ধরা সম্ভব হবে না। আমি মনে করি, এই দপ্তর এবং এই দপ্তরের বুদ্ধিজীবী মন্ত্রী বাংলার সংস্কৃতিকে অনেক পিছিয়ে নিয়ে যাচ্ছেন, যার ফলে বাংলার মানুষ অন্ধকার দেখছেন। রাজনৈতিক সঙ্কীর্ণতার উর্দ্ধে উঠে বাংলার সংস্কৃতিকে তুলে ধরার প্রয়োজন আছে। এই সরকার স্লোগান দিয়েছিলেন স্কুল থেকে ইংরাজি তুলে দিয়ে, 'মাতৃভাষা মাতৃদুগ্ধ'। কিন্তু দেখা যাচ্ছে, আজ পর্যন্ত সরকারি কাজে সেই মাতৃভাষা চালু করতে পারছেন না, কোথাও সক্ষম হচ্ছেন না। নানা কারণ দেখিয়ে সেটি আজ পর্যন্ত ওঁরা চালু করতে পারছেন না। আমরা যখন সরকারে ছিলাম, তখন এই সরকার টি. ভি.-র দ্বিতীয় চ্যানেল দাবি করেছিলেন, অনেক চিৎকার করেছিলেন। আজকে তো আপনাদের বন্ধু সরকার এসেছেন। তাঁদের কাছ থেকে, আশা করব, দাবি আদায় করতে সক্ষম হবেন। আজকে আপনারা বিবৃতি দিচ্ছেন না বলে আমাদের সন্দেহ হচ্ছে। রাজ্যে রবীন্দ্র, বঙ্কিম, লালন, বিভিন্ন পুরস্কার দেওয়া হয়ে থাকে। যাঁরা পুরস্কার পান তাঁদের গায়ে রাজনীতির গন্ধ থাকে। আর বামপন্থী যাঁরা আছেন তাঁরা রাজনীতির বলি হন। তাঁরা পুরস্কার থেকে বঞ্চিত হচ্ছেন। তার কারণ আমরা খুঁজে পাচ্ছি না। সংস্কৃতি অ্যাকাডেমি থেকে আজ পর্যন্ত কোনও মেধাবী ছাত্রছাত্রী মাথা তুলে দাঁড়াতে পারেন নি। গণ মাধ্যম কেন্দ্রে যে আলোচনা হয় তা উন্নতমানের হয় না। কিন্তু বে-সরকারি যে আলোচনা চক্র হয় তা অনেক উন্নতমানের হয়, অনেক দাম পেয়ে থাকে। মানুষের শিক্ষার জন্য তাদের একটা উদ্দেশ্য থাকে মানুষ কিছু করুক। কিন্তু আপনাদের উদ্দেশ্য হচ্ছে মানুষ যাতে কিছু না জানতে পারে। ওয়েস্ট বেঙ্গল এবং পশ্চিমবঙ্গ নামে যে পত্রিকা আপনারা বার করেন, সেই

পত্রিকায় মন্ত্রীদের ছবি থাকে, আপনাদের বিবৃতিতে ভর্তি থাকে, অথচ জনগণের স্বার্থে কিছু থাকে না।

[4-40 — 4-50 P.M.]

সুতরাং এই দিকটা ভাবা দরকার, তারপরে রাজ্যের লোক সংস্কৃতি দীর্ঘ ২০ বছর ধরে অবহেলা করে সবে মাত্র এখন প্রকল্প নিয়েছেন। এগুলো পূরণ করতে কত যে সময় লাগবে তার ঠিক নেই। বাংলা অ্যাকাডেমিকে আপনারা কোনও ভাবেই চালাতে পারেন নি। দীর্ঘ ২০ বছর পার হয়ে গেছে শুধু বই প্রকাশ করা ছাড়া কিছু করতে পারেন নি। এছাড়া বাংলার কৃষ্টি এবং সংস্কৃতির পক্ষে আপনারা কোনও দৃষ্টান্ত স্থাপন করতে পারেন নি। শুধু মাত্র অবাস্তব কথা বলে কাজের কথা কিছু বলেন নি এবং সেখানেও দেখা গেছে রাজনীতির কথা টেনে আনা হয়েছে। আমরাও রাজনীতি করি এবং রামকৃষ্ণদেব নই, কিন্তু কৃষ্টি সংস্কৃতির ক্ষেত্রে আমরা রাজনীতির ঊর্দ্ধে থাকি। তারপরে আপনাদের দপ্তরের কাজ কি এবং আপনারা কি করার চেষ্টা করছেন তা রাজ্যের জেলা এবং মহকুমার লোকেরা জানে না। সংস্কৃতির মূল কাজ কি আজ পর্যন্ত কেউ জানেন না। এই ব্যাপারে গ্রামে গঞ্জে পর্যন্ত ক্লিয়ার কিছু তথ্য পাওয়া যায় না। লোকে জানবে কি করে, আপনাদের তো কোনও রকম প্রচার ব্যবস্থা নেই। আপনারা প্রচারের ব্যবস্থা করেন নি, আপনাদের উদ্দেশ্য কি, সংস্কৃতির ক্ষেত্রে আপনারা কি করতে চাইছেন তার কিছুই জানা যায় না। কেবল দেখা যায় মন্ত্রী বিবৃতি দিচ্ছেন। মন্ত্রীর বিবৃতি ছাড়া আর কিছুই চোখে পড়ে না। সুতরাং গ্রামের লোকেরা জানবে কি করে আপনাদের ব্যাপারে। আসলে আপনাদের এবং এই প্রচার মাধ্যম অর্থাৎ সরকারি প্রচার মাধ্যম এতো পঙ্গু যে কোনও কাজ করা সম্ভব নয়। এর ফলে গ্রামের মানুষ শিক্ষার থেকে শুরু করে সর্ব ক্ষেত্রে পিছিয়ে যাচ্ছে। সংস্কৃতি, কৃষ্টি সম্বন্ধে আজকে গ্রামে বলুন শহরে বলুন কোনও জ্ঞান পাওয়া যাচ্ছে না আপনাদের ব্যর্থতার জন্যে এবং একথা শুধু আমাদের নয়, দলমত নির্বিশেষে সমস্ত সদস্য এই একই কথা বলবেন। সুতরাং শুধু কাগজে আপনার বিবৃতি দিলেই তো হবে না বা রেডিও, টি. ভির মাধ্যমে বিবৃতি দিলে হবে না, আপনাদের প্রচার মাধ্যমগুলোকে ঠিক করুন। আপনার প্রচার মাধ্যমগুলো যদি ঠিকমতো চালাতে না পারেন তাহলে কোনও কিছুই করা যাবে না। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমাদের আনীত কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে ৩৮ নং দাবির ব্যয় বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। ভোগবাদী আর্থিক কাঠামোতে মুনাফার মূল্য আমাদের কাছে খুব মূল্যবান এবং সেখানে কৃষ্টি আজকে পণ্য হিসাবে ব্যবহৃত হচ্ছে, এবং পণ্য হিসাবে বিক্রিও করা হচ্ছে সারা ভারতবর্ষে। আজকে বাংলার কৃষ্টি বা ভারতের কৃষ্টি তাই আজকে পণ্য হিসাবে ব্যবহার করার জন্য বিক্রি করা হচ্ছে। আজকে আধুনিক ইলেক্ট্রনিক্স প্রযুক্তি কত উন্নত হয়েছে। আজকে শক্তিশালী মিডিয়া, টি. ভি.-র দৌলতে বাংলার কৃষ্টি বলুন, কালচারাল হেরিটেজ সেই হেরিটেজ আজকে বিপন্ন, ধ্বংস হতে চলেছে এবং তার চেষ্টাও চলছে। সেই অপ সংস্কৃতির জোয়ারে ভরে

গেছে এবং সেই অপ সংস্কৃতি আজকে বাংলার কৃষ্টির বুকে চরমতম আঘাত এনেছে। এর ফলে সুস্থ সংস্কৃতির প্রচারে একটা বিরাট ঘাটতি থেকে যাচ্ছে এবং এক্ষেত্রে অবিলম্বে ব্যাপক উদ্যোগ নেওয়ার দরকার। আজকে কৃষ্টির কথা বলতে গেলে তখনই রবীন্দ্রনাথের নাম সর্বাগ্রে এসে পড়বে। রবীন্দ্রনাথ যে দৃষ্টিপাত রেখে আছেন তার সেই কৃষ্টি এবং সংস্কৃতি তাঁর তৈরি বিশ্বভারতীর মধ্যে দেখা গেছে। বিশ্বভারতীর দুটি ভবন কলা ভবন এবং সঙ্গীত ভবন। কলা ভবনে অনেক উঁচু দরের ব্যক্তি রয়েছে যথা নন্দলাল বসু, রাম কিঙ্কর বেজ, দেবীপ্রসাদ রায়চৌধুরী এবং সোমনাথ হোড়, আর সঙ্গীত ভবনে কণিকা বন্দ্যোপাধ্যায়, সুচিত্রা মিত্র, মায়া সেন এবং নীলিমা সেনের মতো প্রাতস্মরণীয়রা এসেছেন, তাঁরা এই ভবন আলোকিত করেছেন।

আজকে আমরা কি দেখছি, আজকে বিশ্বভারতীকে কোন আলোকে আলোকিত করা হচ্ছে? আজকে কংগ্রেসি বন্ধুরা এই ব্যয় বরাদ্দের আলোচনা করতে গিয়ে যে আলোচনা করছেন সংস্কৃতি নিয়ে, আজকে বিশ্বভারতীর সেই সংস্কৃতিকে বিগত ৫০ বছর ধরে তারা কোথায় নিয়ে গিয়েছেন সেটা দেখতে হবে। ৫০ বছর ধরে বিশ্বভারতীকে কুক্ষিগত করে রাখবার চেষ্টা করেছেন, সেখানে ক্যাডারদের চাকরি দেবার জায়গা করেছেন, অন্য কিছু নয়। সেখানে অপসংস্কৃতির একটা আখড়া তারা করেছেন ৫০ বছরে। কংগ্রেসিদের এই হচ্ছে কারবার। ইতিপূর্বে যে শিক্ষা প্রতিষ্ঠানে আমরা পুলিশের ইন্টারভিনের বিরোধিতা করেছি, আজকে বিশ্বভারতীর প্রশাসন কর্তৃপক্ষ তারা স্থানীয় প্রশাসনের উপর নির্ভরশীল হয়েছেন, তারা বলেছেন পুলিশ প্রশাসন বিশ্বভারতীকে আপনারা বাঁচান। আজকে ছাত্র পরিষদের অর্ন্তদ্বন্দ্বর জন্য সেখানে খুনোখুনি হয়, মারামারি হয়। আজকে তারা কালচারের কথা বলেন, সেটা আমাদের শুনতে হবে? ক্রিমিনাল কেসে বর্তমান আচার্য, ওদের সভাপতি, প্রধানমন্ত্রী ছিলেন, তিনি ৪২০ এর মতো কেসে জড়িয়ে পড়েছেন। আজকে বিশ্বভারতীকে ৪২০ এর আখড়া করে তোলার চেষ্টা তারা করেছেন। আজকে তারা কোন সাহসে কালচারের কথা বলেন? আজকে ভাবতে হবে যে পৌষ মেলায় আজকে লক্ষ লক্ষ মানুষের সংস্কৃতির স্থান কলুষিত হচ্ছে, ......

**মিঃ ডেপুটি স্পিকার :** তপন বাবু এটা বলা যায় না, বিশ্বভারতীর এই ব্যাপারটা কেন্দ্রীয় ব্যাপার। কেন্দ্রীয় বিষয়ে আলোচনা করা যায় না, এটা আপনি জানেন। বিশ্বভারতী এটা কেন্দ্রীয় বিষয়।

**শ্রী তপন হোড় :** স্যার, আমি ভারতীয় সংস্কৃতি এবং কৃষ্টির কথা বলছি। যেখানে পৌষ মেলা হয়, সেখানে সেই কৃষ্টি কি ভাবে ধ্বংস হচ্ছে, সেটা বলতে চাই। আজকে রবীন্দ্র সঙ্গীতের উপর যে আক্রমণ এসেছে, এটা বলতে হবে। বিশ্বভারতীর মিউজিক বোর্ড যে সিদ্ধান্ত নিয়েছেন, সেই সিদ্ধান্তের বিরুদ্ধে আমি বলেছি, সেখানে রবীন্দ্র সঙ্গীতের উপর আক্রমণ এসেছে। আমরা জানি দেবব্রত বিশ্বাস যিনি প্রাক্তন গায়ক, যার সেই ব্রাত্যজনের রুদ্ধ সঙ্গীত, যাতে আর একজন দেবব্রত বিশ্বাস না হতে পারেন এইটা দেখার জন্য আমি মাননীয় মন্ত্রীকে বলব। সেখানে যে ভাবে পরিবেশ কলুষিত হচ্ছে, যেভাবে বাংলার কৃষ্টিকে ধ্বংস করার চেষ্টা হচ্ছে, যে ভাবে রবীন্দ্রনাথের নামে কলঙ্ক দেওয়ার চেষ্টা হচ্ছে, যে

পরিস্থিতি সৃষ্টির চেষ্টা করা হচ্ছে, তার সম্বন্ধে প্রতিবাদ আমরা করব। আজকে পাশাপাশি বলি ওস্তাদ আলাউদ্দিন খাঁ এর নামে আরও কিছু গুণীজনের নামে বলা হয়েছে, তাদের নামে পুরস্কার দেওয়া হয়, পাশাপাশি ভাবে বঙ্কিম সংখ্যা, আরও গুণীজনের সংখ্যা বেরোয়, আজকে সংস্কৃতিকে তারা কৃষ্টিকে যেভাবে নষ্ট করছেন, আজকে পুরনো যে ঐতিহ্য, যে কালচারাল হেরিটেজ, সেই সুস্থ সংস্কৃতিকে যদি রক্ষা করতে হয় তাহলে ওস্তাদ আমির খাঁ, ওস্তাদ আলাউদ্দিন খাঁ, ফয়েজ খাঁ, ওস্তাদ বড়ে গোলাম আলি খাঁ, রাম কিঙ্কর বেজ, জ্ঞানপ্রকাশ ঘোষ এনারা কি বড় হয়েছেন, মাননীয় মন্ত্রীকে বলব, তাদের জীবন সম্বন্ধে বর্তমান প্রজন্মর কাছে বলা হোক, তাদের সম্বন্ধে পুস্তিকা বের করা হোক, তাদের কৃতিত্বকে এখানে প্রকাশ করা হোক। আজকে অপসংস্কৃতিকে রুখতে গিয়ে সুস্থ সংস্কৃতিকে এগিয়ে নিয়ে যাওয়া এবং তাকে শক্তিশালী করার মাধ্যমে কি ভাবে আরও এগিয়ে নিয়ে যাওয়া যায় তার জন্য মাননীয় মন্ত্রী চেষ্টা করছেন। আজকের সেই কবি গান অবলুপ্তির পথে, সেই আলকাফ অবলুপ্তির পথে, সেই গ্রামীণ যাত্রা আজকে যা আমাদের সম্পদ, তাকে বাঁচাতে হবে। মাননীয় মন্ত্রীর কাছে নিবেদন, আশা করি তিনি এই ব্যাপারে বিবেচনা করবেন। আর বঙ্গ সংস্কৃতি সম্মেলন যেটা আমাদের কাছে একটা গর্ব ছিল, সেটা একটা সময় সরকারি ভাবে হত।

[4-50 — 5-00 P.M.]

সেই বঙ্গ সংস্কৃতি সম্মেলন বে-সরকারি ভাবে বা সরকারি পৃষ্ঠপোষকতায় আবার করা যায় কিনা সেটা আপনি দেখবেন। তথ্য দপ্তর বিভাগ থেকে বালুরঘাট কলেজে প্রত্নতত্ত্ব বিভাগ চালু করেছেন, এটা সব জায়গায় চালু করার জন্য আবেদন করছি। মালদহ জেলার হবিবপুর থানার জগজীবনপুরে নবম শতাব্দীর প্রাচীন একটি বুদ্ধ মূর্তি পাওয়া গেছে, প্রত্নতাত্ত্বিক বিভাগ থেকে এইগুলোকে রক্ষা করার ব্যবস্থা করবেন। প্রসার ভারতী বিল সম্বন্ধে আপনি আপনার বাজেট বক্তৃতায় বলেছেন। আমরা এই ব্যাপারে বার বার বলেছি, কিন্তু এই প্রসার ভারতী বিলকে কার্যকর করা যায় নি। এখন যুক্তফ্রন্ট সরকার এসেছে, এই প্রসার ভারতী বিল যাতে অবিলম্বে কার্যকর করা যায় সেই ব্যাপারে কথাবার্তা বলুন: এই কথা বলে এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৩৮ নম্বর দাবির অধীনে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে সেগুলোকে গ্রহণ করার জন্য অনুরোধ করছি। আমি প্রথমেই বলি, রাইটার্স বিল্ডিংয়ে একটা প্রেস কর্ণার ছিল, সেই প্রেস কর্ণারটা আমরা দাবি করছি। অনতি বিলম্বে সেটা ফিরিয়ে দেওয়ার ব্যবস্থা করা হোক। আপনি বলবেন তাদের প্রেস কর্ণার করে দেওয়া হয়েছে। কিন্তু সেখানে সবাই বসতে পারে না, সমস্ত রিপোর্টাররা যায় না। আপনি আপনার ভাষণের সময় বলবেন এই প্রেস কর্ণার ফিরিয়ে দেবার ব্যাপারে আপনি কি করছেন। তথ্য দপ্তর একটা ভাইটাল ডিপার্টমেন্ট, আমরা জানি, তথ্য দপ্তরে সমস্ত তথ্য জমা থাকে, সরকার কি করতে চাইছেন, সরকার কি করছেন, সরকার কি করবে, ইত্যাদি। পশ্চিমবঙ্গে বিগত আর্থিক বছরে কোন কোন জেলায়, কি কি কাজ হয়েছে, কি কি

কাজ হবে তার রূপরেখা যদি আমরা কলকাতার তথ্য কেন্দ্রে গিয়ে চাই, তারা তা কোনও দিনই দিতে পারবে না। তারা বলবে, কেন এইসব বলে আপনারা আমাদেরকে বিব্রত করছেন। এইসব আমাদের কাজ না, আমরা আসি যাই, মাইনে পাই। তাদের কাজ হচ্ছে, অ্যাট এ গ্লান্স ফাংশন করা, কার্ড ছাপানো, হল বুক করা, পঁচিশ, ত্রিরিশ জনকে নিয়ে রবীন্দ্র অনুষ্ঠান বা নজরুল অনুষ্ঠান করা। আপনি বলেছেন, বৈদ্যুতিক মাধ্যমগুলি আজকাল ভোগ সর্বস্ব পণ্য সংস্কৃতি ও শস্তা বিনোদনের লাগামহীন অপসংস্কৃতি প্রচারে ব্যস্ত। এই ব্যাপারে আপনি কি প্রোটেকশন নিতে পেরেছেন। আগে আমরা দেখতাম আপনাদের যুব সংগঠন এবং এস. এফ. আই. তারা এসবের বিরুদ্ধে লড়াই করত। যেখানে এইসব ফিল্ম দেখানো হত, সেখানে হলের সামনে গিয়ে তারা মুভমেন্ট করত। কিন্তু আজকে আপনার এই বক্তব্য কন্ট্রাডিক্টরি, আপনাদের মুখ্যমন্ত্রী মাথায় টুপি লাগিয়ে হোপ এইট্টি সিক্স দেখছেন। আপনারা মুখে যা বলেন, কাজে তা করেন না। ব্যক্তিগত ভাবে আপনি হয়ত এসবের প্রতিবাদ করতে চান, কিন্তু আপনার রাশ পেছন থেকে কেউ ধরে রাখে। তা ছেড়ে আপনাকে বেরিয়ে আসতে হবে।

শুধু টি. ভি.-র জি. টি. ভি., এস. এল. টি. ভি. খুললেই তো হল না। আপনার পাড়াতে দেখানো কি হচ্ছে? প্রত্যেকটা সিনেমা হল — সেখানে কি হচ্ছে? ইংলিশ সিনেমাতে — বাজে ইংলিশ সিনেমাতে ভরে গেল। পশ্চিমবঙ্গের সর্বত্র এই ঘটনা। কিন্তু সেগুলো বন্ধ করে দেবার কোনও চেষ্টা আমি দেখছি না। এটা কিন্তু প্রতিকার করতে হবে। এটা আমি আশা করব আপনার কাছে। পত্র পত্রিকা সম্বন্ধে আপনি বলেছেন যে কিছু পত্র পত্রিকা অর্ধসত্যকে সত্য বলে প্রচার করতে চায়। ঠিক আছে আপনাদের রিঅ্যাকশনটা কি? আপনিও স্বীকার করবেন যে যদি কোনও কাগজ আপনাদের ভিতরের খবরকে প্রকাশ করে ফেলল সেই কাগজ সম্বন্ধে আপনারা পরের দিনই লাগামহীন উক্তি করে ফেলেন, সেই রিপোর্টার সম্পর্কে উক্তি করেন! বিভিন্ন সময়ে আপনাদের জনসমাবেশে আমি দেখেছি বিশেষ করে একটা দুটো পত্রিকাকে আপনারা কংগ্রেসের দালাল, এজেন্ট কুকথা রেখেছে বলে এইসব আপনারা প্রচার করেন। কিন্তু আপনাদের পত্রিকা গণশক্তিতে যে রিভিউ বেরোত সেখানে কিন্তু একটা সীটও আমরা জিতি না। তাদের রিভিউতে আপনাদের সবাই জিতেছে। গণতান্ত্রিক পদ্ধতিতে জিতেছে এবং আপনাদের ভোট কোথাও রিগিং হয় নি। সব জায়গাতে গণতান্ত্রিক পদ্ধতিতে ভোট হয়েছে। মানুষ আপনাদের ভোট দেবার জন্য আকুল ছিল। কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয়, এটা তো ঘটনা নয়। আপনি তো জানেন ভোট কি হয়েছে। আপনি তো পুলিশ মন্ত্রী, পুলিশের রিপোর্ট তো আপনি পেয়েছেন। একটা ইলেকশন এই রকম হয়? অনেক জায়গায় এই রকম হয় কিন্তু আপনাদের এই পত্রিকাকে আপনারা যে রকম ভাবে প্যাট্রোনাইজ করেন তার সঙ্গে সঙ্গে বর্তমান, যুগান্তর, আজকাল, আনন্দবাজার, টেলিগ্রাফ তার পাশাপাশি রেখে আপনার যে গণশক্তি পেপারকে সেই সংখ্যক সাহায্য দিয়ে আপনি তুলবেন, এটা কিন্তু মানায় না। আপনি তো মানবেন যে গণশক্তি আপনাদের পার্টির পত্রিকা। আমরা সবাই জানি, আপনারাও জানেন। তাহলে সেই গণশক্তি বিজ্ঞাপন বাবদ আপনাদের কাছ থেকে অনেক

বেশি পাবে। কিন্তু অন্যান্য অনেক পত্রিকার স্ট্যান্ডার্ড তো অনেক সময়ে অনেক বেশি। তারাও তো সমর্থন আশা করতে পারে। কিন্তু আপনি সেটা করছেন না। একটা পার্টির পত্রিকাকে আপনি তোলার জন্য আপনাদের সরকারি কোষাগার থেকে প্রচুর টাকা বিজ্ঞাপন দিচ্ছেন। তাহলে আজকে একটা কমিটমেন্ট সবাইকে করতে হবে। আজকে পরবর্তীকালে কংগ্রেস যদি কোনও পত্রিকা বের করে, বি. জে. পি. কোনও পত্রিকা বের করে. আজকে আপনি যে পরিমাণ অর্থ আজকে গণশক্তির পিছনে ঢালছেন সেই পরিমাণ অর্থ কি আপনি তাদেরও দেবেন? এটা আপনাকে বিচার করতে হবে। আপনি দস্তক বলে একটা পত্রিকা বের করেন। পশ্চিমবঙ্গ পত্রিকার বিগত ৫০টী সংখ্যায় জ্যোতি বসুর ছবি ছাড়া, আপনার ছবি ছাড়া কারও ছবি ছাপা হয় নি। অমৃতবাজার, যুগান্তর, পত্রিকাটি দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে আছে। এই পত্রিকাটি খোলার ব্যাপারে আপনারা কোনও উদ্যোগ দেখান নি। বসুমতী দীর্ঘ দিনের পুরনো পত্রিকা সেটাও বন্ধ হয়ে অন্য জায়গায় চলে গেল। এই ব্যাপারে আপনাদের কোনও পজিটিভ স্টেপস আমরা দেখতে পাচ্ছি না। এই বসুমতী পত্রিকাকে কিন্তু আবার কলকাতা থেকে বার করতে হবে। আমাদের সেই পুরনো দিনের বসুমতী, সেটা আবার ফিরিয়ে দিতে হবে। আর যুগান্তর পত্রিকা, আপনি তো জানেন স্বাধীনতা আন্দোলনকে পরিচালিত করেছিল। আপনি পন্ডিত লোক, আপনি তো জানেন। আজকে সেটাও বন্ধ হয়ে আছে। এটা খোলার জন্য কি পদক্ষেপ নিয়েছেন জানাবেন, আপনার জবাবি ভাষণে। আরেকটা কথা বলছি, কিছু মনে করবেন না। একটা জায়গায় বলেছেন যে কিছু নাট্যকার ভালো ভালো নাটক প্রযোজনা করেছেন এবং সরকারের পক্ষ থেকে তাঁদের টাকা দেওয়া হয়েছে। আপনাদের নাটক সরকার প্রযোজনা করেছে তার জন্য টাকার অ্যামাউন্টটা সুদীপদা দিয়েছেন। আপনি বলুন বামপন্থী না হলে সে নাট্যকার নয়। বামপন্থার বাইরে যদি নাট্যকার না হয় তাহলে সে নাট্যকার নয়। এমন কোনও নাট্যকারকে আমি দেখি নি যে তাদের নাটক মঞ্চস্থ করার জন্য আপনাদের দপ্তর থেকে টাকা পয়সা দেওয়া হয়েছে। এবার বলি বে-আইনি ভি. ডি. ও. হলগুলোর কথা। আমরা জানি বে-আইনি ভাবে ব্যবসা করে এই ভি. ডি. ও. হলগুলো যদি ধরা পড়ে তাহলে সঙ্গে সঙ্গে কোম্পানি অ্যাক্টে জামিন হয়ে যায়। এটাকে জামিনযোগ্য অপরাধ করতে গেলে এটাকে কিন্তু প্রকৃত ব্যবস্থা নিতে হবে। আর লাইসেন্স দিয়ে তো ভি. ডি. ও. হল করে দেওয়া হচ্ছে। এই সমস্ত হলগুলোতে ব্লু ফিল্ম দেখানো হচ্ছে, বাজে সিনেমা দেখানো হচ্ছে। আপনি একদিন পুলিশ নিয়ে গেলেন ওয়ারলেস করে বললেন, ভি. ডি. ও. হলগুলো ধরা পড়ে গেল কিন্তু তাতে মূল সমস্যার সমাধান হবে না। যাই হোক, এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-00 — 5-10 P.M.]

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি তথ্য ও সংস্কৃতি দপ্তরের যে ব্যয় বরাদ্দের দাবি এখানে উত্থাপন করা হয়েছে তাকে সমর্থন জানাচ্ছি এবং বিরোধীদের আনীত কাট মোশনের বিরোধিতা করছি। আমি দেখলাম যে এই বাজেটের মধ্যে দিয়ে

পশ্চিমবঙ্গের তথ্য ও সংস্কৃতি দপ্তরের যে দায়িত্ব সেই দায়িত্ব-এর কথা তিনি ভোলেন নি। পশ্চিমবঙ্গে সাম্প্রদায়িক সম্প্রীতি, জাতীয় সংহতি এইসব ব্যাপারে জনসাধারণকে সচেতন করার জন্য তিনি তৃতীয় পৃষ্ঠায় একটা পোস্টারের কথা উল্লেখ করেছেন। সুতরাং বিরোধী দলের সদস্যরা কি করে বললেন যে উনি তা করেন নি। আমি ৮ পৃষ্ঠায় দেখলাম ফোক কালচার ভিলেজ স্থাপন করবার জন্য ই. এম. বাইপাসের কাছে তাঁরা কয়েক একর জমি অধিগ্রহণের চেষ্টা করছেন। আমাদের প্রত্যন্ত গ্রামের সেই ভাদু, টুসু, গরু করা অথবা অন্যান্য গ্রামীণ যে সমস্ত উৎসব আছে সেই সমস্ত উৎসবগুলোকে আমরা যদি পুরুলিয়ার ছৌ-এর মতো সারা বিশ্বে ছড়িয়ে দিতে পারতাম তাহলে খুব ভাল হত। আমাদের গ্রামীণ সংস্কৃতি সকলে দেখতে পারতেন। পশ্চিমবঙ্গ পত্রিকায় যে সমস্ত সংখ্যা প্রকাশিত হয়েছে যেমন — বঙ্কিম, রবীন্দ্রনাথ, বিভূতিভূষণ — এই সংখ্যগুলো অপ্রতুল। এই পত্রিকাকে ফিচারের মাধ্যমে সাধারণ মানুষের কাছে আরও আকর্ষণীয় করে তোলা উচিত। আপনারা অমৃতবাজার, যুগান্তর পত্রিকার কথা বললেন। আমার এক সাংবাদিক বন্ধু বলছিলেন আমরা আজকাল কালো টাকার শিকার হয়েছি। কালো টাকাকে সাদা করার জন্য, কয়েক বছরের জন্য আমাদের ১০০০ টাকা থেকে ১২০০ টাকা পর্যন্ত মাইনের বিনিময়ে সাংবাদিক হিসেবে কাজ করতে হয়। ব্যাচোয়ার অ্যাওয়ার্ড নিয়ে অনেকে নিউজ কারেসপন্ডেন্স তুলে দিয়ে নিউজ সার্ভিস ব্যুরো চালু করে, আজকে সাংবাদিক বন্ধুদের পরিশ্রমের বিনিময়ে এইসব মালিকরা মুনাফা অর্জন করছেন। এ ব্যাপারে তথ্য ও সংস্কৃতি দপ্তরকে নজর দেওয়ার জন্য অনুরোধ করছি। রাজপথ সংবাদপত্রের সাংবাদিকরা বিগত কয়েক মাস ধরে বেতন পাচ্ছেন না। আমি সিনেমা হলের কর্মচারিদের আন্দোলনের সাথে অনেক দিন ধরে যুক্ত আছি। সিনেমা হল মালিকদের বেপরোয়া আক্রমণের বিরুদ্ধে সিনেমা হলের কর্মচারিরা দীর্ঘ দিন ধরে আন্দোলন করে ত্রিপাক্ষিক চুক্তি করেছেন। কিন্তু মফস্বলের সিনেমা হলের মালিকরা এই ত্রিপাক্ষিক চুক্তি মানছেন না। ৫৬ দিন ধর্মঘটের পর সিনেমা হল মালিকরা সারচার্জ কমিয়েছেন, টিকিটের দাম বাড়িয়েছেন, আসনের শ্রেণী বিন্যাস করেছেন এবং এই ভাবে তাঁরা মুনাফা লুটছেন। কিন্তু গ্রামের যে সব গরিব মানুষরা ২০০ থেকে ৪০০ টাকার বিনিময়ে সিনেমা হলে চাকরি করেন তাঁদের টাকা সিনেমা হল মালিকরা ঠিকমতো দিচ্ছেন না। এই ব্যাপারে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আমি আরেকটা কথা বলতে চাই আজকে টি. ভি.-র দাপটে, মাল্টিন্যাশনাল কোম্পানিগুলো স্যাটেলাইটের মাধ্যমে যে ভাবে আমাদের রুচিকে পাল্টানোর চেষ্টা করছে তার বিরুদ্ধে আমি তথ্য ও সংস্কৃতি দপ্তরকে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করছি। এই কারণে আমরা দ্বিতীয় চ্যানেলের দাবি জানিয়েছিলাম। আমাদের দেশের সুস্থ সংস্কৃতিকে এই দ্বিতীয় চ্যানেলের মাধ্যমে প্রচার করার জন্যই আমরা দ্বিতীয়ি চ্যানেলের দাবি জানিয়েছিলাম। আমাদের এখানে যেসব সংবাদপত্রগুলো আছে তাঁরা এডিটোরিয়াল কলমে লেখেন। কিন্তু অনেকে অর্ধ সত্য ঘটনার উপর দাঁড়িয়ে একটা স্টোরি মেকিং করে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। এতে আমরা আহত হই। এডিটোরিয়াল কলমে যে পলিটিক্যাল ভিউ, রাজনৈতিক মত প্রতিফলিত হয়, সেই রিপোর্ট পরিবেশনের ক্ষেত্রে এমন রিপোর্ট পরিবেশন করুন, সেই সংবাদের মধ্যে পজিটিভ দিক থাকবে। অনেক সময় ডেলি পেপারে এমন সব কুরুচিপূর্ণ আর্টিকেল বার হয়, তা ঘরে ছেলে মেয়েদের সামনে খোলা যায় না। সবশেষে এই বাজেট

বরাদ্দকে সমর্থন করে, বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তাপস রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় তথ্য সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহাশয়ের বাজেট বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের দলের সদস্যদের আনা কাট মোশনের সমর্থনে আমার বক্তব্য রাখছি। এই বাজেটকে সমর্থন করতে পারলে নিঃসন্দেহে খুশি হতাম। তথ্য ও সংস্কৃতির সঙ্গে কোনও রাজনীতি জড়িয়ে নেই, থাকেও না, কিন্তু বিরোধিতা করতে হচ্ছে কয়েকটি কারণে। কয়েক দিন আগে সুনীল গাঙ্গুলির একটা কবিতা পড়েছিলাম — 'পুলিশেও গায় নাকি রবীন্দ্র সঙ্গীত'। আজকে আলোচনায় অংশগ্রহণ করতে গিয়ে এটা মনে পড়ল। বুদ্ধদেব বাবু একটা সেলফ ডেস্ট্রাকটিভ ব্যাপার — একদিকে যে মুখে গুলির অর্ডার দেবেন, আবার সেই মুখেই গেয়ে উঠবেন রবীন্দ্র সঙ্গীত। স্কুলে থাকতে চিনের সাংস্কৃতিক বিপ্লবের কথা পড়ি, যেটা বন্ধু পরেশ পাল বললেন এবং অপ সংস্কৃতির বিরুদ্ধে, তাদের যে জেহাদ ছিল। কিন্তু এখানে বামফ্রন্ট সরকার ১৯ বছর প্লাস হয়ে গেল, সেটা পারলেন না। বুদ্ধদেব বাবুর প্রতি অনেকের আস্থা আছে, ব্যক্তিগত ভাবে আমারও আস্থা আছে, কিন্তু তিনি কি পারবেন? এখনও তিনি তা দিতে পারেন নি। তাঁর দোষ নেই, তাঁর দপ্তরের অফিসার, আধিকারিকরা দেখেন, তিনি নামমাত্র চোখ বোলান আর সই করেন। এক সঙ্গে দুটো হয় না। কেন জানেন? রবীন্দ্র, নজরুলের গান, আর লালবাজারের পুলিশের জি. ইউ. এন. (গান), দুটো কখনও মেলে না। স্যার, প্রবলেমটা সেখানেই হবে বুদ্ধদেব বাবুর, সেটা আমার মনে হয়। বুদ্ধদেব বাবু একজন ইনটেলেকচ্যুয়াল, সেই বিষয়ে নিঃসন্দেহে কোনও বির্তক নেই। কিন্তু আমার কথা হল, সংস্কৃতি মন্ত্রী হিসাবে তাঁর দুঃসময় এবং রাজধর্ম নাটক লেখা ও মঞ্চস্থ করা ছাড়া ওভারঅল সংস্কৃতিতে আর কি কন্ট্রিবিউশন আছে? তাঁর রাজধর্ম নাটক মঞ্চস্থ করতে গিয়ে এক দিনে লক্ষ্য টাকা খরচ হয়। বাংলায় সরকারি মানকে উন্নয়ন করতে মধুসূদন মঞ্চে জ্ঞানেশ মুখার্জিকে নিয়ে যেতে হয় অর্থ দিয়ে। আজকে এই জায়গায় আমাদের দাঁড় করানো হয়েছে। আমার প্রশ্ন হল, একটা ১৪ দিনের সরকারের ইনফরমেশন মিনিস্টার দিল্লিতে বাসে যদি হুঙ্কার দিয়ে বলতে পারেন, এই সমস্ত অশ্লীল বিজ্ঞাপন বন্ধ কর, তাহলে আজকে বুদ্ধদেব বাবুর মতো একটা শক্তিশালী সরকারের শক্তিশালী মন্ত্রী কেন পারেন না?

[5-10 — 5-20 P.M.]

কেন পারেন নি? আজকে বাংলার বুকে আমাদের আগামী প্রজন্মকে কোথায় এনে দাঁড় করিয়েছেন? আজকাল যেখানে সেখানে আমাদের অশ্লীল পত্র পত্রিকা, হোর্ডিং দেখতে হয়। আজকে ভাই বোন, স্ত্রী পুত্র পরিবার নিয়ে রাস্তা দিয়ে যাবার সময় এগুলো চোখে পড়ে। অশ্লীল নাটক, চলচিত্র মঞ্চস্থ হয় কিন্তু তারা কোনও আঘাত পায় না, বন্ধ হওয়ার কোনও ব্যাপার নেই। আমাদের প্রশ্ন সেই জায়গায়। আজকে 'পশ্চিমবঙ্গ' পত্রিকা — ইট ইজ নাথিং বাট অ্যান এক্সটেন্ড ভারশান অফ 'গণশক্তি'। তবে আমি এর ভালো দিকটাও বলব। অনেকগুলো সংকলন আমি বাড়িতেও রেখেছি — অবনীন্দ্র, গগনেন্দ্র, শিল্পকলা, নন্দন প্রভৃতি

সম্বন্ধে তাতে লেখা বেরিয়েছিল। মাননীয় সুদীপ বাবু যেটা বললেন। এটা বাদ দিলে 'পশ্চিমবঙ্গ'-কে কি ভাবে করেছেন, রেখেছেন, চলছে? আপনি ১ লক্ষ ২৯ হাজার ৪০০ টাকা বাংলার হতভাগ্য, অনাহারে, অর্দ্ধাহারে কাটানো কলা-কুশলীদের জন্য দিয়েছেন। ৬৮ লক্ষ টাকা সরকারি অনুদান দিয়ে 'গণশক্তি' বাঁচিয়ে রেখেছেন। 'আবসার'-কে বাঁচিয়ে রেখেছেন। আপনি কিন্তু অন্য কোনও কাগজকে নিলেন না, কেন না তাতে আপনাদের কোনও লাভ নেই। আর এ বিষয়ে বলেও কোনও লাভ নেই, কারণ আপনারা কানে দিয়েছেন তুলো, পিঠে বেঁধেছেন কুলো। প্রশ্ন হল, প্রায় ১ লক্ষ ৩০ হাজার টাকা দিয়েছেন বলেছেন। স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে জানাতে চাই, বাংলার বুকে যদি কলা-কুশলীরা অর্দ্ধাহারে, অনাহারে মারা যায় তাহলে একটা কেন ২০টা নন্দন করেও বাংলার সাংস্কৃতিকে রক্ষা করা যাবে না। একটা সময় ছিল যখন বামপন্থীদের সাংস্কৃতিক আন্দোলন দেখে ভালো লাগত। তখন শম্ভু মিত্র ছিলেন, 'রক্ত-করবী' হয়েছিল। আবার সলিল চৌধুরিরা, 'কোনও এক গাঁয়ের বধূ' — শোনা যেত। আজ আর সেই ধরনের বামপন্থী গানও এখন শোনা যায় না। এখন শম্ভু মিত্রের মতো, সলিল চৌধুরির মতো শিল্পীরা আর তৈরি হচ্ছেন না। এই অবস্থায় আজকে এসে দাঁড়িয়েছে। আজকে ডিস্ট্রিক্ট ইনফর্মেশন সার্ভিসগুলো পঙ্গু হয়ে গেছে। আজকে ইনফর্মেশন ডিপার্টমেন্টের কি অবস্থা আপনাকে একটু বলি। প্রধানমন্ত্রী আসার কথা থাকলে ঐ ডিপার্টমেন্ট থেকে সমস্ত কাগজের অফিসকে জানাতে হয় — কি কি কার্যসূচি, যানবাহন ব্যবস্থা, ইত্যাদি ইত্যাদি। কিন্তু ১৪ তারিখে প্রধানমন্ত্রী ঘুরে যাওয়ার পর ১৫ তারিখে প্রেস বিজ্ঞপ্তি সমস্ত কাগজের অফিসে গিয়ে পৌঁছায়। এই ভাবে আজকে ইনফর্মেশন ডিপার্টমেন্ট চলছে। সত্যজিৎ রায়ের নামে যে ইনস্টিটিউশন তৈরি হয়েছে আজকে সেখানে কিন্তু মানুষ বুদ্ধিজীবী নয়, বুদ্ধজীবী — যাদের উপর নির্ভর করে এটা চলছে। আজকে কাদের জমি দেওয়া হচ্ছে? কাদের চেয়ারম্যান করেছেন? এ বিষয়ে যে নক্কারজনক ঘটনা ঘটছে সেটা আজকে দেখা দরকার। সত্যজিৎ সম্বন্ধে একবার বলেছিলেন, সত্যজিৎ রায়ের নামাঙ্কিত গ্রানাইট ফলকটা চুরি হয়ে গেছে। এ সম্বন্ধে জানাবেন এবং সত্যজিৎ রায়ের নামে যে ইনস্টিটিউশন হওয়ার কথা ছিল সেটা সম্বন্ধে জানতে চাই। রাধা স্টুডিওর ১০০ বছর পূর্ণ হয়েছে — সে সম্বন্ধেও জানতে চাই। আগামী দিনে আই. সি. সি. আর.-এর সঙ্গে সঙ আান্ড ড্রামা ডিভিসনের কো-অর্ডিনেশন সম্বন্ধেও জানতে চাই।

আমরা জানতে চাই যে আগামী দিনে আই. সি. সি. আরের সঙ্গে সঙ অ্যান্ড ড্রামা ডিভিসনের সঙ্গে ই. জেড. সি. সি.-র সঙ্গে কো-আর্ডিনেশনের ব্যাপারে আপনি কতদূর এগিয়েছেন। আমরা জানতে চাই যে আগামী দিনে দ্বিশত বর্ষে যে নাটক করছে বাংলা সেই ব্যাপারে কি বন্দোবস্ত রয়েছে। আমি আমার বক্তব্য দীর্ঘায়িত করব না, শেষে আমি দুঃখের সঙ্গে বলতে চাই, — কেন চেয়ে আছো মাগো মুখ পানে, কেন চেয়ে আছো সংস্কৃতি মাগো আমার মুখ পানে, এঁরা চাহে না তোমায়, চাহে না যে মিথ্যা কহিবে শুধু কত কি ভানে, এই বলে বাজেটের ব্যয় বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তমাল মাঝি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তথ্য ও সংস্কৃতি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী

মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে অল্প সময়ের মধ্যে কয়েকটি কথা বলতে চাই। আপনারা জানেন যে আজকে পশ্চিম বাংলায় বামফ্রন্ট সরকার সংস্কৃতি জগতে একটা উল্লেখযোগ্য ভূমিকা পালন করে চলেছে। আপনারা শুধু যাকে দেখতে নারি তার চলন বাঁকা ভেবে বে-হিসাবী বিরোধিতা করছেন। আপনারা থিয়েটারের কথা, নাটকের কথা বললেন। কিন্তু আপনাদের কি মনে নেই এই বাংলায় কংগ্রেস আমলে বিখ্যাত অভিনেতা প্রবীর দত্তকে নাটক চলাকালীন গুলি করে হত্যা করা হয়েছিল। সফদর হাসমির ঘটনা তো ইতিহাস হয়ে আছে। কংগ্রেস আমলে পশ্চিমবঙ্গে যখন সুস্থ সংস্কৃতি গড়ে তোলার জন্য নাটকের দলগুলি বাস্তব সম্মত ভাবে সমাজে চেতনা আনার জন্য নাটক করছিল তখন সেই নাটক দলের উপর বার বার আক্রমণ করা হয়েছে। এমন কি আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন অভিনেতা নাট্যকার উৎপল দত্তের নাটকের দল তাঁকেও বার বার আক্রমণ করা হয়েছে, উৎপল দত্তকে গ্রেপ্তার করা হয়েছে, জেলে ভরা হয়েছিল, নাটক দলগুলিকে জোর করে বন্ধ করা হয়েছে, এই তো আপনাদের ভূমিকা ছিল সেদিন, আজকে আপনারা বড় বড় কথা বলছেন, সেই সময় আপনারা অশ্লীল নাটক বারবধূ, প্রজাপতি এই সব নাটককে প্রোৎসাহিত করেছিলেন। এই হচ্ছে আপনাদের সংস্কৃতির নজির। আমরা মনে করি সংস্কৃতির কথা আপনাদের মুখে শোভা পায় না, সংস্কৃতির কথা বললে ঘোড়ারাও হাসবে। আপনারা শুধু নাট্যকারদের নয় সাংবাদিকদেরও রেহাই দেন নি। আপনারা জানেন যে সাংবাদিকদের কণ্ঠ রোধ করার জন্য গণতন্ত্রের কণ্ঠ রোধ করার জন্য একটা বিল আনার চেষ্টা করা হয়েছিল। আমি জোরের সঙ্গে এ কথা বলতে পারি যে এই ২০ বছরে বামফ্রন্টের সময়ে সংস্কৃতি বিভিন্ন প্রতিকূলতার মধ্যে দিয়ে, নানা প্রতিযোগিতার মধ্যে দিয়ে একটি উল্লেখযোগ্য জায়গায় এসে পৌঁছেছে। আজকে বামফ্রন্ট সরকারের পৃষ্ঠপোষকতায়, সহযোগিতায়, আর্থিক অনুদানের মধ্যে দিয়ে গ্রামে গ্রামে যে ভাবে বিভিন্ন সংস্কৃতি চর্চার কেন্দ্রগুলি গড়ে উঠেছে তা পৃথিবীর অন্য কোথাও হচ্ছে বলে মনে হয় না। আজকে গ্রামাঞ্চলের যারা উপেক্ষিত মানুষ, যাদের শিক্ষা ছিল না, যাদের মুখে ভাষা ছিল না, তাদের মুখে ভাষা ফুটছে। তারা আজকে চেতনা জাগানোর নাটক করছে। আমরা জানি গ্রামের সেই আদিবাসী ঘরের বোন যখন সে একটি বাচ্চাকে কোলে নিয়ে মাথায় একটা বোঝা নিয়ে হাত ছেড়ে দিয়ে তরতর করে হেঁটে যায় তখন সে কতটা ব্যালান্স রেখে চলে তার খবর কেউ নেয় নি। গরিব ঘরের একটি কিশোর ক্ষেত-মজুর সে যখন কাজের তাগিদে একটা নালাকে অনায়াসে ডিঙিয়ে চলে যায় তখন কেউ ফিতে দিয়ে মেপে দেখে না যে সে কতটা লং-জাম্প করল। তবুও আমরা জোরের সঙ্গে এ কথা বলতে পারি যে বামফ্রন্ট সরকারই এক মাত্র এই পিছিয়ে পড়া মানুষগুলিকে তাদের যে যোগ্যতা আছে, তাদের যে প্রতিভা আছে তা প্রমাণ করার সুযোগ করে দিয়েছে নানা ভাবে নানান কর্মসূচির মাধ্যমে। বামফ্রন্ট সরকার আজকে লোক-সংস্কৃতির উন্নয়নের পথকে বেছে নিয়েছে যে লোক-সংস্কৃতিকে এই কংগ্রেসিরা এক দিন কবরে পাঠিয়ে ছিল। সেই লোক-সংস্কৃতিকে কবর থেকে তুলে পুনরুজ্জীবিত করছে এবং দেখা যাচ্ছে গ্রামের মানুষ আজকে সংস্কৃতির চর্চা করছে। এই রাজ্যে ৪টি আদিবাসী সংস্কৃতি চর্চা কেন্দ্র গড়ে উঠেছে।

[5-20 — 5-30 P.M.]

চলচ্চিত্র জগতের ক্ষেত্রে বামফ্রন্টের ভূমিকা সারা ভারতবর্ষে একটা নজির সৃষ্টি করেছে।

সুস্থ সংস্কৃতির স্বার্থে পশ্চিম বাংলায় সুস্থ চলচ্চিত্র নির্মাণের ক্ষেত্রে বামফ্রন্ট সরকার চিত্র পরিচালক প্রযোজকদের সব রকমের সাহায্য দিচ্ছেন। এমন কি সরকারের পক্ষ থেকেও বহু ভাল ছবি নির্মিত হয়েছে এবং এখনও সে কাজ চলছে। ইতিমধ্যে গোটা পশ্চিম বাংলায় অনেকগুলো নূতন প্রেক্ষাগার তৈরি করা হয়েছে। অনেকেই এর বিরোধিতা করেছিলেন, কিন্তু সে বিরোধিতার মুখে ছাই দিয়ে তা বাস্তবায়িত করা গিয়েছে।

এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার একটা অনুরোধ — আজকে গ্রামাঞ্চলেও সর্ব প্রকার প্রচার মাধ্যম সম্প্রসারিত হয়েছে, এটা খুবই ভাল কথা, কিন্তু ভি. ডি. ও. শোও খুবই বেড়ে গেছে। এর ফলে কিছু কিছু অপ-সংস্কৃতি প্রচারের সুযোগ সৃষ্টি হয়েছে। আজকে গ্রামাঞ্চলে একদম গরিব মানুষের বাড়ির উৎসবে পর্যন্ত ভি. ডি. ও. শো হচ্ছে। আমরা জানি একে ঠেকানো যাবে না, একে ঠেকানো খুবই মুশকিল। আমি শুধু এইটুকুই বলতে চাই, সুস্থ সংস্কৃতির স্বার্থে আমাদের রাজ্যে যে ছবিগুলি করা হচ্ছে সেগুলির ভি. ডি. ও. কপি করে মহকুমা স্তরের তথ্য কেন্দ্রের মধ্যে দিয়ে যাতে সব জায়গায় ছড়িয়ে দেওয়া যায় তার একটা ব্যবস্থা করুন। তাহলেই অপ-সংস্কৃতির বিরুদ্ধে সুস্থ সংস্কৃতির প্রচার ঘটবে। আজকে অপ-সংস্কৃতি যেভাবে সুস্থ সংস্কৃতিকে ধাক্কা দিচ্ছে, সমাজের বুকে জগদ্দল পাথরের মতো চেপে বসছে তাতে আমাদের তাকে রোধ করার জন্য সঠিক. সুনির্দিষ্ট পথে পরিকল্পনা মাফিক ঐক্যবদ্ধ ভাবে এগিয়ে যেতে হবে। তবেই অপ-সংস্কৃতির ভয়াবহতা প্রতিহত করা সম্ভব হবে। এই কটি কথা বলে সুস্থ সংস্কৃতির প্রসারের স্বার্থে আজকে এখানে যে বাজেট মাননীয় মন্ত্রী মহোদয় পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার সংক্ষিপ্ত বক্তব্য শেষ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তাকে সর্বান্তকরণে সমর্থন করে দু-একটা কথা বলছি।

স্যার, আজকে এই দপ্তরটির নাম 'তথ্য ও সংস্কৃতি বিভাগ'। কিন্তু কংগ্রেস আমলে এর নামটা কি ছিল? 'তথ্য ও জনসংযোগ বিভাগ'। তখন সংস্কৃতি কথাটা ছিল না। সংস্কৃতির ধারে পাশে ওঁরা ছিলেন না, তাই সংস্কৃতি কথাটাও ছিল না। বামফ্রন্ট এ রাজ্যে সরকারে আসার পর এই দপ্তরটির নাম হয় 'তথ্য ও সংস্কৃতি বিভাগ'। এটা আমাদের বামফ্রন্টের অবদান। নিশ্চয়ই এটাকে স্বীকার করতে হবে।

স্যার, আমাদের যে সমস্ত চলচ্চিত্র শিল্পী, সঙ্গীত শিল্পী, মঞ্চ শিল্পী, যাঁরা বর্তমানে খুবই আর্থিক অনটনের মধ্যে আছেন, যাঁদের হাউসিং-এর বিশেষ কোনও ব্যবস্থা নেই তাঁদের জন্য যদি একটা পৃথক সরকারি হাউসিং করা হয় এবং অল্প খরচে তাঁদের সেখানে থাকার ব্যবস্থা করে দেওয়া হয়। তাহলে তাঁদের খুবই উপকার হয়।

আজকে আমাদের যে সমস্ত শিল্পী বন্ধুরা এখানে খুব বেশি সুযোগ সুবিধা পাচ্ছেন না

তাঁদের জন্য যদি বাংলাদেশের রাস্তা মুক্ত করা হয় তাহলে হয়ত তাঁদের কিছুটা উপকার হবে। আমরা দেখছি বাংলাদেশের অনেক শিল্পী এসে আমাদের এখানে অভিনয় করে যাচ্ছেন। আজ বাংলাদেশে বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের কন্যা শেখ হাসিনা প্রধানমন্ত্রী হয়েছেন। সুতরাং মাননীয় তথ্য সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ তিনি তাঁর সঙ্গে আলাপ আলোচনা করে উভয় বাংলার শিল্প এবং শিল্পী আদান প্রদানের যদি একটা সঠিক ব্যবস্থা করতে পারেন তাহলে উভয় বাংলার শিল্প এবং শিল্পীরা উপকৃত হবে। এটা হওয়া উচিত বলে আমি মনে করি। কারণ রবীন্দ্রনাথ, নজরুল আমাদের উভয়েরই সম্পদ।

আর একটা প্রস্তাব আমি মাননীয় মন্ত্রীর কাছে রাখতে চাই। বিপ্লবী যতীন দাসের ওপর যদি একটা তথ্য চিত্র নির্মাণ করেন, তাহলে তা একটা ঐতিহাসিক মর্যাদা পাবে।

এই প্রসঙ্গে আমি বলতে চাই ঐতিহাসিক, নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায়ের পুত্র, নেতাজী সুভাষচন্দ্র বসুর একান্ত বন্ধু এবং সঙ্গীত সাধক প্রয়াত দিলীপকুমার রায়ের এ বছর শতবার্ষিকী চলছে। আজকের ছাত্ররা, যুবকরা তাঁর সম্বন্ধে হয়ত বিশেষ কিছু জানে না। এককালে এই সঙ্গীত সাধক সঙ্গীত নিয়ে নানান গবেষণা করেছেন এবং তার মধ্যে দিয়ে তিনি স্বনামধন্য হয়েছিলেন। আমার অনুরোধ সরকারের তরফ থেকে তাঁর শতবার্ষিকী পালনের ব্যবস্থা করা হোক এবং 'পশ্চিমবঙ্গ' পত্রিকার একটা বিশেষ সংখ্যা দিলীপকুমার রায় জন্ম শতবার্ষিকী সংখ্যা হিসাবে প্রকাশের ব্যবস্থা করা হোক।

সেই সঙ্গে সঙ্গে আর একটি কথা বলছি, আজকে যেমন আলাউদ্দিন, লালন, উদয়শঙ্কর পুরস্কার দিচ্ছেন তার সাথে যদি দিলীপকুমার রায়ের নামে পুরস্কার দেওয়া যায় সেই ব্যাপারে ভেবে দেখবেন। জেলা মহকুমায় সাংস্কৃতিক ভবন, রবীন্দ্র ভবন আছে। কিন্তু প্রতিটি ব্লকে যাতে সাংস্কৃতিক মঞ্চ গড়ে তোলা যায় সেই ব্যাপারে চিন্তা করবেন। হুগলি জেলার যে সংখ্যাটা বেরিয়েছে সেই সংখ্যাটি সত্যিই খুব সুন্দর করেছেন। হুগলি জেলার শিল্প, সংস্কৃতি সব এক নজরে চলে আসছে। হুগলি জেলার গোটা দিকটা প্রকাশিত হয়েছে, এমন কি গ্রন্থাগার পর্যন্ত। এমনি করে যদি প্রতিটি জেলার পত্রিকা বেরোয় তাহলে পশ্চিমবঙ্গকে আমরা ''পশ্চিমবঙ্গের'' মধ্যেই দেখতে পাব। এটা খুবই অভিনন্দনযোগ্য। অপ-সংস্কৃতির বিরুদ্ধে লড়াই আমরা বারে বারে করি, এখনও করছি। আগেকার কেন্দ্রীয় সরকার যে সমস্ত নগ্ন চিত্র দেখানোর প্রসেস করেছিলেন সেই সময়ে কংগ্রেসি ভাইদের কি ভূমিকা ছিল? সেই সময় তো আপনাদের এতটা সরব হতে দেখি নি। আমরা চাই এগুলি বন্ধ হোক এবং তারজন্য আমরা প্রতিবাদ করেছি। যাত্রাপালা যেগুলি হচ্ছে তার নামকরণের ব্যাপারে অন্তত আপনার দপ্তরের অধিকার থাকা উচিত যাতে কোনও বিরূপ প্রতিক্রিয়া নামের মাধ্যমে না সৃষ্টি হয়। এগুলি আপনি দেখবেন। ছৌ, গম্ভীরা, গোলান প্রভৃতি এই সমস্ত লোক-সংস্কৃতির যে অসামান্য দিকগুলি আছে সেগুলি কেবল প্রদর্শনী নয়, কাহিনী চিত্রের মাধ্যমে সর্বস্তরের মানুষের কাছে পৌছে দেবার ব্যবস্থা করবেন। এ ছাড়া সকলের প্রিয়, প্রয়াত বিধায়ক, চলচ্চিত্র শিল্পী অনিল চ্যাটার্জির নামে টালিগঞ্জে একটা সরণি নামাঙ্কিত করার জন্য অনুরোধ করছি। এছাড়া প্রত্নতাত্ত্বিক অনেক কাজকর্ম হচ্ছে, অনেক জিনিস উদ্ধার করেছে। তমলুক থেকে আরও অনেক কিছু

উদ্ধার করার জন্য আমি অনুরোধ করছি। ওখানে ৬ দশকের পর থেকে আর প্রত্নতাত্ত্বিক খনন হয় নি। এর পরে আর জায়গা পাবে না খনন করার মতন। তাম্রলিপ্তের ইতিহাস বহু বহু বছরের পুরানো। তাম্রলিপ্তের বহু নির্দশন আজও যাদু ঘরে সংরক্ষিত আছে। সেই তাম্রলিপ্তের স্বীকৃতি স্বরূপ তমলুকে খনন করা দরকার। এই সময়ে যাতে করা যায় সেটা আপনি দেখবেন। সর্বশেষে এই বাজেটকে সর্বান্তকরণে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমার বাজেট বরাদ্দ নিয়ে এই যে আলোচনা এখন হচ্ছে এবং বিরোধী দলের পক্ষ থেকে যে বক্তব্য রাখা হয়েছে এবং যে কাট মোশনগুলি এখানে উপস্থাপিত করা হয়েছে সেগুলির বিরোধিতা করে আমি কয়েকটি কথা এখানে উপস্থিত করতে চাই। যে সব সদস্যারা আলোচনা করেছেন সেই আলোচনার মধ্যে অনেকগুলি ইতিবাচক প্রস্তাব এসেছে। কতকগুলি প্রস্তাব এসেছে যেগুলি নিশ্চয়ই গ্রহণ করতে হবে, অন্তত অনেকগুলি বিষয় নিয়ে ভাবনা চিন্তা করতে হবে আর যে বিষয়গুলি নিয়ে পার্থক্য হচ্ছে প্রধানত সেই সম্পর্কে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব। বিরোধী দলের নেতা সুদীপ বাবু আলোচনা শুরু করেছেন। তিনি একটি কথা বলেছেন — সেটা ঠিকই — যে এই বাজেট বিবৃতিতে আপনি সাম্প্রদায়িকতার প্রশ্নে এবং মানবাধিকারের প্রশ্ন আনেন নি, তাতে আপনার চিন্তার মধ্যে, কর্মসূচির মধ্যে গুরুত্ব কি কমে যাবে, আত্ম সন্তুষ্টিতে ভুগছেন? আমি এই প্রশ্নে বলতে চাই, বাজেট বিবৃতিতে ঠিক মৌলিক দৃষ্টিভঙ্গি, যেগুলি কর্মসূচিগত দৃষ্টিভঙ্গি সেগুলি বার বার প্রতি বাজেটে পুনরাবৃত্তি করার লক্ষ্য নেই। কিন্তু প্রশ্ন তুলেছেন সঠিক ভাবেই, এই মূহুর্তে পশ্চিম বাংলায় সাম্প্রদায়িকতা মৌলবাদের বিপদের ক্ষেত্রে আত্ম সন্তুষ্টির জায়গা নেই। বরং আত্ম সতর্ক, আত্ম সচেতনের সময় এটা।

[5-30 — 5-40 P.M.]

এই ব্যাপারে বোধ হয় যারা ঐদিকে বসে আছেন, তাঁদের সঙ্গে আমাদের খুব একটা ফারাক হবে না, হয়ত অতীত নিয়ে বিতর্ক কিছু হতে পারে। আপনারা কি করেছিলেন, আমরা কি করেছিলাম এই নিয়ে হতে পারে। কিন্তু এই মূহুর্তে দেশে সাম্প্রদায়িক শক্তি এবং মৌলবাদী শক্তি ভারতীয় উপমহাদেশে, মৌলবাদী শক্তি যে ভয়, বিপদ সৃষ্টি করছে, সেই ব্যাপারে আত্ম সন্তুষ্টির কোনও জায়গা নেই। আমরা বিপদকে ছোট করে দেখছি না। আমি শুধু ওনাকে স্মরণ করিয়ে দিতে চাই যে মূহুর্তে আমাদের গত তিন চার মাসও যদি দেখেন লক্ষ্য করে, এই মূহুর্তে কলকাতা শহরে এবং বাইরের জেলাগুলিতে যে কটি হোর্ডিং আছে, তার শতকরা ৫০ ভাগই সাম্প্রদায়িকতার প্রশ্নে। আমি গত চার পাঁচ মাসে যে কটি পুস্তিকা বার করেছি, চারটি পুস্তিকা বার করেছি, তার মধ্যে তিনটি হচ্ছে সাম্প্রদারিকতার প্রশ্নে। মৌলবাদ প্রতিবাদ, প্রতিরোধ, বিবিধের মাঝে দেখি মিলন মহান, ইত্যাদি এই পুস্তিকাগুলি, আমরা চেষ্টা করি আপনাদের কাছে পৌছে দিতে। আমি এখন নিয়ে এসেছি, সুদীপ বাবুকে ঘরে ফিরেই উপহার দিয়ে দেব। এই তিন চার মাসে যে কটি কাজ করেছি। আমি শুধু বলতে চাইছি এই প্রশ্নে, উনি সঠিক ভাবে স্মরণ করিয়ে দিয়েছেন, আমাদের দুর্বলতার

কোনও কারণ নেই, আমরা একে যথেষ্ট গুরুত্ব দিয়ে বিবেচনা করছি। দ্বিতীয় প্রশ্ন বলেছেন, মানবাধিকার সেই প্রশ্নেও বটে। মানবাধিকার প্রশ্ন আজকে যে কোনও দেশের সভ্য সমাজে এবং যে কোনও সভ্য রাষ্ট্রে এই প্রশ্নটাকে একটা মৌলিক শর্ত হিসাবে ধরে নিয়েছে। আমরাও ধরেছি। আমাদের রাজ্যেও মানবাধিকার কমিশন কাজ করছে, তারা যে সমালোচনা করছে, আমাদের সরকারকে, আমরা মাথা পেতে নিচ্ছি। যে ভুল ত্রুটিগুলো আমাদের ধরিয়ে দিচ্ছে, সেইগুলো আমরা স্বীকার করছি এবং এই ব্যাপারেও আমরা মনে করি, গণতন্ত্রকে রক্ষা করতে গেলে, সেই প্রশ্নে আমরা ইতিমধ্যে লক আপ ডেথ নিয়ে একটা পুস্তক করেছি, ভবিষ্যতে এই সমস্ত প্রশ্নে আমাদের যে সতর্কতা, তা আমাদের বজায় রাখতে হবে। উনি তারপর যে আলোচনাগুলো করেছেন, তার মধ্যে একটা বিষয় হচ্ছে, এই রাজ্যের সংবাদপত্রগুলো নিয়ে এবং অল ইন্ডিয়া রেডিও এবং টেলিভিশন নিয়ে। সংবাদপত্র সম্পর্কে বলতে গিয়ে উনি বলেছেন, আপনারা সব সময় একটা সংঘাত চান। আমরা সংঘাত চাই না, অন্তত আমরা ইচ্ছা করে সংঘাতের জন্য সংঘাত করতে চাই না। আমি অতীতেও আপনাদের কাছে বলেছি, আজও বলছি যে এই রাজ্যের একটা বামফ্রন্ট সরকারের একটা অস্তিত্ব এবং কুড়ি বছর ধরে তার অস্তিত্ব, স্বাভাবিক ভাবে কিছু সংবাদপত্রের মনঃপুত নয় এবং তারা আমাদের বিরুদ্ধে একটা নীতিগত, আদর্শ গত লড়াই করছে। আমরাও করছি এই প্রশ্নটাকে তো গোপন করে কোনও লাভ নেই? এবং এই প্রশ্নে আমরা ইচ্ছা করে কোনও সংঘাত তাই করতে চাই না। তাদের নীতির মধ্যেও রয়েছে বামফ্রন্ট সরকারের বিরোধিতা — তাদের নীতির মধ্যে রয়েছে বাম বিরোধিতা এবং সেই প্রশ্নে আমাদের মাথা নিচু করার কোনও জায়গা নেই। আমাদের নিজেদের অবস্থানটাকে আমাদের যদি বজায় রাখতে হয় তাহলে সেই পত্রিকার সঙ্গে আমাদের নিরন্তর আমাদের আদর্শগত সংগ্রাম চলবে এবং এর মধ্যে দিয়ে আমরা এগোব। এটা কিন্তু গণতন্ত্রের কোনও বিরুদ্ধে কোনও কারণ নয়, গণতন্ত্রের পদ্ধতির মধ্যে দাঁড়িয়ে আমরা এই পত্রিকাগুলোর সমালোচনা করব। কিন্তু আমরা সংবাদপত্রের কোনও সাংবাদিককে ভয় দেখানো, থ্রেট করা, সংবাদপত্রের সম্পাদককে হুমকি দেওয়া, চিঠি দেওয়া, এই সব অতীতের কোনও ঘটনা, যা অতীতে আমাদের রাজ্যে অনেক কিছু হয়েছে, পুরানো কথা মনে করিয়ে দিয়ে আপনাদের মন খারাপ করিয়ে দিচ্ছি না। আমি তো এই বিভাগে এসে দেখলাম পাঁচ বছর সুব্রত বাবুর কিছু করার ছিল না। পাঁচ বছর সুব্রত বাবু সমস্ত আফিসারদের দিয়ে শুধু সেন্সার করিয়েছেন; দিল্লি থেকে এক একটা আইন এসেছে, সার্কুলার এসেছে, আর শুধু সেন্সার করেছে, যাকে পেরেছেন, যে কাগজকে পেরেছেন, কেটে দিয়েছেন। সেই সব ফাইলগুলো দেখলে অবাক লাগবে। হাসি পেয়ে যাবে। আমরা ঐ অতীত থেকে সরে এসেছি, সরে আসতে চেয়েছি। আমাদের গোপন ভাবে কাউকে ধমকানো, কাউকে একটুখানি চাপ সৃষ্টি করা নয়, যেটা আছে সেটা প্রকাশ্য ওরা বামপন্থা বিরোধী, বামফ্রন্টের বিরোধী, আমরাও ওদের বিরোধিতা করি তার জন্য, আদর্শগত ভাবে গণতন্ত্রের এটাই নিয়ম। এই গণতন্ত্রের নিয়ম মেনেই আমাদের চলতে হচ্ছে। টেলিভিশন সম্পর্কে আপনি যে প্রশ্ন করেছেন আমি এক সঙ্গেই উত্তর দিয়ে দিই। টেলিভিশনের মধ্যে আমাদের এখন মূল নীতি যেটা, সেটা হচ্ছে অতীতে আমরা বলতাম দ্বিতীয় চ্যানেল আমাদের দিয়ে দেওয়া হোক। কারণ এটা একেবারে সরকারের নিয়ন্ত্রণে একটি মাধ্যম হয়ে আছে। এখনও এটা হয়ে আছে। যখন সরকার সেটা নিয়ন্ত্রণ করতেন দিল্লিতে, তারপর যখন বিভিন্ন মেট্রোপলিটন

চ্যানেল হয়ে গেল, সেকেন্ড চ্যানেল, আমরা তখন বললাম, সেকেন্ড চ্যানেল প্রত্যেকটা রাজ্যের হাতে দিয়ে দেওয়া হোক। কিন্তু আপনারা লক্ষ্য করেছেন এক প্রশ্ন এই ব্যাপারে কিছুদিন আগে এসেছিল এখানে। আমি তখন এই প্রশ্নের উত্তর দিতে প্রস্তুত ছিলাম। কিন্তু আসে নি প্রশ্নটা। প্রসার ভারতী বিল আসার সঙ্গে সঙ্গে, প্রসার ভারতী বিল পার্লামেন্টে গ্রহণ করার সঙ্গে সঙ্গে তার পরবর্তী কাজে আমরা আর দ্বিতায় চ্যানেলের দাবি কখনও করি নি।

আমরা সেই দাবি তুলে নিয়েছি। কেন তুলে নিয়েছি? এই কারণে তুলে নিয়েছি যে, প্রসার ভারতী বিলের মূল যেটা কনসেপ্ট বা মূল যেটা ধারণা সেটা হচ্ছে সরকারি নিয়ন্ত্রণ থেকে বার করে এটাকে একটা অটোনমাস অন্তত ফাংশনাল অটোনমি, একটা স্বাধীন স্বায়ত্ব শাসন মূলক সংস্থা হিসাবে রূপান্তরিত করা। এটাই হচ্ছে প্রসার ভারতী বিলের মূল কথা। এই প্রসার ভারতী বিল পার্লামেন্টে সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়েছে। দুর্ভাগ্যের বিষয় হল, তার পর থেকে নরসিমা রাও সরকার এটা নিয়ে চুপচাপ বসে রইলেন। অজিত বাবু যখন এর মন্ত্রী ছিলেন তখন আমি অজিত বাবুকে বলেছি আপনি এটাকে কার্যকর করুন, যখন সিংদেও সাহেব মন্ত্রী ছিলেন তখন তাকেও বলেছি যে এবারে আপনি একটা উদ্যোগ নিন, উনি আমাকে বারবার বলেছেন এবারে ক্যাবিনেটে আসবে কিন্তু সেটা হয় নি। সুব্রত বাবুও এ ব্যাপারে খানিকটা উদ্যোগ নিয়েছিলেন আমি জানি, আপনাদের অনেকেরই মনোভাবই আমি জানি যে প্রসার ভারতী বিল এখনই রূপায়িত হোক কিন্তু সেটা হয় নি। এতে মূল ধারণা যেটা আছে সেটা হচ্ছে, সংশ্লিষ্ট বিভাগের নিয়ন্ত্রণ চলে যাবে এবং একটা বোর্ড অব গভর্নাস প্রেসিডেন্ট নির্বাচিত করবেন। তারা হবেন একেবারে আমাদের দেশের মিডিয়া ও সংস্কৃতি জগতের প্রথম সারির ব্যক্তিত্ব। তাদের নিয়ে একটা বোর্ড, অব গভর্নাস হবে এবং তারাই নিয়ন্ত্রণ করবেন গোটা টেলিভিশনের কর্মসূচি, কর্মনীতি। আমরা এটাই চেয়েছিলাম। এই বিল পাস হবার পর থেকে দ্বিতীয় চ্যানেলের দাবি আমরা আর করি নি, সেই দাবি তুলে নিয়েছি। এখনও আমরা করছি না। তবে এই প্রসার ভারতী বিল যখন তৈরি হয় তখন আমাদের সরকারের কাছ থেকে মতামত চাওয়া হলে আমরা বলেছিলাম, যেমন দিল্লিতে একটা বোর্ড অব গভর্নাস থাকবে তেমনি আঞ্চলিক স্তরে একটি করে অ্যাডভাইসারি কমিটি হওয়া উচিত। কারণ আমাদের মতন এত বড় একটা দেশে দিল্লির বা কেন্দ্রের একটা বোর্ড অব গভর্নাস তাতে ৭ জন কি ৯ জন থাকবেন তারা এত বড় দেশকে নিয়ন্ত্রণ করতে পারবেন না। এতগুলি রিজিওন্যাল চ্যানেল হয়ে গিয়েছে, মেট্রোপলিটন চ্যানেল হয়ে গিয়েছে তাই আঞ্চলিক স্তরে একটি করে অ্যাডভাইসারী কমিটি হওয়া উচিত। সেটা রাজ্যপালরা মনোনীত করবেন আঞ্চলিক কর্মসূচির জন্য। এই একটা নূতন প্রস্তাব আমাদের ছিল তাদের কাছে কিন্তু সেটা তারা গ্রহণ করেন নি। পরবর্তীকালে তারা কথা দিয়েছিলেন এটা রুলসের মধ্যে আনার চেষ্টা করবেন, আইনের দরকার নেই এবং আমি তাতেই রাজি হয়ে গিয়েছিলাম। কিন্তু এখন দেখছি সবটাই আটকে যাচ্ছে। তারপর আর একটা কথা এখানে বলা হয়েছে যে, টি. ভি.-কে চাপের মধ্যে রাখা হয়েছে। আমাকে যদি বলেন, আমাদের রাজ্য সরকারের কথা, কোন এম. এল. এ. কি করেছেন আমি তার কৈফিয়ত দিতে পারব না কিন্তু আমাদের রাজ্য সরকারের কথা হচ্ছে, কোনও চাপ নয়। ওদেরও আমরা চাপ দিই না, আমাদেরও ওদের

চাপ দিতে বারণ করে দিয়েছি। অর্থাৎ ওদের কোনও কমিটিতে আমি যাই না, আমার কোনও প্রতিনিধি নেই। ওদের কোনও মিটিং-এ আমরা যাই না, কোনও পরামর্শ দিই না এবং এমন কি পরামর্শ চাইলেও দিই না। একেবারে যদি বলেন বলতে পারেন অসহযোগিতা। আর ব্যক্তিগত ভাবে আমাকে যদি বলেন তাহলে বলব, এতদিন এখানে আছি আজ পর্যন্ত টি. ভি.-র কোনও কর্মকর্তার সঙ্গে কোনও দিন দেখা করি নি, কোনও দিন টেলিভিশনে যাই নি, আজ পর্যন্ত কোনও দিন যাই নি। কেন যাই নি যদি জিজ্ঞাসা করেন তাহলে বলব, এটা নীতিগত প্রশ্ন। আমরা বলেছিলাম, অ্যাডভাইসারী কমিটি করতে হবে এবং তার একটা নীতি ঠিক করতে হবে, তার পাওয়ারস ঠিক করতে হবে। এখন কি ভাবে এই অ্যাডভাইসারী কমিটি হবে? দিল্লির একজন অফিসার বলে দিলেন যে এই ৬ জন অ্যাডভাইসার, আমি সেটা মানব না। এ রাজ্যে কারা অ্যাডভাইসারি কমিটিতে থাকবেন, তার নীতিটা কি হবে, মাপকাঠিটা কি হবে আর সেই অ্যাডভাইসারি কমিটির দায়িত্বটাই বা কি হবে — সেই দায়িত্ব এবং গঠন সম্পর্কে মত না দিয়ে কয়েকজনকে পিক অ্যান্ড চুস করে একটা অ্যাডভাইসারী কমিটি করবেন — এতে আমি কখনওই যাব না। আজ পর্যন্ত আমি কোনও কমিটিতে যাই নি, আজ পর্যন্ত তাদের কারুর সঙ্গে দেখা করি নি — এই হচ্ছে আমার অবস্থা। তারপর যে প্রশ্নটা এসেছে সেটা হচ্ছে 'পশ্চিমবঙ্গ' ইত্যাদি পত্রিকা সম্পর্কে। এই প্রসঙ্গে মাননীয় সদস্যদের বলতে চাই, 'পশ্চিমবঙ্গ' পত্রিকা বার করার উদ্দেশ্য শুধু বাণিজ্যিক দিকে লক্ষ্য রেখে নয়।

[5-40 — 5-50 P.M.]

বাণিজ্যিক লক্ষ্যে অনেক পত্র পত্রিকা বের হয়। সরকারের লক্ষ্য বাণিজ্যিক হওয়া উচিত নয়। আমাদের সরকারের সিদ্ধান্ত সকল শ্রেণীর মানুষ যাতে পেতে পারে। আমাদের অডিটোরিয়াল বেসে দুবার একথা বলেছি এবং লিখেও দিয়েছি যে বিরোধীদের বক্তব্য, বিশেষ করে বিরোধী দলের নেতার বক্তব্য নিশ্চয়ই এখানে জায়গা পাওয়া উচিত, রীতি হওয়া উচিত। এটা উনি সঠিক বলেছেন। এই বিষয়ে আমি নীতিগত ভাবে একমত। আমি ইতিমধ্যে বলেছি যে কিছু কর্মসূচিতে — অ্যাসেম্বলি হোক বা বাইরে হোক — বিরোধী দলের নেতাকে সেই জায়গায় দেখানো উচিত। তার একটা আলাদা মতামত, একটা আলাদা ইন্টারভিউ নেওয়া উচিত বলে মনে করি। আমাদের পশ্চিমবঙ্গে অনেকগুলি ভাষায় পত্র পত্রিকা বের হয়। বাংলা ছাড়া ইংরাজি, উর্দু, নেপালি এবং সাঁওতালী ভাষায় পত্র পত্রিকা বের হয়। আমরা আপনাদের বাংলা এবং ইংরাজিটা দিই। আমরা হিসাব করে দেখেছি যে সাধারণ ভাবে এর জন্য ৬৫ থেকে ৭০ লক্ষ টাকা খরচ হয়, তার বেশি নয়।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** বুদ্ধদেব বাবু, একটু বসুন। এটা ৫-৪০ মিনিটে শেষ হবার কথা। কিন্তু আমার মনে হচ্ছে আরও কিছু সময় দরকার। কাজেই আমি আরও ২০ মিনিট সময় বাড়িয়ে দিচ্ছি, আশা করি আপনাদের আপত্তি নেই। ২০ মিনিট সময় বাড়ানো হল।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এখানে যে সার্কুলেশন হয় তাতে বাংলায় ৬ হাজার, ইংরাজিতে ২ হাজার, হিন্দি, উর্দু এবং নেপালিতে ৫ থেকে ৬ শত, আর সাঁওতালী'তে ২।। হাজার।

অপর দিকে পয়সা দিয়ে যারা কেনেন সেখান থেকে আমরা প্রায় ১০ থেকে ১২ লক্ষ টাকা পাই। তাহলে ৭০ লক্ষ থেকে ১০ লক্ষ বাদ দিলে আমাদের প্রায় ৫০ থেকে ৬০ লক্ষ টাকা ভরতুকি দিতে হয়। এছাড়াও কিছু কমপ্লিমেন্টারি কপি দিই। আপনারা যদি বলেন যে সরকার এই ভাবে ৬০ লক্ষ টাকা জলে দিচ্ছে, কিন্তু আমরা মনে করি যে জলে দিচ্ছি না। সামগ্রিক ভাবে এতে সরকারের কিছু বক্তব্য তুলে ধরা হয়েছে। আমরা কয়েকটি বিশেষ সংখ করেছিলাম যেমন — রবীন্দ্রনাথ, বিদ্যাসাগর, এগুলির চাহিদা প্রচুর আসছে। রবীন্দ্রনাথ, বিদ্যাসাগর, গান্ধীজী, বঙ্কিমচন্দ্র, অবনীন্দ্রনাথ এবং সাঁওতাল বিদ্রোহ, এগুলির প্রত্যেকটি সংখ্যা ১৫ হাজার করে ছাপানো হয়েছিল, সব শেষ হয়ে গেছে। এবারে জেলাতে শুরু করেছি। হুগলি জেলা দিয়ে আমরা শুরু করেছি এবং এই ভাবে প্রত্যেক জেলার সংখ্যা বের করব। এই ভাবে আমরা পত্রিকা চালাতে চাই।

তারপরে অনেকে প্রশ্ন করেছেন যুগান্তর, অমৃতবাজার, বসুমতীর ব্যাপার নিয়ে। বসুমতী কথা এর সঙ্গে আসে কিনা আমি জানি না। বসুমতী সম্পর্কে রাজ্য সরকারের যে সিদ্ধান্ত আছে সেটা কোনও পরিবর্তন হবে না। কারণ একটা সরকারি সংস্থা দিনের পর দিন লক্ষ লক্ষ টাকা ক্ষতি করে কলকাতার বুকে একটা কাগজ চালাবে, এই ক্ষতিটা আমাদের স্বীকার করা উচিত নয়। এই সিদ্ধান্ত করার পরে আমরা পত্রিকাটিকে কলকাতা থেকে শিলিগুড়িতে নিয়ে গেছি। শিলিগুড়িতে এই ধরনের অন্য পত্রিকা নেই। শিলিগুড়িতে এই পত্রিকার এখন প্রায় ১২।। হাজারের মতো মুদ্রণ হচ্ছে। নেপালি ভাষায় একটা পত্রিকা বের হচ্ছে 'সবরমতী' নামে। এটার কোনও কমপিটিটর নেই। কলকাতায় কমপিটিশনে আমরা দাঁড়াতে পারব না, আর সরকারের কোনও কাগজ থাকাও উচিত নয়, এটা নীতিগত ভাবে আমরা মনে করি। আর যুগান্তর, অমৃতবাজার পত্রিকা এগুলি নিয়ে কিছু করতে গেলে সময় লেগে যাবে। কারণ বিরাট সমস্যা আছে, কোটি কোটি টাকা ব্যাঙ্কের কাছে ঋণ আছে, মালিকানা হস্তান্তর হয়েছে, মালিক ছড়িয়ে আছে, একাধিক মালিক হয়েছে। মালিকরা অনেকগুলি ফর্মূলা নিয়ে এসেছে। যখন তরুণ দত্ত চীফ সেক্রেটারি ছিলেন তখন তিনি একটা ফর্মূলা তাদের দিয়েছিলেন। কিন্তু তাতে মালিক পক্ষ রাজি হন নি। তার ফলে এই রকম একটা জায়গায় চলে গেছে কাগজটা। এটা যে শুধু আমরা জানি তা নয়, এটা দিল্লির অনেক কংগ্রেস মন্ত্রীও জানেন। কিন্তু কোনও পথ বের করা যাচ্ছে না। ইউনিয়নের পক্ষ থেকে বলা হয়েছে যে বিজ্ঞাপন বাবদ সরকারের কাছে যে টাকা প্রাপ্য আছে সেটা যেন সরকার দিয়ে দেয় তাহলে কর্মচারিদের মাইনে দেওয়া যাবে। আমরা বলেছি যে, এটা যদি অ্যাসিওর করেন যে এই টাকাটা মাইনা পারপাসে দেওয়া হবে তাহলে আমরা এটা রিলিজ করে দেব, তা না হলে আমরা এটা দেব না। শ্রমিক কর্মচারিদের মাইনে দিতে হবে তাহলে আমরা টাকাটা রিলিজ করে দেবে। তারা রাজি হয়েছেন। আমাদের দায়িত্ব এখন টাকাটা দেওয়া, কিন্তু কাগজ কিভাবে চলবে সেটা জানি না। কোটি কোটি টাকার দায় সেখানে। তাছাড়া আর একটি পেপারের দায়িত্ব নেওয়া সম্ভব নয় বলে মনে হচ্ছে।

আরও কয়েকটি কথা এসেছে নেতাজী শতবার্ষিকী সম্পর্কে সুদীপ বাবুর পক্ষ থেকে। নেতাজী শতবার্ষিকী প্রকৃতপক্ষে ১৯৯৬ সাল ধরে নিয়ে এগোচ্ছিলাম, কিন্তু দিল্লির সরকার

বলেছেন যে, না, ১৯৯৭ সালের ২৩শে জানুয়ারি থেকে সুভাষ সেন্টেনারী শুরু হবে। এরজন্য আমাদের রাজ্যে সর্ব দলীয় কমিটি তৈরি করা আছে, কর্মসূচির রূপরেখাও তৈরি করা আছে যে, কি কি আমরা করতে চাই। সেমিনার, ওয়ার্কশপ, একজিকিউশন, পাবলিকেশন, এসব ছাড়া আমাদের রাজ্যে নেতাজীর উদ্দেশ্যে স্থায়ী কেন্দ্র, পার্মানেন্ট একজিবিশন গ্যালারী, মহাজাতি সদনকে সুন্দর করে সাজানো প্রভৃতি অনেকগুলো কর্মসূচি রয়েছে শতবার্ষিকী উপলক্ষ্যে। দিল্লির সঙ্গে এ মাসের মধ্যে কথাবার্তা বলছি নেতাজী শতবার্ষিকী নিয়ে কিভাবে কাজ করতে চান তাঁরা সেটা জানতে। তবে যেভাবে গুরুত্ব দিয়ে কাজটা করা উচিত সেটা আমরা করব। আর এরজন্য যে একটা সর্ব দলীয় কমিটি করেছি নিশ্চয়ই তার খবর সবাই রাখেন।

এখানে সিনেমার ব্যাপার নিয়ে কিছু কথা উঠেছে, সংস্কৃতির ব্যাপারে কিছু কথা উঠেছে, কথা উঠেছে নাটকের ব্যাপারে। সুদীপ বাবু জানতে চেয়েছেন যে, আমরা একটা রাজনৈতিক অদূরদর্শিতায় ভুগছি কিনা। তিনি বলেছেন, আমরা নাকি পার্টিজেন ওয়েতে এগোচ্ছি। গত দুই বছরে আমরা দীনবন্ধু পুরস্কার, আলাউদ্দিন পুরস্কার, অবনীন্দ্র পুরস্কার, লালন পুরস্কার এবং উদয়শঙ্কর পুরস্কার দিয়েছি। দীনবন্ধু পুরস্কার দিয়েছি ১৯৯৫ সালে শ্রী জ্ঞানেশ মুখোপাধ্যায় এবং ১৯৯৬ সালে শ্রী কুমার রায়কে, আলাউদ্দিন পুরস্কার দিয়েছি ১৯৯৫ সালে শ্রীমতী সন্ধ্যা মুখোপাধ্যায় এবং ১৯৯৬ সালে শ্রী ধীরেন্দ্রচন্দ্র মিত্রকে, অবনীন্দ্র পুরস্কার দিয়েছি ১৯৯৫ সালে শ্রী সোমনাথ হোড় এবং ১৯৯৬ সালে শ্রী ধীরেন্দ্রচন্দ্র ব্রহ্মকে, লালন পুরস্কার দিয়েছি গত বছরে এয়ানুতুল্লা বিশ্বাস এবং এ বছর শ্রীমতী সিন্ধুবালা দেবীকে এবং উদয়শঙ্কর পুরস্কার দিয়েছি গত বছর শ্রীমতী মঞ্জুশ্রী চাকী সরকার এবং এ বছর শ্রীমতী মমতাশঙ্করকে। শ্রী জ্ঞানেশ মুখোপাধ্যায়, সন্ধ্যা মুখোপাধ্যায়, এয়ানুতুল্লা বিশ্বাস বা মমতাশঙ্কর — এঁদের রাজনৈতিক পরিচয় নিশ্চয়ই দেবার প্রয়োজন নেই। কাজেই রাজনৈতিক অদূরদর্শিতায় আমরা ভুগছি না। তারপর প্রশ্ন করেছেন, মাদার দৃষ্টি না দিয়ে গ্রুপ থিয়েটারের উপর গুরুত্ব দিচ্ছি কেন। কিন্তু আমরা সেভাবে বিষয়টা ভাবছি না, আমাদের পুরস্কার প্রাপকদের মধ্যে মাদার থিয়েটারের শিল্পীরাও রয়েছেন। সৌমিত্র বাবু, রবি ঘোষ, জ্ঞানেশ মুখার্জি, দিলীপ মুখার্জি — এরা মঞ্চেই অভিনয় করেন এবং পুরস্কার যখন দেওয়া হয় তখন ওভাবে ভাগটা আমরা করি না। এখানে স্টার থিয়েটার নিয়েও প্রশ্ন উঠেছে। স্টার থিয়েটার একটা পুরানো ঐতিহ্য। তাকে বাঁচাতে অজিত বাবু চেষ্টা করেছিলেন, কিন্তু ওখানে রয়েছে জটিল সমস্যা মালিকানা এবং লিজ নিয়ে। তাদের কেউ এক্ষেত্রে কিছু করতে চাইছেন না। একজন মালিককে লিজ দেওয়া হয়েছে, কিন্তু সেখানেও আইন নিয়ে জটিলতা। অজিত বাবু বলেছিলেন — আপনার মাধ্যমে আমরা টাকা দিয়ে সাহায্য করব সেখানে মালিকানা এবং লিজ নিয়ে বিরোধ রয়েছে, সুতরাং স্টার থিয়েটার সমস্যা দূর করা জটিল।

এরপর বলছি, [illegible] স্কোয়ার সম্বন্ধে অতীতের যে [illegible] সেটা কাটিয়ে সেখানে ন্যাচারাল ওয়াটার বডি, বাগান ইত্যাদি সুন্দর করার এটা চূড়ান্ত হয়ে গেছে। [illegible] কোটি টাকার প্রোজেক্ট এবং তার মধ্যে [illegible] কোটি টাকা দিল্লির সরকার দেবেন বলে আমরা কমিটমেন্ট পেয়েছি। তার মধ্যে ৩৫ লক্ষ টাকা তারা দিয়েও দিয়েছেন এবং মনে হচ্ছে সব টাকাটা পাব আমরা। কাজটা আমরা শুরু করে দিয়েছি। আর একটি কথা বলছি, উনি বলেছেন, জেলায়

জেলায় মেলাটেলা যা করছিলাম সেসব এখন বন্ধ, বিষয়টি নেগলেক্ট করছি আমরা। আমি সুদীপ বাবুর এই একটি সমালোচনা মেনে নিচ্ছি। জেলা ইনফর্মেশন সেন্টারগুলির নেতৃত্বে যেসব অফিসাররা রয়েছেন, ঐ অংশটা দুর্বল হয়ে পড়েছে আমাদের।

[5-50 — 6-00 P.M.]

কারণ ওঁদের অতীতের ধারণা বর্তমান দুনিয়ার সঙ্গে মিলছে না, খুব দুর্বল হয়ে পড়েছে। তার ফলে আমাদের যে অ্যাফেকটিভনেস, যাকে বলে কার্যকারিতা সেটা কমে গিয়েছে। গ্রামাঞ্চলের ইনফরমেশন সেন্টার, সেইগুলিকে আধুনিক করা যায় নি। কি যন্ত্রপাতি দেওয়া যায়, তাদের কি করে ট্রেনিং দেওয়া যায় সেইগুলির কথা ভাবা হচ্ছে। পুরানো অবস্থা চলছে না যে শিক্ষা নিয়ে ওখানে গিয়েছিল। কিন্তু গ্রামাঞ্চলে মেলা উৎসব যা হোক বলুন আমাদের যা ছিল তার ১০ গুণ বেড়ে গিয়েছে। এত মেলা এত উৎসব হচ্ছে, লোকনাট্য উৎসব বাউল ছৌ এটা ওটা গম্ভীরা প্রতিটি জেলায় হচ্ছে। এখানে আমাকে একটা তালিকা লিখে দিয়েছে পেছন থেকে, সেটা পড়তে গেলে ১০ মিনিট সময় লেগে যাবে। গ্রামাঞ্চলে প্রচুর হচ্ছে এবং আমরা এইগুলির ব্যাপারে মোটামুটি সতর্ক আছি যে গ্রামাঞ্চলে লোক সংস্কৃতির উপর জোরটা যাতে একদম না কমে যায়। সংস্কৃতির আর একটা দিক নিয়ে আলোচনা হয়েছে। সেটা হচ্ছে ফিল্ম। ফিল্মের ব্যাপারে প্রথমে বলে রাখি ফিল্ম ইন্সটিটিউট, এটা কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা, আমাদের দায়িত্ব ছিল জমি দেবার। আমরা খুব তাড়াতাড়ি জমি জোগাড় করে ফেলি। সবাই খবরটা সব জানেন না। এখানে প্রথম ফেজের যে কাজ সেটা শেষ হয়ে গিয়েছে। ওনারা ৪০ কোটি টাকা দিয়েছিলেন প্রথম ফেজের জন্য। প্রথম ফেজের জন্য যা করার সেটা হয়ে গিয়েছে। ওরা সেপ্টেম্বর মাস থেকে ক্লাশ শুরু করতে চাইছে। ক্লাশ শুরু করতে যাচ্ছে কিন্তু একটা সমস্যা হচ্ছে, সেটা হল স্টুডেন্টদের জন্য হোস্টেল করা হয় নি। এটা যে কেন ফার্স্ট ফেজে ছিল না আমি জানি না। এটাতে আমার কিছু করার নেই। এখন আমাকে বলছেন হোস্টেল জোগাড় করে দিন ছেলেদের জন্য। ওরা থাকবে কোথায়? ফিল্ম ইন্সটিটিউটের ডাইরেক্টর অ্যাপয়েন্টমেন্ট হয়েছে। কাকে বলতে শুনলাম উনি নাকি আমার লোক, বুদ্ধ ভক্ত। তাঁর নাম হল বুদ্ধদেব দাশগুপ্ত। আমার নাম হলে আমার ভক্ত হবে এটা আমি বুঝতে পারছি না। তাঁকে অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন কেন্দ্রীয় সরকার, তিনি একজন প্রথম সারির পরিচালক। তিনি এই রাজ্যের মানুষ, আমি তাঁকে অ্যাপয়েন্টমেন্ট দিই নি, দিয়েছেন কেন্দ্রীয় সরকার। আমার মনে হয় ঠিকই দিয়েছেন, ঠিক লোককে ঠিক জায়গায় দিয়েছেন। বুদ্ধদেব দাশগুপ্ত, তিনি একজন পরিচালক, তারপর একটা কমিটি তৈরি হবে, তারপর তার ক্যারিকুলাম তৈরি হবে, টিচার নেওয়া হবে। শুনছি সেপ্টেম্বর মাস থেকে ক্লাশ শুরু হবে, কারণ আমার কাছ থেকে ওঁরা ঘর চাইছে, যে ঘর না দিলে হোস্টেল করা যাচ্ছে না। এখানে যে বাউন্ডারি ওয়ালটা লাগে সেটা রাখা যায় নি। কারণ

এখানে বাউন্ডারি দেওয়াল দেওয়ার ফলে এখানে প্রথম নামের ফলকটা যেটা ছিল সেটা তুলে নিতে হয়েছে। এখন বাউন্ডারি ওয়াল হয়ে গিয়েছে। গিয়ে একদিন দেখে আসবেন, ভাল কাজ হয়েছে। আর একটা কথা হল আরকাইড। আরকাইড সম্পর্কে আমরা কেন্দ্রীয় সরকারকে বারে বারে বলেছি যে বোম্বের আরকাইড ছাড়া রিজিওনাল আরকাইড করুন। পৃথিবীর নামি-দামি চলচিত্রের সংগ্রহ আমাদের এখানে থাকবে। সেই ব্যাপারে তাঁরা এখনও উদ্যোগ নেন নি। আমাদের একার দায়িত্বে আমরা পারছি না। শুরু করেছি, সত্যজিৎ বাবুর ফিল্মগুলিকে নিয়ে আরকাইড, সেটা আমরা তৈরি করব। সেটা আমাদের হয়েছে, এখন আপাতত নন্দনে আছে। আমরা একটা বাড়ি করব, সেন্টেনারী বিল্ডিং করব, সেখানে আমরা এটাকে নিয়ে যাব এবং সেখানে আমরা আরকাইডটা সত্যজিৎ রায়কে দিয়ে শুরু করব। সেখানে বিশ্বের ভাল ফিল্মগুলি রাখার চেষ্টা করব। ওয়ারনার ব্রাদারের সঙ্গে আমাদের কোনও চুক্তি হয় নি, প্রাথমিক কিছু কথা হয়েছিল। কিছু শর্ত তাঁরা দিয়েছিলেন। শর্ত সম্পর্কে আলোচনা করে দেখলাম এটা আমাদের পক্ষে ঠিক হবে না। তারপর তাঁরা চলে গিয়েছেন, তারপর কোনও যোগাযোগ আমাদের সঙ্গে হয় নি। টেকনিশিয়ানদের যে ওয়েলফেয়ার ফান্ড আছে সেই ওয়েলফেয়ার ফান্ডের ব্যাপারে দুর্ভাগ্য হচ্ছে আমরা বুঝি কেউ মারা গেলে ৫-১০ হাজার টাকা দিলে কিছুই হয় না, আরও বেশি দেওয়া দরকার। কিন্তু সবটাই আমরা দিচ্ছি। আমরা ই. আই. এম. পি. এ.-কে বারে বারে বলেছি আমাদের রাজ্যে যাঁরা চলচ্চিত্রের মালিক পক্ষ, তাঁরা কিছু ফান্ড দিন। বারে বারে বলেছি আপনারা কিছু ফান্ড দিন। টেকনিশিয়ানদের ব্যাপারে আপনাদেরও কিছু দায়িত্ব আছে, সরকারের একার দায়িত্ব নয়। তাঁরা ফান্ড দিচ্ছে না বলে শুধু সরকারি ফান্ডে চলছে বলে এতে টাকা আমরা বাড়াতে পারছি না এখন। যদি ই. আই. এম. পি. এ. অর্থাৎ মালিক পক্ষ কিছু টাকা দেয় তাহলে এই ওয়েলফেয়ার ফান্ডটা আরও বাড়াব এই চেষ্টা আমরা করছি। বে-আইনি ভি. ডি. ও.-র ব্যাপারে বলেছেন। এটা সত্যিই একটা গুরুত্বপূর্ণ ব্যাপার, এই ব্যাপারে সবাই আমরা একই জায়গায় আছি। ভি. ডি. ও. পোস্টার, হোর্ডিং এই সবগুলো নিয়ে কিন্তু গুলিয়ে যাচ্ছে। কোন ম্যাগাজিনে কি ছবি বার হচ্ছে হোর্ডিং-এ কি ছবি বার হচ্ছে এই ব্যাপারে আমার হাতে কোনও আইন নেই। আমার হাতে আইন যেটা আছে সেটা সুব্রত বাবু করে গিয়েছিলেন। সিনেমার পোস্টার যেটা হবে সেই পোস্টারটা সেন্সার করা যাবে। আমরা ওদের প্রায়ই ডেকে বলি যে সিনেমার বাজে পোস্টার দেখলে ব্যান করে দেব। সেই আইন আমাদের হাতে আছে। কিন্তু তাও তার ফাঁক দিয়ে কিছু কিছু বেরিয়ে যায়। সিনেমার পোস্টার ছাড়া আর কোনও হোর্ডিংয়ে, কোনও প্রাইভেট কোম্পানির হোর্ডিংয়ে আমরা হাত দিতে পারি না। আইনের দিক থেকে এই হচ্ছে সমস্যা। কিন্তু বে-আইনি বই আর বে-আইনি ফিল্মস, ভিডিও ফিল্মস, আনসেন্সর্ড যেগুলো বলেছেন, সেগুলোতে আমাদের নিশ্চয়ই একটা দায়িত্ব আছে। কিন্তু এগুলোতে আপনারা যেখানে আছেন, আমরাও সেখানে আছি। সেখানে মাঝে মাঝে পুলিশ গিয়ে তুলে আনে কিছু।

আবার সেগুলো শুরু হয়ে যায়। কর্পোরেশন বিল্ডিংসের পাশে যেগুলো বলছেন, বা কিছু ভিডিও ক্লাব যেগুলো আছে, আমি জানি, পুলিশ গিয়ে মাঝে মাঝে সেখান থেকে তুলে আনে। আবার শুরু হয়ে যায়। সেখানে একদিকে যেমন আরও বেশি প্রশাসনের ব্যবস্থা নেওয়া উচিত, আর একদিকে রাজনৈতিক দিক থেকে আরও একটু উদ্যোগ নিলে, তাতে ছাত্র যুব, বিভিন্ন এনজিওস, বে-সরকারি প্রতিষ্ঠান, উইমেন্স অর্গানাইজেশন্স তাঁরা সবাই মিলে একটা প্রচেষ্টা নিলে, প্রতিবাদ করতে পারলে, সবাই মিলে একটা আন্দোলন করতে পারলে বোধ হয় আমাদের কাজটাতে আর একটু সুবিধা হয়। আমাদের কিছু কিছু সমস্যা রয়েছে। আমাদের পার্মানেন্ট এগজিবিশন সেন্টারের কাজ আরম্ভ হয়ে গেছে দিল্লির সঙ্গে, এক সঙ্গে ট্রেড ফেয়ার অথরিটির সঙ্গে। এই কাজগুলো আমাদের চলছে। আমাদের একটু সমস্যা আছে ঠিকই, যেটা আপনি বলছিলেন। ই. জেড. সি. সি., ললিতকলা একাডেমি, সাহিত্য একাডেমি, আই. সি. সি. আর. সব মিলিয়ে কো অর্ডিনেশনটা সত্যিই নেই। নেই, তার কারণ, ওরা এক রকম করে, আমরা এক রকম করছি। কো-অর্ডিনেশন করতে পারলে সত্যিই সেটা ভাল হয়। আমাদের বাংলার পুরতত্ব নিয়ে সুব্রত বাবু কিছু বলেন নি, কেউই কিছু বলেন নি। আমি শুধু বলছি যে, আমাদের কাজ অনেক বেড়েছে। এখানে আর কি করে বলবেন? আমাদের কাজ বেড়েছে। আমাদের সেন্টারটা বেড়েছে। আমাদের আলোচনা বেড়েছে, পাবলিকেশন বেড়েছে। মালদহতে আমরা এক্সক্যাভেশনের খুব গুরুত্বপূর্ণ কাজ করছি। আর সবশেষে আমি বলছি, আমার একটা নাটক নিয়ে একটা কথা উঠেছে। একটা নাটকের জন্য এক রাত্রিতে অত টাকা খরচ হয় না। লোকরঞ্জন শাখার সারা বছরের একটা ফান্ড থাকে। সেই ফান্ডটা তার প্রোডাকশনের জন্য এবং ঘুরে ঘুরে নাটক দেখাবার জন্য থাকে। সেই ফান্ডের মাধ্যমে যা করার করতে হয়। সেখানে আমরা রবীন্দ্রনাথের 'তাসের দেশ' করছি, 'আলিবাবা' নাটকও করছি। আমরা উৎপল দত্তের নাটক এই মুহূর্তে করছি না, করতে পারলে খুশি হতাম। আমরা দীনবন্ধু মিত্রের নীলদর্পন করছি। আপনি আগের দিন উত্তেজিত হয়ে গিয়েছিলেন, সেদিন আমি বলতাম। নীলদর্পন ওঠে নি, চলছে। আমাদের তাসের দেশ হচ্ছে এই মুহূর্তে বেস্ট প্রোডাকশন, আমাদের মতো কেউ করতে পারবে না। সেই সঙ্গে সঙ্গে বলছি, এখন যেটা করছি, 'রাজধর্ম', রাজধর্ম নাটকের ব্যাপারে আমার কোনও কথা নেই। এই নাটকটি সম্বন্ধে আমি শুধু আপনাদের বলছি যে, আপনাদের যদি এই নাটকটি সম্বন্ধে কোনও বক্তব্য থাকে, আমি আপনাদের আমন্ত্রণ জানাই, আগামী ১৫ই আগস্ট স্বাধীনতা দিবসের দিন সন্ধ্যাবেলা দয়া করে রবীন্দ্র সদনে চলে আসুন। আপনারা যদি বলেন, এই নাটক বন্ধ করে দিন, তাহলে আমি বন্ধ করে দেব। আপনারা যদি 'রাজধর্ম' নাটক বন্ধ করতে বলেন, আমি বন্ধ করে দেব। ওখানে আমাদের অনেক আগে যারা বিদ্রোহ করেছিলেন — সন্ন্যাসী এবং ফকির বিদ্রোহ — সেই সন্ন্যাসী এবং ফকির বিদ্রোহের উপরে ঐ নাটক। স্বাধীনতা দিবসের দিন আপনারা নাটকটা দেখুন, আপনাদের একটু পূণ্য হবে। দয়া করে চলে আসবেন। এই

কথা বলে আপনাদের কাট মোশনগুলোকে বিরোধিতা করে এবং আমাদের বাজেট বরাদ্দের প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6-00 — 6-10 P.M.]

**Demand No. 38**

The motion of Shri Deba Prasad Sarkar (cut motion no.1) Shri Abdul Mannan (cut motions no. 2-3) and Shri Saugata Roy (cut motion nos. 4-5) that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 21,15,43,000 only be granted for expenditure under Demand no.38, **Major Heads : "2220 — Information and Publicity, 4220 — Capital Outlay on Information and Publicity and 6220 — Loans for Information and Publicity".**

(This is inclusive of a total sum of Rs. 7,06,00,000 only already voted on account in February, 1996.) was then put and agreed to.

**(At this stage Guillotine fell)**

**Demand No. 1**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 6,78,55,000 only be granted for expenditure under Demand No. 1, **Major Head : "2011 — State Legislatures"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 2,27,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 3**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.

1,85,85,000 only be granted for expenditure under Demand No. 3, **Major Head : "2013 — Council of Ministers"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 62,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 4**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 51,64,35,000 only be granted for expenditure under Demand No. 4, **Major Head : "2014 — Administration of Justice"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 17,22,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 5**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 49,81,05,000 only be granted for expenditure under Demand No. 5, **Major Head : "2015 — Elections"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 37,36,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 6**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 3,36,51,000 only be granted for expenditure under Demand No. 6, **Major Head : "2020 — Collection of Taxes on Income and Expenditure"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 1,13,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

[6-10 — 6-22 P.M.]

**Demand No. 8**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 26,29,95,000 only be granted for expenditure under Demand No. 8, **Major Head : "2030 — Stamps and Registration"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 8,77,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 9**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 25,00,000 only be granted for expenditure under Demand No. 9, **Major Head : "2035 — Collection of Other Taxes on Property and Capital Transactions"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 9,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 10**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 19,97,00,000 only be granted for expenditure under Demand No. 10, **Major Head : "2039 — State Excise"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 7,84,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 11**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 38,30,40,000 only be granted for expenditure under Demand No. 11,

**Major Head : "2040 — Sales Tax"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 12,77,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 13**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 11,25,35,000 only be granted for expenditure under Demand No. 13, **Major Head : "2045 — Other Taxes and Duties on Commodities and Services"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 3,76,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 14**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 6,83,60,000 only be granted for expenditure under Demand No. 14, **Major Head : "2047 — Other Fiscal Services"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 2,28,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 16**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 35,00,000 only be granted for expenditure under Demand No. 16, **Major Head : "2049 — Interest Payments"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 12,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

## Demand No. 20

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 24,43,00,000 only be granted for expenditure under Demand No. 20, **Major Head : "2054 — Treasury and Accounts Administration"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 8,15,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

## Demand No. 22

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 35,12,40,000 only be granted for expenditure under Demand No. 22, **Major Head : "2056 — Jails"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 1,71,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

## Demand No. 27

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 85,31,25,000 only be granted for expenditure under Demand No. 27, **Major Head : "2070 — Other Administrative Services (Excluding Fire Protection and Control)"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 28,44,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

## Demand No. 28

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 5,88,92,85,000 only be granted for expenditure under Demand No. 28, **Major Head : "2071 — Pensions and Other Retirement Benefits"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 1,96,31,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 29**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 5,91,55,000 only be granted for expenditure under Demand No. 29, **Major Head : "2075 — Miscellaneous General Services"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 2,96,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 31**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 29,22,45,000 only be granted for expenditure under Demand No. 31, **Major Head : "2204 — Sports and Youth Services"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 9,75,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 42**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,43,37,51,000 only be granted for expenditure under Demand No. 42, **Major Head : "2235 — Social Security and Welfare (Social Welfare)"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 47,80,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 43**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.

14,14,00,000 only be granted for expenditure under Demand No. 43, **Major Head : "2236 — Nutrition"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 4,72,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 44**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,04,26,00,000 only be granted for expenditure under Demand No. 44, **Major Head : "2245 — Relief on account of Natural Calamities"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 52,13,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 46**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 21,84,75,000 only be granted for expenditure under Demand No. 46, **Major Head : "2250 — Other Social Services, 4250 — Capital Outlay on Other Social Services and 6250 — Loans for Other Social Services"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 7,29,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 49**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 72,51,08,000 only be granted for expenditure under Demand No. 49, **Major Head : "2403 — Animal Husbandry and 4403 — Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings)"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 24,18,00,000 only already

voted on account in February, 1996.), was then put and agreed to.

### Demand No. 50

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs 102,25,37,000 only be granted for expenditure under Demand No. 50 **Major Head : "2404 — Dairy Development and 4404 — Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 34,12,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

### Demand No. 51

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 49,10,90,000 only be granted for expenditure under Demand No. 51, **Major Head : "2405 — Fisheries, 4405 — Capital Outlay on Fisheries and 6405 — Loans for Fisheries"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 16,38,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

### Demand No. 52

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 98,60,35,000 only be granted for expenditure under Demand No. 52. **Major Head : "2406 — Forestry and Wild Life and 4406 — Capital Outlay on Forestry and Wild life"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 32,87,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

## Demand No. 64

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 102,66,39,000 only be granted for expenditure under Demand No. 64, **Major Head : "2551 — Hill Areas, 4551 — Capital Outlay on Hill Areas and 6551 — Loans for Hill Areas"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 51,34,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

## Demand No. 65

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 72,28,60,000 only be granted for expenditure under Demand No. 65, **Major Head : "2575 — Other Special Areas Programmes and 4575 — Capital Outlay on Other Special Areas Programmes"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 36,15,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

## Demand No. 72

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,12,50,00,000 only be granted for expenditure under Demand No. 72, **Major Head : "2810 — Non-Conventional Sources of Energy"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 38,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

## Demand No. 82

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 4,80,000 only be granted for expenditure under Demand No. 82, **Major**

**Head : "3425 — *Other Scientific* Research"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 2,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 83**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 22,03,96,000 only be granted for expenditure under Demand No. 83, **Major Head : "3451 — Secretariat — Economic Services"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 7,35,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 84**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 5,89,95,000 only be granted for expenditure under Demand No. 84, **Major Head : "3452 — Tourism and 5452 — Capital Outlay on Tourism"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 1,98,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 85**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 5,60,70,000 only be granted for expenditure under Demand No. 85, **Major Head : "3454 — Census, Surveys and Statistics"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 1,87,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

**Demand No. 89**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 13,11,00,000 only be granted for expenditure under Demand No. 89, **Major Head : "2215 — Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution)"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 4,37,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

## Demand No. 99

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 62,25,00,000 only be granted for expenditure under Demand No. 99, **Major Head : "7610 — Loans to Government Servants etc and 7615 — Miscellaneous Loans"** during the current financial year.

(This is inclusive of a total sum of Rs. 31,13,00,000 only already voted on account in February, 1996.), was then put and agreed to.

## ADJOURNMENT

The House was then adjourned at 6.22 P.M. till 11 A.M. on Monday, the 22nd July, 1996 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Wednesday, the 22nd July, 1996 at 11.00 A.M.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair 16 Ministers, 9 Ministers of State and 162 Members.

[11-00—11-10 a.m.]

### Held over Starred Questions (to which oral answers were given)

### Pending cases before Calcutta High Court

***4.** (Admitted Question No. *326) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-Charge of the Judicial Department be pleased to state—

(a) the number of Criminal and Civil cases lying pending before Hon'ble Calcutta High Court at the end of December, 1995;

(b) the number of proclamation and attachment issued by the Hon'ble Calcutta High Court till December, 1995; and

(c) the number of proclamation and attachment not executed ?

**Shri Nishith Ranjan Adhikary :** (a) No. of Criminal Cases; (Appellate side and Original side)=21,631. No. of Civil Cases: (Appellate side and Original side)=2,28,623.

(b) 57 (During the period from 1st. January 1991 to 31st. December, 1995).

(c) 14 (During the period from 1.1.91 to 31.12.1995).

**শ্রী সুলতান আহমেদ ঃ** ক্রিমিনাল এবং সিভিল কেস আড়াই লক্ষ মতো পেন্ডিং আছে। মন্ত্রী মহোদয় জানাবেন, এর কারণটা কি? কেসগুলো এক্সপিডাইট করছেন না কেন? কমপ্লিট হয় নি কেন? কেন হাইকোর্টে পড়ে আছে? এটা কি জাজের অভাবের জন্য না কি অ্যাডমিনিস্ট্রেটিভ ল্যাপসের জন্য? কারণটা কি?

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী ঃ** অ্যাডমিনিস্ট্রেটিভ ল্যাপসের পসিবলি থাকার কথা নয়,

কারণ এটা জুডিসিয়াল ফাংশন। সেখানে আমাদের অভিজ্ঞতা থেকে দেখা যায়, জাজ বেশি দিলে মামলা আরও বাড়ে। এটা আমাদের অভিজ্ঞতা। দ্বিতীয়ত, কেস্ ডিসপোজ করার দায়িত্ব হচ্ছে জজ সাহেবের। তৃতীয়ত, জজ বাড়ানো বা কমানোর দায়িত্ব হাইকোর্টের ব্যাপার। সেটা কেন্দ্রীয় সরকারের এবং সুপ্রীম কোর্টের চিফ জাস্টিসের ব্যাপার।

**শ্রী সুলতান আহমেদ :** আপনি নতুন মন্ত্রী, হাইকোর্টের ব্যারিস্টার, অ্যাডভোকেট ছিলেন। আপনি দায়িত্ব নেওয়ার পর যাদের কেস পেন্ডিং আছে সে ব্যাপারে চিফ জাস্টিসের ল-ডিপার্টমেন্টে কি ব্যবস্থা নিয়েছে। পুয়োর পিপল বিচার পাচ্ছে না। তাদের একটা ধারণা হচ্ছে, গুড মানি—গুড ল, গুড মানি—গুড ব্যরিস্টার, গুড মানি—গুড জাস্টিস। আজকে যে আড়াই লক্ষ কেস পেন্ডিং রয়েছে গভর্নমেন্ট সে সম্বন্ধে কি ব্যবস্থা নিয়েছে।

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী :** মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি, এ ব্যাপারে শুধু ভাগ করে, বা একই মামলার সঙ্গে কতগুলো মামলা কানেকটেড, কতগুলো ডিপোজ করে দেওয়া যায়—এ ব্যাপারে কমপিউটারাইজড সিস্টেম হাইকোর্ট কাজ করতে আরম্ভ করেছে। এটা হচ্ছে প্রথম কথা। আমি দায়িত্ব নেওয়ার পর, যেগুলো অত্যন্ত জরুরি মামলা, যেগুলোর সঙ্গে পাবলিক ইন্টারেস্ট জড়িত, পলিসি জড়িত সেগুলোকে যাতে আলাদা করা যায় সে সম্বন্ধে চিফ জাস্টিস অফ ক্যালকাটা হাইকোর্ট এর সঙ্গে কথা হয়েছে একটা আলাদা লিস্ট করার জন্য।

**শ্রী সুলতান আহমেদ :** গভর্নমেন্ট এবিষয়ে কি স্টেপ নিয়েছে। ঐ কেসগুলোর ব্যাপারে সাধারণ মানুষ কি ফল পাবে?

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী :** আমি দুঃখিত। মাননীয় বিধায়ক মনে হয় আমার নিবেদন বুঝতে পারেন নি। আমি আবার বলছি। বর্তমানে দেখা যাচ্ছে, একটা মামলার উপর হয়তো ৫ হাজার মামলা জড়িত। অর্থাৎ একটা করে কার্ডিন্যাল কেস হয় এবং তার সঙ্গে একই পয়েন্টে অনেক মামলা জড়িত থাকে। আমরা সেইগুলোকে আলাদা করার চেষ্টা করছি। আমাদের সরকারের যে দপ্তরে আছে সে দপ্তর থেকে আমরা সেগুলোকে দেখছি যে, কত রকম কেস আছে। আশা করি কিছুদিনের মধ্যে আমরা সেই জায়গায় আসতে পারব। একই সঙ্গে কমপিউটারে কোনও কেস কত দিন পেন্ডিং আছে বা মনিটর করার কাজ কলকাতা হাইকোর্ট নিজেরা করছেন। আর যেগুলো জরুরি মামলা সেগুলো আলাদা লিস্ট করার চেষ্টা করা হচ্ছে।

**শ্রী সুলতান আহমেদ :** মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, অরিজিন্যাল সাইড় এবং এ্যাপিলেট সাইডে আজ পর্যন্ত কতগুলো মার্ডার কেস পেন্ডিং আছে?

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী :** অরিজিন্যাল সাইডে শেসন উঠে গেছে। এ্যাপিলেট সাইডে অ্যাপিল থাকে কতগুলো মার্ডার কেস এ্যাপিলেট সাইডে পেন্ডিং আছে তা জানার জন্য সময়

দিতে হবে।

**শ্রী সুলতান আহমেদ :** স্যার, মিনিস্টার ইজ নট রেডি টু গিভ দি রিপ্লাই। তিনি হোম-ওয়ার্ক করে আসেননি।

**Mr. Speaker :** Mr. Ahmed, you asked how many Criminal Cases and Civil Cases were there? The Minister gave the total number. Now, you did not ask any specific question. If you want to know the break up, then he will give you the break up.

[11-10—11-20 P.M.]

**শ্রী নির্মল দাস :** যে সমস্ত পেন্ডিং কেসগুলি আছে সে সম্পর্কে আপনার দপ্তর উদ্যোগ গ্রহণ করেছেন। আমি বলতে চাইছি উত্তরবঙ্গের ৬টি জেলার বিচার প্রার্থীরা চিরদিন বঞ্চিত। এই অবস্থার জন্য উত্তরবঙ্গে একটি হাইকোর্টের পার্মানেন্ট বেঞ্চ করতে চেয়েছেন, সেটা কত দিনের মধ্যে হবে এবং এই পরিষেবা উত্তরবঙ্গের মানুষ পাবে?

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী :** মাননীয় সদস্যকে বলি এই রকম প্রশ্ন আরেকটি আছে প্রশ্ন নং হল ১৮৭৭, সেই প্রশ্নের যখন আমি উত্তর দেব তখনই এর উত্তরও দিয়ে দেব।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় আড়াই লক্ষ কেস পেন্ডিংয়ের কথা বলেছেন, এর বেশিরভাগই সরকার বনাম ব্যক্তির মামলা। আপনি কি জানেন উকিলরা দিনের পর দিন ডেট নিয়ে সরকারের কাছে বিল করছে আর মামলাগুলিকে দীর্ঘায়িত করেন?

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী :** আড়াই লক্ষ মামলা সরকারি আইনজীবীদের অনুপস্থিতিতে বাড়ছে এটা ঘটনা নয়। এমন কোনও অভিযোগও সরকারের কাছে নেই, অভিযোগ এলে দেখা হবে। এমন অভিযোগ নেই যে উকিলরা হাজির না হয়ে বিল করছেন।

**শ্রী রবীন্দ্র ঘোষ :** মাননীয় মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, গরিব মানুষের মামলা দু-তিন বছর এক একটা কোর্টে স্থগিত হয়ে পড়ে আছে, তারা কোর্টে আসছে যাচ্ছে, পয়সা খরচ করছে। সেইসব কেসগুলি যাতে তাড়াতাড়ি শেষ হয় তার ব্যবস্থা করবেন?

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী :** আমিও এ ব্যাপারে অত্যন্ত উদ্বিগ্ন। হাইকোর্টের জাজসাহেবরা বলেন প্রসিডিউরাল প্রেডিকমেন্ট। এর থেকে যত তাড়াতাড়ি উত্তরণ করা যায় তার ব্যবস্থা আমরা করছি।

**শ্রী পদ্মনিধি ধর :** মিঃ স্পিকার স্যার, আপনি একজন আইনজীবী ছিলেন। আপনি জানেন জাস্টিস ডিলেড, জাস্টিস ডিনাইড। এই যে আড়াই লক্ষ মামলা কোর্টে আছে, এরজন্য দায়ী হচ্ছে ব্যবস্থা। কেন্দ্রীয় সরকার এই বিচারপতিদের নিয়োগ করেন। এতগুলি

মামলা রয়েছে, বছরের পর বছর বহু গরিব মানুষ তারা একটু বিচার পাবার আশায় বসে আছেন। আমি বলছি কেন্দ্রীয় সরকার এই বিষয়ে দরদ দিয়ে যাতে হাইকোর্টে আরও জাজ দেওয়া হয় তারজন্য আপনি মাননীয় মন্ত্রী মহোদয় কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী ঃ** মাননীয় সদস্যর অবগতির জন্য জানাই, আমি গত পরশু কেন্দ্রীয় সরকারের আইন মন্ত্রীর সঙ্গে এ ব্যাপারে আলোচনা করেছি। আমার কাছে প্রস্তাব চেয়েছেন এবং সহযোগিতার আশ্বাস দিয়েছেন। আমি মনে করি এই মামলাগুলিকে তাড়াতাড়ি শেষ করার জন্য এই ব্যবস্থার পরিবর্তন দরকার। রিস্ট্রাকচারিং অফ্ জুডিশিয়াল সিস্টেম এটার দরকার।

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় মন্ত্রীর কাছে প্রশ্ন, হাইকোর্টে এবং আদালতে প্রচুর মামলা জমা আছে। বিচারপতিরা আজকাল বিচার ব্যবস্থার প্রতি আস্থা রাখতে পারছেন না। যত মামলা জমা আছে, তা শেষ করতে ২৫ বছর সময় লাগবে। এ ব্যাপারে বিশেষ আদালত করা যায় কি না, সে বিষয় নিয়ে কিছু ভাবছেন?

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী ঃ** আপনি কলকাতা হাইকোর্টের আড়াই লক্ষ মামলার জন্য স্পেশ্যাল আদালতের কথা বলেছেন, কিন্তু এতে রাজ্য সরকারের কিছু করণীয় নেই, এটা সম্পূর্ণভাবে কলকাতা হাইকোর্ট এবং সুপ্রীমকোর্টের বিচারপতিদের ব্যাপার। এ ব্যাপারে নতুন স্পেশ্যাল আদালত হবে, নাকি বিচারপতি নিয়োগ করতে হবে এতে আমাদের কিছুই বলার নেই। তারা কিভাবে ডিসপোজ করবেন তাঁরা জানেন।

**শ্রী ননীগোপাল চৌধুরি ঃ** উলুবেড়িয়া কোর্টে কেস বেশি জমে যাচ্ছিল বলে আমতায়—যেখানে কেবল মাত্র ক্রিমিনাল কেস হত সেখানে একটা হল ঘর তৈরি করে পাখা বা অন্য কোনও কিছুর ব্যবস্থা না করেই জুডিসিয়াল কোর্টও ওপেন করে দেওয়া হয়। কিন্তু সেখানে নতুন বিচারকের ব্যবস্থা করা হয় না। একজনের ঘাড়েই জুডিসিয়াল এবং ক্রিমিনাল কেস বিচার করতে দেওয়া হয়। এই যে অবস্থা ওখানে সৃষ্টি হয়েছে, এটা পরিবর্তনের কোনও ব্যবস্থা হয়েছে কি?

**মিঃ স্পিকার ঃ** হবে না, নট অ্যালাউড। হাইকোর্ট নিয়ে হচ্ছে, আপনি উলুবেড়িয়া চলে গেলেন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, প্রোক্লামেশন অ্যাটাচমেন্ট-এর একজিকিউশন হাইকোর্ট করবে না, সরকারকে করতে হবে। আপনারা ৫৭-টার ওপর আর একজিকিউট করতে পারেন নি। হোয়াট ইজ দি রিজন? একজিকিউট করার জন্য কি চিন্তা ভাবনা করছেন?

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী ঃ** ৫৭-টা প্রোক্লামেশন অ্যাটাচমেন্ট ইশ্যুড বাই দি ক্যালকাটা

হাইকোর্ট; ৫৭-টাই করা হয়েছে। তারপর নাম্বার অফ প্রোক্লামেশন অ্যান্ড অ্যাটাচমেন্ট ডিউরিং সাচ অ্যান্ড সাচ পিরিয়ড—১৪টা করা হয় নি। হাই কোর্টের অরিজিন্যাল সাইড প্রোক্লামেশন একজিকিউশন করার দায়িত্ব শেরিফের। প্রতিদিনই এ কাজ কিছু কিছু হচ্ছে এবং সংখ্যাটা প্রতিদিনই কমছে। এবিষয়ে আমাদের দিক দিয়ে যে দায়িত্ব আছে তা আমরা পালন করছি।

**শ্রী সুনীলকুমার ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, যে বর্গার কেসগুলো হাইকোর্টে পড়ে আছে সেগুলো দ্রুত নিষ্পত্তির কোনও ব্যবস্থা আমরা দেখছি না। সরকারি আইনজীবীরা এর জন্য যে পয়সা পান সেটা তাদের পছন্দ মতো না হওয়ায় তারা সে কেসগুলো অ্যাটেন্ড করে না। ফলে কেসগুলো দীর্ঘদিন ধরে পড়ে থাকছে এবং বর্গাচাষীরা নাম রেকর্ডিং এর ক্ষেত্রে দিনের পর দিন মার খাচ্ছে এবং অনেক জায়গায় তাদের জমিহারা হয়ে যাচ্ছে। এই কেসগুলোর যাতে দ্রুত মীমাংসা হয় তারজন্য মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী ঃ** হাইকোর্টের বর্গা রেকর্ডিংএর মামলা ডিসপোজ করে হাইকোর্ট নিজেই। জেনারেল অর্ডারের মাধ্যমে ডিসপোজ করছে। এ বি সি করে তিন রকমের অর্ডার করে। কোনটাকে পুনর্বিবেচনা করার জন্য ফেরত পাঠায়, কোনটাকে ক্যানসেল করে দেয় ইত্যাদি। তবে বেশীরভাগ কেসই পুনর্বিবেচনার জন্য চলে যায়। এসব কেসে সরকারি উকিলরা ঠিকমতো পয়সা পায় না, এ কথা ঠিক নয়। আমরা আমাদের সরকারের দায়িত্ব যথাযথভাবে পালন করবার চেষ্টা করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন যে, হাইকোর্টে মামলার বিচার করতে কেন দেরি হয়—এটা আপনার জানা আছে, আমারও জানা আছে। আমি আপনাকে প্রশ্ন করছি, অনেক সময় হাইকোর্টের জজ অর্ডার দেন, কিন্তু কোর্ট অফিসার, রেকর্ড পুট আপ করে না, জজের সামনে ঠিক সময় প্রেস করে না। কেন করে না, তাও আপনি জানেন এবং আমি জানি, কিন্তু এখানে বলা যাবে না।

[11-20—11-30 P.M.]

আমার প্রশ্ন হচ্ছে, পুরানো যে কেসগুলো আছে সেগুলির ব্যাপারে আপনি পদক্ষেপ নিয়েছেন বলেছেন। পুরানো কেসগুলি যাতে এক্সপিডাইট করা যায় বোথ সিভিল অ্যান্ড ক্রিমিনাল কেসেস, তারজন্য স্পেশ্যাল বেঞ্চ করে চিফ্ জাস্টিসের সঙ্গে কথাবার্তা বলে শর্ট-আউট করার জন্য চেষ্টা করবেন কিনা?

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী ঃ** ইতিমধ্যেই যেগুলি পুরানো কেস সেগুলি করার জন্য আলাদা করে বেঞ্চ এবং বিশেষ করে সিরিয়ালি করার জন্য—আগেকার মামলা, পুরানো দিনের মামলা আগে হোক এবং নতুন মামলা দেরিতে হোক এইরকম বন্দোবস্ত নেওয়া হয়েছে। এখন বর্তমানে কলকাতা হাইকোর্টে মামলার বয়স অনুযায়ী মামলার শুনানী হওয়ার চেষ্টা করা হচ্ছে। নতুন যেটা দায়ের হয়েছে তার হিয়ারিং আগে হয়েছে সেটা নয়, এখন

নতুন সিস্টেম করার চেষ্টা হচ্ছে আমাদের তরফ থেকে অনুরোধ করার জন্য।

**মিঃ স্পিকার ঃ** মিঃ অধিকারী, আমি তো আগে এই দপ্তরে ছিলাম, আমি ৫ বছর দেখেছিলাম, প্রথম বামফ্রন্ট সরকার যখন এসেছিল তখন আমি দেখেছিলাম, আমার অভিজ্ঞতা যা তা হচ্ছে, বিচার-বিভাগীয় মন্ত্রীর করার খুব কম থাকে। অধিকাংশই বিচার-বিভাগীয় ব্যাপারটা হাইকোর্ট দেখে, সুপ্রীমকোর্ট দেখে। জুডিসিয়াল অ্যাডমিনিস্ট্রেশন গভর্নমেন্ট করে। তার বাইরে আমাদের হস্তক্ষেপ করা উচিত নয়। বিচার ব্যবস্থা স্বতন্ত্র। এর মধ্যে কোর্টের যে দপ্তরগুলি, কোর্টের বাড়ি করা, জজের বেতন দেওয়া, লিভ স্যাংশন করা বা অন্যান্য ব্যাপার নিষ্পত্তি করা এটা রাজ্য সরকারের।

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী ঃ** আপনি ঠিকই বলেছেন। আপনার সুর ধরেই বলছি, আমাদের করণীয় অত্যন্ত কম। কারণ বিচার করবেন বিচারক, নিষ্পত্তি করবেন বিচারক। আপনার সুর ধরেই বলছি, ইনফ্রাস্ট্রাকচার দেখা ছাড়া আমাদের বিশেষ কিছু করণীয় নেই।

**মিঃ স্পিকার ঃ** আমি যখন এই দপ্তরে ছিলাম তখন অনেক চেষ্টা করেছিলাম, অনেক কোর্ট ঘর করা, হাইকোর্ট, লোয়ার কোর্ট, কেন্দ্রীয় সরকারের টাকা আদায় করার ব্যাপার। তবে এগুলি খুবই কঠিন প্রসেস।

### আদালত অবমাননার মামলা

*৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *৭৫।) **শ্রী কমল মুখার্জি ও শ্রী আব্দুল মান্নান ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

৩১শে মার্চ, ১৯৯৬ পর্যন্ত রাজ্য সরকারের বিরুদ্ধে আদালত অবমাননার কতগুলি মামলা বিচারাধীন অবস্থায় রয়েছে?

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী ঃ** রাজ্য সরকারকে পক্ষ করে আদালত অবমাননার কোনও মামলা হয় না। তবে সরকারি কর্মচারিদের বিরুদ্ধে ২৭৮৪(দুই হাজার সাত শত চুরাশি)টি আদালত অবমাননার অভিযোগ নিয়ে আনা মামলা বিচারাধীন আছে।

**শ্রী কমল মুখার্জি ঃ** হাইকোর্টের রায় রাজ্য সরকার অযথা কার্যকর করতে বিলম্ব করে কেন?

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী ঃ** মাননীয় সদস্যকে জানাই, হাইকোর্টের যে রায় তার বিরুদ্ধে আপিল করার বন্দোবস্ত আছে। যেখানে রাজ্য সরকার মনে করেন যে রায়ের বিরুদ্ধে আপিলে যাওয়া দরকার, সেখানে আপিলে যান। ফলে সেটা যদি কেউ মনে করেন রায়কে প্রযোজ্য করতে বিলম্ব করা হচ্ছে সেটা কিন্তু ঠিক নয়। যেখানে প্রশ্ন আছে, আপিল হয়ে যাবার পর দেরি করা হচ্ছে, সেটা কিন্তু ঠিক নয়। সেখানে দায়-দায়িত্ব আরিং অফিসার অর্থাৎ যিনি ভুল

করেছেন তিনিই দায়ী, রাজ্য সরকার নয়। রাজ্য সরকার এই নীতি গ্রহণ করে না যে হাইকোর্টের অর্ডার সত্ত্বেও প্রযোজ্য করবেন না।

**শ্রী কমল মুখার্জি :** মন্ত্রী মহাশয়ের কাছে আমার বক্তব্য ছিল, রাজ্য সরকার অযথা কার্যকর করতে বিলম্ব করেন কেন?

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী :** আমি আপনার সঙ্গে সহমত নয়, রাজ্য সরকার বিলম্ব করে না।

**শ্রী কমল মুখার্জি :** মামলাগুলো সাধারণত কি কি কারণে হয়?

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী :** কোনও অভিযোগ হয়ত কারও আছে, যাদের গ্রিভ্যান্স আছে, তারা মামলা করেন। মামলাটা কি কারণে হয় সেই প্রশ্নের জবাব এখানে দেওয়া সম্ভব নয়।

**শ্রী কমল মুখার্জি :** এই ধরনের মামলাগুলো যাতে আর বছরের পর বছর না বাড়ে তার জন্য সরকার কি ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী :** আপনার অবগতির জন্য আমি জানাই, আমি দায়িত্ব নেবার পর মাননীয় প্রধান বিচারপতির সঙ্গে আমি দেখা করে অনুরোধ করি যে কনটেম্পটের মামলাগুলো যাতে একই বেঞ্চে নেওয়া হয়। একই বেঞ্চে হলে এতগুলো মামলা পড়ে থাকবে না।

**শ্রী সুনীতি চট্টরাজ :** মন্ত্রী মহাশয় বলবেন কি, কনটেম্পট অব কোর্ট সম্পর্কে আপনার কাছে ব্রেক আপ আছে কি যে কতগুলো আই.এ.এস., কতগুলো আই.পি.এস. এবং কতজন জেনারেল এমপ্লয়ির এগেনস্টে কনটেম্পট আছে?

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী :** কারও বিরুদ্ধে যদি বলেন তাহলে মোটামুটি সমস্ত হিসাব না পাওয়া গেলেও বলতে পারি সেক্রেটারির সংখ্যা ১৫০ এর বেশি নয়।

**শ্রী সুনীতি চট্টরাজ :** আই.এ.এস. এর সংখ্যা বললেন, কিন্তু আই.পি.এস. এর সংখ্যাটা বলুন?

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী :** আই.পি.এস. সম্পর্কে আলাদা একটা প্রশ্ন করুন আমি জানিয়ে দেব।

**শ্রী মহঃ মান্নান :** মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন, কনটেম্পট অন্যান্য কেসগুলো সত্বর নিষ্পত্তি করার জন্য সরকার নির্দিষ্ট কোনও সময় সীমা বেঁধে দেবার কথা ভাবছেন কি?

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী ঃ** কোনও মামলার নিষ্পত্তি করার দায়িত্ব সংশ্লিষ্ট বিচারপতির, রাজ্য সরকারের সেখানে কোনও এক্তিয়ার নেই।

[11-30—11-40 P.M.]

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বারংবার বলার চেষ্টা করলেন যে আদালত অবমাননা সরকারের বিরুদ্ধে নয়। মামলা হবে সরকারের অফিসারের বিরুদ্ধে কিম্বা সরকারের কর্মচারীর বিরুদ্ধে আপনি বললেন যে বিলম্বের কারণে অবমাননা নয়। আমি জানতে চাই, কি কারণে এই ২ হাজার ৭৮৪ টি মামলা হয়েছে?

**মিঃ স্পিকার ঃ** উনি এখনই কারণগুলি কি করে বলবেন? এতো সব রেকর্ড দেখে বলতে হবে। এ প্রশ্ন হবে না।

**শ্রী রবীন মুখার্জি ঃ** মূল প্রশ্নটির সঙ্গে এই অতিরিক্ত প্রশ্নটি এসে যায় বলে মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে, হুগলি জেলার জন্য এ.পি.পি. নিয়োগের ব্যাপারে একটি প্যানেল তৈরি হয়েছিল। আগের মন্ত্রী যিনি এই দপ্তরটি দেখাশুনা করতেন তাতে তার সই-ও হয়ে গিয়েছিল। এখন দেখা যাচ্ছে সেই প্যানেলটি বাতিল হয়ে গিয়েছে। সেই প্যানেলে আগের মন্ত্রীর সই-ও ছিল। তারজন্য কাগজে অ্যাডভার্টাইজমেন্টেও হয়েছিল এবং নিয়ম মেনে হাইকোর্টের বিচারপতিরা থেকে প্যানেল হয়েছিল। মাননীয় আইনমন্ত্রী যিনি আগে ছিলেন তাতে তার ছেলের নামও ছিল। মাননীয় আইনমন্ত্রী কি জানাবেন, সেই প্যানেলটির অবস্থাটি কি?

**মিঃ স্পিকার ঃ** এই অতিরিক্ত প্রশ্ন আসে না। নট অ্যালাউড।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** হাইকোর্টের একটি সার্কিট বেঞ্চ যা নর্থ বেঙ্গলে হবার কথা ছিল, for the North Bengal people benefit of them. মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, সেটা কি অবস্থায় আছে?

**মিঃ স্পিকার ঃ** এই অতিরিক্ত প্রশ্ন আসে না। নট অ্যালাউড।

**শ্রী জটু লাহিড়ী ঃ** লক্ষ্য করে দেখা গিয়েছে যে বিশেষ করে চা বাগানের ক্ষেত্রে যে সব জমি অধিগ্রহণ করা হয়েছে সেখানে মালিকপক্ষ মামলা করার জন্য দ্রুত তার ডেভেলপমেন্টের প্রয়োজন থাকলেও সেটা করতে তারা দ্বিধাগ্রস্ত হচ্ছে। এর সঙ্গে দপ্তরের গাফিলতি এবং আমলাতন্ত্র-এর এক অংশের যোগাযোগ আছে বলে আমাদের মনে হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এক্ষেত্রে আপনার দপ্তরের গাফিলতি এবং আমাদের যোগসাজসের কোনও খবর আপনার কাছে আছে কি না?

**মিঃ স্পিকার ঃ** নট অ্যালাউড।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, বিরোধীপক্ষের বিরুদ্ধে কত

কনটেম্পট অব কোর্টের মামলা পড়ে আছে?

**মিঃ স্পিকার ঃ** নট অ্যালাউড।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় ২ হাজার ৭৮৪ টি আদালত অবমাননার কেসের কথা বললেন। মাননীয় মন্ত্রী মহাশয় আইন পেশা থেকেই এসেছেন আমিও ঐ পেশায় যুক্ত আছি। আমি জানি, হাইকোর্টের অর্ডার বিভিন্ন সরকারি দপ্তর বিভিন্ন সময় মানে না। এই না মানার জন্য আদালত অবমাননার কেসগুলি হয়। এই যে প্রবণতা এটা বন্ধ করবার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে নির্দেশ দেবেন কিনা যাতে হাইকোর্টের অর্ডারগুলি পরবর্তীকালে মানা হয় এবং যাতে হিউজ সংখ্যক আদালত অবমাননার মামলা না হয়?

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী ঃ** মাননীয় সদস্যকে জানাই যে, অভিযোগ আনা—অভিযোগ তো যে কেউ খুশি আনতে পারেন—এবং বিচারে অভিযুক্ত হবার মধ্যে পার্থক্য রয়েছে। আমাদের গত ৫ বছরে ২,৭৮৪টি কেসের কথা যা বললাম তাতে দোষী সাব্যস্ত হয়েছেন মাত্র ১৭ জন।

## Starred Questions

## (to which oral answers were given)

### বজবজ তাপবিদ্যুৎ কেন্দ্র

*৫৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৮।) **শ্রী আব্দুল মান্নান ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ৩১শে মার্চ, ১৯৯৬ পর্যন্ত বজবজ তাপবিদ্যুৎ কেন্দ্রটি নির্মাণের কাজ কোন পর্যায়ে আছে; এবং

(খ) উক্ত নির্মাণের কাজ কবে নাগাদ সম্পূর্ণ হবে বলে আশা করা যায়?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** (ক) সি.ই.এস.সি থেকে প্রাপ্ত সংবাদের ভিত্তিতে ৩১শে মার্চ ১৯৯৬ পর্যন্ত বজ বজ তাপবিদ্যুৎ কেন্দ্রের নির্মাণের প্রায় আশি শতাংশ কাজ সম্পূর্ণ হয়েছে।

(খ) সি.ই.এস.সি.র প্রতিবেদন অনুসারে প্রকল্পটির প্রথম ইউনিট ১৯৯৭ সালের প্রারম্ভে এবং দ্বিতীয় ইউনিটটি প্রথম ইউনিট চালু হওয়ার ছয় মাস পরে চালু হবে বলে আশা করা যায়।

**শ্রী আব্দুল মান্নান ঃ** এর আগে বজবজ তাপবিদ্যুৎ কেন্দ্র নিয়ে প্রশ্নের উত্তরে আপনি বলেছিলেন যে, ওদের বিদ্যুতের উৎপাদন মূল্য যেটা সেটা অস্বাভাবিকভাবে বেশি এবং ঐ ব্যাপারে ব্যবস্থা নেবার কথা আপনি বলেছিলেন, আশ্বাস দিয়েছিলেন এই হাউসকে। আমার প্রশ্ন, এখন ঐ কেন্দ্রে ইউনিট প্রতি বিদ্যুৎ উৎপাদন মূল্য কত এবং সেটা বেশি হয়ে থাকলে কমাবার ব্যাপারে ব্যবস্থা নিচ্ছেন কি না?

**ডঃ শঙ্করকুমার সেন :** একটি বিদ্যুৎ প্রকল্পে উৎপাদন মূল্য স্থির হয় প্রকল্প শেষ হবার পরে যে লগ্নি হয় তার উপর দাঁড়িয়ে। আমার বলতে দ্বিধা নেই, রাজ্য বিদ্যুৎ পর্ষদের সঙ্গে সি.ই.এস.সি.র এ ব্যাপারে একটা ডিফারেন্স অফ ওপিনিয়ন আছে; সি.ই.এস.সি.ই শুধু নয়, সি.ই.এ. তাদের সঙ্গেও সেটা রয়েছে। ১৯৯২ সালের আগে যখন প্রকল্পটির কাজ শুরু হয় তখন প্রকল্পটির প্রোজেক্ট কস্ট ছিল ১,২৬৩ কোটি টাকার মতো। ১৯৯৪ সালে সেন্ট্রাল ইলেকট্রিক অথরিটি আমাদের জানালেন যে, কস্টটা বেড়ে ১,৬৩৮ কোটি টাকা হয়েছে। কিন্তু আমরা তখন সেটা অ্যাকসেপ্ট করিনি, কারণ আমাদের কাছে সেই সময় মূল্যটা কি রকম হওয়া উচিত—আপনারা দেখেছেন যে, বিভিন্ন রাজ্যে বিভিন্ন রকম এর রেট—আমাদের কাছে তার কোনও মূল্যমান ছিল না। তারজন্য আমরা তার রিঅ্যাক্ট করিনি। কিন্তু আনফরচুনেটলি ১৯৯৫ সালে পার্লামেন্টারী কমিটির কাছ থেকে ডকুমেন্ট এবং চিঠি পেলাম যে, সেটা -১,৯৬০ কোটি টাকা হয়ে গেছে। এর বিরুদ্ধে কিন্তু প্রতিবাদপত্র পাঠিয়েছি, তবে তার কোনও উত্তর পাইনি। সেটা সেন্ট্রাল মিনিস্ট্রি অফ পাওয়ার, অ্যাজ ওয়েল অ্যাজ সি.ই.এ.-র কাছেও পাঠিয়েছি। কারণ আমরা বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের ইন্টারন্যাশনাল টেন্ডার দেবার পরিপ্রেক্ষিতে যে ডকুমেন্ট পেয়েছি যে, একটা এরকম প্রাইস হতে পারে। সেটার সঙ্গে মিললেও ১,৬৩৮ কোটি টাকাটা হয়তো মেনে নেওয়া যায়, কিন্তু ১,৯৬০ কোটি—এটা অ্যাকসেপ্ট করা সম্ভব নয়। তবে আমি আশা করছি, আগামী আগস্ট মাসের মধ্যে এ-ব্যাপারে ইন্ডিয়া গভর্নমেন্টের সঙ্গে একটা ফয়শালা করতে পারব। আর উৎপাদন মূল্য—এটা প্রোজেক্টের কাজ শেষ না হলে ক্যালকুলেট করা যায় না। সেটা করতে গেলে টোটাল প্রোজেক্ট কস্টের উপর নির্ভর করতে হয়। এখন প্রোজেক্ট কস্টটা যদি ১,৬৩৮ কোটি টাকা হয় তাহলে ইউনিট কস্ট দাঁড়াবে ফুয়েল কস্ট ধরে ১.৫০—১.৬০ টাকার মতো। কিন্তু এখনই সেটা বলা সম্ভব নয়। কারণ এর মধ্যে যে লগ্নি রয়েছে তারজন্য সুদের ব্যাপারটাও রয়েছে। সবটা নিয়েই কস্টটা দাঁড়ায়। প্রোজেক্ট কস্ট হচ্ছে ফিক্সড কস্ট। তার সঙ্গে তেল এবং কয়লার দামটাও ধরতে হবে। কাজেই এখন বলা সম্ভব নয়।

[11-40—11-50 P.M.]

**শ্রী আব্দুল মান্নান :** এই বিদ্যুৎ কেন্দ্র সম্পর্কে অভিযোগ হচ্ছে, এই যে প্রোজেক্ট কস্ট বেড়ে গিয়েছে তার কারণ হচ্ছে এখানে কাজ করার জন্য যাদের টেন্ডার দেওয়া হয়েছে, যাদের ওয়ার্ক অর্ডার দেওয়া হয়েছে, বাজার থেকে টেন্ডার করে তাদের দেওয়া হয় নি, গ্লোবাল টেন্ডার দেওয়া হয় নি। কিছু চুক্তিবদ্ধ হয়ে কিছু সংস্থাকে কাজ দেওয়া হয়েছে এই অভিযোগ আছে। একটা আন্ডারস্ট্যান্ডিং এর মাধ্যমে কাজ দেওয়া হয়েছে, টেন্ডার ছাড়াই কাজ দেওয়া হয়েছে। এই ব্যাপারে কি রাজ্য সরকার অবগত আছেন এবং যদি থাকেন এই ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছেন?

**ডঃ শঙ্করকুমার সেন :** এই ব্যাপারে রাজ্য সরকার অবগত আছে। সেই জন্য রাজ্য

সরকার এই যে এখন টোটাল প্রোজেক্ট কস্ট ১৯৬০ কোটি টাকা বলা হয়েছে এটা আমরা অ্যাকসেপ্ট করিনি। এটা আমরা দিল্লিকে জানিয়ে দিয়েছি। সমস্ত ইউটিলিটি জানিয়ে দিয়েছি। এই প্রোজেক্ট কস্ট আমরা অ্যাকসেপ্ট করিনি, এটা নিয়ে আলোচনা হবে। টোটাল প্রোজেক্ট কস্টের উপর নির্ভর করে বিদ্যুতের মূল্য কি হবে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** এই যে আন্ডারস্ট্যান্ডিং-এর মাধ্যমে কয়েকটি সংস্থাকে যে টেন্ডার দেওয়া হয়েছে এই বেআইনি কাজের ব্যাপারে আপনার কাছে কোনও অভিযোগ এসেছে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমার কাছে লিখিত কোনও অভিযোগ নেই। আপনারা যেভাবে শুনেছেন সেই ভাবেই আমিও শুনেছি। আমরা তো লিখিত অভিযোগ ছাড়া কিছু করতে পারি না, মৌখিক অভিযোগের ভিত্তিতে কিছু করতে পারব না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আমরা এই বিধানসভায় দাঁড়িয়ে বলেছি বজবজ তাপবিদ্যুৎ কেন্দ্রে এই সব হয়েছে। মাননীয় সদস্যরা যে অভিযোগ করেছে সেই রেকর্ড কি আপনার কাছে পৌঁছায় নি? মাননীয় সদস্যরা যে অভিযোগ এখানে দাঁড়িয়ে করেছেন সেটাই তো লিখিত অভিযোগ। এখানে তো পরিষ্কার জানানো হয়েছে যে এখানে দুর্নীতি হচ্ছে এবং যারজন্য প্রোজেক্ট কস্ট বেড়ে যাচ্ছে।

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আপনি আজকে যেটা বললেন যে টেন্ডার করা হয় নি ইত্যাদি ইত্যাদি, ইনফ্লাটেড টেন্ডার করা হয়েছে ইত্যাদি ইত্যাদি এই ধরনের স্পেশিফিক কোনও কমপ্লেন বজবজ তাপবিদ্যুৎ কেন্দ্রের ব্যাপারে আসেনি। প্রোজেক্ট কস্ট বাড়ছে, কাজ শ্লো হচ্ছে এই সমস্ত বলা হয়েছে। কাজ শ্লো হচ্ছে কেন বলেছি। এই প্রোজেক্ট টি ১৯৯৬ সালে ৩১শে মার্চের মধ্যে চালু হবার কথা ছিল, সেটা চালু হয় নি এবং কেন হয় নি সেটা আমরা জানতে চেয়েছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** এখন তো আপনি অভিযোগ পেলেন, এবার কি আপনি খবর নিয়ে দেখবেন?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমি নিশ্চয়ই দেখব।

**শ্রী আব্দুল মান্নান ঃ** এই প্রোজেক্টের টোটাল যে কস্ট তার মধ্যে সি.ই.এস.সি. কর্তৃপক্ষ কত দিয়েছে এবং অন্যান্য সংস্থার থেকে কত তারা লোন পেয়েছে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** অরিজিনালি প্রোজেক্ট কস্ট ছিল ১২৬০ কোটি টাকার মতো, তারপর সেটা ১৬৩৮ কোটি টাকা হয়। এর মধ্যে ডেট ইকুইটি বেশিও হচ্ছে ৩ ভাগ এবং ওয়ান ফোর্থ হচ্ছে ইকুইটি। এই ওয়ান ফোর্থ ইকুইটির মধ্যে সি.ই.এস.সি.র দেওয়ার কথা হচ্ছে ১১০ কোটি টাকা। বাকিটা সি.ই.এস.সি লোন করবে। এই ১০০ কোটি টাকার পর বাকিটা রোলসরয় দেবে এই ধরনের চুক্তি হয়।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে প্রথমে প্রোজেক্ট কস্ট ১২-১৩ শো কোটি টাকা পরে সেটা বেড়ে হল ১৬০০ কোটি টাকার মতো এবং তৃতীয় দফায় সেটা বেড়ে দাঁড়ালো ১৯০০ কোটি টাকার মতো। কত টাকা খরচ হবে, কত মেগাওয়াট উৎপাদন হবে এবং তার সাথে সাথে রিয়েলি কত খরচ হল এটা নির্দ্ধারণ করবেন কি? এই নির্দ্ধারণ করার ক্ষমতা কার?

**ডঃ শঙ্করকুমার সেন :** প্রথম হচ্ছে দুটি ইউনিটে ২৫০ মেগাওয়াট করে মোট ৫০০ মেগাওয়াট উৎপাদন হবে। তার মধ্যে ১০ পারসেন্ট হচ্ছে অগজিলিয়ারী লস, বাকিটা আমরা পাব। এটা রেগুলার মনিটরিং সেন্টার ইলেকট্রিসিটি অথরিটি করে। রাজ্য মনিটরিং করতে পারে কিন্তু রাজ্যের সেই মেকানিজিম নেই। টেকনিক্যাল ব্যাপারে রাজ্যকে টেকনিক্যাল কমিটি বসাতে হবে তাহলে রেগুলার মনিটরিং করে সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটি।

**শ্রী তপন হোড় :** এই বজবজ তাপবিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য আপনি জমি অধিগ্রহণ করেছিলেন কিনা, করে থাকলে তার কম্পেনসেশন দেওয়া হয়েছে কি না?

**ডঃ শঙ্করকুমার সেন :** বজবজ তাপবিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য অধিগৃহীত জমির পরিমাণ জেলা প্রশাসন আমাদের যেটা জানিয়েছেন, তা হচ্ছে ২২০.০২ একর। এবং আরও প্রয়োজন হবে ১০২.০৬ একর। সি.ই.এস.সি. মোট ২ কোটি ৪৩ লক্ষ ৭২ হাজার ৩০৭.২৪ টাকা যা দিয়েছে তারমধ্যে জেলা প্রশাসন থেকে ৩১-৩-৯৬ পর্যন্ত বিলি করেছে ৬১ লক্ষ ১০ হাজার টাকা।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** এই যে বেসরকারি সংস্থা বিভিন্ন জায়গায় যে বিদ্যুৎ কেন্দ্র করছে, এখানে আতঙ্কের বিষয় হচ্ছে যে প্রোজেক্ট কস্ট্ তারা বাড়াচ্ছে। বিদ্যুতের ইউনিট প্রতি খরচাকে বেশি দেখাবার একটা প্রবণতা যেটা দেখা যাচ্ছে, যেটা আল্টিমেটলি এই রাজ্যের বিদ্যুৎ গ্রাহকদের উপরেই এসে পড়বে। বেসরকারি সংস্থাগুলোর মাধ্যমে এই যে বিপদ এসে পড়ছে, এটাকে নিয়ন্ত্রণ করে রাজ্যের বিদ্যুৎ গ্রাহকরা যাতে মডারেট রেটে বিদ্যুৎ পেতে পারেন, তারজন্য রাজ্য সরকার কি চিন্তা ভাবনা করছেন?

**ডঃ শঙ্করকুমার সেন :** আমি আপনার সঙ্গে একমত। বেসরকারি প্রতিষ্ঠানগুলো ইনফ্লেটেড অথবা লার্জ প্রোজেক্ট কস্ট নিয়ে বিদ্যুৎ কেন্দ্রগুলো তৈরি করার চেষ্টা করছে। এটা শুধু এখানে নয়, ভারতবর্ষের অন্যান্য রাজ্যেও এই জিনিস হচ্ছে। আমাদের যে নীতি আছে, সেই ভাবে আমরা ভারত সরকারের কাছে কাগজপত্র জমা দিয়েছি। সেই হিসাবে আমরা দেখেছি যে, আমাদের বক্রেশ্বরে কম হচ্ছে। এটা রেগুলার মনিটরিং করে সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটি। তাদের পুরো ক্ষমতা আছে টেন্ডার ইত্যাদি দেখা, কস্ট কি হচ্ছে তা দেখা যে কোনও জায়গায় কস্ট বাড়ছে কিনা। সেটা দেখা যেখানে আমাদের কস্টের থেকে বেশি হচ্ছে, সেখানে রাজ্য সরকার নিশ্চয়ই ব্যবস্থা নিতে পারে সেই চিন্তা ভাবনা নিয়ে, এখানে যেহেতু

প্রোজেক্ট কস্টটা ১৯৬০ কোটি টাকা হচ্ছে, সেখানে এই পদক্ষেপটা আমরা আইন বাঁচিয়ে নিতে পারি কিনা তা বিবেচনা করে দেখতে পারি। সি-ই-এ-সি. হচ্ছে ইন্ডিয়ান ইলেকট্রিসিটি অ্যাক্ট, সেই আইন বাঁচিয়ে কি ভাবে আমরা পদক্ষেপ নিতে পারি তা বিবেচনা করে দেখছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ১২০০ কোটি টাকা থেকে প্রোজেক্ট কস্ট দাঁড়িয়েছে ১৯৬০ কোটি টাকা। এই বাড়তি প্রোজেক্ট কস্টের ফলে দেখা যাচ্ছে যে ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য যদি দু'হাজার টাকা খরচ হয় তাহলে ইউনিট প্রতি খরচ পাঁচ টাকা করে এসে যাবে। আপনি এর আগে বললেন ১.৪০ টাকা থেকে ১.৫০ টাকা করে ইউনিট প্রতি কস্ট ছিল। সেখানে ইউনিট প্রতি প্রোডাকশন কস্ট যা পাঁচ টাকা হিসাবে দাঁড়াবে, এটা তো কনজিউমারদের উপরেই এসে পড়বে। এর বিরুদ্ধে সরকারের কোনও বিধি ব্যবস্থা আছে কি? আর-পিজিরা লুট করছে। তারা শুধু ইনফ্লেট করছে না, তারা প্রডাকশন কস্টকে মাল্টিপল্ করছে। তারা একশো কোটি টাকা খাটিয়ে দু' হাজার কোটি টাকা, আবার দু'হাজার কোটি টাকা দেখিয়ে পাঁচ টাকা করে ইউনিট কস্ট করছে। এই ব্যাপারে সরকার কি ব্যবস্থা করছেন?

[11-50—12-00 Noon]

**ডঃ শঙ্করকুমার সেন :** বিদ্যুতের ব্যাপারে আপনার বুঝতে অসুবিধা হচ্ছে সেই কারণে আবার বলছি যে, ১৬৩০ কোটি টাকা যেটা ১৯৯৪ সালে সিইএ বলেছিল তার প্রোজেক্ট কস্ট ১.৬০ পয়সা প্রতি ইউনিট এবং এটা ১৯৬০ কোটি টাকার এগেনস্টে নয়। রাজ্য সরকার অত্যন্ত সচেতন এই বিষয়ে যে প্রোজেক্ট কস্ট অনেক বেড়ে গেছে। আজ পর্যন্ত যা হিসাব দিয়েছে তাতে ১৫৪০ কোটি টাকা খরচ হয়ে গেছে। ৮০ শতাংশ কাজ হয়েছে। সুতরাং কস্ট আমাদের যে হচ্ছে তাতে আমাদের কোনও ডেটাম ছিল না। ডেটাম এসেছে বক্রেশ্বরের টেন্ডার থেকে। আমাদের কম্পেয়ার করতে হবে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের সঙ্গে সেখানে কোনও একটা রাজ্যে সাড়ে চার কোটি টাকা, কোনও একটি রাজ্যে ৫ কোটি। আমাদের কাছে কোনও টেন্ডার ছিল না। বক্রেশ্বর ১ এবং ২ থেকেই পেয়েছি এই ডেটাম। ১৯৬০ কোটি টাকা এত বেশি আমরা সেইজন্য বলেছি। আমরা চাই কনজিউমারের উপরে চাপ না পড়ে। রাজ্য সরকার এই ১৯৬০ কোটি টাকা ঠিক কিনা সেটা নিয়ে নানা চিন্তাভাবনা করছেন। এটাকে পর্যালোচনা আমাদের করতে হবে এবং এরজন্য কোনও কমিটি বা কোনও কিছু করে এটা ঠিক করতে হবে। ১৯৬০ কোটি টাকা অত্যন্ত বেশি এবং ১৯৯৫ সালের অর্থাৎ ১ বছর আগেকার হিসাব। ১৯৯৬ সালের ৩১শে মার্চ শেষ হয়ে যাবার কথা ছিল, সেটা ১৯৯৭ সালের ৩১শে মার্চ শেষ হবে বলছে। কস্ট এসক্যালেশন এখন ৪ কোটি টাকা পার মেগাওয়াট বেশি হয়ে যাচ্ছে এবং এটা আমরা চাই না বা আমাদের উচিতও হবে না। সুতরাং এরজন্য বেশ কিছু পদক্ষেপ কিছুদিনের মধ্যে নেওয়া হবে।

**দ্বিতীয় হুগলি সেতু**

*৫৪৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৭১।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** হুগলি রিভার ব্রিজ কমিশন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দ্বিতীয় হুগলি সেতু নির্মাণ প্রকল্পে ব্যয়িত অর্থের পরিমাণ কত;

(খ) উক্ত প্রকল্পে কেন্দ্রীয় এবং রাজ্য কর্তৃক প্রদত্ত অর্থের পরিমাণ কত? এবং

(গ) কেন্দ্রীয় সরকারের দেওয়া অর্থ রাজ্য সরকার কি হিসাবে গ্রহণ করেছে—ঋণ না অনুদান?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** (ক) দ্বিতীয়ত হুগলি সেতু প্রকল্পে ব্যয়িত অর্থের পরিমাণ ৩১-৩-৯৬ পর্যন্ত ৩২৪ কোটি ৩০ লক্ষ ৮২ হাজার টাকা।

(খ) উক্ত প্রকল্পে প্রদত্ত কেন্দ্রীয় অর্থের পরিমাণ ২৮৯ কোটি ৪৪ লক্ষ ৬৬ হাজার টাকা এবং রাজ্য সরকারের প্রদত্ত অর্থের পরিমাণ ৩৪ কোটি ৮৬ লক্ষ ১৬ হাজার টাকা।

(গ) কেন্দ্রীয় সরকারের দেওয়া অর্থ রাজ্য সরকার ঋণ হিসাবে গ্রহণ করেছেন।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, দ্বিতীয় হুগলি সেতুর টাকা যে সংগ্রহ করা হয়েছে তাতে টোল সিস্টেম কস্ট থেকে কত টাকা সংগ্রহ করা হয়েছে?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** এখনও পর্যন্ত সংগৃহীত টাকার পরিমাণ ১৮ কোটি ১২ লক্ষ ৪১ হাজার ১৪০ টাকা।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** এই ঋণ যে নেওয়া হচ্ছে তাতে এই টোল থেকে সংগৃহীত টাকা উঠে এলে তখন কি ব্রিজের জন্য ছাড় দেওয়া হবে?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** যে টাকা আদায় করা হচ্ছে তাতে রক্ষণাবেক্ষণের খরচ বাদ দিয়ে ঋণের হিসাব অনুযায়ী কেন্দ্রীয় সরকারকে পরিশোধ করা হয়। ঋণ পরিশোধের পরে এই বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** তিন নং-এর সঙ্গে রিলেটেড সেই হিসাবে মাননীয় মন্ত্রীর কাছে জিজ্ঞাস্য যে, আপনার দপ্তর থেকে কোন কোন সময়ে রাজ্য সরকারও ঘোষণা করেন যে হুগলি তৃতীয় সেতু নির্মাণের কথা, সুতরাং এখন এই প্রসঙ্গটি কোন পর্যায়ে আছে জানাবেন কি?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** এটা ঠিক প্রাথমিক পর্যায়ে আছে, এই বিষয়ে বিবৃতি দেওয়ার মতো

জায়গায় নেই।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** ব্রিজের ইনফ্রাস্ট্রাকচার নেই, এক্সপ্রেস রোজ বা এক্সপ্রেস রোড এখনও হয় নি। কোন হাইওয়ে এক্সপ্রেস রোড এখনও পড়ে আছে, সেসব করতে কতদিন সময় লাগবে এবং তাতে কত টাকা খরচ হবে? ব্রিজ ইউটিলাইজেশনের ২০ পারসেন্ট মাসের পর মাস টোল ট্যাক্স থেকে আদায় হচ্ছে এবং সেখানে টোল ট্যাক্স বেড়ে যাচ্ছে, দু টাকার থেকে এখন দশ টাকায় গেছে, এই ব্রিজ কমপ্লিট করতে কত টাকা লাগবে এবং অ্যাপ্রোচ রোড শেষ করতে কত টাকা লাগবে?

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** মাননীয় সদস্যর অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানাচ্ছি, আমাদের কলকাতার দিকের যে অ্যাপ্রোচ রোড সেটা শেষ হয়েছে, এটা বাকি নেই। কিন্তু হাওড়ার দিকে যে অ্যাপ্রোচ রোর্ড যেটা বাকি ছিল, সেটা মূলত কেস হওয়ায় তাতে আবদ্ধ হওয়ার জন্য জটিলতা থাকায় কাজটা বাকি ছিল। সম্প্রতি সেই কেসের অগ্রগতি হয়েছে, শুরু হবে। এই ব্যাপারে নির্দিষ্ট খরচের টাকাটা রাখা আছে। যখন ব্রিজ পরিকল্পনা করা হয়েছিল তখন যে খরচ ধরা হয়েছিল, পরবর্তীকালে মূল্যবৃদ্ধি হওয়ার জন্য ব্রিজের খরচের পরিমাণ অনেক বেড়েছে। সেইজন্য যে পরিমাণ টাকা খরচ হয়েছে সেটা উল্লেখ করেছি। হাওড়ার দিকে যে অ্যাপ্রোচ রোড করতে হবে সেটার জন্য খরচ করতে কোনও অসুবিধা হবে না, সেটা আমরা খরচ করতে পারব। হাওড়ার দিকে অ্যাপ্রোচ রোডের জন্য এই পর্যন্ত খরচ হয়েছে ৩১ কোটি ৩৪ লক্ষ ৫৭ হাজার টাকা, আরও আমাদের খরচের জন্য ধরা আছে তা হচ্ছে আরও ২২ কোটি টাকা।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** এই বিদ্যাসাগর সেতুটি তৈরি করতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঋণ নেওয়া হয়েছে। সেখানে একটা নতুন সমস্যা দেখা দিচ্ছে, ভোরবেলা থেকে লরিগুলি, মাল বোঝাই লরিগুলি কন্টিনিউয়াস যাতায়াত করছে। এই ব্যাপারে কি একটা নিয়ম করবেন লরিগুলি যাতে ১০টার পরে, ১১টার পরে যাতায়াত করতে পারে, কারণ আমরা যখন যাতায়াত করি তখন খুব অসুবিধার মধ্যে পড়তে হয়।

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** ব্রিজে লরির জন্য অসুবিধা হচ্ছে না, ঐ অসুবিধাটা হয়, হাওড়ার দিকে অ্যাপ্রোচ রোড না থাকার জন্য। ফলে একটা রাস্তার উপর এই প্রেসারটা পড়ে। কোণা এক্সপ্রেস-ওয়ে পুরোপুরি চালু হলে তখন লরির জন্য কোনও অসুবিধা হবে না। যে জ্যামটা হচ্ছে, এটা হাওড়ার দিকের অ্যাপ্রোচ রোডের জন্য এই অসুবিধাটা হচ্ছে।

**শ্রী জটু লাহিড়ী ঃ** বিদ্যাসাগর সেতু উদ্বোধন হল কিন্তু হাওড়ার দিকে কোনও অ্যাপ্রোচ রোড তৈরি হয়নি। মেন রাস্তা ২টি একটি হচ্ছে কোণা এক্সপ্রেস-ওয়ে আর একটি হচ্ছে সেন্ট্রাল বাইপাস; এই ২টি মূল রাস্তা হাওড়ার দিকে হওয়ার কথা, কিন্তু সেন্ট্রাল বাই পাস শুরু হয়নি, কোণা এক্সপ্রেস-ওয়ের কাজটা কিছুটা হয়েছে, কিন্তু সেন্ট্রাল বাই পাসের কাজ

কবে শুরু হবে এবং কোণা এক্সপ্রেস-ওয়ে কবে শেষ হবে?

**শ্রী সুশান্ত ঘোষ :** আমি নির্দিষ্ট করে কবে কাজ শেষ হবে তার তারিখটা বলতে পারব না। কোণা এক্সপ্রেস-ওয়ের কাজের ব্যাপারে উত্তরে আমি বলেছি, কোণা এক্সপ্রেস-ওয়ের সবটা এইচ.আর.বি.সি.র করার কথা নয়, বাকি পোঁরশনটা সি.এম.ডি.এ.র করার কথা। কেসের জটিলতার জন্য এটা হয়নি। এখন কাজ শুরু হবে। তবে এখনই নির্দিষ্ট বলা সম্ভব নয়, কবে শেষ হবে।

**শ্রী জটু লাহিড়ী :** একটা পরিকল্পনা তো আছে, কাজটা কবে শেষ হবে সেটা বলুন?

**শ্রী সুশান্ত ঘোষ :** এটা ৯৭ সালের ডিসেম্বরের মধ্যে শেষ হবে।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### এম.এ.এম.সি. কারখানা

***৫৪৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৭৪।) **শ্রী তপন হোড় :** শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) দুর্গাপুরে এম.এ.এম.সি. কারখানাটি কেন্দ্রীয় সরকার তুলে দিচ্ছে এই মর্মে রাজ্য সরকারের নিকট কোনও তথ্য আছে কি না; এবং

(খ) থাকলে উক্ত বিষয়ে রাজ্য সরকারের কোনও প্রস্তাব আছে কি না?

**শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ, বি.আই.এফ.আর. ৩১-১-৯৫ তারিখে প্রাথমিকভাবে এম.এ.এম.সি. কারখানাটি তুলে দেবার সিদ্ধান্ত গ্রহণ করে এবং ১১-১-৯৫ তারিখে শোকজ নোটিশ জারি করে। কলকাতা হাইকোর্টের আদেশের জন্য বি.আই.এফ.আরের আদেশ মুলতুবি আছে।

(খ) সংস্থাটি কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন। রাজ্য সরকার সর্বদাই বি.আই.এফ.আর-এ জানাইয়াছে যে, রাজ্য সরকারের পলিসি প্যাকেজ অনুযায়ী যথাসাধ্য সুযোগ সুবিধা দেওয়া হবে যদি বি.আই.এফ.আর.এর কোনও পুনরুজ্জীবন প্রকল্প অনুমোদন করে।

### জ্বালানী সংকট নিরসনের ব্যবস্থা

***৫৫০।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫৮) **শ্রী নির্মল দাস :** বিজ্ঞান এবং প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) জ্বালানী সংকট নিরসনের সরকারের কোনও পরিকল্পনা আছে কি;

(খ) থাকলে কি কি পরিকল্পনা নেওয়া হয়েছে; এবং

(গ) কোন কোন এলাকায় এই পরিকল্পনা বাস্তবায়িত হয়েছে/হবে?

**বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** হ্যাঁ।

জ্বালানী সংকট নিরসনে সরকারের পরিকল্পনা মূলত দুটি।

(ক) ব্যাপক হারে সৌর কুকার, উন্নতমানের চুলা, ক্ষুদ্র জলবিদ্যুৎ, জৈব-র মতন বিকল্প শক্তির উৎসগুলিকে ব্যবহার করা।

(খ) প্রচলিত শক্তির উৎস্যগুলিকে আরও বেশি কার্যকর ভাবে ব্যবহার করে ভূগর্ভস্থ জ্বালানী শক্তির সংরক্ষণ করা।

জ্বালানী সংকট নিরসনে বিকল্প শক্তির ব্যবহার পশ্চিমবঙ্গের প্রায় সর্বত্রই শুরু হয়েছে। কোনও কোনও অঞ্চলে এর ব্যবহার ব্যাপকভাবে গ্রহণযোগ্য হয়েছে যথাঃ- কলকাতা ও অন্যান্য শহরে সৌর কুকারের ব্যাপক ব্যবহার, বীরভূম, মেদিনীপুর ও বাঁকুড়া জেলায় জৈব শক্তির ব্যবহার, উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় উন্নতমানের চুলার ব্যবহার। এরমধ্যে টোটো পাড়া ও দার্জিলিং গোর্খা পার্বত্য অঞ্চলের নাম উল্লেখযোগ্য। এছাড়াও উত্তরবঙ্গে কিছু ক্ষুদ্র জলবিদ্যুৎ কেন্দ্র বসানোর কাজ চলছে যার বিদ্যুতের সাহায্যে পাহাড়ে বসবাসকারি লোকেরা রান্নার কাজ করতে পারবেন। ক্ষুদ্র জলবিদ্যুৎ কেন্দ্রগুলির মধ্যে রংমুখ, লাভা, কোলখোলা ওপারেনখোলা উল্লেখযোগ্য।

### বিনপুরে চিংড়ি চাষ প্রকল্প

***৫৫১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯৩) **শ্রী নরেন হাঁসদা ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মেদিনীপুর জেলার বিনপুর ২নং পঞ্চায়েত সমিতি ( বেলপাহাড়ী) গত তিন বছরে চিংড়ি চাষ প্রকল্পে সরকারি আর্থিক সাহায্য পেয়েছে;

(খ) সত্যি হলে,

(১) আর্থিক সাহায্যের পরিমাণ কত (বছর পিছু);

(২) বেনিফিসিয়ারির সংখ্যা কত (অঞ্চল পিছু);

(৩) এস.সি.এস.টি., ও.বি.সি. বেনিফিসিয়ারী কত?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৯৩-৯৪ সালে উক্ত পঞ্চায়েত সমিতিতে মোট আর্থিক সাহায্যের (অনুদান) পরিমাণ ছিল ৩,৩০,৫১০.৫০ টাকা।

**১৯৯৪-৯৫ এবং ১৯৯৫-৯৬ সালে চিংড়ি চাষের জন্য উক্ত সমিতিকে কোনও সাহায্য** দেওয়া হয় নি।

(২) বেনিফিসিয়ারির সংখ্যা নিম্নরূপ ঃ

(১) বেলপাহাড়ী—৪৮, (২) কাঁকো—৫৯

(৩) হাড়দা—৫৯, (৪) শিলদা—৩৭

(৫) ভোলাভেদা—৩৫, (৬) সন্ধ্যাপাড়া—৩৭,

(৭) শিমুলপাল—৩৫, (৮) ভোলাইডিহা—৩৫

(৯) বাঁশপাহাড়ী—৩৮।

(৩) এস.সি.—৩৬, এস.টি.—৮৩, ও.বি.সি.—২৬৬।

**দিঘা-শঙ্করপুরে যাতায়াতকারী বাসের সংখ্যা**

***৫৫২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৪৭) **শ্রী মৃণালকান্তি রায় ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দিঘা এবং শঙ্করপুর দক্ষিণবঙ্গ, উত্তরবঙ্গ ও কলিকাতা রাষ্ট্রীয় পরিবহনের কতগুলি বাস যাতায়াত করে (পৃথকভাবে); এবং

(খ) উক্ত বাসগুলি দিঘা-শঙ্করপুরের কোন কোন ডিপোতে রাখা হয়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** দিঘা এবং শঙ্করপুরে, দক্ষিণবঙ্গ, উত্তরবঙ্গ ও কলিকাতা রাষ্ট্রীয় পরিবহনের নিম্নলিখিত বাস চলে—

| পরিবহন সংস্থার নাম | দিঘা | শঙ্করপুর |
|---|---|---|
| দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা | ৮ খানি | কোনও বাস সার্ভিস চালু করেনি |
| উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা | ২ খানি | ঐ |
| কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থা | ২৭ খানি | ২ খানি |

(খ) উক্ত বাসগুলি দিঘা শঙ্করপুরের নিম্নলিখিত ডিপোতে রাখা হয় ঃ

দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা— বাসগুলি দিঘা ডিপোতে রাখা হয়।

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা— বাসগুলি ছায়ানট গভঃ ট্যুরিস্ট লজের

জায়গায় রাখা হয়।

কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থা— দিঘা ডিপোতে বাসগুলি রাখা হয়।

**চন্দননগর পুর-এলাকায় বিদ্যুৎ সরবরাহ**

***৫৫৩।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৮) **শ্রী কমল মুখার্জি ও শ্রী আব্দুল মান্নান ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) চন্দননগর পুর-এলাকায় বিদ্যুৎ সরবরাহের দায়িত্ব কোন সংস্থাকে দেওয়া আছে;

(খ) উক্ত সংস্থার ওপর রাজ্য বিদ্যুৎ দপ্তরের নিয়ন্ত্রণ কতটা আছে; এবং

(গ) বিদ্যুৎ লাইন সংযোগের জন্য উক্ত সংস্থার বিরুদ্ধে বিদ্যুৎ গ্রাহকদের অযথা হয়রানির কোনও অভিযোগ আছে কি না?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) চন্দননগর পুর এলাকায় মূলত প.ব. রাজ্য বিদ্যুৎ পর্ষদ বিদ্যুৎ সরবরাহ করে, তবে কিছু অংশে বিদ্যুৎ সরবরাহের দায়িত্ব সি.ই.এস.সি. বহন করে।

(খ) প.ব. রাজ্য বিদ্যুৎ পর্ষদ Electricity (Supply) Act, 1948 অনুসারে গঠিত একটি স্বশাসিত সংস্থা এবং সি.ই.এস.সি Companies Act অনুসারে গঠিত একটি লিমিটেড কোম্পানি। বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহের ব্যাপারে মূল নীতি নির্দ্ধারণ ব্যতীত ঐ দুইটি সংস্থার দৈনন্দিন কার্যকলাপের উপর বিদ্যুৎ দপ্তর তথা রাজ্য সরকারের কোনও নিয়ন্ত্রণ আরোপ করা হয় না।

(গ) বিদ্যুৎ লাইন সংযোগের ক্ষেত্রে অযথা হয়রানির অভিযোগ নেই।

**বিদ্যুতের বকেয়া বিল**

***৫৫৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৮৯৬) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্য সরকার সংস্থা ও সরকারি অধিগৃহীত শিল্পসংস্থাগুলির নিকট এবং প্রতিবেশি রাজ্যগুলির নিকট বিদ্যুতের বিল বাবদ কত টাকা পাওনা আছে; এবং

(খ) বকেয়া টাকা আদায়ের জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ৩১শে মার্চ, ১৯৯৬ তারিখে রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার অধিগৃহীত শিল্প সংস্থা প্রতিবেশি রাজ্যগুলির নিকট পাওনা

টাকার পরিমাণ নিম্নরূপ ঃ

| | Bulk | Decentralised | L&MV | (লক্ষ টাকায়) মোট |
|---|---|---|---|---|
| রাজ্য সরকার | ১২৮০.৫৮ | ৬.৯৭ | ১৩০.১৭ | ১৪১৭.৭২ |
| অধিগৃহীত সংস্থা | | | | |
| রাজ্য সরকার | ২৪২.০৫ | ৪৩০.৪০ | ১৬৯৮.৮০ | ২৩৭১.২৫ |
| পৌরসভা | ৮৯.৯৪ | ১৭৮.০৬ | ৮৯৭.২৯ | ১১৬৫.২৯ |
| কেন্দ্রীয় সরকার | ১৩২.১৫ | ২৮.৬৯ | ১২৫.৫২ | ২৮৬.৩৬ |
| কেন্দ্রীয় সরকারি সংস্থা | ৪৬.৯১ | ৮৭.০২ | ৩০.২০ | ১৬৪.১৩ |
| প্রতিবেশি রাজ্য সমূহ | ১১৯৪৪.৮৪ | — | — | ১১৯৪৪.৮৪ |
| | ১৩৭৩৬.৪৭ | ৭৩১.১৪ | ২৮৮১.৯৮ | ১৭৩৪৯.৫৯ |

মোট একশত তিয়াত্তর কোটি উনপঞ্চাশ লক্ষ উনষাট হাজার টাকা।

(খ) বকেয়া টাকা আদায়ের জন্য কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

(গ) জল সরবরাহ ও হাসপাতালগুলি বাদে Decentralised Bulk ও L&MV গ্রাহকদের ক্ষেত্রে নোটিশ দিয়ে বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন করার চেষ্টা করতে বলা হয়েছে। যে সবক্ষেত্রে সরকারি গ্রাহকদের সাথে পর্ষদের আর্থিক লেনদেন আছে সেই সব ক্ষেত্রে হিসাবের Adjustment এর চেষ্টা করা হয় এবং সংশ্লিষ্ট দপ্তরগুলির সদর দপ্তরে দরবার করা হয়েছে পাওনা আদায়ের জন্য। এর ফলে ১৯৯৫-৯৬ আর্থিক বছরে বিভিন্ন সরকারি দপ্তর থেকে ১০৫০.০০ লক্ষ টাকা পাওয়া গিয়েছিল। পৌরসভাগুলির ক্ষেত্রে নিরবিচ্ছিন্ন প্রচেষ্টা সত্ত্বেও পাওনা আদায়ে কোনও ফল লাভ করা যায়নি। সরকারি ব্যাঙ্ক গ্রাহকদের কাছ থেকে পাওনা আদায়ের জন্য বিদ্যুৎ পর্ষদ এবং বিদ্যুৎ দপ্তর থেকে সংশ্লিষ্ট দপ্তরগুলিকে ক্রমাগত অনুরোধ করা হচ্ছে। বিদ্যুৎ পর্ষদ ও রাজ্য বিদ্যুৎ দপ্তর প্রতিবেশি রাজ্যগুলির কাছ থেকে পাওনা আদায়ের জন্য ক্রমাগত চেষ্টা চালিয়ে যাচ্ছে, ফলে মাঝে মাঝে কিছু টাকা পাওয়া যায় তবে তার পরিমাণ পাওনার তুলনায় যৎসামান্য, ফলে পাওনার পরিমাণ ক্রমাগত বেড়েই চলেছে।

### বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন

***৫৫৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১১৬) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুসারে বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের ১ম, ২য়, ও ৩য় ইউনিটে কবে নাগাদ বিদ্যুৎ উৎপাদন শুরু হবে বলে আশা করা যায়; এবং

(খ) ৪র্থ ও ৫ম ইউনিট সংস্থাপনের কাজ কতদূর অগ্রসর হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুসারে বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের ১ম, ২য়, ও ৩য় ইউনিটে বিদ্যুৎ উৎপাদন নিম্নলিখিত সময় শুরু হবে বলে আশা করা যায় ঃ

ইউনিট নং—১ ডিসেম্বর ১৯৯৯

ইউনিট নং—২ মে, ২০০০

ইউনিট নং—৩ এখনই কিছু বলা যাচ্ছে না। কারণ বিষয়টি সিদ্ধান্তের জন্য ও.ই.সি.এফ স্তরে রয়েছে।

(খ) ৪র্থ ও ৫ম ইউনিট স্থাপনের বর্তমান অবস্থা বিশদ ভাবে নিচে উল্লেখ করা হল। পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম লিঃ উপরিউক্ত ইউনিটগুলির ব্যাপারে মেসার্স ডেভেলপমেন্ট কনসালটেন্ট লিঃ আমেরিকার দি কুলজিয়ান কর্পোরেশন এবং তাদের সহযোগী সংস্থা সমূহের সঙ্গে যৌথ উদ্যোগ সংক্রান্ত বি-ও-টি-র মাধ্যমে চুক্তি সম্পাদন করেছে এবং বক্রেশ্বর পাওয়ার জেনারেটিং কোম্পানি লিঃ গঠিত হয়েছে। নবগঠিত বক্রেশ্বর পাওয়ার জেনারেটিং কোম্পানি লিঃ বিধিবদ্ধ ছাড়পত্র হস্তান্তরের জন্য এবং সি.ই.এস.সি.র কাছ থেকে নীতিগত ছাড়পত্র পাওয়ার জন্য আবেদন পত্র পাঠিয়েছে। সি.ই.এর স্তর থেকেও বিভিন্ন বিষয়ের উপর চাওয়া তথ্যাদিও পাঠিয়ে দেওয়া হয়েছে।

পাশাপাশি অবশ্য উক্ত ইউনিট দুটির বয়লারের কাজ ধীর গতিতে এগিয়ে নিয়ে যাওয়া হচ্ছে বিদ্যুৎ নিগমের নিজস্ব তহবিল থেকে।

### মৎস্যজীবী সমবায় সমিতি

***৫৫৬।** (অনুমোদিত প্রশ্ন নং *২০২৮) **শ্রীমতী দেবলীনা হেমব্রম ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার কংসাবতী জলাধার প্রকল্পে কোনও মৎস্যজীবী সমবায় সমিতি আছে কি না;

(খ) থাকলে,

(১) সমিতিটি কবে সরকারি অনুমোদন পেয়েছে; এবং

(২) কতজন মৎস্যজীবীকে নিয়ে উক্ত সমিতি গঠন করা হয়েছে?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৮৭ সালের ১৬ই অক্টোবর।

(২)১৯৫৮ জন।

## Rural Electrification Programme

***557.** (Admitted Question No. *437.) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-Charge of the Power Department be pleased to state—

(a) Whether it is a fact that West Bengal is lagging behind some State of India in the matter of Rural Electrification;

(b) if so:—

(i) the percentage of electrified Mouzas in West Bengal as compared to the National Average;

(ii) the steps taken/proposed by the State Government for completing Rural Electrification in the State; and

(iii) the target date by which Rural Electrification in the State is likely to be completed?

**Minister-in-Charge of the Power Department :** (a) Yes.

(b) (i) The percentage of electrified virgin mouzas in West Bengal is 76.85% as on 31.3.96 and the National Average as on 31.3.96 is 86.00%.

(ii) To achieve 100% electrification of virgin mouzas, a scheme for Rs.724 crores is under process. REC has however stopped disbursal of any funds to WBSEB because of huge outstanding dues. The matter of reviving the policy followed by REC in regard to rural electrification has been taken up with the Union power Minister.

Rural electrification works are, however being undertaken with the funds available from the Zilla Parishads from JRY and District plan funds the Dev. & planning Deptt.

The above scheme of REC finance has been prepared considering

a time schedule of 10 years. 100% coverage will depend on the REC and the Zilla Parishads State Govt.

**নরঘাটে পথ-পার্শ্বস্থ পর্যটন কেন্দ্র**

***৫৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং *২০৫৭) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় নরঘাটে পথ-পার্শ্বস্থ পর্যটন প্রকল্পটি কি অবস্থায় আছে;

(খ) এই প্রকল্পের জন্য কেন্দ্র ও রাজ্য সরকার কত টাকা অনুমোদন করেছে; এবং

(গ) প্রকল্পটি কবে নাগাদ সমাপ্ত হবে বলে আশা করা যায়?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ১৯৯৫-৯৬ সালে ভারত সরকারের পর্যটন বিভাগ কর্তৃক নরঘাটের পথ পার্শ্বস্থ পর্যটন প্রকল্পটি প্রাথমিক ভাবে অনুমোদিত হলেও প্রকল্পের জন্য সময়মতো জমি না পাওয়ায় কেন্দ্রীয় পর্যটন বিভাগ এখনও চূড়ান্ত অনুমোদন মঞ্জুর করেন নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**Power Grid Corporation**

***559.** (Admitted Question No. *789) **Shri Saugata Ray :** Will the Minister-in-Charge of the Power Department be pleased to state—

(a) Whether the Power Grid Corporation had imposed restrictions on supply of Power to West Bengal State Electricity Board during March 1996 to may 1996;

(b) if so :—

(i) the brief outlines of such restrictions;

(ii) the reasons thereof; and

(iii) the steps taken/proposed?

**Minister-in-Charge of the Power Department :** (a) Power Grid Corporation Ltd. switched off power supply to West Bengal at North Bengal University receiving point at 22.00 hrs of 22nd May, 1996. It

was resumed at 21.55 hrs on 31st May, 1996.

(b) (i) The Power Grid Corporation of India Ltd. did not resort to restricting supply of power, but actually, stopped supply at the North Bengal University receiving point of the WBSEB from 22.00 hrs. of 22nd May, 1996. For such stoppage the WBSEB had to shed about 30 MW of its load in Siliguri and its adjoining areas. Efforts were however, taken to keep the hill areas undisturbed. The PGCIL resumed supply at 21.55 hrs on 31-5-95 after which normalcy in the area was restored.

(ii) The reasons for taking such action by the PGCIL was to extract payment from the WBSEB against their transmission charges. The WBSEB however, does not admit the liability of the entire amount of the bills received from the PGCIL.

(iii) The steps taken by the WBSEB, are, (a) to liquidate the undisputed claim of Rs.6,97,44,000 only in instalments within June and July. June instalment has since been paid.

(b) to discuss and settle with the PGCIL at mutually convenient time, the disputed claims amounting to Rs.6,86,00,000/-.

(c) to refer the issues and agreements from where the disputes are originating to the commercial committee of the EREB for settlement etc.

### উলুবেড়িয়া শহরে বিদ্যুৎ ব্যবস্থা

*৫৬০। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩০) শ্রী রবীন্দ্র ঘোষ : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

উলুবেড়িয়া শহরের বিদ্যুৎ ব্যবস্থা কলকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের আওতায় আনার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** না, এ বিষয়ে সরকারের কোনও পরিকল্পনা নাই।

### ভাতজাংলায় সাব-স্টেশন নির্মাণ

*৫৬১। (অনুমোদিত প্রশ্ন নং *৯৬৫) শ্রী শিবদাস মুখার্জি : বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী নদীয়া জেলার কৃষ্ণনগর ১নং ব্লকের ভাতজাংলা পঞ্চায়েত এলাকায় ২২০/১৩২ কে.ভি, সাব-স্টেশনটি নির্মাণের কাজ কোন পর্যায়ে আছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** জমি সংগ্রহের জন্য কিছু অর্থ ব্যয় করা হলেও কৃষ্ণনগর ১ নং ব্লকের ২২০/১৩২ কে.ভি. সাব-স্টেশনটির প্রকৃত নির্মাণ কাজ শুরু হয়নি। এই প্রকল্পটি ও.ই.সি.এফ. থেকে প্রাপ্ত ঋণের সাহায্য করা হবে বলে নির্দ্ধারিত আছে। ১৯৯৮-৯৯ আর্থিক বৎসরে ঐ ঋণ পেলে কাজটি রূপায়ণ সম্ভব হবে।

## শ্রীরামপুরে বাস টার্মিনাস

***৫৬২।** (অনুমোদিত প্রশ্ন নং *২০৯০) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার শ্রীরামপুরে বাস টার্মিনাস করার কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## কলকাতায় পরিবহনের গতি বৃদ্ধি

***৫৬৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১১০১) **শ্রী সুকুমার দাস :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) কলকাতা শহরে পরিবহনের গতি বাড়ানোর জন্য সরকার কি কি ব্যবস্থা নিয়েছে; এবং

(খ) শহরে যানজট কমানোর জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা সরকারের আছে কি না?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) কলকাতা শহরে পরিবহনের গতি বাড়ানোর জন্য সরকার নিম্নোক্ত বহুমুখি ব্যবস্থা নিয়েছেন ঃ-

(১) বিশেষ কিছু দুমুখি রাস্তার একমুখিকরণ;

(২) বেশ কিছু রাস্তায় সকাল ৮টা থেকে রাত্রি ৮টা পর্যন্ত বড় ট্রাক চলাচল নিষিদ্ধ করা;

(৩) উন্নততর ট্রাফিক ম্যানেজমেন্টের জন্য বড় বড় রাস্তার মোড়কে অটো ম্যানুয়াল

ট্রাফিক সিগন্যালের আওতায় আনা;

(৪) বহু জায়গা থেকে পার্কিং এর ব্যবস্থা তুলে দেওয়া বা বৈজ্ঞানিকভাবে পার্কিং এর ব্যবস্থা করা;

(৫) যেখানে প্রয়োজন এবং সম্ভব সেখানে রাস্তা চওড়া করা;

(৬) সাবওয়ে (মেট্রোর মাধ্যমে) উড়ালপুল তৈরি করা এবং গার্ডরেল বসানো;

(৭) বাসস্টপের জন্য আলাদা স্থান চিহ্নিত করা;

(৮) বেআইনি রিক্সা এবং ঠেলা সরানো; এবং

(৯) রাস্তার আলোর ব্যবস্থা উন্নততর করা।

(খ) হ্যাঁ।

**সি.ই.এস.সি. বিদ্যুতের দাম বৃদ্ধি**

***৫৬৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩১) **শ্রী অশোককুমার দেব ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্য যে, সম্প্রতি সি.ই.এস.সি. বিদ্যুতের ইউনিট প্রতি দাম বাড়াবার জন্য সরকারের কাছে অনুমতি চেয়েছে: এবং

(খ) সত্যি হলে, সরকার এ ব্যাপারে কি সিদ্ধান্ত নিয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** হ্যাঁ। সম্প্রতি প্রস্তাবটি পাওয়া গেছে।

(খ) এব্যাপারে এখনও কোনও সিদ্ধান্ত নেওয়া হয়নি। প্রস্তাবটি পরীক্ষা করা হচ্ছে।

**দক্ষিণবঙ্গগামী বাস বিদ্যাসাগর সেতু দিয়ে চালানো**

***৫৬৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১২০৫) **শ্রী শৈলজাকুমার দাস ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

কলকাতা থেকে দক্ষিণবঙ্গগামী সমস্ত সরকারি বেসরকারি বাস বিদ্যাসাগর সেতু (দ্বিতীয় হুগলি সেতু) দিয়ে চালানোর বিষয়টি কোন পর্যায়ে আছে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** কলকাতা থেকে দক্ষিণবঙ্গগামী সরকারি বাস বিদ্যাসাগর সেতু দিয়ে চলাচল করে। বেসরকারি বাস চালানোর অনুমতি বর্তমানে নেই। বিষয়টি পর্যালোচনা করা হবে।

### রাজ্যে বিদ্যুৎ চুরির ঘটনা

***৫৬৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৫) **শ্রী আব্দুল মান্নান :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ১৯৯১ সাল থেকে ৩১-৩০৯৬ তারিখ পর্যন্ত রাজ্যে কতগুলি বিদ্যুৎ চুরির ঘটনা ঘটেছে; এবং

(খ) বিদ্যুৎ চুরি বন্ধে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) Bulk-২৭টি Lt. Industrial ১১১টি Dehooking ৮৬৫৬টির ক্ষেত্রে বিদ্যুৎ চুরির ঘটনা ধরা পড়েছে।

(খ) বিদ্যুৎ চুরি বন্ধে নিম্ন লিখিত ব্যবস্থাগুলি নেওয়া হয়েছে,

(১) শিল্প, গার্হস্থ্য ও বাণিজ্যিক স্থাপনায় নির্দিষ্ট সময় অন্তর পরিদর্শন।

(২) স্থানীয় পুলিশের সাহায্যে বিভিন্ন জায়গায় Hooking ও Tapping এর বিরুদ্ধে অভিযান।

(৩) বিদ্যুৎ চুরির ঘটনা নজরে আসা মাত্র F.I.R. করা ও পুলিশকে অনুরোধ করা অপরাধী কে গ্রেপ্তার এবং শাস্তির জন্য।

(৪) চুরি যাওয়া বিদ্যুতের আনুমানিক হিসাব অনুযায়ী বিদ্যুতের মূল্য দাবি সম্বলিত চিঠি পাঠানো উক্ত অর্থ আদায়ের জন্য এবং পরবর্তী কালে নানাভাবে চেষ্টা করা যাতে ঐ অর্থ আদায় হয়।

(৫) গ্রাহকগণ দ্বারা রজু মামলার দ্রুত নিষ্পত্তির চেষ্টা যাতে বোর্ডের রাজস্ব পাওনায় দেরি না হয়।

(৬) বিদ্যুৎ চুরির সঙ্গে জড়িত সন্দেহভাজন পর্ষদের কর্মীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।

### শীততাপ নিয়ন্ত্রিত বাস

***৫৬৯।** (অনুমোদিত প্রশ্ন নং *২৭০) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্য পরিবহন বিভাগের অধীনে রাজ্যের অভ্যন্তরে অথবা আন্তরাজ্য ক্ষেত্রে কতগুলি শীততাপনিয়ন্ত্রিত বাস চালু আছে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** রাজ্য পরিবহন দপ্তরের অধীনে কোনও শীততাপ

নিয়ন্ত্রিত বাস নাই।

### বক্রেশ্বর তাপবিদ্যুৎ-কেন্দ্রে জল সরবরাহ

***৫৭০।** (অনুমোদিত প্রশ্ন নং *৫২১) **শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্র রূপায়ণে প্রয়োজনীয় জল সরবরাহের ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, উদ্ভূত জলাভাবের বিষয়টি সমগ্র প্রকল্পটি রচনার সময় উল্লিখিত ছিল না?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### নতুন যুব-আবাস

***৫৭১।** (অনুমোদিত প্রশ্ন নং ৬৬৫) **শ্রী তপন হোড় :** যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি যুব-আবাস আছে (জেলাওয়ারী হিসাবসহ);

(খ) নতুন কোনও যুব-আবাস রাজ্যে তৈরি করার পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(গ) থাকলে কোথায় কোথায়?

**যুব কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) পশ্চিমবঙ্গে ১৪টি যুব আবাস আছে।

| | | |
|---|---|---|
| দক্ষিণ ২৪-পরগণা | — | ১টি (গঙ্গাসাগর) |
| বীরভূম | — | ২টি (বোলপুর বক্রেশ্বর) |
| মেদিনীপুর | — | ১টি (দিঘা) |
| বাঁকুড়া | — | ৩টি (মুকুটমনিপুর, শুশুনিয়া ও বাঁকুড়া) |
| কলকাতা | — | ২টি (সল্টলেক স্টেডিয়াম ও রাজ্য যুবকেন্দ্র মৌলালী) |
| দার্জিলিং | — | ১টি (শিলিগুড়ি) |

| | | |
|---|---|---|
| মুর্শিদাবাদ | — | ১টি (লালবাগ) |
| মালদহ | — | ১টি (মালদহ) |
| পুরুলিয়া | — | ১টি (পুরুলিয়া) |
| বর্ধমান | — | ১টি (দুর্গাপুর) |

(খ) হ্যাঁ, আছে।

(গ) হলদিয়াতে যুব আবাস তৈরি করার পরিকল্পনা আছে।

**Foreign Investment Power Sector**

***572.** (Admitted Question No. *861) **Shri Saugata Roy : Will the** Minister-in-Charge of the Power Department be pleased to state—

the total Direct Foreign Investment in the Power Sector in the State, Proposed & implemented?

**Minister-in-Charge of the Power Department :** (1) Direct Foreign Investment in the proposed power schemes in the state-projectwise as approved by the Foreign Investment Promotion Board (FIPB), Government of India is as follows:—

| | |
|---|---|
| i) Bakreswar Thermal power Project (Units 4 & 5) (2×210 MW) | Foreign Equity 115 Million US Dollar |
| ii) Sagardighi Thermal Power Project (2×500 MW) | Foreign Equity 300 Million US Dollar |
| iii) Balagarh Thermal Power Project (2×250 MW) | Foreign Equity 113 Million US Dollar |
| iv) Gouripore Thermal Power Project (2×67.5 MW) | Foreign Equity amounting to Rs.162.50 crores. |

No Power project in the State has yet been implemented with direct foreign investments.

**আলিপুরদুয়ারে পর্যটন বিকাশের পরিকল্পনা**

***৫৭৩।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫৯) **শ্রী নির্মল দাস ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার মহকুমায় পর্যটন বিকাশের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে বক্সা, জয়ন্তী, তুরতুরী, চিলাপাতা, আলিপুরদুয়ার শহর-সংলগ্ন বিস্তীর্ণ ঝিল চা-বাগিচা নিয়ে পর্যটকদের আকর্ষণীয় প্যাকেজ ট্যুর-এর কোনও ভাবনা চিন্তা চলছে কি?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) বর্তমানে জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার মহকুমায় পর্যটন বিকাশের কোনও পরিকল্পনা সরকারের নেই কিন্তু পরিকল্পনা গ্রহণের জন্য একটি সমীক্ষার কাজে সরকার হাত দিয়েছে।

(খ) ঐসব এলাকায় প্যাকেজ ট্যুরের কোনও পরিকল্পনা সরকারের নেই। কিন্তু বর্তমানে উদ্বৃত্ত জমিতে বেসরকারি উদ্যোগে চা-বাগিচার পর্যটন কেন্দ্র গড়ে তোলার কিছু প্রস্তাব বিবেচনাধীন আছে।

**আধুনিক পদ্ধতিতে মাছ চাষের প্রশিক্ষণ**

***৫৭৫।** (অনুমোদিত প্রশ্ন নং *২০৩০) **শ্রীমতী দেবলীনা হেমব্রম ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় মৎস্যজীবীদের আধুনিক পদ্ধতিতে মাছ চাষের প্রশিক্ষণ দেওয়ার কোনও পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকলে,

(১) কতজনকে কয়টি কেন্দ্রে প্রশিক্ষণ দেওয়া হবে, এবং

(২) উক্ত শিক্ষানবিশদের কোনও সরকারি সাহায্য দেওয়া হবে কি না?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) ১। ২৮টি কেন্দ্রে ৫৮০ জন।

(২) হ্যাঁ।

**কাঁকড়াঝোরকে পর্যটকদের নিকট আকর্ষণীয় করা**

***৫৭৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪৩) **শ্রী নরেন হাঁসদা ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত

**মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—**

(ক) মেদিনীপুর জেলার বিনপুর থানা এলাকাধীন কাঁকড়াঝোরকে পর্যটকদের নিকট দর্শনীয় এবং আকর্ষণীয় করে তুলতে কি কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে; এবং

(খ) ১৯৯৫-৯৬ আর্থিক বছরে উক্ত বিষয়ে আর্থিক বরাদ্দের পরিমাণ কত ছিল?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) বর্তমানে মেদিনীপুর জেলার বিনপুর থানার কাকরাঝোরে একটি পুরানো পর্যটক আবাস আছে।

কাকরাঝোরকে পর্যটকদের কাছে আকর্ষণীয় করে তোলার জন্য সেখানে কেন্দ্রীয় সরকারের আর্থিক সহায়তায় আরও একটি পর্যটক আবাস সেপ্টেম্বরে তৈরি করার প্রকল্প রচনা করা হয়। কেন্দ্রীয় সরকার ১৯৮৭-৮৮ সালে প্রকল্পটি অনুমোদন করে। ১৯৯০-৯১ সালে কেন্দ্রীয় পূর্ত বিভাগ কাজটি আরম্ভ করে কিন্তু ১৯৯১-৯৩ সালে যখন পর্যটক আবাসটির নির্মাণের কাজ প্রায় শেষ পর্যায়ে সেই সময় পশ্চিমবঙ্গ বন ও পরিবেশ বিকাশ আপত্তি জানানোয় নির্মাণকার্য বন্ধ হয়ে যায়। আজ পর্যন্ত পশ্চিমবঙ্গ ও কেন্দ্রীয় বন বিভাগকে বারংবার অনুরোধ করা সত্ত্বেও নির্মাণকার্য শেষ করার অনুমতি পাওয়া যায় নি। বর্তমানে বিষয়টি কেন্দ্রীয় সরকাররের বনবিভাগের বিবেচনাধীন।

(খ) কাজটি স্থগিত থাকায় ১৯৯৫-৯৬ সালে কোনও অর্থ বরাদ্দ করা হয় নি।

### পানিহাটী ও কোন্নগরের মধ্যে লঞ্চ চালু করা

***৫৭৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৮৭) **শ্রী নির্মল ঘোষ ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গঙ্গাবক্ষে পানিহাটী ও কোন্নগরের মধ্যে দেশীয় ভুটভুটি নৌকার পরিবর্তে লঞ্চ সার্ভিস চালু করার কোনও পরিকল্পনা আছে কি না?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** হ্যাঁ আছে।

### হুগলি নদীতে লঞ্চ সার্ভিস

***৫৭৯।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৭) **শ্রী আব্দুল মান্নান ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) যাত্রীসাধারণের সুবিধার্থে হুগলি নদীর জলপথের সদ্ব্যবহার করতে কলকাতায় কোনও নতুন লঞ্চ সার্ভিস চালু করার পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, কোন কোন রুটে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হুগলি নদী জলপথ পরিবহন সমবায় সমিতির এরকম কোনও পরিকল্পনা নাই। পশ্চিমবঙ্গ ভূতল পরিবহন নিগমের পরিকল্পনা আছে।

(খ) বোটানিক্যাল গার্ডেন বাবুঘাট ফেয়ারলি প্লেস ভায়া হাওড়া।

(২) স্ট্র্যান্ড রোড — হাওড়া।

(৩) নিমতলা (পোস্তা) — হাওড়া।

(৪) পাণিহাটি — কোন্নগর, কাশীপুর — বাগবাজার, ফেয়ারলি প্লেস — বাবুঘাট।

### বোলপুরে দ্বিতীয় ট্যুরিস্ট লজ

***৫৮০।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৩৫) **শ্রী তপন হোড় ঃ** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বীরভূম জেলায় বোলপুর শহরে দ্বিতীয় ট্যুরিস্ট লজটি বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(খ) উক্ত লজটির জন্য এ পর্যন্ত কত টাকা খরচ করা হয়েছে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** বোলপুর শহরে শান্তিনিকেতন দ্বিতীয় ট্যুরিস্ট লজটি বর্তমানে সমাপ্তির পথে। আশা করা যায় ১৯৯৭ সালের মধ্যে লজটি পর্যটকদের ব্যবহারের জন্য চালু করা যাবে।

(খ) উক্ত লজটির জন্য ৭৫,০০,০৮০ টাকা (৭৫.৮০ লক্ষ টাকা) সরকারি খাতে খরচ হয়েছে।

### বিদ্যাসাগর সেতু দিয়ে বেসরকারি বাস

***৫৮১।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৯৭) **শ্রী জটু লাহিড়ী ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

বিদ্যাসাগর সেতু দিয়ে হাওড়া থেকে কলকাতায় বেসরকারি বাস রুটের অনুমোদন দেওয়ার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** না।

### নতুন হ্যাচারী চালু করা

***৫৮২।** (অনুমোদিত প্রশ্ন নং *১০২৪) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মৎস্য বিভাগের

ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মাছের উৎপাদন বৃদ্ধির জন্য রাজ্যে কতগুলি হ্যাচারী চালু আছে; এবং

(খ) বর্তমান আর্থিক বছরে কতগুলি হ্যাচারী চালু হতে পারে বলে আশা করা যায়?

**মৎস্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ২৩৫ টি।

(খ) ৫টি।

**Accumulated Losses of the State Transport**

***583.** (Admitted Question No. *1061) **Shri Saugata Roy :** Will the Minister-in-Charge of the Transport Department be pleased to State—

(a) the accumulated losses of the State Transport Undertakings in West Bengal;

(b) the total investments so far made by the State Government on such undertakings;

(c) the incidence of taxes imposed by the State Government on these undertakings;

(d) the major reasons for poor financial performances of these undertakings; and

(e) the net loss per Bus sustained by these undertakings during last three years?

**Minister-in-Charge of the Transport Department :** (a) The accumulated losses of the State Transport undertakings are as follows:

| | | | Upto 31.3.96 |
|---|---|---|---|
| CSTC— | Rs. | 277.48 crores | „ |
| NBSTC— | Rs. | 100.04 crores | „ |
| SBSTC— | Rs. | 75.72 crores | „ |
| CTC— | Rs. | 250.00 crores | „ |
| WBSTC— | Rs. | 4.46 crores | „ |

(b) Total investments so far made by the state Govt. on such undertakings are as follows :

| | | | Upto 31.3.96 |
|---|---|---|---|
| CSTC— | Rs. | 132.82 crores | „ |
| NBSTC— | Rs. | 79.16 crores | „ |
| SBSTC— | Rs. | 119.73 crores | „ |
| CTC— | Rs. | 22.82 crores | „ |
| WBSTC— | Rs. | 56.08 crores | „ |

(c) The incidence of taxes imposed by the Govt. on these undertakings are as follows :

CSTC Rs. 0.28 crores average per year

NBSTC Rs. 164.00 Lakhs (approx) per year.

SBSTC Rs. 10.66 Lakhs per year

CTC Rs. 8.84 Lakhs per year

WBSTC Rs. 1.41 lakhs per year.

(d) The major reasons for poor financial performance are the followings :

(i) High man bus ratio.

(ii) Low kilometre utilisation per bus.

(iii) Very high incidence of overhead cost.

(iv) Carying a sizeable amount of social burden in operating services both in rural and urban areas which are uneconomical and socially essential.

(v) Lack of parity of fares with rising cost.

(e) The net loss per bus sustained by these undertaking last three years are as follows :

| | | Rs. in Lakhs | |
|---|---|---|---|
| | 1993-94 | 1994-95 | 1995-96 |
| C.S.T.C. | 1.7 | 1.6 | 1.7 |
| NBSTC | 1.07 | 1.55 | 1.59 |
| SBSTC | 2.06 | 1.79 | 1.72 |
| CTC | nill | nill | nill |

**উত্তরবঙ্গে হাইকোর্টের স্থায়ী সার্কিট বেঞ্চ স্থাপন**

***৫৮৪।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৭৭) **শ্রী নির্মল দাস :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) কলকাতা হাইকোর্টের স্থায়ী সার্কিট বেঞ্চ উত্তরবঙ্গে স্থাপনের বিষয়টি কোন পর্যায়ে আছে; এবং

(খ) কবে নাগাদ কাজ চালু হবে বলে আশা করা যায়?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) কলকাতা হাইকোর্টের বিচারাধীন আছে।

(খ) এখনই বলা সম্ভব নয়।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day, I have received Eight notices of Adjournment Motion. The first one is from Shri Shyamadas Banerjee demanding for allotment of fund for development works of Assansol and Kulti Municipalities. A similar notice was tabled by Shri Banerjee on 18.7.96 to which I withheld my consent. So, this is out of order.

The second one is from Shri Kamal Mukherjee on the subject of antisocial activities at Telinnipara area under Chandarnagar.

The third one is from Shri Ashok Kumar Deb on the subject of failure of the state Government to introduce Bengali in courts.

The fourth one is from Shri Nirmal Ghosh on the subject of situation arising of closure of Kamarhati, Prabastak and Darbar Cotton Mills.

The fifth one is from Shri Abul Bassar Laskar on the subject of reported dacoity at Shirakole village, Magrahat on 15.7.96.

The sixth one is from Shri Pankaj Banerjee on the subject of deplorable condition of State Hospitals.

The seventh one is from Sultan Ahmed on the subject of acute scarcity of drinking water in Calcutta.

A.C.A. notice on the subject has already been admitted and a statement on the same will be made on 23.7.96. So, this is out of order.

The eighth one is from Shri Sobhan Deb Chattopadhyay on the subject of non-supply of electricity in villages.

The subject matters of the Motion are not such which call for adjournment of the Business of House. These are mainly related to the day to day administration of the Govt.

I, therefore, withhold my consent to all the motions. One members may, however, read the text of his Motion as amended.

[12-00—12-10 P.M.]

**শ্রী কমল মুখার্জি :** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—"চন্দননগর বিধানসভার অন্তর্গত তেলিনিপাড়া শিল্পাঞ্চলে সমাজবিরোধীরা অত্যন্ত তৎপর, তারা যে কোনও সময় বাড়ি গিয়ে বোমা, পিস্তল নিয়ে আক্রমণ করে। ছিনতাই, চোলাই মদ, সাট্টা, এইসব কোনও ব্যাপার নয় সেখানে। বারংবার পুলিশকে বলা সত্ত্বেও পুলিশ কোনও ব্যবস্থা নিচ্ছে না। যে কোনও সময়ে একটা অঘটন ঘটে যেতে পারে।"

## CALLING ATTENTION

**Mr. Speaker :** To-day, I have received thirteen notices of Calling Attention on the following subjects, namely :

| Subject | Name |
|---|---|
| 1. Alarming condition of embankment at Sundarban areas. | : Shri Satya Ranjan Bapuli |
| 2. Delay in construction of Garia Bridge | : Shri Sobhan Deb Chattopadhyay |
| 3. Acute water crisis in Assansol | : Shri Tapas Banerjee |
| 4. Alleged distribution of infected medicines amongst the patients in Purulia S.D. Hospital. | : Shri Santiram Mahato |
| 5. Recommendation of Human Rights Commission and its implementation. | : Shri Ashok Kumar Deb |
| 6. Non-electrification of 75 villages under Hirapur Assembly Constituency. | : Shri Shyamadas Banerjee |

7. Admission problem in Class XI at Chandarnagar, Bhadreswar in Hooghly district. : Shri Kamal Mukherjee

8. Reported illegal occupation of housing estates land by the members of Kishan Sabha near Garia. : Shri Saugata Roy

9. Alleged forgery of SC./ST. certificates : Shri Asit Kumar Mal

10. Alleged sub-mersion of 300 houses at Bhagawangola, Murshidabad due to erosion of the river Padma. : Shri Abu Sufian Sarkar

11. Reported contamination of drinking Water in the hostel of Calcutta National Medical College. : Shri Sultan Ahmed

12. Alleged trace of forged Currency by the police in Midnapore district. : Shri Sailaja Kumar Das

13. Alleged defalcation of fund alloted for anti-erosion measure of Ganga at Charsurati in Nadia district. : Shri Sushil Biswas

I have selected the notice of Shri Satya Ranjan Bahuli on the subject of Alarming condition of embankment at sundarban areas.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

**Shri Probodh Chandra Sinha :** Sir, the statement will be made on 24th July.

**Mr. Speaker :** Dr. Asim Kumar Dasgupta as regards the flood situation if you can make a statement yourself or ask any other minister concerned with the relief operation to make the House aware of the present situation either today or tomorrow although some of the ministers are yet to come back.

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় ত্রাণমন্ত্রী দক্ষিণ দিনাজপুর হয়ে ফিরে আসবেন। আমার মনে হয় আগামীকালের মধ্যে রিপোর্টটা দেওয়া যাবে।

## LAYING OF REPORTS

### Annual Reports and Accounts of the Greater Calcutta Gas Supply Corporation Ltd. for the years 1993-94 and 1994-95

**Shri Bidyut Ganguly :** Sir, I beg to lay the Annual Reports and Accounts of the Greater Calcutta Gas Supply Corporation Ltd. for the years 1993-94 and 1994-95.

### Reports of the Comptroller and Auditor General of India

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to lay the Report of the Comptroller and Auditor General of India for the Year 1994-95 (Civil) No.3;

ii) Report of the Comptroller and Auditor General of India for the year 1994-95 (Civil) No.4;

iii) Finance Accounts for the year 1994-95; and

iv) Appropriation Accounts for the year 1994-95

### Recommendation of the State Finance Commission

### West Bengal, 1995

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to lay the Recommendation of the State Finance Commission, West Bengal, 1995 together with an explanatory memorandum as to the action taken thereon.

## MENTION CASES

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটা অত্যন্ত জরুরি বিষয়ে জনসাধারণের পক্ষে আমি উল্লেখ করছি। বিষয়টা হচ্ছে স্যার, রেল কর্তৃপক্ষের অব্যবস্থার জন্য শিয়ালদহ এবং হাওড়া ডিভিশনের, কলকাতা শহরতলীর ট্রেন চলাচল ব্যবস্থা দিনের পর দিন যে ভাবে ভেঙে পড়ছে, লক্ষ লক্ষ নিত্যযাত্রী, সাধারণ যাত্রীর দুর্ভোগের মাত্রা যে ভাবে বাড়ছে তাতে মানুষের ধৈর্য্যের বাঁধ ভেঙে পড়েছে। প্রত্যেকদিন ট্রেন বিভ্রাট, অনিয়মিত ট্রেন চলাচল হয়, কথা নয় ট্রেন বাতিল এবং সর্বোপরি অসম্ভব ভিড়ের চাপে ট্রেন যাত্রীদের জীবন দুর্বিষহ করে তুলছে। লক্ষ লক্ষ

জনসাধারণের মনে বিক্ষোভ, অসন্তোষ পুঞ্জীভূত ধূমায়িত হচ্ছে। যে কোনও দিন বিস্ফোরণ ঘটে যেতে পারে। তাতে আইন শৃঙ্খলা ভেঙে পড়ছে। আজ এখানে রেল অবরোধ হচ্ছে। ট্রেন যাত্রীদের এক প্রাণান্তকর অবস্থা। এই দুর্ভোগের হাত থেকে তাদের বাঁচাতে কেন্দ্রীয় সরকার যাতে অবিলম্বে যুদ্ধকালীন গুরুত্ব নিয়ে বিষয়টা দেখেন তারজন্য আমি রাজ্যের মুখ্যমন্ত্রীকে হস্তক্ষেপ করার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দীর্ঘদিন যাবৎ এই পবিত্র বিধানসভায় উল্লেখ করেছি যে ধর্মতলা থেকে মাথাপাড়া ভায়া উলুবেড়িয়া সি.টি.সি. বাস চালানোর। হাজার হাজার যাত্রীর দাবি এটা। প্রাক্তন পরিবহন মন্ত্রী বলেছিলেন যে লসে হলেও আমরা বাস চালাব। ধর্মতলা থেকে মাথাপাড়া ভায়া উলুবেড়িয়া সি.টি.সি. বাস চালু হলে হাজার হাজার যাত্রী আজকে উপকৃত হবে। সরকারের নাম হবে। ঐ এলাকার প্রায় ৪০ হাজার মানুষ বঞ্চিত হচ্ছে। পরিবহন মন্ত্রীর কাছে আমি দাবি জানাচ্ছি অবিলম্বে এই বাসটি চালু হোক।

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ১১৮ ফলতা বিধানসভার মাঘনা, নওদা একটা গ্রামসভা। মাঘনা গ্রামসভায়, স্যার, একটি স্কুল আছে, সেখানে ছাত্র আছে মাস্টার নেই। ফলতা অঞ্চলের নওদা প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র আছে মাস্টার নেই।

[12-10—12-20 P.M.]

শিক্ষকদের একজন ৫ বছর হল রিটায়ার হয়ে গেছেন। মাঘনা প্রাথমিক বিদ্যালয় এবং নওদা প্রাথমিক বিদ্যালয় এইভাবে চলছে। তার উপর স্কুলের কোনও বই নেই। স্কুলে কোনও শিক্ষক নেই, বই নেই এই অব্যবস্থা দূর করার জন্য আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এ ব্যাপারে আমি মাননীয় শিক্ষা মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী বরেন বসু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের সারা দেশে স্টেট ব্যাঙ্কের বিদেশি মুদ্রার কারবারের প্রধান কেন্দ্র ছিল কলকাতায় এবং এখনও প্রধান কেন্দ্র কলকাতায় আছে। কিন্তু সম্প্রতি স্টেট ব্যাঙ্ক কর্তৃপক্ষ তার বিদেশি মুদ্রার কারবারের প্রধান কেন্দ্র এখান থেকে বোম্বেতে নিয়ে যেতে চাইছেন। গত বছর এই প্রতিষ্ঠান এই কারবার করে অন্তত ৯০০ কোটি টাকা মুনাফা অর্জন করেছেন। বর্তমানে স্টেট ব্যাঙ্কের চেয়ারম্যান কভার-আপ অপারেশন বিভাগটিকে বোম্বেতে নিয়ে যাওয়ার চেষ্টা করছেন। আমি আপনার মাধ্যমে অবগত করতে চাই যে—এই ব্যাঙ্কিং ব্যবস্থাকে বোম্বেতে স্থানান্তরিত করলে কলকাতার গুরুত্ব কমবে এবং একই সঙ্গে ২০-২৫টা কোম্পানি যারা বিদেশি মুদ্রার কারবারের সাথে যুক্ত আছেন তাঁদের কাজকর্ম কমবে এবং মানুষ ছাঁটাই হবে। সেজন্য এব্যাপারে মাননীয়

মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে তিনি যেন এই প্রসঙ্গ নিয়ে কেন্দ্রীয় অর্থ মন্ত্রকের সাথে কথা বলে এই দপ্তরের স্থানান্তরের যে উদ্যোগ চলছে সেই উদ্যোগ রোধ করার জন্য তিনি যেন প্রয়োজনীয় উদ্যোগ নেন।

**শ্রী নিশীথরঞ্জন অধিকারী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের জানাতে চাই, কলকাতা হাইকোর্টে হয়ত সংবিধান অনুযায়ী যে ভাষা তা ইংরাজি। কিন্তু ৩৪৮ ধারার ২ উপধারা অনুযায়ী যদি এখানকার রাজ্যপাল মনে করেন এবং রাষ্ট্রপতি যদি অনুমোদন করেন, তাহলে সওয়াল জবাবের ক্ষেত্রে আমাদের এখানকার ভাষা, অর্থাৎ বাংলা ভাষা চালু হতে পারে। ইতিমধ্যে আমি কেন্দ্রীয় সরকারের আইন মন্ত্রীর সঙ্গে যোগাযোগ করেছিলাম, তিনি নীতিগতভাবে আমাদের সঙ্গে একমত যে, ৩৪৮ ধারার ২ উপধারা পশ্চিমবঙ্গ হাইকোর্টে উপযুক্ত করা যেতে পারে। সেইভাবে আমরা আবেদন জানিয়েছি এবং আশা করছি শীঘ্রই এই সম্পর্কে একটা পদক্ষেপ নেওয়া যাবে।

**শ্রী সুনীতি চট্টোরাজ :** স্যার, পয়েন্ট অফ্ অর্ডার। স্যার, আমরা বিরোধী পক্ষের সদস্যরা সিরিয়াস মেনশন করি, কিন্তু তার উত্তর পাই না। আর এখানে দেখছি সি.পি.আই.(এম) এর একজন মেনশন করলেন, সঙ্গে সঙ্গে মিনিস্টার তার উত্তর দিচ্ছেন। এটা বৈধতার প্রশ্ন।

**মিঃ স্পিকার :** আপনি বসুন। Your statement is not correct.

**শ্রী অজয় দে :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা শান্তিপূর্ণ থানায় দুটো গ্রাম আড়বালদা এবং দেনুই, সেখানে বিগত ৩০ বছর ধরে দুশো থেকে আড়াইশ পরিবার সাড়ে চারশ বিঘা জমি চাষাবাদ করছে। হঠাৎ দেখছি বন দপ্তর এই এত বছর বাদে পুলিশ নিয়ে গিয়ে সেই জমির দখল নিতে গেছে, ট্রেঞ্চ খুঁড়ছে, সেখানে মানুষ প্রতিবাদ করছে। অনেক বসতি বাড়ি হয়েছে, সেইগুলোও দখল নিতে চাইছে। বন দপ্তর থেকে কাগজপত্র দেখানো হচ্ছে না। আমি দাবি করছি, খন্দখোলা, দেনুই, আড়বলদা, বোয়ালিয়া, বাহাদুরপুর, এসব অঞ্চলের লোককে স্থায়ী ভাবে জমির পাট্টা দেওয়া হোক, এবং তাদের সেখানে নিজস্ব অধিকার প্রতিষ্ঠা করা হোক।

**শ্রী নীরদ রায়চৌধুরি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্রের হাবড়া এবং তার আশেপাশের গ্রামগুলিতে আর্সেনিকের প্রকোপ দেখা দিয়েছে। সমস্ত টিউবঅয়েলের জল খেয়ে মানুষ অসুস্থ হয়ে পড়ছে। ১৯৯০ সালের নভেম্বর মাসে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ হাইজিন অ্যান্ড পাবলিক হেলথ ডিপার্টমেন্ট থেকে সার্ভে করেছিল। সেই সার্ভে রিপোর্টে বলেছে, এই জল খেলে মানুষ অসুস্থ হয়ে পড়বে, এই জল খাওয়ার মতো নয়। এই রিপোর্টের একটা কপি আপনার কাছে উপস্থিত করছি। যাতে অবিলম্বে টিউবঅয়েলগুলিকে পরিবর্তন করে ডিপ

টিউবওয়েল্ল করা হয় এবং পরিশোধিত জল পরিবেশন করা যায়, তার জন্য বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12-20—12-30 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যে তিন কোটি টাকা খরচ করে প্রায় ১ লক্ষ স্কুলের ছাত্র-ছাত্রীকে হেলথ-কার্ড দেওয়া হবে। এটা আজকে অর্থাৎ ২২-০৭-৯৬ পর্যন্ত চলবে। এই হেলথ কার্ডগুলো ইস্যু করবেন বি.এম.ও.এইচ.। স্যার, আজকে ৯০০ প্রাইমারি হেলথ সেন্টারের মধ্যে ২৩৯টাতে ডাক্তার নেই। কিন্তু হেলথ কার্ড ইস্যুর জন্য ডাক্তারের সই লাগবে। আবার ডাক্তাররা শিশুদের শরীর চেক করবেন। ৯০ হাজার থেকে ১ লক্ষ ছেলে-মেয়েকে এক সপ্তাহের মধ্যে পরীক্ষা করা হবে কোন হিসাবে? একটা ডাক্তার কোথাও নেই। আজকে ৩ কোটি টাকা খরচ করা হবে। কিন্তু প্রাথমিক স্কুলে শিক্ষার ব্যবস্থা নেই। ডাক্তার নেই। বিষয়টা মাননীয় স্বাস্থ্য মন্ত্রীকে দেখবার জন্য অনুরোধ করব। স্যার, আমাকে দুটো জায়গা থেকে উপস্থিত থাকার জন্য চিঠি দিয়েছে। কিন্তু একজন করে ডাক্তার সেখানে রয়েছেন। তারা বলছেন, আমরা যদি চলে যাই, হাসপাতালের রোগীরা মারা যাবে, রোগীদের দেখবে কে? এক সপ্তাহ ঘুরে এই হেলথ কার্ড বিলি করা হবে। বিশ্বের সমস্ত দেশ তাঁরা এটা পালন করছেন এবং আমাদের দেশও পালন করছেন। স্যার, আমি পশ্চিমবঙ্গ সরকারকে বলব, এটা একটু অন্যভাবে দেখা দরকার। যদি শিশুদের স্বাস্থ্য পরীক্ষা করতে হয় তাহলে যে সমস্ত বিশেষজ্ঞরা কলকাতায় থাকেন তাঁদের গ্রামে পাঠাবার ব্যবস্থা করুন। বিশেষ করে এই এক সপ্তাহ যেখানে ডাক্তার নেই সেখানে ডাক্তার পাঠান। এবং যেখানে একজন ডাক্তার আছেন সেখানে আরও ডাক্তার পাঠান। তা না হলে হাসপাতাল অচল হয়ে যাবে। এব্যাপারে আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এটা কংগ্রেস বা সি.পি.এম.-এর প্রশ্ন নয়, সকলের ব্যাপার এবং আমার মনে হয়, এবিষয়ে সমস্ত বিধানসভার সদস্যরা একমত হবেন। আমরা এবিষয়ে একটা রেজুলিউশনও করতে পারি—যাতে সেখানে ডাক্তার দেওয়া হয়। এটা না করলে তিন কোটি টাকা নষ্ট হয়ে যাবে। এবিষয়ে আপনি নিজে একটু মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে বলবেন।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার কৃষ্ণনগর শহরে গত ৩-৭-৯৬ তারিখ থেকে ২০-৭-৯৬ তারিখ পর্যন্ত পর পর কয়েকটা গহনার দোকানে প্রকাশ্য দিবালোকে ডাকাতি হয়। পুলিশ আজ পর্যন্ত তাদের গ্রেপ্তার করতে পারেনি। এর কয়েকদিন পরে অনাদিনগরের মিউনিসিপ্যালিটি ১৬ নম্বর ওয়ার্ডের পর পর ৭-টা ডাকাতি হয়। শেষ ডাকাতি হয় শ্যামল চক্রবর্তীর বাড়িতে। সেখানে তাঁর ৫ বছরের শিশুর জামা-কাপড় ব্যাগ চুরি হয়। পুলিশ মন্ত্রীর কাছে আবেদন, কৃষ্ণনগরের শহরাঞ্চল এলাকায় সমাজ বিরোধীদের সঙ্গে পুলিশের একশ্রেণীর যোগাযোগ এর ফলে এটা হচ্ছে। কৃষ্ণনগরে কোতোয়ালী থানার পুলিশ সেই

সমস্ত সমাজবিরোধীদের গ্রেপ্তার করছে না। সেখানে বিশেষ করে অনাদিনগর এবং কৃষ্ণনগরে ব্যবসা বাণিজ্য যাতে চলতে পারে তারজন্য আপনার মাধ্যমে মাননীয় পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ইদ মহম্মদ ঃ** একটা পয়েন্ট অফ্ ইনফর্মেশন আমি দিচ্ছি, গত পরশুদিন ২১-৭-৯৬ তারিখে আমার বাড়িতে চুরি হয়, আমাকে পাশের বাড়িতে বন্ধ করে রাখা হয় এবং যা জিনিসপত্র ছিল সমস্তই লুঠ করে নিয়ে যায়। আপনি এখানে আমাদের কেয়ারটেকার, আমি অনুরোধ করছি যাতে সমস্ত আসামী ধরা পড়ে ও শাস্তি পায় এবং সমস্ত চুরি যাওয়া মাল যাতে উদ্ধার হয়। ইতিমধ্যে বিমল দাসের ছিনতাই হয়ে গেছে। এবং মাননীয় পুলিশমন্ত্রীর ফ্ল্যাটের পাশেও চুরি হয়েছে। আপনার কাছে আবেদন করছি চুরি যাওয়া জিনিসপত্রের উদ্ধারের জন্য এবং চোরদের ধরার জন্য।

**শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা হাঁসখালি থানার ১০২টি প্রাথমিক স্কুল তার মধ্যে ৪৮ টি বাদে আর কোনও স্কুলে ঘর নেই। সেখানে গাছতলায় বসে পড়াশোনা হয়। শিক্ষামন্ত্রীর নিকট আবেদন করছি এই স্কুলগুলির গৃহ নির্মাণ করে যাতে ছাত্র-ছাত্রীরা ঘরে বসে পড়াশোনা করতে পারে তার ব্যবস্থা করবেন।

**শ্রীমতী মমতা মুখার্জি ঃ** স্যার, আমার পুরুলিয়া বিধানসভা কেন্দ্রের মধ্যে অবস্থিত পুরুলিয়া পৌরসভাটি এক বছর কংগ্রেস(ই) দ্বারা পরিচালিত। এই বছরে আমাদের বামফ্রন্ট সরকার, গণতান্ত্রিক সরকার পুরুলিয়ার মানুষদের উন্নয়নের জন্য এক কোটি টাকা দিয়েছেন। সেখানে উন্নয়নের একটা কাজও হয় নি। তাই আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে তথা বিভাগীয় মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, যে সমস্ত চুরি-চামারির হিসাব নিকাশ করে ফিজিক্যাল এনকোয়ারী এবং স্পেশ্যাল অডিট করা হোক।

**শ্রী আব্দুল সালাম মুন্সী ঃ** উপস্থিত নেই।

**শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শ্রদ্ধেয় বিশ্বনাথ দাস ১ নং জয় মিত্র স্ট্রিট, তিনি গত ১৬ই জুলাই তাঁর বাড়িতে পড়ে গিয়ে কোমরে আঘাত পান এবং তাঁকে মেডিক্যাল হাসপাতালে ভর্তি করতে নিয়ে যাওয়া হয় কিন্তু সেখানে ভর্তির সুযোগ হল না, তারপর নীল রতন সরকার হাসপাতালে, তারপর ন্যাশনাল হাসপাতালে এবং তারপর এস.এস.কে.এম. হাসপাতালে নিয়ে যাওয়া হল, কোথাও ভর্তির সুযোগ হল না। চারটি হাসপাতাল ঘোরার পর আবার ভোররাত্রে মেডিক্যাল হাসপাতালে আসার পর সেখানে এমার্জেন্সী বিভাগে ভর্তি করা হয়। তিন দিন তাঁকে ট্রলিতে ফেলে রাখা হল, তাঁর চিকিৎসার ব্যবস্থা করা হল না, তিন দিন থাকার পর তাঁর মৃত্যু হলে ডাক্তার তাঁকে আননোন ব্যক্তি নাম দিয়ে ফেলে রাখে এবং বেওয়ারীশ মরা বলে চালাবার

চেষ্টা করেন। সুপ্রিম কোর্টের অর্ডারে আছে যে কোনও রোগী যদি হাসপাতালে ভর্ত্তি হতে যায় তাকে হাসপাতালে ভর্তি করতে হবে। সেখানে যদি জায়গা না থাকে তাহলে অন্য যে কোনও হাসপাতালে তাকে ভর্তির ব্যবস্থা করে দিতে হবে। কিন্তু সেই অর্ডারকে নস্যাৎ করে পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি হাসপাতালগুলি আজকে কোঠারীতে পরিণত হয়েছে।

[12-30—12-40 P.M.]

আমরা দেখছি সরকারি হাসপাতালে আজ গরিব মানুষদের কোনও চিকিৎসা হয় না। অথচ সরকারের তরফ থেকে বারবার ঘোষণা করা হয় যে, সরকার স্বাস্থ্যের ব্যাপারে যথেষ্ট সজাগ আছেন এবং যা যা করণীয় তা করছেন। তাই আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে এই কথা বলছি যে, আমি যে বিষয়টা উল্লেখ করলাম তা অবিলম্বে তদন্ত করে দোষী ডাক্তারদের শাস্তি দেবার ব্যবস্থা করা হোক।

**শ্রীমতী ইভা দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের হুগলি জেলার জঙ্গীপাড়া বিধানসভা কেন্দ্রের টেলিফোনের অব্যবস্থা সম্পর্কে এই সভাকে জানাতে চাই। কলকাতা থেকে জঙ্গীপাড়ার দূরত্ব ৪০/৫০ কিলোমিটার। সেখানে দু-তিনটি টেলিফোন এক্সচেঞ্জ আছে এবং সেগুলিতে এস.টি.ডি. লাইনও আছে। কিন্তু ওখানে গ্রাহকদের কারোরই এস.টি.ডি লাইন নেই। এরফলে গ্রাহকদের বিল জমা দেওয়ার ক্ষেত্রে খুবই অসুবিধা ভোগ করতে হচ্ছে। যেহেতু এক্সচেঞ্জ এস.টি.ডি. লাইন আছে সেহেতু গ্রাহকদের ওপরও এস.টি.ডি.-র চার্জ চাপিয়ে দেওয়া হচ্ছে। এর ফলে গ্রাহকদের মধ্যে টেলিফোনের বিল না মেটানোর প্রবণতা দেখা দিচ্ছে। তাদের মধ্যে অসন্তোযের সৃষ্টি হচ্ছে। এই অসন্তোষ আগামী দিনে বিক্ষোভে পরিণত হবার সম্ভাবনা আছে। তাই আমি বিষয়টির প্রতি আমাদের রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের টেলিফোন বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে তুলে ধরতে চাই। স্যার, হীরাপুর বিধানসভা কেন্দ্রের 'ইস্কো' কারখানায় প্রায় ৩১,০০০ শ্রমিক কর্মচারী কাজ করেন। ইস্কোকে বাঁচাবার জন্য আমার দাবি অবিলম্বে 'সেল'এর মাধ্যমে 'ইস্কো' আধুনিকীকরণের কাজ শুরু করতে হবে। আমি শুনেছি এবিষয়ে সরকার পক্ষ এবং বিরোধীপক্ষ চিন্তা-ভাবনা করছেন। আমার অনুরোধ মাননীয় মুখ্যমন্ত্রী বিষয়টি নিয়ে কেন্দ্রীয় সরকারের প্রধানমন্ত্রী এবং ইস্পাত মন্ত্রীর সঙ্গে যোগাযোগ করে অবিলম্বে এই কাজ যাতে শুরু হয় তার ব্যবস্থা করুন এবং এখান থেকে একটা সর্বদলীয় প্রতিনিধি দল দিল্লি পাঠান।

**শ্রী রঞ্জিত কুন্ডু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ফেব্রয়ারি মাসে কাঁচড়াপাড়া রেলওয়ে ওয়ার্কশপ-এর চীফ্ ওয়ার্কস ম্যানেজার ৩০০ অ্যাপ্রেন্টিস নিয়োগের জন্য ১০০০ যুবককে ইন্টারভিউতে ডেকেছিলেন। আগে যে লিখিত পরীক্ষা হয়েছিল তার মধ্যের যোগ্য প্রার্থীদেরই

কেবল ঐ ইন্টারভিউতে ডাকা হয়েছিল। কিন্তু স্থানীয় একজন কংগ্রেস নেতা-যিনি বিগত বিধানসভা নির্বাচনে বীজপুর কেন্দ্রে কংগ্রেস প্রার্থী ছিলেন, তিনি হঠাৎ তাঁর সমাজবিরোধী বাহিনীর ২০০ জনের একটা তালিকা পাঠিয়ে দিয়ে সমাজ বিরোধীদের নিয়ে গিয়ে চীফ্ ওয়ার্কস ম্যানেজারকে মারধোর করেন এবং তাঁর অফিস ভাঙচুর করেন। তারপর ঐ ঘটনাকে অজুহাত করে ওখানকার চীফ্ পার্সোনাল অফিসার ওখানে অ্যাপ্রেন্টিস নিয়োগ বন্ধ করে রেখেছেন—আজ পর্যন্ত তা বন্ধ হয়ে আছে। তাই আমি আপনার মাধ্যমে দাবি করছি রাজ্য সরকারের সংশ্লিষ্ট বিভাগ অবিলম্বে এবিষয়ে কেন্দ্রীয় রেল দপ্তরের কাছে বলুন যাতে যোগ্য প্রার্থীরা শিক্ষানবিশীর সুযোগ পায়, তারা যেন বঞ্চিত না হয়। তারা অনেকেই শিক্ষা গ্রহণের পরে রেল দপ্তরেই স্থায়ী কর্মী হিসাবে চাকরি করার সুযোগ পাবেন। সুতরাং অবিলম্বে ওখানে ইন্টারভিউ গ্রহণের কাজ শুরু করা হোক এবং প্রার্থীদের যোগ্যতার ভিত্তিতে নিয়োগপত্র দেওয়া হোক। যারা ওখানে মারামারি করেছিল, তাদের বিরুদ্ধে বীজপুরে থানায় যে মামলা হয়েছে, তা যেন চালু থাকে। দুঃখজনক হলেও আমি বলতে বাধ্য হচ্ছি, ওখানে প্রধান আসামী মারা গেছেন। তথাপি আমি সমগ্র বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য রাজ্য সরকারের কাছে অনুরোধ রাখছি।

**শ্রী গৌতম চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কেন্দ্রে ইংলিশবাজারের অমৃতি অঞ্চলে একটি উল ওয়ার্থ ফ্যাক্টরী আছে। সেই ফ্যাক্টরী থেকে পলিউটেড ওয়াটার ছড়াচ্ছে। সেই পলিউটেড ওয়াটারের মধ্যে ১৫ পারসেন্ট নাইট্রোজেন অ্যাসিড কনটেন করে। এলাকার বিভিন্ন আমবাগান এবং চাষের জমিতে ছড়িয়ে যাচ্ছে। এরফলে প্রায় সাড়ে ৩ হাজার একর চাষের জমি এবং প্রায় ৪ হাজার একর আমবাগান নষ্ট হয়ে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবেশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এই দাবি জানাচ্ছি, এই উল ওয়ার্থ ফ্যাক্টরী থেকে যে পলিউটেড ওয়াটার ছড়িয়ে গিয়ে সমস্ত এলাকাকে বিষময় করে তুলছে এবং হাজার হাজার কৃষক অন্নহারা হচ্ছে তার প্রতিবিধানের দাবি জানাচ্ছি।

**শ্রী কালিপ্রসাদ বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়গণের দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। স্যার, ১৯৭৭ সালের পর পশ্চিমবাংলায় প্রাথমিক এবং মাধ্যমিকস্তরে গণমুখি শিক্ষাব্যবস্থার ফলে লক্ষ লক্ষ তফসিলি জাতি ও উপজাতি এবং অর্থনৈতিক দিক থেকে পশ্চাদপদ ঘরের ছেলেরা পড়াশুনা করছে। গ্রামবাংলার ক্ষেত্রে কেরোসিনের বরাদ্দ এমনিতেই শহরের তুলনায় কিছুটা কম। কেরোসিন সরবরাহ অনিশ্চিত হওয়ায় তফসিলি জাতি ও উপজাতি এবং পশ্চাৎপদ ঘরের ছেলেরা কেরোসিনের অভাবে কিছুটা পড়াশুনা ব্যাহত হচ্ছে। আমি মাননীয় শিক্ষামন্ত্রীদ্বয়ের কাছে আবেদন করব, শিক্ষাক্ষেত্রে আরও বেশি অগ্রগতির জন্য গ্রামাঞ্চলে তফসিলি জাতি ও উপজাতি এবং পিছিয়ে পড়া মানুষদের জন্য অতিরিক্ত কেরোসিন বরাদ্দের ব্যবস্থা করা হোক।

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। চন্দননগর পৌরসভার ২টি শশ্মান আছে। চন্দননগর অত্যন্ত ঘন বসতিপূর্ণ শহর এবং পুরানো শহর। বহু দূর থেকে গ্রাম থেকে, পোলবা, দাদপুর ব্লক এবং সিঙ্গুর ব্লক প্রভৃতি থেকে বহু মৃতদেহ এখানে দাহ করতে আসে। কিন্তু দুঃখজনক ঘটনা হল, যে কাঠ পাওয়া যাচ্ছে তা অত্যন্ত কম। রাতের বেলায় কাঠও পাওয়া যায় না। তাও বা যে কাঠ পাওয়া যায় তা নিম্নমানের এবং কাঁচা। তাই আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি, দয়া করে এই দুটি শশ্মানের মধ্যে যে কোনও একটির বৈদ্যুতিক চুল্লির ব্যবস্থা করুন। চন্দননগরের বহু দিনের দাবি পূরণ করুন এই আশা এবং দাবি জানিয়ে আমরা বক্তব্য শেষ করছি।

**শ্রী মোজাম্মেল হক ঃ** স্যার, এই মুহূর্তে কাঁচা পাট কেনার জন্য জে.সি.আই.কে ব্যবস্থা গ্রহণ করার জন্য, জে.সি.আই. খোলার জন্য আমাদের রাজ্যের কৃষিমন্ত্রী এবং শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৯৫ সালের যে হারে পাট চাষ হয়েছিল, এই বৎসরে তার চেয়ে অনেক গুণ বেশি পাট চাষ হয়েছে। আমাদের মুর্শিদাবাদ জেলায় শুধুমাত্র গত বৎসরের চেয়ে প্রায় ১৫ হাজার হেক্টর জমিতে পাট চাষ বেশি হয়েছে। এরফলে কেন্দ্রীয় সরকারের বিভাগীয় মন্ত্রীর সঙ্গে রাজ্যের কৃষি মন্ত্রী এবং শ্রমমন্ত্রী আলোচনার মাধ্যমে যেভাবেই হোক করণীয় ব্যবস্থা গ্রহণ করে যাতে কৃষকেরা দেড় হাজার টাকা মিনিমাম পান তারজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন। দেড় হাজার টাকা না হলে চাষীরা ক্ষতিগ্রস্ত হবেন। তাই অবিলম্বে জে.সি.আই যাতে পাট কেনে এবং জে.সি.আই. যাতে খোলার ব্যবস্থা করেন তারজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করছি।

**শ্রী পরেশ পাল ঃ** মাননীয় স্পিকার স্যার, আমার মানিকতলা কেন্দ্রে ভি.আই.পি. এবং সি.আই.টির সংযোগস্থলে লেবার সেন্ট্রাল হলের সামনে একটা আইল্যান্ড আছে। প্রত্যেকদিন ঐ আইল্যান্ডের এপার থেকে ওপারে এবং ওপার থেকে এপারে ২/৩ হাজার বাচ্চা তাদের মায়েদের সাথে পার হয়। কিন্তু ঐখানে সব সময়ে ট্রাফিক জ্যাম থাকে। আমি মাননীয় কর্পোরেশন মন্ত্রীর কাছে আবেদন করছি—ওখানে অতীতে দুটি ব্রিজ করা হয়েছিল। তার মধ্যে একটি ব্রিজ পিয়ারলেস করেছে। কিন্তু ঐ ব্রিজে কোনও লোকই ওঠে না।

[12-40—12-50 P.M.]

৩০ বছর, ৩৫ বছরের কোনও লোক ঐরকম উঁচু ব্রিজ দিয়ে হাঁটে না। আপনারা দেখেছেন শিয়ালদহেও ঐ রকম একটি ব্রিজ পিয়ারলেস করেছে, ঐ ব্রিজ দিয়ে কোনও লোক হাঁটে না। সেই জন্য আমার আবেদন মানিকতলায় যদি একটা সাবওয়ে করার ব্যবস্থা করেন তাহলে ওখানকার জনসাধারণ এর সুবিধা হতে পারে। কারণ প্রত্যেকদিন ঐ রাস্তা দিয়ে ছাত্র-ছাত্রীরা যাতায়াত করে এবং প্রায়ই ওখানে অ্যাকসিডেন্ট হয়। এই বিষয়ে মাননীয় মন্ত্রী আশা করি যথাযথ ব্যবস্থা নেবেন।

**শ্রী ননীগোপাল চৌধুরি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গ্রামের লোক, সেইজন্য আমি আমার এলাকার গ্রামের কৃষকদের একটি গভীর সংকটের বিষয় উল্লেখ করছি মাননীয় কৃষিমন্ত্রীর কাছে। চাষাবাদের জন্য যে পাম্প মেশিনগুলো ব্যবহার করা হয়, সেইগুলো চালানোর জন্য পর্যাপ্ত পরিমাণে কেরোসিন তেলের প্রয়োজন হয় সেই কেরোসিন তেলের অভাব দারুণ ভাবে দেখা দিয়েছে। সঙ্গে সঙ্গে আর একটা সংকট দেখা দিয়েছে যে আমাদের ওখানে একদম বৃষ্টি হয়নি। যার ফলে ধানের চারা চাষীরা রুইবে, সেচ দেবে, সেই উপায়ও নেই। চারাগুলো শুকিয়ে যাচ্ছে। কারণ কেরোসিন তেলের দারুণ অভাব, সেইজন্য আমি কৃষিমন্ত্রীর কাছে আবেদন জানাব, কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলে যেন কেরোসিন তেলের বরাদ্দ বাড়াবার ব্যবস্থা তিনি করেন। আর একটি বিষয়, এখন বাজারে দু' রকমের কেরোসিন তেল পাওয়া যায়। নীল তেল এবং সাদা তেল। সাদা তেলের দাম ১০/১২ টাকা লিটার চেয়ে থাকে। সেই দামটা যাতে নির্দিষ্ট করে দেওয়া যায়, সেই ব্যবস্থা করার জন্য আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গোপালকৃষ্ণ দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কিছুক্ষণ আগে একজন মাননীয় সদস্য বললেন তার বাড়িতে চুরি হয়ে গেছে। চুরি, ডাকাতি পশ্চিমবাংলায় একটা দৈনন্দিন ঘটনা, আইন শৃঙ্খলার অবস্থা চূড়ান্ত পর্যায়ে গেছে। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর কেন্দ্র তেলেনি পাড়া গ্রামে একটা ডাকাতি হল, সেই ডাকাতিতে জড়িত একজন আসামীকে চিহ্নিত করা হয় এবং পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় যেমন গণ ধোলাই দেওয়া হয়, সেই রকম ভাবে সেই আসামীকে মারার পর দেখা গেল যে বাড়িতে ডাকাতি হয়েছে—তার নাম মলিন্দ্র ঘোষ, তিনি ঐ এলাকার কৃষক কংগ্রেসের সভাপতি, তার বাড়িতে ডাকাতি হয়েছে, যারা ডাকাতি করল তাদের ধরার ব্যবস্থা না করে যে বাড়িতে ডাকাতি হয়েছে তাকে খোঁজা হচ্ছে, তাকে হয়রানি করা হচ্ছে। যার ফলে তিনি এখন ফেরার হয়ে ঘুরে বেড়াচ্ছেন। এই ভাবে পাথর প্রতিমার ঘটনা, বুদ্ধদেব বাবু যে ফ্ল্যাটে থাকেন, তার উপরের ফ্ল্যাটে চুরি, দক্ষিণ ২৪-পরগনায় সোনার দোকানে পর পর ডাকাতি, তাদেরকে ধরার কোনও ব্যবস্থা করা হচ্ছে না। অথচ যাদের বাড়িতে ডাকাতি হয়েছে তাকে হয়রানি করা হচ্ছে মিথ্যা মামলা জারি করে। এই বিষয়ে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি বিশেষ ব্যবস্থা আশা করি তিনি নেবেন।

**শ্রী কার্তিকচন্দ্র বাগ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় সমবায়মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কেন্দ্রের যুক্তফ্রন্ট সরকার সারের দাম কমিয়েছেন তারজন্য তাদের ধন্যবাদ জানাচ্ছি। স্যার, আপনি জানেন, গ্রামীণ সমবায় সমিতিগুলি গ্রামের ক্ষুদ্র প্রান্তিক চাষী এবং পাট্টাদারদের একমাত্র ভরসাস্থল এবং সহায়সম্বল। গ্রামীণ এই সমবায় সমিতিগুলি আগাম কিছু সার কিনে রাখার ফলে নতুন দামে সার বিক্রি করতে গিয়ে তারা লোকসানের মুখে পড়ছে। গ্রামীণ সমবায় সমিতিগুলি আগের দামে সার

কিনে যা মজুত করে রেখেছিল বর্তমান দামে তা বিক্রি করতে গিয়ে সেখানে তারা যে লোকসানের মধ্যে পড়ছে এক্ষেত্রে আমার অনুরোধ, মাননীয় সমবায়মন্ত্রী কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলে তাদের কিছু ভরতুকি দেওয়ার ব্যবস্থা করুন। তা না হলে তারা ক্ষতিগ্রস্ত হবেন। অপর দিকে স্যার, আমরা দেখতে পাচ্ছি প্রাইভেট ডিলার যারা তারা নতুন দামে সার কিনে পুরানো দামে অর্থাৎ বেশি দামে সেই সার বিক্রি করছে। আমার এলাকায় এই ধরনের ঘটনার প্রতিবাদ জানিয়েছেন আমাদের পার্টির সমর্থকরা কিন্তু কংগ্রেসিরা এক্ষেত্রে আমাদের পার্টির সমর্থকদের বাধা দিচ্ছে এবং প্রাইভেট ডিলারদের বেশি দামে সার বিক্রি করতে সাহায্য করছে। আমার আবেদন, মাননীয় সমবায়মন্ত্রী কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করে গ্রামীণ সমবায় সমিতিগুলি সারের ব্যাপারে যাতে কিছু ভরতুকি পায় তার ব্যবস্থা করুন। আগে থেকে সার কিনে রাখার ফলে তারা যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেটা দেখুন।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে গোটা কলকাতায় এক শ্রেণীর অসাধু প্রমোটার, যারা প্রাইভেট প্রমোটার তারা জমি নিয়ে ফাটকাবাজি করছে এবং বস্তির মানুষদের উচ্ছেদ করে সেই জমিতে বড় বড় প্রাসাদ তৈরি করে কোটি কোটি টাকা কামাচ্ছে। স্যার, আপনি শুনলে স্তম্ভিত হয়ে যাবেন, প্রোমোটারদের এই ব্যবসায় সরকারও ইন্ধন যোগাচ্ছে। পশ্চিমবঙ্গের উদ্বাস্তু ত্রাণ দপ্তর জমি দখল করেছিলেন ব্যক্তি মালিকানার কাছ থেকে উদ্বাস্তুদের পুনর্বাসন দেবার জন্য। যোধপুর পার্ক সংলগ্ন যোধপুর পার্ক কলোনি যেখানে বর্তমানে জমির কাঠা ৭/৮ লক্ষ টাকা, সরকার যে ১০ একর জমি অধিগ্রহণ করেছিলেন উদ্বাস্তুদের জন্য তার থেকে ২ একর জমি অসাধু প্রোমোটারদের কাছে বিক্রি করে দেওয়া হচ্ছে। সেখানকার উদ্বাস্তুদের উৎখাত করার চেষ্টা করা হচ্ছে। স্যার, নতুন করে ঠিকানা খুঁজে পেয়ে যারা বাঁচার চেষ্টা করছেন আজকে সরকার থেকে তাদের পুনরায় উদ্বাস্তু করে দেবার ষড়যন্ত্র হচ্ছে। স্বাধীনতার ৫০ বছর পরে এই জিনিস আজকে দেখতে হচ্ছে। সেখানে ২ একর জমি প্রোমোটারদের হাতে তুলে দিয়ে উদ্বাস্তুদের আবার উদ্বাস্তু করা হচ্ছে। মাননীয় উদ্বাস্তু, ত্রাণ দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে আমার আবেদন, স্বাধীনতার ৫০ বছর পরে নতুন করে তাদের যাতে উদ্বাস্তু হতে না হয় তারজন্য আপনি সেখানে দ্রুত হস্তক্ষেপ করুন এবং স্যার, আপনার কাছে আবেদন, আপনি দয়া করে এ সম্পর্কে প্রয়োজনীয় নির্দেশ দিন।

**শ্রী শিবপ্রসাদ দলুই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সেহারা বাজার এলাকায় ১৯৮৪ সাল থেকে একটি গ্রামীণ হাসপাতাল তৈরি করার প্রস্তাব হয়ে আছে এবং তারজন্য দীর্ঘদিন আগে থেকে জমিও ঠিক করা আছে কিন্তু এখনও পর্যন্ত ঐ হাসপাতালের জন্য প্রয়োজনীয় অনুমোদন পাওয়া যায় নি। একদিকে আরামবাগ এবং অন্যদিকে বর্ধমান এর মাঝখানে কোনও বড় হাসপাতাল নেই। অবিলম্বে যাতে প্রস্তাবিত হাসপাতালটি অনুমোদন পায় তারজন্য মন্ত্রী মহাশয়ের কাছে আমি আবেদন জানাচ্ছি।

[12-50—1-00 P.M.]

**श्री रामजनम माझि :** आदरणीय स्पिकार साहव, आपके माध्यम से स्वराष्ट्र मन्त्री का ध्यान आकर्षित करना चाहता हुँ हमारे उतर उलुवेड़िया केन्द्र मे मार्कसबादी कम्युनिष्ट पाटी और फरवार्ड ब्लक दोनो मिलकर वहाँ आतंक फैला रहा है। कैन्द्र के अमीरपाड़ा, बीरपाड़ा, राजपाड़ा शतभी पीठ के ग्रामीन आज बहुत भयभीत है और गांव छोड़कर पलायन कर रहै है। लोगो कौ तरह-तरह मे तंग किया जा रहा है। पुलिस भी कुछ नही कर रही है और मुकदर्शक बनी हुई है जिसे इन पाटी के गुण्डो का मनोवल और बढ़ गया है। और लोगो को परेशान कर रहा है। इसलिये मै पुलिस मंन्त्री से आवेदन करता हुं, अनुरोध करता हुं इस संन्त्रास को रोकने के लिए कठोर व्यवस्था करे यही मैं आपके माध्यम मे स्वराष्ट्र मंन्त्री का ध्यान आकर्षित कराना चाहता हुं।

**শ্রী প্রত্যুষ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে হাওড়া জেনারেল হসপিটালে কতগুলো জরুরি ব্যবস্থা নেবার জন্য দাবি জানাচ্ছি। স্যার, আপনি জানেন, হাওড়া হচ্ছে একটা বিগ ইন্ডাস্ট্রিয়াল টাউন এবং শেফিল্ড অফ ইন্ডিয়া নামে খ্যাত। প্রতিদিন সেখানে হেড ইনজুরীর ঘটনা ঘটছে। প্রতিদিন সেখানে অসংখ্য দুর্ঘটনা ঘটছে। গ্রাম থেকেও ঐ হসপিটালে প্রচুর মানুষ আসছেন, কিন্তু তাদের সুস্থ করা হচ্ছে না বা যথাযথ ব্যবস্থা নেওয়া যাচ্ছে না। কারণ ঐ হাসপাতালে সি.টি. স্ক্যানের ব্যবস্থা নেই, করা দরকার। ওখানে বার্ণ ইউনিট নেই, অবিলম্বে বার্ণ ইউনিট করা দরকার। ওখানে একটিমাত্র অপারেশন থিয়েটার যেটি রয়েছে সেটি আনইক্যুইপড, অবিলম্বে ওয়েল ইক্যুপড করা দরকার এবং আর একটি অপারেশন থিয়েটার অবিলম্বে খোলা দরকার। ঐ হসপিটালে মেডিক্যাল সার্জন এবং গাইনিতে অবিলম্বে আর.এম.ও নিয়োগ করা দরকার। এসব অভাবের প্রতি আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সবুজ দত্ত ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, বাগনান কেন্দ্রের মতো জনবহুল জায়গায় আজ পর্যন্ত টেলিফোন যোগাযোগ-ব্যবস্থা ঠিকমতো হয়নি। বাগনান থেকে কলকাতায় ফোন করতে গেলে এস.টি.ডি. মাধ্যমে যোগাযোগ করতে হয়। দুঃখের সঙ্গে বলতে চাই, মহিশরেখা-বাগনান থেকে যার দূরত্ব ২ কিলোমিটার, সেখান থেকে পর্যন্ত কলকাতায় সরাসরি ফোন করার সুযোগ রয়েছে, কিন্তু বাগনান থেকে সেই সুযোগ নেই। যাতে বাগনান লোকাল ফোনের ব্যবস্থা করা

যায়, যাতে অল্প পয়সায় সাধারণ মানুষ কলকাতার সঙ্গে যোগাযোগ করতে পারেন তারজন্য ব্যবস্থা নিতে আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দীপক বেরা ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অত্যন্ত উদ্বেগের ব্যাপার, গত ১৭ তারিখে আমাদের প্রাক্তন কংগ্রেসি বিধায়ক মহাশয়ের নেতৃত্বে সমাজবিরোধীরা ময়না পঞ্চায়েত সমিতির সভাপতি নির্বাচন অনুষ্ঠানের উপর হামলা চালায়। সেখানে হামলা করে চারজন কর্মাধ্যক্ষের মাথা ফাটিয়ে দেওয়া হয় এবং একজন মহিলা সদস্যেরও মাথা ফাটানো হয় সেখানে। তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। তিনি আশপাশের অঞ্চল থেকে ঐসব সমাজবিরোধীদের সংগঠিত করেন এবং লাঠি, সোডার বোতল ইত্যাদি নিয়ে সেখানে আক্রমণ করেন। গাড়িও ভাঙচুর হয় সেখানে। দুর্ভাগ্যের বিষয়, সেখানে পুলিশ যথাযথ ব্যবস্থা নিতে পারেন নি। যাতে অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হয় এবং সেখানে সন্ত্রাস দূর করা হয় তারজন্য অনুরোধ করছি।

**শ্রী অসিত মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বন-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি ঘটনার কথা এখানে উল্লেখ করছি। অরণ্য সপ্তাহ চলছে এবং সেই উপলক্ষ্যে অনেক বক্তৃতা মন্ত্রীরা দিচ্ছেন, কিন্তু দুঃখের কথা হল, হাওড়া জেলার আমতা ব্লক দুই এর অন্তর্গত দুটি গ্রাম পঞ্চায়েত জয়পুর ও কাশমুল্লী থেকে হাজার হাজার টাকার গাছ কেটে নিয়ে যাওয়া হচ্ছে যেখানে বলা হচ্ছে—সামাজিক বন সৃজন আপনারাই করবেন এবং আপনারাই সেসব রক্ষা করবেন। সেখানে ক্যাম্প করে গাছ কাটা হচ্ছে এবং ট্রাক দাঁড় করিয়ে রাখা হয়েছে যাতে অন্য কেউ এসে বাধা না দিতে পারে। এইভাবে সমস্ত গাছ কেটে নিয়ে গেছে। রাজ্য সরকার এবারের অরণ্য সপ্তাহে শ্লোগান দিয়েছে "গভীর অরণ্য হৃদয়ের প্রশান্তি"। সেই অরণ্যকে গভীরের জায়গায় যাতে অগভীর হয় তার চেষ্টা করছে। মার্কসবাদী কমিউনিস্ট পার্টির গ্রাম পঞ্চায়েত গায়ের জোরে গাছ কেটে নিয়ে নিজেদের বাড়িতে নিয়ে গিয়ে টাকা রোজগারের ব্যবস্থা করছে। এই ব্যাপারে আমি বনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় বিদ্যুৎ মন্ত্রী হাউসে রয়েছেন, এই ব্যাপারে উনি যদি কিছু বলতে পারেন ভাল হয়। উত্তরপাড়া বিধানসভা কেন্দ্রের মধ্যে পড়ে নবগ্রাম এবং কানাইপুর এই দুটি গ্রাম পঞ্চায়েত। এই দুটি গ্রাম পঞ্চায়েত এলাকায় প্রচন্ড বিদ্যুতের সংকট চলছে। এখানে প্রায় প্রতিদিন বিদ্যুত থাকছে না। অদ্ভুত পরিস্থিতি এই যে যখন বিদ্যুৎ চলে যাচ্ছে কখনও কখনও দীর্ঘ সময় ধরে লোড শেডিং-এর মতো চলছে। আবার যখন বিদ্যুৎ থাকছে ৫-১০ মিনিট অন্তর অন্তর বিদ্যুৎ চলে যাচ্ছে। গত ১৪ই জুলাই সন্ধ্যা সাড়ে সাতটার সময় বিদ্যুৎ চলে গিয়েছিল, তার পরের দিন ১৫ই জুলাই রাত্রি সাড়ে দশটায় বিদ্যুৎ এসেছে। এই ব্যাপারে নবগ্রাম সাপ্লাই অফিসে জানানো হয়েছে, ডিভিসনাল ইঞ্জিনিয়ার, অ্যাসিস্টেন্ট

ইঞ্জিনিয়ারদের জানানো হয়েছে। সিমলা রাজ্যধরপুর যেটা শ্রীরামপুর উত্তরপাড়া ব্লকের অন্তর্গত পড়ে সেখানে একটা ফিডার লাইন আছে এবং হিন্দমোটর থেকে একটা ফিডার লাইন আছে। ডানকুনি কোনও কমপ্লেক্স থেকে তৃতীয় ফিডার লাইনের অনুমোদন হয়ে গেছে। কিন্তু কোনও কাজ হয় নি। যার ফলে এই এলাকায় বিদ্যুৎ সংকট দেখা দিয়েছে। এই বিষয়ে আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বজবজ বিধানসভা কেন্দ্রের অন্তর্গত নবগঠিত পূজালী পুরসভা এলাকায় প্রায় ৪০ হাজার মানুষ বসবাস করে। সেখানে একটিমাত্র স্বাস্থ্যকেন্দ্র বিরাজলক্ষ্মী স্বাস্থ্যকেন্দ্র আছে। এই স্বাস্থ্য কেন্দ্রটি বেহাল অবস্থায় পড়ে আছে, এখানে কোনও ডাক্তাররা সেখানে যেতে পারছে না, এখানে কোনও ঔষধ নেই। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি অবিলম্বে এই বিরাজলক্ষ্মী স্বাস্থ্য কেন্দ্রটির সংস্কার করা হোক এবং এখানে একটা নতুন স্বাস্থ্যকেন্দ্র তৈরি করার দাবি জানাচ্ছি। বজবজ থেকে পুজালীর দূরত্ব ২০ কিলোমিটারের, সেইজন্য সেখান থেকে আসা-যাওয়ার অনেক অসুবিধা রয়েছে, এখানে যানবাহনের অসুবিধা রয়েছে। সেই কারণে বিরাজলক্ষ্মী স্বাস্থ্য কেন্দ্রটি আমূল সংস্কার করা হলে এবং পুজালক্ষ্মীতে একটি নতুন স্বাস্থ্যকেন্দ্র তৈরি করা হলে এলাকার মানুষের অনেক কাজে লাগবে এবং এই এলাকায় ডাক্তারের অভাব দূর হবে। এই বিষয়ে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার পিংলা বিধানসভা কেন্দ্রে ২৪ কিলোমিটারের একটা রাস্তা আছে সেই রাস্তাটি যাতে মোরাম রাস্তায় পরিণত করা যায় তার জন্য আমি আবেদন জানাচ্ছি। এই রাস্তাটি পিংলার কালিতলা থেকে ২৪ কিলোমিটার দূরে কালুখাঁড়া পর্যন্ত বিস্তৃত। এই রাস্তাটির ৯ কিলোমিটার পর্যন্ত মোরাম হয়েছে, বাকি অংশে মোরাম হয় নি। এই রাস্তা দিয়ে ৬, ৭, ৮, ৯ নম্বর অঞ্চলের ৩৫ টি গ্রামের মানুষ যাতায়াত করে। এই রাস্তাটি মানুষের চলাফেরা করার পক্ষে বিশেষ উপযোগী।

[1-00—1-10 P.M.]

এই রাস্তা দিয়ে সাধারণ মানুষেরা রোগীদের নিয়ে যায়, ব্যবসা বাণিজ্য করার জন্য যায় এবং বাস ধরার জন্য চলাফেরা করে থাকে। এই রাস্তাটিকে যোগাযোগের প্রধান মাধ্যম বলা হয়। বর্তমানে বর্ষাকালে ব্যবসা বাণিজ্যের জন্য, জীবিকা নির্বাহ করার জন্য সাইকেল ও অন্যান্য যানবাহন নিয়ে চলাফেরা করা যাচ্ছে না। কৃষিপণ্য নিয়ে যাতায়াত করতে খুব অসুবিধা হচ্ছে। এই রাস্তায় যাতে অবিলম্বে মোরামের ব্যবস্থা করা যায় তারজন্য আমি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী প্রমথনাথ রায় ঃ** মাননীয় স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর

একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকায় কালিয়াগঞ্জ পৌর এবং গ্রাম পঞ্চায়েত অঞ্চল মিলিয়ে তিন লক্ষ লোক বাস করেন। সেখানে গ্রামীণ যে স্বাস্থ্যকেন্দ্র আছে, তার উপরে উক্ত এলাকার মানুষেরা নির্ভরশীল। সেখানে প্রয়োজনীয় সংখ্যক ডাক্তার নেই, কোনও স্পেশ্যালিস্টও নেই। হাসপাতালটি টীনের শেড্‌যুক্ত। বর্ষাকালে তা দিয়ে ঘরের মধ্যে জল পড়ে। হাসপাতালটিতে স্টাফদের জন্য যে কোয়ার্টার আছে তা বাসযোগ্য নয়। ওখানে এক্স-রে মেশিন আছে, কিন্তু রেডিওলজিস্টের অভাবের জন্য এক্স-রে মেশিনটি বন্ধ রয়েছে। হাসপাতালটিতে নার্স, ওয়ার্ড মাস্টার সব কিছুই কম। এই অবস্থায় ঐ এলাকার মানুষদের দুর্ভোগ ও দুর্দশার মধ্যে পড়তে হচ্ছে। কোথাও কোথাও তাদের চিকিৎসার জন্য রায়গঞ্জে ছুটতে হয়। গ্রামাঞ্চলের এই হাসপাতালটির দূরবস্থা দূর করার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করছি।

**শ্রী বিমল মিস্ত্রি ঃ** মাননীয় স্পিকার, স্যার, আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে ক্যানিং হাসপাতাল আছে। ক্যানিংকে মহকুমা হিসাবে ঘোষণা করা হয়েছে অনেকদিন আগে। কিছু কাজও সেখানে হচ্ছে। কিন্তু ক্যানিং হাসপাতালটিতে বাড়ি, সমস্ত পরিকাঠামো আছে এবং এটি সুন্দরবনের প্রত্যন্ত এলাকায় যেহেতু অবস্থিত, সেজন্য এই হাসপাতালটিকে মহকুমা হাসপাতালে পরিণত করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি। বিধানসভার আগের স্বাস্থ্য কমিটির চেয়ারম্যান শ্রী গৌরীপদ দত্ত মহাশয়ও হাসপাতালটি পরিদর্শন করেছিলেন এবং তিনি সুপারিশ করেছিলেন এটিকে মহকুমা হাসপাতালে উন্নীত করা হোক। আমি সেজন্য আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে অনুরোধ করছি, অবিলম্বে এই হাসপাতালটিকে যাতে মহকুমা হাসপাতালে উন্নীত করা যায় তারজন্য তিনি ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, বিধানসভার অধিবেশন শেষ হতে আর দু'দিন আছে। আমি আগের দিনও বলেছিলাম, কতকগুলি কমিশনের কথা রাজ্য সরকার বলেছেন, কিন্তু এখন পর্যন্ত তা অ্যানাউন্সড হল না। মাইনরিটি কমিশন হয়ে গেছে। তার চেয়ারম্যান কে হচ্ছেন তা আমরা জানতে পারলাম না। মাইনরিটি ফিনান্স ডেভেলপমেন্ট কর্পোরেশন ফর ব্যাকওয়ার্ড ক্লাশেস এর ব্যাপারেও আমরা জানতে পারছি না। আজকে মাইনরিটি ফিনান্স কর্পোরেশন বিল আছে, তা নিয়ে এখানে আলোচনা হবে। তার চেয়ারম্যান কে হচ্ছেন তা আমরা জানতে পারছি না। সম্প্রতি ওয়াকফ নিয়ে জুডিশিয়াল এনকোয়ারী হবে বলে বলা হয়েছে, তার চেয়ারম্যান কে হবেন, বিধানসভার অধিবেশন শেষ হতে আর ৪৮ ঘন্টা বাকি আছে, আমরা তবুও জানতে পারলাম না। আমাদের হাউসে এখনও পর্যন্ত এইসব নিয়ে জানানো হচ্ছে না। আমি আবার বলছি, বিরোধী দলের সঙ্গে এই সমস্ত বিষয় নিয়ে রাজ্য সরকার আলোচনা করুন। জুডিশিয়াল এনকোয়ারীর যে কথা বলছেন তাতে দেখা যাচ্ছে যে আপনারা এটা নিয়ে খেলা করছেন। ইট হ্যাজ বিকাম ফার্স। পিপল হ্যাভ নো ফেথ, হ্যাভ নো কনফিডেন্স দিস জুডিশিয়াল সিস্টেম। সুতরাং আমি আপনাদের কাছে আবেদন করছি,

কমিশন হোক কিম্বা কমিশনের পদাধিকারীর নাম ঘোষণা করার ক্ষেত্রে অপোজিশন এর কনফিডেন্সের ভিত্তিতে বিধানসভায় আলোচনার ভিত্তিতে যেন তা ঘোষণা করা হয়। আগামীকাল মুখ্যমন্ত্রী যেন এই বিষয়ে হাউসকে অবহিত করেন।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নরঘাট বিধানসভা কেন্দ্রে একটি শহীদদের স্কুল আছে। ১৯৪২ সালে ২৯শে সেপ্টেম্বর তিনজন অল্প বয়সী যুবক ওই স্কুলের শহীদ হয়েছিল, তাদের নাম হচ্ছে আশুতোষ কুইলা, পুরী মাধব প্রামাণিক, উপেন্দ্রনাথ জানা। আজকে অর্দ্ধ শতাব্দী অতিক্রম করে গেছে, এখনও পর্যন্ত ওই স্কুলটি অর্থাৎ কল্যাণচক গৌর মোহন ইনস্টিটিউশনটি মাধ্যমিক বিদ্যালয় হয়ে রয়েছে। অবিলম্বে যাতে ওই স্কুলটিকে উচ্চমাধ্যমিকে রূপান্তরিত করা যায় সেই আবেদন আমি আপনার মাধ্যমে মন্ত্রীর কাছে রাখছি।

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** নট প্রেজেন্ট।

**শ্রী শীতলকুমার সর্দার ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র সাঁকরাইলে সারেঙ্গী হতে নলপুর থেকে বাউড়িয়া পর্যন্ত সড়কপথে কোনও যোগোযোগের ব্যবস্থা নেই। ওই রাস্তাটি প্রায় ১৫ কি.মি. দৈর্ঘ্য এবং চার-পাঁচটি গ্রাম অবস্থিত। এখানে তফসিলি জাতি এবং সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ বসবাস করে। ওই রাস্তাটি তৈরি হলে পরে বহু মানুষের উপকার হবে। এবং সড়কপথে যোগাযোগের ওখানে কোনও রাস্তা নেই তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর অবিলম্বে রাস্তাটি তৈরি হওয়ার দাবি জানাচ্ছি।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি বোলপুর কলেজের কথা বলছি। বোলপুর কলেজে এক একটা ক্লাশ সাড়ে তিনশো থেকে চারশো জন করে ছাত্র-ছাত্রী পড়ে। একটা অদ্ভুত পরিস্থিতির সৃষ্টি হয়েছে ওই কলেজে। বোলপুরে একটা সাংস্কৃতিক পরিমন্ডল রয়েছে, এডুকেশনাল পরিমন্ডল রয়েছে এবং দীর্ঘদিন ধরে রবীন্দ্রনাথের ভাবাদর্শের মধ্যে দিয়ে এই শহর চলেছে। কিন্তু সেই অনুযায়ী এখানে পড়াশোনার ক্ষেত্রে এবং উচ্চশিক্ষা লাভের ক্ষেত্রে যে ইনফ্রাস্ট্রাকচার দরকার তা নেই এবং তৈরিও হয় নি। তাই আমি আপনার মাধ্যমে দাবি জানাচ্ছি যাতে অবিলম্বে একটি মহিলা কলেজ ওখানে স্থাপন করা হয়। তা না হলে আগামী বছরে ওই বোলপুর কলেজে ৫০০—৫৫০ জন ছাত্র-ছাত্রীকে ভর্তি করতে হবে এবং একটা অদ্ভুত পরিস্থিতির সৃষ্টি হবে। সেই কারণে আমার দাবি যাতে অবিলম্বে ওখানে একটি মহিলা কলেজ স্থাপন করা হয়।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা বাজেটের মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকার ঠিক করেছেন যে

বিদ্যালয়গুলো পঞ্চায়েতের মাধ্যমে কর্পোরেশন বা পৌরসভার মাধ্যমে পরিচালিত হবে তিন চার বছর আগে পর্যন্ত আসানসোল কর্পোরেশনের অধীনে ২২টি প্রাথমিক বিদ্যালয় ছিল। চার বছর আগে কোনও একটি আদেশাবলে প্রাথমিক বিদ্যালয় সমিতি সেই স্কুলগুলো নিজের আন্ডারে নিয়ে নেয়। এবং তখন থেকে একটা জটিলতার সৃষ্টি হয়। এরফলে সিপিএম এবং সিপিআই এর কর্মীরা হাইকোর্টে কেস ফাইলও করেছে। তবে সবচেয়ে যে বড় প্রশ্ন এবং আমার দাবি সেটা হচ্ছে যে, পুরুলিয়াতে যেমন একটা স্কুল ভেঙ্গে পড়ে গিয়ে বহু ছাত্রছাত্রী মারা গেছিল ঠিক তেমনি ওই ২২টি স্কুলের মধ্যে ১৩টি স্কুলের অবস্থা অত্যন্ত শোচনীয়, যেকোনও সময়ে ভেঙ্গে পড়তে পারে এবং বহু ছেলেমেয়ের ক্ষতি হবে। সেইকারণে আমার দাবি অবিলম্বে ওই স্কুলগুলোর মেরামতি করা হোক।

[1-10—1-20 P.M.]

**শ্রী চক্রধর মাইকাপ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কাঁথি ১ নম্বর ব্লকে ৪টি গ্রাম পঞ্চায়েত রাইপুর, দুলালপুর, মহিষাগোট এবং শানাজপুট। এই ৪টি গ্রাম পঞ্চায়েতে কোনও জলনিকাশি নেই, যার জন্য ৫ শত একর জমির প্রতি বছর ধান চাষ নষ্ট হয়। অথচ কাঁথি ধনেশ্বরী ক্যানেল এর সাথে যুক্ত হয়ে কিংবা মহিষাগোট ফিডার ক্যানেলকে ১ কি.মি. বাড়িয়ে যদি দেওয়া হয় তাহলে ঐ এলাকার কৃষকদের খুবই উপকার হবে। ৫ শত একর জমিতে যারা ধান চাষ করতে পারছে না তাহলে তারা ধান চাষ করতে পারবেন।

**শ্রী অশোককুমার মুখার্জি :** মিঃ স্পিকার স্যার, আমার বিধানসভা কেন্দ্র বারাসাতে নির্বাচন এর পর থেকে প্রায় দেড় হাজার মানুষ এখনও পর্যন্ত গ্রামে প্রবেশ করতে পারেনি। ছোট জাগুলিয়ার বয়রাগ্রামে গত ১৪ তারিখে সকাল বেলায় ৮টার সময় কুবাত আলি ও সাবুর আলির বাড়িতে ভয়ঙ্কর বোমা বিস্ফোরণ হয় এবং সেই বোমা বিস্ফোরণের ফলে ২ জন লোক মারা যান এবং ১জন শিক্ষক মৃত্যুর সঙ্গে লড়ছেন। এই কুবাত আলি এবং সাবুর আলি এরা ২ জনই সিপিএম দলের যুক্ত। প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে। ওখানে পুলিশ ক্যাম্প ২/৩ মাস ধরে আছে। পুলিশ ক্যাম্পের সামনে বোমা বর্ষণ হল, ২ জন ছাত্রী মারা গেল, একজন শিক্ষক মৃত্যুর সঙ্গে লড়ছে, দোষীরা প্রকাশ্যে ঘুড়ে বেড়াচ্ছে। ঐ অঞ্চলের অঞ্চল প্রধান নুর মেহেদি পুলিশ ক্যাম্পে গিয়ে বলছে, কাউকে ধরা হবে না। বোমা আছে, থাকবে। এখনও দেড় হাজার মানুষ ঘর ছাড়া। আমি এই ব্যাপারে পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, পুলিশ যেন এই ব্যাপারে ব্যবস্থা নেন এবং দোষী ব্যক্তিদের ধরেন এবং ওখানে শান্তি ফিরে আসে।

**শ্রী চিত্তরঞ্জন দাস ঠাকুর :** (নট প্রেজেন্ট।)

**শ্রী কমলাক্ষী বিশ্বাস :** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি অব্যবস্থার

কথা উল্লেখ করতে চাই। পূর্তদপ্তর বর্ষার মরশুমে মালপত্র ফেলে, কিন্তু কাজ হয় না। কতকগুলি এলাকা যেমন হেলেনচা-বাগদা, কলমবাগান-বেয়াড়া, শ্রীপল্লী-বাজীপুর, পাটসিমুলিয়া —বোয়ালদিয়া এই রাস্তাগুলিতে মালপত্র ফেলেছে। বাস যাতায়াত করতে পারছে না। অন্যান্য যানবাহন ও চলাচল করতে পারছে না। ঐ এলাকার রাস্তা তাড়াতাড়ি রিপেয়ার করে নতুন বাস চালাবার ব্যবস্থা করলে বাধিত হব।

**শ্রী নির্মল ঘোষ ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে জানাচ্ছি, বিষয়টা খুবই গুরুত্বপূর্ণ। রাজ্য সরকারের হাসপাতালগুলি বিশেষ করে জেলাওয়ারী হসপিটাল যেগুলি আছে সেখানে যা ইনফ্রাস্ট্রাকচার আছে, তাতে হসপিটাল চলছে না। এখন বৃষ্টির প্রকোপ শুরু হয়েছে, সেখানে স্যালাইন ওয়াটার নেই, সাধারণ ঔষধ পর্যন্ত নেই, স্যানিটেশন ব্যবস্থা একেবারে ভেঙে পড়েছে। সবচেয়ে বড় ব্যাপার এক্স-রে মেশিন খারাপ হয়ে গেলে কবে সারানো হবে, তার ঠিক নেই। এখন আবার কুকুরের কামড়ের ভ্যাকসিনও নেই, এক্স-রে মেশিন এর ফিল্ম নেই। আমি আপনার মাধ্যমে জানাতে চাই, সবাই মিলে আমরা বলছি, বিষয়টি খুবই জরুরি, এই ব্যাপারে অবিলম্বে স্বাস্থ্যমন্ত্রী যেন ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী মহঃ হান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যে ৮,৭০০ সমবায় কর্মচারী দীর্ঘদিন কমন ক্যাডার হিসাবে ২৫০ টাকা বেতনে কাজকর্ম করে আসছে। ১৯৮৩ সালে ঐ কর্মচারিদের জন্য পে-কমিশন গঠন করা হয়। কিন্তু দুঃখের বিষয় অদ্যাবধি সেই কর্মচারিরা পে-কমিশনের আওতায় এখনও পর্যন্ত আসেনি। ফলে তাদের আর্থিক দুর্দশার সীমা নেই। আমি আপনার মাধ্যমে মাননীয় সমবায়মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আর্থিক বৎসরে সমবায় কর্মচারিদের যাতে পে-কমিশন চালু করা যায়।

**শ্রী আকবর আলি খোন্দকর ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার চন্ডীতলা বিধানসভা কেন্দ্রে পৈটি গ্রাম পঞ্চায়েতের আদানে ১৯৭৬ সালে স্থানীয় বাসিন্দা নিলেন্দু হালদার মাদার টেরিজার মিশনারীজ অফ্ চ্যারিটিকে দুই বিঘা জমি হাসপাতাল করার জন্য দান করেন। কিন্তু স্থানীয় সি.পি.এম. নেতা নীলমণি দে দীর্ঘদিন ধরে ঐ জমি জবর দখল করে আছেন। মাদার টেরিজা নিজে এবং পৈটি গ্রাম পঞ্চায়েত প্রধান বহু আবেদন নিবেদন করা সত্ত্বেও ঐ জমি এখনও দখলমুক্ত হয়নি। আমি সমস্ত কাগজপত্র আপনার কাছে দিচ্ছি। যাতে মাদার টেরিজার ঐ জমিটি দখলমুক্ত করে হস্তান্তরের ব্যবস্থা করা হোক।

**শ্রীমতী দেবলীনা হেমব্রম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বন ও বন্যপ্রাণী মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বাঁকুড়া জেলার রাণীবাঁধ ও ঝিলমিলিতে হাতির উপদ্রব বেড়েছে। তাই আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি অবিলম্বে বন্য প্রাণী সংরক্ষণ করার ব্যবস্থা করা হোক।

**শ্রী জটু লাহিড়ী ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সরকারের দয়ায় পেট্রোল, ডিজেল এইসবের দাম বেড়েছে এবং রাজ্য সরকার বাস ভাড়া বাড়িয়েছে। কিন্তু সি.টি.সি. প্রতি স্টেজে এক টাকা করে বাড়িয়েছে। যাত্রী সাধারণ জিজ্ঞাসা করলে কন্ডাক্টর বলছে, পঞ্চাশ পয়সা এসবের জন্য ভাড়া বেড়েছে এবং পঞ্চাশ পয়সা টোল ট্যাক্সের জন্য বেড়েছে। সি.টি.সি বাস যখন আগেই বিদ্যাসাগর সেতু দিয়ে চলাচল করে তখনই টোল ট্যাক্স আদায় করা হত। কিন্তু নতুন করে আবার টোল ট্যাক্সের জন্য পঞ্চাশ পয়সা বাড়ানো হয়েছে। টোল ট্যাক্সের নাম করে যে অতিরিক্ত পঞ্চাশ পয়সা বাস ভাড়া নেওয়া হচ্ছে অবিলম্বে তা প্রত্যাহারের ব্যবস্থা করা হোক।

**শ্রীমতী শক্তি রাণা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার গোপীবল্লভপুর বিধানসভা কেন্দ্রে আজ পর্যন্ত কোনও সরকারি বাস চলেনি। দৈনিক ৩৫০ লোক ঐখান থেকে কলকাতায় আসেন এবং কলকাতা থেকে ঐ এলাকায় বিভিন্ন কাজে যান। প্রাইভেট বাস মালিকরা ঐখানে যেমন খুশি তেমন ভাড়া নিয়ে সাধারণ মানুষের উপর চাপ সৃষ্টি করছেন। তাই আমার দাবি রোহিনী থেকে হাওড়া এবং হাওড়া থেকে বেলেবেড়া ঐখানে সরকারি বাস দেওয়ার জন্য মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে অনুরোধ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় ৮০ ডি বাস রুট আজকে ৩২ মাস হল বন্ধ হয়ে রয়েছে। যদি ট্রেন বন্ধ হয়ে যায় তাহলে একমাত্র পরিবহন ব্যবস্থা সাউথ গড়িয়ার সঙ্গে এবং ৮০-ডি বাস রুটের অধিবাসীরা ঐ অঞ্চল থেকে কলকাতার সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়, স্কুল, কলেজ সম্পূর্ণ বন্ধ হয়ে যায়। প্রাক্তন পরিবহন মন্ত্রীর কাছে আবেদন করার পরেও ৮০-ডি রুটে দশটি বাসের পারমিট ইস্যু করা হয়েছিল, কিন্তু কোনও এক অজ্ঞাত কারণে জানি না দুটো পারমিট দেওয়া হয়। তাই বর্তমান পরিবহন মন্ত্রীর কাছে আমার আবেদন, যে দশটি বাস সেখানে দেওয়া হল সেগুলো কার্যকর করার ব্যবস্থা হোক।

[1-20—1-30 P.M.]

**শ্রী যদু হেমব্রম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার হাবিবপুর বিধানসভা এলাকার বামনগোলা থানায় দীর্ঘদিনের একটা সেতু। আজও পর্যন্ত ওই সেতুটির কাজ হচ্ছে না। ওই সেতুটির অভাবে জনসাধারণ ভীষণ কষ্ট ভোগ করছেন। ওই সেতুটি যাতে নির্মাণ করা হয় তার জন্য আমি পূর্ত বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সমবায় মন্ত্রীর

দৃষ্টি আকর্ষণ করতে চাই। সমবায় দপ্তরের অধীনস্থ প্রাথমিক সমবায় সমিতির অসংখ্য কর্মচারী যারা মূলত এই সমিতিগুলোকে পরিচালনা করে থাকেন। খুবই সামান্য বেতনে। আমাদের এই রাজ্যে পে কমিশন গঠিত হয়েছে। এই কমিশনের রিপোর্ট বার করার পর সমবায় দপ্তর অঙ্গীকার করেছিল এই কর্মচারিদের জন্য সমূহ বেতনের ৪০ ভাগ দেওয়া হবে। প্রতি বছরই প্রতিশ্রুতির পর প্রতিশ্রুতি। আজও পর্যন্ত সেই প্রতিশ্রুতি বাস্তবে রূপায়িত হয় নি। তাই আপনার মাধ্যমে মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমবায় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই ব্যাপারে হস্তক্ষেপ করে অতি দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি অমানবিক জঘন্য ঘটনার প্রতি আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ মহকুমার দেবীপুর মোহন্ত গণপতি দাস বিদ্যালয়ের প্রধান শিক্ষক তথা সম্পাদক তিনি ওই স্কুলের সহ শিক্ষক রামসেবক ঝাঁকে বহিষ্কার করেন। ওই শিক্ষক মধ্য শিক্ষা পর্ষদে আসেন। মধ্য শিক্ষা পর্ষদ নির্দেশ দেন ওই সাসপেনশন বেআইনি। তথাপি আজ পর্যন্ত, এক বছর তাঁকে স্কুলে ঢুকতে দেওয়া হয় নি। তাঁর বেতন দেওয়া হয় নি। তিনি পরিবার নিয়ে রাস্তায় অনাহারে ঘুরে বেড়াচ্ছেন। অবিলম্বে ব্যবস্থা নেওয়ার জন্য আমি দাবি জানাচ্ছি। তাঁর প্রাপ্য বেতন যাতে তিনি পান তার জন্যও দাবি জানাচ্ছি। ওই এলাকার শিক্ষক সমাজের মনে প্রশ্ন উঠেছে একজন হেড মাস্টার তথা ম্যানেজিং কমিটির সেক্রেটারি যা খুশি তাই করতে পারে না। আজকে বামফ্রন্ট সরকারের একটা নিয়ম নীতি আছে। এই ব্যাপারে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মহবুবুল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মালদা জেলায় অনেকবার গেছেন। আপনি দেখেছেন পশ্চিমবাংলায় মালদা একমাত্র জেলা যেখানে কোনও মহকুমা নেই। আমরা অনেক দিন ধরে মহকুমার দাবি জানিয়ে আসছি। আজ পর্যন্ত মহকুমা হল না। প্রশাসন চালানো খুবই মুশকিল হয়ে পড়েছে। তারজন্য উত্তর মালদার সাধারণ মানুষের দাবি এবং প্রশাসনের কাজে সুবিধার জন্য উত্তর মালদার চাঁচোলে একটা মহকুমা শহর গঠন করার জন্য সাধারণ মানুষের তরফ থেকে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি অবিলম্বে চাঁচোলে সাব-ডিভিসন গঠন করা হোক, অবিলম্বে চাঁচোলে সাব-ডিভিসন গঠন করা হোক, অবিলম্বে চাঁচোলে সাব-ডিভিসন গঠন করা হোক।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার লালবাগ শহরে ইসলামপুর এবং রায়নগর এই দুটি জায়গার মানুষের মধ্যে যোগাযোগ স্থাপনের জন্য হরিরামপুরে পাকা রাস্তা এবং ভৈরবী নদীর উপর হরিরামপুর ঘাটে একটা ব্রিজ স্থাপন করার জন্য আমি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এর ফলে লক্ষাধিক মানুষ উপকৃত হবেন এবং হাসপাতাল, সাব-ডিভিসন

সব কিছুর সাথে এখানকার মানুষ যোগাযোগ করতে পারবেন। তারজন্য অবিলম্বে এখানে রাস্তা এবং ব্রিজ তৈরি করার জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

[1-30—1-40 P.M.]

**শ্রী বিশ্বনাথ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র খড়গ্রাম ব্লকে দ্বারকা এবং ব্রহ্মাণী নদীর বন্যায় প্রতি বছর বিস্তীর্ণ অঞ্চল প্লাবিত হয়। গত বছরেও সাত-আটটি গ্রাম প্লাবিত হয়েছিল এবং বহু শস্য ও ঘরবাড়ি নষ্ট হয়েছিল। এই নদীর বাঁধগুলি সেচ বিভাগ দেখাশোনা করে, তারা অধিগ্রহণ করেছে। এবারেও বাঁধগুলির অবস্থা খারাপ। এখনই মেরামত না করলে কাঁদিশহর সহ বিভিন্ন এলাকা প্লাবিত হয়ে যাবে। এখানে বন্যা হয় সেপ্টেম্বর অক্টোবর মাসের দিকে। বন্যার সময় সেখানকার মানুষ আহার্য দ্রব্যের চেয়ে বেশি দাবি করে ত্রিপল। কৃষি জমি এবং ঘরবাড়ি রক্ষার জন্য, বাঁধগুলি অবিলম্বে মেরামত করা প্রয়োজন। সাথে সাথে এখন থেকেই সেখানে কিছু ত্রাণ সামগ্রী এবং ত্রিপলের বন্দোবস্ত রাখার জন্য আবেদন করছি।

**শ্রী নৃপেন গায়েন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাসনাবাদ এলাকায় বোট-জেটি দীর্ঘদিন চলছে। বার্জের মাধ্যমে সেখানে পারাপার অধিকার জলপথ পরিবহন পূর্ত দপ্তরকে দেবে। যেহেতু জলপথ পরিবহনে দিতে দেরি হচ্ছে, আমি দাবি করছি, ইছামতি নদীতে বসিরহাট মিউনিসিপ্যালিটির যে বার্জটি দাঁড়িয়ে আছে, সেটা দিয়ে পারাপার করা হোক। হাসনাবাদ থেকে বসিরহাট, বারাসাতে প্রতিদিন বহু মানুষ যাতায়াত করে, এটা করলে তারা উপকৃত হবে।

**শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভগবান গোলা বিধানসভার একটি ভয়াবহ ঘটনা তুলে ধরতে চাই। সেখানে পদ্মা নদীর ভাঙন ভয়াবহ আকার ধারণ করেছে। গত এক সপ্তাহে ১০০ খানা, বাড়ি, ১০০০ বিঘা জমি নদীগর্ভে বিলীন হয়ে গেছে। ২০ কিলোমিটার পাকা রাস্তা ভেঙে গেছে, যোগাযোগ-বিচ্ছিন্ন অবস্থা। কিন্তু সরকার সেখানে নির্বিকার, কোনও ব্যবস্থা নেয় নি। সানোয়ারা বিবি নামে একটি ভদ্রমহিলা জলমগ্ন হয়ে নিখোঁজ হয়েছেন, পুলিশ তার খোঁজ করে নি। এই অবস্থায় খোলা আকাশের নিচে মানুষ বসবাস করছে। বারবার মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি, সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করেছি, কিছু হয়নি। যাতে অবিলম্বে প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করা হয়, তার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার রানাঘাট মহকুমায় এখনও সন্ত্রাস চলছে। নতুন বিধায়ক নির্বাচিত হওয়ার পর ৮ জনের বেশি বামফ্রন্ট কর্মী খুন হয়েছে। কিন্তু বিগত ৫

বছরে কংগ্রেসের একটি কুকুর-বেড়ালও খুন হয়নি, একটি লোকও খুন হয় নি—তখন আমাদের বিধায়ক শ্রী সুভাষ বসু ছিলেন সেখানে। নির্বাচনের পর যে সন্ত্রাস চলছে নদীয়া জেলার রানাঘাট মহকুমায়, তার বিরুদ্ধে সেখানকার মেয়েরা রুখে দাঁড়িয়েছে, ঝাঁটা হাতে তারা অপরাধিদের তাড়া করেছে, তাদের রুখছে। এই সন্ত্রাস বন্ধ করার জন্য মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র নদীয়া জেলার করিমপুরের শিকার গ্রাম পঞ্চায়েতের একটা গ্রাম চকমাড়োয়া সীমান্ত এলাকায় অবস্থান করছে। ঐ গ্রামে একটা মুসলিম সংখ্যালঘু পরিবারের নাবালিকা মেয়েকে একজন কুখ্যাত সমাজ বিরোধী বাড়ি থেকে তুলে নিয়ে গিয়ে পাটের ক্ষেতের ভেতর ধর্ষণ করে। আর এটা বলতে বাধা নেই সেই কুখ্যাত সমাজ বিরোধী কংগ্রেস(আই)-এর কর্মী। কিন্তু স্যার, ঐ কুখ্যাত ভদ্রলোককে থানা গ্রেপ্তার করছে না। এটা আশ্চর্যের বিষয়। তিন তারিখে পুলিশে ডায়রি করা হয়, মেডিক্যাল হয়। সব প্রমাণিত হওয়া সত্ত্বেও ঐ কুখ্যাত সমাজ বিরোধী ভদ্রলোক ঘুরে বেড়াচ্ছেন। এব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণের দাবি করছি।

**ডঃ রামচন্দ্র মন্ডল ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পশুপালন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গ্রীন রেভলিউশনের পরে ফুড সাফিসিয়েন্টি হয়েছে। কিন্তু হোয়াইট রেভলিউশান-এর যে প্রক্রিয়া চলছিল তাতে এই ক্রস বিট ছড়িয়ে পড়ছে। কিন্তু তাদের অর্থাৎ ঐ গাভীদের জন্য ব্যালেন্স গ্রীন ফিড ও ফিড মিক্‌চারের অভাব যথেষ্ট দেখা দেওয়ায় পরিমিত দুগ্ধ উৎপাদন হচ্ছে না। তাই আমি প্রতিটি থানায় পশুখাদ্য উৎপাদন কেন্দ্র করে হাই-ব্রিড ওয়াইপার, গুইনিস গ্রাস, প্যারাগ্রাস এই ধরনের ঘাস পশুখাদ্যের বীজ উৎপাদন করে চাষীদের বিতরণ যাতে করা হয়—ব্লকে ব্লকে থানায় থানায় করা যায় তারজন্য আমি পশুপালন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সাথে সাথে ফিড-মিক্স ইউনিট স্থাপনের জন্যও আবেদন জানাচ্ছি।

**শ্রী আব্দুল-সালাম মুন্সি ঃ** স্যার, আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা কালিগঞ্জে ১২-টা হাইস্কুল আছে। এবং ৬-টা উচ্চমাধ্যমিক স্কুল আছে। কিন্তু কোনও কলেজ নেই। ছেলে-মেয়েদের দূরদুরান্তে পড়ার জন্য যেতে হয়, খুব অসুবিধা হয়। এবিষয়ে আমি স্যার, আপনার মাধ্যমে উচ্চ-শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যাতে অবিলম্বে কালিগঞ্জে একটা কলেজ স্থাপন করা হয়। এছাড়া আমার নির্বাচনী পালিতবেগিয়া অঞ্চলে কোনও জুনিয়ার হাই স্কুল নেই। যাতে পালিতবেড়িয়া শান্তিপুর গ্রামে একটা জুনিয়র হাইস্কুল স্থাপন করা হয় তার জন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি

**শ্রী ভাদু মাঝি ঃ** স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী এলাকার খাটগড়া মৌজায় ১৫/২০ দিন আগে ম্যালেরিয়ায় ৭-জন মারা

গেছে এবং ২০-২৫ জন আক্রান্ত হয়ে রোগের সঙ্গে লড়াই করছে। সেখানে ডাক্তার যেভাবে নিয়োগ করা উচিত ছিল সেইভাবে নিয়োগ করা হয় নি। যাতে ম্যালেরিয়া রোগে রোগী মারা না যায় সেইজন্য অবিলম্বে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আপনার মাধ্যমে আকর্ষণ করছি।

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ইতিপূর্বে আমি এ সম্বন্ধে আপনাকে রেডিওগ্রামও করেছিলাম। আমাদের আলিপুর দুয়ারের মহকুমায় বন্যায় পরিস্থিতি খুব খারাপ অবস্থা। আমাদের মন্ত্রীরা ওখানে গিয়েছিলেন। জানি না সেখানে পৌঁছতে পেরেছিলেন কিনা। কিন্তু ওঁরা আমাকে ডাকেন নি। স্যার, ওখানে ৬৭ হাজার পরিবার বন্যার ফলে ক্ষতিগ্রস্ত হয়েছে। যে আট-টা নৌকা দেওয়া হয়েছিল তার তিনটে নৌকায় ফুটো। এদিকে স্যার, ভুটান পাহাড় ভেঙ্গে যাচ্ছে। সিলটেশন হচ্ছে। ভুটান সরকারের সঙ্গে আমাদের রাজ্য সরকার যাতে কেন্দ্রীয় সরকারের পররাষ্ট্রমন্ত্রীর মাধ্যমে যোগাযোগ করে এবং প্রয়োজন হলে ভুটান পাহাড় কিনে নেওয়া হোক।

[1-40—1-50 P.M.]

প্রয়োজন হলে ভুটান পাহাড় কিনে নেওয়ার দরকার। ভারত সরকার কিনে নিক, যাতে করে আমরা বাঁচি, না হলে মরুভূমি হয়ে যাবে। এখন এই মুহূর্তে ১৪৯৬টা পলিথিন দেওয়া হয়েছে, যেখানে দরকার প্রায় ১০ হাজার। ৬৭ হাজার মানুষ সেখানে ক্ষতিগ্রস্ত হয়েছে। আমি স্যার আপনাকে বিশেষ করে অনুরোধ করব পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার গুরুত্ব দিক, তা না হলে ভুটান পাহাড় ভেঙে গেলে আলিপুরদুয়ার, কুচবিহার মরুভূমি হয়ে যাবে, সর্বনাশ হয়ে যাবে, লক্ষ লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হবে, এবারেও আমরা ক্ষতিগ্রস্ত হয়েছি ১৯৯৪ সালে বলা সত্ত্বেও।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আপনার মাধ্যমে পৌর নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি সি.এম.ডি.এর বর্তমান অবস্থার প্রতি। ১৯৭০ সালে বৃহত্তর কলকাতার উন্নয়নের স্বার্থে সি.এম.ডি. তৈরি করা হয়। কিন্তু ১৯৭০ সালের সেই প্রাণচঞ্চল সি.এম.ডি. আজকে একটা মৃতপ্রায় অবস্থায় এসে দাঁড়িয়েছে। বামফ্রন্ট ক্ষমতা বিকেন্দ্রীকরণের নামে সমস্ত ক্ষমতা সি.এম.ডি. তে কুক্ষিগত করেছে। ১৯১১ সালে সৃষ্টি সি.আই.টি., ১৯৩৬ সালে তৈরি হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট, ১৯৬৮ সালে সি.এম.ডব্লিউ.এসকে সি.এম.ডি.এর ছত্রছায়ায় নিয়ে আসা হয়েছে এবং যে বোর্ড তৈরি করা হয়েছে সেটা একটা সি.পি.এমের পোষা একদলীয় বোর্ড তৈরি হয়েছে। রাজনৈতিক স্বার্থে সি.আই.টির নিজস্ব ১৪০০ একর জমি, বাজার, আবাসন ছাড়াও কলকাতার এক মাত্র ফুসফুস সুভাষ সরোবরকে তিল তিল করে ধ্বংস করা হচ্ছে। সি.এম.ডব্লিউ.এস.একে জল প্রকল্পগুলিকে পৌরসভার হাতে তুলে দেওয়া হচ্ছে। সি.এম.ডি.এর টাকা বিভিন্ন পৌরসভার হাতে তুলে দিয়ে সি.এম.ডি.এ. সহ অন্যান্য উন্নয়ন সংস্থাতে কর্মরত ১২ হাজার কর্মীকে পঙ্গু করে রাখা হয়েছে। বহু দুর্নীতির ঘটনা ঘটেছে। ১৯৭৪ সালে আনোয়ার শা রোডের সঙ্গে ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাশের সংযোগকারী রাস্তার কাজ শুরু

করেছিলেন। ৬০ ভাগ কাজ সম্পন্ন করার পর বামফ্রন্ট সরকার ক্ষমতায় এলে রাস্তা দীর্ঘদিন জবর দখলকারীদের দখলে ছিল, ১৯৯৪ সালে আবার কাজটি শুরু করা হয়। কাজটিতে বরাদ্দ ছিল ৬৭ লক্ষ, বর্তমানে আনুমানিক দেড় কোটি টাকা ব্যয়ে সেই কাজটি শুরু করা হয়েছে। সেই কাজের ব্যাপারে আনোয়ার শা রোড কানেক্টার এই কাজের ব্যাপারে সি.এম.ডি.এর অডিট এবং কোয়ালিটি কন্ট্রোলের গুরুতর অভিযোগ আনা সত্ত্বেও কোনও ব্যবস্থা নেওয়া হয় নি। এই দুর্নীতির প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করছি। বিভিন্ন পৌর সংস্থা এবং রাজ্য সরকারের কাছে সি.এম.ডি.এর কোটি কোটি টাকা পাওনা রয়েছে। কিন্তু সেখানে নতুন করে সি.এম.ডি.একে কোনও টাকা বরাদ্দ করা হচ্ছে না। আজকে সি.এম.ডি.একে আর্থিকভাবে পঙ্গু করে দেওয়া হয়েছে। তাই একে বাঁচাবার জন্য এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি।

## PRESERVATION OF REPORT

### Report of the Revised Programme of Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the revised programme of Business for the 23rd July, 1996 and programme of Business for the 24th July, 1996 (as adopted by the House on the Report of the Business Advisory Committee presented on the 22nd July, 1996). The committee met in my chamber on 22-7-96 and recommended the following programme of business:

| | | |
|---|---|---|
| 21-7-96 Tuesday, | i) The West Bengal Revenue Intelligence (Collection and Monitoring of Information) Bill, 1996 (Introduction, consideration & passing) | ..1 hour |
| | ii) The West Bengal Building Tax Bill, 1996 (Introduction, consideration & passing) | ..1 hour |
| | iii) The West Bengal Appropriation (No.2) Bill, 1996. (Introduction, consideration & passing) | ..3 hours |
| 24-7-96 Friday, | i) Motion Under Rule 185 regarding abatement of Excise Duty on Bidi Industry (Notice given by Shri Kamakhyanandan Das Mahapatra, Shri Unus Sarkar, Shri Tapan Hore, Shri Purnendu Sengupta, Shri | ..1 hour |

Jayanta Biswas, Shri Rabin Deb, Shri Rampada Samanta, Shri Md. Yakub, Shri Deba Prasad Sarkar, Shri Brahmamoy Nanda, Shri Md. Sohrab and Shri Chittaranjan Dasthakur)

ii) Motion Under Rule 185 Nationalization of Jute Industry ..1 hour
(Notice given by Shri Deba Prasad Sarkar Shri Rabindra Nath Mandal, Shri Kripasindhu Saha, Shri Subhas Goswami, Shri Purnendu Sengupta, Shri Brahmamoy Nanda, Shri Samar Hazra, Shri Rampada Samanta, Shri Abdul Mannan and Shri Saugata Roy)

iii) Motion for Discussion Under Rule 319 on the Report of the Yusuf Commission of Inquiry ..2 hours
(Notice given by Shri Saugata Roy)

**Mr. Speaker** : Minister-in-Charge of the Parliamentary Affairs may move the motion for acceptance.

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটির দশম প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

The motion was then put and agreed to.

## Zero Hour

**শ্রী কমলাক্ষী বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উত্তর ২৪-পরগনা জেলার বনগাঁ মহকুমায় এখন খরা চলছে। যার ফলে সেচের জলের বিশেষ প্রয়োজন দেখা দিয়েছে। অথচ এই মুহূর্তে ঐ অঞ্চলে প্রচণ্ড কেরোসিন তেল এবং ডিজেলের অভাব দেখা দিয়েছে। ফলে চাষীরা পাম্প চালাতে পারছে না এবং ক্ষেতে জল দিতে পারছে না। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী মহাশয়ের কাছে দাবি করছি অবিলম্বে ঐ এলাকায় কেরোসিন তেল এবং ডিজেলের সাপ্লাই বাড়াবার ব্যবস্থা করা হোক। ধন্যবাদ।

**শ্রী সুলতান আহমেদ :** মিঃ ডেপুটি স্পিকার স্যার, কিছু দিন ধরে মধ্য কলকাতার বিস্তীর্ণ অঞ্চলে পানীয় জলের সংকট দেখা দিয়েছে। আমরা লক্ষ্য করছি টালা থেকে সমস্ত

পানীয় জল জ্যোতি বসু এবং অসীম দাশগুপ্তের অঞ্চল সল্টলেকে চলে যাচ্ছে। আর মধ্য কলকাতার মানুষ বিশেষ করে পার্কসার্কাস, গোবড়া, তপসিয়া, তিলজলা প্রভৃতির মানুষরা জল পাচ্ছে না। দু' দিন আগে ন্যাশনাল মেডিক্যাল কলেজ হাসপাতালের ১০ জন ছাত্র কন্টামিনেটেড ওয়াটার, অপরিশুদ্ধ জল খেয়ে হাসপাতালে ভর্তি হয়েছে। আজকে পৌরমন্ত্রী এখানে উপস্থিত নাই, তথাপি আমি বিষয়টির প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। ঐ অঞ্চলে যদি অবিলম্বে পরিশুদ্ধ পানীয় জল সরবরাহ না করা হয় তাহলে ঐ অঞ্চলের নাগরিকরা সিদ্ধান্ত নিয়েছেন আজ থেকে ৩০ দিন পরে তারা জ্যোতি বাবুর গাড়ি—যখন তিনি গাড়িতে বসে ঐ অঞ্চল দিয়ে যাবেন আটকাবে, রাস্তা অবরোধ করবে। ইতিমধ্যেই মানুষের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। অনেক মানুষের কলেরা হয়েছে। বিভিন্ন রকমের আন্ত্রিক অসুখ বাড়ছে। অথচ সরকার এবং কলকাতা কর্পোরেশন ঘুমিয়ে রয়েছে। এ বিষয়টির প্রতি অবিলম্বে নজর দেবার জন্য আমি দাবি জানাচ্ছি। ঐ এলাকার বিভিন্ন বস্তির মানুষরা ৪ ঘন্টায় এক বালতি জল পাচ্ছে। পস্ বিল্ডিংগুলোর মানুষরা ১০ টাকা দিয়ে এক বালতি জল কিনছে। অবিলম্বে এবিষয়ে যদি সঠিক ব্যবস্থা গ্রহণ না করা হয় তাহলে অনতিবিলম্বে এর থেকে ওখানে আইন-শৃঙ্খলার সমস্যা দেখা দেবে। তখন পুলিশ দিয়েও মানুষের বিক্ষোভকে সামলানো সম্ভব হবে না। সরকার ঐ অঞ্চলের পানীয় জলের সংকট নিয়ে অবিলম্বে একটা উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করুন। আমাদের বিচারপতি ইউসুফ সাহেবের বাড়িতে ঐ অঞ্চলে যে ইউসুফ কমিশন-এর রিপোর্ট নিয়ে এখানে আগামী দিনে আলোচনা হবে। তিনিও আজকে জল পাচ্ছেন না। এটা খুবই সিরিয়াস ব্যাপার।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে বিগত ১৯-৭-৯৬ তারিখে মুর্শিদাবাদ জেলায় ঘটে যাওয়া দুটি ঘটনার কথা এখানে উল্লেখ করতে চাই। কান্দি থানার পাতেন্ডা গ্রামের রফিকুল ইসলাম খানকে ঐ এলাকার কুখ্যাত সমাজবিরোধী শ্যামসুল হক খুন করেছে। এই খুনি শ্যামসুল হক আমাদের এই সভার বিধায়ক মিঃ চৌধুরির অত্যন্ত ঘনিষ্ট। এছাড়া ঐ দিনই রঘুনাথগঞ্জ দু' নং অঞ্চলের সেকেন্দায় তরাণ আলিকে গুলি করা হয়েছে। সে এখন হাসপাতালে ভর্তি হয়ে আছে। এই দুটি ঘটনার প্রতি আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং দোষীদের গ্রেপ্তার ও শাস্তি দাবি করছি।

**শ্রী আকবর আলি খোন্দকর ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনার মাধ্যমে একটা গুরুতর বিষয়ের প্রতি আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার হুগলি জেলার চন্ডীতলা বিধানসভা কেন্দ্রের গড়ালগাছা থেকে কলাছড়া পর্যন্ত সমস্ত বিদ্যুতের তার প্রায়ই কেটে নেওয়া হচ্ছে। আজ তার কাটছে, কাল নতুন তার লাগানো হচ্ছে তো আবার পরশু তার কেটে নিয়ে যাচ্ছে। দিনের পর দিন এই ভাবে বিদ্যুতের তার কেটে নেওয়া হচ্ছে অথচ প্রশাসন থেকে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। এর ফলে বিস্তীর্ণ এলাকার মানুষ খুবই অসুবিধার মধ্যে রয়েছেন। তাই আমি অবিলম্বে এবিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে প্রশাসনকে

অনুরোধ করছি।

[1-50—2-45 P.M.]

**শ্রী সৌগত রায় :** স্যার, একটা সিরিয়াস ব্যাপার। ভাতারে সি.পি.এমের একজন নেতা, সরোজকুমার রেজ, তিনি ভাতারের বলগোনা অঞ্চলে একজন কংগ্রেস কর্মী জগন্নাথ ঘোষকে খুন করার জন্য অভিযুক্ত হয়েছে। প্রথমে ডিস্ট্রিক্ট কোর্ট থেকে শুরু হয়েছিল, তারপর হাইকোর্ট, তারপর সুপ্রীম কোর্টে যায়। আবার তাকে বিচার করতে ডিভিসন বেঞ্চেও পাঠায়। ডিভিসন বেঞ্চ তাকে যাবজ্জীবন কারাদন্ড দিয়েছে। মজার ব্যাপার হল, ঐ ভদ্রলোকের যাবজ্জীবন কারাদন্ড কনফার্মড হয়ে গেছে, তা সত্ত্বেও তিনি ৮-১০-৮৭ সাল থেকে সাসপেনশন অ্যালাউন্স পাচ্ছেন কেয়ার অফ এস পি (বর্ধমান) যার মেমো নাম্বার, ২৭৪৪/৪। আপনি ভাবুন, একটা লোক—সরোজকুমার রেজ যে খুনের মামলায় কনভিকটেড হয়েছে, সুপ্রীম কোর্টে যার ডিসিসন হয়ে গেছে, যে ভাতার ব্লকের একজন কংগ্রেস কর্মীকে খুন করেছে, অথচ এখনও গভর্নমেন্ট থেকে সাসপেনশন অ্যালাউন্স পাচ্ছেন। এর বিরুদ্ধে বারবার ডি.আই প্রাইমারি এডুকেশনকে বলা হয়েছে।

(এই সময়ে পরবর্তী সদস্যকে স্পিকার ডাকায় মাইক অফ হয়ে যায়।)

**শ্রী বিশ্বনাথ মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মুর্শিদাবাদ জেলায় বর্তমানে খুন এবং সন্ত্রাসের ব্যাপার চলছে। আমার আগে মাননীয় বিধায়ক ইউনুস সরকার বলেছেন। আমি আবার বলছি, কান্দি থানার পাতেন্ডা গ্রামে একজন সমাজবিরোধী, সামসুল হক গোবরডাঙা, বাতিডাঙা, পাতেন্ডা প্রভৃতি এলাকায় অবাধে বিচরণ করছে। এই লোকটি অনেক খুনের আসামী। গত ১৯ তারিখে আমাদের একজন কর্মীকে, রফিকুল ইসলামকে খুন করেছে। শুধু এখানে নয়, খড়গ্রাম, নবগ্রাম প্রভৃতি অঞ্চলে বহু খুনের আসামী, ১৯৯১ সালে শেরপুর হাটে ৪জনকে খুন করেছে। এই খুনের আসামী এলাকার একজন বিধায়কের দক্ষিণ হস্ত। তারই মদতে সারা জেলায় এইরকম খুন করে বেড়াচ্ছে। অবিলম্বে তাকে গ্রেপ্তার করা হোক।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গোটা দক্ষিণ কলকাতায় যাদের রেশন কার্ড নেই, তাদের রেশন কার্ড দেওয়া হচ্ছে না। রেশন কার্ড দপ্তরে সকাল থেকে রাত্রি পর্যন্ত রেশন কার্ডের প্রত্যাশী মানুষ ঘোরা-ফেরা করছেন। তারা নিয়ম নির্দেশ মেনে নিয়ে সেখানকার ফরম ভর্তি করেছেন এবং প্রয়োজনীয় কাউন্সিলার ও বিধায়কের কাছ থেকে যে যে এলাকায় তারা থাকেন সেই সেই এলাকার সংশ্লিষ্ট বাসস্থানের ঠিকানাসহ সার্টিফিকেট নিয়ে রেশন কার্ড অফিসে জমা দিয়েছেন। তাসত্ত্বেও রেশন অফিস থেকে তাদের রেশন কার্ড দেওয়া হচ্ছে না। হয়ত নগদ টাকা দিচ্ছেন না, সেইজন্য সেই সমস্ত মানুষগুলিকে রেশন কার্ড দেওয়া হচ্ছে না। গত ৬ মাস যাবৎ দক্ষিণ কলকাতায় রেশন কার্ড না পেয়ে হাজার হাজার মানুষ বিপদের

মধ্যে আছেন। আপনি খাদ্যমন্ত্রী মহাশয়কে বলুন যাতে রেশন কার্ড দেবার ব্যবস্থা করেন।

**শ্রী সুশীল বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নদীয়া জেলার চূর্ণী নদীর উপর শিবনিবাস এবং বাজিৎপুর রোডের উপর একটি ব্রিজের দরকার। এখনও এই কাজ শুরু হয় নি। ১৯৭১ সালে তৎকালীন গভর্নর এই ব্রিজের উদ্বোধন করেছিলেন। কিন্তু ব্রিজের কাজ শুরু হয় নি। এই ব্রিজ না হওয়ার ফলে দুই থানার মানুষ যাতায়াত করতে পারে না। তৎকালীন রাজ্যপাল যিনি ছিলেন তিনি এই ব্রিজ উদ্বোধন করার পর দুই দিক থেকে রাস্তার কাজ শুরু হয়েছে। কিন্তু ব্রিজটি না হওয়ার ফলে মানুষ যাতায়াত করতে পারছে না। তাই আমি মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আবেদন করছি যে, ব্রিজটি তৎকালীন গভর্নর উদ্বোধন করেছিলেন সেই ব্রিজের কাজ অবিলম্বে শুরু করা হোক।

**শ্রী জটু লাহিড়ী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়ার দিকে কোনা এক্সপ্রেস তৈরি হয়নি। শুধু বিদ্যাসাগর সেতু দিয়ে যাতে ট্রাক এবং ট্যাঙ্কারগুলি দিল্লি রোড যেতে পারে তারজন্য ড্রেনেজ ক্যানেল রোড বিদ্যাসাগর সেতুর সঙ্গে সংযোগ করে দেওয়া হয়েছে। কোনওরকমে রাস্তা তৈরি হয়েছে কিন্তু আলোর ব্যবস্থা করা হয় নি। দুইদিকে ঘনবসতিপূর্ণ এলাকা, বিপদজনক বাঁক। এই ১০ মাসের মধ্যে ওখানে পর পর অ্যাক্সিডেন্ট হয়ে গেছে এবং এরফলে বেশ কিছু মানুষ মারা গেছে এবং অনেক মানুষ আহত হয়েছে। তাসত্ত্বেও আলোর ব্যবস্থা করা হয় নি। ড্রেনেজ ক্যানেল রোডে যাতে আলোর ব্যবস্থা হয় তারজন্য আমি পৌরমন্ত্রীর নিকট দাবি রাখছি।

**শ্রী মোজাম্মেল হক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গের বন্যা ক্রমশ নিচের দিকে নামতে শুরু করেছে। এরপর মুর্শিদাবাদ, নদীয়া এবং রাজ্যের দক্ষিণাঞ্চল অ্যাফেকটেড হবে। এই সঙ্গে সঙ্গে লক্ষ্য করছি, আমাদের জেলায় শুধু নয়, বিভিন্ন জেলাতে এখনও পর্যন্ত কোনও টারপোলিনের ব্যবস্থা করা হয় নি বা সেই ধরনের ত্রাণের কোনও ব্যবস্থা নেই। তাই মাননীয় ত্রাণমন্ত্রীকে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে যেন আগে থেকে প্রতি জেলায় ত্রাণের ব্যবস্থা করা হয়।

**শ্রী অসিতকুমার মাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে তফসিলি জাতি ও উপাজাতি মন্ত্রী মহাশয়ের একটা জরুরি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আজকে আনন্দবাজার পত্রিকায় বেরিয়েছে পশ্চিমবাংলা থেকে তফসিলি জাতি ও উপজাতি সার্টিফিকেট জাল করে বিহার সরকারের অধীনে চাকরি দেওয়া হচ্ছে। ফলে এখানকার তফসিলি জাতি উপজাতির ছেলেমেয়েরা চাকরি থেকে বঞ্চিত হচ্ছে। এই ব্যাপারে সি.বি.আই. পশ্চিমবাংলার কিছু অফিসারকে জেরা করার জন্য বিহারে ডেকেছে। আমি বলতে চাই পশ্চিমবাংলায়

তফসিলি জাতি উপজাতির মানুষকে যেন এই ভাবে বঞ্চিত না করা হয়।

**শ্রী প্রত্যুষ মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়া জেলার একটি বিশেষ জরুরি বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে এই যে ফুল মনসুন ইজ গোয়িং অন এবং আজকে দামোদরের লেফট এমব্যাঙ্কমেন্ট এবং মুন্ডেশ্বরীর লেফট এমব্যাঙ্কমেন্ট এলাকা খুব বিপদ জনক অবস্থায় রয়েছে। এর ফলে হাওড়া জেলার মানুষ তারা দারুণ ভাবে বিপদজনক অবস্থায় রয়েছে। যদি বন্যার জল এখন ছেড়ে দেওয়া হয় তাহলে খুব বিপদ হবে। সেই জন্য বলছি এমব্যাঙ্কমেন্টগুলোর কাজগুলো যাতে সঠিকভাবে ইরিগেশন অ্যান্ড ওয়াটারওয়েজ ডিপার্টমেন্ট করতে পারে তারজন্য একটা বিশেষ ফান্ড দেবার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী মহবুবুল হক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র খর্বাগ্রামে একটা ১০ বেডের হাসপাতাল আছে, কিন্তু সেটা দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে পড়ে রয়েছে। হাসপাতাল ঘর, স্টাফ কোয়ার্টারের অবস্থা জরাজীর্ণ। এর ফলে হাজার হাজার মানুষ চিকিৎসা থেকে বঞ্চিত হচ্ছে। সুতরাং আমি দাবি করছি খর্বা গ্রামের ঐ ১০ বেডের হাসপাতালটি যেন অবিলম্বে চালু করার ব্যবস্থা করা হয়।

**শ্রী মোজাম্মেল হক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন মুর্শিদাবাদ একদা বাংলা, বিহার, উড়িষ্যার রাজধানী ছিল। সেই মুর্শিদাবাদ আজকে স্বাধীনোত্তরকালে একেবারে ভগ্ন স্তূপে পরিণত হয়েছে। আজকে মুর্শিদাবাদ এস্টেটের কোটি কোটি টাকা তছনছ হচ্ছে। এই মুর্শিদাবাদ এস্টেটের সম্পত্তি কলকাতা শহরেও আছে, এখানকার সম্পত্তিও মিসইউজ হচ্ছে। এই মুর্শিদাবাদ এস্টেটের সম্পত্তির রক্ষণাবেক্ষণ সঠিকভাবে দেখার জন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ভন্দু মাঝি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয় মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কয়েক বছর আগে থেকে আমার এলাকার কয়েকটি মৌজার যেমন বনবান্ধা, আমরাহাসা, বুচাপ এই গ্রামগুলোর ট্রান্সফর্মার মেশিনগুলো নষ্ট হয়ে গেছে। তারফলে ঐ এলাকার মানুষের খুব অসুবিধা হচ্ছে, ছাত্রছাত্রীরা পড়াশুনা করতে পারছে না। এছাড়াও সামগ্রিক উন্নয়নের কাজ ব্যাহত হচ্ছে। ফলে জন মানসে একটা বিক্ষোভের সৃষ্টি হচ্ছে। সুতরাং উক্ত মৌজাগুলোতে যাতে নতুন ভাবে ট্রান্সফর্মার মেশিন দেওয়া হয় এবং বিদ্যুৎকে সচল রাখা যায় সেই ব্যবস্থা করার জন্য বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(At this stage the House was adjourned till 2-45 P.M.)

(After recess)

[2-45—3-00 P.M.]

## LEGISLATION

### The Bidhan Chandra Krishi Viswavidyalaya (Second Amendment) Bill, 1996.

**Shri Narendra Nath Dey :** Sir, I beg to introduce the Bidhan Chandra Krishi Viswavidyalaya (Second Amendment) Bill, 1996.

(Secretary then read the Title of the Bill)

**Shri Narendra Nath Dey :** Sir, I beg to move that the Bidhan Chandra Krishi Viswavidyalaya (Second Amendment) Bill, 1996, be taken into consideration.

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী নরেন দে মহাশয় আজ এই সভায় যে, The Bidhan Chandra Krishi Viswavidyalaya (Second Amendment) Bill, 1996 পেশ করেছেন তার উপর বক্তব্য রাখতে গিয়ে কতকগুলি বিষয় সম্পর্কে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করব এবং করব যে আগামী দিনে এই বিশ্ববিদ্যালয় পরিচালনা করতে গিয়ে তিনি আমার এই অবজারভেশনগুলি সাজেশনগুলি মনে রাখবেন। স্যার, বিধানসভার অধিবেশন যখন ছিল না তখন অর্ডিন্যান্স বলে তিনি এই বিলের কথা প্রকাশ করেছিলেন কিন্তু দুঃখের বিষয় এই বিলটি গেজেট আকারে যখন আমাদের কাছে দিয়েছেন তখন অর্ডিন্যান্সের ডেট ভাইড নোটিফিকেশন ইত্যাদি কিছু দেন নি। আজকে এই বিলটা সভায় পেশ করার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের কথা তিনি আমাদের জানিয়েছেন। সিদ্ধান্তটি হচ্ছে, বিধানচন্দ্র বিশ্ববিদ্যালয় মূলত দুটি ফ্যাকাল্টি নিয়ে কাজ করত; একটি হচ্ছে ফ্যাকাল্টি অফ এগ্রিকালচার, আর একটি হচ্ছে ফ্যাকাল্টি অফ ভেটেরিনারী অ্যান্ড এনিম্যাল সায়েন্স। সরকার সেখান থেকে ফিশারি এবং এনিমাল সায়েন্স সরিয়ে নিয়ে এসেছেন বেলগাছিয়ায় এবং বেলগাছিয়ায় ঐ দুটি ফ্যাকাল্টি নিয়ে পঠন-পাঠন করাচ্ছেন। এবং বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে নতুন দুটি ফ্যাকাল্টি সংযোজন করেছেন; একটি হচ্ছে হর্টিকালচার ফ্যাকাল্টি, আর একটি এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টি। এই দুটি ফ্যাকাল্টি ওখানে চালু করার জন্য মাননীয় মন্ত্রীকে আমি ধন্যবাদ জানাচ্ছি, কারণ হর্টিকালচার এখন গোটা বিশ্বে প্রণিধানযোগ্য বিষয় এবং ভারতবর্ষেও হর্টিকালচার সায়েন্স আস্তে আস্তে প্রসার লাভ ঘটছে। আমরা লক্ষ্য করছি, বিভিন্ন প্রতিষ্ঠানে আজকাল হর্টিকালচারাল সায়েন্টিস্টের জন্য নতুন করে জায়গা খোলা হচ্ছে এবং মেধাবী ছাত্রছাত্রীরা হর্টিকালচার নিয়ে পড়াশুনা করছেন, গবেষণা করছেন। বিশেষ করে উত্তর প্রদেশের বিশ্ববিদ্যালয়ে

হর্টিকালচার নিয়ে গবেষণা করা হয়। মূলত হর্টিকালচার শিক্ষা-ব্যবস্থাটা সেখানে চালু রয়েছে এবং সেখান থেকে শিখে এসে ছাত্র-ছাত্রীরা গোটা ভারতবর্ষে হর্টিকালচার সায়েন্স নিয়ে গবেষণার কাজ শুরু করেছেন। পশ্চিমবঙ্গে বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ে হর্টিকালচার ফ্যাকাল্টি চালু করে নিশ্চয়ই এই বাংলায় নতুন করে হর্টিকালচারিস্ট তৈরি করবার ব্যবস্থা করেছেন সরকার। এরজন্য মন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। সেখানে এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং-এর আর একটি ফ্যাকাল্টি চালু করেছেন। এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং ফ্যাকাল্টির মাধ্যমে যে এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ার তৈরি করবার চেষ্টা করছেন সেটাও প্রণিধানযোগ্য। আমরা আগ্রহের সঙ্গে লক্ষ্য করব যে, সরকার ঐ বিশ্ববিদ্যালয়ে নতুনভাবে যে দুটি ফ্যাকাল্টি সংযোজন করলেন সেই দুটো ফ্যাকাল্টি ঠিকভাবে চালাতে পারেন কিনা। কারণ কৃষি বিশ্ববিদ্যালয় যেভাবে চলছে তাতে মনে হচ্ছে কোথাও যেন গলদ রয়ে গেছে। ওখানে ভাইস-চ্যান্সেলর মানিক গোপাল সোম, তিনি সেখানে আইনের কোনও তোয়াক্কা রাখেন না বিশ্ববিদ্যালয় চালাবার ব্যাপারে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি যদি ঐ গেজেট এবং পরবর্তীকালের গেজেট বিশ্লেষণ করে যদি পড়ে দেখেন, সেখানে লেড ডাউন প্রিন্সিপাল অ্যান্ড পলিসি করে দেওয়া হয়েছে। কিন্তু সেখানে কতগুলো অফিসার পোস্টিং-এর কথা ঘোষণা করেছেন, কতগুলো নিয়ম-পদ্ধতির কথা ঘোষণা করেছেন, কিন্তু মন্ত্রী মহাশয় কি জানেন, যে স্ট্যাটুটারী বডির মাধ্যমে বিশ্ববিদ্যালয়টি চলত; যেমন একজিকিউটিভ কাউন্সিল, রিসার্চ কাউন্সিল, এক্সটেনশন কাউন্সিল, কোর্ট; এই যে ধাপে ধাপে সংস্থার মাধ্যমে একটি বিশ্ববিদ্যালয় পরিচালনা করবার নিয়ম নথিভুক্ত করা হয়েছে সেটা সেখানে হচ্ছে না? বিধানচন্দ্র বিশ্ববিদালয়ের মূল অ্যাক্টটা দেখলে দেখবেন, সেখানে ভাইস-চ্যান্সেলর এবং রেজিস্ট্রার কিভাবে কোর্ট, কাউন্সিল, এক্সটেনশন কাউন্সিল, স্ট্যাট্যুটরী কাউন্সিল-এর মাধ্যমে কাজ করবেন সেটা লিপিবদ্ধ করে দেওয়া হয়েছে। কিন্তু গত দুই বছর যাবৎ সেখানে কোনও স্ট্যাট্যুটরী কাউন্সিল নেই, একজিকিউটিভ কাউন্সিল নেই, রিসার্চ কাউন্সিল নেই। এক্সটেনশন কাউন্সিল, কোর্ট—কিছুই সেখানে নেই। ওখানে আছেন একমাত্র উপাচার্য মহাশয়, তিনি তাঁর খেয়াল খুশিমতো বিশ্ববিদ্যালয় চালিয়ে যাচ্ছেন এবং সিদ্ধান্ত নিচ্ছেন। বলছেন, আমি ঠিক করেছি এটা দরকার, তাই করছি। শিক্ষক মহাশয়রা যখন বলছেন যে, এই শাখায় পড়াশুনা হচ্ছে না, ব্যবস্থা গ্রহণ করুন, তখন তিনি বলছেন—আমাদের এখানে এখনও কোর্ট, কাউন্সিল হয় নি। আগে সেসব তৈরি করি, তারপর শুনব। যখন নিয়মনীতির কথা, পঠন-পাঠনের কথা বা শিক্ষকদের অধিকার রক্ষার কথা বলা হচ্ছে, সেসব উপাচার্য শুনছেন না। উপাচার্য আজকে গোটা বিশ্ববিদ্যালয়কে একটি পার্টির আখড়ায় পরিণত করেছেন। এই একটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ মানিক গোপাল সোম এবং কল্যাণী বিশ্ববিদ্যালয়ের আর একজন উপাচার্য, এই দুজন মিলে আজকে বিশ্ববিদ্যালয় থেকে পঠন-পাঠন তুলে দিয়েছেন। আমি যে কথা বলছিলাম, আজকে চ্যান্সেলর অফ দি ইউনিভার্সিটি অর্থাৎ মহামান্য গভর্নর মহাশয় একটি সার্কুলার পাঠিয়েছেন একজিকিউটিভ কাউন্সিল তৈরি করে। একজিকিউটিভ কাউন্সিল তৈরি করা হয়েছে সেই একজিকিউটিভ কাউন্সিলের মাধ্যমে বিশ্ববিদ্যালয় চালানো হয়। কিন্তু তিনি তা করতে পারেন নি, করেন নি।

আশীষ রায়, আরও একজন উপাচার্য কল্যাণী বিশ্ববিদ্যালয়ের, যাঁকে গত বিধানসভার নির্বাচনে সি.পি.এম টিকিট দিয়েছিল দাঁড়াবার জন্য। এই দু-জন মিলে আর.আর. ডিপার্টমেন্টের কাছ থেকে ১ কোটি ১০ লক্ষ টাকা পেয়েছিল এরিয়া ডিমারকেট করার ব্যাপারে পাঁচিল তৈরি করবার জন্য। কোনও কাউন্সিলের সাথে আলোচনা না করে শিক্ষকদের সাথে কথা বার্তা একতরফাভাবে কন্ট্রাক্টর নিয়োগ করেছিলেন।

(এই সময় লাল বাতি জ্বলে উঠে।)

এই ১ কোটি ১০ লক্ষ টাকা দিয়ে পাঁচিল তৈরি করবার ৬ মাস বাদেই সেই পাঁচিল ভেঙে পড়ে গেল। তারপর এই পাঁচিল সারাবার জন্য আরও ৫০ লক্ষ টাকা অনুমোদনের জন্য সরকারের কাছে রেখেছিল। এইভাবে টাকা-পয়সা নিয়ে নয়ছয় করা হচ্ছে। গোটা বিশ্ববিদ্যালয়টা তাঁদের খেয়াল খুশির জায়গা হয়ে দাঁড়িয়েছে, তাঁদের স্বার্থ চরিতার্থ করবার জায়গা হয়ে দাঁড়িয়েছে। যে স্ট্যাট্যুটরী প্রভিসন আছে এস.সি., এস.টি. শিক্ষক নিয়োগ করার ক্ষেত্রে সেই স্ট্যাট্যুটরী প্রভিসন কোনও জায়গায় মানা হয় নি। শুধু মাত্র কি ভাবে ক্যাডার পোষা যায় সেটাই করা হয়েছে। ১৯৯৪ সালে নোটিফিকেশন দেওয়া হল টিচার নেওয়া হবে বলে, ১৯৯৬ সালে সেই টিচার নেওয়া হচ্ছে। সেই টিচারের যে বেসিক কোয়ালিফিকেশন থাকা দরকার তা নেই। একজন শিক্ষকদের শিক্ষকতার যোগ্যতা নেই অথচ সেই শিক্ষককে নিয়াগ করা হল। আশ্চর্যের ব্যাপার, ১৯৯৪ সালে নোটিফিকেশন দেওয়া হল, তাঁকে নেওয়া হল ১৯৯৬ সালে। তারপর প্রভিডেন্ট ফান্ডের ৫ কোটি টাকা ..

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

**শ্রী নরেন্দ্রনাথ দে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কোন পরিস্থিতিতে আজকে এই হাউসে বিধানচন্দ্র রায় কৃষি বিশ্ববিদ্যালয়ের যে অ্যাক্ট আছে সেই অ্যাক্টের উপর অ্যামেন্ডমেন্টের জন্য যে বিল এখানে আনা হয়েছে সেটা মাননীয় সদস্যগণ জানেন। আমাদের রাজ্যে একটা নতুন ইউনিভার্সিটি হয়েছে। ওয়েস্ট বেঙ্গল ইউনিভার্সিটি অফ অ্যানিম্যাল অ্যান্ড ফিশারিজ সায়েন্স ১৯৯৫, এটা ১৯৯৫ সালের ২রা জানুয়ারি হয়েছে। আগে কৃষি বিশ্ববিদ্যালয়ের সাথে এই অ্যানিম্যাল সায়েন্স যুক্ত ছিল। এই ফ্যাকাল্টি নতুন করে নতুন যে প্রতিষ্ঠান বিশ্ববিদ্যালয়ের তার সঙ্গে যুক্ত হওয়ায় খুব স্বাভাবিক কারণে এই অ্যাক্টের কিছু অ্যামেন্ডমেন্ট করার দরকার হয়ে পড়েছে। সেইজন্য আজকে এই বিলটা এই বিধানসভায় পেশ করা হয়েছে আপনাদের সকলের সম্মতির জন্য। বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী পঙ্কজ ব্যানার্জি মহাশয়, আমার এই বিলের যে দুটি ফ্যাকাল্টি যুক্ত করার প্রস্তাব আছে তাকে স্বাগত জানিয়েছেন। উনি যে প্রশ্নটা তুলেছেন তা হল কৃষি বিশ্ববিদ্যালয়ে যে সমস্ত স্ট্যাট্যুটরী বডি আছে সেই স্ট্যাট্যুটরী বডির মাধ্যমে কাজ হচ্ছে না। এটা ঠিক নয়। এখানে যে সমস্ত স্ট্যাট্যুটরী বডি আছে সেখানে সমস্যা হচ্ছে যে এখানে যে সমস্ত ইলেকটেড মেম্বার আছে সেই মেম্বারদের ইলেকশন করা যাচ্ছে না। কারণ অনেক ক্ষেত্রেই জয়েন্ট ইলেকটোরেট আছে। একটা ফ্যাকাল্টি একটা ইউনিভার্সিটি থেকে সরিয়ে নিয়ে গিয়ে নতুন ইউনিভার্সিটিতে যুক্ত হওয়ার ফলে জয়েন্ট

ইলেকটোরেটের ক্ষেত্রে প্রবলেম হয়েছে। সেই কারণে নতুন করে ইলেকশন করা যাচ্ছে না। এই বিল আজকে এখানে পাস হলে নতুন অ্যাক্ট সংযোজন হলে আমি কথা দিচ্ছি যত শীঘ্র সম্ভব এই নির্বাচন পদ্ধতি চালু হয়ে যাবে।

[3-00—3-10 P.M.]

এবং নতুন ভাবে কোর্ট, একজিকিউটিভ কাউন্সিল ইত্যাদি যেসব স্ট্যাট্যুটরী বডি আছে সেগুলো গঠিত হবে। আমাদের নতুন যে দুটি ফ্যাকাল্টির প্রস্তাব এখানে করা হয়েছে, হর্টিকালচার এবং এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং আমাদের রাজ্যে সমুদ্র থেকে পাহাড় পর্যন্ত বিভিন্ন ক্লাইমেটিক কন্ডিশন আছে, বিভিন্ন রকমের মাটি আছে, এমন জায়গা আছে যেখানে আমাদের শস্য উৎপাদন হয় না, প্রচলিত শস্য উৎপাদন হয় না, সেইসব জায়গায় ফল, ফুল, সব্জি, ওষুধ, মশলা, সুগন্ধি গাছ, এগুলোর যথেষ্ট সম্ভাবনা রয়ে গিয়েছে, সেগুলো আমরা পুরোপুরি এখনও কাজে লাগাতে পারি না, এগুলো যাতে করে সম্ভব হয়, আমাদের বিশ্বাস তা হবে, তাহলে আমাদের ইককোনমি অনেকটা বুস্ট আপ হবে, সেগুলো আমরা বিদেশে রপ্তানি করতে পারব এবং আমাদের দেশের এবং আমাদের রাজ্যের অর্থনীতিটা অনেকটা চাঙ্গা হয়ে যাবে, সেজন্য আমরা হর্টিকালচার ফ্যাকাল্টি এখানে আলাদা ভাবে তৈরি করতে চাইছি। এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে আমরা জানি, নতুন করে কাল্টিভিয়েবল ল্যান্ড বাড়ানো সম্ভব নয়। সেচ ব্যবস্থার মাধ্যমে আমরা এক জায়গায় দু' চার বার সেচ ব্যবস্থার মধ্যে দিয়ে উৎপাদন বাড়াতে পারি। আমাদের উৎপাদনশীলতার উপর গুরুত্ব দিতে হবে। তারজন্য এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং আমাদের খুব বেশি দরকার। খড়গপুর থেকে আই আই টি থেকে এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ে যেসব ছাত্ররা বেরোয়, তাদের সংখ্যা কম। আমরা চাই তারা আমাদের এখানে আসুন। সেজন্য আমরা এই ফ্যাকাল্টিতে পোস্ট হার্ভেস্টিং টেকনোলজি, ডেয়ারি ইঞ্জিনিয়ারিং, ফুড টেকনোলজি, সয়েল অ্যান্ড ওয়াটার ইঞ্জিনিয়ারিং, ফার্ম মেশিনারি এইসব ক্ষেত্রে যদি আমরা বিশেষজ্ঞ হিসাবে তাদের পাই, তাহলে আমাদের রাজ্যে কৃষির উৎপাদনের ক্ষেত্রে তাদের সাহায্য পেতে পারব, তারা আমাদের সাহায্য করবে এবং সহযোগিতা করবে। এই দুটি ফ্যাকাল্টি এইজন্যই এই কৃষি বিশ্ববিদ্যালয়ের সাথে যুক্ত করা হয়েছে। এছাড়া এই সমস্ত বিষয়ে অ্যামেন্ড করা হয়েছে। আপনারা লক্ষ্য করবেন, এটাকে আরও বেশি গণতন্ত্রীকরণ করা হয়েছে ছাত্র, শিক্ষক, শিক্ষাকর্মী, তাদের এই ম্যানেজমেন্টের সাথে যুক্ত করা হয়েছে। সমস্ত নতুন নতুন ডিপার্টমেন্টাল কমিটি, যেগুলো আগে ছিল, ক্যাম্পাস ম্যানেজমেন্ট কমিটি, রিজিওন্যাল স্টেশন ম্যানেজমেন্ট কমিটি ইত্যাদি গঠন করার মধ্যে দিয়ে যা করতে চাওয়া হয়েছে তা হচ্ছে, যারা এর সাথে প্রত্যক্ষ ভাবে যুক্ত কৃষি বিশ্ববিদ্যালয়ের সাথে যুক্ত তাদের এই ম্যানেজমেন্টের সাথে যুক্ত করা হয়েছে, যাতে তারা ভাবতে পারে যে, এই ইনস্টিটিউশনটিতে তারা শুধু কাজ করে না, এটি তাদের নিজেদেরই ইনস্টিটিউশন। বামফ্রন্ট সরকারের প্রশাসনের ব্যাপারে যে দর্শন, সেটিই এর মধ্যে দিয়ে রিফ্লেকটেড হয়েছে। আমাদের দর্শনের মূল কথা হল পরিবর্তন এর জায়গা রচনা করা শুধু

মানুষের জন্য কাজ করা। সেই কথাকে মাথায় রেখে কৃষি বিশ্ববিদ্যালয়ে নতুন নতুন কমিটি গঠন করা হয়েছে। সেই কমিটিতে সমস্ত স্তরের শিক্ষক, শিক্ষাকর্মী, যারা অফিসার, এমপ্লয়ি তাদের মধ্যে থেকে সমস্ত স্তরের এমপ্লয়িদের এবং সমস্ত স্তরের ছাত্রদের সাথে যুক্ত করা হয়েছে, যাতে কৃষি বিশ্ববিদ্যালয়কে তারা নিজস্ব ইনস্টিটিউশন হিসাবে মনে করতে পারে, তাদের মানসিক জায়গাটা যাতে সেইভাবে গড়ে ওঠে। এই অ্যাক্টের মাধ্যমে সেটাই চেষ্টা করা হয়েছে। এর মাধ্যমে আমরা কৃষি বিশ্ববিদ্যালয়কে আমাদের দেশের একটি উল্লেখযোগ্য বিশ্ববিদ্যালয়ে পরিণত করতে পারব। মাননীয় পঙ্কজবাবু এখানে যে কথাটা বলেছেন, পাঁচিল সম্পর্কে যে কথা বলেছেন, সে সম্পর্কে আমি বলছি যে, পাঁচিল তৈরি করার জন্য যেটুকু করা দরকার ছিল, টেন্ডার কমিটি করা, সেই টেন্ডার ফ্লোট করা হয়েছে। মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি, সেখানে এস.ডিও ছিলেন। সেই টেন্ডার কমিটিতে এসডিও ছিলেন। নিয়ম মাফিক সমস্ত আইন কানুন মেনেই তা হয়েছে। সেখানে হয়ত কংগ্রেস দলের কোনও মাননীয় সদস্য ছিলেন না। এখানে যেরকমভাবে এটা করার প্রয়োজন হয়ে পড়েছে, পরিবর্তন করার দরকার হয়ে পড়েছে, নতুন বিশ্ববিদ্যালয় হওয়ার জন্য। আমাদের রাজ্যের কৃষির উৎপাদনের ক্ষেত্রে যাতে অবদান রাখতে পারে, তারজন্য নতুন এই দুটি ফ্যাকাল্টি করার প্রস্তাব করা হয়েছে। আমাদের রাজ্যের কৃষি উৎপাদন এবং উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য এবং কৃষি হর্টিকালচারের ব্যাপারে এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংকে আরও উন্নত এই অ্যামেন্ডমেন্ট আপনাদের সকলের উপস্থিতিতে আনা হয়েছে। এই বিলকে সমর্থন করবেন এই আশা রেখে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Narendra Nath Dey that the Bidhan Chandra Krishi Viswavidyalaya (Second Amendment) Bill, 1996, be taken into consideration was then put and agreed to.

**Clause 1 to 14 and the Preamble :**

**Mr. Deputy Speaker :** There is no amendment to Clauses 1 to 14 and the preamble.

The question that Clauses 1 to 14 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Narendra Nath Dey :** Sir, I beg to move the Bidhan Chandra Krishi Viswavidyalaya (Second Amendment)Bill, 1996, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Minorities Development and Finance Corporation (Amendment) Bill, 1996.**

**Shri Mohammed Amin :** Sir, I beg to introduce the West Bengal Minorities Development and Finance Corporation (Amendment) Bill, 1996.

(Secretary then read the Title of the Bill)

**Shri Mohammed Amin :** Sir, I beg to move that the West Bengal Minorities Development and Finance Corporation (Amendment) Bill, 1996, be taken into consideration.

**শ্রী শেখ দৌলত আলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের বিধানসভার মাননীয় মন্ত্রী যে দি ওয়েস্ট বেঙ্গল মাইনোরিটিজ ডেভেলপমেন্ট অ্যান্ড ফিনান্স কর্পোরেশন (অ্যামেন্ডমেন্ট বিল, ১৯৯৬ এখানে এনেছেন, সেই অ্যামেন্ডমেন্ট বিলের প্রসঙ্গে কিছু বলতে চাই। মাননীয় মন্ত্রী বলেছেন সৎ উদ্দেশ্য নিয়ে এই বিলটি আনা হয়েছে। সেই প্রসঙ্গে আমি বলছি যে, সেই উদ্দেশ্য যথার্থ প্রয়োগের ক্ষেত্রে নিরপেক্ষতা এবং তার দৃষ্টিভঙ্গির প্রসারতা যাতে থাকে তারজন্য আমি আবেদন রাখছি।

[3-10—3-20 P.M.]

এই বিলে তিনি বলেছেন যে আজকে মাইনরিটিদের জন্য বিশেষ করে ইন্ডাস্ট্রিয়াল, কমার্শিয়াল এবং কালচারাল অ্যাকটিভিটিসদের সম্বন্ধে। মাইনরিটিদের বা সংখ্যালঘুদের জন্য ইকনমিক ওয়েলফেয়ার এর কথা বলা হয়েছে। স্বাধীনতার পর থেকে আজ পর্যন্ত সংখ্যালঘুদের সম্পর্কে আমরা অনেক ভাল কথা শুনেছি। বামফ্রন্ট সরকারের আমলেও আমরা সংখ্যালঘুদের উন্নয়নের জন্য নানান রকমের কমিশন, নানান রকমের বোর্ড এইসব কথা এই হাউসে অগাস্ট হাউসে আমরা আলোচনা করেছি। কিন্তু বাস্তব ক্ষেত্রে আমরা তার নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি দেখতে পাইনি। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনি নিশ্চয়ই অবগত আছেন যে স্বাধীনতার যুদ্ধে স্বাধীনতা লাভ করবার ক্ষেত্রে সেই সময় আপামর জনসাধারণ তার মধ্যে সংখ্যালঘুসহ সেখানে মুসলমানরা ছিলেন, সেখানে সম্প্রদায় ছিলেন, সবাই মিলে স্বাধীনতার সেই যুদ্ধে জনমন কোরবাণ করেছিলেন। কিন্তু তার পরবর্তী পর্যায়ে আমরা দেখতে পাচ্ছি, সেই সংখ্যালঘুদের ক্ষেত্রে উন্নয়ন যতখানি প্রধানত হওয়া দরকার ছিল, আজ পর্যন্ত তা হয় নি। আজকে এই সংখ্যালঘুদের ক্ষেত্রে যেটা বলেছেন ইকনমিক ওয়েলফেয়ার এবং তার পথ নিচ্ছেন ইন্ডাস্ট্রি, সেই ইন্ডাস্ট্রিতে আজকে আপনি দেখুন সংখ্যালঘুরা ইন্ডাস্ট্রিতে দাঁড়াতে পারছে কিনা? শিল্পের ক্ষেত্রে তারা পঙ্গু। এমন কি সংখ্যালঘুদের সন্তান-সন্ততি তারা নিজের পায়ে দাঁড়াবার জন্য কিছু ঋণ পেতে চায়, সেখানে কিন্তু যে সহানুভূতিশীল দৃষ্টিভঙ্গি থাকা দরকার ছিল, সেইগুলি আমরা দেখতে পাচ্ছি না। সংখ্যালঘুদের চাকরির ক্ষেত্রে আজকে আমাদের কাছে যেন একটা ব্যর্থ প্রত্যাশা বারে বারে আঘাত করে। তাই যখন অর্থ বরাদ্দের কথা এই বিলেতে শুনি, একদিকে তখন মনে আনন্দ ভরে ওঠে, অন্যদিকে আমরা বাস্তব ক্ষেত্রে দেখি কথা ফানুস হয়ে দাঁড়ায়। স্যার, আপনি নিশ্চয় অবগত আছেন এক সময় সংখ্যালঘু সম্প্রদায়

বিশেষ করে মুসলিম সম্প্রদায় ভারতবর্ষের বুকে কয়েক শত বছর ধরে এখানে শাসন ক্ষমতায় ছিলেন, কিন্তু দুইশত বছরের পরে সেই সংখ্যালঘু সম্প্রদায় এর আর্থিক অগ্রগতি কি অবস্থায় দাঁড়িয়েছে? ভারতবর্ষের ক্ষেত্রে যারা সুলতান, সম্রাট, নবাব ছিলেন তাদের বংশধররা আমরা কিন্তু কেউ কখনও কল্পনা করতে পারিনা, আজকে সেই সংখ্যালঘুদের ঠিকানা, আমরা মাঝে মাঝে খবরের কাগজে দেখি, বাস্তবে চোখেও দেখি টালিগঞ্জের দর্জির দোকানে কিংবা ফুটপাতে অথবা ভ্যান রিকশা চালাচ্ছে। অথচ আমরা এখানে শুনতে পাই, সেই ওয়াকফ সম্পত্তি, যা মুসলিমদের ক্ষেত্রে সীমাবদ্ধ ছিল সেটাকে আজকে কিভাবে আত্মসাৎ করা হচ্ছে। তাও দেখছি। মুর্শিদাবাদের এস্টেট এর সম্পত্তি আজকে নয়ছয় করা হচ্ছে। সংখ্যালঘুদের সন্তান-সন্ততিদের জন্য মেধাবীদের ক্ষেত্রে যে হাজি মহম্মদ মহসিন ফান্ড চালু ছিল যা কেবলমাত্র তাদের জন্য ছিল, যে টাকা কেবলমাত্র কৃতিত্ব স্বাক্ষরকারী ছাত্র-ছাত্রীদের দেওয়া হয়, তখন কিন্তু বাদ পড়ে যায় সংখ্যালঘু সম্প্রদায়ের ছেলেরা। এমনিতে চাকরির ক্ষেত্রে, ব্যবসার ক্ষেত্রে, জীবন যুদ্ধের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি, তারা অনেক জায়গায় পর্য্যুদস্ত। তারা আশার আলো আজকে কিছুতেই দেখতে পাচ্ছেন না। তবে আমাদের এটুকু ভরসা এই বিলে তারা সেই আশার আলো দেখাতে পেরেছেন। অন্যদিকে স্বনিযুক্তিতে কত পারসেন্ট সংখ্যালঘু সম্প্রদায়, বাণিজ্যের ক্ষেত্রে উপযুক্ত স্থান পেয়েছে? শিল্পগড়াতে বলতে পারেন পশ্চিমবঙ্গে কতজন সংখ্যালঘু সম্প্রদায় বিজনেস ম্যাগনেট হতে পেরেছে, বিজনেস পরিচালনা করতে পেরেছে? ব্যবসা বাণিজ্য তারা পরিচালনা করতে পারছে, সাহায্য-সহযোগিতা করে তারা নিজেদের পায়ে দাঁড়াবার চেষ্টা করছে। সংখ্যালঘুদের নামে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের কার্ড যখন চলে যায়, তখন অফিসাররা মুখ ফিরিয়ে নেই, টীচারশিপের ক্ষেত্রেও মুখ ফিরিয়ে নেই, সরকারি কর্মচারিদের ক্ষেত্রেও মুখ ফিরিয়ে নেই। এখানে আপনি পরিকল্পনা গ্রহণ করেছেন, যাতে শিক্ষকতা ক্ষেত্র থেকে আরম্ভ করে সরকারি বেসরকারি প্রত্যেকটি জায়গায় তাদের এগিয়ে নিয়ে যাবার জন্য আপনি কি পরিকল্পনা গ্রহণ করছেন বলবেন। আপনি বলবেন, আমরা একজন সংখ্যালঘুকে বিভিন্ন ক্ষেত্রে সুযোগ করে দিতে পেরেছি। ১৯৭২ থেকে ১৯৭৭ এই বিধানসভায় আমার আসার সৌভাগ্য হয়েছিল, তখন একটা বিল পাস হয়েছিল, প্রত্যেকটি থানায় একজন সংখ্যালঘু অফিসার থাকবেন এবং সেটা কার্যকরও হয়েছিল। কিন্তু বর্তমানে সে ধরনের কোনও স্পেসিফিক কাজ আমরা দেখতে পাইনি। সংখ্যালঘু কমিশন এই সময় তৈরি হয়েছে এবং সংখ্যালঘুদের জন্য আজকে ডেভেলপমেন্ট কাউন্সিল হয়েছে, তার সাথে ওয়েলফেয়ার এই সমস্ত কথা যুক্ত হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে সবিনয়ে স্মরণ করিয়ে দিতে চাই, আপনি বলেছেন এই বিলে, একজন চেয়ার-পার্সন থাকবে। আমরা মনে করি না চেয়ার পার্সন ফুল টাইমার থাকলে ডেভেলপমেন্টটা তাড়াতাড়ি হবে। যদি এই চেয়ারের মূল্য, মর্যাদা রাখতে পারেন সেই রকম নোটেড ফলো বিখ্যাত ব্যক্তি যদি আসে, নিরপেক্ষ দৃষ্টি দিয়ে কাজ করেন তাহলেই আসল কাজ হবে। আমার তিক্ত অভিজ্ঞতা আছে, আমরা যদি নোটেড লোক বসিয়ে দিই, দলীয় মতবাদের ভিত্তিতে কন্ট্রোল করলে সেটা অসুবিধা আছে। এই জায়গায় দাঁড়িয়ে স্মরণ করিয়ে দিতে চাই, সংখ্যালঘু কমিশনের মূল যে

উদ্দেশ্য তার সাথে এই যে মাইনরিটি কাউন্সিল, মাইনরিটিস ডেভেলপমেন্ট-এর ক্ষেত্রে উন্নয়নের ক্ষেত্রে দৃষ্টিভঙ্গি প্রসারতা দরকার, তবেই কাজের গতি আনা যাবে। এরপর সবচেয়ে বড় কথা আমাদের যে টাস্ক এই বিলের মধ্যে আছে, Bill enacted to undertake the task of economic welfare of the minorities through industrial commercial and cultural activities. আজকে আমাদের যে কালচার, আপনি কি বুকে হাত দিয়ে বলতে পারেন, আমরা সেই কালচার করতে পেরেছি। যে কোনও স্পর্শকাতর এলিমেন্টকে কেন্দ্র করে, লাঠালাঠিকে কেন্দ্র করে, খুনোখুনিকে কেন্দ্র করে, সে সাংসারিক জীবনেই হোক—সবচেয়ে বড় কথা সাম্প্রদায়িক দিক থেকে এই যে কালচারাল সাইড, যে কথা আপনি বলেছেন, সেই সম্বন্ধে কোনও দ্বিমত থাকতে পারেনা। এই ক্ষেত্রে আমরা কিন্তু ততখানি সতর্ক হতে পারি নি। সেই জন্য আপনার কাছে বলতে চাই, আপনি ইকনমিক ওয়েলফেয়ারের কথা মুখে বলেছেন, কিন্তু ইকনমিক সাইডেই একটা কমিউনিটিকে এগিয়ে নিয়ে যেতে পারে। আপনি বলেছেন, মাইনরিটি ডেভেলপমেন্ট, এবং ওয়েলফোয়র ডিপার্টমেন্ট এই দুটোকে ভাগ করে দেবেন। এটা খুব সুন্দর প্রস্তাব। এই দুটো যদি এক সাথে চলতে না পারে তবে এই বিলের উদ্দেশ্য ব্যর্থ হবে। এই দিকে দৃষ্টি রাখার আবেদন জানিয়ে, বিলের উদ্দেশ্যকে স্বাগত জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3-20—3-30 P.M.]

**শ্রী মোরশালিন মোল্লা ঃ** (অনুপস্থিত)

**শ্রী হাফিজ আলম সৈরাণী ঃ** মাননীয় স্পিকার স্যার, এখানে মাইনরিটি কমিউনিটিদের যে বিল নিয়ে এসেছেন, সেই ব্যাপারে সংখ্যালঘু মানুষের মধ্যে একটা উৎসাহ উদ্দীপনা সৃষ্টি হয়েছে সেটা অস্বীকার করার উপায় নেই। কিন্তু আমি মন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই যে আমরা যে বিল করেছি সংখ্যালঘুদের জন্য আমাদের দেখতে হবে যে উদ্দেশ্য নিয়ে, যে লক্ষ্যকে সামনে রেখে আমরা সংখ্যালঘু উন্নয়নের জন্য এই বিল নিয়ে এসেছি সেই লক্ষ্য যাতে বাস্তবে রূপ নেয়। আমার নিজের অভিজ্ঞতায় দেখেছি মাইনরিটি কমিউনিটিদের উন্নয়নের ব্যাপারে যে সমস্ত কর্মচারী ভাই তাঁরা এই ব্যাপারে কিন্তু আন্তরিকভাবে যত্নবান হন না। তারা সেটা নেগলেক্ট করেন। এই হাউসে মুখ্যমন্ত্রী লিঙ্গু-ইস্টিক-মাইনরিটি—ভাষার ক্ষেত্রে একটা স্বীকৃতি দানের কথা বলেছিলেন। কিন্তু আজ পর্যন্ত আমরা পেলাম না। সংঘ্যালঘুদের উন্নয়নের জন্য আমাদের সরকারের আন্তরিকতা আছে। সেটা যাতে বাস্তবে রূপ নেয় তারজন্য মুখ্যমন্ত্রীকে মনিটরিং এর উপর জোর দিতে অনুরোধ করি। আমাদের সরকারের যে ইচ্ছা, যে পরিকল্পনা মাইনরিটি ভাইদের উন্নতি করার জন্য সেটা যেন বাস্তবে রূপ নেয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন মুখার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে মন্ত্রী আমিন সাহেবের আনা বিলটা আমি আজকে আপনার কাছে বলি। ১-৫-৯৬ তারিখে প্রাক্তন মন্ত্রী মেহবুব

জাহেদী, রাজ্যে সর্বত্র প্রত্যেকটি জেলায় ঘুরে ঘুরে মাইনরিটি লোন ফর্ম বিলি করেছিলেন ঠিক নির্বাচনের আগে। প্রতিটি জেলায় হাজার হাজার ফর্ম বিলি হয়েছে। হাজার হাজার মুসলমান যুবক যারা শিক্ষিত, যারা কারিগরি বিদ্যায় শিক্ষিত, যারা ছোট ব্যবসা করেন, যারা বিভিন্ন কাজের মধ্য দিয়ে অর্থনৈতিক স্বনির্ভর হতে চান তারা এই সমস্ত ফর্ম পেলেন কিছু কিছু ফর্ম দুনম্বর পথে বিক্রি হল। লক্ষ লক্ষ ফর্ম কোথায় জমা দেবেন, এই ফর্মের যা প্রোগ্রাম তার ইমপ্লিমেন্টেশন কি হবে, আজ পর্যন্ত মাইনরিটি কমিউনিটির যুবক যুবতীরা, ব্যবসায়ী কেউ আজ পর্যন্ত জানতে পারল না। এই নিয়ে সারা পশ্চিমবাংলায় একটা ফাটকা বাজি চলছে। আমি আমিন সাহেবের দৃষ্টি আকর্ষণ করছি। এই ফর্মগুলো কাদের দিয়েছিলেন? কোন দপ্তরের ডি.আই.সি. এটা ঠিক করবে? অনেক জেলায় এস.সি. এবং এস.টি.দের জন্য ফিনান্স কর্পোরেশন আছে। তারা এই লোনের জন্য ফর্ম কোথায় দেবে, কোথায় এই লোনের ফর্ম জমা নেবে, কত লোন দেবে সে ব্যাপারে এখনও পর্যন্ত কোনও সঠিক সিদ্ধান্ত সরকারের কাছে থেকে জানা যায় নি। নির্বাচনের আগে বামফ্রন্ট সরকার ভোটের ময়দানে এই ফর্ম বিলি করে ভোটের বাজার মাত করার চেষ্টা করেছিলেন। কিন্তু এখনও পর্যন্ত পশ্চিমবঙ্গের সমস্ত মাইনরিটি কমিউনিটির যুবক-যুবতীরা যারা আর্থিক ভাবে স্বনির্ভরশীল হতে চায় তাদের কাছে এই ব্যাপারটা ধাপ্পায় পরিণত হয়েছে। এখনও পর্যন্ত এই লোনের সাবসিডি কত দেওয়া হবে সেই লোনের ইন্টারেস্ট কত হবে সে সম্বন্ধে কিছু জানানো হয় নি। অসহনীয় পথে, বিভ্রান্তের মতো পশ্চিমবঙ্গের মাইনরিটি কমিউনিটির যুবক-যুবতীরা ঘুরে বেড়াচ্ছে। আমি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, স্বনির্ভর প্রকল্পে এস.সি. এবং এস.টি.দের জন্য যে ফিনান্সিয়াল কর্পোরেশন জেলায় জেলায় গঠিত হয়েছে সেই ফিনান্সিয়াল কর্পোরেশনের মাধ্যমে তা থেকে সাবসিডি দেওয়া হয়। সেই সাবসিডির জন্য পঞ্চায়েত এবং পৌরসভা থেকে ফর্ম বিলি করা হয় এবং সেই ফর্ম বিলি করার ফলে তারা আজকে লোন পান। এস.সি. এবং এস.টি.দের যে সাবসিডি দেওয়া হয়, তার সেই লোনের ইন্টারেস্ট অন্যান্য ক্ষেত্রে লোনের জন্য যে ইন্টারেস্ট দিতে হয় তার চেয়ে অনেক কম। পশ্চিমবঙ্গে মাইনরিটি বিল আনা হয়েছে, ফিনান্সিয়াল বিল আনা হয়েছে কিন্তু আক্ষরিক অর্থে পশ্চিমবঙ্গ সরকার মাইনরিটি কমিউনিটিদের কোনও স্বার্থ দেখেন না। পশ্চিমবঙ্গে মুসলিমদের বস্তিগুলো নরককুন্ডে পরিণত হয়েছে। মেহবুব জাহেদি যখন মন্ত্রী ছিলেন তখন তিনি কোনওদিনই এই সমস্ত বস্তিগুলো দেখেন নি। বস্তির উন্নয়নের জন্য কোনও পরিকল্পনা সরকারের নেই। আমি আরেকটা ব্যাপারে সভার দৃষ্টি আকর্ষণ করছি—বিভিন্ন জায়গায় পুলিশে কনস্টেবল পদে নিয়োগ চলছে। আমিন সাহেব আপনি জেলার সুপারকে নির্দেশ দিন। যে মাইনরিটি কমিউনিটির পক্ষ থেকে এত পারসেন্টেজ লোককে পুলিশের কনস্টেবল পদে নিতে হবে। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম পাঠিয়ে লোক নেওয়া হচ্ছে না। আমার জেলা হুগলিতে দেখেছি পুলিশের কনস্টেবল পদে মাইনরিটি কমিউনিটির যুবকের সংখ্যা ১ পারসেন্ট থেকে ২ পারসেন্ট। এঁরা পিছিয়ে পড়ে আছে। মাননীয় জ্যোতিবাবু এই হাউসে ঘোষণা করেছিলেন আসানসোল, গার্ডেনরিচ, মেটিয়াবুরুজ ইত্যাদি বিভিন্ন জায়গায় উর্দু ভাষার মাধ্যমে কাজকর্ম চালানো হবে। কিন্তু সরকার থেকে

এব্যাপারে কোনও পরিকল্পনা নেওয়া হয় নি। মুসলিমদের হোস্টেলগুলোর কি দূরবস্থা চলছে। মুসলিম মেয়েদের শিক্ষার দিকে এগিয়ে নিয়ে যাওয়ার কোনও চেষ্টা সরকারের নেই। আমি পরিষ্কার ভাবে বলতে চাই শুধু বিল এনে লাভ নেই। আক্ষরিক অর্থে কাজ করতে হবে। মাইনরিটি কমিউনিটির মানুষরা পশ্চিমবঙ্গে বঞ্চনার শিকার হচ্ছে। লক্ষ লক্ষ, কোটি কোটি টাকার ওয়াকফ সম্পত্তিগুলো লুট-পাট হয়ে যাচ্ছে। বিক্রি করা হচ্ছে। আমিন সাহেব, জ্যোতিবাবু আপনারা কিছু করে দেখান, তাদের অর্থনৈতিক ভাবে স্বনির্ভরশীল করে গড়ে তুলুন। যে সমস্ত হার্ড-ওয়ার্কিং জব আছে তাতে মাইনরিটি কমিউনিটির যুবকরা কাজ করেন। আমিন সাহেবকে আজকে এই সভায় পরিষ্কার ভাবে সভার সদস্যদের জানাতে হবে, মেহবুব জাহেদি সাহেব মাইনরিটি কমিউনিটির যুবক-যুবতীদের জন্য যে ফর্ম বিলি করেছিলেন সেটা কতদিনের মধ্যে পাওয়া যাবে।

[3-30 - 3-40 P.M.]

আজকে আমি বলব, মাদ্রাসাগুলোর উন্নয়ন হয় নি। বিভিন্ন জায়গায় কবরস্থানে জল নেই, ইলেকট্রিক যায় নি। উন্নয়নের কোনও ব্যবস্থাই সরকারের পক্ষ থেকে নেওয়া হয় নি। আমার বিধানসভা কেন্দ্র সম্পর্কে আমি বলতে পারি, সেখানে কোনও উন্নয়নের ব্যবস্থা করা হয় নি। বিভিন্ন কবরস্থান, ঈদ্গা, এসব জায়গায় সরকারের পক্ষ থেকে কোনও ব্যবস্থা নেওয়া হয় নি। এই বিষয়ে মন্ত্রী মহাশয়ের কাছ থেকে পরিষ্কার বক্তব্য জানতে চাইছি।

**শ্রী জয়ন্ত বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি। আমি আনসারুদ্দিন সাহেবকে বলছি, মুসলিম না হলেও বলা যায়—আমি যে নির্বাচন কেন্দ্র থেকে প্রতিনিধিত্ব করছি, পরপর চারবার সেখানে ৬৫ পারসেন্ট মুসলমান। সেখানে আমি হেরেছি ৭০০ ভোটে, কিন্তু জিতেছি অনেক বেশি ভোটে। নাসিরুদ্দিন সাহেব তো হেরেছেন ১৭ হাজার ভোটে। মুসলিম কমিউনিটির স্বার্থে এই বিলটি শুধু গ্রহণ করলেই হবে না, একে আরও অর্থবহ করে তুলতে হবে। আমাদের অভিজ্ঞতা, তখনকার সরকার মুসলমানদের এই দেশকে নিজের জন্মভূমি ভাবতে দিত না। ৬৭ তে বামফ্রন্ট প্রতিষ্ঠিত হবার পর তাদের অধিকার প্রতিষ্ঠিত হয়। আমি যখন প্রথম ভোটে দাঁড়াই বহরমপুর শহর থেকে, গ্রামে গিয়ে দেখি কংগ্রেস নেতৃত্বর একমাত্র প্রচার ছিল—কংগ্রেসকে ভোট দাও, না হলে এই দেশে থাকতে পারবে না—হবিবুর সাহেব, সোরাব সাহেবের বক্তব্য ছিল। ৬৭ তে বামফ্রন্ট প্রতিষ্ঠিত হবার পর মুসলমানরা নিজেদের অধিকারবোধ সম্পর্কে দৃঢ় প্রত্যয়ের উপর দাঁড়িয়েছে। ভূমি সংস্কার, বর্গা আন্দোলন, জমিজমা বিলি-বন্টনের ফলে এই দেশের সাধারণ গরিব মুসলমানরা চাষাবাদ করছে, অর্থনৈতিক দিক থেকে অগ্রসর হয়েছে। অন্যদিকে তারা রাজনৈতিক কর্মকান্ডেও অংশগ্রহণ করছে। বিগত ৩০ বছরের মধ্যে মুসলমান সমাজের মধ্যে সাংস্কৃতিক, রাজনৈতিক নেতৃত্ব গড়ে উঠেছে। আমরা দেখেছি, মুর্শিদাবাদে নবাব বাড়ির লোক এবং বেলডাঙার হাজি-রা রাজনীতিতে নেতৃত্ব দিত। তখন সুফিয়ানের

মতো ছেলেরা, মোজাম্মেলের মতো ছেলেরা নির্বাচিত হতে আসত না। এখন রাজনৈতিক পট পরিবর্তন ঘটেছে। ভূমি সংস্কার হয়েছে বলে, বর্গা অধিকার প্রতিষ্ঠিত হওয়ার ফলে যে তাদের অর্থনৈতিক উন্নতি ঘটেছে, অধিকার প্রতিষ্ঠিত হয়েছে, সেটা অস্বীকার করা যাবে না। শুধু তাই নয়, আমরা যখন রাজনীতি করতাম, দেখতাম মুসলমান ছেলেরা তখন রাজনীতিতে অংশগ্রহণ করত না, এই দেশের সাথে তাদের একাত্মতা-বোধ এত কম ছিল যে, তারা ভয় করত। এখন অজস্র ছেলে রাজনীতিতে অংশগ্রহণ করছে, সাংস্কৃতিক আন্দোলনে অংশগ্রহণ করছে, তাদের মধ্যে থেকে সাহিত্যিক বের হচ্ছে। সমস্ত দিক থেকে একটা উন্নয়নের ধারা তাদের মধ্যে এসেছে। সোহরাব সাহেব বলেছেন, যদি নবাব বাড়ির লোকেরা থাকত, তাহলে কি আমার মতো সাধারণ ঘরের লোক এম.এল.এ. হতে পারতাম? পারতাম না। ওঁরা জানেন, কিভাবে মুসলিম জন-সমাজকে তখন বিভ্রান্ত করা হত। কিন্তু সেই জায়গায় আজকে কংগ্রেস থেকে বা বামপন্থী থেকে সাধারণ মানুষ মধ্যবিত্ত মানুষ, নিম্ন-মধ্যবিত্ত মানুষ তাঁরা আসছেন। আমি শুধু বলব, এই যে কর্পোরেশন গঠন করা হয়েছে সেটাকে মিনিং-ফুল করা হোক। সাধারণ মানুষের আরও আস্থাভাজন করে গড়ে তোলা হোক। আর অর্থনৈতিক স্বাচ্ছন্দ দেবার কথা চিন্তা করা হোক। আমি মনে করি, একটা সমাজ ব্যবস্থা, আর্থ-সামাজিক ব্যবস্থার সাথে সাথে সামগ্রিকভাবে সমস্ত সমাজের উন্নয়ন হতে হবে। তাই আজকে ধনতান্ত্রিক অবস্থার মধ্যে যারা অবনত আছে, পশ্চাদপদ আছে তাদের উন্নীত করার জন্য যে বিল আনা হয়েছে তাকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুলতান আহমেদ ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আজকে এই বিল আনা হয়েছে এবং মাননীয় জয়ন্তবাবু যে কথা বললেন—জয়ন্তবাবু বামফ্রন্টের নেতা, এখানে মন্ত্রী আছেন, ডেপুটি স্পিকার আছেন, বামপন্থী নেতারা আছেন—তাঁরা কি ওনার সঙ্গে একমত যে, ১৯৬৭ সালের আগে মুসলমানরা এই দেশের অঙ্গ হিসাবে নিজেদের মনে করত না। এই যে চিন্তা-ধারা এটা বি.জে.পি.র চিন্তা ধারা। আজকে এই জিনিস বামপন্থীদের নেতাদের মুখ থেকে শুনতে হচ্ছে। আমি মাননীয় সদস্য জয়ন্তবাবুকে জিজ্ঞাসা করতে চাই, সৈয়দ বদ্রুদদোজার মতো নেতার কথা কি আপনি ভুলে গেলেন? তাঁর মতো নেতা আর বাংলায় জন্ম নেন নি। কি করে ভুলে গেলেন, আবুল কালাম আজাদের কথা? এই শহর থেকে তিনি একটা কাগজ বের করেছিলেন। আবার হুমায়ুন কবির সাহেব—তিনি দিল্লিতে পশ্চিমবাংলার হয়ে রিপ্রেজেন্ট করেছিলেন। আমিন মেহবুব সাহেবরা বাংলায় মন্ত্রী হয়েছেন কিন্তু মুসলিমদের জন্য কিছুই করেন নি। আবার বলা হচ্ছে, ১৯৬৭ সালের আগে মুসলমানরা এ দেশকে তাদের বলে ভাবত না। স্যার, এবিষয়ে সৈয়দ আব্দুল হামিদের কথা মনে পড়ে। তিনি পাকিস্তানের সাথে লড়াইতে ট্যাঙ্কের সামনে নিজের বুক পেতে দিয়েছিলেন। কর্নেল ওসমান দেশের হয়ে লড়াই করেছেন। আজকে বি.জে.পি.র আডবানী বাজপেয়ীর মুখের কথা আপনাদের মুখ থেকে, বামপন্থীদের মুখ থেকে শুনতে পাচ্ছি। আপনারা মুসলমানদের জন্য কিছুই করেন নি। আপনারা মুসলমানদের মধ্যে রশিদ খান তৈরি করেছেন, হুমায়ুন কবির তৈরি করতে পারেন নি।

আজকে হামিদুল হুদাকে তৈরি করেছেন, রফি আহমেদ কিদোয়াই তৈরি করতে পারেন নি। আজকে সেই সব লোকেরা ওয়াকফ প্রপার্টির একটার পর একটা নষ্ট করছেন। আপনারা লাল্লু আলমকে তৈরি করেছেন, কলকাতার বুকে, কোনও বুদ্ধিজীবী তৈরি করতে পারেন নি। আজকে আপনারা আবার এই বিল নিয়ে এসেছেন। মুসলমানদের সম্বন্ধে যে কথা বলা হয়েছে আমি তার নিন্দা করছি। আমিন সাহেব সংখ্যালঘুদের কথা নিয়ে একটা কথাও বলেননি। তিনি উল্টে আবার বললেন, ১৯৭২ সালের সময় নাকি কংগ্রেসিরা তাঁর বাড়ি পুড়িয়ে দিয়েছিল।

[3-40—3-50 P.M.]

আজ এখানে সমস্যার কথা বলা উচিত, কি চিন্তা করছেন সেটা না বলে কংগ্রেসের দিকে আঙ্গুল দেখিয়ে বলছেন বাড়ি পুড়িয়েছে। আজকে উনি ফ্ল্যাট দেখাচ্ছেন, লাক্সারী ফ্ল্যাট, তার পাশেই বস্তিবাসীরা থাকে, তিলজলা, তপসিয়ায়। আজকে মাইনরিটি ফিনান্স ডেভেলপমেন্ট কর্পোরেশন এই যে বিল ১৯৯৫ সালে ন্যাশনাল মাইনরিটিজ কর্পোরেশন এটা অল্ ইন্ডিয়া লেবেলে হয়েছে। তাই রাজ্য সরকার বাধ্য হয়ে এই রকম একটা কর্পোরেশন করছেন। সেখানে কর্পোরেশন ৮৫ পারসেন্ট টাকা দেবে লোন হিসাবে, রাজ্য ১০ পারসেন্ট দেবে, এই যে ফিনান্স কর্পোরেশন হচ্ছে তারা ৫ পারসেন্ট বেনিফিসিয়ারী হিসাবে টাকা দেবে। মেহবুব জাহেদী প্রেস স্টেটমেন্ট দিয়ে বলেছিলেন ১ কোটি টাকা লোন দেওয়া হবে ম্যাকসিমাম, ইন্টারেস্ট। আমার কাছে আছে। উনি বললেন ৩১শে জানুয়ারি পর্যন্ত অ্যাপ্লিকেশন নেওয়া হবে। উনি আবার বললেন ২০ ফেব্রয়ারি পর্যন্ত অ্যাপ্লিকেশন জমা নেওয়া হবে।

(নয়েজ)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বলা হল ৩১ শে জানুয়ারি পর্যন্ত অ্যাপ্লিকেশন নেওয়া হবে। তারপরে আবার বললেন সেকেন্ড লটে ২০ শে ফেব্রয়ারি পর্যন্ত অ্যাপ্লিকেশন জমা নেওয়া হবে, তারপরে আবার বললেন থার্ড লটে ১৫ মার্চ পর্যন্ত অ্যাপ্লিকেশন জমা নেওয়া হবে। উনি স্টেটমেন্ট দিয়ে অ্যাপ্লিকেশন চাইলেন মাইনরিটিজ ফিনান্স ডেভেলপমেন্ট কর্পোরেশন লোন দেবে, এক লক্ষ ফর্ম বিলি হল। সারা রাজ্যের পঞ্চায়েত অফিস, বি.ডি.ও., এস.ডি.ও. ডি.আই.সি.(সেন্ট্রাল) সেখানে অ্যাপ্লিকেশন দেওয়া হল, সংখ্যালঘু সম্প্রদায়ের ভায়েরা এফিডেবিট করে এই ফর্ম জমা দিল, এই ফর্ম জমা দিতে তাদের প্রায় ২০০/৩০০ টাকা খরচ হল। আবার একটা অ্যামেন্ডমেন্ট বিল এসেছে। মন্ত্রী কি জানেন ন্যাশনাল কমিশন ফর মাইনরিটিজ ফিন্যান্স ডেভেলপমেন্ট কর্পোরেশন, তারা কেন টাকা পাঠাচ্ছেন। আজকে আমি দেখলাম অসীমবাবুর বাজেট বক্তব্য বাড়ল, এই ফিন্যান্স ডেভেলপমেন্ট কর্পোরেশনে আমি এত টাকা রাখছি বা রাজ্য সরকারের এই গ্র্যান্ট, কোনও জায়গায় কিছু নেই। শুধু বিল এসেছে, অ্যাপ্লিকেশন নেওয়া হচ্ছে। সংখ্যালঘু সম্প্রদায়ের ভাইদের অবস্থা খারাপ হচ্ছে, তারা হকারী করছে ধর্মতলায়, নিউমার্কেটে, শিয়ালদহে, গড়িয়াহাটে। তাদের ৫০ টাকা করে

প্রতি সপ্তাহে দিতে হয়। বামফ্রন্টের ইউনিয়নকে টাকা দিতে হয়। তাদের কোনও গ্যারান্টি নেই যে তাদের কত ইনকাম হবে। এই হচ্ছে সংখ্যালঘু ভাইদের অবস্থা। চাকরি পাওয়ার ক্ষেত্রে তাদের সংখ্যা দাঁড়িয়েছে ২ পারসেন্ট। সরকারি অফিসে ব্যাঙ্কে চাকরির দরজা বন্ধ। এই কমিশন করে ভাওতা দিয়ে চলেছেন। এই অ্যামেন্ডমেন্ট এসেছে কোনও একজন ব্যক্তিকে চেয়ারম্যান করার জন্যই। No additional expenditure will be required to be made by the corporation to implement the provisions of the Bill. চেয়ারম্যান, পার্ট টাইম চেয়ারম্যান হবেন, না ফুল টাইম চেয়ারম্যান হবেন তা এই বিলের মধ্যে ক্লিয়ার কাট করে বলা নেই। আমি জানতে চাইছি এক্ষেত্রে ন্যাশনাল কমিশন কত টাকা দিয়েছেন? রাজ্য সরকার কত টাকা দিয়েছেন? মোট টাকার দিল্লি দেবে ৮৫ শতাংশ টাকা, আর আপনারা দেবেন ১০ শতাংশ টাকা। আপনারা যে ১০ শতাংশ টাকা দেবেন তার কতটা এবারকার বাজেটে রাখা হয়েছে? ইতিমধ্যেই ১ লক্ষ ফর্ম বিলি হয়েছে। মেহেবুব জাহেদির কথা শুনে পশ্চিমবঙ্গে হাজার হাজার সংখ্যালঘু অ্যাপলিকেশন জমা দিয়েছে। স্যার, আপনি জানেন দীর্ঘদিন ধরে সিপিএম তথা বামফ্রন্ট এই সংখ্যালঘু শ্রেণীকে নিজেদের স্বার্থ সিদ্ধির কাজে ব্যবহার করেছে। এখন সংখ্যালঘু মানুষরা ওদের চিনতে পেরেছেন। তাই তো এবারে কংগ্রেসের ৮২ জন এম.এল.এ.র মধ্যে ২০ জনই সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ। বাকি ২১২ জন এম.এল.এ.র মধ্যে মাত্র ২৪ জন সংখ্যালঘু সম্প্রদায়ের। আজকে এ রাজ্যে সংখ্যালঘুরা বামফ্রন্টকে রিজেক্ট করেছে। কেন করবে না? রশিদ খান, লালু আলম, হামিদুল হুদা আর ওয়াকফ কেলেঙ্কারির মধ্যে দিয়েই তো বামফ্রন্টের চরিত্র আজকে ফুটে উঠেছে। এখানে শ্-ওয়ালেস-এর কথা বলা হয়েছে। শ্-ওয়ালেস্ ৮৪ সাল থেকে ভাড়া বন্ধ করে দিয়েছে। অথচ শ্-ওয়ালেস এর মালিকের সঙ্গে জ্যোতিবাবু টলি ক্লাবে গিয়ে ডিনার করছেন। শ্-ওয়ালেস ভাড়া দিচ্ছে না, আমিন সাহেব অপদার্থ মন্ত্রী। উনি একটা উর্দু কাগজে লিখেছেন, যারা চুরি করেছে, ঠিক করেছে। এ কথা লেখার পরেও উনি এখানে বসে আছেন, ওঁর একটুও লজ্জা নেই। বাংলা, হিন্দি বা ইংরাজি কাগজে নয়, উর্দু কাগজে ওঁর আর্টিকেল বেরুচ্ছে। ওঁর সৎসাহস থাকলে উনি ইংরাজি, হিন্দি বা বাংলা কাগজে লিখতেন। আপনাদের তো আরও অনেক সংখ্যালঘু সম্প্রদায়ের সদস্য আছেন, আপনারা আর মন্ত্রী করতে লোক পেলেন না। আনিসুর রহমানের মতো ইয়াং মানুষকে মাইনোরিটি ডিপার্টমেন্টের মন্ত্রী করলে কাজ হত। তা না করে ওঁর মতো দুর্বল মানুষকে এই দপ্তরের মন্ত্রী করা হয়েছে। উনি ১০ মিনিট ভাষণ দেন তো তিন-বার জল খান।

(প্রচন্ড গোলমাল)

স্যার, শিক পার্শি ইত্যাদি সম্প্রদায় বাদে শুধু মুসলমান সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ এ রাজ্যে মোট জনসংখ্যার প্রায় ২৫ শতাংশ। এই বিরাট সংখ্যক মানুষের সমস্যার সমাধানের দায়িত্ব জ্যোতিবাবু আমিন সাহেবের মতো দুর্বল মানুষের ওপর দিয়েছেন। তাঁকে ঢাল নেই, তরোয়াল নেই, নিধিরাম সর্দার করে বসিয়ে রাখা হয়েছে। তাঁকে মাইনোরিটি ওয়েলফেয়ার

ডিপার্টমেন্টের পোর্টফলিও দেওয়া হয়েছে, অথচ তাঁকে অফিসে কোনও স্টাফ দেওয়া হয় নি, কিছুই দেওয়া হয় নি। তাহলে তিনি কিভাবে মাইনোরিটিদের সমস্যার সমাধান করবেন? এটা খুবই সিরিয়াস ব্যাপার। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর উদ্দেশ্যে বলব যে, আপনি যদি সংখ্যালঘু সম্প্রদায়ের সমস্যার সমাধান করতে চান তাহলে একজন ভাল, উপযুক্ত মন্ত্রীর হাতে এই দপ্তরের দায়িত্ব দিন। কারণ ওঁর মত্রে দুর্বল মন্ত্রীকে দিয়ে রুগ্ন মন্ত্রীকে দিয়ে, সিক্ মিনিস্টারকে দিয়ে সংখ্যালঘু সম্প্রদায়ের সমস্যার সমাধান হবে না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-50—4-00 P.M.]

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিঃ বিশ্বাস, আপনার বক্তব্য আপনি বলেছেন। ওরা শুনেছে। ওরা বাধা দেননি। এখন ওরা আবার যখন বলবে আপনার বক্তব্যের জবাব ওরা দেবে, আপনাকে সেটা শুনতে হবে। আপনার কথা ওরা শুনেছে, ওদের কথা আপনাকে শুনতে হবে। এতে কোনও দোষের নেই। বসুন।

**শ্রী মুর্শালিন মোল্লা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা আমাদের পরম সৌভাগ্য যে ভারতীয় সমাজ বিন্যাসের মধ্যে পিছিয়ে পড়া মানুষগুলিকে সঙ্গে নিয়ে আমাদের ভারতীয় সমাজ এবং মানবিক বিকাশগুলিকে আরও ত্বরান্বিত করার জন্য জনপ্রিয় বামফ্রন্ট সরকার মাইনোরিটিজ ডেভেলপমেন্ট অ্যান্ড ফিনান্স কর্পোরেশন (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৬ আমাদের সামনে পেশ করেছেন। কবিগুরুর দেশের মানুষ হিসাবে আমরা জানি; যারে তুমি পশ্চাতে রেখেছো, সে তোমারে পশ্চাতে টানিছে''। বড় সুন্দর লাগল, আমাদের এই সভায় আমাদের অভিজ্ঞ বিরোধীদলের বন্ধু বললেন, পশ্চিমবাংলায় সংখ্যালঘু, পিছিয়ে পড়া মানুষ বামফ্রন্ট থেকে দূরে সরে যাচ্ছেন। আমি কুম্ভিরাশ্রু বিসর্জনের ছবি দেখিয়ে দিতে পারি, প্রতিক্রিয়াশীল দলের সংখ্যাতত্ত্ব স্মরণ করিয়ে দিচ্ছি। আমরা জানি, সংখ্যালঘুরা যদি পশ্চাতে না পড়ে থাকত, এদের সম্পর্কে সঠিক মূল্যায়ন বামফ্রন্ট সরকারের আগে পূর্ববর্তী সরকার বিশ্লেষণ, পরিসংখ্যানে না নিয়ে যেতেন তাহলে নতুন করে এই বিলটিকে আনবার প্রয়োজন হত না। এই সংখ্যালঘুদ্রের উন্নয়নে দুটি দিক ধরতে হবে। একটা হচ্ছে আর্থিক উন্নয়নের দিক আর একটা শিক্ষা-সাংস্কৃতিক উন্নয়নের দিক। যদি আমরা এক্ষেত্রে দৃষ্টান্তগুলি স্মরণ করি তাহলে দেখব, শিক্ষাক্ষেত্রে—শিক্ষা বিকাশের ক্ষেত্রে, সংখ্যালঘুদের নিজস্ব সাংস্কৃতিক যে পরিমন্ডল আছে তাকে তুলে ধরার ক্ষেত্রে বিগত কংগ্রেস জমানায় কি পেয়েছিলাম? আমি অভিজ্ঞ বিরোধীদলের বন্ধুদের একটা ছোট উদাহরণ দিচ্ছি, মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার মধ্য দিয়ে পশ্চিমবাংলায় মাদ্রাসা শিক্ষা প্রসার লাভ করেছিল। কিন্তু ১৯৪৭ সালে স্বাধীনতা উত্তরকালে মাদ্রাসা পরিচালনার জন্য বছরে একটি মাদ্রাসাকে মাত্র ৩ হাজার টাকা অনুদান দেওয়া হত। এই ৩ হাজার টাকায় একটা সংখ্যালঘু শিক্ষা প্রতিষ্ঠান চলে না। ১৮/২০ জন যেখানে শিক্ষক ও

অশিক্ষক কর্মচারী শিক্ষার বিকাশ ঘটাচ্ছেন, সংখ্যালঘু মানুষকে সচেতন করার চেষ্টা হচ্ছে, সেখানে ৩ হাজার টাকা সরকারি অনুদানে মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা দাঁড়িয়ে থাকে না। বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালে ক্ষমতায় আসার পর, ১৭০টি যেখানে মাদ্রাসা স্কুলের শিক্ষা ব্যবস্থা ছিল, সেই ব্যবস্থাকে প্রসারিত করে এখন সেখানে সাড়ে ৫০০ মাদ্রাসা স্কুল গঠন করা হয়েছে। প্রতিটি মাদ্রাসা স্কুলে মাসে ৫০ হাজার টাকা অনুদান বামফ্রন্ট সরকার দিয়ে থাকে। আমি বিনয়ের সঙ্গে যুক্তির খাতিরে জিজ্ঞাসা করতে চাই, ভারতবর্ষে সংখ্যালঘু প্রতিষ্ঠানের প্রসারে যদি কেউ ভেবে থাকে তাহলে সেটা বামফ্রন্ট সরকারই ভাবছে, কংগ্রেস দল নয়। সমাজের মধ্যে সর্ব নিম্ন স্তরের যে মানুষ জন ছিলেন, আসরাফ মুসলিম এবং আসরাফ মুসলিমের বিভাজন, ক্ষেত মজুর মুসলমান, গাড়ি টানা মুসলমান, গাড়োয়ান মুসলমান, চা বাগিচার সাধারণ শ্রমিক মুসলমান, তারা একটা অংশে পায়ের তলায় পড়েছিল। আর একটা অংশের মানুষ আসরাফ মুসলমান, তারা ওখানে সৈয়দ মহামান্য উপাধিধারী মানুষরা তারা ওখানে কাজ করে গিয়েছিলেন। বামফ্রন্ট সরকার যদি আজকে না আসত, ১৯ বছর তারা নিবিড় পরিসংখ্যানের মধ্যে দিয়ে এই পিছু টানের মানুষগুলোকে সামনের সারিতে আনবার চেষ্টা না চালিয়ে যেতেন, তাহলে নিশ্চিত ভাবেই আজকের এই জনগোষ্ঠীর এই অবস্থান, অনুন্নত শির দাঁড়া সোজা করে, উচ্চ কণ্ঠ হতে পারত না। তাই আমি বিশ্বাস করি যে খুব সহৃদয়তার সঙ্গে, যথেষ্ট তথ্য নিষ্ঠার সঙ্গে পশ্চিমবাংলার জনসংখ্যার ২৪ শতাংশ মানুষ যেখানে বাস করে, তার আর্থিক অবস্থান এবং সাংস্কৃতিক অবস্থানের বিকাশ এর জন্য, তার সঙ্গে বৌদ্ধ, শিখ, খ্রিস্টান, অন্যান্য অংশের মানুষ সব মানুষের সঙ্গে থেকেও তাদের নিজস্ব জাতি সত্ত্বা, যে আলাদা সমস্যা আছে, তাকেও মর্যাদা এবং গুরুত্ব দেবার জন্য এই ডেভেলপমেন্ট এবং ফাইনান্সিয়াল বিল যা আনা হয়েছে, সামগ্রিক ভাবে একটা দিক নির্দেশিকা হিসাবে সারা দেশের মানুষকে পথ দেখাবে এবং এখানকার হীনমন্যতায় ভোগা সংখ্যালঘু মানুষদের মাথা উঁচু করে বাঁচবার বোধকে জাগ্রত করবে। এই জন্য বামফ্রন্ট সরকারের আনা এই বিলকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মহঃ আমিন ঃ** মিঃ স্পিকার স্যার, এই সংশোধনী তিনটির উদ্দেশ্য ছিল, একটা ছিল, আগে যে আইনটা পাস হয়েছে, তাতে এই ব্যবস্থা ছিল যে মন্ত্রী এই কর্পোরেশনের চেয়ারম্যান হবেন। আমরা এটা ভেবে দেখেছি যে কাজটা এত গুরুত্বপূর্ণ এবং এতবেশি সময় দিতে হবে যে ডিপার্টমেন্টাল মন্ত্রীর পক্ষে সেটা করা সম্ভব হবে না। এই কারণে তার জায়গায় অন্য একজনকে চেয়ারম্যান করতে হবে। আর স্যার, আপনি জানেন যে মাইনরিটি ডেভেলপমেন্ট অ্যান্ড ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট বলে একটা নতুন ডিপার্টমেন্ট হয়েছে। ফাইনান্স কর্পোরেশন, তার একজন প্রতিনিধি থাকা উচিত, এটা আমি মনে করি, মাইনরিটি কমিশনের একজন প্রতিনিধি থাকবে, তাহলে এই লাভ জনক হবে। এই তিনটে কথা মনে রেখে এই সংশোধনী আনা হয়েছে। মাননীয় সদস্যদের কথা আমি শুনেছি। কয়েকজন যে উদ্বেগের কথা বলেছে, এটা ঠিক। এটাই আমার অভিজ্ঞতা যে মাইনোরিটি সমস্যা নিয়ে যা বলা হয়, সেটা কার্যকর করা হয় না, কাগজেই থেকে যায়। কার্যকর যাতে হয়, তার জন্য সবাইকে সচেষ্ট

হতে হবে। সেই সেন্টিমেন্টকে আমি সম্মান দিয়ে বিবেচনা করব।

[4-00—4-10 P.M.]

কয়েকজন মাননীয় সদস্য প্রশ্ন করেছেন, আমি তার জবাব দেওয়ার চেষ্টা করব। একজন জানতে চেয়েছেন, কবে এই লোন-টা পাওয়া যাবে? এই লোন পাওয়ার যে পদ্ধতি সেটা যদি মনোযোগ দিয়ে শোনেন তাহলে পরে নিজেরাই এই প্রশ্নের জবাব দিতে পারবেন। কেন্দ্রের যে কর্পোরেশন তারা এ বছরের জন্য ৮ কোটি ৪০ লক্ষ টাকা বরাদ্দ করেছেন, রাজ্য সরকার ৭৫ লক্ষ টাকা জমা দিয়েছেন ট্রেজারিতে। সুলতান আমেদ সাহেব ঠিকই বলেছেন যে এর ৮৫ পারসেন্ট টাকা সেন্ট্রাল কর্পোরেশন দেবে, ১০ পারসেন্ট স্টেট কর্পোরেশন দেবে এবং ৫ পারসেন্ট এনট্রোপ্রেনিয়ারকে দিতে হবে। এখানে দরখাস্ত পাওয়া গিয়েছে ৫ হাজারের উপর। এগুলির ক্লাসিফিকেশনের কাজ হচ্ছে। জাহেদি সাহেব ইচ্ছা করলেও এই লোন দিতে পারতেন না, কোনও উপায় ছিল না। এখন এটা ঠিক হবে যে কত লোক সেই লোন চেয়েছেন এবং তার টাকার পরিমাণ কত কত, ২৫ হাজার, বা ৫০ হাজার, না, এক লক্ষ—এক লক্ষ পর্যন্ত হতে পারে, এটাই ম্যাকসিমাম। ক্লাসিফিকেশন হবার পর প্রোজেক্ট তৈরি হবে যে এতগুলি অ্যাপলিকেশন এসেছে এবং তাতে এত টাকার দরকার। রাজ্যের যে কর্পোরেশন সে তারপর কেন্দ্রীয় কর্পোরেশনের কাছে প্রোজেক্ট পাঠাবে। ওরা সেটা অ্যাকসেপ্ট করলে এগ্রিমেন্ট হবে। এগ্রিমেন্ট হবার পর টাকাটা ওরা রিলিজ করবেন। কাজেই কবে পাওয়া যাবে এই প্রশ্নের উত্তরটা বুঝে নিতে পারছেন। এখন সিরিয়াসলি আমাদের চেষ্টা করতে হবে যাতে এই কাজটা যথাসম্ভব দ্রুত করে কেন্দ্রীয় কর্পোরেশনের কাছে পাঠিয়ে তা রিলিজ করিয়ে লোককে টাকাটা দেওয়া যায়। রবীনবাবু জিজ্ঞাসা করেছেন যে কোথা থেকে ফরম পাওয়া যাবে, কোথায় দরখাস্ত নেবে—এসব কেউ জানে না। সময়মতো এর বিজ্ঞাপন দেওয়া হয়েছিল। সমস্ত ডিস্ট্রিক্ট ইন্ডাস্ট্রিয়াল সেন্টারে ফরম বিলি করা হয়েছে। তারা দরখাস্ত জমা নিয়েছেন। তার ১০ দিনের মধ্যে কলকাতায় পাঠিয়ে দেওয়া হয়েছে। সেখানে এ ব্যবস্থা করা হয়েছে। চেয়ারম্যান এইজন্য সর্বক্ষণের করা হচ্ছে তার কারণ, আমি দেখেছি, এই জটিল কাজগুলি করতে গেলে অসংখ্য মিটিং করতে হবে। মিনিস্টারের পক্ষে তা কখনও সম্ভব নয়। কাজটা যদি ঠিকমতন করতে হয়—ক'টা টাকা বেশি খরচ হবে এটা বড় কথা, না ৮ কোটি ৪০ লক্ষ টাকা তাড়াতাড়ি ডিসবারসমেন্ট হয়ে যাক এটা বড় কথা? আমার মনে হয় কাজটাই বড় কথা এবং সেইজন্যই এটা করা হয়েছে। আলোচনা প্রসঙ্গে অন্য কথাও কিছু কিছু এসেছে। সুলতান আমেদ সাহেবকে বলি, ওয়াকফ নিয়ে আমার লেখাটা শুধু উর্দু ভাষার কাগজেই বেরয়নি, বাংলা ইংরাজি কাগজেও বেরিয়েছে এবং হিন্দি কাগজেও পাঠানো হয়েছে। অন্যান্য ভাষার কাছেও পাঠানো হয়েছে। তবে এক্ষেত্রে যদি আপনার মনে হয় কোনও ভুল আছে তাহলে আমাকে বলবেন, আমি যদি দেখি আপনার কথাটা ঠিক তাহলে আমি সেটা ঠিক করে নেব। তবে লেখার অধিকার আমার নিশ্চয়ই আছে। ওয়াকফ সম্পত্তি কি অবস্থায় আছে সেটা দেশবাসীকে জানানোর দরকার আছে বলে আমি মনে করেছি এবং তাই জানিয়েছি।

উনি আমাকে দুর্বল মন্ত্রী বলেছেন। কে দুর্বল, কে সবল তা কাজের মধ্যে দিয়েই প্রমাণিত হয়, কারুর কথায় কিছু যায় আসে না। স্যার, আউট অব কনটেক্সট যে সব সমালোচনা এসেছে আমি তার জবাব দিতে চাই না। একটা ভাল উদ্দেশ্য এই অ্যামেন্ডমেন্ট আনা হয়েছে, আশা করি মাননীয় সদস্যগণ একে সমর্থন করবেন এবং এই অ্যামেন্ডমেন্টর যে উদ্দেশ্য তা যাতে সফল হয় তারজন্য সকলে সহযোগিতা করবেন।

**Clause - 2**

**Mr. Dy. Speaker :** There is amendment to Clause 2 by Shri Sultan Ahmed. The amendment is in order. Shri Ahmed may move his amendment.

**Shri Sultan Ahmed :** Sir, I beg to move that for Clause 2 the following be substituted :—

2. In sub-section (I) of Section 4 of the West Bengal Minorities Development and Finance Corporation Act, 1995.

(1) for Clause (a) the following shall be substituted :—

"(a) a Chairperson, who shall be a person of ability and integrity to be nominated by the State Government.

"Provided that no person who has retired from Government or Judicial Services shall be nominated by the State Government :

"Provided further that while selecting the Chairperson the State Government shall prefer Officers who have held the rank of the Secretary of the Government of West Bengal or its equivalent rank for more than five years and has at least five years more to retire from Services."

(2) for Clause (e) the following Clause shall be substituted :—

"(e) the Secretary, Minorities Development and Welfare Department, Government of West Bengal, ex-officio."

(3) after Clause (g) the following Clause be inserted :—

(gg) Members Secretary of the West Bengal Minorities Commission.

The motion of Shri Sultan Ahmed (Amendment No.1) was then put and lost.

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Mohammed Amin :** I beg to move that the West Bengal Minorities Development and Finance Corporation (Amendment) Bill, 1996 as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The Darjeeling Gorkha Hill Council (Amendment) Bill, 1996**

**Shri Jyoti Basu :** I beg to introduce the Darjeeling Gorkha Hill Council (Amendment) Bill, 1996.

(Secretary then read the Title of the Bill)

**Shri Jyoti Basu :** I beg to move that the Darjeeling Gorkha Hill Council (Amendment) Bill, 1996 be taken into consideration.

This amendment Bill has been necessary because sometime back we got a request from the Chairman of the Council that since there is an act against defection in the centre also in our panchayat Act the Council is of the view that this provision should be incorporated against defection in the Gorkha Hill Council Act. Gorkha Hill Council Act, 1988 was enacted to provide for the establishment of the autonomus council for the socio economic, educational and cultural advancement of the Gorkhas and other section of the people residing in the hill areas of the district of Darjeeling. The autonomous Council namely the Darjeeling Gorkha Hill Council was constituted under the Principal Act in December, 88 and since then the Council has been continuing to function with the cooperation of the Government.

In course of the work of the General Council, as I said and mentioned just now it has been suggested to us, to the State Government, that it will be expedient to insert a provision in the principal Act regarding disqualification of the Councillors (members of the General Council) on change of political party in line with similar provisions in the West Bengal Panchayat Act, 1973 (West Bengal Act XLI of 1973).

Accordingly, the Bill seeks to insert in the principal Act a new

section, namely, section 18A, on the lines as aforesaid. In sec. 18A, you will find Mr. Deputy Speaker and the honourable members of the Assembly will also find that detailed procedures for this disqualification i.e. how to deal with this disqualification has been contained in this section. I need not read out those provisions.

Now, I shall hear the members' speeches and if necessary I shall intervene again.

[4-10—4-20 P.M.]

**শ্রীমতী শান্তা ছেত্রী ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, যে বিল মাননীয় মন্ত্রী মহাশয় উত্থাপন করেছেন আমি তাকে গোর্খা ন্যাশনাল লিবারেশন ফ্রন্ট-এর পক্ষ থেকে সমর্থন জানাচ্ছি। দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলের চেয়ারম্যান শ্রী সুভাষ ঘিসিং এই বিল উত্থাপন এবং গ্রহণের জন্য রাজ্য সরকারের কাছে বহু দিন থেকে দাবি জানিয়ে আসছিল। দেরিতে হলেও রাজা সরকার এই অধিবেশনে এই বিল উত্থাপন করার জন্য আমি রাজ্য সরকারকে অভিনন্দন জানাচ্ছি। দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলের পরিচালনার ক্ষেত্রে কিছু অসুবিধা ছিল। এই বিলের মাধ্যমে নির্বাচিত প্রতিনিধি ফ্রেস অ্যান্ড ফেয়ার ওয়েতে কাজ করার সুবিধা সুযোগ পাবে যদি এই বিল সভায় গৃহীত হয় এবং আইনে পরিণত হয়। দলত্যাগ বিরোধী আইন, অ্যান্টি ডিফেকশন বিল পার্লামেন্টে গৃহীত হলেও দেশের সমস্ত আইন সভায় এবং অটোনোমাস বডিতে এখনও তার প্রয়োগ করা হয়নি। এই বিল গৃহীত হলে এই সুযোগ পাওয়া যাবে। দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল পরিচালনার ক্ষেত্রে যখন এগিয়ে আসবে তখন রাজ্য সরকার যেন কাউন্সিলকে তার প্রতিশ্রুতি অনুযায়ী আর্থিক সহযোগিতা করেন এই আবেদন আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের উদ্দেশ্যে জানাচ্ছি। সম্প্রতি কালিম্পং-এ যে ল্যান্ড স্লাইড হল তাতে যত মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে, যে সমস্ত মানুষের প্রাণ হানি হয়েছে এবং সম্পত্তির ক্ষতি হয়েছে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার যেন ক্ষয়ক্ষতি নিবারণ করেন এবং ক্ষতিপূরণের ব্যবস্থা করেন। এই কথা বলে এই বিলকে পুনরায় সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী এবং হিল কাউন্সিল দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৬ উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি। খুব আনন্দের এবং আশার কথাও যে দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলের যাঁরা পরিচালক তাঁরা নিজেরাই এই ধরনের বিল আনতে অনুরোধ করেছেন যাতে অ্যান্টি ডিফেকশন অ্যাক্ট অনুযায়ী যাঁরা যে দলে নির্বাচিত হবেন সেই দলের যদি বিরোধিতা করেন এবং দলত্যাগ করেন তাহলে তাঁদের যে সদস্যপদ সেটা থাকবে না। এই ধরনের আবেদন ভাল। আমরা চাই এই সংসদ ব্যবস্থা, গণতান্ত্রিক ব্যবস্থা এবং এই নির্বাচন ব্যবস্থা শক্তিশালী হোক। মানুষের প্রতি যে আনুগত্য, মানুষের প্রতি যে দায়-বদ্ধতা,

তিনি যে দলের পক্ষ থেকে নির্বাচিত সেই দলের পক্ষ থেকে নিষ্ঠা নিয়ে যাতে তিনি কাজ করেন সেটা দেখা দরকার। আমরা জানি যে, পার্লামেন্টে রাজীব গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন এই ধরনের অ্যান্টি ডিফেকশন বিল এসেছিল এবং পরবর্তীকালে তা গৃহীত হয়েছিল। খুবই দুর্ভাগ্যের কথা, পরবর্তী প্রধানমন্ত্রী, মানে প্রাক্তন প্রধানমন্ত্রী নরসীমা রাওজী তিনি কেনাকাটা করলেন। অজিত সিংয়ের নেতৃত্বে কিছু সাংসদকে তিনি কিনেছিলেন। তাঁর বিরুদ্ধে এই অভিযোগ আছে। যারা অ্যান্টি ডিফেকশন অ্যাক্ট পার্লামেন্টে নিয়ে এসেছিলেন, তাঁরাই আবার পার্লামেন্টে সেই অ্যাক্টের বিরোধিতা করলেন। গোটা ভারতবর্ষের সংসদীয় রাজনীতিকে কলুষিত করলেন—এটা খুবই দুর্ভাগ্যের কথা। সেখানে পশ্চিমবঙ্গ সরকার তথা আমাদের মুখ্যমন্ত্রীর বারবার করে বলে থাকেন যে সংসদীয় ব্যবস্থায় দারুণ ক্রাইসিস—একদিকে দুর্বৃত্তায়ন হচ্ছে, আর একদিকে ছাগল, গরু, মহিষের মতো কেনাকাটা হচ্ছে। তার মানে একটা নিচু স্তরে সংসদীয় ব্যবস্থাকে নিয়ে যাওয়ার মতো ঘটনা যখন ঘটছে, সেখানে অ্যান্টি ডিফেকশন অ্যাক্ট যতবেশি শক্তিশালী হবে, ততই দেশের পক্ষে ভাল। বামফ্রন্ট সরকার—এটা খুবই আনন্দের বিষয়—পঞ্চায়েত লেভেল পর্যন্ত এই আইন চালু করেছেন। এখানে আপনারা যারা বিরোধিতা করছেন, এটা জেনে রাখুন, প্রকৃতপক্ষে আপনাদের প্রাক্তন প্রধানমন্ত্রী, তিনি সর্বনাশটি করেছেন। তিনি কংগ্রেসকে সর্বনাশ করেছেন, তাঁর নিজের সর্বনাশ করেছেন, আপনাদের সর্বনাশ করেছেন, দেশবাসীর সর্বনাশ করেছেন। সেজন্য মাননীয় ডেপুটি স্পিকার মহোদয় যে কথাটি বলতে চাই, পশ্চিমবঙ্গ সরকার সঠিক সময়ে সিদ্ধান্ত গ্রহণ করেছেন। আমরা চাই, পশ্চিমবঙ্গবাসী যেন ভারতবর্ষের সমস্ত গণতন্ত্র প্রিয় মানুষ, যাঁরা বিশ্বাস করেন যে সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থার মাধ্যমে আজও কিছু দেওয়া যায়, সংসদীয় ব্যবস্থাটা যেন সঠিক জায়গায় দাঁড়িয়ে থাকে, কেনাকাটা না হয়, বিক্রির ব্যাপার না হয়, হাট-বাজার না হয়। সেজন্য গোর্খা হিল কাউন্সিলও হাট-বাজার হবে না। এইজন্য বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয় যে প্রস্তাব উত্থাপন করেছেন, এটি অত্যন্ত সময় উপযোগী। শুধু তাই নয়, আমরা চাই, পশ্চিমবাংলার প্রত্যন্ত এলাকায় গোর্খা হিল কাউন্সিলের কার্যকলাপ সবকিছু ওরা দেখুন। ভারতবর্ষের বুকে কংগ্রেসিরা বেশি করে শিখুক। যারা বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়েছিল, কংগ্রেসিরা দেখুক, ওদের প্রাক্তন প্রধানমন্ত্রী দেখুন, শিক্ষা গ্রহণ করুন। এই কথা বলে এই বিলকে পুনরায় সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমাদের এই হাউসে মাননীয় মুখ্যমন্ত্রী যে দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৬ এনেছেন, আমাদের দলের পক্ষে থেকে তাকে সমর্থন করছি। এই বিলে দুটি অংশ আছে। একটি হচ্ছে, এটি মূলত দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল অ্যাক্ট যেটি ১৯৮৮তে ছিল, সেটিকে সংশোধন করছে। সংবিধানের টেন্থ শিডিউল যে অ্যান্টি ডিফেকশন বিল এনেছিলেন আমাদের সংবিধানকে সংশোধন করে তাতে ইনকর্পোরেট করা হয়। সেজন্য আমাদের খুব খারাপ লাগল, এখানে নির্মলবাবুর উচিত ছিল রাজীব গান্ধীকে ধন্যবাদ দেওয়া। তাঁর জন্যই দার্জিলিংয়ে শান্তিপূর্ণ সমাধান হয়েছিল। দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল অ্যাক্টকে আমরা এখানে আনতে পারলাম। এক সময়ে রাজীব-ঘিসিং অশুভ

আঁতাত ধ্বংস হোক বলে যাঁরা বলেছিলেন, তাঁরা বুটা সিংহের উপস্থিতিতে দার্জিলিং গোর্খা হিল ধ্বংস হোক বলে যাঁরা বলেছিলেন, তাঁরা বুটা সিংহের উপস্থিতিতে দার্জিলিং গোর্খা অ্যাক্টে সই করেছিলেন। এটা জেনে রাখা ভাল, রাজীব গান্ধী দলত্যাগ বন্ধ করার জন্য ১৯৮৫ সালে প্রধানমন্ত্রী হবার পর সংবিধানকে সংশোধন করে অ্যান্টি ডিফেকশন অ্যাক্ট এনেছিলেন। দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলে দলত্যাগের জন্য এই আইনটা আগে ছিল না।

[4-20—4-30 P.M.]

আমরা দেখছি সিপিএমও দার্জিলিং গোর্খা লীগ হিল কাউন্সিল তাদের থেকে দল ভেঙ্গে ভাগ করার চেষ্টা করছেন। আমার স্মৃতি ভুল না করে থাকলে, আমি মনে করতে পারি যে, আগে মোক্তার বলে একজন সদস্য ছিলেন, তিনি জিএনএলএফ থেকে নির্বাচিত হয়েছিলেন, পরে তাকে জি এন এল এফের সদস্যপদ ত্যাগ করতে বলা হয়েছিল। কিন্তু সিপিএম কোনওভাবে তাকে ভাঙ্গিয়ে নিলেন এবং ভাঙ্গিয়ে নিয়ে তিনি যাতে পদত্যাগ না করেন তারজন্য তারা উৎসাহ দেন। তাই পাহাড়ে এই পদত্যাগের খেলা সিপিএম করলেও আমরা যাতে এটা ভুলে না যাই। স্যার, এবার আমি আইনটা সম্বন্ধে দু-একটা কথা বলি। এই যে আমরা সংবিধানের টেন্থ শিডিউলে ভাষার ক্ষেত্রে মোটামুটি আইন অনুসরণ করেই করা হয়েছে, কিন্তু এখানে দুটি বিশেষ ব্যাপারে বলেছেন যেটা এখানে হাউসেও অ্যাপলাই করেনি। প্রথমটা কি কিভাবে একজন ডিসকোয়ালিফায়েড হবেন? প্রেসক্রাইব অথরিটি যখন বলে দেবেন যে তিনি ডিসকোয়ালিফায়েড তখন তিনি ডিসকোয়ালিফায়েড হবেন। হাউসে অটোমেটিক্যালি লেখাই আছে যে প্রেসক্রাইব অফিসার হচ্ছেন প্রেসক্রাইব অথরিটি, তার সিদ্ধান্তই এই ব্যাপারে চূড়ান্ত। এই বিলে প্রেসক্রাইব অথরিটি কে হবেন এটা বলা নেই। সম্ভবত পরবর্তীকালে রুলস্ যখন তৈরি হবে তখন প্রেসক্রাইব অথরিটি কে হবেন বলা হবে। এখানে একটা বিচিত্র নিয়ম এটায় বলা হচ্ছে, জানি না মুখ্যমন্ত্রী বুঝিয়ে বলবেন কেন করছেন। বলা হচ্ছে যে, প্রত্যেক পার্টির মতো গোর্খা হিল কাউন্সিলে যারা থাকবেন তারাই তাদের একজনকে লিডার নির্বাচন করবেন। সেখানে লিডারকে নাম লিখে জানিয়ে দিতে হবে যে এই লোক আমাদের মেম্বার। আমাদের এখানে কিন্তু এই নিয়ম নেই। আমাদের হাউসের লিডারকে জানাতে হয় না যে এরা আমাদের মেম্বার। মেম্বারই ইনডিভিজুয়ালি ডিসকারেকশন দেন যে আমরা এই দলের সদস্য। এখানে বলা আছে যে, প্রত্যেক দলের যিনি লিডার ইলেকটেড হবেন তাকে ইন রাইটিং জানাতে হবে প্রেসক্রাইব অথরিটির কাছে। যদি ওইরকম কোনও একটি লোক, যে দলের নির্বাচিত হয়েছেন কিন্তু দলের কথা অনুযায়ী যদি ভোট না দেন বা দলের বিরুদ্ধে ভোট দেন তবে কিন্তু তার সম্বন্ধে কমপ্লেন্ট করতে হবে। এই লোক এই দিন আমাদের বিরুদ্ধে ভোট দিয়েছেন। এই কমপ্লেন্ট প্রেসক্রাইব অথরিটির কাছে করতে হবে। তখন প্রেসক্রাইব অথরিটি ৬ সপ্তাহের মধ্যে এনকোয়ারী করবেন এবং ৮ সপ্তাহের মধ্যে সিদ্ধান্ত দেবেন। যে তিনি এই নতুন অ্যামেন্ডমেন্টে এট্রাক্ট করছেন কিনা। এবং এতে যদি কোনও সদস্যর মনে হয় যে অন্যায়ভাবে ডিসকোয়ালিফায়েড করা হচ্ছে তাহলে তিনি

অ্যাপলাই করতে পারেন আরেকজন প্রেসক্রাইব অথরিটির কাছে। সেই প্রেসক্রাইব অথরিটি কে হবেন সেটাও ঠিক করবেন স্টেট গভর্নমেন্ট। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করব তিনি যাতে আজকে জানান যে কাকে প্রেসক্রাইব অথরিটি করার কথা ভাবছেন। ফার্স্ট কেস এবং স্পেশ্যাল অ্যাপিল কেসে কাকে তারা প্রেসক্রাইব অথরিটি করার কথা ভাবছেন সেটা যেন জানান। তার কারণ পাহাড়ে দল ভাঙ্গানোর খেলা আমরা করিনি কিন্তু মুখ্যমন্ত্রীর দল করে আসছেন। জি এন এল এফের থেকে ২-৭ জন লোককে অতীতেও আপনারা ভাষিয়েছেন এবং এই সমস্যা শীঘ্র উঠবে বলে আমার মনে হয়। নির্মল বাবু এই বিল সম্পর্কে বললেন, তিনি যদি এই বিলটি ভালো করে পড়তেন তাহলে বুঝতেন যে ডিফেকশন আর স্পিল্ট এক নয়। আপনারা ভুলে যাচ্ছেন ১৯৮৪ সালে আমাদের ক্যান্ডিডেট মাত্র ১৩০০ ভোটে আপনাদের কাছে হেরেছিল। আমাদের পাহাড়ে কিছু না থাকলে তো এত ভোট আমরা পেতাম না। দীর্ঘ ১০ বছর ধরে জি এন এল এফের মধ্যে মারামারির ফলে তারা সিপিএমের হাতে অস্ত্র তুলে দিয়েছেন। মাঝখান থেকে আমাদের লোকেরা একটু পিছিয়ে গেছে। তবে আমাদের দলের লোকেরা সর্বত্রই উঠছে এবং উঠবেই। গতবারও আমাদের ক্যান্ডিডেট ছিল, কংগ্রেস ক্যান্ডিডেট পাহাড় থেকে জিতে পার্লামেন্টে গেছেন, এত সহজে এগুলো ভুলে গেলে চলবে কি করে? আমি যে কথা বলেছিলাম সেকথা নির্মলবাবুর বোধহয় বুঝতে ভুল হয়েছে। আমি বলেছি যে ডিফেকশনের সঙ্গে স্পিল্ট এবং মার্জারের তফাৎ আছে। অজিত সিংয়ের কথা আপনি বললেন, অজিত সিং কি ডিফেকশন করেছিলেন—না। তার জনতা দলে ২০ জন সদস্য ছিল, সেই জনতা দলের ৭জন কংগ্রেসে চলে এল, মোর দ্যান ওয়ান থার্ড, তাহলে ডিফেকশন আইন অনুযায়ী তারা চলে এসেছেন। ওই জনতা দল তখন ১৪ জনে হয়ে গেল। ওই ১৪ জনের থেকে আবার ৫জন আমাদের দলে দলে আসে। এখন আইন মেনে যদি কেউ দল ছেড়ে আমাদের দলে যোগ দেয় তাহলে আপনারা আপত্তি করবেন কেন? আইনের বিরুদ্ধে গিয়ে তো কেউ কিছু করেনি, আর আপনারা যদি মনে করেন যে অ্যান্টি ডিফেকশনের 'ল' যথেষ্ট নয়। এই টেন্থ শিডিউল তাহলে আপনাদের তো বন্ধু সরকার কেন্দ্রে আছেন, তাদেরকে বলুন এবং সংশোধন করার জন্য বলুন। আমি সেইজন্য বলছিলাম, যদি আপনারা মনে করেন যে বর্তমানে অ্যান্টি ডিফেকশন 'ল' যথেষ্ট নয়, তাহলে আপনারা ইচ্ছা করলে সাংবিধানিক সংশোধন করতে পারেন, আপনাদের তো বন্ধু সরকার এখন রয়েছে। সংবিধান সংশোধন তো দূরের কথা, তাদেরকে বাজেট পেশ করতে গিয়ে কংগ্রেসের উপর দ্বারস্থ হতে হয়। আপনারা নিজেদের ইচ্ছায় পারবেন কিনা জানি না, আর এস পির তো তিনজন লোক। এই যে নিয়মটা-লিখে জানাতে হবে, এটা কেন? আমাদের বিধানসভায় যেটা হয়, অটোমেটিক্যালি প্রিসাইডিং অফিসারের ক্ষমতা থাকে তিনি ভোটিং রেকর্ড থেকে জানতে পারেন, দলের কেউ যদি নিয়ম ভঙ্গ করেন ডাইরেক্টলি ।হ ইজ অ্যাটাক্ট। কিংবা দলের যদি হুইপ দেয়, তখন স্পিকারের ইচ্ছায় সুয়োমটো অ্যাকশন নিতে পারে। এখানে লিডারকে কেন জানাতে হবে ইন রাইটিং উইথ দি পারমিশান অফ জেনারেল সেক্রেটারি? এই প্রসিডিওর কেন ইন্ট্রোডিউস করলেন?

এখানে কি সুভাষ ঘিসিং এর কোনও সাজেশন ছিল, সেটা জানতে চাই? পাহাড়ের সমস্যাকে ক্ষমতা দিয়ে নয়, এটা রাজীব গান্ধী যেভাবে করেছিলেন সংবিধান করে নয়, সিক্স শিডিউলকে ইনভোগ করে। সেখানে ডিজিএইচসি তৈরি হয়েছে। কিন্তু পাহাড়ের সমস্যা হচ্ছে ডেভেলপমেন্ট। আজকে পাহাড়ে ধ্বস হয়েছে, কালিম্পঙে ৪ দিনেও পৌছানো যাচ্ছে না, গরুবাথান এর কাছ থেকে বাগরাকোট পর্যন্ত। আপনারা ওদেরকে দিয়েছেন ১০২ কোটি টাকা। এর মধ্যে হিল এরিয়ার স্পেশ্যাল অ্যাসিস্টেন্স রয়েছে। পাহাড়ের ট্যুরিজিম ইন্ডাস্ট্রি, হর্টিকালচার, এগ্রিকালচার টি প্লানটেশন এর যদি ইমপ্রুভ করে যদি মানুষের জীবনযাত্রার উন্নতি না করতে পারেন শুধুমাত্র একটা হিল কাউন্সিল এর লালিপাপ দিয়ে পাহাড়ে শান্তি রাখা যাবে না। এখানে কমিউনিকেশনের সমস্যা আছে, ইলেকট্রিসিটি দূরবর্তী জায়গায় যায়নি, এমন কি মানুষের যে ন্যূনতম অর্থনৈতিক সুযোগ সুবিধা প্রয়োজন তা পাচ্ছে না। অথচ আমাদের পাহাড়ের লোকেরা হার্ড ওয়ার্কিং তারা পরিশ্রমী, তারা যে কোনও কাজ করতে রাজি আছে। আমরা গত ২০ বছর-এ সেখানে ডেভেলপমেন্ট এর কাজ করতে পারছি না। পাহাড়ে পোটেন্সিয়ালিটি আছে, হাইড্রো ইলেকট্রিসিটি আছে, হর্টিকালচার আছে, ফ্লোরিকালচার আছে, টি আছে, এখানে যদি আমরা এগ্রিকালচারের ইমপ্রুভ করতে চাই তাহলে নিশ্চয় তাদের স্বশাসন দিতে হবে। এটা নিয়ে প্রবলেম হচ্ছে, দীর্ঘদিন ডিসপিউট চলছিল। আপনারা সেখানে হিল কাউন্সিল করলেন, তারপরে পঞ্চায়েত করলেন, না হলে সেখানে ঘিসিং বলেছিলেন হিল কাউন্সিল থেকে রিজাইন করব, তারপরে এখানে পঞ্চায়েত রয়েছে, পাশাপাশি হিল কাউন্সিল রয়েছে। মুখ্যমন্ত্রীকে বলব, আপনি নিজে দায়িত্বে আছেন, আর একটু বেশি টাকা বরাদ্দ করুন, নিজে একটু তদারকি করুন, তাহলেই হিল কাউন্সিল এর যে মহৎ উদ্দেশ্য ছিল সেটা পূর্ণ হবে।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল সংশোধনী বিল ৯৬ যেটা এসেছেন, সেই বিলের বিরোধিতা আমরা করছি না। আমরা বারে বারে বলেছি, দার্জিলিং পার্বত্য পরিষদকে সহায়তা করে এবং দার্জিলিং এর একটা সামগ্রিক উন্নয়নের পরিবেশ তৈরি করা এটা সব সময় আমাদের চিন্তা ধারার মধ্যে আছে। আমরা এটাও জানি, যে কথাটা সৌগত রায় বলছিলেন, একই কথার পুনরাবৃত্তি করতে গেলে বলতে হয় প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর ভূমিকা, দার্জিলিং শান্ত করতে গোর্খাল্যান্ডের দাবি যা এক সময় বাংলায় উত্তাল হয়েছিল, সেই সময় সারা বাংলায় রাজনৈতিক অবস্থা সৃষ্টি হয়েছিল, জ্যোতি বাবু নিজে পাহাড়ে যেতে সাহস করেন নি, সেই সময় সারা বাংলায় মুখে মুখে একটা ছড়া লোকে কাটত, জ্যোতি বাবু আর রাজীব গান্ধীকে নিয়ে, আমার হাত ধরে নিয়ে চলো সখা, আমি যে পথ চিনি না। সেই জ্যোতি বাবুকে রাজীব গান্ধী নিজে হাত ধরে নিয়ে গিয়েছিলেন। ডি.জি.এইচ.সি.র সদস্য সংখ্যা ২৮, এর মধ্যে ২৬ জন জি.এন.এল.এফ এবং ২ জন সি.পি.এম. এর ১৪ জন নমিনেটেড মেম্বার। কিন্তু ডি.জি.এইচ.সি.র যিনি চেয়ারম্যান সুভাষ ঘিসিং তার সঙ্গে বেশ কয়েকবার কথা বলে বুঝেছি তিনি এই সরকার সম্বন্ধে কতকগুলি ভুল অভিযোগ করেছেন।

[4-30—4-40 P.M.]

তারা একটা টার্ম ইউস করেন, এমবার্গো। তা এমবার্গো বিষয়টা কি? আমাদের টাকা-পয়সা, বাজেট বরাদ্দ এই সবের উপরে এমবার্গো সৃষ্টি করা হয়েছে। কিছুদিন পর আরেকটা হল এনক্রোচমেন্ট। এনক্রোচমেন্ট ব্যাপারটা কি? না আমাদের কাজের পরিধির ব্যাপারে একটা এনক্রোচমেন্ট হচ্ছে। হস্তক্ষেপ করছেন। আরেকটা বললেন ওভারল্যাপিং আমাদের জানাতে হবে। পশ্চিমবাংলার দার্জিলিং জেলাতেই গ্রাম পঞ্চায়েতের এবং পঞ্চায়েত সমিতির নির্বাচন হয়েছে, জেলা পরিষদের নির্বাচন সেখানে হয় নি। সুভাষ ঘিসিং বললেন আমরা পঞ্চায়েতকে ফাংশন করতে দেব না। আমি বললাম, আপনি পঞ্চায়েতের ইলেকশন করতে দিলেন, কিন্তু পঞ্চায়েতকে ফাংশন করতে দেবেন না কেন। তিনি বললেন, গভর্নমেন্ট আমাকে চিট করছে, আমি প্রথমে বুঝতে পারিনি। ডি.জি.এইচ.সি.র কাজের পরিধি যতক্ষণ না ঠিক করা হচ্ছে, ততক্ষণ পঞ্চায়েত ফাংশন করবে না। আমি বললাম, নির্বাচনের আগে বলেননি কেন। তিনি বললেন বুঝিনি, পঞ্চায়েতের নামে ডি.জি.এইচ.সি.র কার্যক্রমের উপর এইভাবে হস্তক্ষেপ করার চেষ্টা হচ্ছে। তাদের আরও একটা অভিযোগ আছে, সেন্ট্রাল অ্যাসিস্টেন্সের টাকা হিল কাউন্সিল ঠিকমতো পাচ্ছে না, ৪৬ কোটি টাকা তারা পাইনি, এমন কথাও বলেছেন। আবার এই ৪৬ কোটির মধ্যে একটা অংশ বসুমতী পত্রিকা, যেটা শিলিগুড়ি থেকে প্রকাশিত হয়, সেই বসুমতী কর্পোরেশনকে দেওয়া হয়েছে। সুতরাং তাদের তরফ থেকে এই যে অভিযোগগুলো করা হয়েছে, সে সম্পর্কে আমরা মুখ্যমন্ত্রীর কাছে সরাসরি জানতে চাই। সোশ্যাল, এডুকেশনাল, ইকনমিক, কালচারাল, এইসব উন্নয়নের জন্য যে বিল এখানে নিয়ে এসেছেন, সেইসব প্রসঙ্গ আলোচনা করার সঙ্গে আমাদের জানতে হবে, দার্জিলিঙের ইকনমি মূলত তিনটে টি-এর উপর নির্ভর করে—ট্যুরিজিম, টি এবং টিম্বার। এই তিনটে টি-এর উপর নির্ভরশীল যে জেলা, সেই জেলা আজকে কেন অর্থনৈতিক অসুবিধার মধ্যে পড়ছে। তারা যে সমস্ত অভিযোগ করছে সেই সম্পর্কে আমরা আপনার কাছে জানতে চাই। এই ফান্ড ডাইভারশনের সম্পর্কে আমরা জানতে চাই। মাননীয় সদস্য সৌগত রায় আগেই বলেছেন, দু'জন জি.এন.এল.এফ সদস্য তখন রিজাইন করেছিল এবং একজনকে আপনারা আটকে রাখতে পেরেছিলেন, মিঃ মোক্তানকে। সেই সিদ্ধান্তটা অবশ্যই তাদের ভুল সিদ্ধান্ত হয়েছে। একবার নির্বাচন ব্যবস্থার মধ্যে দিয়ে বিধানসভায় নির্বাচিত হয়ে তাদের বক্তব্য পারফরমেন্স করতে পারে, কোনও মতপার্থক্য সেখান থেকে পদত্যাগ করে চলে যাবার পদ্ধতি ঠিক নয়। এইভাবে পদত্যাগ করে তারা ঠিক করেনি। এখানে ডি.জি.এইচ.সি. অভিযোগ করেছে, কালিম্পঙের জন্য অসীমবাবু এক কোটি টাকা বরাদ্দ করেছেন, কিন্তু এটা প্রয়োজনের তুলনায় ইনএডিকোয়েট রিলিফ। এই ত্রাণের টাকাটা আপনারা ডাইরেক্টলি ডি.জি.এইচ.সি.কে দিন। পার্বত্য এলাকায় ত্রাণের কাজ সংগঠিত করতে গেলে, ঐ টাকাটা ডাইরেক্টলি তাদের কাছে দেওয়া উচিত। কাউন্সিলের যারা মেম্বার তাদেরকে গোটা বিষয়ের সঙ্গে ইনভলভ করতে পারলে, ডি.জি.এইচ.সি মনে করছে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** সুদীপ বাবু বিলের উপরে বলুন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** বিলই তো, স্যার।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** ওটা তো অ্যান্টি ডিফেকশন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** সেতো বলছিই তো। অ্যান্টি ডিফেকশন করতে গেলে দার্জিলিং পার্বত্য পরিষদের মতো বিলকে গিলোটিন করে দেয় এ সরকার। এই সরকারকে কি বলব? এত বলে লাভ নেই। সুতরাং, মুখ্যমন্ত্রীকে পাওয়া যায় না। বাজেট বিতর্কে মুখ্যমন্ত্রী এসেছেন। দুটো কথা আসবেই দার্জিলিঙের সামগ্রিক আলোচনায়। আমরা মনে করি দলত্যাগ বিরোধী বিল আইন আনা হবে। এটা সব ক্ষেত্রে যত শক্তভাবে প্রযোজ্য হয় ততই বেশি। দলত্যাগ বিরোধীকে কেউ এনকারেজ করতে চায়? কেউ চায় না। দলত্যাগ বিরোধী বিল কর্পোরেশন হয়েছে সর্বত্র। আমাদের এই ব্যাপারে মনে রাখতে হবে, দেখতে হবে যে এর ডিফেক্টগুলো যেন না থাকে। এখন যেমন আমি নিজে দলের বিরুদ্ধে কথা বলি দল যদি আমাকে তাড়িয়ে দেয় আমি অ্যান্টি ডিফেকশন আইনে পড়ছি না। আমার সদস্যপদ থাকছে। অর্থাৎ এই যে কোনও কোনও ক্ষেত্রে এক তৃতীয়াংশ যদি একত্রে দল ছেড়ে চলে যায় তাহলে সেটা দলত্যাগের মধ্যে পড়ে না। এটা স্টেডি থাকছে। অর্থাৎ দলত্যাগ বিরোধী বিলের ক্ষেত্রে এটাও একটা বড় ডিফেক্ট। সুতরাং কেন্দ্রীয় পর্যায়ে, কেন্দ্রীয় স্তরে যখনই আমরা দেখেছি আজকে সেই দলের বিরুদ্ধে প্রকাশ্যে দাঁড়িয়ে সাংবাদিক সম্মেলনে বক্তৃতা করলেও পার্লামেন্টে আসন থেকে যাচ্ছে। তার কারণ সে নিজে যতক্ষণ পর্যন্ত দল থেকে পদত্যাগের কথা না জানাচ্ছে ততক্ষণ পর্যন্ত দল যদি অফ দেয়ার ওন যদি বহিষ্কার করে দেয় তাহলে এটা হচ্ছে না। সে কারণে বলতে চাইছি যে ডি.জি.এইচ.সি.র মাধ্যমে দার্জিলিং জেলার একটা সামগ্রিক উন্নয়ন হওয়া দরকার এবং সে উন্নয়ন হতে গেলে রাজ্যেও যেমন এখন একটা গ্রিভান্সেস সেল করেছেন অভিযোগ নেবার জন্য তেমনি আমরা চাই যে আপনি ডি.জি.এইচ.সি.কেও একটা এক্তিয়ার দিন যে এখানেও যেন একটা পাবলিক গ্রিভান্সেস সেল খোলা হয়। কারণ গুরুত্বপূর্ণ বিষয়ে অনেক অভিযোগ সেখানে জমা হতে পারে। এই সমস্ত বিষয়গুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় এবং দার্জিলিং জেলাতে আরও একটা মস্তবড় যে বিষয় অভিযোগ হচ্ছে যে আমরা দেখতে পাচ্ছি যে দার্জিলিঙের বন বা জঙ্গল খালি করে দেওয়া হচ্ছে। ডি.জি.এইচ.সি.র ফাংশনের উপর যদি ডি.জি.এইচ.সিকে আরও অ্যালার্ট করে রাখা যায়, তাদেরকে আরও সজাগ এবং সচেতন রাখা যায় যে কি ভূমিকার ভিত্তিতে এইগুলোকে মোকাবিলা করতে পারে, সে কারণে দার্জিলিং জেলার পার্বত্য পরিষদের ডি.জি.এইচ.সি.কে ফুল কনফিডেন্স দিতে হবে। পাওয়ার দিতে হবে। দার্জিলিং জেলাতে এখনও মাঝে মাঝে আওয়াজ ওটে দার্জিলিং নো ম্যানস ল্যান্ড। আমাদের দেশের কাঠামোর মধ্যেই নির্বাচন হচ্ছে। আমরা অ্যান্টি ডিফেকশন বিলের মধ্যে আনছি কিন্তু মাঝে মাঝে এমন একটা স্লোগান উঠে পড়ে। দার্জিলিং ভারতবর্ষের মধ্যে আছে কিনা এমন একটা আওয়াজও উঠে পড়ে। দার্জিলিং

স্বশাসিত সংস্থা। আমাদের সংবিধানের মধ্যে এক্তিয়ার করে আমরা তাকে এনে দিচ্ছি। কিন্তু দার্জিলিং ইজ নো ম্যানস ল্যান্ড, এই আওয়াজ এখনও উঠে আসে। তখন আমাদের সচেতন থাকতে হয় যে ডি.জি.এইচ.সির প্রিভান্সেস তাহলে কোথায় থাকছে। এই পাহাড়ী এলাকায় মানুষের নির্বাচনের মধ্যে দিয়ে যে কাউন্সিল তৈরি করে দেওয়া হচ্ছে তার পরও দার্জিলিংকে নো ম্যানস ল্যান্ড কেন বলছেন? বৃহত্তর পার্বত্য এলাকা দার্জিলিঙের পাশেই সিকিমের মতো একটা জায়গা, সেখানে একটা আলাদা স্টেট। তারাও আলাদা রাজ্য হিসাবে একটা ক্ষমতা এনজয় করছে। তাদের আলাদা বাজেটে তৈরি হচ্ছে, তাদের একটা পুরো মন্ত্রিসভা তৈরি চলছে এবং যারা ডি.জি.এইচ.সির মেম্বার তারা দেখছে আমাদেরই মতো পাশে একটা ছোট্ট জায়গা সেখানে একটা পুরো রাজ্যের ক্ষমতা নিয়ে, পুরো রাজ্যের অধিকার নিয়ে একটা রাজ্য চালাচ্ছে, অর্থ আসছে বরাদ্দ আসছে, সুতরাং তাদের মধ্যেও একটা আশার সঞ্চার তৈরি হচ্ছে। এটাকে মোকাবিলা করতে গেলে দলাদলির বিষয়টা দূরে সরিয়ে রাখতে চাই। হিলের পিপলরা খুব ইমোশনালি এবং খুব সেন্টিমেন্টাল অ্যাটাচড়, এদেরকে মূল স্রোতে রাখতে গেলে রাজ্য সরকার একটা আলাদা দপ্তর করে একটা চেষ্টা করেছেন কিন্তু তাদের চাহিদা অনুযায়ী সেই চাহিদা তাদের মিটছে না। সে কারণে আমার বারবার মনে হয়েছে যে এই ডি.জি.এইচ.সি.র যে বিল সেই বিলকে আজকে বিরোধিতা করছি না।

[4-40---4-50 P.M.]

এবং এই বিলকে সামগ্রিক ভাবে সমর্থন করছি এবং আশা করছি দার্জিলিং এর উন্নয়নের জন্য যে বক্তব্যগুলো রাখলাম তাতে কেবলমাত্র অ্যান্টি ডিফেকশন বিল এবং সেটাকে আমরা এখানে ইনট্রোডিউস করিয়ে দিলাম শুধু তা নয়, এখানে যতটুকু সুযোগ পাওয়া গেছে তাতে দার্জিলিং-এর সমগ্র বিষয় নিয়ে আলোচনা হল এবং আশা করছি দার্জিলিংএর মানুষকে মূল স্রোতের সঙ্গে মিশিয়ে দেওয়া যাবে।

**শ্রী অশোক ভট্টাচার্য :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ বিল এবং তার যে প্রস্তাব এই বিলে রাখা হয়েছে আমি তার সমর্থনে দুই একটি কথা বলতে চাই। আসলে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ পরিচালনা করতে গিয়ে যে অভিজ্ঞতা হয়েছে সেই অভিজ্ঞতার ভিত্তিতে এই বিল আনা হয়েছে। এখানে অনেক সদস্য এব্যাপারে বলেছেন। কিন্তু অনেকে যেটা বলেননি সেটা হচ্ছে দার্জিলিং গোর্খা পরিষদ আমাদের দেশের মধ্যে একটা নতুন নজির সৃষ্টি করেছে, একটা মডেল বলতে পারেন। যখন দেখছি বিভিন্ন রাজ্যের মধ্যে জাতি, ভাষা, ধর্মের নামে বিরোধ, বিবাদ চলছে, আলাদা হওয়ার প্রবণতা রয়েছে সেখানে মাননীয় সুদীপ বাবু তার বক্তব্য শেষ করলেন যে কথা বলে সেটা হচ্ছে মূল স্রোতের সাথে মিশিয়ে দেওয়ার কথা। যখন দেখছি বোরো কাউন্সিল তৈরি করা হল কিন্তু সেখানে আজও কোনও নির্বাচন হল না, তারা বোরো কাউন্সিল ডিফাইন করতে পারছে না। ঝাড়খন্ড অটোনমাস কাউন্সিল সেটাও কি হবে জানি না। বিভিন্ন জায়গায় অটোনমাস কাউন্সিল

তৈরির কথা বলছে, জানি না সেগুলোর কি হবে। কিন্তু সেই জায়গায়, দার্জিলিং-এর নেপালি ভাষাভাষির মানুষের আলাদা হওয়ার প্রবণতা নেই। তাঁরা মূল স্রোতের সাথে মিশে গেছেন। আজকে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের বড় সাফল্য যে, রাজ্য সরকারের সাথে তাদের বিরোধ, বিবাদ, সংঘর্ষের প্রশ্ন নেই। জি.এন.এল.এফের সম্পর্কে মাননীয় সৌগত বাবু বলেছেন রাজীব, ঘিসিং আঁতাতের কথা আমরা বলেছিলাম। কেন এই কথা বলেছি? তার কারণ আমাদের অতীত অভিজ্ঞতা থেকে আমরা দেখেছি ১৯৮৬ সাল থেকে ১৯৮৮ সাল পর্যন্ত এই ২ বছরে দার্জিলিং-এ আগুন জ্বলেছিল। কিন্তু ১৯৮৮ সাল থেকে ১৯৯৬ সাল পর্যন্ত এই ৮ বছরে তিস্তা রঙ্গিত দিয়ে অনেক জল বয়ে গেছে, অনেক রক্ত বয়ে গেছে। কিন্তু ১৯৮৮ সাল থেকে ১৯৯৬ সাল এই ৮ বছর হল দার্জিলিং-এ গণতন্ত্রের পরিবেশ সৃষ্টি হয়েছে। আর যাই হোক, জি.এন.এল.এফ. বুঝতে পেরেছে যে কংগ্রেস ওদের বন্ধু নয়। গোর্খা পার্বত্য পরিষদ এবারে বিধানসভায় ৩টি আসন পেয়েছেন কিন্তু লোকসভায় কোনও আসন পান নি। ওঁরা বহু চেষ্টা করেছিলেন আরও আসন পাওয়া যায় কিনা। সুভাষ ঘিসিং বুঝেছেন যে কংগ্রেস দার্জিলিং-এ আগুন লাগিয়েছিল। সুতরাং কংগ্রেসের সঙ্গে আঁতাত নয়। তাঁরা বুঝেছেন কংগ্রেসের সঙ্গে আতাঁত করলে কোনও উন্নয়ন হবে না, দার্জিলিং-এ আগুন লাগবে। দার্জিলিং আরও পিছিয়ে যাবে এবং সেটা বুঝতে পেরেছে বলে গোর্খা পার্বত্য পরিষদের সঙ্গে রাজ্য সরকারের সু-সম্পর্ক আছে। প্রশ্ন এসেছে আমরা রাজীব ঘিসিং আতাঁত নিয়ে অনেক কথা বলেছিলাম কেন এই কথা বলেছিলাম? যখন দার্জিলিং কে দেশ থেকে আলাদা করার প্রশ্ন এসেছিল তখন আমরা এর বিরোধিতা করেছিলাম এবং সেই সময় আমরা ঐ কথা বলেছিলাম। যার জন্য দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদের সঙ্গে রাজ্য সরকারের সু-সম্পর্ক আছে। আমরা তাদের সম্পূর্ণ আর্থিক ক্ষমতা দিয়েছি, ১৯টি ডিপার্টমেন্ট দিয়েছিলাম, এখন আরও ৩-৪ টি ডিপার্টমেন্ট দিয়েছি। স্পেশ্যাল সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্স আমরা চেয়েছিলাম যেন সরাসরি তাদের হাতে দেয়। তারপর ওরা নন ট্রান্সফার ডিপার্টমেন্টগুলোর মধ্যে আমাদের সাথে আলোচনা করে সাব অ্যালোট করবে। আমরা সেটা মেনেছি। স্পেশ্যাল সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্সের সর্বশেষ যে ১১ কোটি ২০ লক্ষ টাকা পেয়েছি সেটা ওদের হাতে দিয়েছি। এভাবে ওদের দায়িত্ব নন ট্রান্সফার ডিপার্টমেন্টগুলোতে ভাগ করে দেওয়া। পার্বত্য পরিষদের অধীনে অনেকগুলো ডিপার্টমেন্ট এখনও আছে। আবার কতগুলো আছে পার্বত্য পরিষদের মধ্যে নয়, যেমন নন ট্রান্সফার ডিপার্টমেন্টগুলো, যেগুলো রাজ্য সরকারের মাধ্যমে হবে। আর, যেগুলো ট্রান্সফার সেইগুলো পার্বত্য পরিষদের মাধ্যমে হবে। কিন্তু এটাও ঠিক যে, আমরা দেখছি পার্বত্য এলাকার উন্নয়নের জন্য অন্যান্য রাজ্যে, যেমন আসাম, জম্মু-কাশ্মীর, হিমাচল প্রদেশে কেন্দ্রীয় সরকার যত টাকা বরাদ্দ করেছে, দার্জিলিং পার্বত্য এলাকার জন্য সেই টাকা বরাদ্দ করেনি। এখানে মাথাপিছু বরাদ্দ অনেক কম। আমাদের মুখ্যমন্ত্রী তৎকালীন প্রধানমন্ত্রীর কাছে লিখেছিলেন বাড়িয়ে দিতে। সেটা বাড়িয়ে ২২ কোটি টাকা দেয়। আমরা বলছি, সেটা ৫০ কোটি করা হোক। এখন মুখ্যমন্ত্রী বলবেন এই সম্পর্কে কি

এখানে প্রশ্ন এসেছে পঞ্চায়েত নিয়ে। আমরা বারে বারে এটা নিয়ে আলোচনায় বসেছি। গোর্খা পার্বত্য পরিষদের অধ্যক্ষ শ্রী সুভাষ ঘিসিং এসেছিলেন, আমার সঙ্গে আলোচনা হয়েছে, বুদ্ধদেব ভট্টাচার্যের সাথে আলোচনা হয়েছে, মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা হয়েছে। কেউ কেউ বলেছেন, পঞ্চায়েত হলে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ দুর্বল হবে না, পঞ্চায়েত হলে দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ দুর্বল হবে না। ৭৩ তম সংবিধান সংশোধনের ২৪৩(এম), সেখানে পরিষ্কার বলা আছে, দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদে গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতি, দুটো পর্যায় থাকবে। গোর্খা পার্বত্য পরিষদের হাতে জেলা পরিষদের সমস্ত ক্ষমতাগুলি দেওয়া হবে। সেটা আমরা দিয়েছি। পঞ্চায়েত আইন সংশোধন করা হয়েছে। সেখানে এবং সাংবিধানিক আইনে গোর্খা পার্বত্য পরিষদ ফুললি প্রটেক্টেড করা আছে, অসংরক্ষিত নয়, সংরক্ষিত। কোনওভাবেই গোর্খা পার্বত্য পরিষদের কোনও আইনকে সুপারসিড করতে পারে না এবং সেখানে কোনও আইনের অথরিটিও নেই, সেখানে ওভার রাইটিং এফেক্টও নেই। এর কোনও আইন সেখানে নেই। স্বাভাবিক ভাবেই গোর্খা পার্বত্য পরিষদের আইন সম্পূর্ণভাবে প্রটেক্টেড। সেইজন্য গোর্খা পার্বত্য পরিষদের চেয়ারম্যানের সঙ্গে আলোচনা হয়েছে। আমরা বলেছি, গ্রাম পঞ্চায়েত নির্বাচন হয়েছে, এখন পঞ্চায়েত সমিতির নির্বাচন করতে চাই। নির্বাচন কবে হবে, আমরা আলোচনা করে তারিখ ঠিক করব। সেই সাথে আমরা এগিয়ে যাচ্ছি।

অন্য দিকে একটা প্রশ্ন এসেছে, আমাদের কাছে নাকি কেন্দ্রীয় সরকারের টাকা পাওয়া আছে। না, যেটা ছিল, আমরা সবটাই গোর্খা পার্বত্য পরিষদকে দিয়েছি। কিন্তু প্রয়োজন আরও অনেক টাকার। সাধারণ ভাবে সমতলে একটা কনস্ট্রাকশন করতে যত টাকা খরচ হয়, পার্বত্য এলাকায় তার থেকে অনেক বেশি হয়। এজন্য প্রয়োজনও অনেক বেশি টাকার কেন্দ্রীয় সাহায্য, সেটা আমরা বলেছি।

বলা হয়েছে নন ট্রান্সফার ডিপার্টমেন্টের টাকা থেকে বসুমতীকে টাকা দেওয়া হয়েছে। কেন টাকা দেওয়া হবে? পার্বত্য এলাকার মানুষের উন্নতি সাধনের জন্য, সেখানকার মানুষের খবর পৌঁছে দেবার জন্য একটি দৈনিক পত্রিকা চালু করা হয়েছে—'সাগরমাতা'। এতে ৯৫ শতাংশ টাকা দিচ্ছে রাজ্য সরকারের পক্ষ থেকে, আর মাত্র ৫ শতাংশ দেওয়া হয় স্পেশ্যাল সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্স থেকে।

অন্যান্য যে সমস্ত বিষয়গুলি এখানে উল্লেখ করা হয়েছে, তার মধ্যে একজন বক্তব্য রেখেছেন—রাজীব গান্ধী সংবিধান সংশোধন না করেই দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদ করেছেন ৬ শিডিউলে। ঠিক, এতে রাজীব গান্ধীর ভূমিকা নেই, আমরা বলিনি। এটা বারবার বলা হয়েছে, আনন্দ পাঠক এবং সমর মুখার্জিও বলেছেন, সংবিধান সংশোধন না করেও এমন একটা পরিষদ করা হোক, যেটা নেপালি ভাষী মানুষের, পাহাড়ী এলাকার মানুষের সাথী হতে পারে, সুখ দুঃখ, আশা-আকাঙ্খার সাথী হতে পারে। কিন্তু সেটা রিজেক্ট করেছে,

পার্বত্য পরিষদের আনতে দেয় নি। রাজীব গান্ধী করেছে, কি আমরা করেছি, সেটা বড় কথা নয়, কথা হচ্ছে গোর্খা পার্বত্য পরিষদ চলছে।

[4-50—5-00 P.M.]

শুধু আইন করলেই চলবে না। যেমন দল-ত্যাগ বিরোধী আইন দিয়ে দল-ত্যাগ বন্ধ করা যায় না তেমনি শুধু আইন করলেই হবে না, আইনের মধ্যে নানান রকম তাক আছে। এবিষয়ে কোথায়, কিভাবে, কি করতে হবে—এটা মনে হয়, কংগ্রেসি বন্ধুদের বোঝানোর দরকার হবে না। এই দল-ত্যাগ বিরোধী আইনকে আমরা এখানে ভালো-ভাবে প্রয়োগ করতে পারব। যদি কংগ্রেসি বন্ধুরা ডি.জি.এইচ.সি.র চেয়ারম্যানকে কু-পরামর্শ না দেন। আর যদি কু-পরামর্শ দেন তাহলে দিল্লিতে যে রকম হচ্ছে এখানে সেই রকম হবে। মূল কথা হচ্ছে, রাজনৈতিক সদিচ্ছা আমাদের আছে এবং সেইজন্য আমরা গোর্খা পার্বত্য পরিষদ করেছি, আইন করেছি, রাস্তা করেছি অনেক ক্ষমতা আমরা দিয়েছি এবং দরকার হলে আরও দেব এবং এটা চলবে। শুধু ভারতবর্ষ নয় পৃথিবীর সমস্ত জাতি উপজাতিদের ক্ষেত্রেই একটা নতুন দিগ-দর্শন হিসাবে এটা থাকবে। এই বলে এই বিলকে সমর্থন করে এবং সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion that the Darjeeling Gorkha Hill Council (Amendment) Bill, 1996, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1, 2 and Preamble**

The question that Clauses 1, 2 and Preamble do stand part of the Bill, were then put and agreed to.

**Shri Jyoti Basu :** Mr. Speaker, Sir, I beg to move that the Darjeeling Gorkha Hill Council (Amendment) Bill, 1996, as settled in the Assembly, be passed.

Mr. Speaker, Sir, I want to speak something before passing of the Bill.

প্রথমত, আমি অত্যন্ত আনন্দিত যে, আমরা সবাই মিলে এই বিলকে সমর্থন করছি এবং আর কিছুক্ষণের মধ্যে এটা আমরা পাস করব। এখানে মাননীয় সদস্যা শ্রীমতী শান্তা ছেত্রী এই বিলকে সমর্থন করতে গিয়ে বলেছেন, যেটা ছিল কাউন্সিলের অনেকদিনের কথা। প্রতিবারই বলা হয় যে, আমাদের আরও টাকা-পয়সার দরকার, কাজ করবার জন্য ফান্ড দরকার এবং এটা আমরাও সমর্থন করি। কেন্দ্র থেকে বিশেষ কারণে প্ল্যানিং কমিশন সমস্ত ঠিক-ঠাক করেন। তাদের আমরা অনেকবার বলেছি সে কথা। তার কারণ রাজীব গান্ধী বেঁচে থাকতে আমাদের এব্যাপারে একটা সভা হয় এবং তাতে আমাদের মধ্যে সমঝোতাও হয়।

তিনি সেখানে বলেছিলেন, এই রকম আরও এলাকা আছে, ভারতবর্ষের যেখানে পাহাড়ী অঞ্চল তাঁদের বা খুব পিছিয়ে পড়া—উত্তর প্রদেশ আছে, অন্যান্য জায়গা আছে, নানা জায়গা আছে, ওদের আরও বেশি টাকা দেওয়া দরকার আছে বলে আমি মনে করি এবং আমি দেখব যাতে সেটা হয়। দুর্ভাগ্যবশত উনি খুব বেশি সময় পাননি। কিন্তু আমরা এবিষয়ে একমত হয়েছিলাম যে, ওদের আরও বেশি টাকা দিতে হবে, ওদের উন্নতির জন্য। তারপর প্রাক্তন প্রধানমন্ত্রী নরসীমা রাও যখন ছিলেন তখন আমি একটা চিঠি লিখেছিলাম এবং আমার যতদূর জানা আছে, তিনি সুভাষ ঘিসিংকে একটা চিঠি দিয়েছিলেন এবং আমার সঙ্গে আলোচনা হয়েছিল। ওই কথাটা মনে করিয়ে দিই যেটা রাজীব গান্ধী বলেছিলেন আপনারা আরও টাকা বাড়িয়ে দিন। হিল কাউন্সিলের আরেকটা দাবি ছিল সেটা এখন নেই, সেটা হচ্ছে, যে টাকা কেন্দ্র দেয় সেই টাকা যেন সরাসরি হিল কাউন্সিলকে দেওয়া হয়, সেই টাকা যেন আমাদের মাধ্যমে বা রাজ্য সরকারের মাধ্যমে না যায়। প্ল্যানিং আলোচনা হয়েছিল, তখন প্রণব মুখার্জি ছিলেন, তখন তিনি বলেছিলেন এটা সম্ভব নয়। এটাকা রাজ্য সরকারের মাধ্যমেই পাঠানো হবে। ত্রিপুরাতে এবং আরও অনেক জায়গায় এটা হয়। তখন এই কথাটা উঠেছিল ওঁরা বলেছিলেন হিল কাউন্সিল থেকে বলেছিলেন যে, ওঁরা সময় মতো সব টাকাটা পাচ্ছেন না। আমাদের তখন কিছু অসুবিধা ছিল, আমরা সময় মতো হিসাব পেতাম না। তখন কাউন্সিল থেকে সুভাষ ঘিসিং বলেছিলেন, আমরা হিসাব কি করে দেব? হিসাব দেখার এবং দেবার মতো প্রয়োজনীয় লোক-জন আমার নেই। এই সব আলোচনা আমরা দু-তিন বার করেছি। এটা খানিকটা সত্য ছিল আমরা বলেছিলাম যাতে হিসাব-নিকাশগুলি সব ঠিক থাকে—এখন ঠিক হয়ে গেছে। আমি আরেকটা কথা বলতে চাই যে কংগ্রেসের কয়েকজন সমর্থন করতে গিয়ে বলেছেন, সৌগত বাবু বলেছেন অফিসার নিয়োগ কে করবেন, প্রেস-ক্রাইব অথরিটি কে হবেন। সে ব্যাপারে এখানে কিছু বলা নেই। এটা সরকার ঠিক করবে, রুলসের মধ্যে ঠিক করে নেব। তবে কথাটা ঠিক এটা আমাদের করতে হবে। তারপরে রাজনৈতিক অনেক কথা হয়েছে। বলতে আমার খারাপ লাগছে, তবু বলছি প্রথমে জি.এন.এল.এফ. তাঁদের দাবি ছিল ওই তিনটে সাব ডিভিসান নিয়ে পশ্চিমবাংলার বাইরে চলে যাবে, পশ্চিমবাংলার ভিতরে থাকবেন না। এমনও চিঠি সব লেখা হয়েছিল যে ভারতবর্ষের মধ্যেও তাঁরা থাকবেন না। হয়ত না বুঝেই তাঁরা করেছিলেন এবং ভয়ঙ্কর আন্দোলন সেখানে হয়েছিল। আমার সঙ্গে রাজীব গান্ধী দু-এক বার কথা বলেছিলেন সংবিধান পরিবর্তনের ব্যাপারে। সংবিধানে স্বায়ত্ত শাসনের কথা ৪০ বছর ধরে আমরা বলে আসছি, পশ্চিমবঙ্গের জন্যই শুধু নয়, ভারতবর্ষের যেখানে যেখানে প্রয়োজন সেখানেও। আমরা বলেছি ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা, যা আমরা পশ্চিমবাংলায় করেছি, অনেক রাজ্যে এখনও হয় নি। রাজীব গান্ধী তখন বলেছিলেন উনি আমার সাথে এক মত যে স্বায়ত্ত শাসন দিতে হবে এই হিল কাউন্সিলকে। কিন্তু পশ্চিমবাংলার মধ্যে রেখে করতে হবে। সেই সময় হঠাৎ আমি এক দিন রাইটার্স বিল্ডিং থেকে বেরোচ্ছি, একটা মেসেজ এল দিল্লি থেকে যে আমি কালকে দার্জিলিং যাচ্ছি আপনি আমার সঙ্গে চলুন। আমি তো অবাক, আমি তখন অফিসারদের

বললাম যে আমি যেতে পারব না, মেসেজ পাঠিয়ে দিন। তবে উনি প্রধানমন্ত্রী, উনি আসছেন, আমাকে যেতেই হবে। আমি বিমান বন্দরে দেখা করলাম, আমি তখন ওঁনাকে বললাম আপনি আপনার পার্টির মিটিং করতে যাচ্ছেন, আপনি সেখানে কি বলবেন আমি জানি না, আমি কি বলব তা আমি জানি, হয়ত পরস্পর বিরোধী কথা হয়ে যাবে। তখন উনি বললেন আপনি দিল্লিতে আসুন, সেখানে আলোচনা করব, দেরি করা যাবে না। তারপর হোম মিনিস্ট্রির সঙ্গে কথা হয়েছিল, সেখানে বুটা সিং, রাজীব গান্ধী, জি.এন.এল.এফ.র প্রতিনিধিরা ছিলেন, আলোচনা করেছিলাম।

[5-00—5-10 P.M.]

আমি নিজে গিয়েছিলাম—আমরা আলোচনা করে ঠিক করেছিলাম এবং ওঁরাও মেনে নিয়েছিলেন। ওঁরা খালি বলেছিলেন, "গোর্খা" শব্দটা ঢোকাতে হবে। আমাদের কথা ছিল দার্জিলিং হিল কাউন্সিল। ওঁরা বললেন—"গোর্খা" শব্দটা ঢোকাতে হবে। এত বড় একটা ব্যাপার যেখানে হতে চলেছে সেখানে এটুকু ব্যাপারে আমরা কেউ আর আপত্তি করলাম না। আমি রাজীব গান্ধীকে বলেছিলাম যে, এটা শুধু পশ্চিমবাংলার ব্যাপার নয়, সমস্ত ভারতবর্ষের ব্যাপার। এখানে যদি অন্যরকম কিছু হয়—বাইরে চলে গেল বা অন্য কিছু হল—তাহলে অন্যত্র এর প্রতিফলন হবে। এটাকে দৃষ্টান্ত হিসাবে আমাদের স্থাপন করতে হবে। সে জন্য আমরা সবাই—কেন্দ্রীয় সরকার, পশ্চিমবঙ্গ সরকার এবং জি.এন.এল.এফ.র মধ্যে আমরা একটা চুক্তি করতে চাই। তারপরেও দু-তিন মাস সময় লেগেছিল তারপর সমস্ত ব্যবস্থা হয়।

এখানে এই প্রসঙ্গে কিছু অন্য রাজনীতির কথা বলা হল। জানি না কেন বলা হল। বলা হল, পঞ্চায়েত নির্বাচন করে আমরা নাকি ওদের ঠকাচ্ছি। এখানে ঠকাবার কোনও ব্যাপার নেই। এখনও পঞ্চায়েত সমিতির নির্বাচন হয় নি। হ্যাঁ, প্রথমে চেয়ারম্যান ঘিসিং-এর আপত্তি ছিল পঞ্চায়েত নির্বাচন করার ব্যাপারে। কিন্তু আমরা ওঁদের বার বার বলি যে, এটা আমাদের করতেই হবে। কেন্দ্রীয় সরকারের যা আইন আছে তাতে এটা আমরা করতে বাধ্য। তারপর উনি মেনে নিয়েছিলেন এবং তারপর নির্বাচন হয়েছে। আমরা বলেছিলাম, এখন পঞ্চায়েত সমিতি থাক, শুধু পঞ্চায়েতের (গ্রাম পঞ্চায়েত) নির্বাচন হোক।

আমার পকেটে একটা চিঠি আছে, উনি (ঘিসিং) লিখেছেন—ওঁদের আরও কিছু ক্ষমতা দিতে পারি কিনা, আরও ভাল করে এই সব ব্যাপারটাকে কার্যকর করার জন্য—ওটা আমাদের বিচার বিশ্লেষণ করতে হবে। এখন কেন্দ্রীয় সরকারের রুর‍্যাল ডেভেলপমেন্টের যেসব ব্যাপার-ট্যাপার হচ্ছে তাতে তাড়াহুড়ো করে কিছু করলে হবে না, ডিটেল দেখতে হবে। সুতরাং এই চিঠিটা এখন এখানে আমি পড়ছি না। আমাদের রুর‍্যাল ডেভেলপমেন্ট মন্ত্রীর সঙ্গে এবং আমাদের মন্ত্রিসভার সদস্যদের সঙ্গে আলোচনা করে তারপর ওঁকে বলব, কতটা কি করা যাবে।

আমরা চাই কাউন্সিল চলুক, এটা ভারতবর্ষে একটা দৃষ্টান্ত। আমরা তো দেখছি অন্য জায়গায় কি হচ্ছে—বিচ্ছিন্নতাবাদী আন্দোলন এবং অন্যান্য নানা রকম জিনিস হচ্ছে। ঐসব আমরা চাই না। নেপালি বা গোর্খা, ওঁরা নিজেদের যাই বলুন, ওঁরা বাংলার মধ্যে ছিলেন, বাংলার মধ্যেই থাকবেন। ওঁদের সঙ্গে অন্যদের মারামারি দাঙ্গা হাঙ্গামা হবে কেন! আর আমরা তো সবাই ভারতবাসী, আমরা যে যা ভাষাই বলি না কেন।

এক সময় একটু মুশকিল হয়েছিল। মোরারজী দেশাই যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন তিনি নিজেই একটু গোলমাল করে ফেলেছিলেন। তখন ওঁদের একটা পার্টি হয়েছিল—জনতা পার্টি। এখন তা আছে কিনা জানি না। দার্জিলিং-এ ওঁদের পার্টির একটা মিটিং হয়েছিল। ওখানে উনি যখন সেই মিটিং-এ যাচ্ছিলেন তখন ওঁকে আমি বলেছিলাম, মিটিং এ আর যাই বলুন, আপনি নেপালি ভাষাকে ফরেন ল্যাঙ্গুয়েজ, বিদেশি ভাষা বলবেন না। আপনি যদি বলেন তাহলে মুশকিল হবে। ওপার বাংলা আছে, আমরা এখানে আছি—আমাদের উভয়ের ভাষাই বাংলা। বেশ কিছু দেশের সব মানুষই ইংরাজি ভাষা বলেন। কাজেই আপনি ঐ ফরেন-টরেন বলবেন না। তারপর উনি মিটিং-এ গেলেন, আমি রাজভবনে ছিলাম। কিন্তু উনি সেই মিটিং থেকে পাঁচ মিনিট পরেই ফিরে এলেন। আমি জিজ্ঞেস করেছিলাম, কি হল, চলে এলেন? উনি বললেন, ঐ ফরেন বলায় ওরা সব চটে-মটে চলে গেল। আমি বলেছিলাম, আপনি বললেন কেন? অনেক দেশে একই ল্যাঙ্গুয়েজ থাকতে পারে। এসব বলবেন না।

যাই হোক কাউন্সিল ভালভাবে চলছে। আশা করছি আরও ভালভাবে চলবে। আমরা সব রকমের সাহায্য দিচ্ছি এবং দিয়ে যাব। আরও কিছুটা আইনি ক্ষমতা আমরা ওদের দিতে চাই এবং সেটা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে আমাদের দিতে হবে। কারণ জনগণ ওঁদের নির্বাচিত করেছে। সুতরাং ওঁদের কিছু ক্ষমতা আমাদের দিতেই হবে।

ওখানে এখন একটু আধটু ডিফেকশনের ব্যাপার হচ্ছে। সে জন্যই বোধ হয় উনি (ঘিসিং) আমার কাছে অনুরোধ করেছিলেন, আপনারা পঞ্চায়েত আইনে যে রকম ব্যবস্থা রেখেছেন বা দিল্লিতে যে রকমভাবে অ্যান্টি ডিফেকশন-এর একটা ক্লজ সেরকমভাবে এখানেও (হিল কাউন্সিল অ্যাক্টে) যদি ঢোকান তাহলে ভাল হয়। সে অনুযায়ী আমরা এই ১৮(এ)-টা এখানে ঢুকিয়েছি। এখন স্বভাবতই আমি আনন্দিত যে, আমরা সবাই এক সঙ্গে এতে ভোট দেব।

দিল্লিতে যে অ্যান্টি ডিফেকশন আইন আছে সেটা সমস্ত ভারতবর্ষের ক্ষেত্রেই প্রযোজ্য। আমার মতে বিশেষ কোনও লাভ হয় না। আমরা যদি রাজনীতিতে নৈতিকতায় বিশ্বাস না করি তাহলে এইসব করে বিশেষ কিছু হয় না। দেখলাম তো, দিল্লিতে ভেঙে গেল, কংগ্রেস থেকে বেরিয়ে গেল। এটা আছে, ওটা আছে, নিয়ম আছে। ওয়ান-থার্ড যদি হয় ডিফেকশন ধরা হবে না। নৈতিকতা কোথায়? আমি একটা পার্টির ভোটে নির্বাচিত হলাম, নির্বাচিত হয়ে হঠাৎ ইচ্ছা হল আর একটা পার্টিতে চলে গেলাম। আমার অধিকার আছে বেরিয়ে যাবার,

কিন্তু নির্বাচিত হয়ে আসুন। মত পরিবর্তন যদি হয়ে থাকে তাহলে আবার নির্বাচিত হয়ে আসুক। অ্যান্টি ডিফেকশন 'ল'তে কিছু হয় না, তবে একটা কিছু আছে। ভারতবর্ষের সংসদীয় গণতন্ত্র এই দূরবস্থার মধ্যে আছে। আমি আশা করি এর বদল হবে। এই বিলটিকে সমর্থন করার জন্য আমি সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion that the Darjeeling Gorkha Hill Council (Amendment) Bill, 1996 as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## PRESENTATION OF REPORT

### 11th Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the 11th Report of the Business Advisory Committee. The committee met in my chamber today during recess and adopted the following revised programme of business.

| | | | |
|---|---|---|---|
| 23.7.96, Tuesday: | (i) | the West Bengal Premises Teancy Bill, 1996 (Introduction & Reference to a Select Committee of the House) | ..1/2 hour |
| | (ii) | The West Bengal Revenue Intelligence (Collection and Monitoring of Information) Bill, 1996 (Introduction, consideration and passing) | ..1 hour |
| | (iii) | The West Bengal Building Tax Bill, 1996 (Introduction, Consideration and Passing) | ..1 hour |
| | (iv) | The West Bengal Appropriation (No.2) Bill, 1996, (Introduction, Consideration and Passing) | ..3 hour |
| 24.7.96, Wednesday | (i) | Motion Under Rule 185 regarding abatement of Excise Duty on Bidi Industry (Notice given by Shri Kamakhyananda Das Mahapatra, Shri Unus Sarkar, Shri Tapan Hore, Shri Purnendu Sengupta, Shri Jayanta Kumar Biswas, Shri Rabin | .. 1 hour |

Deb, Shri Rampada Samanta, Shri Md. Yakub, Shri Deba Prasad Sarkar, Shri Brahmamoy Nanda, Shri Md. Sohrab and Shri Chittaranjan Dasthakur)

(ii) Motion Under Rule 185 on Nationalization of Jute Industry ..1 hour
(Notice given by Shri Deba Prasad Sarkar Shri Rabindra Nath Mandal, Shri Kripa Sindhu Saha, Shri Subhas Goswami Shri Purnendu Sengupta, Shri Brahmamoy Nanda, Shri Samar Hazra, Shri Rampada Samanta, Shri Abdul Mannan and Shri Saugata Roy)

(iii) (a) Motion for discussion Under Rule 319 on the Report of the Yusuf Commission of Inquiry ..2 hour
(Notice given by Shri Saugata Roy)

(b) Motion Under Rule 319 for approval of the Report of the Yusuf Commission of Inquiry and Memorandum of Action thereon (Notice given by Shri Rabindra Nath Mandal)

(c) Motion Under Rule 319 for approval of the Report of the Yusuf Commission of Inquiry (Notice given by Shri Saugata Roy)

(iv) Motion Under Rule 185 on Modernisation of IISCO, Burnpur ..1/2 hour
(Notice given by Shri Shyamadas Banerjee, Shri Debabrata Banerjee, Shri Kripa Sindhu Saha, Shri Subhas Goswami, Shri Deba Prasad Sarkar, Shri Ambica Banerjee, Shri Rampada

Samanta, Shri Brahmamoy Nanda and
Smt. Shanta Chhetri)

There will be no Questions for Oral Answer and Mention Cases on Wednesday, the 24th July, 1996.

**Shri Atish Chandra Sinha :** Mr. Speaker, Sir, regarding the last item on the Business Advisory Committee, I am sorry to state that the incident that happened, incident that you referred to regarding Shri Suniti Chattaraj, I was not present on that day in this House. If the incident had brought down the prestige of the House I am very sorry for that. We shall see that such incident do not takes place in the House in future. I, therefore, request you to change the last item agenda of 24th July, 1996.

[5-10—5-20 P.M.]

**Mr. Speaker :** Now, Mr. Atish Sinha, the Leader of the Opposition, in his goodness, has expressed in a way, regrets on what happened that day. And, he undertakes to see that such behaviour will not take place in future, in the light of what he has said. Do you press that this Motion be taken into consideration. Notice of the Motion has been given by you and others.

**শ্রীমতী কণিকা গাঙ্গুলি ঃ** বিরোধী দল নেতা তিনি তাঁর বক্তব্যে বিষয়টা আপনার কাছে বলেছেন। কিন্তু কোনও রকম দুঃখ প্রকাশ তাঁর মধ্যে দেখিনি। সবচেয়ে দুঃখের বিষয়, ঘটনাটা যা ঘটেছে, তার জন্য তিনি কিন্তু কোনও রকম দুঃখ প্রকাশ করেন নি। আমার জানা নেই, অনুতপ্ত হয়েছেন কি না, এই বিষয়টা আমরা অন্তত জানি না। সবচেয়ে বড় ব্যাপার, আমরা অসম্মানিত বোধ করেছি। যদি সুনীতি বাবু ঘটনা সম্পর্কে দুঃখ প্রকাশ করেন, তাহলে এই বিষয়টা নিয়ে আমরা আর মুভ করছি না।

**Mr. Speaker :** Smt. Kanika Ganguli, it has been reported to me that the Hon'ble member. Mr.Suniti Chattaraj unfortunately has met with an accident today and has hurt himself. And he has gone Home. That statement is correct. There is nothing wrong about that. He fell down in the passage way and he has hurt himself. He has gone home. He is not available for a comment today. But you have to finalise the business today, because the matter will have to be taken up the day-after-tomorrow, because there is no time. They have to go for printing and other process has to be completed. So, my request to you Mr.

Chat■raj met me after that. He met me personally in my chamber and I talked to him on the subject. He expressed regrets to me. He told me that his intention was not to denigrate, the House or anybody also. He wanted to express the problem of his constituency but I then told him that it is not the form, in which it is done because after all the parliament has got the certain propriety এবার আমার মতে when the Leader of the Opposition has made a request that should be considered too.

**শ্রীমতী কণিকা গাঙ্গুলি** ঃ স্যার, আপনি যখন বলছেন, আর বিরোধী দল নেতা যখন আশ্বস্ত করছেন, আমি জানতাম না সুনীতিবাবু অসুস্থ, সেইজন্য বিষয়টা আর মুভ করছি না।

**Mr. Speaker :** All right. Then we adopt the report without the last item. Move the Motion for acceptance without the last item.

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কার্য উপদেষ্টা কমিটি সংশোধিত আকারে সে প্রস্তাব এখানে সুপারিশ করেছে তাকে গ্রহণের জন্য আমি সভার কাছে প্রস্তাব রাখছি।

**Mr. Speaker :** আশা করি এই বিষয়ে সভার মতামত আছে। প্রস্তাব গৃহীত হ'ল। I will request the Leader of the Opposition to have more supervision over your members. They require some more supervision. I hope you will take that responsibility in future. Thank you. Now the West Bengal Land and Land Reforms Amendment Bill, 1996, as reported by the Select Committee. The Hon'ble Minister in Charge of Land and Land Reforms Department may now move the motion for consideration of the Bill.

## LEGISLATION

The West Bengal Land and Land Reforms Amendment Bill, 1996, as resported by the select Committee.

**Dr. Surya Kanta Mishra :** Sir, I beg to move that the West Bengal Land and Land Reforms Amendment Bill, 1996, as reported by the Select Committee be taken into consideration.

**Mr. Speaker :** Now discussion, Shri Deba Prasad Sarkar.

**শ্রী দেবপ্রসাদ সরকার** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি ও ভূমি সংস্কার দপ্তরের মন্ত্রী মহাশয় আজ এই সভায় যে, The West Bengal Land and Land Reforms (Amendment) Bill, 1996 সিলেক্ট কমিটির রিপোর্ট সহ পেশ করেছেন

অনুমোদনের জন্য আমি আমার দলের পক্ষ থেকে তার তীব্র বিরোধিতা করছি। এই বিল এই রাজ্যের গরিব ও প্রান্তিক চাষীদের স্বার্থকে পদদলিত করে গ্রামীণ এবং শিল্প পুঁজিদের তথা বিদেশি বৃহৎ বহুজাতিক সংস্থাগুলিকে সাহায্য করতে আনা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় তাদের স্বার্থেই জমির উর্দ্ধসীমা শিথিল করে ভূমি সংস্কার আইন সংশোধন করতে চেয়েছেন। স্যার, এটা ভূমি সংস্কার নীতির মূল উদ্দেশ্যকে এবং লক্ষ্যকে ব্যর্থ করে দেবে। স্যার, গ্রামাঞ্চলে শিল্পায়ন, গ্রামীণ উন্নয়নকে সকলেই স্বাগত জানাবে যদি তা যথার্থই গ্রামের একটা বাড়তি এবং ভাল অংশের কর্মসংস্থানের সুযোগ করে দেয়। তার দ্বারা যদি গ্রামের দুর্বল অংশের মানুষের অর্থনৈতিক উন্নয়ন ঘটে তাহলে নিশ্চয়ই সেটা সমর্থনযোগ্য কিন্তু শিল্পায়নের নামে যদি গ্রামের গরিব চাষীকে উচ্ছেদ করার পদক্ষেপ নেওয়া হয়, তাকে জমির অধিকার থেকে বঞ্চিত করার উদ্যোগ নেওয়া হয় বা সারা রাজ্যের ব্যাপক অংশের মানুষ যারা তাদের সর্বহারা কৃষক বাহিনীতে পরিণত করার চেষ্টা করা হয় তাহলে নিশ্চয় জনস্বার্থে শিল্পায়নের নামে সেই পদক্ষেপকে সমর্থন করা যায় না। এই দৃষ্টিভঙ্গি থেকেই আমরা এই বিলের বিরোধিতা করছি। সিলেক্ট কমিটিতে আমাদের দলের পক্ষ থেকে মাননীয় সদস্য শ্রী প্রবোধ পুরকাইত তিনি তার নোট অব ডিসেন্টে এক/দুই/তিন/চার করে বিরোধিতার কারণগুলি বর্ণনা করেছেন। স্যার, আমাদের এই বিলের বিরোধিতা করার প্রধান কারণ হচ্ছে, প্রস্তাবিত এই সংশোধনীর দ্বারা এই রাজ্যের মূল্যবান যে প্রাকৃতিক সম্পদ সেই প্রাকৃতিক সম্পদ অর্থাৎ জমিকে কার্যত ফাটকাবাজ ব্যবসায়ীদের লুঠ করার অবাধ সুযোগ সৃষ্টি করে দিচ্ছে। এই আইন কার্যকর হলে এর সুযোগ নিয়ে কর্পোরেট সেক্টর, গ্রামীণ এবং শিল্প পুঁজির মালিক প্রোমোটার, বিদেশি বহুজাতিক সংস্থাগুলি বৃহৎ জোট গড়ে তোলার একটা অভূতপূর্ব সুযোগ পাবে। আমরা তাই এই বিলের বিরোধিতা করছি। দ্বিতীয়ত স্যার, আপনি জানেন, পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইনকে লঙ্ঘন করে এই রাজ্যে পাট্টাদার, বর্গাদার, প্রান্তিক চাষী,

[5-20—5-30 P.M.]

তাদের জমি চলে যাচ্ছে বড় বড় ভূস্বামীদের হাতে এবং তারফলে এই রাজ্যের ভূমিহীন ক্ষেতমজুরদের সংখ্যা ক্রম-বর্ধমান। এই প্রক্রিয়ার মধ্যে দিয়ে রাজ্য কৃষি-জমি অকৃষিজমিতে রূপান্তরিত হচ্ছে। আজকে রাজ্যে রিয়াল এস্টেট ব্যবসা রমরমা করে চলছে। আজকে গোটা উত্তর বাংলার জেলাগুলিতে শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবদের চাষের জমি, তিস্তা প্রকল্পের অধীন সেচসেবিত জমি, এমন কি পুনর্বাসন দপ্তরের জমি পর্যন্ত চা বাগানগুলি গ্রাস করছে। এইভাবে হাজার হাজার একর জমি সেখানকার চা বাগানগুলি গ্রাস করছে। এক সময় আমাদের বাংলার চাষীদের জমি যেভাবে নীলকর সাহেবরা গ্রাস করেছিল, আজকে চা বাগানের মালিকরা বেআইনিভাবে ঐ নীলকর সাহেবদের মতো চাষীদের জমি গ্রাস করছেন। ভূমি সংস্কার আইনকে লঙ্ঘন করে চাষীদের জমি থেকে উচ্ছেদ করে এই যে বেআইনিভাবে জমির হস্তান্তর এটা সরকার দেখেও দেখছেন না। মূলত প্রমোটারদের স্বার্থে, জমি আত্মসাৎকারীদের স্বার্থে জমি নিয়ে এইসব বেআইনি কার্যকলাপকে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার এতদিন

সমর্থন করে এসেছেন। বর্তমানের এই প্রস্তাবিত আইনের দ্বারা বস্তুত সেই বে-আইনি কার্যকলাপকে বৈধতা দেবার জন্যই আজকের এই আইনটা প্রণয়ন করতে চাইছেন। তারজন্য আমি এর বিরোধিতা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, বামফ্রন্ট সরকার শুধুমাত্র চাষীদের হাতে জমি তুলে দেওয়া নয় বা জমি বন্টন নয়, সেই জমি যাতে গরিব চাষী, বর্গাদার, এরা ধরে রাখতে পারেন এবং জমিগুলো যাতে ইকোনোমিকালি ভায়াবেল হয়, সেজন্য সরকার পক্ষ থেকে জমি বন্টনের সাথে সাথে চাষের অন্যান্য উপকরণ দিয়ে চাষীদের সাহায্য করে থাকেন এবং এটাই ভূমি সংস্কার কর্মসূচির অন্যতম অঙ্গ। কিন্তু পশ্চিমবঙ্গের গরিব চাষী এবং প্রান্তিক চাষীরা জমি পাওয়া সত্ত্বেও সেচের অভাবে আজকে সেই অলাভজনক জমি হাতে রাখতে পারছেন না, অভাবের তাড়নায় সেই জমি তারা বন্ধক দিচ্ছেন, বিক্রি করে দিতে বাধ্য হচ্ছেন এবং সেসব জমি চলে গেছে এবং যাচ্ছে বৃহৎ ভূস্বামীদের হাতে। সেই জমি চলে গেছে শিল্প যারা করছেন তাদের হাতে। পশ্চিমবঙ্গের পাট্টাদার, বর্গাদার যারা তারা জমি থেকে উচ্ছেদ হচ্ছেন উপযুক্ত সরকারি সাহায্যের অভাবে। বর্তমানে এই আইন প্রণয়নের দ্বারা দেখা যাবে যে, ঐ জমি থেকে কৃষকদের উচ্ছেদের কাজটা আরও ত্বরান্বিত হবে। দেখা যাবে, এর দ্বারা চাষীর জীবনে আরও সর্বনাশ নেমে আসবে এবং তারফলে পশ্চিমবঙ্গে ভূমিহীন ক্ষেতমজুরদের সংখ্যাটা আরও ভয়াবহ রূপ নেবে। তারজন্য আমি এই বিলের বিরোধিতা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিলের বিরোধিতা করছি আর একটি কারণে। সেটা হল, দেখা যাচ্ছে গ্রামাঞ্চলে কোনও আবাসন প্রকল্প বা অন্য কোনও উন্নয়ন প্রকল্পকে কার্যকর করবার জন্য জমি অধিগ্রহণের দরকার হলে সেই অধিগ্রহণের ক্ষেত্রে আইনগত কোনও বিধিনিষেধ নেই। রাজ্য স:কার ইচ্ছামতো সেখানে জমি অধিগ্রহণ করতে পারে। তাহলে এই রকম একটা জমি অধিগ্রহণের সুযোগ থাকা সত্ত্বেও আজকে বেসরকারি মালিকদের হাতে পশ্চিমবাংলার এই অমূল্য প্রাকৃতিক সম্পদ জমি তাদের হাতে তুলে দেওয়ার জন্য এই সংশোধনী বিল আনা এটা শুধু অকার্যকারিতা নয়, এটা সমর্থনযোগ্যও নয়। এটা একটা গরিব চাষীদের স্বার্থ বিরোধী কাজ বলে মনে করি। কার্যত এই বিল ল্যান্ড ডাইভার্স যারা, যারা প্রোমোটর তাদের স্বার্থ চরিতার্থ করবে এবং ভূমিসংস্কারের যে নীতি, তার যে মূল উদ্দেশ্য এবং লক্ষ্য সেটাকে ব্যর্থ করে দেবে। আজকে আমাদের সামনে যে প্রশ্ন এসে দেখা দিয়েছে সেটা হচ্ছে এই বামফ্রন্ট সরকার যারা এই ভূমিসংস্কার নীতি সম্পর্কে বলেন এবং ভূমিসংস্কারের সাফল্য সম্পর্কে যাঁরা এত সোচ্চার, যাঁরা কথায় কথায় বলেন গরিব চাষীদের হাতে জমি তুলে দিচ্ছি বিলি বন্টন করার কথা বলছেন তাঁরাই আবার অন্য দিকে সেই জমি শিল্পপতি, পুঁজিপতি এবং বহু জাতিক সংস্থার হাতে তুলে দেওয়ার জন্য জমির ঊর্দ্ধসীমা শিথিল করার জন্য ভূমিসংস্কার আইন সংশোধন করছেন। এই স্ববিরোধী প্রস্তাব নিতে হচ্ছে কেন? যদিও এটা আমাদের স্ববিরোধী মনে হয় না। পশ্চিমবাংলায় ভূমিসংস্কারের কথা যাই বলুন না কেন আপনাদের এই ১৯ বছরের রাজত্বকালে ভূমিসংস্কারের নামে কার্যত গ্রামাঞ্চলের যারা জোতদার যারা ধনিক শ্রেণী তাদের স্বার্থ চরিতার্থ করেছেন, তাদের প্রতিনিধিত্ব করেছেন। কারণ গ্রামাঞ্চলে তারাই তাঁদের ভোটার। তাই কার্যত গ্রামের

গরিব চাষী, প্রান্তিক চাষীদের স্বার্থবিরোধী কাজ করেছেন। ভূমি সংস্কারের সাফল্য নিয়ে যতই হইচই করুন না কেন আসলে অতীতের ১৯৬৭ সাল থেকে ১৯৬৯ সাল এই ২২ মাসের যুক্তফ্রন্ট সরকারের আমলে, যে যুক্তফ্রন্ট সরকারের সঙ্গে এস.ই.সি.আই ছিল সেই আমলে যা ভূমিসংস্কার হবার হয়েছে। সেই যুক্তফ্রন্ট সরকার ভূমিসংস্কারে সাফল্যের দাবি করতে পারে। এই বামফ্রন্ট সরকারের ১৯ বছরের রাজত্বে তার কোনও কিছুই হয় নি। এই কথাই আমরা বারে বারে তুলে ধরেছি। আমরা দেখেছি ১২ লক্ষ কয়েক হাজার একর যে বেনামী জমি উদ্ধার হয়েছে তার মধ্যে ১০ লক্ষ একর জমি ২২ মাসের সেই যুক্তফ্রন্ট সরকারের আমলেই হয়েছে। ১৯ বছরের এই বামফ্রন্ট সরকারের আমলে মাত্র দুই থেকে আড়াই লক্ষ একর জমি উদ্ধার হয়েছে। এটা আমরা প্রমাণ দিয়ে দেখিয়ে দিয়েছি। পশ্চিমবাংলায় ভূমিসংস্কারের সাফল্য নিছক ওনাদের কল্পনা, আসল সাফল্য এসেছে যুক্তফ্রন্ট সরকারের আমলে। মুখার্জি-ব্যানার্জি কমিটির রিপোর্ট এই বক্তব্যের সত্যতা প্রমাণিত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে প্রশ্ন হচ্ছে যে কেন জমির উর্দ্ধসীমা শিথিল করতে যাচ্ছেন। স্যার, আপনি জানেন আমাদের দেশের সরকারের যে কৃষি নীতি তাতে দেশের বিরাট চাষী যারা তারা উপকৃত হয়েছে, তারাই সুফলের সিংহভাগ পেয়েছে। আজকে যারা কৃষি পুঁজির মালিক হয়েছে সেই পুঁজি বিনিয়োগ করতে যাচ্ছে।

[5-30—5-40 P.M.]

আমি তার আগে ওয়ার্ল্ড ব্যাঙ্কের কথা বলছি। তারাও জমি চাইছে। তারা বলছে, আমাদেরও বাড়তি জমি চাই। তারা ভূমি সংস্কারকে পরিবর্তন করার জন্য বলছে—"Eventually the land ceiling act will have to be amended to encourage large land holding by the corporate sector" Business India, December 1993. একই সুরে সুর মিলিয়ে ভারতীয় বৃহৎ পুঁজিপতিদের অ্যাশোসিয়েশন 'অ্যাসোচেম' বলছে, "our agricultural land reforms bills need to be adequately amended. তারা দাবি তুলছে, দেশের সমস্ত অনাবাদী জমিকে ৫০ বছরের জন্য লীজ দিতে হবে। বামফ্রন্ট সরকার মুক্ত অর্থনীতির ফলে কৃষিতে এবং শিল্পায়নের ক্ষেত্রে সুযোগ সৃষ্টি হয়েছে, এই একই যুক্তি তুলছে। ভূমি সংস্কার আইনকে সংশোধন করে জমির উর্দ্ধসীমা কে শিথিল করে গরিব চাষী, প্রান্তিক চাষীদের জমি ল্যান্ড গ্রাবারদের হাতে, প্রমোটারদের হাতে, বহু জাতিক সংস্থার হাতে তুলে দিতে চাইছে। ভূমি সংস্কারের আইনের ফলে, আইনের যে নীতি দীর্ঘদিন ধরে চলে আসছে, যারফলে গরিব চাষী, মজুর, খেটে খাওয়া মানুষের দীর্ঘদিনের জমির উপরে যে আশা আকাঙ্খা তাদের জমির উপরে যে অধিকার, তা থেকে তাদের বঞ্চিত করার চক্রান্ত চলছে। তাদের জমি থেকে উচ্ছেদ করার চক্রান্ত চলছে। এই বিলের মধ্যে দিয়ে সেই চক্রান্তকে কার্যকর করা হচ্ছে। তাই আমি এই বিলের তীব্র বিরোধিতা করছি।

**শ্রী হাফিজ আলম সৈরানী :** (অনুপস্থিত ছিলেন।)

**শ্রী অমর চৌধুরি ঃ** মাননীয় স্পিকার স্যার, এখানে আনীত অ্যামেন্ডমেন্ট বিলকে সমর্থন করে আমি দু'চারটি কথা বলতে চাই। আজকে এই বিল আনার প্রয়োজনীয়তাকে অস্বীকার করা যায় না। আমাদের পশ্চিমবঙ্গে বিভিন্ন কারণে শিল্পের যে সম্ভাবনা দেখা দিয়েছে, সেদিকে তাকিয়ে আজকে এই ল্যান্ড রিফর্মস (অ্যামেন্ডমেন্ট) বিল আনার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। এটি অনস্বীকার্য। সেদিক দিয়ে দেখলে এই বিলটি অত্যন্ত সময়োপযোগী। গ্রামের দিকে শিল্পের উন্নয়নের যে সম্ভাবনা আছে, তাকে আরও প্রসারিত করার জন্য সমস্ত দিক বিবেচনা করে এটা আনা হয়েছে। কিন্তু এই বিষয়ে আমাদের একটু সাবধান হতে হবে। সাধারণ মানুষ, গরিব মানুষ, গ্রামের ভূমিহীন ক্ষেত মজুর বিশেষ করে পাট্টাদার ও বর্গাদারদের ঘরবাড়ি করার জমি আছে, তারা জানে যে, কংগ্রেস আমলে যারা জমিগুলোকে গ্রাস করে রেখে তাদের বঞ্চিত করে রেখেছিল, সেগুলোকে উদ্ধার করে তাদের মধ্যে দেওয়া হয়েছে। আমার কথা হল, আমাদের এই বিলে অ্যামেন্ডমেন্ট সময়ে নজর রাখতে হবে, রুলসের মধ্যে বিশেষ করে নজর রাখতে হবে যে, বর্গাদার ও পাট্টাদারদের স্বার্থ যেন ক্ষুন্ন না হয়। কারণ আমরা দেখতে পাচ্ছি, আজকে দু'বছরের মধ্যে বলে যে কন্ডিশনের কথা বলা হচ্ছে, সেই সময়ের মধ্যে যদি সেখানে সে শিল্প করতে না পারে, তাহলে সেই জমি আবার তার হাতের বাইরে চলে যাবে, সেখানে তার অধিকার থাকবে না। কিন্তু এই দু'বছর সময় খুব বেশি সময় নয়। এরই ফাঁকে দু'বছরের মধ্যে জমিকে ইউটিলাইজ করতে হবে। এই যে ইউটিলাইজেশন, এর একটু বিশেষ ব্যাখ্যার প্রয়োজন আছে। ইউটিলাইজেশন বলতে কি বোঝাচ্ছে? এটা বলতে কি জমিতে সম্পূর্ণভাবে বাউন্ডারি ওয়াল নির্মাণ করতে হবে এটা বোঝাচ্ছে, না দু'বছরের মধ্যে কারখানা করতে হবে, কিম্বা সেখানে শুধু ঘর করলেই তাতে তার অধিকার বজায় থাকল, তার অধিকারটা এসে যাবে? এইদিকে আমাদের কাছে ব্যাখ্যার প্রয়োজন আছে। ইউটিলাইজেশন বলতে কি বোঝায় এবং কতটা করলে কত থাকবে না থাকবে তা বিশেষ প্রয়োজন আছে বলে মনে হয়। তারপরে আরেকটা হচ্ছে এই রুলসের মধ্যে দিয়ে আপনার তিনটি বিষয়ে বিশেষ নজর রাখতে হবে। তারজন্য প্রথমেই দরকার ইউটিলাইজেশনের ব্যাখ্যা এবং তারমধ্যে দিয়ে লিমিট যাতে করা যেতে পারে। সেখানে কি উদ্দেশ্যে জমি নেওয়া হচ্ছে সেটা সরকারকে বিবেচনা করতে হবে। সেখানে কি উদ্দেশ্যে—চা বাগানের উদ্দেশ্যে বেশি জমি দরকার আর মিল ফ্যাক্টরির ক্ষেত্রে কম জমি দরকার, সুতরাং কি উদ্দেশ্যে জমি নেওয়া হয়েছে এবং এই জমির পরিমাণ কি হতে পারে, কোন কাজের জন্য নেওয়া হবে এই লিমিটগুলো করে দেওয়া যায় কিনা সেটা বিবেচনা করে দেখতে হবে। আপনি বর্গাদার, পাট্টাদারদের কথা বলেছেন, সেইদিকে বিশেষভাবে নজর দিতে হবে। সেখানে পাট্টাদারদের ক্ষেত্রে আপনি ঠিকই করেছেন হর্টিকালচাল এবং কৃষিকালচারকে না এনে ওগুলো আনলে পরে আরও বেশি ল্যান্ড গ্রেভিংয়ের সুযোগ বেশি হবে সুতরাং অকারণে এগুলোকে না এনে আপনি ঠিকই করেছেন। সুতরাং জমিকে বেআইনিভাবে রাখার যে প্রবণতা দেখা দেয় সেই দিকে লক্ষ্য রাখতে হবে। সুতরাং এই অবস্থার মধ্যে পাট্টাদার বর্গাদারদের দিকে নজর রেখে কাজ করতে হবে। সুতরাং যে উদ্দেশ্যে এই বিল আনা হয়েছে তাকে সমর্থন করে আজকে

এই বিলের মধ্যে দিয়ে শুধু চিন্তা এবং শিল্পায়নের সুযোগ এসেছে তা বিস্তার লাভ করুক, বিশেষ করে গ্রামবাংলায় প্রসারতার ক্ষেত্রে যে সুযোগ আসবে তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায় :** স্যার, মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রী যে ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস বিল, ১৯৯৬ এনেছেন, আমি সেই ব্যাপারে আমার বক্তব্য রাখছি। এই বিলটি আগে সিলেক্ট কমিটিতে গিয়েছিল। সিলেক্ট কমিটি হাউস চলাকালীন তার মতামত দিয়েছে। আমাদের দলের তিনজন সদস্য শৈলজা দাস, সঞ্জীব দাস এবং গোপাল কৃষ্ণ দে তাদের নোট অফ ডিসেন্ট দিয়েছেন এবং এস ইউ সি আই থেকে শ্রী প্রবোধ পুরকায়েত তার নোট অফ ডিসেন্ট দিয়েছিলেন। একটু আগেই দেবপ্রসাদ বাবু, বক্তৃতা রেখেছেন। আমি তাঁর বক্তব্যের পুনরাবৃত্তি না করে এই কথা বলতে চাই যে, কংগ্রেস দলের পক্ষ থেকে এর বিরোধিতা করছে না। আমি শুধু এইটুকু পয়েন্ট আউট করতে চাই বামফ্রন্ট সরকারের সদস্যদের কাছে যে, এই বিলের মধ্যে দিয়ে গোটা ব্যাপারটা একটা বৃত্তাকার ঘুরে এল। বৃত্তটা কি হল—১৯৫৫ সালে কংগ্রেস জমিদারি প্রথা অ্যাবোলিশ করেছিলেন এবং ল্যান্ড রিফর্মস চালু করেছিল। তখন এটা নিয়ে অনেক বাধা দেওয়া হয়েছিল তারপরে এর উপরে ফার্স্ট অ্যামেন্ডমেন্ট সেকেন্ড অ্যামেন্ডমেন্ট এবং থার্ড অ্যামেন্ডমেন্ট হয়েছিল। নানা রকম জমির ঊর্দ্ধসীমা ছিল, সেভেন্থ স্ট্যান্ডার্ড হেক্টর আগে পুকুর বসতবাটী, বাগান এসব ওই ঊর্দ্ধসীমা ছিল, সেভেন্থ স্ট্যান্ডার্ড হেক্টরে আগে পুকুর বসতবাটী, বাগান এসব ওই ঊর্দ্ধসীমার মধ্যে পড়েনি। সেখানে বামফ্রন্ট সরকার আরও কিছু সারপ্লাস জমি পাওয়ার জন্য তারা করলেন কি বসতবাটী বাড়ি, পুকুর বাগান তারমধ্যে ইনক্লুড করলেন। এটা করবার ফলে আপনারা কোনও বেশি জমি পান নি এবং সেখানে ভূমিহীনদের যে ভূমি সংস্কারের মধ্যে দিয়ে পাইয়ে দেবার সিদ্ধান্ত সেক্ষেত্রে মনে হয় আরও বেশি দেবে এই আশা করে জমির উপরে বেশি বেত মারা হয়ে গেছে। বামফ্রন্ট সরকার পলিটিক্যাল ডিভিডেন্ড দিয়ে দিয়েছেন বলে দিলেন কিন্তু এইজন্যই আজকে এই বিলের সেকেন্ড অ্যামেন্ডমেন্ট এবং থার্ড অ্যামেন্ডমেন্ট হয়ে স্যাংশনের অপেক্ষা করতে হল। সেখানে ১ কোটি ৩০ লক্ষ একর জমির মধ্যে ৭৭ হাজার একর এক্সট্রা জমি বার হয়েছে।

[5-40—5-50 P.M.]

তার ফলে খুবই অল্প লোককে বিলি করা হয়েছে। ৫৮ হাজার হচ্ছে কৃষি যোগ্য জমি, এগ্রিকালচার ল্যান্ড। তার ফলে খুবই কম, সেকেন্ড অ্যামেন্ডমেন্ট, থার্ড অ্যামেন্ডমেন্ট-এ সারপ্লাস হয়েছে। এখন আবার ওরা বলছেন, সরকারের হাতে অধিকার দেওয়া উচিত যে ভূমির ঊর্দ্ধসীমা বিশেষ বিশেষ কিছু উদ্দেশ্যে তাকে ছড়িয়ে দেওয়া যাবে। কি রকম ওরা বলছেন, কি কি উদ্দেশ্যে? টি গার্ডেন, ফ্যাক্টরী, মিল, ওয়ার্কশপ, লাইভ স্টক, ব্রিডিং, পোলট্রি ডেয়ারী, টাউনশিপ এই উদ্দেশ্যগুলির জন্য ভূমির ঊর্দ্ধসীমা লাগু হবে না। তবে তার জন্য রাজ্য সরকার থেকে অনুমতি নিতে হবে। রাজ্য সরকার ঠিক করে দেবেন, কত জমি পাওয়া যাবে।

যে কথাটা প্রবোধবাবু তিনি ডিসেন্টিং নোটে বলেছেন, তাতে অস্তিত্ব আছে, অস্তিত্ব বা পরিমাণ যা রাজ্য সরকার মনে করেন কারখানার জন্য জমি দরকার, সেখানে তো ল্যান্ড অ্যাকুইজিশন করতে পারে। হলদিয়ার পেট্রোকেমিক্যালস এর জন্য জমি সরকার অ্যাকুয়ার করে নিয়েছেন, সেটা তো সরকারের হাতে ছিলই। এখন সোশ্যালি ইউজফুল পারপাসে হলে সরকার জমি অ্যাকুয়ার করেন। রাস্তার জন্য অ্যাকুয়ার করেন, ব্রিজ করার জন্য অ্যাকুয়ার করেন, এমনি কি কারখানার জন্যও সরকার অ্যাকুয়ার করেছেন। এটা কিন্তু সমস্যা হয়ে দাঁড়াবে। আপনারা ভেবে দেখবেন, ভবিষ্যতে জমির বাজারে বড় বড় টাকাওয়ালা লোকেরা ঢুকে পড়বে, কতদিন এটা আটকে রাখা যাবে? কৃষক জমি কতদিন ধরে রাখবে সেটা অনিশ্চিত। আমি একটা উদাহরণ দিই, এর মধ্যে ধরেননি। এখানে কি হচ্ছে, জমির ঊর্দ্ধসীমা থাকা সত্ত্বেও কৃষক কি তার হাতে জমি রাখতে পারছে? যেখানে সুন্দরবনের আশপাশের জমিতে নোনা জল ঢোকানো যায়, সেখানে জমিতে চিংড়ি চাষ হচ্ছে, প্রথম প্রথম কৃষকরা লাভ পাচ্ছেন, কিন্তু পরবর্তীকালে দেখা যাচ্ছে সেই জমিতে চাষ করা যাচ্ছে না, কারণ জমিতে স্যালাইনিটি বেড়ে যাচ্ছে। ফলে জমিটা হোল কনভার্টেড হয়ে যাচ্ছে চিংড়ির চাষেতে। ফলে লাভজনক অনুপ্রবেশ ঘটছে এবং কৃষকের জমি নিয়ে নিচ্ছে। এমনিতে জনসংখ্যার চাপের তুলনায় চাষযোগ্য জমির পরিমাণ কমে যাচ্ছে, আপনারা আবার জমির ঊর্দ্ধসীমার সিলিং বাড়াচ্ছেন ফলে একটা নতুন করে সমস্যা সৃষ্টি হবে। আমার কাছে এটা পরিষ্কার নয়, এই আইনটা কেন করতে হল, এই আইনটা ইন্ডাস্ট্রিয়ালিস্টদের ক্ষেত্রে কি অসুবিধা করল? আপনারা তো ইন্ডাস্ট্রির জন্য, ইন্ডাস্ট্রিয়াল এস্টেট এর জন্য চাষের জমি নিয়েছেন, আপনারা তো দরকার হলে জমি অ্যাকুয়ার করতে পারেন। আপনারা তো ইন্ডাস্ট্রিয়াল এস্টেট অনেক জায়গায় করেছেন উলুবেড়িয়া, রানীনগর, জলপাইগুড়িতে। সরকার অ্যাকুয়ার করে ইন্ডাস্ট্রিয়াল এস্টেট করেছেন। মেগা গ্রোথ সেন্টার করা হয়েছে, তার জন্যও জমি অধিগ্রহণ করা হয়েছে। জমি যখন অধিগ্রহণ করাই যাচ্ছিল তখন ইন্ডাস্ট্রিয়াল ইন্ডাস্ট্রিয়ালিস্টকে, পোলট্রি, ডেয়ারী, ফার্ম ওনারকে যারা নতুন করে প্রাইভেট টাউনশিপ করবেন তাদেরকে এই সুযোগ দিলেন কেন? তার মানে তারা অবাধে নেমে গেল। তারা ফ্রিডম হয়ে গেল, কোনও রকম রেসট্রিকশন থাকল না। তারা পারমিশন বার করে নেবে এবং তারা জমির বাজারে নামবে পুরোপুরি জমি দখল শুরু করে দেবে। আজকে সিরিয়াসলি এটা নিয়ে ভাবা দরকার। ওরা ফুল সার্কেল ঘুরে এলেন, ল্যান্ড রিফর্মস যেখানে ছিলেন সেখান থেকে হটতে শুরু করলেন। এতে আল্টিমেটলি কৃষকদের কি অবস্থা দাঁড়াচ্ছে, জমি কৃষকরা কতটা ধরে রাখতে পারবে সেটা ভাবা দরকার এখন ভাবা দরকার, কেউ যদি সিলিং এর উপর জমি দেন, ২ বছরের উপর তারা যদি কিছু না করেন তাহলে জমিটার উপর সিলিং অ্যাপ্লাইড হয়ে যাবে। তার মানে জমিটা ভেস্ট এ যাবে। এখন প্রশ্ন, আপনি ভাবুন, কেউ পাঁচ হাজার, দশ হাজার একর জমি নিল, জমি নিয়ে পুরোটা পাঁচিল দিয়ে দিল। তার মধ্যে তো কিছুটা সিলিংয়ের মধ্যে আছে, কিছুটা সিলিংয়ের বাইরে আছে। সেখানে সরকার কি করবে? সিলিংয়ের বাইরে যেটা আছে সেটাকে নিয়ে, বাকিটা পাঁচিলের মধ্যে রাখবেন। যখনই আপনি এটা করতে যাবেন, তখনই লোকটা কোর্টে

যাবে, জমিটাকে আটকে রাখবে। একটা লোক এইভাবে জমি নেওয়ার পর সে যদি ইন্ডাস্ট্রি না করে, জমিটাকে অন্য পারপাসে কাজে লাগায়, এগ্রিকালচারাল ফার্ম করে কাজে লাগায়, এবং কোর্টে গিয়ে যদি জমিটাকে আটকে রাখে তার বিরুদ্ধে সরকারের কি সেফগার্ড আছে। এই আইনে সেই সেফগার্ড কিন্তু আমরা দেখছি না এবং নর্মাল যে প্রসেস সেই প্রসেসে দু-আড়াই লক্ষ জমি এই ভাবে হাইকোর্টে আটকে আছে। আরও বহু জমি লোকে এই রকমভাবে কিনবে এবং অন্য জায়গায় লাগাবে। ইন্ডাস্ট্রি হবে না, উদ্দেশ্যগুলো আছে সেগুলো হবে না, কোর্টে জায়গাগুলো আটকে থাকবে। এটা নিয়ে সিরিয়াসলি ভাবার দরকার ছিল। এই ব্লানকেট পারমিশন ফর ক্যাপিটালিস্ট টু এন্টার ইনটু দি ল্যান্ড মার্কেট, এটা নিয়ে আমরা নতুন করে সমস্যার সৃষ্টি করলাম কিনা, এটা আমার কাছে ক্লিয়ার নয়। এর মধ্যে থেকে আমরা দু-তিনটে জিনিস গ্রহণ করতে পারে। টি গার্ডেনে অনেক জমি লাগে এবং টি গার্ডেনের অনেক জমি আছে। কিন্তু আবার নতুন করে টি গার্ডেন হচ্ছে। আমাদের করিম চৌধুরি যদি থাকত তাহলে বলত, তিস্তা কমান্ড এরিয়ার জমি, ছোট্ট ছোট্ট জমি, ভীষণ বেশি টাকা দিয়ে তারা কিনে নিচ্ছে, চা-বাগান মালিকরা। নতুন করে প্রতিদিন ইসলামপুরে জমি নিয়ে ইকনমিক প্রেসার হচ্ছে। চারি দিকের সমস্ত জমি নিয়ে নিল, সেই কৃষক কতক্ষণ জমিটাকে হোল্ডআপ করবে, এই ইকনমিক প্রেসারের কাছে। তিস্তা কমান্ড এরিয়ার যেখানে সেচের জল যাবে, ইসলামপুরে সেখানেই চা-বাগান হচ্ছে। সেখানে আপনারা টি গার্ডেনকে পারমিশন দিয়ে দিলেন, তোমরা একচেটিয়াভাবে জমি নাও, গভর্নমেন্টের কোনও পারমিশন দরকার নেই। যে ফেনোমেনানটা ইসলামপুরে ঘটছে, সেখানে তিনটে বড় কোম্পানি জমি কিনছে, আর.পি.জি. গ্রুপ, হ্যারিসন মালয়ালাম, একটা হচ্ছে গৌরী গোয়েঙ্কাদের ডানকান এগ্রো ইন্ডাস্ট্রিয়াল, আর তাছাড়া গুডরিক আছে, এই রকম বড় তিনটে কোম্পানি তারা জমিগুলো নিয়ে নিচ্ছে। এটা আপনি আটকাবেন কি করে। আমি বুঝতে পারতাম আপনি যদি বলতেন, শুধু ফ্যাক্টরী বা ওয়ার্কশপ করার জন্য রিলাকসেশন দেব স্পেসিফিকালি, তাহলে আমরা বুঝতে পারতাম। কিন্তু ঐখানে টি গার্ডেনকে দিয়ে দিচ্ছেন, এর পরে লাইভ ব্রিডিং ফার্ম পোলট্রি ফার্ম, ডেয়ারি ফার্ম তারা চাইবে, কিন্তু এতবড় সিলিংয়ের বাইরে জমির দরকার আছে কি। আমাকে রবীন মন্ডল মহাশয়, মন্ত্রী মহাশয়ের জ্বর হয়েছে, উনি নিজে ডাক্তার, উনি নিজে বুঝবেন কতখানি শরীর খারাপ হয়েছে। যাই হোক এখানে কিছু প্রশ্ন আমি বললাম। আমাদের মনে হচ্ছে, বামফ্রন্ট সরকার তাদের নীতি থেকে পশ্চাদ অপসারণ করছে, জমির বাজারে পুঁজিপতিদের আবার ঢুকতে দিচ্ছে না। ইন্ডাস্ট্রিয়ালাইজেশন শুধু এর জন্য আটকে ছিল, এই যে যুক্তি আশা করি এটা উনি বলবেন। আমার অনেক কথা বলার ছিল, যেহেতু উনি অসুস্থ, সেহেতু বিস্তৃতভাবে আর কিছু বলছি না, ওনার জ্বর হয়েছে, এর পরে বলাটা অমানবিক হবে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী হাফিজ আলম সৈরনি ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি বেশি কিছু বলব না, শুধু সমর্থন করে দু-একটি কথা বলব। আমার পূর্ববর্তী বক্তারা এখানে বলেছেন, এই বিলে

যে জিনিসটা করা হয়েছে, তাতে কিন্তু আমরা যখন বাড়ি যাই, সাধারণ মানুষ আমাদের সামনে কিছু প্রশ্ন রাখে। সেই প্রশ্নের উত্তর আমাদের দিতে হয়। কিন্তু এই বিলের ভাষাটা পরিষ্কার নয়। আপনি পরিষ্কার ভাবে বলেননি। এই বিলের দ্বারা গ্রামীণ অর্থনীতিকে আমরা শক্তিশালী করতে পারছি, এটা কোথাও আপনি বলেন নি।

[5-50—6-00 P.M.]

সেখানে একটা আশঙ্কা দেখা দিয়েছে এই বিলের মাধ্যমে সেই জিনিসটা ক্ষতিগ্রস্থ হবে কিনা। দ্বিতীয় ব্যাপার হচ্ছে যে আমরা খাদ্যশস্য উৎপাদনে একটা বিশেষ নজির সৃষ্টি করেছি, কিন্তু আমরা কারখানা বা টি-গার্ডেন, ডেয়ারী ফার্ম বা পোলট্রিফার্ম করতে গিয়ে যাতে কৃষিজমিকে এই সমস্ত কারখানার মালিক বাগিচার মালিক পোলট্রির মালিকের হাতে না তুলে দিই সেই দিকে মন্ত্রীকে বিশেষ নজর রাখতে হবে। এই কথা বলে আপনাকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে বিল পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার সংশোধনী বিল ১৯৯৬, সিলেক্ট কমিটিতে রাখা হয়েছিল তার সমর্থনে সংক্ষিপ্ত কয়েকটি কথা বলতে চাই। প্রথমেই মাননীয় সদস্যদের আবার স্মরণ করিয়ে দিচ্ছি যে বিশেষ করে আমার বিরোধী সদস্য বন্ধু যাঁরা, আগেও আমি বলেছি, এখনও বলছি যে ফ্যাক্টরী, টি গার্ডেন, মিল, ডেয়ারী ফার্ম, পোলট্রি এইসব যা আছে বলা হচ্ছে। এইগুলোর জন্য ছাড় আম। নতুন করে করছি না। এইগুলোর ছাড় আগের থেকেই আছে। আমার কাছে এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট আছে দেখতে পারেন। এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্টে তখন বলা হয়েছিল কাদের বিশেষভাবে ছাড় দেওয়া আছে। তারপর ভূমিসংস্কার আইনে তার চ্যাপ্টার টু (বি)—যেটা সংশোধন করা হয়েছিল ৭১ সাল থেকে, সেখানেও দেখবেন ১৪ জেড(২)এ এইগুলো সব বলা আছে, এইগুলোর জন্য ছাড় বলা আছে। নতুন আমরা কি করেছি? নতুন একটাই করেছি সেটা হচ্ছে টাউনশিপ, নতুন আর কিছুই করি নি। এইগুলোর ছাড় ৬০/৬১ সালে ছিল তারপর ৭১ সালে ল্যান্ড রিফর্মস অ্যাক্ট এইসব ছাড় দিচ্ছে। কিন্তু এমন একটা ভাব করা হচ্ছে যেন নতুন অনেক কিছুতেই ছাড় দেওয়া হচ্ছে সৌগতবাবু বললেন কিসে আটকাচ্ছিল, ছাড় দেওয়া ছিল আবার একটা সংশোধনী আনতে হল কেন? ব্যাপারটা একটা টেকনিক্যাল ব্যাপার, যেটা আপনারা পড়লেই বুঝতে পারবেন। ১৪ জেড(২)তে বাক্যটা শুরু হয়েছে। কিভাবে দেখুন। এটা শুরু হয়েছে এইভাবে যে ল্যান্ড কমপ্রাইসড ইন টি-গার্ডেন ফ্যাক্টরী ইত্যাদি অর্থাৎ যে জমিটা অলরেডি টি-গার্ডেন হয়ে আছে, যে জমিটা অলরেডি টি-গার্ডেন, মিল, ফ্যাক্টরী, বা ওয়ার্কশপ হয়ে আছে, যে জমিটাতে অলরেডি কিছু ডেয়ারী ফার্ম হয়ে আছে সেই জমিটা ছাড় পাবে। এটা ছিল আগের আইনটা। তাহলে তারপর যদি আজকে নতুন করে, ধরুন ৭১ সালের পর আমাদের যদি আবার নতুন করে একটা জায়গায় ফ্যাক্টরী করতে হয়, একটা ইস্পাত কারখানা করতে হয় তার কি সিলিং এর মধ্যে হবে নাকি? তাহলে নতুন ইস্পাত

কারখানা হবে না। তাহলে সেটা আমরা কি করে করব কারণ আইন যেটা আছে সেখানে বলা আছে ল্যান্ড কমপ্রাইসড্ ইন। এটাতো ল্যান্ড কমপ্রাইসড্ ইন নয়। এটা নতুন করে আমাকে করতে হবে। সেজন্য ১৪(ওয়াইতে) আমরা এই সংশোধনী এনেছি, তার সঙ্গে যেটা সম্পর্কযুক্ত সেটা আমরা এনেছি। নতুন কথা আমরা যেটা যোগ করেছি সেটা হচ্ছে টাউনশিপ ইত্যাদি। কারণ টাউন আমাদের বাড়ছে, আরবানাইজেশন বাড়ছে। সামগ্রিক উন্নয়ন প্রক্রিয়ার সেটার জন্য আমাদের প্রয়োজন হয়েছে। আমাদের প্রবোধ বাবু আছেন এখানে, মাননীয় সদস্য, তিনি ছিলেন আমাদের সিলেক্ট কমিটিতে ছিলেন তো উনি তো অস্বীকার করতে পারবেন না, উনি তো একটা কথাও বলেন নি ওখানে দু-একটা মিটিংয়েও ছিলেন, আপত্তি জানিয়ে একটা কথাও বলেন নি। আমি কাগজে বিবৃতি দেখছি, এখানে দেখছি। ভাল কথা, সেসব তাঁর অধিকারের মধ্যে আছে কিন্তু ওখানে তো একটা কথা বললেও পারতেন। আমি তো পাঁচবার সিলেক্ট কমিটিতে মিটিং করেছিলাম। একটা প্রশ্ন তো একবার হলেও তুলতে পারতেন। তারপর এখানে লিখে দিয়েছে যে শহর হচ্ছে, আমরা শিল্পের বিকাশ ইন্ডাস্ট্রিয়ালাইজেশন, কর্মসংস্থান ইত্যাদি করব। সেটা আমরা স্বাগত জানাই কিন্তু শিল্প হবে কি জমি বাদ দিয়ে? আকাশে কি শিল্প সম্ভব নাকি? আকাশে ফ্যাক্টরী হতে পারে না, আকাশে টি-গার্ডেন হতে পারে না। সুতরাং জমির ব্যবস্থা করতে হবে। কিন্তু এটা দেখতে হবে, যেটা মাননীয় সদস্য বলেছেন সে বিষয়ে আমি তাঁর চাইতে কম কনসার্ন নই। তবে এটা দেখতে হবে কেউ যাতে অসৎ উদ্দেশ্যে এটাকে ব্যবহার না করে। জমির ফাটকাবাজি যাতে বন্ধ হয় তার জন্য ব্যবস্থা করেছি। এই ব্যবস্থা কোথাও ছিল না যে—২ বছরের মধ্যে জমি ব্যবহার করতে হবে। যদি কেউ এটার ছাড় পেতে চায় তাহলে তাকে সরকারের কাছে দরখাস্ত করতে হবে, সরকার থেকে অনুমতি নিতে হবে। যদি সরকার অনুমতি দেন তাহলে কি শর্তে অনুমতি দেওয়া হবে সেটা সরকার ঠিক করবে। রুলসে এব্যাপারে বিশদ ভাবে বলা হবে, রুলস দেখতে হবে। তারপর ২ বছরের ব্যবধানে সিলিং বহির্ভূত জমি সরকারে ন্যস্ত হবে। কেউ জিজ্ঞাসা করেছিলেন যদি কেউ জমি ব্যবহার না করে তাহলে তার কি শাস্তি হবে? আমি বলেছিলাম, যেখানে ইন্ডাস্ট্রি হবে সেই সব জায়গায় ২০ হাজার টাকা জমির কাঠা বিক্রি হচ্ছে, এখন সেই জমি যদি নিই তাহলে তাকে একর পিছু ১৩৫ টাকা দেব। আপনি ২০ হাজার টাকা কাঠা জমি কিনলেন, আর জমি নিয়ে নিলে একর পিছু ১৩৫ টাকা দেব। পিনাল মেজর হতে পারে। পিনাল মেজরে বলছে, অ্যাজ প্রেসক্রাইবড্ বাই দি রুলস তৈরি করতে হবে, রুলস এখানে লে করতে হবে। তখন দেখে নেবেন। আর কিছু করার ছিল না। সুতরাং পরিষ্কার ভাবে এটা রেখেছি, রুলসে বাকি জিনিসগুলোর বিধান করতে পারব—সেটা বলা হয়েছে। বিরোধী দলের ২জন দুই দিক থেকে বিরোধিতা করলেন। বিরোধিতা না হলেও মাননীয় সৌগত বাবু বলেছেন এটা আমরা এমনিই সমর্থন করি কিন্তু আপনাদের তো লেখা আছে, ৩জন লেখা দিয়েছেন। ওঁরা বলেছেন এর মধ্যে পিসি কালচার, হর্টিকালচার ঢোকালে হত এবং বলেছেন হর্টিকালচার, পিসি কালচারে ছাড় দিলেন না কেন? ওঁদের একজনের হচ্ছে যেটাতে আমরা ছাড় দিয়েছি সেটাতে আমরা বেশি ছাড় দিয়েছি। ওঁদের কথার মধ্যে কিছু

সত্যতা আছে। কিন্তু আপনাদের নিজেদের মধ্যে কোনও মতৈক্য নেই। আপনারা বিরোধিতা করার জন্যই বিরোধিতা করেছেন। পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে একটা রাজ্য। আমি সেনসাসের তথ্য দিচ্ছি, যেটা কেউ জানেন না—১৯৮১-৯১ এর জনগণনায় দেখা গেছে আমাদের এখানে এগ্রিকালচারাল ওয়ার্কার, কৃষি শ্রমিকের সংখ্যা মোট জনসংখ্যার শতকরা হিসেবে পশ্চিমবঙ্গে কমেছে। কিন্তু ভারতের অন্য জায়গায় কৃষি শ্রমিকের সংখ্যা বেড়েছে। ভারতবর্ষে কৃষি শ্রমিকের সংখ্যা মোট জনসংখ্যার শতকরা ২.৩৫ পারসেন্ট বেড়েছে—এটা আন্তর্জাতিক ভাবে স্বীকৃত। ভারতবর্ষে আধা সামন্ততান্ত্রিক পুঁজিবাদী ব্যবস্থা থাকবে, আর ক্ষেত মজুরের সংখ্যা বাড়বে না এটা হবে না। আমস্টারডাম ইউনিভার্সিটির অ্যাশোসিয়েট প্রফেসর—তিনি বিদেশী প্রফেসর—তিনি লিখেছেন পশ্চিমবঙ্গে রিপ্রেজেনটাইজেশন হয়েছে।

[6-00—6-10 P.M.]

এটা তো হচ্ছে তথ্য। রিপ্রেজেন্টাইজেশন হয়ে যাচ্ছে, পুঁজিবাদী হবে, আধা সামন্ততান্ত্রিক হবে, এত দূর যেতে চাইছি না। এটা বললাম এই জন্য যে, কেউ কেউ বলছেন, জমি সব হাতছাড়া হয়ে যাচ্ছে, নীলকর, এসব ফিরে আসছে। সৌগত বাবু বললেন, পুরো বৃত্ত ঘোরা হয়ে গেছে আমাদের। বৃত্ত ঘুরেই তো বিকাশ হয়। স্পিরাল স্প্রীং ঘুরে আসার পর এক ইঞ্চি উপরে উঠে যায়। এটা হচ্ছে ইতিহাসের বিকাশের নিয়ম। এটা ঠিকই বলেছেন, খারাপ কিছু বলেন নি।

বাকি দু-একটি কথা বলে আমার বক্তব্য শেষ করব। অনেকে তথ্যের ব্যাপার এনেছেন—যুক্তফ্রন্টে কি হয়েছে, বামফ্রন্টে কি হয়েছে। এতো বাজেট হিসাবে আমি অঙ্ক দিয়ে বলেছি। কত জমি খাস হয়েছে, কত জমি বিলি হয়েছে, আমি বলেছি। আমি বলছি, তথ্য বলবার সময় মাননীয় সদস্যরা একটু দায়িত্ব নিয়ে যদি বলেন তো ভাল হয়। বলছেন, জমি অ্যাকুইজিশন করছেন না কেন? এটা তো করতে পারেন? আপনাদের জানাই, আমাদের অ্যাক্ট১(ওয়ান) শেষ হয়ে গেছে, আর মাসখানেক বাকি আছে। কেন্দ্রের অনুমোদন লাগে, তারপর নতুন করে অ্যাকুইজিশন করতে গেলে কম করে ৬ মাস লাগে, বেশি করে ১ বছরও লাগতে পারে। আমরা তাদের অনিচ্ছা সত্ত্বেও অ্যাকুইজিশন করতে পারি। কিন্তু সেটা কি ভাল? আমরা তাদের ইচ্ছার উপর ছেড়ে দিই—দেবেন দেবেন, না দেবেন না দেবেন। এটা কি খারাপ হয়েছে? অ্যাকুইজিশন কস্টের কথা উঠেছে। আমরা এটা করেছি যাতে কেউ বঞ্চিত না হয়, সেদিকে দৃষ্টি রেখেই। এখানে করপোরেট সেক্টার করে বিশ্ব ব্যাঙ্কের কথা বলেছেন। আমরা জানি না, বিশ্ব ব্যাঙ্ক, করপোরেট সেক্টর তাদের সুবিধার্থে নাকি জমি ছেড়ে দিতে বলে। আমরা বলেছি করপোরেট সেক্টর যাতে না ঢুকতে পারে। তাদের তাই ঢুকতে দিই নি। পিসি-কালচার, হর্টিকালচার, এগ্রো-ফরেস্ট, এসব রাখি নি। কারণ, কৃষক তার জমির সিলিংয়ের মধ্যেই এগ্রিকালচার করেন। সেভেন স্ট্যান্ডার্ড হেক্টরের মধ্যেই করতে পারেন করেন। সেসব করার অসুবিধা নেই। তারপরে এরকম তো হয়েছে। আমরা এখানে হতে দিই

নি, হতে পারে না। কি কারণ, সেটা এখানে নির্দিষ্ট ভাবে বলা হয়েছে। সেজন্য বলছি এটা দেখবেন। যখন আমাদের রুল-টুলের প্রশ্ন তুলেছেন, প্রস্তাব দিয়েছেন, তখন দেখব। আশা করি, যে পরিপ্রেক্ষিতে এই সংশোধনীটা আনতে হয়েছে, সেটা হৃদয়ঙ্গম করে এটাকে সমর্থন করবেন। ধন্যবাদ।

The motion of Dr. Surjya Kanta Misra that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1996, as reported by the Select Committee, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 4**

The question that Clauses 1 to 4 do stand of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that the preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Surjya Kanta Mishra :** Sir, I beg to move that the West Bengal Land Reforms (Amendment) Bill, 1996, as settled in the Assembly, be passed.

The motion of Dr. Surjya Kanta Mishra that the West Bengal Land and Land Reforms (Amendment) Bill, 1996, as settled in the Assembly be passed was then put and a Division was taken with the following results :

**Ayes**

Bagdi, Shri Kiriti

Bagdi, Shri Lakhan

Banerjee, Shri Debabrata

Biswas, Shri Ananda Kumar

Biswas, Shri Chittaranjan

Biswas, Shri Jayanta Kumar

Biswas, Shri Sushil

Bouri, Shri Angad

Bouri, Shri Haradhan

Chatterjee, Shri Pratim
Das, Shri Puspa Chandra
Das Mahapatra, Shri Kamakhya Nandan
Dhar, Shri Padmanidhi
Dutta, Shri Binoy
Dutta, Shri Himangsu
Ganguly, Shri Bidyut
Ganguly, Shrimati Kanika
Ghosh, Shri Pankaj
Ghosh, Shri Sunil Kumar
Ghosh, Shri Susanta
Giri, Shri Ashoke
Hembram, Shrimati Debalina
Hembram, Shri Jadu
Hore, Shri Tapan
Kar, Shrimati Anju
Khanra, Shri Saktipada
Kisku, Shri Lakshiram
Let, Shri Dhiren
Majhi, Shri Bhandu
Mal, Shri Nimai
Mallik, Shrimati Sadhana
Mandal, Dr. Ramchandra
Md. Yakub, Shri
Minj, Shri Prakash
Misra, Dr. Surjya Kanta
Mistry, Shri Bimal
Mitra, Shri Biswanath
Mondal, Shri Biswanath
Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Manik Chandra

Mondal, Shri Rabindranath

Mozammel Haque, Shri

Mozammel Haque, Shri

Mukherjee, Shri Anil

Mukherjee, Shrimati Mamata

Mukherjee, Shri Narayan

Mursalin Molla, Shri

Oraon, Shri Jagannath

Patra, Shri Manoranjan

Rana, Shrimati Shakti

Ray, Shri Bachhca Mohan

Saha, Shri Kripa Sindhu

Saha, Dr. Tapati

Samanta, Shri Rampada

Sanyal, Shri Kamalendu

Sen, Shri Dhiren

Sen Gupta (Bose), Shrimati Kamal

Sk. Khabiruddin Ahmed, Shri

Sinha, Shri Prabodh Chandra

Unus Sarkar, Shri

Zamadar, Shri Badal

**Noes**

Purkait, Shri Prabodh

Sarkar, Shri Deba Prasad

The Ayes being 61 and Noes: 2. The motion was carried.

**The West Bengal Industrial Infrastructure Development Corporation (Amendment) Bill, 1996.**

**Shri Bidyut Ganguly :** Sir, I beg to introduce the West Bengal Industrial Infrastructure Development Corporation (Amendment) Bill, 1996.

(Secretary then read the Title of the Bill)....

**Shri Bidyut Ganguly :** Sir, I beg to move that the West Bengal Industrial Infrastructure Development Corporation (Amendment) Bill, 1996, be taken into consideration.

[6-10—6-20 P.M.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী বিদ্যুৎ গাঙ্গুলি দি ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৬ এনেছেন, তার উপর বক্তব্য রাখতে গিয়ে বলি যদিও ১৯৭৪ সালে কংগ্রেস আমলে দি ওয়েস্ট বেঙ্গল ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন যা আমরা তৈরি করেছিলাম সেই ডেভেলপমেন্ট কর্পোরেশনের মাধ্যমে পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় আমরা জমি, অধিগ্রহণ করেছিলাম। আমরা চেয়েছিলাম সেখানে আন্ডার ওয়ান আমব্রেলা শিল্প বিকাশ ঘটুক এবং নতুন শিল্প গড়ে উঠুক। কংগ্রেস আমলে যে ব্যবস্থা করেছিলাম সেই ব্যবস্থা এখনও চলছে। আমাদের সময়ে আমরা যে আইন করেছিলাম তাতে বলেছিলাম এই ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন করব। জমি অধিগ্রহণ করা হবে—সেই জমির জন্য ক্ষতিপূরণ বা কম্‌পেনসেশন আমরা সেই সময় থেকেই দেব। ফ্রম দি টাইম অফ সো টেকিং পজেশন আনটিল ইট শ্যাল হেয়ার বীন সো পেড, এই ছিল আমাদের আইনের মূল ব্যাখ্যা। মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর ৩৪ নং ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্টের ধারা অনুযায়ী সেখানে ১৯৭৪ সালে যে আইন আমরা করেছিলাম তার ধারা পাল্টে ফ্রম দি টাইম অফ সো টেকিং তাঁরা ফ্রম দি ডেট অফ সো টেকিং এই পরিবর্তন তাঁরা আজকে করেছেন। এইটুকুই হচ্ছে আজকের বিলের পার্থক্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয় আমাদের সমর্থন করবেন যে দিন থেকে আমরা জমি নেব সেই দিন থেকে যত দিনের টাকা দিতে বাকি থাকবে তার উপর ৪ পারসেন্ট সুদ আমরা সেই জমির মালিককে প্রদান করব। এখানে ৪ পারসেন্ট, কি ৬ পারসেন্ট হিসাবে প্রদান করবেন সেটা আপনাদের ব্যাপার। কিন্তু যে জমি ওঁরা অধিগ্রহণ করবেন কোনও ক্ষেত্রে সেই জমি ওঁরা এখনও ব্যবহার করতে পারেন নি। অনেক জায়গায় চাষের জমি অধিগ্রহণ করেছেন সেখানে চাষী চাষ বন্ধ করে দিয়েছে। সে কম্‌পেনসেশন হয়ত পেয়েছে কিন্তু বাজার দর হিসাবে দেওয়া হয় নি। যেখানে জমি দখল করেছেন সেখানে ল্যান্ডের প্রসিডিং প্রাইস যা তাদের পাওয়া উচিত ছিল যা সরকারের দেওয়া উচিত ছিল, সরকার তা তাদের দেন নি। তাঁরা এক তরফা ভাবে একটা দাম স্থিরিকৃত করেছেন। অ্যাকুইজিশন ডিপার্টমেন্ট থেকে নথিভুক্ত পত্র নিয়ে ২০ দশকের কাজ চল্লিশ দশকের ক্ষতিপূরণ তখন যে দাম ধার্য ছিল সেই দাম দিয়েছেন, মাঝখানে চাষীর পরিবার ক্ষতিগ্রস্থ হয়েছে। যখন যে ইনফ্রাস্ট্রাকচার করেছেন যাদের থেকে জমিগুলি এল তাদের পরিবারের কিছু লোককে যে শিল্প ব্যবস্থা হয়েছে সেই শিল্পের মাধ্যমে তাদের কর্ম বিনিয়োগের ব্যবস্থা করতে পারতেন। কিন্তু তাও সরকার করেন নি। সরকার জমি নিয়ে ইনফ্রাস্ট্রাকচার করে দিয়েছেন ব্যক্তিগত উদ্যোগে

যাঁরা শিল্প করেছেন তাঁদের কাছে ক্ষতিপূরণ বাবদ ওই পরিবারের উপার্জনক্ষম যারা আছে, তাদের রোজগারের ব্যবস্থা করার কোনও নির্দেশই আপনারা দেন নি। যে চাষীর তার সেই জমিটাই তার একমাত্র সম্বল ছিল তার থেকে সরকার জমি অধিগ্রহণ করল, অনেক আগের দিনের মূল্য অনুযায়ী তার ক্ষতিপূরণ দেওয়া হল এবং যে দাবি তাদের ছিল সেই দাবিও তাদের মানা হল না। তাদের জমি অধিগ্রহণ হল কিন্তু সেখানে ইন্ডাস্ট্রির কোনও বিকাশ ঘটল না। জমি আপনারা দখল করলেন, কিছু কনট্রাক্টরকে দিয়ে জমির ডেভেলপমেন্ট করা হল, কিন্তু ডেভেলপমেন্ট করার পর সেখানে শিল্প উদ্যোগীরা গেলেন না বা যথেষ্ট সাড়া দিলেন না। বেশিরভাগ জায়গায় আমরা এই জিনিসই দেখছি। এর কারণ কি? কারণ জায়গা বাছতে হয়েছিল। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের ওপর কোনও অ্যাসপারশন করতে চাই না জমি অধিগ্রহণের ক্ষেত্রে, কিন্তু জমি নেওয়ার ক্ষেত্রে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন এবং জমির মালিকের মাঝে ফড়েরা, মিডিল ম্যানরা, দালালরা ঢুকে পড়ে সমস্ত কিছু নেগোশিয়েট করছে। তারা সরকারকে এই জমি নিতে হবে, ঐ জমি দিতে হবে ইত্যাদি বলে জমি নির্দিষ্ট করে দিচ্ছে আর জমির মালিকদের কাছে গিয়ে অনেক কম দামের অফার দিচ্ছে। জমির মালিকরা অনেকেই নিরক্ষর, তথাকথিত অশিক্ষিত মানুষ, তাদের জমির কি দাম সরকার ধার্য করেছে তারা জানে না। ফড়েরা মাঝ থেকে নেগোশিয়েট করে মুনাফা লুঠছে। তারপর যেহেতু জমিগুলো অনেক জায়গায় ন্যাশনাল হাইওয়ে থেকে অনেক দূরে, সরাসরি বড় রাস্তার সঙ্গে জমির কোনও যোগাযোগ নেই, সেখানে বিদ্যুৎ নেই, অন্যান্য ইনফ্রাস্ট্রাকচার নেই সেহেতু সে জমিতে শিল্পপতিরা শিল্প গড়ে তোলার কোনও উৎসাহ পাচ্ছে না। সরকারি আমলাদের পেটোয়া লোকেদের যোগসাজশে ঐ সমস্ত অধিগ্রহণ করে চাষীদের সেখান থেকে উৎখাত করে চাষবাস বন্ধ করে দেওয়া হচ্ছে। অথচ সে জমিতে কোনও ইন্ডাস্ট্রিয়ালিস্ট ইন্ডাস্ট্রি করতে এগিয়ে আসছে না। তাদের ঐসব জমি পছন্দ হচ্ছে না। ফলে কি হচ্ছে? চাষীর চাষ যেমন একদিকে বন্ধ হয়ে যাচ্ছে, তেমন আবার অপর দিকে সে জমিতে কোনও ইন্ডাস্ট্রিও হচ্ছে না। শেষ পর্যন্ত ঐ সমস্ত জমি ব্যারেন ল্যান্ড হিসাবে পরিত্যক্ত হয়ে পড়ে থাকছে। মাঝখান থেকে সরকার মাটি ফেলে এবং অন্যান্য কাজের মধ্যে দিয়ে সেই জমির ডেভেলপমেন্টের জন্য যে টাকা ব্যয় করছে সেটাই জলে যাচ্ছে। সো-কল্ড ডেভেলপমেন্টের টাকাটাই নষ্ট হচ্ছে। কেবল মাত্র সো-কল্ড ইনফ্রাস্ট্রাকচার করেছেন বলে নিজেরা মেন্টাল সাটিসফ্যাকশন ভোগ করছেন। জমি অধিগ্রহণের যে উদ্দেশ্য ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন সে উদ্দেশ্যে মোটেই পূরণ হচ্ছে না। ইন্ডাস্ট্রিয়াল ইনফ্রাস্ট্রাকচারের সুযোগ নিয়ে ছোট, মাঝারি শিল্প প্রসারের উদ্দেশ্যে সাধিত হচ্ছে না। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, আপনি গোটা ব্যাপারটা একটু ভেবে দেখুন—দরকার হয় দু' একজন বিধানসভার সদস্যকে নিয়ে, বিভিন্ন সরকারি দপ্তরের অফিসারদের নিয়ে গোটা ব্যাপারটা পর্যালোচনা করুন। ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন এখন পর্যন্ত যত জমি অধিগ্রহণ করেছে তার কত পারসেন্ট এখন পর্যন্ত ইউটিলাইজ হয়েছে? কত পারসেন্ট জমিতে শিল্প উদ্যোগীরা এখন পর্যন্ত শিল্প গড়ে তুলেছেন? কতগুলো শেড্ হয়েছে? কত মানুষের এখন পর্যন্ত ঐ সব শিল্প কাজ পেয়েছে? কতগুলো

ক্ষেত্রে উৎপাদন শুরু হয়েছে? সরকারের খাতা-পত্রের হিসাবের সঙ্গে প্রকৃত অবস্থার বিস্তর ব্যবধান, ফারাক, গরমিল রয়েছে। আমার মনে হয় মাননীয় মন্ত্রী মহাশয় রাইটার্স বিল্ডিং-এ বসে বুঝতে পারছেন না, তাই ফ্রম দি টাইম অর ফ্রম দি ডেট যাই সংশোধন করুন আসল উদ্দেশ্য সফল হচ্ছে না। প্রকৃতপক্ষে এখন পর্যন্ত বিভিন্ন জেলায়, বিশেষ করে পিছিয়ে পড়া জেলাগুলোয় শিল্প উদ্যোগীরা কোনও শিল্পই গড়ে তোলেন নি। যেসব জায়গায় জমি অধিগৃহীত হয়েছে সেসব জায়গায় বিশেষ কোনও ইন্ডাস্ট্রিয়ালিস্ট ইন্ডাস্ট্রি গড়তে যাচ্ছে না। সেসব জায়গায় স্বতঃপ্রণোদিত হয়ে ইন্ডাস্ট্রি তৈরি হচ্ছে না। সরকার ইনফ্রাস্ট্রাকচারের মাধ্যমে বিভিন্ন ইনসেনটিভ দিয়ে ইন্ডাস্ট্রিয়ালিস্টদের ডেকে নিয়ে গিয়ে ইন্ডাস্ট্রি করার যে উদ্যোগ নিতে চাইছেন, সরকারের সে উদ্যোগ আমরা দেখছি বিফল হচ্ছে। সরকারি উদ্যোগ লক্ষের কাছে পৌঁছতে পারছে না। বেশিরভাগ ক্ষেত্রেই আমরা দেখছি হয় শিল্প উদ্যোগীরা যাচ্ছে না, তাদের স্থান পছন্দ হচ্ছে না, সুযোগ সুবিধা তারা যা আশা করছে তা পাচ্ছে না, না হয় কিছু কিছু শেড ইত্যাদি করে ইন্ডাস্ট্রি গড়ার চেষ্টা করে মাঝ পথে বিভিন্ন অসুবিধা দেখে ফিরে যাচ্ছে। যতটুকু ইনফ্রাস্ট্রাকচার তৈরি হচ্ছে তাও সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করা হচ্ছে না।

স্যার, আমি এই অ্যামেন্ডমেন্টের বিরোধিতা করছি না। কারণ কংগ্রেস আমলের আইনের দুটো শব্দ পাল্টে বাকিটা হুবহু রেখে আজকে এখানে বিল আকারে তাই আনা হয়েছে। এর বিরোধিতা না করে মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি, গোটা ব্যাপারটা আবার পর্যালোচনা করা হোক। একটা টিম বা কমিটি তৈরি করে পর্যালোচনা করা হোক। তারপর সরকার জমি অধিগ্রহণের চেষ্টা করুন। তাহলেই চাষবাসের উপকার হবে এবং ইন্ডাস্ট্রিরও উপকার হবে, সরকারি উদ্দেশ্য সাধিত হবে। তবেই এই বিলের আসল উদ্দেশ্য বাস্তবায়িত হবে। এই কথা বলে এই বিলকে সমর্থন করে এবং মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবার ঐ ধরনের একটা কমিটি গঠনের অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6-20—6-30 P.M.]

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বিলটি বিধানসভায় বিবেচিত হচ্ছে তাতে প্রধান জিনিস আমি যেটা প্রস্তাব করেছি সেটা হচ্ছে, ১৯৯৪ সালে যে রেট্ অফ ইন্টারেস্ট বলা হয়েছিল সেটা এখন চলতে পারে না। সেই রেট্ অফ ইন্টারেস্টের পরিবর্তন করতে চেয়েছি ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্ট অনুযায়ী। আমি কোনও রেট অফ ইন্টারেস্ট ধার্য করিনি। তখন ৪ পারসেন্ট ছিল, এখনও সেটা হতে পারে না আর ৬ পারসেন্ট বা অন্য কিছু করছি না। ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্টে কমপেনসেশন এবং ইন্টারেস্ট-এর প্রসিডিওর ছিল সেই প্রসিডিওর এই আইনে বলবৎ হবে ৩৪তে। এবার মাননীয় সদস্য শ্রী পঙ্কজ ব্যানার্জি যা বলেছেন সে বিষয়ে দু-একটি কথা বলি। আমাদের যে শিল্প বিকাশ কেন্দ্রগুলি আছে, সেখানে আমরা সম্পূর্ণরূপে অসফল হয়েছি এইরকম নয়। ধরুন ফলতা, ফলতায় এক্সপোর্ট জোন ছাড়াও আরও দুটি গ্রোথ সেন্টার আছে। এই দুটি গ্রোথ সেন্টারে এক ছটাকও জমি

নেই। ওখানে অনেকগুলি ইউনিট হয়ে গেছে। এখনও আরও ২৫১ অথবা ২৫৫ একর জমি নিতে যাচ্ছি এবং এরজন্য নোটিশও দেওয়া হয়েছে। কল্যাণীতে গ্রোথ সেন্টার আছে ৩ টি ফেজে। সেখানে সব জমি বিক্রি হয়ে গেছে। একটার ক্ষেত্রে ডিসপিউট আছে বলে পড়ে আছে। এটাও বিক্রি হয়ে যাবে। ওখানে ইন্ডাস্ট্রি অনেক হয়েছে। তবে নানারকম কারণে দু-একটি ইন্ডাস্ট্রি সিক্ হয়েছে। জলপাইগুড়িতে রাণীনগর এবং ডাবগ্রামের মধ্যে ডাবগ্রামে মোটামুটি সফল হয়েছে, কিন্তু রাণীনগরে সফল হয় নি, সেটা আমরা চেষ্টা করছি। কোচবিহারে শহরের উপর যে গ্রোথ সেন্টার আছে সেখানে একটা নতুন ইন্ডাস্ট্রি হতে যাচ্ছে পার্টভিত্তিক এবং ওরা প্রায় সব জমি নিয়ে নিয়েছে। ৬০ একর জমি। কিছু হাউসিং-এর লাগবে আর তার আগে কিছু জমি বেনফেডকে দেওয়া হয়েছে। মালদায় যে গ্রোথ সেন্টারটি আছে সেখানে কারখানা বেশি হল না, যদিও মালদায় গ্রোথ সেন্টারটির লোকেশন খুব ভাল। একপাশে হাইওয়ে আর এক পাশে রেলওয়ে লাইন। খুব ভাল পাওয়ার আছে, কোয়ালিটি পাওয়ার অ্যাভেলেবেল, কিন্তু ওখানে ঐ ব্যবস্থা থাকা সত্ত্বেও কোনও ভাল ইন্ডাস্ট্রি অ্যাট্রাক্ট করা গেল না, মালদাতে। বিষ্ণুপুরে আমরা সফল হইনি। এইভাবে দেখতে গেলে দেখা যায়, যতগুলি গ্রোথ সেন্টার আছে তার মধ্যে বেশিরভাগ জায়গায় মোটামুটি সফল হয়েছি, কয়েকটি জায়গায় হইনি, কারণ হচ্ছে যেটা আমরা খতিয়ে দেখেছি, নানারকম অসুবিধা, পরিকাঠামোর অসুবিধা ইত্যাদি আছে যেটা আপনারা আমার দপ্তরের বাজেট বিতর্কের সময়ে উল্লেখ করেছেন এবং আমি জবাবি ভাষণে যেটা বলেছি। এখানে আমাদের ইলেকট্রিক পাওয়ার আর টেলিকমিউনিকেশন এই দুটি ইনফ্রাস্ট্রাকচার পশ্চিমবাংলায় খুব ভাল হয়েছে। টেলিকমিউনিকেশন ভাল হওয়ার পিছনে কেন্দ্রীয় সরকারের অবদান আছে। তবে আমরা অনেক সাহায্য করেছি বিদেশ সঞ্চার নিগমকে ওয়ার্ল্ড ক্লাশ ফেসিলিটি দিয়ে। পাওয়ারের ক্ষেত্রে ২০ বছরের যে টারগেট করা হয়েছে তাতে ইন্ডাস্ট্রির জন্য পাওয়ারের কোনও অসুবিধা হবে না। **(ভয়েজ ঃ- তা সত্ত্বেও তো লোডশেডিং হচ্ছে)** দিল্লিতে দেখুন না, দিনে ৬ বার লোডশেডিং হচ্ছে। সাংঘাতিক অবস্থা দিল্লিতে। এখানে ডিস্ট্রিবিউশনের কিছু অসুবিধা আছে। সেটা ধরা আছে, সেটা ঠিক করতে হবে। এরজন্য কিছু ইনভেস্টমেন্ট করতে হবে। জেনারেশন ঠিকমতো আছে। পরিকাঠামো হয়েছে, কিন্তু সামাজিক পরিকাঠামো দূরবর্তী জেলাগুলিতে অসুবিধা আছে। যেমন, ভাল স্কুলের ব্যাপার আছে, অন্যান্য রিক্রিয়েশন ফেসিলিটি, মেডিক্যাল অ্যারেঞ্জমেন্ট, কর্তৃপক্ষ তাদের জন্য যেটা করতে হয় সেইসব ক্ষেত্রে। যদিও ইতিহাসগত ভাবে এটা দেখা যায় যে অনেক জায়গায় শুধু অবস্থান গত সুবিধার জন্যই শিল্প প্রচুর হয়েছে, কোনও লোকেশন অ্যাডভান্টেজ না থাকাতেও আমাদের রাজ্যেই স্বাধীনতার আগে ইংরাজরা যে এত শিল্প করেছিল, তখন কোনও পরিকাঠামো ছিল না। ইলেকট্রিসিটি ছিল না, পাকা রাস্তা ছিল না, রেল লাইন পর্যন্ত ছিল না। আর ছিল একটা সম্পূর্ণ বিরোধী জনগণ। পরিবেশটা বিরোধী, হস্টাইল। সেই অবস্থায় এখানে এত ইন্ডাস্ট্রি হয়েছে তো। এখন আমাদের স্বাধীনতার পরে অবশ্য আমাদের শিল্পপতিরা সব সময় এটা বলছে, যে ইনফ্রাস্ট্রাকচারটা সবটা গভর্নমেন্টকে করে দিতে হবে এবং আমরা যেটা ঠিক করেছিলাম, আমাদের রাজ্যের ক্ষেত্রে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্টের জন্য আমরা প্রাইভেট

ইনভেস্টমেন্টকেও দেব। সেটা খুব বেশি প্রাইভেট ইনভেস্টারদের কাছ থেকে সাড়া পাওয়া যায় নি। এই জন্য অসুবিধা হচ্ছে, যেমন নর্থ বেঙ্গলে, ওখানকার ইনফ্রাস্ট্রাকচারের গোটাটা আমরা খতিয়ে দেখেছি, রাজ্য সরকার একটা কমিটিও নিয়োগ করেছিল, সেখানে কমিটি বিচার করে দেখেছে, এটা কোনও কিছু শক্ত কথা বলার জন্যই বলছি যে ৮০ ভাগ পরিকাঠামো কেন্দ্রীয় সরকার দেবে, ২০ ভাগ যোগাযোগ ব্যবস্থা, রেলওয়ে ব্যবস্থা, জাতীয় সড়ক, কিন্তু সেইগুলো হয়নি বলে এখনও ওখানে ঐ রকম সবাই যেতে চায় না। এই সব জিনিস আমাদের ঠিক করতে হবে। আর আমরা খোঁজ খবর নিয়ে দেখেছি, সারা ভারতবর্ষেই একটা গড় অভিজ্ঞতা যা এই বিষয়ে তাতে একটা সময় লাগে। এই ফলতায় দেখবেন যে জেটিটা হচ্ছে প্রায় কাজ শেষ হওয়ার মুখে, ফলতাটা খুব অ্যাট্রাকশন করবে। আপনাদের যে এম.এল.এ. ওখান থেকে জিতেছেন, উনিও বললেন যে ওখানকার কারখানা উনি ঘুরে ঘুরে দেখেছেন। আমি সব কটা গ্রোথ সেন্টারে গেছি। এটা আপনাদের অবগতির জন্য জানাচ্ছি, আপনারা ভাববেন না যে আমি শুধু রাইটার্স বিল্ডিংসে বসে শুধু খবর নিই। কিন্তু প্রতিটি গ্রোথ সেন্টার ঘুরে দেখেছি। আবার যেখানে গেছি, সেখানে ছোট খাট যারা ব্যবসা বাণিজ্য করে, তাদের নিয়ে, নাগরিকদের নিয়ে সভা করেছি। তাদের বলেছি আপনারা যদি স্থানীয় ভাবে কিছু করতে না এগিয়ে আসেন, শুধু ট্রেড করবেন, তাহলে হবে না। ওদের একটা দাবি হচ্ছে, দু-একটা বড় বড় ইন্ডাস্ট্রি ওখানে নিয়ে যেতে হবে, সেটা দেখে আবার অন্য হবে, সেটা যাতে চেষ্টা করা হয়, ক্যাম্পেন করা হয়। সহযোগিতা যতটা করা যায়, করা হয়। তা সত্ত্বেও কিছু দুর্বলতা আমাদের আছে। তাছাড়া এখন ফোকাশটা চেঞ্জ হয়ে যাচ্ছে। এখন হচ্ছে পোর্ট বেজ্‌ড। গত কুড়ি বছরে গোটা পৃথিবীতে যেসব দেশ শিল্পের ক্ষেত্রে উন্নতি করেছে, সেইগুলো সবই পোর্টের দৌলতে। এমন কি একটা ধারণাই তো করা যায় না চিনের সাংহাই এর ঐ জোনগুলো যে আলাদা করেছে, কত পোর্ট, ১৩/১৪ টা করে পোর্ট। এই ভাবে সিংগাপুরের মতো ছোট দেশ, যার কোনও এগ্রিকালচার নেই, ড্রিঙ্কিং ওয়াটার নেই, সেখানে ডেমক্রাসিও নেই অবশ্য, কিন্তু গত ২০ বছরে ইকনমিক দিক থেকে, আমাদের দিক থেকে মাথা পিছু আয় হয়তো গড়ে ২৫০ টাকা, ওদের ১৭ হাজার টাকা মাথা পিছু। এতবড় ডেভেলপমেন্ট করল, তার মেন হচ্ছে পোর্ট। এবং এখন ভিয়েতনামের যে আমেরিকার হাত থেকে যখন ভিয়েতনাম মুক্তি পাবার জন্য বিপ্লব হল, গণপ্রজাতন্ত্রী দেশ হিসাবে স্বীকৃত হল, ওদের যে ইকনমিক ট্রাব্‌ল হচ্ছিল, তা কভার করার জন্য যে রাস্তাটা ওরা নিয়েছে, তা হচ্ছে পোর্ট ভিত্তিক। প্রধানত পোর্টকে কেন্দ্র করে অনেক বিকাশ ভিয়েতনামে হচ্ছে। দ্রুত কয়েক বছরের মধ্যে এত হয়েছে। যাই হোক আমাদের সেখানে কিছু অসুবিধা আছে। যাদের করার কথা, কলকাতা পোর্টটা তারা ঠিক করল না। হলদিয়া পোর্ট ভালই হচ্ছে। এমন কিছু নয় যে কলকাতা এবং হলদিয়া মিলিয়ে গত বছর ১০০ কোটি টাকা লাভ করেছে। তার মধ্যে ৮৫ কোটি টাকাই হলদিয়া পোর্ট থেকে লাভ হয়েছে। আরও এটা ডেভেলপ করা যায়, সেন্ট্রাল গভর্নমেন্টের সেটা করা উচিত। আরও এই জন্য একটা ছোট পোর্ট করার চেষ্টা করা হচ্ছে দক্ষিণ ২৪ পরগনার কুলপীতে, রিভার পোর্ট।

[6-30—6-33 P.M.]

রিভার পোর্ট, এটা গুজরাট করেছে, ওরা সফল হয়েছে। আমাদের এখানেও চেষ্টা করা হচ্ছে যাতে এটা হতে পারে। এটা হলে খানিকটা অগ্রগতি হবে। এই বিলে একটা যে গুরুত্বপূর্ণ ত্রুটি থেকে গিয়েছিল সেটা সংশোধন করা হয়েছে। ইতিমধ্যে যেসব জমি অধিগৃহীত করতে যাচ্ছি হলদিয়া, ফলতা, শিলিগুড়িতে সেটাতে আইন অনুযায়ী আমরা এগিয়ে যেতে পারব। এখন আর ঐ ৪ পারসেন্ট ইন্টারেস্ট নিয়ে চলে না। সেইজন্য বলা হয়েছে, ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্টে যেভাবে রেট অব ইন্টারেস্ট ধার্য করা হবে, যেখানে যেখানে পরিবর্তন করা হবে এখানেও সে রকম। এখন ঐ বাস্তুচ্যুতদের কর্ম সংস্থান ইত্যাদির ব্যাপারে আলোচনার কথা যেটা বলেছেন নিশ্চয় সে আলোচনা হতে পারে এবং সেটা হলে ভালই হয়। তা হলে আপনারাও সব জিনিসটা জানতে পারবেন, আমরাও পারব। কিন্তু এভিকেশনের ব্যাপারে কাজ পেয়েছে, পাই নি এটা ঠিক নয়। কমপেনসেশন পেতে অনেক সময় দেরি হয় ইত্যাদি বলেছেন। এটা আমাকে নির্দিষ্ট ভাবে বলবেন, খোঁজ নেব। কাজ পাওয়ার ব্যাপারটা নিয়ে আমি বিধানসভায় আলোচনা করতে চাইছিলাম না, তবে বলি অনেক জায়গায় বেশিও পেয়েছে। এক্ষেত্রেও নির্দিষ্ট তথ্য দিলে আমি খোঁজ নিতে পারি। ইচ্ছাকৃতভাবে কারুকে বঞ্চিত করা সরকারের উদ্দেশ্য নয়। সকলে এই বিলকে সমর্থন করেছেন বলে আমি সকলকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Bidyut Ganguly that the West Bengal Industrial Infrastructure Development Corporation (Amendment) Bill, 1996, be taken into consideration was then put and agreed to.

## Clauses 1, 2 and Preamble

The question that Clauses 1, 2 and Preamble do stand part of the Bill, were then put and agreed to.

**Shri Bidyut Ganguly :** Sir, I beg to move that the West Bengal Industrial Infrastructure Development Corporation (Amendment) Bill, 1996, as settled in the Assembly, be passed.

The motion that the West Bengal Industrial Infrastructure Development Corporation (Amendment) Bill, 1996, as settled in the Assembly, be passed was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 6-33 p.m. till 11 a.m. on Tuesday, the 23 July 1996 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 23rd July, 1996 at 11.00 A.M.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 13 Ministers, 9 Ministers of State and 163 Members.

[11-00—11-20 A.M.]

**Starred Questions**

**(to which oral answers were given)**

**মুক্ত কারাগার**

*৫৮৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩) **শ্রী আব্দুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে মুক্ত কারাগারের সংখ্যা কত; এবং

(খ) উক্ত কারাগারগুলিতে বন্দীর সংখ্যা কত?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) একটি।

(খ) ৫৮ জন। (২৮-৬-৯৬ তারিখ পর্যন্ত)

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী বললেন যে, ৫৮ জন বন্দী মুক্ত কারাগারে আছে, আমার প্রশ্ন কোন ধরনের বন্দীকে মুক্ত কারাগারে পাঠানো হয় এবং কোন ধরনের শাস্তি হলে পরে পাঠানো হয়?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** ৭ বছর বা উহার অতিরিক্ত সাজাপ্রাপ্ত বন্দীরা সাজার দুই তৃতীয়াংশ অন্য কারায় অতিবাহিত করার পর ও কারায় শৃঙ্খলাপরায়ণতার রেকর্ড রাখিলেই যাইবার জন্য বিবেচিত হইবে!

(খ) পশ্চিমবঙ্গ ছাড়া অন্য রাজ্যবাসী সাজাপ্রাপ্ত বন্দীরা মুক্ত কারায় পাঠানোর জন্য বিবেচিত হইবে না।

(গ) বন্দীদের বয়স ২৫ বৎসর কম ও ৬০ বৎসরের অধিক হইলে চলিবে না।

(ঘ) মানসিক রোগগ্রস্ত ও বিকলাঙ্গ বন্দীরা বিবেচিত হইবে না।

(ঙ) কয়েকটি নির্দিষ্ট ধারায় যথা অস্ত্র আইন, বিস্ফোরক পদার্থ আইন, অত্যাবশ্যক দ্রব্য আইন ইত্যাদি অভিযুক্ত ও সাজাপ্রাপ্ত বন্দীরা বিবেচিত হইবে না।

(চ) জালমুদ্রা তৈরি নারি ঘটিত অভিযোগ, চোরাকারবারি, ধর্ষণ প্রভৃতি ধারায় অভিযুক্ত ও সাজাবন্দীরা বিবেচিত হইবে না।

(ছ) অবিবাহিত বন্দীরা ও মহিলা বন্দীরা অনুপযুক্ত হইবে।

(জ) জেল হইতে পলাইয়াছে বা পলাইবার চেষ্টা করিয়াছে বন্দীরা বিবেচিত হইবে না

(ঝ) মুক্ত কারা হইতে অন্য কারায় স্থানান্তরিত বন্দীরা অনুপযুক্ত হইবে।

(ঞ) পেশাগত খুনিরা বিবেচিত হইবে না।

(ট) ডিভিসন-১ বন্দীরা যাইতে পারিবে না।

(ঠ) রাজনৈতিক আন্দোলন বা কোনও বিশেষ ধারায় সাজাপ্রাপ্ত বন্দীরা বিবেচিত হইবে না।

(ড) মহাকারা পরিদর্শক কর্তৃক কোনও বন্দী বা বন্দীদের বিশেষ শ্রেণীকে অনুপযুক্ত মনে করা হইলে উহাদের মুক্ত কারায় পাঠানো সম্ভব হইবে না।

[11-20 — 11-30 A.M.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** এই মুক্ত কারাগার গঠন করার ব্যাপারে আপনি বিশেষ ভূমিকা পালন করেছেন, আমরা জানি এর আগে বিভিন্ন সময়ে আলোচনা হয়েছিল এর একটা উদ্দেশ্যও ছিল, আপনি হাউসে বলেছিলেন যে, সাজাপ্রাপ্ত, শাস্তিপ্রাপ্ত বন্দীদের তাদের সংশোধনের একটা ব্যবস্থা থাকবে, এরমধ্যে কোনও বন্দী সংশোধিত হয়েছে কিনা এই সম্পর্কে কি কোনও তথ্য আপনার কাছে আছে?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** আমরা বন্দীদের হাতের কাজ করানোর বা তারা যাতে কৃষি কাজ করতে পারে সেইদিকে আমরা একটু দৃষ্টি দিয়েছি। এছাড়া বন্দীদের জন্য আমরা ১০টি কটেজ তৈরি করছি। এই কটেজ তৈরি করে এখানে কোর্টের অনুমতি নিয়ে সেখানে বন্দীদেরকে পরিবারের সাথে থাকবার ব্যবস্থা করবো। এটা এই কারণে করছি যাতে বন্দীদের স্বাভাবিক জীবন তারা ফিরে পায় এবং বন্দীরা ফিরে গিয়ে মূল স্রোতে ফিরে যেতে পারে তার ব্যবস্থা নেব। এই সমস্ত বন্দীরা কটেজে থাকবে তাদের বিভিন্ন ধরনের কাজকর্ম শেখানো, তাদের পরিবারকে পালন করবার জন্য যে যে ব্যবস্থা সেটা নেবার চেষ্টা করছি। এই কাজটা আমাদের প্রায় সমাপ্ত হওয়ার মুখে। আমরা আশা করছি হয়ত তাড়াতাড়ি এটাকে কাজে লাগাতে পারবো।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মহিলা বন্দিনির সংখ্যা কত?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** এটার জন্য নোটিশ দিতে হবে, আমার কাছে '৯২ সাল পর্যন্ত আছে।

**শ্রী অশোক দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, সরকার যেভাবে বিভিন্ন জেলায় রেশন এর ব্যবস্থা করেছেন যারা আসামী আছেন তারা কিন্তু সেইভাবে পাননা, আমরা যখন বিভিন্ন মানুষের সঙ্গে জেলে দেখা করতে যাই, তখন তারা কমপ্লেন করেন, খাওয়া-দাওয়ার ভীষণ অভাব? রেশন দেওয়া সত্ত্বেও আমরা পাচ্ছি না। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ

করছি, এই ব্যাপারে আপনি কি কিছু জানেন? যারা অন্যায় কাজের সঙ্গে জড়িত আছেন তাদের ব্যাপারে কি কোনও অ্যাকশান নিয়েছেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** খাবারের ব্যাপারে কিছু কিছু অভিযোগ আমার কাছ এসেছে সেই অভিযোগ সম্পর্কিত ব্যাপারে আমরা সাথে সাথে জেলাগুলি ঘুরেছি। আমিও ব্যক্তিগতভাবে নিজে ঘুরেছি এবং এই ঘটনার সঙ্গে যারা জড়িত আছেন তাদেরকে ইতিমধ্যে এক্সপানশন কল করেছি। যে সমস্ত সেন্ট্রাল জেলগুলি আছে, সেখানে একজন করে ডি.আই.জি.র উপর তত্ত্বাবধান করার দায়িত্ব গতকাল থেকে আমরা দিয়েছি।

**শ্রী ক্ষিতিরঞ্জন মন্ডল :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই মুক্ত কারা পদ্ধতি এটা কবে থেকে কি উদ্দেশ্যে আরম্ভ হয়েছিল?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** আমরা এটা মূলত করেছি, যারা এই সমস্ত জেলগুলিতে থাকেন, যারা ভাল আচরণ করেন, যারা ভালভাবে জীবন-যাপন করবার চেষ্টা করেন, তাদের জন্য আমরা একটা স্ক্রিনিং কমিটি করেছিলাম, সেই স্ক্রিনিং কমিটির মধ্যে দিয়ে আমরা এই ওপেন এয়ার জেল গঠন করার কথা ভাবি। এবং যারা দোষী তারা যাতে সুন্দরভাবে জীবন যাপন পালন করতে পারে, তারজন্য কয়েকটি কটেজ আমরা তৈরি করছি। জেল থেকে বেরিয়ে গেলেও তারা মূল স্রোতের সঙ্গে মিশতে পারেনা, সেই কারণে আমরা তাদেরকে এই জায়গায় নিয়ে আসছি তারা যাতে পরিবারের সঙ্গে থাকতে পারেন তারজন্য চেষ্টা করছি। এটা হচ্ছে আমাদের মূল উদ্দেশ্য।

**শ্রী দিলীপকুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, যে সমস্ত আসামী বিচার-বিভাগ থেকে জেলখানায় যায়, বিচারে যারা সাজা প্রাপ্ত আসামী তারা তাদেরকে প্রচন্ডভাবে পরিশ্রম করায় এবং আসামীদের বাড়ির লোকেরা যখন তাদের সঙ্গে দেখা করতে যায় তখন জেল গেটে পুলিশ কুড়ি, পঁচিশ টাকা করে নিয়ে দেখা করতে দেয়। এদের বিরুদ্ধে আপনি কোনও ব্যবস্থা নিয়েছেন কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** এইরকম কোনও সুনির্দিষ্ট অভিযোগ পেলে তাদের সম্পর্কে আমরা ব্যবস্থা গ্রহণ করব।

**শ্রী নির্মল দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় যতদূর জানি, ভারতের মুক্তি আন্দোলনের বিশিষ্ট নেতা শ্রী তারাপদ লাহিড়ি কারাগার না বলে বলেছেন সংশোধনাগার। রাজ্য সরকার যে সমস্ত কারাগারগুলোতে ব্যবস্থা নিয়েছেন তাতে করে কত বন্দী এই পর্যন্ত সংশোধিত হয়ে বাইরে এসে স্বাভাবিক জীবন-যাপন করছেন। আপনার কাছে এইরকম কোনও সংখ্যা আছে কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি :** আপনার প্রথম প্রশ্নের উত্তরে বলি, সংশোধনাগার এখনো আমরা বলতে পারছি না। বিধানসভা থেকে বিল পাশ হওয়ার পরে রাষ্ট্রপতির অনুমোদনের জন্য সেটা রাষ্ট্রপতির কাছে পাঠানো হয়েছে, সেটা এলে আমরা কার্যকর করতে পারব। কারা ব্যবস্থা সম্পর্কে আপনারা জানেন, কারা ব্যবস্থায় দীর্ঘদিন ধরে বহু জিনিস না থাকার ফলে নানা ধরনের অসুবিধার মধ্যে কাজ করতে হয়। কারাগার এমন একটা জিনিস যেখানে

স্যানিটারি ল্যাট্রিন ছিলনা, সেটা আমাদের করতে হয়েছে। যারা বন্দী জীবন-যাপন করছে গরমের মধ্যে তাদের থাকতে হত, কোনও পাখা ছিল না। বামফ্রন্ট সরকার আসার পর তাদের পাখা দেওয়ার ব্যবস্থা হয়েছে। মূলস্রোতে তারা যাতে আসতে পারে তারজন্য তাদের হাতের কাজ শেখানো হয়। টেকনিকাল এডুকেশন দপ্তরের সঙ্গে যোগাযোগ করে তাদের জন্য পরিকল্পনা অনুসারে কাজ করছি, তারা জেল থেকে বেরিয়ে গিয়ে যে ধরনের কাজগুলো করতে পারবে, যেমন - টি.ভি. রিপেয়ারিং-এর কাজ, চাষের কাজ, মৎস্য উৎপাদন, সেই সমস্ত কাজগুলো তাদের শেখাবার আমরা চেষ্টা করছি। অর্থাৎ এই ধরনের যে সমস্ত পরিকল্পনাগুলো আছে তাকে বাস্তবে করবার জন্য আমরা চেষ্টা করছি। আরেকটা জিনিস হচ্ছে, কারা জীবন থেকে যারা বাইরে চলে যায় তাদের সঙ্গে আমাদের কোনও যোগসূত্র থাকেনা। যদি আমরা এটা করতে পারতাম তাহলে ভালো হত। দু-চারজনের কথা বলতে পারব, ভালো শিল্পী ছিলেন। একজন এখন কালিঘাটে আছেন, তিনি জেলেও ভালো আর্ট করতেন। কাজেই এই ধরনের কিছু কিছু তারা করবার চেষ্টা করছে।

**শ্রী মহবুবুল হক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই মুক্ত কারাগার করার পরিকল্পনা সরকারের আর আছে কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** মুক্ত কারাগার যেটা আমরা শুরু করেছি, সেইরকম নতুন কারাগার করা আমাদের পক্ষে অসুবিধা আছে। তবে সুন্দরবনের দিকে আমাদের একটা করার পরিকল্পনা আছে।

[11-30 — 11-40 A.M.]

**শ্রী নীরদ রায়চৌধুরি ঃ** উত্তর-২৪ পরগনার বারাসাতে যে মুক্ত কারাগার আছে, সেই কারাগারের অবস্থা খুব খারাপ। সেখানে যারা থাকে তাদের খাওয়া-দাওয়া, পোশাকের অবস্থা খুবই খারাপ। তাদের রক্ষণাবেক্ষণের ত্রুটি আছে। এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় আপনি কি ব্যবস্থা নিয়েছেন সেটা অনুগ্রহ করে জানাবেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** এখানে কোনও মুক্ত কারাগার নেই। মুক্ত কারাগার একটা মাত্রই আছে।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** অতিরিক্ত প্রশ্ন স্যার, আপনি বললেন যে কিছু কিছু কারাগারে দুর্নীতি চলছে। গতকাল দেখলাম আপনি কোনও একটা জেলে গিয়ে এই দুর্নীতি হাতে-নাতে ধরেছেন। অনেক জেলে দেখেছি — যারা জেলে আছে তাদের সঙ্গে বাইরের কোনও লোক দেখা করতে গেলে, যে দেখা করতে এসেছে তার কাছ থেকে একটা অ্যামাউন্ট নিয়ে তারপর তাকে দেখা করার অনুমতি দেওয়া হয়। আবার কিছু কিছু অভিযোগ আছে যে — অনেক জেলে, আসামীরা জেল থেকে বাইরে বেরিয়ে এসে ২ ঘন্টা পর আবার জেলে ঢুকে যায়। পশ্চিমবঙ্গের বিভিন্ন কারাগারে এই জিনিস চলছে। এ ব্যাপারে আপনি কি ব্যবস্থা নিয়েছেন সেটা অনুগ্রহ করে জানাবেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** একমাত্র প্যারোলে ছাড়া কেউ জেল থেকে বাইরে বেরিয়ে আসে না। বিভিন্ন কারাগারের যে কোনও অভিযোগ সম্পর্কে আমাদের অফিসারদের প্রতিনিয়ত রিপোর্ট দেওয়ার জন্য বলা হয়েছে। জেল ভিজিটিং কমিটি করা হয়েছে, তাদের সঙ্গে মিটিং

হয়। আমি নিজে অনেক জেল ঘুরে দেখেছি। এছাড়া আমি মাননীয় সদস্যদের কাছে অনুরোধ জানাই যে, তারা যদি আরও বেশি করে জেলগুলো ঘুরে দেখে সে ব্যাপারে কোনও সুনির্দিষ্ট প্রস্তাব দেন তাহলে আমি নিশ্চয়ই সে সম্পর্কে আমাদের যতদূর ক্ষমতা আছে তারমধ্যে দাঁড়িয়ে আমরা ব্যবস্থা নেব।

**নেতাজী রচনাবলী**

*৫৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৮) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

নেতাজীর জন্মশতবর্ষ উপলক্ষে নেতাজী রচনা-সমগ্র প্রকাশের কোনও পরিকল্পনা সরকার গ্রহণ করেছে কি না?

[11-40 — 11-50 A.M.]

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

না।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** আমার মনে হচ্ছে, এই রচনা প্রকাশে কোনওরকম অসুবিধা রয়েছে, কারণ এর আগে তদানিন্তন শিক্ষামন্ত্রী শম্ভু ঘোষ এখানে বার বার ঘোষণা করেছিলেন যে, নেতাজীর সমগ্র রচনাবলী প্রকাশ করা হবে। অবশ্য কথাটা তিনি নেতাজী জন্ম শতবার্ষিকীকে লক্ষ্য করে বলেননি। এবারে তার জন্ম শতবর্ষ, সুতরাং এবারে সেটা প্রকাশে অন্য কোনও বাধা আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মাননীয় সদস্য ঠিকই বলেছেন, শুধু শতবর্ষের প্রশ্ন নয়, বামফ্রন্ট সরকারের পক্ষে সত্তরের দশকেই আমরা উদ্যোগী হয়েছিলাম যে তার কালেকটিভ ওয়ার্কস অর্থাৎ সমগ্র রচনাবলী প্রকাশ করবো, কিন্তু যারা কপি রাইটের স্বত্ত্বাধিকারি রয়েছেন এ-ব্যাপারে তাদের অনুমতি পাওয়া যায়নি। তারফলে কাজটা সম্ভব হয়নি। তবুও আমরা ঠিক করেছি যে, তার জন্ম শতবর্ষে আমরা তার সিলেকটেড রাইটিংস, নির্বাচিত কয়েকটি লেখা নিয়ে একটি বই বের করবো। সেজন্য আমরা প্রয়োজনীয় আলোচনা করছি। কিন্তু তার সমগ্র রচনাবলী প্রকাশ করার অনুমতি পাওয়া যায়নি যাদের আইনগত অধিকার রয়েছে কপি রাইটের উপর তাদের কাছ থেকে।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** আমার যতদূর জানা আছে, নেতাজী রচনাবলির স্বত্ত্বের যিনি দাবিদার তিনি হচ্ছেন ডাঃ শিশির বসু। তারসঙ্গে আলোচনা করে সমগ্র রচনাবলী প্রকাশের ব্যবস্থা করা যায় কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** তারসঙ্গে আমাদের আলোচনা হয়েছে, কিন্তু তিনি রাজি না হওয়ায় রচনাবলী প্রকাশের সিদ্ধান্ত নেওয়া সম্ভব হয়নি।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস :** তাহলে মনে হচ্ছে, তিনি ওটা দিতে চান না, হয়তো কিছু টাকা-পয়সা নিতে চান। তিনি শ্রদ্ধেয় মানুষ কিন্তু তার স্বত্ত্ব সম্পর্কে চ্যালেঞ্জ জানানো যায় কিনা, কারণ তার বিবাহিতা স্ত্রী এমিলি সেঙ্কল রয়েছেন, তার কন্যা অনিতা বোস রয়েছেন,

কাজেই ঐ রচনাবলির স্বত্ত্বাধিকারী তারা হতে পারেন, কিন্তু কোন অধিকারে তিনি নিজেকে স্বত্ত্বাধিকারী বলে দাবি করছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এটা আইনগত প্রশ্ন এবং আমরা যতদূর জেনেছি যে, তিনিই স্বত্ত্বধিকারী।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** আপনি বললেন, যতদূর জেনেছি তিনিই স্বত্ত্বধিকারী। আপনার এই বলায় কিন্তু ভেগ থেকে গেল। সরকারের তরফ থেকে লিখিত আকারে তার পরিবারের কোন কোন সদস্যের কাছে অনুমতি চাওয়া হয়েছিল এবং কারাই বা সেটা রিজেক্ট করেছেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** সরকারের পক্ষে উচ্চশিক্ষা বিভাগ ডাঃ শিশির বসুর কাছে লিখিত আকারে চিঠি দিয়েছিল এবং তিনিও লিখিতভাবে জানিয়েছেন যে, তিনি অনুমতি দিতে পারছেন না।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** আপনি কি করে জানলেন যে, ডাঃ শিশির বোসই তার স্বত্ত্বাধিকারী?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমরা আইনজ্ঞদের কাছ থেকে খোঁজ নিয়ে জেনেছি যে, ডাঃ শিশির বোস নেতাজির রচনাবলির কপিরাইটের স্বত্ত্বাধিকারি।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী জানেন কি, গত অধিবেশনে মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী সভায় প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, তিনি এ-ব্যাপারে চেষ্টা করছেন এবং খুব শীঘ্রই সেটা প্রকাশের ব্যবস্থা করবেন? আমার প্রশ্ন, এ-ব্যাপারে আপনার দপ্তরের সঙ্গে শিক্ষা দপ্তরের যোগাযোগ হয়েছে কিনা, নাকি কথাগুলো আপনার তরফ থেকেই বললেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমরা সকলের সঙ্গে আলোচনা করছি। আমরা নেতাজির জন্ম শতবর্ষ উপলক্ষে একটা সেনটিনারি কমিটি তৈরি, সেই কমিটিতে সকলে আছে। এই কমিটির সমস্ত কাজের মধ্যে অন্যতম কাজ হল পাবলিকেশন। আমরা একটা নেতাজি সমগ্র করার চেষ্টা করেছিলাম, তারজন্য এখন চেষ্টা চালিয়ে যাচ্ছি। একেবারে যে হবে না এটা আমরা মনে করছি না। আমরা আবার অনুরোধ করবো। সমগ্র রচনাবলী না হয়, নির্বাচিত রচনাবলী যাতে করতে পারি তারজন্য চেষ্টা করছি।

**শ্রী তপন হোড় ঃ** নেতাজী সমগ্র রচনাবলী তৈরি করতে একটু অসুবিধা হচ্ছে আপনি বললেন। এ ছাড়া তথ্য সংস্কৃতি বিভাগ অথবা রাজ্য সরকারের অন্য কোনও বিভাগ থেকে যেমন রবীন্দ্রনাথ, নজরুল কিংবা শরৎ সাহিত্য এই ধরনের কোনও পূর্ণাঙ্গ রচনাবলী প্রকাশ করার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** পূর্ণাঙ্গ রচনাবলী করার কথা আছে। মানিক বন্দোপাধ্যায় সম্পর্কে একটা রচনাবলী করার কথা চলছে। এই ব্যাপারে আইনগত জটিলতা থাকার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত করতে পারছি না।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** নেতাজী রচনাবলির মধ্যে নেতাজীর সারা জীবনের অনেক বৈচিত্রময় বহু ঘটনার ফটো আছে, সেই ফটোগুলি সংযোজন করার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নিশ্চয়ই থাকবে। পাবলিকেশনের সঙ্গে আলোচনা করেছি। প্রথম দিকে একটা পিকটোরিয়াল বই বার করবে। তার জীবনের গুরুত্বপূর্ণ ঘটনাবলি সম্বলিত একটা বই বার করবে।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে নেতাজীর সমগ্র রচনাবলি প্রকাশ করার ক্ষেত্রে আইনগত অসুবিধা রয়েছে, শিশিরবাবু রাজী হচ্ছেন না। নেতাজীকে বিকৃত করে, তার স্বাধীনতা আন্দোলনে ভূমিকা ব্যাপারে বিশেষ করে দক্ষিণপন্থী নেতারা তাকে নানাভাবে মশিলিপ্ত করেছেন। নেতাজী সম্পর্কে যুব-জন-মানুষের কাছে অবস্থান খুব উচ্চ। এই বিকৃত ইতিহাস সংক্রান্ত ব্যাপারে, তার পাশাপাশি তার যে দেশপ্রেম, তার যে পরিকল্পনা, দেশের সুস্থিতি সম্পর্কে তার যে চিন্তা ভাবনা এই সম্পর্কে বিশেষজ্ঞদের মতামত নিয়ে দেশের যুব মানুষের কাছে মোটিভেট করার কথা ভাবছেন কি? এই ব্যাপারে আপনি কি চিন্তা ভাবনা করছেন, কি পরিকল্পনা নিয়েছেন?

[11-50 — 12-00 A.M.]

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আপনি যে প্রশ্ন করেছেন এটা অনেক বড় প্রশ্ন, এক কথায় এর উত্তর দেওয়া মুসকিল। নেতাজী জন্ম শতবর্ষ সম্পর্কে যে পরিকল্পনা করেছি তার একটা দিক হচ্ছে পাবলিকেশন। এই পাবলিকেশনে আমরা চেষ্টা করছি মূলত দুটি প্রকাশনা বার করার। একটাতে থাকবে নেতাজীর নিজের লেখা, সিলেকটেড লেখা করসপনডেন্স, চিঠিপত্র, বক্তৃতা, প্রবন্ধ এইসব। আর একটা বই বার করবো নেতাজী সম্পর্কে মূল্যায়ন। সেখানে রাজনীতিবিদ, ঐতিহাসিক চিন্তাবিদ, এদের লেখা থাকবে, তাদের বক্তব্য থাকবে নেতাজী সম্পর্কে। এই দুটি মূল কাজ করছি। আপনি যে প্রশ্ন করেছেন সেই ব্যাপারে একটা বিষয় খুব গুরুত্ব দিচ্ছি যেটা এখনও পর্যন্ত অনেক মানুষ জানে না। আই.এন.এ-র সমস্ত ডকুমেন্ট যেটা এত দিন ভারত সরকার কোনওদিন কাউকে দেখায় নি, কোনও কিছু প্রকাশও করেন নি। আই.এন.এ-র ডকুমেন্ট নিয়ে কাজ করা যায় কিনা সেই ব্যাপারে আমাদের রাজ্যের কমিটি উদ্যোগ নিয়েছে। আই.এন.এ-র ডকুমেন্ট থেকে নেতাজী যে সত্যই দেশপ্রেমিক সেটা ফুটে উঠবে। আর আপনি যে প্রশ্ন করেছেন, নেতাজীর শতবর্ষে কি পরিকল্পনা আছে, সে সম্পর্কে বলছি, আমাদের অনেক ধরনের সামগ্রিক পরিকল্পনা আছে। পাবলিকেশন আছে, সেমিনার আছে, আন্তর্জাতিক মানের সেমিনার হবে। কলকাতায় স্থায়ী কেন্দ্রের কথা আছে। মহাজাতি সদনে স্থায়ী আর্ট গ্যালারি, একজিবিশন গ্যালারির পরিকল্পনা আছে। নেতাজীর জীবনের উপরে লাইট অ্যান্ড সাউন্ডস শো'এর পরিকল্পনা আছে। এগুলি প্রাথমিক স্তরে আছে। এগুলো নেতাজীর শতবর্ষে আগামী বছরের ২৩শে জানুয়ারি থেকে শুরু হবে। তার আগে আমরা সমস্ত পরিকল্পনাগুলো চূড়ান্ত করবো।

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** আপনি বললেন যে, নেতাজীর জন্ম শতবর্ষে তাকে নিয়ে পাবলিকেশন হবে, সেমিনার হবে। আমার প্রশ্ন হচ্ছে, অতীতে নেতাজী সম্পর্কে যে মূল্যায়ন কমিউনিস্ট পার্টি করেছিল, সেই মূল্যায়ন ভুল ছিল বলে পরে মাননীয় মুখ্যমন্ত্রী ভুল স্বীকার করেছেন। আপনি যে পাবলিকেশন করবেন, সেখানে নিশ্চয়ই এই ভুল স্বীকার থাকবে? মূল্যায়নটা ভুল হয়েছিল বলে সেখানে নিশ্চয়ই অন্তর্ভুক্ত থাকবে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** অবান্তর প্রশ্ন করছেন। আপনি বোধহয় সব জানেন না কি কি বই পড়তে হবে? একদিন আমার কাছে আসবেন, আমি তার জবাব দিয়ে দেব।

**শ্রী শক্তিপদ খাঁড়া :** নেতাজী জন্ম শতবার্ষিকি যে কমিটি তৈরি হচ্ছে তাতে ডাক্তার শিশিরকুমার বসু আছে কি?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** এখন পর্যন্ত আমাদের ইচ্ছা আছে তাঁকে আমরা কমিটিতে রাখবো। কিন্তু এখন আমরা শুধু কোনও কমিটি তৈরি করেছি। যখন শতবর্ষ পূর্ণাঙ্গ কমিটি করবো, তখন তাতে তাঁকে নিশ্চয়ই সদস্য হিসাবে রাখবো।

**শ্রী অসিত মিত্র :** মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার অতিরিক্ত প্রশ্ন। কয়েক বছর আগে গান্ধীজির উপরে যখন 'পশ্চিমবঙ্গ' পত্রিকার একটি সংখ্যা প্রকাশ করেছিলেন, আমি সেই বইটি ভাল করে পড়েছি, আমি তখন বিধানসভার সদস্য ছিলাম না। তাতে গান্ধীজি সম্পর্কে যে মূল্যায়ন করা হয়েছিল, সেই বিষয়ে রাজ্য সরকার একমত নন বলে বলেছিলেন। এবারে নেতাজী সম্পর্কে যে সংখ্যা বার করবেন, তাতে কি বলবেন যে, আমরা যে লেখাটা লিখেছিলাম তারসঙ্গে সরকার একমত নন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** মাননীয় সদস্য যে কথা বললেন, আপনার অনুপস্থিতিতে বিধানসভায় এখানে এই প্রশ্ন উঠেছিল। আমি তখন উত্তরে বলেছিলাম, ওখানে ভাষাটা লেখা উচিত ছিল। যেভাবে বলা হয়েছে সেটা ঠিক হয়নি। তবে 'পশ্চিমবঙ্গ' যেহেতু পশ্চিমবঙ্গ সরকারের একটা মুখপত্র, ওখানে মতামতটা সম্পূর্ণ প্রবন্ধকারের, সরকারের মত নয়, [illegible] সরকার গান্ধীজি সম্পর্কে অনেকরকম প্রবন্ধ লিখেছেন। এটা গান্ধীজির প্রতি অসম্মান করার জন্য নয়। এখানে এইভাবে প্রশ্ন করলে গান্ধীজি সম্পর্কে মার্কসবাদিদের কি মূল্যায়ন ছিল, এটা এখানে দাঁড়িয়ে উত্তর দেওয়া ঠিক নয়। নেতাজী সম্পর্কে জওহরলাল কি মূল্যায়ন করেছিলেন, তিনি কি বলেছিলেন, আমার ধারনা, অ্যাসেম্বলির ফ্লোরে দাঁড়িয়ে এইভাবে উত্তর দেওয়াটা ঠিক নয়। মাননীয় সদস্য যে কথা বললেন, এনিয়ে যদি সেমিনার হয়, বিতর্ক যদি হয়, তাহলে মার্কসবাদিরা কি ভুল করেছিলেন, কংগ্রেসিরা কি ভুল করেছিলেন সেইসব উঠতে পারে। কিন্তু আপনি যা বললেন, জওহরলাল নেহেরু কি বলেছিলেন, বা নেতাজী সম্পর্কে কমিউনিস্টরা কি বলেছিলেন, এইসব কি অ্যাসেম্বলিতে বলা যায়? সেটা নিয়ে সেমিনার যখন হবে তখন বুঝতে পারবেন। আমাদের অবস্থানটা কোথায়, আমরা ভুল করেছিলাম কিনা বুঝতে পারবেন। কংগ্রেসও বলবে নেতাজী কেন কংগ্রেস ছেড়ে চলে গেছিল, সেই উত্তর তাদের দিতে হবে। আমি শুধু বলেছি যে, গান্ধীজি সম্পর্কে বা নেতাজী সম্পর্কে কোনও অসম্মানকর মূল্যবোধহীন কোনও আলোচনা করা উচিত নয়।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** স্যার, অন এ পয়েন্ট অফ প্রিভিলেজ...

**মিঃ স্পিকার :** না, হবে না, বসুন।

**শ্রী মহম্মদ হান্নান :** স্যার, আমি আপনার মাধ্যমে আমার অতিরিক্ত প্রশ্ন যে, আপনি একটু আগেই বললেন যে, রচনাবলী প্রকাশ সম্ভব হবে না তবে কিছু একটা করব, আমার প্রশ্ন হচ্ছে যে, সমস্ত রচনাবলী কবে নাগাদ প্রকাশ করতে পারবেন বলে মনে হয়?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আমি বলেছি চেষ্টা চালিয়ে সমস্ত রচনাবলী সম্পর্কে আমরা ১৯৭৮ সালে ততকালিন উচ্চশিক্ষামন্ত্রী থাকাকালিন এই উদ্যোগ নিয়েছিলাম। তারপরে আমরা আর পারিনি, আরও দু একটা উদ্যোগ নিয়েছিলাম। তবে শতবর্ষ যখন আসছে তখন এই উদ্যোগ নেব এবং এটাই হচ্ছে আমাদের চেষ্টা।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী জানাবেন কি, ১৯৯৫ সালে উচ্চশিক্ষামন্ত্রী বললেন যে রচনাবলি প্রকাশ করবেন, আপনি বললেন যে নেতাজী রিসার্চ ব্যুরো অনুমোদন দিচ্ছে না। আমি বলব মাননীয় শিশিরবাবু তো কংগ্রেসের প্রতিনিধি এক সময়ে ছিলেন, এবং এই কংগ্রেসিরা নেতাজী সম্পর্কে রচনাবলি প্রকাশ করতে নানারকম বাধা এবং জটিলতার সৃষ্টি করেছেন। তারা এখনো পর্যন্ত নেতাজী কোথায় আছেন প্রকাশ করতে পারলেন না, তদন্ত করলেন, নানারকম ভাঁওতা দিয়ে নেতাজী জন্মশতবর্ষ আসার ফলে কোথায় মারা গেছেন সঠিকভাবে বলছেন না। সেই কারণে, আমি বলতে চাই যে, প্রকৃত নেতাজীর তথ্য, নেতাজীর যে ইতিহাসের সংগ্রাম, আজাদ হিন্দ ফৌজের সংগ্রাম, সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রাম, ভারতবর্ষে জাতিয়তাবাদের জন্য সংগ্রাম, সাম্প্রদায়িক সম্প্রীতির জন্য সংগ্রাম করেছিলেন, সেই সম্পর্কে অন্তত তথ্যমন্ত্রী হিসাবে আপনি একটি ইতিহাস রচনা প্রকাশ করবেন এটাই আমরা আশা করি।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য পঙ্কজ বাবু কিছু বলতে চাইছিলেন সেই প্রসঙ্গে বলছি যে, নির্দিষ্টভাবে যদি জানান যে কার লেখা, কোন দলিল আছে যদি বলেন তাহলে আমি উত্তর দেব।

## HAJ HOUSE

*587. (Admitted Question No. *1085) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Home (Haj) Department be pleased to state—

(a) the total expenditure incurred on construction of BAITUL HAJJAJ/the HAJ HOUSE in Calcutta;

(b) the amount collected from the Pilgrims for the Haj House;

(c) the contribution received from the Central Haj Committee;

(d) the assistance extended by the Government of West Bengal; and

(e) the financial assistance/contribution received from other sources for the Haj House?

**The Minister-in-charge of Home (Haj) Department :**

(a) The total expenditure so far incurred on construction of Haj House at Calcutta is Rs.82,02,689.00 (Rupees Eighty two lacs two thousand six hundred eighty nine) only.

(b) The amount collected so far from the pilgrims for the construction of Haj House at Calcutta is Rs.50,06,376.00 (Rupees fifty lakhs six thousand three hundred seventy six) only.

An amount of Rs.1,96,313.00 (Rupees one lakh ninety six thousand three hundred thirteen) only has been received from IC-410 an S.B. Account operating in the name of State Haj Committee, West Bengal, in State Bank of India, Calcutta Main Branch.

(c) Central Haj Committee, Bombay have contributed Rs.30,00,000/- (Ruppes thirty lakhs) only in three instalments of Rs.10 lakhs each.

(d) Calcutta Municipal Corporation has allotted a plot of land measuring 15 cottahs at 26B, Dilkusha Street, Calcutta-17 on a lease of 51 (fifty one) years to the State Haj Committee, West Bengal, for construction of Haj House at Calcutta on a nominal rent.

(Detailed information in this regard is enclosed in the supplementary).

(e) No financial assistance/contribution from any other source has been received for the construction of HAJ HOUSE at CALCUTTA.

**শ্রী সুলতান আহমেদ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি বললেন ৮২ লক্ষ টাকা খরচা হয়েছে। যারা হজ করতে যান তারা ডোনেশন হিসেবে বা চাঁদা হিসেবে ৫০ লক্ষ টাকা দিয়েছেন, পশ্চিমবঙ্গ সরকারের কোনও কনট্রিবিউশন নেই। সেন্ট্রাল হজ কমিটি ৩০ লক্ষ টাকা দিয়েছেন। ৮২ লক্ষ টাকা খরচা করে বিল্ডিং, কনস্ট্রাকশন যা কিছু করা হয়েছে সেটা কি টেন্ডার ডেকে করা হয়েছে না কি পি.ডাব্লু.ডি. কে দিয়ে করানো হয়েছে, এটা মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন?

**শ্রী মহম্মদ আমিন ঃ** এটা স্টেট হজ কমিটির সুপারিশ অনুযায়ী হয়েছে। ডিটেইলস টা আমার এখানে নেই।

**শ্রী সুলতান আহমেদ ঃ** এই যে বাড়িটা হয়েছে, বা এত টাকা খরচ হয়েছে, সেটা কি করে হয়েছে, কি করে পেমেন্ট হয়েছে, সেটা জানাবেন কি? কোন ব্যক্তিকে কি দিয়েছেন, যেমন ওয়াকফ বোর্ডে হয়েছে?

**শ্রী মহম্মদ আমিন ঃ** একটা নোটিশ দেবেন, আমি ডিটেইলস দিয়ে দেব।

**শ্রী সুলতান আহমেদ ঃ** একটা অ্যাকাউন্ট সম্বন্ধে বলছি, আই.সি. ৪১০। আপনি বলেছেন, রিসিভড ফ্রম অ্যাকাউন্ট নং আই.সি. ৪১০ - ১,৯৬,৩১৩ টাকা। কি করে এই টাকাটা জমা হল, কোথা থেকে এল?

**শ্রী মহম্মদ আমিন ঃ** স্টেট হজ কমিটিকে বছরে বছরে এক লক্ষ, দেড় লক্ষ, দু লক্ষ, আড়াই লক্ষ টাকা গ্রান্ট দেওয়া হয়। এটা ব্যাঙ্ক অ্যাকাউন্টে জমা থাকে এবং হজ কমিটিকে সমস্ত খরচ দেওয়া হয়।

**শ্রী সুলতান আহমেদ ঃ** ক্যালকাটা কর্পোরেশান ৫১ ইয়ারস লিজ দিয়েছে। মুখ্যমন্ত্রী যখন হজ হাউস ওপেন করতে গিয়েছিলেন, বলেছিলেন এটা বাড়াবার জন্য। ৫১ ইয়ারস লিজ সেটা ১০ বছর আগেই হয়েছে। হাজি-রা পয়সা দিয়ে দিয়েছে, সরকার দেয় নি। হাজি-রা জিজ্ঞেস করছে, এই লিজের সময়টা কি বাড়ানো হবে?

**শ্রী মহম্মদ আমিন ঃ** এক লক্ষ ছিয়ানব্বই হাজার টাকা দিয়েছে রাজ্য সরকার। এটা রাজ্য সরকারের টাকা। কাজেই, সরকার যে দেয় নি, এটা ঠিক নয়। স্টেট হজ কমিটির নামে সেই টাকা জমা আছে, সেটা সরকারি টাকা, সেখান থেকেই স্টেট হজ কমিটি। আর, লিজ যেটা বলছেন, সেটা আমি দেখব।

**শ্রী সুলতান আহমেদ ঃ** ১ লক্ষ ৯৬ হাজার টাকাটা রাজ্য সরকারের নয়, এটা খোঁজ নিয়ে দেখবেন। যে হাজি-রা হজ করতে যায় না, তাদের সেই টাকাটা জমা পড়ে। যেখানে ৮২ লক্ষ টাকা খরচ হয়, সেখানে রাজ্য সরকার ২ লক্ষ টাকা দেবে না? এটা একটু হোম-ওয়ার্ক করে আসুন। একটা উত্তরে আছে, রাজ্য সরকারের কি কনট্রিবিউশন। সেখানে কর্পোরেশনে জমা দেখাচ্ছেন, আবার বলছেন ১ লক্ষ ৯৬ হাজার টাকা রাজ্য সরকার দিয়েছে। আপনি একটু কনফিউজড হয়ে যাচ্ছেন।

**শ্রী মহম্মদ আমিন ঃ** রাজ্য সরকার যে টাকা দিয়েছে, তার একটা হিসাব আছে। সেটা যদি জানতে চান, একটু সময় লাগবে।

**শ্রী সুলতান আহমেদ ঃ** প্রশ্নটা পরিষ্কার ছিল সেন্ট্রাল কত দিচ্ছে, স্টেট গভর্নমেন্ট কত দিচ্ছে, আর হাজিদের কনট্রিবিউশন কত? তারপর, একটা সেশন শেষ হয়ে যাচ্ছে, কবেই বা প্রশ্ন করব, আর কবেই বা উত্তর পাব। স্পিকার স্যার, আপনার প্রটেকশন চাই। একটা চার্ট করে দিন।

**শ্রী মহম্মদ আমিন ঃ** হিসেবটা এই ৯০-৯১ সালে ১ লক্ষ ৫০ হাজার টাকা ৯২-৯৩ সালে ১ লক্ষ ৫০ হাজার, ৯৩-৯৪ সালে ১ লক্ষ ৫০ হাজার টাকা, ৯৪-৯৫ সালে একবার ২ লক্ষ টাকা দেওয়া হয়েছে, আর একবার ৫০ হাজার টাকা; ৯৫-৯৬ সালে একবার ১ লক্ষ ১৫ হাজার টাকা, আর একবার ৮৫ হাজার টাকা, মোট ২ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

**শ্রী সুলতান আহমেদ ঃ** হজ কমিটি দিয়েছে বিল্ডিং কনস্ট্রাকশনের জন্য, টেন্ডার কে পেয়েছে আপনি জানেন না। ৮২ লক্ষ টাকা কিভাবে কি বাবদে খরচ হয়েছে, আপনি জানেন না, আবার বলছেন রাজ্য সরকার ২ লক্ষ টাকা দিয়েছে। হাজি-রা পশ্চিমবঙ্গে ৫০ লক্ষ টাকা কনট্রিবিউশন করেছে, সেখানে রাজ্য সরকারের কোনও কনট্রিবিউশন নেই। টেন্ডার কি করে হল, কি করে খরচ হল, সেটাও জানাতে পারছেন না।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** এই হজ হাউসে কত জন হাজি-র একসঙ্গে থাকার ব্যবস্থা আছে, দয়া করে জানাবেন কি?

**শ্রী মহম্মদ আমিন ঃ** হজ হাউসে বর্তমানে ৫০০ লোক একসঙ্গে থাকতে পারেন। এর ফলে একটু অসুবিধা হচ্ছে, আর একটা হজ হাউস কনস্ট্রাকশনের প্রস্তাব আমাদের বিবেচনাধীন রয়েছে।

[11-40 — 11-50 A.M.]

**শ্রী মুরসোলিন মোল্লা ঃ** হজ-যাত্রিদের যে টাকা জমা রাখতে হয় সেটা ফেরত-যোগ্য কিনা?

**শ্রী মহঃ আমিন ঃ** হ্যাঁ, ফেরত দিয়ে দেওয়া হয়।

**শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, জল-জাহাজে হজ-যাত্রা বন্ধ হয়ে গেছে। এটা এক সময় বোম্বে হয়ে যেতে হত। আমরা যতদূর জানি বোম্বেতে হজ-যাত্রিরা খুব কষ্ট করে থাকত। তাই আমার প্রশ্ন, বোম্বেতে হজ-ভবন করার কোনও পরিকল্পনা আছে কিনা?

**শ্রী মহঃ আমিন ঃ** জল-জাহাজ দুটো অচল হয়ে যায়। তারপর আর তাতে ইনভেস্ট করা যুক্তি-যুক্ত ছিলনা বলে ভারত সরকার এটা পরিবর্তন করে এরোপ্লেনে হজ-যাত্রিদের পাঠানোর ব্যবস্থা করেন। বোম্বে, মাদ্রাজ, দিল্লি, কলকাতা-র যাত্রিরা সরাসরি হজ করতে যেতে পারছেন। এই ব্যবস্থাটাই বেটার বলে মনে হয়েছে।

**শ্রী আকবরআলি খন্দকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, হজের জন্য যে বাড়ি তৈরি হচ্ছে সেখানে হামিদুল হুদা বলে কোনও কন্ট্রাক্টর জড়িত আছেন কিনা?

**শ্রী মহঃ আমিন ঃ** সেটা আমার জানা নেই।

**শ্রী ইউনুস সরকার ঃ** আমাদের রাজ্য থেকে যারা হজ করতে যান তাদের জন্য ব্যবস্থাপনা কেমন, কিভাবে তারা থাকেন এটা দেখার জন্য একটা প্রতিনিধি দল এই বিধানসভা থেকে পাঠানো যায় কিনা?

**মিঃ স্পিকার ঃ** এটা হয়না। (নট অ্যালাউড)।

**দুগ্ধাগারে উৎপাদিত দুধের পরিমাণ**

*৫৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৫) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যের বিভিন্ন দুগ্ধাগারে গড়ে দৈনিক উৎপাদিত দুধের পরিমাণ কত;

(খ) দৈনিক কত সংখ্যক গ্রাহক পরিবারের কাছে দুধ সরবরাহ করা হয়; এবং

(গ) সরবরাহকৃত দুধের মোট পরিমাণ কত?

**শ্রী আনিসুর রহমান ঃ**

(ক) ৬ লক্ষ ৭০ হাজার লিটার।

(খ) প্রায় ১৩ লক্ষ গ্রাহক।

(গ) ৬ লক্ষ ৭০ হাজার লিটার।

**শ্রী আনিসুর রহমান ঃ** (লিখিত, পাঠিত) (সংযোজিত)।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** আপনি লিখিত উত্তরে বলেছেন, রাজ্যের বিভিন্ন দুগ্ধাগারে গড়ে দৈনিক উৎপাদিত দুধের পরিমাণ ৬ লক্ষ ৭০ হাজার লিটার। ঐ পরিমাণটা পৃথক পৃথক করে জানাবেন কি?

**শ্রী আনিসুর রহমান ঃ** এটা আমি আলাদা, আলাদা করে বলছি, সেন্ট্রাল ডেয়ারি, বেলগাছিয়া ১ লক্ষ ৫৬ হাজার লিটার। বর্ধমান স্টেট ডেয়ারি - ৬ হাজার লিটার। দুর্গাপুর স্টেট ডেয়ারি ১৬ হাজার লিটার। কৃষ্ণনগর স্টেট ডেয়ারি ৬ হাজার লিটার। হরিণঘাটা স্টেট ডেয়ারি ২০ হাজার লিটার। এছাড়া আমাদের গভর্নমেন্টের মাদার ডেয়ারি-তে ৪ লক্ষ ১৬ হাজার লিটার। ওয়েস্ট বেঙ্গল ডেয়ারি অ্যান্ড পোলট্রি কর্পোরেশনে উৎপাদন হচ্ছে ৩ হাজার লিটার। এছাড়া সমবায় করে বহরমপুর ডেয়ারি 'ভাগীরথী' ব্রান্ডে ২ হাজার ৮৯০ লিটার উৎপাদন করছে। হিমূল ডেয়ারি করছে ১৫ হাজার ৯৪০ লিটার এবং মেট্রো ডেয়ারি ২৭ হাজার ২০ লিটার পার-ডে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** আপনি খ ও গ লিখিত প্রশ্নের উত্তরে বলেছেন, দৈনিক প্রায় ১৩ লক্ষ গ্রাহক পরিবারের কাছে ৬ লক্ষ ৭০ হাজার লিটার সরবরাহ করা হয়। আমার প্রশ্ন রাজ্য সরকার হাসপাতালে যে দুধ সরবরাহ করেন তার পরিমাণ কত? কোথায় কোথায় সরবরাহ করা হয় এবং তারজন্য রাজ্য সরকারকে প্রতিদিন কত টাকা ভর্তুকি দিতে হয়?

**শ্রী আনিসুর রহমান ঃ** ভরতুকির পরিমাণ যদি জানতে চান আলাদা করে নোটিশ দিলে জানাতে পারবো। ৬ লক্ষ ৭০ হাজার লিটার দুধ ১৩ লক্ষ পরিবারের মধ্যে দেওয়া হয়, এ বাদে হাসপাতালে এবং জেলখানায় যেরকম চাহিদা থাকে সেইমত দেওয়া হয়। সরকারের এবং সরকারি পোষিত যে ডেয়ারিগুলি আছে তার উৎপাদন এবং সরবরাহের কথা বলছি, এছাড়াও ব্যক্তিগতভাবে যারা দুধ উৎপাদন করেন যারা ডেয়ারিতে অংশ নেন না তারাও দুধ সরবরাহ করেন।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** সরকার পোষিত যে দুগ্ধাগারগুলি আছে সেখানে দৈনিক যে দুধ সরবরাহ করা হয় তার জন্য চিলিং প্ল্যান্ট তৈরি করা হচ্ছে যেমন বর্ধমানের কুসুমগ্রামে তৈরি করা হয়েছে এবং তার কাঠামোকে আরও বৃদ্ধি করার চেষ্টা হচ্ছে। রাজ্য দুগ্ধাগারগুলিতে এরকম দুগ্ধ চিলিং প্ল্যান্টের মাধ্যমে যেটা সংগৃহিত হয় তার দৈনিক পরিমাণ কত?

**শ্রী আনিসুর রহমান ঃ** সরকারের ১৬টি এবং সমবায়ের ১৮টি, এদের দুধটা সাধারণভাবে প্রথমে চিলিং প্ল্যান্টে ঠান্ডা করা হয়, তারপর পাস্টুরাইজেশন হয়, তারপর প্যাকিং হয়, তারপর ডেয়ারিতে আসে এবং সরবরাহ হয়, বেশিটাই চিলিং প্ল্যান্টের মাধ্যমে হয়।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী আপনি বলছেন কৃষ্ণনগর স্টেট ডেয়ারিতে ৬ হাজার এবং হরিণঘাটা স্টেট ডেয়ারিতে ২০ হাজার লিটার দুধ উৎপাদন হয় এবং নাকাশিপাড়া

চিলিং প্ল্যান্টে দুধ সরবরাহ করা হয়, সেটাকে আপনি সমবায়ে পরিণত করতে চেয়েছেন। সেইরকম কৃষ্ণনগর স্টেট ডেয়ারি এবং হরিণঘাটা স্টেট ডেয়ারিকে সমবায় ভুক্ত করার জন্য চেষ্টা করছেন কি না?

**শ্রী আনিসুর রহমান ঃ** কৃষ্ণনগরে যে স্টেট ডেয়ারি আছে সেখানে কৃষ্ণনগর-১ সমবায়ের হাতে দেওয়ার জন্য আলোচনা করছি, কিন্তু সমস্যা কতগুলি আছে, তারমধ্যে প্রধান সমস্যা হল যে স্টাফ ছিল তাদেরকে ওরা নিতে চাইছেন না। আলোচনা করছি, কৃষ্ণনগর-১ কে বাঁচাবার চেষ্টা করছি।

**শ্রী মানিকচন্দ্র মন্ডল ঃ** মন্ত্রী মহাশয়, বীরভূম জেলায় দুগ্ধ সরবরাহের জন্য বেশকিছু সমবায় গড়ে তুলেছেন, সেগুলি থেকে প্রত্যহ কত দুগ্ধ সরবরাহ করা হয়?

**শ্রী আনিসুর রহমান ঃ** আপনি নোটিশ দিলে জানাতে পারবো।

**শ্রী সঞ্জীব দাস ঃ** আপনি বললেন রাজ্যের বিভিন্ন দুগ্ধকেন্দ্র থেকে ৬ লক্ষ ৭০ হাজার মেট্রিক টন, এটা সরকারের রেকর্ড অনুযায়ী, এছাড়াও বিভিন্ন মানুষ নিজ উদ্যোগে দুধ উৎপাদন করেন, যেমন হাওড়ার শ্যামপুর বিভিন্ন মানুষ বাড়িতে গরু, মোষ পুষে দুধ উৎপাদন করেন। আপনি ১৮টি কো-অপারেটিভ করেছেন, রাজ্যে আরও বেশি চিলিং প্ল্যান্ট বা ডেয়ারি কো-অপারেটিভ করার সরকারি উদ্যোগ নিলে গরিব মানুষ যারা দুধ উৎপাদন করেন তারা বিক্রি করতে পারবেন এবং সরকারের নির্দিষ্ট দাম পাবেন, কোনও চিলিং প্ল্যান্ট বা কো-অপারেটিভ আগামী আর্থিক বছরে করার কোনও পরিকল্পনা আছে?

**শ্রী আনিসুর রহমান ঃ** আপনি অনেকগুলি প্রশ্ন করলেন, আমি প্রথমে বলি বিশ্বস্বাস্থ্য সংস্থার ন্যূনতম চাহিদা অনুসারে পশ্চিমবঙ্গে প্রায় ৬৫ লক্ষ মেট্রিক টন দুধ দরকার, সেখানে আমাদের উৎপাদন হয় প্রায় ৩৫ লক্ষ মেট্রিক টন, তারমধ্যে ৬ লক্ষ ৭০ হাজার মেট্রিক টন সরকারি ডেয়ারিতে উৎপাদন হয়, গড়ে প্রায় ২০ লক্ষ টনের মতো হবে। বাকি দুধটা ব্যক্তিগতভাবে আসে। ১৬ থেকে ১৮ মেট্রিক লক্ষ টন সেটা চিলিং প্ল্যান্টের। সমবায়ের কথা হচ্ছে, নিচে যে প্রোডিউসার সোসাইটি বা উৎপাদক সমিতি ১৫৫০টির মতো আছে। আমরা একটা পরিকল্পনা করেছি আগামী দিনে আমরা প্রত্যেক জেলায় গ্রাম পঞ্চায়েত স্তরে একটি সোসাইটি করা যায় কি না উৎপাদন বাড়ানোর জন্য সেই মতো আমরা পরিকল্পনা নিচ্ছি। আজ থেকে শুরু হচ্ছে কেন্দ্রীয় কর্মশালা হচ্ছে কল্যাণীতে, সারা পশ্চিমবঙ্গের সর্ভাধিপতিরা থাকবেন, কি ভাবে দুধের পরিমাণ বাড়াতে পারি এবং প্রধানত সোসাইটি অ্যাপ্রোচ নিয়ে আমরা সেগুলি চেষ্টা করছি।

[11-50 — 12-00 Noon.]

**শ্রী হাফিজ আলম সৈরানি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, গোটা উত্তরবঙ্গের কেবল মাত্র দার্জিলিং জেলায় একটা ডেয়ারি আছে। আর কোথাও নেই। সুতরাং আপনি উত্তরবঙ্গের অন্যান্য জেলাগুলিতেও ডেয়ারি স্থাপনের কোনও পরিকল্পনা গ্রহণ করবেন কি?

**শ্রী আনিসুর রহমান ঃ** উত্তরবঙ্গের দার্জিলিং-এ আমাদের একটা বড় সমবায় ডেয়ারি আছে, যার উৎপাদন ক্ষমতা দৈনিক ১ লক্ষ লিটার। সেটার নাম 'হিমুল'। এ ছাড়া কুচবিহারে

আমরা নতুন ডেয়ারি করছি, যার উৎপাদন ক্ষমতা হবে ১০,০০০ লিটার পার ডে। সেটার নির্মাণ কার্য চলছে, অল্প দিনের মধ্যেই সে কাজ শেষ হবে। উত্তরবঙ্গে চারটেরও বেশি চিলিং প্ল্যান্ট আছে। সেগুলিতেও দুধ সংগ্রহ করা হচ্ছে। পাহাড়ে প্রচুর দুধ উৎপাদন হয়, কিন্তু তা সংগ্রহ করা এবং সরবরাহ করায় বিশেষ অসুবিধা আছে। মূলত পরিবহনের অসুবিধা। তবে এই সমস্যার সমাধানের জন্য আমরা উদ্যোগ গ্রহণ করছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, কৃষ্ণনগরের সরকারি দুগ্ধাগারটি বহুদিনের পুরনো। সেটাকে বর্তমানে আপনারা সমবায় প্রতিষ্ঠানের হাতে তুলে দিতে চাইছেন, এর কারণ কি? সরকারি পরিচালনায় ওখানে কি লোকসান হচ্ছে? রাজ্যে যে মোট ১৮টি দুগ্ধ উৎপাদক সমবায় প্রতিষ্ঠান আছে তারা লাভে চলছে, না লোকসানে চলছে?

**শ্রী আনিসুর রহমান ঃ** এই বিষয়টা লাভ লোকসান দিয়ে বিচার করা হয় না। কম দামে মানুষকে দুধ খাওয়াতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ এবং সে অনুযায়ী আমাদের বিভিন্ন পরিকল্পনা গৃহীত হচ্ছে এবং রূপায়িত হচ্ছে। আমাদের পশ্চিমবঙ্গে বিভিন্ন বেসরকারি সংস্থা ব্যক্তিগত মালিকানাধীন সংস্থা দুধ বিক্রি করে, কিন্তু তাদের চেয়ে আমাদের সরকারের দুধের দাম অনেক কম। পৃথিবীর খবর আমি জানিনা, কিন্তু ভারতবর্ষের কোথাও, আমাদের এখানে ছাড়া, মাত্র ৫ টাকা লিটার দরে দুধ পাওয়া যায়না। সুতরাং এটা লাভ-লোকসান দিয়ে বিচার হয় না। আমাদের এই বাবদ ৬৩ কোটি টাকা ভরতুকি দিতে হয়। কৃষ্ণনগর ডেয়ারি নিঃসন্দেহে দীর্ঘদিনের পুরনো ডেয়ারি। সেখানেও লাভ-লোকসানের কোনও ব্যাপার নেই। পশ্চিমবঙ্গ সহ সারা ভারতবর্ষে সমবায় ভিত্তিতে দুধ উৎপাদনের পরিকল্পনা চালু হয়েছে। কেন্দ্রীয় সরকার অপারেশন ফ্ল্যাডে স্টেট লেভেলে সমবায় গঠন করার ওপর জোর দিয়েছেন। সে অনুযায়ী জেলায় জেলায় অ্যাপেক্স বডি গঠন করা হচ্ছে। এর প্রধান উদ্দেশ্য দুগ্ধ উৎপাদক কৃষকদের সাহায্য করা। ঐ নীতির পরিপূরক হিসাবে ওয়েস্ট বেঙ্গল মিল্ক ফেডারেশন-এর মাধ্যমে আমরা কাজ করার চেষ্টা করছি।

**শ্রীমতী সাধনা মল্লিক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বর্ধমান জেলার 'বর্ধমান ডেয়ারিতে' দৈনিক ৬ হাজার লিটার দুধ উৎপাদন হচ্ছে এবং 'দুর্গাপুর ডেয়ারি'তে দৈনিক ১৬ হাজার লিটার দুধ উৎপাদন হচ্ছে। এরপরে সরকারের গোটা বর্ধমান জেলায় দুধের উৎপাদন আরও বাড়াবার জন্য কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী আনিসুর রহমান ঃ** বর্ধমান এবং দুর্গাপুর সহ সমগ্র বর্ধমান জেলায় দুধের উৎপাদন বাড়াবার জন্য সমবায় ভিত্তিতে আরও কয়েকটি ডেয়ারি করার পরিকল্পনা আমাদের ভাবনা চিন্তার মধ্যে আছে।

### নতুন থানা গঠনের প্রকল্প

*৫৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৯১৪) **শ্রী অশোককুমার দেব ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বজবজ ও মহেশতলা থানা এলাকা পুনর্গঠিত করে তৃতীয় একটি নতুন থানা করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, তার রূপরেখা কিরূপ?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী অশোককুমার দেব ঃ** আমার জেলা মহেশতলা হচ্ছে বিরাট এলাকা। একটা প্রান্ত থেকে থানায় আসতে দুই থেকে আড়াই ঘন্টা লাগে। সেইজন্য আমি নতুন থানার দাবি জানিয়েছি। অথচ মাননীয় মন্ত্রী মহাশয় উত্তরে বললেন, না। থানা যদি না হয়, তাহলে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, ওখানে পুলিশ ফাঁড়ি এবং আউট-পোস্টের ব্যবস্থা করা যায় কিনা? এটা করলে এলাকার মানুষ শান্তি পেতে পারেন এবং তাদের পক্ষে সুবিধা হতে পারে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য এ ব্যাপারে আমার সঙ্গে কথা বলেছেন। আমি বর্তমান অবস্থাটা বলছি। বজবজ থানার অধীনে এবং মহেশতলা থানার অধীনে লুঙ্গীতে ইতিমধ্যেই দুটি আউটপোস্ট আছে। বজবজ থানা আছে, মহেশতলা থানা আছে। দুটি থানার আন্ডারে দুটি আউটপোস্ট ইতিমধ্যেই আছে। সম্প্রতি জিঞ্জিরা বাজারে আই.সি. করা হয়েছে টেম্পোরারি, এটাকে স্থায়ী করা হচ্ছে। জিঞ্জিরা বাজার আই.সিকে আরও স্ট্রেনদেন করা যায় কিনা সে ব্যাপারে চেষ্টা করবো।

**শ্রী অশোককুমার দেব ঃ** চটা, আসুতি (১) এবং আসুতি (২)তে, এই ৩টি জায়গায় ফাঁড়ি এবং আউট-পোস্ট যদি করা যায় তাহলে এলাকার মানুষের অনেক উপকার হয়। কারণ দিনের পর দিন প্রচন্ড গোলমাল বেড়ে যাচ্ছে। পুলিশকে এক জায়গা থেকে অন্য জায়গায় যেতে অনেক সময় লেগে যাচ্ছে।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** প্রয়োজনটা অস্বীকার করছি না। যদি আপাতত জিঞ্জিরা বাজারের আই.সিকে স্ট্রেনদেন করে কাজ হয় তাহলে এ বছর করে দিতে পারবো। কিন্তু সম্পূর্ণ থানা যদি করতে বলেন তাহলে আমাকে ভাবতে হবে। কারণ সারা রাজ্যে এতগুলি প্রস্তাব আছে। সুতরাং প্রাওরিটির ব্যাপার আছে। এখন জিঞ্জিরা বাজারে যদি রাজি হন তাহলে এ বছর করে দিতে পারবো। সম্পূর্ণ নতুন থানা যদি অন্য জায়গায় করতে চান তাহলে এই মুহূর্তে বলতে পারছি না, সময় দিতে হবে।

**শ্রী অশোককুমার দেব ঃ** আউটপোস্ট কিংবা পুলিশ ফাঁড়ি করলে কি খরচ কম হবে?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** আউট-পোস্ট বা ফাঁড়ি একই কথা। আউটপোস্ট দুটি এখানে অলরেডি আছে আর জিঞ্জিরা বাজারে আই.সি আছে। আমি আই.সিকে স্ট্রেনদেন করতে চাচ্ছি লোক বাড়িয়ে। এতে যদি খুশি হন তাহলে করে দিতে পারবো।

**শ্রী অশোককুমার দেব ঃ** তবে তাই করুন।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** জিঞ্জিরা বাজারে যদি রাজি থাকেন তাহলে সেখানে হবে।

**শ্রী সুভাষ নস্কর ঃ** থানা পুনর্গঠনে কিছু প্রশ্ন এসে গেছে। অনেক জায়গায় ইদানিং নতুন মহকুমার জন্য কাজকর্ম বৃদ্ধি পেয়েছে। এই ধরনের ক্যানিং মহকুমার দুটি ব্লকে ১টি থানা আছে। আমার প্রশ্ন হল, ব্লকভিত্তিক ১টি থানা করার প্রস্তাব আছে কিনা?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** নতুন করে মহকুমা হওয়ার পর সেই মহকুমার সঙ্গে এই প্রস্তাবগুলি আছে। সেখানে সাব-ডিভিশনে এস.ডি.পি.ও হবে, অনেক জায়গায় এস.ডি.পি.ওর পোস্টিং হয়নি। সেখানে থানার কিছু পুনর্বিন্যাস হবে। এইসব প্রোগ্রামগুলি আছে। এখন কতগুলি থানা করা যায় সেটা আর্থিক সঙ্গতির উপর নির্ভর করে। এক বছরে সব হবে না, আস্তে-আস্তে হবে।

**শ্রী অজয় দে ঃ** আপনি বললেন অনেক প্রস্তাব আছে থানাগুলি পুনর্গঠন করার ক্ষেত্রে। আমি জানতে চাইছি, হোয়াট ইজ দি ক্রাইটেরিয়া? পপুলেশন, নাকি এরিয়া, নাকি নাম্বার অফ গ্রাম পঞ্চায়েত, কিসের উপর বেস করে পুনর্গঠন করেন?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মূলত বেস করে জনসংখ্যার উপর। জনসংখ্যার ব্যাপার আছে। এ ছাড়া ইন্ডাস্ট্রিয়াল এরিয়ার ব্যাপার আছে। যেখানে আরবানাইজেশন বেশি হচ্ছে সেগুলিও নজর রাখতে হয়। এছাড়া ভাইটাল ইন্সটলেশন যেমন, ব্রিজ, ন্যাশনাল হাইওয়ে, বড় বড় ইন্ডাস্ট্রিয়াল ইউনিটস এইসবগুলি দেখে করতে হয়। তবে বেসিক ক্রাইটেরিয়া হচ্ছে পপুলেশন।

[12-00 — 12-10 P.M.]

**শ্রী পরেশ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে জানতে চাইছি মন্ত্রী মহাশয়ের কাছে, সাগরদীঘি থানার গৌরীপুরে দীর্ঘদিন ধরে একটা আউট পোস্ট করার দাবি জানানো হয়েছে, সেটা করা যাবে কি না?

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** এইরকম ভাবে বলা যায় না, আপনি নোটিশ দেবেন, আমি জানিয়ে দেব।

## Starred Questions

## (to which written answers were laid on the Table)

### গভীর নলকূপ ও নদী জলোত্তলন প্রকল্প

*৫৯০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৬০) **শ্রী মনোরঞ্জন পাত্র ঃ** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় গভীর নলকূপ ও নদী জলোত্তলন প্রকল্পের সংখ্যা কত; এবং

(খ) অকেজো হয়ে পড়ার সংখ্যা কত (আলাদাভাবে)?

**জল সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৬ সালের ৩১শে মার্চের হিসাব অনুসারে বাঁকুড়া জেলায় জল সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের অন্তর্গত ৪৮টি উচ্চ ক্ষমতা সম্পন্ন, ৪০টি মাঝারি ক্ষমতা সম্পন্ন, ১৪৯টি নিম্ন ক্ষমতা সম্পন্ন গভীর নলকূপ ও ১৮৯টি নদী

জলোত্তলন প্রকল্প আছে।

(খ) উপরিউক্ত প্রকল্পগুলির মধ্যে ১টি উচ্চক্ষমতা সম্পন্ন, ৬টি মাঝারি ক্ষমতা সম্পন্ন, ৭টি নিম্ন ক্ষমতা সম্পন্ন গভীর নলকূপ এবং ১১টি নদী জলোত্তলন প্রকল্প বন্ধ আছে।

**প্রতিবন্ধী**

*৫৯১। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৩৫) **শ্রী মৃণালকান্তি রায় :** সমাজ-কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে প্রতিবন্ধীর সংখ্যা কত; এবং

(খ) দুঃস্থ প্রতিবন্ধীদের কতজনকে সরকারি ভাতা দেওয়া হয়েছে?

**সমাজ-কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) সঠিক সংখ্যা নির্ধারণ হয়নি। তবে কেন্দ্রীয় সরকারের 'মিনিস্ট্রি অব ওয়েলফেয়ার' এর নমুনা সমীক্ষা অনুসারে ভারতবর্ষের প্রতিবন্ধী সংখ্যা মোট জন সংখ্যার ৩ (তিন) শতাংশেরও বেশি।

(খ) ১৯৯৫-৯৬ আর্থিক বছরে রাজ্যে ৬৭৩৭ জন প্রতিবন্ধীকে অক্ষম ভাতা দেওয়া হয়েছে।

**লোক সংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র**

*৫৯২। (অনুমোদিত প্রশ্ন নং *২০৩২) **শ্রীমতী দেবলীনা হেমব্রম :** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বাঁকুড়া জেলার খাতড়াতে লোক সংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র গড়ে তোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ কেন্দ্রটি চালু হবে বলে আশা করা যায়?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) আপাতত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**খাটাল উচ্ছেদ**

*৫৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২০) **শ্রী মোজাম্মেল হক ও শ্রী বিশ্বনাথ মন্ডল :** প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্য যে, কলকাতা শহরের সমস্ত খাটাল উচ্ছেদের কাজ শেষ হয়ে গেছে; এবং

(খ) সত্যি হলে, উচ্ছেদ হওয়া খাটালের সংখ্যা কত?

**প্রাণী সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**সরকারি কাজে বাংলা ভাষা**

*৫৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *২১০৫) **শ্রী শক্তিপদ খাঁড়া ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সরকারি কাজে বাংলা ভাষা ব্যবহারের পরিকল্পনাটি বর্তমানে কোন পর্যায়ে আছে; এবং

(খ) পরিকল্পনাটির কবে নাগাদ পূর্ণ রূপায়ণ সম্ভব হবে বলে আশা করা যায়?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ ব্যাপারে পরিষ্কার সরকারি সিদ্ধান্ত থাকলেও পরিকল্পনাটি এখনও পুরোপুরি রূপায়িত হয়নি।

(খ) এখনই বলা যাবে না, তবে অগ্রগতি হচ্ছে।

**আলুর মূল্য নিয়ন্ত্রণ**

*৫৯৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪) **শ্রী আব্দুল মান্নান ঃ** কৃষি (কৃষি বিপণন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে আলুর মূল্য নিয়ন্ত্রণে কোল্ড স্টোরেজগুলির উপর সরকারি নিয়ন্ত্রণ কঠোর করার কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) রাজ্য সরকার আলু চাষিদের কাছ থেকে আলু কিনে মজুত করে রাখার কোনও ব্যবস্থা গ্রহণ করেছে কি না?

**কৃষি (কৃষি বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আলুর মূল্য নিয়ন্ত্রণে পশ্চিমবঙ্গ (লাইসেন্স এবং নিয়ন্ত্রণ) আইন ১৯৬৬ এবং পরবর্তী সংশোধন সমূহে কোনও ব্যবহার উল্লেখ নেই। তবে এ ব্যাপারটি বিবেচনাধীন রয়েছে।

(খ) রাজ্য সরকার এবছর আলু কিনে মজুত রাখার কোনও ব্যবস্থা গ্রহণ করেন নি।

**Unstarred Questions**

**(to which written answers were laid on the Table)**

**Digging Old Canals at Baruipur**

133. (Admitted Question No. 155) **Shri Sobhan Deb Chattopadhyay :**

Will the Minister-in-charge of the Panchayat and rural Development Department be pleased to state—

(a) the amount spent for digging old Canals in the year of 1994-95 and 1995-96 by Baruipur Panchayat Samity in South 24-Parganas; and

(b) the total amount estimated to be spent for the purpose in the Baruipur Panchayat Samity area?

**Minister-in-charge of Panchayats & Rural Development :**

(a) Amount spent for the purpose in the year 1994-95 is Rs.3,43,125/- and the same in the year 1995-96 is Rs.11,17,169/- only.

(b) The total amount of money that will be required for completion of resuscitation of the concerned derelict canals within Baruipur Panchayat Samiti area has been estimated at Rs.81,09,132/- only.

**আইনজীবির বাড়িতে হামলা**

১৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০) **শ্রী অজয় দে ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ১৯শে মে, ১৯৯৬ কলকাতা শকুন্তলা পার্ক এলাকার জনৈক আইনজীবির বাড়িতে কোনও হামলার ঘটনার কথা সরকার জানেন কি না; এবং

(খ) উক্ত ঘটনা সম্পর্কে থানায় অভিযোগ করা হয়ে থাকলে কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রে ক্যাজুয়াল লেবার নিয়োগ**

১৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫১৯) **শ্রী সুনীতি চট্টরাজ ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রে কোনও ক্যাজুয়াল লেবার নিয়োগ করা হয়েছে কি না; এবং

(খ) নিয়োগ করা হয়ে থাকলে কতজন এবং কি পদ্ধতিতে নিয়োগ হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রে ক্যাজুয়াল লেবার নিয়োগ করা হয়েছে।

(খ) উক্ত কেন্দ্রে এ যাবৎ ২৯ (উনত্রিশ) জন ক্যাজুয়াল লেবার নিয়োগ করা হয়েছে।

(১) ই.ই.সি.এল-এর গেস্ট হাউসটি বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের প্রয়োজনে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ উন্নয়ন নিগম লিঃ কিনে নেওয়ার সময় উক্ত গেস্ট হাউসে আগে থেকে কর্মরত ৩ (তিন) জন ক্যাজুয়াল লেবারকে নিয়ে নিতে হয়।

(২) ১(এক) জনকে কোলাঘাট তাপবিদ্যুৎ কেন্দ্র থেকে আনা হয়। কারণ কোলাঘাট কেন্দ্রের স্টোরে কাজ করার অভিজ্ঞতা থাকায় তাকে বক্রেশ্বরে অনুরূপ কাজে ব্যবহার করার প্রয়োজন হয়।

(৩) ১৬ (ষোল) জনকে নেওয়া হয় বিভিন্ন কো-অপারেটিভ-এর কাছ থেকে টেন্ডার আহ্বান করে। উক্ত ষোল জন বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের জন্য অধিগৃহিত জমির ভূমিহারা, বর্গাদার, পাট্টাদার শ্রেণীভুক্ত।

(৪) ৯ (নয়) জনকে নেওয়া হয় বীরভূম জেলা পরিষদের মাধ্যমে এবং বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের পরিকাঠামো তৈরির কাজে প্রথমে যারা কাজ করেছিলেন তাদের মধ্য থেকেই এরা এসেছেন।

(৫) উপরেবর্ণিত ২৯ জন ক্যাজুয়াল লেবারের নিয়োগ ছাড়াও আরও ১ (এক) জন ক্যাজুয়াল টাইপিস্ট-ক্লার্ক বক্রেশ্বর তাপবিদ্যুৎ কেন্দ্রের সাইট অফিসে নিয়োগ করা হয়েছে।

### মালদহ জেলায় এন.বি.এস.টি.সির ডিপো

১৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫৪) **শ্রী মহবুবুল হক ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মালদহ জেলার চাঁচোল থানার কালিগ্রাম গ্রামে এন.বি.এস.টি.সি.-র স্থায়ী ডিপো নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা রূপায়িত হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পরিকল্পনা আছে।

(খ) কাজ শুরু হয়েছে। যথাশীঘ্র সম্ভব শেষ করার চেষ্টা চালানো হচ্ছে।

### গোঘাটে পশু হাসপাতাল নির্মাণ

১৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭১) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) গোঘাটে ২ নং ব্লকে পশু হাসপাতাল নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**প্রাণীসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আপাতত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**কৃষ্ণনগরে শিশুবিকাশ প্রকল্প**

১৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬৪) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নদীয়া জেলার কৃষ্ণনগর-১ নং ব্লকের শিশুবিকাশ প্রকল্পটি বন্ধ আছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত প্রকল্পটি পুনরায় চালু করার কোন পরিকল্পনা সরকার গ্রহণ করছে কি না?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না। প্রকল্পটি ১৯৯০-৯১ সালের। এখনও চালু করা যায় নি।

(খ) প্রকল্পটি চালু করার জন্য সরকার সব সময়ই আন্তরিকভাবে সচেষ্ট।

**কোচবিহার জেলার সেচের উন্নতিকরণ**

১৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ১০৯৭) **ডাঃ মোঃ ফজলে হক ঃ** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কোচবিহার জেলায় কৃষি উন্নয়নে সেচের ব্যবস্থা অতি নগন্য; এবং

(খ) সত্যি হলে,

(১) উক্ত জেলায় রিভার লিফট ইরিগেশন, গভীর নলকূপ ও শ্যালো টিউবওয়েলের সংখ্যা কত;

(২) কোন কোন গ্রাম পঞ্চায়েত এলাকায় রিভার লিফট নেই; এবং

(৩) সেচের উন্নতির জন্যে উক্ত এলাকায় সরকার কি কি পরিকল্পনা গ্রহণ করেছে?

**জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সত্যি নয়। তবে এই জেলায় সেচ ব্যবস্থা সম্প্রসারণের আরও অনেক সুযোগ আছে।

(খ) (১) ১৯৯৫-৯৬ সালের মার্চ মাস পর্যন্ত কোচবিহার জেলায় জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের অন্তর্গত বিভিন্ন ধরনের ক্ষুদ্র সেচ প্রকল্পের বিবরণ ও তার সংখ্যা নিচে দেখান হল।

| | | |
|---|---|---|
| গভীর নলকূপ | .. | ৫৬টি |
| অগভীর নলকূপ | .. | ৩১০টি |
| আর.এল.আই. | .. | ১০৮টি |

(২) কোচবিহার জেলায় বিভিন্ন ব্লকের অন্তর্গত যে সমস্ত আর.এল.আই. প্রকল্প আছে তার পরিসংখ্যান একটি আলাদা সারণীতে সংযুক্ত করা হল।

(৩) এ ছাড়া আরও ১৩টি গভীর ও ১,০৯৮টি প্রোথিত নলকূপ ও ৩টি আর.এল.আই. প্রকল্পে আনুষঙ্গিক কাজ চলছে। এই বিভাগ অতিরিক্ত ১,০৪,০০০ হেক্টর জমি সেচ-সম্ভাব্য এলাকায় আনার জন্যে ৩,০০০টি নিম্ন ক্ষমতাসম্পন্ন গভীর ও ১০,০০০টি অগভীর নলকূপ স্থাপনের একটি পরিকল্পনা প্রস্তুত করেছে। পরিকল্পনাটির নাম ওয়েস্ট বেঙ্গল টিউবওয়েল ইরিগেশন প্রজেক্ট। এই প্রকল্পের অর্থ সংস্থানে বিদেশি সরকারের সাহায্যের জন্য ভারত সরকারের প্রস্তাব পাঠানো হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে, এর একটি বৃহৎ অংশ কোচবিহার সহ উত্তরবঙ্গের জেলাগুলিতে রূপায়িত হবে।

**কোচবিহার জেলার বিভিন্ন ব্লকের অন্তর্গত গ্রাম পঞ্চায়েত ভিত্তিক আর.এল.আই. প্রকল্পের পরিসংখ্যান**

| ব্লকের নাম | প্রকল্পের সংখ্যা | গ্রাম পঞ্চায়েতের সংখ্যা | যে সমস্ত গ্রাম পঞ্চায়েতে প্রকল্প আছে তার নাম |
|---|---|---|---|
| কোচবিহার-১ | ৭ | ১৫ | ১। দাওয়াগুড়ি |
| | | | ২। পানিশালা |
| | | | ৩। পাটসারা |
| | | | ৪। পুটিমারী ফুলেশ্বর |
| কোচবিহার-২ | ১১ | ১৩ | ১। মহেশমারী খোলতা |
| | | | ২। আমবাড়ি |
| | | | ৩। গোপালপুর |
| | | | ৪। খাগড়া বাড়ি |
| | | | ৫। বানেশ্বর |
| | | | ৬। খাটাইডাঙ্গা |

| ব্লকের নাম | প্রকল্পের সংখ্যা | গ্রাম পঞ্চায়েতের সংখ্যা | যে সমস্ত গ্রাম পঞ্চায়েতে প্রকল্প আছে তার নাম |
|---|---|---|---|
| তুফানগঞ্জ-১ | ৮ | ১৪ | ১। চিলখানা-১ |
| | | | ২। চিলখানা-২ |
| | | | ৩। গঞ্জ |
| | | | ৪। বলরামপুর-১ |
| | | | ৫। আন্দরন ফুলবাড়ি-১ |
| | | | ৬। আন্দরন ফুলবাড়ি-২ |
| | | | ৭। খালপাল-১ |
| তুফানগঞ্জ-২ | ৬ | ১১ | ১। বড়কোদালি |
| | | | ২। ধামুকুমারি-১ |
| | | | ৩। মহিষকুঁচি |
| | | | ৪। রামপুর-১ |
| দিনহাটা-১ | ১১ | ১৬ | ১। বেতালা |
| | | | ২। বড় শোলামারি |
| | | | ৩। মাতাল হাট |
| | | | ৪। ফেটাগুড়ি-১ |
| | | | ৫। দিনহাটা ভিলেজ-১ |
| | | | ৬। বড় আটিয়া বাড়ি-১ |
| | | | ৭। বড় আটিয়া বাড়ি-২ |
| | | | ৮। ওক্রা বাড়ি-১ |
| | | | ৯। গীতল দহ-১ |
| | | | ১০। গীতল দহ-২ |
| দিনহাটা-২ | ২০ | ১২ | ১। বুড়িহাট-১ |
| | | | ২। বুড়িহাট-২ |
| | | | ৩। বড় দাকতাল |

| ব্লকের নাম | প্রকল্পের সংখ্যা | গ্রাম পঞ্চায়েতের সংখ্যা | যে সমস্ত গ্রাম পঞ্চায়েতে প্রকল্প আছে তার নাম |
|---|---|---|---|
| | | | ৪। সাহেবগঞ্জ |
| | | | ৫। কিস্মত দশগ্রাম |
| | | | ৬। চৌধুরি হাট |
| | | | ৭। বামন হাট-১ |
| | | | ৮। বামন হাট-২ |
| সিতাই | ৫ | ৫ | ১। সিতাই-১ |
| | | | ২। সিতাই-২ |
| | | | ৩। চামতা |
| | | | ৪। বহ্মোত্তর চাতরা |
| মাথাভাঙ্গা-১ | ৭ | ১০ | ১। গোপালপুর |
| | | | ২। নয়ার হাট |
| | | | ৩। নজরা হাট-২ |
| | | | ৪। পচা |
| | | | ৫। জোড়বাটকি |
| মাথাভাঙ্গা-২ | ১০ | ১০ | ১। বড় শোলমারি |
| | | | ২। উনিশ দিশা |
| | | | ৩। নিশিগঞ্জ-১ |
| | | | ৪। প্রেমের ডাঙ্গা |
| | | | ৫। রুইয়ের ডাঙ্গা |
| | | | ৬। এ.কে. পরোদুবী |
| মেখলীগঞ্জ | ৯ | ৮ | ১। কুচলি বাড়ি |
| | | | ২। বাকটোকরা ফুলকাদা |
| | | | ৩। বাড়ি |
| | | | ৪। চাংড়া বান্ধা |

| ব্লকের নাম | প্রকল্পের সংখ্যা | গ্রাম পঞ্চায়েতের সংখ্যা | যে সমস্ত গ্রাম পঞ্চায়েতে প্রকল্প আছে তার নাম |
|---|---|---|---|
| | | | ৫। রানিহাট |
| | | | ৬। জামালদহ |
| শীতলকুচি | ৮ | ৮ | ১। খালিশমারি |
| | | | ২। বড় কইমারি |
| | | | ৩। ভয়ের থানা |
| | | | ৪। ছোট শোলমা |
| | | | ৫। লালবাজ |
| হলদিবাড়ি | ১ | ৬ | ১। দেওয়ানগঞ্জ |

**উলুবেড়িয়ায় জলকষ্ট**

১৪০। (অনুমোদিত প্রশ্ন নং ১১১৬) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উলুবেড়িয়া ১ নং ব্লকের অন্তর্গত মালঞ্চবেড়িয়া এলাকায় পানীয় জলের নলকূপ দীর্ঘদিন যাবৎ অকেজো হয়ে পড়ে আছে; এবং

(খ) সত্যি হলে, তা মেরামত করার কি ব্যবস্থা করা হয়েছে?

**গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উলুবেড়িয়া ১নং ব্লকের অন্তর্গত মালঞ্চবেড়িয়ার ঘোষপাড়ায়-১টি, মাকালপাড়ায়-১টি, ভরপাড়ায়-১টি এবং বাগপাড়ায়-১টি মোট চারটি পানীয় জলের নলকূপ আছে। তারমধ্যে বাগপাড়ার নলকূপটি অকেজো হয়ে পড়ে আছে। বাকি ৩টি সচল অবস্থায় আছে।

(খ) মহেশপুর গ্রাম পঞ্চায়েত মালঞ্চবেড়িয়া বাগপাড়াস্থিত অকেজো নলকূপটি মেরামত করার যথোপযুক্ত ব্যবস্থা নিচ্ছে বলে জানা গেছে।

**পুরুলিয়ার রঘুনাথপুরে কলেজ**

১৪১। (অনুমোদিত প্রশ্ন নং ১১৫৩) **শ্রী নটবর বাগদি ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পুরুলিয়া জেলার রঘুনাথপুর মহকুমায় মোট কয়টি কলেজ আছে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** একটি।

**খানাকুল এলাকার গভীর ও অগভীর টিউবওয়েলগুলিতে বিদ্যুৎ সংযোগ**

১৪২। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৪) **শ্রী বংশীবদন মৈত্র ঃ** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

হুগলি জেলার খানাকুল এলাকায় গভীর ও অগভীর টিউবওয়েলগুলিতে কবে নাগাদ বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা হবে বলে আশা করা যায়?

**জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** হুগলি জেলার খানাকুল এলাকায় ৬টি উচ্চ ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ এবং নিম্ন ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপের ১টি গুচ্ছ প্রকল্পে বিদ্যুৎ সংযোগের জন্য টেস্ট ফরম জমা দেওয়া আছে। পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্যদের কাজের অগ্রগতি হলে আরও ৩টি উচ্চক্ষমতাসম্পন্ন, ২টি মাঝারি ক্ষমতাসম্পন্ন এবং নিম্ন ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপের ৬টি গুচ্ছ প্রকল্পে বিদ্যুৎ সংযোগের জন্য টেস্ট ফরম জমা দেওয়া হবে।

**পৌরসভাগুলির উন্নয়নে বরাদ্দকৃত অর্থের পরিমাণ বৃদ্ধি**

১৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৯৪) **শ্রী বিনয় দত্ত ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সি.এম.ডি.এ. এলাকা-বহির্ভুত গ্রামাঞ্চলের পৌরসভাগুলির উন্নয়নে বরাদ্দীকৃত অর্থের পরিমাণ বৃদ্ধি করার কোনও প্রস্তাব রাজ্য সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, তা কি এবং কবে নাগাদ তা কার্যকর হবে বলে আশা করা যায়?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) বিগত আর্থিক বছরের তুলনায় বরাদ্দবৃদ্ধির প্রস্তাব নিম্নরূপ ঃ

| | ১৯৯৫-৯৬ | | ১৯৯৬-৯৭ | |
|---|---|---|---|---|
| (১) আই.ডি.এস.এম.টি. | ২০৩.২৬ | লক্ষ টাকা | ৪০০.০০ | লক্ষ টাকা |
| (২) নেহেরু রোজগার যোজনায় 'সুয়ে' (SUWE) | ১০০.০০ | ” | ১৫০.০০ | ” |
| (৩) প্রধানমন্ত্রীর শহরের দারিদ্র্য দূরীকরণ প্রকল্প (PMIUPEP) | ৬৩৭.৯১ | ” | ৭০০.০০ | ” |
| (৪) দশম অর্থ কমিশন সুপারিশকৃত বরাদ্দ | | | ৩১৬৭.৯০ | ” |

বর্তমান আর্থিক বছরেই প্রস্তাবিত বর্ধিত বরাদ্দের আবন্টিত হবে বলে আশা করা যায়। SUWE এবং দশম অর্থ কমিশনের সুপারিশকৃত বরাদ্দ সি.এম.ডি. ও সি.এম.ডি. এলাকা-বহির্ভুত সকল পৌরাঞ্চলেই আবন্টনযোগ্য।

### গুচ্ছ ডিপ টিউবওয়েলে বিদ্যুৎ সরবরাহ

১৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১৯৯) **শ্রী বিনয় দত্ত ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হুগলি জেলার আরামবাগ এবং খানাকুল থানা এলাকার বেশ কিছু গুচ্ছ মিনি ডিপ টিউবওয়েল নির্মাণের কাজ বিশ্বব্যাঙ্কের অর্থে সম্পন্ন হওয়া সত্ত্বেও সেগুলিতে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়নি;

(খ) সত্যি হলে, তার কারণ কি; এবং

(গ) উক্ত বিদ্যুৎ সংযোগ কত দিনের মধ্যে দেওয়া হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আরামবাগ এবং খানাকুল থানা এলাকায় নয়টি গুচ্ছ লাইট ডিপ টিউবওয়েলের বিদ্যুৎ সংযোগ দিতে বাকি আছে।

(খ) নয়টির মধ্যে মাত্র দুটি গুচ্ছ টেস্ট ফরম পাওয়া গিয়েছে এবং একটিতে পোল তোলার কাজ শেষ হয়েছে।

(গ) বাকী সাতটি গুচ্ছের টেস্ট ফরম পাওয়া গেলে আশা করা যায় যে, এই আর্থিক বছরেই বিদ্যুৎ সংযোগ দেওয়া যাবে।

### আলিপুরদুয়ারে বন্যায় তদন্ত কমিটি

১৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩১) **শ্রী নির্মল দাস ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ১৯৯৩ সালে আলিপুরদুয়ারের ভয়াবহ বন্যার কারণ অনুসন্ধানের জন্য কোনও কমিটি গঠিত হয়েছিল কি না;

(খ) হয়ে থাকলে, উক্ত কমিশনের বিচার্য বিষয়গুলি কি কি ছিল;

(১) কতজন সদস্য উক্ত কমিটিতে ছিলেন;

(২) কমিটির রিপোর্ট সরকার পেয়েছেন কি না; এবং

(গ) উক্ত রিপোর্টে সরকারের সুপারিশগুলি কি কি?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, একটি টেকনিক্যাল কমিটি গঠন করা হয়েছিল।

(খ) উক্ত টেকনিক্যাল কমিটির বিচার্য বিষয়গুলি ছিল ঃ

(১) প্রযুক্তিগত, পরিবেশগত ও অন্যান্য দিক থেকে ১৯৯৩ সালের জুলাই মাসে উত্তরবঙ্গে ঘটে যাওয়া বন্যার কারণ অনুসন্ধান করা; এবং

(২) উত্তরবঙ্গ বন্যানিয়ন্ত্রণ কমিশনের এলাকায় বন্যার পূর্ব-সঙ্কেত পাওয়ার বর্তমান ব্যবস্থা, বন্যার সতর্কীকরণ ব্যবস্থা এবং বন্যা-প্রতিরোধক ব্যবস্থাগুলির পরীক্ষা ও পর্যালোচনা করা এবং প্রয়োজনবোধে সেগুলির উন্নতিসাধনের সুপারিশ করা।

(১) কমিটির চেয়ারম্যান ছাড়াও উক্ত কমিটিতে আরও তিন জন সদস্য ছিলেন।

(২) হ্যাঁ, কমিটির রিপোর্ট সরকার পেয়েছেন।

(গ) কমিটি তাদের রিপোর্টে সাধারণভাবে সমগ্র উত্তরবঙ্গের জন্য এবং বিশেষভাবে আলিপুরদুয়ার ও কুচবিহার শহর দুটির বন্যা-প্রতিরোধের জন্য বেশ কিছু ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন।

কমিটির রিপোর্টটি বর্তমানে সরকারের পরীক্ষাধীন অবস্থায় আছে। কি কি ব্যবস্থা নেওয়া যেতে পারে সরকার তা বিবেচনা করে দেখছেন।

**বন্যায় ক্ষতিগ্রস্ত আলিপুরদুয়ার মহাবিদ্যালয় পুনঃনির্মাণ**

১৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩৩) **শ্রী নির্মল দাস ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আলিপুরদুয়ার মহাবিদ্যালয়ের বন্যায় ক্ষতিগ্রস্ত ভবনটির পুনঃনির্মাণে কোন অর্থ বরাদ্দ হয়েছে কি না;

(খ) হয়ে থাকলে, বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত; এবং

(গ) কবে নাগাদ উক্ত কলেজ-ভবন পুনঃনির্মাণের কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১৪.৬৭ লক্ষ টাকার প্রশাসনিক অনুমোদন হয়েছে, এরমধ্যে প্রথম কিস্তিতে ১০ লক্ষ টাকা দেওয়া হয়েছে।

(গ) শীঘ্রই শুরু হবে।

**আলিপুরদুয়ারে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার ডিপো**

১৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৪০) **শ্রী নির্মল দাস ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার আলিপুরদুয়ারে একটি বাস টার্মিনাস স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার আলিপুরদুয়ারে কোনও বাস টার্মিনাস স্থাপনের পরিকল্পনা বর্তমানে নেই।

**বজবজ পুরসভা অধীনস্থ হাসপাতালটির সংস্কার**

১৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫৭) **শ্রী অশোককুমার দেব ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজ পুরসভা অধীনস্থ হাসপাতালটির সংস্কার ও যথোপযুক্ত করে তোলার ব্যাপারে কোনও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, পরিকল্পনাটির রূপরেখা কি?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ। আই.পি.পি.-৮ প্রকল্পের আওতায় এই হাসপাতালটির উন্নয়নের কাজ হাতে নেওয়া হচ্ছে।

(খ) উক্ত পরিকল্পনায় Extended Specialist Out Patient Deptt. (E.S.O.P.D.) এবং এগারো (১১) শয্যাবিশিষ্ট মাতৃসদন বিভাগের গৃহনির্মাণ করা হবে। এ ছাড়া একটি এক্স-রে মেসিন বসানো এবং একটি প্যাথোলজিক্যাল বিভাগ খোলার ব্যবস্থাও পরিকল্পনার মধ্যে আছে। বজবজ পুরসভা সি.এম.ডি.এ.-র কাছ থেকে একটি অ্যাম্বুলেন্স পাবার চেষ্টা করছে।

**মেদিনীপুর জেলার নয়াগ্রামে উচ্চমাধ্যমিক বিদ্যালয় স্থাপন**

১৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১২) **শ্রী সুভাষচন্দ্র সরেন ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার নয়াগ্রাম ব্লক এলাকায় উচ্চমাধ্যমিক বিদ্যালয় স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আপাতত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**পুরুলিয়ার রামচন্দ্রপুর সেচ-নালা প্রকল্প**

১৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৪২০) **শ্রী অঙ্গদ বাউরি ঃ** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া রামচন্দ্রপুর সেচ-নালা প্রকল্পের কাজ কবে নাগাদ শেষ হবে; এবং

(খ) উক্ত প্রকল্পের জন্য কত টাকা বরাদ্দ করা হয়েছে?

**জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) পুরুলিয়া জেলায় রামচন্দ্রপুর সেচ-নালা নামে কোনও প্রকল্প জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের অধীনে নেই। এই বিভাগের অধীনে রামচন্দ্রপুর নামে একটি ক্ষুদ্রসেচ প্রকল্প, সাঁতুরী ব্লকে আছে, যার কাজ ১৯৮২ সালে সম্পূর্ণ হয়েছে।

(খ) প্রশ্ন ওঠে না।

### মেদিনীপুর জেলার রামনগরে ১৩২ কে.ভি. সাব-স্টেশন নির্মাণ

১৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪৬) **শ্রী মৃণালকান্তি রায় :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় রামনগর থানা এলাকায় ১৩২ কে.ভি. সাব-স্টেশন নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, উক্ত সাব-স্টেশনের স্থান নির্বাচন করা হয়েছে কি না?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) রাজ্যের Transmission System-এর সামগ্রিক উন্নয়নের জন্য যে Integrated System Improvement Scheme করা হয়েছে তার তৃতীয় পর্যায়ে রামনগর থানার দিঘায় একটি ১৩২ কে.ভি. সাব-স্টেশন প্রস্তুত করার কথা আছে। ভারত সরকারের মাধ্যমে জাপানের ও.ই.সি.এফ. সংস্থার কাছ থেকে এই প্রকল্প রূপায়ণের জন্য দীর্ঘমেয়াদী ঋণ গ্রহণের প্রস্তাব আলোচনাধীন আছে।

(খ) না, উক্ত স্টেশনের জন্য এখনো কোনও স্থান নির্বাচন করা হয়নি।

### রাজ্যে রেজিস্ট্রিকৃত ক্লাবের সংখ্যা

১৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৪৯) **শ্রী মৃণালকান্তি রায় :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে মোট কতগুলি রেজিস্ট্রিকৃত সংঘ/ক্লাব আছে;

(খ) তন্মধ্যে কতগুলি সংঘ বিভিন্ন সরকারি পর্যায়ে খেলাধূলায় অংশগ্রহণ করে; এবং

(গ) উক্ত সংস্থাগুলিকে নিয়ন্ত্রণ করার কোনও নিয়মনীতি আছে কি না?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** নথিভুক্ত ক্লাব ও সংস্থাগুলির তালিকা গ্রন্থাগারের টেবিলে রাখা হল।

(ক) ক্লাব/সংস্থাগুলি রেজিস্ট্রি করার দায়িত্ব 'রেজিস্ট্রার অব সোসাইটিজ'-এর উপর ন্যস্ত। রেজিস্ট্রি করার কোনও তথ্য ক্রীড়া দপ্তরকে জানানো হয় না বা ঐ সংস্থাগুলিও তা জানাতে বাধ্য নয়। তবে পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া-পর্ষদের কাছে যে ক্লাব ও সংস্থাগুলি নথিভুক্ত আছে তার একটি তালিকা এইসঙ্গে দেওয়া হল।

ঐ সংস্থাগুলি রেজিস্ট্রিকৃত বলেই ধারনা করা যেতে পারে।

(খ) সরকারের পক্ষ থেকে কোনও ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয় না। তবে অধিকাংশ ক্লাবই সংশ্লিষ্ট ক্রীড়া ফেডারেশনের তত্ত্বাবধানে পরিচালিত বিভিন্ন রাজ্য ও জাতীয়/আন্তর্জাতিক স্তরের খেলাধূলায় অংশগ্রহণ করে। কোনও কোনও ক্ষেত্রে অংশগ্রহণকারী সংস্থাগুলিকে রাজ্য ক্রীড়া পর্ষদের পক্ষ থেকে আর্থিক সাহায্য করা হয়।

(গ) সংস্থাগুলি স্বশাসিত বলে সরকারি পর্যায়ে নিয়ন্ত্রণের কোনও বিধান নেই।

**কাটোয়া পৌরসভার দ্বিতীয় জলপ্রকল্প**

১৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬৬) **শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কাটোয়া পৌরসভার দ্বিতীয় জলপ্রকল্পের জন্য এল.আই.সি.-র প্রস্তাবিত ঋণ এখনও পাওয়া যায় নি; এবং

(খ) সত্যি হলে,

(১) এর কারণ কি; এবং

(২) এ-বিষয়ে সরকার কি ব্যবস্থা করছে?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) এবং (২) বিষয়টি এখনও রাজ্য সরকারের বিবেচনাধীন।

**ফরাক্কায় লোকদীপ কুটিরজ্যোতি প্রকল্প**

১৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৭১) **শ্রী মইনুল হক ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত আর্থিক বছরে ফরাক্কা এলাকায় কতগুলি লোকদীপ কুটিরজ্যোতি প্রকল্প অনুমোদিত হয়েছে;

(খ) এর জন্য কত টাকা মঞ্জুর করা হয়েছিল; এবং

(গ) ৩১শে মার্চ ১৯৯৬ পর্যন্ত ফরাক্কা থানা এলাকায় কতগুলি লোকদীপ প্রকল্পের কাজ হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কুটিরজ্যোতি লোকদীপ প্রকল্পের নিয়ম অনুযায়ী উপভোক্তা নির্বাচনের দায়িত্ব পঞ্চায়েত/জেলা পরিষদের উপর ন্যস্ত। **বিগত আর্থিক বছরে ফরাক্কায় ৬৫টি গ্রাহকের ঘরে লোকদীপ দেবার লক্ষ্যমাত্রা ধার্য ছিল।**

(খ) **এর জন্য ৩৯,০০০ টাকা মঞ্জুর করা হয়েছিল।**

(গ) পঞ্চায়েত/জেলা-পরিষদ মাধ্যমে উপভোক্তাদের নাম না আসায় ঐ প্রকল্পের মাধ্যমে কোনও কাজ হয়নি।

**মেদিনীপুর জেলার গোপীবল্লভপুরে উচ্চমাধ্যমিক বিদ্যালয়**

১৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৮০) **শ্রী সুভাষচন্দ্র সরেন ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক উত্তর দেবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর ১ নং ব্লকে উচ্চমাধ্যমিক বিদ্যালয় অনুমোদনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কতদিনে উক্ত কাজ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আপাতত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**দিঘায় টাউন লাইব্রেরি স্থাপন**

১৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৬) **শ্রী মৃণালকান্তি রায় ঃ** গ্রন্থাগার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দিঘাতে টাউন লাইব্রেরি স্থাপনের জন্য জমি চিহ্নিত হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, কবে নাগাদ উক্ত কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**গ্রন্থাগার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) জমি হস্তান্তরিত হওয়ার পরে গৃহ নির্মাণের কাজ শীঘ্রই শুরু হবে আশা করা যায়।

**হুগলির পোলবা/দাদপুরে কলেজ স্থাপন**

১৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫১৭) **শ্রী শক্তিপদ খাঁড়া ঃ** উচ্চতর শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার পোলবা দাদপুর ব্লকে কলেজ স্থাপনের কোনও পরিকল্পনা (বর্তমান আর্থিক বছরে) রাজ্য সরকার নিয়েছে কি না; এবং

(খ) নিয়ে থাকলে, প্রস্তাবিত স্থানটি কোথায় এবং কবে নাগাদ উক্ত কলেজ চালু হতে পারে বলে আশা করা যায়?

**উচ্চতর শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না,

(খ) প্রশ্ন ওঠে না।

**বীরভূম জেলায় বার্ধক্যভাতা প্রাপকের সংখ্যা**

১৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫২৮) **শ্রী বিজয় বাগদি ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের বীরভূম জেলায় মোট কতজন বার্ধক্যভাতা পাচ্ছেন এবং তন্মধ্যে পুরুষ ও মহিলার সংখ্যা কত?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

বীরভূম জেলায় বার্ধক্যভাতা প্রাপকের মোট সংখ্যা ১২০০ জন, তন্মধ্যে পুরুষ ও মহিলা প্রাপকের সংখ্যা যথাক্রমে ৫৫৩ জন ও ৬১২ জন। বাকি ৩৫ জনের আবেদনপত্র বর্তমানে বিবেচনাধীন।

**মেখিলাগঞ্জ মহাবিদ্যালয়ের অনুমোদন**

১৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩৫) **শ্রী রমেশ রায় ঃ** উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মেখিলিগঞ্জ মহাবিদ্যালয়টি অনুমোদনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**উচ্চশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** বিষয়টি বিবেচনাধীন আছে।

**মুর্শিদাবাদের লালবাগে ডিগ্রি কলেজ**

১৬০। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩৬) **শ্রী মোজাম্মেল হক ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার লালবাগ শহরে ডিগ্রি কলেজ স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, উক্ত বিষয়টি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আপাতত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**মুর্শিদাবাদের খড়গ্রামের অন্তর্গত বিভিন্ন গ্রামে বৈদ্যুতিকরণ**

১৬১। (অনুমোদিত প্রশ্ন নং ১৬১৯) **শ্রী বিশ্বনাথ মন্ডল এবং শ্রী মোজাম্মেল হক ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম থানার অন্তর্গত পদম কান্দি গ্রাম পঞ্চায়েত পুরাপাড়া ও শাবলদহ সর্বমঙ্গলাপুর গ্রামে বৈদ্যুতিকরণের কাজ আরম্ভ করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত কাজ সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) তিনটি মৌজা ইতিমধ্যে 'ভারজিন' মৌজা হিসাবে বিদ্যুতায়িত হয়েছে।

(খ) প্রযোজ্য নয়।

### মুর্শিদাবাদ জঙ্গিপুর কলেজে স্থায়ী অধ্যক্ষ

১৬২। (অনুমোদিত প্রশ্ন নং ১৮১০) **শ্রী হাবিবুর রহমান ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় জঙ্গীপুর কলেজে স্থায়ী অধ্যক্ষ আছেন কি না; এবং

(খ) উক্ত কলেজে কোন কোন বিষয়ে অনার্স পড়ার সুযোগ আছে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এই মুহূর্তে কোনও স্থায়ী অধ্যক্ষ নেই।

(খ) বাংলা, ইতিহাস, পদার্থবিদ্যা, গণিত এবং অ্যাকাউন্টেন্সি।

### পানিহাটি মহাবিদ্যালয় ভবনটির উন্নয়ন ও সংস্কার

১৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৩৫) **শ্রী নির্মল ঘোষ ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পানিহাটি মহাবিদ্যালয় ভবনটির উন্নয়ন এবং সংস্কারের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত কাজ শুরু হবে আশা করা যায়?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ বিষয়ে কোনও আবেদন জমা পড়েনি;

(খ) প্রশ্ন ওঠে না।

### দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমায় স্টেডিয়াম নির্মাণ

১৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৬৪) **শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪ পরগনা জেলার পাথরপ্রতিমায় স্টেডিয়াম নির্মাণের কোনও পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকলে, কবে নাগাদ এই পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**Debt position of the State**

165. (Admitted Question No. 1977) **Shri Santi Ram Mahato and Shri Saugata Ray :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

the Debt position of the State at the end of 1995-96 ?

**Minister-in-charge of Finance Department :** On the basis of revised estimate the internal debt of the State Govt. at the end of 1995-96 stands at Rs.2943.00 crores.

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received seven notices of Adjournment Motion. The first one is from Shri Sobhan Deb Chattopadhyay on the subject of non-supply of Electricity in villages. A similar notice was tabled by Shri Chattopadhyay on 22-7-96 to which I withhold my consent.

The second one is from Shri Pankaj Banerjee on the subject of alleged deterioration of law and order situation in the State.

The third one is from Shri Abu Suffian Sarkar on the subject of severe erosion of river Padma at Alipur and Shibnagar villages under Bhagawangola P.S., Murshidabad district.

The fourth one is from Shri Kamal Mukherjee on the subject of delay in issuing SC/ST/OBC. certificates from Chandernagar sub-divisional office.

The fifth one is from Shri Ashok Kumar Deb demanding for declaration of name of Chairman for the Enquiry Commission into the Wakf Scam.

অশোক দেব, আপনার অ্যাডজর্নমেন্ট মোশনটা আউট অব অর্ডার। কারণ ক্যালকাটা হাইকোর্টের চিফ জাসটিস নাম দিয়ে জানিয়ে দেওয়া হবে। গভর্নমেন্ট নাম দেয় না।

The sixth one is from Shri Shyamadas Banerjee demanding for Bus Services between Asansol and Burnpur facilitating the passengers to avail Express Trains from Asansol.

The seventh one is from Shri Shibdas Mukherjee on the subject of

non-observance of 134th Birth Anniversary of D.L. Roy by the State Government.

The subject matters of the Motions are not such which call for Adjournment of the business of the House. These are related to the day to day Administration of the Government. Moreover, the Members may, ventilate their grievance in these matters through Calling Attention, Mentions, etc.

I, therefore, withhold my consent to all the Motions.

One Member may, however, read out the text of his Motion as amended.

**Shri Pankaj Banerjee :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurence, namely :—

Law and order is further deteriorating, looting, dacoiting, snatching, murder and stealing are increasing. Even the House of the Home (Police Minister's residence and the House of an MLA are also affected. Culprits are not taken behind the bar.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today, I have received eleven notices of Calling Attention on the following subjects, namely :—

| | Subject | | Name |
|---|---|---|---|
| 1. | Non-delivery of Death Certificate to the kins of the victims of Trawler-capsize at Budge Budge on 16-6-96. | : | Shri Ashok Kumar Deb |
| 2. | Acute water crisis in Asansol | : | Shri Tapas Banerjee |
| 3. | Cessation of construction work of Chandernagar Indoor Stadium. | : | Shri Kamal Mukherjee |
| 4. | Non-payment of Interim Relief to the teaching and the non-teaching staff of schools. | : | Shri Mursalin Molla |
| 5. | Reported attempt of forcible replacing of some bargadars in Katwa Assembly Constituency. | : | Shri Rabindra Nath Chatterjee |
| 6. | Deplorable condition of Roads in Burdwan district. | : | Shri Shyamadas Banerjee |

7. Non-delivery of deeds of land to the people of Phoolia, Santipur. : Shri Ajoy De

8. Delay in construction of Mirpur Bridge at Baruipur. : Shri Sobhan Deb Chattopadhyay

9. Random axplosion of Dynamite by Bhutan Government causing natural imblance in Duars. : Shri Nirmal Das

10. Alleged irregularities in Belari Gram Panchayat under Shyampur Panchayat Samiti-I, Howrah. : Shri Rabindra Ghosh and Shri Padmanidhi Dhar

11. Reported agitation of the teachers against school-authority of Barrackpur Ramkrishna Mission. : Shri Robin Mukherjee

I have selected on the subject of Non-payment of Interim Relief to the teaching and the non-teaching staff of schools on the notice of Shri Mursalin Molla.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the Statement will be sent to the Members concerned.

**মিঃ স্পিকার ঃ** না, না, এইভাবে হয়না। কালকে উত্তর দেবেন, না হলে কনসার্ন মেম্বার এর কাছে পাঠিয়ে দেবেন।

Now the Minister-in-charge of Home (Police) Department to make a statement on the subject of reported bundh called by gold traders against support in robbery.

(Attention called by Shri Saugata Ray on the 17th July, 1996)

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** ক্রমবর্দ্ধমান ডাকাতির প্রতিবাদে স্বর্ণ ব্যবসায়িদের বন্ধ সম্পর্কে শ্রী সৌগত রায় আনিত দৃষ্টি আকর্ষণী প্রত্যুত্তরে আমি নিম্নলিখিত বিবরণী পাঠ করছি।

১৯৯৫ এবং ১৯৯৬ সালে (১৯৯৬ সালের ১৬ই জুলাই তারিখ পর্যন্ত) কলকাতার গহনার দোকানগুলিতে ৬টি ডাকাতির ঘটনা ঘটে। এই ৬টি ঘটনার মধ্যে ইতিমধ্যে ২টি ঘটনায় অপরাধিদের সন্ধান পাওয়া গেছে এবং চার্জশিট দেওয়া হয়েছে।

১। ১৯৯০ সালের ১১ই মার্চ বিকেল ৫টা ৪৫ মিঃ থেকে ৫টা ৫০ মিঃ এরমধ্যে কোনও এক সময়ে বড়বাজার থানাভুক্ত এলাকায় একটি ডাকাতির ঘটনা ঘটে।

আগ্নেয়াস্ত্র, বোমা ইত্যাদি নিয়ে ৫ (পাঁচ) জন অপরিচিত যুবক ১৮, আদি বাঁশতলা লেনে অবস্থিত এস.এস.এস.অ্যান্ড সন্স নামে একটি গহনার দোকান থেকে প্রায় ১০ কেজি ওজনের সোনার গহনা ছিনতাই করে। তদন্ত চলাকালিন গোয়েন্দা বিভাগ ৬ ব্যক্তিকে গ্রেপ্তার করে এবং চুরি যাওয়া স্বর্নালঙ্কারের অধিকাংশই উদ্ধার করে। এই ঘটনার চাজর্শিট দেওয়া হয়েছে।

২। ১৯৯৫ সালের ২১শে আগস্ট রাত প্রায় ৩ টার সময় গার্ডেনরিচ থানায় সংগঠিত একটি ডাকাতির ঘটনায় মহম্মদ কামাল এবং আরও ৪।৫ জন আগ্নেয়াস্ত্র নিয়ে বি, ১৪৩ বিচালিঘাটের একটি সোনা পালিশের দোকানে প্রবেশ করে এবং নগদ ৫৬,০০০ টাকা, সোনার গহনা (৩½ ভরি) ও রূপার গহনা ৩৮ ভরি ডাকাতি করে। পরে অনুসন্ধান করে জানা গেছে, চুরি করা গহনার বখরা নিয়ে গোলমাল হওয়ায় এফ.আই.আর. এ অভিযুক্ত মহম্মদ কামালকে তার সঙ্গীসাথিরা খুন করে এ পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা যায়নি।

৩। ১৯৯৬ সালের ১৭ জানুয়ারি তারিখে সন্ধ্যায় গড়িয়াহাট থানার ১১ নম্বর ডাকাতির ঘটনায় সাতটা নাগাদ বোমা ও আগ্নেয়াস্ত্র নিয়ে কয়েকজন অপরিচিত দুস্কৃতিকারি ৬৪, কনফিল্ড রোডের মেসার্স শিশির জুয়েলারি ও মেসার্স নিউ লক্ষ্মী জুয়েলার্সে সোনার গহনা (৪০ গ্রাম), রূপার গহনা (১১৬ গ্রাম) এবং নগদ ৫০০০ টাকা ডাকাতি করে। দুষ্কৃতিকারিরা পালাবার সময় স্থানীয় লোকজন দুষ্কৃতিকারিদের একজনকে ধরে ফেলে এবং পরে গোয়েন্দা বিভাগ অন্য ৪ জন দুষ্কৃতিকারিকে গ্রেপ্তার করে। চুরি করা গহনার কিছু অংশ এবং এই ডাকাতির কাজে ব্যবহৃত ট্যাকসি টি আটক করা হয়। এই ঘটনায় চার্জশিট দেওয়া হয়েছে।

৪। তালতলা থানায় নথিবদ্ধ ৫৩ নং ডাকাতির ঘটনায় ১৯৯৬ সালের ৭ই ফেব্রুয়ারি তারিখে বেলা সাড়ে এগারোটা নাগাদ ৭।এ, লিন্ডসে স্ট্রিটে অবস্থিত মেসার্স রাম লক্ষ্মণ অ্যান্ড কোং (গহনার দোকান)-এ পাঁচ জন আগ্নেয়াস্ত্রধারি ডাকাত হানা দেয়। ডাকাতরা প্রায় ৭ কে জি ওজনের সোনার গহনা নিয়ে যায়। এখনো পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা যায়নি। এই কেসের অপরাধিরা ধরা পড়েনি।

৫। টালিগঞ্জ থানায় নথিবদ্ধ ৬৯ নং ডাকাতির ঘটনায় ১৯৯৬ সালের ১০ই জুলাই তারিখ বিকালে সাতজন অজ্ঞাত পরিচয় দুষ্কৃতকারী ক্রেতার ছদ্মবেশে ১১, আব্দুল রসুল অ্যাভিনিউতে অবস্থিত সেনকো গোল্ড প্রাইভেট লিমিটেডের অভ্যন্তরে প্রবেশ করে এবং প্রায় ২৫ লক্ষ টাকা মূল্যের সোনার গহনা ডাকাতি করে। দোকানের বিক্রয়কারী মহিলাদের দেওয়া বর্ণনা ও তথ্যাদির ভিত্তিতে দুজনকে ধরা হয়েছে এবং তাদের জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

৬। বড়তলা থানায় নথিবদ্ধ ৬৮ নং ডাকাতির ঘটনায় ১৯৯৬ সালের ১৬ই জুলাই তারিখে বিকালে ৬ জন অপরিচিত দুষ্কৃতকারী ১৫৬, আচার্য প্রফুল্ল চন্দ্র রায় রোডে অবস্থিত মেসার্স গায়ত্রি জুয়েলার্স-এ ১০ থেকে ১২ কেজি ওজনের রূপোর গহনা ও দুটি সোনার নেকেলেস ডাকাতি করে। এখনো পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা যায়নি।

১৯৯৬ সালে কলকাতার বাইরের জেলাগুলিতে গহনার দোকানে ৭টি ডাকাতির ঘটনা ঘটে।

১। ৩০.৩.৯৬ তারিখে বাগনান থানার অধীনে দেউলটিতে একটি গহনার দোকানে ডাকাতি হয়। দুষ্কৃতকারিরা সোনা ও রূপার গহনা লুট করে। অপরাধিরা দুটি ব্যক্তিগত অ্যাম্বাসাডর গাড়ি ও একটি ম্যাটাডোর ভ্যানে করে পালায়। এই ঘটনায় এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে। এই ঘটনার তদন্তের কাজ চলছে।

২। দক্ষিণ ২৪ পরগনা জেলায় গহনার দোকানে ৫টি হামলার ঘটনা ঘটে। ৭.৪.৯৬ ও ৭.৬.৯৬ তারিখে সোনারপুর থানার অধীন হরিনাভি ও রামগড়ে দুটি ঘটনার সংবাদ পাওয়া যায়। হরিনাভির ঘটনায় ব্যবহৃত ট্যাক্সিটি বাজেয়াপ্ত করা হয়েছে ও কিছু নগদ টাকা উদ্ধার করা হয়েছে। রামগড়ের ঘটনায় ১০ ব্যক্তি গ্রেপ্তার হয়েছে। ২০.৬.৯৬ ও ২.৭.৯৬ তারিখে কসবা থানার অধীনে দুটি গহনার দোকানে লুটপাটের ঘটনা ঘটে। এইসব ঘটনায় ৫ ব্যক্তিকে গ্রেপ্তার করা হয় এবং ৭টি রূপার গহনা উদ্ধার করা হয়। ১.৩.৯৬ তারিখে যাদবপুর থানাভুক্ত এলাকায় একটি গহনার দোকানে লুটতরাজ হয়। এই ঘটনায় ২ ব্যক্তি গ্রেপ্তার হয়েছে।

৩। উত্তর ২৪ পরগনা জেলায় গাইঘাটা থানার অধীন ঠাকুরনগরে একটি গহনার দোকানে একটি ডাকাতির ঘটনায় সোনা ও রূপার গহনা লুটপাট করা হয়। অপরাধিরা একটি অ্যাম্বাসাডার গাড়িতে চেপে পালায়। এই সূত্রে দুই ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়েছে।

১৯৯৬ সালের ১৮ই জুলাই তারিখে স্বর্ণশিল্প বাঁচাও কমিটি বন্ধের ডাক দেয়। ঐ দিন মহানগর ও শহরতলির অধিকাংশ গহনার দোকান বন্ধ ছিল। অপরাধিদের যাতে দ্রুত শাস্তি দেওয়া যায় সেই উদ্দেশ্যে পূর্বোক্ত সমস্ত ঘটনার ক্ষেত্রে রাজ্য সরকার উচ্চপদস্থ অফিসারদের তত্ত্বধানে তদন্তের কাজ তৎপরতার সঙ্গে চালিয়ে যাচ্ছেন।

**Mr. Speaker :** I now call upon the Minister-in-charge, Urban Development Department to move a statement on the subject of reported acute scarcity of drinking water in Calcutta.

[12-10 — 12-20 P.M.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** আপনি যাদবপুর থানায় একটি ডাকাতির কথা বললেন, কিন্তু আমার কাছে সংবাদ আছে যে, ওখানে ১০টি ডাকাতির ঘটনা ঘটেছে।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য :** যাদবপুর সম্পর্কে আমি নিজে একটু খবর রাখি, কসবা এলাকার কথা আলাদাভাবে বলেছি, যাদবপুর এলাকার কথা যা জানা আছে, একটি সন্তোষপুরে এবং আর একটি অজয়নগরে ডাকাতির ঘটনা ঘটেছে। আপনার কাছে যদি তার বেশি খবর থাকে জানাবেন, তবে সংখ্যা গোপন করবার কোনও উদ্দেশ্য আমার নেই।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি** : এইভাবে তথ্য গোপন করে আপনার আমলারা আপনাকে জানাচ্ছেন এবং তার উপর ভিত্তি করে পশ্চিমবঙ্গে অপরাধ কম হচ্ছে বলে দেখানো হচ্ছে।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য** : পঙ্কজবাবু, এখানে কলিং অ্যাটেনশনে ছিল বন্ধ হয়েছে কিনা, সেখানে তথ্য গোপন করার মনোভাব থাকলে কত ডাকাতি হয়েছে সেটা বলতাম না। যে ডাকাতি গুলো ঘটেছে বলেছি। এই ডাকাতির কোনও কমন গ্রাউন্ড আছে কিনা, এত অল্প সময়ের মধ্যে শুধুমাত্র এতগুলো সোনার দোকান বেছে নেওয়া হল সেটা কোনও যৌথ দলের কাজ কিনা, এসব নিয়ে আমরা উপর লেভেলে আলোচনা করছি। স্বর্ণ ব্যবসায়ীরা যে প্রতিক্রিয়া দেখিয়েছেন গত ১৮ তারিখের বন্ধের মধ্যে দিয়ে, আমার সহকর্মি সুভাষ চক্রবর্তী মহাশয় তাদের সঙ্গে মিটিং করেছেন এবং আমিও আগামী কাল তাদের সঙ্গে মিটিং করে কথা বলবো। পুলিশের সঙ্গেও বিষয়টা নিয়ে প্রতিদিন আলোচনা করছি।

## STATEMENT UNDER RULE-346

**Shri Ashok Bhattacharyya :** The per capita availability of filtered water in Calcutta compares well with other metropolitan cities, at over 40 gallons/capita/day. If this is to be raised to 50 gallons/day, the net availability has to be raised from the present level of 201 million gallons by an additional 36.5 million gallons.

The State Government has undertaken a number of measures in order to attain this level. These include short term measures such as refurbishment of old & worn out mains, construction of additional storage & boosting capacity and sinking of new deep tubewells. For long term improvement, it is propose inter alia to augment the capacity of Garden Reach Water Works by 60 million gallons & to increase the capacity of Palta Water Works by 40 million gallons. For South Calcutta in particular the following measures are being undertaken.

(a) Laying of filter water Reserve Main along a portion of Harish Mukherjee Road has been more or less complete, which will give benefit to a portion of Bhawanipore area by way of pressure increase.

(b) New deep tubewells have been sunk at parts of South Calcutta, presently 35 deep tubewells are functioning in Ward Nos. 68, 70, 74, 81, 83, 84, 85, 88, 89 covering areas of Bhowanipore, Kalighat and Chetla.

(c) Once the underground reservoir at near Jn. of Deshpran Sasmal Road & Tollygunge Circular Road is completed alongwith augmentation of source at Garden Reach the problems is likely to be eased to the desired extent.

The Government seeks the co-operation of all concerned to appre-

ciate the cost of the efforts involved in providing adequate safe drinking water and would hope that all concerned would render help in creating public awarness to prevent wastage.

## STATEMENT UNDER RULE 346

**Mr. Speaker :** Now, I call upon Sri Subhas Chakraborti to make a statement on the Ropeway accident at 27 Mile, Kalimpong took place on 19.6.96

**Shri Subhas Chakraborti :**

Mr. Speaker, Sir,

I rise to make a statement on the Ropeway accident at 27th Mile, Kalimpong, which occurred at about 4.35 P.M. on 19.6.96.

The SAMCO Ropeway at 27th Mile started running in 1968, after being shifted from the 11th Mile, Kalimpong by Father Brohi, the then Chairman of the Co-operative Society, which constructed and was operating this Ropeway. The present Chairman of SAMCO is Mr. Xavier Rai, and SAMCO is managed by a Board of 12 Directors, headed by the Chairman and Secretary.

The present Ropeway is about 22 kilometres from Kalimpong and runs from Saifkhola in the South-East to 27th Mile in the South-West over a distance of about two kilometres. The Ropeway is maintained by SAMCO.

No paper could be produced by the Co-operative to show that permission was issued by the State Government for carrying of passengers on this Ropeway.

It transpires from enquiry that maintenance was not done by any technical expert.

The accident of 19.6.96 took place when the snart fixed with the main wheel terminal broke, as a result of which the three trollies, boarded at the time by 10 persons, fell down from a height of 8 to 10 feet on one side of river Teesta, resulting in the death of four persons on the spot and two persons in the Sub-Divisional Hospital. Two others were seriously injured and are being treated. One of them has been admitted to the Sub-Divisional Hospital, Kalimpong and the other has been shifted to a Nursing Home at Siliguri, as per advice of the Doctors at the Sub-Divisional Hospital. One other person with minor injuries was released after first-aid and one escaped unhart.

A police case has been started and the Chairman and the acting

Manager of SAMCO Ropeway have been arrested U/s. 304-A, I.P.C. on 20.6.96, but were released on bail on 21.6.96. Operation of the Ropeway has been kept suspended.

The State Government has decided to make an ex-gratia payment of Rs.20,000/- to the next of kin of each of the deceased, Rs.5000/- to each of the permanently incapacitated. Rs.1000/- to each of the temporarily incapacitated, and Rs.500/- to those who sustained grievous hurt short of incapacitation.

## LAYING OF REPORTS

**Audit Certificate certified accounts and Audit Report of the Calcutta Metropolitan Development authority for the year 1990-91.**

**Shri Ashok Bhattacharya :** Sir, I beg to lay the Audit Certificate, Certified Accounts and Audit Report of the Calcutta Metropolitan Development Authority for the year 1990-91.

**Annual Report of the Public Service Commission, West Bengal for the year, 1989-90.**

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission, I beg to lay the Annual Report of the Public Service Commission, West Bengal for the year 1989-90 and the consolidated Memorandum therein.

**Annual Report of the West Bengal Power Development Corporation Ltd. for the year, 1994-95.**

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission, I beg to lay the Annual Report of the West Bengal Power Development Corporation Limited for the year 1994-95.

## STATEMENT UNDER RULE 346

**Mr. Speaker :** Now, Hon'ble Minister Shri Satya Ranjan Mahato will make a statement on flood situation and relief measure in different districts of West Bengal.

[12-20 — 12-30 P.M.]

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৮ তারিখে আমি পশ্চিমবঙ্গের বন্যাক্লিষ্ট এলাকা, নর্থ্ বেঙ্গলের বিভিন্ন জায়গা, দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার এবং দক্ষিণ দিনাজপুরের বিভিন্ন জায়গা ঘুরে দেখে এসেছি। তারই পরিপ্রেক্ষিতে আমি বন্যাক্লিষ্ট এলাকার পরিস্থিতি আপনার অনুমতি নিয়ে এখানে রাখছি।

Very heavy rain fall in different places in Jalpaiguri district during last week (e.g. Jalpaiguri 106 C.M., Alipurduar 95 C.M., Hasimara 85

C.M. and Malbazar 86 C.M) resulted in sudden rise in the water level of most of the rivers and caused flood.

At the peak of the flood almost all of the blocks were affected. 9 blocks e.g. Mal, Nagrakata, Falakata, Jalpaiguri Sadar, Kumargram and Madarihat, Matelli, Alipurduar and Kalchin were seriously affected. District administration immediately undertook relief and rescue operations. Dry food, tarpaulin etc. were distributed.

In the peak of the flood, 4.31 lakhs people were affected, 1.22 lakhs people were rescued and 185 relief camps were opened. The number gradually came down to 56 camps with 16,500 people. As per latest information collected from D.M., Jalpaiguri the number of persons in camps came down to roughly 15,000 on 21.7.96 in view of the low rain fall during last 2/3 days. The situation has improved much.

There has been 6 confirmed death in the district. 2 persons are missing. More than 19,000 houses have been reported to fully damaged and more than 40,000 houses partly damaged.

Government has so far sanctioned 150 M.T. rice, 50 M.T. wheat as Spl. G.R., Rs.6.25 lakhs as relief contingency and 4,500 Tarpaulins.

The Health Deptt. has distributed more than 1 lakh Halogen tablets and also O.R.S. packets 20 Medical Officer along with Sanitary Inspectors and others are working in the flood affected areas.

This sudden flood passing through the rivers caused damages to the different river embankments. A breach more than 1 km. long occured on river Diana at Changmari. another breach more than 80 metres occured on Chail river near Odlabari which threatened some parts of the Odlabari town, Work of repair for these embankments have been taken up by the I & W. Deptt.

There was also the possibility of merging of river Diana with river Rangati. But fortunately this did not happen. I & W. Deptt. is also taking protective action for this.

M.O.S., I & W Deptt and Secretary I. & W. Deptt. visited Jalpaiguri district for taking immediate action by the I & W Deptt.

The traffic on N.H.31 was disrupted due to subsidence of diversion bridge on river Malangi near Hasimara. Two Chief Engineers of P.W. Deptt. rushed to Jalpaiguri district to supervise the repair/restoration work of roads. As per report received from D.M. the damaged bridge at Malangi has been repaired and traffic opened since 16th July evening.

Crop of Jute, Aus, Summer vegetable, Aman etc. have been damaged in 3420 hectares. The monetary value of the loss is apprx. Rs.4.36 crore.

The damages to river embankments, roads, culverts, PHE installations etc. have been estimated to be Rs.13.49 crores,

**Coochbehar Dist.**

Coochbehar district was also affected by flood because of heavy rainfall in Jalpaiguri district as well as in Coochbehar district.

All the five Sub-divisions were affected. At the peak of the flood more than 3 lakh people were affected in the district, 48,000 people were rescued and 144 relief camps opened. Because of the low rainfall for the last 2/3 days the situation has improved much. As per latest report by D.M. 10,000 people are at present in 18 relief camps. All the major rivers are flowing below danger level.

The district administration immediately undertook relief and rescue operations. Food grain, dry food, tarpaulins etc. are distributed.

Govt. so far sanctioned 3,500 tarpaulins, 175 MT rice, 75 MT wheat as Spl G.R. and Rs.6.00 lakhs as relief contingency.

There has been 8 deaths in the district in the current flood.

As per report of the Health Deptt. 6 medical teams with Medical Officers and 21 teams of Para-medical staff were deployed in affected areas. Halogen tablets and ORS packets have been distributed.

Estimate of damages is being done by the district administration.

**Darjeeling Dist.**

Heavy rainfall caused serious landslides at several places of Kalimpong Sub-division e.g. Nimbong G.P., Pembing G.P., Pabringtar G.I. Samthar G.P., Jaldhaka G.P. and Gorubathan P.S. As per report received from D.M. so far seven people have died and 29 persons are still missing. Four bodies presumably from Kalimpong subdivision were found floating in Chail river and recovered in Jalpaiguri district. Two more bodies have been recovered from the river in Gorubathan P.S. on 16.7.96. The total death thus come to 13 persons and 29 persons are missing.

Number of houses totally washed away or fully damaged is more than 300. Another 83 houses has been reported to be fully damaged in Pokhrabong G.P. in Gorubathan block.

The district administration along with Police personel undertook immediate relief operation. Control Rooms were opened at Kafer and Bagrakote where Relief meterials have been stored. Relief materials have been sent to the affected areas from Kafer-Nimbong, Bagrakote and Gorubathan. The materials that have been distributed include rice, dal, chira, gur, mastered oil, sugar, milk powder, salt, tea, tarpaulins and blankets etc.

Govt. has sanctioned so far 75 MT of food grans, Rs.2.25 lakhs as contingent expenditure and 1000 tarpaulins. 118 families consisting of 638 members in Pebrintar G.P. and 96 families consisting of 576 members in Nimbong G.P. are being supplied food materials as they have become totally dependent on Govt. relief.

The roads to Nimbong Bazar via Kafer has been opened. The District Magistrate has visited Nimbong on 16.7.96. Finance Minister, Municipal Affairs Minister and Relief Minister also visited these areas.

The usual allotment of M.R. goods have already been sent to Nimbong, Kafer, Pembing and Buthabari. The M.R. Shops has been opened for the people of Samthar. 4 teams of Doctor including BMOH are working in the affected area. One Vet Doctor and compounder were also working in the area. Halogen tablets, ORS, bleaching powder with line have been distributed.

The people who have lost their houses by the landslides have to be rehabilited else where for which D.M. has been advised.

Estimates of other damage is being done by the district administration.

Forest Deptt. with the help of Border Roads Organisation are engaged in repair of roads.

The cause of this landslides in such a wide area is to be investigated, if necessary with the help of the Geological Survey of India.

**Dakshin Dinajpur Dist.**

Dakshin Dinajpur district has been affected by flood from 15th July 1996 because of rainfall in the upper reaches. Atrayee, Punarbhava and Tangon flowed above the danger level.

About 2.5 lakhs people have been affected in 30 G.Ps. of six blocks and two municipalities. District administration undertook imediate relief and rescue measures. More than 19,000 people were rescued and 110 relief camps opened. Relief Deptt. has so far sanctioned 75 MT wheat, 75 MT rice, Rs.2.25 lakhs as relief contingency and 2500 tar-

paulins for the present for undertaking relief operation. Six human deaths have been reported due to flood so far.

Loos of catle lives is 15.

7907 houses have been reported to be fully damaged and 16574 to be partially damaged.

The problem in the district is serious erosion by Atrayee at Balurghat and by Punarbhava at Gangarampur. A major breach in the embankment of Atrayee at Balurghat has occured. At Gangarampur also erosion of the embankment has taken place. All efforts are being taken by the I & W Deptt. to contain these breaches.

As per latest report from D.M., Dakshin Dinajpur on 22.7.96, the river level of Atrayee and Punarbhava, though above D.L., are receding.

[12-30 — 12-40 P.M.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** স্যার, মাননীয় ত্রাণমন্ত্রী কয়েকদিন ধরে উত্তরবঙ্গ সফর করলেন এবং আমিও তারসঙ্গে ছিলাম। তিনি মালদহ জেলাতেও গিয়েছিলেন। ট্রেন লেট ছিল, সেইজন্য হয়ত অল্প সময়ের মধ্যে তিনি রিপোর্ট তৈরি করেছেন, আমাদের মালদহ জেলার কথা রিপোর্টের মধ্যে নেই। আমি যদি মালদহ জেলার কথাটা বলে না রাখি তাহলে অন্যায় হবে। মালদহ জেলা অ্যাডমিনিস্ট্রেশন কোনও খবর দেয়নি সময় মতো। তার ফলে মালদহ জেলার সমস্ত রিপোর্ট তিনি দিতে পারেননি। মালদহ জেলার সমস্ত নদীতেই জল বেড়েছে, ফুলহার, মহানন্দা, পূনর্ভবা, টাঙ্গন, শ্রীমতী এইসব নদীতে বিপদজনকভাবে জল বেড়েছে এবং সব থেকে বিপদের কথা হচ্ছে, গঙ্গার ভাঙ্গন ভূতনীর বাঁধের পাড়ে ভাঙ্গন দেখা দিয়েছে। সেখানে গঙ্গা তিনশো, সাড়ে তিনশো ফুট দূরে আছে, যেকোনও সময় ভাঙ্গতে পারে। সেখানে পঁচাত্তর হাজার মানুষ বিপদের মধ্যে পড়বে এবং এক লক্ষের উপর ক্যাটল মারা যেতে পারে। হরিশচন্দ্র পুরের ১৫টি গ্রাম জলমগ্ন এবং তিনটি গ্রাম পঞ্চায়েত ক্ষতিগ্রস্ত হয়েছে। অ্যাডমিনিস্ট্রেশনকে আমি বলি বাঁধটা রক্ষা করার জন্য। সকলে মিলে বাঁধটা রক্ষা করার জন্য চেষ্টা করতে হবে।

**মিঃ স্পিকার ঃ** আজকে ১০৯টি মেনশন আছে এবং ৩৬টি জিরো আওয়ার আছে। আপনারা বোঝার চেষ্টা করুন। যদি এইভাবে চলে তাহলে রাত্রি দশটা অবধি হাউস চলবে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, একটু আগে মাননীয় ত্রাণমন্ত্রী আন্ডার রুল ৩৪৬ অনুযায়ী একটা স্টেটমেন্ট দিলেন। তার স্টেটমেন্টের পরে মাননীয় মন্ত্রী বীরেন বাবু আবার একটা স্টেটমেন্ট দিলেন এবং মাননীয় মন্ত্রীর সঙ্গে কন্ট্রাডিক্ট করলেন। এই দুজন মন্ত্রীর প্রসিডিংস যদি আপনি নিয়ে আসেন তাহলে এটা দেখতেই পাবেন। কংগ্রেস, সি.পি.এমের মধ্যে বিরোধ নয়, একই দলের দুজন মন্ত্রীর মধ্যে বিরোধী এবং পরস্পর বিরোধী বক্তব্য রাখলেন। এই যদি হাউসের অবস্থা হয় তাহলে আমাদের পজিশনটা কি। হরিশচন্দ্র পুর নিয়ে মন্ত্রী বিবৃতি দিলেন, এই ব্যাপারে আপনার হস্তক্ষেপ চাইছি।

## MENTION CASES

**শ্রী রবীন্দ্র ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ত্রাণমন্ত্রীর বক্তব্যে যেটুকু বাদ পড়েছিল, কৃষি বিপনন মন্ত্রী মহাশয় সেই ব্যাপারেই বক্তব্য রেখেছেন বোঝাবার জন্য।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়ায় একটি মহকুমা হাসপাতাল আছে, সেখানে ২০৪টি বেড আছে। উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে সাপে কামড়ানোর, কুকুরে কামড়ানোর কেস গেলে বলে দিচ্ছে ওষুধ নেই। সাপে কামড়ানোর রোগী মারা যাচ্ছে। গরিব লোকেরা বাইরে থেকে কুড়ি টাকা দামের ওষুধ কিনে দিতে পারছে না। এই ব্যাপারে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করছি সাপে কামড়ানো এবং কুকুরে কামড়ানোর ইনজেকশন দেওয়ার ব্যবস্থা করা হোক।

**শ্রী সঞ্জীবকুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সমবায় মন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৯৪ সালের সেপ্টেম্বর মাসে গভর্নমেন্ট একটা অর্ডার বার করেছিলেন। নাম্বার-৩৫২৫ কো-অপ-। এইচ। ২ই-৮৪। পি.টি., ৬.৯.৯৪ তারিখে, এতে বলা হয়েছে The Governor is pleased to sanction an-ad-hoc amount of Rs.350/- per month per employee with effect from 1-4-94 to the employees of five types of Co-operative societies viz primary Agricultural co-operative societies and so on. ৬ই ডিসেম্বর সরকার একটা জি.ও.বার করে বলেছিলেন সমবায় সমিতির কর্মচারিদের ৩৫০ টাকা করে অ্যাডহক গ্র্যান্ট দেওয়া হবে। আমি দায়িত্ব নিয়ে বলছি, আজ পর্যন্ত সমবায় সমিতির কর্মচারিদের এই গ্র্যান্ট দেওয়া হয়নি। মাননীয় অর্থমন্ত্রীর কাছে অনুরোধ করছি অবিলম্বে সমবায় সমিতির কর্মচারিদের অ্যাডহক গ্র্যান্ট দেওয়ার ব্যবস্থা করা হোক।

**শ্রী হারাধন বাউড়ি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ক্ষুদ্র ও সেচ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া, পুরুলিয়ায় সেচের সম্প্রসারণের জন্য রাজ্য সরকার বিশ্বব্যাঙ্কের সহায়তায় ১৯৯১ সালে ২১টি ডিপ টিউবওয়েল বসানোর পরিকল্পনা নেন। কিন্তু পাত্রসায়ের-এ স্কীমে ডিপ্ টিউবওয়েল বসানোর পরিকল্পনা নেওয়া হলেও এখনও পর্যন্ত কাজের অগ্রগতি হয়নি। ইট, পাথর সব পড়ে আছে। অবিলম্বে এব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য আমি মাননীয় ক্ষুদ্র ও সেচ দপ্তরের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

**শ্রী অসিত মিত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কিছুদিন আগে মাননীয় বিধায়ক শ্রী সুনীতি চট্টরাজ মহাশয়, রাস্তাঘাটের খারাপ অবস্থার জন্য লুঙ্গি পরে হাউসে এসেছিলেন বলে অনেকে তাকে বিদ্রূপ মন্তব্য করেন। কিন্তু আমার এলাকার রাস্তাঘাট গুলোরও সেই একই অবস্থা দেখা দিয়েছে। আমার বিধানসভা কেন্দ্র হাওড়ার কল্যাণপুরের রাস্তাঘাটগুলোর অবস্থা অত্যন্ত খারাপ। বাগনান-বাকসি, বাগ্নান-খালনা, বাগনান-বাইনান, শরৎচন্দ্র রোড, এবং ধর্মঘাটা রোডের অবস্থা অত্যন্ত খারাপ। অবিলম্বে এই রাস্তাগুলো মেরামতের জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি। এইসব রাস্তাগুলোতে এক কোমর পর্যন্ত গর্ত রয়েছে। এই রাস্তাগুলোর মেরামত না

হলে যাতায়াতের অসুবিধা থেকে যাবে।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র গোঘাটের কামালপুরে ১৫ শয্যা বিশিষ্ট একটা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে। সেখানে ৫০-৬০ জন রোগী ভর্তি থাকে। কিন্তু সেই স্বাস্থ্যকেন্দ্রে ওষুধ, পথ্যের অভাব রয়েছে। অবিলম্বে ঐ হাসপাতালকে গ্রামীণ হাসপাতালে রূপান্তরিত করার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী শীতলকুমার সর্দার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র সাঁকরাইলে শীতলমণি পুল আছে। এই পুলটা ভেঙে গেছে। এই পুলের পাশে এটা স্কুল আছে। এই স্কুলের ছাত্রছাত্রিরা স্কুলে যেতে পারছে না। এই পুলটা তৈরি না করলে যেকোনও সময়ে এখানে বড় ধরনের বিপদ ঘটতে পারে। অবিলম্বে এখানে কংক্রীটের পুল তৈরি করার জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি।

**ডাঃ রামচন্দ্র মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যথেষ্ট উন্নত মানের বীজের অভাব এখানে রয়েছে। হাই ইল্ডিং সিড উৎপাদনের জন্য বিভিন্ন জায়গায় যাতে খামার তৈরি হয় এবং সরকারি ও বেসরকারি ভাবে সেই বীজ উৎপাদন করে সরবরাহ করা হয়, তারজন্য চেষ্টা চালিয়ে যাবার দরকার হয়ে পড়েছে। এছাড়া, যে কলমের চারা পাওয়া যায়, সেটাও খুব নির্ভরযোগ্য নয়। সেইজন্য আমাদের নার্সারি প্রোগ্রামকে বলবৎ করার জন্য, বিশেষভাবে পরিকল্পনা গ্রহণ ও কার্যকর করার জন্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রবীন মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এগ্রিকালচার মার্কেটিং মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলায় ১০৪টি কোল্ড স্টোরেজ, সেখানে একস্ট্রা আলু রাখা হচ্ছে বলে অনেক কোল্ড স্টোরেজে অনেক আলু পচে যাচ্ছে। পান্ডুয়ার আলাসীনে, চিরঞ্জীব কোল্ড স্টোরেজে যেখানে ২ লক্ষ ৬০ হাজার বস্তা আলু রাখতে পারে, সেখানে ৪ লক্ষ ৩০ হাজার বস্তা আলু রাখছে। এইভাবে বিভিন্ন কোল্ড স্টোরেজে নিয়ম বহির্ভুতভাবে আলু রাখা হচ্ছে। ইনসিওরেন্স চার্জ, স্টোরেজ চার্জ, এসব আলাদা আলাদা নেওয়া হচ্ছে, কিন্তু এরজন্য মানি রিসিপ্ট দেওয়ার যে নিয়ম, তাও মানা হচ্ছে না। এবং, ৬ নং ফর্মও হীমঘর কর্তৃপক্ষ দিচ্ছে না।

**श्री रामजनम माझी** : आदरणीस डिस्टी स्पिकर साहब, मै आपके माध्यम से परिवहन मंन्त्री का ध्यान आकर्षित कराना चाहता हुं। हमारे उतर उलुबेड़िया केन्द्र के नैपाली, लाडलो भूजधट से बजबज बिचाली के लिए भुटभुटी चलती है जिसके लिए वहां कोई जेटी नही है। हजारो-हजार यात्री यहां से आना-जाना करते है। कुछ दिन पहले जैसा कि आप जानते होगे यहां डुब जाने से ३०-४० आदमी मारे गय। यहां बराबर दुर्घटना का भय बना रहता हैं। इसलिए मै आपके माध्यम से अनुरोध करता हूं कि वहां जल्द-से-जल्द

जेटी की व्यवस्था हो। इसके साथ ही मै अपना वक्तव्य समाप्त करता हूं।

**শ্রী সবুজ দত্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাগনান বিধানসভা কেন্দ্রে ১৯৭৭ সালের আগে যে সমস্ত বড় বড় রাস্তা তৈরি হয়েছিল, দীর্ঘ ১৯ বছর কেটে গেলেও সেইগুলোর সংস্কার হল না। গুনীনতলা থেকে কাদাপাড়া, হেতেমপুর মোড় থেকে বাঘবেড়িয়া, যে ১২ থেকে ১৪ কিলোমিটার রাস্তায় ইঁট পাতা হয়েছিল, সেইগুলো নষ্ট হয়ে যাচ্ছে। এই বছরও কিছু হল না, বর্তমান সরকার নীরব। এই রাস্তা মেরামত করে বাগনানের মতো জনবহুল শহরে যাতে মানুষ ভালোভাবে যাতায়াত করতে পারে তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নরঘাট বিধানসভা কেন্দ্রের নন্দীগ্রাম ৩ নং ব্লকের উড়ড়ীর, বরোজ, বিরামপুর, বুরুন্দা, গোপালপুর, কুশলপুর, গোখুরী, কোটবার্ড়, পূর্ব বিরামপুর, রামপুর, এইসব ভার্জিন মৌজাগুলোতে কয়েক বছর আগেই তার গেছে, কিন্তু বিদ্যুৎ সংযোগ এখনও পর্যন্ত হয়নি। দীর্ঘদিন ফেলে রাখার ফলে, সেসব তার বহুলাংশ নষ্ট হয়ে গেছে। কনজিউমাররা বাড়িতে ওয়্যারিং করে রেখেছে, কিন্তু আলো পাচ্ছে না। ঐ মৌজাগুলোতে, ভার্জিন মৌজাগুলোতে যাতে রি-ভাইটালাইজেশন স্কীম করে বিদ্যুৎ সংযোগ দেওয়া যায় এবং মানুষের দুর্গতি দূর করা যায়, সেদিকে দৃষ্টি দেওয়ার জন্য, সেই বিষয়ে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

[12-50 — 1-00 P.M.]

**শ্রী নীরদ রায়চৌধুরি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র-এর দুটো পঞ্চায়েত গুমা (১) এবং (২)-তে কোনও বালিকা বিদ্যালয় নেই। সেখানে ৩০ হাজার লোকের বাস। কিন্তু একটা মাত্র প্রাইমারি স্কুল আছে। পড়া-শোনার জন্য তাদের বাইরে যেতে হয়। কম করে ট্রেনে বা বাসে ১৫।২০ মাইল দূরে যেতে হয়। তাই স্যার, আমি আপনার মাধ্যমে উচ্চ-বালিকা বিদ্যালয় এবং দুটো প্রাইমারি স্কুল খোলার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী সরেশ আংকুড়া :** স্যার, আমার বিধানসভা কেন্দ্র কাঁকসা। সেখানে 'আমলাজোড়া' গ্রাম পঞ্চায়েত এলাকায় সিলামপুর, আয়মা, কেটেন, ন-পাড়া, ধোবাঘাট, বাবনাবেড়া এই গ্রামগুলো দামোদর নদীর গর্ভে চলে গিয়েছে। প্রতি বৎসর-ই ধ্বসে ধ্বসে দামোদর নদীর জল গ্রামে প্রবেশ করছে। ফলে বাড়ি-ঘর ফসলের প্রচন্ড ক্ষতি হয়। এই গ্রামগুলোকে বাঁচানোর জন্যে বন্যা প্রতিরোধ বাঁধ নির্মাণ করার দাবি করছি।

আরও উল্লেখ করতে চাই, গাংবিল, এম.সি. ওয়ান ৪৮৮ চেনক্যানেল প্রতি বৎসর ধ্বস ছেড়ে বুজে যায়। চাষিদের জলের খুব অসুবিধায় পড়তে হয়। যাতে ক্যানেলটি বোল্ডার পিচিং হয় তারজন্য আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** স্যার, কেন্দ্রীয় সরকারের বাজেট প্লেস হয়েছে। স্টেট গভর্নমেন্টের বাজেটও প্লেস হয়েছে। কিন্তু স্টেট বা সেন্ট্রাল গভর্নমেন্টের বাজেট হ্যাজ নট

স্ট্রাইকেন অ্যাঙ্গেল এবং আন-এমপ্লয়মেন্ট সম্বন্ধে রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকার একেবারে চুপ। স্যার, পশ্চিমবাংলায় গত ৬ বছরে রেজিস্টার্ড বেকারের সংখ্যা ৫০ লক্ষ ৪৭ হাজার ৪৮৭ জন ১৯৯০ থেকে ১৯৯৫ পর্যন্ত। এরমধ্যে ৬ লক্ষ ৫০ হাজার ১৬৯ গড়ে প্রতি বছর। তারমধ্যে ৮ হাজার ৩০০ জন করে চাকরি পাচ্ছেন। এই আন-এমপ্লয়মেন্ট প্রবলেমটা টপ প্রায়োরিটি সেক্টরে আনা দরকার। কিন্তু এখানে দেখা যাচ্ছে, সেন্ট্রাল গভর্নমেন্ট বা রাজ্য সরকার দুজনেই দর্শক হয়ে রয়েছেন। আজকে বেকারের সংখ্যা বাড়তে বাড়তে ৫০ লক্ষ গিয়ে দাড়িয়েছে। গত বছর আন-এমপ্লয়মেন্ট প্রবলেম লেবার ইন ওয়েস্ট বেঙ্গল ছিল, ৫৩ লক্ষ ছাড়িয়ে যাচ্ছে। আমাদের ডিমান্ড আন-এমপ্লয়মেন্ট প্রবলেমকে টপ প্রায়োরিটি দেবার জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলুন। এখন ওখানে এব্যাপারে বাজেট ডিসকাশন চলবে। কেন্দ্রীয় সরকারকে এ ব্যাপারে যাতে রিলিফ দিতে বাধ্য করা যায় সেইভাবে আমাদের পশ্চিমবাংলা বিধানসভায় কালকের মধ্যে কিছু প্রস্তাব গ্রহণ করা হোক।

**শ্রী বরেন বসু :** মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে বলতে চাইছি, দিল্লিতে এতদিন যারা সরকারে ছিলেন তারা আমাদের দেশের বেকার সমস্যা সম্পর্কে যে সিদ্ধান্ত নিয়েছিলেন তাতে আমরা জানি, সারা দেশের লিখিত এবং অলিখিত অর্থাৎ রেজিস্টার্ড এবং আনরেজিস্টার্ড বেকারের সংখ্যা ১৫ কোটি হয়েছে। ওরা এতদিন দিল্লিতে বসেছিলেন কিন্তু বেকারদের জন্য নুন্যতম ব্যবস্থাও নেন নি। আমাদের দেশে ৫ লক্ষ শিল্প কল-কারখানা বন্ধ হয়ে রয়েছে সেগুলো খোলার কোনও ব্যবস্থা নেন নি। কিন্তু আজকে একটা নতুন সরকার সেখানে এসেছেন। তারা গ্রামাঞ্চলে কাজের জন্য উদ্যোগ নিয়েছেন। রাজ্য সরকারও গ্রামের বেকারদের কাজের ব্যাপারে উদ্যোগী হয়েছেন। সেই উদ্যোগ যাতে সুনির্দিষ্ট ভাবে গ্রহণ করা হয়, আমি তারজন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ রাখছি।

**Shrimati Shanta Chettri :** Mr. Speaker, Sir, with your kind permission I would like to draw the attention of the concerned Hon'ble Minister. Sir, the H.M.I., Darjeeling is recruiting students on the recommendations of the West Bengal Youth Service Department. The D.G.H.C. also has exclusive Department called Sports and Youth Wing. However, the D.G.H.C Sports and Youth Department is non-functional so far sponsoring or recommending youths for the basic and advanced coursed under H.M.I., Darjeeling. I would like to bring to your notice, Sir, that henceforth the D.G.H.C Sports and Youth Wing should be given priority and power to recommend or sponsor the students for the direct recruitment in H.M.I., Darjeeling for basic and advanced courses. Thank you, Sir.

**শ্রী রঞ্জিত কুন্ডু :** স্যার, সি.এম.ডব্লিউ.এসের অধীনে পঞ্চায়েত এলাকায় পানীয় জল সরবরাহের একটি প্রকল্প আছে, ৬০-৬২টি পাম্পের সাহায্যে জল সরবরাহ করা হয়। এটা কন্ট্রাকটাররা চালান এবং কর্মচারিদের কম মাইনে দেন এবং বিরোধ লেগেই থাকে। গত ২ মাস থেকে চেঙ্গাইলে এন.সি.পি.পি. তারা বেতন দিচ্ছেন না, যাতে তারা বেতন পান তারজন্য সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সঙ্গে সঙ্গে এইরকম গুরুত্বপূর্ণ প্রকল্প বারবারই ঠিকাদারদের

হাতে রেখে দেওয়ার জন্য অতীতে পানীয় জল সরবরাহে বিঘ্ন ঘটেছে, এটা যাতে ডিপার্টমেন্টের নিজের হাতে রাখা হয় তারজন্য অনুরোধ করছি।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** স্যার, আপনার মাধ্যমে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলা প্রাথমিক বিদ্যালয় পরিদর্শকের অফিসটি কৃষ্ণনগরে অবস্থিত কিন্তু অদৃশ্য হাতের খেলায় ডি.আই. (প্রাইমারি) অফিসটি স্থানান্তরিত হয়েছে, সেখানে রাসায়নিক সারের গোডাউন থাকায় সেখানে ডি.আই (প্রাইমারি), আসতে পারেন না, পরিদর্শকরা আসতে পারেন না, এবং প্রতিদিন যেসব কর্মচারিরা কাজ করেন এবং শিক্ষক যারা বিভিন্ন দাবি-দাওয়া নিয়ে সেখানে আসেন তারাও আসতে পারেন না। এর পিছনে কি অদৃশ্য হাতের খেলা আছে যারফলে ডি.আই.অফ প্রাইমারি স্কুলের অফিসটি স্থানান্তরিত করা হয় এবং রাসায়নিক সারের গন্ধের জন্য সেখানে কেউ আসতে পারেন না। এটা উপযুক্ত স্থানে স্থানান্তরের ব্যাপারে মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী ইভা দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার জঙ্গিপাড়া বিধানসভা কেন্দ্রে হরিপুরে যে প্রাথমিক স্কুল আছে, সেখানে শিক্ষা নেওয়ার পর ছোট ছোট ছেলেমেয়েদের পরবর্তী শিক্ষার জন্য ৫।৬ মাইল দূরে ক্লাস সিক্সে পড়ার জন্য আকুনি বি.জি.আইস্কুলে নয়তো লক্ষ্মণপুর হাইস্কুলে যেতে হয়। সেখানে জুনিয়র হাইস্কুল বা হাইস্কুল নেই। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে ওখানে একটি জুনিয়র হাইস্কুল করার জন্য অনুরোধ করছি।

[1-00 — 1-10 P.M.]

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিষয়টির উপর আপনার দৃষ্টি আকর্ষণ করছি তা হল, টালিগঞ্জ, যাদবপুর এবং ঢাকুরিয়ায় ১৮টি শিল্প সংস্থা ছিল। এখন তারমধ্যে ১৭টি বন্ধ হয়েছে। জয় ইঞ্জিনিয়ারিং কোম্পানি টিম টিম করে চলছে। মাননীয় বুদ্ধদেব বাবু উপস্থিত আছেন, কৃষ্ণা গ্লাস ফ্যাকটরি, বেঙ্গল ল্যাম্প, সুলেখা বন্ধ, একটার পর একটা কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু কারখানা বন্ধ হচ্ছে তা নয়, কারখানার জমিগুলো প্রমোটররা কিনে নিয়ে হম্য, প্রাসাদ বানাচ্ছে। ইন্ডাস্ট্রিয়াল প্লটগুলোর চরিত্র পরিবর্তন করে সেখানে বহুতল বাড়ি বানাচ্ছে। কারখানার মালিক, কলকাতা কর্পোরেশন এবং অসাধু প্রমোটরদের ত্রয়স্পর্শ সেই প্লটগুলো নিয়ে কোটি কোটি কালো টাকার খেলা চালাচ্ছে। আমি বিষয়টির প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী, শ্রমমন্ত্রী এবং যাদবপুরের বিধানসভা সদস্য, যিনি মন্ত্রীসভারও সদস্য তাদের সকলের দৃষ্টি আকর্ষণ করছি। ঐ এলাকায় গত তিন মাসে ১২০০ শ্রমিক ছাঁটাই হয়েছেন। অবিলম্বে তারা যাদবপুর-টালিগঞ্জ এলাকার শিল্পগুলির বিষয়ে একটা কিছু ব্যবস্থা গ্রহণ করুন। শিল্পগুলিকে বাঁচাবার চেষ্টা করুন, শ্রমিকদের বাঁচান।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য পঙ্কজবাবু ঠিকই বললেন টালিগঞ্জ, যাদবপুর অঞ্চলের অনেকগুলো কারখানা বন্ধ হয়ে আছে। আমাদের সামনে এটা একটা কঠিন অবস্থা। সবগুলোর সম্বন্ধে আমি এখনই কিছু বলতে পারছিনা। তবে 'কৃষ্ণা গ্লাস' নিয়ে একটা উদ্যোগ চলছে, একটু ইতিবাচক অবস্থা দেখা দিয়েছে। তবে এই প্রসঙ্গে আমি বলতে পারি যে, কারখানাগুলো সচল না করে, কারখানা বন্ধ করে হাউসিং এস্টেট

করার চেষ্টা হচ্ছে বলে যেটা বলা হল সেটা বর্তমান আইনে করা যায়না। আমাদের সরকার কোনও অবস্থায়ই তা করতে দেবে না।

**শ্রীমতী শক্তি রানা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ভূমিহীন কৃষকদের স্বামী ও স্ত্রী উভয়ের নামে যৌথভাবে পাট্টা বিতরণের ব্যবস্থা করেছেন। মহিলাদের পারিবারিক জীবনে সুপ্রতিষ্ঠিত করার ক্ষেত্রে এই সার্থক ভূমিকা বামফ্রন্ট সরকার পালন করছেন। আমরা জানি আমাদের গ্রামাঞ্চলের ৯০ ভাগ মহিলাই কৃষি কার্যের সঙ্গে যুক্ত। সুতরাং আমি মাননীয় ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রী মহোদয়কে অনুরোধ করছি গ্রামাঞ্চলের কৃষিজীবি মহিলাদেরও বর্গাদার হিসাবে নাম নথিভুক্ত করার ব্যবস্থা তিনি করুন। স্যার, আপনার মাধ্যমে আমি এই প্রস্তাব মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি।

**শ্রী আকবর আলি খোন্দকার :** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, হুগলি জেলার বৈদ্যবাটি শহরে 'চারুশীলা বালিকা বিদ্যালয়' নামে একটি বিখ্যাত মেয়েদের স্কুল আছে। সেই স্কুলের প্রধান শিক্ষিকাকে ডি.আই. সাসপেন্ড করেছে। প্রতিবাদে প্রধান শিক্ষিকা ঐ বিদ্যালয়ে অবস্থান করছেন এবং গতকাল থেকে আমরণ অনশনে বসেছেন। ইতিমধ্যে ঐ বিদ্যালয়ে রাতারাতি আর একজনকে হেড মিস্ট্রেস হিসাবে অ্যাপয়েন্ট করা হয়েছে। এই ঘটনার মধ্যে আমরা কিছু অন্যরকম গন্ধ দেখছি। সেই গন্ধটা হচ্ছে, প্রভিডেন্ট ফান্ডের কয়েক লক্ষ টাকার দুর্নীতি এবং স্কুলের একটা অনুষ্ঠানের টাকা পয়সা নিয়ে দুর্নীতি। সিপিএম পরিচালিত ম্যানেজিং কমিটি ঐ সমস্ত দুর্নীতি ঢাকতে যাকে প্রধান শিক্ষিকা হিসাবে নিয়োগ করেছিল, তাকে বাতিল করে অন্য একজনকে আবার প্রধান শিক্ষিকা হিসাবে নিয়োগ করেছে। এ নিয়ে ঐ শহরে একটা খুবই উদ্বেগজনক পরিস্থিতির সৃষ্টি হতে চলেছে তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি, তিনি অবিলম্বে ওখানে হস্তক্ষেপ করুন এবং স্কুলটিতে সুষ্ঠু পরিচালন ব্যবস্থা ফিরিয়ে আনুন। ধন্যবাদ।

**শ্রী মহঃ মাজেদ আলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি ক্ষুদ্রসেচমন্ত্রী মহোদয়ের একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার কেন্দ্র পান্ডুয়ায় বিশ্ব ব্যাঙ্কের ঋণের মাধ্যমে যে মিনি-ডিপ টিউবওয়েলগুলো হয়েছে। আজ দেড় বছর হয়ে গেল সেগুলোয় বিদ্যুৎ সংযোগ করা হয়নি। ফলে সেগুলো চালু করা সম্ভব হচ্ছে না। চাষিদের চাষ করতে খুবই অসুবিধা হচ্ছে। ক্ষেতমজুররা কাজের অভাব বোধ করছে। পান্ডুয়া থানায় কৃষি সম্পদ উৎপাদনে ঘাটতি হচ্ছে। অবিলম্বে যাতে পান্ডুয়া থানার মিনি-ডিপ টিউবওয়েলগুলোয় বিদ্যুৎ সংযোগ করে সেগুলো চালু করা যায় এবং চাষি ও ক্ষেতমজুরদের উপকার সাধিত হয় তারজন্য আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি মাননীয় ক্ষুদ্র সেচমন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী পরেশ পাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের যিনি ভারপ্রাপ্ত মন্ত্রী আছেন তার দৃষ্টি আকর্ষণ করছি। আমার মানিকতলা কেন্দ্রে প্রায় ১০টি সি.আই.টি. বিল্ডিং আছে। তারমধ্যে ২টি বিল্ডিং-এর অবস্থা অত্যন্ত খারাপ। একটা

*হচ্ছে, ১১ নম্বর সি.আই.টি বিল্ডিং আর একটি হচ্ছে বি.আর.এস.টেন (১০) সি.আই.টি.* বিল্ডিং। এমন অবস্থা যে কোনও মুহূর্তে মারাত্মক অ্যাকসিডেন্ট হবে। ওখানে কিছু কিছু বিল্ডিং-এর সারাবার ব্যবস্থা হয়েছে। কিন্তু সি.আই.টি বিল্ডিং দেখলে মনে হয় যেন অনাথ, বাপ, মা নেই। এর মিনিস্টারকে আছেন আমি জানি না। তবে ওখানে যে কনট্রাক্টর আছে, সে তার খেয়াল-খুশি মতোন টুক-টাক কাজ করছে। এমন কাজ করছে যে সিমেন্ট দিচ্ছে না, কোনওরকম কিছু করছে না, কারো কথা সে শুনছে না, কেউ বললেও কিছু করছে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো, তিনি যেন এই ব্যাপারে ভাল করে দেখেন এবং যে কাজটুকু হবে সেটা যাতে সুষ্ঠুভাবে হয় সেই ব্যবস্থা করবেন।

**শ্রমতী সাধনা মল্লিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে মঙ্গলকোট স্বাস্থ্যকেন্দ্রে কুকুরে কামড়ানোর কোনও প্রতিষেধক পাওয়া যাচ্ছে না। কাটোয়া মহকুমা হাসপাতালেও পাওয়া যাচ্ছে না। জেলা সি.এম.ও.এইচ বলছে সাপ্লাই পাওয়া যাচ্ছে না। অবিলম্বে কুকুরে কামড়ানোর প্রতিষেধক সাপ্লাই দেবার ব্যবস্থা করার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি।

**শ্রী ফণীভূষণ রায় ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী আব্দুস সালাম মুন্সী ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী আবু হেনা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্র লালগোলা। এই লালগোলায় ২টি হায়ার সেকেন্ডারি স্কুল আছে এবং গোটা ১০ হাইস্কুল আছে। প্রবলেম হচ্ছে, যে সমস্ত ছাত্রছাত্রিরা মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিক পাশ করছে তাদের ভর্তির অসুবিধা ভীষণভাবে হচ্ছে। নিয়ারেস্ট যে কলেজগুলি আছে সেগুলি হচ্ছে, জিয়াগঞ্জ, জঙ্গীপুর এবং বহরমপুররর কলেজ। কিন্তু এত বেশি সংখ্যক ছাত্র-ছাত্রি পাশ করছে যে সেখানে ভর্তি হতে পারছে না। তাই মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে দাবি করছি, লালগোলায় একটি ডিগ্রি কলেজ স্থাপন করা হোক। এখানে কলেজ হলে লালগোলা, ভগবানগোলা এবং সাগরদিঘীর একটা অংশের ছাত্রছাত্রির উপকার হবে। স্যার, এটা করা অত্যন্ত জরুরি। এমন অনেক অনুন্নত জায়গা আছে যেখানে কলেজ স্থাপিত হয়েছে। যেমন, ইসলামপুর, উরঙ্গাবাদ, আমতলা এইসব জায়গায় কলেজ আছে, কিন্তু লালগোলাতে কলেজ নেই। তাই লালগোলায় একটি কলেজ স্থাপন হোক।

[1-10 — 1-20 P.M.]

**শ্রীমতী কনিকা গাঙ্গুলি ঃ** স্যার, হাওড়া জেলার উত্তর হাওড়ায় জি.টি.রোডের প্যারালাল একটি রাস্তা আছে। সেই রাস্তার একটি অংশ বালি মিউনিসিপ্যালিটি আর একটি অংশ হাওড়া কর্পোরেশনের দায়িত্বে। এই রাস্তার নাম হচ্ছে গিরীশ ঘোষ রোড, এর এক অংশ জ্যোতি মুখার্জি রোড আর এক অংশ হাওড়া রোড। এই রাস্তার উপর এশিয়ার বৃহত্তম লোহা মার্কেট বজরংবলি মার্কেট। এই রাস্তা দিয়ে টন টন লোহা নিয়ে ট্রাকগুলো যাতায়াত করে। কিন্তু মিউনিসিপ্যালিটির এই সামর্থ নেই যাতে এই রাস্তাগুলোকে সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ করতে পাবে। যারজন্য এই রাস্তাগুলোর অবস্থা অত্যন্ত সংগীন হয়ে পড়েছে। সেইজন্য আমি

পূর্তমন্ত্রীর কাছে এই গিরীশ ঘোষ রোড, জ্যোতি মুখার্জি রোড এবং হাওড়া রোডকে পূর্ত দপ্তরের অধীনে নিয়ে নেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি এবং সমান গুরুত্বপূর্ণ রোড বালি স্টেশন রোড এবং বেলুড় স্টেশন রোড এবং আগামী দিনে লিলুয়ায় যে ওভার ব্রিজ হচ্ছে তারজন্য লিলুয়া স্টেশন রোড, এইগুলো যাতে পূর্ত দপ্তরের অধীনে আসে সেই ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী হবিবুর রহমন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয় আইনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মুর্শিদাবাদ জেলাতে বিচার বিভাগের ৪৫ জন প্রসেস সার্ভেয়ার আছেন। এদের নিয়ম হচ্ছে আট কিলোমিটার এর দূরত্বের বাইরে সমন জারি করতে গেলে প্রসেস সার্ভেয়াররা একটা সামন অ্যালাউয়েন্স পেয়ে থাকে। কিন্তু ৯০ সাল থেকে তা তারা পাচ্ছে না। ফলে ৯০ সাল থেকে প্রায় ৫।। লক্ষ টাকা ওদের অ্যালাউয়েন্স ডিউ হয়ে গেছে। আমি এই সম্পর্কে বিচারমন্ত্রী, জেলা জজ এবং হাইকোর্টের রেজিস্ট্রারের কাছে আপিল করেছি কিন্তু কেউ কর্ণপাত করেননি। ৯৪ সালের পর থেকে এর ফলে তারা সমন জারি করা বন্ধ রেখেছে। এতে বিচার ব্যবস্থায় খুব ক্ষতি হচ্ছে। প্রতিপক্ষ হাইকোর্টে উপস্থিত হতে পারছে না। তারা হয়রাণ হয়ে ঘুরছে। সুতরাং এই টাকা যাতে অনতিবিলম্বে তারা পায় সেই ব্যবস্থা করার জন্য আমি বিচার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী কার্তিকচন্দ্র বাগ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের আউস গ্রামের পাশে গলসি, তার মাঝখান দিয়ে খড়ি নদী গেছে। কিন্তু খড়ি নদীর উপর কোনও ব্রিজ না থাকার ফলে সাধারণের যাতায়াতের খুব অসুবিধা হচ্ছে। সুতরাং ঐ খড়ি নদীর উপর যাতে একটি ব্রিজ করা হয়, সেই অনুরোধ জানিয়ে আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শেখ খবিরুদ্দিন আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে মাননীয় পৌর এবং নগর উন্নয়ন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নাকাশিপাড়া বিধানসভা কেন্দ্রের পাশেই বেথুয়াডহরি যেটা নদীয়া জেলার একটা অন্যতম গুরুত্বপূর্ণ গঞ্জ, এটা একটা গুরুত্বপূর্ণ ব্যবসা কেন্দ্র। এর উপর দিয়ে ৩৪ নং জাতীয় সড়ক চলে গেছে এবং জাতীয় সড়কের পাশেই রেলওয়ে স্টেশন। এর কলেবর দিনের পর দিন বাড়ছে। ওখানে তফসিলি জাতি লোকের বাস এবং পূর্ববঙ্গ থেকে উদবাস্তুরা এসে ওখানে বসবাস করছে। সুতরাং ঐ ব্যবসাকেন্দ্রটির সার্বিক উন্নয়ন করার জন্য, ঐ গঞ্জ এবং তার পার্শ্ববর্তী এলাকাকে নোটিফায়েড এলাকা হিসাবে নথীভুক্ত করার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী অজয় দে ঃ** নট প্রেজেন্ট।

**শ্রী দেওকী নন্দন পোদ্দার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। সেন্ট্রাল অ্যাভিন্যু রাস্তার স্যুয়োরেজ ব্যবস্থা, পানীয় জলের ব্যবস্থা এবং সমস্ত সিভিক অ্যামিনিটিজ আজ বিচ্ছিন্ন হয়ে পড়েছে মেট্রো রেলের কাজের ফলে। বছরের পর বছর কর্পোরেশনকে বলা সত্ত্বেও কোনও অ্যাকশন নেওয়া হচ্ছে না। আমি গত মাসের ২৬ তারিখে মেট্রো রেলের জেনারেল ম্যানেজারকে একটা চিঠি লিখেছিলাম, এই কাজের জন্য ওখানকার মানুষ সাফার করছে, আপনারা কোনও অ্যাকশন নিচ্ছেন না

কেন? রাস্তাঘাট মেরামত করা হচ্ছে না কেন, স্যুয়োরেজ ঠিক করা হচ্ছে না কেন? কর্পোরেশন বলছে মেট্রো রেল করছে না, আর মেট্রো রেল বলছে কর্পোরেশন করছে না। ২৬ তারিখের আমার চিঠির জবাবে মেট্রোর, জেনারেল ম্যানেজার ১লা জুলাই একটা চিঠি আমাকে লিখে জানিয়েছেন— তারা আমাকে চিঠি দিয়ে জানিয়েছেন যে তারা কলকাতা কর্পোরেশন-এর সাথে একটি চুক্তি করেছেন এবং ২১ কোটি টাকা তারা দেবেন এই সেন্ট্রাল এভিনিউ রিপেয়ার করার জন্য। সেই ২১ কোটি টাকার মধ্যে অলরেডি ১১ কোটি ৬০ লক্ষ টাকা কর্পোরেশনকে দেওয়া হয়ে গিয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাই, এই যে ১১ কোটি টাকার উপর তারা কর্পোরেশনকে দিল এই টাকার ব্যবহার কোথায় কি ভাবে হল সেটা তিনি আমাদের জানান। আমরা দেখছি, সেন্ট্রাল এভিনিউতে এখন সামান্য বৃষ্টি হলেই বাড়ির উঠানে জল উঠে যায়। স্যার, এ ব্যাপারে মাননীয় পৌরমন্ত্রী মহাশয়কে একটি চিঠি আপনার মাধ্যমে আমি দিচ্ছি।

**শ্রী দিবাকান্ত রাউত :** (নট (প্রেজেন্ট)

**শ্রী শক্তিপদ খাড়া :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পোলবা-দাদপুর ব্লকের স্বাস্থ্যকেন্দ্রটি পোলবা গ্রামে অবস্থিত। ১৯৯১ সালের সেনসাস অনুযায়ী দেখা যাচ্ছে এই ব্লকের জনসংখ্যা ২ লক্ষ ৫ হাজারের মতোন। এরমধ্যে ৯৫ হাজারই হচ্ছেন তফসিলি জাতি, উপজাতির লোক। এই স্বাস্থ্যকেন্দ্রটিতে প্রতিদিন ১/১।। হাজার মানুষ চিকিৎসার জন্য আসেন। এখানে কোনও এক্সরে করার ব্যবস্থা না থাকায় মানুষের খুবই অসুবিধা হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, এই স্বাস্থ্যকেন্দ্রে অবিলম্বে এক্স-রে ডিপার্টমেন্ট খোলার ব্যবস্থা করুন এবং সেখানে একজন অর্থোপেডিক সার্জেন দেবার ব্যবস্থা করুন।

**শ্রী ইউনুস সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রী এবং মন্ত্রিসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, রাজ্যের পাটচাষিরা দারুন দুরাবস্থার মধ্যে পড়েছেন। অবিলম্বে কাঁচা পাটের সহায়ক মূল্য ঘোষণা করে রাজ্যের মধ্যে অবস্থিত কো-অপারেটিভ সোসাইটি, মার্কেটিং সোসাইটি, জে.সি.আই-এর যেসব কেন্দ্র আছে সেগুলিকে আগাম চালু করে কাঁচা পাট কেনার ব্যবস্থা করার জন্য রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করুন। পাটচাষিরা যাতে ডিসট্রেস সেল থেকে বাঁচতে পারে তার ব্যবস্থা করুন।

**শ্রী মহম্মদ আনসারুদ্দিন :** (নট প্রেজেন্ট)

**শ্রী পরেশনাথ দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার সাগরদিঘি কেন্দ্রের অধীন মোড়গ্রাম গ্রামপঞ্চায়েতে প্রচুর নিয়মবহির্ভূত খরচের অভিযোগ পাওয়া গিয়েছে। সেখানে ব্রিজ, রাস্তাঘাট সারানোর নামে খরচ দেখানো হচ্ছে, টিউবওয়েলের পার্টস কেনার খরচ দেখানো হচ্ছে। বিভিন্নভাবে যে ভূয়ো খরচ দেখানো হচ্ছে সে সম্পর্কে বি.ডি.ও. এবং এস.ডি.ও.'র কাছে অভিযোগ দায়ের করা হলে এস.ডি.ও. তার তদন্ত করে এই পঞ্চায়েতকে সুপারসিড অথবা পঞ্চায়েত প্রধানকে অপসারণ করার দাবি জানিয়েছেন। এসব সত্ত্বেও সেই পঞ্চায়েত থেকে টাকা খরচ করে যাওয়া হচ্ছে। অবিলম্বে এ সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা নেবার জন্য

আমি অনুরোধ জানাচ্ছি।

[1-20 — 1-30 P.M.]

**শ্রী বিনয় দত্ত ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এটা সকলের জানা আছে যে, প্রতিটি গ্রাম পঞ্চায়েতে একজন করে হোমিওপ্যাথি ডাক্তারের সঙ্গে একজন করে অ্যাসিসটেন্ট রয়েছেন, কিন্তু তাদের বেতন খুবই কম। গত বছর প্রাক্তন স্বাস্থ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন যে, ওদের বেতন ১০০ টাকা করে বাড়িয়ে দেওয়া হবে। ঐ মর্মে খবরের কাগজেও রিপোর্ট বেরিয়েছিল। কিন্তু এখনও পর্যন্ত সেই বেতন তারা পাননি। আমার আবেদন, ওদের মাইনে বাড়িয়ে দেওয়া হোক, কারণ গ্রাম পঞ্চায়েত অধীনস্থ হোমিওপ্যাথি ডাক্তার এবং অ্যাসিসটেন্টদের কাছে প্রচুর রোগি আছে। বিষয়টার প্রতি আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি রাজ্যের শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে ফলতা বিধানসভা কেন্দ্রের একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে উল্লেখ করছি। প্রাক্তন প্রধানমন্ত্রী ছাত্র-ছাত্রিদের জন্য মিড-ডে-মিল প্রকল্প চালু করেছিলেন তাদের দুপুরে খাবার দেবার জন্য, কিন্তু ১১৮ নম্বর ফলতা কনস্টিটিউয়েন্সিতে আজ পর্যন্ত মিড-ডে-মিল প্রকল্প চালু হয়নি। যখন ঢাক-ঢোল পিটিয়ে স্বাস্থ্যের কথা রাজ্য সরকার ঘোষণা করছেন তখন আমার এলাকায় যাতে মিড-ডে-মিল প্রকল্প অবিলম্বে চালু হয় তারজন্য আমি শিক্ষামন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রীমতী মমতা মুখার্জি ঃ** নট প্রেজেন্ট।

**শ্রী চক্রধর মাইকাপ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কাঁথি ৩ নম্বর ব্লকে তিনটি স্বাস্থ্যকেন্দ্রের মধ্যে মাত্র একটিতে একজন ডাক্তার আছেন। দীর্ঘ কয়েক মাস যাবত এটা চলছে। তারফলে শত শত অসুস্থ লোক লাঞ্ছনার চরম সীমায় পৌঁছেছে। বনমালিচর এবং খড়িপুকুরিয়া এই দুটি স্বাস্থ্যকেন্দ্রের মধ্যে বনমালিচর স্বাস্থ্যকেন্দ্রটি পোলিও সেন্টার হিসাবে অত্যন্ত জনপ্রিয়। ১০ বছর আগে বনমালিচর স্বাস্থ্যকেন্দ্রটির জন্য ১৩টি বেড স্যাংশন করা হয়েছিল, কিন্তু আজ পর্যন্ত সেখানে একটি বেডও হয়নি। কাজেই আমার অনুরোধ, অবিলম্বে বনমালিচর স্বাস্থ্যকেন্দ্রে ১৩টি বেড এবং খড়িপুকুরিয়া স্বাস্থ্যকেন্দ্রে একজন ডাক্তার নিয়োগ করা হোক।

**শ্রী হিমাংশু দত্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র পূর্বস্থলিতে যে হসপিটালটি রয়েছে সেই হসপিটালে দীর্ঘদিন ধরে কুকুর এবং সাপের কামড়ের প্রতিষেধক ওষুধ নেই এবং তারফলে কুকুর এবং সাপে কাটা রোগিরা চিকিৎসা নিতে এসে বারবার ফিরে যেতে হচ্ছে। ঐ হসপিটালটিতে কোনও অ্যাম্বুলেন্সও নেই যে তাদের অন্য হসপিটালে নিয়ে যাওয়া হবে। তারজন্য আমার অনুরোধ, অবিলম্বে হসপিটালটিতে কুকুর এবং সাপের কামড়ের প্রতিষেধক ওষুধ পাঠানো হোক।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। একদা বাংলার রাজধানি মুর্শিদাবাদ শহর আজকে ধ্বংসস্তুপে

পরিণত হয়েছে। তাই আমি এই শহরের সার্বিক উন্নতির জন্য মাস্টার প্ল্যান দাবি করছি। ঐ শহরে এখনও পর্যন্ত কোনও ডিগ্রি কলেজ নেই; বহু পর্যটক সেখানে যান, কিন্তু শহরে কোনও বাসস্ট্যান্ড নেই। দুই বছর হল সেখানে একটি সেমিনার হল তৈরি হচ্ছে, কিন্তু সেই কাজ আজও শেষ হল না। ঐ শহরের সার্বিক উন্নয়নের দাবি আমি বামফ্রন্ট সরকারের কাছে রাখছি।

**শ্রী অশোক দেব ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বজবজ বিধানসভা কেন্দ্রে আসুতিয়া গ্রাম পঞ্চায়েতে তেঁতুলিয়া গ্রামে কোনও প্রাথমিক স্কুল নেই এবং তারজন্য ছাত্রছাত্রিদের তিন মাইল দূরে গিয়ে পড়াশুনা করতে হয়। যাতে অবিলম্বে ঐ গ্রামে একটি প্রাথমিক স্কুল খোলা হয় তারজন্য আমি অনুরোধ করছি।

**শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের স্বাস্থ্যমন্ত্রীর কাছে একটা বিষয় তুলে ধরতে চাইছি। আমাদের রাজ্যে যে সরকারি হাসপাতালগুলি রয়েছে সেখানে প্রতিবন্ধী মুক বধির, এদের চিকিৎসা সংক্রান্ত যে সরঞ্জাম তার অভাব রয়েছে। কলিকাতা হাসপাতালে কিছু রয়েছে। সমস্ত জেলায় যে জেলা হাসপাতাল রয়েছে সেখানে একটা করে যদি অডিয়ো মিটার দেওয়া হয় তাহলে তাদের আবার কথা বলার ক্ষমতা ফিরিয়ে আনা যায়।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে প্রায় ২ লক্ষর উপর মানুষ বাস করে। এখানে একটা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে, ১৯৮৯ সালে একটা জি.ও বেরিয়েছে এই প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটি রুরাল হাসপাতালে রুপান্তরিত হবার জন্য। আজ অবধি কোনও কাজ সেখানে হয়নি। সেখানে একটা এক্স-রে মেশিন দেওয়া হয়েছে, গভর্নমেন্টের পক্ষ থেকে বলা হয়েছে যে সেই এক্স-রে মেশিন চলে গিয়েছে। কিন্তু আজ পর্যন্ত সেই এক্স-রে মেশিন যায় নি। ইলেকট্রো মেডিক্যাল নামে একটা সংস্থা আছে তারা এক ধরনের ব্যবসা করছে। মেশিন না পাঠিয়ে গভর্নমেন্টের কাছ থেকে টাকা নিয়ে নিচ্ছে। এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়, মেশিন গেল না, টাকা নিয়ে নিল, এই বিষয়টা মাননীয় মন্ত্রী মহাশয়কে দেখার জন্য আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শিবপ্রসাদ দলুই ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ক্ষুদ্র সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ দামোদরের দেবখাল সংস্কার করে স্লুইস গেট করতে হবে। এই খাল দুইদিক দিয়ে গিয়েছে, একদিকে দামোদরের সঙ্গে মিশেছে আর একদিক দিয়ে গিয়ে দারোকার সঙ্গে মিশেছে। এই খাল সংস্কারের কাজ শুরু হয়েছে, কয়েকটি স্লুইস গেট তৈরি হয়েছে। বাকি স্লুইস গেট তৈরি করার জন্য মাননীয় ক্ষুদ্রসেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1-30 — 1-40 P.M.]

**শ্রী অসিতকুমার মাল ঃ** স্যার, মহারাজ নন্দ কুমারের স্মৃতি বিজড়িত বীরভূমের ভদ্রপুরের রাস্তাঘাটের অবস্থা ভয়াবহ হয়ে দাঁড়িয়েছে। সেখানে একটি কালিবাড়ি আছে। সেখানে রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে হাজার হাজার মানুষ আসেন। অথচ রাস্তাঘাটের অবস্থা এমনই ভয়াবহ

যে, মহারাজ নন্দকুমার বেঁচে থাকলে তিনি লজ্জা পেতেন। তাই আমি আপনার মাধ্যমে অবিলম্বে ভদ্রপুরের রাস্তাটি মেরামতের দাবি জানাচ্ছি।

**শ্রী সঞ্জয় বক্সি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বড়বাজার থানা এলাকায় সমাজবিরোধীদের দৌরাত্ম বেড়ে চলেছে। দিন দুপুরে জোর জুলুম ও অত্যাচার চলছে। ছোট ছোট ফল ব্যবসায়িরাও তার শিকার হচ্ছে। সেই সঙ্গে সঙ্গে সিপিএম'এর মদতপুষ্ট সমাজ বিরোধীরা কংগ্রেস কর্মীদের উপরে অত্যাচার চালাচ্ছে। গত ২রা জুন যুব কংগ্রেসের মহেশ সোহরাব ছুরি এবং ভোজালি দ্বারা আক্রান্ত হয়েছিলেন। তিনি ২০ দিন হাসপাতালে ভর্তি ছিলেন। এরপরেও সেইসব সমাজ বিরোধীরা প্রকাশ্য দিবালোকে ঘুরে বেড়াচ্ছে। সিপিএম'এর মদত থাকার জন্য পুলিশ তাদের গ্রেপ্তার করছে না। আমি এই ব্যাপারে মাননীয় পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী তুষারকান্তি মন্ডল ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর নিকটে একটি দাবি পেশ করছি। সুতাহাটায় আজকে পাঁচ বছর যাবত একটি হাসপাতাল অর্ধ নির্মিত অবস্থায় আছে। সেই হাসপাতালটি রিপেয়ার করার জন্য প্রতি বছর টেন্ডার ডাকা হয়। কনট্রাকটররা আসেন। বালি ইটগুলো সিপিএম'এর ক্যাডারদের বাড়িতে পাঠিয়ে দেওয়া হয়। যারজন্য হাসপাতালটি অর্দ্ধ নির্মিত অবস্থায় আছে। হাসপাতালটিতে রোগীদের চিকিৎসা হয় না। উক্ত হাসপাতালটি যাতে অবিলম্বে খোলা হয়, তারজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শেখ দৌলত আলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে আমাদের আইনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বামফ্রন্টের সুশাসনে ডায়মন্ডহারবার দেওয়ানি আদালতের কি অবস্থা দাঁড়িয়েছে তা আপনার মাধ্যমে বলতে চাই। জজরা যেখানে বসেন সেই এজলাসের উপর দিয়ে জল পড়ে। ছাদগুলো আস্তে আস্তে ভেঙে পড়ছে। সেখানে কোনও টাইপ মেশিন নেই। কোয়াটারগুলোর অবস্থা এমন যে সেখানে ইলেকট্রিক ফেসিলিটি নেই। মক্কেলদের বসানোর কোনও জায়গা নেই, ইলেকট্রিফিকেশনের কোনও ফেসিলিটি নেই। সেসন কোর্ট চালু হয়েছে দুমাস আগে কিন্তু আজ পর্যন্ত তাতে কোনও ক্ষমতা দেওয়া হয়নি। কাজকর্ম হচ্ছে না, সেই কারণে আমি আপনার মাধ্যমে আইনমন্ত্রীর কাছে আবেদন করছি অবিলম্বে বিষয়টি দেখুন।

**শ্রী কমল মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার চন্দননগর বিধানসভা কেন্দ্রের মধ্যে কতগুলো গুরুত্বপূর্ণ রাস্তার অবস্থা খুবই খারাপ। মানকুন্ডু রেল স্টেশন জে.সি খান রোড থেকে দিল্লি রোডের মোড় পর্যন্ত, চন্দননগর শহরে গড়েরধার বরাবর রাস্তা এবং বিঘাটি কে.এম. হাইস্কুল থেকে লাহা রোডের মোড় পর্যন্ত রাস্তার অবস্থা অবর্ণনীয়। সুতরাং বিভাগীয় মন্ত্রীর কাছে আমার নিবেদন যাতে অবিলম্বে এইসব রাস্তাগুলোর সংস্কার করা হয়।

**শ্রী প্রমথনাথ রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ক্ষুদ্র ও সেচ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিম দিনাজপুর এবং উত্তর দিনাজপুরের কর্মচারিরা এক দুরবস্থার মধ্যে দিন কাটাচ্ছে। ওখানে অফিসাররা বছরে ১৫০ টাকা করে পায় এবং স্কিল ওয়ার্কাররা বছরে ১ টাকা মাত্র পায়।

**শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী, পৌরমন্ত্রী এবং পরিবেশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ক্যালকাটা রেসকিউ নামে একটি বিদেশি সংস্থা চিৎপুর থানা এলাকায় কাশিপুর আমার বিধানসভা কেন্দ্রে লক গেট রোডে বিবেকানন্দ ক্লাবের সহযোগিতায় প্রকাশ্য রাস্তায় ঘনবসতি এলাকায় যক্ষ্মা এবং কুষ্ঠরোগের চিকিৎসা করছে। এরফলে এই অঞ্চলের মানুষ ভীত হয়ে পড়েছে এবং বিভিন্ন রোগে মানুষ আক্রান্ত হয়ে পড়েছে। সুতরাং অবিলম্বে মন্ত্রীদের অনুরোধ জানাচ্ছি যাতে করে এর তদন্ত করা হয় এবং এই চিকিৎসা বন্ধ করা হয়।

**শ্রী অমর চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বালি থেকে বাবুঘাট পর্যন্ত ভূতল পরিবহনের একটি লঞ্চ সার্ভিস ছিল সেটা বরাহনগরের কুটিঘাট পর্যন্ত যেত, কিন্তু সেই সার্ভিস বন্ধ হয়ে গেছে। অবিলম্বে যাতে ওই সার্ভিস চালু হয় এবং একটি বাস সার্ভিস এয়ার পোর্ট থেকে বাবুঘাট পর্যন্ত যাবে দমদম ক্যান্টনমেন্ট হয়ে, গোড়ুই মাঠকল গ্রামপঞ্চায়েতের মধ্যে দিয়ে, বরাহনগরের এ.কে.মুখার্জি রোড এবং বি.টি.রোড হয়ে বাবুঘাট যাবে।

**শ্রী দিলিপকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত বছরে উত্তর দিনাজপুরে ভয়াবহ বন্যা হয়েছিল। আমার নির্বাচনি কেন্দ্র রায়গঞ্জে বিধানসভাকেন্দ্রের ইটাহারে বিভিন্ন এইচ.বি.গ্রান্ট দেওয়া হয়েছিল, সেটা সিপিএম ঠিকমতো কংগ্রেসি লোকেদের দিচ্ছে না। আগামী পঞ্চায়েত নির্বাচনে কংগ্রেস যাতে আর জিততে না পারে তারজন্য সি.পি.এম কংগ্রেসিদের ঘরবাড়ি ভেঙে দিয়েছে এবং যে টাকা গ্রান্ট হিসাবে দেওয়া হয়েছে তা দেওয়া হচ্ছে না।

[1-40 — 1-50 P.M.]

**শ্রী নির্মল ঘোষ ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ব্যারাকপুর মহকুমার একমাত্র রাস্তা বি.টি. রোড, এই বি.টি. রোড নিয়ে আমি ১০ বার হাউসের মাধ্যমে সকলকে বলেছি। কিন্তু গত ২৪ ঘন্টায় আমরা দেখছি বি.টি. রোডে বড় অ্যাক্সিডেন্ট হয়েছে ২টি এবং ৩০টি অ্যাক্সিডেন্ট হয়েছে গত এক মাস ১০ দিনে। সেখানে রাস্তায় লাইট লাগাচ্ছে না, আমি বিষয়টি দেখার জন্য পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মুর্শোলিন মোল্লা ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাধ্যমিক প্রাথমিক শিক্ষক, অশিক্ষক কর্মচারিদের ক্ষেত্রে কমিশনের সুপারিশ অনুযায়ী অন্তর্বর্তীকালিন রিলিফ হিসাবে ১০০ টাকা এবং প্রাপ্তদের ক্ষেত্রে ৫০ টাকা দেওয়ার কথা। গত ডিসেম্বর থেকে এটা ঘোষণা করা হয়েছিল, সেই টাকা এখনও পাওয়া যায়নি। গত ২০ তারিখে মাননীয় অর্থমন্ত্রী বিবৃতি দিয়েছেন, এবং পি.এফ.এর মাধ্যমে টাকা জমা দেওয়ার কথা বলেছেন। এই অন্তর্বর্তীকালিন ভাতা যাতে দেওয়া হয় তারজন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের আদিবাসিদের কল্যাণের জন্য সরকার নাকি অনেক কাজ করছেন। সুন্দরবনের প্রত্যন্ত অঞ্চলে বাসন্তি বড়িয়াতে ভূপেন্দ্র মাঝি আদিবাসী হাইস্কুল আছে, সেখানে ৮ বিঘা জমি দান করা হয়েছে। কিন্তু এখনও পর্যন্ত সরকারের অনুমোদন পৌঁছায়নি, ফলে আমি বিভাগীয় মন্ত্রীর কাছে আপনার মাধ্যমে

তার দৃষ্টি আকর্ষণ করছি এটা দেখার জন্য।

**শ্রী নির্মল দাস :** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা প্রস্তাব দিচ্ছি, সেটা হচ্ছে, গোটা দেশে যারা জেনারেল কাস্ট বেকার যুবক যুবতি আছে তাদের বয়ঃক্রম চাকরির ক্ষেত্রে ৩৫ বছর। বহু বেকার যুবক-যুবতি ৩৫ বছর অতিক্রম করার পরেও চাকরি পায়নি, কলও পায়নি। যেহেতু এখন নির্দিষ্টভাবে রিজারভেশনের কথা উঠেছে, ও.বি.সি.র কথা উঠেছে, এখন চাকরিতে মঙ্গা মানে নেই, সেখানে আপনার কাছে আমার আবেদন কেন্দ্রীয় সরকারের কাছে বলা হোক, রাজ্য সরকারও প্রস্তাব নিক, প্রত্যেকটি ক্ষেত্রে ৫ বছর করে যেন চাকরির ক্ষেত্রে বয়ঃক্রম বৃদ্ধি করা হয়।

**শ্রী তাপস ব্যানার্জি :** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ ইস্যু। স্যার, গত ২১।২।৯৬ তারিখে ইদের দিনে কংগ্রেস করার অপরাধে এবং গত পঞ্চায়েত নির্বাচনে কংগ্রেসের প্রার্থি হওয়ার অপরাধে আমাদের বিধানসভার সদস্য যিনি মন্তেশ্বর কেন্দ্র থেকে জয়ি হয়ে এসেছেন তার নেতৃত্বে খাদেম আলির বাড়ি লুঠ ও ভাংচুর করেছে। এবং তার বাচ্চাদেরকে স্কুলেও যেতে দেওয়া হচ্ছে না। এই মর্মে অনেক বলার পর মন্তেশ্বর পি.এস. ১৩ বাই ৯৬তে পুলিশ কেসে ৩৭ জনকে এফ.আই.আর.এ অ্যাকিউসড করেছে, এখন পর্যন্ত পুলিশ কাহুকে গ্রেপ্তার করছে না। আমার ভাবতে অবাক লাগে মাননীয় বিধায়ক এখানে বসে আছেন।

**শ্রী আবুল বাসার লস্কর :** স্যার, আমার বিধানসভা এলাকায় শিরাকুল গ্রাম পঞ্চায়েতে গত নির্বাচনের পরে ১৩টি ডাকাতি হয়। একটি গ্রাম পঞ্চায়েত এলাকায় ১৫।৭।৯৬ তারিখেতে সেখানে পুলিশ ডাকাতি করতে যায়। ডাকাতদের পাবলিক তাড়া করলে একজন পুলিশের কনস্টেবল পাবলিকের হাতে ধরা পড়ে। এই ব্যাপারে পুলিশের বিরুদ্ধে সেখানে আন্দোলন হয় এবং সেই পুলিশকে থানার হাতে তুলে দেওয়া হয়। আমি তাই আপনার মাধ্যমে পুলিশমন্ত্রীর কাছে আবেদন করছি অবিলম্বে পুলিশের অত্যাচার বন্ধ করা হোক।

**শ্রী মহঃ হান্নান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সমাজ কল্যাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যের অঙ্গনওয়ারি কর্মী ও সহায়িকারা চারশো ও দুশো টাকা করে সাম্মানিক ভাতা পায়। তাতে তাদের সংসার চলেনা। আপনার মাধ্যমে মাননীয় সমাজ কল্যাণমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি ১০০০ টাকা ও ৭৫০ টাকা করে তাদের সাম্মানিক ভাতা দেওয়ার ব্যবস্থা করা হোক।

**শ্রী অজিত খাঁড়া :** (নট প্রেজেন্ট)

**শ্রী অশোক মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় পৌরমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিগত পৌর নির্বাচনগুলোতে রুরাল এলাকাগুলো অন্তর্ভুক্ত করা হয় এবং সম্প্রসারিত করা হয়। এক বছর হল নির্বাচন হয়েছে এবং নির্বাচনের পরেও কিছু ঘোষণা করা হল না। পশ্চিমবঙ্গ সরকার পার ক্যাপিটিয়া অনুযায়ী অর্থ বরাদ্দ করবেন বলেছিলেন। কিন্তু এক বছর অতিবাহিত হয়ে গেল, এখনও পর্যন্ত পৌরসভাগুলোতে অর্থ বরাদ্দ করা হয়নি। তাই আমি মাননীয় পৌরমন্ত্রীর কাছে বলতে চাই, অতিরিক্ত এলাকা সম্প্রসারিত করার জন্য পৌরসভাগুলোকে অবিলম্বে অর্থ বরাদ্দ করা হোক।

**শ্রী গুলশান মল্লিক** ঃ (নট প্রেজেন্ট)

**শ্রী মানিক উপাধ্যায়** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ১৯৯৫-৯৬ সালে রাণিগঞ্জ কোল ফিল্ড এলাকার উন্নয়নমূলক কাজের জন্য এই সরকার ৫৫০ কোটি টাকা নিয়ে এসেছেন, তার মধ্যে আমার বারাবনির জন্য ২৮ কোটি টাকা নিয়ে এসেছেন উন্নয়নমূলক কাজের জন্য, রাস্তা, গ্রামীণ বৈদ্যুতিকরণ, প্রাইমারি স্কুল, হেলথ সেন্টার, মাইনিং বোর্ডের কাজের জন্য। রাজ্য সরকার চিৎকার করেন গরিব দরদি তারা। দীর্ঘদিন ধরে মাননীয় সদস্যরা এখানে বলেন, আইনশৃঙ্খলা নেই, পানীয় জল নেই, গ্রামীণ বৈদ্যুতিকরণ, রাস্তাঘাটের ভয়ঙ্কর অবস্থা এইসব সম্বন্ধে। ঐ টাকাটা কিভাবে কোন খাতে খরচ হচ্ছে, কার পকেটে ঢুকছে সেটা জানতে চাই। ঐ এলাকার উন্নয়নমূলক কাজের জন্য টাকা খরচ করা হোক। নইলে যে কোনও সময় মানুষ ক্ষেপে উঠবে।

[1-50 — 2-00 P.M.]

**শ্রী বিশ্বনাথ চৌধুরি** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অঙ্গনওয়ারি এবং হেল্পারদের ব্যাপারে মাননীয় সদস্য যে প্রস্তাব দিয়েছেন সেই সম্পর্কে বলতে চাই। আপনারা জানেন অঙ্গনওয়ারি এবং হেল্পার যারা আছে তারা গ্রামাঞ্চলে কাজ করেন, তাদের সম্পর্কে আমরা যথেষ্ট সহানুভূতিশীল। দ্রব্যমূল্য বৃদ্ধি যেভাবে ঘটছে, সাধারণভাবে তাদের সাম্মানিক ভাতা বৃদ্ধি হওয়া দরকার। আমরা কেন্দ্রীয় মন্ত্রিসভার কাছে এই ব্যাপারে প্রস্তাব দিয়েছিলাম। কেন্দ্রীয় মন্ত্রিসভা আমাদের কাছে জানিয়েছিল, তারা নতুন করে বেতনক্রম বা সাম্মানিক ভাতা বৃদ্ধি করবে। তারপর আবার নতুন মন্ত্রিসভা গঠিত হয়েছে দিল্লিতে, সেই মন্ত্রিসভার কাছে সাম্মানিক ভাতা বৃদ্ধির জন্য প্রস্তাব রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র ইংলিশবাজারে বেশ কয়েকটি জায়গায় হঠাৎ কলোনি, মিল্ক কলোনি—এই এলাকাগুলোতে উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য সরকার থেকে নোটিফিকেশন দেওয়া হয়েছে এবং অ্যাকোয়ার করা হয়েছে। পরবর্তীকালে দেখতে পাচ্ছি এক শ্রেণীর সরকারি কর্মচারীর যোগসাজশে পূর্বতন মালিকরা ওই সমস্ত জায়গাগুলো আবার তাদের কাছ থেকে টাকা দিয়ে রেজিস্ট্রি করার চেষ্টা করছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী শ্রী অশোক ভট্টাচার্য মহাশয় যখন মালদা সফরে গিয়েছিলেন তখন আমরা এই ব্যাপারে তার কাছে অভিযোগ জানিয়েছিলাম। মাননীয় মন্ত্রী এই ব্যাপারে, জেলার সমাহর্তাদের কঠোরভাবে নির্দেশ দিয়েছিলেন অবিলম্বে ব্যবস্থা নেওয়ার জন্য। কিন্তু আজ পর্যন্ত কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। অবিলম্বে এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী প্রত্যুষ মুখার্জি** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, হাওড়া জেলার আমতায় ১৯৯৪ সালে ফুল-টাইম ফৌজদারি আদালত চালু করা হয়। আগে এখানে দেওয়ানি আদালত ছিল। কিন্তু ফৌজদারি আদালত চালু করা সত্ত্বেও আজ পর্যন্ত কোনও ফুল টাইম জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট এখানে নেই। ফলে একজন মুন্সেফকে একসঙ্গে দেওয়ানি ও ফৌজদারি এই দুটো আদালতের কাজ করতে হচ্ছে। ফুল-টাইম আদালত করা সম্ভব হচ্ছে না। ফলে অনেক কেস জমে যাচ্ছে। লিটিগেন্ট পিপল এবং ল-ইয়াররা দারুণভাবে হ্যারাস হচ্ছে। এই বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি মাননীয় আইন ও বিচার-বিভাগীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত বিধানসভা নির্বাচনের আগে, মেদিনীপুর শহরে ততকালিন স্বাস্থ্যমন্ত্রী ভিত্তিপ্রস্তর স্থাপন করে বলেছিলেন চলতি শিক্ষা বর্ষ থেকে সেখানে মেডিক্যাল কলেজ চালু হবে এবং সেখানে ছাত্র-ছাত্রিরা ভর্তি হবে। কিন্তু এখন শোনা যাচ্ছে চলতি শিক্ষাবর্ষে ওখানে মেডিক্যাল কলেজ হচ্ছে না। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি ততকালিন স্বাস্থ্যমন্ত্রী মেদিনীপুর শহরের মানুষের কাছে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে চলতি শিক্ষা বর্ষ থেকে মেদিনীপুর শহরে মেডিক্যাল কলেজ চালু হবে এবং সেখানে ছাত্র-ছাত্রি ভর্তি হবে — এই প্রতিশ্রুতি যেন পালন করা হয়।

**শ্রী নারায়ণ মুখার্জি ঃ** নট প্রেজেন্ট।

**শ্রী হাফিজ আলম সৈরানি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েতের দ্বারা আমার বিধানসভা কেন্দ্রে, গ্রামের ভিতর, বন্যার সৃষ্টি হচ্ছে। পঞ্চায়েত রাস্তা-ঘাট তৈরি করছে, কিন্তু ঠিকভাবে রাস্তা-ঘাট তৈরি করছে না। ফলে বৃষ্টি হলেই জল জমে বন্যার সৃষ্টি হচ্ছে। সেজন্য আমি মাননীয় ত্রাণমন্ত্রী এবং মাননীয় পঞ্চায়েতমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি অবিলম্বে যেন এই ব্যাপারে যথাযথ ব্যবস্থা অবলম্বন করে এই সমস্যার সমাধান করা হয়।

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীরর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলার বিভিন্ন জায়গায় ওয়েস্টবেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের তুঘলকি কাজ চলছে, ভুতুড়ে বিল আসছে। আমি এই ব্যাপারে একটা ঘটনার কথা বলছি। বর্ধমান শহরের কালনা রোডে প্রফুল্ল কুমার ব্যানার্জির ইলেকট্রিকের বিল এসেছে ২৫.৭.৯৬ তারিখে ১ হাজার ৫৪ টাকা, ২০.৮.৯৬ তারিখে ১ হাজার ৫৪ টাকা এবং ১৩.৯.৯৬ তারিখে ১ হাজার ৫১ টাকা। এই ব্যাপারটির বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা নেওয়ার জন্য আমি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী লক্ষ্মণ বাগদি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার নির্বাচনি কেন্দ্র উখরায় অন্ডাল থানার অন্তর্গত খাণ্ডরা গ্রামে একটি স্বাস্থ্যকেন্দ্র আছে এবং তার ৮।১০ মাইলের মধ্যে আর কোনও হাসপাতাল বা স্বাস্থ্যকেন্দ্র নেই। সেখানে প্রতিদিন ১০০।১৫০ রোগি চিকিৎসার জন্য আসে। সেখানে একজন মাত্র ডাক্তার। কিন্তু ওষুধ নেই, জীবনদায়ী ওষুধ তো নেইই। ঐ স্বাস্থ্যকেন্দ্রটির উন্নতি সাধনের জন্য এবং ওষুধ সরবরাহের জন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কয়েকদিন আগেও বলেছি, আজও উল্লেখ করছি। যখন মাননীয় পুলিশমন্ত্রী এখানে ছিলেন, তখনই বলতে চেয়েছিলাম। বারুইপুরের বিভিন্ন জায়গায় পুলিশের সহায়তায় সাট্টা, জুয়া, মদ চলছে। যত মদের ঠেক বাড়ছে, পুলিশের আয় বাড়ছে, যত জুয়ার ঠেক বাড়ছে, পুলিশের আয় বাড়ছে। তরুন ছেলেরা, কলেজের ছেলেরা, গরিব ঘরের ছেলেরা পয়সা অর্জনের জন্য তারা এই পথ বেছে নিচ্ছে। এই ধরনের সমাজবিরোধী কার্যকলাপ বন্ধ করার জন্য মাননীয় পুলিশমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি। অন্তত জেলার পুলিশ সুপার বা কোনও কর্তৃপক্ষকে দিয়েও এটা বন্ধ করার ব্যবস্থা করুন।

**শ্রী ইদ্রিশ মন্ডল ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গলসি, আদ্রাহাট, মজিদপুর, দক্ষিণ বরাবর ২০টি মৌজায় ২৫ হাজার একর জমি প্রতি বছর বর্ষাকালে জলমগ্ন অবস্থায় থাকে। ফলে জমিগুলো চাষ করা যায় না। ঐ অবস্থা থেকে রেহাই পাবার জন্য বাঁকা নদীর খালটি, যেটি বহুদিন সংস্কার করা হয়না, সেটা সংস্কার করার জন্য আবেদন করছি।

**মহঃ সোহরাব ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী নারায়ণ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, আমাদের রাজ্যে মাধ্যমিক স্তরে শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করতে হলে বি.এড.কে প্রায় বাধ্যতামূলক করা হয়েছে। অথচ এরসঙ্গে সামঞ্জস্য করে বি.এড. কলেজ বাড়ানো হয়নি। বসিরহাটে একটি বি.এড. কলেজ করার জন্য বসিরহাট কলেজ কর্তৃপক্ষ নিয়মমতো দরখাস্ত করেছে। তাদের জায়গাও আছে। তাই, বসিরহাটে যাতে একটি বি.এড. কলেজ স্থাপন করা হয়, তারজন্য আপনার কাছে অনুরোধ করছি।

**শ্রী সুলতান আহমেদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রী এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এই বিষয়টির প্রতি। স্যার, আপনি জানেন যে, সারা দেশে পিছিয়ে পড়া জাতি, তারা সংরক্ষণের জন্য আন্দোলন করছে। আমাদের পশ্চিমবঙ্গে পিছিয়ে পড়া মুসলমান মোমিন ও আনসারি। এছাড়া রয়েছে রাইন, কুরেসি, মনসুরি। আগামী ২৫ তারিখে ব্যাকওয়ার্ড ক্লাস কমিশন তাদের ডেকেছে। রাইন হচ্ছে কুজড়া, কুরেসি হচ্ছে কসাই, মনসুরি হচ্ছে ধুনিয়া এরা অন্তত ৫ পারসেন্ট। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে সারা রাজ্যে মুসলমানদের সংরক্ষণের জন্য দাবি জানাচ্ছি। তারসঙ্গে এসব ছোট ছোট জাতিদেরও সংরক্ষণের দাবি করছি।

[2-00 — 2-10 P.M.]

**শ্রীমতী দেবলিনা হেমব্রম ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বাঁকুড়া জেলার খাতড়া মহকুমার নিজেদের অফিস-ঘর নেই, সাব-জেলের ব্যবস্থা নেই, পি.এইচ.ই. অফিস-ঘর নেই, এগ্রি-ইরিগেশন অফিস নেই, কোনও তথ্য ও সংস্কৃতি অফিস নেই, স্টেডিয়াম নেই, ফায়ার ব্রিগেডের কোনও ব্যবস্থা নেই, মহকুমা হাসপাতাল নেই। এগুলো যাতে করা হয় তারজন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী মহঃ ইয়াকুব ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দেগঙ্গার কদম্বগাছি প্রাইমারি হেলথ সেন্টারে গত পাঁচ বছর ধরে কোনও রোগি ভর্তি হতে পারছে না কারণ সেখানে গত পাঁচ বছর ধরে ডায়েট সাপ্লাই হচ্ছে না। ফলে গ্রামের রোগিরা খুব অসুবিধায় পড়ছে। তাই আমি ওখানে অবিলম্বে খাদ্যের ব্যবস্থা করে রোগিদের ভর্তির সমস্যার সুরাহা করার জন্য আপনার মাধ্যমে আবেদন করছি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনি কেন্দ্র পিংলার সেচ খালগুলোর সংস্কার

ও চওড়া করার দাবি আপনার মাধ্যমে জানাচ্ছি। মেদিনীপুর জেলার সদর দক্ষিণ মহকুমার (খড়গপুর) মধ্যে লছমাপুর সেচ দপ্তরের অন্তর্ভুক্ত সেচের শাখা-ও প্রশাখা খালগুলো দীর্ঘকাল সংস্কার না করার ফলে সেচ ব্যবস্থা প্রায় অকেজো হয়ে পড়েছে। ফলে আমন বোরো ও রবি চাষের প্রভুত ক্ষতি হচ্ছে। পিংলা বিধানসভা কেন্দ্রের প্রধান সেচ-খালটি লছমাপুর থেকে পূর্বে প্রবাহিত হয়ে সিমলাগেড়িয়া, বাড়বাসি, আন্দ্রা, দুজীপুর, গোপিনাথপুর, জামনা, মালিগ্রাম, জলচক হয়ে কেলেঘাই নদীতে পড়েছে। এই প্রধান খালটির একটি উপশাখা জামনা থেকে আকনা, বরাগোড়িয়া হয়ে পূর্বে ও পরে দক্ষিণে বয়ে গেছে। অপর উপ-শাখাটি· জামনা-করকাই হয়ে পূর্বে এবং পরে দক্ষিণে বয়ে গেছে। ঐ শাখা ও উপশাখাগুলোর সেচখালগুলো সংস্কার ও চওড়া করা হলে এলাকার কৃষি, অর্থনীতির উন্নতি ঘটবে এবং বেকারদের কাজের প্রভুত সুযোগ সৃষ্টি করবে এবং এক সার্বিক জনকল্যাণ সাধিত হবে। তাই ঐ সেচ খালগুলোর সংস্কার করার জন্য সেচমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীমতী মমতা মুখার্জি ঃ** স্যার, আমি আমার এলাকার জনগনের দাবি অনুযায়ী জানাচ্ছি, আমাদের পুরুলিয়া কেন্দ্রে জুনিয়র হাইস্কুলগুলো ফিডারস্কুল না থাকার জন্য ছাত্র-ছাত্রিরা ভর্তি হতে পারছে না। সেইজন্য আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীর কাছে পুরুলিয়ায় একটা গার্লস স্কুল এবং পুরুলিয়া এম.এম.এইচ.এস. কমার্স বিভাগ খোলার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী বিপ্লব রায়চৌধুরি ঃ** স্যার, আপনি জানেন যে, মেদিনীপুর এবং হাওড়ার মাঝখানের রূপনারায়ণ নদ বয়ে চলেছে এবং প্রতি বছর বর্ষার সময় পাড় ভাঙছে। কালানপুর, পাঁশকুড়ার দুই প্রান্তের গ্রাম বিচ্ছিন্ন হতে চলেছে। বড় বড় রাস্তাগুলো বিচ্ছিন্ন হচ্ছে। কোলাঘাট থারমল পাওয়ার প্রোজেক্ট যেটা পশ্চিমবাংলার গর্ব সেটাও বিপন্ন হতে চলেছে। বিগত বন্যার সময় এটা বিপন্ন হয়েছিল এবং আবার হয়তো এটা বিপন্ন হয়ে যেতে পারে। সেইজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী যদু হেমব্রম ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনি এলাকা হাবিবপুর। এই জায়গাটা বাংলাদেশের সীমান্তে অবস্থিত। এই এলাকায় প্রায় চুরি-ডাকাতি হয়। বিশেষ করে হাল, গরু, মোষ চুরি হওয়ার ফলে চাষিদের ভীষণ বিপদ হচ্ছে। ওখানে কাঁটা-তারের বেড়া যেটা হচ্ছিল সেটা বন্ধ হয়ে গেছে। সেইজন্য আমি বলতে চাই ওই কাঁটা তারের বেড়া দেওয়া যাতে হয় তারজন্য দাবি করছি।

**শ্রী নৃপেন গায়েন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার হিঙ্গলগঞ্জ ব্লকে ৭টি গ্রাম পঞ্চায়েত এবং হিঙ্গলগঞ্জ থানা থেকে ৫০।৬০ কিঃমিঃ দূরে অবস্থিত। থানা এত দূরে অবস্থিত হওয়ায় বিশেষ করে কংগ্রেস যেখানে আছে, জোতদার, জমিদাররা আছেন সেই সমস্ত এলাকায় শান্তি শৃঙ্খলা রক্ষা করা অসুবিধা হচ্ছে। যেখানে পুলিশ ক্যাম্প আছে।

(এই সময় মাইক অফ হয়)

**শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** নট প্রেজেন্ট।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ ও জলপথ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার হরিহর পাড়ার ভৈরব নদীর সংলগ্ন বেশকিছু গ্রামে নদীর ভাঙনের ফলে ঘর বাড়ি সব পড়ে যাচ্ছে। তারমধ্যে কালো দিয়াত, তরতীপুর, স্বরূপপুর, সুলদলপুর গ্রামগুলি উল্লেখ্য খুব ভয়াবহ তিনদিক থেকে গ্রাম ভাঙছে। যে কোনও সময়ে নদীর গর্ভে বিলীন হয়ে যাবে। এছাড়াও যে সমস্ত প্রকল্পের কাজ হয়েছে সেগুলি প্রতি বছরই বন্যার শেষে মেরামত করার দরকার।

**শ্রী বিনয়কৃষ্ণ বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর (পুলিশ) দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার হাঁসখালি, রসুলপাড়া, স্টেশনপাড়া, এই সমস্ত এলাকা থেকে গত কয়েক বছরে ৭টি ৭।৮ বছরের কিশোরি মেয়ে চুরি হয়েছে। সেই সমস্ত মেয়েগুলির এখনও কোনও হদিস হয়নি। এ ব্যাপারে ডায়েরি হয়েছে। আপনার মাধ্যমে এ ব্যাপারে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কাটোয়া বিধানসভা কেন্দ্রে গত এক মাস ধরে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা এমন জায়গায় পৌঁছেছে যে গত কয়েকদিন ধরে কাটোয়ায় ২৪ ঘন্টার মধ্যে ১৮ ঘন্টা বিদ্যুৎ থাকছে না। বিদ্যুৎ ব্যবস্থার উন্নতির দাবি জানাচ্ছি। যাতে সরবরাহ ঠিকমতো হয়।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় জনস্বাস্থ্য ও কারিগরি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি ভারতসরকার আমাদের বোলপুরে এবং পুরুলিয়ার রঘুনাথগঞ্জে জার্মানির সাহায্যে যে পানীয় জল প্রকল্পের সর্বশেষ রূপ দিয়েছেন। বোলপুরে এবং রঘুনাথ গঞ্জে ৫৮ এবং ৫১ কোটি টাকার প্রকল্পটি উদ্বোধন করতে যাবেন। আমি আপনার মাধ্যমে বলতে চাইছি সেপ্টেম্বর মাসের কবে নাগাদ তিনি যাচ্ছেন, মাননীয় মন্ত্রী যদি একটু আগে থেকে জানিয়ে দেন তাহলে ভালো হয়।

**শ্রীমতী সুস্মিতা বিশ্বাস ঃ** মিঃ ডেপুটি স্পিকার, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, নিত্যানন্দপুরে সালি রিভার ডাইভার্সান অঞ্চলে যে ড্যামটি আছে, সেটি বহু পুরানো। ওই অঞ্চলের বহু মানুষ এর উপর নির্ভরশীল। সেই ড্যামটির পুনঃ সংস্কারের দাবি জানাচ্ছি।

[2-10 — 2-20 P.M.]

**শ্রী বাচ্চামোহন রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ দপ্তরের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ময়নাগুড়ি ব্লকে একটা মাত্র স্বাস্থ্য কেন্দ্র আছে। অথচ ওখানে দু'লক্ষ মানুষের বাস। যারফলে ঐ এলাকার মানুষরা চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। ওখানে সব মানুষের জন্য চিকিৎসার ব্যবস্থা নেই। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রস্তাব করছি, অবিলম্বে যে স্বাস্থ্য কেন্দ্রটি আছে সেটির সার্বিক উন্নতি ঘটিয়ে গ্রামীণ হাসপাতালে উন্নীত করা হোক।

**শ্রী মহবুবুল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি ত্রাণমন্ত্রীর দৃষ্টি

আকর্ষণ করছি। মালদা জেলার চাঁচলের এক নং ও দু নং ব্লকে গত বছর যে বন্যা হয়েছিল, সেই বন্যায় ক্ষতিগ্রস্ত গৃহহীন মানুষরা আজ পর্যন্ত সরকারি অনুদান পায়নি। এ বছর আবার বন্যা হবার সময় এসে গেছে। সেজন্য আমি মাননীয় ত্রাণমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি অবিলম্বে গতবারের বন্যায় ক্ষতিগ্রস্ত গৃহহীন মানুষদের গৃহ নির্মাণের শুধু ঋণ নয় অনুদান'ও দেয়ার ব্যবস্থা করা হোক।

**শ্রী মহঃ মহামুদ্দিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উত্তর দিনাজপুর জেলার চোপড়া আমার নির্বাচনি কেন্দ্র। সেখানকার একটা নদী ভাঙনের সমস্যার প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, হাখসিয়াগঞ্জ গ্রাম পঞ্চায়েতের অধীন বিস্তীর্ণ এলাকার প্রায় ৫ হাজার মানুষের বাড়ি-ঘর মহানন্দা নদীর ভাঙনে নদী গর্ভে চলে যেতে বসেছে। এর সাথে সাথে ওখানে ইন্ডিয়ান অয়েলের যে শোধনাগারটি আছে সেটিও নদী গর্ভে চলে যাবে যদি না অবিলম্বে কোনওরকম প্রোটেকশনের ব্যবস্থা করা হয়। তাই আমি আপনার মাধ্যমে অবিলম্বে ওখানে ভাঙন প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করতে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। এখনই ভাঙন প্রতিরোধের ব্যবস্থা না করলে ভবিষ্যতে রাজ্য সরকারকে অনেক বেশি টাকা ক্ষতিপূরণ বাবদ ব্যয় করতে হবে। সুতরাং এখনই ব্যবস্থা গ্রহণ করা দরকার।

**শ্রী পেলব কবি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের আসানসোল মহকুমার জামুরিয়ায় বিগত ৩০/৪০ বছর ধরে যে সমস্ত আদিবাসি এবং তফসিলি সম্প্রদায়ের মানুষরা বসবাস করছেন তাদের বাস্তু-ভিটার পাট্টা দেওয়া হচ্ছেনা। এমন কি ইতিপূর্বে যাদের পাট্টা দেওয়া হয়েছিল সেগুলো পর্যন্ত ক্যানসেলের ব্যবস্থা করা হয়েছে। আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি, অবিলম্বে তাদের পাট্টা দেবার ব্যবস্থা করা হোক।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** ডেপুটি স্পিকার, স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র (পুলিশ) মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনি কেন্দ্র নদীয়া জেলার করিমপুর ব্লকটি বিশাল ব্লক। সেটিকে ভাগ করে বর্তমানে দুটি ব্লকে পরিণত করা হয়েছে। আইন-শৃঙ্খলার প্রশ্ন সেখানে মারাত্মক বেশি। সীমান্ত এলাকা হওয়ায় মুর্শিদাবাদ এবং বাংলাদেশের সমাজ বিরোধীদের অত্যাচার ওখানে খুবই বেশি। সেজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রস্তাব রাখছি—করিমপুর থানাকে ভেঙে দুটি থানায় পরিণত করা হোক।

**শ্রী মনোরঞ্জন পাত্র ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, তারডাঙ্গা থানার বিবড়দা গ্রাম পঞ্চায়েতের কলি গ্রামটি জয়পন্ডা নদীর ধ্বসের ফলে জলের তলায় চলে যাবে। সেজন্য জয়পন্ডা নদীর দক্ষিণ পাড়টি (৩০০ মিটার) পাকা করার জন্য সেচ ও জলপথ দপ্তরের মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করছি।

**শ্রী বিশ্বনাথ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বিধানসভা কেন্দ্র খড় গ্রামে একটা বি.পি.এইচ.সি. আছে এবং চারটে এস.এইচ.সি. আছে। সম্প্রতি কেন্দ্রীয় সরকারের নির্দেশে সব কটির ইন্ডোর

বন্ধ হয়ে গেছে। অথচ ঐ এলাকায় আড়াই লক্ষ মানুষ বসবাস করেন। কাজেই কোনও রুগির হাসপাতালে ভর্তি হবার মতো অবস্থা হলে তাকে সঙ্গে সঙ্গে কান্দি হাসপাতালে রেফার করা হয়। এমন কি ওখানে প্রয়োজনীয় চিকিৎসার যন্ত্রপাতি পর্যন্ত নেই। এই অবস্থায় আমাদের প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রটিকে অবিলম্বে গ্রামীণ হাসপাতালে উন্নীত করা হোক এবং সেখানে সমস্তরকম প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক। এই আবেদন আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে রাখছি।

**শ্রী মানিক মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি রাজ্য সরকারের মাননীয় তথ্য ও সংস্কৃতি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আগামী কাল, ৮ই শ্রাবণ প্রখ্যাত কথা শিল্পী তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের ৯৯-তম জন্ম দিবস। অর্থাৎ তার শতবর্ষ এগিয়ে আসছে। রাজ্য সরকারের পক্ষ থেকে যাতে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় জন্ম শতবার্ষিকি উৎযাপনের ব্যবস্থা করা হয় তারজন্য আমি মাননীয় তথ্য ও সংস্কৃতি মন্ত্রীকে অনুরোধ করছি। সাথে সাথে 'ধাত্রিদেবতা' নামে তার যে বাসগৃহটি আছে সেটি সরকারের পক্ষ থেকে যথাযথ রক্ষণা-বেক্ষণের ব্যবস্থা করার জন্যও আমি অনুরোধ করছি।

**শ্রী বীরেন ঘোষ :** (নট প্রেজেন্ট)

**শ্রী অশোক গিরি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মৎস্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের সুন্দরবন এলাকায় বিশেষ করে নদী-খাঁড়িতে বাগদা মিন ধরা হচ্ছে ব্যাপকভাবে এবং এই বাগদার মিন ধরা খুবই লাভজনক, তরমুজ, লঙ্কা এবং পান চাষের মতোন। কিন্তু এই যে বাগদার মিন ধরা হচ্ছে তারসঙ্গে অন্য মাছও চলে আসছে। তারা এই বাগদার মিনগুলিকে নিয়ে বাকিগুলিকে ফেলে দিচ্ছে। এরফলে অন্য জাতের মাছ নষ্ট হয়ে যাচ্ছে। এই অপচয়ের হাত থেকে রক্ষা করার জন্য মাননীয় মৎস্যমন্ত্রী মহাশয় যেন উপযুক্ত ব্যবস্থা নেন তারজন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী মইনুল হক :** (নট প্রেজেন্ট)

**শ্রী সমর হাজরা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, আগেকার দিনে মানুষ আন্দোলন করতো, অন্ন চাই, বস্ত্র চাই, বাসস্থান চাই বলে। আজকে মানুষ আন্দোলন করছে বাঁচতে গেলে শিক্ষা চাই। আমার জামালপুর বিধানসভা কেন্দ্রের বাগপলাসি গ্রামের অধিকাংশ মানুষই তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ের। কিন্তু ওখানে কোনও স্কুল নেই। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি, ওখানে যাতে একটি প্রাথমিক স্কুল তৈরি করা হয়।

**শ্রী ধীরেন লেট :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পুলিশমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনি কেন্দ্র ময়ূরেশ্বর তফসিলি কেন্দ্রের অধীন ডাবুক গ্রাম পঞ্চায়েতের ডাবুক গ্রামে সমরেন্দ্র গোস্বামি ও বাসির সেখের নেতৃত্বে একদল সমাজ-বিরোধী গত ২৪-৫-৯৬ তারিখে উজ্জ্বল মন্ডলকে বোম মারে। সে পড়ে গেলে তার মুন্ডু কেটে নিয়ে পালায়। আজ পর্যন্ত পুলিশ সেইসব আসামীদের ধরছে না এবং তার কাটা মুন্ডু ও উদ্ধার করছে না। এলাকায় প্রচন্ড সন্ত্রাস চলছে। ঐ আসামীদের গ্রেপ্তারের দাবি জানাচ্ছি।

**শ্রী শ্যামাপ্রসাদ পাল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রায়না বিধানসভা কেন্দ্রে দামোদরের বন্যায় নদী ভাঙনের ফলে সিঙ্গাপুর, নরসিংহপুর, ফতেপুর, কোটশিমুল, হদিলপুর ও বামুনিয়া গ্রামগুলি নদীগর্ভে চলে যাচ্ছে। এমতাবস্থায় ঐ গ্রামগুলি রক্ষার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ জানাচ্ছি।

[2-20 — 3-00 P.M.(including adjournment)]

**শ্রী গুরুপদ দত্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। চন্দ্রকোনা ১ নম্বর পঞ্চায়েত সমিতির অধীন মনোহরপুর ১ এবং ২ নম্বর অঞ্চলে ৪০ হাজারের মতোন মানুষ বর্ষার সময়ে যোগাযোগ বিচ্ছিন্ন অবস্থায় থাকে। সেই কারণে খিরপাই এবং কাশীগঞ্জ ঘাটে একটি ব্রিজ নির্মাণ ও বন্যার সময়ে আর.টি. শেড বসানোর দাবি জানাচ্ছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এরই নাম শ্মশানের উন্নতি! বেহালার সিরিটি বার্নিং ঘাটকে ১১৬ নম্বরের কাউন্সিলার, শ্রী তারক সিং চেষ্টা করছেন ডোনেশন নিয়ে সেই বার্নিং উন্নতি করতে। কিন্তু মেয়র ইন কাউন্সিল (এডুকেশন), শ্রী সমর রায়চৌধুরি বাধা দিচ্ছেন। এটি একজনের দান করা জায়গা। ৪২ লক্ষ টাকা হবে এই জমিটির দাম। তিনি করতে চাইছেন অথচ করতে দিচ্ছেন না। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানাতে চাইছি, বার্নিং ঘাট উন্নতির যে পরিকল্পনা রয়েছে, সেই পরিকল্পনা মতো যাতে কাজ হয় তারজন্য আপনি মেয়রকে নির্দেশ দিন এবং জমি রেজিস্ট্রি করার ব্যাপারে তিনি যেন হস্তক্ষেপ করেন। কারণ, এই কাজ মুখ্যমন্ত্রী ছাড়া হবে না। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলাম।

(At this stage the House was adjourned till 3-00 P.M.)

[3-00 — 3-10 P.M.] (after adjournment)

## LEGISLATION

### The West Bengal Premises Tenancy Bill, 1996

**Shri Kamalendu Sanyal :** Sir, with your permission, I beg to introduce the West Bengal Premises Tenancy Bill, 1996.

(Secretary then read the Title of the Bill)

**Mr. Deputy Speaker :** Now there is a motion for reference of the Bill to the Select Committee by Dr. Surya Kanta Misra. I therefore, call upon the Minister to move the motion.

**Shri Kamalendu Sanyal :** Sir, with your permission, I beg to move that the West Bengal Premises Tenancy Bill, 1996 be referred to a Select Committee of the House,

*consisting of -*

1) Dr. Surya Kanta Misra - Minister-in-charge, Land & Land Reforms Deptt.,
2) Shri Kamalendu Sanyal - Minister-of-State, Land & Land Reforms Deptt.,
3) Shri Rajdeo Goala,
4) Shri Nirmal Mukherjee,
5) Shri Lagan Deo Singh,
6) Shri Ranjit Kundu,
7) Shri Nirmal Das,
8) Shri Rabindra Ghosh,
9) Shri Bhadreswar Mondal,
10) Shri Rabin Deb,
11) Shri Rabindra Nath Mondal,
12) Shri Suniti Chattaraj,
13) Shri Pankaj Banerjee,
14) Shri Rabin Mukherjee and
15) Shri Sultan Ahmed,

and that the Committee shall make a report to this House in the next Session of the West Bengal Legislative Assembly.

The motion was then put and agreed to.

**The West Bengal Revenue Intelligence (Collection and Monitoring of Information) Bill, 1996.**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to introduce the West Bengal Revenue Intelligence (Collection and Monitoring of Information) Bill, 1996.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that the West Bengal Revenue Intelligence (Collection and Monitoring of Information) Bill, 1996 be taken into consideration.

[3-10 — 3-20 P.M.]

**শ্রী আব্দুল মান্নান** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আজ এই

সভায় যে West Bengal Revenue Intelligence (Collection and Monitoring of Information) Bill, 1996. এনেছেন তার বিতর্কে অংশ গ্রহণ করে কয়েকটি কথা বলতে চাই। এই বিলের উদ্দেশ্য সম্বন্ধে আমি সন্দেহ পোষণ করছি না বা দ্বিমতও পোষণ করছি না কিন্তু এ ক্ষেত্রে আরও যে কতকগুলি ব্যবস্থা নেওয়ার দরকার ছিল সেগুলির প্রতি তার দৃষ্টি আকর্ষণ করছি। মাঝখানে আমি কয়েকদিন আসতে পারে নি, আসলে আমি অ্যামেন্ডমেন্ট দিতে পারতাম। যাইহোক, প্রথম কথা হচ্ছে, ডাটা কালেকশনের ক্ষেত্রে আপনি যে জুরিসড্রিকশনের লিস্ট করেছেন সেখানে কতকগুলি ক্ষেত্রকে বাদ দিয়েছেন। এ ক্ষেত্রে আপনি দেখছি বেসরকারি প্রতিষ্ঠানগুলিকে বাদ দিয়েছেন। এখানে সবই সরকারি প্রতিষ্ঠানের কথা বলা হয়েছে Central Government, State Government, Central Government Undertaking, State Government Undertakings, Local Authority, Bank Financial Institutions কিন্তু এই ডাটা কালেকশন করার ক্ষেত্রে যদি প্রাইভেট সেক্টারকে ইনক্লুড করা যেত তাহলে আমার মনে হয় ডাটা কালেকশনের ক্ষেত্রে সুবিধা হত। অর্থাৎ আপনি যেভাবে করতে চাইছেন সেটা করার ক্ষেত্রে সুবিধা হত। আপনি ১৪ই জুলাই ১৯৯৫ একটি গভর্নমেন্ট অর্ডার বার করেছেন ২০৬২/একটি নং-এ তাতে দেখা যাচ্ছে বেসরকারি প্রতিষ্ঠানগুলিকে আপনি বাদ দিয়েছেন। ঐ অর্ডারে আরও একটি জিনিস আপনি দিয়েছিলেন, প্যারা নং ওয়ানে, সেখানে ডাইরেক্টার অব রেভিনিউ ইনটালিজেন্স যেটা সেটা আপ করার কথা বলেছেন তাতে ডব্লু.বি.সি.এস ক্যাডারের অফিসার নেবার কথা বলেছেন। আপনি জানেন যে আপনার জুরিসড্রিকশনের মধ্যে অ্যাপ্রোপ্রিয়েট অথরিটি বলতে যাদের বুঝিয়েছেন তাতে সেখানে অনেক আই.এ.এস. অফিসারও আছেন। এ ক্ষেত্রে ডব্লু.বি.সি.এস অফিসারকে নিলে ডাইরেক্টর অব রেভিনিউ ইনটালিজেন্স করলে তারা কতটা এফিসিয়েন্টলি কাজ করতে পারবেন সে বিষয়ে একটু সন্দেহ থেকেই যাচ্ছে। মন্ত্রী মহাশয়কে এ ব্যাপারটা চিন্তা করতে অনুরোধ করছি। তারপর এই বিলে কনসানর্ড অফিসারকে যে পাওয়ার দেওয়া হয়েছে সেখানে তারা সিজ করতে পারবেন না কোনও কিছু। ডকুমেন্ট সিজ করতে না পারলে আইনগত জটিলতা দেখা দিতে পারে। এখানে বলা আছে, may take copies of such records etc. কিন্তু তারা সিজ করতে পারলে এটা আরও এসটাবলিশড হত। অথরিটি ছাড়া এ ক্ষেত্রে কাজ করা খুবই অসুবিধাজনক। তারপর কনসানর্ড অফিসার যাদের দায়িত্ব দেবেন তাদের যদি কোনও গাফিলতি থাকে তাহলে সেখানে কোনও পেনালটির ব্যবস্থা নেই। এটাও দেখা দরকার। আপনি এন্ট্রি ট্যাক্সটা তুলে দিয়েছেন। এন্ট্রি ট্যাক্স থেকে ভালই ইনকাম হচ্ছিল, প্রায় ২১৭/২১৮ কোটি টাকা ৯৪/৯৫ সালে কালেকশন করেছিলেন। এন্ট্রি ট্যাক্স তুলে দেবার ফলে আপনার কিছু এমপ্লয়ি ওখানে বেকার হয়ে বসে আছেন এবং মাসের পর মাস তারা মাহিনা নিয়ে যাচ্ছেন, কোনও কাজ নেই। এখানে যদি তাদের ইনভলভ করতে পারেন ভাল কথা নিয়ে আসুন। কিন্তু যে উদ্দেশ্যে এটা নিয়ে আসতে চাইছেন সেটাকে আরও বেশি কার্যকর করতে গেলে ডাইরেক্টর যাদের করছেন তাদের ক্যাডার সম্বন্ধে চিন্তা করুন, কারণ আমরা জানি ডব্লু.বি.সি.এস. এবং আই.এ.এস.-দের মধ্যে বিরোধ রয়েছে। এই বলে বক্তব্য শেষ করছি।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মিঃ স্পিকার স্যার, মাননীয় মন্ত্রীর আনা 'দি ওয়েস্ট বেঙ্গল রেভিনিউ ইনটেলিজেন্স (কালেকশন অ্যান্ড মনিটরিং অফ ইনফর্মেশন) বিল, ১৯৯৬ আমি

সম্পূর্ণভাবে সমর্থন করছি। এই বিলে প্রভাইডস for the collection, complication, analysis, preservation and monitoring of information and statistics with respect to commercial activities of trade, industry and agriculture in West Bengal and for the use of such information and statistics in framing or implementing the fiscal policy of the State of West Bengal মন্ত্রী মহাশয় বিলে কতগুলো অথরিটির কথা বলেছেন। আমি বুঝতে পারলাম না ওপক্ষ থেকে কেন বলা হল নন গভর্নমেন্ট ইনস্টিটিউশনের কথা বলা হয়েছে কিনা। এখানে ২(বি)-তেত কমার্শিয়াল একটিভিটিজের কথা যা বলা হয়েছে তাতে বলা হয়েছে in relation to trade, industry or agriculture of a trading or industrial concern. এখানে গভর্নমেন্টের কথাই বলা হয়নি, নন-গভর্নমেন্টও হতে পারবে। কনসানর্ড relating to purchase, sale, manufacture, or processing of goods and includes import of goods into West Bengal or despatch of goods to any places outside West Bengal. কাজেই মান্নান সাহেব নেই বলে যে কথা বলছিলেন, আমরা দেখছি, এই বিলের মধ্যে সেটা আছে। বিশেষ করে এই ডাটা কালেকশনের ক্ষেত্রে সেন্ট্রাল গভর্নমেন্ট Central Government. State Government, Undertakings of the Central or State Government, Local Authority, Bank, Financial Institutions, Railway Administration, Board of Trustees for a port within the meaning of the Major Port Trusts Act, 1963, or the authority exercising any powers or jurisdiction in, or relating to, any port to which the Indian Ports Act, 1908, for the time being applies, or Indian Airlines, or Air-India Internation, তাছাড়া ইন্ডিয়ান এয়ার লাইনস অব এয়ার ইন্ডিয়া ইন্টারন্যাশনাল এই বিলের আওতায় আসবে। এখানে মন্ত্রী মহাশয় একজন ডাইরেক্টর অ্যাপয়েন্ট করতে চেয়েছেন। শুধু একজন ডাইরেক্টর নন, তার নিচে রেভিনিউ ইনটেলিজেন্স অফিসারও নিয়োগ করা হবে। এবং এই বিলে তাদের অধিকার দেওয়া হয়েছে, যে কোনও এই সমস্ত অথরিটির কাছে গিয়ে নির্দ্বিধায় তাদের কাছ থেকে বিভিন্ন ডাটা তারা সংগ্রহ করতে পারবেন। যদি কেউ সেটা না দিতে চান বা সেটা দিতে অস্বীকার করেন, তাহলে সেখানে বলা হয়েছে, ৭ নম্বর ধারায়, Wilfully refuses or, without lawful excuse, neglects to furnish such statement, information or statistics, or wilfully furnishes, or causes to be furnished, any statement, information or statistics which he knows to be false or refuses to answer, or wilfully gives a false answer, to any question necessary for obtaining any information or statistics, or impedes the right of access to any records or documents, or the right to enter any premises, under Section 5, যদি কেউ বাধা দেন এই অথরিটিকে তাহলে সেটা পানিশেবল অফেন্স হবে এবং তারজন্য তাদের ৫০০ টাকা পর্যন্ত ফাইন দিতে হবে এবং কেস অফ Continuing offence তাদের আরও ২০০ টাকা করে ফাইন দেবার ব্যবস্থা এই বিলে রাখা হয়েছে। এই বিলে লেখা হয়েছে যে, যে সমস্ত গভর্নমেন্ট অফিশিয়ালস এই সমস্ত ডাটা সংগ্রহ করবেন তারা যদি সেটা লিক করেন, অন্যের কাছে প্রকাশ করে দেন, তাহলে তারজন্য তাদের পানিশমেন্ট পেতে হবে। যেটা সেকশন ৯(৪) উপধারায় বলা হয়েছে Save as otherwise provided in sub-section (2) or sub-section (3), in any

Government employee discloses any statement, information or statistics referred to sub-section (1) he shall be punishable with imprisonment for six months and shall also be liable to fine এটা ৬ মাস কারাদন্ড এবং ফাইন এই পানিশমেন্ট রাখা হয়েছে। গভর্নমেন্ট ডাইরেক্টরেট হোক, রেভিনিউ ইনটেলিজেন্স অফিসার হোক বা নিচের তলার কোনও কর্মী হোক, যদি তিনি লিক করেন এই সমস্ত তথ্য তাহলে তার পানিসমেন্টের বন্দোবস্ত আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেল্ফ এক্সপ্লানেটরি বিলেতে যে প্রভিশনগুলি রাখা হয়েছে আমি তাকে পূর্ণ সমর্থন করছি এবং এটার মধ্যে দিয়ে আমাদের রেভিনিউ সংগ্রহ বেশি হবে। আমাদের স্টেটের যে ফিসকাল পলিশি এটা ইমপ্লিমেন্ট করলে রেভিনিউ কালেকশনের ক্ষেত্রে সাহায্য করবে বলে আমি মনেকরি। তাই আমি এই দি ওয়েস্ট বেঙ্গল রেভিনিউ ইনটেলিজেন্স (কালেকশন অ্যান্ড মনিটরিং অফ ইনফরমেশন) বিল, ১৯৯৬ সম্পূর্ণ সমর্থন করছি।

**Shri Pankaj Banerjee :** Hon'ble Deputy Speaker, Sir, the West Bengal Revenue Intelligence (Collection and Monitoring of Information) Bill, 1996 which has been placed by the Hon'ble Finance Minister is thoroughly gone through by me. Though he has placed the Bill, I don't think that many vital things are there in the Bill. I must thank the Minister that he has been trying to seal all the leakages of earning revenue for the State. He has maneuvering to tighten the system so that revenue can go high. This is a very hygenic sign. But there is one confusion. One Directorate of Revenue Intelligence will be given, the task of which will be to get the things done. But to whom he is supposed to report. There is no direction in the Bill. No where he has mentioned as to where such Director will be reportable and what will be his area of functioning. Sir, the purpose of the Bill is to earn more revenue for the State. Now, in order to have a total knowledge of the situation of the state lot of information are required to be taken from the business houses - houses comprising of different articles which he has mentioned here. I think in this process he may involve the people of the Entry Tax Department which has been wound up. Hundreds of people are sitting idle there. They should be tagged with certain other department, Now, their major duty is to go office and report only. After reporting they go back home. No specific work is allotted to them. I would request the Hon'ble Minister to use these people. There is no necessary of employing fresh people for getting these things done. The people of the Entry Tax can give their service and the purpose can be served. But I have seen the performance of his other department also. I do not know whether the Minister is aware of the performance of the Sale Tax Department or not. The officers are there. Their duty is to collect money and they are collecting money not for the Government but for themselves. The State's main revenue earning department has

become sick due to corruption, nepotism. What is happening there ? The officers are showing avenues to the tax-payers as to how they can get exemption from the Sale Tax.

How the sales tax can be avoided ? The business men go to the department to seek help, advice and intelligence of the officers and the officers get all the trouble how they can be exempted, how they can get relief from sales tax through which process all these things are being done and thus top to bottom of the department has become a corrupt one. I say that all the employees of the department are not corrupted but most of the employees are corrupted who are in the department for which the Government is losing thousands of rupees, lakhs of rupees, sometimes crores of rupees are being drained out in the Sales Tax Department. They are not sincere to their duties. Senior employees of the department are making money for their own. They are busy of procuring money for their own sake. I must thank the Hon'ble Minister for this good endeavour, good attempt. But simultaneously I request the Minister to look after the Department of Sales Tax, so that all these loopholes can be tightened because thousands of rupees, lakhs of rupees and sometimes crores of rupees are being drained out. This is a good attempt that the collection is going high so far as the Sales Tax Department is concerned. But still pilferage is there and it should be stopped. Adequate steps should be taken by the Hon'ble Minister so that pilferage is stopped and the corrupted officers of the department should be taken to task and if necessary, they should be put behind the bar otherwise all these will go to a fruitless endeavour. In this bill the punishment which he has imposed for six months' prosecution should be extended further. If an element of fear is not there among the data suppliers, if only six months' prosecution is there or certain amount of money is to be charged from them then this thing should not be stopped. So, I would request the Hon'ble Minister to give a rethought for further serious sort of punishment to the people who are supplying wrong information motivatedly. Hard measures should be taken against them so that they are stopped from doing all these things. With these words I support this Bill with my humble request to the Hon'ble Minister that with his endeavour the State will earn more revenue in future. Thank you, Sir.

[3-20 — 3-30 P.M.]

**শ্রী নির্মল দাস** ঃ স্যার, 'দি ওয়েস্ট বেঙ্গল রেভিনিউ ইনটেলিজেন্স (কালেকশন অ্যান্ড মনিটরিং অফ ইনফর্মেশন) বিল, ১৯৯৬' যেটি ডঃ দাসগুপ্ত পেশ করেছেন তা আমি সমর্থন করছি। আসলে এর উদ্দেশ্য খুবই মহৎ। আমরা সকলেই জানি, ফাঁকি দেওয়াটা একটা

অভ্যাস হয়ে গেছে। এখানে যে কথা বলা হয়েছে, যে অবস্থাটা আছে, তার উপরে বেস করে যাতে রেভিনিউটা আদায় করা যায়, সেজন্য রাজ্য সরকার যে সিদ্ধান্ত নিয়েছেন তা খুবই ভাল। আমাদের অভিজ্ঞতা হচ্ছে, যে সমস্ত ইনফর্মেশন এজেন্সি আছে, কালেকশন আছে, ইন্ডিভিজুয়াল আছে, অফিসিয়ালস আছে, যেমন পুলিশ ডিপার্টমেন্ট, এই ডিপার্টমেন্টটা খুবই দুর্বল। এরফলে সরকারকে নাজেহাল হতে হয়। সাধারণ মানুষকেও নাজেহাল হতে হয়। আপনি যে উদ্দেশ্যে এটা করছেন, তাদেরকে মোটিভেট করা, তাদের দায়বদ্ধতা নট অনলি টু দি গভর্নমেন্ট বাট অলসো টু দি সোসাইটি, এটাকে অ্যাসিওর করা দরকার। তাছাড়া কিছু ফাঁক ফোকর যা আছে ইনফর্মেশনের ক্ষেত্রে স্বতস্ফূর্ত ভাবে দেন, যে ডিক্লারেরশন দেন, তারজন্য আইনগত বাধ্য বাধকতা নেই। তারফলে যে রেভেনিউ আসতে পারে, সঠিকভাবে তার অর্দ্ধেক আসে না। সেজন্য এখানে যে বিল উত্থাপিত হয়েছে, এটা যদি গৃহীত হয়, সেজন্য যে প্রভিসন রাখা হয়েছে আর্থিক দিকে, প্রয়োজন হলে জরিমানা আদায় এটাকে কার্যকর করতে পারলে খুবই আনন্দের বিষয় হবে। এরফলে রাজ্য সরকারের রেভিনিউ আদায়ের পরিমাণ বৃদ্ধি পাবে এবং তাতে আমাদের উন্নতি হবে। উন্নয়নের প্রতিশ্রুতি যেটা বামফ্রন্ট সরকার দিয়েছেন সেটা যথাযথভাবেই পালন করবেন। আমরা দেখছি পঞ্চম বেতন কমিশনের রায় কেন্দ্রীয় সরকার পূজোর আগেই অর্থাৎ সেপ্টেম্বর মাসে ঘোষণা করবেন। আমাদের রাজ্য সরকারও যেটা প্রণয়ন করেছেন, ইন্টেরিম রিলিফ দিয়েছেন সেটাকে ২০০ টাকা করুন, এবং সেখানে যে পদ্ধতিতে এগোচ্ছেন সেটা সমর্থন যোগ্য। যে সমস্ত প্রিভিয়াস কমিটমেন্টস বা বকেয়া যেগুলো আছে সেগুলো আজকে দেওয়ার সুযোগ এসেছে। যেমন শিক্ষকদের তৃতীয় বেতন কমিশনের বকেয়া পাওনা দেবার মতো সুযোগ আজকে এসেছে। সেখানে যে সমস্ত ফাঁক-ফোকর রেভিনিউ কালেকশনের ব্যাপারে আছে সেক্ষেত্রে আপনার অর্থ দপ্তরকে ফাংশনিং করে ইন্টেরিয়ার গুলোতে অর্থাৎ শহর এবং নগরে যেগুলো গড়ে উঠেছে সেখানে ঠিকমতো কালেকশন করার দরকার। আজকে শুধু কলকাতার মধ্যে সীমাবদ্ধ নেই, বিভিন্ন উন্নয়নমূলক প্রক্রিয়া আজকে চলছে, আজকে যেমন কলকারখানা বন্ধ হয়ে যাচ্ছে তেমনি নতুন নতুন হচ্ছে এবং নতুন নতুন প্রোডাকশনও হচ্ছে। সেইসমস্ত ক্ষেত্রে ইনফরমেশন খুব জরুরি এবং তারজন্য এজেন্সি যে আছে তার মাধ্যমে নিশ্চিত করতে চাইছেন, সেটাকে সঠিক জায়গায় নিয়ে যেতে হবে। তার ভেতর দিয়ে রেভিনিউ কালেকশনই শুধু উদ্দেশ্য হতে পারে না, রেভিনিউ কালেকশনের ভেতর দিয়ে উন্নয়নগত ক্ষেত্রে সম্প্রসারণ যাতে করা যায় সেইদিকটা দেখতে হবে। এবং সেখানে ডাঃ দাসগুপ্ত যে বকেয়া পাওনার প্রতিশ্রুতি দিয়েছেন. সেগুলো যাতে পূরণ করতে পারেন সেইদিকটা দেখতে হবে। আজকে কেন্দ্রে যুক্তফ্রন্ট গভর্নমেন্ট প্রতিশ্রুতি রক্ষা করবেন এবং বামফ্রন্ট সরকারও ঘোষণা করেছেন যে ইনফ্লেশন জড়িত কারণে বা মূল্যবৃদ্ধি জনিত কারণে ডি.এ.বাড়বে। সেখানে আমাদের যে ফারাক হয়ে গেছে. সেটা পূরণ করার দরকার এবং সেক্ষেত্রে। বলছি রেভিনিউ বেটার পজিশনে আনার দরকার। বিশেষ করে প্রাকৃতিক দুর্যোগের ক্ষেত্রে তহবিল থেকে বা কোথায় থেকে টাকা পয়সা পাচ্ছেন জানিনা সেটা আমাদের একটু নিশ্চিত করতে হবে। রেভিনিউ কালেকশন যে জায়গায় নিয়ে যেতে চাইছেন সেটা সত্যি সমর্থনযোগ্য এবং বিজ্ঞানসম্মত। যেটুকু পিছিয়ে গেছেন সেইদিক থেকে যাতে এগিয়ে আসতে পরেন এবং প্রতিশ্রুতি রক্ষা করতে পারেন এবং রাজ্যের কল্যাণ করতে পারেন, উন্নয়ন নিশ্চিত করতে পারেন সেইদিকটা দেখতে হবে। এছাড়া প্রিভিয়াস যে

সমস্ত বিষয় আছে যেমন তৃতীয় বেতন কমিশনের পাশাপাশি ইন্টেরিম রিলিফ সরকারি কর্মচারিদের মতো বেসরকারি সংস্থার লোকেরাও পান, নিদেন পক্ষে বকেয়া ২০০ টাকা করে পান সেইদিকটা দেখবেন। এইকথা বলে এই বিলকে পুনরায় সমর্থন করে এবং কংগ্রেসিরাও যে আজকে এই বিলকে সমর্থন করেছেন এরজন্য তাদের ধন্যবাদ জানিয়ে এই বিলকে পুনরায় আবার সমর্থন করে এবং সমর্থন যোগ্য মনে করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-30 — 3-40 P.M.]

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল রেভিনিউ ইনটেলিজেন্স (কালেকশন অ্যান্ড মনিটারিং অফ ইনফরমেশন) বিল, ১৯৯৬ সম্পর্কে বক্তব্য রাখতে উঠে আমি প্রথমেই মাননীয় সদস্যদের বিশেষ করে বিরোধী দলের সদস্যদের ধন্যবাদ জানাচ্ছি কারণ তারা এই বিলকে সমর্থন জ্ঞাপন করেছেন। রাজ্যকে যে করগুলো আদায় করতে হয় সেক্ষেত্রে এই আর্থিক বছরে যে কর আদায় হবে তার লক্ষ্যমাত্রা একটু বেশি রাখা হয়েছে। যেমন বিক্রয় করের ক্ষেত্রে করের বৃদ্ধির লক্ষ্যমাত্রা ২২ শতাংশ রাখা হয়েছে, গত বছরে ১৭ শতাংশের জায়গায় এবার ২২ শতাংশ করা হয়েছে। সেই কারণে একটা অত্যন্ত প্রয়োজন হয়ে পড়েছে কর সংক্রান্ত বিষয় তথ্যগুলো সংগ্রহ করার ক্ষেত্রে এবং বিক্রয়করের ক্ষেত্রে বিক্রয় সম্বন্ধে তথ্য লাগে। কিন্তু আমাদের রাজ্যে কোনও একটি বছরে যা মোট বিক্রয়, সেটাতো সমান হবেই। রাজ্যের মোট উৎপাদন এবং অন্য রাজ্য থেকে এই রাজ্যে যে পন্যগুলি আমদানি করা হয়েছে তার যোগফলের সমান, তা বিক্রয় তথ্যের সঙ্গে সঙ্গে বিপরীত তথ্য ক্রশ চেকিং এর জন্য উৎপাদিত তথ্য আমাদের বিভিন্ন বিভাগীয় সংস্থা থেকে যোগাড় করতে হয় এবং যারা পরিবহন করছেন তাদের থেকেও যোগাড় করতে হয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা সকলেই জানি যে শুধু আমাদের রাজ্যে নয় যে কোনও রাজ্যে সবচেয়ে বড় ক্রেতা কিন্তু কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার, উভয়েই পন্যগুলির ক্ষেত্রে। সবচেয়ে বড় পরিবহন সংস্থা কেন্দ্রীয় সরকারের রেল, এছাড়া বিমান, জল পরিবহন সংস্থাও আছে। আমাদের এইগুলির ক্ষেত্রে তথ্যগুলি নির্দিষ্টভাবে পাওয়া দরকার। মাঝে মাঝে আমরা সম্পূর্ণ সহযোগিতা পাইনা, তাই এই উদ্দেশ্যকে সামনে রেখে এই বিলটা আমরা এখানে এনেছি যাতে আইনের ভিত্তিতে তথ্যগুলি যোগাড় করা যায়। মাননীয় বিরোধী দলের সদস্য মান্নান সাহেব একটা প্রশ্ন রেখেছেন, এই সংস্থাগুলির মধ্যে কাকে কাকে যুক্ত করা হয়েছে। এবং বেসরকারি সংস্থাগুলি কেন যুক্ত করা হয়নি। অথচ বিলে আমরা যা যুক্ত করেছি, রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকার তার অধীনে সমস্ত সংস্থা সমস্ত পরিবহন সংস্থা তারমধ্যে রেলপথ ইত্যাদি এসে যাচ্ছে। এবং সমস্ত ব্যাঙ্ককে এরমধ্যে যুক্ত করা হয়েছে, এটা কিন্তু লক্ষ্য করবেন। আমাদের শ্রম বিভাজন এইরকম, যেগুলি বেসরকারি সংস্থা তাদের কাছ থেকে এই তথ্যগুলি আইনের ভিত্তিতে নেওয়ার জন্য, কমার্সিয়াল ট্যাক্স ডাইরেক্টোরেট এর যে অফিসাররা এবং কর্মীরা আছেন তারা হচ্ছেন এরসঙ্গে যুক্ত। আপনারা আর একটু বলতে পারেন, প্রতিতথ্য বা বিপরীত তথ্য সরকারি মাধ্যমে পেতে পারি। যেমন সরকারি সংস্থা থেকে কিছু ক্রয় হচ্ছে, অধিকাংশ ক্ষেত্রে বেসরকারি সংস্থা বিক্রি করছেন তাদের মাধ্যমে বেসরকারি সংস্থার সমস্ত তথ্য পাওয়া যায়। এমন কি, রেল-এ যে সমস্ত পরিবহন করা হচ্ছে, অধিকাংশ বেসরকারি জিনিস রেলের মাধ্যমে, বেসরকারি সমস্ত তথ্যগুলি পাওয়া যায়।

আমরা চিন্তা করি, আর একটা ধরনের বেসরকারির তথ্য কেন্দ্র এবং রাজ্যের মাধ্যমে বিশেষ করে ব্যাঙ্কের মাধ্যমে পাওয়ার জন্য এই ব্যবস্থা করেছি। ঠিক এক জিনিসের ২টি পিঠ যেন। তাই পারস্পরিক বিরোধিতার বিষয় নয়, একটা ক্রশ চেকিং এর জায়গায় যাবে। এটা সামনে রেখে প্রথম যে উদ্দেশ্য সেটা বলেছি, দ্বিতীয়টা হচ্ছে, অথরিটি, তৃতীয়টা সংগঠনের বিষয়ে বলা হয়েছে। এখানে মান্নান সাহেব বলেছেন, এর যে শীর্ষ তাকে কোনও একটি সার্ভিস থেকে নেওয়ার কথা বলেছেন কেন?

**শ্রী আব্দুল মান্নান ঃ** ১৪।৭।৯৩তে ২০৬২ এফ.টি. গভর্নমেন্ট অর্ডারে যা বলেছেন, সেখানে আপনি বলেছেন যে ওরা ডব্লু.বি.সি.এস. ক্যাডার থেকে আসবে।

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ** আপনি যে সময়টার কথা বলছেন, এটা দেড় থেকে ২ বছর আগের কথা।

এই আইনটা পরে কিন্তু রুল হবে, এটা কিন্তু আইন এর আগের অবস্থা। এই আইন হওয়ার পরে কোন সরকারি কর্মীকে নেব সেটা আসবে। আমি উপলব্ধি করতে পারছি, কাদের চিন্তার কথা, যারা আপনাকে বলেছেন। আমি জানি কোন সার্ভিস এর সঙ্গে কোন সার্ভিসের প্রতিযোগিতা আছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** আপনি অফিসারদের কাছ থেকে ব্রিফ নেন। আমরা ডাটা কালেকশন করি গভর্নমেন্ট অর্ডার থেকে।

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কোনও একটা সার্ভিসের কথা এখানে উল্লেখ নেই। যখন রুলস হবে, কোনও সার্ভিস নেওয়া হবে তার উল্লেখ থাকবে। তখন এই আশঙ্কটা আসতে পারে। এখানে আরেকটি গুরুত্বপূর্ণ প্রশ্ন মাননীয় পঙ্কজ বন্দ্যোপাধ্যায় মহাশয় রেখেছেন, এই ক্ষেত্রে বাড়তি লোকের প্রয়োজন নেই। বাস্তবিকই নেই। এটার একটা প্রেক্ষাপট আছে, এই ব্যাপারে আমি অন্য সময় আলোচনা করেছি বিরোধী সদস্যদের সঙ্গে। আগে যে প্রবেশ কর ছিল সেটা আমরা তুলে দিয়েছি। তার অনেকগুলো কারণও ছিল। আমরা তার পরিবর্তে সারচার্জ বসিয়েছি এবং আপনারা তাকে সমর্থন করেছিলেন। প্রবেশ কর সংগ্রহের সঙ্গে যারা যুক্ত ছিলেন, সেই ডাইরেক্টরেট ১,৫০০ জন কর্মী আছেন। অফিসার ও কর্মী নিয়ে, তাদের সেই সংগঠনটাকে আমরা কাজে লাগাতে চাইছি। এর আরেকটা প্রমাণ আপনি দেখবেন, এই বিলের শেষের দিকে লিখে দিতে হয়, কত এক্সপেন্ডিচার লাগবে। আমি সতর্কতার সঙ্গে লিখেছি, কোনও এক্সপেন্ডিচার লাগবে না। অ্যাপোয়েন্টমেন্ট করার সময় ঐ রুলসগুলো আসবে, আগে যারা ছিলেন এন্ট্রি ট্যাক্সে, তাদের কন্ডিশন কনসিয়োয়েনশিয়াল হিসাবে আসতে পারে। এখানে একটু ভিন্ন ধরনের কাজ তাদের করতে হবে। সেই পরিবর্তনটা প্রাসঙ্গিক পরিবর্তন। এর পরের ক্লাসগুলো দেখবেন, ক্লাস ফাইভ, ক্লাস সিক্স, সেই ক্লাসগুলোর শেষেই দেখবেন উত্তরগুলো দেওয়া আছে। কারা রিপোর্ট করবে? গভর্নমেন্টের কাছে রিপোর্ট করবে, যে দপ্তরটা এখানে আছে তার কাছে রিপোর্ট করবে, গভর্নমেন্ট ইন দ্যাট ডিপার্টমেন্ট। অন্য সরকারি সংস্থা, কেন্দ্রীয় সরকারি সংস্থার নিয়ম মোতাবেক চলবে। এখানে একটা প্রশ্ন উঠেছে, শাস্তি আরও বাড়ানো হচ্ছে না কেন? রাজ্য এবং কেন্দ্রীয় সরকারি সংস্থার তথ্য উন্নতির ক্ষেত্রে প্রথমে আমরা ইমপ্রিজনমেন্টের বেশি শাস্তির কথা আমরা ভাবিনি। আমরা

আশা করি সহযোগিতা পাওয়া যাবে। না পাওয়া গেলে আবার আপনাদের কাছে আসতে হবে। আরেকটা কথা হচ্ছে গোপনিয়তা রক্ষা করা খুবই গুরুত্বপূর্ণ। ইনটেলিজেন্সের ক্ষেত্রে আমরা একই কথা বলেছিলাম, রুল মেকিং পাওয়ারস। এখানে একটা প্রশ্ন উঠেছে, যেটা বক্তব্য আকারে রেখেছেন, যে আমাদের কর্মাশিয়াল ট্যাক্সের যদি কোনও গাফিলতি দেখা যায় তাহলে কি করবেন। আপনারা জানেন সরকারের নিয়ম নীতি যে ধরনের ডিসিপ্লিনারি অ্যাকশন নিয়ে আসা যায়, গোটা সিস্টেমটা একটা ক্রশ চেকিংএর মধ্যে আসবে। সামগ্রিকভাবে তার ফলটাও ভালো হবে। এর অতিরিক্ত কিছু আমি আর বলছি না। এই ধরনের সার্ভিস খুব বেশি রাজ্য সরকারের নেই। রাজ্য সরকার হিসাবে আমরাই প্রথম ইন্ট্রোডিউস করতে চাইছি। আমরা খুব বেশি হয়রান করতে চাইছি না। এটা খুবই গুরুত্বপূর্ণ হবে, যদি আমরা রেল ও ব্যাঙ্কের মাধ্যমে তথ্যটা পাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই কথা বলে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Revenue Intelligence (Collection and Monitoring of Information) Bill, 1996, be taken into consideration, was then put and agreed to.

**Clauses 1 to 11 and Preamble**

The question that Clauses 1 to 11 and Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Revenue Intelligence (Collection and Monitoring of Information) Bill, 1996, as settled in the Assembly, be passed

The motion was then put and agreed to.

**The West Bengal Building Tax Bill, 1996**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to introduce the West Bengal Building Tax Bill, 1996.

(Secretary then read the Title of the Bill.)

**Mr. Deputy Speaker :** There is a motion for circulation of Shri Abdul Mannan. Shri Mannan may now move his motion.

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 23rd November, 1996.

[3-40 — 3-50 P.M.]

মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল নিয়ে আসতে চেয়েছেন তার উদ্দেশ্যে যে অ্যাকশন নেওয়া হবে তাতে কলকাতা এবং শহরতলি এলাকার মধ্যবিত্ত ফ্ল্যাট মালিকরা ক্ষতিগ্রস্থ হবেন। মাননীয় মন্ত্রী মহাশয় যে উদ্দেশ্যে এই বিল এনেছেন তারসঙ্গে আমরা একমত যে সরকারের ট্যাক্স যারা ফাঁকি দেয় তাদের বিরুদ্ধে একটা ব্যবস্থা নেওয়া দরকার এবং ট্যাক্স

আদায়ের ব্যাপারে অ্যাকশন নেওয়াকে আমরা সমর্থন করি। ১৯৮০ সালের ১লা এপ্রিল যারা শহরতলিতে ফ্ল্যাট কিনেছেন এখন তাদের উপর ট্যাক্স বসানো হচ্ছে এবং যে সময়ে তারা ফ্ল্যাট কিনেছেন সেই সময়ের মার্কেট ভ্যালু যেটা রেজিস্ট্রেশন অ্যাক্টে স্ট্যাম্প ডিউটিতে দেখিয়েছেন তার উপর ৫ পারসেন্ট ট্যাক্স আপনারা এখন দিতে বলেছেন। মধ্যবিত্তরা অনেক কষ্ট করে টাকা জমিয়ে মফস্বল এলাকাতে কিংবা শহরতলিতে একটা ফ্ল্যাট কিনেছেন এবং সেই সময় কোনও ট্যাক্সের কথা বলা হল না। আর হঠাৎ করে অসীম বাবু এখন আইন করলেন যে তাদের ১৫-২০ হাজার টাকা ট্যাক্স এখন দিতে হবে। পেনাল্টির ব্যবস্থা আছে। কেরানি, স্কুলমাস্টাররা কোনওরকমে একটা ফ্ল্যাট কিনেছেন। বড়লোকরা জমি কিনে বাড়ি করেন, কিন্তু মধ্যবিত্তদের পক্ষে জমি কিনে বাড়ি করা সম্ভব নয়। তাই তারা ফ্ল্যাট কিনেছেন। আর এখন ১৯৮০ সালে যারা ফ্লাট কিনেছেন তাদের উপর ট্যাক্স বসালেন। এটা কালা-কানুন হবে। কারণ এতে মধ্যবিত্তদের খুব অসুবিধায় পড়তে হবে। এছাড়া যারা ট্যাক্স দেন না সেইসব অনাদায়ি ট্যাক্স আদায়েরর জন্য আমরা সরকারের সাথে কো-অপারেট করব। কালো টাকা যত বেশি উদ্ধার করবেন, সাধারণ মানুষ তত বেশি রিলিফ পাবেন। এতে আমরা সহযোগিতা করতে চাই। কিন্তু কালো টাকা উদ্ধারের জন্য অনাদায়ী ট্যাক্স আদায়ের নাম করে আপনারা এমন একটা আইন চাপিয়ে দিতে চাইছেন মধ্যবিত্ত ফ্ল্যাটের মালিকদের উপর। তাদের উপর এই যে কর চাপিয়ে দেওয়া হচ্ছে, এটা প্রত্যাহার করুন সিলেক্ট কমিটিতে পাঠান। এতদিন যখন অপেক্ষা করেছেন, তখন আর ৬ মাস না হয় অপেক্ষা করুন, পরের সেসানে আনুন। আগের বিলটাও সিলেক্ট কমিটিতে পাঠাবার কথা ছিল, কিন্তু মন্ত্রী মহাশয় আমাদের বুঝিয়ে দিলেন, আমরা মেনে নিয়েছিলাম। তাই বলছিলাম, এত জেদাজেদি না করে পরের সেশনে আনুন। আমি ২৩শে নভেম্বর পর্যন্ত সময় চেয়ে নিচ্ছি পাবলিক ওপিনিয়ন নেওয়ার জন্য।

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি পরে এটা বলব। রাজ্যের মধ্যে জমি এবং জমির উপর কোনও নির্মাণ কার্য হলে তাকে কেন্দ্র করে যে কালো টাকার খেলা চলে, সেই কালো টাকা উদ্ধার করার জন্যই রাজ্যের ক্ষমতার মধ্যে এই বিল আমরা এনেছি স্বচ্ছভাবে। কালো টাকা উদ্ধারের জন্য সাদা আইন। এই বিলটাকে দেরি করানোর ক্ষেত্রে আমি মনেকরি কোনও জনস্বার্থ নেই। মাননীয় বিরোধী দলের সদস্যদের আমি বলব, আপনারা আলোচনায় অংশগ্রহণ করুন, আমি আমার উত্তরে আরও বিস্তৃতভাবে বলব এইকালো টাকা উদ্ধারের ক্ষেত্রে আমাদের আপনারা সহযোগিতা করুন। এটা দেরি করানোর কোনও কারণ নেই। আমি এটা গ্রহণ করতে পারছি না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** যেহেতু মাননীয় মন্ত্রী মহোদয় আমাদের অনুরোধ রাখলেন না, দুঃখের সঙ্গে তাই বলছি আমরা এই বিলে অংশগ্রহণ করতে পারছি না, ওয়াক আউট করতে বাধ্য হচ্ছি।

(এই সময় কংগ্রেস পক্ষের মাননীয় সদস্যরা সভাকক্ষ ত্যাগ করেন)।

The motion of Shri Abdul Mannan that the Bill be circulated for the purpose of eliciting public opinion by the 23rd November, 1996 was then put and lost.

**Mr. Deputy Speaker :** Hon'ble Minister-in-charge may please move that the West Bengal Building Tax Bill, 1996 be taken into consideration.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Building Tax Bill, 1996 be taken into consideration.

[3-50 — 4-00 P.M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি পরিষ্কারভাবে আপনার মাধ্যমে এই হাউসের কাছে এই বিলের উদ্দেশ্যটা রাখতে চাই। মাননীয় সদস্য যারা বাইরে গেলেন, তারা যদি ঘরে বসে থাকেন, যদি শুনতে পান, তাহলে তাদের কাছেও আমি আমার কথাটা পৌঁছে দিতে চাই। কোনও একটি রাজ্যে যে কালো টাকা জমা হয়, তার মূল একটা অংশ ঐ আয়কর ব্যক্তিগত এবং প্রতিষ্ঠানিক আয়কর ফাঁকি দিয়ে, যেটা কেন্দ্রীয় সরকারের ধরার কথা। এক ধরনের কালো টাকা জমে জমি হস্তান্তরের ক্ষেত্রে। ফাটকা বাজারকে কেন্দ্র করে এবং অন্যান্যভাবে কালো টাকার একটা অংশ জমা হয়। এই কালো টাকা রাজ্যের সীমিত ক্ষমতার মধ্যে আমরা ধরার চেষ্টা করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি অবগত আছেন যে, রেজিস্ট্রেশন দপ্তরটা আগে অর্থ দপ্তরের সঙ্গে যুক্ত ছিল না, অন্য একটা দপ্তরের সঙ্গে যুক্ত ছিল। এখন থেকে প্রায় চার বছর আগে এটা অর্থ দপ্তরের আওতায় আসে। তখন থেকে পরপর কতগুলো পদক্ষেপ আমরা নিয়েছি। এই কর ফাঁকি দিয়ে কালো টাকা জমানোর একটা কারণ হচ্ছে জমির দামটা কম করে দেখান, আন্ডার ভ্যালুয়েশন করা। এটা আমরা লক্ষ্য করি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কলকাতার যে সমস্ত অঞ্চল ধনি মানুষের অঞ্চল বলে পরিচিত, যেমন পার্ক স্ট্রিট অঞ্চল, সেখানে এক কাঠা জমির দাম চার-পাঁচ লাখ টাকা কাঠা দেখিয়ে কর ফাঁকি দেওয়ার চেষ্টা করা হয়েছে। আলিপুরের ক্ষেত্রে করা হয়েছে। স্ট্যাম্প আইনের যে সংশোধনীগুলো দেওয়া হয়েছিল মূল্যের ভিত্তিতে এই স্ট্যাম্প ডিউটি এবং রেজিস্ট্রেশন ফি দিতে হবে। তারফলে এই বাবদ আমাদের যে রাজস্ব আদায় হয়েছে তা তিন বছরের মধ্যে ১৪৫ কোটি টাকার মতো ছিল সেটা গত তিন বছরে দু-গুনের বেশি বৃদ্ধি পেয়েছে। এ বছর ৩০০ কোটি টাকা অতিক্রম করে যাচ্ছে। কিন্তু আরেকটা ছিদ্র-পথ বেরিয়ে পড়েছে। তা হল, আমাদের রাজ্য থেকে কিছু আয় বেরিয়ে গেছে। যেহেতু আইনের সুযোগ ছিল তাই দিল্লি-বোম্বে-মাদ্রাজে এটা হয়েছে। যদিও প্রধানত দিল্লিতেই বেশি রেজিস্ট্রেশনের জন্য নিয়ে যাওয়া শুরু হয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা এটা বন্ধ করেছি। বন্ধ করেছি দু-ভাবে। প্রথমত করের হার কমিয়ে দেওয়া হয়েছে, তাই স্বাভাবিক ভাবেই এখানে রেজিস্ট্রেশন করবে। দ্বিতীয়ত একটা বিল এনেছি যাতে সেই ধরনের ক্রস রেজিস্ট্রেশন না করা যায়। এবং এজন্য অন্যান্য রাজ্যে আমাদের সঙ্গে সহ-মতও হয়েছে। কিন্তু এছাড়াও তিন নম্বর, আরেকটা খুব বড় ছিদ্র আছে, এটা আমি আজকে বন্ধ করার জন্য এই বিল উত্থাপন করেছি। আজকে মূলত শহরাঞ্চলে যারা খুব ধনী মানুষ তারা একটা বাড়ি বা ফ্ল্যাট কিনলেন কিন্তু কর ফাঁকি দেওয়ার জন্য রেজিস্ট্রেশন করালেন না। এবং এইভাবে কালো টাকার উৎসটা গোপন করে গেলেন। আমরা অনেক দিন থেকে এই খবরা-খবর নিতে থাকি। ৮০-র দশক থেকে কলকাতা এবং আশেপাশের

খুব ধনী লোকেরা এই কাজ করে চলেছেন। তাই আমরা এই বিল এখানে এনেছি। এর উদ্দেশ্য হচ্ছে, যদি কেউ, কোনও প্রোমোটার আজ থেকে কোনও বাড়ি কেনেন, জমি কেনেন তবে রেজিস্ট্রেশন করানো বাধ্যতামূলক। কিন্তু করের হার সেই ৫ পারসেন্টই যেটা সাধারণভাবে আছে। কিন্তু করটা বাধ্যতামূলক। যদি সেই প্রোমোটার বাড়িগুলো পরে হস্তান্তর করেন, মালিকানা আর কোনও ব্যক্তিকে দেন তাহলে যারা ফ্ল্যাট কিনছেন যেকোনও জমি কেনার মতো গ্রামাঞ্চলেও লোকেরা জমি কেনার ব্যাপারে যা করে তার থেকে অন্যকিছু হতে পারেনা, তারজন্যও তাকে রেজিস্ট্রেশন করতে হবে। এটাই স্বাভাবিক নিয়ম। এটার উপর এখন আমরা জোর দিয়েছি। কোনও কোনও সময় এইরকম হয় যে একাধিকবার ধনী পরিবার-এর লোকেরা কর ফাঁকি দেবার জন্য হস্তান্তর করেন কিন্তু কোনওবারই রেজিস্ট্রেশন করান না। কিন্তু এখন থেকে সেটা করতে হবে। এবং ৫ পারসেন্ট হারেই করতে হবে। কোন ধরনের বাড়ি এর আওতায় আসবে? ১৯৮০ সালের ১লা এপ্রিল থেকে যে বাড়িগুলো হয়েছে, যেগুলো চার-তলা বা তদূর্দ্ধে রয়েছে এবং যেগুলোর ব্যাপারে গোপনিয়তা বা লেন-দেন বেশি হয় বলে মনে হয়েছে। সাধারণ বাড়িগুলো আমরা এরমধ্যে আনিনি। নির্দিষ্ট কিছু বাড়ি যাকে কেন্দ্র করে কালো-টাকার লেন-দেন হয় তার উপরই এটা প্রযোজ্য হবে। ওরা যে মধ্যবিত্তের প্রশ্ন তুললেন সেটা আসছে না, তার কারণ কত সংখ্যক বাড়ি এর আওতায় আসছে, কত সংখ্যক মানুষ থাকছেন, ১০ হাজারের বেশি হবে না এই সব বাড়ির সংখ্যা, ওরা যা বললেন তার চেয়ে কম। পশ্চিমবঙ্গে ৬ কোটি মানুষ বাস করেন। তারমধ্যে যে সংখ্যক মানুষের কথা বললেন তারা ০.১ পারসেন্টও হবে না। এটা ঠিক গ্রামের গরিব মানুষরা জমি কেনার জন্য ৫ পারসেন্ট স্ট্যাম্প ডিউটি দেন, তাহলে সব মানুষকেই দিতে হবে। কিন্তু এটা না দেওয়ার মানেই হচ্ছে চরম অনিশ্চয়তার মধ্যে থাকবেন। তারা অনিশ্চয়তায় ভুগবেন এই কারণেই যে তারা কোনওদিন দলিল পাবেন না। কাজেই ৫ পারসেন্ট কর দিয়ে তাদের স্বার্থ রক্ষা করার কথাই আমি বলছি। বিরোধী দলের মাননীয় সদস্যরা বলছিলেন, তারা নিজেরা সেল্ফ কন্ট্রাডিকটরি না করেন আপনাদের এতে সমর্থন করা উচিত। তানাহলে যারা বারংবার ঝুঁকি নিয়ে এটা করেন তারা টাকার নিশ্চয়তা খোজেন, তাদের আমি বলছি খোলাখুলি করেই বলছি। আমরা সাধারণ মানুষের স্বার্থেই উন্নয়নের কাজ করতে চাই, তারজন্যই কালো টাকা উদ্ধার করতে চাই। অনেকেই এটা করেন যারজন্যই সেই দৃষ্টিভঙ্গী নিয়েই আমরা এটা করছি। কেন্দ্রীয় সরকারকে আমরা বলেছি রাজ্যস্তরে তার যতটুকু সম্ভব তারসঙ্গে সঙ্গতি রেখে এই বিল আমরা এনেছি। আমি মাননীয় সদস্যদের সমর্থন চেয়ে এবং বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Building Tax Bill, 1996, be taken into consideration was then put and agreed to.

### Clauses 1 to 21 and the Preamble

The question that Clauses 1 to 21 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir. I beg to move that the West

Bengal Building Tax Bill. 1996, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Appropriation (No.2) Bill, 1996**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to introduce the West Bengal Appropriation (No.2) Bill, 1996.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Appropriation (No.2) Bill, 1966, be taken into consideration.

[4-00 — 4-10 P.M.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপিয়েশন বিল উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি। কারণ একে সমর্থন করার মতো কোনও দৃষ্টান্ত আজ পর্যন্ত মাননীয় মন্ত্রী মহাশয় তথা এই সরকার এখানে উপস্থিত করতে পারেন নি। অতএব আমি একে মিস-অ্যাপ্রোপ্রিয়েশন বিল হিসাবে ঘোষণা করে আমার বক্তব্য শুরু করতে চাইছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই সরকারের ক্রমশ মন্ত্রীর সংখ্যা বাড়ছে। বেড়ে বেড়ে বর্তমানে ৪৮-জন মন্ত্রী হয়েছেন। খুবই দুর্ভাগ্যের সঙ্গে আমরা লক্ষ করছি দিনের পর দিন এই সরকারের প্রশাসন যন্ত্রে দক্ষতার অভাব দেখা দিচ্ছে। সবচেয়ে বড় কথা হচ্ছে রাজ্য প্রশাসনে ওয়ার্ক কালচার বলতে আজকে আর কোনও কিছু অবশিষ্ট নেই। প্রতি বছর এই সরকারের প্রতিটি দপ্তরকে এখান থেকে আমরা টাকা খরচ করার অনুমতি দিই, তারা সে টাকা খরচও করেন, কিন্তু তারমধ্যে দিয়ে রাজ্যের জনসাধারণের কোনও উপকার হয়না। এরফলে আমরা নিশ্চিতভাবে বলতে পারি এই সরকারের কোনও খাতের টাকাই সঠিকভাবে ব্যয় করা হয়না, অপচয় হয়। সরকারি প্রশাসন যন্ত্রের জন্য আজকে ১৪০০/১৫০০ কোটি টাকার অ্যাপ্রোপ্রিয়েশন বিল এখানে উত্থাপন করা হয়েছে। অথচ আমরা দেখছি বিগত ২০ বছর ধরে এ রাজ্যের সরকারি প্রশাসন গোটা রাজ্যে দুর্নীতির পাহাড় গড়ে তুলেছে। সাথে সাথে আমরা লক্ষ্য করছি পুলিশ প্রশাসন যন্ত্র সম্পূর্ণভাবে একটা পার্টির কুক্ষিগত হয়ে পড়েছে। আজকে এতে একটা অবস্থার সৃষ্টি হয়েছে যে, গোটা পশ্চিমবাংলায় একটা মানুষও বলতে পারবেন না যে, পশ্চিমবঙ্গ সরকারের কোনও একটা ডিপার্টমেন্টও দক্ষতার সঙ্গে কাজ করছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সংখ্যার জোরে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তার এই অর্থ বিল আজকে এই হাউসে পাশ করে নেবেন। কিন্তু আমরা বিগত ২০ বছর ধরে যা দেখছি, এ বছরও তাই দেখব, এই সমস্ত টাকা সঠিকভাবে ব্যয় করা হবেনা। এর দ্বারা জনসাধারণের কোনও উপকার হবেনা। গত ২০ বছর ধরে আমরা এখানে বাজেটে কোটি কোটি টাকা পাশ করিয়ে সরকারকে খরচ করতে অনুমতি দিচ্ছি, কিন্তু তারফল কিছুই আমরা চোখে দেখতে পাচ্ছিনা।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে সরাসরি প্রশ্ন করছি — মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কি বলতে পারবেন বিগত ২০ বছরে পশ্চিমবাংলার জনসাধারণের কোনও একটা ক্ষেত্রের ন্যূনতম চাহিদা আপনারা পূরণ করতে পেরেছেন? (১) আপনারা কি স্বাস্থ্য ক্ষেত্রে কোনওরকম উন্নতি ঘটাতে পেরেছেন? (২) আপনারা কি শিক্ষা ক্ষেত্রের কোনও উন্নতি করতে পেরেছেন? (৩) সাধারণ প্রশাসনের কোনও দক্ষতা কি আপনারা বৃদ্ধি করতে পেরেছেন? (৪) কোনও জায়গায় সামান্যতম ম্যানেজেরিয়াল এফিসিয়েন্সি কি আপনারা দেখাতে পেরেছেন? এর কোনওটাই যদি আপনারা না পেরে থাকেন তাহলে আমরা আপনাদের কেন অর্থ ব্যয় করবার অনুমতি দেব? আপনাদের প্রতিটি ক্ষেত্রে ম্যানেজেরিয়াল এফিসিয়েন্সির অভাব প্রকট হয়ে ফুটে উঠেছে। অত্যন্ত লজ্জার সঙ্গে এ কথা আমাকে বলতে হচ্ছে যে, আমরা বিধানসভার সদস্যরা এখানে, বিধানসভায় এসে জনপ্রতিনিধি হিসাবে যেসব কথা বলি, যেসব অভিযোগ করি এবং সুপারিশ করি তার একটাও কার্যক্ষেত্রে বাস্তবায়িত হয়না। আজ পর্যন্ত বিগত ২০ বছরের মধ্যে আমরা কেউ দেখিনি যে, বিধানসভায় কোনও সদস্যের উল্লিখিত কোনও ব্যাপারে সরকার যথাযথ অ্যাকশন নিয়েছেন! অর্থাৎ বিধানসভার আলোচ্য বিষয়-বস্তুর কোনও প্রতিফলন কার্যক্ষেত্রে আমরা দেখতে পাই না।

[4-10 — 4-20 P.M.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আমি একটু সি.এ.জি.-এর রিপোর্টের প্রতি আকর্ষণ করতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয়, সংখ্যার জোরে আপনি আজকে এই বিল এখানে নিঃসন্দেহে পাশ করিয়ে নিয়ে যাবেন। কিন্তু সি.এ.জি. তার রিপোর্টে আপনাদের অ্যাসেটস অ্যান্ড লাইবিলিটিস প্রসঙ্গে কি মন্তব্য করেছেন তা নিশ্চয়ই আপনার স্মরণ আছে? আমি আপনাকে বলি, ক্যাগের রিপোর্টে যে সমস্ত রিমার্ক করা হয়েছে সেটা আপনি নিশ্চয়ই পড়েছেন, আপনার কাছে বইটিও আছে। তাতে প্রত্যেক জায়গায় ভৎসনা করেছেন। কি বলে ভৎসনা করেছেন সময়মতো কাজ তুলতে পারেননি, টাকা বেশি খরচ হয়েছে। সময়মতো এবং ঠিকমতো খরচ করতে না পারার জন্য টাকা ফেরত গেছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলবো, রাজস্ব আদায়ের ক্ষেত্রে আপনার সবচেয়ে ব্যর্থতা, চরম ব্যর্থতা। রাজস্ব আদায়ের ক্ষেত্রে সেলস ট্যাক্স অনেক আদায় করেছেন এটা ঠিকই, কিন্তু যা হওয়া উচিত ছিল সেটা হয়েছে কিনা আমি এটাই বলতে চাচ্ছি। আমি প্রথমে বলি, স্বাস্থ্য কেন্দ্রগুলি আজকে চরম দুরবস্থা, সেখানে চিকিৎসা ব্যবস্থা নেই, পরিষেবার কোনও ব্যবস্থা নেই, কোনও কিছু নেই। ইনফ্রাস্ট্রাকচারাল ফেসিলিটিজ টু দি মাইনর ইরিগেশন নেই। শিল্প বিকাশের ক্ষেত্রে যেগুলি প্রয়োজনীয়তা তাও আপনি তৈরি করতে পারেন নি। সম্পদ সংগ্রহ করতে পারেন নি। রেভিনিউ কালেকশন করতে পারেননি। অথচ রেভিনিউ এক্সপেনডিচার অনেক বেশি। এর একটাই কারণ, এইরকম একটা দুর্নীতিগ্রস্থ প্রশাসন নিয়ে আপনি এগুতে পারছেন না। এবারে আপনি আপনার ভাষণে বলেছেন ১০০ কোটি টাকা বেশি আদায় করবেন এবং তারজন্য আপনি স্পেশ্যাল অফিসার অ্যাপয়েন্ট করবেন। আপনি বিক্রয় কর ডাবল আদায় করেছেন। কিন্তু ৫ বছরে ১ হাজার ১০০ কোটি টাকা আদায় হয়নি। আপনার বিক্রয়কর ডাবল হলেও আমি একটু পিছনের দিকে আসছি। কারণ অ্যাকুমুলেটেড হয়ে আসছে প্রতি বছর যার প্রতিফলন পাপ জমে পাহাড় হয়ে গেছে। আমি ৫ বছরের হিসাবটা আপনাকে দিচ্ছি।

১৯৮৯-৯০ সালে আয় হয়েছিল ১০৬৭ কোটি ৬৪ লক্ষ টাকা। ১৯৯০-৯১ সালে ১৩১৬ কোটি ৭৬ লক্ষ টাকা, ১৯৯১-৯২ সালে ১৪১৩ কোটি ৩৯ লক্ষ টাকা আর ১৯৯২-৯৩ সালে ১৬২৪ কোটি ৯৫ লক্ষ টাকা আপনি আদায় করেছেন। কিন্তু দেখা যাচ্ছে, ১৬৮টি শিল্প সংস্থার কাছ থেকে আপনি টাকা আদায় করতে পারেন নি। তারমধ্যে অনেক অসুবিধা আছে, ছাড় দিতে হয়েছে, কতকগুলি লোকসানে যাচ্ছে তারজন্য বিক্রয়কর ছাড় দিতে হয়েছে, কতকগুলিকে ঋণ হিসাবে দিতে হয়েছে। কিন্তু আপনি এখানে বিক্রয়কর আদায় করার জন্য বলেছেন ১০০ কোটি টাকার মতোন আদায় করতে হবে এবং তারজন্য আপনি অফিসার নিয়োগ করবেন বলে বললেন। সেটা আপনি করুন। কিন্তু আমার যেটা আপনার কাছে প্রশ্ন, আপনি টাকা আদায় করতে পারছেন না। আপনি যেমন পারেননি লক্ষ্যমাত্রা পূরণ করতে। আমি ন্যাবার্ডের আর্থিক সমীক্ষা থেকে বলছি। আই.আর.ডি.পির ক্ষেত্রে গ্রামাঞ্চলে যে কর্মসংস্থান হয়, এক্ষেত্রে আপনার যে লক্ষ্যমাত্রা ছিল সেটা আপনি পূরণ করতে পারেননি। যেমন ১৯৯৫-৯৬ সালের আর্থিক সমীক্ষা থেকে বলছি, ৬,১৯৬.৩৬ লক্ষ। সেখানে আপনি পূরণ করতে পারছেন না। সম্পাদিত কাজের লক্ষ্যপূরণ ছিল ১,৫৯,৭২২। সুতরাং ৪ ভাগের এক ভাগ হয়েছে। ১৯৯৫-৯৬ সালে ৩,৮০৮.১৩ লক্ষ। সেখানেও আপনি পূরণ করতে পারেননি। এটা অবশ্য ডিসেম্বর মাস পর্যন্ত ৯৩,৪৭৩ লক্ষ। সুতরাং আই.আর.ডি.পি'র ক্ষেত্রে দেখা গেছে ব্যর্থতা থেকে গেছে। যে শ্রম দিবস তৈরি করে গ্রামের অর্থনৈতিক অবস্থার উন্নতি হয়, এতেও ব্যর্থ হয়েছেন। শুধু এখানেই নয় আর্থিক সমীক্ষায় দেখা গেছে রেভিনিউ রিসিট এবং রেভিনিউ এক্সপেনডিচার পেজ ১৮৩ তে যা আছে, আমি সব বছরের বলছি না, দু বছরেরটা বলি, ৯৪-৯৫ তে ইন টার্মস অব ক্রোরস রেভিনিউ রিসিট টোটাল ছিল ৭০,৪০,৯৪ লাখ আর রেভিনিউ এক্সপেনডিচার হয়েছে ৮৪.৪০.৯৪ লাখ। সুতরাং এই ব্যাপারে আপনি বলবেন। ৯৫-৯৬ সালে ছিল ৭৪,৫৫,৮২ লাখ ইন ক্রোরস, সেখানে করতে পেরেছেন ৯৪.৮৪.৯০ ক্রোরস। তাহলে সেখানেও আপনি রেভিনিউ এক্সপেনডিচার অনেক বেশি করেছেন। সেখানে অবশ্য দুটো রেভিনিউ আছে। একটা হচ্ছে ট্যাক্স রেভিনিউ, আর একটা নন-ট্যাক্স রেভিনিউ। এর ব্রেক আপ করলে দেখা গেছে রেভিনিউ এক্সপেনডিচার এবং রেভিনিউ রিসিটে বিরাট ফারাক। সেখানে আপনি পৌঁছতে পারছেন না। তারপর আপনি যেটা বলেছেন সেলস ট্যাক্স সম্পর্কে সেলস ট্যাক্স সত্যিই কয়েক বছর বেড়েছে এই বিষয়ে কোনও সন্দেহ নেই। কিন্তু যে লক্ষ্য মাত্রা ছিল, সেটা পূরণ করতে পারেননি। কারণ আপনার ম্যানেজারিয়াল এফিসিয়েন্সির অভাব আছে এবং সিনসিয়ারিটি, অনেস্টির অভাব আছে ডিপার্টমেন্টের, সেটা আপনি দেখাতে পারেননি। আর একটা পয়েন্ট হচ্ছে ডিস্ট্রিক্ট ওয়াইজ ডিস্ট্রিবিউশন অব আন এমপ্লয়মেন্ট অ্যাসিসট্যান্স যেগুলো দিতে পেরেছেন, তা খুব দুর্ভাগ্য জনক। কত লোককে দিতে পেরেছেন? আমি ডিস্ট্রিক্ট ওয়াইজ বলছি, শুধু নর্থ এবং সাউথ ২৪ পরগনায় ৯০-৯১ সালে, নর্থ ২৪ পরগনায় ছিল ২.৫৯৮ লাখ, সেখানে আপনি দিতে পেরেছেন মাত্র ১.০৮৬ লাখ। ৯৪-৯৫ সালে নর্থ ২৪ পরগনায় দিতে পেরেছেন কম। ৯০-৯১ থেকে ৯৪ সাল পর্যন্ত প্রত্যেক জেলায় কম দিয়েছেন। বর্ধমান জেলায় কম দিয়েছেন, নদীয়ায় অবশ্য বেড়েছে, মালদহে কমেছে, বীরভূম, কুচবিহার, পুরুলিয়া, নর্থ ২৪ পরগনায় এইসব জেলায় ডিস্ট্রিক্ট ওয়াইজ আন এমপ্লয়মেন্ট অ্যাসিসট্যান্স কম দিতে পেরেছেন। তার নাম্বার আসতে আসতে কমে

যেটা পেজ ১৬০তে আছে। নাম্বার অব স্কীমস, ওয়েস্ট বেঙ্গল ১২ নম্বরে এসে দাঁড়িয়েছে। উত্তরপ্রদেশে নাম্বার অব স্কীম যেখানে ২২২টা, সেখানে পশ্চিমবাংলায় ৯১টা নাবার্ড অ্যাসিসট্যান্স ৯৩-৯৪ সালে। ১৯৯৩/৯৪, ১৯৯৪/৯৫-এ দেখবেন পশ্চিমবঙ্গের অবস্থা খুবই দুর্ভাগ্যজনক। এবারে আমি বলব, এ ক্ষেত্রে ফাইনানসিয়াল অ্যাসিসটেন্স কোন রাজ্য কত পেয়েছে। উত্তরপ্রদেশের সঙ্গে যদি তুলনা করি তাহলে দেখা যাচ্ছে সেখানে তারা স্কীমস জমা দিয়েছে ১০,৬৬,০৫ আর আপনারা দিয়েছেন ১ লক্ষ ৩৭ হাজার ২৪। এটা হচ্ছে অ্যামাউন্ট অব ল্যাক্স। ফাইনানসিয়াল অ্যাসিসটেন্স ডিস্ট্রিবিউটেড বাই ন্যাবার্ড উত্তরপ্রদেশ পেয়েছে ৪,৭০,৭১ সেখানে আপনারা পেয়েছেন ১,০৯,৬৭। আপনারা স্কীম কম জমা দিয়েছেন, টাকাও কম পেয়েছেন। সবটা যোগ করলে দেখা যাচ্ছে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের স্থান এক্ষেত্রে ১২-তম। ইকনমিক গ্রোথ যদি তৈরি করতে না পারেন তাহলে খালি সেলস ট্যাক্স নিয়ে সরকারি কর্মচারিদের মাহিনা দিলেই উন্নতি হতে পারে না। তবুও তো রাজ্য সরকারি কর্মচারিদের সব ডি.এ.-এর কিস্তি আপনারা দিতে পারেন নি। দুটি মিলিয়ে এখনও কেন্দ্রীয় সরকারি কর্মচারিদের থেকে প্রায় ২২ পারসেন্ট তাদের কম আছে। আপনাদের ভোটে জেতাতে সরকারি কর্মচারিরা এত কাজ করলো, ভোটে কারচুপি, জালিয়াতি করলো তবুও তাদের এখনও সব ডি.এ. আপনারা দিতে পারেন নি। আমরা চাই তারা ডি.এ.সব পাক কারণ তারাও আমাদের দেশের লোক। দেশের লোক টাকাটা পাক। আপনাদের হয়ে কাজ করলো ভোটে জিতিয়ে এখানে বসিয়ে দিল কিন্তু তাও আপনারা দিচ্ছেন না। কবে দেবেন আশা করি সেটা বলবেন। স্যার, আমি যেটা দিয়ে শুরু করেছিলাম সেটাতে আবার ফিরে আসছি। গ্রামের হেলথ সেন্টারগুলি যেটা খুবই গুরুত্বপূর্ণ ব্যাপার সেগুলি আজকে সবচেয়ে বেশি অবহেলিত। গ্রামের হেলথ সেন্টারগুলিতে সব জায়গায় ডাক্তার নেই ফলে গ্রামের মানুষ চিকিৎসা পাচ্ছে না। আপনারা নিজেরাই বলেছেন যে ৯০০ হেলথ সেন্টারের মধ্যে ২৩৯ টিতে ডাক্তার নেই। হাসপাতালগুলিতে ওষুধ নেই। তারপরও আপনি টাকা চাইছেন কোন মুখে? স্কুল ঘরগুলি ভেঙে গিয়েছে, ছাত্ররা বসতে পারেনা সেখানে তার ব্যবস্থা না করে আপনি টাকা চান কোন মুখে? দীর্ঘ ২০ বছর ধরে ওখানে বসে আছেন কিন্তু পশ্চিমবঙ্গের রাস্তাঘাট, স্বাস্থ্য কোনও কিছুরই আপনারা উন্নতি করতে পারেন নি। এখানে বেকার সমস্যারও আপনারা কোনও সমাধান করতে পারেন নি। এই অবস্থায় এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল কোনও মতেই সমর্থন করা যায় না। গ্রাউন্ডস অ্যান্ড রিজিনস দিয়ে এই বিলের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-20 — 4-30 P.M.]

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আজ এই সভায় যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল নিয়ে এসেছেন তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী সত্যরঞ্জন বাপুলি মহাশয় এই বিলের বিরোধিতা করে কতকগুলি এলোমেলো কথা বললেন। ওর বক্তব্য শুনে বোঝা গেল যে উনি আনপ্রিপেয়ার্ড স্পিচ দিলেন। কথা হচ্ছে, হি ডেল্ট উইথ দি ম্যাটার অফ পাস্ট, লং পাস্ট। আমরা অ্যাপ্রোচ করছি, অ্যাপ্রোপ্রিয়েশন চাচ্ছি যেটা সেটা ১৯৯৬-৯৭-এ খরচ করবো এবং খরচটা আমাদের ব্যাকগ্রাউন্ডের উপর দাঁড়িয়ে খরচ করবো। প্রতিটি বিভাগের ডিমান্ডের উপর আমরা বাজেট ডিসকাশন করেছি এবং যেসব বিভাগের ডিমান্ডের উপর আলোচনা হয়নি সেগুলো গিলোটিনে

গেছে। কিন্তু সমস্ত বিভাগের ডিমান্ডের উপর আলোচনায় এপক্ষ এবং ওপক্ষের সবাই কথাবার্তা বলেছি। সত্য বাপুলি মহাশয় বলেছেন যে, দেয়ার ইজ নো ওয়ার্ক-কালচার, নো ইমপ্রুভমেন্ট অফ হেলথ, নো অ্যাডমিনিস্ট্রেশন। কিন্তু তিনি বলেছেন সেলস ট্যাক্স কালেকশন বেড়েছে। সেক্ষেত্রে প্রশ্ন, উইদাউট হ্যাভিং এনি অ্যাডমিনিস্ট্রেটিভ কন্ট্রোল অর ক্যাপাসিটি সেলস ট্যাক্স বাড়লো কি করে? আমার পয়েন্ট হল, আজকে আমরা যদি এই অ্যাপ্রোপ্রিয়েশন বিল পাশ না করি তাহলে আর ইউ রেডি আপনাদের যে স্টেট গভর্নমেন্ট এমপ্লয়িজ ফেডারেশন রয়েছে তার যারা সদস্য আছেন তাদের বেতন আপনারা দিয়ে দিতে পারবেন? এবং সেক্ষেত্রে আপনারা এম.এল.এ. হিসাবে আপনাদের বেতন গ্রহণ করবেন না তো? কাজেই বিরোধিতা যা করছেন সেটা বিরোধিতার জন্যই করছেন। কাজেই খরচ যেটা আমরা করবো সেখানে আপনার আমার জন্যও খরচ হবে, আপনার এলাকার উন্নয়নের জন্যও খরচ হবে। আমরা বলছি, রাজ্যে কতগুলো দিকে বিরাট উন্নয়নের জোয়ার এসেছে। তা না হলে এমনি ২০ বছর ধরে পশ্চিমবঙ্গে কংগ্রেস সৃষ্ট জঞ্জালের উপর দাঁড়িয়ে এখানকার মানুষ বারবার পাঁচবার বামফ্রন্টকে জিতিয়ে আনতেন না। হ্যাঁ, ডেভেলপমেন্টের ক্ষেত্রে আমাদের কোথাও কোথাও হয়তো ত্রুটি আছে, কিন্তু ওদের ডেভেলপমেন্ট সম্পর্কে যে ধারনা তার থেকে আমাদের ধারনা সম্পূর্ন বিপরীত এবং আমরা বিকল্প পথেই কাজ করছি এবং সেভাবে বাজেট আমরা করছি। দিস ইজ দি ভারডিক্ট অফ দি পিপল থ্রু ইলেকশন। তাদের রায় মেনেই বামফ্রন্ট সরকারের বাজেট তৈরি হচ্ছে এবং সেই টাকাও খরচ করা হচ্ছে জনগণের উন্নয়নের জন্য, চাষির উন্নয়নের জন্য, জাতির উন্নয়নের জন্য। আর এই খরচ করবার অধিকার দিয়েছেন আমাদের জনগণ। সেজন্য আজকে যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল আনা হয়েছে তাকে সমর্থন করছি উইথ দ্যাট ক্লিয়ার এমস অ্যান্ড অবজেকটিভস। এখন রাজ্যে উন্নয়নের দায়িত্বে আছে পঞ্চায়েত। এই পঞ্চায়েতি রাজের কথা যিনি বলে গিয়েছিলেন সেই মহাত্মা গান্ধীকে ১৯৪৮ সালে মেরে ফেলেছেন। এবং তারই জন্য আপনারা ভেবেছিলেন যে, পঞ্চায়েতি ব্যবস্থার আর দরকার নেই। তারপর থেকে আপনারা সবকিছু শেষ করে দিয়েছেন। এটাই হচ্ছে কংগ্রেসের কালচার। আমরা বলছি, পঞ্চায়েত নির্বাচন আমরা করছি এবং করবো। আর তারজন্য যে টাকা দরকার হবে সেটা আমরা চাইবো। আমরা পঞ্চায়েতি ব্যবস্থার মধ্যে দিয়ে রুরাল ডেভেলপমেন্টের কথা বলছি। এখানে বলা হয়েছে, রাজ্যে প্রাইমারি এডুকেশন নেই। কিন্তু আপনাদের সময় এরজন্য যে পরিকাঠামো, যে ছাদের নিচে বসে ছাত্র-ছাত্রিরা পড়াশুনা করব সেসব ছিল? একদিন ছিল গরিব মানুষদের পেটে ভাত জুটতো না, কংগ্রেসের রাজত্বে তারা খেতে পেত না। আজকে তা নেই। সেই জায়গায় বিরাট সংখ্যক ছাত্র-ছাত্রি অ্যাডমিশনের জন্য আসছে স্কুলে। কংগ্রেস আমলে স্কুলের মাথার উপর ছাদ ছিল না, এইগুলিকে দেখার জন্য কংগ্রেসের আমলে কেউ ছিল না। আজকে সেই জিনিস আর নেই।

**(এ ভয়েস ঃ— আপনি কিসের উপর বলছেন?)**

[4-30 — 4-40 P.M.]

আই অ্যাম স্পিকিং অন দি বিল। এই বাজেটের উপর দাঁড়িয়ে প্রাথমিক বিদ্যালয়ে মাথায় ছাদ করে দেওয়ার ব্যবস্থা হচ্ছে পঞ্চায়েতের মাধ্যমে। এতে টাকার দরকার নেই? এই টাকা খরচের অনুমতি আপনারা দেবেন না? সত্য বাপুলি মহাশয়ের গ্রামের ভেতর দিয়ে রাস্তা

হচ্ছে। গ্রামের চাষের জিনিসপত্র, চাষিদের উৎপাদিত ফসল তারা মার্কেটে নিয়ে যেতে চায় ব্যবসা বানিজ্য কেন্দ্রে নিয়ে যেতে চায়, তারজন্য রাস্তার দরকার, যানবাহনের দরকার। আপনাদের প্রস্তাব হল এইসব হবে না, এই সবের জন্য টাকা পয়সার দরকার নেই। এইভাবে একটার পর একটা প্রশ্ন আসবে গ্রামের উন্নয়নের জন্য, রাস্তা-ঘাটের উন্নয়নের জন্য টাকা চাই। সেই টাকা আমরা দিতে চাই, খরচ করতে চাই। ক্যানেল এস্কাভেশন, এটা করতে হবে। ক্যানেল এস্কাভেশনের জন্য টাকা চাই। দি হায়েস্ট কিলোমিটার অফ ক্যানেল এস্কাভেশন ওয়াজ ডান উইদিন হিজ কন্সটিটিউয়েন্সি। এরজন্য কি টাকার দরকার নেই? আপনারা বলছেন রুরাল ডেভেলপমেন্ট ব্যর্থ হয়েছে, পঞ্চায়েতে ব্যর্থ হয়েছে। আপনারা কি কিছু দেখতে পাচ্ছেন না? প্রাইমারি বিদ্যালয়ে শিক্ষক নিয়ে হবে, বলুন কি হয়েছে? মাস্টার মশাই অ্যাপয়েন্টমেন্ট হবে, আপনারা হাই-কোর্টে কেস করে দিয়েছেন, ১৩-১৪ টা কেস করে দিয়েছেন ফ্রম দি কংগ্রেস সাইড। শিক্ষক নিয়োগের জন্য টাকা ধরা সত্ত্বেও সেই টাকা খরচ করা গেল না। আপনারা বলছেন টাকা ফেরত যাচ্ছে। ২২শে মার্চ ২৩শে মার্চ সেন্ট্রাল অ্যাসিসটেন্স আসছে ৩১শে মার্চের মধ্যে টাকা খরচ করতে হবে। ভারতবর্ষের কোন অর্থনীতিবিদ আছেন, ভারতবর্ষের কোথায় এমন ব্যবস্থা আছে, ভারতবর্ষে কোথায় এমন সরকার আছে যেখানে ২২শে মার্চ ২৩শে মার্চ সেন্ট্রাল গভর্নমেন্টের টাকা আসছে সেই টাকা ৩১শে মার্চের মধ্যে খরচ করে দিচ্ছে? এটা একেবারেই অসম্ভব ব্যাপার। আপনারা আবার বলছেন টাকা ফেরত যাচ্ছে। ল্যান্ড রিফর্মসের জন্য টাকা লাগবে না? গ্রামের গরিব মানুষকে পাট্টা বিতরণ করা হয়েছে কিন্তু সেই পাট্টা দখল দেওয়া আর এক জিনিস। পাট্টা ইজ ওয়ান থিং। বাট টু গট পজেশন অফ দি ল্যান্ড ইজ অ্যানাদার কিং। এই দুটি জিনিসই করতে গিয়ে আমাদের ব্যবস্থা নিতে হয়েছে। তারজন্য টাকার দরকার। আমরা এই বিলের মাধ্যমে টাকার স্যাংশন দিলে তবে সেই টাকা খরচ করার ক্ষমতা থাকবে। সেটা আমাদের দিতে হবে। আপনারা জানেন হোয়াট ডু ইউ মিন বাই অ্যাপ্রোপ্রিয়েশন বিল? আসলে আপনারা এটা বোঝেন না, বুঝলে এইসব কথা বলতেন না। আরও যে সমস্ত জিনিস আছে সেইগুলি সরলীকরণ করা দরকার, তারজন্য টাকা দরকার। গ্রামে গ্রামে যে সমস্ত জায়গায় রেভিনিউ অফিস আছে সেই রেভিনিউ অফিসগুলিকে ফুল ফ্রেজেড অফিস তৈরি করা হোক। আমরা বলেছি তারজন্য টাকা দেওয়া হোক। আপনারা শিক্ষকদের জন্য খুব চিৎকার করেন, তাদের পেনসনের টাকার কথা বলেন, বলেন যে এত হাজার শিক্ষক রিটেয়ার করে গেল, তারা পেনসন পাচ্ছে না। আজকে এই পেনসনের জন্য টাকা রেখেছি। আজকে সেই টাকা আপনারা অ্যাপ্রুভ করবেন কিনা হোয়েদার দি রিটেয়ার পারসন্স উইল গেট পেনসন? তা না হলে তো তারা পেনসন পাবে না। আপনারা পেনসনও চাইবেন আবার পেনসনের টাকার জন্য অ্যাপ্রোপ্রিয়েশন পাশ করবেন না এটা কি ধরনের ফাজলামি, এটা কি ধরনের যুক্তি? আপনারা ঘর তৈরি করবেন আবার ঘরের অভ্যন্তরে ঢুকবেন না এটা কি হতে পারে? পেনসনের জন্য টাকা চাইবেন আবার তারজন্য বরাদ্দ দেবেন না? আপনারা বলছেন ডেভেলপমেন্ট হচ্ছে না। আপনারা একটার পর একটা দেখুন। গ্রামাঞ্চলের ডেভেলপমেন্ট থেকে শুরু করে শহরাঞ্চলের ডেভেলপমেন্ট। এই ডেভেলপমেন্টের অংশ হিসাবে প্রথমে আমাদের দরকার হচ্ছে ইলেকট্রিসিটি। বেশ, ইলেকট্রিসিটির কথা যদি বলেন, কত গ্রামে ইলেকট্রিসিটি ছিল? এখন কত গ্রামে গেছে? আর তারজন্য কত টাকা দরকার? আপনারা তো এতদিন ইলেকট্রিসিটিকে ডকে তুলে দিয়েছিলেন।

আজকে যখন ডাঃ সেনের নেতৃত্বে গ্রামে গ্রামে হাসির মুখ দেখছে, আপনাদের এলাকায় ইলেকট্রিসিটি যাচ্ছে, সেই সমস্ত গ্রামীণ এলাকার মধ্যে যখন ইলেকট্রিসিটি যাচ্ছে তখন আপনারা বলছেন, কেন যাবে? কেন কুটিরশিল্পের উন্নতি হবে? কুটিরশিল্পের উন্নতির জন্য ইলেকট্রিসিটি দরকার। কটেজ ইন্ডাস্ট্রির জন্য ইলেকট্রিসিটি দরকার। গ্রামাঞ্চলে যখন ইলেকট্রিসিটির জন্য আবেদন উঠছে, তখন আপনারা বলছেন, আমরা টাকা দেব কেন? তাহলে উন্নয়ন কি ভাবে হবে? আমরা যখন ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সম্বন্ধে বলছি, তখন আপনারা বলছেন 'মৌ' সই হয়েছে। কোথায় ইন্ডাস্ট্রি? ওয়েট করুন। আপনারা তো ২৮ বছরে কিছু করতে পারেন নি। you have passed twenty years but did nothing এবং সেই জঞ্জালকে এখন আমাদের দু'হাত দিয়ে সরাতে হচ্ছে। আমরা বলছি, আপনারা দেখবেন, পশ্চিমবাংলায় আর্থিক উন্নয়নে এবং শিল্পের ক্ষেত্রে যে জোয়ার আসছে তাকে আপনারা হাজার চেষ্টা করলেও, ঐরাবতেরও শক্তি নেই, সেই জনশক্তিকে আটকে রাখতে পারে। সেজন্য টাকা যেটা দরকার সেটা তো দিতে হবে। আজকে বক্রেশ্বর হচ্ছে। বক্রেশ্বর নিয়ে অনেক টিটকারি হয়েছে। বক্রেশ্বর চালু হয়ে গেছে। পেট্রো কেমিক্যালস আপনারা ১২ বছর আটকে রেখেছিলেন রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য। আপনারা ভেবেছিলেন পেট্রোকেমিক্যালস হয়ে গেলে হলদিয়ার যদি উন্নয়ন হয়ে যায়, তাহলে সারা দক্ষিণ বঙ্গে বিরাট উন্নয়ন ঘটবে, সারা পূর্ব ভারতের উন্নয়ন ঘটবে। সুতরাং ওখানে সিপিএম-কে টাইট দেওয়া হোক। হলদিয়ার যাত্রাপথ ৮০ শতাংশ হয়ে গেছে। আজকে গ্রামাঞ্চলের ৭৫ ভাগ গ্রামে ইলেকট্রিসিটি গেছে। আমরা চাই ৯০ ভাগ গ্রামে ইলেকট্রিসিটি যাক। তারজন্য টাকা দিতে হবে। নির্মল ঘোষ মহাশয়কে রাজীব গান্ধী সম্বন্ধে একটু জানিয়ে দিই। রাজীব গান্ধী নিহত হয়েছিলেন পেরামপুদুরে। সেখানে আপনি যান নি, আই ভিজিটেড দ্যাট প্লেস। আপনি জবাব দিতে পারবেন বিশ্ব মানবিকতার কাছে, সেই সময়ে ওখানে কংগ্রেসের নেতৃবৃন্দ যারা দাড়িয়ে ছিলেন তারা কেন দূরে দাঁড়িয়ে ছিলেন? তারা কেন ডায়াসের কাছে যান নি? কেন রাজীব গান্ধী একা গেলেন? সেখানে সুভা নামে মেয়েটি গেল। সেখানে একজনও, নাইদার কংগ্রেস প্রেসিডেন্ট, তামিলনাড়ু, নর এনিবডি এলস সেখানে যান নি। এর উত্তর কি আছে? দেবেন উত্তর? কোনও উত্তর নেই। সুতরাং এই সমস্ত কারণের জন্য আমাদের ডেভেলপমেন্টের যে কাজ তা উইথ স্ট্রং ডিটারমিনেশন আমরা করবই। টেনিসনের কথা Half a league, Half a league, Half a leaguc on word, Into the valley of death, Road the six hundred. অর্থাৎ যেকোনও দিক থেকে আমাদের উপর যত আক্রমণই আসুক, যত তীব্র সমালোচনা হোক আমাদের উপরে, উইথ স্ট্রং ডিটারমিনেশন আমাদের এগিয়ে যেতে হবে। আপনার এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলে আপনি যে মঞ্জুরি চেয়েছেন তাকে সমর্থন জানিয়ে এবং সত্য বাপুলি মহাশয় যে দাবি করেছেন তাকে খারিজ করে আমার বক্তব্য শেষ করছি।

[4-40 — 4-50 P.M.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আজকে 'দি ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশন (নং২) বিল, ১৯৯৬ নিয়ে বিতর্ক হচ্ছে। বাজেট বিতর্কে আমরা পুরো আলোচনা করবার সুযোগ পাইনি। সুতরাং অ্যাপ্রোপ্রিয়েশন বিলে কথা বলার সুযোগ আছে। কথা হচ্ছে, সরকার কত টাকার অ্যাপ্রোপ্রিয়েশন চাইছেন, না ১৪ হাজার ৩৫২ কোটি ৬

লক্ষ ১৫ হাজার টাকা। অ্যাপ্রোপ্রিয়েশন বিল নিয়ে মূলত বাজেট বিতর্কে যতখানি আলোচনা করা হয়ে যায় সেই অংশটা বাদ দিয়ে কোনও আদারস বিষয় থাকলে তখনই অ্যাপ্রোপ্রিয়েশন বিলে সেগুলো তুলে সেইকারণ ধরে আলোচনা করা হয়। কিন্তু এবার যেহেতু বাজেটকে কেন্দ্র করে কিছু বলার সুযোগ পাইনি, বাজেট বিতর্কে অংশ নেবার সুযোগ বেশি পাই নি সেই কারণ এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলে বলছি। সেখানে শেষের অংশে বলা হয়েছে যে under the Constitution of India no money can be withdrawn from the consolidated fund except in accordance with an appropriation made by law. অর্থাৎ এটাই হচ্ছে মূল কথা এবং সেই কারণেই অ্যাপ্রোপ্রিয়েশন বিল এনেছেন। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানতে চাইব তিনি যে কেন্দ্রীয় বাজেট না দেখে রাজ্যের বাজেট করলেন এর থেকে সুবিধা হল না অসুবিধা হল সেটা বলবেন। কেন্দ্রীয় বাজেট দেখে রাজ্য বাজেটে তা রিফেলকট করা হয়। তার বিভিন্ন দিক না দেখে আপনি যে রাজ্য বাজেট এগিয়ে নিয়ে এলেন তাতে আমার মনে হয় এই বিল একেবারে ডিরেক্টলেস, কোনও দিক নির্ণয় করতে পারেন নি। এরথেকে ৩টি বিষয়ে মানুষ উদ্বুদ্ধ হতে পারে। আপনার বাজেটে ওয়ার্ক কালচার, প্রোডাকটিভিটি, প্রফিটেবিলিটি এই তিনটি বিষয়ে যতক্ষণ পর্যন্ত বাজেটে এনকারেজ করা না যাচ্ছে ততক্ষণ বাজেট সম্পূর্ণ হতে পারে না। এই প্রসঙ্গে আমি বলে নেব যে সেন্ট্রাল বাজেট সম্পর্কে স্টেট গভর্নমেন্টের অফিসারদের ওপিনিয়নটা কি এবং আপনাদের রি-অ্যাকশনটা কি জানতে চাইব। অবশ্যি এইরকম আপনারা অনেকবারই তাতক্ষনিক রি-অ্যাকশন দিয়ে থাকেন। আমি প্রাথমিকভাবে রি-অ্যাকশন বলব যে, কেন্দ্রীয় বাজেট এবং রাজ্য বাজেটে এক জায়গায় মিল আছে, দুটোতেই কোনও স্ট্রাইকিং অ্যাঙ্গেল নেই। একটু পড়লেই দেখা যাবে যে প্রাথমিকভাবে বাজেট সম্পর্কে বিতর্ক করতে গেলে খুব একটা বিষয় কিছু নেই। এর যদি ডিটেলসে আমরা যাই তাহলে দেখব যে, এই বাজেটে কোনও স্ট্রাইকিং অ্যাঙ্গেল নেই। একটা সামগ্রিকভাবে দাঁড় করানো হয়েছে এবং মানুষকে আপাতদৃষ্টিতে বলানো হয়েছে যে সাধারণ মানুষের ভবিষ্যতে উপকার হবে। এবং কিছু প্যাকেজ যেটা মানুষকে দেওয়া হয়েছে যেমন কৃষির ক্ষেত্রে, স্বাস্থ্যের ক্ষেত্রে এবং আরও অন্যান্য ক্ষেত্রে দেওয়া হয়েছে। কিন্তু রিসোর্স মবিলাইজেশনের ব্যাপারটার উপরে কোনও জোর দেওয়া হয়নি। তারজন্য কালকেই আমি প্রতিক্রিয়া জানিয়েছিলাম এবং আজকের স্টেটসম্যান পত্রিকায় তা প্রকাশিতও হয়েছে। এই বাজেটের রিভাইজড এস্টিমেটস পরবর্তীকালে আনতে হবে। তবে স্টেট গভর্নমেন্টের একটা প্লাস পয়েন্ট আছে সেটা হচ্ছে যে, সেন্ট্রাল বাজেটে বলা হয়েছে ইন্ডাস্ট্রিয়াল রিকনস্ট্রাকশন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া তার হেড অফিস মহারাষ্ট্রের বম্বে থেকে কলকাতায় তুলে আনা হচ্ছে। এছাড়া বেঙ্গলের বিশেষ কিছু রিলিফ নেই। তারপরে সেলস ট্যাক্সের রিসোর্স মোবিলাইজেশনের প্ল্যান আউট লেতে যে টারগেট রিচ করার কথা বলেছিলেন সেটায় আপনি রিচ করতে পারেন নি। আপনি আপনার প্ল্যান আউট লে তে টারগেটে পৌঁছতে পারেন নি। আপনি আপনার বাজেট বিতর্কের ২৮ পাতায় এক জায়গায় বলেছেন যে সেলস ট্যাক্সের ব্যাপারে চারটে আইন বাতিল করে এক জায়গায় নিয়ে এসেছেন। এইজন্য আপনি একটা কমিটি করেছিলেন, সেই কমিটিতে আমি সদস্য ছিলাম এবং সেই সভায় আমি অ্যাটেন্ডও করেছি। সেখানে আপনি বলেছিলেন ''Honourable Members may kindly recall that in the last financial year we had introduced a 'Value Added Tax' in

respect of iron and steel goods covered by the Central Sales Tax Act, 1956, as "declared goods". Our experience with this experiment has not been uniformly satisfactory".

তারপরে ফার্স্ট পয়েন্ট ট্যাক্সেসন করতে চেয়েছেন। করে মনে করছেন আমি আরও একটা সেলস ট্যাক্স বাড়াব। সেলস ট্যাক্স রিয়ালিটি সম্বন্ধে যা বলছেন কলকাতায় সেলস ট্যাক্স এর ফাঁকি প্রচন্ডভাবে চলছে। আমি রিসেন্টলি কিছু টাইলস কেনার জন্য আমার নিজের এলাকায় সেন্ট্রাল এভিনিউ এর মতো জায়গায় একটি বড় দোকানে গিয়েছিলাম। তারা বললো, এম.এল.এ. সাহেব এসেছেন, সাদা কাগজে একটা নোট লিখে দাও ট্যাক্সটা লাগবে না। আমি সেই সময় ভাবলাম ট্যাক্স কমিশনার সাহেব কমল বাবুকে ফোন করে বলি একটা রেড করিয়ে দিই। কিন্তু আমার মনে হল, সর্বত্র একটা আনহোলি নেকসাস একজিট করছে। কি সেন্ট্রাল কি স্টেট গভর্নমেন্ট কাজেই এর পরে আপনাকে যেটা আমি বলতে চাই, সেটা হচ্ছে, ফটো আইডেন্টিটি কার্ড এর ব্যাপারে। কেন্দ্রীয় সরকার কেন তাদের বাজেটে এই টাকা রাখেনি, আপনি এখানে রেখেছেন ২ কোটি টাকা, ফটো আইডেন্টিটি কার্ড এর জন্য। এতে কি ভোট হবে, সেটা আপনার কাছ থেকে আমি পরিষ্কারভাবে জানতে চাই। কেননা টি.এন.সেসান এই বছরের ডিসেম্বরে রিটায়ার্ড করছে। এবারে আমরা দেখছি এই ক্ষেত্রে আপনি ২ কোটি টাকা চেয়েছেন, আগেরবার যেখানে আপনার এই কাজের জন্য বরাদ্দ ছিল ৫২ কোটি টাকা সেখানে এবারে এরজন্য বাজেট অ্যালোকেশন করছেন ২ কোটি টাকা। এই ফটো আইডেন্টিটি এটা কতদূর কি হচ্ছে না হচ্ছে সেই ব্যাপারে আমি জানতে চাই, এটা কতটা প্রসেস হয়েছে, এবং ফটো আইডেন্টিটি কার্ডে যদি ভোট না হয় তাহলে আপনি কেন এই আননেসেসারি অ্যালটমেন্ট রাখবেন, এটা আমরা জানতে চাই? এরপরে যেটা বলতে চাই সেটা হচ্ছে, কাউন্সিল অফ মিনিস্টার দের ট্যুর এক্সপেন্ডিচার সম্বন্ধে। এই সম্বন্ধে আপনি বলেছেন, ট্যুর এক্সপেন্ডিচার খাতে ধরেছেন ৫০ লক্ষ টাকা মন্ত্রীদের জন্য খরচ হবে। আমি বারবার আপনাকে বলেছি, আপনি এখানে ব্রেক আপ অফ চিফ মিনিস্টারস ফরেন ট্রিপ এখানে দিন। মুখ্যমন্ত্রী গত ২০ বছরে ২৭ বার বিদেশ সফর করেছেন, তারমধ্যে দুইবার হচ্ছে প্রাইভেট ট্যুর টু সুইজারল্যান্ড। এখানে সাধারণ মানুষের যে কমনসেন্স রয়েছে সেটা হচ্ছে, এটা অ্যাপ্লাই করলে তার মানে হয়, সুইজারল্যান্ডে যারা যাচ্ছেন তারা সেখানে কালো টাকা রাখতে যান। এই প্রসঙ্গে আপনি আমার একটা প্রশ্নের উত্তরে বলেছিলেন ইট ওয়াজ ইয়োর রিপ্লাই, সুইজারল্যান্ডে যেটা গিয়েছে দ্যাট ওয়াজ নন-অফিসিয়াল ট্যুর। এই ব্যাপারে আপনি লিখেছিলেন যেকোনও এক্সপ্ল্যানেশন দেবেন না। আমি বলব, আপনি আমাদেরকে ব্রেক আপ এক্সপেন্ডিচার অফ চিফ মিনিস্টারস ফরেন ট্রিপ এখানে দিন। আমরা জানতে চাই। ট্যুর এক্সপেনসেস সম্বন্ধে আপনি যা ধরেছেন তা হচ্ছে, মন্ত্রীদের জন্য আপনি যে টাকাটা ধরেছেন সেটা হল ৫০ লক্ষ টাকা। প্রতি বছরে যে টাকা ধরা হয় তার ৭৫ শতাংশ টাকাই চলে যায় মুখ্যমন্ত্রীর ফরেন ট্রিপ এরজন্য। আমি এবারে আপনাকে বলবো, জুডিসিয়াল এনকোয়ারি যেটা আপনারা করেন, আপনারা যে জুডিসিয়াল এনকোয়ারি করেছিলেন তার রায় বেরিয়েছে, সেই জুডিসিয়াল এনকোয়ারির জন্য আপনার খরচ হয়েছে ৩১ লক্ষ ৯২ হাজার টাকা। সব টাকাটা তো সরকার থেকে যোগান দেওয়া হয়েছিল এই জুডিসিয়াল এনকোয়ারির জন্য। সেখানে ৩।৪ মাসের মধ্যে রিপোর্ট দিতে বলা হয়েছিল। সেখানে ৪ বছর লেগে গেল। এর টাকা খরচ

হয়ে গেল, অথচ বলা হয়েছিল সময় দেওয়া হচ্ছে থ্রি মান্থস টাইম। একজন সিটিং জাজকে বসালেন ৪ মাসের মধ্যে রিপোর্ট দেবেন। কিন্তু তিনি সেটা নিয়ে গেলেন ৪ বছরে। এখানে জুডিসিয়াল এনকোয়ারির রিপোর্টটা আমরা সবাই জানি মমতা ব্যানার্জিকে সেখানে বলা হল, ইভেস্টিগেট করেছেন বালিগঞ্জে নির্বাচনের সময় যে দাঙ্গা-হাঙ্গামা এবং রিগিং হয়েছিল তার পরিপ্রেক্ষিতে তাকে দোষি সাব্যস্ত করতে গিয়ে আপনারা ৩২ লক্ষ টাকা খরচ করেছেন।

(গোলমাল)

প্রতি বছরে বিভিন্ন বিচার বিভাগীয় তদন্ত খাতে রাজ্য সরকার বরাদ্দ করছেন অথচ ১৯৮৮ সালে যে জুডিসিয়াল এনকোয়ারি কমিশন হয়েছে, '৯৬ সালে সেই কমিশনের রিপোর্ট আপনারা বার করতে পারেননি। কাটরা মসজিদ এর দাঙ্গা নিয়ে যে কমিশন বসিয়েছিলেন তার রিপোর্ট এখনও আপনারা বার করতে পারেননি, ক্যান ইউ ডিনাই? এই যে টাকাগুলি খরচ করছেন, সরকারি টাকা, বাজেট থেকে নিচ্ছেন, এটা কোনটাই নন প্ল্যানের টাকা নয়, প্রত্যেকটি প্ল্যান এক্সপেন্ডিচারের টাকা। এখানে আপনাকে জাববদিহি করতে হবে, জুডিসিয়াল এনকোয়ারি কমিশনের নাম করে এই ফার্স কেন? আজকে সত্যবাবু যেটা কারেকটলি পয়েন্ট আউট করেছেন, সর্বত্র রোড ট্রান্সপোর্ট থেকে শুরু করে স্বাস্থ্য, জনস্বাস্থ্যকারিগরি, শহর উন্নয়ন ইন এভ্রি স্পেয়ার আপনারা একটা টোটাল ডিজঅ্যাসটার করেছেন। প্ল্যান আউটলেতে আপনারা যে টাকা বরাদ্দ করছেন, কোনও ক্ষেত্রেই সেই টার্গেটে পৌঁছাতে পারছেন না, ফলে প্রকল্পগুলি ধুঁকছে। এবং এই অর্থাভাবে তারা ধুঁকছে, ফলে ডেভেলপমেন্টের কাজগুলো প্রপার্লি হচ্ছে না। আমরা সেই কারণে যেকথা বলতে চাইছি, হেলেথর সম্বন্ধে যখন কারেক্টলি বলা হচ্ছে, বিধায়করা মেনশনের সময় বলে রাস্তাঘাটের সমস্যা, স্বাস্থ্যের সমস্যা। প্রাইওরিটি ঠিক করার ক্ষেত্রে এখনও পর্যন্ত একটা ইমাজিনেশন নেই। আপনাদের গভর্নমেন্টের কাছে আমাদের একটা অভিযোগ, এই সরকার ১৯ বছরে একটা প্ল্যান তৈরি করতে পারল না। এই সরকারের কোনও ফার সাইটেডনেস নেই, কোনও ম্যানেজারিয়াল এফিসিয়েন্সি নেই। এই সরকারের যিনি মুখ্যমন্ত্রী তিনি ফাইল দেখতে পারেননা, ফাইলের গভিরে যাননা, বুরোক্রেসির দ্বারা কমপ্লিটলি কন্ট্রোল। আজকে সেই অবস্থার মধ্যে পরিস্থিতি কোথায় গিয়ে দাঁড়িয়েছে। প্রভঞ্জন বাবু এখানে বিদ্যুতের কথা বললেন। রুরাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশন গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য টাকা দিচ্ছে। যে টাকা নিয়ে ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলো তামিলনাড়ু, অন্ধ্রপ্রদেশ, গুজরাট, হরিয়ানা, পাঞ্জাব, তারা হান্ড্রেড পার্সেন্ট ইলেকট্রিফায়েড হয়ে গেছে।। আমরা সেভেন্টি ফাইভ পারসেন্টের জায়গায় ঘোরাঘুরি করছি। ১৯৮২ সালের এপ্রিল থেকে ১৯৯২ সালের মার্চ পর্যন্ত এই দশ বছরে কেন্দ্রীয় সংস্থা রুরাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশন আপনাদের জন্য ঋণ বরাদ্দ করেছিল ৪১১ কোটি টাকা, ৭৭১ টি মৌজা বৈদ্যুতিকরণ করার জন্য। সেখানে এই দশ বছরে ইলেকট্রিসিটি বোর্ড ১২ কোটি ৪৪ লক্ষ টাকা তুলেছেন। আপনি কোথায় দাঁড়িয়ে আছেন। ৪১১ কোটি টাকা যেখানে বরাদ্দ ছিল, সেখানে ১২ কোটি টাকার বেশি নিতে পারছে ইলেকট্রিসিটি বোর্ড, যেখানে রুরাল ইলেকট্রিফিকেশন কর্পোরেশনের টাকায় ভারতবর্ষের অনেক রাজ্যে হান্ড্রেড পারসেন্ট ইলেকট্রিফায়েজ হয়ে গেছে। আমাদের অভিযোগ থাকবে না? অভিযোগ নিশ্চয় থাকবে। যখন বন্যা হয়, ধ্বস নামে, তখন ঝগড়া লেগে যায়, দু'জন মন্ত্রীর মধ্যে বিতর্ক হয়। বীরেনবাবু এখানে বসে আছেন, বন্যা পরিস্থিতি কোথায় কতটা হয়েছে,

আজকে এই সভার মধ্যে মাপকাঠি নিয়ে গন্ডগোল হচ্ছে। গতকাল এখানে শান্তাদেবি বক্তৃতার সময় বলেছিলেন, ধ্বসে রিলিফের যে টাকা দেওয়া হয়েছে সেটা ইন-এডিকোয়েট। কালিম্পঙে ধ্বস নামল, কিন্তু সেই পরিমাণ টাকা গিয়ে সেখানে পৌঁছাল না। আজকে আলিপুরদুয়ারের বিধায়কের নামে খবরের কাগজে বেরিয়েছে, হি হ্যাজ এক্সপ্রেসড ডিসস্যাটিসফেকশন, ঠিকমতো সেখানে ত্রাণ হচ্ছে না। কেন্দ্র কন্টিনেজন্সি ফান্ড বাবদ আগাম টাকা দিয়েদিচ্ছেন, কিন্তু আপনি কোথাও দেড় লক্ষ, কোথাও পাঁচ লক্ষ, কোথাও তেড়েমেড়ে এক কোটি টাকা দিচ্ছেন। কোনওভাবেই আমরা এটাকে সমর্থন করতে পারছি না। আমরা বলেছিলাম ইচ ডিপার্টমেন্ট মাস্ট হ্যাভ এ ফিনান্সিয়াল এডভাইসর, প্রত্যেকটি দপ্তরের জন্য একটি করে ফিনান্সিয়াল এডভাইসারকে অ্যাপোয়েন্টমেন্ট করুন। আজকে আপনি পশ্চিমবাংলায় একটি নিজস্ব ব্যাঙ্ক তৈরি করতে পারলেন না। প্রতি বছর আপনি বলছেন, আমাদের রাজ্যের জন্য আলাদা করে একটা ব্যাঙ্ক করব। স্বল্প সঞ্চয় নিয়ে আপনি অনেক বাহবা কুড়ানোর কথা বলেন। কিন্তু স্বল্প সঞ্চয়ের ক্যাশ সার্টিফিকেট তো সব পোস্ট অফিসের থেকে বিক্রি হয়। এখানে রাজ্য সরকারের কি ভূমিকা থাকতে পারে বুঝতে পারছি না? স্বল্প সঞ্চয়ের সাফল্য, আপনি ঢাকঢোল পিটিয়ে প্রচার করেন। সামগ্রিকভাবে কন্টিনেজন্সি ফান্ড থেকে শুরু করে, সর্বত্রই আমরা দেখছি একটা ডিরেকশানলেস ওয়েতে এই সরকার ১৯ বছর ধরে চলছে, কোনও প্ল্যান তৈরি হল না, রাজ্যের ডেভেলপমেন্ট হলনা। একটা অনিশ্চয়তার দিকে রাজ্যটা এগিয়ে যাচ্ছে। মন্ডল মহাশয় এখানে বলেছেন অ্যাপ্রোপ্রিয়েশন বিল না হলে মাইনে কি করে পাবে। আপনারা গায়ের জোরে, সংখ্যাধিক্যের জোরে এটাকে পাশ করিয়ে নেবেন, কিন্তু আমরা কেন তার পাপের ভাগি হতে যাব। সত্য বাপুলি কেন পাপের ভাগি হবেন? আমাদের আপত্তি থাকবে, কিন্তু আপনারা সংখ্যাগরিষ্ঠতার জোরে, গলাটিপে সর্বত্র যেমন কাজ করাচ্ছেন তেমনি ভাবে করবেন। আমরা অ্যাপ্রোপ্রিয়েশনের নামে মিস-অ্যাপ্রোপ্রিয়েশন হতে দেব না। মিস-অ্যাপ্রোপ্রিয়েশনের নামে এই যে অর্থের অবস্থা তার বিরুদ্ধে আমাদের মতামত থাকবে এবং সেই কারণে এর বিরোধিতা করছি।

[4-50 — 5-00 P.M.]

**শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলকে সমর্থন জানিয়ে আমি দুই-একটি কথা এখানে উল্লেখ করতে চাই। দীঘ ১৯ বছরে বর্তমান সরকার গ্রাম এবং শহরের উন্নয়নের জন্য প্রত্যেক বছর বাজেট বরাদ্দ করেছেন এবং এবারেও ১৯৯৬-৯৭ সালের বিভাগীয় বাজেট আলোচনা হয়েছে। আমরা এই বাজেটকে সমর্থন জানিয়েছি কারণ বিগত ৩০ বছরে কংগ্রেস জমানায় কোনও উন্নয়ন হয়নি। কিন্তু বর্তমান সরকারের নেতৃত্বে গত ১৯ বছর ধরে নানা পরিকল্পনার মধ্যে দিয়ে গ্রাম এবং শহরের উন্নয়নের কাজকে এগিয়ে নিয়ে যাওয়ার সবরকম চেষ্টা চলছে। স্বাভাবিকভাবে সেজন্য এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলকে সমর্থন জানাচ্ছি। এই কাজ করতে গিয়ে কিছু ত্রুটি দেখা গেছে এবং সরকারকে সে ব্যাপারে দৃষ্টি দিতে হবে। বিশেষ করে হেলথের ব্যাপারে দৃষ্টি দিতে হবে এবং এই ব্যাপার নিয়ে বিধানসভায় আমাদের সহকর্মীরা বিভিন্ন সময়ে উল্লেখ পর্বে দৃষ্টি আকর্ষণ করেছেন। স্বাস্থ্যদপ্তরের যে বরাদ্দ আমরা তাকে সমর্থন জানিয়েছি, এই কারণে যে, এই দপ্তরের যে ত্রুটি, যে দুর্বলতা আছে সেগুলোকে বর্তমান সরকার দূর করার সবরকম চেষ্টা করবেন।

স্বাস্থ্যদপ্তরের কর্মচারিদের বেতন এবং অন্যান্য দাবি পূরণ করার জন্য বর্তমান সরকার সবরকম চেষ্টা চালিয়ে যাচ্ছেন। কিন্তু একটা বিষয় খুব দুঃখের সঙ্গে উল্লেখ করছি যেখানে বিশেষ করে বরাদ্দ করা হয় যেসব প্রাইমারি হেলথ সেন্টারগুলো আছে, সেখানে আমি একটা উদাহরণ দিই দেগঙ্গার অন্তর্গত কদম্বগাছি প্রাইমারি হেলথ সেন্টারে ডায়েট সাপ্লাই হয়না। বলে সেখানে রোগী ভর্তি বন্ধ হয়ে গেছে। গ্রামাঞ্চলের রোগীরা যাবেন কোথায়? অর্থ বরাদ্দ হয়েছে, অথচ ডায়েট সাপ্লাই হচ্ছে না। ফলে গত কয়েক বছর ধরে সেখানে রোগি ভর্তি হতে পারছেন না। এটা খুবই দুঃখের কথা। এবিষয়ে আমাদের সরকারের দৃষ্টি দেওয়া দরকার। এর পাশাপাশি বিভিন্ন সরকারি হাসপাতালে গ্রুপ-ডি কর্মচারিদের বেতন এবং অন্যান্য বিষয় বর্তমান সরকার সম্পূর্ণ সজাগ এবং সচেতন এবং তাদের দাবি-দাওয়া বিভিন্ন সময়ে মেনে নিয়ে সরকার মিমাংসায় এসেছেন। কিন্তু সেখানে রোগিদের সাথে যেভাবে ব্যবহার করা দরকার, যেরকম আচার-আচরণ করা দরকার তা তারা করেন না। তাদের জন্য আমাদের স্বাস্থ্যদপ্তরের একটা বদনাম আজকে রটাবার ব্যবস্থা চলছে। স্বাভাবিক ভাবেই আমি মনেকরি, যেখানে অর্থ বরাদ্দ করা হয়েছে, তার প্রতি সজাগ দৃষ্টি রাখা হয়েছে। তাদের যে দায়িত্ব, তাদের যে দায়বদ্ধতা, সেটা কেন তারা পালন করবেন না? এটা সরকারকে দেখা উচিত বলে আমি মনেকরি। সাথে সাথে বলব সরকারের রেভিনিউ-এর ব্যাপারটা, যেমন ভূমি-ভূমিরাজস্ব। ইঁট ভাটা প্রচুর রয়েছে। কিন্তু সেখান থেকে যে রেভিনিউ আদায় করা দরকার, যে রেভিনিউ আসা দরকার, সেটা হচ্ছে না। সেখানে একটা বিরাট ফাঁকি আছে। এই বিষয়টি আমি বাজেট সমর্থন করতে গিয়েও বলেছিলাম, এখন আবার উল্লেখ করব। ইঁট ভাটাগুলো সরকারের কয়েক কোটি টাকা ফাঁকি দিচ্ছে। এই বিষয়ে গুরুত্ব দেওয়া উচিত।

[5-00 — 5-10 P.M.]

আমরা লক্ষ্য করছি বিভিন্ন শহরাঞ্চলে, বিশেষ করে কলকাতা, হাওড়ায় এবং অন্যান্য জেলা শহরে ডেভেলপমেন্টের জন্য, যেমন রাস্তার কাজ, স্যুয়ারেজ, ড্রেনেজ, জলের কাজ, ইত্যাদি কাজের জন্য বিভিন্ন সময় প্ল্যান করা হয়, স্কীম করা হয়, এস্টিমেট করা হয় এবং সেইগুলো ঠিক বর্ষার সময় আরম্ভ করা হয়। এই বর্ষার সময় আরম্ভ করার কারণটা কি, সেটা আমাদের ভাবতে হবে। মন্ত্রী মহাশয় উপস্থিত আছেন, তাকেও বলব। সেন্ট্রাল এভিনিউ তে গিয়ে দেখুন, কিছুদিন আগে পাতাল রেলের কাজ হল, ব্লাক টপ হল, রাস্তা তৈরি হল, আবার এই বর্ষার সময় দেখছি স্যুয়ারেজ লাইনের জন্য সেন্ট্রাল এভিনিউ-এর রাস্তা একেবারে শ্যামবাজার পর্যন্ত কাটা হয়েছে। আমি বলি, এই যে সরকারের পক্ষ থেকে এত ডিপ্লোমা ধারি টেকনিশিয়ান, ইঞ্জিনিয়ার রাখা হয়েছে, তাদের মাইনে দেওয়া হচ্ছে, এর জন্য বাজেটে বরাদ্দও হবে, তারা কি একবারও এই ব্যাপারগুলো চিন্তা করেন না? তারা কি চিন্তা করেন না, পাতাল রেল তৈরি হচ্ছে, জল নিকাশের ব্যবস্থা কি হবে, টেলিফোনের লাইন, ইলেকট্রিকের লাইন কি হবে? পাতাল রেল শুরু করল, সেটা চাতালে গেছে, এখন মানুষ মাতাল হয়ে যাচ্ছে। এগুলো তো তাদের ভাবতে হবে, সরকারি বরাদ্দ এইভাবে নষ্ট হচ্ছে। এইভাবে কাজ করলে কাজ ইনকমপ্লিট থাকবে, আবার রিভাইজড বাজেট করতে হবে, আবার এস্টিমেট করতে হবে, আবার ৯৭-৯৮ সালের জন্য ফেলে রাখতে হবে। এই জিনিস তো চলতে পারে না। যেসব রাস্তা তৈরি হয়ে গেছে, বিভিন্ন সময়ে টেলিফোন ডিপার্টমেন্ট বা ইলেকট্রিক

ডিপার্টমেন্ট সেই রাস্তা, ফুটপাথ কেটে চলে যায়। তারা রাস্তার কাটিং চার্জ হিসাবে যে টাকা ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশানকে বা হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনকে দেয়, তার থেকে পাঁচগুন অর্থ খরচ হয় সরকারের সেই রাস্তা বা ফুটপাথ পুনরায় তৈরি করতে। স্বাভাবিক ভাবেই এই বিষয়টা চিন্তা করতে হবে এবং ব্যবস্থা নিতে হবে। বর্ষার সময় জুন মাস থেকে অক্টোবর মাস পর্যন্ত রাস্তার কাজ, স্যুয়ারেজের কাজ, ড্রেনেজের কাজ হবে না, নভেম্বর থেকে মে মাস পর্যন্ত এই কাজগুলো করা উচিত বলেই আমি মনেকরি। সরকারকে এটা চিন্তা করা উচিত। অ্যাপ্রোপ্রিয়েশন বিল সমর্থন করতে গিয়ে একথা আমি বলব, জেলা-পরিষদ থেকে গ্রামাঞ্চলে বড় বড় রাস্তা করার পরিকল্পনায় পি.ডব্লু.ডি.কে বরাদ্দ করা হয়। দেখা যায় সেই গ্রামের রাস্তাগুলোয় মাটি কেটে ঝামা ফেলে রাখা হয়েছে। আর কাজ এগোচ্ছে না। কারণ ইঞ্জিনিয়ারদের রোলার নেই। যে সি.এফ.টি.র ঝামা দেওয়া হয়েছে তার অধিক নেই। আবার ডিমান্ড করে, এস্টিমেট করে, বরাদ্দ করে সেগুলো করা হয়। এই জিনিসগুলো লক্ষ্য করা দরকার। স্বাভাবিক ভাবেই অনেক অভিযোগ বিরোধীদের থাকতে পারে। কিন্তু আমি এটা মনেকরি, বিগত ৩০ বছর তারা যখন ক্ষমতায় ছিলেন তখন পশ্চিমবাংলার উন্নয়ন এবং প্রগতির কিছুই করতে পারেন নি। গত ১৯ বছরে যা হয়েছে, নিশ্চয় কিছু ত্রুটি আছে, ভুল আছে এটা অস্বীকার করা যায় না। কিন্তু গঠনমূলক কাজের মধ্যে দিয়ে আমাদের বিরোধী বন্ধুদেরও এগিয়ে আসা দরকার। এই উন্নয়ন শুধু বামফ্রন্ট-এর নয়, এটা সারা পশ্চিমবাংলার সাধারণ মানুষের স্বাভাবিক ভাবেই পশ্চিমবাংলার নির্বাচনি সদস্যরাও এর মধ্যে রয়েছেন। পশ্চিমবাংলার উন্নয়ন মানে আমাদের সকলের উন্নয়ন। এই কথা বলে অ্যাপ্রোপ্রিয়েশন বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[5-10 — 5-20 P.M.]

**শ্রী তারক বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে অ্যাপ্রোপ্রিয়েশন বিল এখানে পেশ করা হয়েছে। এই বিলের আমি বিরোধিতা করছি। বিলের বিরোধিতার কারণ, আমার আগে যে বক্তা এখানে বক্তৃতা রেখেছেন তিনি শুনিয়েছেন যে, এই সরকার পরিকল্পনা হীন ভাবে চলেছেন। ওদের কোন মৌলিক পরিকল্পনা নেই। তাই স্যার, কাজেই এরা যে অর্থ বরাদ্দ করে সেই অর্থ কিভাবে মিস-ইউস হয়, আমাদের পূর্ববর্তী মাননীয় সদস্য যে কথা বলেছিলেন। আমাদের দলের বন্ধুরাও বলেছিলেন মন্ত্রীদের ট্যুর হয় কিভাবে এবং সরকার কিভাবে আমাদের অর্থ বরাদ্দ করেন। আমরা জানি, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী তার নিরাপত্তার জন্য কত লক্ষ লক্ষ টাকা খরচ করেন। সেই টাকা দিয়ে পশিচমবাংলার নিম্নবিত্ত মানুষ দরিদ্র মানুষ শোষিত মানুষের অনেক সেবামূলক কাজ করা সম্ভব হত। তাই আমি অ্যাপ্রোপ্রিয়েশন বিলের বিরোধিতা করে কয়েকটা প্রস্তাব এখানে রাখতে চাই। কয়েকটা দপ্তরের ব্যর্থতা, যেমন ধরুন, সমাজ-কল্যাণ দপ্তর। আমাদের পশ্চিমবাংলা অনেক ডিসএবল পারসন আছেন। সেই ডিসএবল পারসনদের সংখ্যা কত? সে বিষয়ে আমাদের সমাজকল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রী কোনও খবর রাখেন কিনা আমি জানিনা। আমাদের পশ্চিমবাংলায় যে লোক-সংখ্যা তার ১০ পারসেন্ট ডিসএবল পারসন। তারা খুবই দুর্বল। সরকারের তরফে বলা হয় যে, শোষিত মানুষ-এর তারা নাকি প্রতিনিধিত্ব করছেন। আজকে পশ্চিমবাংলায় ১০ পারসেন্ট ডিসএবল পার্সেন যারা রয়েছে এই সরকার তাদের জন্য আপনারা বিভিন্ন সময় বক্তব্যের মাধ্যমে অন্য

রাজ্যের সঙ্গে তুলনা করেন, ভারতবর্ষের সঙ্গে তুলনা করেন যে পশ্চিমবাংলা এগিয়ে আছে। আজকে ডিসএবল পার্সানদের দুরবস্থা দূরী করণের জন্য একটা ডাইরেক্টরেট করেছেন কি? তারা একবার গনেশ এভিনিউতে যাচ্ছেন, আবার সল্টলেকে যাচ্ছেন, তারা বিভিন্ন জায়গায় অসহায় ভাবে ঘুরে বেড়াচ্ছেন, তাদের সমস্যার কোনও সমাধান হচ্ছে না, এমনকি আপনারা এই প্রতিবন্ধীদের জন্য কোনও রোস্টার করেন নি। এস.সিদের জন্য রোষ্টার করেছেন কিন্তু এই প্রতিবন্ধীদের জন্য কোনও রোস্টার করেন নি, কেন প্রতিবন্ধীরা কি পাপ করেছে? তারা দুর্বল, তারা অসহায়। তাদের জন্য রোস্টার করেন নি যে তাদের কি করে চাকরি দেওয়া যায়? চাকরিতে তাদের জন্য কত পারসেন্ট বরাদ্দ করেছেন এমন কোনও নিয়ম এই বামফ্রন্ট সরকার করেন নি। আপনারা সারা ভারতবর্ষের সঙ্গে তুলনা করে বলেন আপনারা সবার থেকে এগিয়ে আছেন। আজকে বোম্বেতে, কর্ণাটকে এই প্রতিবন্ধীদের জন্য সেপারেট ডাইরেক্টরেট করে দেওয়া হয়েছে। যাতে এই প্রতিবন্ধীদের বিভিন্ন জায়গায় ঘুরতে না হয়, যাতে মন্ত্রীদের দরজায় দরজায় ঘুরতে না হয়। যাতে তারা একটা জায়গাতে গিয়ে চাকরি পেতে পারে। এই প্রতিবন্ধীদের চাকরির কোনও প্রস্তাব নেই, তাদের চাকরির কোন ব্যবস্থা নেই, তাই আমি আমার বক্তব্যে বলবো এই ডিসএবল পার্সানদের চাকরির জন্য রোস্টার করার জন্য। এদের জন্য মাস এডুকেশন যে স্কুলগুলি আছে, বরানগরে একটা স্কুল আছে, আপনি সেখানে গিয়ে একবার দেখে আসুন সেখানে কি ভগ্নদশা অবস্থায় রয়েছে, সেখানে কোনও সুব্যবস্থা নেই, সুযোগ নেই পড়াশোনা করার। আইন এবং পরিবহন দপ্তর, এ সম্পর্কে আমরা সবাই জানি যে মোটর এক্সিডেন্ট কেসের প্রায় ১ লক্ষ মামলা পশ্চিমবঙ্গে ঝুলে আছে, এটা কি মাননীয় মন্ত্রী, বামফ্রন্ট সরকার একবারও ভেবেছেন? কেউ নিহত হয়েছেন, কেউ আহত হয়েছেন, তাদের মামলাগুলি কি হয়, মামলাগুলি কোর্টে ঝুলে রয়েছে। ১০ বছরের আগে তাদের মামলাগুলির নিষ্পত্তি হয় না। আপনারা আবার দাবি করেন ভারতবর্ষে আপনারা এগিয়ে আছেন। কিন্তু আমি দায়িত্ব নিয়ে বলছি এই মোটর কেসের ব্যাপারে বোম্বাই, দিল্লি, মাদ্রাজ, এমনকি পাঞ্জাবে এক্সক্লুসিভ ট্রাইবুনাল গঠন করা হয়েছে, সেখানে তাড়াতাড়ি নিষ্পত্তি হয়। এই অ্যাক্সিডেন্ট কেসে যারা মারা যাচ্ছেন তাদের আত্মীয় স্বজনরা সেই সুযোগগুলি পাচ্ছেন, তারা অসহায়ভাবে দিন কাটাচ্ছেন। পশ্চিমবঙ্গে ট্রাইবুনাল গঠন করার ক্ষেত্রে কোনও ভাবনা চিন্তা নেই, তাদের যদি কিছু পরিকল্পনা না থাকে কিভাবে মানুষের সমর্থন করা যায়, সঠিক চিন্তাধারা যদি না থাকে শুধুমাত্র অ্যাপ্রোপ্রিয়েশন বাজেট এখানে পেশ করা হয়েছে, তাই আমি এর বিরোধিতা করছি। কিন্তু মাননীয় মন্ত্রী যারা আছেন তাদের আমি দয়া করে একটু বিবেচনা করে দেখতে বলবো। আমাদের কাশিপুর এলাকায় মিনতি দাস এবং প্রণতি দাস নামে দুটি মেয়ের মা অ্যাক্সিডেন্টে মারা গিয়েছেন। তারা খুবই দুঃস্থ এবং মেয়ে দুটি খুবই অসহায় হয়ে পড়েছে। তাদের ঘরে চালা নেই, এলাকার মানুষের সাহায্য নিয়ে তাদের ঘরে চালা করে দেবার চেষ্টা করা হচ্ছে। তাদের মুখে রোজ দু'বেলা দু'মুঠো অন্ন পর্যন্ত ওঠেনা। তাদের মা এর কেস আজও আলিপুর কোর্টে পেন্ডিং রয়েছে—কেস নং ৪৫২-'৮৭। এই অবস্থায় আমি দাবি করছি এক্সক্লুসিভ ট্রাইবুনাল ফর মোটর অ্যাক্সিডেন্ট কেস-এর ব্যবস্থা করা হোক।

আমরা সবাই কথায় কথায় মেহনতী মানুষ দরিদ্র মানুষ গরিব মানুষদের জন্য কাঁদি।

অথচ কলকাতা মহানগরীর বুকের ওপর যে বস্তিগুলো রয়েছে সেগুলোর মানুষদের কথা ভুলে যাই। আমি এখানে জিজ্ঞাসা করছি, কলকাতা শহরের বস্তিগুলোর সামগ্রিক উন্নয়নের জন্য সরকার এখন পর্যন্ত কি ব্যবস্থা নিয়েছে? যদি শুধু বস্তিতে একটা করে কল, একটা পায়খানা আর একটা আলো লাগিয়ে বস্তির উন্নয়ন হয়, তাহলে নিশ্চয়ই হয়েছে। তার বেশি কলকাতার কোনও বস্তিতে কিছু হয়নি। আমরা নিজেদের বস্তির মানুষের বন্ধু বলে পরিচয় দেব, তাদের নিয়ে রাজনীতি করব, কার্যত তাদের জন্য কিছুই করবনা — এই নীতি কত দিন চলতে পারে? আপনারা সকলেই জানেন এ রাজ্যে ডাঃ বিধানচন্দ্র রায় এবং পরবর্তীকালে শ্রদ্ধেয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন বস্তি রিহ্যাবিলিটেশন স্কীম করে বিভিন্ন জায়গায় বস্তিবাসিদের জন্য দুতলা, তিনতলা, চারতলা বাড়ি তৈরি করে দিয়েছিলেন, যাতে বস্তিবাসিরা একটু স্বচ্ছন্দে জীবন যাপন করতে পারে। বস্তিবাসিদের জন্য তারা বি.আর. স্কীম গ্রহণ করেছিলেন। কিছুদিন আগে রামকৃষ্ণ মিশনের পক্ষ থেকে শ্যামপুকুর বিধানসভা কেন্দ্রের মধ্যে কলকাতা কর্পোরেশনের ২৬ নং ওয়ার্ডে বস্তি এলাকার মধ্যে বস্তিবাসিদের জন্য একটা বাড়ি করে দেওয়া হয়েছে। ফলে সেই এলাকার বস্তির মানুষরা একটু স্বাচ্ছন্দ পেয়েছে। শুধু আমরা গরিব মানুষের বন্ধু, দরিদ্র মানুষের বন্ধু, দুর্বল মানুষের বন্ধু — একথা বললেই হবেনা। ঐসব কথা না বলে নতুন করে আবার বি.আর.স্কীম চালু করতে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। সব জায়গায় একসঙ্গে না পারেন, অন্তত দু'একটা জায়গায় সেই কাজ শুরু করুন। প্রথমে দু'একটা জায়গায় সামগ্রিক বস্তি উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করুন।

পরিশেষে আমি এ রাজ্যের আইন-শৃঙ্খলার চরম অবনতির কথা বলে আমার বক্তব্য শেষ করব। সল্ট লেক ট্রেনিং সেন্টারে ওয়েস্ট বেঙ্গল কমিশন ফর ব্যাকোয়ার্ড ক্লাস-এর যে অধিবেশন চলছে সেই কমিশনের অধিবেশনে জাস্টিস সমরেন্দ্রনাথ সেন মহাশয়ের সামনে গন্ধবনিকদের একটা অংশের হয়ে স্বনামধন্য আইনজীবি গীতানাথ গাঙ্গুলি বক্তব্য রাখতে গিয়েছিলেন। কিন্তু গন্ধবনিকদের আর একটা অংশের মানুষরা তাকে কমিশনের সামনে উপস্থিত হতে দেন নি। তাকে জোর করে সেখানে ঢুকতে দেওয়া হয়নি। এমন কি তাকে অপমান করা হয়েছে, নিগ্রহ করা হয়েছে। প্রশাসন কোনও ব্যবস্থা গ্রহণ করে নি। এই হচ্ছে পশ্চিমবাংলার আইন শৃঙ্খলার অবস্থা!

(এই সময় লাল আলো জ্বলে ওঠে এবং মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়।)

[5-20 — 5-30 P.M.]

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাসগুপ্ত মহাশয় ১৯৯৬-৯৭ সালের যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল এখনে উত্থাপন করেছেন তাকে সমর্থন করে কতগুলি বিষয় এখানে উল্লেখ করতে চাই। এ বিলের ওপর বক্তব্য রাখতে গিয়ে আমাদের বিরোধী বন্ধুরা এখানে এমন কতগুলি বিষয় টেনে আনলেন যারসঙ্গে আমাদের রাজ্য সরকারের কোনও সম্পর্ক নেই। আমি ওদের স্মরণ করিয়ে দিতে চাই যে, আমাদের সরকারের প্রথম এবং প্রধান লক্ষ্য হল ক্ষমতা বিকেন্দ্রীকরণ করা। সেই ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত যেভাবে জনমুখি প্রশাসনের বিভিন্ন উন্নয়নমূলক কাজের মধ্যে দিয়ে এ রাজ্যের অগ্রগতি ঘটানো হচ্ছে তা আজ আর উল্লেখের অপেক্ষা রাখেনা। আজকে বামফ্রন্ট সরকার

কেবল মাত্র মহাকরণে বসে রাজ্য পরিচালনা করছেনা। সেদিন অনেক আগেই শেষ হয়ে গেছে। আমাদের সরকারের মূল নীতিই হল নিচের স্তর পর্যন্ত ক্ষমতার বিকেন্দ্রকরণ করা এবং তারমধ্যে দিয়ে উন্নয়নমূলক কাজগুলি তরান্বিত করা। ঠিক সেই হিসাবে আমাদের সরকার প্রথমেই এই রাজ্যের বিভিন্ন জেলাকে বিশেষ করে বড় জেলাগুলিকে, যেমন, ২৪-পরগনা, দিনাজপুরকে দ্বি-খন্ডিত করেছেন এবং তার সাথে সাথে মহকুমাস্তরে তার পুনর্বিন্যাস ঘটিয়েছে এবং এটা করতে গিয়ে আরও কিছু পুনর্বিন্যাসের বিষয় আমাদের সরকারের নজরে ধরা পড়েছে। সেটা হল, অনেক এলাকায় দেখা গেছে একাধিক ব্লক। এখন ১টি ব্লককে দ্বি-খন্ডিত করে পঞ্চায়েতকে আরও ভাগ করে আরও বেশি মানুষের কাছাকাছি প্রশাসনকে ঢেলে সাজাবার চেষ্টা করেছেন। এটা করতে গিয়ে আমাদের সরকারের যেটা লক্ষ্য সেটা হচ্ছে, একেবারে নিচের স্তর পর্যন্ত, তৃণমূল স্তর পর্যন্ত সরকারি সাহায্য পৌঁছে দেওয়া। এই সরকারি কর্মসূচির প্রয়োগ এবং তা বাস্তবায়িত করা এটা নিশ্চয়ই চোখে পড়েছে। এক্ষেত্রে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় মাঝেমাঝে যে সমস্ত ভূমিকা গ্রহণ করেছেন একটা বিশেষ মুহূর্তে আমাদের রাজ্যে যখন ন্যাচারাল ক্যালামিটিস বা প্রাকৃতিক বিপর্যয় ঘটে যায় তখন সরকারকে ভাবতে হয় সেই এলাকার পুনর্গঠন কি করে করা যায়। কখনও বন্যা, কখনও খরা, কখনও নদীবাঁধ ভাঙন, কখনও ঘূর্ণী ঝড়ে এলাকা প্লাবিত হয়। এরফলে গ্রামের মানুষকে ওলট-পালট করে দিয়ে যায়। এই যে অগ্রগতিকে পিছিয়ে দিচ্ছে, এক্ষেত্রে নতুন করে আরও বেশি বরাদ্দ বাড়াতে হয় সরকারকে। এই সমস্ত ক্ষেত্রগুলিকে চিহ্নিত করে আমাদের সরকারকে সেই সেই এলাকায় অর্থ বরাদ্দ বেশি করে করতে হয়েছে। আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি কথা বলতে চাই, মহকুমাস্তরে বিভাজন করতে গিয়ে কিছু অসুবিধা দেখা দিয়েছে। অবশ্য একেবারে রাতারাতি করা যায় না, ঠিকও নয়। নতুন মহকুমা যেখানে স্থাপন করা হয়েছে সেখানে জমি খুঁজে পাওয়া যাচ্ছে না। এইসব পুনর্বিন্যাস করতে গেলে অনেক জমির দরকার। সেই জমি গ্রাম এলাকায় বা নতুন শহরতলিতে খুঁজে পাওয়া সম্ভব নয়। হয়তো সরকারকে জমি অধিগ্রহণ করতে হবে, নতুবা কিনতে হবে। এখন অধিগ্রহণ করা সহজ, কিন্তু কেনাটা সহজ নয়। কারণ কেনার জন্য আলাদাভাবে তহবিল থাকে না। আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো, যে কটি শহরে মহকুমা হয়েছে সেখানে এই ব্যাপারে বিশেষভাবে নজর দিন। ক্যানিং-এ একটা নতুন মহকুমা হয়েছে। ওখানে কল্যাণী এগ্রিকালচারাল বিশ্ববিদ্যালয়ের ৭৫ বিঘা জমি আছে। সেই জমিটি এগ্রিকালচারাল ফার্ম হিসাবে চিহ্নিত হয়ে আছে। ওখানে কেবলমাত্র বর্ষার জলে আমন ধানের চাষ করা যায়, অন্য কোনও ধানের চাষ হয় না এবং ওখানে সিড বা বীজও তৈরি হয়না। মহকুমার ক্ষেত্রে এত বেশি পাওয়া খুবই শক্ত, সেইজন্য বলছি, কৃষি বিশ্ববিদ্যালয়ের কাছ থেকে এই জমির কিছুটা অংশ যদি গ্রহণ করা যায় তাহলে আমাদের সরকারের অনেক টাকা জমি ক্রয় করার ক্ষেত্রে বাঁচবে। আমি আর একটি ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি, অন্যদিকে গ্রামের উন্নয়নের কাজে যতরকমের বিরোধিতা করতে হয় তা কংগ্রেসিরা করেন। কিন্তু একটা সময় আসে যখন সঙ্গতভাবেই প্রশ্ন তোলে, বন্যা বা খরা যখন দেখা দেয় তখন ত্রাণ বা রিলিফের প্রশ্ন তুলে বারেবারে এই সভায় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। যে পরিমাণ ক্ষয়-ক্ষতি এলাকায় হয়, বড় ধরনের বন্যা বা নদীবাঁধ ভাঙনে, সেই পরিমাণ খয়রাতি সাহায্য দিয়ে এলাকাকে এবং এলাকার মানুষকে বাঁচানো যায় না। এরজন্য পঞ্চায়েত আছে, গ্রামস্তরে গণসংগঠন আছে,

তাদেরকে হস্তক্ষেপ করতে হয় এবং তাদের হস্তক্ষেপের ফলেই মানুষকে বাঁচতে হয়। তবে যে তরান্বিত ভাবে আমাদের সরকার এই মানুষকে উদ্ধার এবং পুনর্বাসনের দায়িত্ব গ্রহণ করে থাকেন, তা অত্যন্ত অভিনন্দনযোগ্য। তবে একটা বিষয় উল্লেখ করি, এর হাত থেকে পরিত্রাণের জন্য কর্ত দ্রুত সংবাদ মহাকরণ স্তর থেকে ব্লক স্তর পর্যন্ত এসে সংবাদ পৌঁছয়, সেইজন্য প্রত্যেকটি গ্রাম পঞ্চায়েত পর্যন্ত যেখানে বিদ্যুৎ নেই, যেখানে টেলিফোন যোগাযোগ নেই, সেইসব পঞ্চায়েতে টেলি যোগাযোগের ব্যবস্থা তিনি করেছিলেন, খুব দ্রুততার সঙ্গে বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে টেলি যোগাযোগ ব্যবস্থা লক্ষ্য করা গিয়েছিল। আজকে যেখানে টেলি যোগাযোগের ব্যবস্থা করা গেছে, সেখানে লক্ষ্য করা গেছে, সেই টেলি যোগাযোগ ব্যবস্থা দু তিন মাস ভালভাবে চলেছে, তারপর টেকনিক্যাল ডিফিকাল্টির জন্য সেইগুলো অকেজো হয়ে রয়েছে। এই যে যান্ত্রিক গোলমাল, এই যান্ত্রিক গোলমাল মেটানো যায় কিনা, এই বিষয়ে তিনি আশা করি লক্ষ্য রাখবেন। অন্যদিকে গ্রামবাংলা আজকে একটা সন্দেহজনক অবস্থায় আসতে পেরেছে। ১৯ বছর আগে আমরা বাড়ি থেকে বেরোতে পারতাম না, বেরোলেও সঙ্গে গামছা, লুঙ্গি নিয়ে বেরোতে হত, এমন অবস্থা ছিল। এখন এমন একটা গ্রাম পঞ্চায়েত এলাকা নেই যেখানে মোটরেবল রাস্তা নেই, সাইকেল রিক্সা যাবার মতো রাস্তা নেই, ছোট গাড়ি ঢুকতে পারে সেইরকম রাস্তা নেই। সব পঞ্চায়েত এলাকাতেই এইরকম রাস্তা আছে। সুতরাং সেই জায়গাগুলোতে আমরা এইভাবে উন্নয়ন ঘটাতে পেরেছি। এইসব উন্নয়ন ঘটানোর জন্য অ্যাপ্রোপ্রিয়েশন বিলের প্রয়োজন এবং সেইজন্য একে আমরা সমর্থন করি। এই সম্পর্কে বলি, পুরানো রাস্তা যেগুলো আছে, সেইগুলোকে রিপেয়ার করা দরকার। তারজন্য প্রয়োজন টাকার। আবার নতুন রাস্তাও করা প্রয়োজন। এই জায়গাগুলোকে আমাদের ভাবতে হচ্ছে। প্রতি বছর আমরা এক এক ধাপ করে পেছিয়ে যাচ্ছি। ফ্লাড আমাদের একটা ভয়ঙ্কর অবস্থায় দাঁড় করাচ্ছে। পশ্চিমবঙ্গের এক প্রান্ত থেকে আর এক প্রান্ত পর্যন্ত, সুদূর দার্জিলিং এর পাহাড় থেকে আরম্ভ করে বঙ্গোপোসাগরের তীরবর্তী অঞ্চল পর্যন্ত এলাকায় বন্যা লেগেই আছে। এটা আমাদের রাজ্যের একটা ভয়ঙ্কর সমস্যা। এই সম্পর্কে নিশ্চয়ই আমাদের ভাবতে হচ্ছে। সেইজন্য আমি অনুরোধ করবো রাজ্য এবং কেন্দ্র মিলে একটা সুদৃঢ় পরিকল্পনা তৈরি করে যাতে রূপায়ণ করা হয় এবং স্থায়ী একটা অবস্থা হয়, সেদিকে তিনি নজর দেবেন। তিনি অবশ্য সেইভাবে কাজ শুরু করেছেন। সেইজন্য এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-30 — 5-40 P.M.]

**শ্রী অসিত মিত্র :** মিঃ চেয়ারম্যান মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর আনা অ্যাপ্রোপ্রিয়েশন বিলের বিরোধিতা করে দু একটি কথা বলছি। অর্থমন্ত্রী বার বার বলেন, তিনি সমস্ত দিক থেকে সফল হওয়ার চেষ্টা করেছেন এবং সেই কথা বামফ্রন্টের মাননীয় সদস্যরা নানাভাবে এই সভায় তুলেছেন। কৃষি, শিল্প, শিক্ষা, পঞ্চায়েত সমস্ত দপ্তর নাকি সফল হয়েছে এবং সব দপ্তরেই সাফল্যের জোয়ার এসেছে, ভীষণ উন্নতি হয়েছে। অর্থমন্ত্রী মহাশয়, আপনি জবাব দেবেন, গতবারে আপনি বলেছিলেন সিগারেটের বিলাস কর থেকে আপনি ৪০ কোটি টাকা তুলবেন। কিন্তু কার্য ক্ষেত্রে দেখা গেছে আপনার সেই প্রতিশ্রুতি ব্যর্থ হয়েছে। যেমন অন্যান্য ক্ষেত্রে ব্যর্থ হয়েছে আপনার প্রতিশ্রুতি। আপনি ৪০

কোটি টাকা তো দূরের কথা মাত্র ৭ কোটি টাকা বিলাস কর তুলতে পেরেছেন। উদাহরণ দিয়ে শুরু করতে চাই, আপনাদের ১৯ বছরের রাজত্বে রিসোর্স মবিলাইজেশন এর জন্য টাকা তোলা অথবা যে কোনও জায়গা থেকে ট্যাক্স আদায় করা, এইসব ক্ষেত্রে সরকারের যে চরম ব্যর্থতা তা সবার আগে লক্ষ্য করা যায়।

এখানে বিদ্যুৎ নিয়ে কথা হচ্ছিল। সরকার পক্ষের একজন মাননীয় সদস্য বলছিলেন, বিদ্যুতের দিক থেকে আমরা এখানে অনেকটা এগিয়ে গিয়েছি। আমরা জানি স্যার, আধুনিক সভ্যতার বিদ্যুৎ ছাড়া অগ্রগতি সম্ভব নয়। এই প্রসঙ্গে আপনারা যার আদর্শে বিশ্বাসী সেই লেনিনের একটি কথা বলি। লেনিন একবার বলেছিলেন, Sociatism plus electricity is equal to Communism. এটা হচ্ছে তার মত এবং চিন্তা। আজকে সারা দুনিয়ার বিদ্যুৎ ছাড়া কোথাও কোনও অগ্রগতি হওয়া সম্ভব নয়। কিন্তু এখানে অত্যন্ত বিস্ময়ের সঙ্গে দেখছি, বিদ্যুতের জেনারেশনের ক্ষেত্রে .৪ পারসেন্ট জেনারেশন এখানে কম হয়েছে। আপনারা বলছেন, কলকাতায় লোডশেডিং হচ্ছে না, শহরাঞ্চলে কম হচ্ছে, হাওড়ার কথাও বলেছেন কিন্তু আমি বলতে চাই, এখানে অর্থাৎ এই শহরাঞ্চলে বিদ্যুৎ ব্যবস্থা অনেকটা নিয়মিত হয়েছে তার কারণ এখানে অনেক বড় বড় কারখানা বন্ধ হয়ে গিয়েছে। সেইসব কারখানায় বিদ্যুতের কনজামসন না হবার ফলে এইসব জায়গায় বিদ্যুৎ পৌঁছে দেওয়া সম্ভব হচ্ছে। কিন্তু গ্রামাঞ্চলের অবস্থাটা কি? গ্রামাঞ্চলে ৪ থেকে ৬ ঘন্টা, এমন কি কোথাও কোথাও ১২ ঘন্টা পর্যন্ত বিদ্যুৎ থাকে না। এতেই প্রমানিত হয় পশ্চিমবাংলার বিদ্যুতের প্রকৃত অবস্থাটা কি। আপনারা বলেছেন যে আপনারা বিদ্যুৎ বিক্রি করছেন। এই প্রসঙ্গে মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানতে চাই, ফরাক্কার এন.টি.পি.সি'র বিদ্যুৎ আমাদের রাজ্যের কনজিউমারদের কাছে পৌঁছে দেবার মতো কোনও যোগাযোগ ব্যবস্থা কি এখানে তৈরি হয়েছে? আমরা যেটা জানি সেটা হচ্ছে, এই বিদ্যুৎ জিরাট পর্যন্ত আসে, তারপর আর আসে না। সেই বিদ্যুৎ কনজিউমারদের কাছে না দিয়ে অন্য স্টেটকে বিক্রি করা হচ্ছে। অর্থাৎ 'এ' কাছ থেকে কিনে 'বি' কে বিক্রি করা হচ্ছে। কাজেই এখানে বিদ্যুৎ উৎবৃত্ত একথা বলা যায়না। স্যার, এখানে শিল্পায়নের কথা বড় বড় করে ওরা বারবার বলেন। অল্প সময়ের মধ্যে এ প্রসঙ্গে কয়েকটি কথা বলতে চাই। নতুন পদ্ধতিতে মহারাষ্ট্রে বিনিয়োগ হয়েছে ১২ হাজার কোটি টাকা, গুজরাট ৭ হাজার কোটি টাকা সেই জায়গায় আমাদের এখানে কত বিনিয়োগ হয়েছে তা কি মাননীয় অর্থমন্ত্রী মহাশয় জানাবেন? স্যার, এই প্রসঙ্গে এখানকার একটি কারখানার শ্রমিকদের করুন অবস্থার কথা তুলে ধরতে চাই। মেনশন আওয়ারেও এই কারখানার কথাটি আমি বলছি। বীরশিবপুরের গ্রোথ সেন্টারে একটি কারখানা আছে, তার নাম ম্যাকসল্যাকস। তার মালিক অনুপ সাহা হলেও আমি দায়িত্ব নিয়ে বলছি এই কারখানার সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর পুত্র চন্দন বসুর সরাসরি যোগাযোগ আছে। এই কারখানাটির উদ্বোধন করেছিলেন জ্যোতি বসু মহাশয়। সিটুর ইউনিয়ান নেতারা অন্য সব জায়গায় ইউনিয়ন করতে গেলেও এই কারখানাটিতে তারা যাবেন না কারণ এর সঙ্গে চন্দন বসুর যোগাযোগ আছে। এই কারখানাটির নাম হচ্ছে ম্যাকস ল্যাকস। সেখানে সিটু ট্রেড ইউনিয়ান করতে যায়নি, আই.এন.টি.ইউ.সি গিয়েছে। সেখানে স্যার, শ্রমিকদের ছাঁটাই করা হচ্ছে। শুনলে অবাক হয়ে যাবেন সেখানে মাত্র ২৭.৫৮ টাকা মজুরি দেওয়া হয় এবং শ্রমিকদের বনডেড লেবারদের মতোন কাজ করানো হয়। কখনও কখনও একটানা ৭২ ঘন্টা পর্যন্ত ডিউটি করানো হয়। সেখানে শ্রমিক ছাঁটাই হচ্ছে

কিন্তু বার বার বলা সত্ত্বেও কোনও ব্যবস্থা হচ্ছে না। রবীন ঘোষ এখানে নেই, থাকলে তাকে বলতাম, তার কেন্দ্রের মধ্যে অবস্থিত এই কারখানাটিতে এইরকম অবস্থা চললেও কোনও ব্যবস্থা হচ্ছে না। ডেপুটি কমিশনার মিটিং ডেকেছিলেন কিন্তু সেখানকার মালিকপক্ষ তাকে উপেক্ষা করেছে। শিল্পায়নের ক্ষেত্রে এখানে এই অবস্থা চলেছে। স্যার, ওরা বলেন, ক্ষুদ্র শিল্পের উপর নির্ভর করে আমাদের শিল্পায়ন হচ্ছে। এই প্রসঙ্গে গণশক্তি পত্রিকাতে ৮।১২। ৯৪ তারিখে প্রকাশিত একজন সিটু নেতার বক্তব্য তুলে ধরছি। তিনি বলেছিলেন, আমাদের শিল্পায়ন ক্ষুদ্র শিল্পের উপর নির্ভরশীল। কিরকম আমাদের ক্ষুদ্র শিল্পগুলির বন্দোবস্ত হয়েছে সেটা স্যার, বলছি। ১৯৯১-৯২ আর্থিক বছরে ক্ষুদ্র শিল্প ইউনিট হয়েছিল ১৭,৭৯২টি, ১৯৯২-৯৩ সালে হয়েছিল ৭,৫৯৮টি, ১৯৯৩-৯৪ সালে হয়েছিল ২,৫০০টি। অর্থাৎ দেখা যাচ্ছে যে, বামফ্রন্ট সরকারের নেতিবাচক দৃষ্টিভঙ্গীর জন্য পশ্চিমবঙ্গে ক্ষুদ্রশিল্পের বিকাশ হচ্ছে না। আপনারা পঞ্চায়েতের সাফল্যের কথা বলেন, কিন্তু একথা অস্বীকার করতে পারবেন না যে, এই পঞ্চায়েতের পেছনে আমাদের অবদান ছিল। শুরুটা আমরাই করেছিলাম। আপনারা কথায় কথায় ১৯৭৭ সালের কথা বলেন, কিন্তু মনে রাখতে হবে, ব্রিটিশ চলে যাবার ঠিক পরের ইন্ডিয়া এবং ১৯৭৭ সালের ইন্ডিয়া এক জায়গায় ছিল না। পঞ্চায়েতের কথা বলছেন, কিন্তু দেখা যাচ্ছে সেখানে সি.পি.এম., কংগ্রেস আর.এস.পি., ফরোয়ার্ড ব্লক, সব পার্টির পঞ্চায়েত রয়েছে টাকা পয়সা নিয়ে নয়ছয় হচ্ছে। সেখানে এ.জি.কে দিয়ে অডিট গত ১০ বছর ধরে হয়না। গত নির্বাচনে অন্ধ্রের এন.টি.আর. যে নির্বাচনি ইস্তাহার বের করেছিলেন সেই ইস্তাহারকে সমর্থন করে সেখানে জ্যোতিবাবু বক্তৃতা করেছিলেন। সেই ইস্তাহার এন.টি.আর. বলেছিলেন যে, তিনি রাজ্যের মানুষকে ২ টাকা দরে রাজ্যের মানুষকে চাল খাওয়াবেন এবং সেটা জ্যোতিবাবু সমর্থন করেছিলেন। তাহলে আপনিও এই রাজ্যের মানুষকে ২ টাকা কেজি দরে চাল খাওয়ান না, তাহলে মানুষ আপনাকে দুই হাত তুলে আশির্বাদ করবেন। কিন্তু এইভাবে দেশ চলতে পারে না, সেইজন্য এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলকে মিস-অ্যাপ্রোপ্রিয়েশন বিল আখ্যা দিয়ে বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[5-40 — 5-50 P.M.]

**শ্রী মোজাম্মেল হক (মুর্শিদাবাদ) :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল এসেছে তাকে পূর্ণ সমর্থন করছি এবং পূর্ণ সমর্থন করতে গিয়ে কতগুলি বিষয় উল্লেখ করছি। এই বিলে যে কথা বলা হয়েছে, সেক্ষেত্রে অ্যাডমিনিস্ট্রেশন সম্পর্কে আমার কিছু বক্তব্য আছে। অ্যাডমিনিস্ট্রেশনের ক্ষেত্রে কর্মচারিদের বেতন বৃদ্ধি করেছেন এবং তারজন্য অর্থ সংস্থান রাখা হয়েছে, সেটা ঠিক আছে, কিন্তু অ্যাডমিনিস্ট্রেশনের কাছ থেকে জনগণের যে প্রত্যাশা সেটা সঠিকভাবে পূরণ হচ্ছে না। আর দেখতে পাচ্ছি, যত বেশি বেতন বৃদ্ধি হচ্ছে, কর্মচারিদের কাজ করবার মানসিকতা ততই অনেক ক্ষেত্রে হ্রাস পাচ্ছে। এই বিষয়টা ভাবতে বলছি বামফ্রন্ট সরকারকে। অনেক ক্ষেত্রে দেখতে পাচ্ছি, কর্মচারিরা অলসভাবে সময় কাটাচ্ছেন, অথচ পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ যেখানে বহু কাজ সেখানে অ্যাডিকোয়েট স্টাফ নেই। অর্থাৎ যেখানে কাজ কম সেখানে বেশি, কিন্তু যেখানে কাজ বেশি সেখানে কম সংখ্যক কর্মচারী রয়েছেন। এর পরিবর্তন করবার জন্য আইন প্রণয়ন করা যেতে পারে কিনা ভাবতে বলছি, কারণ অ্যাডমিনিস্ট্রেশনের দোষে বিভিন্ন ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত হচ্ছেন সরকার। আজকে মানুষ

বিদ্যুৎ পাচ্ছেন, ইলেকট্রিসিটির ক্ষেত্রে সাফল্য এসেছে এটা অনস্বীকার্য। কিন্তু বিদ্যুৎ অপচয়ের কারণে সরকার ক্ষতিগ্রস্ত হচ্ছেন এবং তারই জন্য গ্রামের মানুষ দরখাস্ত করেও বিদ্যুৎ পাচ্ছেন না। দেখা যাচ্ছে, হুক করে বিদ্যুৎ নিচ্ছে, শ্যালো চালানো হচ্ছে। অর্থাৎ বিভিন্ন ক্ষেত্রে বিদ্যুতের অপচয় হচ্ছে চুরি করার ফলে। এটা রোধ করবার ব্যাপারে সরকারের যেভাবে উদ্যোগ নেওয়া উচিত ছিল সেভাবে উদ্যোগ নিতে পারেননা। তারজন্য এটা নিয়ে চিন্তা করতে বলছি। আমি বলছি, শিল্পায়ন যা হচ্ছে সেক্ষেত্রে একটা দৃষ্টিভঙ্গি থাকা দরকার। জেলা যেগুলো রয়েছে সেখানে আর্থিক সার্বিক উন্নতি হচ্ছে ঠিকই; জনমুখি বাজেটের মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের উন্নতি হচ্ছে, গ্রাম বাংলা এবং শহরের মানুষের উন্নতি হচ্ছে, কিন্তু সমস্ত জেলার ক্ষেত্রে সাফল্যটা পৌঁছাচ্ছে না। আজকে বর্ধমানে যেভাবে উন্নয়ন হয়েছে, মুর্শিদাবাদে সেভাবে উন্নয়ন হয়নি এবং তারই জন্য বারে বারে উত্তরবঙ্গ বা মুর্শিদাবাদের মতো জেলা থেকে এ-সম্পর্কে কথা উঠেছে। উন্নয়নের ক্ষেত্রে, শিল্প স্থাপনের ক্ষেত্রে সিদ্ধান্তটা নেওয়া উচিত যেসব জেলায় শিল্প গড়ে ওঠেনি তাদের কথা মাথায় রেখে। আমি এই বিষয়টা চিন্তা করতে বলছি। মুর্শিদাবাদ জেলায় ভাল পাট হয়, সেখানে পাট জাত শিল্প গড়ে উঠতে পারে। সেই ব্যাপারে যদি সরকার চিন্তা ভাবনা করে তাহলে আমার মনে হয় আরও অগ্রগতি ঘটতে পারে। উন্নয়নের ব্যাপারে সরকারের কোনও গ্রাজ নেই। কোনও এলাকায় ভোট নেই বলে তারজন্য সেখানে উন্নয়ন বন্ধ থাকে না, আরবান ডেভেলপমেন্টের সঙ্গে সঙ্গে রুরাল ডেভেলপমেন্টও হয়। গ্রামের মানুষ ভোট দিয়েছে বলে শহরের মানুষকে বঞ্চিত করে গ্রামের মানুষের জন্য সমস্ত টাকা দেওয়া হবে, এটা হয় না। আমি বিনীতভাবে নিবেদন করতে চাই গ্রামে মানুষের অনেক বেশি প্রত্যাশা আছে এই সরকারের কাছে। গ্রামের উন্নয়নের স্বার্থে গ্রামের মানুষের যে প্রত্যাশা সেটা যতদূর পারা যায় পুরন করা দরকার। এই ব্যাপারে সরকারকে অগ্রগন্য ভূমিকা পালন করতে হবে। রুরাল ডেভেলপমেন্টের জন্য আরও চিন্তা-ভাবনা করা দরকার। পঞ্চায়েতের ব্যাপারে বিরোধী সদস্যরা বলেছেন দুর্নীতি আছে। পঞ্চায়েতে দুর্নীতি আছে এবং থাকবে। কয়েকদিন আগে মুর্শিদাবাদ জেলার একজন প্রধান অ্যারেস্ট হয়েছে। সেই প্রধান কোন দলের সেটা বলে আমি আর বিতর্কে জড়াতে চাই না। পঞ্চায়েতের মাধ্যমে ডেভেলপমেন্টের সুফল প্রত্যন্ত গ্রামে সাধারণ মানুষের কাছে উন্নয়ন পৌঁছে দিতে পেরেছে তারজন্য এই সরকার ধন্যবাদার্হ। গ্রামের পঞ্চায়েতগুলি শুধু খারাপ কাজ করছে এই যে কথা বিরোধীরা বলছে এটা ঠিক নয়। গ্রামে পঞ্চায়েত যে কাজ করেছে সেটা দৃষ্টান্ত মূলক। বনসৃজন-এর ক্ষেত্রে যে সাফল্য সেটা অনেক খানি। সরকার টাকা দিয়েছে, সরকারি অর্থ বরাদ্দ করা হয়েছে ঠিকই কিন্তু গ্রাম পঞ্চায়েতগুলি যে উদ্যোগ সৃষ্টি করেছে তার ফলে আজকে দেখবেন গ্রামের মানুষ গাছ কিনে লাগাচ্ছে। যে উদ্যোগ সৃষ্টি করা হয়েছে পঞ্চায়েতের তরফ থেকে তাতে মানুষ সচেতন হয়েছে এবং নিজেরা উদ্যোগি হয়ে বন সৃষ্টি করছে। গ্রামবাংলায় একটা বিশেষ উদ্যোগ সৃষ্টি হয়েছে, দেখবেন রাস্তার কাজে মানুষ বিনা পয়সায় শ্রম দিচ্ছে, বাঁশ ইত্যাদি কালেকশন করে পুকুরের পাড় বাঁধছে। গ্রামের লোকেরা নিজের মধ্যে চাঁদা দিয়ে টাকা তুলে ব্রিজ তৈরি করছে, রাস্তার কাজ তারা বিনা পয়সায় করছে এবং সেই টাকা জমিয়ে রেখে কন্সট্রাকটিভ কাজ করছে। এই উদ্যোগকে আরও শক্তিশালি করা যেত যদি সেই পঞ্চায়েতগুলিতে আরও কর্মচারী বাড়ানো যেত। পঞ্চায়েতের কেবল মাত্র ২ জন কর্মচারী দিয়ে এই বিশাল কর্মকান্ড ঠিকভাবে করা যায় না। সেখানে কর্মচারীর সংখ্যা আরও

বাড়ানো হলে ভাল হত। আমি মনেকরি ওই বামফ্রন্ট সরকার যে প্রতিশ্রুতি দেন সেটা পালন করার চেষ্টা করেন। পে কমিশনে শিক্ষক এবং শিক্ষা কর্মীদের টাকা দেওয়ার কথা ছিল। এখন সেটা কার্যকর করা হল না। জানিনা আগে এই ব্যাপারে অ্যাপ্রোপ্রিয়েশনে পাশ হয়েছিল কিনা সেইভাবে ধরা হয়েছিল কিনা জানিনা। শিক্ষকদের বাকি টাকা দেওয়া হবে কিনা জানতে চাই এবং বিষয়টা গুরুত্ব দিয়ে ভাবার দরকার আছে। পেনসনের ব্যাপারে ভাবার দরকার আছে। শিক্ষকরা পেনসম সঠিকভাবে পাচ্ছেন না। পেনসনের যে পদ্ধতি সেটা সরলীকরণ করা হবে বলা হয়েছিল, কিন্তু সেই পদ্ধতির সরলীকরণ হয়নি। এই ৩দিন আগে একজন শিক্ষক, ষাটের দশকে এম.এ পাশ করেছে, তিনি তার সার্টিফিকেট বার করার জন্য ইউনিভার্সিটির দরজায় দরজায় ঘুরছে। ৩০ বছর যে লোকটা শিক্ষকতা করে গেল তখন কোনও কাগজপত্র দরকার হল না, তিনি যখন রিটেয়ার করলেন তখন তার সমস্ত কাগজপত্র দরকার হচ্ছে। সুতরাং পেনসন দেওয়ার পদ্ধতির সরলীকরণ হয়নি। শিক্ষা ক্ষেত্রে বরাদ্দ বাজেটে ধরা হচ্ছে বিনা মূল্যে বই বিলি করা হবে। কিন্তু আমরা লক্ষ্য করছি এই ব্যাপারে কিছু প্রশাসনিক জটিলতা আছে। সেটা দূর করার দরকার আছে। এখনও পঞ্চম এবং ষষ্ঠ শ্রেণীর ছেলে-মেয়েরা বই পায়নি। সরকার জনমুখি বাজেট পেশ করছেন সেটা অকুণ্ঠ সমর্থন করছে সাধারণ মানুষ। সেটা প্রয়োগ করতে যে ঘাটতি হচ্ছে সেটা দূর কররার চেষ্টা না করা হয় তাহলে অসুবিধার কারণ হয়ে দাঁড়াবে মানুষের কাছে। এই বিষয়টি আমি চিন্তা ভাবনা করতে বলছি। শিক্ষাক্ষেত্রে বিরোধিতা করা হয়েছে বলে আমি মনেকরি না। সঠিকভাবেই বিরোধিতা করা হয়েছে। শিক্ষাক্ষেত্রে সমস্যা আছে। কিন্তু তা গর্বের সমস্যা। আমি আর কিছু না বলে এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলকে সমর্থন জানিয়ে আমি আমার আলোচনা শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী বিপ্লব রায়চৌধুরী ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, মাননীয় মন্ত্রী অসীম দাসগুপ্ত মহাশয় এখানে যে বিল - 'দি ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশন (নং২) বিল, ১৯৯৬' পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি। আমি বিধানসভায় নবাগত বলে আমাকে ক্ষমা করবেন। এই বিধানসভার বাজেট অধিবেশনের প্রথম থেকে আমি লক্ষ করে দেখলাম, বাজেটের বিভিন্ন বিষয়ে আমরা যখন বিরোধিতা করতে যাই, সরকার পক্ষের অনেক সদস্য আমাদের তখন বিরোধিতা করেন, তারা তারস্বরে গলা ফাটিয়ে চিৎকার করেন। প্রত্যেকদিন মেনশন আওয়ারে আমি লক্ষ্য করছি যে, তপন হোড় থেকে পদ্মনিধি ধর, জয়ন্ত বিশ্বাস থেকে প্রভঞ্জন মন্ডল মহাশয় তাদের প্রত্যেকের এলাকায় রাস্তা তৈরি হয়নি, হাসপাতালে ডাক্তার নেই, প্রাইমারি স্কুলে কোনও মাস্টার বাড়ানো যাচ্ছে না এইসব যে সুরে বলেন, তাদের কথার সঙ্গে আমাদের কোনও পার্থক্য আছে বলে আমার মনে হয়না। ওদের কথাবার্তার সঙ্গে আমাদের কথাবার্তার একশো ভাগ মিল আমরা দেখতে পাই। কিন্তু আমরা যখন আমাদের এলাকার সমস্যার কথা বলি তখন ওরা চিৎকার করে বলতে থাকেন। আমি আমার জেলা মেদিনীপুরের কথা বলি। মেদিনীপুর জেলা ৯০ লক্ষ লোককে নিয়ে একটি জেলা, এইরকম একটি জেলাকে একটি জেলা করে রাখা হয়েছে। অশোক মিত্র যখন এই জেলাকে দু'ভাগ তিন ভাগ করার জন্য সুপারিশ করেছিলেন, তখন আমরা অনেক আশা করেছিলাম যে, এবারে মেদিনীপুর জেলাকে মাননীয় অসীম দাসগুপ্ত মহাশয় ভাগ করার কথা

বলবেন। মেদিনীপুর জেলার মানুষ মাননীয় মন্ত্রী মহাশয়ের দিকে তাকিয়ে ছিলেন। মেদিনীপুর জেলা এতবড় এলাকা নিয়ে গঠিত যে, সেখানে এক প্রান্ত থেকে জিপ গাড়িতে করে যাত্রা করলে আর এক প্রান্তে যেতে গভীর রাত্রি হয়ে যায়। এমন একটা জেলায় কি করে মাত্র একজন ডি.এম., একজন এস.পি.কে দিয়ে চালানো যায় তা আমরা বুঝতে পারি না। এখানে সরকার পক্ষের একজন বক্তা দাপটের সঙ্গে বলছিলেন, রাস্তা তৈরি হচ্ছে, কিন্তু একটু বৃষ্টিতে কি করে ধুয়ে মুছে যাচ্ছে তা তিনি বুঝতে পারছেন না। তাহলে কি ওয়ার্ক কালচার নেই? এতো আমাদেরই কথা। এই কথাগুলোই যখন আমরা বলতে যাই তখন চিৎকার করা হয়। আমরা যে ওয়ার্ক কালচারের কথা বলছি, সেই ওয়ার্ক কালচার যদি অসীম দাসগুপ্ত মহাশয় তৈরি করতে পারেন, তাহলে আমরা বিরোধী পক্ষে থেকে বসে থাকবো না, আমরা দু'হাত তুলে বলবো, ঠিক কাজ করেছেন। সামান্য ত্রুটি বিচ্যুতি থাকতেই পারে কিন্তু সেই ত্রুটি বিচ্যুতি যদি পাহাড় প্রমাণ দেখা যায়, তখন কি সাফল্য লাভ করতে পেরেছেন বলা যাবে? হ্যাঁ, পঞ্চায়েতে আপনাদের নিশ্চয়ই সাফল্য আছে। আমরা যে উদ্যোগটা শুরু করেছিলাম, যে উদ্যোগে রাজীব গান্ধীর আমলে শুরু হয়েছিল, আপনারা পরবর্তী পর্যায়ে পাঁচ বছর পর পর নির্বাচনের ব্যবস্থা করেছেন, একথা ঠিক। কিন্তু তার পাশাপাশি, যেখানে দশ বছর ধরে পঞ্চায়েতে কোনও অডিট হয়নি, কোনও অডিট করতে পারেন নি, তখন পঞ্চায়েত মন্ত্রী বলবেন, হ্যাঁ, আমরা অডিট করতে পারিনি। বিদ্যুৎ নিয়ে আমি অন্য কারও কথা বলবো না। মেদিনীপুর জেলার সভাধিপতি বলেছেন, বিদ্যুৎ পর্ষদ কেমন করে বিদ্যুতের হিসাব দিয়েছে তা আমি জানি না। মেদিনীপুর জেলায় বিদ্যুৎ সম্পর্কে বিদ্যুৎ দপ্তর যে হিসাব দিয়েছে সূর্য কান্ত মিশ্রর কাছে সেই হিসাব জেলা পরিষদের পক্ষ থেকে সর্বৈব মিথ্যা বলে বলা হয়েছে এবং ওই হিসাব জেলা পরিষদের হিসাবের সঙ্গে কোনও সম্পর্ক নেই এইকথা তারা বলেছেন। আর যখন বন নিয়ে কথা উঠে তখন বনমন্ত্রী মুচকে মুচকে হাসেন, কয়েকদিন আগে একটি জেলার সভাধিপতি বলেছেন যে, যতগুলো গাছের হিসাব দেওয়া হয়েছে তা যদি হিসাব ঠিকমতো করা যায় তাহলে দেখা যাবে যে পুরুলিয়া জেলায় যে টারগেট ছিল তার থেকে বেশি হয়েছে। কিন্তু কার্যক্ষেত্রে কাজের কাজ অর্দ্ধেকও হয়নি। জেলার সভাধিপতির এই উক্তি সংবাদপত্রে প্রকাশিতও হয়েছিল। আজকে প্রশাসনিক অপদার্থতার জন্য অচলাবস্থার সৃষ্টি হয়েছে এবং এর একটা মৌলিক পরিবর্তন দরকার। তা না হলে বছরের পর বছর বাজেট প্লেস হবে পাসও হয়ে যাবে, অ্যাপ্রোপ্রিয়েশন বিল আসবে আমরা বিরোধিতা করা সত্ত্বেও পাস হয়ে যাবে এবং তারপরে কান্নার রোল উঠবে মেনশন আওয়ারে বিভিন্ন দিক থেকে যে, নেই, নেই আর নেই এবং এই নেইয়ের রাজ্যে হ্যাঁ এর অপেক্ষায় বসে থাকতে হবে। এবং এই নেই নেই কবে কমতে কমতে মাত্রাটা ৫০ থেকে ৪০, ৩০ ২০, ১০ পারসেন্ট নেমে আসবে এবং পজিটিভের দিকটা ৭০ এর থেকে ৯০ ভাগে বেড়ে যাবে সেইদিনের অপেক্ষায় আমরা বসে আছি। সেখানে যতদিন না আমরা ওয়ার্ক কালচার ফিরিয়ে আনতে পারব ততদিন পর্যন্ত আমাদের এই অকর্মন্যতার মধ্যে ভেসে বেড়াতে হবে। কাজের মধ্যে যদি গতি সঞ্চার না করা যায়, একটা নতুন উদ্যম না আনা যায় তাহলে কিছু হবে না। সুতরাং এই বিষয়ে সতর্ক করে দিয়ে অ্যাপ্রোপ্রিয়েশন বিলের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-50 — 6-00 P.M.]

**শ্রী কামাখ্যানন্দন দাসমহাপাত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল উপস্থাপিত করেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি। আমি বিরোধীপক্ষদের বক্তব্য শুনলাম। এইকথা কিন্তু আমরা অস্বীকার করিনা যে এই কর্মকান্ডের মধ্যে কিছু ঘাটতি নেই, নিশ্চয় কিছু আছে, ওয়ার্ক কালচার, এবং কিছু কিছু কর্মসূচি রূপায়ণের ক্ষেত্রে ত্রুটি বিচ্যুতি আছে। কিন্তু আরও কয়েকটি জিনিস আছে, কয়েকটি মূলগত দিক আছে যেটা ওদের নজরে ছিল না বা আজও নেই। সেইজন্য মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল এনেছেন তাকে সমর্থন করছি। আমার সময় খুব কম, ৬-৭মিঃ মাত্র, তাইজন্য বলার সুযোগও বেশি নেই। তবে আমি এইটুকু বলব যে কোনও কিছুর জন্য না হলেও শুধু একটিমাত্র কারণে মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল এনেছেন তাকে আমি সমর্থন করছি। বিষয়টা হল যে, আমাদের দেশের যে মানুষগুলো মনুষ্যত্বের মর্যাদা পর্যন্ত পায় নি, সেই এস.সি. এবং এস.টি. মানুষদের মানবিক মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করার যে দৃষ্টিভঙ্গি তাকে বাস্তবায়িত করে নিশ্চিত মনুষ্যত্বের অধিকার তাদের এই ১৯ বছরে দিয়েছে। এই একটা কারণেই অ্যাপ্রোপ্রিয়েশন বিলকে সমর্থন করছি, অন্য কারণে না হলেও। সেখানে নিপীড়িত নির্যাতিত মানুষদের মনুষ্যত্বের অধিকার প্রতিষ্ঠা করার সুযোগ করে দিয়েছেন। একটা গভর্নমেন্ট অনেক কিছু করতে পারে একটা ইমারত তৈরি করতে পারে, একটা রাস্তা তৈরি করতে পারে কিন্তু তার যে নির্যাস সেটাকে নিপীড়িত, নির্যাতিত মানুষের পৌঁছে দেওয়ার যে দৃষ্টিভঙ্গি, সেই দৃষ্টিভঙ্গি আপনাদের মধ্যে কখনোই ছিল না। সংবিধান রচনার প্রথম দিন থেকে এস.সি এবং এস.টির জন্য অনেক কথা বলেছেন, অনেক শুভ প্রত্যয়ের কথা ঘোষণা করেছেন। কিন্তু বিগত ৩০ বছর ধরে ক্ষমতায় থাকাকালিন আপনারা এই শুভ প্রত্যয়ের ঘোষণাকে প্রতারণার কর্মকুন্ডে নিমজ্জিত করে বিশ্বাসঘাতকতার কাজ করেছেন। তাই সত্তর দশকের শুরুতেই আপনাদের জমানায় যখন চলছিল, তখন ওদের জন্য একটা স্পেশাল কমপোনেন্ট প্রোগ্রামের কথা ঘোষণা করলেন এবং ট্রাইবুন্যাল সাব প্ল্যানে কয়েকটি পরিকল্পনাও নেওয়া হল, তাতে কয়েক কোটি টাকা খরচও করা হল। কিন্তু দুর্ভাগ্যের বিষয় তার একটি পয়সাও এস.সি. এবং এস.টির কাছে এসে পৌঁছায়নি। ক্রমে বিত্ত এবং বিত্তশালি বাজপাখি সমস্ত অর্থ ছিনিয়ে নিয়ে গিয়েছে, আপনাদের জমানায়। সেই দিনগুলি ভুলে যাবেন না, আপনাদের রাজত্বে তাদের সেই সামাজিক অধিকারটুকু ছিল না। পরের জমিতে তাদের বাস করতে হত, পরের উঠানে তাদেরকে থাকতে হত। তাদের যে নৈতিক অধিকার সেটা পর্যন্ত ছিল না, বামফ্রন্ট সরকারের আমলে ওরা সেই অধিকারটা পেতে শুরু করলো মানুষের অধিকার। **(এ.ভয়েস. ওরা এসব ভুলে গেছে)** এইসব ভুলে যেতে হয়, না ভুলে উপায় কি আছে? ভূমি সংস্কারের অনেক কথা আপনারা শুনিয়েছেন, তার সামগ্রিক দৃষ্টিভঙ্গীর দিকে আমরা যাচ্ছি না। বলতে পারেন, ভারতবর্ষের মতো একটি রাজ্যে যে পরিমাণ খাস জমি বিলি বন্টিত হয়েছে, যেখানে আপনাদের অনেকগুলি রাজ্য আছে, সেখানে কত জমি আপনারা বিলি করেছেন, কত শতাংশ করেছেন? আমরা এখানে মোট যে পরিমাণ জমি বিলি করেছি সেটা হচ্ছে ২৩ লক্ষ ১১ হাজার কৃষককে পাট্টা দেওয়া হয়েছে। তারমধ্যে ৫৭ শতাংশ এস.সি., এস.টি.লোক। শুধু তাই নয়, আমাদের এই বামফ্রন্ট সরকার ঐ অসহায় মানুষগুলির

পাশে কল্যাণমুখি নানান প্রকল্প নিয়ে দাঁড়িয়েছে। যাতে তাদের একটা সামগ্রিক উন্নতি হয় তারজন্য ফ্যামিলি ওরিয়েন্টেড ইকনমিক বেনিফিট স্কীম চালু করেছে। বিগত '৮০ সাল থেকে '৯৫ সাল পর্যন্ত আমাদের এই সরকার তাদের জন্য খরচ করেছেন ৪৩৩ কোটি, ১৪ লক্ষ ৫৬ হাজার ৮৮৫ টাকা। এইসব আপনারা কোনওদিন চিন্তা করতে পারছেন, ঐ মানুষগুলির জন্য কিছু করা দরকার। এস.সি. উপকৃত পরিবার হচ্ছেন ৯ লক্ষ ৪৯ হাজার ৫০৪টি। এস.টি.দের জন্য খরচ করেছেন ১১৬ কোটি ৫০ লক্ষ ৯৩ হাজার ১৯ টাকা এরমধ্যে উপকৃত পরিবারের সংখ্যা হচ্ছে, ২ লক্ষ ৪৫ হাজার ৫৯৮টি। আপনারা তো অনেক অভিযোগ করেন, অর্থ অপচয় নিয়ে একটা অভিযোগ করতে পেরেছেন? এই এস.সি., এস.টি.দের জন্য যে ফ্যামিলি ওরিয়েনটেড ইকনমিক বেনিফিট স্কীম-এ যে অর্থ বরাদ্দ হয়েছে তার একটা ভাগ টাকাও অপচয় হয়েছে? আমার দাবি ১০০ শতাংশ বেনিফিটই ওদের কাছে পৌঁছেছে, কোনও কাক, চিল বা বাজপাখি ছোঁ মেরে ছিনিয়ে নিতে পারেনি। তাই আমরা সমর্থন করি। আই.আর.ডি.পি. প্রকল্পে '৮০ থেকে '৯৫ পর্যন্ত এস.সি.র উপকৃত পরিবারের সংখ্যা হচ্ছে, ৯ লক্ষ ৬১ হাজার ৪০০। আর এস.টি.র সংখ্যা হচ্ছে, ১ লক্ষ ৫২ হাজার ৭০৭। '৯১ সাল থেকে '৯৫ সাল পর্যন্ত এই পিরিয়ডে এস.সি. ফ্যামিলি লোন পেয়েছে ২ লক্ষ ৯৬ হাজার ২০০; আর এস.টি. ফ্যামিলি লোন পেয়েছে ৪৯ হাজার ১৩৮। কোনদিন কি আপনারা ভেবেছেন এসব? ভারতবর্ষের কোথাও ভাবেননি। এস.সি., এস.টি.দের জন্য লোন দেওয়া হয়েছে। এস.সি.দের লোন দেওয়া হয়েছে ১০৯ কোটি, আর গভর্নমেন্ট গ্রান্ট দিয়েছে ৯৯ কোটি। এস.টি.দের লোন দেওয়া হয়েছে ১৮ কোটি, আর আমাদের গভর্নমেন্ট তারজন্য গ্রান্ট দিয়েছে ১৭ কোটি। তাদের কাছে সমস্ত টাকাই পৌঁছেছে। শুধু জমি আর আর্থিক সংস্থান করেই আমরা ক্ষান্ত হইনি; লোন, গ্রান্ট ১০০ শতাংশই ওদের হাতে গেল, কাক চিলে ছোঁ মারতে পারেনি। শুধু জমি বা আর্থিক সহায়তাই নয়, অন্ধকার থেকে মুক্তির প্রয়াসে ঐ মানুষগুলির পাশে বামফ্রন্ট সরকার দাঁড়িয়েছে। সর্ব সাধারণের জন্য প্রাথমিক শিক্ষা প্রভৃতি ফ্রি এই রাজ্যে হয়েছে, কিন্তু অন্যান্য আর্থিক ও সামাজিক কারণে এস.সি.ও এস.টি. পরিবারের ছেলেমেয়েদের পড়াশুনার পরিবেশ নেই। তাই ওদের জন্য করা হয়েছে আশ্রম হোস্টেল। এই জিনিস ভারতবর্ষের কোথাও আছে? প্রত্যেক ছাত্র পিছু এরজন্য সরকার থেকে দিচ্ছে ২২০ টাকা, এবং প্রাইমারি ও সেকেন্ডারি উভয় স্তরে ৫ হাজার ৭৪৫ জন ছাত্র-ছাত্রি সরকারি খরচে পড়াশুনা করে। এবং খাওয়া খরচও দিচ্ছে। অন্যান্য হোস্টেলে থেকে পড়াশুনা করার জন্য এস.সি., এস.টি. ছেলেদের সংখ্যা হচ্ছে ৫৭,০০৫ জন, তাদের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হয় ৩০০ টাকা করে। আপনাদের জমানায় এইসব মানুষগুলির কোনও উন্নতি আপনারা করতে পারেননি, কিন্তু আমরা, এই বামফ্রন্ট সরকার তাদের জন্য নানান রকমের উন্নতি করার চেষ্টা করেছে। লোধা, টোটো, বীরহর, এই ট্রাইবের লোকেরা আজকে বিলুপ্তির গতিপথ থেকে মুক্ত। তারা আজকে ঘুরে দাঁড়িয়েছে, তাদেরকে আজকে মূল কর্মকান্ডের সঙ্গে জড়িয়ে দেওয়ার চেষ্টা করছি। এই দৃষ্টিকোণ থেকে বামফ্রন্ট সরকারের মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল পেশ করেছেন তাকে সমর্থন জানাচ্ছি। তবে আমার একটা অভিযোগ আছে, বিশেষ করে টেকনিকাল ডিপার্টমেন্টের কাজকর্ম টেন্ডার এবং পারচেজের ব্যাপারে আমি একটা প্রস্তাব আপনাকে দেব। আপনার নেতৃত্বে একটা মনিটারিং কমিটি করে তার মাধ্যমে এইসব কাজগুলো করা যায় কিনা দেখবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-00 — 6-10 P.M.]

**শ্রী প্রবোধ পুরোকায়েত :** স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল এখানে উত্থাপন করেছেন, আমি তার বিরোধিতা করে কয়েকটি কথা এখানে বলতে চাই। আপনি সংখ্যাধিক্যের জোরে বাজেট পাশ করিয়ে নিয়েছেন, সংখ্যাধিক্যের জোরে এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলও আপনি পাস করিয়ে নেবেন। আপনি বার বার বিকল্প অর্থনীতি, বিকল্প শিল্পনীতি, কেন্দ্র-রাজ্য সম্পর্কের কথা বার বার তুলেছেন। কিন্তু যুক্তফ্রন্ট সরকারের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, সেখানে বামফ্রন্ট সরকারের চিন্তার প্রতিফলন কতটা ঘটেছে সেটার সম্পর্কে আপনি বলবেন। আমি আপনার কাছে জানতে চাই, আপনি ১৮টি নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বেঁধে দেওয়ার কথা বার বার বলেছেন, আপনাদের পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে সেটা সম্ভব নয়, এটা কেন্দ্রীয় সরকার করবেন। কেন্দ্রে যে যুক্তফ্রন্ট সরকার এসেছে, ১৮টি নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বেঁধে দেবার ব্যাপারে আপনারা কি চিন্তা-ভাবনা করছেন সেটা আপনি বলবেন। আমি আপনার কাছে জানতে চাই শিল্পোন্নয়নের কথা। মাননীয় সরকার পক্ষের সদস্যরা এখানে বলেছেন পশ্চিমবঙ্গে শিল্পের বাতাবরণ সৃষ্টি হয়েছে এবং আগামী দিনে পশ্চিমবঙ্গের স্থান প্রথম হবে। আপনারা দেশি বিদেশি শিল্পপতিদের নিয়ে এখানে নানাভাবে তোয়াজ করছেন, আলোচনা করছেন। এরমধ্যে কতগুলো শিল্প কারখানা পশ্চিমবঙ্গে এই পর্যন্ত শুরু হয়েছে বা করার পদক্ষেপ নিয়েছে, এটা আপনি জানাবেন কি। এবং পশ্চিমবাংলার কত বেকারের সেখানে কর্মসংস্থান হবে সেটাও আপনি বলবেন। আজকে যে অর্থ বরাদ্দ হচ্ছে, সেই অর্থ বরাদ্দ অনুপাতে, প্রশাসনিক নিরপেক্ষতা আজকে কোথায় এসে দাঁড়িয়েছে। আজকে প্রশাসনের কোনও নিরপেক্ষতা নেই। আজকের দিনে এটা আমাদের অনেকেরই অভিজ্ঞতা। জনপ্রতিনিধি হিসাবে সাধারণ মানুষের কোনও বিষয় নিয়ে প্রশাসনিক স্তরে যদি আমরা দৃষ্টি আকর্ষণ করবার জন্য চেষ্টা করি, সুপারিশ করি, সেখানে দেখা যায় বামফ্রন্ট সরকারের বিরোধী সদস্য হিসাবে আমাদের ব্যাপারটাকে নানাভাবে প্রশাসনের দিক থেকে টালবাহানা করা হয়। আমি একটা দৃষ্টান্ত দিতে পারি। ল্যান্ড রিফর্মস ডিপার্টমেন্ট ফিসারম্যানদের কো-অপারেটিভের জন্য লিজের বন্দোবস্ত দেন। হাইকোর্ট থেকে নির্দেশ গেছে যে, ফিসারম্যান কো-অপারেটিভ সোসাইটির জন্য ল্যান্ড রিফর্মস অ্যাক্ট অনুযায়ী তাদের লিজের বন্দোবস্ত দেওয়া হোক। ১৯৯২ সালে হাইকোর্ট এই নির্দেশ দিয়েছেন। কিন্তু নির্দেশ দেওয়ার পরও জেলা প্রশাসন, দক্ষিণ-২৪ পরগনার ল্যান্ড রিফর্মস ডিপার্টমেন্টে বার বার চেষ্টা করেও আজও পর্যন্ত ফিসারম্যান কো-অপারেটিভ সোসাইটির জন্য জায়গা লিজের বন্দোবস্ত হল না। কারণ, সেখানে সরকার বিরোধী বলে প্রশাসনের স্তরে রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে বাধা দেওয়া হচ্ছে। আরেকটা কথা বলতে চাই প্রাকৃতিক দুর্যোগ, বিপর্যয়ের জন্য অর্থ বরাদ্দ করা হয়। কিন্তু যখন প্রাকৃতিক বিপর্যয় ঘটে তখন দুর্গত মানুষদের জন্য ত্রাণ সামগ্রি ঠিকমতো পৌঁছে দেওয়া হয়না। প্রাকৃতিক কারণে যারা গৃহহীন হয়ে পড়েন, প্রাকৃতিক কারণে যাদের ঘর-বাড়ি পুড়ে যায় তাদের জন্য যে অর্থ বরাদ্দ হয় সেটা দুর্গত মানুষদের কাছে যথাযথ ভাবে, ঠিক সময় মতো পৌঁছানোর ব্যাপারে আপনাদের প্রশাসন ব্যর্থ হয়। বন্যা দুর্গত মানুষের গৃহ নির্মাণের জন্য রিলিফ ডিপার্টমেন্ট থেকে মাত্র ৫০০ টাকা করে বরাদ্দ করা হয়। কিন্তু এই টাকা বছরের পর বছর পড়ে থাকে। গ্রাম সেবকরা এনকোয়ারি করার পর,

পঞ্চায়েত থেকে সুপারিশ করার পর তারপর গৃহনির্মাণের জন্য টাকা দেওয়া হয়। এই কারণে বহুদিন সেগুলো আটকে থাকে। এইসব কারণে অ্যাপ্রোপ্রিয়েশন বিলকে বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-10 — 6-20 P.M.]

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল এখানে আনা হয়েছে সেটাকে অ্যাপ্রোপ্রিয়েশন বিল না বলে মিস-অ্যাপ্রোপ্রিয়েশন বিল বলাই উচিত বলে আমি মনেকরি। কারণ এতে যে ১৪ হাজার ৩৫২ কোটি টাকা রাখা হয়েছে তার কতটা প্রাপারলি খরচা হবে সেটা দেখতে হবে। অতীতে আপনারা বাজেটে যে টাকা রাখতেন সেটা কিভাবে খরচা হয়েছে তা আমরা দেখেছি। আজকে বিলগুলো আলোচনা করতে গিয়ে প্রথমেই বলি, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এবং তার সরকার স্ববিরোধিতায় ভুগছেন। নিজেদের মধ্যে যে এত সেল্ফ কনট্রাডিকশন হয় যে আজকে যে কথা বলছেন দুই দিন পর সেটা নিয়েই উল্টো কথা বলছেন। এটা মুশকিলের ব্যাপার। এই হাউসে বহুবার দেখেছি-ততকালিন কেন্দ্রীয় সরকারের যে নীতিকে আপনারা সমালোচনা করেছেন, আজকে সেই নীতিকেই আবার আপনারা সমর্থন করছেন। কংগ্রেস আমলে কেন্দ্রের যে নীতিকে নিন্দা করেছেন, আজকে যেহেতু আপনাদের বন্ধু সরকার সেই একই নীতি গ্রহণ করেছেন বলে আপনারা স্ববিরোধিতায় ভুগছেন। অতীতে আপনারা প্রাইভেটাইজেশনের বিরুদ্ধে বলেছেন। আর এখন আপনারা শিক্ষার ক্ষেত্রে প্রাইভেটাইজেশন নিয়ে আসতে চাইছেন। এমন কি ঠিক প্রথায় হাসপাতাল চালানোর কথা বলেছেন। এগুলো আপনারা আগে বলতেন না, আগে আপনারা এগুলোর বিরোধিতা করতেন। আপনারা কেন আজকে প্রাইভেটাইজেশনের পথে আসতে চাইছেন, কেন আপনারা পূর্বের সিদ্ধান্তকে সমর্থন করছেন সেটা আজকে বলতে হবে। আপনারা সিদ্ধান্ত নিতে ভুল করেন। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আজকে যে সিদ্ধান্ত নিচ্ছেন, দু বছর পরে আবার সেই সিদ্ধান্ত পাল্টাচ্ছেন। ফার্ম হতে পারছেন না। রেজিস্ট্রেশন ফি-এর ক্ষেত্রে প্রথমে একটা পার্সেন্টেজ দিয়েছিলেন, তারপর কমালেন, আজকে ৫ পারসেন্টে দাঁড় করালেন। যখন আমরা বলেছিলাম, এটা ঠিক হচ্ছে না, আপনি কমান, তখন কমালেন না। যখন দু বছর রেভিনিউ লস করলেন, তখন বুঝতে পারলেন যে পারসেন্টেজটা বাড়ানো হয়েছে, তারপর কমালেন। তার মানে, আপনারা ইন-ডিসিসানে ভুগছেন, ফার্ম হতে পারছেন না। এটা সরকারের পক্ষে দুর্ভাগ্যজনক। সরকারের তো মেজরিটি আছে, সরকার চলে যাবে-তাও নয়, তবুও আজকে যে সিদ্ধান্ত নিচ্ছেন, দু বছর পর আবার তা পরিবর্তন করছেন, সেই ইন-ডিসিসনে ভুগছেন। ইগো'র জন্য আমাদের কথা মানছেন না, একটা ডিসিসন নিয়ে নিচ্ছেন। ফলে সেই সরকারের অ্যাপ্রপ্রিয়েশন বিল পেশ করার কোনও নৈতিক অধিকার আছে কি না, ঠিক নেই।

আপনারা বললেন ক্ষমতার বিকেন্দ্রীকরণ। পঞ্চায়েতগুলো, মিউনিসিপ্যালিটিগুলোতে নির্বাচন হয়েছে, আমরা তা অস্বীকার করছি না। কিন্তু, নির্বাচিত বোর্ড গঠন করলেই কি ক্ষমতার বিকেন্দ্রীকরণ হয়ে যায়? আপনি তো এক কালে নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রী ছিলেন, আপনি বলুন তো মিউনিসিপ্যালিটি বা পঞ্চায়েতে যে টাকা দেওয়া হয়, সেইগুলোর প্রপারলি ইউটিলাইজেশন হয় কি? তারজন্য তো স্কীম করতে হবে, পরিকাঠামো করতে হবে। পঞ্চায়েত সমিতিতে বি.ডি.ও. একজিকিউটিভ অফিসার। তিনি ভোটারলিস্ট তৈরি করছেন বি.ডি.ও.

অফিসে বসে, আবার তিনিই পঞ্চায়েত সমিতিতে গিয়ে এডভাইস করছেন। সুতরাং, সাধারণ মধ্যবিত্ত ঘর থেকে যারা এসেছেন, হয়ত সই করতেও পারেন না, নির্বাচনে জয়ী হয়েছেন তাদের ডেমোক্রাটিক রাইটে তাদের হয়ত ইচ্ছা আছে, কিন্তু পরিকল্পনা নেওয়ার ক্ষমতা নেই। প্রপারলি সেটা করতে গেলে টেকনিক্যাল হ্যান্ডস দরকার সেটা মিউনিসিপ্যালিটি বা পঞ্চায়েতের নেই। আমি বলি, পঞ্চায়েত মিউনিসিপ্যালিটি গুলো যে টাকা পাচ্ছে, সেইগুলোর প্রপারলি ইউটিলাইজেশন হচ্ছে না, যে পরিকাঠামো দরকার, সেটা হচ্ছে না। ৭৮ সালে পঞ্চায়েত নির্বাচন হয়েছে, আজ ৯৬ সালে, ১৮ বছরেও সেটা তৈরি করতে পারলেন না। এটা আপনার একটা ফেইলিওর। সুতরাং বক্তৃতা দিয়ে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা যায় না, আর টাকা দিলেই হয়না। আপনি ফিনান্স মিনিস্টার, অর্থনীতি ভালো বোঝেন, কিন্তু আপনি ইঞ্জিনিয়ার নন একটা নদীর ভাঙন আটকাতে গেলে আপনি টাকা স্যাংশন করতে পারেন, কিন্তু কিভাবে সেই ভাঙন আটকানো যাবে, সেটা ইঞ্জিনিয়ারই বলতে পারে। সেইজন্য বলছি, ক্ষমতার বিকেন্দ্রীকরণ মানেই এটা নয়, টাকা দিলেই হবে না। দেবব্রতবাবুকে দিলে হবে না, ইঞ্জিনিয়ারকে দিতে হবে। হাসপাতালগুলোতে চিকিৎসা ব্যবস্থা চালু করতে পারেন নি, আজ সেইগুলো নরকে পরিণত হয়েছে। আপনার এক কালের কলিগ স্বাস্থ্যমন্ত্রী বলেছিলেন মানুষ হাসপাতালে চিকিৎসার জন্য যাচ্ছে না, মৃত্যুর জন্য যাচ্ছে। হাসপাতালে যে টাকা নিচ্ছেন, সেইগুলো প্রপারলি ইউটিলাইজ হচ্ছে না। রোগিরা গেলে বড় বড় দালালদের খপ্পরে পড়ছে। প্রশাসনকে জনমুখি, গণমুখি করতে পারেন নি। টাকা খরচ করলেই জনগণের সেবা হয়না।

১৯ বছর ধরে শুনছি শিল্পের পরিকাঠামোর কথা। আপনার আগে অশোকবাবু বলতেন, আপনিও বলছেন কেন্দ্রীয় সরকার লেটার অফ ইনটেন্ট দিচ্ছে না বলে শিল্প তৈরি করতে পারছেন না। লেটার অফ ইনটেন্ট তো কয়েক বছর আগেই উঠে গেছে, আজকেও কেন শিল্পের পরিকাঠামো তৈরি হচ্ছে না? যারা এখানে শিল্প করবে তাদের জমি দিতে পারেন নি, জমি ঠিকমতো হস্তান্তর করতে পারেন নি। অনেক জায়গায় ভিত্তিপ্রস্তর স্থাপন করে দিলেন, এমন কি মুখ্যমন্ত্রীকে দিয়েও ভিত্তিপ্রস্তর স্থাপন করানো হয়েছে উদাহরণ চাইলে দিতে পারি। দিল্লি রোডের উপর ডানকুনির কাছে আপনারা বললেন মডুলার ফুড পার্ক হবে। সেখানে প্রয়োজনীয় জমি নিতে পারেন নি, শুধু ভিত পুতেই চলে এলেন। হলদিয়া নিয়েও বড় বড় কথা বলছেন, কিছুই করতে পারছেন না। সুতরাং, শুধু প্রচার নয়, স্পেসিফিক কিছু করতে পারেন কি না ভাবুন। শুধু প্রচার-যন্ত্রকে গোয়েবলসিও কায়দায় কাজে লাগিয়ে যাচ্ছেন। আপনারা হলদিয়া করতে পারলেন না। কানাই ভট্টাচার্য একটা স্কীম নিয়েছিলেন কিন্তু আপনারা সেটা করতে পারলেন না। বক্রেশ্বর তাপ-বিদ্যুৎ কেন্দ্র নিয়ে কি করেছেন? আপনাদের ইগোর জন্য এইরকম একটা অবস্থার সৃষ্টি হল। কেন্দ্রীয় সরকার বার বার বলেছিলেন তখন বসন্ত সাঠে ছিলেন বলেছিলেন এইরকম কিছু করার পরিকাঠামো আপনাদের নেই, এটা করবেন না। কিন্তু আপনারা সি.এ.-র সাথে কথা বলে করতে চেষ্টা করেন কিন্তু করতে পারলেন না। আবার অনেক বড় বড় কথা আপনারা বললেন যে, রক্ত দিয়ে বক্রেশ্বর গড়ব, ইত্যাদি ইত্যাদি। কিন্তু এখনও করতে পারলেন না। নিরীহ মানুষের প্রচুর রক্ত নিয়ে আপনারা নষ্ট করলেন। আর শেষ পর্যন্ত সেই মনমোহন সিং-এর সঙ্গে কথা বলে জাপানের ও.ই.সি.এফ. সংস্থাকে দিয়ে এগ্রিমেন্ট করতে হল। শুধু ইগো দিয়ে বক্রেশ্বর করব এটা হয়না। এবিষয়ে

আবার আমরা সুভাষবাবুকে দেখলাম পদ-যাত্রা করতে। রবীনবাবু আপনিতো আবার ওনার অ্যান্টি। তাই আপনি ওদিকে না গিয়ে বললেন, রক্ত দিয়ে করব। কিন্তু করতে পারলেন না। সেই ও.ই.সি.এফ. সংস্থাকে ডাকতে হল। কেন্দ্রীয় সরকারের কথা আপনারা শুনলেন না। আজকে পাওয়ার ডিপার্টমেন্টে কি অবস্থা? কার্যত এটা প্রায় গোয়েঙ্কারা কিনে নিয়েছেন। আপনারা তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারছেন না। যতদূর জানি, আপনাদের মন্ত্রীও এব্যাপারে ক্ষুব্ধ। বজবজ, বলাগড় নিয়েও লুটো-পুটি চলছে। কালকে মাননীয় মন্ত্রী এব্যাপারে বলেছেন, ১২০০ থেকে ২ হাজার কোটি টাকার স্কীম দেওয়া হয়েছে। প্রোজেক্ট কস্ট বেড়ে গেছে, উৎপাদন মূল্য বেড়ে গেছে। তারা নিজেদের ইচ্ছা-মতো টেন্ডার নিয়েছে এবং নিজেদের মধ্যে আন্ডারস্ট্যান্ডিং করে কোটি কোটি টাকা শেষ করা হচ্ছে। কিন্তু যেহেতু সেখানে গোয়েঙ্কারা রয়েছেন আপনারা কিছু করতে পারছেন না। বলাগড়েও একই অবস্থা চলছে। মাননীয় বিদ্যুৎমন্ত্রী নিজেও মেনে নিয়েছিলেন যে, কয়েকটা ব্যাপারে আমাদের আপত্তি ছিল। পার্লামেন্টের স্ট্যান্ডিং কমিটিতে আপনাদের আমাদের উভয় দলের লোকেরা ছিল। তারাও এটাতে আপত্তি করেছিলেন। কিন্তু আপনারা শুনলেন না। অসীমবাবু আপনি ১৯ বছরে সব থেকে বেশি সময় অর্থমন্ত্রী আছেন কিন্তু আপনি এগুলো করতে পারলেন না। আজকে আপনারা সরকারি কর্মচারিদের মধ্যে কাজ করার মানসিকতা তৈরি করতে পারলেন না। আবার আমরা দেখি, আপনারা বন্‌ধ ডাকলে কোনও কথা হয়না কিন্তু কংগ্রেস বাংলা বন্‌ধ ডাকলে যারা কাজে আসেনি তাদের মাইনে কাটা বা শাস্তির কথা বুদ্ধদেব বাবু বলেন। এতদিন কিন্তু আপনাদের এবিষয়ে বোধদয় হয়নি। কংগ্রেস বাংলা বন্‌ধ ডাকার পর এটা আপনারা ঘোষণা করলেন। এটা রাজনৈতিক সংকীর্ণতার পরিচয় বহণ করছে। তাই স্যার, আমি বলব, এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলকে মিস-অ্যাপ্রোপ্রিয়েশন বিল বলেই মনে হয় এটা আপনার ভদ্রতার সাথে মানাতো। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-20 — 6-30 P.M.]

**শ্রী মনোরঞ্জন পাত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রী যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল পেশ করেছেন আমি সেটাকে সমর্থন করছি। বিরোধীদলের বিশিষ্ট নেতারা যে বিষয়টাকে বললেন, আমি বলতে চাই, মানুষ তার নিজের সম্বন্ধে যেভাবে ভাবে সেইভাবে একটা ঘটনার বিষয়কে বিশ্লেষণ করা যায় না। একটা সময়কে বা বিষয়কে বুঝতে গেলে সেই বিষয়ের মধ্যে কি কি বিরোধী ছিল সেটাকে নিজে বুঝতে হবে এবং তার কি পারিপার্শ্বিকতা ছিল সেটাও বুঝতে হবে। আজকে আমাদের দেশের অভ্যন্তরে যে সমস্ত সমস্যা তৈরি হয়েছে তার একমাত্র কারণ হচ্ছে কংগ্রেস। আজকে দীর্ঘদিন কেন্দ্রে এবং রাজ্যে ওরা থাকার ফলে এবং যে নীতি নিয়ে চলেছেন তারফলে আমাদের দেশের আভ্যন্তরীণ নানাবিধ সঙ্কট তৈরি হয়েছে। উনি কথাটা এভাবে বললেন কেন আমি জানি না। এই যে সরকার আমরা চালাচ্ছি এটা সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে,—এই যে নয়া আর্থিক নীতির ফলেই সমস্ত সঙ্কট তৈরি হয়েছে, তার বাইরে আমরা নই। গ্রামাঞ্চলে ৬০ দশকে ওনাদের রাজত্বে যারা খেতে পেত না সেইরকম বুভুক্ষু মানুষকে আমরা ভূমি সংস্কার করে জমি দিয়েছি। তখন মানুষ বাধ্যহত জমিদারের ঘরে কাজ করতে। জমিদার যেভাবে বলতো সেইভাবেই তারা কাজ করতো। তাদের মস্তিস্কে চিন্তা করার যে কোষগুলি ছিল সেগুলির কাজ বা চিন্তা করার ক্ষমতা

ছিল না। আমরা তাদের জমি দিয়েছি, সেচ দিয়েছি। বিজ্ঞান সম্মতভাবে তাদের মস্তিস্কে যে কোষগুলি ছিল সেগুলি আজকে বিকশিত হয়েছে, এইভাবেই আমরা এইসব মানুষদের চিন্তার মানসিকতার পরিবর্তন ঘটিয়েছি। আমরা চাই উৎপাদন বৃদ্ধির মাধ্যমে কর্মসংস্থান করতে। সেখানে কৃষি, শিল্প ইত্যাদি জায়গাতে এবং আমাদের এখন যে মূল দৃষ্টিভঙ্গি সেটা হচ্ছে আমাদের শিল্প, কৃষি, রাস্তাঘাট ইত্যাদির পরিকাঠামোর মধ্যে দিয়ে যদি আমরা উন্নতি করতে না পারি তাহলে শিল্প এবং কৃষিতে উন্নতি করতে পারবো না। সমাজ সেবা মূলক যে সব কাজ শিক্ষা, স্বাস্থ্য, আবাসন ইত্যাদি জায়গাতে আমাদের বরাদ্দ বাড়ানো হয়েছে এবং সমস্ত কর্মসূচিগুলিতে বিকেন্দ্রীকরণ ব্যবস্থার মাধ্যমে অর্থাৎ পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে ভূমি সংস্কারের মধ্য দিয়ে ২৩ লক্ষ ১১ হাজার মানুষকে আমরা প্রায় ১০ লক্ষ একর জমি বন্টন করেছি। সারা ভারতে যেখানে উৎপাদন বৃদ্ধি হচ্ছে ২.৮ পারসেন্ট পশ্চিমবঙ্গে সেখানে উৎপাদন বৃদ্ধি হয়েছে ৫.৯ পারসেন্ট। হেক্টর প্রতি উৎপাদন বৃদ্ধি হয়েছে ৫.৫ পারসেন্ট সেখানে সারা ভারতবর্ষে হয়েছে ৩.২ পারসেন্ট। খাদ্যশস্য উৎপাদন আপনারা সবাই জানেন গত বছর বন্যা হওয়া সত্ত্বেও এখানে খাদ্যশস্য উৎপাদন হয়েছে প্রায় ১ কোটি ৩৫ লক্ষ ৫ হাজার মেট্রিক টন। এছাড়াও আমরা জানি পশ্চিমবঙ্গে আগে যেখানে সেচের ব্যবস্থা ছিল ২৫ থেকে ৩০ ভাগ জমিতে, সেটা এবারে হয়েছে ৫০ ভাগ জমিতে, এবারের সবাই দেখেছেন বাজেট বরাদ্দে এটা বেশি করা হয়েছে আমাদের নির্বাচনি ম্যানিফেস্টোতে সেটা এবারে বাজেটে যেটা ধরা হয়েছে সেটাকে কার্যকর করা গেলে মোটামুটিভাবে ৩ লক্ষ ৫০ হাজার মানুষের জন্য স্বনিযুক্তি প্রকল্পের মধ্যে দিয়ে কর্মসংস্থানের সুযোগ তৈরি করা যাবে। ভূমি সংস্কার এবং সেচের উন্নতির ফলে গ্রামীণ মানুষের প্রায় ৩০ হাজার কোটি টাকার সম্পদ সৃষ্টি হয়েছিল। তাদের আয় বৃদ্ধির ফলে ৩০ হাজার কোটি টাকার মধ্যে থেকে তারা ৫৫০০ কোটি টাকার শিল্প সামগ্রি কিনতে সক্ষম হয়েছে।

বিরোধী দলের বন্ধুরা বিদ্যুতের কথা বললেন। কংগ্রেসের আমলে এখানে কত বিদ্যুৎ তৈরি হত? ৮০০ মেগাওয়াট। আর এখন পশ্চিমবাংলায় কত বিদ্যুৎ তৈরি হয়? ২৮০০ মেগাওয়াট। এন.টি.পি.সি. এবং ডি.ভি.সিকে ধরলে ৫,৫০০ মেগাওয়াট। কংগ্রেস আমলে গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচি অনুযায়ী ৯০০০ মৌজায় বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়েছিল। আর এখন প্রায় ২৯,৯২৬টি মৌজায় বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়েছে। এটা কি অগ্রগতি নয়? হ্যাঁ, আমাদের বিদ্যুৎ পরিবহনের ক্ষেত্রে সমস্যা আছে। সেটাও ওদের আমলের তৈরি। সেজন্য বিদ্যুতের ক্ষেত্রে দেখবেন গতবারের বাজেটে ৭৫৭.৮৭ কোটি টাকা ধার্য হয়েছিল। আর এবারে ধরা হয়েছে ১২১৬.২৭ কোটি টাকা। শিল্পের ইনফ্রাস্ট্রাকচার হিসাবেই বিদ্যুতের বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে। ওরা লেনিন-এর কোটেশন দিলেন। ওটা আমরা কিছু কম বুঝিনা। ও বিষয়ে বিরোধীদের কাছ থেকে আমাদের কিছু শেখার নেই। তাই আমি ওদের বলব — আপনারা যে পাপ করেছিলেন তার ভয়েই বেশকিছু দিন আপনারা এই সভার বাইরে ঘুরে বেড়ালেন, নকল বিধানসভা করলেন।

তারপর এখানে গনবন্টন ব্যবস্থা নিয়ে কথা উঠেছে। এক্ষেত্রে বাজেটে ৩০ কোটি টাকা ধরে রাখা হয়েছে। আমাদের অপেক্ষা করতে হবে কেন্দ্রীয় সরকারের কর্মসূচির রূপায়ণের পন্থার জন্য। তারা কিভাবে তাদের কার্যসূচি রূপায়ণ করেন তা দেখে নতুন করে আমাদের

সমস্ত কিছু ব্যবস্থা করতে হবে।

কৃষক পেনসন এবং বিধবা পেনসনের মতো ব্যাপার ভারতবর্ষের আর কোথাও চালু হয়েছে বলে আমরা শুনিনি। এবারের বাজেট ঐ পেনসনের পরিমাণ ১০০ টাকা থেকে বাড়িয়ে ২০০ টাকা করা হয়েছে। ক্ষেতমজুরদের জন্য প্রভিডেন্ট ফান্ডের কথা সরকার ঘোষণা করেছেন। তারা নিজেরা ১০ টাকা করে দেবেন এবং সরকার ১০ টাকা করে দেবেন। ৬০ বছর বয়সের পর ক্ষেতমজুররা সেই পি.এফ.-এর টাকা পাবেন। এটা গোটা ভারতবর্ষের মধ্যে একটা নতুন চিন্তা ভাবনা।

স্যার, আমরা জানি পশ্চিমবাংলায় এখনো অনেক কাজ আমাদের করতে হবে। বিগত দিনে দিল্লিতে যে সরকার ছিল তারা আমাদের কোনও ক্ষেত্রেই কোনও সহযোগিতা করেন নি। সর্ব ক্ষেত্রেই আমাদের বঞ্চিত করেছিলেন। সব সময় আমাদের সঙ্গে বিমাতৃসুলভ আচরণ করেছেন। তারা কয়লার সেস ব্যবদ ৯০০ কোটি টাকা আমাদের দেন নি। নানাভাবে বঞ্চনা করেছেন।

স্যার, আমি এই প্রসঙ্গে আমাদের বিরোধী দলের মাননীয় সদস্যদের বলব যে, আপনারা বিগত সাধারণ নির্বাচনের দিকে একটু তাকিয়ে দেখুন। গত নির্বাচনের মধ্যে দিয়ে তারা গোটা ভারতবর্ষে তলিয়ে গিয়েছেন এবং অন্যান্য রাজ্যগুলোতে'ও রুলিং পার্টিগুলো তলিয়ে গিয়েছে। পশ্চিমবাংলাই একমাত্র ব্যতিক্রম। পশ্চিমবাংলায় মানুষ পশ্চিমবাংলায় আবার বামফ্রন্টকেই প্রতিষ্ঠিত করেছে। সেজন্য আমি বিরোধীদের অনুরোধ করছি আপনারা আমাদের সহযোগিতা করুন। ওরা সহযোগিতা করবেন, এই আশা রেখে এই বিলকে পুনরায় সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[6-30 — 6-40 P.M.]

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশন (নং২) বিল, ১৯৯৬-র সমর্থনে বক্তব্য রাখতে উঠে বলছি যে, মাননীয় বিরোধী সদস্যরা যে প্রশ্নগুলি তুলেছেন এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলের প্রসঙ্গে সে সম্পর্কে আমি আমার জবাব যত দূরে সম্ভব আপনার নির্দিষ্ট সময়-সীমার মধ্যে দেবার চেষ্টা করছি।

একটা প্রশ্ন মাননীয় সদস্য সুদীপ বন্দ্যোপাধ্যায়, মাননীয় বিধায়ক মান্নান সাহেব এবং মাননীয় বিধায়ক প্রবোধ চন্দ্র পুরকাইত মহাশয় রেখেছেন। যদিও প্রশ্নটি অ্যাপ্রোপ্রিয়েশন বিলের সঙ্গে সরাসরি যুক্ত নয়, তবুও তারা রেখেছেন। গতকাল যে কেন্দ্রীয় বাজেট পেশ করা হয়েছে তার সম্বন্ধে আমার বক্তব্য কি? এটাই হচ্ছে ওদের প্রশ্ন। ওরা আরও প্রশ্ন করেছেন যে, ঐ বাজেটের সঙ্গে আমাদের বাজেটের তফাতটা কোথায়? এবং ঐ বাজেটের সঙ্গে আমি কোথায় কোথায় একমত? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্য সরকারের বক্তব্য মুখ্যমন্ত্রীর মাধ্যমে কালকে খবরের কাগজে বলে দেওয়া হয়েছে। তবুও পরিষ্কার করে ঐ বাজেট সম্পর্কে আমার বক্তব্য রাখছি। কেন্দ্রীয় বাজেটে কতকগুলি দিক আছে যা আগেকার কেন্দ্রীয় বাজেট থেকে ভিন্ন এবং সাধারণ মানুষের স্বার্থ রক্ষা করার দিকেও রাজ্যগুলির স্বার্থরক্ষা করার দিকে ইতিবাচক পদক্ষেপ। এই দিকটা হল গত ৪।৫ জুলাই প্রধানমন্ত্রী মুখ্যমন্ত্রীদের নিয়ে যে সভা ডেকেছিলেন, সেখানে আমাদের মুখ্যমন্ত্রীকে প্রথমে

বলতে বলা হয়। মাননীয় মুখ্যমন্ত্রী ঐ সভায় ন্যূনতম কর্মসূচিগুলির কথা বলেছিলেন, যেমন, পানীয় জল প্রতিটি গ্রামে এবং শহরে গরিব অঞ্চলে ১০০ ভাগ পৌঁছে দিতে পারি, প্রাথমিক শিক্ষাকে সার্বজনীন করতে হবে এবং প্রাথমিক স্বাস্থ্যব্যবস্থাকে ১০০ ভাগ তার লক্ষ্যমাত্রায় যাতে পৌঁছাতে পারি এবং গণ-বন্টন ব্যবস্থায় ভরতুকি বৃদ্ধি করা-এগুলির জন্য যেন বাড়তি বরাদ্দ রাখতে পারি। এখানেই ইতিবাচক পদক্ষেপ। এই বাজেটে ২ হাজার ৫০০ কোটি টাকা এই প্রকল্পগুলির জন্য রাখা হয়েছে। তারসঙ্গে সমানভাবে গুরুত্বপূর্ণ যেটা সেটা আমি অনেকবার বলেছি, আজও এই সভায় বলছি, এই প্রকল্পগুলি রাজ্য সরকারের তালিকাভুক্ত হওয়া উচিত। পানীয় জল, প্রাথমিক শিক্ষা ব্যবস্থা হতে পারে। এক্ষেত্রে প্রকল্পগুলি রূপায়ণ করার সময়ে রাজ্যগুলিকে স্বাধীনতা দেওয়া হোক একথা আমি বারংবার বলেছি। অন্য বিষয়ে আমাদের যে বক্তব্য আছে তা কেন্দ্রীয় বাজেটে প্রায় সম্পূর্ণভাবে প্রতিফলিত হয়েছে। এটা একটা ইতিবাচক দিক। একইসঙ্গে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই বাজেটে আর একটি বিষয়ে দ্বিমত পোষণ করছি। আমি মনে করছি, কর আদায় বিশেষ করে প্রত্যক্ষ করের মাধ্যমে আরও বেশি কর আদায় করা এবং স্ব-নির্ভরতার ক্ষেত্রে নিজেদের সম্পদের উপর দাঁড়িয়ে আরও বেশি বলিষ্ঠ পদক্ষেপ নেওয়া উচিত ছিল। এই স্বনির্ভরতার ক্ষেত্রে আরও বলিষ্ঠ পদক্ষেপ না নেওয়া এর মূল সূত্রপাত আপনারা যখন ছিলেন তখন আপনাদের নয়া আর্থিক নীতির ফলে স্ব-নির্ভরতাকে বিসর্জন দিয়ে তারই উপর আঘাত এনেছিলেন। তথাকথিত নয়া আর্থিক নীতির মূলেই হচ্ছে এই কেন্দ্রীয় বাজেট এবং এই বাজেটে ঐ নীতির একটা প্রভাব দেখতে পাচ্ছি। এই জায়গাতেই আমার দ্বিমত আছে। আমি মনে করছি, সাধারণ মানুষের স্বার্থের দিক থেকে আপনাদের নীতির প্রভাব যেটা এখানে এসেছে সেটা ভাল নয়। আমি আশা করছি, আগামীদিনে কেন্দ্রীয় অর্থ এই লিগাসি জনবিরোধী লিগ্যাসি, জনবিরোধী নীতির প্রভাব থেকে আরও বেরিয়ে আসতে পারবেন। যেখানে পক্ষে আছি, যেখানে দ্বিমত পোষণ করেছি সেটা আপনাদের বললাম। আশাকরি, পরের অংশটা আপনারা সমর্থন করবেন তারপর মাননীয় সদস্য শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় মহাশয় একটি বক্তব্য রেখেছেন, এই রাজ্যে বাজেট পেশ করা হয়েছে নজীরবিহীনভাবে। কেন্দ্রীয় বাজেটের আগেই নজীরবিহীনভাবে এই বাজেট পেশ করতে প্রকারান্তরে আপনারাই বাধ্য করেছেন। এই নজীর সত্যিই ভারতবর্ষে ছিল না নির্বাচন হবে সেই অজুহাতে রাজ্য সরকারের পরিকল্পনা বরাদ্দ মিটিং করে বানচাল করে দিয়েছেন। নির্বাচন অনেকবার হয়েছে, কখনও রাজ্য সরকার জানতে পারেনি, আজও জানতে পারেনি বর্তমান বছরে তথাকথিত পরিকল্পনা বাবদ কত বেশি অর্থ পাবো। অথচ আমরা ভোট অন অ্যাকাউন্টস বাজেট পেশ করেছিলাম এবং তার মেয়াদ এই জুলাই মাসের শেষের দিকে শেষ হয়ে যাচ্ছে। সেখানে দাঁড়িয়ে আরও ভোট অন অ্যাকাউন্টের দিকে যদি যেতে হত তাহলে আমরা নির্দেশহীনতার দিকে যেতাম যেটা যেতে বারণ করছেন। যেহেতু আমরা সঠিক দৃষ্টি-ভঙ্গির দিকে যেতে চাই। হ্যাঁ, তাই আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে ওরা আগের বছর যেসব সেন্ট্রাল প্ল্যান অ্যাসিসট্যান্স দিতেন, কোনও বৃদ্ধি না করে আমরা এই বাজেট পেশ করেছি। এটা খোলাখুলি বলেই করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বাজেটের স্ট্রাইকিং ফিচার উনি বলেছেন কি, তীক্ষ্ণ বিষয়গুলো কি? এইগুলো বস্তুত বাজেটের প্রাথমিক যে বিতর্ক তার উত্তর দেবার সময় আপনারা কোনও কারণে উপস্থিত ছিলেন না, আমি বলেছি। তবুও আর একবার যেহেতু আপনারা বলেছেন, আমি আবার বলছি। আমি আপনার

কাছ থেকে দু এক মিনিট সময় চেয়ে নিচ্ছি তারজন্য। এই অবস্থাতে দাঁড়িয়েও এই বাজেটের বিশেষ করে অ্যাপ্রোপ্রিয়েশন বিলের আলোচনা হত সুতরাং খরচের দিকটা বেশি আলোচিত হয়, এই বাজেটের একটা স্ট্রাইকিং ফিচার হচ্ছে এই, যে এই বাজেটে বর্তমান বছরে রাজ্য পরিকল্পনা ব্যয় আগের বছরের পরিকল্পনায় ব্যয় যা ছিল ২ হাজার ২৬০ কোটি টাকা, তার থেকে ৪২ শতাংশ বৃদ্ধি করে ৩ হাজার ১৩৪ কোটি টাকার প্রস্তাব আমরা এনেছি। ৪২ শতাংশ বৃদ্ধি এক বছরে। এটা আমি বলছি, তার কারণ ইদানিংকালে গত ১৫ বছরে অন্তত এই ধরনের বৃদ্ধি আমরা রাজ্য সরকার থেকে প্রস্তাব করতে পারিনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা মনে রাখছি এখন থেকে গত চার বছর আগেও রাজ্যের পরিকল্পনা ব্যয়ে আপনারা আঘাত হেনেছিলেন স্বল্প সঞ্চয়ের উপর। যেখানে ১ হাজার কোটি টাকার নিচে ছিল চার বছর আগে, আমরা চার বছরের মধ্যে আপনাদের সমস্ত বাধা অতিক্রম করে ২ হাজার কোটি টাকার বাধা পরিকল্পনা ব্যয় অতিক্রম করে ৩ হাজার কোটি টাকাকে অতিক্রম করতে পারলাম। চার বছরে এক হাজার কোটি টাকা থেকে তিন হাজার কোটি টাকা। এটা যদি আপনি কোনও স্ট্রাইকিং ফিচার দেখতে চান, আমি আপনার কাছে এটা নিবেদন করছি, একটু বলা প্রয়োজন নম্রতার সঙ্গে, যেহেতু কেন্দ্রীয় সরকারের বাজেটের কথা আপনারা বলেছেন, কেন্দ্রীয় সরকারের এই বাজেট পরিকল্পনা ব্যয় বৃদ্ধি ধরা হয়েছে ১২ শতাংশ। ইদানিংকালে আপনারাও তাই ধরেছেন। সমস্ত দেশে যেখানে ১২ শতাংশ পরিকল্পনা ব্যয় বৃদ্ধি খুব সীমিত ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে আমরা ৪২ শতাংশ ব্যয় বৃদ্ধি করলাম। যদি এর মধ্যে তীক্ষ্ণতা দেখতে পান দেখবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটা কথা বলা উচিত, আমরা বার বার জোর দিচ্ছি স্বনির্ভরতার উপর। বাজেটের ক্ষেত্রে, অর্থ জোগানের ক্ষেত্রে, স্বনির্ভরতার মূল মানে হচ্ছে এই যতদূর সম্ভব নিজ সম্পদের উপর দাঁড়িয়ে কি আমরা বাজেট করতে পারিনা? কেন্দ্রীয় বাজেট কি করা যায়না? কেন আমরা বিদেশের উপর নির্ভর করবো? কেন আমরা আমদানি নির্ভর হব? এতবড় দেশ, আমাদের সাধারণ মানুষের যা প্রয়োজন, জাতীয় নমুনা সমীক্ষা অনুযায়ী ৮০ ভাগ প্রয়োজন তো খাদ্যশয্য, পরিধেয়, বস্ত্র, চামড়ার জিনিস, মাথার উপর আচ্ছাদন, ওষুধ। এতো দেশের মধ্যেই অনেক সস্তায় দক্ষতার সঙ্গে তৈরি করা যায়। কেন আমরা বিদেশের উপর নির্ভর করবো? বাজেট রচনার ক্ষেত্রেও কেন আমরা নিজেদের সম্পদ আরও বেশি সংগ্রহ করতে পারবো না, কেন বেশি কালো টাকা ধরতে পারবো না? এই দৃষ্টিভঙ্গি মনে রেখেই আমি আমার দ্বিতীয় বক্তব্য রাখছি যে এই যে আমরা পরিকল্পনা ব্যয় বৃদ্ধি করলাম প্রায় ৩ হাজার ৩৩৪ কোটি টাকা পরিকল্পনা ব্যয়, এই ৮১ শতাংশই রাজ্য সরকারের রাজ্যের নিজের সম্পদের ভিত্তিতে দাঁড়িয়ে আছে। যেহেতু কেন্দ্রের পরিকল্পনা বৃদ্ধির কোনও খবর আমাদের কাছে নেই। তার এই ক্ষেত্রে ভূমিকা আপেক্ষিকভাবে ১৯ শতাংশ রাজ্য সম্পদ সংগ্রহের ভূমিকা ৮১ শতাংশ। এটা বললাম কারণ আপনারা বক্তব্য রাখতে গিয়ে রাজ্যের সম্পদ সংগ্রহের উপর কিছু প্রশ্ন তুলেছেন। অবশ্য তুলেছেন একটু আড়ষ্ঠ ভাবেই। কারণ মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয়, ওকে বোধ হয় চলে যেতে হল কোন কাজ আছে বলে। উনি এই বলে বলতে শুরু করলেন, আপনার বিক্রয় কর খুব বাড়ছে কিন্তু আরও বেশি বৃদ্ধি করা উচিত এই হচ্ছে তার মূল বক্তব্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্য সত্য বাপুলির ঐ বক্তব্য টেনেই বলছি, আমাদের গত কয়েক বছর ধরে বিক্রয় করের বার্ষিক বৃদ্ধির হার ছিল শতকরা ১৫৫ শতাংশ। গত বছর এটা আমাদের

বিভিন্ন স্তর উদ্যোগ নিয়েছেন যারা, এরসঙ্গে যুক্ত অফিসার কর্মীরা আছেন, এবং আমরা পঞ্চায়েত ইত্যাদির কাছ থেকেই তথ্য ইত্যাদি পেয়েছি। এটা আমরা গত বছর ১৭ শতাংশ বৃদ্ধি করতে পারি। এই বছর এই বিক্রয় কর বৃদ্ধির হার আমরা ২২ শতাংশে নিয়ে গেছি। যা খুব বেশি রাজ্যের কিন্তু নেই। ২০ শতাংশের বেশি বিক্রয় কর বাড়াতে পারছে, মহারাষ্ট্র ছাড়া বোধ হয় একটি কি দুটি রাজ্য আছে। তাও নয়। তাই আপনারা যেটা চাইছিলেন, এই অ্যাপ্রোপ্রিয়েশন বিলের পেছনে তো সেটাই আছে। সুতরাং আপনারা যেটা চেয়েছিলেন, আপনারাই তো সমাধান করবেন এই বিষয়ে, আমি ধরে নেব।

[6-40 — 6-50 P.M.]

এখানে বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী অসিত মিত্র বক্তব্য রেখেছেন। আমি প্রতিটি বক্তব্য নোট করেছি এবং যতটা সম্ভব উত্তর দেবার চেষ্টা করছি। উনি লাক্সারি ট্যাক্সকে কেন্দ্র করে কয়েকটি কথা বলেছেন। তিনি বলেছেন, এ ব্যাপারে আমরা অসফল হয়েছি। তিনি বলেছেন, 'আপনি বলেছিলেন, এর থেকে ৪০ কোটি টাকা পাবেন, কোথায় সেই ৪০ কোটি টাকা?' এটা ঠিকই যে ৪০ কোটি টাকা প্রথম বছর পাই নি, ১০ কোটির একটু কম পেয়েছি। তখন বিরোধিতাটা সারা দেশ জুড়ে শুরু হয়। মহারাষ্ট্রে সেই সময় কংগ্রেস সরকার ছিল, তারাও এইসব শিল্পগোষ্ঠীর চাপে পড়ে এই লাক্সারি ট্যাক্স যেটা লাগিয়েছিলেন সেটা তুলে নেন। অনেকে কোর্টকাছারিও করার চেষ্টা করেন। সেখানে আমরা কিন্তু একই জায়গায় দাঁড়িয়ে থাকি। আমরা বলি না, এটা আমরা নেব। সেই সময় আরও একটা জিনিস যেটা শুরু হয় সেটা হচ্ছে এক ধরনের চোরা চালান শুরু হয়ে যায়। এটা তখন আমরা প্রশাসন থেকে খুব কঠোরভাবে ধরি। প্রত্যেকটি রাস্তার ধারে ধারে আমরা ধরার চেষ্টা করি। আমি আপনাদের খুব আনন্দের সঙ্গে বলি, সিগারেটের উপর তথাকথিত এই বিলাসকর তার কিন্তু একটা লক্ষ্যনীয় উর্দ্ধগতি হয়েছে। না, পরের বছর আমরা লক্ষ্যমাত্রাতে যেতে পারি নি ঠিকই কিন্তু এখন মাসে মাসে দু কোটির বেশি আমরা আদায় করতে শরু করেছি। প্রত্যেক মাসেই এটা বাড়ছে। সেই সময় চোরাচালান শুরু করে যারা আমাদের বিরোধিতা করার চেষ্টা করেছিলেন তাদের আমরা বলেছিলাম যে এই চোরাচালানের ভয় দেখিয়ে আমাকে থামাতে পারবেন না। এখন আমরা এ ক্ষেত্রে একটা শক্ত জায়গায় দাঁড়িয়ে আছি এবং বলছি ক্রমশই এটা বৃদ্ধি পাবে। আপনারা লক্ষ্য করেছেন যে খুব মহার্ঘ জামা-কাপড়ের উপরও আমরা এটা প্রসারিত করেছি। খুবই আনন্দের সঙ্গে জানাচ্ছি যে কিছু কংগ্রেসি রাজ্য সরকার এবং অন্যান্য রাজ্য সরকার এই লাক্সারি ট্যাক্স এখন বসাতে শুরু করেছেন। স্যার, মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় জানতে চেয়েছেন কর আদায়ের চেষ্টা ঠিক মতোন হচ্ছে কিনা? উনি বলেছেন বলে বলছি যে ৯ম অর্থ কমিশন এ ক্ষেত্রে রাজ্যগুলির একটা র‍্যাঙ্ক করেন ট্যাক্স কালেকসনের এফোর্টের ব্যাপারে। আমার মনে আছে, ৯ম অর্থ কমিশনের যে মূল ভ্যলিয়ুম তার ১১১ পাতায় ওরা ২৫টি রাজ্যের মধ্যে কর আদায়ের প্রচেষ্টায় বা উদ্যোগের ক্ষেত্রে পশ্চিমবঙ্গকে প্রথম স্থান দিয়েছেন। উনি প্রসঙ্গটা তুলেছেন বলে বিষয়টি আমি জানিয়ে দিলাম। স্যার, মাননীয় সদস্য সুদীপবাবু একটা বক্তব্য রেখেছেন যে এই বাজেটের দৃষ্টিভঙ্গিটা কি? দৃষ্টিভঙ্গির কথা বাজেট পেশ করার সময় বলেছি। আমি যখন সেটা বলছিলাম তখন আপনারা কোলাহলে মত্ত ছিলেন তাই বোধহয় কানে ঠিক ঢোকে নি। তারপর যখন আমরা

এ নিয়ে বিতর্ক করছিলাম তখন আপনারা অনুপস্থিত ছিলেন। যাইহোক, আমি এটা আর একবার বলছি। এই বাজেটে অর্থ বরাদ্দ বৃদ্ধির ব্যাপারটাই শেষ কথা নয়, বস্তুত মূল কথাটা ভিন্ন। মূল কথাটা হচ্ছে এর মাধ্যমে একটা দিক-নির্দেশ, একটা অগ্রাধিকারের কথা বলতে চাই। সেখানে যে বিকল্প নীতির কথা আমরা সমস্ত দেশের ক্ষেত্রে বলেছি তার যে অংশটুকু রাজ্যের ক্ষেত্রে প্রাসঙ্গিক-সবটুকু নয় সেখানে দাঁড়িয়ে আমরা বলছি যে আমাদের মূল অগ্রাধিকার হচ্ছে কর্মসংস্থান বৃদ্ধি করা যতদূর সম্ভব শিল্প ও কৃষিতে উৎপাদন বৃদ্ধি করে। খুব খোলাখুলিভাবে বলছি, ঠিক এইভাবে কেন্দ্রীয় বাজেটে এসেছে কিনা জানিনা কিন্তু এটাই হচ্ছে আমাদের বক্তব্য। উনি জিজ্ঞাসা করেছেন, কি করছি আমরা এবং বাজেটে তার প্রতিফলন কোথায়? এর মানে কি? কর্মসংস্থান বলতে আমরা কি বুঝছি ইত্যাদি। হ্যাঁ, নথিভুক্ত বেকারের সংখ্যা যা এখানে আমরা বলেছি সেটা হচ্ছে ৫০ লক্ষের কিছু বেশি। গত আর্থিক বছরে তাতে যুক্ত হয়েছেন ২.৮ লক্ষ অতিরিক্ত নথিভুক্ত বেকার। এটা নিয়ে যোজনা কমিশনও কয়েকটি প্রশ্ন তুলেছেন। তারা বলছেন, আমাদের রাজ্যে নাকি আসল বেকারের সংখ্যা কম জাতীয় নমুনা সমীক্ষা ইত্যাদির কথা বলে। আমরা বলেছি, কম কিনা জানতে চাই না তার কারণ, যতদিন পর্যন্ত একজনও বেকার থাকবেন ততদিন পর্যন্ত আমাদের প্রচেষ্টা চালিয়ে যেতে হবে যাতে তারা কাজ পান। এই পরিসংখ্যান নিয়ে বেকার যুবক-যুবতিদের কি হবে? এতে তো তাদের যন্ত্রনা ঘুচবে না। কাজেই পরিসংখ্যান কম আমরা দেখাতে চাই না। যদি বেশি দেখিয়ে ভুল করি তাহলে সেটা হচ্ছে ইতিবাচক ভুল কারণ কাজটা বেশি হবে। আমরা তাই লক্ষ্যমাত্রাতে প্রতি বছর যত অতিরিক্ত বেকার সৃষ্টি হচ্ছে তার চেয়ে অতিরিক্ত কর্মসংস্থান সৃষ্টি করতে চাইছি। সেটা যদি করতে পারি তাহলে ব্যাকলগ যেটা আছে ৫০ লক্ষের কিছু বেশি সেটা ধাপে ধাপে কমতে পারে। সেটা হলে সমস্যাটা কিছু প্রশমিত হতে পারে। এটা মনে রেখেই এই বাজেটের মূল বক্তব্যে আমরা উৎপাদন বাড়াবার কথা বলেছি। সেখানে শিল্প এবং কৃষিতে মূল জোরটা আসবে। তাছাড়া পরিকাঠামোর উপর আমরা বেশি গুরুত্ব দিচ্ছি। শুধু এমনি পরিকাঠামো নয়, করের পরিকাঠামোতেও জোর দিচ্ছি যাতে বিনিয়োগের ক্ষেত্রে একটা উৎসাহ আসতে পারে। তারপর দায়বদ্ধতা এবং কাজ করার পরিবেশের ব্যাপারে বাজেটে আমরা একটু ভিন্ন কথা বলার চেষ্টা করেছি। সেগুলো খুব সংক্ষেপে বলছি। শিল্প ও কৃষির পরিকাঠামো সংক্রান্ত ব্যাপারে বলতে গিয়ে সরকার পক্ষের মাননীয় সদস্যগণ বলে গেছেন যে, এক্ষেত্রে একটা বড় বৃদ্ধি করেছি সেচের ক্ষেত্রে। এটা আগের বছরের ১৭১ কোটি টাকা থেকে শতকরা প্রায় ৫০ শতাংশ বৃদ্ধি করে ২৫৭ কোটি টাকার একটা বড় বরাদ্দের প্রস্তাব রেখেছি, গড় বৃদ্ধি ৪২ শতাংশের চেয়েও বেশি রেখেছি এক্ষেত্রে। বিদ্যুতের ব্যাপারে একাধিক বিরোধী সদস্য বলেছেন। সুদীপ বাবু জানতে চেয়েছেন যে, গ্রামীণ বৈদুতিকরণের ক্ষেত্রে আমরা কি পদক্ষেপ নিয়েছি এবং আর.ই.সি. লোন নিতে পেরেছি কিনা। এখানে এক বছরের তথ্যটা দিলে সেটা বুঝবেন। বিদ্যুতের ক্ষেত্রে যেখানে গত বছর বরাদ্দ ছিল ৫৫৮ কোটি টাকা, সেখানে ৬০ শতাংশ বৃদ্ধি করে ১,২১৬ কোটি টাকায় উন্নীত করবার খুব বড় প্রস্তাব এবারে পেশ করেছি। গত বছর গ্রামীণ বিদ্যুৎ, বিদ্যুৎ পরিবহন এবং বন্টনের ক্ষেত্রে বাড়তি ৪৮ কোটি টাকার প্রস্তাব এনেছিলাম, এই বছর গ্রামীণ বিদ্যুতের উপর বেশি গুরুত্ব দিয়েছি। রাস্তার ক্ষেত্রে শুধু পূর্ত (সড়ক) ধরলে ২০ শতাংশ এবং পঞ্চায়েত ও আরবান ডেভেলপমেন্ট ধরলে ৩০ শতাংশ রাস্তার ক্ষেত্রে বৃদ্ধি হয়েছে। এটা শুধু আর্থিক বৃদ্ধি প্রসঙ্গে

নয়, সুদীপবাবু প্রসঙ্গটা তুলে ভালই করেছেন এবং মহম্মদ ইয়াকুব সাহেবও বলেছেন, দায়বদ্ধতার প্রসঙ্গে। বলেছেন, এক্ষেত্রে দায়বদ্ধতা সুনিশ্চিত করতে হবে, যিনি কাজটা করছেন তাকে জবাবদিহি করতে হবে। সেটাকেই আমরা বলছি সামাজিক দায়বদ্ধতা এবং এই বাজেটে সেই বক্তব্য রেখেছি। একটি উদাহরণ বিদ্যুৎ পরিবহন এবং বন্টনে, বিদ্যুৎ মন্ত্রীর সঙ্গে আলোচনা চলছে আমার দপ্তরের, পঞ্চায়েতের মাধ্যমে এলাকার মানুষকে সরাসরি যুক্ত করতে চাইছি। অর্থাৎ যে এলাকায় বিদ্যুৎ যাচ্ছে সেটা পঞ্চায়েত এলাকা হলেও এক্ষেত্রে পঞ্চায়েতেই শেষ কথা নয়। একজন বক্তা বলেছেন যে, বিদ্যুৎ যা চুরি যাচ্ছে, কে নজরদারি করবেন। পশ্চিমবঙ্গের ৩৪১টি ব্লকের ৩,৩০৪টি পঞ্চায়েত সমিতির ৩৮,০০০ গ্রামে কে এটা দেখাশুনা করবেন? একটি উদাহরণ দিই, হুগলি জেলার দুটি ব্লকে সেই এলাকার মানুষদের দিয়ে একটি কনজিউমারস কো-অপারেটিভ করেছি। সেখানে দুই বছরের মধ্যে দেখা গেল, আগে বিদ্যুৎ ট্রান্সমিশন এবং ডিস্ট্রিবিউশন লস যেখানে ২২ শতাংশ হত সেটা নেমে ১৫ শতাংশ হয়েছে এবং সেটা আরও নেমে আসছে। উপকৃতদের যদি এইভাবে সরাসরি যুক্ত করা যায় তাহলে সামাজিক দায়বদ্ধতা সৃষ্টি হতে পারে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের গড় ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন লস যেখানে ২১-২২ শতাংশ, সেখানে হুগলি জেলার সিঙ্গুর-হরিপাল লার্জ ইলেকট্রিক কো-অপারেটিভ সোসাইটি মাধ্যমে ঐ দুটি ব্লকে এই নতুন পদ্ধতি চালু করবার পর সেখানে এই লসটা ২২ থেকে ১৫ শতাংশে নেমে গেছে। তারই জন্য আমরা মনে করছি, বিদ্যুৎ পরিবহন এবং বন্টনের ক্ষেত্রে বেনিফিশিয়ারি কমিটি করবো পঞ্চায়েতের মাধ্যমে। একইভাবে ক্ষুদ্র সেচের ক্ষেত্রে, একটি অগভীর নলকূপ যেটা ৬-৭ একর জমিতে জল দেবে এবং যেখান থেকে ২০ থেকে ২৫টি প্রডাক্ট এসে যাবে, যে টিউবওয়েল বসবে সরকারী খরচে, কিন্তু সেটা পরিচালনার দায়িত্বে থাকবেন পঞ্চায়েতের তত্বাবধানে প্লটগুলির মালিকদের নিয়ে উপকৃত কমিটি তাদের বাড়ির ছেলেমেয়েদের যুক্ত করে। এরকম একটি কমিটি করে দিয়ে দেখা গেছে, সেখানে টিউবওয়েল অপারেশন এবং তার মেনটেনেন্স ভালভাবে হচ্ছে। এবং ঠিকভাবেই চলছে। আমার মনে পড়ে যাচ্ছে নদীয়া জেলার হরিনঘাটার এক নম্বর ব্লকে একটা পঞ্চায়েত সমিতি এইভাবে টিউবওয়েল চালিয়ে শুধু অপারেশন অ্যান্ড মেনটেনেন্স খরচ তুলে এনেছে তাই নয় এরপর তারা যে উদ্বৃত্ত বার করতে পেরেছে তাতে তারা একটা নূতন টিউবওয়েল নিজেরা করতে পেরেছে। আমি এটা এখানে উল্লেখ করছি। রাস্তার ক্ষেত্রে যে বক্তব্যগুলি আপনারা এনেছেন, বিরোধী পক্ষের সদস্যরা এনেছেন, সরকার পক্ষের সদস্যরা এনেছেন সেই ব্যাপারে বলছি। রাস্তার রক্ষণাবেক্ষণ সুনিশ্চিত করতে পূর্তমন্ত্রীর সঙ্গে দীর্ঘ আলোচনার পর আমরা ঠিক করেছি, গত বছর থেকে এটা আমরা শুরু করেছি, সবটা পারিনি, ১৮টি জেলার মধ্যে সব জেলায় পারিনি, কিন্তু অনেকগুলি জায়গাতে ঠিক একইভাবে পঞ্চায়েতের তত্বধানে, যারা উপকৃত হবেন, যাদের এলাকা দিয়ে রাস্তা যাবে তারা সরাসরি যুক্ত হোন, এটা আমরা করেছি। রাস্তায় ঠিকমতো পাথর কুঁচি গেল কিনা ঠিকমতো বিটুমিন দেওয়া হল কিনা এখন তো ছোট ছোট যন্ত্র দিয়ে এইগুলি মাপা যায় সেটা দেখার জন্য উপকৃতদের মধ্যে থেকে কমিটি করে তাদের দিয়ে দিই না। তাহলে জানবেন খোলা আকাশের নিচে হলে এবং বছরের শেষে হিসাবটা টাঙিয়ে রাখলে কাজটা ঠিকমতো হবে। এটা কিন্তু আমরা একটা নূতন দিকে যেতে চাই এই ক্ষেত্রে এটা বলা উচিত। কৃষির ব্যাপারে আসি। প্রশ্নটা রাখলেন মনে হয় মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয়। তিনি রেখেছেন কৃষিতে

আপনার উন্নতি কোথায়? গ্রোথটা কোথায়? সুদীপবাবুও কিছুটা রাখলেন এই প্রশ্ন। যেহেতু আপনারা বললেন তাই আমাকে বলতে হচ্ছে। কৃষিতে সর্বশেষ যে তথ্য পাচ্ছি তাতে সারা ভারতবর্ষের সমস্ত রাজ্য মিলিয়ে কৃষিতে গত ১০ বছরে বার্ষিক উন্নতির হার হচ্ছে ২.৮ শতাংশ। এই ক্ষেত্রে পশ্চিমবাংলা প্রথম স্থানে আছে, এখানে সেই বার্ষিক হার হচ্ছে ৫.৯ শতাংশ। সবাইকে ছাড়িয়ে প্রথম স্থানে। উৎপাদনশীলতার বৃদ্ধির হারে আমরা প্রথম স্থানে আসি। আপনাদের সদস্যরা এর পরেও উৎপাদন বৃদ্ধি দেখতে পাচ্ছেন না। যারা জেলাতে আছেন তাদের বক্তব্য ভাল লাগলো। বিপ্লববাবু আছেন, উনি দেখতে পাচ্ছেন। উনি দেখতে পাচ্ছেন বলে গঠনমূলক সমালোচনা করলেন। তার উত্তর যতটা পারি দেব। কৃষি উৎপাদনের গতির রেখাটা খুব তীক্ষ্ণভাবে উর্দ্ধমুখি হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই গতি বৃদ্ধি নিয়ে আমরা করবোটা কি? যদি কর্মসংস্থান বৃদ্ধি না হয়? যারজন্য এবার যেমন যেমন উৎপাদন বাড়বে তারজন্য স্থায়ী কর্মসংস্থানের জন্য এই বছর অতিরিক্ত ১.৬ লক্ষ এবং গ্রামাঞ্চলে স্বনিযুক্ত প্রকল্পের মাধ্যমে ৩.৫ লক্ষ মানুষের পাশে দাঁড়াতে পারার নির্দিষ্ট প্রস্তাব এখানে রেখেছি। মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় আই.আর.ডি.পি. নিয়ে বক্তব্য রাখলেন। বলতে গিয়ে বললেন এটা এই রাজ্যের একটা অসাফল্যের নিদর্শন। এই বক্তব্য রেখে ভালই করেছেন, কারণ আই.আর.ডি.পি-র সর্বশেষ তথ্য আমার কাছে আছে। আই.আর.ডি.পি অর্থাৎ সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প এটা ১৯৭৮-৭৯ সালে যখন জনতা সরকার তখন এটা শুরু হয়। এই ব্যাপারে ২৫ ভাগ অর্থ রাজ্য সরকার দেবে, অর্ধেক কেন্দ্র দেন এবং বাকিটা ব্যাঙ্ক ঋণ। আমাদের লক্ষ্য মাত্রা ছিল গোটা রাজ্যের ক্ষেত্রে তা হল ১.৪৯ লক্ষ। কর্মসংস্থানের ক্ষেত্রে এই লক্ষ্যমাত্রাটা আমাদের ছিল। না, আমরা ১.৪৯ লক্ষ পারিনি, আমরা পেরেছি ১.৬৯ লক্ষ, ১০০ ভাগের বেশি পুরন করেছি। এটা শুধু ঋণ মঞ্জুর করা নয় স্যাংশন করা নয় যেখানে ঋণ ডিসবার্সমেন্ট করা হয়েছে সেই পর্যন্ত তথ্য নিয়ে বলছি। এই লক্ষ্যমাত্রা কেন অতিক্রম করতে পারলাম? পারলাম এই কারণে, যে কথা মুখ্যমন্ত্রীদের মিটিং-এ পশ্চিমবঙ্গ থেকে তুলে ধরা হয় যে শুধু ব্যাঙ্ক একা যাবে না ব্যাঙ্কের সঙ্গে এলাকার পঞ্চায়েত সমিতির সদস্য যাবেন, বি.ডি.ও যাবেন। আমরা যাদের ঋণ দিতে চাই তাদের আপনারা দেখে নিন ওরা গরিব মানুষ কিনা এবং স্যাংশন্ড ফরম্যালিটিজ একবারই করুন। আপনারা জয়েন্ট ইন্সপেকশন করুন আমরা সঠিক মানুষ দিচ্ছি কিনা। কংকারেন্ট ইভ্যালুয়েশন স্টাডিজ যেটা তাতে কেন্দ্রীয় সরকার বলেছেন শতকরা ৯৯ ভাগ ক্ষেত্রেই আমাদের নির্বাচনটা সঠিক হয়েছে। আমি একটু বলে দিই এর মাধ্যমে গ্রামাঞ্চলে কর্মসংস্থান ৫.১ লক্ষ করার লক্ষ্যমাত্রা রেখেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিল্প সম্পর্কে বক্তব্য রাখতে আমি তাড়াতাড়ি আসছি। শিল্পের ক্ষেত্রে যে পরিকাঠামো, বিদ্যুৎ এবং রাস্তা সেই সম্পর্কে বলেছি। কিন্তু আমি মনেকরি কর কাঠামোকে আরও বিনিয়োগ উপোযগি করার প্রয়োজন ছিল। এই বাজেটে কর কাঠামোর কতকগুলি পরিবর্তন করে কমানোর ঝুঁকি নিয়ে কর কমানো হয়েছে যাতে উৎপাদন বাড়লে এর থেকে আমরা বেশি কর সংগ্রহ করতে পারি সেটা আমরা নিয়েছি।

[6-50 — 6-59 P.M.]

বিশেষ করে ছোট শিল্পের ক্ষেত্রে যাদের কথা কিন্তু এই কেন্দ্রীয় বাজেটে এত বিশেষ করে বলা নেই, আমরা আমাদের বাজেটে ছোট শিল্পের ক্ষেত্রে আরও উৎসাহ দান, আরও

সম্প্রসারিত করেছি। কলকাতায়, যেখানে সুদীপবাবু, আপনার এলাকাও পড়বে, করমুক্তি যেখানে ৩ বছর ছিল, কলকাতায় ৭ বছর প্রসারিত করা হল। কলকাতার বাইরেও এটা সম্প্রসারিত করা হল। একটা ছোট শিল্পে নির্দিষ্ট ক্ষেত্রে যে বিক্রয় কর দেন, তাদের শতকরা ৯০ ভাগ আমরা ফেরত দেব। কোনও রাজ্য এটা করেনি। ছোট শিল্পের প্রসারণের মাধ্যমে শিল্পগুলির আভ্যন্তরীণ প্রতিযোগিতা এবং কর্মসংস্থান বৃদ্ধি পায়। আমরা বড় শিল্পকে খুব গুরুত্বপূর্ণ বলে মনেকরি। কিন্তু একই সঙ্গে প্রয়োজনীয় ছোট শিল্পের সঙ্গে বড় শিল্পের সংযোগ। শুধু কলকাতায় নয়, জেলায় শিল্পের ক্ষেত্রে এই বাজেটে আমরা নতুন প্রকল্পের কথা, ২৫০ কোটি টাকার সামগ্রিক প্রকল্প ঘোষণা করেছি, যেটি রাজ্য সরকার এবং ব্যাঙ্ক মিলে করবো। রাজ্য সরকার মার্জিন মানি ১০ শতাংশ দেবে। ছোট শিল্পের ক্ষেত্রে প্রত্যেকটি জেলাতে ব্যাঙ্ক, ওয়েস্ট বেঙ্গল ফিনান্সিয়াল কর্পোরেশন, কো-অপারেটিভ ব্যাঙ্ক মিলে আমরা ইতিমধ্যে জেলাস্তরে শুরু করে দিয়েছি। এর মাধ্যমে প্রায় ৩০ হাজার ইউনিটে দেড় লক্ষ মানুষের, শহরাঞ্চলে এখানে ওয়েস্ট বেঙ্গল ফিনান্সিয়াল কর্পোরেশন একটা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আমি এটা বলতে যেতাম না। মাননীয় সুদীপবাবু আবার প্রশ্ন রেখেছিলেন, মান্নান সাহেবও রেখেছিলেন। সুদীপবাবু বলেছিলেন, কৈ, পশ্চিমবাংলায় আপনারা তো ব্যাঙ্ক করতে পারলেন না? আমরা শুরু করতে চেয়েছি। আমরা আশির দশক থেকে করতে চাইছি। আপনারা বার বার বাধা দিয়েছেন। কেন্দ্রে এখন বন্ধু সরকার আসার পর আনন্দের হাওয়া বইতে শুরু করেছে। নতুন অবস্থায় ওয়েস্ট বেঙ্গল ফিনান্সিয়াল কর্পোরেশনের হাতে বাড়তি একটা ক্ষমতা আসছে। ওয়েস্ট বেঙ্গল ফিনান্সিয়াল কর্পোরেশন মানুষের কাছ থেকে আমানত নিতে পারবে, ডিপোজিট নিতে পারবে। এটা রাজ্যের মধ্যে একটা মিনি ব্যাঙ্ক হয়ে গেল, যেহেতু অ্যাপ্রোপ্রিয়েশন বিলের মধ্যে এটি নিহিত আছে। তাই আমি বলছি যে, জেলায় জেলায় আমরা এর শাখা বৃদ্ধি করবো। কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে ক্রেডিট ডিপোজিট রেশিওতে এখন এগুলি থেকে ৭৫ ভাগ ক্ষেত্রে শিল্পগোষ্ঠীগুলো ঋণ পাচ্ছে, যেখানে ঋণ ফেরত দেবার হারটা আমরা ৭০ শতাংশ বৃদ্ধি করেছি। সেইরকম জায়গায় ওয়েস্ট বেঙ্গল ফিনান্সিয়াল কর্পোরেশনকে নিয়ে যাব। এই যে নতুন শিল্পায়নের সম্ভাবনা দেখা দিয়েছে, সেখানে আমাদের রাজ্যে সমবায় ব্যাঙ্ক, ওয়েস্ট বেঙ্গল ফিনান্সিয়াল কর্পোরেশন এবং রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের স্টেট লেভেল কো-অর্ডিনেশন কমিটির চেয়ারম্যান, ইউ.বি.আই.-এর চেয়ারম্যানের সঙ্গে কথা বলে নিয়েছি। যেহেতু শিল্পের কথা বলা হয়েছে, একটা শিল্প এখানে শুরু হল। প্রবোধ পুরকায়স্ত মহাশয় বলছিলেন, আমি কাগজপত্র যা এনেছি, ১৯৯৫ সালে আমাদের রাজ্যে ৩৮৭টি প্রকল্প অনুমোদিত হয়। যার বিনিয়োগ, অর্থাঙ্ক হচ্ছে ১০,২৬২ কোটি টাকা। তারপর আপনি থামতে চান নি। আপনি বলছিলেন, কটা রূপায়ণ হয়েছে, ইমপ্লিমেনটেড হয়েছে কটা? ৮০টি শুরু হয়ে গেছে, যার টাকার পরিমাণ হচ্ছে ২,২৪০ কোটি টাকা। তারপর প্রশ্ন করেছেন, এরমধ্যে কটা শেষ হয়ে গেছে? ১৬টি শেষ হয়ে গেছে। আমি আপনাকে নির্দিষ্ট ভাবে উত্তর দিয়ে দিলাম। আমি নির্দিষ্ট ভাবে আর একটি কথা বলছি। শিল্পোৎপাদন বৃদ্ধির হার ১৯৯৩-৯৪ সালে ছিল ২.৯ শতাংশ। ১৯৯৪-৯৫ সালে বৃদ্ধির হার ছিল ৫.৯ শতাংশ, ১৯৯৫-৯৬ সালে ছিল ৮.৩ শতাংশ। উৎপাদন বৃদ্ধির হার ১৯৯৬-৯৭ সালে ১০ শতাংশকে অতিক্রম করে চলে যাবে। মোট উৎপাদন বৃদ্ধির হার, যার উপরে আপনারা কটাক্ষ করতে শুরু করেছিলেন। গত বছরে

সমস্ত রাজ্যস্তরে বা সমস্ত রাজ্যে যেখানে মোট উৎপাদন ৭ শতাংশও হয়নি সেখানে এই রাজ্যে ৭.০৩ শতাংশ। কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেছেন যে, মোট উৎপাদনের হার যদি ৭ শতাংশের বেশি হয় তাহলে মনে করতে হবে খুব ভাল ফল হয়েছে। সেখানে আমাদের এখানে ১৯৯৬-৯৭ সালে মোট উৎপাদনের বৃদ্ধির হার ৭.০৬ শতাংশ হয়ে গেছে। তথ্য দিয়ে যদি দেখা যায় তাহলে তুলনামূলকভাবে দেখা যাবে যে অন্যান্য রাজ্যগুলোর তুলনায় পশ্চিমবঙ্গ এগিয়ে। মোট উৎপাদন বৃদ্ধির যে হার তাতে পশ্চিমবঙ্গ প্রথম, তারপরে মহারাষ্ট্রের হার। তারপরে আসছে হরিয়ানা, তারপরে তামিলনাড়ু এবং তারপরে কর্ণাটক। আমি প্রত্যেকটির জবাব দেব কারণ আমি উত্তর দিতে দায়বদ্ধ। সর্বশেষ বলতে চাই আমরা মোট বিকেন্দ্রীকরণের মাধ্যমে এগোতে চাই। স্টেট ফিনান্স কমিশনের রিপোর্ট গতকাল পেশ করেছি। এবং এরফলে আমাদের পশ্চিমবঙ্গে একটা নতুন দরজা খুলে দিয়েছে। বিভিন্ন দপ্তরের সঙ্গে একটা সমন্বয় সাধনের মধ্যে দিয়ে আমরা এগোতে চাইছি। সেখানে জেলাস্তর, পঞ্চায়েত এবং পৌরসভাগুলোকে যুক্ত করে তারমধ্যে দিয়ে আমরা মানুষকে আরও বেশি করে ক্ষমতা দিতে চাই। জেলা স্তরের প্রকল্পগুলো রূপায়ণের ক্ষেত্রে বিকেন্দ্রীকরণের মধ্যে দিয়ে আমরা আরও এগুতে চাইছি। সেখানে কোনও রাজ্যে এই ধরনের ক্ষমতা দেওয়া হয়নি যে সাধারণ মানুষকে কাজের মধ্যে যুক্ত করা হবে। রাজীব গান্ধীর কথা আপনারা বললেন, সেই প্রসঙ্গে বলি প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধী একবার মিটিং করে বলেছিলেন যে পশ্চিমবঙ্গে যেভাবে পঞ্চায়েত ব্যবস্থা চলছে সেটা গোটা রাজ্যের কাছে মডেল হওয়া উচিত। ১৯৭৭ সালের পর থেকে পশ্চিমবঙ্গ যা করছে তা প্রত্যেকটি রাজ্যের করা উচিত এবং একটা মডেল হওয়া উচিত। সুতরাং আপনি রাজীব গান্ধীর কথা তুলে যেটা বলেছিলেন আমার মনে হয় আপনি একটু গুলিয়ে ফেলেছিলেন। আজকে এই বিকেন্দ্রীকরণের ফলে রাজ্যস্তরে আর্থিক ক্ষমতা এবং জেলাস্তরে ব্যাপক ক্ষমতা দিতে হবে। সেইসঙ্গে সঙ্গে আরেকটা বলছি যে, পঞ্চায়েতের মানুষকে আমরা বুঝিয়ে দিতে চাই যে শুধু ক্ষমতা দেওয়াই নয়, তাদের একটা নতুন দিগন্ত খুলে দিচ্ছি। পঞ্চায়েত বলুন বা পৌরসভা এলাকার মানুষ বলুন, এমন কি আপনার এলাকার কথাই বলুন, যাদের অগ্রগতির ন্যূনতম ক্ষেত্র নেই, তাদেরকে আমরা এরমধ্যে জড়িত করেছি। তারপরে অডিটের কথা নিয়ে যে উঠেছে আমরা সব হিসাব দিতে চাই। সুতরাং এর চেয়ে স্বচ্ছ ব্যবস্থা আর কি হতে পারে? আর দুর্নীতির কথা বলছেন আজকে পৃথিবীতে তিন ধরনের মডেল আছে একটা দক্ষিণপন্থী আই এম এফ লাইন, আরেকটা কেন্দ্রীভূত পরিকল্পনা এবং আরেকটি হচ্ছে বিকল্প ব্যবস্থা। আমরা ওই বিকল্প ব্যবস্থার মধ্যে দিয়ে বিকেন্দ্রীকরণ করে মানুষকে আরও বেশি করে পরিকল্পনার মধ্যে জড়িত করতে পেরেছি। সেই কারণে আরও বেশি করে আমরা পরিকল্পনার উপরে জোর দিয়েছি। এইকথা বলে এই বাজেটের উপরে যে অ্যাপ্রোপ্রিয়েশন বিল এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আগামীকাল মেনশন নেওয়া হবে না বলেছিলাম কিন্তু যদি কোনও আরজেন্ট বা সিরিয়াস মেনশন সদস্যদের থাকে তাহলে নিশ্চয় নেওয়া হবে।

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Appropriation (No.2) Bill, 1996, be taken into consideration, was then put and agreed to.

Clauses 1 to 3, Schedule and the Preamble :

**Mr. Deputy Speaker :** There is no amendment to clauses 1 to 3, Schedule and the Preamble.

The question that Clauses 1 to 3, Schedule and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Appropriation (No.2) Bill, 1996, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**Mr. Deputy Speaker :** Honorable Members, here is an announcement. Tomorrow, we will be taking some Mention matters which are very urgent in nature.

## Adjournment

The House was then adjourned at 6-59 p.m. till 11-00 Hours on Wednesday, the 24th July, 1996 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Lagislative Chamber of the Assembly House, Calcutta on Wednesday, the 24th July, 1996 at 11.00 a.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 25 Ministers, 12 Ministers of State and 195 Members.

### Unstarred Questions
### (to which written answers were laid on the Table)

**রাজ্যে অনগ্রসর শ্রেণীভুক্তদের চাকুরি প্রদান**

১৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩২।) **শ্রী আব্দুল মান্নান ঃ** তফসিলি জাতি ও আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

৩১শে মার্চ ১৯৯৬ পর্যন্ত এই রাজ্য অন্যান্য অনগ্রসর শ্রেণীর (ও.বি.সি. তালিকাভুক্ত) মোট কতজনকে চাকুরি দেওয়া হয়েছে?

**তফসিলি জাতি ও আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

৩০ জনকে।

**রাজ্যের হাসপাতালে কিড্‌নি ট্রান্সপ্লান্টের ব্যবস্থা**

১৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩৪।) **শ্রী আব্দুল মান্নান ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) রাজ্যের কতগুলি সরকারি হাসপাতালে কিড্‌নি ট্রান্সপ্লান্ট অপারেশনের ব্যবস্থা আছে; এবং

(খ) দুস্থ ও দরিদ্র রোগীদের ক্ষেত্রে ঐ অপারেশন বিনা ব্যয়ে করার কোনও ব্যবস্থা আছে কি না?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) একটি।

(খ) আছে। তবে যে ঔষধ হাসপাতালে নেই এবং এ সম্পর্কিত যে সমস্ত বিশেষ পরীক্ষা হাসপাতালে হয় না, সেগুলি রোগীকে বাইরে থেকে ব্যবস্থা করতে হয়। তাছাড়া রোগীকে আইনানুযায়ী বিকল্প কিড্‌নির ব্যবস্থা করতে হয়।

**রাজ্যে রেশনে নিম্নমানের খাদ্য সরবরাহ**

১৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪।) **শ্রী আব্দুল মান্নান :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি--

(ক) একথা কি সত্যি যে রাজ্যের রেশন দোকানগুলিতে নিম্নমানের খাদ্যসামগ্রী সরবরাহ করা হয়; এবং

(খ) সত্যি হলে, এর প্রতিকারে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) রাজ্যের গণবন্টন ব্যবস্থার জন্য প্রয়োজনীয় খাদ্য সরবরাহ করার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। কেন্দ্রীয় খাদ্যভাণ্ডার থেকে কেন্দ্রীয় সরকার ভারতের খাদ্য নিগমের মাধ্যমে খাদ্যশস্য সরবরাহ করেন। এই খাদ্যশস্যের মূল্য এবং গুণমান উভয়ই কেন্দ্রীয় সরকার নির্দ্ধারণ করেন। ভারতের খাদ্যনিগম মাঝে মাঝে নিম্নমানের খাদ্যসামগ্রী সরবরাহ করেন।

(খ) এই ধরনের বিষয় গোচরে এলে রাজ্য সরকারের পক্ষ থেকে ভারতের খাদ্য নিগমের দৃষ্টি আকর্ষণ করা হয়। প্রয়োজনে ঐ ধরণের খাদ্যশস্য রাজ্য সরকার গ্রহণ করতেও অস্বীকার করেন।

**ভূমিহীন কৃষি শ্রমিককে চাল বন্টন**

১৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫২) **শ্রী আব্দুল মান্নান :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে জানাবেন কি--

(ক) ১৯৯৪-৯৫ ও ১৯৯৫-৯৬ আর্থিক বছরে রাজ্যে কত জন ভূমিহীন কৃষি শ্রমিককে কত পরিমাণ চাল বন্টন করা হয়েছে; এবং

(খ) এজন্য রাজ্য সরকারকে কি পরিমাণ অর্থ ভর্তুকী দিতে হয়েছে?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ১৯৯৪-৯৫ ও ১৯৯৫-৯৬ আর্থিক বছরে রাজ্যে ১,৫৫,৩২,৬৪৫ জন ও ১,৫০,৮৮,৯৬৭ জন ভূমিহীন কৃষি শ্রমিককে যথাক্রমে ৪৮.৯১১.৮৮ মেট্রিক টন এবং ৭৫,২৯৮.৫৬ মেট্রিক টন চাল বন্টন করা হয়েছে।

(খ) এজন্য রাজ্য সরকারকে ১৯৯৪-৯৫ আর্থিক বছরে ১০,৫৮,৫৬,৩০০.৬৭ টাকা এবং ১৯৯৫-৯৬ আর্থিক বছরে ১৫,২১,৪৯,১৭৫.৫৬ টাকা ভর্তুকী দিতে হয়েছে।

**হীরাপুর বিধানসভা এলাকার রাস্তাঘাট**

১৭০। ( অনুমোদিত প্রশ্ন নং ৯৫) **শ্রী শ্যামাদাশ ব্যানার্জ্জী :** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

বর্দ্ধমান জেলার হীরাপুর বিধানসভার অন্তর্গত আসানসোল মিউনিসিপ্যাল করপোরেশনের ১৭টি ওয়ার্ডে ও কুলটি পৌরসভার ২টি ওয়ার্ডের বিস্তীর্ণ অঞ্চলে রাস্তাঘাটের সমস্যা সমাধানের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** সরকার সরাসরি এ-ধরনের কাজ করে না।

সংশ্লিষ্ট পৌরসভা এ-ধরনের কার্যাদি করে থাকে।

**দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদকে অর্থ প্রদান**

১৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯) **শ্রী আব্দুল মান্নান** ঃ পার্বত্য-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) দার্জিলিং গোর্খা পার্বত্য পরিষদকে গত ১৯৯৩-৯৪, ১৯৯৪-৯৫ ও ১৯৯৫-৯৬ এর আর্থিক বছরগুলিতে প্রদত্ত অর্থের পরিমাণ কত;

(খ) তার মধ্যে পরিকল্পনা ও পরিকল্পনা-বহির্ভূত খাতে ব্যয়িত অর্থের পরিমাণ কত; এবং

(গ) উক্ত পরিষদ তাদের প্রাপ্ত টাকার কোনও হিসাব দাখিল করেছে কি না?

**পার্বত্য-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৩২ কোটি ৮৯ লক্ষ ৮৩ হাজার ৪ শত টাকা।

(খ) পরিকল্পনা খাতে ৭৯ কোটি ৬৪ লক্ষ ১৪ হাজার টাকা এবং পরিকল্পনা বহির্ভূত খাতে ৫৩ কোটি ২৫ লক্ষ ৬৯ হাজার ৪ শত টাকা।

(গ) হ্যাঁ।

**মগরায় রেল-ক্রসিং এর উপর উড়াল পুল**

১৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১০০) **শ্রী আব্দুল মান্নান** ঃ পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) হুগলি জেলার জি.টি. রোডের উপর মগরার কাছে রেলের লেভেল ক্রসিং-এর উপর উড়াল পুল নির্মাণের কোনও পরিকল্পনা আছে কি না;

(খ) থাকলে কবে নাগাদ উক্ত নির্মাণ কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) পূর্ত (সড়ক) বিভাগে এরূপ কোনও পরিকল্পনা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

**সরকারি হাসপাতালে পেয়িং বেডকে কেবিনে রুপান্তর**

১৭৩। ( অনুমোদিত প্রশ্ন নং ১০৮) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি স্বাস্থ্য দপ্তর থেকে প্রতিটি সরকারি হাসপাতালের সুপারের উদ্দেশ্যে নির্দেশ জারি করে মোট শয্যার অন্তত তিরিশ শতাংশ পেয়িং-বেড, কেবিনে রূপান্তরিত করতে বলা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, এইরূপ নির্দেশ জারি করার কারণ কি?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) এইরূপ নির্দেশ জারি করার কারণ হল, পেয়িং বেড এবং কেবিন থেকে যে আয় হবে তা হাসপাতালের দৈনন্দিন এবং অতিপ্রয়োজনীয় জরুরী কাজে ব্যয় করা হবে।

**ম্যালেরিয়া প্রতিরোধ ব্যবস্থা**

১৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১০৯) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) ১৯৯৫ সালের জানুয়ারী মাস থেকে ডিসেম্বর মাস পর্যন্ত রাজ্যে কত জন ম্যালেরিয়া আক্রান্ত হয়েছেন এবং তন্মধ্যে কতজনের মৃত্যু হয়েছে; এবং

(খ) ম্যালেরিয়া প্রতিরোধের জন্য রাজ্য সরকার কি কি বিশেষ ব্যবস্থা গ্রহণ করেছেন?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) উক্ত সময়ে ম্যালেরিয়ায় আক্রান্ত ও মৃতের সংখ্যা যথাক্রমে ৮৯,১৬৭ এবং ৮৯।

(খ) ভারত সরকারের জাতীয় ম্যালেরিয়া নির্মূলীকরণ পরিকল্পনার অধীন পরিমার্জিত ক্রিয়াপ্রণালী (মডিফায়েড প্লান অব্ অপারেশন) কর্মসূচির অন্তর্গত সুনির্দিষ্ট নীতিগুলিই রাজ্য সরকারের নীতি।

এই সুনির্দিষ্ট নীতিগুলি হলো ঃ

(১) ম্যালেরিয়া রোগের প্রকোপ কমানো,

(২) ম্যালেরিয়া রোগজনিত মৃত্যু রোধ করা,

(৩) ম্যালেরিয়া রোগজীবাণু বহনকারী মশার বংশ নাশ করা,

(৪) দ্রুত রোগ নির্ণয় এবং চিকিৎসার ব্যবস্থা করা,

(৫) দুরবর্তী ও দুর্গম এলাকায় স্বেচ্ছাসেবী সংগঠনগুলির মাধ্যমে ম্যালেরিয়া নিবারক ঔষধ বিতরণ কেন্দ্র স্থাপন করা।

রোগ নির্ণয়ের জন্য জেলাস্তরে হাসপাতাল থেকে আরম্ভ করে উপ-স্বাস্থ্যকেন্দ্র পর্যন্ত প্রতিটি স্থানে জ্বরের রোগীর রক্তের নমুনা সংগ্রহের ব্যবস্থা করা হয়েছে। তা ছাড়া স্বাস্থ্য কর্মীরা বাড়ি বাড়ি ঘুরে জ্বরের রোগীর সন্ধান পেলেই রক্তের নমুনা সংগ্রহ করার কাজ দ্রুত করছেন। এই সংগৃহীত রক্তের নমুনাগুলি জেলাস্তর হাসপাতাল থেকে ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র পর্যন্ত বিভিন্ন কেন্দ্রে পরীক্ষা করার ব্যবস্থা করা হয়েছে। রক্তের নমুনা সংগ্রহ করার পর পরই রোগীকে প্রয়োজনীয় হাসপাতালে স্থানান্তরিত করার ব্যবস্থা করা হচ্ছে।

ম্যালেরিয়া চিকিৎসার জন্যে প্রয়োজনীয় ঔষধ রোগী যাতে অনায়াসে পেতে পারে সে দিকে দৃষ্টি রেখে সমস্ত হাসপাতাল এবং স্বাস্থ্য ও উপস্বাস্থ্য কেন্দ্রগুলিতে এমন কি প্রতিটি স্বাস্থ্য কর্মীর এবং অঙ্গনওয়াড়ি কর্মীর কাছে প্রয়োজনীয় ঔষধ রাখার ব্যবস্থা করা হয়েছে। দুরবর্তী এবং দুর্গম এলাকাগুলিতে যেখানে স্বাস্থ্যকর্মী বা অঙ্গনওয়াড়ি কর্মী নেই, স্বেচ্ছাসেবী সংগঠন,স্কুল শিক্ষক এবং গ্রাম পঞ্চায়েতের সহযোগিতায় ঔষধ বিতরণ কেন্দ্র এবং চিকিৎসাকেন্দ্র খোলা হয়েছে।

**সমস্ত রোগপ্রবণ এলাকায় নিয়মিতভাবে কীটনাশক ঔষধ স্প্রের সাহায্যে ছড়ানো হচ্ছে। এছাড়া বিশেষ সক্রামিত এলাকায় যথা জলপাইগুড়ি এবং কোচবিহার জেলায় প্রতি বছর অতিরিক্ত দুই মাস থেকে আড়াই মাস কীটনাশক ঔষধ ছড়ানো হচ্ছে।**

ম্যালেরিয়া নিয়ন্ত্রণ কর্মসূচি মনিটারিং ও তত্ত্বাবধান করার জন্য রাজ্যস্তরে মুখ্যসচিবের নেতৃত্বে একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন কমিটি গঠন করা হয়েছে। বিভিন্ন বিভাগীয় সচিব, স্বেচ্ছাসেবী প্রতিনিধি, চা বাগান সমিতির প্রতিনিধি এবং আই.এম.এ'র প্রতিনিধি এই কমিটিতে আছেন। জেলাস্তরেও জলপাইগুড়িতে জেলা সভাপতির নেতৃত্বে অনুরূপ একটি কমিটি গঠন করা হয়েছে।

ম্যালেরিয়া চিকিৎসাকেন্দ্র সম্পর্কে জনসাধারণকে অবহিত করার জন্য এবং জনসাধারণের মধ্যে স্বাস্থ্যসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে প্রচলিত গণমাধ্যমগুলির সাহায্যে প্রচারাভিযান চালানো হচ্ছে।

### গ্রামীণ পানীয় জলের উন্নতিকল্পে পদক্ষেপ

১৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১১১) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) এটা কি সত্যি যে, ১৯৮৮ সালে কেন্দ্রীয় সরকারের অধীনস্থ টেকনোলজি মিশন এই রাজ্যে ১২০টি ব্লকের জন্য গ্রামীণ পানীয় জলের উন্নতিকল্পে অর্থ মঞ্জুর করে এবং মূল গাইড লাইন হিসাবে মেদিনীপুর, বাঁকুড়া এবং পুরুলিয়া জেলাকে চিহ্নিত করা হয়;

(খ) সত্যি হলে, উক্ত পানীয় জল প্রকল্প রূপায়ণের জন্য বিভিন্ন ব্লকে টিউবওয়েল বসানোর ক্ষেত্রে দুর্নীতি বা চুরির কোনও ঘটনা রাজ্য সরকারের গোচরে এসেছে কিনা;এবং

(গ) সত্যি হলে,

(১) এ বিষয়ে কোনও তদন্ত হয়েছে কি না; এবং

(২) অভিযুক্তদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি না?

**জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) শুধুমাত্র মেদিনীপুর জেলার কেশিয়ারি ব্লকে একটি চুরির ঘটনা ঘটেছে। বাঁকুড়া বা পুরুলিয়া জেলায় কোনও ঘটনা সরকারের গোচরে নেই।

(গ) (১) পরবর্তীকালে চুরি হওয়া মাল উদ্ধার করা হয় এবং বর্তমানে কেশিয়ারী থানায় জমা আছে।

(২) একটি মামলা রুজু হয়েছে।

### রাজ্যের গ্রামাঞ্চল ও শহরে রেশনে মাথাপিছু কেরোসিন সরবরাহের পরিমাণ

১৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২০) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) রাজ্যের গ্রামাঞ্চলে এবং শহরে রেশনে মাথাপিছু কেরোসিন তেলের বরাদ্দ কত;

(খ) রাজ্যের চাহিদা অনুযায়ী কেন্দ্রীয় সরকার কেরোসিন তেল সরবরাহ করে কি না; এবং

(গ) না করে থাকলে (প্রকৃত চাহিদা ও সরবরাহের হিসাব উল্লেখ করে) কেরোসিন তেলের ঘাটতি কি পরিমাণ?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) পশ্চিমবঙ্গ সরকারের স্কেল অনুযায়ী প্রতি সপ্তাহে রেশনকার্ড পিছু শহরে ১/২ লিটার এবং গ্রামাঞ্চলে ১/৪ লিটার তেল দেওয়া হয়।

(খ) না।

(গ) রাজ্যের চাহিদা প্রতি মাসে প্রায় ১ লক্ষ কিলোলিটার। বর্তমানে কেন্দ্রীয় সরকার তেল সরবরাহ করে ৮১,৭৭০ কিলোলিটার। তার ফলে ঘাটতির পরিমাণ ১৮,২৩০ কিলোলিটার।

**ডায়মন্ডহারবার হাইওয়ের ডিভিসনের অধীন জে.জে.কে. রোড সংস্কার**

১৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** পূর্ত (সড়ক) দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) দক্ষিণ চব্বিশ পরগনা জেলার ডায়মন্ডহারবার হাইওয়ে ডিভিসনের অধীন জয়নগর জালাবেরিয়া-কুলতলি রাস্তা (জে.জে.কে. রোড) সম্প্রসারণ ও সংস্কারের কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, ঐ কাজ ত্বরান্বিত করার জন্য রাজ্য সরকার এ পর্যন্ত কি কি পদক্ষেপ নিয়েছেন?

**পূর্ত (সড়ক) দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) আছে।

(খ) কাজ শুরু করা হয়েছে এবং সংস্কারের জন্য প্রয়োজনীয় প্রাকলন তৈরি করা হচ্ছে।

**সমবায়-সমিতির কর্মচারীদের বেতন কাঠামো গঠন**

১৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৭) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) ইহা কি সত্যি যে, সমবায়-সমিতির কর্মচারিদের বেতন কাঠামো গঠন করা এবং ১৯৯৩ সনের ১লা মার্চ থেকে সেই বেতন কাঠামো অনুযায়ী বেতন দানের সরকারি প্রতিশ্রুতি থাকা সত্ত্বেও আজ পর্যন্ত তা কার্যকর হয় নি;

(খ) সত্যি হলে, উক্ত প্রতিশ্রুতি পালন না করার কারণ কি;

(গ) ইহা কি সত্যি যে, রাজ্য সরকার সমবায়-সমিতির কর্মচারিদের ১৯৯১ সনের ১লা

জানুয়ারি থেকে মাসিক ১০০ টাকা ও ১৯৯৪ সনের ১লা এপ্রিল থেকে মাসিক ৩৫০ টাকা হারে এড্‌হক বেতন দানের প্রতিশ্রুতি দিয়েছিলেন; এবং

(ঘ) সত্যি হলে, উক্ত প্রতিশ্রুতি পালন না করার কারণ কি?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** ঃ (ক) এবং (খ) এরূপ কোনও সরকারি প্রতিশ্রুতি ছিল না। সুতরাং বেতন কাঠামোর সুপারিশ কার্যকর করার প্রশ্ন ওঠে না।

(গ) ইহা সত্যি যে, রাজ্য সরকার কিছু কিছু শ্রেণীর সমবায়-সমিতির কর্মচারিদের জন্য অনুরূপ হারে অতিরিক্ত তদর্থক. অনুদান দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন।

(ঘ) অনুদান দেওয়ার ব্যাপারে উক্ত প্রতিশ্রুতি পালিত হয়ে আসছে, সুতরাং না পালন করা প্রশ্ন ওঠে না।

### Introduction of New C.T.C Bus Route

179. ( Admitted Question No. 152) **Shri Sobhan Deb Chattopadhyay** : Will the Minister-in-charge of the Transport Department be pleased to state--

The reason of delay to introduce a new C.T.C Bus Route from Dharmatala to Jaynagar, via Garia?

**Minister-in-charge Transport Department** : At present introduction of new route by C.T.C is not possible unless new buses are procured.

### শান্তিপুর পাবলিক লাইব্রেরী হল সংস্কার

১৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৭) **শ্রী অজয় দে** ঃ গ্রন্থাগার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) শান্তিপুর পাবলিক লাইব্রেরি হল সংস্কারের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনাটি কিরূপ?

**গ্রন্থাগার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** ঃ (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### রাজ্যে দারিদ্র সীমার নিচে বসবাসকারি মানুষের সংখ্যা

১৮১। (অনুমোদিত প্রশ্ন নং ২২৭) **শ্রী সুকুমার দাস** ঃ উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) রাজ্যে শতকরা কত জন মানুষ বর্তমানে দারিদ্র সীমার নিচে বাস করেন; এবং

(খ) উক্ত বিষয়ে অন্যান্য রাজ্যের তুলনায় এই রাজ্যের অবস্থান কি রূপ?

**উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** ঃ (ক) সর্বশেষ পাওয়া তথ্যের ভিত্তিতে

১৯৮৭-৮৮ সালে পশ্চিমবঙ্গে শতকরা ২৭.৬ জন মানুষ দারিদ্র সীমার নিচে বাস করতেন।

(খ) এ বিষয়ে ঐ বছরে পশ্চিমবঙ্গের স্থান ছিল দশম স্থানে। অন্যান্য রাজ্যের অবস্থা ছিল নিম্নরূপ ঃ

১। পাঞ্জাব--৭.২%
২। অন্যান্য রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চল--৭.৭%
৩। হিমাচল প্রদেশ--৯.২%
৪। হরিয়ানা--১১.৬%
৫। জম্মু ও কাশ্মীর--১৩.৯%
৬। কেরল--১৭.০%
৭। গুজরাট--১৮.৪%
৮। আসাম--২২.৮%
৯। রাজস্থান--২৪.৪%
১০। পশ্চিমবঙ্গ--২৭.৬%
১১। মহারাষ্ট্র--২৯.২%
১২। অন্ধ্রপ্রদেশ--৩১.৭%
১৩। কর্ণাটক--৩২.১%
১৪। তামিলনাড়ু--৩২.৮%
১৫। উত্তরপ্রদেশ--৩৫.১%
১৬। মধ্যপ্রদেশ--৩৬.৭%
১৭। বিহার--৪০.৮%

## রাজ্যে দৈনিক বিদ্যুতের গড় চাহিদা

১৮২। (অনুমোদিত প্রশ্ন নং ২৫৭) **শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) সর্বশেষ তথ্য অনুযায়ী এ রাজ্যে দৈনিক বিদ্যুতের গড় চাহিদা কত;

(খ) ইহা কি সত্যি যে, বর্তমানে রাজ্যে উদ্বৃত্ত বিদ্যুৎ উৎপাদন হচ্ছে; এবং

(গ) সত্যি হলে, বাড়তি বিদ্যুৎ কোন কোন রাজ্যে বা কোন ক্ষেত্রে সরবরাহ করা হচ্ছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) সর্বশেষ তথ্য অনুযায়ী ১৯৯৫-৯৬ সালে এ রাজ্যে দৈনিক বিদ্যুতের গড় চাহিদা ৩০৫৪.৮ মেগাওয়াট।

(খ) রাজ্যের বিভিন্ন উৎপাদন কেন্দ্রের উৎপাদিত বিদ্যুৎ এবং কেন্দ্রীয় ক্ষেত্রের উৎপাদিত বিদ্যুতের পশ্চিমবঙ্গের প্রাপ্য বিদ্যুৎ একত্র করলে এই রাজ্যে প্রাপ্ত বিদ্যুৎ সাধারণত 'পিক' সময় ছাড়া অন্য সময় উদ্বৃত্ত হয়।

(গ) উদ্বৃত্ত বিদ্যুৎ ১৯৯৪-৯৫-তে ওড়িষ্যা, আসাম, বিহার ও অন্ধ্রপ্রদেশ এবং ১৯৯৫-৯৬ তে আসাম ও অন্ধ্রপ্রদেশে দেওয়া হয়েছে।

**বর্তমান আর্থিক বছরে মাথা পিছু আয়**

১৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ২৬৩) **শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ উন্নয়ন ও পরিকল্পনা** বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) ১৯৭৫-৭৬ এর আর্থিক বছরে এ রাজ্যের মানুষের মাথাপিছু আয়ের পরিমাণ কত ছিল এবং ১৯৯৫-৯৬ এর আর্থিক বছরে এর পরিমাণ কত; এবং

(খ) উক্ত বছর দুটিতে এ রাজ্যে কত শতাংশ মানুষ দারিদ্র সীমার নিচে বসবাস করছে?

**উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) বর্তমান মূল্যানুযায়ী ১৯৭৫-৭৬ এবং ১৯৯৫-৯৬ সালে পশ্চিমবঙ্গে মাথাপিছু আয় ছিল (অগ্রিম প্রাক্‌কলন) যথাক্রমে ১৬৬১.৩৭ টাকা এবং ৭২২৯.১৮ টাকা। ১৯৮০-৮১ সালের মূল্যানুযায়ী ঐ বছর দুটিতে মাথাপিছু আয় ছিল (অগ্রিম প্রাক্‌কলন) যথাক্রমে ১৭৭০.১৩ টাকা এবং ২৫৬৪.৫৫ টাকা।

(খ) যোজনা কমিশনের কাছ থেকে পাওয়া সর্বশেষ তথ্যানুযায়ী ১৯৭৭-৭৮ এবং ১৯৮৭-৮৮ সালে পশ্চিমবঙ্গে শতকরা ৫২.২ এবং ২৭.৬ জন মানুষ দারিদ্র সীমার নিচে বাস করতেন।

**মুর্শিদাবাদ জেলায় গভীর ও অগভীর নলকূপ**

১৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ২৭৩) **শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** জনস্বাস্থ্য কারিকরী বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) ইহা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলায় গভীর ও অগভীর নলকূপ বসানোর বিরুদ্ধে বিশেষজ্ঞরা অভিমত দিয়েছেন; এবং

(খ) সত্যি হলে, কোন কোন ব্লকের ক্ষেত্রে অভিমত দেওয়া হয়েছে?

**জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**রাজ্যে স্টেডিয়াম নির্মাণ**

১৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৪) **শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) ৩০শে জুন, ১৯৯৬ পর্যন্ত রাজ্যের কোন কোন জেলা-শহরে স্টেডিয়াম নির্মানের কাজ সমাপ্ত হয়েছে;

(খ) কোথায় কোথায় স্টেডিয়াম নির্মানের কাজ চলছে; এবং

(গ) রাজ্যের কোন কোন এলাকায় নতুন স্টেডিয়াম নির্মানের প্রস্থাব বিবেচনাধীন আছে?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ক্রীড়া দপ্তরে প্রাপ্ত তথ্য অনুযায়ী এই জেলা-শহরগুলিতে স্টেডিয়াম নির্মানের কাজ সমাপ্ত হয়েছে ঃ

| | জেলা | স্টেডিয়াম |
|---|---|---|
| (১) | কুচবিহার | কুচবিহার রয়াল প্যালেস গ্রাউন্ড স্টেডিয়াম |
| (২) | জলপাইগুড়ি | জলপাইগুড়ি স্টেডিয়াম |
| (৩) | মালদহ | মালদহ আউটডোর স্টেডিয়াম |
| (৪) | নদীয়া | কৃষ্ণনগর স্টেডিয়াম |
| (৫) | মেদিনীপুর | মেদিনীপুর স্টেডিয়াম |
| (৬) | পুরুলিয়া | ভিক্টোরিয়া স্কুল-গ্রাউন্ড স্টেডিয়াম এবং জেল গ্রাউন্ড স্টেডিয়াম |
| (৭) | বর্ধমান | অরবিন্দ (ইনডোর) স্টেডিয়াম এবং রাধারানি স্টেডিয়াম |
| (৮) | দক্ষিণ দিনাজপুর | বালুরঘাট স্টেডিয়াম |
| (৯) | হাওড়া | হাওড়া কর্পোরেশন স্টেডিয়াম |
| (১০) | কলকাতা | নেতাজী ইন্ডোর স্টেডিয়াম এবং যুবভারতী ক্রীড়াঙ্গন। |

(খ) (১) বারাসাত স্টেডিয়াম
(২) নৈহাটি স্টেডিয়াম
(৩) অশোকনগর স্টেডিয়াম
(৪) যাদবপুর স্টেডিয়াম
(৫) ডায়মন্ডহারবার স্টেডিয়াম
(৬) সিউড়ি স্টেডিয়াম
(৭) বোলপুর স্টেডিয়াম
(৮) চন্দননগর স্টেডিয়াম
(৯) কন্টাই স্টেডিয়াম
(১০) আসানসোল স্টেডিয়াম
(১১) বহরমপুর স্টেডিয়াম
(১২) দার্জিলিং স্টেডিয়াম।

(গ) আপাতত কিছু নেই। বিধানসভার সাবজেক্ট কমিটির সুপারিশ অনুযায়ী নির্মীয়মান স্টেডিয়ামগুলির কাজ সমাপ্ত করার উপরই জোর দেওয়া হচ্ছে।

**লেকগার্ডেন্স ও বন্ডেলগেট ফ্লাইওভারের কাজ**

১৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩০৪) **শ্রী সৌগত রায় :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) লেকগার্ডেন্স ও বন্ডেলগেট ফ্লাইওভারের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে;

(খ) উক্ত প্রকল্পগুলির কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত প্রকল্পগুলিতে কত অর্থ ব্যয় হবে বলে ধরা হচ্ছে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) উভয় ফ্লাইওভারের কাজ আরম্ভ হয়েছে।

(খ) ১৯৯৯ সালের মধ্যে শেষ হবে আশা করা যায়।

(গ) লেকগার্ডেন্স -- ২০৮২ লক্ষ টাকা।

বন্ডেলগেট -- ১০৬৫ লক্ষ টাকা।

**Holiday Pay and Allowances incurred by the W.B.E.C.S.C Ltd.**

187. (Admitted Question No. 318) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) total amount of expenditure on account of Holiday Pay & Allowances incurred by the W.B.E.C.S.C. Ltd., during the year 1994-95 and 1995-96 (Staffwise and Officerwise), and

(b) the steps taken by the authorities to minimise the expenses on this account?

**Minister-in-charge Food and Supplies Department :** (a) Total amount of expenditure incurred on payment of Holiday Pay & Allowances:

**1994-95**

Staff--Rs.2,34,105.35

Officer--Rs.49,038.00

Total--Rs.2.83,143.35

**1995-96 (upto December, 1995)**

Staff--Rs.4,84,905.75

Officer--Rs.85,842.25

Total--Rs.5,70,748.00

(b) No specific steps to reduce the expenditure in this regard could

be taken as being a commercial organisation the nature of its works are emergent and to be disposed immediately.

**W.B.E.C.S.C. Ltd. running without a Company Secretary**

188. (Admitted Question No. 319) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state--

(a) Whether it is a fact that the West Bengal Essential Commodities Supply Corporation Ltd. has been running without a Company Secretary since 27.11.1987;

(b) If so, the reason thereof; and

(c) The steps taken in the Matter?

**Minister-in-charge Food and Supplies Department :** (a) Yes.

(b) 3 (three) selected candidates one after another did not turn up in the year 1989 and the matter became subjudice from the year 1990.

(c) The Corporation is trying its level best for early disposal of the case.

**Appointment 'Service Rendering Agent' under W.B.E.C.S.C Ltd.**

189. (Admitted Question No. 320) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state--

(a) Whether it is a fact by appointing 'Service Rendering Agent', the West Bengal Essential Commodites Supply Corporation Ltd. procured musterd seeds untimely during the year 1995 at a much 'higher price'

(b) If so,

(i) total quantity proposed to be procured;

(ii) total quantity actually supplied by the Service Rendering Agent;

(iii) the terms and conditions with the Service Rendering Agent; and

(c) Penal steps, if any, taken by the authority against the said Agent for their failure to supply the stock procured at their end?

**Minister-in-cherge of Food and Supplies Department :** (a) The West Bengal Essential Commidities Supply Corporation Ltd. appointed

Messrs. Orissa Consumers' Co-operative Federation Ltd. as Service Rendering Agent to procure mustard seed in the month of May 1995 which was favourable time for procurement and it is not true that it was procures at a much higher price.

(b) (i) The Corporation had a target of procurement of about 5000 M.T. of mustard seed.

(ii) M/S. Orissa Consumers' Co-operative Federation, the Service Rendering Agent, helped the Corporation to procure 645 M.T. (approx) of mustard seeds.

(iii) Service Rendering Agent would rėnder all possible assistance to the Corporation in procuring mustard seed of 40% oil content and had to pay the transport charges on behalf of the Corporation. The transport charge would be reimbursed subsequently. Service Rendering Agent had also to pay the charges of weighment, unloading and stocking inside the warehouses. S.R.A. would get Rs. 7.50 per quintal of all these assistances. Besides this, S.R.A. would gọt Rs. 3.00 per quintal as brokerage for effecting purchase direct from the Mandi at Delhi.

(c) No penal steps could be taken against the Service Rendering Agent because M/S O.C.C.F., the S.R.A., was appointed as a mere agent to render service in procuring mustard seeds while the Corporation itself effected purchase directly from the 'Mandis'.

**Processing of Edible Oil**

190. (Admitted Question No. 321) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state--

(a) whether the West Bengal Essential Commodities Supply Corporation Ltd. has taken any steps to revitalise its Unit named Edible Oil Refinery and Packing Plant at Lake Gardens; and

(b) if so, the brief outline of the steps taken and the result there of?

**Minister-in-charge of Food and Supplies Department :** (a) Yes.

(b) A project report for refining and processing of Rice-bran Oil has already been prepared and evaluated by the experts and for this, refinery needs to be repaired thoroughly which will cost Rs. 20 lakhs, but the matter is still pending due to construction of the proposed fly-over across the plant and P.W.D. has proposed to dismantle many of the existing units. This can be finalised only after the completion of work by P.W.D.

**Annual Turnover of the W.B.E.C.S.C. Ltd.**

191. (Admitted Question No. 322) **Shri Sultan Ahmed :** Will the Minster-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) Whether annual turnover of the West Bengal Essential Commodities Supply Corporation Ltd. has been falling gradually year by year;

(b) If so, the reasons thereof; and

(c) The steps taken/proposed to be taken?

**Minister-in-charge of Food and Supplies Department :** (a) No. The annual turnover of W.B.E.C.S.C. Ltd. has been increasing since the financial year 1993-94.

(b) Does not arise.

(c) Government, in Food and Supplies Department, has moved to the Central Government to increase the allotment of edible oil. The Corporation have diversified its business activities. It has started business in Fertiliser, Tea, Iodised Salt, Exercise Books, Bulbs, Batteries and handling transportation of foodgrains in addition to the Cement business. Of late, the Corporation has started two considering seriously to take over levy sugar business from Food Corporation of India, supply of rice and washing powder through Public Distribution System and to enter into the business of white kerosene under Parallel Marketing System.

**Impact if Technological Upgradation and Modernisation of Industrial Units**

192. (Admitted Question No. 330) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) The estimated number of workers likely to be affected in the near future by the impact of technological upgradation and modernisation of Industrial Units in West Bengal; and

(b) The steps, if any, taken/proposed to be taken by the State Government to provide relief/assistance to the affected workers?

**Minister-in-charge of the Labour Department :** (a) The Govenmemt has no information on the subject.

(b) Does not arise.

## The Growth of Co-operative Societies

193. (Admitted Question No. 335) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Co-operation Department be pleased to state—

the growth of Co-operative Societies, membership of such societies and the working capital of such societies in West Bengal compared to the corresponding growth at all-India level during the period 1990-91 to 1994-95?

**Minister-in-charge of Co-operative Department :** Growth of Co-operative Societies during the period 1990-91 to 1994-95 in the State are given below:

| year | Total No.of Societies | Total No.of Membership | Total amount.of Working Capital |
|---|---|---|---|
| | | | (Rs. in lakhs) |
| 1990-91 | 24,454 | 69,05,000 | 187762 |
| 1991-92 | 24,881 | 69,53,000 | 194659 |
| 1992-93 | 25,394 | 70,03,000 | 202885 |
| 1993-94 | 25,692 | 71,42,000 | 237849 |
| 1994-95 | 25,862 | 71,82,000 | 272650 |

Growth of Co-operative Societies at all-India figure as on 30.6.1991 (All-India figure for subsequent years are not readily available) are given below:

| No.of Societies (In lakhs) | No.of Member (In lakhs) | Working Capital (Rs.in cores) |
|---|---|---|
| 3.53 | 1751 | 76919 |

## Steps taken for combating Malignant Malaria

194. (Admitted Question No. 342) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Health & Family Welfare Department be pleased to state—

(a) the steps taken/proposed to be taken for combating malignant malaria in the State;

(b) the number of malignant malaria cases detected/reported in the State during the last two years; and

(c) the number of deaths caused by malaria reported during this period.

**Minister-in-charge of the Health & Family Welfare Department:**

(a) State Government has taken a number of steps for combating malaria including malignant (Plasmoium Falciparum) malaria.These are given hereunder:

1.A High Power Board at the State level under the Chairmanship of the Chief Secretary has been constituted with the Secretaries of Different Departments, Commissioner of Calcutta Municipal Corporation, IMA's representative, representatives of Indian Tea Association, Indian Tea Planters' Association and the Regional Director of Government of India in the Ministry of Health & Family Welfare. The Board is entrused to co-ordinate malaria control activities of different agencies and to formulate future strategies. Malaria situation has also been reviewed by the Board. In Jalpaiguri district, the District Level Co-ordination Committee was formed with the District Level Officers of different deppartments and the representatives of the Indian Tea Planters' Association under the Chairmanship of the District Magistrate. A representative of Sabhadhipati of the Zilla Parishad is a permanent invitee to the Committee. The Committee reviews anti-malarial action programme of the district every month.

2. Control Rooms were made functioning in Calcutta as also in the endemic districts to constantly monitor the diseace surveillance and action programmes. Such control rooms shall also be opened this year as and when situation arises.

3. A number of Malaria Clinics and Hospitals are functioning in the Calcutta Municipal Corporation Area for quick diagnosis and treatment. Last year, considering the gravity of the situation, State Hospitals of Calcutta were made to function round the clock to treat the malaria patients. In the districts, a number of Fever Treatment Depots and Drug Distribution Centres, 107 Fever Treatment Depots and 206 Malaria Clinics are functioning in the State. Of these, 133 Drug Distribution Centres, 52 Fever Treatment Depots and 13 Malaria Clinics are functioning at Jalpaiguri alone. In all these centres treatment are given free of cost. Anti-malarial drugs are supplied free of cost on production of valid medical prescriptions also.

4. In all the endemic districts, anti-malarial insecticidal spray operation is carried out regularly. Considering the endemicity, an additional special round of spray operation is being done in the districts of Jalpaiguri and Cooch Behar.

5. State Government is working in close co-operation with the

Calcutta Municipal Corporation to prevent Malaria in the city.

Calcutta Municipal Corporation is doing larvicidal spray operation in the enemic wards.

6. All private hospitals, nursing homes and pathological laboratories have been requested to send daily reports of malarial incidence to the State Government.

7. Mass campaign is being carried on through popular media to make the people aware of the precautionery measures to be taken to combat malaria.

(b) 1994--15,399

1995--16,541

(c) 1994--52

1995--89

**Total Number of Government Agricultural Farms in West Bengal**

195. (Admitted Question No. 349) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

the total number of Government Agriculture Farms in West Bengal (Districtwise statement) ?

**Minister-in-charge of the Agriculture Department :** The total number of Government Agricultural Farms in West Bengal are 221. The districtwise break-up of the Farms are furnished below:

| | | |
|---|---|---|
| Cooch Behar | .. | 9 |
| Jalpaiguri | .. | 14 |
| Darjeeling | .. | 11 |
| Uttar Dinajpur and Dakshin Dinajpur | .. | 15 |
| Malda | .. | 12 |
| Murshidabad | .. | 25 |
| Nadia | .. | 13 |
| North 24-Parganas | .. | 9 |
| South 24-Parganas | .. | 7 |
| Howrah | .. | 6 |
| Hooghly | .. | 13 |
| Burdwan | .. | 22 |
| Birbhum | .. | 14 |
| Bankura | .. | 14 |

| | | |
|---|---|---|
| Purulia | .. | 14 |
| Midnapore (East) | .. | 10 |
| Midnapore (West) | .. | 13 |
| Total: | .. | 221 |

### রাজ্যের চালকলগুলি থেকে লেভির মাধ্যমে চাল সংগ্রহ

১৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ৩৫৯) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) ১৯৯৫-৯৬ আর্থিক বছরে রাজ্যে চালকলগুলির উপর লেভি আরোপের মাধ্যমে চাল সংগ্রহের কোনও লক্ষ্যমাত্রা সরকারের ছিল কি না;

(খ) থাকলে, তার পরিমাণ কত; এবং

(গ) ঐ সময়ে সংগৃহীত চালের পরিমাণ কত?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) রাজ্যে চালকলগুলির থেকে লেভি আরোপের মাধ্যমে চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা আর্থিক বছর অনুযায়ী ঠিক হয় না। এই লক্ষ্যমাত্রা ঠিক হয় খারিফ বর্ষ অনুযায়ী (১লা অক্টোবর থেকে ৩০শে সেপ্টম্বর)। ১৯৯৫-৯৬ খারিফ বর্ষে রাজ্য সরকার লেভি চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা ঠিক করেছেন।

(খ) রাজ্যের চালকলগুলি থেকে লেভি চাল সংগ্রহের স্থিরীকৃত লক্ষ্যমাত্রা ৩,৫০,০০০ মেট্রিক টন।

(গ) ১৯৯৫-৯৬ খারিফ বর্ষে অর্থাৎ ১লা অক্টোবর থেকে ১২.৬.৯৬ তারিখ পর্যন্ত মোট লেভি চাল সংগ্রহের পরিমাণ হোল ১,২৫,৪৪০ মেট্রিক টন।

### বাঁকা নদীর উপর ভগ্ন ঝিকড়া সেতু পুনর্নির্মাণ

১৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ৩৬১) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

বর্ধমান জেলার মেমারি-মন্তেশ্বর রোডে বাঁকা নদীর উপর ভেঙ্গে পড়া ঝিকড়া সেতুটির পুনর্নির্মাণের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** পূর্ত বিভাগের ঝিকড়া সেতুটির পুনর্নির্মাণের কাজ শুরু করেছিল। কিন্তু মহামান্য হাইকোর্টের আদেশানুসারে পুনর্নির্মাণের কাজ বর্তমানে স্থগিত আছে।

### কলকাতায় নৌ বিদ্রোহের স্মারকস্তম্ভ নির্মাণ

১৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ৩৯৬) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** ঃ কলকাতার নৌ বিদ্রহের স্মারক স্তম্ভ নির্মাণের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে? স্মারকস্তম্ভ নির্মাণের কাজ সমাপ্তির পথে। উক্ত স্মারকস্তম্ভটি

স্থাপনের জন্য স্থান নির্বাচনের কাজ চলছে।

**Calcutta Megacity Programme**

199. (Admitted Question No. 446) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of Urban Development Department be pleased to state—

(a) whether any target was fixed for raising institutional finance and advance for the Calcutta Megacity Programme by the Calcutta Metropolitan Development Authority (CMDA) during 1995-96.

(b) if so,

(i) the target fixed; and

(ii) the brief outlines of the institutional finance and advances actually raised by CMDA for the Calcutta Megacity Programme during 1995-96?

**Minister-in-charge of Urban Development Department :** (a) Yes.

(b) (i) Rs. 80.00 crores during 1995-96.

(ii) CMDA raised a total sum of Rs. 53.00 crores during 1995-96. Out of which Rs. 49.50 crores through issue of Non-SLR Bond and Rs. 3.50 crores as HUDCO loan for Baishnabghata Patuli Housing Project.

**Difficulty of Admission in Higher Secondery Courses**

200. (Admitted Question No. 459) **Shri Sultan Ahmed :** Will the Minister-in-charge of the Education (School) Department be pleased to state--

(a) whether the State Government is aware of the difficulties faced by the Students seeking admission in Higher Secondary School due to inadequate numbers of Higher Secondary School in the State.

(b) if so,

(i) what was the actual position of Demand and availability of admission Opportunities in Higher Secondary Schools during the three years; and

(ii) the steps taken/proposed to be taken?

**Minister-in-charge of School Education Department :** (a) There is no such difficulty of admission in Higher Secondery Courses due to inadequate number of Higher Secondery Schools.

(b) Does not arise.

**ক্রীড়াবিদদের কর্মসংস্থানের ব্যবস্থা**

২০১। (অনুমোদিত প্রশ্ন নং ৪৭৫) **শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) রাজ্যের হয়ে প্রতিনিধিত্ব করেছেন এমন ক্রীড়াবিদ বা খেলোয়াড়দের কর্মসংস্থানের জন্য সরকারের কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, তা কিরূপ?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ও (খ) রাজ্যের যে সমস্ত ক্রীড়াবিদ জাতীয় ও আন্তর্জাতিক স্তরে অংশগ্রহণ করেছেন তাঁরা সম-যোগ্যতা সম্পন্ন হলে সরকারি চাকুরিতে নিয়োগের ক্ষেত্রে সাধারণ প্রার্থীদের থেকে অগ্রাধিকার পান।

**রাজ্যের আদালতে বিচারকের শূন্যপদ**

২০২। (অনুমোদিত প্রশ্ন নং ৪৯৬) **শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) রাজ্যের নিম্ন আদালতগুলিতে বিচারক-এর শূন্যপদের সংখ্যা কত; এবং

(খ) উক্ত শূন্যপদগুলি পূরণের জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে কি না?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ৪৮ টি পদ।

(খ) হ্যাঁ।

**বন্ধ মার্টিনা সার্জিক্যাল করখানা**

২০৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫১১) **শ্রী রবীন্দ্র ঘোষ :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) এটা কি সত্যি যে, মহেশপুর মার্টিনা সার্জিক্যাল কারখানাটি বন্ধ আছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত কারখানার কর্মচারীগণ তাঁদের সমস্ত পাওনা টাকা পেয়েছেন কি না?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) সত্যি নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

**বক্রেশ্বর থার্মালে ল্যান্ড লুজারদের চাকরি**

২০৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫২০) **শ্রী সুনীতি চট্টরাজ :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) বক্রেশ্বর থার্মাল পাওয়ার প্রজেক্টে এ পর্যন্ত ল্যান্ড লুজারদের কোনও চাকরি দেওয়া হয়েছে কি না; এবং

(খ) চাকরি দেওয়া হয়ে থাকলে,

(১) কত জনকে, ও

(২) কি পদ্ধতিতে চাকরি দেওয়া হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ, দেওয়া হয়েছে।

(খ) (১) একজনকে চাকরি দেওয়া হয়েছে।

(২) বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্পের জন্য অধিগৃহীত জমির ল্যান্ড লুজারদের মধ্য থেকে কারিগরি যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের নিয়োগের জন্য বিজ্ঞপ্তি জারি করা হয়। কারিগরি শিক্ষায় যোগ্যতাসম্পন্ন একজন আবেদনকারীকে লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় যোগ্য বিবেচিত হওয়ার পর নিয়োগের চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়।

**স্বাস্থ্য দপ্তরের বাজেটে ঔষধে অর্থ বরাদ্দ বৃদ্ধি**

২০৫। ( অনুমোদিত প্রশ্ন নং ৫৪৩) **শ্রী ঈদ মহম্মদ ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

স্বাস্থ্য দপ্তরের বাজেটে ঔষধ বাবদ বরাদ্দ অর্থ বাড়ানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** হ্যাঁ। আছে।

**রাজ্যে রিভাইটালাইজেশনের কাজ**

২০৬। (অনুমোদিত প্রশ্ন নং ৫৪৫) **শ্রী ঈদ মহম্মদ ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

এ রাজ্যে এখন পর্যন্ত কতগুলি রিভাইটালাইজেশনের স্কীমের কাজ বাকি আছে (জেলাওয়ারি হিসাব)?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) চুরি যাওয়া বা নষ্ট হয়ে যাওয়া সিস্টেমকে নতুনভাবে কার্যকর করে তোলার প্রকল্পগুলিই রিভাইটালাইজেশন স্কীমের অঙ্গ। সুতরাং রিভাইটালাইজেশন প্রক্রিয়াটি একই সাথে প্রয়োজনভিত্তিক কন্টিনিউয়াস প্রসেস। কাজেই এর জন্য প্রচুর বিনিয়োগ লাগে এবং কাজের অগ্রগতিও বিনিয়োগের উপর নির্ভরশীল। ১৯৯৫-৯৬ আর্থিক বছরে রিভাইটালাইজেশনের জন্য চিহ্নিত জেলাওয়ারি হিসাব এবং ৩০-৪-৯৬ পর্যন্ত কাজের অগ্রগতির হিসাব দেওয়া হল ঃ

| জেলা | কাজের সংখ্যা | সাফল্য |
|---|---|---|
| ১। ২৪ পরগনা (উঃ) | ১১ | ১১ |
| ২। ২৪ পরগনা (দঃ) | ৪৪ | ২৯ |
| ৩। হাওড়া | ১৩ | ২ |
| ৪। হুগলি | ৩ | ১ |

| | | | |
|---|---|---|---|
| ৫। | বর্ধমান | ১ | ১ |
| ৬। | মেদিনীপুর | ৩৫ | ৫ |
| ৭। | বাঁকুড়া | ১৫ | ১৩ |
| ৮। | পুরুলিয়া | - | - |
| ৯। | বীরভূম-১৫-১৩.২ কিমি কেভি লাইন | ৩৩ | ২৭ |
| ১০। | নদীয়া | ৬ | ১৪ |
| ১১। | মুর্শিদাবাদ | ১০ | - |
| ১২। | মালদা | ৪ | ২০ |
| ১৩। | দিনাজপুর (দঃ) | ২২ | - |
| ১৪। | দিনাজপুর (উঃ) | ১৯ | - |
| ১৫। | জলপাইগুড়ি | ২৮ | ৪২ |
| ১৬। | কোচবিহার | ১৫ | ৩৪ |
| ১৭। | দার্জিলিং | - | ১১ |
| | ২৪১--১৩.২ কিমি ৩৩ কেভি লাইন | | ২১০ |

উপরোক্ত অবশিষ্টাংশ ছাড়া অন্য যে সব ক্ষেত্রে রিভাইটালাইজেশন স্কীমের মাধ্যমে যে সমস্ত ড্যামেজড ডিস্ট্রিবিউশন সিস্টেমকে পুনর্জীবিত করা বা বর্তমান সিস্টেমকে রিইনফোর্স করার দরকার সেইগুলি চিহ্নিতকরণের কাজ সংশ্লিষ্ট জেলা পরিষদগুলি করছেন।

বর্তমানে আর.ই.সি কোনও রিভাইটালাইজেশন স্কীমের জন্য টাকা দিচ্ছে না। তাই এই কাজের জন্য বিদ্যুৎ পর্ষদ পুরোপুরি জেলা ডেভেলপমেন্ট ফান্ড এবং এম.পি. এরিয়া ডেভেলপমেন্ট ফান্ডের ওপর নির্ভরশীল।

### সমবায় সমিতিতে কর্মচারিদের স্থায়ীকরণ

২০৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৫৫) **শ্রী ঈদ্ মহম্মদ ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) সমবায় সমিতির কর্মচারিদের স্থায়ী করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কত দিনের মধ্যে উক্ত পরিকল্পনা কার্যকর করা হবে বলে আশা করা যায়?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না, কারণ ব্যাপারটি রাজ্য সরকারের এক্তিয়ারভুক্ত নয়। এই সকল কর্মচারী সংশ্লিষ্ট সমিতির অধীনে কাজ করেন।

### মুর্শিদাবাদে রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর মূর্তি স্থাপন

২০৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৭) **শ্রী ঈদ্ মহম্মদ ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

মুর্শিদাবাদ জেলার 'টৈয়া' গ্রামে রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর মুর্তি স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** হ্যাঁ, আছে।

**মুর্শিদাবাদ জেলার শিমুলিয়াতে বাইপাস রোড নির্মাণ**

২০৯। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৮) **শ্রী ঈদ্ মহম্মদ ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

মুর্শিদাবাদ জেলার হাইওয়ে ডিভিশনের অন্তর্গত শিমুলিয়া গ্রামে বাইপাশ রোড তৈরি করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** আপাততঃ কোনও পরিকল্পনা সরকারের নেই।

**মুর্শিদাবাদে সালার বাইপাস রোড নির্মাণ**

২১০। ( অনুমোদিত প্রশ্ন নং ৫৬৯) **শ্রী ঈদ্ মহম্মদ ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

মুর্শিদাবাদ জেলা হাইওয়ে ডিভিশন-২ এর অন্তর্গত সালার বাইপাস রোড নির্মান করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** এই বিভাগে এরূপ কোনও পরিকল্পনা নেই।

**ভরতপুর এলাকায় নোনাই নদীর উপর ব্রীজ**

২১১। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭০) **শ্রী ঈদ্ মহম্মদ ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জনাবেন কি--

মুর্শিদাবাদ জেলার ভরতপুর থানার নোনাই নদীর উপর ব্রিজের কাজটি কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** বিষয়টি প্রাথমিক স্তরে বিবেচনাধীন থাকায় এখনই বলা সম্ভব নয়।

**সালার কলেজে বিভিন্ন কোর্স চালুর পরিকল্পনা**

২১২। ( অনুমোদিত প্রশ্ন নং ৫৭৪) **শ্রী ঈদ্ মহম্মদ ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) মুর্শিদাবাদ জেলায় সালার কলেজে পাস কোর্সে সোসিওলজি, জিওগ্রাফি, ইকোনমিক্স, কমার্স ইত্যাদি চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ও (খ) এ-সম্পর্কে আবেদনপত্র জমা পড়েছে। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

**সালার কলেজে বিভিন্ন বিষয়ে অনার্স কোর্স চালুর পরিকল্পনা**

২১৩। (অনুমোদিত প্রশ্ন নং ৫৭৬) **শ্রী ঈদ্ মহম্মদ ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপুর্বক জানাবেন কি--

(ক) মুর্শিদাবাদ জেলার সালার কলেজে বাংলা, রাষ্ট্রবিজ্ঞান এবং ইতিহাস বিষয়ে অনার্স চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা চালু করা হবে বলে আশা করা যায়?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ও (খ) একত্রে--বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

**বর্ধমানের পরিত্যক্ত এয়ারস্ট্রিপ**

২১৪। (অনুমোদিত প্রশ্ন নং ৫৮২) **শ্রী তপন হোড় ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) এটা কি সত্যি যে, বর্ধমানে চারটি পরিত্যক্ত এয়ারস্ট্রিপ কেন্দ্রীয় সরকারের আপত্তিতে চালু করা যাচ্ছে না;

(খ) সত্যি হলে, উক্ত এয়ারস্ট্রিপ চালু করতে কি কি বাধা আছে; এবং

(গ) উক্ত এয়ারস্ট্রিপ চালু করতে আনুমানিক কত অর্থের প্রয়োজন?

**পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) বর্ধমানে দ্বিতীয় বিশ্বযুদ্ধকালে ব্যবহৃত এবং বর্তমানে পরিত্যক্ত চারটি এয়ারস্ট্রিপের মধ্যে মাধাইগঞ্জ এবং গোপালপুর এয়ারষ্ট্রিপ দুটি চালু করা সম্ভব নয়। অপর দুটি এয়ারস্ট্রিপ যথা ওর গ্রাম এবং নিঙ্গা এয়ারস্ট্রিপ দুটি মেরামতির পর চালু করা য়ায। এই দুটি এয়ারস্ট্রিপের ব্যাপারে অসামরিক পরিবহন দপ্তরের কাছে চিঠি লেখা হয়েছে কিন্তু এখনও পর্যন্ত কোনও উত্তর পাওয়া যায় নি।

(খ) ওরগ্রাম এয়ারফিল্ডের ক্ষেত্রে--(১) রানওয়ের সাধারণ মেরামতি; (২) সংশ্লিষ্ট পরিকাঠামো গড়ে তোলা; (৩) জবরদখল উচ্ছেদ এবং (৪) জমি পুনরায় অধিগ্রহণ দরকার।

নিঙ্গা এয়ারফিল্ডের ক্ষেত্রে--(১) রানওয়ের ব্যাপক মেরামতি; (২) সংশ্লিষ্ট পরিকাঠামো গড়ে তোলা; (৩) জবরদখল উচ্ছেদ এবং (৪) জমি পুনরায় অধিগ্রহণ দরকার।

(গ) কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহন দপ্তরের সম্মতি সাপেক্ষে সার্ভে ছাড়া এটা বলা সম্ভব নয়।

**যাদবপুর বিশ্ববিদ্যালয়ে "আন্তর্জাতিক সম্পর্ক" বিভাগ চালুর প্রস্তাব**

২১৫। (অনুমোদিত প্রশ্ন নং ৫৯৪) **শ্রী তপন হোড় ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপুর্বক জানাবেন কি--

এটা কি সত্যি যে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের 'আন্তর্জাতিক সম্পর্ক' বিভাগ শরণার্থীদের সমস্যা নিয়ে একটি নতুন পঠন-পাঠন শাখা চালু করছে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** যাদবপুর বিশ্ববিদ্যালয় 'আন্তর্জাতিক সম্পর্ক' বিভাগে শরণার্থীদের সমস্যা নিয়ে একটি নতুন পঠন-পাঠন কেন্দ্র চালু করার প্রস্তাব বিবেচনা করছে।

**শিলিগুড়ি-দার্জিলিং হিলকার্ট রোড রক্ষণাবেক্ষণে ব্যয়**

২১৬। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৯) **শ্রী তপন হোড় ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) শিলিগুড়ি-দার্জিলিং হিলকার্ট রোডটি কবে থেকে জাতীয় সড়ক হিসাবে গণ্য হয়েছে; এবং

(খ) উক্ত জাতীয় সড়কটি রক্ষণাবেক্ষণে কেন্দ্রীয় সরকার (এ পর্যন্ত) ৩১শে মার্চ, ১৯৯৬ পর্যন্ত কত অর্থ ব্যয় করেছেন?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) শিলিগুড়ি-দার্জিলিং হিলকার্ট রোডটি গত ৬/১১/১৯৯০ তারিখ থেকে জাতীয় সড়ক হিসাবে গণ্য হয়েছে।

(খ) উক্ত জাতীয় সড়কটি রক্ষণাবেক্ষণে কেন্দ্রীয় সরকার (এ পর্যন্ত) ৩১শে মার্চ ১৯৯৬ পর্যন্ত মোট ৫২৮.১৮ লক্ষ টাকা ব্যয় করেছেন।

**সুন্দরবন এলাকায় যন্ত্রচালিত নৌকার লাইসেন্স**

২১৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৩) **শ্রী তপন হোড় ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

এটা কি সত্যি যে, সুন্দরবন এলাকায় যন্ত্রচালিত দেশি নৌকাগুলিকে ব্যপকভাবে লাইসেন্স দেওয়া হচ্ছে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** না।

**রাজ্যে বিক্রয়কর বাবদ আয়**

২১৮। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৮) **শ্রী তপন হোড় ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপুর্বক জানাবেন কি--

(ক) বিগত ১৯৯৫-৯৬ আর্থিক বছরে বিক্রয়কর বাবদ রাজ্যে কত টাকা আয় হয়েছে; এবং

(খ) গত পাঁচ বছরে (ক্রমপর্যায়ে) বিক্রয়কর বাবদ আয়ের বৃদ্ধি বা হ্রাসের হার কত?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ২৪৫৯.১৩ কোটি টাকা (বিভাগীয় হিসাব অনুযায়ী)

(খ) ১৯৯১-৯২--১৫.৩৫%(+)
১৯৯২-৯৩--১৪.৬৭%(+)
১৯৯৩-৯৪--১১.৭৬%(+)
১৯৯৪-৯৫--১৫.৩৩%(+)
১৯৯৫-৯৬--১৭.২০%(+)

**ফরাক্কা জলবিদ্যুৎ প্রকল্প কেন্দ্রের অনুমোদন**

২১৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৯) **শ্রী তপন হোড় ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) এটা কি সত্যি যে, ফরাক্কা জলবিদ্যুৎ প্রকল্পে কেন্দ্রের অনুমোদন পাওয়া গিয়েছে;

(খ) সত্যি হলে, উক্ত প্রকল্পটি কবে নাগাদ চালু হতে পারে; এবং

(গ) প্রকল্পটির আনুমানিক ব্যয় কত?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ, এটা সত্যি যে প্রস্তাবিত ফরাক্কা ব্যারেজ জলবিদ্যুৎ প্রকল্পটি (৫২৫ মে.ও) কিছু শর্ত পূরণের সাপেক্ষে আর্থ-কারিগরিভাবে ঠিক আছে এইরূপ অনুমতি সি.ই.-এর কাছ থেকে পাওয়া গিয়েছে। কেন্দ্রীয় সরকারের সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পটি ফরাক্কা ব্যারেজ জলবিদ্যুৎ কর্তৃপক্ষের দ্বারা নির্মিত হবে।

(খ) উক্ত প্রকল্পটি কবে নাগাদ চালু হবে ও ব্যাপারে রাজ্য সরকারের পক্ষে নির্দিষ্ট কোনও তারিখ জানানো সম্ভব নয়।

(গ) সেপ্টেম্বর, ১৯৯১ মূল্যমান অনুসারে প্রকল্পটির আনুমানিক ব্যয় ধরা হয়েছে ৬০১.৬৯ কোটি টাকা (৭০.৯৬) কোটি টাকা আই.ডি.সি.সহ)।

**ম্যালিগনান্ট ম্যালেরিয়ার ভেষজ ঔষধ**

২২০। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪০) **শ্রী তপন হোড় ঃ** স্বাস্থ্যও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

ম্যালিগনান্ট ম্যালেরিয়া প্রতিরোধ ও নিরাময়ের ভেষজ উৎপাদনের আবিস্কর্তাকে রাজ্য সরকার কোনও সাহায্য করেছে কি না?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** জনৈক বিজ্ঞানী আই.সি.আর.-এর অধীন এই বিষয়ে গবেষণা করছেন বলে জানা গেছে। রাজ্যসরকারের সাহায্যের কোনও প্রশ্ন আসেনি।

**পানাগড়-মোরগ্রাম রাস্তা নির্মাণ**

২২১। (অনুমোদিত প্রশ্ন নং ৬৭৯) **শ্রী তপন হোড় ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) পানাগড়-মোরগ্রাম রাস্তাটি নির্মাণে ৩১.৩.৯৬ পর্যন্ত কত টাকা ব্যয় হয়েছে; এবং

(খ) উক্ত রাস্তাটির নির্মাণ কাজ কবে নাগাদ সম্পূর্ণ হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ৮৭.৮৮৮৭ কোটি টাকা

(খ) আগামী ৩১শে মার্চ, ১৯৯৮ এর মধ্যে সম্পূর্ণ হবে বলে আশা করা যায়।

**রাজ্যে সমবায় কর্মচারিদের পে-স্কেল**

২২২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮৩) **শ্রী তপন হোড় ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রপূর্বক জানাবেন কি--

রাজ্যে নিযুক্ত সমবায় কর্মচারিদের পে-স্কেল চালু করার বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** এ বিষয়ে সংশ্লিষ্ট বেতন কমিটির সুপারিশ পাওয়া গেছে। কিন্তু উক্ত সুপারিশ কার্যকর করা রাজ্য সরকারের পক্ষে সম্ভব নয়। কারণ উক্ত কর্মচারীগণ সরকারের অধীনস্ত নয়। তাঁহারা স্বয়ংস্বাশিত সমবায় সংস্থার অধীন। এই ব্যাপারে সংশ্লিষ্ট সমবায় সংস্থাগুলির সঙ্গে আলোচনা করা হচ্ছে।

**কৃষ্ণনগর পৌরসভার জন্য নেহেরু রোজগার যোজনা**

২২৩। (অনুমোদিত প্রশ্ন নং ৭১৭) **শ্রী শিবদাস মুখার্জী ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) কৃষ্ণনগর পৌরসভার জন্য ১৯৯২-৯৩ এবং ১৯৯৪-৯৫ এর আর্থিক বছরে নেহেরু রোজগার যোজনায় কোনও অর্থ মঞ্জুর করা হয়েছে কি না;

(খ) হয়ে থাকলে--

(১) মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত; এবং

(২) কি কি উন্নয়নমূলক কাজের জন্য তা ব্যয় করা হয়েছে?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) দুই আর্থিক বছরের মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ ৪.৪৭.০০৩ টাকা।

(২) ১৯৯২-৯৩

NRY স্বনিযুক্তি প্রকল্প .. ১.৯৩.০২৮ টাকা

NRY Wage Employment .. ৬৩.৯৭৫ টাকা

NRY স্বনিযুক্তি প্রকল্প .. ১.৯০.০০০ টাকা

জানা গেছে স্বনিযুক্তি প্রকল্পে মঞ্জুরীকৃত টাকার মধ্যে ৫০ শতাংশ ব্যয় হয়েছে, মোট ৫৫টি Loan Application মঞ্জুর হয়েছে। Wage Employment এ ৫১ শতাংশ ব্যয় হয়েছে।

### কৃষ্ণনগরে প্রাথমিক স্কুল/শিক্ষক-শিক্ষকার সংখ্যা

২২৪। (অনুমোদিত প্রশ্ন নং ৭২১) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) কৃষ্ণনগর সদর ১নং ২নং, ৩নং এবং ৪নং সার্কেলে মোট প্রাথমিক স্কুল এবং শিক্ষক-শিক্ষিকার সংখ্যা কত; এবং

(খ) এর মধ্যে কতগুলি স্কুল একজন করে শিক্ষকা ও শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক)

| সার্কেল | প্রাথমিক স্কুলের সংখ্যা | শিক্ষক সংখ্যা | শিক্ষিকার সংখ্যা |
|---|---|---|---|
| সদর-১ | ৬৫ | ১৪২ | ৪৮ |
| সদর-২ | ৪৯ | ১০৮ | ৪৮ |
| সদর-৩ | ৫৩ | ১১৪ | ৬৫ |
| সদর-৪ | ৫৩ | ১১২ | ৭৭ |

(খ) একজন শিক্ষক বা শিক্ষিকা দ্বারা পরিচালিত প্রাথমিক স্কুলের সংখ্যা

| | | |
|---|---|---|
| সদর-১ | .. | ৪ |
| সদর-২ | .. | ৩ |
| সদর-৩ | .. | ২ |
| সদর-৪ | .. | ৯ |

### কৃষ্ণনগর বাসস্ট্যান্ড থেকে বেলডাঙ্গা পর্যন্ত রাস্তা সংস্কার

২২৫। (অনুমোদিত প্রশ্ন নং ৭২৯) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগর শহরের বাসস্ট্যান্ড থেকে বেলডাঙ্গা পর্যন্ত রাস্তাটি সংস্কার করার পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে,কবে নাগাদ উক্ত রাস্তার সংস্কারের কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) রাস্তাটি সংস্কারের কাজ পূর্তবিভাগ নিয়মিত করে যাচ্ছে। এই ব্যাপারে পৃথক কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

### নদীয়া জেলা হাসপাতালে টি.বি. ইউনিট

২২৬। (অনুমোদিত প্রশ্ন নং ৭৩৫) **শ্রী শিবপ্রসাদ মুখার্জি ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) এটা কি সত্যি যে, নদীয়া জেলার কৃষ্ণনগর, শক্তিনগরের জেলা হাসপাতালে টি.বি. ইউনিট থাকা সত্ত্বেও বন্ধ রয়েছে;

(খ) সত্যি হলে, বন্ধ হওয়ার কারণ কি?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) সত্যি নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

**রাজ্যে মাছের চাহিদা ও উৎপাদন**

২২৭। (অনুমোদিত প্রশ্ন নং ৭৬০) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বিগত ১৯৯৩-৯৪; ১৯৯৪-৯৫ এবং ১৯৯৫-৯৬ আর্থিক বছরে এ রাজ্যে মাছের চাহিদা কত ছিল;

(খ) উক্ত সময়ে মাছের উৎপাদনের প্রকৃত পরিমাণ কত ছিল (বছরওয়ারি); এবং

(গ) তন্মধ্যে চিংড়ি মাছের পরিমাণ কত?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) বিগত তিন আর্থিক বছরে এ রাজ্যে মাছের চাহিদা ছিল প্রায় যথাক্রমে ঃ

১৯৯৩-৯৪ .. ১০.০৪ লক্ষ মেট্রিক টন

১৯৯৪-৯৫ .. ১০.২০ লক্ষ মেট্রিক টন

১৯৯৫-৯৬ .. ১০.২০ লক্ষ মেট্রিক টন

(খ) উক্ত সময়ে মাছের উৎপাদনের প্রকৃত পরিমাণ ছিল যথাক্রমে ঃ

১৯৯৩-৯৪ .. ৮.০৬ লক্ষ মেট্রিক টন

১৯৯৪-৯৫ .. ৮.২০ লক্ষ মেট্রিক টন

১৯৯৫-৯৬ .. ৮.৯৩ লক্ষ মেট্রিক টন

(গ) বিগত তিন আর্থিক বছরে মাছের উৎপাদনের পরিমাণের মধ্যে চিংড়ি মাছের পরিমাণ যথাক্রমে ঃ

১৯৯৩-৯৪ .. ৩৫,০০০ মেট্রিক টন

১৯৯৪-৯৫ .. ৩৫,৮০০ মেট্রিক টন

১৯৯৫-৯৬ .. ৩৬,৫০০ মেট্রিক টন

**Number of Illegal Holders of Plots in Bidhannagar**

228. (Admitted Question No. 766) **Shri Saugata Ray :** Will the Minister-in-charge of the Urban Development Department be pleased to state--

(a) number of unauthorised illegal holders of plots in Bidhannagar (Salt Lake) Sectorwise?

(b) steps taken by the Government against them?

**Minister-in-charge Urban Development Department :** (a) The allottees of plots in Bidhannagar (Salt Lake) were handed over the possession of the respective allotted plots by the State Government.

Subsequently, some allegations have been received from some corners about unauthorised transfers of some plots by some of the allotees. An Enquiry Committee has been constituted by the State Government to deal with the aforesaid allegations. So far 737 allegations about unauthorised transfer of plots have been sent to the aforesaid Enquiry Committee as per following sectorwise breakup.

| | |
|---|---|
| Sector 1. | 583 |
| Sector 2. | 84 |
| Sector 3. | 70 |
| **Total** | **737** |

After due enquiries the Enquiry Committee could not find any substance in the allegations in respect of 142 cases. The Committee after due enquiries found that unauthorised transfer of plots had taken place in respect of 48 cases as per following sectorwise breakup.

| | |
|---|---|
| Sector 1. | 32 |
| Sector 2. | 6 |
| Sector 3. | 10 |
| **Total** | **48** |

The enquiries are being conducted in respect of balance 547 cases in terms of the modalities fixed by the Enquiry Committee as per following sectorwise breakup:

| | |
|---|---|
| Sector 1. | 441 |
| Sector 2. | 60 |
| Sector 3. | 46 |
| **Total** | **547** |

Some more allegations are still being received against unauthorised illegal holders of plots in Bidhannagar. These cases will also be send to the Enquiry Committee in due Course.

(b) (i) Resumption notices issued in respect of 48 cases which were found to be cases of unauthorised transfers of plots. Out of those 48 cases eviction suits have been instituted in respect of 10 cases as per following scetorwise breakup.

| | |
|---|---|
| Sector 1. | 5 |
| Sector 2. | 1 |
| Sector 3. | 4 |
| Total | 10 |

(ii) Enquiries into the aforesaid 547 cases are being made by the Enquiry Committee constituted by the State Government and on receipt of the recommendations of the Committee the State Government will take appropriate course of action to evict the unauthorised/illegal holders of plots.

(iii) Enquiries into the allegations which are now being received in addition to the aforesaid cases stated at (a) above will also be caused in due course. After considering the recommendations of the Enquiry Committee constituted by State Government in respect of these allegations the State Government will take appropriate steps to evict the unauthorised/illegal holders of plots.

### Eviction of Khatal

229. (Admitted Question No. 793) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Animal Resources Development Department be pleased to state--

(a) whether steps were taken for eviction of the Khatal from the plot of land (R.S.Dag No.658) at Prafulla Kanan in Kestopur area in North 24-Parganas district which was allotted to the Poet Kazi Nazrul Islam by the State Government; and

(b) If so, the brief outlines of the steps taken thereof.

**Minister-in-charge of Animal Resources Development Department :** (a) The plot of land (R.S.Dag No.658) at Prafulla Kanan in Kestopur area in the District on North 24-Parganas is not under the purview of the West Bengal Cattle Licensing Act at present as it is located beyond the prohibited area as per West Bengal Cattle Lincensing Act, 1959.

### নদীয়া জেলায় কলেজসমুহে অধ্যক্ষের শুন্যপদ

২৩০। (অনুমোদিত প্রশ্ন নং ৮১০) **শ্রী অজয় দে :** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) নদীয়া জেলায় কোন কোন কলেজে অধ্যক্ষের পদ খালি আছে; এবং

(খ) উক্ত পদগুলি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন/করছেন?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) নদীয়া জেলায় নিম্নলিখিত কলেজগুলিতে অধ্যক্ষের পদ খালি আছে :

১। বেথুয়াডহরী কলেজ।

২। দ্বিজেন্দ্রলাল কৃষ্ণনগর কলেজ অফ কমার্স।

৩। নবদ্বীপ বিদ্যাসাগর কলেজ।

৪। রানাঘাট কলেজ।

৫। শান্তিপুর কলেজ।

৬। শ্রীকৃষ্ণ কলেজ।

৭। সুধীরঞ্জন লাহিড়ি মহাবিদ্যালয়।

(খ) পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছেন।

**মেদিনীপুর জেলায় বিভিন্ন রাস্তা সংস্কার**

২৩১। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩০) **শ্রী অজিত খাঁড়া :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ভগবানপুর ১ নং ব্লকের অন্তর্গত কাকরা মহম্মদপুর ১/১ ও ১/২ কাজলাগড়, গড়াবাড়ি ১ নং ও ২ নং বাহাদুরপুর উরুরী প্রভৃতি এলাকার রাস্তাগুলি সংস্কার না হওয়ার কারণ কি; এবং

(খ) এ বিষয়ে কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**পঞ্চায়েত ও গ্রামোন্নন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) মেদিনীপুর জেলা পরিষদের মতে ভগবানপুর ১ নং ব্লকের অন্তর্গত কাকরা গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত প্রধান-প্রধান রাস্তাগুলি ভাল অবস্থায় আছে। মহম্মদপুর ১/১ এলাকার রাস্তাগুলি কয়েকটি খানা-খন্দ ছাড়া ভাল অবস্থায় আছে। কাজলাগড় এলাকার রাস্তাগুলি তুলনামুলকভাবে ভাল অবস্থায় আছে এবং সংস্কার শুরু হয়েছে। গড়াবাড়ি ১ নং গ্রাম পঞ্চায়েত এলাকাধীন প্রধান সংযোগকারী রাস্তাগুলি ভাল অবস্থায় আছে। পঞ্চায়েত সমিতি কিছু অংশ সংস্কার করেছে। উক্ত এলাকায় মৎস দপ্তর কিছু রাস্তা তৈরি করেছে। গড়াবাড়ি ২ নং গ্রাম পঞ্চায়েত এলাকার রাস্তাগুলি প্রধান ও উপ-প্রধান এর অপসারণ হেতু মামলা মোকদ্দমাজনিত কারণে কোনও কাজ করা যায় নি। বর্তমানে পঞ্চায়েত সমিতি কয়েকটি প্রধান রাস্তা তৈরি এবং সংস্কার-এর সিদ্ধান্ত নিয়েছে। এ ছাড়া মোরাম রাস্তাগুলির অবস্থা মোটামুটিভাবে ভাল। বাহাদুরপুর এবং উরুরী এলাকার সংযোগকারী মোরাম রাস্তাগুলি সংস্কার করা হয়েছে। বর্তমানে রাস্তগুলির অবস্থা সন্তোষজনক।

(খ) প্রশ্নের উত্তর ক অংশের উত্তরের মধ্যে প্রতিফলিত। এ ছাড়া উল্লেখ করা যেতে পারে যে, মহম্মদপুর ২ নং এলাকায় নদী বাঁধ রাস্তাগুলির সংস্কার সাধনের ব্যাপারে সেচ দপ্তরের সাথে জেলা পরিষদের আলোচনা হয়েছে। কাকরা এলাকার যোগাযোগ ব্যবস্থা উন্নতির জন্য গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতি ব্যবস্থা নিয়েছে।

**রাষ্ট্রীয় পরিবহনের চালু বাসের সংখ্যা**

২৩২। (অনুমোদিত প্রশ্ন নং ৮৩৯) **শ্রী মিহির গোস্বামি :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

**(ক)** তিনটি রাষ্ট্রীয় পরিবহন সংস্থা যথাক্রমে কলিকাতা রাষ্ট্রীয় পরিবহন, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন ও দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ গত তিন বছরে (১৯৯৩-৯৪, ১৯৯৪-৯৫, ১৯৯৫-৯৬)

(১) দৈনিক চালু বাসের সংখ্যা কত;

(২) কোন সংস্থা বাৎসরিক কত কি.মি. চলে;

(৩) সংস্থাভিত্তিক গড় কর্মীর সংখ্যা কত;

(৪) কোন সংস্থা বাৎসরিক কত সাবসিডি পায়;

(খ) এই তিনটি সংস্থার মধ্যে যাত্রী পিছু এবং কি.মি. পিছু সাবসিডির কোনও তারতম্য আছে কিনা; এবং

(গ) থাকলে, তার কারণ কি?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) তিনটি রাষ্ট্রীয় পরিবহনের তিন বছরের হিসাব নিম্নরুপ ঃ

| | | ১৯৯৩-৯৪ | ১৯৯৪-৯৫ | ১৯৯৫-৯৬ |
|---|---|---|---|---|
| (১) | দৈনিক চালু বাসের সংখ্যা | | | |
| | সি.এস.টি.সি. | ৮৫৮ টি | ৮৬০ টি | ৮৭৭ টি |
| | এন.বি.এস.টি.সি. | ৭৪১ টি | ৭৫৬ টি | ৬৬৭ টি |
| | এস.বি.এস.টি.সি. | ২৩৮ টি | ২৪৩ টি | ২৬০ টি |
| (২) | বাৎসরিক চলে ঃ | | | |
| | সি.এস.টি.সি. (লক্ষ কি.মি.) | ৫৭৪.৪৬ | ৫৯৯.০২ | ৬১৪.৯২ |
| | এন.বি.এস.টি.সি. (লক্ষ কি.মি.) | ৭৩৩.১২ | ৭৬৩.৬০ | ৬৭০.৬৪ |
| | এস.বি.এস.টি.সি. (লক্ষ কি.মি.) | ২০১.২৪ | ২০৮.১৯ | ২২৯.৮৫ |
| (৩) | গড় কর্মীর সংখ্যা ঃ | | | |
| | সি.এস.টি.সি. | ১২৫৯৯ জন | ১২০৯৫ জন | ১১৪১৩ জন |
| | এন.বি.এস.টি.সি. | ৬৭০৭ জন | ৬৬৩৩ জন | ৬৬৭২ জন |
| | এস.বি.এস.টি.সি. | ২৯৩৪ জন | ২৯৬৫ জন | ২৯০৪ জন |
| (৪) | সাবসিডি পায় ঃ | | | |
| | সি.এস.টি.সি (লক্ষ টাকায়) | ৩৭৮৫.৭৮ | ৪৭৯৪.৯০ | ৫১৭০.০০ |

| | | | |
|---|---|---|---|
| এন.বি.এস.টি.সি. (লক্ষ টাকায়) | ৮৭৯.১৯ | ১০৬৩.৩১ | ১৩৪৭০০ |
| এস.বি.এস.টি.সি. (লক্ষ টাকায়) | ৮১৬.৮০ | ৯০০.২১ | ৯৭৫.৯৭ |

(খ) যাত্রী পিছু এবং কিঃমিঃ পিছু সাবসিডি দেওয়া হয় না।

(গ) প্রশ্ন ওঠে না।

**কোচবিহার জেলার সরকারি স্কুল ও সহকারি শিক্ষকের শূন্যপদ**

২৩৩। ( অনুমোদিত প্রশ্ন নং ৮৪৩) **শ্রী মিহির গোস্বামি :** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) কোচবিহার জেলার কটি সরকারি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয় আছে;

(খ) বিদ্যালয়গুলির নাম কি কি;

(গ) উক্ত স্কুলগুলিতে বর্তমানে কতগুলি সহকারি শিক্ষকের পদ খালি আছে; (স্কুল ওয়াড়ি)

(ঘ) উক্ত শূন্যপদগুলি পূরণের জন্য সরকার কি ব্যবস্থা নিয়েছেন বা নিচ্ছেন?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) চারটি।

(খ) ১) জেনকিনস্ স্কুল
২) সদর সরকারি বিদ্যালয়
৩) মহারানি ইন্দিরা দেবী বালিকা বিদ্যালয়
৪) সুনীতি একাডেমি।

(গ)

| স্কুলের নাম | খালি পদের সংখ্যা |
|---|---|
| ১) জেনকিনস্ স্কুল | ৮ |
| ২) সুনীতি একাডেমি | ৭ |
| ৩) সদর সরকারি বিদ্যালয় | ৪ |
| ৪) মহারানি ইন্দিরা দেবী বালিকা বিদ্যালয় | ৩ |

(ঘ) পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় নিয়োগ আয়োগে ইতিমধ্যেই বিজ্ঞাপন সাক্ষাৎকার ইত্যাদির মাধ্যমে শিক্ষক/শিক্ষিকা পদে নির্বাচিত প্রার্থীদের নাম পাঠানোর জন্য অনুরোধ করা হয়েছে এবং প্যানেল তৈরির কাজ অনেকটা এগিয়েছে বলে জানা গেছে।

ইতিমধ্যেই সদর সরকারি বিদ্যালয়ে একজনকে নিয়োগ করা হয়েছে।

মহারানি ইন্দিরা দেবী বালিকা বিদ্যালয়ে একজনকে শীঘ্রই নিয়োগপত্র দেওয়া হবে।

**মালদহ জেলায় শিক্ষক ও অশিক্ষক কর্মীদের বোনাস/এক্সগ্রাসিয়া**

২৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৪৯) **শ্রী মহবুবুল হক :** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) মালদহ জেলায় ১৯৯৫-৯৬ সালে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক ও অশিক্ষক কর্মীদের ইদুলফিতর/ইদুজ্জোহা উপলক্ষে বোনাস/এক্সগ্রাসিয়া দেওয়া হয়েছে কি না; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর না হলে তার কারণ কি?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ১৯৯৫-৯৬ আর্থিক বছরে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের এক্সগ্রাসিয়া দেওয়া হয়েছে।

(খ) প্রশ্ন ওঠে না।

**তৃতীয় হুগলি সেতু নির্মাণের পরিকল্পনা**

২৩৫। (অনুমোদিত প্রশ্ন নং ৮৭৯) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) তৃতীয় হুগলি সেতু নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) 'তৃতীয় হুগলি সেতু' নামে কোনও সেতু নির্মাণের পরিকল্পনা নেই। তবে ২য় বিবেকানন্দ সেতু নামে একটি সেতু নির্মাণের পরিকল্পনা এই বিভাগে আছে।

(খ) এখনই বলা যাচ্ছে না।

**রাজ্যে বিদ্যুৎ চুরির ঘটনা**

২৩৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯০১) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) ১৯৯৬ সালের ১লা জানুয়ারি থেকে ৩১শে মে অবধি রাজ্যে হুকিং, ট্যাপিং ও বে-আইনি কানেকশনের মাধ্যমে বিদ্যুৎ চুরি এবং তার চুরির ঘটনা কতগুলি ঘটেছে; এবং

(খ) তজ্জন্যে কতগুলি ক্ষেত্রে কেস ফাইল করা হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) উক্ত সময়ে সিকিউরিটি ও ভিজিলেন্স দপ্তরের হানার ফলে মোট ৪৪১টি বিদ্যুৎ চুরির ঘটনা ধরা পড়েছে।

(খ) নিম্নলিখিত সংখ্যায় কেস ফাইল করা হয়েছে ঃ

| ইন্ডাস্ট্রিয়াল | ডি-হুকিং | তার চুরি |
|---|---|---|
| ১৩টি | ১২২ টি | ৪৪১ টি |

**পুরুলিয়া জেলার বনাঞ্চল**

২৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯০৭) **শ্রী নিশিকান্ত মেহতা ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

**(ক) পুরুলিয়া জেলার বন্য জমির পরিমাণ কত;**

(খ) এর মধ্যে কত পরিমাণ জমিতে গাছ লাগানো হয়েছে; এবং

(গ) বাকী ক্ষেত্রে কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না?

**বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) পুরুলিয়া জেলায় মোট সংরক্ষিত বনাঞ্চলের পরিমাণ ৮৭৬ বর্গ কি.মি.

(খ) এর বেশির ভাগই শাল জঙ্গল। তারমধ্যে ১৩,৫৬৫ হেঃ অবক্ষয়িত জমিতে বন সৃজন করা হয়েছে।

(গ) যৌথ বন পরিচালন ব্যবস্থার মাধ্যমে বাকী খালি জমিতে পর্যায়ক্রমে নতুন বন সৃষ্টির পরিকল্পনা আছে।

### শ্যামপুর পঞ্চায়েত এলাকায় টিউবওয়েল

২৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪৩) **শ্রী সঞ্জীব কুমার দাস ঃ** পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) শ্যামপুর ২নং পঞ্চায়েত সমিতিতে টিউবওয়েলের সংখ্যা কত;

(খ) এরমধ্যে ১.৬.৯৬ তারিখ পর্যন্ত কতকগুলি সচল আছে; এবং

(গ) অকেজো টিউবওয়েলগুলি মেরামতের বা রি-সিকিং করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**পঞ্চায়েত ও গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ৪৬০ টি।

(খ) উক্ত খাতে কিছু অর্থ হাওড়া জিলা পরিষদের মারফৎ শ্যামপুর ২নং পঞ্চায়েত সমিতি পেয়েছে ও টিউবওয়েল পুনর্খননের বিষয়ে উদ্যোগ গ্রহণ করছে।

### কৃষ্ণনগর হোলি ফ্যামিলি বালিকা বিদ্যালয় ও সি.এম.এস. বিদ্যালয় উচ্চ-মাধ্যামিক স্তরে উন্নতিকরণ

২৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৬৩) **শ্রী দেবপ্রসাদ মুখার্জি ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগর হোলি ফ্যামিলি বালিকা বিদ্যালয় ও সি.এম.এস. উচ্চ-বিদ্যালয়কে উচ্চমাধ্যমিক স্তরে উন্নীত করার কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, কোন শিক্ষাবর্ষ থেকে এগুলি চালু হবে?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) আপাতত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**নদীয়ায় দ্বিজেন্দ্রলাল রায়ের ব্রোঞ্জ মূর্তি স্থাপন**

২৪০। (অনুমেদিত প্রশ্ন নং ৯৭০) **শ্রী শিবপ্রসাদ মুখার্জি :** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগরে নাট্যকার ও চারণকবি দ্বিজেন্দ্রলাল রায়ের ব্রোঞ্জ মূর্তি বসানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগদ কাজটি শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) এ ব্যাপারে সরকারের কাছে কোনও প্রস্তাব নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**দেগঙ্গা এলাকায় বৈদ্যুতিকরণ**

২৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৭) **শ্রী মহম্মদ ইয়াকুব :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দেগঙ্গা থানা এলাকার কোন কোন মৌজায় বৈদ্যুতিকরণের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে; এবং

(খ) ঐ কাজ কত দিনের মধ্যে সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) দেগঙ্গা থানা এলাকায় মোট ১০৮ টি মৌজার মধ্যে সব কটিই ভারজিন হিসাবে বিদ্যুতায়িত হয়েছে। ১৯৯৫-৯৬ আর্থিক বছরে উক্ত এলাকার জন্য একটি ইন্‌টেনসিফিকেশন প্রকল্প আর.ই.সি. কর্তৃপক্ষের কাছে জমা দেওয়া হয়েছিল। কিন্তু ঐ প্রকল্পটি অনুমোদিত না হওয়ায় ১৯৯৬-৯৭ আর্থিক বছরে দেগঙ্গা থানা এলাকায় কোনও মৌজায় ইনটেনসিফিকেশন করার পরিকল্পনা নেই।

(খ) প্রযোজ্য নয়।

**কলিকাতায় চালু ট্রামের রুট**

২৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯৬) **শ্রী জটু লাহিড়ি :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতার কতগুলি রুটে বর্তমানে ট্রাম চালু আছে; এবং

(খ) (১) প্রতিদিন কতগুলি ট্রাম চলছে ও (২) কর্মচারীর সংখ্যা কত?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) বর্তমানে কলকাতায় ২৯টি রুটে ট্রাম চালু আছে।

(খ) (১) প্রতিদিন গড়ে ১৮০ টি ট্রাম চলে। (২) বর্তমানে ট্রামের কর্মী সংখ্যা ৬১২২ জন।

**দ্বিতীয় হুগলী সেতুর অ্যাপ্রোচ রোড**

২৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ১০০৩) **শ্রী জটু লাহিড়ি ঃ** হুগলি রিভার ব্রিজ কমিশন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দ্বিতীয় হুগলি সেতু নির্মাণের সূচনাপর্বে হাওড়া অভিমুখি কোন কোন অ্যাপ্রোচ রোড নির্মাণের পরিকল্পনা ছিল; এবং

(খ) উক্ত রাস্তাগুলি নির্মাণের কাজ কোন পর্যায়ে আছে?

**হুগলি রিভার ব্রিজ কমিশন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) দ্বিতীয় হুগলী সেতু নির্মাণের সূচনাপর্বে হাওড়া অভিমুখী সড়কের মধ্যে সরকারি পরিকল্পনায় কোনা এক্সপ্রেসওয়ে এবং সেন্ট্রাল হাওড়া এক্সপ্রেসওয়ে নির্মাণের পরিকল্পনা ছিল।

(খ) উক্ত সড়কগুলির মধ্যে কোনা এক্সপ্রেসওয়ের ১.১৩ কি.মি. রাস্তা নির্মাণের কাজ শেষ হয়েছে এবং বাকি ৬ কি.মি. রাস্তা সি.এম.ডি.এ. কর্তৃক হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্টের তত্ত্বাবধানে নির্মিয়মাণ অবস্থায় আছে।

**হাওড়ার ডুমুরজলায় স্পোর্টর্স কম্প্লেক্স**

২৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ১০০৯) **শ্রী জটু লাহিড়ি ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) হাওড়া জেলার ডুমুরজলায় স্পোর্টস্ কম্প্লেক্স নির্মাণের জন্য ৩১শে মার্চ, ১৯৯৬ পর্যন্ত কত টাকা খরচ হয়েছে; এবং

(খ) উক্ত স্পোর্টস্ কমপ্লেক্স কবে নাগাদ সম্পূর্ণ হবে বলে আশা করা যায়?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ও (খ) ডুমুরজলা স্পোর্টস্ কমপ্লেক্স মুলত হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের একটি প্রকল্প। রাজ্য সরকার ঐ প্রকল্পের নির্মাণকার্যে ৪.৯৫.০৭৭.৮৪ টাকা অনুদান মঞ্জুর করেছেন। এই টাকার ইউটিলাইজেশন সার্টিফিকেট পাওয়া গেছে।

বিষয়টি পুরোপুরিভাবে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের এক্তিয়ারভুক্ত হওয়ায় রাজ্য সরকারের পক্ষে কবে সম্পূর্ণ হবে তা বলা সম্ভব নয়।

**Abolition of the system of allowing private students to appear for B.A. & M.A. Degree Exam.**

245. (Admitted Question No. 1073) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Higher Education Department be pleased to state—

(a) whether Calcutta University has received any directive from the University Grant Commission to abolish the system of allowing private students to appear for Bachelors and Master Degree Examinations from the current sessions.

(b) if so,

(i) the reaction of the Calcutta University thereof.

(ii) the number of the dropouts job holders and other students who are likely to be denied the opportunity of pursuing a Higher Education?

**Minister-in-charge of Higher Education Department :** (a) Yes.

(b)(i) The matter is under consideration of the appropriate bodies of the University.

(ii) It is not possible to state such number for the future.

**Compulsory Marriage Registration**

246. (Admitted Question No. 1081) **Shri Sudip Bandyopadhyay :** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) whether there is any proposal to make registration of all marriages in the State compulsory; and

(b)(1) the brief outlines of the proposal,

(2) the steps taken/proposed,

(3) the contemplation regarding marriage performed under Personal Laws but not registered?

**Minister-in-charge of Judicial Department :** (a) Yes.

(b)(1) Every marriage contracted in any area in West Bengal shall be registered except the marriages contracted under the Indian Christian Marriage Act, 1972 or the Parsee Marriage and Divorce Act, 1936 or the Special Marriage Act, 1954 because marriage under those Acts are compulsorily registrable.

No marriage contracted in any area in West Bengal shall be deemed to be invalid solely by reason of the fact that it was not registered under the proposed Act or that the memorandum was not delivered/sent to the Registrar or that such memorandum was defective, illegal or incorrect. A nominal penal provision has been proposed in the proposed Act for violation of the Act. Memorandum of marriage is required to be submitted by the bride and the bride-groom of marriage.

(2) A Bill for the proposed Act is under active consideration of the Government.

(3) Marriages performed under Personal Laws shall not be deemed

to be invalid if such marriages are not registered under the proposed Act. There is no scope to apprehend that Personal Laws will be hurt in the event of implementation of Registration of Marriage Compulsory.

**আই.এম.এফ./বিশ্বব্যাঙ্ক থেকে রাজ্যের ঋণ**

২৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১০৮) **শ্রী সুকুমার দাস ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

(ক) গত আর্থিক বছরে ১৯৯৫-৯৬ রাজ্যে আন্তর্জাতিক অর্থ ভান্ডার, বিশ্বব্যাঙ্ক ও এশীয়ব্যাঙ্ক থেকে কত পরিমাণ অর্থ সাহায্য হিসাবে পাওয়া গিয়েছিল (আলাদা আলাদা ভাবে);

(খ) উক্ত অর্থের কত পরিমাণ খরচ হয়েছিল; এবং

(গ) কোন কোন দপ্তরের জন্য উক্ত অর্থ ব্যয় হয়েছে?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) রাজ্য সরকার আন্তজার্তিক অর্থ ভান্ডার, বিশ্বব্যাঙ্ক ও এশীয় ব্যাঙ্ক থেকে সরাসরি কোনও আর্থিক সাহায্য পায় না। ঐ সকল সংস্থাগুলি কর্তৃক অনুমোদিত প্রকল্পগুলির জন্য সহায়তা কেন্দ্রীয় সরকারের মাধ্যমে রাজ্যগুলি বার্ষিক যোজনাখাতে অতিরিক্ত কেন্দ্রীয় সহায়তা বাবদ পেয়ে থাকে। এর ৭০ শতাংশ ঋণ এবং ৩০ শতাংশ অনুদান। ১৯৯৫-৯৬ সালে যে অতিরিক্ত সহায়তা পাওয়া গেছে তার পরিমাণ ঃ-

| | (লক্ষ টাকার হিসাবে) |
|---|---|
| (১) আন্তর্জাতিক অর্থভান্ডার অনুমোদিত প্রকল্পগুলির জন্য | আন্তজাতিক অর্থ ভান্ডার কর্তৃক কোনও অনুমোদিত প্রকল্প এ রাজ্যে নেই। |
| (২) বিশ্বব্যাঙ্ক কর্তৃক অনুমোদিত প্রকল্প গুলির জন্য অতিরিক্ত কেন্দ্রীয় সহায়তা | ২৫০০.৮৮ |
| (৩) এশীয়ব্যাঙ্ক অনুমোদিত প্রকল্পের জন্য অতিরিক্ত কেন্দ্রীয় সহায়তা | ১৪৩৭.৫৪ |
| **মোট** | **৩৯৩৮.৪২** |

(খ) বিশ্বব্যাঙ্ক ও এশীয় ব্যাঙ্ক কর্তৃক অনুমোদিত প্রকল্পগুলির জন্য ১৯৯৫-৯৬ সালের সংশোধিত বরাদ্দের পরিমাণ ঃ-

| | (লক্ষ টাকার হিসাবে) |
|---|---|
| (১) বিশ্বব্যাঙ্ক কর্তৃক অনুমোদিত প্রকল্প গুলির জন্য ব্যয় | ৭৭৭৭.৪০ |
| (২) এশীয়ব্যাঙ্ক কর্তৃক অনুমোদিত প্রকল্পের জন্য ব্যয় | ৩৫০০.০০ |
| **মোট** | **১১২৭৭.৪০** |

(গ) (১) প্রাণী-বিকাশ দপ্তর (বিশ্বব্যাঙ্ক) (৫) কারিগরি শিক্ষা দপ্তর (বিশ্বব্যাঙ্ক) (২) কুটির ও ক্ষুদ্র শিল্প-উন্নয়ন দপ্তর (৬) স্বাস্থ্য দপ্তর (বিশ্বব্যাঙ্ক)

(বিশ্বব্যাঙ্ক)

(৩) মৎস্য দপ্তর (বিশ্বব্যাঙ্ক)

(৪) বন দপ্তর (বিশ্বব্যাঙ্ক)

(৭) শ্রম দপ্তর (বিশ্বব্যাঙ্ক)

(৮) পূর্ত (সড়ক) দপ্তর (এশিয়ব্যাঙ্ক)

## হাওড়া জেলায় কৃষি পেনসন প্রাপ্ত কৃষকের সংখ্যা

২৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১১১৫) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

১৯৯৪-৯৫ সালে হাওড়া জেলায় কতজন কৃষককে কৃষি পেনসন দেওয়া হয়েছে (ব্লকওয়ারি হিসাব)?

**কৃষি বিবাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** মোট ৫৬৪ জন।

**ব্লকওয়ারি হিসাব**

| | | | |
|---|---|---|---|
| ১। | উলুবেড়িয়া--১ | .. | ৪৩ জন |
| ২। | উলুবেড়িয়া--২ | .. | ৩১ জন |
| ৩। | বাগনান--১ | .. | ২৯ জন |
| ৪। | বাগনান--২ | .. | ৪৪ জন |
| ৫। | শ্যামপুর--১ | .. | ৫০ জন |
| ৬। | শ্যামপুর--২ | .. | ৪২ জন |
| ৭। | আমতা--১ | .. | ৩৪ জন |
| ৮। | আমতা--২ | .. | ৪০ জন |
| ৯। | উদয়নারায়ণপুর | .. | ৪৯ জন |
| ১০। | বালি-জগাছা | .. | ১৮ জন |
| ১১। | ডোমজুড় | .. | ৫০ জন |
| ১২। | সাঁকরাইল | .. | ২২ জন |
| ১৩। | পাঁচলা | .. | ৩৬ জন |
| ১৪। | জগৎবল্লভপুর | .. | ৭৬ জন |
| | **মোট** | .. | **৫৬৪ জন** |

## রাজ্যে রেশনকার্ডধারীর সংখ্যা

২৪৯। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭৩) **শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ও শ্রী শৈলজাকুমার দাস ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) সারা রাজ্যে বর্তমানে (৩১শে মার্চ, ১৯৯৬ পর্যন্ত) রেশনকার্ডধারীর সংখ্যা কত; এবং

(খ) নতুন রেশনকার্ডের জন্য কতসংখ্যক আবেদনপত্র বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) এই রাজ্যে বর্তমানে মোট রেশনকার্ডধারীর সংখ্যা ৭.০৯.৭৬.০৩৩ জন।

(খ) বর্তমানে রাজ্যে নতুন রেশনকার্ডের জন্য সরকারের বিবেচনাধীন আবেদনপত্রের সংখ্যা হল ২৩.৬৫.৯৬৫ টি।

**পঞ্চায়েতের মাধ্যমে মিটার রিডিং**

২৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৬) **শ্রী বংশী বদন মৈত্র ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

প্রত্যন্ত গ্রাম এলাকায় পঞ্চায়েতের মাধ্যমে বৈদ্যুতিকং মিটারের রিডিং নেওয়ার পরিকল্পনা বর্তমানে কোন পর্যায়ে আছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** প্রাপ্ত তথ্য অনুযায়ী রাজ্যে ১০ টি জেলায় মোট ১৩০৬ টি গ্রাম পঞ্চায়েত এলাকায় পঞ্চায়েতের মাধ্যমে বৈদ্যুতিক মিটারের রিডিং নেওয়া হচ্ছে। এই ব্যবস্থার ফলাফল এবং কার্যকারিতা মুল্যায়ন করে এটির প্রসার সম্পর্কে চিন্তা করা হবে।

**কুটির জ্যোতি/লোকদীপ প্রকল্প**

২৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮৭) **শ্রী বংশীবদন মৈত্র ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রপূর্বক জানাবেন কি--

(ক) নতুন ট্রান্সফরমার বসিয়ে কুটির জ্যোতি বা লোকদীপ প্রকল্পে কানেকশন দেওয়ার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে পরিকল্পনাটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) সাধারণত কুটির জ্যোতি বা লোকদীপ প্রকল্পে কানেকশান চালু এল.টি.লাইন থেকেই দেওয়া হয়। নতুন ট্রান্সফরমার বসিয়ে উক্ত প্রকল্পে বিদ্যুৎ দেওয়ার কোনও সরকারি বিধি বর্তমানে নেই। তবে অর্থ বরাদ্দ সাপেক্ষে জেলা পরিষদের বিদ্যুৎ উন্নয়ন প্রকল্পে ট্রাসফরমার বসিয়ে উক্ত প্রকল্পের কানেকশন অন্যান্য গার্হস্থ্য, বাণিজ্যিক কানেকশনের সাথে দেওয়া যেতে পারে। সেক্ষেত্রে অবশ্য কুটির জ্যোতি প্রকল্পের অন্যান্য বিধি মেনেই সংযোগ করতে হবে।

(খ) প্রযোজ্য নহে।

**রাজ্যে নতুন আর.এল.আই. প্রকল্প**

২৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১১৯১) **শ্রী বংশীবদন মৈত্র ঃ** জল সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) রাজ্যে নুতন আর.এল.আই. স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, হুগলি জেলার খানাকুলে নুতন কোনও আর.এল.আই প্রকল্প স্থাপন করা হবে কিঁ না?

**জল সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) বর্তমানে রাজ্যে কোনও নূতন আর.এল.আই. প্রকল্প স্থাপনের পরিকল্পনা সরকারের নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**খানাকুল স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহ**

২৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১২০২) **শ্রী বিনয় দত্ত ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি--

হুগলি জেলার খানাকুল থানার অধীন রামচন্দ্রপুর গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুৎ সরবরাহের কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** উক্ত স্বাস্থ্যকেন্দ্রে বিদুৎ সংযোগ পাওয়ার জন্য পি.ডব্লু.ডি (ইলেকট্রিক্যাল) গত ৬-১২-৯৫ তারিখে আবেদন করেছে এবং সেই আবেদনের ভিত্তিতে ৭-১-৯৬ তারিখে রাজ্য বিদ্যুৎ পর্ষদ একটা এস্টিমেট তৈরি করে। কিন্তু পরবর্তী কালে আরো কিছু টেকনিক্যাল প্যারামিটারের জন্য ঐ এস্টিমেটটি রিভিউ করতে হয়। বর্তমানে রিভাইজড এস্টিমেটটি আনুমানিক ৩.৬৯.৫৮৫ টাকায় দাঁড়িয়েছে। এখন উক্ত স্বাস্থ্যকেন্দ্রে বিদ্যুৎ দেওয়ার জন্য শীঘ্রই পি.ডব্লু.ডি (ইলেকট্রিক্যাল)-কে ঐ টাকা জমা দেওয়া হবে।

**রাজ্যে বিশ্বব্যাঙ্কের সহায়তায় মৎস্য প্রকল্প**

২৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২১১) **শ্রী শৈলজাকুমার দাস ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় মৎস্য দপ্তর এ পর্যন্ত কয়টি প্রকল্প গ্রহণ করেছেন; এবং

(খ) এতে বিশ্বব্যাঙ্কের লগ্নীকৃত অর্থের পরিমাণ কত?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ৩টি

(খ) এ পর্যন্ত ২৭.৩৮৭১ কোটি টাকা।

**কোচবিহার জেলার মহকুমা হাসপাতালগুলিতে শয্যা সংখ্যা**

২৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২২৭) **শ্রী মিহির গোস্বামি ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) কোচবিহার জেলায় মহকুমা হাসপাতালগুলিতে অনুমোদিত শয্যা সংখ্যা কত, (হাসপাতালওয়াড়ি); এবং

(খ) উক্ত হাসপাতালগুলিতে উপযুক্ত সংখ্যক ডাক্তার আছে কি না?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ৪১৮ টি।

(খ) হ্যাঁ।

### বজবজে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ

২৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২৫৮) **শ্রী অশোক দেব :** কর্মবিনিয়োগ কেন্দ্র (শ্রম) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বজবজে অবস্থিত এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ অফিসটি থাকলেও পুনরায় সেখানে নতুন এক্সচেঞ্জ অফিস চালু করার ব্যাপারে কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটি কিরূপ?

**কর্মবিনিয়োগ কেন্দ্র (শ্রম) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) বজবজে একটি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ আছে, সেখানে কোনও নতুন এক্সচেঞ্জ চালু করার প্রশ্ন ওঠে না।

(খ) প্রশ্নই ওঠে না।

### মথুরাপুরের ক্ষতিগ্রস্তদের গৃহনির্মাণ

২৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৮২) **শ্রী সত্যরঞ্জন বাপুলি :** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

মথুরাপুর ২নং ব্লকের অধীনে রবেঘাকির বাঁধ ভাঙার জন্য ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের গৃহনির্মাণের জন্য কোনও টাকা বরাদ্দ করা হয়েছে কি না?

**ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** হ্যাঁ, ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জন্য গৃহনির্মাণের অনুদান বাবদ ২,৮৩,০০০.০০ টাকা বরাদ্দ করা হয়েছে।

### Total Number of Trams under CTC

258 (Admitted Question No.1290) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of Transport Department be pleased to state--

(a) How many trams are there under CTC;

(b) How many of them are plying ; and

(c) what is the annual profit/loss incurred by CTC during 1991-95?

**Minister-in-charge of Transport Department :** (a) There are 319 Tram Cars under CTC.

(b) 180 Tram Cars are plying.

(c) loss incurred by CTC during 1991-92 to 1994-95 are as follows:

| | (Rs. crores) |
|---|---|
| 1991-92 | 20.12 |
| 1992-93 | 29.16 |
| 1993-94 | 31.68 |
| 1994-95 | 20.51 |

**মুরারই থানা এলাকায় বিদ্যুতের অভাবে ফসলের ক্ষতি**

২৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ১২৯৪) **ডাঃ মোতাহার হোসেন :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) সরকার কি অবগত আছেন যে, বীরভুম জেলার মুরারই থানার ট্রান্সফর্মারের অভাবে বিদ্যুৎ ঘাটতির জন্য বহু ফসলের ক্ষতি হয়েছে; এবং

(খ) অবগত থাকলে প্রতিকারের জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) উক্ত অঞ্চলে বোরো মরশুমে অতিরিক্ত বিদ্যুতের চাহিদা সম্বন্ধে রাজ্য বিদ্যুৎ পর্ষদ অবগত আছে।

(খ) মুরারই অঞ্চলের অতিরিক্ত বিদ্যুতের চাহিদা মেটানোর জন্য মুরারই ৩৩/১১ কে.ভি. সাবস্টেশনটির ক্ষমতা (2x3+1x6.3)=12.3 এম. ভি. এ. থেকে (1x3+1x5+1x6.3)=14.3 এম.ভি.এ-তে বৃদ্ধি করার কাজ হাতে নেওয়া হয়েছে।

**বজবজ তাপবিদ্যুৎ কেন্দ্রের দূষণ প্রতিরোধ**

২৬০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১৫) **শ্রী অশোক দেব :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বজবজ তাপবিদ্যুৎ কেন্দ্রে দূষণ প্রতিরোধে সরকার কি ধরণের ব্যবস্থা নিয়েছেন; এবং

(খ) উক্ত এলাকার পরিবেশ দূষণ রোধে মোট কত টাকা বরাদ্দ করা হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) সি.ই.এস.সি-র প্রতিবেদন অনুযায়ী বজবজ তাপবিদ্যুৎ কেন্দ্রে দূষণ প্রতিরোধের জন্য পশ্চিমবঙ্গ রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ প্রকল্পের খুঁটিনাটি দিকগুলি স্বতন্ত্রভাবে পর্যালোচনা করেন এবং প্রকল্পের অনুকূলে "নো অবজেকশন" সার্টিফিকেট দেন। নির্মাণকাজ চলাকালীন রাজ্য ও কেন্দ্রীয় সরকার প্রদত্ত পরিবেশ সক্রান্ত অনুমতিপত্রে আরোপিত বিধিনিষেধ যথাযথভাবে মানা হচ্ছে কি না তা রাজ্য ও কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট বিভাগ তদারকি করছেন।

(খ) সি.ই.এস.সি-র হিসাব অনুযায়ী পরিবেশ সংরক্ষণের জন্য প্রকল্পটির ব্যয় তালিকায় ৬৭ কোটি টাকার সংস্থান ছিল। বর্তমান হিসাবে প্রকৃত খরচ সি.ই.এস.সি-র মতে আনুমানিক ১০০ কোটি টাকায় দাঁড়াবে।

**কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ছাত্র ভর্তির সমস্যা**

২৬১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩২৬) **শ্রী পরেশনাথ দাস ও শ্রী মোজাম্মেল হক :** শিক্ষা (উচ্চ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উচ্চ শিক্ষার (কলেজ ও বিশ্ববিদ্যালয়ের) বিভিন্ন স্তরে ছাত্র ভর্তির ক্রমবর্ধমান সমস্যা সমাধানের জন্য রাজ্য সরকার কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি না; এবং

(খ) করে থাকলে, সেগুলি কি কি?

**শিক্ষা (উচ্চ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ও (খ) সীমিত সাধ্যের মধ্যে উচ্চশিক্ষা গ্রহণে ইচ্ছুক ছাত্রদের পঠন-পাঠনের জন্য সরকার নতুন কলেজ স্থাপনে উদ্যোগী হয়েছেন এবং বর্তমান কলেজগুলিকে নতুন নতুন বিষয় পঠনের ব্যবস্থা করছেন।

বিশ্ববিদ্যালয় স্তরেও নতুন বিষয় পাঠ্যক্রমের অন্তর্ভুক্ত হচ্ছে।

**ধর্মতলা হতে বিশালাক্ষীতলা পর্যন্ত সি.টি.সি. বাস সার্ভিস**

২৬২। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৫৪) **শ্রী সুধীর ভট্টাচার্য :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ধর্মতলা হতে নৈনান বিশালাক্ষীতলা পর্যন্ত যে সি.টি.সি. বাস সার্ভিস আছে তা বাড়ানো হবে কি না;

(খ) হলে, কতদিনের মধ্যে আশা করা যায়; এবং

(গ) ফলতা এক্সপ্রেস (১) সম্প্রসারিত হবে কি,

(২) হলে তা কতদিনে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) সি.টি.সি.-র ধর্মতলা হতে নৈনানঘাট ও ধর্মতলা হতে বিশালাক্ষীতলা পর্যন্ত যে বাস সার্ভিস আছে তা বাড়ানোর কোনও পরিকল্পনা আপাতত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) (১) এখন বিবেচনা করা হচ্ছে না।

(২) প্রশ্ন ওঠে না।

**The Steps Taken to Reduce Transformation Transmission and Distribution Losses of Energy.**

263. (Admitted Question No. 1386) **Shri Tushar Kanti Mondal and Shri Saugata Rŏy :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state--

(a) the brief outlines of the steps taken during the last three years to reduce Transformation, Transmission and Distribution losses of Energy;

(b) the results thereof; and

(c) the percentage of Energy available for supply has been lost and the consequential financial loss substaining during the aforesaid period?

**Mimister-in-charge of Power Department :** (a) The WBSEB planned to reduce Transmission & Distribution loss at the rate of 1% every year. To reduce system loss, the Board has install capacitors, augmented capacity of Transmission and Distribution lines by changing conductors, created new lines and Transmission/Sub-tranmission Sub-stations.

(b) As a result of these actions 33 KV Bus voltage of the sub-stations where capacitor Bank have been installed has improved. Besides that, Transmission and Distribution loss has decreased over the last few years as indicated below:

| 1993-94 | 1994-95 | 1995-96 |
|---|---|---|
| 1.42% | 0.68% | 1.20% |

| | 1993-94 | 1994-95 | 1995-96 (Revised estimate) |
|---|---|---|---|
| (c) (1) Total percentage commercial loss of Energy | 7.48% | 6.30% | 4.70% |
| (2) Consequential financial loss (Rs.in lakhs) after deduction of normative T&D loss as per CEA | 9152 | 8487 | 7472 |

**রাজ্যের আদালতে বিচারকের শূন্যপদ**

২৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৪০০) **শ্রী অশোক দেব :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি--

(ক) রাজ্যের আদালতগুলিতে মোট কত বিচারকের পদ শূন্য রয়েছে (আদালতভিত্তিক সংখ্যায়); এবং

(খ) এসব পদে বিচারক নিয়োগের ক্ষেত্রে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক)

| | | |
|---|---|---|
| মুন্সেফ | .. | ২৩ |
| জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট | .. | ২৫ |
| অ্যাসিস্ট্যান্ট ডিস্ট্রীক্ট জাজ | .. | শুন্য |
| সাবডিভিসন্যাল জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট | .. | শুন্য |
| পঃ বঃ হায়ার জুডিসিয়াল সার্ভিস | .. | শুন্য |
| | মোট | :৪৮টি |

**(খ) পশ্চিমবঙ্গ লোকসেবা আয়োগ (পঃ বঃ পাবলিক সার্ভিস কমিশন) দ্বারা আয়োজিত পরীক্ষার মাধ্যমে এবং তাঁদের সুপারিশক্রমে মহাধর্মাধিকরণের (হাইকোর্টের) সঙ্গে আলোচনা করে শূন্য পদগুলি পুরণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।**

**রাজ্যে কমিউনিটি হেলথ গাইডের সংখ্যা**

২৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪০৩) **শ্রী অশোক দেব :** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কমিউনিটি হেলথ গাইড-এর প্রকৃত সংখ্যা কত; এবং

(খ) কমিউনিটি হেলথ গাইডদের পেশাগত নিরাপত্তা প্রদানে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ৩৯,০৬২ জন।

(খ) এই প্রকল্পটি পুরোপুরি কেন্দ্রীয় সরকারের অনুদানের উপর নির্ভরশীল। কমিউনিটি হেলথ গাইডরা মুলত স্বেচ্ছাসেবী যাঁরা মাত্র ৫০ টাকা সম্মান-মূল্য পেয়ে থাকেন। এদের ভাতা বাড়ানোর জন্য প্রস্তাব করা হয়েছিল, কিন্তু ভারত সরকার সম্মত হন নি।

**বেসরকারি কলেজে 'স্টাফ প্যাটার্ন'**

২৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৪০৯) **শ্রী বিদ্যুৎকুমার দাস :** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বেসরকারি কলেজসমুহের জন্য নতুন "স্টাফ প্যাটার্ন" মেনে কতগুলি কলেজে বিভিন্ন শ্রেণীর অ-শিক্ষক কর্মীপদ সৃষ্টি করা হয়েছে; এবং

(খ) উক্তপদের সংখ্যা কত?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) মোট ৮টি কলেজে অ-শিক্ষক কর্মীপদ সৃষ্টি করা হয়েছে।

(খ) মোট সংখ্যা ৪৭ টি।

**বর্তমান শিক্ষাবর্ষের পঠন-পাঠনে নুতন শিক্ষক নিয়োগ**

২৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১০) **শ্রী বিদ্যুৎকুমার দাস :** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষে বেসরকারি কলেজসমুহে অনুমোদিত নুতন-নুতন বিষয়গুলি পঠন-পাঠনের জন্য কোনও শিক্ষক দেওয়া হয়েছে কি না; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "না" হলে কবে নাগাদ তা কার্যকর হবে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষে মোট ৬৪টি নুতন শিক্ষকপদ সৃষ্টি করা হয়েছে।

(খ) ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষে অনুমোদিত নুতন বিষয়গুলি পঠন-পাঠনের জন্য প্রয়োজনীয় শিক্ষকের পদ সৃষ্টির বিষয়টি বিবেচনাধীন আছে।

**বাঁকুড়ার ইন্দাস ব্লকে লোকদীপ প্রকল্প**

২৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৪২৯) **শ্রী নন্দদুলাল মাঝি ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার ইন্দাস থানা এলাকায় ১৯৯৬ সালের ৩১শে মার্চ পর্যন্ত কতগুলি মৌজায় লোকদ্বীপ/কুটির জ্যোতি প্রকল্পের কাজ হয়েছে; এবং

(খ) কতগুলি পরিবার এই প্রকল্পে উপকৃত হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ৩১-৩-৯৬ তারিখ পর্যন্ত উক্ত এলাকার ২০৫টি মৌজায় লোকদীপ/কুটির জ্যোতি প্রকল্পে কাজ হয়েছে।

(খ) ২০৫ টি পরিবার এই প্রকল্পে উপকৃত হয়েছে।

**রাজ্যে তপসিলি জাতি ও আদিবাসীদের ছাত্র-নিবাস**

২৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৩০) **শ্রী নন্দদুলাল মাঝি ঃ** তপসিলি জাতি ও আদিবাসী-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি তপসিলি জাতি ও আদিবাসীদের জন্য ছাত্র-নিবাস আছে; এবং

(খ) এর মধ্যে বাঁকুড়া জেলায় কয়টি?

**তপসিলি জাতি ও আদিবাসী-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) (১) আশ্রম ছাত্রাবাসের সংখ্যা—১৯৮

(২) কেন্দ্রীয় ছাত্রবাসের (অনুমোদিত) সংখ্যা --৬৩ (এর মধ্যে বর্তমানে চালু—১৪টি) কেন্দ্রীয় ছাত্রাবাসের (অনুমোদন পুনর্নবীকরণের অপেক্ষায়)

(৩) বিদ্যালয় সংলগ্ন ছাত্রাবাসের সংখ্যা--৭৮৮

মোট ছাত্রাবাসের সংখ্যা--১০৫৬

(খ) (১) আশ্রম ছাত্রাবাসের সংখ্যা--২৯

(২) কেন্দ্রীয় ছাত্রাবাসের সংখ্যা--৬

(বর্তমানে চালু ২টি,-রানি বাঁধ, খাতড়া)

(৩) বিদ্যালয় সংলগ্ন ছাত্রাবাসের সংখ্যা--১৪৮

মোট ছাত্রাবাসের সংখ্যা--১৮৩।

**হীরাকেনিয়া মীরগোদায় পাকা রাস্তা নির্মাণ**

২৭০। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫২) **শ্রী মৃণালকান্তি রায় ঃ** পূর্ত (সড়ক) বিভাগের

ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

উত্তর রামনগরের হীরাকোনিয়া মীরগোদা (ভায়া দেপাল চন্দনপুর হাসপাতাল) পাকা রাস্তা নির্মানের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** পূর্ত এবং পূর্ত (সড়ক) বিভাগের অধীনে এরূপ কোনও পরিকল্পনা নেই।

**কাঁথি মহকুমা এলাকায় বিদ্যুতের চাহিদা**

২৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫৩) **শ্রী মৃণালকান্তি রায় :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কাঁথি মহকুমার অন্তর্গত প্রতিটি থানা এলাকায় কত মেগাওয়াট বিদ্যুতের চাহিদা গত ৩১শে মে, ১৯৯৬ সাল পর্যন্ত ছিল (পৃথকভাবে);

(খ) প্রতিটি থানা এলাকায় কোন কোন বিদ্যুৎ উৎপাদনকেন্দ্র থেকে কত পরিমাণ বিদ্যুৎ সরবরাহ করা হয়; এবং

(গ) এলাকাগুলির সর্বোচ্চ ও সর্বনিম্ন চাহিদা বছরে কোন সময়ে কতটা থাকে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) কাঁথি মহকুমার অন্তর্গত প্রতিটি থানা এলাকায় ৩১শে মে, ১৯৯৬ সালে বিদ্যুতের চাহিদা নিম্নরূপ ছিল :

| থানা | চাহিদা (মে.ও.) |
|---|---|
| ১। কাঁথি | ২.১২ প্রায় |
| ২। দিঘা | ০.৬৬ ঐ |
| ৩। রামনগর | ১.৩২ ঐ |
| ৪। এগরা | ১.৫০ ঐ |
| ৫। মোহনপুর | ০.৬১ ঐ |
| ৬। পটাশপুর | ২.৬৪ ঐ |
| ৭। ভগবানপুর | ০.৬৬ ঐ |
| ৮। ভুপতিনগর ও খেজুরি | ০.৪৮ ঐ |

(খ) উক্ত এলাকাগুলিতে S.T.P.S.এবং D.V.C.থেকে বিদ্যুৎ সরবরাহ করা হয়। যেহেতু উৎপাদনকেন্দ্র থেকে বিদ্যুৎ Common গ্রীডের মাধ্যমে বিভিন্ন এলাকায় সরবরাহ করা হয়, তাই কোনও উৎপাদনকেন্দ্র থেকে কোন থানা এলাকায় কত বিদ্যুৎ দেওয়া হয় তা বলা সম্ভব নয়।

(গ) এলাকাগুলির সর্ব্বোচ চাহিদা নিম্নরূপ ছিলঃ

| থানা | সর্বোচ্চ চাহিদার সময় মার্চ ও এপ্রিল | সর্বনিম্ন চাহিদার সময় জুন ও জুলাই |
|---|---|---|
| ১। কন্টাই | ২.১২ MV Apporx. | ১.৭৬ MV Approx |

| | | |
|---|---|---|
| ২। দিঘা | ০.৬৬ " | ০.৪৮ " |
| ৩। রামনগর | ১.৩২ " | ০.৭০ " |
| ৪। এগরা | ১.৫০ " | ১.০০ " |
| ৫। মোহনপুর | ০.৬১ " | ০.৫৫ " |
| ৬। পটাশপুর | ২.৬৪ " | ১.৩৭ " |
| ৭। ভগবানপুর | ০.৬৬ " | ০.৩৫ " |
| ৮। ভুপতিনগর ও খেজুরি | ০.৪৮ " | ০.৩০ " |

**বিষ্ণুপুর এলাকায় বিদ্যুৎ সংযোগ**

২৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৬১) **শ্রী আনন্দকুমার বিশ্বাস :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

২৪ পরগনা (দক্ষিণ) জেলার বিষ্ণুপুর থানা এলাকায় কতগুলি মৌজার মধ্যে কতগুলি মৌজায় বিদ্যুৎ দেওয়া (১৯৯৫ সাল পর্যন্ত) সম্ভব হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** আর.ই.সি.র তথ্য অনুযায়ী ২৪ পরগনা (দক্ষিণ) জেলার বিষ্ণুপুর থানা এলাকায় মোট ১৫৪টি গ্রামীণ মৌজার মধ্যে ১৫৩ টি মৌজা ভারজিন-হিসাবে বৈদ্যুতিকরণ হয়েছে বলে ঘোষণা করা হয়েছে। অবশিষ্ট মৌজাটির নাম কালীচরণপুর (জে.এল. নং ১১৬)। প্রয়োজনীয় অর্থ যোগান হলে ঐ কাজ হাতে নেওয়া হবে।

**হুগলি জেলায় প্রাথমিক বিদ্যালয় স্থাপনের পরিকল্পনা**

২৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৫১৬) **শ্রী শক্তিপদ খাঁড়া :** স্কুল শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমান আর্থিক বছরে (১৯৯৬-৯৭) হুগলি জেলায় নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের কোনও পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কি না;

(খ) করে থাকলে, সেগুলি কোথায় কোথায়;

(গ) উক্ত জেলার জুনিয়র হাই স্কুলকে হাই স্কুলে উন্নীত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(ঘ) থাকলে, কোন কোন স্কুলকে উক্ত পরিকল্পনার আওতায় আনা হবে?

**স্কুল শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) কোনও স্থান এখনও নির্বাচিত হয় নি। স্থান নির্বাচনের দায়িত্ব জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের।

(গ) হ্যাঁ।

(ঘ) এখনই বলা সম্ভব নয়।

**দাঁতন-মোহনপুর রাস্তা সংস্কার**

২৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৫১৯) **শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

দাঁতন থেকে মোহনপুর পর্যন্ত রাস্তাটি সংস্কারের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** পূর্ত এবং পূর্ত (সড়ক) বিভাগের অধীনে এরূপ কোনও পরিকল্পনা নেই।

**ডানকুনি মৌজায় বৈদ্যুতিকরণ**

২৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৫৪) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হুগলি জেলার ডানকুনি, খড়িয়াল ও চাকুন্দি মৌজাগুলির সম্পূর্ণ এলাকায় বৈদ্যুতিকরণের কাজ কতদিনে শেষ হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** আর.ই.সি.-র তথ্য অনুযায়ী উক্ত মৌজাগুলিকে ভারজিন বিদ্যুতায়নের কাজ বহুপূর্বেই করা হয়েছে। উক্ত মৌজাগুলিতে 'ইন্টেন্সিফিকেশন'-এর জন্য বর্তমানে আর.ই.সি অনুমোদিত কোনও প্রকল্প হাতে নেই। প্রয়োজনীয় অর্থ যোগান সাপেক্ষে এই কাজ হাতে নেওয়া হচ্ছে।

**মাধবডিহি ও রায়না বিদ্যুতের সাব-স্টেশন চালুকরণ**

২৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৭৫) **শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মাধবডিহি, রায়না বিদ্যুতের সাব-স্টেশন ১৯৯৬-এর মধ্যে চালু করার কোনও পরিকল্পনা নেওয়া হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, পরিকল্পনাটি বর্তমানে কোন অবস্থায় আছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) মাধবডিহি ও রায়না সাব-স্টেশন ১৯৯৬ সালের মধ্যে চালু করা সম্ভব হচ্ছে না।

(খ) মাধবডিহি ৩৩/১১ কেভি সাব-স্টেশনের জমি পাওয়া গেছে। জমির উন্নয়নের কাজ জেলা পরিষদ করে দিয়েছে। ৩৩ কেভি লাইন গোঘাট থেকে আরামবাগ হয়ে মাধবডিহি সাব-স্টেশনে ঢোকানোর পরিকল্পনা আছে। আরামবাগ থেকে মাধবডিহি পর্যন্ত লাইনের কাজ চলছে (৩০০ টি পোলের মধ্যে ২৭০ টি পোল তোলা হয়েছে)। এই কাজ করা নিয়ে হুগলী জেলায় পোল তোলার কাজে কিছু বাধার সম্মুখীন হতে হচ্ছে। জেলা পরিষদ এবং পঞ্চায়েতের সাথে আলোচনা চলছে। সাব-স্টেশনের Structure Work এর পোলের কাজ সম্পূর্ণ হয়েছে। বাউন্ডারি ওয়াল জেলা পরিষদ করবে। অন্য Civil Work এর ব্যাপারেও ব্যবস্থা নেওয়া হয়েছে।

অপরদিকে রায়না ১৩২/৩৩ কেভি সাব-স্টেশনটির জমি পাওয়া গেছে। প্রাথমিক উন্নয়নের কাজ হাতে নেওয়া হয়েছে এবং আরামবাগ ৪০০/২০০/১৩২ কেভি সাব-স্টেশন থেকে রায়না পর্যন্ত ডবল সারকিট ১৩২ কেভি লাইনের কাজ করতে দেওয়া হয়েছে যদি সময়মতো ও.ই.সি.এফ.-এর ঋণ পাওয়া যায় তবে প্রথম পর্যায়ের কাজ ২০০২ সাল নাগাদ শেষ হবে বলে আশা করা হচ্ছে।

**রাত্রে উত্তরবঙ্গগামী দুরপাল্লার বাসে শান্তিপুরে স্টপেজের ব্যবস্থা**

২৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৮৩) **শ্রী অজয় দে ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্ব জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গগামী রাত্রের দুরপাল্লার বাসগুলির নদীয়ার শান্তিপুর স্টপেজ দেওয়ার ব্যবস্থা আছে কি না; এবং

(খ) না থাকলে, স্টপেজ দেওয়ার ব্যবস্থা করার কোনও পরিকল্পনা আছে কি না?

**পরিবহণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না।

(খ) বর্তমানে নেই।

**গোয়াগাঁও থেকে কানকি পর্যন্ত রাস্তা নির্মাণ**

২৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০৬) **শ্রী হাফিজ আলম সৈরানী ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর দিনাজপুর জেলার গোয়াগাঁও থেকে কানকি অবধি সরকারি রাস্তাটির নির্মাণকার্য কোন পর্যায়ে রয়েছে; এবং

(খ) কবে নাগাদ রাস্তাটির নির্মাণকার্য শেষ হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ৭৬ শতাংশ পিচের কাজ শেষ হয়েছে। ১টি ব্রিজের নির্মাণকাজসহ বাকী রাস্তার কাজ চলছে।

(খ) ১৯৯৯ সালের মাঝামাঝি সময়ে শেষ হবে বলে আশা করা যায়।

**পিংলা থানা এলাকায় বৈদ্যুতিকরণ**

২৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬১২) **শ্রী রামপদ সামন্ত ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার পিংলা বিধানসভা কেন্দ্র এলাকার

(১) বিদ্যুতায়িত,

(২) আংশিক বিদ্যুতায়িত

(৩) বিদ্যুৎহীন মৌজার সংখ্যা কত; এবং

(খ) বিদ্যুৎহীন মৌজাগুলিকে বৈদ্যুতিকরণের জন্য কি কি ব্যবস্থা নেওয়া হচ্ছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) বিদ্যুতায়িত মৌজার পরিসংখান বিধানসভা কেন্দ্র হিসাবে রাখা হয় না। এই পরিসংখান, থানা এলাকা হিসাবে রাখা হয়। মেদিনীপুর জেলার পিংলা থানা এলাকায় ১৭১টি গ্রামীণ মৌজার মধ্যে ১৪৩টি বিদ্যুতায়িত বা আংশিক বিদ্যুতায়িত হয়েছে। বাকি ২৮টি বিদ্যুৎহীন অবস্থায় পড়ে আছে।

(খ) বর্তমানে আর.ই.সি. প্রকল্পে কোনও টাকা না পাওয়ায় বিদ্যুৎহীন মৌজাগুলিকে পর্যায়ক্রমে বৈদ্যুতিকরণের জন্য কোনও পরিকল্পনা নেওয়া সম্ভব হচ্ছে না।

ভারত সরকারের কাছে বাকী ২৩.৮ শতাংশ গ্রামে বৈদ্যুতিকরণের জন্য ৭৪০ কোটি টাকার একটি প্রকল্প পাঠানো হয়েছে।

## মুর্শিদাবাদের দ্বারকা নদীর উপর সেতু নির্মাণ

২৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১৬১৭) **শ্রী বিশ্বনাথ মন্ডল ও শ্রী মোজ্জাম্মেল হক ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার শেরপুর-বিষ্ণুপুর রাস্তায় দ্বারকা নদীর উপর সেতু নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না;

(খ) থাকলে উক্ত প্রকল্প রূপায়ণের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত; এবং

(গ) উক্ত কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) আছে।

(খ) এ বিষয়ে প্রয়োজনীয় প্রক্কলন প্রস্তুতির কাজ চলেছে।

(গ) এখনই বলা সম্ভব নয়।

## মুর্শিদাবাদের খড়গ্রামে ৩৩ কেভি সাব-স্টেশন

২৮১। (অনুমোদিত প্রশ্ন নং ১৬১৮) **শ্রী বিশ্বনাথ মন্ডল ও শ্রী মোজাম্মেল হক ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম ব্লকে মুরচা মৌজায় ৩৩ কেভি বৈদ্যুতিক সাব-স্টেশন স্থাপনের কাজ বন্ধ হয়ে পড়ে আছে;

(খ) সত্যি হলে, কি কারণে উক্ত নির্মাণ কাজ বন্ধ হয়ে আছে; এবং

(গ) উক্ত প্রকল্পের কাজ কবে নাগাদ সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না তথ্যটা সত্যি নয়।

(খ) পর্ষদের আর্থিক সংকট-হেতু এবং ও.ই.সি.এফ.-এর কাছ থেকে ঋণ পাওয়ার আশায় যদিও সাময়িকভাবে কাজ বন্ধ ছিল, কিন্তু এখন সাব-স্টেশন তৈরির কাজ চলছে।

(গ) খুঁটি বসানো ও লাইট টানার কাজে কিছু কিছু বাধার সম্মুখীন হতে হচ্ছে জমির মালিকদের কাছ থেকে। তবে প্রকল্পটির কাজ ১৯৯৭-৯৮ আর্থিক বছরের মধ্যে শেষ হবে

বলে আশা করা যায়।

**জাতীয় সড়কে বেআইনি দখলদার উচ্ছেদ**

২৮২। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২৬) **শ্রী মোজাম্মেল হক :** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের গুরুত্বপূর্ণ এবং জাতীয় সড়কগুলিতে যান চলাচল স্বাভাবিক করতে সরকার সকল প্রকার দখলদারদের উচ্ছেদ করার পরিকল্পনা গ্রহণ করেছেন; এবং

(খ) সত্যি হলে কবে নাগাদ উক্ত বেআইনি দখলদারদের উচ্ছেদ করার কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) ১৯৯৩ সালের মে মাসে সরকারি আদেশনামা প্রকাশের পর থেকে বেআইনি দখলদার উচ্ছেদের উদ্যোগ লাগাতার চলছে।

**হরিহরপাড়া প্রাইমারি মার্কেটিং সমবায় সমিতি লিমিটেডের অচলাবস্থা**

২৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২৭) **শ্রী মোজাম্মেল হক :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার হরিহরপাড়া থানা প্রাইমারি মার্কেটিং সমবায় সমিতি লিমিটেড দীর্ঘদিন যাবৎ বন্ধ থাকার ফলে কর্মচারীগণ বেতন পাচ্ছে না; এবং

(খ) সত্যি হলে উক্ত সংকট নিরসনে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**সমবায় দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হ্যাঁ।

(খ) পুর্ববর্তী বোর্ড যা এই সঙ্কটের জন্য দায়ী ছিল তাকে বাতিল করে নুতন বোর্ড অফ্ অ্যাডমিনিস্ট্রেটর নিযুক্ত করা হয়েছে। নুতন বোর্ড এই সঙ্কট নিরসনের জন্য ব্যবস্থা গ্রহণ করেছেন।

**বজবজ এলাকায় উন্নয়নমূলক কাজ**

২৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৩৮) **শ্রী অশোক দেব :** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ কবে উত্তর দেবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনা জেলার বজবজের মায়াপুর, চটা, আশুতি-১ ও ২, রাজীবপুর গ্রাম পঞ্চায়েতকে ১৯৯২-৯৩, ১৯৯৩-৯৪, ১৯৯৪-৯৫, ১৯৯৫-৯৬ (মার্চ পর্যন্ত) এর আর্থিক বছরে উন্নয়নমুলক কাজের জন্য মোট কত টাকা দেওয়া হয়েছে (পঞ্চায়েত তথা বছরওয়ারি); এবং

(খ) ঐ সময়ে উক্ত এলাকাগুলিতে কোথায় কোথায় কি কি উন্নয়নমূলক কাজ হয়েছে?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) এই গ্রাম পঞ্চায়েতসমূহে ঐ

আর্থিক বছরগুলিতে জেলা পরিষদ কর্তৃক উন্নয়নমূলক কাজের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ নিম্নরূপ ঃ

| | ১৯৯২-৯৩ | ১৯৯৩-৯৪ | ১৯৯৪-৯৫ | ১৯৯৫-৯৬ |
|---|---|---|---|---|
| (১) মায়াপুর | .. ৪,২৫,৭৩৯ | ৩,৯৪,৯২০ | ৩,২৭,৩৫৫ | ৩,৬০,৫৬৭ |
| (২) রাজীবপুর | .. ৩,১৮,৭০১ | ৩,৭৭,৩৯১ | ৫,৫০,১১৮ | ৪,৪৫,৬৫৬ |
| (৩) আশুতি-১ | .. ৩,১৬,৫১৬ | ৪,৮৫,৭৮৬ | ৫,১২,৫৯২ | ৪,২৬,৪৪৩ |
| (৪) আশুতি-২ | .. ২,৫৬,৪০৩ | ৪,৫৬,৭৮৬ | ৬,৭১,২৪৫ | ৫,২৭,৭৪৩ |
| (৫) চটা | .. ৪,১৬,৭৪৫ | ৬,৪৬,০৯৫ | ৩,১৪,৩৪২ | ৩,৫৯,৭০৫ |

এ ছাড়া পঞ্চায়েত সমিতিগুলি তাদের টাকা থেকে কিছু টাকা উন্নয়নমূলক কাজের জন্য ঐ গ্রাম পঞ্চায়েতগুলিকে দিয়েছে।

(খ)(১) মায়াপুর ঃ ৪টি ৫কি.মি. রাস্তা কালভার্টসহ, ৩৫টি গৃহনির্মাণ, ২টি স্কুল গৃহনির্মাণ, ৪টি পুকুর খনন।

(২) রাজীবপুর ঃ ১৭টি গৃহনির্মাণ, ৩.৫ কি.মি. রাস্তা বাঁশের পাইলিং ও গার্ডওয়ালসহ নির্মাণ, গ্রাম পঞ্চায়েত-এর গৃহনির্মাণ (আংশিক), ৪.৩ কি.মি. ইটের রাস্তা, ৬টি পুরানো টিউবওয়েল নতুন করে ও দুটি নতুন টিউবওয়েল বসানো।

(৩) আশুতি-১ ঃ ৩টি রাস্তা পুনর্নির্মাণ, শিবতলা পুকুরের গার্ডওয়াল নির্মাণ, সুতি খালের উপর কালভার্ট নির্মাণ, খালের পুনঃখনন, শ্রান ছায়ালী ক্লাবের নিকট গার্ডওয়াল নির্মান, খানবেড়িয়া-তেঁতুলবেড়িয়া কাঠের পুলের পুনর্নির্মাণ।

(৪) আশুতি-২ ঃ ২টি রাস্তার উন্নয়ন, জগন্নাথপুরের রাস্তার গার্ডওয়ার নির্মাণ, ১টি প্রাথমিক ও একটি জুনিয়র হাইস্কুলের গৃহ মেরামত, খালের পুনঃখনন, ১টি প্রাথমিক বিদ্যালয়ের গৃহনির্মাণ ও একটি হাসপাতাল ভবন নির্মাণ।

(৫) চটা ঃ ৫টি রাস্তার উন্নয়ন/পুর্ননির্মাণ, একটি প্রাথমিক বিদ্যালয়ের গৃহ পুনর্নির্মাণ, হামিদশেখের সাইটের পাশে গার্ডওয়াল নির্মাণ, সুবিতালি ইনস্টিটিউটের গৃহনির্মাণ ও ১টি জুনিয়র হাই মাদ্রাসার গৃহনির্মাণ।

## হুগলি জেলার মডিউলার ফুড পার্ক

২৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৪৬) **শ্রী সুকুমার দাস ঃ** খাদ্য প্রক্রিয়াকরণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপুর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার অন্তর্গত মডিউলার ফুডপার্কের বিষয়টি বর্তমানে কি অবস্থায় আছে;

(খ) উক্ত ফুড পার্কের জন্য কত পরিমাণ অর্থ ব্যয় হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত ফুড পার্কে কতজনের কর্ম-সংস্থান হবে বলে আশা করা যায়?

**খাদ্য প্রক্রিয়াকরণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) বর্তমানে জমি সংগ্রহের কাজ চলছে। প্রকল্পের অন্তর্গত রাস্তা ও ভূমি উন্নয়নের কাজ চলছে। বিদ্যুৎ ও জল সরবরাহের ব্যবস্থা করা হচ্ছে।

(খ) জমি ক্রয়, জমির উন্নয়ন পরিকাঠামো, হিমায়ন ব্যবস্থাসমূহ, গবেষণা ও উন্নয়ন, মানবসম্পদ উন্নয়ন, প্রশিক্ষণ ইত্যাদি খাতে আনুমানিক ব্যয় ১১২.৭১ কোটি টাকা। প্রকল্পের অন্তর্গত শিল্পে নিয়োজিত কর্মীদের ব্যসস্থান এবং অন্যান্য সামাজিক পরিকাঠামো নির্মাণে অনুমিত ব্যয় আরও ৫৫ কোটি টাকা। প্রকল্পটিতে ২১৫টি ছোট, মাঝারি ও বড় খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের ব্যবস্থা হবে। এই সমস্ত সংস্থা চালু হলে লগ্নীর পরিমাণ দাঁড়াবে আনুমানিক ২০০০ কোটি টাকা। প্রকল্পটিতে এখনও পর্যন্ত পশ্চিমবঙ্গ সরকারের কোনও ব্যয় বরাদ্দ নেই।

(গ) প্রকল্পে প্রস্তাবিত সব শিল্প চালু হলে অনুমিত ৩০,০০০-এর অধিক লোকের প্রত্যক্ষভাবে কর্মসংস্থান হবে। আরও ৭০,০০০ লোকের পরোক্ষভাবে কর্মসংস্থান হবে বলে আশা করা যায়।

**ভুলাভেদা হাইস্কুলকে উচ্চ মাধ্যমিকে উন্নীতকরণ**

২৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৮২) **শ্রী নরেন হাঁসদা ঃ** শিক্ষা (উচ্চ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মেদিনীপুর জেলার বেলপাহাড়ি এলাকায় অবহেলিত ভুলাভেদা হাইস্কুলটিকে রাজ্য সরকার উচ্চমাধ্যমিকে উন্নীতকরণের কথা বিবেচনা করেছেন; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কবে নাগাদ তা কার্যকর হবে বলে আশা করা যায়?

**শিক্ষা (উচ্চ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) আপাতত নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

**হীরাপুর এলাকায় সংখ্যালঘু মুসলিম উচ্চবিদ্যালয় স্থাপন**

২৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১৩) **শ্রী শ্যামাদাস ব্যানার্জি ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বর্ধমান জেলার হীরাপুর বিধানসভা কেন্দ্রে সংখ্যালঘু মুসলিম ছাত্র-ছাত্রীদের জন্য একটি উচ্চমাধ্যমিক বিদ্যালয় স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত বিদ্যালয়টি স্থাপিত হতে পারে?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) আপাতত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**বিধাননগর ব্রিজের নিচের রাস্তা দ্বিমুখীকরণের পরিকল্পনা**

২৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৭১৮) **শ্রী পরেশ পাল ঃ** পূর্ত (সড়ক) বিভাগের

ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিধাননগর রেল স্টেশন-সংলগ্ন রেলওয়ে ব্রিজের নিচে বিধাননগর রাস্তার দ্বিমুখীকরণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ কাজটি শুরু হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) পূর্ত (সড়ক) বিভাগের এরূপ কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

### ময়না ফেরিঘাটের কাছে সেতু নির্মাণ

২৯০। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৩৩) **শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) মেদিনীপুর জেলার তমলুক মহকুমায় ময়না-শ্রীরামপুর ফেরিঘাটের কাছে কংসাবতী সেতু নির্মাণের কাজ কি পর্যায়ে আছে; এবং

(খ) উক্ত সেতু নির্মাণ বাবদ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কি পরিমাণ আর্থিক সাহায্য পাওয়া গিয়েছে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) মূল সেতু কাজ শুরু করার জন্য প্রয়োজনীয় প্রাথমিক কাজ চলছে।

(খ) সেতুটি নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকার সি.আর.এফ. স্কীমে ২৪৮.২০ লক্ষ টাকা মঞ্জুর করেছে।

### গৌরীপুরে বিশেষ ধরনের তাপবিদ্যুৎ প্রকল্প

২৯১। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৩৪) **শ্রী রঞ্জিত কুন্ডু ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

উত্তর ২৪ পরগনা জেলার গৌরীপুরে যৌথ উদ্যোগে বিশেষ ধরণের তাপবিদ্যুৎ কেন্দ্র গড়ার পরিকল্পনা বর্তমানে কোন পর্যায়ে আছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** উত্তর ২৪-পরগনা জেলার গৌরীপুরে যৌথ উদ্যোগে 'গৌরীপুর পাওয়ার কোম্পানি' সম্প্রতি নথিভুক্ত হয়েছে। এই যৌথ উদ্যোগের অংশীদারেরা হল--আমেরিকার মেসার্স থার্মো ইকোটেক করপোরেশন, রাজ্য বিদ্যুৎ পর্ষদ বিড়লা টেকনিক্যাল সার্ভিসেস এবং ভারত হেভি ইলেকট্রিক্যাল লিঃ।

উক্ত কোম্পানী উন্নতমানের সি.ফি.বি.সি. বয়লারসহ পূর্ব ঘোষিত ২টি ইউনিটের (২X ৭৫ মেও.) এর পরিবর্তে একটি ইউনিট (১X১৫০ মেও.) সমন্বিত বিদ্যুৎ প্রকল্প স্থাপন করবে।

বর্তমানে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের সঙ্গে বিদ্যুৎ ক্রয় চুক্তি চূড়ান্তকরণের পর্যায়ে আছে।

এই প্রকল্পের কাজের জন্য প্রায় ৫১.০৮ একর জমি প্রয়োজন। তার মধ্যে পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের গৌরীপুর বিদ্যুৎকেন্দ্রের ৪.৯৪ একর জমি পাওয়া গিয়েছে। বাকী ৪৬.১৪ একর জমির অধিগ্রহণের কাজ এখন চলছে। এছাড়া, অর্থ কারিগরি-সংক্রান্ত ছাড়পত্র এখনও পর্যন্ত সি.ই.-র বিবেচনাধীন আছে।

এই প্রকল্পটির রূপায়ণের ব্যাপারে ডি.পি.আর এবং ব্যয়ের হিসাব চূড়ান্তকরণের জন্য সি.ই.এ.ও পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ বিবেচনা করছে। প্রকল্পের আনুমানিক ব্যয় ধরা হয়েছে ৬৮০.২৪ কোটি টাকা।

### রায়নায় পশু-হাসপাতাল নির্মাণ

২৯২। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৩৬) **শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** প্রাণিসম্পদ বিকাশ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্ধমান জেলার রায়নায় পশু-হাসপাতাল নির্মাণের পরিকল্পনা সরকার গ্রহণ করেছে; এবং

(খ) সত্যি বলে, পরিকল্পনাটি কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**প্রাণিসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) ১৯৯৬-৯৭ আর্থিক বছরে বাস্তবায়িত হবে বলে আশা করা যায়।

### রেজিস্ট্রি অফিসে জমির দলিলের মূল্য নির্ধারণে অনিয়ম

২৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৪০) **শ্রী শ্যামাপ্রসাদ পাল ঃ** অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জমি রেজিস্ট্রির ক্ষেত্রে দলিলের মূল্য নির্ধারণে কোনও অনিয়ম হচ্ছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা নিয়েছেন?

**অর্থ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### শিলদা হাইস্কুলকে উচ্চমাধ্যমিকে উন্নীতকরণ

২৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৪৫) **শ্রী নরেন হাঁসদা ঃ** শিক্ষা (উচ্চ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মেদিনীপুর জেলার বিনপুর এলাকায় শিলদা হাইস্কুলটিতে 'উচ্চমাধ্যমিক' বিদ্যালয়ে উন্নীতকরণের জন্য সরকার বিবেচনা করছেন; এবং

(খ)'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে কবে নাগাদ তা বাস্তাবায়িত হবে বলে আশা করা যায়?

**শিক্ষা (উচ্চ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) আপাতত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**বক্রেশ্বর তাপবিদ্যুৎকেন্দ্রের বয়লার বেসমেন্ট ওয়ার্ক**

২৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৫৬) **শ্রী সুনীতি চট্টরাজ ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বক্রেশ্বর তাপবিদ্যুৎকেন্দ্রে ১নং ইউনিটের বয়লার বেসমেন্ট ওয়ার্ক হয়েছে কি না; এবং

(খ) হয়ে থাকলে, উক্ত কাজ কাদের মাধ্যমে করানো হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না, হয় নি, তবে বক্রেশ্বর তাপবিদ্যুৎকেন্দ্রের পূর্বের ১নং ইউনিট যা বর্তমানে ৫নং ইউনিট-রূপে চিহ্নিত, তার বয়লার বেসমেন্ট ওয়ার্ক হয়েছে।

(খ) মেসার্স সিমপ্লেক্স কনক্রিট পাইলস কোম্পানি কাজটি করছে।

**বীরভুম জেলার বাঁধেরশোল গ্রামে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্তদের সহায়তা**

২৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৬৪) **শ্রী সুনীতি চট্টরাজ ঃ** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বীরভুম জেলার দুরবাজপুর থানা এলাকায় বাঁধেরশোল গ্রামের বহু ঘর আগুন লেগে ধ্বংস হয়েছে; এবং

(খ) সত্যি হলে, কত পরিমাণে সরকারি ত্রাণ উক্ত গ্রামের ক্ষতিগ্রস্তদের মধ্যে বন্টন করা হয়েছে?

**ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ, একথা সত্যি;

(খ) বিশেষ ক্ষয়রাতি সাহায্য (চাল)-২ (দুই) কুইন্ট্যাল, ত্রিপল-৩৮ খানি, ধুতি-২৫ খানি, শাড়ি-২৫ খানি ইত্যাদি এ পর্যন্ত সরকারি ত্রাণ বাবদ উক্ত গ্রামের ক্ষতিগ্রস্তদের মধ্যে বন্টন করা হয়েছে।

**১৯৯৫-৯৬ আর্থিক বছরে বীরভুম জেলা পরিষদে ব্যয়**

২৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৬৫) **শ্রী সুনীতি চট্টরাজ ঃ** পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বীরভুম জেলা পরিষদ গত আর্থিক বছরে কোন খাতে কত টাকা ব্যয় করেছে; এবং

(খ) উক্ত ব্যয়ের কোনও অডিট হয়েছে কি না এবং হলে তার রিপোর্ট কি?

**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) বীরভুম জেলা পরিষদ গত আর্থিক বছরে অর্থাৎ ১৯৯৫-৯৬ আর্থিক বছরে বিভিন্ন খাতে সর্বমোট ২৭,৯০,৫৭,৩৬২.৩৫ টাকা ব্যয় করেছে। এ বিষয়ে বীরভুম জেলা পরিষদ থেকে প্রাপ্ত একটি বিশদ প্রতিবেদন নিম্নে সন্নিবেশিত হল।

(খ) ১৯৯৫-৯৬ সালের অডিট-যা করার জন্য প্রধান অ্যাকাউন্ট্যান্ট জেনারেল, পশ্চিমবঙ্গের সঙ্গে সংশ্লিষ্ট একজামিনার অফ্ লোকাল অ্যাকাউন্টস দায়িত্ব প্রাপ্ত।-এখনও হয়নি।

এই অবস্থার রিপোর্টের প্রশ্ন ওঠে না।

Statement referred in reply to clause (ka) of Unstarred question No. 297

(Admitted Question No 1765)

Itemwise details of expenditure incurred by Birbhum Zilla Parishad durring 1995-96.

| Head | Amount Rs. | Head | Amount Rs. |
|---|---|---|---|
| Honorariunm to the Office bearers | 1,48,800.00 | C.W. Other Charges | 17,407.50 |
| Members T.A. | 55,092.50 | Executive Eng's Estt. | 96,594.75 |
| Office Establishment | 14,14,991.50 | Asstt. Eng's Estt. | 1,89,885.00 |
| General T.A. | 11,515.10 | Dist. Eng's Estt. | 2,00,420.00 |
| Office Contgy | 10,60,159.49 | Overseer's Estt. | 5,83,778.91 |
| Sabhadhipatis Relief Fund | 9,453.00 | Overseer's Estt. T.A. | 5,127.95 |
| | | Sarais Estt. | 2,14,286.46 |
| Million well Scheme | 80,90,449.61 | Arboricultrue Estt. | 28,264.00 |
| J.R.Y. | 3,76,32,406.32 | Saaias Contgy | 19,252.00 |
| Intencifying J.R.Y | 5,78,61,876.90 | Misc.Refund | 37,765.39 |
| Indira Awas Yojana | 2,30,16,000.00 | Renovation of Rabindra Sadan | 4,01,056.57 |
| Bakreswar Thermal Power Project | 86,92,057.04 | District Plan | 54,02,191.82 |
| Medical Estt. | 9,81,197.29 | N.W.D.P.R.A | 1,47,956.00 |
| Medical Contgy A/c Medicine | 3,65,686.22 | Chilling Plant | 29,098.38 |
| | | Market Link Road | 9,669.74 |
| Rural Water Supply | 20,04,630.00 | Renovation of Sidhu Kanu Charcha Kendra | 2,97,451.78 |
| Z.P.Brick Field | 20,04,630.00 | -Do- Suri Bus Stand | 11,63,576.08 |
| Protection Work of Quya River | 29,26,094.92 | Food Supply Godown | 1,95,877.70 |
| D.R.D.A. Admn. Buldg. | 6,51,205.12 | N.B.S.T.C | 3,053.00 |

| | | | |
|---|---|---|---|
| Treatment/Marriag | | D.S.A. Ground | 86,580.47 |
| Loan (Staff) | 55,000.00 | Constn.of Sanitary Mart | 7,50,000.00 |
| H.B. Loan -Do- | 2,48,500.00 | Rural Sanitation | 500.00 |
| Festival (Staff)Advance | 39,200.00 | Emp.Assu.Scheme | 9,65,00,000.00 |
| Bonus (Staff) | 86,854.00 | H.B.Loan Social | 4,250.00 |
| Incentive Grant | 2,75,000.00 | Repair of Road Roller | 51,222.00 |
| Steel Purchase | 68,510.00 | Lokedeep | 5,020.00 |
| Cement Purchase | 64,991.00 | Fees to Pleaders | 66,682.00 |
| Adj of Accts of N.R.E.P | 51,897.96 | C.W.Repair Works | 6,64,595.25 |
| Adj of Accts of | | Tools & Plants | 12,080.00 |
| R.L.E.G.P. | 1,56,133.18 | | |
| Ghani Ghar | 448.00 | Advance | 2,27,28,671.10 |
| Bengal Paper Mill | 36,195.00 | | |

### মুর্শিদাবাদ জেলার ঘোড়াশালাতে গভীর নলকূপ স্থাপন

২৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৮০) **শ্রী মহঃ সোহরাব :** জল-সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ ১নং ব্লকের অন্তর্গত ঘোড়াশালা মৌজায় গভীর নলকূপ স্থাপন করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত নলকূপটি চালু হবে বলে আশা করা যায়?

**জল-সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) বর্তমানে কোনও নতুন গভীর নলকুল স্থাপন করার পরিকল্পনা নেই।

(খ) প্রশ্নই ওঠে না।

### Hike of Power Tariff by C.E.S.C.

299. (Admitted Question No. 1873) **Shri Pankaj Banerjee :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state--

(a) whether the State Government is aware that CESC is trying to Hike its Power tariff; and

(b) if so, the contemplation of the Government in this regard?

**Minister-in-charge of the Power Department:** (a) CESC has sent a proposal to the Government for to revise tariff from September, 1996.

(b) The proposal is under examination by the Government.

### Stopping of Production of M/s. Krishna Glass & Silicate

300. (Admitted Question No. 1788) **Shri Pankaj Banerjee:** Will

the Minister-in-charge of the Industrial Reconstruction Department be pleased to state—

(a) whether the Government is aware that M/s. Krishna Glass & Silicate, an Undertaking of the State Government, has stopped production since 1991;

(b) if so, steps taken by the Government to start production again?

**Minister-in-charge of the Industrial Reconstruction Department:** (a) Yes.

(b) The Government has appointed an Expert Committee to study the viability of the Company and the prospects of its revival. The report has since been received by the Government and is under consideration.

**Installed Capacity of the Power Project**

301. (Admitted Question No. 1792) **Shri Pankaj Banerjee:** Will the Minister-in-charge of the Power Department be pleased to state--

(a) the installed capacity of the power projects in the State of West Bengal; and

(b) the consumption (regd.) of power in peak hours?

**Minister-in-charge if the Power Department:** (a) Installed capacity of the power stations in this State is 5750 MW, taking into account State Sector, Central Sector and Private Power Stations

(b) Average maximum demand met during 1995-96 is, 3021.1 MW (approx).

**কাটোয়ায় তফসিলি এলাকায় বিদ্যুৎ ব্যবস্থা**

৩০২। (অনুমোদিত প্রশ্ন নং ১৭৯৬) **শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপুর্বক জানাবেন কি—

কাটোয়া থানা এলাকায় তফসিলি সম্প্রদায়ভুক্ত অধিবাসী-অধ্যুষিত এলাকায় বিদ্যুৎ পৌঁছে দেওয়ার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** কাটোয়া থানা এলাকার ২২টি তফসিলি জাতি ও উপজাতি-অধ্যুষিত মৌজার মধ্যে ২১টি বিদ্যুতায়িত হয়েছে। যে মৌজাটি এখনও বিদ্যুতায়িত হয় নি তার নাম 'এলগ্রাম' (জে.এল. নং ৫৫)। যাই হোক, তফসিলি জাতি ও উপজাতি উন্নয়ন দপ্তর থেকে প্রয়োজনীয় অর্থ পেলে এই মৌজাটিকেও বিদ্যুতায়িত করা যাবে।

**ডানকুনি এলাকায় দমকলকেন্দ্র স্থাপন**

৩০৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৮১৪) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায়ঃ** পৌর-বিষয়ক

বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হুগলি জেলার ডানকুনি থানা এলাকায় একটি দমকলকেন্দ্র খোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** না।

### জাম্বানি ব্লকের দেব নদীতে সেচ প্রকল্পের পরিকল্পনা

৩০৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৮১৮) **শ্রী বুদ্ধদেব ভক্ত ঃ** জল-সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জাম্বানি ব্লকের দেব নদীতে কোনও সেচ প্রকল্প করার পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, প্রকল্পটি কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**জল-সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) জল-সম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের অধীনে মেদিনীপুর জেলার জাম্বানী দেব নদীতে কোনও প্রকল্প করার পরিকল্পনা সরকারের আপাতত নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

### আলিপুরদুয়ার মহকুমায় সি.আর.আই.স্থাপন

৩০৫। (অনুমোদিত প্রন নং ১৮৬৫) **শ্রী নির্মল দাস ঃ** তপসিলি জাতি ও আদিবাসী-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) আলিপুরদুয়ার মহাকুমার ডুয়ার্স এলাকার আদিম আদিবাসী জনগোষ্ঠির জন্য অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, ধর্মীয় আচার-আচরণ ও ভাষা গবেষণা এবং সংরক্ষণের জন্য সি.আল.আর. গড়ে তোলার কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, সরকার উক্ত বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**তফসিলি জাতি ও আদিবাসী-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ, আলিপুরদুয়ার মহকুমার ডুয়ার্স এলাকার এবং উত্তরবঙ্গের অন্যান্য এলাকার আদিম আদিবাসী জনগোষ্ঠির জন্য অর্থনৈতিক সামাজিক, সাংস্কৃতিক, ধর্মীয় আচার-আচরণ ও ভাষা গবেষণা এবং সংরক্ষণের জন্য একটি আঞ্চলিক সি.আর.আই. স্থাপনের প্রস্তাব তফসিলি জাতি ও আদিবাসী-কল্যাণ বিভাগের বিবেচনাধীন আছে। প্রসঙ্গত উল্লেখ করা যায় যে, বাঁকুড়ার খাতরায় ও অনুরূপ একটি আঞ্চলিক সি.আর.আই. স্থাপনের পরিকল্পনা আছে।

(খ) পরিকল্পনার বিভিন্ন দিক খতিয়ে দেখা হচ্ছে। কবে নাগাদ হবে এখনই বলা যাচ্ছে না।

### আলিপুরদুয়ারে উদ্বাস্তু অধিবাসীদের মধ্যে জমি বন্টন

৩০৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৬৭) **শ্রী নির্মল দাস ঃ** উদ্বাস্তু, ত্রাণ ও পুনবার্সন

বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার শহরের সরকারি অ-বন্টিত জমি-উদ্বাস্তু অধিবাসীদের মধ্যে বন্টনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকলে,

(১) কিভাবে তা বন্টিত হবে; এবং

(২) কত লোক উপকৃত হবে?

**উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### রাজ্যে পশু-হাসপাতাল

৩০৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭০) **শ্রী নির্মল দাস ঃ** প্রাণিসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে ক'টি পূর্ণাঙ্গ পশু-হাসপাতাল আছে;

(খ) রাজ্যে কতগুলো ভ্রাম্যমাণ পশু-চিকিৎসক দল আছে; এবং

(গ) আলিপুরদুয়ারের পশু-চিকিৎসালয়টিকে জেলা পশু-হাসপাতালে উন্নীত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**প্রাণিসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ১১০ (একশত দশ)

(খ) ৯৪ (চুরানব্বই)

(গ) আপাতত নেই।

### উত্তরবঙ্গে ত্রাণ দপ্তরে স্টোরস/গোডাউনের সংখ্যা

৩০৮। (অনুমেদিত প্রশ্ন নং ১৮৭৩) **শ্রী নির্মল দাস ঃ** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গে ত্রাণ দপ্তরের কটি স্টোরস আছে; এবং

(খ) অলিপুরদুয়ারে ত্রাণ-সামগ্রী মজুত রাখার কোনও সরকারি ব্যবস্থা আছে কি না?

**ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) উত্তরবঙ্গে দার্জিলিং জেলার শিলিগুড়িতে ১টি (এক) ক্ষেত্রীয় (জোনাল) ত্রাণ ভান্ডার আছে। এ ছাড়া, উত্তরবঙ্গের প্রতিটি জেলার সদর ও প্রতিটি মহকুমা সদরের অফিস চত্বরে অথবা ভাড়া নেওয়া বাড়িতে ত্রাণসামগ্রী মজুত রাখার ব্যবস্থা আছে।

(খ) বর্ষার আগে সাধারণত অপচনশীল ত্রাণ-সামগ্রী আলিপুরদুয়ারের মহকুমা শাসকের কাছে মজুত রাখার ব্যবস্থা করা হয়ে থাকে।

**যুব আধিকারিকের শূন্য পদ**

৩০৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৭৬) **শ্রী নির্মল দাস ঃ** যুব-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) রাজ্যে কতগুলি ব্লকে ব্লক যুব-কল্যাণ অধিকারিক আছে;

(খ) কোন কোন ব্লকে যুব-আধিকারিকের পদ শূন্য অবস্থায় আছে; এবং

(গ) উক্ত শূন্য পদগুলি পুরণের লক্ষ্যে কোনও কার্যকর ব্যবস্থা সরকার গ্রহণ করেছে কি?

**যুব-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) রাজ্যে মোট ৩৭৫টি ব্লকে ও পৌর যুবকরণ আছে। এর মধ্যে ৩৩৫টি ব্লক যুবকরণ এবং ৪০টি পৌর-যুবকরণ আছে।

(খ) রাজ্যে মোট ৬২টি ব্লকে এবং পৌর যুব আধিকারিকের পদ শূন্য অবস্থায় আছে। এ ছাড়া, আরও ৯টি পদের যুব আধিকারিকগণ প্রশাসনিক কারণে এবং কোর্ট-কেস হেতু অন্যত্র নিযুক্ত থাকায় ঐ পদগুলিও বর্তমানে শূন্য অবস্থায় আছে। উক্ত শূন্য ব্লক ও পৌর-যুবকরণের জেলাওয়াড়ি তালিকা সংযোজিত হল।

(গ) শুন্য পদ পুরণের বিষয়ে অর্থ দপ্তরের নিষেধাজ্ঞা বলবৎ থাকায় পদগুলি পুরণ করা সম্ভব হয় নি।

Statement referred to Clause (kha) of Unstarred Question No.185

(Admitted Question No. 1876)

শূন্য পদ-বিশিষ্ট ব্লক/পৌর-যুবকরণের জেলাওয়াড়ি তালিকা

| বীরভুম | মালদা |
|---|---|
| ১। রামপুরহাট-২ | ১। বামনগোলা |
| ২। মুরারই-১ | ২। হবিবপুর |
| ৩। মুরারই-২ | ৩। মানিকচক |
| ৪। নলহাটি-১ | ৪। রতুয়া-১ |
| ৫। নলহাটি-২ | ৫। রতুয়া-২ |
| ৬। ময়ুরেশ্বর-১ | ৬। চাঁচল-১ |
| ৭। ময়ুরেশ্বর-২ | ৭। চাঁচল-২ |
| ৮। দুবরাজপুর | ৮। হরিশ্চন্দ্রপুর-১ |
| ৯। খয়রাশোল | ৯। হরিশ্চন্দ্রপুর-২ |
| ১০। রাজনগর | |
| ১১। সিউড়ি পৌর-যুবকরণ | মুর্শিদাবাদ |
| বর্ধমান | ১। ভগবানগোলা-২ |
| ১। মেমারি-২ | ২। রানিনগর-২ |

২। জামুরিয়া
৩। বারবনি
৪। মঙ্গলকোট
৫। কালনা পৌর-যুবকরণ
৬। বর্ধমান-১
৭। পান্ডবেশ্বর

পুরুলিয়া
১। নেতুরিয়া
২। বাঘমুন্ডি
৩। ঝালদা-২
৪। কাশিপুর
৫। ঝালদা-১
৬। জয়পুর
৭। হুড়া
৮। আরশা

৩। ফরাক্কা

জলপাইগুড়ি
১। ময়নাগুড়ি
২। মেটেলি
৩। মাগরাকাটা
৪। ধুপগুড়ি
৫। মাদারিহাট

বাঁকুড়া
১। ইঁদপুর
২। খাতড়া-২
৩। মেঝিয়া
৪। সিমলাপাল
৫। জয়পুর
৬। বাঁকুড়া পৌর-যুবকরণ

### সোদপুরে স্টেডিয়াম নির্মাণ

৩১০। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৮৮) **শ্রী নির্মল ঘোষ ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্যি যে, উত্তর চব্বিশ পরগনা জেলার সোদপুর ক্লাব মাঠটিতে স্টেডিয়াম তৈরি করার পরিকল্পনা আছে; এবং

(খ) সত্যি হলে, বর্তমানে পরিকল্পনাটি কি অবস্থায় আছে?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### পানিহাটিতে হিন্দী স্কুলের সরকারি অনুমোদন

৩১১। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৮৯) **শ্রী নির্মল ঘোষ ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) পানিহাটি এলাকার প্রাথমিক হিন্দী বিদ্যালয়গুলিকে সরকারি অনুমোদনের জন্য সরকার কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি না; এবং

(খ) করে থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা কবা যায়?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ১৯৯৬ সালে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা (সংশোধন) আইন চালু হওয়ার পর থেকে কোনও প্রাথমিক বিদ্যালয়কে অনুমোদন করার আর কোনও সুযোগ নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**খেজুরি থানা এলাকায় পর্যটন কেন্দ্র নির্মাণ**

৩১২। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০৫) **ডঃ রামচন্দ্র মন্ডল ঃ** পর্যন্টন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) মেদিনীপুর জেলার খেজুরি থানার নিজকসবা অঞ্চলে কোনও পর্যটনকেন্দ্র গড়ার পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) বর্তমানে মেদিনীপুর জেলার খেজুরি থানার নিজকসবা অঞ্চলে কোনও পর্যটনকেন্দ্র গড়ার পরিকল্পনা সরকারের নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**খেজুরি থানা-এলাকায় পশু-হাসপাতাল নির্মাণ**

৩১৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯০৬) **ডঃ রামচন্দ্র মন্ডল ঃ** প্রাণিসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার খেজুরি থানা-এলাকায় পশু-হাসপাতাল নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**প্রাণিসম্পদ বিভাগেরে ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ, আছে।

(খ) এই মুহুর্তে নির্দিষ্ট সময় বলা সম্ভব নয়।

**শিল্‌দায় পানীয় জল সরবরাহ**

৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৯২৬) **শ্রী নরেন হাঁসদা ঃ** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্র করে উত্তর দেবেন কি—

(ক) বিনপুরের শিল্‌দায় পানীয় জল সরবরাহের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না;

(খ) থাকলে, উক্ত প্রকল্পের বর্তমান অবস্থা কি; এবং

(গ) প্রকল্পের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

**জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** হ্যাঁ। বেলপাহাড়ী জল সরবরাহ প্রকল্প থেকে ঐ এলাকায় জল সরবরাহ করা হবে।

(খ) প্রকল্পের কাজ চলছে।

(গ) অর্থ এবং বিদ্যুতে যোগান সাপেক্ষে ১৯৯৭-৯৮ বছরে চালু করা যাবে।

## সবুজ দ্বীপকে আকর্ষণীয় করার পরিকল্পনা

৩১৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৪৪) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় : পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—**

হুগলি জেলার বলাগড় থানার অন্তর্গত গঙ্গা নদীর ওপর গড়ে ওঠা "সবুজ দ্বীপ"কে রাজ্যের নতুন পর্যটনকেন্দ্র হিসাবে আরো আকর্ষণীয় করার জন্য রাজ্য সরকারের কি কি পরিকল্পনা আছে?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** হুগলি জেলার বলাগড় থানার অন্তর্গত গঙ্গা নদীর ওপর গড়ে ওঠা "সবুজ দ্বীপ"কে পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে তোলার কোনও পরিকল্পনা বর্তমান পর্যটন দপ্তরের বিবেচনাধীন নেই। সম্ভবত, হুগলি জেলা পরিষদ এই সবুজ দ্বীপটিকে পর্যটনকেন্দ্র হিসাবে গড়ে তোলার চেষ্টা করছে।

## তফসিলী ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের স্টাইপেন্ড ও ছাত্রাবাস বাবদ প্রদেয় অর্থের পরিমাণ

৩১৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৬১) **শ্রী গোপালকৃষ্ণ দে :** তফসিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসরশ্রেণী-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে তফসিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য প্রদেয় স্টাইপেন্ড ও হোস্টেল ফি বর্তমান বাজারের সহিত সঙ্গতিপুর্ণ আছে কিনা?

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে বিদ্যালয় এবং মহাবিদ্যালয়ে উক্ত অর্থ সময়মতো দেওয়া হচ্ছে কি না?

**তফসিলি জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসরশ্রেণী-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) এই রাজ্যে প্রাক্‌মাধ্যমিকোত্তর স্তরের উক্ত দরিদ্র ছাত্র-ছাত্রীদের স্টাইপেন্ড এবং হোস্টেল ফি দেওয়া হয়। প্রাক্‌মাধ্যমিক স্তরে বই কেনার জন্য ৫ম শ্রেণী-২০ টাকা, ৬ষ্ঠ শ্রেণী-৫০ টাকা, ৭ম ও ৮ম শ্রেণী-১৫০ টাকা, ৯ম শ্রেণী-২০০ টাকা এবং ১০ম শ্রেণী-১০০ টাকা ও মাধ্যমিক পরীক্ষার জন্য ৩৫ টাকা ফি দেওয়া হয়। এ ছাড়া, ভরন-পোষণ বাবদ মাসে অনাবাসিক ছাত্র-ছাত্রীদের ৩০ টাকা এবং অন্যান্য খরচ বাবদ বৎসরে আদিবাসী ছাত্রদের ও ছাত্রীদের ৩০/৪০ টাকা দেওয়া হয়। ছাত্রাবাসের আবাসিক ছাত্রদের ১.৪.৯৫ তাং থেকে মাসিক ৩০০ টাকা হারে ১০ মাস এই ভাতা দেওয়া হয়। ১.৪.৯৫ তাং-এর পূর্বে এই ভাতা ছিল মাসে ১৫০ টাকা ( ১০ মাসের জন্য)। এ-ছাড়াও, আশ্রম ছাত্রাবাসে যে-সব ছাত্র-ছাত্রী থাকে তাদের মাসিক ২২০ টাকা হারে ভাতা এবং অন্যান্য ভাতা যেমন, কেরেসিন, সাবান, বাসনপত্র, বিছানা, খেলাধুলা ইত্যাদির জন্য মাসে প্রায় ৪৫ টাকা দেওয়া হয়। মাধ্যমিকোত্তর উক্ত দরিদ্র ছাত্র-ছাত্রীদের জন্য ভারত সরকারের আদেশনামা অনুসারে-অনাবাসিক ছাত্র-ছাত্রীদের মাসে ১.১০.৯৫ থেকে ৯০ টাকা থেকে ৯০ টাকা পর্যন্ত (এ.বি.সি.ডি.ই.) শ্রেণী হিসেবে এবং আবাসিক ছাত্র-ছাত্রীরা মাসে ১.১০.৯৫ থেকে ২২০ টাকা থেকে ৪২৫ টাকা

পর্যন্ত (এ.বি.সি.ডি.ই) শ্রেণী হিসেবে পায়। ১.১০.৯৫ এর পূর্বে এই ভাতার হার ছিল যথাক্রমে ৬৫-১২৫ টাকা এবং ১১৫-২৮০ টাকা--যে সময় আমাদের রাজ্য সরকার নুন্যতম আবাসিক ভাতা ১১৫ টাকা বদলে ২২০ টাকা নিজের তহবিল থেকে দিতে(১.৪.৯৫)।

(খ) উক্ত অর্থ বিদ্যালয় এবং মহাবিদ্যালয়ে সময়মতো দেওয়ার যথাসাধ্য চেষ্টা করা হয়।

**দক্ষিণ সুন্দরবনে পানবাজার নির্মাণ**

৩১৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৬২) **শ্রী গোপালকৃষ্ণ দে** ঃ কৃষিজ বিপণন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

দক্ষিণ সুন্দরবনের পানচাষীদের জন্য সরকারি উদ্যোগে পানবাজার তৈরির কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**কৃষিজ বিপণন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** এরূপ কোনও পরিকল্পনা আপাতত সরকারি পর্যায়ে বিবেচনাধীন নেই।

**বিশ্ববিদ্যালয়গুলির বয়স্ক শিক্ষাকেন্দ্রের জন্য আর্থিক সহায়তা**

৩১৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯৩) **শ্রী অশোককুমার দেব ঃ** শিক্ষা (উচ্চতর) দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রবীন্দ্রভারতী, উত্তরবঙ্গ, কল্যাণী এবং বর্ধমান বিশ্ববিদ্যালয়ের বয়স্ক শিক্ষাকেন্দ্রগুলির জন্য সরকারি আর্থিক সহায়তা বন্ধ করে দেওয়া হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত খাতে অর্থ বরাদ্দ বন্ধ করার কারণ কি?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) সত্যি নয়, কারণ এই কেন্দ্রগুলিকে এ পর্যন্ত কোনও সরকারি সহায়তা দেওয়ার প্রয়োজন হয় নি।

(খ) প্রশ্ন ওঠে না।

**রাম্মাম জলবিদ্যুৎ প্রকল্প বেসরকারি সংস্থার হাতে সমর্পণ**

৩১৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯৪) **শ্রী অশোককুমার দেব ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উত্তরবঙ্গের রাম্মামের জলবিদ্যুৎ প্রকল্পটির প্রস্তাবিত নতুন তিনটি ইউনিট, ৩০ বছরের জন্য এক বেসরকারি সংস্থার হাতে তুলে দেওয়া হচ্ছে;

(খ) সত্যি হলে, কোন সংস্থাকে দায়িত্ব দেওয়া হচ্ছে; এবং

(গ) ঐ সংস্থা বিদ্যুতের ইউনিট প্রতি দাম কত নির্ধারিত করবে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদের আর্থিক অসচ্ছলার জন্য ১৯৯৩ সালে সম্পূর্ণ বেসরকারি সংস্থার দ্বারা প্রকল্পটি নির্মাণের জন্য পত্রিকা মারফৎ টেন্ডার আহ্বান করা হয়। ১৯৯৫ সালে স্থির হয় যে, পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ প্রকল্পটি

যৌথ উদ্যোগে নির্মাণ, পরিচালনা ও হস্তান্তর (বি.ও.টি.) ভিত্তিতে স্থাপন করবে। কিছু টেন্ডার দাতার আবেদন পাওয়া গিয়েছে এবং তাদের দরপত্রের মূল্যায়নও চলছে। চূড়ান্ত সিদ্ধান্ত অচিরেই নেওয়া হবে।

(খ) এখনও সিদ্ধান্ত হয় নি। মুল্যায়নের পরে বোঝা যাবে।

(গ) দরপত্রও চূড়ান্ত হলে ইউনিট-প্রতি মূল্য হিসাব করা যাবে।

### রাজ্যে প্রাথমিক স্তরে ইংরাজি চালুকরণ

৩২০। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৯৫) **শ্রী অশোককুমার দেব ঃ** শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার প্রাথমিক শিক্ষা স্তরে পুনরায় ইংরাজি পড়ানো চালু করতে চলেছেন; এবং

(খ) প্রাথমিক স্তরে ইংরাজি ভাষা চালু করার জন্য 'রিভিউ কমিটি' গঠন করার কোনও সিদ্ধান্ত গ্রহণ করেছেন কি?

**শিক্ষা (স্কুল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) সত্যি নয়।

(খ) না।

### রাজ্যে আলু উৎপাদনের পরিমাণ

৩২১। (অনুমোদিত প্রশ্ন নং ২০১৩) **শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ঃ** কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যে বছরে গড়ে মোট আলু উৎপাদনের পরিমাণ কত;

(খ) আলু সংরক্ষণের জন্য হিমঘরের সংখ্যা কত; এবং

(গ) কত পরিমাণ আলু হিমঘরগুলিতে সংরক্ষিত হয়?

**কৃষিজ বিপণন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

| | | |
|---|---|---|
| (ক) গড় উৎপাদন | .. | ৫৬.০০ লক্ষ টন। |
| ১৯৯৩-৯৪ | .. | ৫১.৭২ লক্ষ টন। |
| ১৯৯৪-৯৫ | .. | ৫৫.৫৮ লক্ষ টন। |
| ১৯৯৫-৯৬ | .. | ৬০.০০ লক্ষ টন (আঃ)। |

(খ) বর্তমানে লাইসেন্সপ্রাপ্ত হিমঘরের সংখ্যা ২৮০।

(গ) বর্তমান বছরে হিমঘরগুলিতে প্রায় ২৭.৬০ লক্ষ মেট্রিক টন আলু রাখা হয়েছে।

### চাপড়ায় মহাবিদ্যালয় স্থাপন

৩২২। (অনুমোদিত প্রশ্ন নং ২০১৬) **শ্রী মীরকাশেম মন্ডল ঃ** উচ্চ-শিক্ষা বিভাগের

**ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—**

(ক) নদীয়ার চাপড়া এলাকায় মহাবিদ্যালয় স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**উচচ-শিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**ডানকুনি এলাকাকে নতুন পৌর এলাকায় রূপান্তরকরণ**

৩২৩। (অনুমোদিত প্রশ্ন নং ২০২৭) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার ডানকুনি এলাকাকে নতুন পৌর এলাকা করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) প্রস্তাবটি বিবেচনার পর এই সম্বন্ধে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

**দক্ষিণ ২৪-পরগনায় বিদ্যুৎহীন মৌজা**

৩২৪। (অনুমোদিত প্রশ্ন নং ২০৩৪) **শ্রী ভদ্রেশ্বর মন্ডল ঃ** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিন ২৪ পরগনা জেলায় মার্চ, ১৯৯৬ পর্যন্ত কতগুলি মৌজায় বিদ্যুৎ পৌঁছায় নি; এবং

(খ) ঐ সব মৌজায় কত দিনের মধ্যে বিদ্যুৎ পৌঁছে দেওয়া যাবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) মার্চ, ১৯৯৬ পর্যন্ত দক্ষিণ ২৪পরগনা জেলার মোট ৩৮৮ টি গ্রামীণ মৌজায় বিদ্যুৎ পৌঁছে দেওয়া যায় নি। এর মধ্যে ১৩৩ টি মৌজা সুন্দরবন অঞ্চলে যেখানে কিছু কিছু জায়গা ছাড়া অন্যত্র গ্রিড নিয়ে যাওয়া অত্যন্ত ব্যয়সাপেক্ষ বা সম্ভব নয়।

(খ) সঠিকভাবে কিছু বলা যাচ্ছে না, কারণ অর্থের অভাব। প্রয়োজনীয় অর্থের সংস্থান হলে উক্ত মৌজাগুলিকে দ্রুত বিদ্যুতায়িত করা হবে।

**চন্ডিতলায় পশু-চিকিৎসাকেন্দ্র**

৩২৫। (অনুমোদিত প্রশ্ন নং ২০৫০) **শ্রী আকবর আলি খোন্দকার ঃ** প্রাণিসম্পদ

বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) চন্ডীতলা এলাকায় মোট কতগুলি পশু-চিকিৎসাকেন্দ্র আছে; এবং

(খ) উক্ত এলালার কোন কোন কেন্দ্রে হাঁস, মুরগী প্রভৃতির সংক্রামক রোগ প্রতিষেধক টিকা দেওয়ার ব্যবস্থা আছে?

**প্রাণিসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ৭ (সাত) টি।

(খ) সব কেন্দ্রেই ব্যবস্থা আছে।

**হুগলি জেলার চন্ডীতলায় পর্যটনকেন্দ্র**

৩২৬। (অনুমোদিত প্রশ্ন নং ২০৫২) **শ্রী আকবর আলি খোন্দকার :** পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলায় কোথায় কোথায় পর্যটনকেন্দ্র আছে; এবং

(খ) (১) উক্ত জেলায় ও

(২) চন্ডীতলা বিধানসভা কেন্দ্র এলাকায় নতুন কোনও পর্যটনকেন্দ্র খোলার পরিকল্পনা আছে কি না?

**পর্যটন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) হুগলি জেলায় তারকেশ্বর ও চন্দননগরে পর্যটনকেন্দ্র আছে। চন্দননগরে গঙ্গার ধারে ১৯৯৪-৯৫ সালে ভারত সরকারের পর্যটন বিভাগ একটি কাফেটেরিয়া নির্মাণের জন্য ১০ লক্ষ টাকা মঞ্জুর করেছে। ১৯৯৫-৯৬ সালে তারকেশ্বরে একটি পর্যটন আবাস তৈরির জন্য ২৫ লক্ষ টাকা এবং এ ছাড়া, আরামবাগে একটি পথিপার্শ্বের সুবিধা নির্মাণের জন্য ২৫ লক্ষ টাকা কেন্দ্রীয় পর্যটন দপ্তর অনুমোদন করেছে। চন্দননগরের জায়গা হস্তান্তর হয়েছে। কিন্তু তারকেশ্বর ও আরামবাগে স্থান নির্বচন হলেএ এখনও জমি হস্তান্তর হয় নি।

(খ) হুগলি জেলার বাকী অংশে ও চন্ডীতলা বিধানসভা কেন্দ্রে নতুন পর্যটনকেন্দ্র খোলার কোনও পরিকল্পনা সরকারের এখন নেই।

**পোলবার আমনানে আদিবাসী ছাত্রী-আবাস**

৩২৭। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭১) **শ্রী শক্তিপদ খাঁড়া :** তফসিলি ও আদিবাসী-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার হুগলি জেলার পোলবা থানার আমনান গ্রামে আদিবাসী ছাত্রী-আবাস নির্মাণের সিদ্ধান্ত নিয়েছেন; এবং

(খ) সত্যি হলে

(১) উক্ত ছাত্রী-আবাস নির্মাণের বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত; এবং

(২) উক্ত ছাত্রী-আবাসে কতজন ছাত্রী থাকার ব্যবস্থা হবে?

**তফসিলি ও আদিবাসী-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) রাজ্য সরকার হুগলি জেলার আমনান গ্রামে তফসিলি উপজাতিভুক্ত ছাত্রদের জন্য ৬০ শয্যাবিশিষ্ট একটি ছাত্রাবাস নির্মাণের জন্য ১৯৯৩-৯৪ আর্থিক বছরে ১২,১৩,২০০ টাকা ৫২ টি.ডব্লু., তারিখ ১২.১.৯৪ আদেশনামার মাধ্যমে মঞ্জুর করেছেন এবং উক্ত টাকা হুগলি জেলার সংশ্লিষ্ট আর্থিক নিগমে জমা আছে। জমি হস্তান্তরের কাজ চলছে। এই কাজ সম্পূর্ণ হলে নির্মাণ কাজ শুরু হবে।

(খ) (১) উক্ত ছাত্রাবাসে বরাদ্দকৃত মোট অর্থের পরিমাণ ১২,১৩,২০০ টাকা।

(২) উক্ত ছাত্রাবাসে ৬০ জন তফসিলি উপজাতিভুক্ত ছাত্র থাকার ব্যবস্থা হবে।

**রাজ্যে যোজনা খাতে কেন্দ্রীয় বরাদ্দ**

৩২৮। (অনুমোদিত প্রশ্ন নং ২০৭৩) **শ্রী শক্তিপদ খাঁড়া :** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিগত পাঁচ বছরে (১৯৯১-৯২ থেকে ১৯৯৫-৯৬) রাজ্যের যোজনা খাতে কেন্দ্রীয় সরকারের সাহায্যের পরিমাণ (মাথাপিছু) কত?

**উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** বিগত পাঁচ বছরে রাজ্যের যোজনা খাতে কেন্দ্রীয় সরকারের সাহায্যের পরিমাণ (এস্টিমেটেড) (মাথাপিছু) নিচে দেওয়া হল :

(ক) ১৯৯১-৯২ ..৮২.৫৯ টাকা
(খ) ১৯৯২-৯৩ ..৯৮.২০ টাকা
(গ) ১৯৯৩-৯৪ ..১০৬.০৮ টাকা
(ঘ) ১৯৯৪-৯৫ ..৯৭.৪০ টাকা
(ঙ) ১৯৯৫-৯৬ ..১০৯.৩২ টাকা

**সুন্দরবনের দ্বীপগুলিতে বিদ্যুৎ সরবরাহ**

৩২৯। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮৪) **শ্রী প্রভঞ্জন মন্ডল :** বিজ্ঞান ও প্রযুক্তি এবং অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) সুন্দরবনের বিভিন্ন দ্বীপগুলিতে প্রচলিত বিদ্যুৎ বা অপ্রচলিত বিদ্যুৎ সরবরাহের কি কি ব্যবস্থা বর্তমানে আছে; এবং

(খ) ঐ সব এলাকার বিদ্যুৎহীন দ্বীপগুলিকে বিদ্যুতায়িত করার জন্য কি কি পরিকল্পনা আছে?

**বিজ্ঞান ও প্রযুক্তি এবং অপ্রচলিত শক্তির উৎস বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) প্রচলিত শক্তি সুন্দরবনের মোট ১০৫৮ টি মৌজার মধ্যে ৬১৬টি ভার্জিন মৌজায় বিদ্যুৎ পৌঁছেছে। সাগরদ্বীরে বিদ্যুৎ পর্ষদের একটি ডিজেল চালিত বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র আছে যার ক্ষমতা ৫×১৬০ কেভি-এ। বাসন্তীতে অনুমোদিত ছোট বেসরকারি বিদ্যুৎ কেন্দ্র ৯টি মৌজায় বিদ্যুৎ সরবরাহ করে থাকে।

অপ্রচলিত শক্তি সুন্দরবনের বিভিন্ন দ্বীপগুলিতে বিগত তিন বছর যাবৎ অপ্রচলিত বিদ্যুৎ শক্তি সরবরাহ ব্যবস্থার উদ্যোগ নেওয়া হয়েছে। বর্তমানে সুন্দরবনে ব্যাপক হারে সৌর বিদ্যুৎ ব্যবহার হচ্ছে। বর্তমানে সুন্দরবনের প্রায় ১৫০০ টি পরিবার সৌর বিদ্যুৎ ব্যবহার করছেন। সাগরদ্বীপে একটি ২৬ কিঃ ওয়াট সৌর বিদ্যুৎ প্রকল্প চালু হয়েছে। প্রকল্পটির ক্ষমতা খুব শীঘ্রই ৫২ কিঃ ওয়াট করা হবে। এ ছাড়াও সুন্দরবনে চলছে বহু ক্ষুদ্র সৌর বিদ্যুৎ কেন্দ্র, সৌর লন্ঠন ও সৌর রাস্তার আলোক ব্যবস্থা। সুন্দরবনের গোসাবায় এই বৎসরের শেষ দিকে ৫০০ কিঃ ওয়াট ক্ষমতার একটি বায়োমাস গ্যাসিফিকেশন প্রকল্প চালু হবে। প্রকল্পটি চালু হলে গোসাবা, রাঙ্গাবেলিয়া ও পাখিরালয় দ্বীপের প্রায় ১৫০০ পরিবার বিদ্যুৎ পাবেন।

(খ) সুন্দরবনের বিদ্যুৎহীন দ্বীপগুলিকে বিদ্যুতায়িত করার জন্য সরকার প্রচলিত ও অপ্রচলিত উভয় বিদ্যুৎ ব্যবস্থার সাহায্য নেবেন। অপ্রচলিত বিদ্যুৎনির্ভর কিছু পরিকল্পনা ইতিমধ্যেই হাতে নেওয়া হয়েছে, তার মধ্যে উল্লেখযোগ্য ঃ

| | | |
|---|---|---|
| o গোসাবা দুর্গাদুয়ানীতে জোয়ার-ভাটা নির্ভর প্রকল্প | .. | ৩ মেগাওয়াট |
| o ফ্রেজারগঞ্জের বায়ুশক্তি প্রকল্প | .. | ৭ মেগাওয়াট |
| o সাগর সৌরবায়ু ডিজেল সংকর প্রকল্প | .. | ১.৬ মেগাওয়াট |

o ভহবতপুর কুমীর-প্রকল্প ও সংলগ্ন গ্রামে ১০০ কিলোওয়াট ক্ষমতার বায়োমাস গ্যাসিফিকেশন প্রকল্প।

o সৌরলন্ঠন,গৃহস্থ-বিদ্যুৎ প্রকল্প, সৌর পানীয়জল সরবরাহ ব্যবস্থা, রাস্তা-হাসপাতাল ও বিভিন্ন সংস্থায় সৌর আলোক ব্যবস্থা।

o NREL, USA, ভারত সরকার ও রাজ্য সরকারের যৌথ-উদ্যোগে সুন্দরবনের ৩০০ পরিবারে বিশেষ সৌর-আলোক ব্যবস্থা (দুটি লাইট ও একটি প্লাগ প্রতি বাড়িতে এবং এর মুল্য প্রায় ১৫,০০০ টাকা প্রতি গৃহস্থ) এক্ষেত্রে বেনিফিসারি নির্বানের দায়িত্ব সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির। রক্ষাণাবেক্ষণের দায়িত্ব স্বেচ্ছাসেবী প্রতিষ্টানগুলোর।

o বিশ্বব্যাঙ্ক স্বাস্থ্য-প্রকল্পে সুন্দরবনের হাসপাতালগুলিতে ব্যাপকভাবে সৌর-বিদ্যুতায়ণ করার পরিকল্পনাও বিবেচনাধীন।

o Border Area Project -র মাধ্যমে উত্তর ২৪-পরগনা জেলায় সৌর-বিদ্যুতায়ণ।

**হুগলি জেলার উদ্বাস্তু কলোনী উন্নয়ন**

৩৩০। (অনুমোদিত প্রশ্ন নং ২০৮৬) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** উদ্বাস্তু ত্রাণ ও পুনবার্সন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি জেলার কোন কোন উদ্বাস্তু কলোনীগুলিকে রাস্তাঘাট, পয়ঃপ্রণালী, পানীয় জল ইত্যাদি পরিকাঠামোগত উন্নয়নের উদ্দেশ্যে অর্থ বরাদ্দ করা হয়েছে; এবং

(খ) উক্ত অর্থ পঞ্চায়েত বা পুরসভার মাধ্যমে খরচ হবে কি না?

**উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হুগলি জেলার যে সমস্ত উদ্বাস্তু কলোনীগুলিকে পরিকাঠামোগত উন্নয়নের উদ্দেশ্যে অর্থ বরাদ্দ করা হয়েছে সেগুলি হল ঃ

১। রবীন্দ্রনগর-৩, চুঁচুড়া (বর্তমান নাম সুকান্তনগর)
২। কালীতলা কলোনী, উত্তরপাড়া
৩। বিবেকানন্দ কলোনী, উত্তরপাড়া
৪। নিরঞ্জন নগর, চন্দননগর
৫। শেওড়াফুলী-২, শ্রীরামপুর
৬। ভদ্রেশ্বর-২, ভদ্রেশ্বর
৭। বি.পি.আর. কলোনী ত্রিবেণী
৮। বীর ক্ষুদিরাম কলোনী, ত্রিবেণী
৯। শিব সোহাগীনি কলোনী, ত্রিবেণী
১০। নেতাজীনগর কলোনী, ত্রিবেণী

(খ) উক্ত অর্থ পঞ্চায়েত বা পুরসভার মাধ্যমে খরচ হবে না।

## সৌরশক্তি থেকে বিদ্যুৎ উৎপাদন

৩৩১। (অনুমোদিত প্রশ্ন নং ২০৯১) **শ্রী জ্যোতিকৃষ্ণ চট্টোপাধ্যায় ঃ** বিদ্যুৎ ও অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কোথায় কোথায় সৌর-শক্তি থেকে বিদ্যুৎ উৎপাদন করে এলাকা আলোকিত করা হয়েছে;

(খ) এ ধরনের 'উর্জা গ্রাম' হুগলি জেলার কোন কোন জায়গায় গড়ে তোলার পরিকল্পনা আছে; এবং

(গ) এ ধরনের অচিরাচরিত শক্তির উৎস প্রকল্পগুলির জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কত টাকা আর্থিক সাহায্য পাওয়া গেছে?

**বিদ্যুৎ ও অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) রাজ্যে প্রায় প্রতিটি জেলায় কোনও না কোনও অঞ্চলে সৌরশক্তির সাহায্যে আলোক ব্যবস্থা চলছে। এর মধ্যে উল্লেখযোগ্য স্থানগুলি হলো বাঁকুড়া জেলার বনগোপালপুর গ্রাম, বীরভুম জেলার বনডাঙা গ্রাম, বর্ধমান জেলার রথতলা গ্রাম, সাগরদ্বীপের কমলপুর, হারাধনপুর, গঙ্গাসাগর, সুন্দরবনের গোসাবা, রাঙ্গাবেলিয়া, পাখিরালয়, হিঙ্গলগঞ্জ, সজনেখালী ইত্যাদি।

(খ) হুগলি জেলায় উর্জাগ্রাম প্রকল্প গড়ে তোলার কোনও পরিকল্পনা বর্তমানে বিবেচনাধীন নেই।

(গ) অচিরাচরিত শক্তির বিভিন্ন ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার থেকে সাহায্য আনা হয় তার

মধ্যে **শুধুমাত্র** সৌর বিদ্যুৎ শক্তির উন্নয়নে কেন্দ্রীয় সরকার গত তিন বছর আনুমানিক ১ কোটি ৩০ লক্ষ টাকা অনুদান প্রকল্প ভিত্তিক দিয়েছেন।

### দক্ষিণ ২৪-পরগনা জেলায় নতুন পৌরসভা

৩৩২। (অনুমোদিত প্রশ্ন নং ২১০১) **শ্রী আনন্দকুমার বিশ্বাস :** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনা জোলর আমতলা-চণ্ডীসণ্যানগর ও বিষ্ণুপুর এলাকাগুলি নিয়ে নতুন পৌরসভা করার পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, তা বর্তমানে কোন পর্যায়ে আছে এবং কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

### মগরাহাট এলাকায় গভীর নলকূপ স্থাপন

৩৩৩। (অনুমোদিত প্রশ্ন নং ২১২৪) **শ্রী নির্মল সিংহ :** জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ ২৪-পরগনা মগরাহাট থানা এলাকায় গভীর নলকূপ স্থাপন করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, পরিকল্পনাটি কতদিন নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**জলসম্পদ অনুসন্ধান ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) দক্ষিণ ২৪-পরগনার মগরাহাট থানা এলাকায় নতুন গভীর নলকূল স্থাপন করার কোনও পরিকল্পনা বর্তমানে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

### এস.সি.পি. ও টি.এস.পি. প্রকল্পে উপকৃত এস.সি. ও এস.টি-র সংখ্যা

৩৩৪। (অনুমোদিত প্রশ্ন নং ২১৭৩) **শ্রী প্রভঞ্জন মন্ডল :** তফসিলি জাতি ও উপজাতি-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে এস.সি.পি ও টি.এস.পি. প্রকল্পে দারিদ্র্য দুরীকরণের জন্য এ যাবৎ (১৯৯১-৯৬ মার্চ) কতজন তফসিলি জাতি ও উপজাতি উপকৃত হয়েছে ; এবং

(খ) উক্ত ব্যক্তিগণ কত টাকা পেয়েছেন?

**তফসিলি ও আদিবাসী-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) ১৯৯১-৯২ হতে ১৯৯৫-৯৬ (মার্চ) আর্থিক বছরে মোট ৩০৭৫২০ জন তফসিলি জাতি ও ৯৩৬৪৩ জন উপজাতি

ব্যক্তি উপকৃত হয়েছেন।

(খ) বিভিন্ন আর্থিক প্রকল্পের মাধ্যমে অনুদান, প্রান্তিক ঋণ ও ব্যাঙ্ক ঋণ সহ উক্ত তফসিলি জাতির ব্যক্তিগণ মোট ২৫৩৩৬.৫০ লক্ষ টাকা এবং উপজাতির ব্যক্তিগণ ৭৪৬৮.২৪ লক্ষ টাকা আর্থিক সাহায্য পেয়েছেন।

**সম্ভাব্য অতিরিক্ত প্রশ্নের উত্তর :**

| আর্থিক বছর | উপকৃত পরিবারের সংখ্যা | প্রান্তিক ঋণ লক্ষ টাকায় | ব্যাঙ্ক ঋণ লক্ষ টাকায় | অনুদান লক্ষ টাকায় | মোট আর্থিক সাহায্যের পরিমাণ লক্ষ টাকায়. |
|---|---|---|---|---|---|
| তফসিলি জাতি | | | | | |
| ১৯৯১-৯২ | ৪৫৯১০ | ৫৫৬.৪৭ | ৯০৬.০১ | ১২৭০.৭৭ | ২৭৩৩.২৫ |
| ১৯৯২-৯৩ | ৪৪৩৬৯ | ৬১৭.২৬ | ৯৭৮.১২ | ১৪৫২.৩৭ | ৩০৪৭.৭৫ |
| ১৯৯৩-৯৪ | ৫৬৯৪৩ | ৮৭৬.১২ | ১৪১০.২৯ | ২১৫৫.৮৯ | ৪৪২৩.৩০ |
| ১৯৯৪-৯৫ | ৯০৪৩২ | ১৬০৫.২৯ | ২৫৪৭.২৫ | ৪০০৫.৬৪ | ৮১৫৮.১৮ |
| ১৯৯৫-৯৬ (মার্চ) | ৬৯৮৬৬ | ৩৪৮.৬৩ | ৩১৩৮.৩৮ | ৩৪৮৭.০১ | ৬৯৭৪.০২ |
| তফসিলি উপজাতি | | | | | |
| ১৯৯১-৯২ | ১৮১০৩ | ২০৭.০৮ | ৩২৫.৮২ | ৫১১.৬২ | ১০৪৪.৫২ |
| ১৯৯২-৯৩ | ১৫৩০৭ | ১৯৭.৯৬ | ৩১৬.৬৭ | ৪৭৮.৫৮ | ৯৯৩.২১ |
| ১৯৯৩-৯৪ | ১৮৫২০ | ২৭৭.০১ | ৪৪৯.২৫ | ৬৮৩.৬৮ | ১৪০৯.৯৪ |
| ১৯৯৪-৯৫ | ২২৫১০ | ৪০২.৩৪ | ৬৬৪.০৭ | ১০৪১.১৮ | ২১০৭.৫৭ |
| ১৯৯৫-৯৬ (মার্চ) | ১৯২০৩ | ৯৫.৫৮ | ৮৬০.৯২ | ৯৫৬.৫০ | ১৯১৩.০০ |

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today I have received two notices of Adjournment Motion. The first one is from Shri Ashoke Kumar Deb on the subject of demanding for a High Madrasah School in Budge Budge area.The sceond one is from Shri Pankaj Banerjee on the subject of alarming flood situation in North Bengal and apprehension of flood in South Bengal.

The subject matters of the Motions do not call for adjounment of the business of the House.

The Members may raise the matters in the House through Calling Attention, Mentions, etc.

I, therefore, withhold my consent to the Motions.

One Member may, however, read out the text of his Motion as amended.

**Shri Pankaj Banerjee :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, :

Flood has seriouly caused sufferings in certain areas of North Bengal. People are not getting relief materials.

South Bengal is apprehending flood at any time. Adequate measures to help the effected people should be undertaken by the State Government.

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker :** Today, I have received three notices of Calling Attention on the following subjects, namely :

| Subject | Name |
|---|---|
| 1) Improvement of Raidighi Sundarban Hospital. | Shri Satya Ranjan Bapuli |
| 2) Deplay in starting work on the sports Complex at Kalipur Mouza of Pujali Municipality under Budge Budge Assembly Constituency. | Shri Ashoke Kumar Deb |
| 3) Reported discontinuation of ferry services in Bally-Belur-Bagbazar and Kachubaria-Haldia since 22.7.96. | Shri Abdul Mannan |

I have selected the notice of Shri Abdul Mannan on the subject of 'Reported discontinutation of ferry services in Bally-Belur-Bagbazar and Kachuberia-Haldia since 22.7.96.

The Minister-in-charge may please make a statement today, if possible or send a reply to Member concerned.

**Shri Probodh Chandra Sinha :** Sir, the statement will be sent to Member concerne.

**Mr. Speaker :** Now I call upon the Minister-in-charge of Irrigation and Waterways Department to make a statement on the subject of alarming condition of embankment at Sundarban area.

(Attention Called by Shri Satya Ranjan Bapuli on 22.7.96)

## STATEMENT ON CALLING ATTENTION

**Shri Ganesh Mondal :**

Mr. Speaker Sir,

The total length of earthen embankments in Sundarban is about 3500 K.M., constructed for checking ingress of saline water and thereby to provide facility for cultivation. Out of this total length, about 300KM of the embankment is brick rivetted.There is problem of drainage congestion in the area protected by the embankments, as the said area receives high annual rainfall. To cater for drainage of the protected area, 825 nos. of sluices have already been constructed and construction of further sluices is under contemplation.

During 1995, in the month of May, there was a severe cyclone in the Sundarban area. As a result, major portion of the embankments along with many sluices were seriously damaged and breached in both the districts of South & North 24-parganas. These damages had to be restored by the I & W. Deptt. by incurring huge liability. Normally, such expenditure arising out of natural disaster is met from the 'Calamity Relief Fund (CRF)', which is funded by the Govt. of India. But in the instant case, adequate CRF release was not made available in favour of the I & W. Deptt.

However, considering the gravity of the situation, the Department is taking action on the following vulnerable reaches of Sundarban Embankments as palliative measure :-

i) Kalitala in Hasnabad along the river Ichamati.

ii) Masjidbari along the river Benti.

iii) Atapur along the river Dansa.

iv) Madhabkati, Jogeshguj, Ramapur, Pargumti along the river Raimongal.

v) Rangabelia and Satjelia along the river Bidya and Gomor.

vi) Mathurakhanda, Amlamethi along the river Bidya.

vii) Chandipur, Kamarpara along the river Hana.

viii) Dakghat along the river Matla.

ix) Birinchibari along the river Matla.

x) Jharkhali along the river Bidya.

xi) Surendranagar along the river Thakurn.

xii) Gobardhanpur, Indrapur, Haripur on the seaface of Bay of Bengal.

xiii) Sibkalinagar, Kachuberia along the river Hooghly.

xiv) Herambagopalpur and Kedarpur along the 'river Kakmari'.

xv) Maheshpur along the river Mirdangabhanga.

It is expected that the repair works in the vulnerable reaches of Sundarban embankments, which have already been taken up, can be completed properly so that there is no damage to life and property.

With the available provision of plan fund for the current financial year, strengthening of embankments will be taken up after the monsoon months.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রী মহাশয় এর কাছ থেকে একটি বিষয়ে জানতে চাই সেটা হচ্ছে, জেলা পরিষদের কাছে কি কোনও ডেফিনিট সাজেশান দিয়েছেন কোন কোন জায়গাগুলি ভাঙছে। ওদের টাকা আছে। আপনার ফান্ডের, পজিশনও জানা আছে। আপনি যদি জেলা পরিষদকে নির্দেশ দেন অথবা প্রভঞ্জন বাবু আছেন, কোন কোন পয়েন্টে বাঁধ দিতে হবে সেটা যদি বলে দেন এবং অর্থমন্ত্রীর সাথে দরকার হলে আমারা কথা বলতে পারি, যাতে ইরিগেশনের টাকা বেশি করে অ্যালাটমেন্ট করেন। নদীর বাঁধের অবস্থা খুবই খারাপ। নাব্যতা কমে যাওয়ায় সমস্ত জায়গায় সিল্টেড হয়ে যাচ্ছে, ফলে নদীর পাড়গুলি ভেঙে যাচ্ছে, সেইজন্য নদীর জল ওভার টাপিং হয়ে যাচ্ছে। এই ব্যাপারে আমি বুঝেছিলাম যে ওর একটা থরো আইডিয়া আছে, সুন্দরবন এলাকা সম্বন্ধে। আপনি এই বিষয়ে একটু কথাবার্তা বলে, ফিনান্স মিনিস্ট্রার এর সঙ্গে, অথবা ওদের যে সভাধিপতি আছেন তার সঙ্গে কথাবার্তা বলে এই বিষয়ে যুদ্ধকালীন ভিত্তিতে সুন্দরবনের বাঁধগুলি মেইনটেইন করুন, এক ফসলি দেশে, এক ফসলি এলাকা যাতে রক্ষা পায়।

**শ্রী গণেশ চন্দ্র মন্ডল ঃ** মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় যে কথা বলেছেন, সুন্দরবনের নদীর নাব্যতা কমে যাচ্ছে, ফলে বাঁধের ক্ষতি সাধন হচ্ছে। প্রায় দিনে ২বার করে ওখানে জোয়ার হয় ফলে ক্রমাগত বাঁধের মাটির ক্ষয়টা হয়ে যায়। সুতরাং এটাকে ঠিক ঠিকভাবে রাখা, খুবই ব্যয় সাপেক্ষ ব্যাপার। উনি যে প্রশ্নটা তুলেছেন, জেলা পরিষদের সঙ্গে এই ব্যাপারে কথা হয়েছে ঃ উত্তর ও দক্ষিণ দুই জেলা পরিষদের সঙ্গে। দক্ষিণের জেলা পরিষদ তারা বিভিন্ন পঞ্চায়েত সমিতিকে মাটির কাজ করার জন্য কিছু টাকা দিয়েছেন, সেটা কত, আমি ঠিক অ্যামাউন্টটা এখনি বলতে পারবো না। পরবর্তী সময়ে যে জায়গাগুলি খুবই খারাপ, সেখানে পার্মানেন্ট মেজারস -এ কাজ করার জন্য আমরা কিছু স্কীম জেলা পরিষদকে দিয়েছি। জেলা পরিষদের সঙ্গে কথাবার্তা হচ্ছে। এই ব্যাপারে সুনির্দিষ্ট কি পদক্ষেপ তারা নিচ্ছেন সেটা পরে জানা যাবে।

[11.10-11.20 A.M]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা খবর অত্যন্ত দুঃখের সঙ্গে

জানাচ্ছি যে, আমাদের পশ্চিমবঙ্গ আই.এন.টি.ইউ.সি. সম্পাদক এবং রাজ্য যুব আই.এন.টি.ইউ.সি. সভাপতি প্রদীপ ঘোষ, যিনি রেলের শ্রমিক ইউনিয়নের আন্দোলনের সঙ্গে ওতোপ্রোত ভাবে যুক্ত ছিলেন এবং অত্যন্ত সুনামের সঙ্গে ট্রেড ইউনিয়ন আন্দোলন করেছেন, তিনি আজ রাত ১.২০ মিনিটে, ৪৬ দিন উডল্যান্ড নার্সিং হোমে থাকার পর প্রয়াত হয়েছেন। তিনি পরিবার সহ সিকিমে বেড়াতে গিয়েছিলেন। সেখানে একটি পথ দুর্ঘটনায় তিনি আহত হন এবং আমাদের দলের সভাপতি সঙ্গে সঙ্গে তাঁকে গ্যাংটক থেকে কলকাতায় নিয়ে আসেন। এখানে তাঁকে উডল্যান্ড নার্সিং হোমে ভর্তি করা হয়। সেখানে ৪৬ দিন মৃত্যুর সঙ্গে লড়াই করেও আর ফিরে আসতে পারেন নি। তাঁর আত্মার প্রতি শান্তি কামনায় এবং তাঁর পরিবার যাতে শোক সহ্য করতে পারেন, তার জন্য এই হাউসে একটি শোক প্রস্তাব আনার জন্য আবেদন করছি।

**মিঃ স্পিকার :** আমরা সকালেই এই খবর পেয়েছি। সিকিমে দুর্ঘটনার পর তিনি দীর্ঘদিন কোমায় ছিলেন এবং আজ রাতে তাঁর মৃত্যু ঘটেছে। এই ঘটানায় আমরা মর্মাহত। কিন্তু হাউসের নিয়ম-দাহ না হওয়া পর্যন্ত আমরা শোক প্রস্তাব করতে পারি না। এই কারণে আমরা শোক প্রস্তাবটা করতে পারছি না, পরের সেশানে প্রথম দিনই আমরা শোক প্রস্তাব নেব।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা :** মাননীয় স্পিকার স্যার, আমরা আমাদের দলের পক্ষ থেকে ইতিমধ্যেই প্রদীপ ঘোষের মৃতুতে শোক প্রস্তাব এনেছি।

## MENTION CASES

**শ্রী বিপ্লব রায় চৌধুরি :** অনুপস্থিত

**শ্রী গৌতম চক্রবর্তী :** অুনপস্থিত

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** অনুপস্থিত

**শ্রী পঙ্কজ ব্যানার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য সরকার বারে বারে বলেছেন, মাননীয় মুখ্যমন্ত্রীও বলেছেন রান্নার গ্যাসের দাম কমিয়ে দেওয়া উচিত। যেভাবে বর্তমান কেন্দ্রীয় সরকার রান্নর গ্যাসের উপর নতুন করে মুল্যবৃদ্ধি ঘটিয়েছে, তাতে নাকি তারা আপত্তি করেছে এবং মধ্যবিত্ত মানুষের জন্য অনেক দুঃখ প্রকাশ করেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গ্যাস সিলিন্ডার বিক্রি হলে রাজ্য সরকার ১৭ টাকা সেলস্ ট্যাক্স পায়। এই নতুন মুল্যবৃদ্ধির ফলে আরও ৪.৯৭ টাকা পাবে। আপনারা তো মধ্যবিত্ত, সাধারণ মানুষের কথা এত ভাবেন, এই রান্নার গ্যাসের উপর থেকে যদি ১৫ টাকা বা ২০ টাকা সেলস্ ট্যাক্স মকুব করে দেন, তাহলে মধ্যবিত্ত সাধারণ মানুষ কিছুটা রক্ষা পেতে পারে। কেন্দ্রে যখন কংগ্রেস সরকার ছিল, তখন পেট্রোল বা পেট্রোলজাত দ্রব্যাদির মুল্যবৃদ্ধি হলে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি তার বিরুদ্ধে দিনের পর দিন আন্দোলন করেছে। সেই মুল্যবৃদ্ধির বিরুদ্ধে সাধারণ মানুষের কাছে কেন্দ্রের, তথা কংগ্রেসের বাপান্ত করত, গালাগাল করত।

আজকে আমরা দেখছি, পেট্রোল এবং পেট্রোলজাত দ্রব্যের মূল্য বৃদ্ধি করা হয়েছে। বিশেষ করে রান্নার গ্যাসের ৩০ পারসেন্ট দাম বাড়িয়ে দেওয়া হয়েছে। কিন্তু আমরা আশ্চর্য হলাম যে, মার্কসবাদী কমিউনিস্ট পার্টি দল বা মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু কিন্তু তার বিরুদ্ধে কোনও কথা বললেন না। তিনি দিল্লি গেলেও প্রধানমন্ত্রী দেবেগৌড়ার উপর এ নিয়ে কোনও চাপ সৃষ্টি করলেন না।

**শ্রী মোজাম্মেল হক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাচ্ছি মুর্শিদাবাদ থানার আজিমসড়া গ্রামের ৮জন ক্ষেতমজুরের বাড়ি ভেঙে দিয়েছে ধুনমুন তেওয়ারি এবং তার ছেলেরা। ওঁরা চিরকাল কংগ্রেস বলেই পরিচিত। কিন্তু বর্তমানে ওঁরা কংগ্রেস পার্টিকে সমর্থন করেন না, সমর্থন করেন বি.জে.পি.-কে। দীর্ঘদিন ধরে ওঁরা খাস জমির উপর বসবাস করছিল। এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। কিন্তু এ বিষয়ে থানা তেমন কোনও স্টেপ নেয়নি। তাই স্যার আমি আপনার মাধ্যমে এটা বামফ্রন্ট সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, যাতে অবিলম্বে এবিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হয়।

**শ্রী সুদীপ বন্দোপাধ্যায় :** স্যার, পশ্চিমবাংলার একমাত্র জেলা দক্ষিণ ২৪-পরগনা, যার ডিস্টিক্ট হেড-কোয়ার্টার দক্ষিণ ২৪-পরগনার মধ্যে নেই। এটা একটা অদ্ভুত ব্যাপার। অ্যাডমিনিস্ট্রেটিভ হেড-কোয়াটার, পুলিশ প্রশাসনের সদর কার্যালয় সেই জেলার মধ্যে হওয়াটাই প্রত্যাশিত ব্যাপার। কিন্তু দক্ষিণ ২৪-পরগনা জেলার প্রশাসনিক কার্যালয়, পুলিশ এস.পি.-র অফিস কলকাতার আলিপুরে অবস্থিত। আমার মনে হয়, প্রশাসনিক সংস্কারের মধ্যে দিয়ে জেলা প্রশাসন এবং পুলিশের কার্যালয় জেলার জুরিসডিকশনের মধ্যে নিয়ে আসা উচিত। এটা না করলে অনেক সময় দেখা যায়, সুন্দরবনের মানুষকেও কোনও সমস্যার জন্য কলকাতায় অভিযোগ দায়ের করতে আসতে হয়। এই ব্যতিক্রম পশ্চিমবাংলার অন্য কোনও জেলার ক্ষেত্রে নেই। আপনারা জানেন, এবিষয়ে কিছু দিন আগে বেকার রোডে মমতা ব্যানার্জী ১৪ দিনের ধর্নায় বসেছিলেন। আমরা দাবি করছি, জেলাপ্রশাসনিক হেড-কোয়াটার-এর জায়গা পরিবর্তন করা হোক। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দাবি, সকলের স্বার্থে, প্রশাসনিক স্বার্থে, সমগ্র ২৪-পরগনা জেলার স্বার্থে অবিলম্বে দক্ষিণ ২৪ পরগনার জুরিসডিকশনের মধ্যে এগুলো নিয়ে আসা হোক।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে বলছি, আমরা সকলেই চাই, ঐ হেড-কোয়াটারগুলো সরিয়ে এনে বারুইপুরে করা হোক। স্যার, আপনার এবিষয়ে আইডিয়া আছে, আপনি যদি অগ্রণী ভূমিকা নেন তাহলে কাজটা ত্বরান্বিত হয়।

**শ্রী কিরীটি বাগদি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী কেন্দ্রের ৫/৬টা অঞ্চলে কোনও পুলিশ ফাঁড়ি নেই। এতে খুবই অসুবিধা হচ্ছে। এবিষয়ে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, অবিলম্বে চাঁপাশোল গ্রামে পুলিশ ফাঁড়ির ব্যবস্থা করা হোক।

চাঁপাশোলে পুলিশ ফাঁড়ি করার জন্য ওখানকার মানুষেরা জমি দান করে রেখেছে। তাই আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে এ ব্যাপারে দৃষ্টি দিতে অনুরোধ করবো।

[11.20—11.30 A.M.]

**শ্রী অসিত কুমার মাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সারা পশ্চিমবাংলায় সবচেয়ে বড় গ্রাম মাঠগ্রাম সেখানে দুটি হাইস্কুল আছে, অথচ উচ্চ-মাধ্যমিক শিক্ষার কোনও ব্যবস্থা নেই। সেখানে প্রায় ৩০ থেকে ৩৫ হাজার লোক বসবাস করে, দুটি স্কুলে প্রচুর ছাত্রছাত্রী, শুধু ওই গ্রামেরই নয়, আশপাশের গ্রামগুলি থেকেও প্রচুর ছাত্রছাত্রী আসে। মাঠগ্রাম হাইস্কুলকে কিংবা মাদ্রাসা হাইস্কুলকে উচ্চ-মাধ্যমিক করার জন্য আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যারা গরিব মানুষ তাদের ছেলেমেয়েরা বাড়িতে বসে, উচ্চশিক্ষা লাভ থেকে তারা বঞ্চিত হচ্ছে, তাই আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের সবচেয়ে বড় গ্রামে উচ্চশিক্ষার ব্যবস্থার অনুরোধ করছি।

**শ্রী মোজাম্মেল হক্ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র হরিহরপাড়ার খিদিরপুর গ্রাম পঞ্চায়েত এবং রাজধরপাড়া গ্রামপঞ্চায়েতে কয়েকটি উদবাস্তু কলোনী আছে, এদের জন্য সরকার জমি অধিগ্রহণ করেছে, অথচ এরা কোনও দলিল বা লিজ পায় নি। তাই এরা কোনও সরকারি সুযোগসুবিধা যেমন ডি.আর.ডি.এ. থেকে শুরু করে সব প্রকল্পের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এরা ১৯৪৭ সাল থেকে ১৯৫২ সাল—দীর্ঘ দিন ধরে বেশিরভাগই পূর্ববঙ্গ থেকে উদ্বাস্তু হয়ে কলোনী শিবিরে ছিল। রাজ্য সরকারের আর.আর. ডিপাটমেন্ট থেকে এদের জন্য কয়েক শত একর জমি অধিগ্রহণ করেছে, সেই জমি জরিপ হয়েছে, কিন্তু তাঁদের হাতে তাদের নামে সেই দলিল বা লিজ দেওয়া হয় নি। আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর নিকট দাবি করছি অবিলম্বে এই উদ্বাস্তু যারা জবর দখল করে আছে, সেখানে জরিপ অনুযায়ী তাদের নামে দলিল বা লিজ দেওয়া হোক।

**শ্রী শীতলকুমার সর্দ্দার :** (অনুপস্থিত)

**শ্রী আবদুস সালাম মুন্সি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী এবং শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা কালিগঞ্জে পলাশি সুগার মিল এবং রামনগর সুগার মিল বর্তমানে নাম হয়েছে খৈতান এগ্রো কমপ্লেক্স। সেখানে শ্রমিক এবং ইক্ষু চাষীদের বাঁচাবার জন্য শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সেই মিলটির শ্রমিকরা দীর্ঘ ৪/৫মাস বেতন পায় নি, চাষীরা সেখানে প্রায় ৮৭ লক্ষ টাকার আখ দিয়েছে ফেব্রুয়ারি-মার্চ মাসে, তার দাম তারা পায় নি। মিলটি যখন ১৯৯২ সালে খৈতানরা নেয় তখন শ্রমিকদের অনেক এরিয়ারের টাকা দেওয়ার কথা এগ্রিমেন্ট হয়েছিল। কিন্তু লক্ষ লক্ষ টাকা আজও শ্রমিকদের দেওয়া হয়নি। মিলটির শ্রমিকদের এবং ইক্ষু চাষীদের বাঁচাবার জন্য আপানার মাধ্যমে মাননীয় শ্রম এবং শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অবিলম্বে সেখানে ব্যবস্থা নেওয়া হোক, চাষীদের স্বার্থ রক্ষা করা হোক, তানাহলে মিলটি বন্ধ হয়ে যাবে।

**শ্রীমতী ইভা দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার বিধানসভা কেন্দ্রের অন্তর্গত শিয়াখালা পি.এইচ.ই-র এই প্রকল্পটি ১৯৮৯ সাল থেকে শুরু হয়েছিল, অধিকাংশই কাজ শেষ হয়েছে, কিন্তু পাইপের এখন পর্যন্ত কোনও ব্যবস্থা না হওয়ায় ওই অঞ্চলের মানুষ জল সরবরাহ থেকে বঞ্চিত হচ্ছে।

এই প্রকল্পটা চালু হলে ঐ অঞ্চলের ২০ হাজার মানুষ উপকৃত হবে। তাই আমি

আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আবেদন করছি, যাতে এই প্রকল্পটা দ্রুত সম্পন্ন করা হয়। ধন্যবাদ।

**শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মুর্শিদাবাদ জেলার দেবাইপুর (২) থেকে ভগবানগোলার আমাইপাড়া পর্যন্ত ভায়া কোলান, রাণিতলা, হরিরামপুর দীর্ঘ ২০ কিলো মিটার রাস্তাটির নির্মাণ কার্য স্বাধীনতার পর থেকে আটকে আছে। ফলে ঐ বিস্তীর্ন অঞ্চলের মানুষদের, ছাত্রছাত্রীদের, রুগীদের, লালবাগ মহকুমা শহরে, লালবাগ হাসপাতালে, জিয়াগঞ্জ কলেজে যেতে প্রায় ১৫ কিলোমিটার রাস্তা ঘুরতে হচ্ছে। এমন কি বি.এস.এফ.-এর গাড়িগুলোকেও ১৫ কিলোমিটার পথ ঘুরে যাতায়াত করতে হয়। অতএব সর্বস্তরের মানুষের স্বার্থে অবিলম্বে ঐ রাস্তাটি নির্মাণ করার জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় স্পিকার স্যার, পদ্মা নদীর ভাঙন মুর্শিদাবাদ জেলায় ভয়ঙ্কর বিপদ সৃষ্টি করেছে। বিভিন্ন অঞ্চলে পি.ডাব্লু.ডি-র রাস্তা, বিভিন্ন অফিস ভাঙনের কবলে পড়েছে। আমার কেন্দ্রের জলঙ্গী ব্লকের সরকারপাড়া, মুরাদপুর, জয়কৃষ্ণপুর এবং রাণিনগরের বামনাবাঁধ, রাজানগর ব্যাপকভাবে ভেঙে গেছে। অবিলম্বে নদীর ধারের লোকেদের নিরাপদ দূরত্বে সরিয়ে এনে তাদের জন্য ত্রাণের ব্যবস্থা করা প্রয়োজন। এবিষয়ে কিছু কাজ করার জন্য কিছু দিন আগে মাননীয় মন্ত্রী ঘোষণা করেছিলেন, - ২০ লক্ষ টাকার কাজ শুরু করা হচ্ছে। কিন্তু তা আজও শুরু হয় নি। তবে ঐ কাজ শুরু করলেও বোধ হয় ভাঙনের হাত থেকে মানুষকে রক্ষা করা যাবেনা। তবুও মানুষের মনে কিছুটা আস্থা জাগবে। এবিষয়ে রাষ্ট্রমন্ত্রীর বিবৃতি দাবি করছি।

**শ্রী গণেশ মন্ডল ঃ** স্পিকার স্যার, মাননীয় সদস্য পদ্মার ভাঙন নিয়ে এখানে উল্লেখ করলেন। এর আগে কংগ্রেসের একজন মাননীয় সদস্য এবিষয়ে আমাদের বলেছেন। কয়েকটা জায়গায় ব্যাপকভাবে পদ্মার ভাঙন শুরু হয়েছে এবং আমরা আপত্কালীন কিছু কাজ করার কথা বলেছি আমাদের চিফ ইঞ্জিনিয়ার (২) কাল মুর্শিদাবাদ গিয়েছেন, আজকে ঐ সমস্ত এলাকা দেখছেন। আমরা তাঁকে বলে দিয়েছি,-আপনি দেখে ওখানেই স্পট ডিসিশন নিন যেমন যা করার করবেন - পিউনিটিভ মেজার হিসাবে যতটা কাজ করা যায় তা করার ব্যবস্থা করবেন। ক্ষয়-ক্ষতির হাত থেকে যত মানুষকে রক্ষা করা সম্ভব, তা করার চেষ্টা করবেন। সেইভাবে নির্দেশ দিয়ে তাঁকে আমরা পাঠিয়েছি। উনি ফিরে এলে ডিটেলস জানতে পারব। যে কাজ ওখানে করার কথা তা কত দুর কি হচ্ছে, না হচ্ছে তার সংবাদ নিতে চেষ্টা করছি।

[11-30—11-40 A.M]

**শ্রী তাপস ব্যানার্জি ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে বিদ্যুত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন যে, পশ্চিমবঙ্গ সরকার গোটা পশ্চিমবাংলার মধ্যে আসানসোল শিল্পাঞ্চল থেকে সব চেয়ে বেশি ট্যাক্স কালেক্ট করে। বছরে ৬১০ কোটি টাকার মতো সেস্ বাবদ এই সরকার সেখান থেকে নিয়ে আসে। সে তুলনায় আসানসোল শিল্পাঞ্চল এই সরকারের কাছ থেকে বিশেষ কোনও রিটার্ন পায়না। উপরুন্তু আজ দেড় মাস ধরে আসানসোল

অঞ্চলে বিদ্যুতের বেহাল অবস্থা চলছে। কোন কোন এলাকায় দিনে ৫/৬ ঘন্টা লোড-শেডিং চলছে আগে এক দেড় ঘন্টার বেশি লোড-শেডিং হত না। এই অবস্থায় এখন ওখানে মানুষের সমস্ত রকম কাজ-কর্ম, ছেলেদের লেখাপড়ার ক্ষতি হচ্ছে। এমনকি ওয়াটার ওয়ার্কস পর্যন্ত বন্ধ থাকছে।

এবং তার সঙ্গে লো-ভোল্টেজ চলছে। আমি এর আগে এই সম্পর্কে মেনশন করেছিলাম। কিন্তু মন্ত্রীমহাশয় নজরে আনছেন না। এত বড় শিল্পাঞ্চলে দিনের পর দিন যদি বিদুতের বেহাল অবস্থা থাকে তাহলে কি করে উন্নয়নমূলাক কাজ হবে? এমনিতেই তো কিছু উন্নয়নমুলক কাজ হয় না। এদিকে গ্লাস ফ্যাক্টরি এবং অন্যান্য ফ্যাক্টরি বন্ধ হয়ে আছে। যেটুকু আছে সেগুলি যাতে ঠিক মতো চলে তারজন্য অনতিবিলম্বে বিদ্যুতের বেহাল অবস্থা থেকে ফিরিয়ে আনুন।

**শ্রী মুসালিন মোল্লা ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে সংশিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। প্রাক্তন সাংসদের এক চক্রান্তে গুরুত্বপুর্ণ ওয়াকফ সম্পত্তি লুট হতে চলেছে। ৩টি সম্পত্তি মিলিয়ে মহঃ মোকিম সরকার ১৮৪৬ সালে ওয়াকফনামা করে যান। এই ৩টি সম্পত্তি হচ্ছে, ৭৯ কলিন ষ্ট্রিট, মসজিদ ঘর সহ, ৭১ এবং ৭৩ ইলিয়ট রোড, পুরানো বাড়ি ১৭, গড়িয়াহাট রোড, মসজিদ এবং ১ বিঘা ১০ কাটা জমি সহ ওয়াকফ আল-আউলাদ মোতয়ালি নিয়ে পিতৃ ও মাতৃ পরম্পারায় মামলা হয়। ১৯৮৯ সালে জাসটিস, এ.কে. সেনগুপ্তের নির্দেশনামায় এই ওয়াকফ সম্পত্তি দেখার জন্য মোতয়ালি নির্দিষ্ট হয়েছিল। কিন্তু প্রাক্তন কংগ্রেস-আই সাংসদ, সর্দার আমজাদ আলি তার রাজনৈতিক প্রভাব খাটিয়ে এই ওয়াকফ সম্পত্তির দুই বিঘা নিয়ে নিজে অফিস করেছেন, যেটা হচ্ছে ১ হাজার বর্গফুট জায়গা। আমি দায়িত্ব নিয়ে বলছি, তিনি এইভাবে বে-আইনি দখল করে রেখেছেন। তিনি আমার বিধানসভা ক্ষেত্রে লোকসভার প্রার্থী ছিলেন। কিন্তু জনগন তাকে নির্মমভাবে প্রত্যাখ্যান করেছেন, তিনি পরাজিত হয়েছেন। তাই আমার দাবি, এই ওয়াকফ সম্পত্তি থেকে তার বে-আইনি দখল চ্যুত করা হোক। টোডির সঙ্গে যোগসাজস করে দুই বিঘা সম্পত্তি যার মুল্য ২ কোটি টাকা সেই সম্পত্তিকে বাঁচানোর চেষ্টার জন্য আমি সরকার বাহাদুরের সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী তুষারকান্তি মন্ডল ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি একটি গুরুত্বপুর্ণ বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্য বিদ্যুৎ পর্ষদের বিভিন্ন তাপ বিদ্যুৎ কেন্দ্র থেকে-যেমন, ব্যান্ডেল, সাঁওতালডিহি, বর্ধমানের মন্তেশ্বর, পুরুলিয়া এবং হাওড়া জেলার বিভিন্ন অংশে বিদ্যুৎ পর্ষদের অফিস থেকে কর্মচারিদের বৎসরের মাঝামাঝি - জুন থেকে জুলাই মাসের ৩ তারিখ অবধি বিভিন্ন কর্মচারিকে প্রায় দুই শতাধিক কর্মচারীকে-বদলি করা হয়েছে যেটা বিদ্যুৎ পর্ষদের নীতির পরিপন্থী। শিল্পের স্বার্থে এই বদলি যাতে বন্ধ করা হয় তারজন্য ব্যবস্থা নেওয়া হোক। সিটু এই নিয়ে আন্দোলন করেছে এবং. তারফলে ব্যান্ডেল তাপবিদ্যুৎ কেন্দ্রে ২৮ জন কর্মচারির বদলি রদ করা হয়েছে। সেক্ষেত্রে অন্যান্য কর্মচারিদের ব্যাপারে যাতে একইভাবে বদলি রদ করা হয় তারজন্য ব্যবস্থা নেওয়া হোক এবং বিদ্যুৎ পর্ষদে যারা চাকরি করেন তাদেরকে যাতে অবিলম্বে স্বপদে এবং স্বস্থানে নিয়োগ করা হয় তারজন্য আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুভাষ চন্দ্র সোরেন ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আমার বিধানসভা এলাকা নয়াগ্রাম, সেখানে গোপীবল্লভপুর হয়ে ধমসায় ভায়া খরিকামাথানী, এই রাস্তাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তা এটি পূর্তবিভাগের তত্ত্বাবধানে আছে। ঐ রাস্তাটি দীর্ঘদিন মেরামত না করার ফলে যান চালচলে অযোগ্য হয়ে পড়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর কাছে দাবি করছি - মেদিনীপুর সদর এবং ঝাড়গ্রাম আসতে হলে ঐ রাস্তাটি একমাত্র রাস্তা এবং জঙ্গলের মধ্যে দিয়ে আসতে হয় - ঐ রাস্তাটিকে সত্ত্বর মেরামত করা হোক এবং ঐ এলাকায় যান চলাচল সচল রাখার জন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মানিক উপাধ্যায় ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই হাউসে যে সমস্ত সম্মানীয় ব্যক্তিরা আছেন তারা অনেকেই এই পয়েন্টটা নিয়ে বলেছেন। বারাবনি বিধানসভা কেন্দ্রের সব মৌজাগুলোকে নিয়ে বিদ্যুৎ দপ্তরের তরফ থেকে একটা প্রোজেক্ট নেওয়া হয় এবং বুকলেটে দেখানো হয়েছে টাকা খরচ করা হয়েছে এবং গ্রামীণ বৈদ্যুতীকরণ কমপ্লিট হয়ে গেছে। বারাবণি বিধানসভার দুটো ব্লক আছে। একটি হচ্ছে বারাবণি ব্লক, যে ব্লকটিতে প্রজেক্ট নম্বর হচ্ছে২১/১৪৭ ডব্লু.বি.এন এবং সালামপুর ব্লক, যার প্রজেক্ট নম্বর হচ্ছে ২৫/১৭০ ডব্লু.বি.এন, এটা প্রোজেক্টের আন্ডারে। দেখানো হয়েছে এই সব জায়গাগুলোয় গ্রামীণ বৈদ্যুতিকরণ হয়ে গেছে। কিন্তু সেই গ্রামগুলো পরিপূর্ণ অন্ধকার, তারা জঙ্গলের ভেতরে বাস করছে। সেই মৌজায় লক্ষ লক্ষ টাকা খরচ দেখানো হচ্ছে, কিন্তু কোনও জায়গায় শুধু একটা পোল আছেন কোনও জায়গায় তার আছে, কোনও জায়গায় ট্রান্সফর্মার আছে, কিন্তু তা সত্ত্বেও কানেকশন দেওয়া হচ্ছে না। সরকার বার বার ডিমান্ড করেন আমরা গ্রামের গরিব মানুষ, ক্ষেতমজুর তাদের স্বার্থ আমরা রক্ষা করি। কিন্তু সেই গরিব মানুষেরা আজকে বিদ্যুৎ পাচ্ছে না, তাই আপনার মাধ্যমে আমি বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই হাউসে একটা গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করতে চাই। রবীন্দ্রনাথ ঠাকুরের করা বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের খ্যাতি সারা দুনিয়া জুড়ে। কিন্তু বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের আচার্য পদে যে ব্যক্তিটি আছেন তিনি প্রতারণার দায়ে আসামীর কাঠগোড়ায়, গতকালও তাকে হাজিরা থেকে রেহাই দেওয়া হয়নি। দিল্লি হাইকোর্ট প্রতারনা মামলায় তাকে আসামী হিসাবে সাব্যস্ত করেছে, এই রকম একজন ব্যক্তি রবীন্দ্রনাথের নাম করা বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের আচার্য পদে আসীন আছেন। এটা শুধু পশ্চিমবাংলার নয়, শিক্ষা জগতের অপমান। তাই আমি দাবি করছি, অবিলম্বে ঐ ব্যক্তিকে আচার্যর পদ থেকে অপসারণ করা হোক এবং কেন্দ্রীয় সরকারের কাছে উপযুক্ত সুপারিশ করার জন্য আমাদের রাজ্যের উচ্চ শিক্ষামন্ত্রী উদ্যোগ গ্রহণ করুন।

[11.40—11.50 A.M]

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলার বিভিন্ন জায়গায় প্রায় দু-হাজার মানুষ আন্ত্রিক রোগে আক্রান্ত হয়েছে। তাদের কোনও চিকিৎসা হচ্ছে না। আসানসোল, দুর্গাপুর, কালনা, কাটোয়া মহকুমা হাসপাতালে এই সব আন্ত্রিক রোগের চিকিৎসা হচ্ছে না

ভাল ভাবে। এর মধ্যে কয়েক জন মারাও গেছে। সেই সঙ্গে আজকে ম্যালেরিয়ার প্রকোপ দেখা দিয়েছে। বহু মানুষ বর্ধমান জেলায় ম্যালেরিয়া রোগে আক্রান্ত হয়েছে। আজকে দুর্গাপুর অঞ্চলের পানীয় জল দুষিত হয়েছে, যার ফলে ওখানে আন্ত্রিক আসছে। যারা আন্ত্রিক রোগে আক্রান্ত হচ্ছে এবং যারা ম্যারেলিয়া রোগে আক্রান্ত হচ্ছে, তাদের চিকিৎসার ব্যবস্থা করার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে আপনি নির্দেশ দিন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**Smt. Shanta Chhetri :** Hon'ble Speaker Sir, with your kind permission I venture to draw the attention to the Hon'ble Minister concerned.

Since there is a Beat Office School at Kurseong but with great regret I would like to draw your kind attention that none of the Hill men are getting chance to admit in the said school.

Hence, keeping in view of the sentiment of the local people of Hills. You are requested to keep at least three reserved seats for the Hill men to enable to promote in the forest service.

**শ্রী তপন হোড় ঃ** স্যার, বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় নিয়ে আমি আবার বলছি। ওখানে রবীন্দ্রনাথ ঠাকুরের আদর্শের এক ভয়ানক পতন ঘটানো হচ্ছে যা এক কথায় ভয়ানক দুর্ভাগ্য জনক। বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের বর্তমান আচার্য দু-দুটো ক্রিমিন্যাল কেসের সঙ্গে যুক্ত হয়ে পড়েছেন। এর ফলে দেশ বিদেশ থেকে প্রতিবাদ আসছে, তিনি যেন ঐ সম্মানীয় পদ থেকে সরে যান। আমি স্যার দেশ বিদেশ থেকে অনেক চিঠি পেয়েছি, তাতে জোর দাবি উঠেছে, তারা এই দাবির সমর্থনে বলছেন এই সম্মানীয় আচার্যের পদে যিনি আসীন আছেন, তাঁকে সরানো হোক। বিশ্বভারতীর কিছু স্বার্থন্বেসী মহল এই নরসিমা রাওকে রাখার চেষ্টা করছেন। তাই আমি নির্দিষ্ট প্রস্তাব রাখছি রাজ্য সরকারের কছে যে এই সভা থেকে রাষ্ট্রপতি এবং কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হোক যে বর্তমান আচার্যের বদলে কোনও একজন বিশিষ্ট শিক্ষাবিদকে ঐ বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের আচার্যের পদে আসীন করা হোক।

**শ্রী সত্য রঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেকদিন পরে রায়দিঘিতে একটা কলেজ হয়েছে গত এক বছর হয়ে গেল। কিন্তু সেখানে শিক্ষক এবং অশিক্ষক কর্মচারী নিয়োগ করা হয়নি। অথচ সেই কলেজে ৪৫ জন ছাত্র ভর্তি হয়েছে। নির্বাচনের আগে একটা স্কুলে সত্য সাধনচক্রবর্ত্তীকে দিয়ে সেই কলেজের উদ্বোধন করানো হলো। সেই স্কুলেই কলেজটা চলছে। এই কলেজের জন্য সাত লক্ষ টাকা খরচ করে সাতাশ লক্ষ টাকা খরচ হয়েছে দেখিয়ে আমাকে হারানোর জন্য কান্তি গাঙ্গুলিকে দাঁড় করানো হলো। সেই টাকা কলেজের জন্য না খরচ করে নির্বাচনে খরচ করা হলো। সেই কলেজের টাকা চুরি করে নির্বাচনের কাজে লাগানো হলো। যাই হোক আমাকে হারাতে পারেন নি। বর্তমানে শিক্ষামন্ত্রীর কাছে আমার অনুরোধ, অবিলম্বে ঐ কলেজে শিক্ষক এবং অশিক্ষক কর্মচারী নিয়োগ করুন, কারণ ছাত্রদের ভবিষ্যত নিয়ে আর ছিনিমিনি খেলবেন না। এই বিষয়ে আপনার মাধ্যমে আমি উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে দাবি করছি।

স্যার, আপনি জানেন , এখন স্কুলে কলেজে ভর্তি হওয়া বিরাট সমস্যা হয়ে দাঁড়িয়েছে। মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর কাছে আমার দাবি, সুন্দরবনের রায়দীঘির মতোন একটা জায়গায়

কলেজটি যাতে অবিলম্বে ভালভাবে চালু হয় সেটা দেখুন এবং শিক্ষক নিয়োগ করার ব্যবস্থা করুন।

**শ্রী বরেন বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি জরুরি বিষয় এই সভায় উত্থাপন করছি। আজকে সকালবেলায় বাড়ি থেকে আসার সময় একটি ছাত্রী আমাকে জিঞ্জাসা করছিল, বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কে? এখনও পর্যন্ত নরসিমা রাও সেখানে আছেন কিনা? স্যার, সারা দেশের লোক প্রচার মাধ্যমের মধ্য দিয়ে জেনে গিয়েছেন যে দিল্লীর মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের আদালতে প্রাক্তন প্রধানমন্ত্রী নরসিমা রাও-এর বিচার শুরু হয়ে গিয়েছে। আজকে তিনি ব্যক্তিগতভাবে হাজিরা থেকে রেহাই পেলেও সেই বিচার চলছে। স্যার, এটা লজ্জার কথা যে এই রকম একজন ব্যক্তি বিশ্বভারতীর উপাচার্য হয়ে আছেন। বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় যেখানে রবীন্দ্রনাথের চিন্তা, দর্শন, কর্মকান্ডের স্ফুরণ হয়েছে সেই রকম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে এই রকম একজন ব্যক্তির বৃত হয়ে থাকা উচিত নয়। মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আবেদন, অবিলম্বে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদ থেকে শ্রী নরসিমা রাও-কে সরিয়ে দেবার ব্যবস্থা করুন। সেখানে তার পরিবর্তে সত্যিকারের একজন শিক্ষাবিদ মানুষ, যার সম্বন্ধে এই ধরনের আলোচনা উঠবে না, যিনি আমাদের লজ্জর কারণ হবেন না তাকে নিয়োগ করার ব্যবস্থা করুন। তা হলে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সুনাম বাড়বে,সঙ্গে সঙ্গে আমাদেরও সুনাম বাড়বে এবং দেশের মানুষের কাছে মাথা উঁচু করে আমরা দাঁড়াতে পারবো। অন্যথায় এটা আমদের শিক্ষা, সংস্কৃতি, ঐতিহ্যের লজ্জা হিসাবে চিহ্নিত হয়ে থাকবে। মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আমার আবেদন, অবিলম্বে এ ব্যাপার দিল্লির সঙ্গে যোগাযোগ করে এর একটা ফয়সালা করুন এবং সত্যিকারের চিন্তাশীল, শিক্ষাপ্রেমী মানুষকে সেখানে নিয়োগ করার ব্যবস্থা করুন।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ইতিপূর্বে এই হাউসে আমি ব্যপারটি তুলেছিলাম যে, সাংসদদের হাতে যেমন কেন্দ্রীয় সরকার এক কোটি টাকা করে দিয়ে তার এলাকায় তার নিজের পছন্দমতোন উন্নয়নমুলক কাজ করার ব্যবস্থা করেছেন তেমনি আমাদের এখানেও মাননীয় বিধায়কদের হাতেও কিছু করে টাকা দেওয়ার ব্যবস্থা করা হোক তার নিজের এলাকায় তার নিজের পছন্দ মতোন উন্নয়নমুলক কাজ করার জন্য। স্যার, কেন্দ্রের যুক্তফ্রন্ট সরকার দেখলাম এই প্রকল্পটিকে বজায় রেখেছেন এবং এক কোটির ও বেশি পরিমানের টাকা সাংসদদের দেবার ব্যবস্থা করেছেন। এই অবস্থায় আমিও তাই নতুন করে এই বিষয়টির প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, এখানে বিধায়কদের হাতে অন্তত পক্ষে ২৫ লক্ষ করে টাকা অ্যালটমেন্ট করার ব্যবস্থা করা হোক যাতে তারা তাদের নিজের এলাকায় উন্নয়নমুলক কাজ করতে পারেন। আমি মনে করি আমার দাবি ন্যায়সঙ্গত এবং বাস্তবসম্মত। আমি মনে করি এ ব্যাপরে এই হাউসের সব সদস্য আমার সঙ্গে একমত হবেন। সাংসদদের মতোন বিধায়কদেরও উন্নয়নমুলক কাজ করার জন্য টাকা অ্যালটমেন্ট করার দাবি জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে একটি আবেদন রাখতে চাই। আমার আবেদন, তিনি মাননীয়

রাষ্ট্রপতির নজরে এ ব্যাপারটি আনুন। বর্তমানে যিনি বিশ্বভারতীর উপাচার্য তার বিরুদ্ধে নানান দুর্নীতির অভিযোগ উঠেছে। কোর্টে মামলাও চলেছে। স্বাভাবিকভাবে প্রাক্তন প্রধানমন্ত্রীকে সরিয়ে একজন বিশিষ্ট শিক্ষাবিদকে নিয়োগ করা হোক, এই আবেদন আপনার মাধ্যমে উচ্চ-শিক্ষামন্ত্রীর কাছে রাখছি।

[11-50—12-00 Noon]

**শ্রী আকবর আলি খন্দোকার ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। চন্ডিতলা বিধানসভা কেন্দ্রে একটি রুরাল হসপিটাল রয়েছে। হসপিটালটিকে অবিলম্বে পূর্ণাঙ্গ হসপিটালে পরিণত করতে হবে এবং সেখানে জেনারেটারের ব্যবস্থা করতে হবে, কারণ রোজ লোডশেডিং হচ্ছে। লোডশেডিং-এর কারণে পেশেন্টরা অতিষ্ট হয়ে উঠেছেন। হসপিটালটিতে কোনও ও.টি. নেই, অবিলম্বে সেখানে ও.টি. খোলার ব্যবস্থা করতে হবে। সঙ্গে সঙ্গে বলছি যে, শ্রীরামপুরে যে মহকুমা হসপিটালটি রয়েছে সেখানে কোনও অ্যাম্বুলন্স নেই, অবিলম্বে সেখানে অ্যাম্বুলেন্সের ব্যবস্থা করতে হবে। শ্রীরামপুর এবং উত্তরপাড়া জেনারেল হসপিটালে যে কমিটি রয়েছে তাতে স্থানীয় কোনও বিধায়ক মেম্বার হিসাবে নেই। আমি চন্ডীতলা কেন্দ্রের বিধায়ক, অথচ জাঙ্গীপাড়া কেন্দ্রের বিধায়ক শ্রীরামপুর হসপিটাল কমিটিতে মেম্বার হিসাবে রাখা হয়েছে। চন্ডীতলা থেকে পেশেন্টরা শ্রীরামপুর এবং উত্তরপাড়া জেনারেল হসপিটালে আসেন এবং তাদের দেখভালের ব্যবস্থা স্থানীয় বিধায়ককেই করতে হয়, কিন্তু তাদের কমিটির মধ্যে রাখা হয় নি। এছাড়া চন্ডীতলা কেন্দ্রে যেসব উপস্বাস্থ্য কেন্দ্রগুলি রয়েছে সেগুলোর অবস্থা অত্যন্ত খারাপ। যেমন জঙ্গীপুরে উপস্বাস্থ্যকেন্দ্রের বাড়ি তৈরি হয়ে পড়ে রয়েছে এবং সেখানেও ডাক্তার একজন আসেন, চলে যান। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আমার বিনীত অনুরোধ, অবিলম্বে উপরোক্ত বিষয়গুলোর ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রী কামাখ্যানন্দন দাস মহাপাত্র ঃ** মিঃ স্পিকার স্যার, নারীঘাতী, শিশুঘাতী, কুৎসিত বিভৎসের বিরুদ্ধে একদিন বিশ্বের বিবেক ধ্বনিত হয়েছিল বিশ্বভারতী থেকে। আজ স্যার, দুর্নীতি এবং প্রতারণার এক মুর্তিমান বিভৎসা বিরাজ করছে বিশ্বভারতীর বুকে চ্যান্সেলর রূপে। কি যন্ত্রণায় পড়েছে বিশ্বভারতী! রক্ত মোক্ষণ করছে বিশ্বভারতীর। রবীন্দ্রনাথের ভাষাতেই বলতে হয়-এই কলঙ্কহার বিশ্বভারতীর বুকে সাজে না।

স্যার, একজন রবীন্দ্রভক্ত হিসাবে জিজ্ঞাসা করেছিলাম-নীরব কেন কবি? প্রতিবাদ করো! শুনলাম কবির সেই কণ্ঠস্বর-কণ্ঠ মোর রুদ্ধ আজিকে, বাঁশি সঙ্গীতহারা। আর ঠিক সেই মুহুর্তে শুনলাম তাঁর পূর্বসূরীর বজ্রদীপ্ত ঘোষণা-দুর কর অপবাদ, রেখো নাগো তব ভালে কলঙ্করেখা।

এক দুনীতিগ্রস্ত প্রতারক চ্যান্সেলরকে এই মুহুর্তে অপসারিত করবার জন্য রাষ্ট্রপতির কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৮৭ সালে আমার শান্তিপুর কেন্দ্রে একটি স্টেট জেনারেল হসপিটাল করা হল কাগজে-কলমে, অনেক ঢাক-ঢোল পিটিয়ে ১৯৯৫ সালের ১১ই ডিসেম্বর প্রশান্ত

শূর মহাশয় উদ্বোধন করতে গিয়ে শয্যা-সংখ্যা ৫০ থেকে বাড়িয়ে ১৩১ করে এলেন, কিন্তু আজ পর্যন্ত সেখানে প্রয়োজনীয় বিভাগগুলি খোলা হল না। ১১ই ডিসেম্বর নির্বাচনের মুখে হসপিটালটির উদ্বোধন করবার পর সেটা প্রায় বন্ধ। ওখানে গাইনি স্পেশালিস্ট যিনি ছিলেন তাকে তুলে নেওয়া হয়েছে, তারফলে ন্যাশনাল প্রোগ্রামে স্টোরিলাইজেশনের কাজ তিন মাস ধরে বন্ধ হয়ে রয়েছে। যাতে অবিলম্বে স্টেট জেনারেল হসপিটালের প্রয়োজনীয় বিভাগগুলি খোলা হয়, যাতে অবিলম্বে সেখানে ন্যাশনাল প্রোগ্রামটি পুনরায় চালু হয়, তার প্রতি দৃষ্টি দিতে আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমানে আমরা যে কয়জন শিক্ষাবিদের নাম জানি- ডিউই, পেস্তারসি, রুশো এবং রবীন্দ্রনাথ, তারমধ্যে রবীন্দ্রনাথ আমাদের দেশের গর্ব। তিনি বিশ্বকবি হিসাবেই আমাদের গর্ব তা নয়, তিনি নতুন একটা শিক্ষা-ব্যবস্থার প্রবর্তন ও করেছিলেন বিশ্বভারতীতে। আমরা তাই দেখেছি ১৯১৩ সালে তাঁর গীতাঞ্জলী ইংরাজী ভাষায় অনুবাদ করে তিনি নোবেল পুরস্কারে ভূষিত হন। বাংলা ভাষায় যে গীতাঞ্জলী রচিত হয়েছিল সেই ভাষা শিক্ষার জন্য বিভিন্ন দেশ থেকে বহু ছাত্র এই বিশ্ববিদ্যালয়ে এসে উপস্থিত হয়। চীনা দেশ থেকে শুরু করে আন্তর্জাতিক বহু দেশের ছাত্র এখানে আসে। এই রকম একটা ঐতিহ্যশালী বিশ্ববিদ্যালয়ে আমি জানিনা কেন একজন রাজনীতিবিদকে আচার্য করা হয়। আমি জানিনা কেন গভর্নর বিভিন্ন জায়গায় চ্যানসেলর থাকেন, ভাইস-চ্যানেসেলার হন। প্রত্যক্ষ রাজনীতির সঙ্গে যুক্ত একজন প্রধানমন্ত্রীকে কেন এই বিশ্ববিদ্যালয়ের এই ধরনের একটা পদে রাখা হচ্ছে এটা আমি বুঝতে পারছি না। আমি রবীন্দ্রনাথের একটা কবিতা বলছি, "যাহারা তোমার বিষাইছে বায়ু, নিভাইছে তব আলো

তুমি কি তাদের ক্ষমা করিয়াছ, তুমি কি বেসেছো ভালো"।

আমি বলতে চাই ৪২০ ধারায় অভিযুক্ত একজন ব্যক্তি, যার এক মুহূর্ত এখানে থাকার অধিকার নেই। তাই আমি ৪২০ ধারায় অভিযুক্ত ব্যক্তিকে অপসারিত করা হোক তাই নয়, কোনও রাজনীতিবিদকে এই বিশ্ববিদ্যালয়ের আচার্য না করে একজন শিক্ষাবিদকে এই বিশ্ববিদ্যালয়ের আচার্য করা হোক এই দাবি আমি জানাচ্ছি।

**শ্রী অসিত মিত্র ঃ** স্যার, বুর্জুয়া রবীন্দ্রনাথ আজকে ওঁদের কাছে প্রগতিশীল রবীন্দ্রনাথ হয়েছে। সব শিয়ালের এক রা। মাননীয় স্পিকার স্যার, গত ১৯শে জুলাই একটা সান্ধ্য পত্রিকায় একটা খবরের ব্যাপারে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং স্বাস্থ্যমন্ত্রী দুজনের দৃষ্টি আকর্ষণ করছি। গত শুক্রবার উপেন পোলাই নামে একটা রোগী ক্যালকাটা হসপিটালের ছাদ থেকে পড়ে গিয়ে আত্মহত্যা করে বলে বার হয়। এই উপেন পোলাই উইলিয়মস মেগর কোম্পানি, ১৮ নম্বর স্ট্যান্ড রোড, এই কোম্পানির ছাদে থাকতো এবং সেখানে শ্রমিকদের থাকর কোয়াটারও আছে। এই ছাদে নানা রকম উৎশৃঙ্খল ঘটনা ঘটতো প্রায় প্রতিদিন এবং সেখানে নারী ঘটিত ঘটনা ঘটতো। এই ব্যাপারে উপেন পোলাই প্রতিবাদ করেছিল। পুলিশকে এই সমস্ত খবর জানায় এবং পুলিশকে ব্যবস্থা নিতে বলে। যারা এই সমস্ত ঘটনার সঙ্গে জড়িত তারা এই উপেন পোলাইকে মারধোর করে এবং যার ফলে তাকে ক্যালকাটা হাসপাতালের এমারজেন্সিতে ভর্তি করতে হয়। এই উপেন পোলাই যখন হাসপাতালে ছিল, কিছু ব্যক্তি বন্ধুর বেশে তাকে দেখতে গিয়ে - পুলিশ যাতে জানতে না পারে সমস্ত ঘটনা

- তাকে ছাদ থেকে ফেলে দিয়ে খুন করার চেষ্টা করেছে। এই ক্ষেত্রে ক্যালকাটা হাসপাতালের মতো জায়গায় রোগী ছাদ থেকে পড়ে আত্মহত্যা করছে, এই ব্যাপারটা দেখার জন্য আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরোধ করছি এই ব্যাপারে সঠিক অনুসন্ধান করে যারা এই ব্যাপারে জড়িত তাদের গ্রেপ্তার করে সমুচিত ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী কালি প্রসাদ বিশ্বাস ঃ** অনুপস্থিত।

[12-00—12-10 P.M]

**শ্রী পুষ্পচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্রে তুফানগঞ্জ এর ২নং ব্লক এর প্রধান কার্যালয় বকসিরহাট। আসামের দুইটি জেলার উপর দিয়ে ঘুরে যাতায়াত করতে হয়। বাংলার মধ্যে দিয়ে জোড়াই রোডের উপর দুইটি পাকা সেতু নির্মাণ করলে উক্ত সমস্যা দূর হবে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের নিকট অবিলম্বে সেতু দুইটি নির্মাণ করার জন্য দাবি রাখছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে ভূমি সংস্কার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। বিষয়টি হচ্ছে, আপনি জানেন যে, দিল্লী রোডের দুপাশে অনেক শিল্প কারখানা হচ্ছে। কারখানা হোক, এটা আমরাও চাই। কিন্তু এই সমস্ত শিল্প কারখানা যারা তৈরি করছেন, তারা জমি যে ভাবে কিনেছেন, সেইভাবে কারখানার জন্য দেওয়াল তুলে দিচ্ছেন। এরফলে দিল্লি রোডের এপার থেকে ওপারে যাওয়া যাচ্ছে না। দিল্লি রোডের পাশে চাষের জমি আছে, সেখানে চাষীরা চাষ করে থাকেন। দেওয়াল তুলে দেবার ফলে চাষীদের ঘুরে যেতে হচ্ছে। তারা নিজেদের জমি চাষ করতে পারছে না। চাষীদের দুতিন মাইল ঘুরে যেতে হচ্ছে। এই অবস্থার কথা জানিয়ে আমি জেলা পরিষদকে চিঠি লিখেছি এবং অনুরোধ করেছি বিষয়টি দেখার জন্য। আমি আপনার মাধ্যমে ভূমি সংস্কার মন্ত্রীকে অনুরোধ করছি, কারখানা যেগুলো তৈরি হচ্ছে, সেখানে তারা যে দেওয়াল তুলছে তার পাশে একটা প্যাসেজ রাখুক। শহরাঞ্চলে বা গ্রামাঞ্চলে যেখানে কারখানা আছে, সেখানে এই ব্যবস্থা আছে। ওখানে যেসব কনস্ট্রাকশন করছে তার পাশে প্যাসেজ রাখার ব্যবস্থা করুন। ওখানে প্যাসেজ না রাখার ফলে রাস্তার পাশে যে জমিগুলো আছে সেগুলোর দাম বেশি হচ্ছে এবং মাঠের মধ্যে দূরে যেসব জমি আছে সেগুলোর জন্য জমির মালিকরা বেশি দাম পাচ্ছে না। আমি ওখানে কারখানার দেওয়ালের পাশে প্যাসেজ রাখার জন্য আপনার মাধ্যমে ভূমি সংস্কার মন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি, তিনি বিষয়টি দেখুন।

**শ্রী সুনীতি চট্টরাজ ঃ** মাননীয় স্পিকার স্যার, আজকে আমার বন্ধু সুদীপ বন্দ্যোপাধ্যায়, মাননীয় সদস্য বলছিলেন, সব শেয়ালের এক রা। আমি যে কথাটা বলতে চাই, ওঁরা যে কথা বলেছেন তা রুচির বিকৃতি ছাড়া আর কিছু বলা যাবে না। (গোলমাল) কারণ মাননীয় প্রাক্তন প্রধানমন্ত্রী, যিনি এই হাউসের সদস্য নন, আচার্য সম্বন্ধে কথা বলতে গিয়ে তাঁকে ৪২০ পর্যন্ত বলা হয়েছে। এটা কি রুচিবোধের পরিচয় বহন করছে? ক্রিমিন্যাল কেস হয়েছে, কিন্তু তিনি কনভিকটেড নন। তাঁর কিছু কেস পেন্ডিং আছে। স্যার, একজন প্রাক্তন প্রধানমন্ত্রী এবং বর্তমানে এ.আই.সি.সি.র সভাপতি তাঁর সম্বন্ধে এই রকম কটুক্তিপূর্ণ একটা

মন্তব্য করে ওঁরা বিকৃত রুচির পরিচয় দিয়েছেন। (গোলমাল) মাননীয় স্পিকার স্যার, আপনার কাছে আমি এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ করছি। বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের আচার্য পণ্ডিত নরসীমা রাওয়ের যে যোগ্যতা আছে, এদের মধ্যে সেই রকম যোগ্যতাসম্পন্ন লোক নেই। আমি তাই তীব্র ভাষায় প্রতিবাদ করছি। এখানে স্যার, আপনার রুলিং আছে, যিনি মেম্বার নন, হু ইজ নট এ মেম্বার অব দি হাউস, তাঁর নাম এখানে আনা যাবে না। পি.ভি.নরসীমা রাও এবং ৪২০, এই দুটি শব্দ সভার কার্যবিবরণী থেকে এক্সপাঞ্জ করা হোক যারা হাউসের মর্যাদা রক্ষা করতে চায় না তাদের বলছি, ওঁরা যদি প্রধানমন্ত্রীকে ৪২০ বলেন তাহলে আমি জ্যোতি বসুকে ৪২০ বলে বলবো। তাঁর বিরুদ্ধে যে অভিযোগের কথা বলা হয়েছে তা ঠিক নয়। সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে ওরা এই অভিযোগ এনেছেন। ওরা যে অভিযোগ এনেছেন তা সম্পূর্ণ যুক্তিসঙ্গত নয়, আমি এক্সপাঞ্জ করা হোক এই দাবি জানাচ্ছি এবং ওদের বিকৃত রুচিবোধের বিরুদ্ধে প্রতিবাদ যে জানালাম সেকথা বা বক্তব্য রেকর্ড করা হোক।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহু আলোচিত বিশ্বভারতীর কথাই আমি বলছি। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর সারা পৃথিবীকে এক করতে চেয়েছিলেন-ইয়ং ভারতী যত্র বিশ্বং ভবত্যেক নীরম, সেই ইচ্ছার মধ্যে দিয়ে সমস্ত পৃথিবীর মানুষের কাছে ভারতবর্ষের ঐতিহ্য এবং সংস্কৃতিকে তুলে ধরবার জন্যে বিশ্বভারতীকে একটা বিশেষ স্থানে রাখতে চেয়েছিলেন। সেইকারণে রবীন্দ্রনাথ তাঁর কবিতার মধ্যে বলেছিলেন 'এই ভারতে মহামানবের সাগরতীরে' - শক হুন দল পাঠান মোঘল এক দেহে লীন। এখানে নানা জাতি, ধর্ম ভাষাভাষির সব মানুষ একত্রিত হয়ে বিশ্বভারতীর আদর্শে অনুপ্রাণিত হোক এই আশাই রবীন্দ্রনাথ করেছিলেন। সুতরাং সেই বিশ্বভারতীর মর্যদা খুন্ন হয় এমন প্রধানমন্ত্রীর চ্যান্সেলর থাকার কোনও যুক্তি নেই। সেইকারণে আমার মনে হয় প্রাক্তন প্রধানমন্ত্রীর নৈতিক কর্তব্য হচ্ছে যে ওই পদ থেকে তাঁর পদত্যাগ করা। ওই বিশ্বভারতীতে একজন শিক্ষাবিদকে ওই মর্যাদার আসনে বসানো হোক যাতে করে সারা পৃথিবীর লোক দেখে এবং এতেই রবীন্দ্রনাথ ঠাকুরের সদিচ্ছা পূর্ণ হবে।

**শ্রী তাপস রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করে কতগুলো বিষয় বলতে চাই। এইকথা বলার আগে এখানে যে রুচিবোধের পরিচয় মাননীয় সদস্যরা দিচ্ছেন তাতে মনে হচ্ছে সব শেয়ালের এক রা হয়ে গেছে। সবাই কবিতা আওড়াচ্ছেন, সবাই সাহিত্যিক হয়ে গেছেন। যাইহোক একটা যন্ত্রণার বিষয় মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখছি প্রতিনিয়ত রোগী বাড়ছে এবং রোগ বাড়ছে। অথচ হাসপাতালগুলোতে রিগ্রেট, নো বেড লেখা আছে। এরফলে বহু রোগী বহু প্রিয়জন মারা যাচ্ছে ছাত্র-ছাত্রী মারা যাচ্ছে। আজকে এন.সি.এইচ ১১ বছর ধরে কনডেম অবস্থায় পড়ে আছে, রিনোভেশন ওয়ার্ক চলছে। মেডিকেল কলেজেরও চূড়ান্ত অব্যবস্থা। ওই হাসপাতালে ৫০০ টি বেড হওয়ার কথা, ওই বেড সমেত বিভাগটি কবে খোলা হবে জানিনা। অথচ আমরা সব সময়ে হাসপাতালে দেখছি রিগ্রেট-নোবেড অথচ লোকে প্রিয়জনকে হারাচ্ছে তবুও হাসপাতালে ভর্তি করতে পারছে

না। সুতরাং এই ব্যাপারে অন্তত সব শেয়ালের এক রা হওয়া উচিত এবং একসঙ্গে স্বাস্থ্যমন্ত্রীর কাছে এই দাবি করা উচিত।

**শ্রী জাহাঙ্গীর করিম ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র ডেবরার উপর দিয়ে ন্যাশানাল হাইওয়ের বম্বে রোড এবং দক্ষিণপূর্ব রেলের ৩টি রেল স্টেশন পড়ে, অথচ ওখানে উচ্চশিক্ষার কোনও সুযোগ নেই। সেইকারণে আমার দাবি একটা ডিগ্রি কলেজ ওখানে স্থাপিত হোক।

[12-10—12-20 P.M]

**শ্রী শান্তিরাম মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্য এবং সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলায় ব্যাপক কেরোসিনের সংকট দেখা দিয়েছে। কেরোসিনের অভাব চলছে অথচ সরকারি কর্তাব্যক্তিরা পুলিশের একাংশের মদতে পুরুলিয়া থেকে বিহার বর্ডারে তেল পাচার করে দিচ্ছে। পুরুলিয়া জেলার, আমার বিধানসভা কেন্দ্র জয়পুরে যেসব সুদুর গ্রাম আছে, সেইসব গ্রামে ১০/১২ টাকা লিটার দরে সাধারণ মানুষকে গরীব মানুষকে কেরোসিন তেল কিনতে হচ্ছে। আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি এর একটা ব্যবস্থা করা হোক। পুলিশের একাংশ এবং প্রশাসনের একাংশের মদতে আজকে কেরোসিন তেল বিহারে পাচার হয়ে যাচ্ছে। অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রীমতী সুস্মিতা বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আমার বাঁকুড়া জেলায় যেসব এলাকা যেমন বড়জোড়া এল.সি., অমর কানন এল.সি, বেলিয়াজোড় এল.সি., এইসব অঞ্চলে বিদ্যুৎ এর সমস্যা দেখা দিয়েছে। আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, সেই সব অঞ্চলে যেন বিদ্যুৎ এর সমস্যার সমাধান করা হয়।

**শ্রী শেখ দৌলত আলি ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর ডায়মন্ডহারবারে সবচেয়ে বেশি সমাজবিরোধীদের দৌরাত্ম বেড়ে গিয়েছে। প্রকাশ্য রাস্তায় এমন কি এক্সপ্রেস বাস থামিয়ে ডায়মন্ডহারাবার রোডে সেখানে ছিনতাই হয়ে যাচ্ছে। পরপর কয়েকবার হয়েছে। এই সেদিনও সরিষা হাট বলে একটি জায়গায় রামকৃষ্ণ মিশনের কাছে সেখানে পরপর ২ দিন ধরে ডাকাতি হয়ে গেল। আজও পর্যন্ত পুলিশ সুরাহা করতে পারছে না। অন্যদিকে নেতরা বলে একটা জায়গা আছে, সেখানে সমাজবিরোধীদের সাথে থানার পুলিশের সংঘর্ষে ওখানকার থানার দারোগা আহত হয়। সেখানে মিথ্যা করে অ্যান্টিসোসাল বলে যাদেরকে ধরে আনা হয়েছে, আজকে তারা লজ্জার মাথা খেয়ে, এই সরকারের থানার পুলিশ দারোগাকে বাঁচাতে গিয়ে যারা ঐ এলাকায় সমাজবিরোধী নয় তাদের নামে কেস করছে। যারা এই কাজে জড়িত নয়, তাদের ছেড়ে দিতে বাধ্য হয়েছে। যে নোংরা কাজ ওখানকার পুলিশ কর্মীরা করেছে এর থেকে আমরা রেহাই পেতে চাই। অন্যদিকে বলি, স্বরাষ্ট্রমন্ত্রীর বিবৃতিতে ডায়মন্ডহারবার এলাকার কংগ্রেস কর্মীরা ক্ষুব্ধ। ওখানকার

প্রাক্তন মন্ত্রী আব্দুল কায়ুম মোল্লা তিনি বলেছেন, তিনি বাড়ি ফিরতে পারছেন না। .....( এই সময় মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)....

**শ্রী মাণিক মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভার লাভপুর এলাকায় এই রাজ্যের দ্বিতীয় বিদ্যুৎ সমবায় গঠিত হয়েছে, কিন্তু ২ বছর যাবৎ আর.ই.সি. কোনও অর্থ না দেওয়ায় সেখানে বৈদ্যুতিকরণের কাজ করার ক্ষেত্রে ব্যহত হচ্ছে এবং এলাকার প্রস্তাবিত বিদ্যুৎ এর সাব-স্টেশন এর কাজও শুরু হয়নি। ক্রমবর্দ্ধমান বিদ্যুৎ এর চাহিদার পরিপ্রেক্ষিতে সেখানে অতি সত্ত্বর যাতে আর.ই.সি.র কাছ থেকে অর্থ পাওয়া যায় এবং সাব-স্টেশন এর কাজ করতে পারে এবং আর.ই.সি.যাতে টাকা দিতে পারে তার ব্যবস্থা নেওয়ার জন্য আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পরেশ পাল ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপানার মাধ্যমে আমি পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মানিকতলা কেন্দ্রে বেঙ্গল কেমিক্যাল যেখানে অধিষ্ঠিত, সেই জায়গাতে যদিও আমাদের ওখানে বাস রাখার ব্যবস্থা আছে, কিন্তু পাশেই হচ্ছে পূর্বাশা, হাউসিং এস্টেট, সেখানে প্রায় হাজার দশেকের মতো লোক থাকে। তারপর অনেকগুলো বস্তি আছে, সেখানেও অনেক লোক থাকে। কিন্তু সেখানে কোনও বাস নেই। সেখানে একটি সরকারি বাস আছে, কিন্তু কখন আসে, কখন ছাড়ে তার কোনও ঠিক ঠিকানা নেই। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই সেখানে দুটি বাস দেওয়া হোক শ্যামবাজারের একটি এবং ডালহৌসির একটি। সরকারি বা বেসরকারি বাসের বন্দোবস্ত সেখানে করা হোক।

**শ্রী চক্রধর মাইকাপ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামীণ পাঠাগার আছে কিন্তু অধিকাংশ জায়গায় কোনও গ্রন্থাগারিক নেই। অনেক জায়গায় সাইকেল পিওন গ্রন্থাগারিকের কাজ করে এবং তারা মাসে ১৪০ টাকা করে পায় সংবাদপত্রের জন্য। কিন্তু ঐ টাকায় হয়না, এটা ৩০০ টাকা করা হোক। এই গ্রামীণ পাঠাগারটি শিক্ষাদপ্তরের আন্ডারে এটাকে নিয়ে আসা হোক। রুরাল লাইব্রেরির প্রতি গ্রামের মানুষের আকর্ষণ আছে, তারা সেখানে এসে সংবাদপত্র পড়ে এবং বিভিন্ন লেখকের বই পড়ে। কিন্তু এই গ্রামীণ গ্রন্থাগারের প্রতি মানুষ অবহেলার চোখে দেখছে এবং গ্রামের মানুষ আকর্ষণ হতে এখন বিকর্ষণের দিকে চলে যাচ্ছে।

**শ্রী সুধীর ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধর্মতলা থেকে নৈনাল এবং ধর্মতলা থেকে বিশালাক্ষীতলা এই বাসরুটে প্রচন্ড খর রৌদ্দুরে এবং বৃষ্টিতে ফাঁকা জায়গায় মানুষকে লাইনে দাঁড়াতে হয়। তাই আমি পরিবহন মন্ত্রীর কাছে আবেদন রাখছি সেখানে যাত্রী শেড করার জন্য। এর সঙ্গে সঙ্গে আমি আবেদন রাখছি, সেখানে বাসের সংখ্যা বৃদ্ধি করা হোক এবং যাতে রেগুলার চলে তার দিকে নজর দেওয়া হোক। এই ব্যাপারে আমি পরিবহন মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী তমাল মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেতুগ্রাম বিধানসভা এলাকায় গঙ্গা নদী এবং অজয় নদী বয়ে গেছে। এই দুটো নদীর ভাঙ্গন প্রকট আকার ধারণ করেছে। গঙ্গার

ভাঙ্গনে শাঁখাই, উদ্ধারনপুর, সীতাহাটি, নানিপুর, বজরাডাঙ্গা, দত্তবাটি, নারায়ণপুর, রঘুপুর ইত্যাদি এবং অজয় নদীর ভাঙ্গনে চড়খী, বিল্লেশ্বর, রসুই, তেওড়া, বাকলসা, গণদপুর ইত্যাদি জায়গায় ভাঙ্গন দেখা দিয়েছে। হাজার হাজার বিঘা জমি নদীগর্ভে চলে যাচ্ছে। ফলে কোটি কোটি টাকার ফসল নষ্ট হচ্ছে। গত বন্যায় যে বাঁধ গুলো ভেঙে গিয়েছিল তার একটা বাঁধও মেরামত হয় নি। ফলে চাষীদের খুব অসুবিধা হচ্ছে। ভাঙন রোধ এবং বন্যা নিয়ন্ত্রনের জন্য সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করার জন্য আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি।

[12-20—12-30 P.M]

**श्री राम जनम माझी** : माननीय स्पिकर सर, मै आपके माध्यम से श्रम मन्त्री का ध्यान आकर्षित कराना चाहता हुँ। श्रम मन्त्री सो रहे है। मै जानता चाहता हुँ कि उलबेड़िया उतर केन्द्र मे चार कारखाना बन्ध है। बाउड़िया जुट मिल, कनोड़िया काटन मिल, न्यू सेन्ट्रल जूट मिल और फोर्ट ग्लोस्टर जूट मिल। सर, इन मिलों के बन्ध होने के कारण लगभग ४० हजार श्रमिक भूखमरी के शिकार हो रहे है। श्रम मंत्ती इसी अधिवेशन मे एक प्रश्न के उत्तर मे बोले थें कि २२ जुलाई के द्राइपाटाइट होगी। किन्तु हमने देखा कि द्राइपाटाइट नही हो सका। इससे मालुम होता है कि इसमे सी आई टी यु द्वारा आपके सहेयोग से कोई राजनीति किया जा रहा है। इसलिए मै आपके माध्यम से अनुरोध करता हुँ कि श्रम मंत्ती स्पष्ट घोषणा करे कि द्वाइटाइट कयो नही हो सका और बन्द मिलीं को खुलवाने मे श्रम मंत्ती कया भुमिका अदा कर रहे है, सरकार कौन सा नीति आपना सही है स्पष्ट करे।

**শ্রী তাপস ব্যানার্জি** : স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। কিছুক্ষণ আগে মাননীয়া সদস্যা শ্রীমতী সুস্মিতা বিশ্বাস মেনশন করছিলেন এবং মেনশন করতে করতে তিনি এই এই এল.সি. তে এই প্রবলেম আছে এভাবে বলছিলেন। অমুক গ্রাম বা অমুক শহর এই ভাবে বলতে হয়। এটা এল.সি. বলার জায়গা নয়। আলিমুদ্দিন ষ্ট্রিটে গিয়ে এল.সি. বলা যাবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই এল.সি. কথাটা বাদ দিতে হবে।

**মিঃ ডেপুটি স্পিকার** : এটা নো পয়েন্ট অফ অর্ডার, আপনি বসুন।

**শ্রী অশোক গিরি** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পুলিশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৮.৬.৯৬ তারিখের একটা ঘটনার কথা বলছি। কাকদ্বীপ থানার অন্তর্গত নারায়ণপুর গ্রামের দুটি যুবক গত ২৮.৬.৯৬ তারিখ থেকে নিখোঁজ। তাদের একজনের নাম শুভঙ্কর গায়েন, বয়স-১৭, তার বাবা জুনিয়র স্কুলের প্রধান শিক্ষক। অপরজনের নাম দেবদুলাল দাস। এরা দুজন গত ২৮.৬.৯৬ তারিখ থেকে নিখোঁজ। এ ব্যাপারে কাকদ্বীপ থানায় ডায়েরি করা হয়। এই ঘটনার সঙ্গে রঞ্জিত অধিকারী নামে একটি ছেলেকে সন্দেহ করা হচ্ছে। রঞ্জিত অধিকারীর বাড়ি বসিরহাটে, সে গাড়ি চালায়। রঞ্জিত

অধিকারীর বাড়িতে তল্লাশি করে কোনও খোঁজ পাওয়া যায় নি। লালবাজারে খবর গেছে, বিভিন্ন পত্র-পত্রিকায় এই খবর বেরিয়েছে। কিন্তু ওই দুই নিখোঁজ যুবকের কোনও খোঁজ পাওয়া যায় নি। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি যাতে এই ২জন নিখোঁজ যুবককে খুঁজে বার করা হয় এবং যারা অপরাধী তাদের শাস্তির ব্যবস্থা করা হয়।

**শ্রী হারাধন বাউড়ি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দামোদর নদের ভাঙনের ফলে বাঁকুড়া জেলার সোনামুখী এবং পাত্রসায়ের থানার গুরভাঙ্গা, ঘুমুই, ভগলুই,কেনেটি, রাঙ্গামাটি, মুনুই প্রভৃতি বিস্তীর্ন এলাকার দশটি গ্রাম প্রায় নিশ্চিহ্ন হওয়ার মুখে। সরকার যদি অবিলম্বে এই ব্যাপারে কোনও পদক্ষেপ না নেয়, তাহলে গ্রামগুলো বিলীন হয়ে যাবে এবং সেখানকার অধিবাসীরা উদ্বাস্তুতে পরিণত হবে। গুরুত্ব সহকারে বিষয়টির প্রতি দৃষ্টি দেওয়ার জন্য বিভাগীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি।

**শ্রী অশোককুমার দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখানে শ্রমমন্ত্রী শান্তিবাবু এবং বিদ্যুৎ গাঙ্গুলি আছেন, তাঁদের কাছে জানতে চাইছি-বজবজে নিউ সেন্ট্রাল জুট মিল দীর্ঘদিন ধরে বন্ধ হয়ে আছে, প্রায় আট হাজার শ্রমিক এবং তার সাথে প্রায় এক লক্ষ ফ্যামেলি মেন অনাহারে দিন কাটাচ্ছে, তাদের ছেলে-মেয়েরা পড়াশুনা করতে পারছে না এই ব্যাপারে কোনও পদক্ষেপ নিয়েছেন কি? বিষয়টি মন্ত্রী মহাশয়রা যদি হাউসকে জানান তাহলে ভালো হয়।

**শ্রী খগেন্দ্রনাথ মাহাতো ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র শালবনী বিশাল এলাকা এবং গভীর বনাঞ্চল দ্বারা পরিবেষ্টিত। এখানে যোগাযোগ ব্যবস্থা ভালো নয় এবং বর্তমান থানাটি বিধানসভা এলাকার একেবারে প্রান্তে থাকার জন্য প্রশাসনিক কাজকর্ম সুষ্ঠভারে করা অসম্ভব হয়ে যাচ্ছে। প্রশাসনিক কাজকর্ম সুষ্ঠু ভাবে পরিচালনা করার জন্য, এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখার জন্য এবং সমাজবিরোধীদের দৌরাত্ম বন্ধ করবার জন্য বিধানসভা এলাকার মাঝে একটি পুলিশ ফাঁড়ি হওয়া অত্যন্ত প্রায়োজনীয়। বিষয়টি মাননীয় মন্ত্রীর দৃষ্টিতে আনছি।

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী অশোক দেব মহাশয় নিউ সেন্ট্রাল জুট মিল-বজবজ নিয়ে যে প্রশ্ন তুলেছেন, সেই সম্বন্ধে বলছি। রিহ্যাবিলিটেশন প্যাকেজ দুবার হয়েছে। এই দুবারে পশ্চিমবঙ্গের যা যা দায়িত্ব পালন করার কথা ছিল, তার দ্বিগুন দায়িত্ব পালন করেছে এই সরকার। কিন্তু মুশকিল হচ্ছে, রিহ্যাবিলিটেশান প্যাকেজে এস.বি.আই. এবং সেন্ট্রাল গভর্নমেন্টের যে ন্যাশানাল রিনিউয়াল ফান্ড আছে, সেখান থেকে টাকা দেওয়ার কথা ছিল, সেটা এখনও পর্যন্ত দেয়নি। সম্প্রতি কারখানাটি বন্ধ আছে কয়েক সপ্তাহ হল। বাজারে কাঁচা পাট এসেছে, দামও খানিকটা বোধ হয় কম হয়েছে। ন্যাশানাল রিনিউয়াল ফান্ডের কাছে আমরা ১০ কোটি টাকা ঐ পাকেজ অনুযায়ী চেয়েছি। আমাদের মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় অর্থমন্ত্রী চিদাম্মরমকে চিঠি লিখেছেন এবং শিল্পমন্ত্রী মুরাসোলী মারানকেও চিঠি লিখেছেন এন.আর. এফ. প্যাকেজের টাকা দিতে। এই টাকা এলে আমাদের স্টেট কো-

অপারেটিভ ব্যাঙ্ক রাজ্য সরকারের সাথে কথাবার্তা বলে তাদের জন্য কিছু টাকার ব্যবস্থা করবে। রাজ্য সরকার জুলাই মাসেও ১ কোটি টাকা দিয়েছে, কোনও আইনের বাধ্যবাধকতা ছিল না, শ্রমিকদের স্বার্থের দিকে তাকিয়েই দিয়েছে। এখন আমরা কেন্দ্রীয় সরকারের উত্তরের অপেক্ষায় আছি।

**শ্রী দীপক বেরা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৬ ফেব্রুয়ারি শ্রীরামপুর ফেরি ঘাটের কাছে কাঁসাই নদীর উপর সেতু নির্মাণের জন্য শিল্যান্যাস করা হয়েছে। কাজটা যাতে দ্রুত সম্পন্ন করা হয়, সেই অনুরোধ করছি। কারণ, এক্ষেত্রে একটা আশঙ্কা দেখা দিয়েছে-বিগত নির্বাচনের আগে কংগ্রেস থেকে প্রচার করা হয়েছিল কেন্দ্রের কংগ্রেস সরকার এই সেতু নির্মাণের জন্য ২ কোটি টাকা দেবে এখন জানা যাচ্ছে কেন্দ্রীয় সরকার টাকা দেবে না। এই বিষয়টি এবং এখানকার দুটো রাস্তার কাজ যাতে দ্রুত সম্পন্ন করা যায়, সেটা দেখার জন্য অনুরোধ করছি।

[12-30—12-40 P.M]

**শ্রী যদু হেমব্রম :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা এলাকা আদিবাসী অধ্যুসিত। তফসিলি জাতি, উপজাতিদের বাস। ঐ এলাকার মানুষ দীর্ঘদিন ধরে বিদ্যুতের সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত। ঐ এলাকায় বিদ্যুতের কোনও কাজ হয়নি। ওখানে যাতে বিদ্যুৎ দেওয়ার কাজ তরান্বিত হয় সেই জন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী পেলব কবি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল উল্লেখ পর্বে মাননীয় সদস্য তাপস ব্যানার্জি মন্তেশ্বরের কুখ্যাত খাঁদেম আলির ঘটনা নিয়ে সভায় যেটা বলেছেন তা বিকৃত ও অসত্য। খাঁদেম আলির ঘটনা সম্পূর্ণ ভাবে পারিবারিক। এর সাথে রাজনীতির কোনও সম্পর্ক নেই। সম্পত্তি আত্মসাৎ করার জন্য নিজের মায়ের উপর অত্যাচার করা হয়েছে এবং নিজের ছোট -ভাই এর সাথেও মারামারি করেছে এবং এখনও ঐ বিষয়ে কেস চলছে। সম্প্রতি যে ঘটনা ঘটেছে তা তার নিজের বোনের ছেলেকে খুন করার ষড়যন্ত্রকে কেন্দ্র করে। জেলা প্রশাসন এ সম্পর্কে ওয়াকিবহাল। স্যার, অসত্য কথা বলার জন্য, সভাকে মিস-গাইড করার জন্য ঐ বক্তব্যের তীব্র বিরোধিতা করছি।

**শ্রী মনোরঞ্জন পাত্র :** স্যার, আপনি হয়তো জানেন, আমাদের বাঁকুড়া জেলায় একটা মেডিকেল কলেজ হাসপাতাল আছে। সেই বাঁকুড়া মেডিকেল কলেজ হাসপাতাল মেদিনীপুরের খানিকটা অংশ, পুরুলিয়া জেলা এবং বর্ধমান এর মানুষজন চিকিৎসার জন্য আসেন। প্রতিটি বিভাগে এত রোগী অ্যাডমিশন হয় যে বহু রোগী মাটিতে শুয়ে থাকতে হয়। সেইজন্য স্বাস্থ্যমন্ত্রীর কাছে প্রস্তাব রাখছি যে, বাঁকুড়া জেলায় একটা জেলা হাসপাতাল করা হোক।

**শ্রী কৃষ্ণপ্রসাদ দুলে :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্র গড়বেতা পশ্চিম-এর গোয়ালতোড় থানার অন্তর্গত পিংবনী হইতে রামগড় রাস্তার উপর এবং পিংবনী গ্রামে তমলা নদীর উপরকার সেতুটি গত ১৯৯৩ সালের বন্যায় সম্পূর্ণ ভেঙ্গে গেছে এবং এখনও পর্যন্ত সেতুটি নির্মান করা হয়নি। এব্যাপারে আমি আগেও আলোচনা করেছি যাতে

ঐ সেতু নির্মান করা হয়। গত কয়েকদিন ধরে যে ডাইভারশন করা হয়েছিল সেটা ভেসে গেছে। সমস্ত গাড়ি-ঘোড়া চলাচল বন্ধ হয়ে গেছে। অফিস-যাত্রী, ছাত্র-ছাত্রীর সবাই অসুবিধার মধ্যে পড়েছেন। নদী পারাপার করে যাওয়া অসম্ভব হয়ে পড়েছে। উক্ত সেতু যাতে অবিলম্বে নির্মান করা হয় তার জন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী বাচ্চামোহন রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র ময়নাগুড়ি-তে বিদ্যুতের সমস্যার কথা আমি আপনার মাধ্যমে তুলে ধরতে চাই। জলপাইগুড়ি সদর পঞ্চায়েত সমিতি এলাকা ময়নাগুড়ি কেন্দ্রে অবস্থিত। এখানে রানিনগরে ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ সেন্টার হচ্ছে। কিন্তু তার পাশে একটা বিস্তৃর্ণ অঞ্চলে মানুষ বিদ্যুতের জন্য দীর্ঘদিন ধরে আবেদন করেও বিদ্যুৎ পাচ্ছে না। এব্যাপারে আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়-এর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শেখ খবিরুদ্দিন আহমেদ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। নাকাশিপাড়ায় বেথুয়াডহরিতে ১৯৮৭ সালে অর্থ দপ্তরের অনুমোদন সহ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিকে গ্রামীন হাসপাতালে উন্নীত করণের জন্য সরকারি নির্দেশ দেওয়া হয়েছিল। মেমোরান্ডাম নং-হেলথ্/এম.এস./৩৩৬/৮৭/ক্যাল-ডি ১৯৮৪, ১৬ই মার্চ। আজও এই গ্রামীণ হাসপাতালটির পরিকাঠামো গঠন করা হয় নি। অবিলম্বে যাতে এটা করা হয় তার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী জয়ন্ত চৌধুরি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় তথ্য ও সংস্কৃতি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন বিষ্ণুপুর ৪০০ বছরের পুরানো শহর, এবং এই শহরের একটা ঐতিহাসিক গুরুত্বও যেমন আছে, তার সাথে ঐতিহ্যও আছে। গান-বাজনায় বিষ্ণুপুর ঘরানার কথা সবাই শুনে থাকবেন, এখানকার পাখোয়াজের বোল বিশেষ খ্যাতি লাভ করেছে। তাই এই বিষ্ণুপুর ঘরানার গান-বাজনাকে জনসাধারনের কাছে পৌঁছানোর জন্য একটা মঞ্চের প্রয়োজন। যাতে একটি অডিটোরিয়াম হল করা হয় তার জন্য বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী গুরুপদ দত্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র চন্দ্রকোনায় অনাবৃষ্টির ফলে সেচের কাজ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। ১২টা অঞ্চলের মধ্যে ৭টি অঞ্চলের কৃষকদের মাথায় হাত। আমি ওখানে কংসাবতীর যে ক্যানেল আছে সেখান থেকে জল সরবরাহ করে কৃষিকাজে সাহায্য করার জন্য মাননীয় সেচমন্ত্রীর নিকট আবেদন করছি।

**শ্রী শক্তিপদ খাঁড়া :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ঘিয়া-কুন্তী ড্রেজিংয়ের কাজ অনেকটা হয়ে গেছে, যদিও সম্পূর্ণ কাজ এখনও শেষ হয় নি। এই প্রকল্পের অধীনে কেদারমতি নদীর উপর কংক্রিটের ব্রিজ তৈরি হয়েছে, কিন্তু পোলবা-সেঙ্গুর প্রকল্পের অধীনে হরিশনগরে একটি কংক্রিটের ব্রিজটি অনুমোদন পেয়েছে, কিন্তু সেটা নির্মান হয় নি। যাতে এই কংক্রিটের ব্রিজটি দ্রুত নির্মান হয় তার জন্য বিভাগীয় মন্ত্রীর নিকট আবেদন করছি।

**শ্রী নির্মল দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি

আকর্ষণ করছি। বন্যা হয়েছে যদিও শেষ হয় নি এবং আরও হওয়ার আশংকা করছি। ম্যালেরিয়ার সঙ্গে যুক্ত হয়েছে আমাশয় ও আন্ত্রিক, এটাও আগে বলেছি। আলিপুরদুয়ারে একটি ম্যালেরিয়া গবেষণাকেন্দ্র এবং টাস্ক ফোর্স গড়ে তোলা হোক। সেখানে হাজার হাজার মানুষ এবং এখন প্রায় লক্ষাধিক মানুষ আক্রান্ত হয়েছে। সমস্ত সাব-ডিভিসনে এই ব্যাপারে গুরুত্ব দেওয়া হোক। যেমন বন্যা নিয়ন্ত্রনের ব্যবস্থা আছে, রেস্টোরেশনের ব্যবস্থা আছে ঠিক তেমনি জনস্বাস্থ্যের ব্যাপারটিকেও গুরুত্ব দিয়ে দেখা হোক, বিশেষ করে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী তিনি অবিলম্বে জলপাইগুড়ি যান, ত্রাণমন্ত্রী, সেচমন্ত্রী, পূর্তমন্ত্রী সেখানে গিয়েছিলেন। সেখানে স্বাস্থ্যমন্ত্রীর অবিলম্বে যাওয়ার দরকার। বন্যার পর স্বাস্থ্যের ব্যাপারটা গুরুত্ব দিয়ে দেখা দরকার, তেমনি গুরুত্ব দেওয়া দরকার পরিশ্রুত পানীয় জলের ব্যাপারটাকেও, তাই পি.এইচ.ই: বিভাগের মন্ত্রী মহাশয়ের সেখানে যাওয়া উচিত এবং তাঁকে আমি বিশেষভাবে অনুরোধ করছি।

[12-40—12-50 P.M]

আমি আশা করব রাজ্য সরকার এ ব্যাপারটায় গুরুত্ব দেবেন। গুরত্ব না দিলে আজকে বন্যার জন্য যে ক্ষয় ক্ষতি হচ্ছে তার সঙ্গে আবার মানুষের মৃত্যুর ক্ষয়ক্ষতির জন্য আমাদের পস্তাতে হবে।

**শ্রী সমর হাজরা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলোয় যাতে নিয়মিতভাবে ডাক্তার থাকে তার জন্য আবেদন জানাচ্ছি। এই সময় আন্ত্রিক রোগের প্রাদুর্ভাব সর্বত্র দেখা যাচ্ছে। অথচ স্বাস্থ্যকেন্দ্রগুলোয় ডাক্তাররা নিয়মিত থাকছেনা। রুগীরা অসুবিধা ভোগ করছে এবং মহকুমা হাসপাতালগুলোয় ভিড় বাড়ছে। তাই আমি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রগুলোয় নিয়মিত ডাক্তার থাকার ব্যবস্থা করার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী মীরকাশেম মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র চাপড়ার অনেক মৌজাই এখন পর্যন্ত বৈদ্যুতিকরণ করা হয় নি। বিশেষ করে শুটিয়া, বক্রেনগর, চারুতলা, জামেরি, ডাঙ্গা, পুখুরিয়া প্রভৃতি গ্রাম গুলিতে অবিলম্বে বিদ্যুত পৌছে দেওয়া দরকার। সেজন্য আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে অনুরোধ করছি ঐ গ্রামগুলোতে অবিলম্বে গ্রামীণ বৈদ্যুতিকরণের কাজ শুরু করা হোক।

**শ্রীমতী শক্তি রানা :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার গোপীবল্লভপুর বিধানসভা কেন্দ্রের কুশমারা গ্রাম পঞ্চায়েতের অধীন তেতুলিয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে একজন ডাক্তার আছেন এবং একজন নার্স আছেন। কিন্তু সময় মতো তাঁরা কাজে আসেন না। স্বাস্থ্যকেন্দ্রে সরকারের পক্ষ থেকে ঔষধ পাঠানো হয়, কিন্তু সে ঔষধ রুগীরা সময় মতো পায় না। ফলে ওখানে রুগীরা চিকিৎসার কোনও সুযোগই পাচ্ছেনা। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে ঐ স্বাস্থ্যকেন্দ্রটির প্রতি নজর দেবার জন্য অনুরোধ করছি। ধন্যবাদ।

**শ্রীমতী দেবলীনা হেমব্রম :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয়

পর্যটন মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন বাঁকুড়া জেলায় বেশ কয়েকটি পর্যটন কেন্দ্র আছে-বিষ্ণুপুর, জয়রামবাটী, ঝিলিমিলি, মুকুটমনিপুর প্রভৃতি পর্যটন কেন্দ্রগুলিকে আরো উন্নত করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় পর্যটন মন্ত্রীকে অনুরোধ করছি। ধন্যবাদ।

**শ্রী রবীন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, কাটোয়া মহকুমায় আন্ত্রিক রোগ ব্যাপক আকারে দেখা দিয়েছে। ইতিমধ্যে ২ জন মারা গিয়েছেন। কাটোয়া মহকুমা হাসপাতালে ৬০/৭০ জন আন্ত্রিক রুগী ভর্তি হয়েছেন। সেখানে ঔষধ-পত্র এবং অন্যান্য প্রয়োজনীয় জিনিসের অভাব দেখা দিয়েছে। যাতে কাটোয়া মহকুমা হাসপাতালে অবিলম্বে ঔষধ-পত্র এবং অন্যান্য প্রয়োজনীয় জিনিসপত্রের ব্যবস্থা করা হয় তার জন্যই আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মৃণালকান্তি রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর নজরে আনতে চাই। আগের শিক্ষা ক্ষেত্রের হাড়হিম করা নৈরাজ্য থেকে আমরা বেরিয়ে এসেছি। বর্তমানে শিক্ষা ক্ষেত্রে ব্যাপক অগ্রগতি হয়েছে। এ ক্ষেত্রে আমাদের মেদিনীপুর জেলার বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় অনন্য নজির সৃষ্টি করছে। সেখানে ভাইস চ্যানসেলর নিজে ক্লাস নিচ্ছেন, বিভিন্ন কলেজে যাচ্ছেন এবং গভনিং বডির সঙ্গে বসে মিটিং করছেন। আমাদের দেশের বিশ্ববিদ্যালয় গুলির ইতিহাসে এ জিনিস এই প্রথম ঘটেছে। ছাত্র ভর্তির ব্যাপার বা শিক্ষা ক্ষেত্রের অন্যান্য ব্যাপার নিয়ে তিনি ছাত্র ইউনিয়ন এবং অন্যান্যদের সঙ্গে গুরুত্ব দিয়ে আলোচনা করছেন। এমন কি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষার রেজাল্ট বেরুতে যাতে দেরি না হয় তার জন্য তিনি পরীক্ষকদের বিশ্ববিদ্যালয়ের মধ্যেই বসার ব্যবস্থা করেছেন, সেখানে খাতা-পত্র দেখা হচ্ছে। এর ফলে খাতা চুরি যাওয়ার ভয় থকছেনা। এই ভাবে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় এগিয়ে চলেছে। আমরা লক্ষ্য করছি কাজের মধ্যে দিয়ে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় বিভিন্ন ক্ষেত্রে রেকর্ড সৃষ্টি করছে। অর্থাৎ বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয় একটা আদর্শ এবং অন্যের অনুকরণীয় বিশ্ববিদ্যালয় হিসাবে এগিয়ে চলেছে।

**শ্রী বিপ্লব রায়চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কোলাঘাট থারমাল পাওয়ার প্রোজেক্ট সারা পশ্চিমবাংলার গর্ব। বর্তমানে কোলাঘাট থারমাল পাওয়ার প্রোজেক্টের জন্য সারা পশ্চিমবাংলায় লোড-শেডিং অনেক কমে গেছে। এটা যেমন আনন্দের, তেমনি অন্যদিকে কোলাঘাট থারমাল পাওয়ার প্রোজেক্ট চালাতে গিয়ে প্রত্যেকদিন ১৪ হাজার টন কয়লা লাগে এবং ৫ হাজার টন ছাই তৈরি হয়। এত ছাই হবার ফলে কোলাঘাটের আশেপাশের মানুষের জীবন দুর্বিষহ করে তুলেছে। মাননীয় শিল্পমন্ত্রী মহাশয় এখানে আছেন। তিনি অনুগ্রহ করে ছাই থেকে বাই-প্রোডাক্ট করার পরামর্শ দিন অথবা পরিবেশ মন্ত্রী এই ব্যাপারে সুনির্দিষ্ট করে যদি বলেন তাহলে আমরা সবাই উপকৃত হবো।

**শ্রী দ্বিজেন্দ্র নাথ রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের দক্ষিণ দিনাজপুর থেকে বাইরে যাবার একটি মাত্র সড়ক হচ্ছে বালুরঘাট-কলকাতা। সেই সড়ক দিয়ে আমাদের

রাষ্ট্রীয় পরিবহনের গাড়ি চলাচল করে। কিন্তু বালুরঘাটের ডিপোটি অবহেলিত এবং উপেক্ষিত। এখানে যে গাড়িগুলি চলাচল করে সেগুলি জরাজীর্ণ এবং মাঝেমাঝে পথে খারাপ হয়ে যায়। আমি যাত্রী হিসাবে ভুক্তভোগী। কতকগুলি বাসে আবার ছাদ দিয়ে জল পড়ে এবং এরফলে যাত্রীদের ভিজে যেতে হয়। নতুন বাসের ব্যবস্থা করার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর কছে আবেদন জানাচ্ছি।

**শ্রী গৌতম চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার কেন্দ্র হচ্ছে ইংলিশবাজার। মালদা শহরের সুস্থানী মোড় থেকে গৌড় এবং মহদীপুর সীমান্ত বরাবর দীর্ঘ ১২ কিলোমিটার রাস্তাটি সম্পূর্ণ ভেঙে গেছে। আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, অবিলম্বে ঐ রাস্তাটি মেরামত করা হোক। ঐ রাস্তাটি মেরামত করা হলে এলাকার ৬০ হাজার মানুষ উপকৃত হবেন।

**শ্রী অমর চৌধুরী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বরানগরে অবস্থিত বি.কে.সি. কলেজটি ভেঙে পড়ার অবস্থায় আছে। আমি নিদর্শন হিসাবে বলছি, কিছুদিন আগে এই কলেজের ছাদের একটি অংশ ভেঙে পড়েছে। এরফলে কিছু ছাত্র অল্পের জন্য বেঁচে গেছে। এরজন্য ১৯৯৩ সালে উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়ের নির্দেশে ১১ লক্ষ টাকা এস্টিমেট করা হয়েছিল। কিন্তু এখনও পর্যন্ত কোনও কাজ না হওয়ায় ছাদের কোথাও কোথাও এবং দেওয়ালের কোথাও কোথাও ভেঙে পড়েছে। তাই আমি ব্রহ্মানন্দ কেশবচন্দ্র কলেজটি রক্ষা করার আবেদন জানাচ্ছি। ছাত্র সংসদ এবং প্রিনসিপ্যাল যে চিঠিপত্র দিয়েছে ও মেমোরান্ডাম দিয়েছে সেগুলি আমি আপনার মাধ্যমে কর্তৃপক্ষকে দেবার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী শীতলকুমার সরদার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপমার মাধ্যমে মাননীয় বিদ্যুৎমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা সাঁকরাইলের অন্তর্গত নলপুর গ্রামে এখনো পর্যন্ত বিদ্যুৎ পৌছায়নি। এই গ্রামের অধিকাংশই সংখ্যালঘু সম্প্রদায়ের বাস। ওখানকার মানুষেরা দর্জি ও জরির কাজ করে জীবিকা নির্বাহ করে থাকে। ঐ গ্রামে বিদ্যুৎ পৌছালে বহু মানুষ উপকৃত হবে এবং মানুষের জীবনযাত্রার মানের উন্নতি হবে। ঐ গ্রামে যাতে বিদ্যুৎ পৌছায় তারজন্য আমি মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নর্মদাচন্দ্র রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার কুশমণ্ডী বিধানসভা কেন্দ্রের অন্তর্গত রাধিকাপুর ৩নম্বর গ্রাম পঞ্চায়েতের একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, রাধিকাপুর ৩ নম্বর গ্রাম পঞ্চায়েতে ১৮ থেকে ২০ হাজার লোকের বাস এবং এখানে প্রায় ৬০ ভাগ তপসিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ের মানুষ বাস করে। এখানে গ্রাম পঞ্চায়েতের অফিস আছে, রাধিকাপুরে রেল কোয়াটার আছে এবং কাস্টম অফিস আছে। সুতরাং এইরকম একটি গুরুত্বপূর্ণ জায়গায় যেখানে ১৮ থেকে ২০ হাজার লোকের বসবাস সেখানে আজ পর্যন্ত বিদ্যুৎ পৌছে দেওয়া সম্ভব হয়নি।

[12-50—1-00 P.M]

সেই কারণে দিনের পর দিন অন্ধকারে থেকে ঐ এলাকার মানুষের মনে একটা বিক্ষোভ জমে উঠেছে। তাই আমি দাবি করছি রাধিকাপুর অঞ্চলে যাতে বিদ্যুৎ পৌছে দেওয়া

যায় তার ব্যবস্থা করুন।

**শ্রী বিশ্বনাথ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি জরুরি বিষয়ে। আপনি জানেন গত বাইশ তারিখ থেকে সাতাশে জুলাই পর্যন্ত প্রাথমিক বিদ্যালয়ে স্বাস্থ্য পরীক্ষা করে ছাত্রছাত্রীদের হেলথ কার্ড দেবার ব্যবস্থা করা হয়েছে। তার কাজ এখন চলছে। কিন্তু আমি জানতে পারলাম আলিয়া মাদ্রাসা বিদ্যালয় এই প্রকল্পের আওতায় আসেনি। মুর্শিদাবাদ সহ সারা রাজ্যে খবর নিয়ে সেই বিদ্যালয়গুলোকে এই প্রকল্পের আওতায় নিয়ে আসা হোক

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে সংস্কৃতি কালচার নিয়ে অনেক কথা হয়েছে। পশ্চিমবাংলার একজন বিখ্যাত গায়ক, তাঁর নাম আপনারা জানেন, অজিত পান্ডে, তিনি কোল ফিল্ড এক্সপ্রেসে করে আসছিলেন। তাঁর লেখা চিঠি বেরিয়েছে। দুর্গাপুর থেকে ঐ কোল ফিল্ড এক্সপ্রেসে দুজন ছেলে উঠে তাঁর উপর অকথ্য অত্যাচার করেছে, মারধোর করেছে। তিনি হাওড়া স্টেশনে এসে জি.আর.পি.কেও অভিযোগ দায়ের করেছিলেন, এস.পিকেও অজিত পান্ডে এই ঘটনার কথা জানিয়েছিলেন। কিন্তু তাঁর অভিযোগ পর্যন্ত গৃহীত হয়নি। তারা কে জানা যায়নি, কিন্তু তাদের একটা পরিচয় আছে, তারা একটা বিশেষ রাজনৈতিক দলের পক্ষপুষ্ট। সুতরাং পশ্চিমবাংলার সংস্কৃতির পরিমন্ডলকে এরা নষ্ঠ করছে। আমি এই ঘটনার তীব্র প্রতিবাদ করছি এবং স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী ইদ্রিশ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার আমার বিধানসভা কেন্দ্র গলসিতে কোনও কলেজ নেই এবং ওখানে কুড়িটা মাধ্যমিক স্তরের বিদ্যালয় আছে, দুটো উচ্চ বিদ্যালয় স্কুল আছে, প্রতি বছর উচ্চমাধ্যমিক দুশো জন করে ছাত্রছাত্রী পাশ করে। কিন্তু কোনও কলেজ না থাকার ফলে ছাত্রদের পক্ষে দূরবর্তী কলেজে শিক্ষালাভ করার সুযোগ থাকলেও ছাত্রীদের ক্ষেত্রে দূরবর্তী কলেজে শিক্ষালাভ গ্রহন করা সম্ভব হয় না। সেই জন্য আমি গলসিতে একটা কলেজ স্থাপনের দাবি জানাচ্ছি।

**শ্রী মইনুল হক্ ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, ফরাক্কার থার্মাল পাওয়ার কর্পোরেশনের অধীনস্ত কয়েক হাজার ঠিকা শ্রমিক, যারা দীর্ঘদিন ঠিকা শ্রমিক হিসাবে কাজ করে আসছে, যদিও তাদের কাজটা হচ্ছে পার্মানেন্ট টাইপের, তারা দীর্ঘদিন তাদের যে সমস্ত দাবি দাওয়া আছে, তা নিয়ে তারা আন্দোলন করছে,-মুলত প্রভিডেন্ট ফান্ড, এন.টি.পি.সি. তাদের পি.এফ. কোড নাম্বার দিয়ে দেওয়া সত্ত্বেও এখনও পর্যন্ত তাদের পি.এফ. কাটার ব্যবস্থা ম্যানেজমেন্ট করছে না। আমি এই সম্পর্কে আপনার মাধ্যমে শ্রম দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের কাছে দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে যদি তাদের এই সমস্ত দাবি দাওয়া নিয়ে সরকার পক্ষ যদি হস্তক্ষেপ না করেন তাহলে শ্রমিকদের মধ্যে অসন্তোষ দেখা দেবে এবং বিদ্যুৎ সরবরাহ বন্ধ পর্যন্ত হয়ে যেতে পারে।

**শ্রী শশাঙ্কশেখর বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ

করছি। আমার নির্বাচনী কেন্দ্র হাসখালির বগুলা হারানচন্দ্র শরৎচন্দ্র শ্রীকৃষ্ণ বালিকা বিদ্যালয় ১.১.৬৫ তারিখে ১০ ক্লাসের স্বীকৃতি পায়। পরবর্তীকালে এই স্কুলটিকে হায়ার সেকেন্ডারি পর্যায়ে উন্নীত করার দাবি জানানো হয়। এরজন্য অনেক আবেদন-নিবেদনও করা হয়েছে কিন্তু কিছুই হয়নি। এখানকার ৮০ পারসেন্ট ছাত্রী শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবস সম্প্রদায়ভুক্ত। ওখানকার ১০ টি গ্রাম পঞ্চায়েতের ছাত্রীরা এই স্কুলটির উপর নির্ভরশীল। তার কারণ পাশাপাশি মেয়েদের পড়ার জন্য আর কোনও স্কুল নেই। স্যার, পিছিয়েপড়া সম্প্রদায়ের ছাত্রীদের উচ্চশিক্ষার স্বার্থে আমার দাবি, অবিলম্বে এই বগুলা হারানচন্দ্র শরৎচন্দ্র শ্রীকৃষ্ণ বিদ্যালয়টিকে হায়ার সেকেন্ডারি পর্যায়ে উন্নীত করা হোক।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী এবং প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বামফ্রন্ট সরকার সব সময় বলে থাকেন যে তারা শিক্ষা খাতে বাজেটের ২৫ পারসেন্ট টাকা ব্যয় করেন। অবশ্য এরমধ্যে ৯৫ পারসেন্ট হচ্ছে শিক্ষাকর্মীদের বেতন দিতে চলে যায়। কিন্তু স্যার,এ মাসে শিক্ষা দপ্তর থেকে প্রত্যেক জেলার ডি.আই.অফিসগুলিতে যে অর্থ বরাদ্দ করা হয়েছে সেখানে দেখা যাচ্ছে ১৬ পারসেন্ট কম টাকা বরাদ্দ করা হয়েছে। এরফলে শিক্ষকরা ১৬ পারসেন্ট কম বেতন পাবেন। তাদের পি.এফের টাকা জমা পড়বে না, অন্যান্য ফান্ডের টাকাও জমা পড়বে না। এ ব্যাপরে দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে ব্যবস্থা গ্রহনের দাবি জানাচ্ছি।

**শ্রী নীরদ রায়চৌধুরী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, হাবড়াতে ২০ লক্ষ লোকের বাস। এখানে একটি মাত্র রাস্তার উপর সমস্ত চাপটা পড়ছে সেটা হচ্ছে যশোর রোড। এই রাস্তার উপর দিয়ে প্রচুর যানবাহন চলাচল করে। এই রাস্তার উপর বাজার, মানুষের যাতায়াত এবং যানবাহনের সংখ্যা বৃদ্ধির ফলে ভয়ঙ্কর যানজটের সৃষ্টি হচ্ছে। এমন কি কোন কোন সময় ২/৪ ঘন্টা পর্যন্ত যানজট লেগে থাকে। এমন কি মানুষ সেখানে চলাফেরা পর্যন্ত করতে পারে না। এমন দিন যায়না যে দিন ২/১টা অ্যাকসিডেন্ট না ঘটে। মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ, এক নং গেট থেকে জয়গাছি পর্যন্ত অবিলম্বে একটি ওভারব্রিজ করা হোক।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, প্রাকৃতিক দুর্যোগ শুরু হয়েছে। মাননীয় মন্ত্রী উত্তরবঙ্গ ঘুরে এলেন। দক্ষিনবঙ্গের হাওড়া জেলার শ্যামপুর, উলুবেড়িয়াতে কয়েকদিন ঘরেই প্রাকৃতিক দূর্যোগ চলছে। অনেক মানুষের ঘরবাড়ি পড়ে গিয়েছে, সেখানে গরীব মানুষেরা পরের বাড়িতে বাস করছেন। এস.ডি.ও. বলছেন পলিথিন বা সরকারি সাহায্য নেই। শ্রাবন মাস চলছে, সামনে ভাদ্র মাস আসছে, এই প্রাকৃতিক দুর্যোগের দিনে যাতে সেখানে পলিথিন শিট, তারপোলিন এবং অন্যান্য সরকারি ত্রাণ সাহায্য পাঠানো হয় তারজন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** স্যার, পাথরপ্রতিমা, মথুরাপুর, কুলপির বিরাট অংশে প্রতিনিয়ত

[1-00—1-10 P.M]

আইনশৃঙ্খলা বিঘ্নিত হচ্ছে। অবিলম্বে ঢোলাতে একটি থানার প্রয়োজন। সেখানকার স্থানীয় মানুষেরা এরজন্য জমি দিতে আগ্রহী। ঢোলা এলাকায় কোনও থানা না থাকায় সেখানে আইন-শৃঙ্খলার অবনতি হচ্ছে। অবশ্য গোটা পশ্চিমবঙ্গ জুড়েই ডাকাত-চোরের রাজত্ব চলছে। তারজন্য ঢোলায় একটি থানা প্রতিষ্ঠা করা হোক এই দাবি জানাচ্ছি।

**শ্রী গুলশন মল্লিক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলার পাঁচলা কেন্দ্রে পাঁচলা, চারাপাঁচলা, বিকিহাতোলা, বনহরিশপুর প্রভৃতি গ্রাম পঞ্চয়েতে পানীয় জলের খুবই অভাব। ঐ এলাকায় দীর্ঘদিন ধরে দুটি ট্যাপ ওয়াটার স্কীম তৈরি হয়ে রয়েছে, কিন্তু চালু হয়নি। অবিলম্বে ঐ দুটি চালু করবার জন্য দাবি জানাচ্ছি। আপাতত সেখানে পানীয় জলের অভাব মেটাতে অন্ততপক্ষে কয়েকটি টিউবওয়েল করে দেওয়া হোক, এই দাবি ও সঙ্গে সঙ্গে জানাচ্ছি।

## MOTIONS UNDER RULE 185

**Mr. Deputy Speaker :** Now, discussion on Motion under Rule 185. I now request Shri Kamakhyanandan Dasmahapatra to move his motion.

**শ্রী কামাখ্যানন্দন দাসমহাপাত্র ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আন্ডার রুল ১৮৫ আমি আমার মোশন মুভ করছি ঃ-

" যেহেতু পশ্চিমবাংলাসহ সারা দেশে প্রায় ৮০ লক্ষ বিড়ি শ্রমিক-পরিবার আছেন;

যেহেতু ৮০ লক্ষ পরিবারের প্রায় ২ কোটি ৫০ লক্ষ মানুষ এই শিল্পের সঙ্গে সরাসরি যুক্ত;

যেহেতু বিড়ি প্রস্তুত করাই তাঁদের একমাত্র জীবিকা;

যেহেতু প্রাক্তন কেন্দ্রীয় সরকার সিগারেট কোম্পানীলিকে মিনি-সিগারেট তৈরির লাইসেন্স দেওয়ার ফলে মিনি-সিগারেট বিড়িকে বাজার থেকে হটাতে চলেছে;

যেহেতু প্রাক্তন কেন্দ্রীয় সরকার বিড়িপাতা ও বিড়ির মশলার উপর এক্সাইজ ডিউটি বৃদ্ধি করায় বিড়ির উৎপাদন কমতে শুরু করছে এবং ফলস্বরূপ এই শিল্পের সংকট বৃদ্ধি পেয়েছে;

যেহেতু মিনি-সিগারেটের সঙ্গে পাল্লা দেওয়ার কারণে এবং শ্রমিক ছাঁটাইয়ের জন্যও বিড়িশিল্প মালিকদের একাংশ বিড়ি উৎপাদন যন্ত্রে ব্যবহার শুরু করেছেন; এবং

যেহেতু একশ্রেনীর বিড়ি-শিল্প মালিক বিড়ি-শ্রমিকদের রাজ্য সরকার নির্ধারিত মজুরি দিতে অস্বীকার করে চলেছে এবং মহামান্য সুপ্রীম কোর্টের রায় থাকা সত্ত্বেও মহিলা বিড়ি শ্রমিকদের বিধিসম্মত অধিকারগুলিকে হরণ করে চলেছে;

সেহেতু এই সভা যেসব মালিক বিড়ি-শ্রমিকদের ন্যায্য অধিকার হরণ করছেন তাঁদের কাজের তীব্র নিন্দা করছে এবং সর্বসম্মতভাবে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের

নিকট আবেদন জানাচ্ছে যে, (১) মিনি-সিগারেট তৈরির অনুমোদন বাতিল করা হোক এবং (২) বিড়ির পাতা ও মশালার উপর এক্সাইজ ডিউটি হ্রাস করা হোক।"

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এবারে শ্রী আব্দুল মান্নান তিনি তাঁর অ্যামেন্ডমেন্ট মুভ করবেন। (সভার চারিদিক পর্যবেক্ষনের পর) দেখছি, তিনি সভায় নেই এবং অ্যামেন্ডমেন্ট মুভ করলেন না অতএব এখন মেন মোশনের উপর আলোচনা শুরু হবে। প্রথমে শ্রী মহম্মদ সোহরাব।

**শ্রী মহম্মদ সোহরাব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রুল ১৮৫তে বিড়ি শ্রমিকদের ব্যাপারে যে মোশন আনা হয়েছে সে-সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। স্যার, আপনি জানেন যে, মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমা বিড়ি-শিল্প অধ্যুষিত এলাকা এবং গোটা ভারতবর্ষের ৫০ লক্ষ বিড়ি শ্রমিকদের মধ্যে ৫ লক্ষ বিড়ি শ্রমিক শুধুমাত্র জঙ্গীপুর এলাকায় ঐ শিল্পের সঙ্গে নিয়োজিত রয়েছেন। জঙ্গীপুর প্রতিদিন ৭ কোটি বিড়ি প্রডিউস হয়। আগে ওখানকার প্রডিউসড বিড়ি নর্থবেঙ্গল এবং আসামে চালান যেত, কিন্তু বর্তমানে ওখানকার উৎপাদিত বিড়ি দিল্লি, হরিয়ানা, রাজস্থান, মধ্যপ্রদেশ এবং নর্থবেঙ্গল ও আসামে যায়। জঙ্গীপুর এলাকায় প্রতিদিন যে ৭ কোটি বিড়ি প্রডিউস হয় তার থেকে সেন্ট্রাল গভর্নমেন্ট এক্সসাইজ ডিউটি আদায় করে বার্ষিক ২০ কোটি টাকা। ওখানে সংগঠিত নেতৃত্বে যারা সংগঠিত বিড়ি শ্রমিক তাদের কথা আলাদা, কিন্তু যারা অসংগঠিত শ্রমিক, তাদের সংখ্যাটাই বেশি, তাদের সমস্যা এবং অসুবিধার কথা হয়তো পশ্চিমবঙ্গের অনেক বিধায়কই জানতে পারছেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এই এলাকা থেকে যে বিড়ি প্রোডাকশন হয় এবং এই প্রোডাকশনের সঙ্গে যুক্ত যে সমস্ত শ্রমিক আছে তাদের সঙ্গে মালিকদের কোনও যোগাযোগ নেই। কনট্রাকটার বা মুন্সি এদের মাধ্যমে মালিকদের সঙ্গে যোগাযোগ হয়। ওরা মালিকদের কাছ থেকে পাতা এবং মসলা নেয়। প্রতি হাজারে কত মসলা লাগে এবং পাতা লাগে সেটা মালিকদের কাছ থেকে কনট্রাকটাররা নিয়ে যায় এবং কনট্রকটাররা বিড়ির শ্রমিকদের ভাগ করে দেয়। বিড়ি শ্রমিকদের মধ্যে বেশ কিছু হোম ওয়ার্কার আছে এবং বেশি কিছু ফ্যাক্টারি আছে। এই সমস্ত কনট্রাকটাররা হোম ওয়ার্কার এবং ফ্যাক্টারিতে পাতা এবং মসলা সাপ্লাই করে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিড়ি শিল্প জঙ্গীপুর মহকুমায় যা আছে তা পশ্চিমবাংলার আর কোথাও নেই, শুধু তাই নয় ইস্টার্ন জোনের মধ্যে এই জায়গায় সব চেয়ে বেশি বিড়ি প্রোডাকশন হয়। এই হোম ওয়ার্কারদের মধ্যে ফিমেল ওয়ার্কার আছে এবং ছোট ছোট বাচ্ছা ছেলেও এই বিড়ি শিল্পে নিযুক্ত আছে। এই কনট্রাকটাররা এবং মুন্সিরা বিড়ি শ্রমিকদের উপর প্রচন্ড অত্যাচার করে, ওদের বঞ্চিত করে। সকলেই প্রায় জানেন এটা। যাঁরা জানেন না তাঁরা শুনলে আশ্চর্য হয়ে যাবেন কি ধরণের অত্যাচার করে এই কনট্রাকটার এবং মুন্সিরা এই বিড়ি শ্রমিকদের উপর। তারা ৭-৮-৯ সপ্তাহ কোনও মজুরি দেয় না। মালিকদের থেকে তারা টাকা পায় কিনা জানিনা, টাকা দিলেও তারা কিছু গরিব বিড়ি শ্রমিকদের টাকা দেয় না। অভাবের তাড়নায় সেই কনট্রাকটারদের কাছ থেকে বেশি দামে চাল আটা সুদ সমেত নিতে হয়। যারা এই সমস্ত কনট্রাকটার তারা শ্রমিকদের উপর এই ভাবে নানা অত্যাচার করে। তারা গাড়ডি সিস্টেমের মাধ্যমে ছাঁটাই-এর মাধ্যমে শ্রমিকদের উপর অত্যাচার চালায়। এর বিরুদ্ধে প্রতিবাদ করার জন্য ১৯৫৫ সালে শ্রমিকদের উন্নতি

করার জন্য লুৎফল হক সাহেব বাংলার বিড়ি শ্রমিকদের সংগঠিত করে বিড়ি শ্রমিকদের উপর অত্যাচার বন্ধ করার জন্য ইউনিয়ন গঠন করেন। তারপর থেকে এই ইউনিয়নের নেতৃত্বে কনট্রাকটার এবং মুন্সিদের হাত থেকে বিড়ি শ্রমিকদের মুক্ত করার চেষ্টা করা হয়। তারপর ১৯৬৬ সালে কেন্দ্রীয় সরকার কনডিশন অফ এমপ্লয়মেন্ট অ্যাক্ট পাশ হয়। এখানে বেশ কিছু স্বর্তের কথা বলা হয়, তারপর সেই শর্ত অনুযায়ী আজ অবধি কোনও কিছু ব্যবস্থা এখানে নেওয়া হয় নি। এই বামফ্রন্ট সরকার খেটে খাওয়া মানুষের কথা বলেন, গরিব মানুষের কথা বলেন। কিন্তু তাদের জন্য পাশ করা মিনিমাম ওয়েজ অ্যাক্ট, বিড়ি সিগার অ্যাক্ট এখানে চালু করার কোনও ব্যবস্থা করা হয় নি। মিনিমাম ওয়েজ, ওয়েলফেয়ার রুল অ্যাক্টে যে সমস্ত শর্ত গুলি আছে সেইগুলি চালু করার জন্য কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না অ্যাক্টের প্রভিশনে বলা হচ্ছে, Different Officers have been authorised under the Bidi Workers Welfare Fund Rules, 1979 to issue identity card including home workers for enabling them to get various welfare benefits.ভেরিয়াস ওয়েলফেয়ার বেনিফিট বলতে বলা হচ্ছে They will get log book, identity cards. আজকে সব চেয়ে বিপদ জনক ব্যাপার হলো কোনও শ্রমিক কোনও মালিকের এই রকম কোনও আইডেনটিফিকেশন নেই। বিড়ির শ্রমিকরা এই কনট্রাকটার এবং মুন্সিদের মাধ্যমে আসছে। বিড়ি শ্রমিকদের কি পরিশ্রম করে কি তারা মালিকদের কাছ থেকে পেল সেটা জানার তাদের উপায় নেই। আজকে দিনের পর দিন তারা বঞ্চিত হচ্ছে। তাদের কোনও লগ বুক নেই। মালিকদের কাছ থেকে তারা কি পাচ্ছে সেই কাজের জন্য সেটা লগ বুকের মধ্যে থাকবে। একচুয়াল কত বিড়ি সে প্রোডাকশন করছে সেটা লেখা নেই। কত বিড়ি প্রোডাকশন করে কত ওয়েজ পাচ্ছে সেইগুলি লগ বুকে লেখা থাকার কথা, কিন্তু সেটা লেখা নেই। আমাদের এলাকা যেটা সব চেয়ে বিড়ি উৎপাদক স্থান হিসাবে পরিচিত সেখানে মেন প্রবলেম হচ্ছে বিড়ি শ্রমিকদের আইডেনটিটি কার্ড দেওয়া হচ্ছে না, তাদের লগ বুক দেওয়া হচ্ছে না।

[1-10—1-20 P.M]

তারা আইডেন্টিফিকেশন কার্ড পাচ্ছে না। আজকে বিভিন্ন যে ওয়েলফেয়ার স্কীম আছে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, সেখানে বিড়ি শ্রমিকদের পুত্রসন্তানরা সেখান থেকে স্কালারশিপ পায়। বিল্ড ইওর ওন স্কীম বলে যে স্কীম আছে, সেই স্কীমে তারা কিছু টাকা পয়সা পায়। কিন্তু এগুলো এত কমপ্লিকেটেড যে, এই ওয়েলফেয়ার মেজার্স যে গুলো নেওয়া হয়েছে তাদের সুবিধা দেবার জন্য তাতে অসুবিধা হচ্ছে, নানা কমপ্লিকেশান তাতে দেখা দিচ্ছে। প্রকৃতপক্ষে তাদের কাছে এর সুবিধা যাচ্ছে না। বিড়িশিল্পে যারা নিয়োজিত তাদের অধিকাংশ শেষ পর্যন্ত যক্ষা রোগে আক্রান্ত হয়। ১৯৭৫ সালে অজিত পাঁজা মহাশয়, নিমপীঠে এদের চিকিৎসার জন্য চেষ্ট ক্লিনিক তৈরি করেছিলেন। যক্ষা রোগীদের জন্য একটি হাসপাতাল ধুলিয়ানে হবে না ঔরঙ্গাবাদে করা হবে তা নিয়ে ৭-৮ বছর নানা টানবাহানার পর অবশেষে আজকে ফরাক্কা ব্যারাজের জায়গায় ধুলিয়ানে হাসপাতাল নির্মানের কাজ আরম্ভ হয়েছে। কিন্তু কবে এটি শেষ হবে তা আমাদের জানা নেই। হাজার হাজার বিড়ি শ্রমিক আজকে যক্ষা রোগগ্রস্ত। তাদের চিকিৎসার ক্ষেত্রে এই রকম অবস্থা হয়েছে যে, জায়গা ঠিক করতে স্টেট গভর্নমেন্টের ৭-৮ বছর সময় চলে গেল। সেই হাসপাতার নির্মানের কাজ

তারফলে পিছিয়ে গেল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বিড়ি শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ডের প্রবলেম আজকে নতুন ভাবে দেখা দিয়েছে। কেন্দ্রীয় সরকার বলেছেন যে প্রভিডেন্ট ফান্ড দিতে হবে। কিন্তু প্রভিডেন্ট ফান্ড কাদের জন্য দেওয়া হবে-হু ইজ দি এমপ্লয়ি অর হু ইজ এমপ্লয়ার? এর কোনও সমাধান আমরা করতে পারছি না। উই ওয়ান্ট প্রভিডেন্ট ফান্ড। আজকে এর জন্য ৮.৩৩ টাকা দেবে এমপ্লেয়ি এবং ৮.৩৩ টাকা দেবে এমপ্লয়ার। কেন্দ্রীয় সরকার, কি রাজ্য সরকার উভয়েই যারা শ্রমিক নেতৃবৃন্দ আছেন, তাঁরা বিভিন্ন সময়ে কনফারেন্স করছেন। এটা নিয়ে হাইকোর্টে, সুপ্রিমকোর্টে অনেক মামলা হয়েছে। শেষ পর্যন্ত সরকার বলেছেন, এইসব হিসাব-টিসাব দেখার দরকার নেই, অন দি বেসিস অফ ইওর প্রোডাকশন এমপ্লয়ি এবং এমপ্লয়ারের মধ্যে তোমাকে পি.এফ. দিতে হবে। প্রভিডেন্ট ফান্ড কাদের টাকায়, তার লেজার কোথায়? প্রভিডেন্ট ফান্ডের অ্যাকাউন্ট বুকস্ কোথায়? বিড়ি শ্রমিক যখন মারা যাবে, বা তার যখন লোনের দরকার হবে, তখন সে কিসের বেসিসে টাকা পাবে? সেজন্য আমরা বারে বারে বলছি, আইডেন্টিফাই করা দরকার, তারপরে প্রভিডেন্ট ফান্ড করতে হবে। তা না হলে এমপ্লয়িদের কাছ থেকে টাকা নিয়ে তা ট্রেজারিতে জমা হবে। তারপর দেখা যাবে সে কোনওদিনই সেই টাকা পাবে না। এই অবস্থা আজকে দেখা দিয়েছে, আজকে বিরাট একটা সংকট দেখা দিয়েছে। বিভিন্ন ভাবে এক্সসাইজ ডিউটির ফলে বিড়ি মালিকদের কিছুটা অসুবিধা হচ্ছে। যেভাবে কাজটা চলছে, কম্পিটিটেটিভ মার্কেট তাদের ব্যবস্থা চালাতে হচ্ছে। কিন্তু এখানে যারা সবচেয়ে বেশি নির্যাতিত, যারা বঞ্চিত, যাদের পরিশ্রমের ফলে কিছু দিনের মধ্যে বিড়ি মালিকরা কোটি কোটি টাকার মালিক হচ্ছে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আমি যে এলাকার কথা বলছি, সেখানে বিভিন্ন এলাকায় মার্কেট করার ফলে মালিকরা কোটি কোটি টাকার সম্পত্তি করছে। যাদের পরিশ্রমের ফলে এটা হচ্ছে তাদের কিন্তু উন্নতি হচ্ছে না। এখান থেকে সরকারের কোটি কোটি টাকা এক্সসাইজ ডিউটি আদায় হচ্ছে, অথচ তাদের জন্য কিছু হচ্ছে না। এই বিড়ি শ্রমিকদের পয়সায় ঔরঙ্গাবাদে ডি.এন.কলেজ প্রতিষ্ঠিত হয়েছিল। বিড়ি শ্রমিকরা প্রতি হাজারে চার পয়সা করে দিয়ে ঔরঙ্গাবাদ এই ডি.এন.কলেজ প্রতিষ্ঠা করেছিল, যার পুরো নাম -দুঃখীলাল নিবারন চন্দ্র কলেজ। বিড়ি শ্রমিকরা ২৩ মাস ধরে কয়েক লক্ষ টাকা দিয়েছিল। ক্যালকাটা ইউনিভার্সিটি তাদেরকে ডোনার হিসাবে গ্রহণ করেছে। আজ পর্যন্ত তাদের জন্য মিনিমাম ওয়েজ চালু হচ্ছে না। জঙ্গীপুর মহকুমায় প্রতি হাজারে মাত্র ২৪ টাকা মজুরি দেওয়া হয়। অনেক বুঝিয়ে ২৪ টাকা হয়েছে কিন্তু এটা যথোচিতভাবে ৩৬ টাকা পার থাউসেন্ড হওয়া উচিত। এইভাবে একটা শিল্পে আজকে সংকট দেখা দিয়েছে, সেখানে বিড়ি শ্রমিকরা ঠিকমতো মজুরি পাচ্ছে না, তাদের প্রভিডেন্ট ফান্ড মালিকরা ঠিকমতো দিচ্ছে না। তাদের আইডেনটিডি কার্ড, লগ বুক কি করে দেওয়া যাবে সেটা দেখার দরকার। তাছাড়া ওয়েলফেয়ার ফান্ডের বিভিন্ন সুযোগ সুবিধা যাতে তারা পায় সেইদিকটা দেখতে হবে। মিনিমাম ওয়েজ দেওয়ার ব্যাপারে বামফ্রন্ট সরকার অন্যান্য শ্রমিক সংস্থাগুলোর সঙ্গে একসঙ্গে বসে ঠিক করা দরকার। অন্যান্য যে সমস্ত অসুবিধাগুলো আছে এই শিল্পকে বাঁচানোর ক্ষেত্রে সেগুলো রক্ষা করা দরকার। আজকে এই বিড়ি শিল্পে যে সংকট দেখা দিয়েছে তার তুলনা নেই এবং সবচেয়ে বড় সমস্যা হচ্ছে শ্রমিকদের সমস্যা। এই সমস্যা দুর করার জন্যে সবাই মিলে চেষ্টা করতে হবে। জঙ্গীপুর শুধু সারা পশ্চিমবঙ্গের নয়, ইস্টার্ন জোনের মধ্যে সবচেয়ে বড় বিড়ি শ্রমিক

অধ্যুষিত এলাকা। এখানে ৫ থেকে ৬ লক্ষ শ্রমিক রয়েছে এবং তাদের উপরে আবার নির্ভর করে ৭ লক্ষ মানুষ রয়েছে। আজকে এই শিল্পের শ্রমিকরা যেহেতু অসংগঠিত জায়গায় রয়েছে, সেইকারণে এদেরকে সংগঠিত কি করে করা যায় সেই দিকটা দেখতে হবে। আজকে এই বিড়ি শ্রমিকরা মালিকপক্ষের দ্বারা অত্যচারিত হচ্ছে অথচ সরকার নীরব থাকছেন। এই অবস্থার পরিবর্তন করে যাতে শ্রমিকদের উন্নতি করা যায় এবং এই শিল্প যাতে বেঁচে থাকে সেইদিকটা দেখতে হবে। আজকে এই শিল্পের সঙ্গে ৫০ লক্ষ শ্রমিক জড়িয়ে আছে, তাদের দিকটা দেখতে হবে। সুতরাং এই শিল্প বাঁচুক এবং শ্রমিক বাঁচুক সেইদিকটা দেখার দরকার এইকথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পরেশনাথ দাশ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে মোশন এখানে উপস্থাপিত হয়েছে আমি সেটা সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। স্যার, আপনি জানেন যে পশ্চিমবাংলার ব্যাপক মানুষ কৃষির সঙ্গে যুক্ত এবং কৃষির পরে বেশিরভাগ মানুষ এই বিড়ি শিল্পের সঙ্গে যুক্ত। আমাদের মুর্শিদাবাদ জেলায় প্রায় ৮ লক্ষ মানুষ এই শিল্পের সঙ্গে যুক্ত। আজকে বিড়ি শিল্পের উপরে যে আঘাত নেমেছে এটা অত্যন্ত উদ্বেগের বিষয়। কেন্দ্রীয় সরকার যে সমস্ত সিগারেট কারখানাগুলো আছে সেগুলোতে মিনি সিগারেট কারখানা করার অনুমতি দিয়েছেন। এই অনুমোদন দেওয়ার ফলে বিড়ি শিল্পের ক্ষেত্রে একটা বিরাট প্রতিযোগিতা এসে দাঁড়িয়েছে। আজকে কেন্দ্রীয় সরকারের মাৎসন্যায় নীতির ফলে এই শিল্প ধ্বংস হতে বসেছে। এই শিল্পের শ্রমিকরা এক অবর্ণনীয় দুঃখকষ্টের মধ্যে পড়েছে। প্রায় দশ কোটি বিড়ি উৎপাদন হয় এবং আমাদের জেলার থেকে এই বিড়ির থেকে কেন্দ্রীয় সরকার একসাইস ডিউটি নিয়ে যাচ্ছেন অথচ বিড়ি শ্রমিকদের রক্ষা করার ক্ষেত্রে কোনও প্রয়োজনীয় ব্যবস্থা কেন্দ্রীয় সরকার নিচ্ছেন না। তাদের নানরকম মজুরি দেওয়ার ক্ষেত্রেও কোনও উদ্যোগ দেখছি না। একটা সেডের তলায় বিড়ি শিল্প হওয়ার কথা কিন্তু সেখানে এই শিল্প গ্রামে গ্রামে ছড়িয়ে যাচ্ছে মুন্সির মাধ্যমে বা কনট্রাকটরদের মাধ্যমে। আজকে গ্রামে গঞ্জে মহিলারা এবং শিশু শ্রমিকরা অমানুষিক পরিশ্রম করে বিড়ি বাঁধে। সেখানে এক হাজার বিড়ি বাঁধার পরিবর্তে তাদেরকে দিয়ে ১০৫০ এবং ১১০০ পর্যন্ত বিড়ি বাঁধিয়ে নেওয়া হয়, অথচ তাদের মজুরি দেওয়া হচ্ছে মাত্র ১৮ টাকা, ১৯ টাকা, ২০ টাকা। সুতরাং স্বাভাবিকভাবেই একটা ভয়ঙ্কর অবস্থার মধ্যে এই বিড়ি শিল্প চলছে।

[1-20—1-30 P.M]

উপরন্তু আপনি নিশ্চয় জানেন, শিল্পের মধ্যে যে প্রতিযোগিতা শুরু হয়েছে, বিড়ি শিল্পের মালিকরা অনেক ক্ষেত্রে শ্রমিকদের ছাঁটাই করে, বিড়ি শিল্পে বিড়ি উৎপাদনে তার যন্ত্র ব্যবহার শুরু করেছেন, স্বাভাবিক ভাবে শ্রমিক বেকার হতে শুরু করেছেন। এই যদি চলতে থাকে তাহলে একটা বিশাল আঘাত এই বিড়ি শ্রমিকদের উপর নেমে আসবে সেইজন্য আমি আপনার মাধ্যমে দাবি করবো, অবিলম্বে কেন্দ্রীয় সরকার এই সমস্যার সমাধান কল্পে তারা চিন্তা করুক। কেন্দ্রীয় সরকার তারা অনুমতি দেয়েছে মিনি সিগারেট এর জন সেটা বাতিল করার আবেদন জানাচ্ছি। বিড়ি শ্রমিকদের পি.এফ. এর যে নূন্যতম ব্যবস্থ থাকা উচিত, সেই শিল্প শ্রমিকদের জন্য, বিড়ি শ্রমিকদের জন্য সেটা হচ্ছে না। এই শিল্পে নিযুক্ত শ্রমিকরা বিভিন্ন রকম দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়। বিশেষ করে যক্ষারোগে

আক্রান্ত হয়। এই যক্ষা রোগের হাত থেকে বাঁচার জন্য কোনও হাসপাতাল বা চিকিৎসা কেন্দ্রের ব্যবস্থা হচ্ছে না। আমাদের ডোমজুড়ে আপনার মাধ্যমে আবেদন করবো, এই ব্যাপারে একটা সুষ্ঠ ব্যবস্থা করার জন্য। এই যে লক্ষ লক্ষ বিড়ি শ্রমিক যারা বিড়ি বাঁধে এবং বিড়ি বেঁধে জীবিকা নির্বাহ করছে এদের কোনও পরিচয়পত্র নেই। এই পরিচয়পত্র না থাকার ফলে যে সমস্ত সুযোগ সুবিধা তাদের পাওয়া উচিত সরকারের থেকে মালিক পক্ষের থেকে তারা বঞ্চিত হচ্ছে। তাদের মৃত্যুকালীন যে সুযোগ সুবিধা সরকার থেকে দেওয়া আছে, সেটা থেকে তারা বঞ্চিত হচ্ছে। এই বিড়ি শ্রমিকরা বিভিন্নভাবে মালিকদের থেকে বঞ্চিত হচ্ছে। এই ব্যাপারে সুষ্ঠ সমাধানের জন্য রাজ্যসরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করছি। মালিক পক্ষের হাত থেকে বিড়ি শ্রমিকদের বাঁচানোর জন্য, শ্রমিকদের দিয়ে একটা কো-অপারেটিভ গড়ে তোলা উচিত। এই কো-অপারেটিভ এর মাধ্যমে পাতা, মশলা দেওয়া, বিড়ি বাঁধা, তার সঙ্গে অন্তর্গত যে সমস্ত কাজগুলি আছে, সেইগুলি যদি করা হয়, তাহলে একদিকে বিড়ি শিল্প রক্ষা করা যাবে, অপরদিকে তেমনিভাবে শিল্পে নিযুক্ত শ্রমিকদের রক্ষা করা যাবে। এই বিষয়গুলির প্রতি আমি রাজ্য সরকারের মাধ্যমে, কেন্দ্রীয় সরকারের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমি আশা করবো, এই বিড়ি শিল্পে নিযুক্ত শ্রমিকদেরকে বাঁচিয়ে রাখার জন্য উপযুক্ত ব্যবস্থা নিশ্চয় কেন্দ্রীয় সরকার গ্রহণ করবেন, এই আশা রেখে সরকারের দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আকবর আলি খন্দেকার ঃ** মাননীয় ডেপুটি স্পিকর স্যার, আজকে ১৮৫ নম্বর ধারায় বিড়ি শ্রমিকদের নিয়ে যে মোশন এসেছে, সেই মোশনের সম্বন্ধে আমি কিছু কথা বলতে চাই। আজকে আমি দেখলাম, এখানে একটা জিনিস লেখা আছে, যেহেতু প্রাক্তন কেন্দ্রীয় সরকার বিড়িপাতা ও বিড়ির মশালার উপর এক্সাসাইজ ডিউটি বৃদ্ধি করায় বিড়ির উৎপাদন কমতে শুরু করেছে এবং ফলস্বরূপ এই শিল্পের সংকট বৃদ্ধি পেয়েছে, আমি এই দাবির পরিপেক্ষিতে মাননীয় মন্ত্রীর কাছে কয়েকটি প্রশ্ন রাখতে চাই, সেটা হচ্ছে, বিড়ি শ্রমিকদের জন্য বলা হয়েছে একটা লাইনে, যেহেতু পশ্চিমবাংলাসহ সারা দেশে প্রায় ৮০ লক্ষ বিড়ি শ্রমিক পরিবার আছেন। এই আশি লক্ষ পরিবারের দুকোটি পঞ্চাশ লক্ষ মানুষ এই শিল্পের সঙ্গে সরাসরিভাবে জড়িত। এবারের বাজেটে বিড়ি শ্রমিকদের সম্বন্ধে বলা হয়েছে। কিন্তু আমাদের পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার যারা শ্রমিক দরদী চোখের জল ফেলতে ফেলতে যাদের চোখের কোণে ঘা হয়ে গেছে, তাদের বোরোলিন লাগাবার প্রয়োজন আছে। সেই বিড়ি শ্রমিকদের জন্য তারা একটাও হাসপাতাল তৈরি করল না। আমাদের দলের বিধায়ক বক্তব্য রাখার সময় বলেছেন, এই বিড়ি শ্রমিকদের জন্য রাজ্য সরকারের আদৌ কোনও দুঃখ নেই, তাদের হাসপাতালের জন্য একটা জায়গা দেননি। দীর্ঘ সাত, আট বছর টালবাহানা করে সেখানে একটা হাসপাতাল হতে চলেছে, জানিনা আগামী দিনে সেটা চালু হবে কিনা। মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুরে বিড়ির তামাক থেকে শুল্ক আদায় করে। কিন্তু সেই এলাকার মানুষের উন্নয়ন হবেনা। আজকে কেন্দ্রে আপনাদের বন্ধু সরকার এসেছে, গরিব মানুষগুলো যারা ছোট ছোট বিড়ি শিল্পের সঙ্গে যুক্ত তাদের জন্য আমরা বিধানসভা থেকে এক সাথে কেন্দ্রীয় সরকারের কাছে যাই এবং রাজ্য সরকারকেও বলি এই বিড়ি শ্রমিকদের বাঁচিয়ে রাখতে হবে। আজকে বিড়ি কোম্পানির মালিকদের নিয়ে একটা ফেডারেশন

তৈরি করা দরকার, তার সঙ্গে সঙ্গে বিড়ি কোম্পানির যারা কর্মচারী তাদের আইডেন্টিটিকার্ডের প্রয়োজন আছে। মাঝখানে যে কোম্পানির যে কর্মচারিরা বিড়ি তৈরি করে, তাদের মধ্যে ফোড়েরা আসছে। সে কোনও কোম্পানিতে কাজ করছে তার জন্য আইডেন্টি কার্ডের প্রয়োজন আছে। তাছাড়া অন্যান্য কোম্পানির কর্মচারিরা যে সমস্ত বেনিফিট পায়, বিড়ি কোম্পানির শ্রমিকরা সেই রকম সুবিধা যাতে পায় সেটা দেখতে হবে। সেটা করতে গেলে মালিক ও শ্রমিক শ্রেণীদের নিয়ে একটা ফেডারেশান তৈরি করা দরকার। আজকে আমরা দেখতে পাচ্ছি মা, ছেলে, মেয়ে পরিবারের সবাই বিড়ি তৈরি করে এবং ঐ বিড়ির মশলা থেকে একটা রোগ হয়। ঐ এলাকার বড় হাসপাতালে যাতে তারা দেখাতে পারে তার জন্য ব্যবস্থা করতে হবে। আরও কয়েকটি কথা আমি বলতে চাই, আজকে শুধু মুর্শিদাবাদ জেলা নয়, হুগলি জেলাতেও কিছু কিছু বিড়ি কারখানা তৈরি হয়েছে। সারা পশ্চিমবাংলার বিভিন্ন জেলাতে লক্ষ লক্ষ বিড়ি কারখানা তৈরি হয়েছে। তাই আমার সুস্পষ্ট মতামত এই বিড়ি শ্রমিকদের সম্বন্ধে আমাদের এই হাউস থেকে একটা প্রস্তাব নেওয়া উচিত। আজকে বিড়ি শ্রমিকরা এক এক জেলায় এক এক রকম দর পাচ্ছে। আজকে মুর্শিদাবাদ জেলায় ১০০০ বিড়ির জন্য বিড়ি শ্রমিক ২৪ টাকা করে মজুরি পায়, ওটা যাতে ৩৬ টাকা করা যায় তার দিকে আমাদের নজর দিতে হবে। ঐ পরিবারের ছেলে-মেয়েদের স্কুল-কলেজে পড়ার জন্য স্কুল, কলেজ তৈরি করতে হবে।

[1-30—1-40 P.M]

গরিব শ্রমিকরা যাতে বিনা পয়সায় ডিগ্রি স্তর অবধি পড়াশোনা করতে পারে তার ব্যবস্থা করতে হবে। সেই সঙ্গে সঙ্গে শ্রমিকদের জন্য হাসপাতাল তৈরি করতে হবে। শুধু কেন্দ্রীয় সরকারের দোষারোপ করে, শ্রমিকদের উন্নয়নের কথা মুখে বলে আপনারা শ্রমিক সমাজকে বিভ্রান্ত করছেন। এই সভার কাছে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের কাছে অনুরোধ করছি বিড়ি শিল্পের শ্রমিকদের বাঁচিয়ে রাখার সুব্যবস্থা করা হোক। ধন্যবাদ।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সর্বদলীয় ভাবে, খুবই সঙ্গত ভাবে যে বিষয়টা নিয়ে আমরা সবাই আলোচনায় অংশগ্রহণ করেছি, সেই বিষয়ের প্রতি সকলের মনোনিবেশ হয় না। কারণ বিষয়টা হচ্ছে বিড়ি এবং এই বিড়ি উচ্চরণের সাথে সাথে সবাই যেন নিস্প্রাণ হয়ে যায় এবং সকলে মনে করে এটা আলোচনার বিষয় হতে পারে না। আমাদের রাজ্যের বিড়ি শ্রমিকরা সবচেয়ে নিম্ন আয়ের মানুষ। আমাদের সরকারের একটা নিয়ম আছে যে প্রত্যেক মজুর তাঁর ন্যূনতম মজুরি পাবেন, কিন্তু এই বিড়ি শ্রমিকরা তারা সেটুকুও পান না বিড়ি শ্রমিক এবং রিকশা শ্রমিকদের মধ্যে প্রায় শতকরা ৬০ থেকে ৮০ ভাগ রোগে আক্রান্ত হয়ে পড়েন। যিনি রিকশা শ্রমিক তিনি একা আক্রান্ত হন, কিন্তু যাঁরা বিড়ি শ্রমিক তাঁদের পরিবারের সকলেই রোগে আক্রান্ত হন। রোগের আক্রমণের পর তাঁদের চিকিৎসা কোথা থেকে, কিভাবে হবে তার কোনও সুব্যবস্থা নেই। তাঁদের নুন্যতম মজুরির সংস্থান নেই। সুতরাং আজকে সভায়, খুবই সঙ্গত ভাবে প্রস্তাব এনেছেন যে অসংগঠিত শ্রমিকদের সম্পর্কে আমরা এতই উদাসীন যে তারা আস্তে আস্তে লোপ পাচ্ছেন। একটা সময়ে যখন একজন মানুষের হাতে কোনও কাজ থাকে না, যখন তিনি বিপন্ন হয়ে পড়েন তখন তিনি বিড়ি পাতা কে নিজের আয়ত্বে এনে বিড়ি পাকানো শিখে ফেলেন। এটা এমন

কিছু শ্রমসাধ্য কাজ নয়। যারা সারা জীবন নিজের দৈহিক শ্রম দিয়ে কাজ করে এখন আর শ্রম বিনিময় করতে পারেন না তাঁরাই বাধ্য হয়ে বিড়ি শিল্পে শ্রম দান করেন। এরকম শ্রমিকের সংখ্যা সারা দেশে প্রায় ৩ কোটির মতো এবং এই রাজ্যে কয়েক লক্ষাধিক। সুতরাং এইসব মানুষের জীবন জীবিকা একেবারে ধোঁয়ার মতো উবে যাবে এটা ঠিক নয়। বিড়ি পাতার মশলা যাঁরা দেন তাঁরা সবাই যে বড় মালিক তাও নন। গ্রামাঞ্চলে যাঁরা বিড়ির মশলা যোগান দেন তাঁরা ছোট দোকানের মালিক। কিন্তু অসংগঠিত শ্রমিক বলে এঁদের জন্য কেউ কিছু করেন না। কেন্দ্রীয় সরকার যে ভাবে এই পাতা এবং মশলার উপর ট্যাক্স বাড়িয়েছে, এক্সসাইজ ডিউটি বাড়িয়েছে, তাতে এই শিল্পটা একেবারে মরে যাচ্ছে। এই শিল্পটাকে বাঁচিয়ে রাখতে হবে। একজন কৃষক কৃষিকাজের সাথে সাথে একটা বিড়ি তৈরি করতে পারে। সবশেষে এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী গোপালকৃষ্ণ দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে যে মোশনটা আনা হয়েছে, এই মোশনকে নীতিগত ভাবে সমর্থন করে আমি আপনার মাধ্যমে গুটিকয়েক প্রশ্ন তুলে ধরতে চাই। এটা ঠিক যে, মুর্শিদাবাদ বিড়ি শিল্পের ক্ষেত্রে একটা অগ্রণী ভূমিকা গ্রহণ করেছে। ধুলিয়ান, ঔরঙ্গাবাদের অবহেলিত মানুষ তাদের জীবন-জীবীকার কারণে দুরারোগ্য ব্যাধি বুকে ধরে নিয়েও বিড়ি তৈরি করে তাদের জীবীকা হিসাবে, উপার্জনের পথ হিসাবে বেছে নিয়েছে। পুরুলিয়ায় ঝালদায়, জয়পুর আরশায়,ওখানকার মানুষ অন্য জীবীকা না পেয়ে বিড়ি শ্রমিক হিসাবে কাজ করছেন। দক্ষিণ ২৪ পরগনার মগরাহাট, উত্তর ২৪ পরগনার বসিরহাট এবং সারা পশ্চিমবঙ্গের কোথাও কোথাও এবং দক্ষিণ কলকাতার কিয়দাংশেও বিড়ি শ্রমিক আছে। ভারতবর্ষে অন্যান্য রাজ্যের মধ্যে যদিও গুজরাটে বেশি বিড়ি উৎপাদিত হয়, কিন্তু এক্ষেত্রে পশ্চিমবঙ্গ একটা মৌলিক ভূমিকা গ্রহণ করে। অসংগঠিত শ্রমিকদের প্রতি অবহেলা চূড়ান্ত পর্যায়ে চলছে। যদিও এক সময় আমরা শুনতাম এই পশ্চিমবঙ্গে- মেঘনা বিড়ি, মুর্শিদাবাদের পতাকা বিড়ি। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ভারতবর্ষের বিড়ি ইন্ডাস্ট্রিগুলির মধ্যে পতাকা বিড়ি বোধ হয় দ্বিতীয় স্থান অধিকার করেছে। কিন্তু একটা মেঘনা বিড়ি বা একটা পতাকা বিড়ি কারখানা দেখিয়ে সমস্ত বিড়ি শ্রমিকের সুযোগ-সুবিধা, চিকিৎসা, তাদের ছেলেমেয়ের লেখাপড়া, ইত্যাদির, কথা ভাবলে যুক্তি সঙ্গত হবে না। বেশিরভাগ ক্ষেত্রেই দেখা যায়, অসংগঠিত শ্রমিকরা কোনও একটা প্রতিষ্ঠানের মাধ্যমে বিড়ির পাতা, মশলা পান না, এদের মাঝখানে একজন লোক থাকছে। এই মধ্যপন্থি মাফিয়াদের কাছ থেকে এই বিড়ি শ্রমিকরা প্রকৃত পক্ষে শোষিত হয়। স্বভাবতই, এই কারণে পশ্চিমবঙ্গে কংগ্রেস সরকার, সিদ্ধার্থ বাবুর আমলে এই বিড়ি শ্রমিকদের কল্যাণে মুর্শিদাবাদে একটা চেস্ট ক্লিনিক করেছিলেন। কিন্তু গত ১৯ বছরে কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা বহু ক্ষেত্রেই বাস্তবায়িত হয় নি, ব্যর্থতা হয়েছে চূড়ান্ত পর্যায়ে। পশ্চিমবঙ্গ সরকার, এই যে বিড়ি শ্রমিকরা আজ দুরারোগ্য ব্যধি বুকে নিয়ে দিন গুজরান করছেন, তাদের জন্য পুরুলিয়ায়, দক্ষিণ ২৪ পরগনা উত্তর ২৪ পরগনায় অন্তত একটা চেস্ট-ক্লিনিক তৈরি করতে পারতেন। তারা তো বলেন, তারা

মেহনতি মানুষের বন্ধু- তাদের জন্য এই উদ্যোগ গ্রহণ করতে পারেন না? ধুলিয়ানে একটা টি.বি. হাসপাতাল করার পরিকল্পনা ছিল-মাননীয় সোহরাব সাহেব ইতিপুর্বে যার অংশ বিশেষ উল্লেখ করেছেন-কিন্তু আজ পর্যন্ত বিড়ি শ্রমিকদের কল্যাণের জন্য, চিকিৎসার জন্য সেই হাসপাতালটি করা হয় নি। এই শিল্পের ক্ষেত্রে এমপ্লয়ি-এমপ্লয়ার সম্পর্ক ঠিক ঠাক না থাকার ফলে বিড়ি শিল্পের সঙ্গে যুক্ত শ্রমিকরা প্রভিডেন্ট ফান্ড, ইত্যাদির সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে।

[1-40—1-50 P.M]

আজকে ওদের চিকিৎসার ব্যবস্থা নেই। মজুরির কথা বলছেন? যেখানে ৩৬ থেকে ৪০ টাকা বিড়ি শ্রমিকদের পাওয়া উচিত সেখানে তারা পাচ্ছে ২২ থেকে ২৪ টাকা। এই ভাবে তারা অবহেলার স্বীকার হচ্ছে। সবচেয়ে দুর্ভাগ্যের বিষয় যেটা, আমরা অনেক সময়ই শুনে থাকি যে, নারী-পুরুষ নাকি সমান-সমান। পুরুষ বিড়ি শ্রমিকরা যে মজুরি পায়, মহিলা বিড়ি শ্রমিকরা তা পান না। আমি নিজেও সেই সব শ্রমিকদের সংগঠিত করে আন্দোলন করতে গিয়ে বাস্তবে এটা উপলব্ধি করেছি। কেন এই বৈষম্য? এর জন্য কি রাজ্য, কি কেন্দ্র থেকে ব্যবস্থা গ্রহণ করা দরকার। এই কথা বলে, স্বল্প সময়ের এই বক্তৃতার মাধ্যমে এই মোশনকে নীতিগত ভাবে সমর্থন করে আমাদের বক্তব্য শেষ করছি।

**শ্রী নিশিকান্ত মেহতা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিধানসভায় বিড়ি শ্রমিকদের সম্পর্কে যে সর্বদলীয় প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে সমর্থন করে আমি দু-একটা কথা বলব। এই শিল্প পশ্চিমবাংলার পুরুলিয়া এবং বাঁকুড়াতেও আছে। কিন্তু অন্যান্য শিল্পের শ্রমিকদের থেকে এই শিল্পের শ্রমিকদের অবস্থাটা একটু আলাদা ভাবে চিন্তা করা দরকার। এই বিড়ি শিল্পে মেয়ে-পুরুষ-বাচ্ছা, সকলেই যুক্ত। কিন্তু তারা লভ্যাংশের খুব কম অংশই পায়। ফরেস্ট ডিপার্টমেন্ট থেকে কেন্দু-পাতা এই শিল্পের মালিকরা কিনে নেয় এবং সেখান থেকে মিডল-ম্যানরা সেই পাতা কেনে। তারপর আবার কমিশনের সিস্টেম আছে। সেটা তাদের দেওয়া হয়। সেই পাতা নিয়ে আসার পর সেই পাতাকে আবার ছাঁটাই করা হয়। কিন্তু এত কাজ করার পরও শ্রমিকরা বঞ্চিত হচ্ছে। আর এই সুযোগ নিচ্ছে মিডল-ম্যানরা। শ্রমিকদের আবার প্রভিডেন্ট ফান্ড সিস্টেম আছে। কিন্তু সব ক্ষেত্রে প্রয়োগ করা হয় না। ঐ কাজ করতে করতে কোনও শ্রমিকের টি.বি. হলে তার জন্য কোনও ব্যবস্থা করা হয় না। এই শ্রমিকদের হাসপাতালে নিয়ে যাওয়া বা চিকিৎসার কোনও সাহায্য দেওয়া হয় না। স্যার, আমি বিড়ি শিল্পকে সমবায় ভিত্তিতে করার জন্য প্রস্তাব দিচ্ছি। তাহলে এই শিল্পকে বাঁচানোরও সম্ভব হবে। এই জিনিস বাঁকুড়া, পুরুলিয়াতে আছে এবং ভালো ভাবেই চলছে। এই বলে আমি এই মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিড়ি শ্রমিকদের প্রতি উদ্বেগ জানিয়ে যে প্রস্তাব এখানে সর্বদলীয় ভাবে আনা হয়েছে আমি তার জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং এসম্বন্ধে দু-চারটে কথা বলছি। আজকে যে আলোচনা হল তাতে এটা পরিস্কার যে, বিড়ি শ্রমিকদের সম্পর্কে অবহেলা বা তাদের সম্বন্ধে যে আইন-কানুন বা ডুয়েল কন্ট্রোল সেটা আমরা সকলে ভালো-ভাবে জানি না বা আমাদের

কাছে পরিস্কার নয়। এবিষয়ে ব্যবস্থারও অভাব আছে। আমি দু-দিন আগে, বসিরহাটের স্বরূপনগরে বিড়ি শ্রমিক এবং অন্যান্য শ্রমিকদের সভায় গিয়েছিলাম। তাতে আমি শুনলাম যে, ঐ শিল্পে মুন্সি ব্যবস্থা আছে, এটা হচ্ছে আইন, সেন্ট্রাল অ্যাক্ট। টোবাকো এবং বিড়ির ব্যাপারে মুন্সির মাধ্যমে পাতা এবং শুকনো মশলা দিতে হবে। এবং তাতে লেখা থাকছে, কাদের দেওয়া হল, কত দেওয়া হল, কত বিড়ি তৈরি করেছে এবং তার মূল্য কত। এতো হাজার বিড়ি পর্যন্ত যে নেবে তাকে লাইসেন্স দেওয়া হবে, সে লাইসেন্স পাবে। লাইসেন্স যে পাবে এজেন্সি কমিশনও সে পাবে। এখানে মালিক একটা কায়দা করেন কোয়ানটিটি পর্যন্তও দেন না, লাইসেন্সও পায় না। সে তখন তাকে বলে লাইসেন্স পেলে তাকে একটা ফিজ দিতে হয়। তখন সে বলে তুমি একটু কম মজুরি দিয়ে বিড়ি সাপ্লাই করো। এটা আমি শুনেছিলাম, আমি আমার অফিসারকে নিয়ে গিয়েছিলাম। এই লাইসেন্স, সেস্ ইত্যাদি দেওয়ার ব্যাপারে আমাদের কন্ট্রোল নেই। আসলে এদের ওয়েলফেয়ার যেমন চিকিৎসা, শিক্ষা, বাসস্থান, হাসপাতাল ইত্যাদি সব কিছুই সেস্ থেকে আসে, আর এই সেস্ আদায় করে এবং কন্ট্রোল করে সেন্ট্রল গভর্নমেন্ট। গোলমালটা হচ্ছে আইনে। আমরা অনেকে মিলে চিত্তবাবুর কঙ্গে সাংমার সাথে দেখা করতে গিয়েছিলাম, ভুবনেশ্বরে ইস্টার্ন জোনের একটা মিটিং হয়েছিল, রেজোলিউশন নিয়ে ছিলেন উন্নতি করার জন্য কিন্তু সেগুলি হয় নি। সেস্টা সেভাবে কন্ট্রোল করে কমানো হয় নি। যে ৪৫ পারসেন্ট মার্কস্ পায় সে স্কলার-শিপ্ পায়, কিন্তু বিড়ি ওয়ার্করদের ছেলেমেয়েদের সে রকম কোনও প্রাইভেট টিউটর রাখার ক্ষমতা নেই, তাই তাদের পক্ষে সম্ভব হয় না। আমি বলেছিলাম আপনি এই স্ট্যান্ডার্ডকে একটু নামান, তাহলেই অনেকে পেতে পারে। এরা সমাজের আর্থিক দিক থেকে নিচু স্তরের মানুষ, তাদের পক্ষে এটা সম্ভব হয় না, এই হচ্ছে অবস্থা। হাসপাতালে গোলমাল হলো সাইট সিলেক্শন নিয়ে এটা ঠিক নয়। সাইট কেষ্টদা দিয়েছিলেন। আমি এসে দেখলাম সিলেকটেড জায়গায় হচ্ছে না, একটা অন্য সাইটে হচ্ছে। আমি তখন বলেছিলাম এটা করবেন না। হঠাৎ শুনলাম ওই সাইটে হাসপাতাল করবেন, এমনকি আমি নাম বলবো না তখনকার যিনি ওয়েলফেয়ার কমিশনার ছিলেন তিনি বলেছিলেন এটা যাতে না হয় ইত্যাদি ইত্যাদি। ওই সাইটটা সুটেবেল্ নয়, কিন্তু সেখানেই করা হলো। সি.পি.ডব্লু. ডি. এটা নিয়েছে। আমরা শুনেছি কাজ আরম্ভ হয়েছে কিন্তু আমি জানতে পারি নি। অন্য দিকে আমি বার বার চেষ্টা করেছিলাম আমাদের রাজেন্দ্রলাল ষ্ট্রিটে কতগুলি হাসপাতাল আছে বেসরকারি ও আধাসরকারি। তারমধ্যে একটাকে নিয়ে কলকাতায় কোনও স্পেশাল হাসপাতাল করা যায় কি না ভাবছি। কারণ বিড়ি শ্রমিকদের টি.বি. রোগ বেশি হয়, ফিজিক্যাল ডিজিজ বেশি হয়, তাদের অর্থোপেডিক ডিজিজ হয়, স্পাইনাল কর্ডের ব্যারাম হয়। ওয়েল ফেয়ার যে সমস্ত অ্যাকটিভিটিজ আছে সেগুলি কন্ট্রোল করে ওয়েলফেয়ার কমিশনার, তার অফিস উড়িষ্যাতে, কিন্তু আসাম, ত্রিপুরা কলিকাতাতেও তাঁকে দেখতে হয়, তিনি এসব জায়গায় ঘোরেন। আমি বলেছিলাম ওটা ওয়েস্টবেঙ্গল করতে লেট হিম কনস্টিটিউট হিজ অফিস ইন ওয়েস্ট বেঙ্গল। আজকে এই মোশন আলোচানার জন্য তাঁকে ডেকেছিলাম, কিন্তু একজন পিওন এসে জবাব দিল সাহেব নেই, ত্রিপুরায় গেছেন।

1-50—2-00 P.M]

আমি সব কটা হাসপাতালেই ঘুরে দেখেছি। একটা হাসপাতালে গিয়ে শুনলাম ৭/৮ দিন ধরে ডাক্তার আসছে না। যে চেষ্ট ক্লিনিকটার কথা বলা হল সেটাতেও আমি গিয়েছিলাম। সেটা আগে স্টেট গভর্নমেন্টের ছিল, এখন ওদের দিয়ে দেওয়া হয়েছে। সেখানে গিয়ে শুনলাম-দরজার কাছে একটা ডেড বডি পড়ে আছে। সেখানে একজন মহিলা ডাক্তার ছিলেন। আমি তাঁর কাছে যেতেই তিনি কাঁদতে আরম্ভ করলেন। তিনি আমাকে বললেন, 'দেখুন, এখানে গার্ড নেই, কিছু নেই।' দেখলাম সেটা একটা যাচ্ছেতাই জায়গা। এগুলো রিপিয়ার করা দরকার। আর এক জায়গায় গিয়ে শুনলাম ডাক্তারের বাড়ি নাগাল্যান্ডে- তিনি একবার নাগাল্যান্ডে যান তো, কবে ফিরবেন তার কোনও ঠিক থাকে না। এদের রিক্রুটমেন্ট, পোস্টিং, কন্ট্রোল ইত্যাদির ক্ষেত্রে আমাদের স্টেট গভর্নমেন্টের কোন অধিকার নেই। ওঁরা সব করেন। সাংমা যখন মন্ত্রী ছিলেন তখন আমি ওঁকে এসব বলেছিলাম, আপনি মালিকদের সঙ্গে ট্রেড ইউনিয়নগুলির সঙ্গে, স্টেট লেভেল অ্যাডভাইসরি কমিটির সঙ্গে কথাবার্তা বলুন। তবে মজা হচ্ছে, স্টেট লেভেল অ্যাডভাইসারি কমিটিতে সমস্ত পার্টির ট্রেড ইউনিয়নরা আছেন, মালিকরা আছেন, কিন্তু যখন মিটিং ডাকা হয় তখন মালিকরা আসেন না। এটাই হচ্ছে অবস্থা। বিড়ি শ্রমিকদের জন্য যে মজুরি ফিক্স করা হয়েছে তা হচ্ছে কলকাতায় ৫৪ টাকা পার ১০০০; হুগলি হাওড়ায় ৪৭টাকা ৪০ পয়সা এবং অন্যান্য জায়গায় ৪৪ টাকা ৮০ পয়সা। পুরুলিয়ায় লোকেসন অনুযায়ী আরো কম। এই মজুরি কলকাতা ছাড়া বেশিরভাগ জায়গায় শ্রমিকরা পায়না-ওয়ার্কার্সরা সেটেলমেন্ট করতে বাধ্য হয়। তানাহলে এক জায়গার কাজ অন্য জায়গায় চলে যাবে। আর আজকে মিনি-সিগারেট বিড়ির সর্বনাশ করছে। আর একটা সাদা বিড়ি-সিগারেটের কাগজে বিড়ির মশলা ঢুকিয়ে তৈরি করা হচ্ছে, তাও বাজারে এসে গেছে। এর জন্য কিছু মেশিন এসেগেছে, সাদা বিড়ি তৈরি হচ্ছে। শুনেছি দু-একটা জায়গায় সাদা বিড়িতে বিড়ির মশলার সঙ্গে পাউডার মেশানো হচ্ছে। কারণ সেটা কিছু মানুষের কাছে নাকি খুব পপুলার। এই সব জিনিস হচ্ছে। বিগত কয়েক বছর ধরে এই ভাবে বিড়ির ওপর হামলা শুরু হয়েছে। অতীতেও এরকম হামলা হয়েছিল এবং তখন ট্রেড ইউনিয়নগুলি এবং গভর্নমেন্ট চেষ্টা করে সে হামলা রুখেছিল। আবার এটা শুরু হয়ে গেছে। এখন এখানে অসুবিধা যেটা, সেটা হচ্ছে কো-অপারেটিভ এবং প্রভিডেন্ট ফান্ডের অসুবিধা। অ্যাজ এ হোল কো-অপারেটিভ হিসাবে এক্সজেমশনের ব্যবস্থা আছে। ফলে অনেক বড় বড় কো-অপারেটিভ বেরিয়ে যাচ্ছে, আমাদের কন্ট্রোলে থাকছেনা ওঁদের অ্যাক্ট অনুযায়ী। বেশ কিছু ছোট কো-অপারেটিভ বাঁকুড়া এবং অন্যান্য জায়গায় হয়েছে-শুধু বিড়ি নয়, তেলকল এবং অন্যান্য ব্যাপারেও হয়েছে। স্মল সেক্টর কো-অপারেটিভগুলোকে কনসিডার করতে হবে, এই রেকোমেন্ডেশন আমরা করেছি। ইতিমধ্যে অনেকগুলো কো-অপারেটিভ এর বিরুদ্ধে মামলাও হয়েছে। এখন আবার কেন্দ্রে যিনি নতুন মন্ত্রী হয়েছেন তাঁকে এসব লিখতে হবে। অ্যাডভাইসারি কমিটিতে ট্রেড ইউনিয়নের সঙ্গে সঙ্গে বিভিন্ন এলাকাতে এম.এল.এ.-রাও যদি আসেন তাহলে আমরা খুশি হব তাঁদেরও দরকার আছে। আইডেনন্টিটি কার্ডের ব্যাপারে আমি মুর্শিদাবাদের ফরাক্কা থেকে শুরু করে সর্বত্র অফিসারদের পাঠিয়ে খোঁজ নিয়েছিলাম। আইনে বলা আছে হেড অফ্ দি ফ্যামিলির নামে আইডেনটিটি কার্ড দেওয়া হবে, ফ্যামিলির অন্য যারা বিড়ি শ্রমিক হিসাবে কাজে নিযুক্ত আছেন তাঁরা কোনও আইডেনটিটি কার্ড পাবেন না। আমরা ইতিমধ্যে

৫০ পারসেন্টের বেশি আইডেনটিটি কার্ড করেছি এবং ৬০-৭০ পারসেন্ট ওয়েস্ট বেঙ্গল লেবার ডিপার্টমেন্ট থেকেই করেছে। এটা করার ক্ষেত্রে আমি সাংমাকে রাজি করিয়েছিলাম।এটা ওয়েলফেয়ার কমিশনার কখনো লেখেনি। এটাতেও একটা ল্যাকুনা আছে। আইডেনটিটি কার্ড বিড়ি ওয়ার্কসকে আইডেনটিফাই করবে। সেই মালিকরা তা করে না। আমি বলেছিলাম পঞ্চায়েতের হাতে ছেড়ে দাও, মিউনিসিপ্যালিটির হাতে ছেড়ে দাও। অরগ্যানাইসড রেজিস্টার্ড ট্রেড ইউনিয়ন যেগুলি আছে তারা বিড়ি শ্রমিকদের লিস্ট দেবে, সেই লিস্ট ভেরিফাই হবে এবং ওয়েলফেয়ার কমিশনার ওয়ার্কারদের যে লিষ্ট ভেরীফাই হয়ে আসবে তার উপর আইডেনটিটি কার্ড দেবে, তা না হলে হবে না। এই হচ্ছে আইডেনটিটি কার্ড। আইডেনটিটি কার্ড না হলে হাউসিং পাবে না, জমি বা বাড়ির জন্য টাকা পাবে না। বিড়ি শ্রমিকদের নিজেদের জমি আছে কিনা দেখতে হবে-এটা অসম্ভব ব্যাপার, পারে না। ভেসটেড ল্যান্ড সব জায়গায় পাওয়া যাবে না। যাদের যে রকম বিড়ি শ্রমিক, যাদের যে রকম ঘরবাড়ি আছে, তারা যদি রিপেয়ার করতে চায়, বা এক্সটেনশন করতে চায়, তাদের জন্য টাকা দাও, এত রেসট্রিকশন্স রাখা উচিত নয়। এই রকম বিভিন্ন প্রবলেমস আছে। সবচেয়ে মুসকিল হচ্ছে, ওন ইওর ওন হাউস। আমি হাডকোর সঙ্গে কথা বলেছিলাম। হাডকোর স্কীম আলাদা। তারা যেভাবে টাকা দেবে ওয়েলফেয়ার কমিশনের ওদের দপ্তর সেইভাবে টাকা দিতে পারবে না, অত টাকা দেবেও না। এটাই হচ্ছে মুশকিল। ধরুন, জলঙ্গী ইত্যাদি এলাকায় জমি নেই, সব ভেসে গেছে। এখন তাদের জমি কিনে দিতে হবে বা খুঁজতে হবে। সুতরাং ইউসলেস কথা বলে লাভ নেই। এটা ঠিকই- আমাদের সংগঠিত ট্রেড-ইউনিয়নগুলো যে পার্টিরই হোক- এখানে বিড়ি এবং রিক্সাওয়ালাদের যেসব কথা বললেন-এইসব যে ওয়ার্কাররা আছে তাদের কথা বিশেষ ভাবে না, ওদের দিকে নজর দেওয়া হয় না। ওদের দিকে নজর দিতে হবে। আমি সর্বশেষে আর একটি কথা বলছি এবং আবেদন করছি, বাচ্ছা ছেলে-মেয়েরা বাড়িতে বাড়িতে এই বিড়ি শিল্পের সঙ্গে জড়িত, হ্যাজার্ডস ওয়ার্কের সঙ্গে জড়িত। এরফলে তাদের টি.বি. হচ্ছে। যে কারণে হচ্ছে ওদের যাতে সেই কাজ থেকে নিবৃত্ত করা যায় সেটা চেষ্টা করা হচ্ছে এবং এর সঙ্গে সঙ্গে ওদের শিক্ষা ব্যবস্থার যতটুকু স্কীম আছে তার সবটাই সরকার পারবে না-সে যে কোনও সরকারই হোক, পারবে না। এরজন্য বেসরকারিভাবে উদ্যোগ নিতে হবে। আমাদের যারা এম.এল.এ এবং অন্যান্য প্রতিনিধি যারা আছেন, ট্রেড-ইউনিয়ন, তারা যদি উদ্যোগ নেন এই ব্যাপারে তাহলে আরো ভালো হবে। এটাই আমার আবেদন। এখানে একজন সদস্য বললেন, মহিলারা কম পয়সা পান অথচ কাজ করেন বেশি। সুপ্রিম কোর্টের অ্যাওয়ার্ড তো ওরা দিচ্ছে না। এরা কার কার বিড়ি তৈরি করে সেটা জানা মুসকিল কারণ মুন্সি অনেক লোকের বিড়ি তৈরি করে আনে সুতরাং এইসবগুলি বসে আলোচনা করে দূর করার চেষ্টা করতে হবে। এটাই হচ্ছে হাই-টাইম এইসব দেখার ক্ষেত্রে। যাইহোক, যারা এই মোশন এনেছেন তাদের সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। মূল যে বক্তব্য সেই বক্তব্য যাতে কার্যকর হয় সেটা আমরা চেষ্টা করবো। এই সব বলে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** যা দেখছি তাতে এই সময়ের মধ্যে উত্তর দেওয়া শেষ হবে না। আমি সভার অনুমতি নিয়ে আরো ১০ মিনিট সময় বাড়িয়ে দিলাম। আশা করি, সকলের মতো আছে। ১০ মিনিট সময় বাড়ানো হল।

**শ্রী কামাখ্যানন্দন দাসমহাপাত্র ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, বিড়ি শিল্পে যেসব সর্বাত্মক সংকট যা নিয়ে সর্বদলীয় প্রস্তাব তাতে মাননীয় বিধায়করা খুবই গুরুত্বপূর্ণ আলোচনা করেছেন, অত্যন্ত যথার্থভাবে বিড়ি শিল্প শ্রমিকরা যে শোষনের শিকার হয়ে দাঁড়িয়েছে, তাদের ওয়েলফেয়ার সংক্রান্ত নানা অ্যাকটিভিটির যে ত্রুটি-বিচ্যুতি সেগুলির ব্যাপারে খুব গভীর উদ্বেগ প্রকাশ করেছেন এবং মাননীয় শ্রমমন্ত্রী সেই বিষয়ে তার বক্তব্য উপস্থাপিত করেছেন। মাননীয় বিধায়করা দেখবেন এবং মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়ও দেখবেন, আমাদের রেজলিউশনের মূল বক্তব্য, তার ডায়মেনশন অন্যদিকে ইঙ্গিত করা আছে। বিড়ি শিল্প শ্রমিকদের সংকট আছে, থাকবে। যতদিন এই শিল্প থাকবে যতদিন এই মালিকানা ব্যবস্থা থাকবে, ততদিন বিড়ি শিল্প শ্রমিকদের সংকট থাকবেই, এর হেরফের হতে পারে না। কিন্তু ভয়াবহ যে সংকটটা আসছে তাতে বিড়ি শিল্পটা উঠে যাবার মুখে এসে দাঁড়িয়েছে। এমন একটা আক্রমন আসছে তাতে বিড়ি শিল্প আগামীদিনে থাকবে, কি থাকবে না সেই প্রশ্নের সম্মুখীন ভারতবর্ষের কয়েক কোটি মানুষ যারা এই বিড়ি শিল্পের সঙ্গে যুক্ত শ্রমিক। তার আমি সংক্ষিপ্ত তথ্য আপনাদের সামনে তুলে ধরতে চাই। আপনি জেনে অবাক হবেন, পৃথিবীর একমাত্র দেশ যে দেশে মিনি সিগারেট তৈরি হচ্ছে এবং ইতিহাস খুব বেশি দিনের নয়, মাত্র ৪/৫ বছর ধরে এই মিনি সিগারেটের হামলা ভারতবর্ষে শুরু হয়েছে এবং তার সুত্রপাত হয়েছে ১৯৯১ সালে আমাদের দেশের যে অর্থনীতি কেন্দ্রীয় সরকার গ্রহণ করেন।

[2-00—3-00 P.M] (Including Adjournment)

সেই সুবাদে ৯১ সালের শেষ দিকে সিগারেট শিল্প, মাল্টি ন্যাশনাল কর্পোরেশন তারা এই দেশে মুলধন বিনিয়োগ করতে শুরু করে। তার পরবর্তী পর্যায়ে ইতিহাসের তথ্যটা আমাদের জেনে রাখা ভাল। ৯১ সালের পুরো সময়টা এবং ৯২ সালের প্রথম দিক পর্যন্ত প্রায় এক দেড় বছরের মধ্যে ঐ মাল্টি ন্যাশনাল সিগারেট কোম্পানিগুলো এবং ভারতবর্ষের অন্যান্য যে সিগারেট কোম্পানি, তারা সিগারেট বিক্রি বাড়ানোর চেষ্টা করেও এক পারসেন্টের বেশি তারা বিক্রি বাড়াতে পারেনি। স্বাভাবিক ভাবে ভারতবর্ষে ধুমপায়ীদের যে বাজার, সেই বিশাল বাজারের দিকে নজর রেখে তারা কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করতে শুরু করে। তারা বাড়াতে পারেনি এই কারণে যে ভারতবর্ষের ১০০ জন স্মোকারের মধ্যে ৮৫ জনই বিড়ি টানে। ১৫ জন সিগারেট খান। স্বাভাবিক ভাবে তৎকালীন কেন্দ্রীয় সরকারের উপর তারা দারুণ চাপ সৃষ্টি করতে আরম্ভ করে। টি.এম.পি., বিশ্বব্যাঙ্ক পর্দার অন্তরালে থেকে সেই রোল প্লে করতে শুরু করলো দুটো দাবি তারা উপস্থাপিত করলেন। এক নং দাবি মিনি সিগারেট তৈরি করার পার্মিশন দিতে হবে ভারতবর্ষে। এই সমস্ত মাল্টি ন্যাশন্যাল কোম্পানিগুলো এশিয়া, আফ্রিকা, ল্যাটিন আমেরিকার নানা দেশে সেই দেশের সরকারের কাছে পার্মিশন চেয়েছিল। কোথাও তারা অ্যালও করেনি। শেষ পর্যন্ত ভারতবর্ষে তারা এই দাবি উপস্থাপিত করলো এবং ভারতসরকার সেই দাবি মেনে নিলেন। ৯২ সালে মিনি সিগারেট তৈরি করার পার্মিশন এই মাল্টিন্যাশনাল কোম্পানিগুলো কে দেওয়া হলো। তারা দ্বিতীয় দাবি উপস্থাপিত করলেন। তারপরও তাদের খুব বেশি লাভ হতে পারলো না। তারা দ্বিতীয় দাবি উপস্থাপিত করলেন সিগারেটের উপর যে এক্সসাইজ ডিউটি, সেই এক্সসাইজ ডিউটি কমাতে হবে। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, কী ভয়ঙ্কর প্রতারণা ভারতবর্ষে

অ্যাজ এ হোল গোটা কানট্রির বিরুদ্ধে এবং ভারতবর্ষের বিড়ি শ্রমিকদের বিরুদ্ধে করা হলো এক্সসাইজ ডিউটি রিলেশনে আবার। ৯২ সালে যখন তারা এই পারমিশন পান, তখন এক হাজার মিনি সিগারেটের উপর সেন্ট্রাল এক্সসাইজ ডিউটি ছিল ২৮০ টাকা। কিন্তু রক্ত চোষকের কখনও রক্ত চোষার তৃষ্ণা মেটেনা। সুতরাং বিড়ির বাজারকে দখল করতে হবে, আরও দাম কমিয়ে বিড়িকে হঠাতে হবে। তার জন্য আবার ডিমান্ড প্লেস করলেন যে কমাও আরও এক্সসাইজ ডিউটি। ২৮০ টাকার এক্সসাইজ ডিউটি ৯৩ সালে কমিয়ে দেওয়া হলো ১১০ টাকাতে। তাতেও সন্তুষ্ট নয়, ৯৪ সালে প্রেসারের পর প্রেসার দিয়ে এক্সসাইজ ডিউটি কমিয়ে দেওয়া হলো ৬০ টাকায়। ২৮০ টাকা যখন তারা পার্মিশন পান-৯৪ সালে সেন্ট্রাল এক্সাসাইজ ডিউটি মিনি সিগারেটের উপর কমিয়ে দেওয়া হলো ৬০ টাকায়। কী দুর্ভাগ্য দেখুন, ঠিক একই সময় ৯৩ সালে বিড়ির উপর যে সেন্ট্রাল এক্সসাইজ ডিউটি ছিল তার শতকরা ২৫ ভাগ বাড়িয়ে দেওয়া হলো। বেপরোয়া আক্রমনের সুযোগ দেওয়া হলো মিনি সিগারেটকে বিড়ির বাজার দখল করার জন্য। আমি স্যার আপনার কাছে একটা পরিসংখ্যান তুলে ধরছি। ৯৩-৯৪ সালে মিনি সিগারেট আমাদের ভারতবর্ষে তৈরি হতো প্রতি মাসে ৫০ লক্ষের বেশি। ৯৪-৯৫ সালে সেই মিনি সিগারেট প্রতি মাসে তৈরি হয়েছে ৪০ কোটি। আর মাল্টি ন্যাশনাল কোম্পানিদের হিসাব অনুসারে ৯৬ সালের এপ্রিল মাস পর্যন্ত প্রতি মাসে মিনি সিগারেট তৈরি হয়েছে ৮০ কোটি। ভারতবর্ষে প্রতিদিন প্রায় ৯০ কোটি বিড়ি বিক্রি হয়। এই বিশাল বাজারকে তারা দখল করতে চায়। সেই হামলা ওরা শুরু করেছে। এর ফল কি ঘটেছে আপনাদের কাছে বলি। ইতি মধ্যে আমাদের দেশে বিড়ির যে প্রোডাকশন, সেই প্রোডাকশন কমতে শুরু করেছে। সমগ্র দেশের সরকারি হিসাব আমার কাছে নেই এবং সেটা সংগ্রহ করা সম্ভব নয়, ব্যক্তিগত মালিকেরা তারা হিসাবও দেন না। আমাদের দেশের সবচেয়ে বড় একটা কো-অপারেটিভ, যারা বিড়ি তৈরি করে কেরালায়, সেই কো-অপারেটিভ, তারা গত দু বছর ধরেই তাদের যে বিড়ির প্রোডাকশন, সেই প্রোডাকশনের ২৫ পারসেন্ট কমিয়ে দিতে বাধ্য হয়েছে। এবং প্রাইভেট মালিক যারা আছে, তারাও বিড়ির প্রোডাকশন কমাতে বাধ্য হয়েছে এবং এই সুযোগ নিয়ে মিনি সিগারেটকে আর একটা প্লি হিসাবে খাড়া করে নতুন করে হামলা শুরু হয়েছে, নতুন করে আক্রমনের তীব্রতা শুরু করতে পারছে না বিড়ি মালিকরা বিড়ি শ্রমিকদের উপর। শান্তি দা আপনাদের কাছে বলেছেন যে মেশিনে তৈরি করা বিড়ির উৎপাত কী ভাবে শুরু করেছে। অনেকদিন আগে থেকেই এটা তৈরি হতো। ১৯৫০ সাল থেকে কম বেশি ছিল। কিন্তু ট্রেড ইউনিয়ন মুভমেন্ট, বিড়ি শ্রমিকদের আন্দোলনের ফলে তৎকালীন সরকার একটা জিনিস অন্তত করেছিলেন, মেশিনে তৈরি করা যে বিড়ি তার উপর শুল্ক, বিড়ির উপর শুল্কের চেয়ে বেশ কয়েক গুণ বেশি রেখেছিলেন।:গত নির্বাচনের আগে কেন্দ্রীয় যে শিল্প দপ্তর, সেই শিল্প দপ্তরের একটা সুপারিশ, এখনও পেনডিং আছে, সেই পেনডিং হচ্ছে মেশিনে তৈরি করা বিড়ির উপর যে শুল্ক এবং হাতে রোল করা যে বিড়ির উপর শুল্ক, এই দুটোকে অ্যাট পার নিয়ে চলে আসা। এই রকম একটা ভয়ঙ্কর বিপদের মুখে আমরা এসে দাঁড়িয়েছি। এই রকম যখন অবস্থা, আমাদের দেশের বিড়ির বাজারকে কী ভাবে মাল্টি ন্যাশনাল কোম্পানির হাতে এরা তুলে দিয়েছে। সকলেরই পরিচিত নাম কে.এল.চুঘ. আই.টি.সি.র চেয়ারম্যান, যখন মিনি সিগারেটের বাজারের মাধ্যমে তিনি এখানে ঢুকতে শুরু করেছেন, তখন সেই কে.এল.চুঘ. অত্যন্ত আনন্দের সঙ্গে ঘোষণা করলেন

৯৫ সালের সেপ্টেম্বর মাসে যে সিগারেট ইজ সান রাইজ ইনডাস্ট্রিজ, পার্টিকুলারলি Mini Cigarette is sunrise industry-the Sun has began to rise-the sale of cigarette is giong to increase in near future, it has bright future.মিনি সিগারেটের ব্রাইট ফিউচার। ভারতবর্ষে বিড়ির বাজার এবং বিড়ি শ্রমিকদের ভবিষ্যত অন্ধকার। স্যার, এই বিড়ি শিল্পের সাথে শুধু বিড়ি শ্রমিকদের স্বার্থই জড়িত নয়, এটা শুধু বিড়ির মালিকদেরই ব্যাপার নয়, এর সাথে আমাদের জাতীয় স্বার্থও জড়িত হয়ে আছে। এই বিড়ি শিল্প থেকে আমাদের জাতীয় কোষাগারে কেন্দ্রীয় শুল্ক বাবদ যে অর্থ তিন বছরে আদায় হয়ে জমা পড়েছে তার পরিমান হচ্ছে ৩৭০ কোটি টাকাও বেশি। কেন্দ্রীয় শুল্ক হিসাবে বিড়ি শিল্প থেকে কোনও বছর কি পরিমান অর্থ এসেছে তার একটা হিসাব আমি দিচ্ছি। ১৯৮৮/৮৯ সালে এসেছে ১৬১.২৫ কোটি টাকা, ১৮৮৯/৯০ সালে এসেছে ১৫৫.৮৪ কোটি টাকা, ১৯৯০/৯১ সালে এসেছে ১৫৪.০০ কোটি টাকা। যদিও স্যার, বিড়ির মূল বাজারটা দেশীয় বাজার তবুও কয়েকটি বিদেশি রাষ্ট্রও এই বিড়ি রপ্তানি করা হয়। মূলত আরব কানট্রি ইউ.এস.এ., ফ্রান্স, জার্মানিতে রপ্তানি করা হয়। এর থেকে ১৯৮৮/৮৯ সালে ২.১ কোটি টাকা, ১৯৮৯/৯০ সালে ২.৯ কোটি টাকা ১৯৯০/৯১ সালে ৩.২ কোটি টাকার বৈদেশিক মুদ্রা অর্জিত হয়েছে। আমার সময় শেষ হয়ে গিয়েছে, পরিশেষে যে সর্বদলীয় প্রস্তাব আমি উত্থাপন করেছি তার মূলদাবিগুলি আবার জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। প্রথম দাবি, ভারতসরকারকে মিনি সিগারেট তৈরি করতে দেওয়ার যে পারমিশন তা উইথড্র করতে হবে, বাতিল করতে হবে, ক্যানসেল করতে হবে। কিছুদিন আগে এর উপর যে ২৫ পারসেন্ট এক্সসাইজ বাড়িয়েছেন তাতেও বিড়ি শিল্প বাঁচবে না। কাজেই মিনি সিগারেট তৈরির পারমিশান উইথড্র করতে হবে এবং দ্বিতীয়ত বিড়ির পাতা ও মশালার উপর এক্সসাইজ ডিউটি হ্রাস করতে হবে। পুনরায় এই দুটি দাবি জানিয়ে আমার প্রস্তাব সকলে গ্রহণ করবেন এই আশা নিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Kamakhyanandan Dasmahaptra that

যেহেতু পশ্চিমবাংলাসহ সারা দেশে প্রায় ৮০ লক্ষ বিড়ি শ্রমিক-পরিবার আছেন;

যেহেতু ৮০ লক্ষ পরিবারের প্রায় ২ কোটি ৫০ লক্ষ মানুষ এই শিল্পের সঙ্গে সরাসরি যুক্ত;

যেহেতু বিড়ি প্রস্তুতকরাই তাঁদের একমাত্র জীবিকা;

যেহেতু প্রাক্তন কেন্দ্রীয় সরকার সিগারেট কোম্পানিগুলিকে মিনি-সিগারেট তৈরির লাইসেন্স দেওয়ার ফলে মিনি-সিগারেট বিড়িকে বাজার থেকে হটাতে চলেছে;

যেহেতু প্রাক্তন কেন্দ্রীয় সরকার বিড়িপাতা ও বিড়ির মশলার উপর এক্সসাইজ ডিউটি বৃদ্ধি করায় বিড়ির উৎপাদন কমতে শুরু করেছে এবং ফলস্বরূপ এই শিল্পের সংকট বৃদ্ধি পেয়েছে;

যেহেতু মিনি-সিগারেটের সঙ্গে পাল্লা দেওয়ার কারণে এবং শ্রমিক ছাঁটাইয়ের জন্যও বিড়ি শিল্প মালিকদের একাংশ বিড়ি উৎপাদন যন্ত্রের ব্যবহার শুরু করেছেন; এবং

যেহেতু একশ্রেণীর বিড়ি-শিল্প মালিক বিড়ি-শ্রমিকদের রাজ্য সরকার নির্ধারিত মজুরি দিতে অস্বীকার করে চলেছে এবং মহামান্য সুপ্রীম কোর্টের রায় থাকা সত্ত্বেও মহিলা বিড়ি-শ্রমিকদের বিধিসম্মত অধিকারগুলিকে হরণ করে চলেছে;

সেহেতু এই সভা যেসব মালিক বিড়ি-শ্রমিকদের ন্যায্য অধিকার হরণ করেছেন তাদের কাজের তীব্র নিন্দা করছে এবং সর্বসম্মতভাবে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের নিকট আবেদন জানাচ্ছে যে, (১) মিনি-সিগারেট তৈরির অনুমোদন বাতিল করা হোক এবং (২) বিড়ির পাতা ও মশালার উপর এক্সসাইজ ডিউটি হ্রাস করা হোক।—was put and carried

(At this stage the House was adjourned till 3.00 P.m)

[3-00—3-10 P.M]

### After Adjournment

**Mr. Dy. Speaker :** Now motion under rule 185. Shri Deba Prasad Sarkar may please move his motion.

**Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that

"যেহেতু পশ্চিমবঙ্গ বিধানসভা ইতিপূর্বে একাধিকবার এই রাজ্যে শ্রমিক এবং কৃষকগণের সার্বিক স্বার্থে চটশিল্প জাতীয়করণ এবং পাট ও পাটজাত দ্রব্যের সমস্ত প্রকার ব্যবস্থা অধিগ্রহণ করার জন্য ভারত সরকারের কাছে সুপারিশ করেছিল ঃ

যেহেতু পশ্চিমবঙ্গ বিধানসভার উপরোক্ত সুপরিশগুলি এখনও পর্যন্ত কার্যকর হয় নি;

যেহেতু পশ্চিমবঙ্গ বিধানসভার উপরোক্ত সুপারিশগুলিতে বর্ণিত পাটজাত সামগ্রীর সঙ্গে সংশ্লিষ্ট শ্রমিক কৃষকসহ সমস্ত স্তরের মানুষের আর্থিক অবস্থার উদ্বেগজনক অবনতি ঘটেছে;

যেহেতু এই শিল্পের মালিকরা শ্রমিকদের প্রতি কোনও দায়-দায়িত্ব পালন না করে শিল্প ভিত্তিক চুক্তিগুলি লঙ্ঘন করে শ্রমিকদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করছে এবং গ্র্যাচুইটি, ই.এস.আই. ও প্রভিডেন্ট ফান্ডের বিপুল পরিমান অর্থ বছরের পর বছর বকেয়া রেখে শ্রমিকদের জীবন দুর্বিষহ করে তুলেছে;

যেহেতু এই শিল্প মুষ্টিমেয় কয়েকটি শিল্পপতি কর্তৃক নিয়ন্ত্রিত এবং উক্ত শিল্পপতিরা শ্রমিক-কৃষকসহ সমগ্র রাজ্যের জনগণের স্বার্থের কথা চিন্তা না করে বহু সংখ্যক মিলে লক-আউট এবং শিফট্ কমিয়ে দেওয়ার ফলে হাজার হাজার শ্রমিক কর্মচ্যুত হয়েছে এবং পাটচাষীরা তাদের শস্যের ন্যায্য মুল্য না পাওয়ায় পাটচাষ সামগ্রিকভাবে বিপন্ন হচ্ছে;

যেহেতু পাট ওঠার সাথে সাথে কৃষকদের কাছ থেকে যথার্থ দামে পাট কেনার ব্যবস্থা না থাকার ফলে এই রাজ্যের পাটচাষীরা অসাধু ব্যবসায়ী, ফড়িয়া ও দালালদের কাছে জলের দামে পাট বিক্রি করে দিতে বাধ্য হচ্ছে; এবং

যেহেতু এই শোষণ ও বঞ্চনার ফলে সরকারি ব্যবস্থায় কাঁচাপাট ক্রয়-বিক্রয় করার

এবং ভারত সরকারের অধীনে মিলগুলি পরিচালনার দায়িত্ব নিয়ে পাটশিল্প জাতীয়করণ করার দাবি অপ্রতিরোধ্য হয়ে উঠেছে;

সেহেতু এই সভা বর্তমান পরিস্থিতির মুল্যায়ন করে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে যে,

(১) অবিলম্বে চটশিল্প ও তার সমস্ত প্রকার বহির্বাণিজ্যসহ পাটব্যবসা ও চটজাত দ্রব্যের ব্যবসা জাতীয়করণ ও সরকারি নিয়ন্ত্রণে আনার ব্যবস্থা করা হোক;

(২) ভারতে উৎপাদিত সমস্ত প্রকার পাট ও মেস্তা ভারত সরকার কর্তৃক ক্রয়-বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হোক;

(৩) কাঁচাপাটের ন্যায্যমুল্য ধার্য এবং তজ্জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক;

(৪) পাট ক্রয়-বিক্রয়ের জন্য গুদাম তৈরি, পাটচাষীদের পরিচয়পত্র দান, ক্রয়কেন্দ্র খোলা প্রভৃতির ব্যবস্থা করা হোক;

(৫) পাট ওঠার সাথে সাথে কৃষকদের কাছ থেকে উপযুক্ত দামে পাট কেনার জন্য জে.সি.আই.-কে নির্দেশ দেওয়া হোক এবং সেইজন্য জে.সি.আই.-কে উপযুক্ত পরিমাণ অর্থবরাদ্দ করা হোক;

(৬) গ্রামাঞ্চলে কৃষি-সমবায়গুলিকে কৃষকদের কাছ থেকে সরাসরি পাট কেনার জন্য অর্থবরাদ্দ করা হোক; এবং

(৭) খাদ্য, সার, সিমেন্ট ও অন্যান্য দ্রব্য বহনের কাজে চটের বস্তা ব্যবহার বাধ্যতামূলক করা হোক এবং এই সব ক্ষেত্রে কৃত্রিম ফাইবার ব্যবহার নিষিদ্ধ করা হোক।

একইসঙ্গে এই সভা উপরোক্ত দাবিসমুহ নিয়ে কেন্দ্রীয় সরকারের সাথে আলোচনার উদ্দেশ্যে বিধানসভার একটি সর্বদলীয় প্রতিনিধিদল পাঠানোর সিদ্ধান্ত গ্রহণ করছে।"

স্যার, আমি এখন আলোচনা করছি না বা কিছু বলছি না। সকলের বলা হয়ে যাবার পর রাইট অফ রিপ্লাইয়ে আমি বলবো।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, দিস ইজ ও ডিবেট এবং এক্ষেত্রে একটু আগেই স্পিকার বলেছেন যে, মুভার অফ দি মোশন তাঁর মোশনটা মুভ করার সাথে সাথেই যা বলার বলবেন।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, এরপরে যেটা রয়েছে সেটা ইউসুফ কমিশন রিপোর্ট নিয়ে রুল ৩১৯-এর মোশন এবং সেটা ম্যাটার অফ ডিবেট এবং সেক্ষেত্রে মুভ করে পরে আর বলা যাবে না। কিন্তু এটা রুল ১৮৫-এর মোশন এবং এর মুভার সবার শেষে বলতে পারবেন এবং কনক্লুড করবেন।

**শ্রী রঞ্জিত কুন্ডু ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, রুল ১৮৫ তে পাট শিল্প এবং কাঁচা পাটের ব্যবসা ইত্যাদি সম্পর্কে যে মোশনটা এখানে উত্থাপিত হয়েছে তাকে নীতিগতভাবে আমি সমর্থন করি এবং এর মুল সুর সম্পর্কে আমি একমত। ব্রিটিশ চলে যাবার পর পাট

শিল্প যাদের হাতে পড়েছিল তারা এই শিল্পটাকে রক্ষা বা প্রসারের দিকে না গিয়ে অতি দ্রুত এখান থেকে পয়সা রোজগার করে সেটা অন্যত্র চালান করে দিয়ে অন্য কারবারে চলে যাবার একটা দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছিলেন। ফলে শিল্পটা মার খেয়েছে। তবে এটা ঠিক নয়, যা বলা হচ্ছে, পাট শিল্পের কোনও ভবিষ্যত নেই। ঘটনাটা এটা নয়। পাট শিল্পের এখনও ভবিষ্যত আছে। বাইরে বাজার আছে, আমাদের দেশের অভ্যন্তরে বাজার ক্রমবর্দ্ধমান। এই ক্রমবর্দ্ধমান বাজার রক্ষা করার ক্ষেত্রে বাধার সৃষ্টি হচ্ছে। এটাকে যদি আটকানো যায় তাহলে দেশের অভ্যন্তরে যে বাজার আছে তাতে আজকে যে পাটশিল্পের উৎপাদন ক্ষমতা আছে সেটা করা যেতে পারে। আসল কথা হচ্ছে পাট শিল্পের মালিক যারা তারা এখান থেকে আন্ডার ইনভয়েসিং করে কাঁচা পাট কেনার নাম করে এখান থেকে টাকা নিয়ে চলে গেছে। তারা পাট শিল্পের কোনও আধুনিকীকরণ করেনি। ফলে এই শিল্প ধ্বংসের কিনারায় চলে গেছে। এটা বহু দিন থেকে চলছে। ফলে পাট শিল্পের শ্রমিক, পাট শিল্পের সঙ্গে যুক্ত মানুষ, কাঁচা পাটের কারবারি এবং পাট চাষীদের পক্ষ থেকে দাবি উঠেছে যে এই শিল্প জাতীয়করণ করা হোক। তাছাড়া এই কাঁচা পাটের উপর ফাটকাবাজদের প্রভাবে যারা চাষী তারা প্রকৃত দাম পায় নি। সেই কারণে পাটের একচেটিয়া ব্যবসা সরকার নিজের হাতে তুলে নিক এই দাবি এবং আন্দোলনের জন্য ১৯৭১ সালে জুট করপোরেশন অফ ইন্ডিয়ার জন্ম হয়েছিল। পাটের যখন সংকট দেখা দেবে তখন জুট করপোরেশন থেকে পাট নিয়ে চটকল গুলি চালানো হবে এটা ঠিক হয়েছিল। কিন্তু গত তিন বছর ধরে আমরা লক্ষ্য করছি যে জুট করপোরেশন এক ছটাকও পাট কেনেনি। তাদের সেই পরিকাঠামো নষ্ঠ হয়ে যাচ্ছে, তাদের পাটের ক্রয় কেন্দ্র গুলি ধ্বংস হয়ে যাচ্ছে। ফলে পাট শিল্পের ক্ষেত্রে কিছু ফাটকাবাজ কিছু কালোবাজরি ঢুকে পড়ছে এবং তারা প্রোমোটার হিসাবে আসছে এবং পাট নিয়ে তারা ব্যবসা করছে আবার তারা যখন পাটের বাজার মন্দা তখন তারা বাজার খারাপ দেখে তাদের ব্যবসা বন্ধ করে দিচ্ছে। এই ভাবে তারা এখানে বেপরোয়া ভাবে এই কাজ করে যাচ্ছে। সেইজন্য দাবি এসেছে পাট শিল্প জাতীয়করণ করা হোক। জাতীয়করণের নামেও আমাদের আতঙ্ক আছে। এন.জে.এম.সি.-র ৬টি মিল জাতীয়করণ করা হয়েছে, এন.টি.সি., অর্থাৎ বস্ত্র শিল্পকে জাতীয়করণ করা হয়েছে। আজকে তাদের যা চেহারা দাঁড়িয়েছে সেটা দেখে জাতীয়করণের কথা বলতে পারবো না। আমি বলতে চাই জাতীয়করণ করে তার পরিচালনা কি ভাবে হবে সেটাই হলো বড় প্রশ্ন। আজকে এই প্রশ্ন নিয়েই আলোচনা হওয়া উচিত। সরকার নিজে চালাবে এটা নাও হতে পারে। প্রয়োজন হলে ভাল যদি এনটাপেনিয়র আসে যার টাকা-পয়সা আছে যে মডার্নাইজেশন করতে পারবে তাকে দেওয়া যেতে পারে। আগে মডার্নাইজেশন করবার জন্য টাকা-পয়সা দেওয়ার কথা হলো। পাট শিল্পের মালিকরা তা নিল না। ১৯৮৬ সালে যে টাকা দেওয়া হলো সেই ফান্ড খরচ করা হলো না। সেই কাজ ওরা করবে না। সেই জন্য দাবি উঠেছে সরকার এটা হাতে নিক। এই ব্যাপারে আমরা জানি বিদেশে এর ভাল বাজার আছে। তা ছাড়া দেখতে হবে আজকে আমাদের প্রতিদ্বন্দী শুধু বাংলাদেশ নয়, থাইল্যান্ড নয়, চিনও এসে যাচ্ছে। সেখানে দাঁড়াতে হলে আমাদের পাটের কোয়ালিটি বাড়াতে হবে। পাটের উৎপাদন আমাদের বৃদ্ধি ঘটেছে। এখন আমাদের এখানে হেক্টর প্রতি ১১ বেল থেকে ১২ বেল পাট উৎপাদন

হচ্ছে যেখানে আগে ৭ বেল থেকে সাড়ে সাত বেল উৎপাদন হতো। কিন্তু পাটের গুনগত মানের কোনও পরিবর্তন হয় নি। এই ব্যাপারে একটা কমপ্রিহেনসিভ প্রোগ্রামের কথা কেন্দ্রীয় সরকারকে চিন্তা করতে হবে। এই শিল্পকে রক্ষা করার জন্য এই শিল্পের প্রসার ঘটানোর জন্য এই কাজ করতে হবে। বিশেষ করে আজকে গ্লোবালাইজেশন হয়েছে, অনেক সুযোগ এসেছে, এই শিল্পের প্রসার আরো ঘটতে পারে। আজকে আভ্যন্তরীন বাজারে সিনথেটিককে ঢুকিয়ে দেওয়া হলো। এই পাটের একটা বড় অংশের বাজার সিনথেটিকদের হাতে চলে গেল। তারপর এই ব্যাপারে আন্দোলনের পরিপেক্ষিতে ১৯৮৭ সালে জুট প্যাকিং কমপালশারি ইউজ এই মর্মে একটা আইন তৈরি হলো। কিন্তু সেই আইন কার্যকার করা হলো না। সেখানে সিমেন্ট লবি এবং সেনথেটিক লবি এই ব্যাপারে একটা মামলা খারিজ হয়ে গেল। সর্বশেষ ১৫.৩.৯৫ তারিখে যে আদেশ দেওয়া হলো সেটাও কার্য্যে রূপান্তরিত হয় নি।

[3-10—3-20P.M]

সর্বশেষ আদেশে বলা হয়েছে খাদ্য এবং তৈলবীজ ইত্যাদিতে শতকরা একশো ভাগ জুটের প্যাকেজিং ব্যবহার করতে হবে। চিনির ক্ষেত্রেও একশো ভাগ ব্যবহার করতে হবে বলা হয়েছে এবং সিমেন্টের ক্ষেত্রে ৭০ ভাগ ব্যবহারের কথা বলা হয়েছে। ১৫.৩.৯৫ তারিখের আদেশে মিমেন্টের ক্ষেত্রে ৭৫ ভাগ ব্যবহার করতে হবে বলে বলা হয়েছিল। আমরা একটা হিসাব করে দেখেছি, আমাদের কাছে রাফ যে হিসাব আছে তাতে দেখেছি যে সারা বছর যদি পাটকলগুলো খোলা থাকে এবং সমস্ত উৎপাদন ক্ষমতাকে কাজে লাগানো হয় - যদিও গত আট, দশ বছর ধরে সবটা ব্যবহার হয়না- তাহলে ১৮ লক্ষ টন এর মতো উৎপাদন হয়। আমাদের আভ্যন্তরীন বাজারে যে ভাবে বেড়েছে, চিনির এবং সিমেন্টের উৎপাদন বেড়েছে, সারটা মার খেয়েছে, তাহলেও কৃষিতে এবং শিল্পের যে উৎপাদন আছে তাতে - এর সঙ্গে জুটের একটা সম্পর্ক আছে - আমাদের ১৮ লক্ষ টনের মতো প্রয়োজন। অর্থাৎ আমাদের উৎপাদন ১৮ লক্ষ টন হতে পারে এবং আভ্যন্তরীন বাজারেও প্রয়োজন ১৮ লক্ষ টন। এটা করতে পারলে আমাদের বিদেশের বাজারে যেতে হবে না। শুধু তাই নয়, আমাদের সিন্থেটিক লবির কাছে আত্মসমর্পন করতে হবে না। সর্বশেষ যে অর্ডার আছে, সেই অনুযায়ী যদি চলতো তাহলে চটশিল্প কখনও এই ভাবে থাকতো না, চট শিল্পের উন্নতি হতে পারতো। মালিকানায় না হলেও ম্যানেজমেন্টকে নতুন ভাবে ওরিয়েন্টেশন করে চেঞ্জ করে, মডার্নাইজেশনের ব্যবস্থা করে একে রক্ষা করতে পারলে এই শিল্পের বাজার সম্প্রসারিত হতে পারে। আমি আগেই বলেছি, চটের উৎকর্ষ সাধন করতে হবে। তারজন্য দরকার গবেষণার। গবেষণার কাজ এখন অবহেলিত রয়েছে। গবেশণার কাজ এখন বন্ধ হয়ে গেছে। মালিক সমিতির অস্তিত্ব এখন প্রায় দেখা যায় না। মালিক সমিতি বাইরে চলে যাচ্ছে। কাজেই এটাতে আমাদের পুরোপুরি সরকারের উপরে নির্ভর করছে। আমাদের দেশের যে পাট, মেস্তা, স্যাকিংয়ের কাজে তা ব্যবহৃত হতে পারে, হোসিয়ানের ক্ষেত্রে হতে পারে না। আমাদের বাইরের বাজারে যেতে হলে হোসিয়ানের মধ্যে যেতে হবে। এখানে ডাইভার্সিফিকেশনের যে কথা উঠেছে, ডাইভারর্সিফিকেশন করে চটশিল্পকে বাঁচানো যাবে না। ডাইভার্সিফিকেশন করে, আমরা বড়জোর শতকরা ১০ ভাগ ডাইভার্সিফিকেশন করে সেভ করতে পারি। কিন্তু বাকীটাতে

আমাদের নির্ভর করতে হবে ট্রেডিশ্যানাল প্রোডাকশনের উপরে। বাস্তবে তার সম্ভবনা আছে। সেজন্য দায়িত্বশীল ম্যানেজমেন্ট এখানে দিতে হবে। মালিকদের দ্বারা এটা হবে না। সেন্ট্রাল গভর্নমেন্টকে সেই দায়িত্ব নিতে হবে। পাটের ফাটকা কারবার বন্ধকরে দিতে হবে। জে সি আই-কে একটা টাকাও দেওয়া হচ্ছে না। জেসিআই এনজিএমসি-কে সাপ্লাই করেছিল। তারা একশো কোটি টাকার উপরে বাকী ফেলে দিল। স্টেট ব্যাঙ্ক টাকা দেওয়ার ক্ষেত্রে এখন আর ওদের গ্যারান্টি দেয় না। কাজেই এই সমস্ত যে নৈরাজ্য চলছে, বিগত কেন্দ্রীয় সরকারের যে নীতি ছিল, তারই ফলশ্রুতিতে এই নৈরাজ্য। এই নৈরাজ্যের বিরুদ্ধে এখানে যে মোশন এসেছে তাকে আমি সমর্থন করছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার মহাশয় এখানে ১৮৫ রুলে যে মোশন পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই বিধানসভায় একাধিকবার বেসরকারি প্রস্তাব পেশ করা হয়েছে। চট শিল্পকে জাতীয়করণ করার দাবিতে, পাটশিল্পকে অধিগ্রহণ করার দাবিতে অনেকবার বেসরকারি প্রস্তাব পেশ করা হয়েছে। কেন্দ্রীয় সরকার আমাদের অধিগ্রহণ করা প্রস্তাব অনুমোদন করেনি। আজকে ৫৯টি চটকল পশ্চিমবঙ্গে এখনও জীবিত অবস্থায় রয়েছে। ১৪টি চটকল লক আউট হয়ে রয়েছে। সেখানে আগে যেখানে ২০টি শিফটে এবং ২১টি শিফটে চলত এখন সেখানে ১২ শিফটে চলছে। আগে যেখানে পাঁচ লক্ষ শ্রমিক কাজ করত এখন সেখানে দেড় লক্ষ শ্রমিক কাজ করছে। মালিকপক্ষ পি.এফ এবং ই এস আইয়ের টাকা আত্মস্মাৎ করছে। তাদের চুলের আগা পর্যন্ত ধরতে পারেনি। আজকে বামফ্রন্ট সরকার ১৯ বছরে এই রকম প্রস্তাব অনেকবার এনেছেন কিন্তু আজ অবধি কোনও ব্যবস্থা করতে পারেনি। আজকে রাজ্য সরকার কি কেন্দ্রীয় সরকার এই ৪০ লক্ষ পাট চাষীদের জন্য কিছুই করতে পারেনি। কিন্তু তবুও আমরা লড়াই করে চলেছি। আমরা জুট কর্পোরেশন অফিস ঘেরাও করেছি, আমরা দিল্লিতে সাড়ে দেড় লক্ষ শ্রমিকদের জন্য দি বোট ক্লাবে ধর্না দিয়েছিলাম। ওই চটকল শ্রমিকদের জন্য সমস্ত বামপন্থি কৃষক সংগঠন মিলে দিল্লিতে মন্ত্রীর কাছে ডেপুটেশন দিয়েছে। আজকে চটশিল্পের অবস্থা কি ৪০ লক্ষ পাট চাষীরা তাদের ন্যায্যমূল্য পায় নি, আমরা তার ব্যবস্থা করতে পারিনি। আজকে জুট কর্পোরেশন পাট কেনার মতো কোন আইন হল না। এখনো ফড়িয়াদের মাধ্যমে পাট কেনা-বেচা চলছে চাষীরা পাট উৎপাদন করলেও তাদের ন্যায্য মূল্য পাচ্ছে না। পাট চাষীদের ন্যায্য মূল্য পাওয়ার ক্ষেত্রে আজ পশ্চিমবঙ্গে সরকার কি কেন্দ্রীয় সরকার আজ অবধি পাট চাষীদের স্বার্থ রক্ষা করতে পারেন নি। শুধু তাই নয়, আজকে প্রায় ১৪টি পাট কল লক আউট হয়ে আছে। তাদের পরিবার অনাহারে মৃত্যুর সঙ্গে লড়াই করছে। আরো অন্যান্য যে সমস্ত চটকলগুলো আছে, সেগুলো হয় সাসপেন্ড হয়ে আছে না হলে সিক হয়ে রয়েছে। আজকে ১২টা শিফটে কাজ চলছে। সুতরাং আজকে পাটের ন্যায্য মূল্য ঠিক করতে হবে এবং সমস্ত চটকলগুলোকে জাতীয়করণ করতে হবে। পাটকে জাতীয় জিনিস হিসাবে অধিগ্রহণ করতে হবে। আজকে কেন্দ্রে বামফ্রন্টের বন্ধু সরকার এসেছেন, তারা বামফ্রন্টের ভালো কাজকে সমর্থন করবেন। আজকে সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে কেন্দ্রে যুক্তফ্রন্ট সরকারকে সমর্থন করা হয়েছে। আজকে কেন্দ্রের যুক্তফ্রন্ট সরকারের মাধ্যমে পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ চাষীদের পরিবারের মুখে যদি হাসি ফোঁটাতে না পারি এবং এই শিল্পকে জাতীয়করণ করতে না পরি ত্‍লে কোনও মুল্য নেই। আজকে কেন্দ্রীয় সরকার দেয় নি। এমন কি কর্মচারিদের

তিন মাসের বেতনও দেওয়া হয় নি। ব্যাঙ্ক গ্যারান্টি দিচ্ছেনা। সেইকারণে আমি অনুরোধ করব সমস্ত শিল্পের শ্রমিকদের স্বার্থে, পাট চাষীদের স্বার্থে একটা কমিটি গঠন করার কথা বলব। আজকে কেন্দ্রে পশ্চিমবঙ্গের বন্ধু সরকার এসেছে, তারা পশ্চিমবঙ্গের পাট শিল্পকে বাঁচানোর স্বার্থে এই শিল্পকে যেন জাতীয়করণ করেন। এটাই হচ্ছে আমাদের দাবি এবং সেই দাবিকে সমর্থন করে, মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

3-20—3-30 P.M]

**শ্রী আবু সুফিয়ান সরকার ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে ১৮৫ যে মোশানটি আনা হয়েছে, সেই মোশানের উপর আমি কয়েকটি কথা বলতে চাই। আজকে পশ্চিমবাংলায় পাট শিল্পের উপর যে আলোচনা হচ্ছে, এর আগে এই বিষয় নিয়ে বহুবার সরকারিভাবে ও বেসরকারিভাবে আলোচনা হয়েছে। কিন্তু পাটশিল্পের কোনও উন্নয়ন হয়নি। আজ অবধি আমাদের এখানে ৬৫ শতাংশ মানুষ পাট চাষ করে। যারা পাটের উপর নির্ভর করে জীবন-জীবিকা নির্বাহ করে সংসার চালান আজকে পাট শিল্পের যে রুগ্নতা এটাকে দূর করার জন্য রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের কারুর মাথাব্যথা নেই। আজকে ৪০ লক্ষ মানুষের জীবিকা নির্বাহ করার যে সম্ভাবনা যে শিল্পে আছে, সেটা আজকে নেই। শুধু তাই নয়, পশ্চিমবাংলায় শিল্পে যথেষ্ট ক্রমবিকাশ থাকা সত্ত্বেও আজকে পাট শিল্পে কেন রুগ্নতা? আজকে ৬০ লক্ষ বেল পাট উৎপাদন হওয়া সত্ত্বেও কেন এই অবস্থা, নিশ্চয় কোনও কারণ আছে। আজকে ৫৯টি চটকল বন্ধ হয়ে আছে। এটা পাট শিল্পের রুগ্নতার আরো একটা কারণ। যে শিল্পে সারা বছর কাজ হলে শ্রমিকরা কাজ পায়, আড়াই লক্ষ শ্রমিক যে কাজের সঙ্গে যুক্ত, সেখানে উৎপাদন আজকে ব্যাহত হচ্ছে, উৎপাদনের ,সুযোগ নেই। আজকে ফাটকাবাজ এবং দালালরা বাজারে যখন কাঁচামাল আসছে তখন দাম কমাবার সুযোগ পাচ্ছে, যারা কখনই পাট স্পর্শ করেনি তারা লাভ ভোগ করছে। পাটের যখন অল্প দাম থাকে তখন অধিকাংশ পাট বিক্রি হয়ে যায়। যেখানে পাটের দাম ১৬ শত টাকা, সেখানে কমতে কমতে ৮ শত টাকা চলে এসেছে। এবারে একটু ফলন বেড়েছে এবং উৎপাদনও বেশি হবে। কিন্তু তার সাথে সাথে আমরা দেখছি দাম কমতে শুরু করেছে। যারা মুনাফাখোর, সুদের ব্যবসায়ী তাদের হাতে এটা চলে যাচ্ছে, এই ব্যবস্থার উন্নতি হওয়ার দরকার। নাহলে সমস্যা দুর করা যাবে না। এখানে রাজ্য সরকারের এবং কেন্দ্রীয় সরকারের যেটা করা উচিত ছিল জেসিআই কে সক্রিয় করা, তাদের দিয়ে পাট কেনানো, সেটা বন্ধ হয়ে গেছে। আজকে ভারত সরকার ও পশ্চিমবঙ্গ সরকার তারা সেটার দায়িত্ব নিচ্ছেন না। বেসরকারি ভাবে নিচ্ছেন। এদের নৈতিক দায়-দায়িত্ব নেই। পাট ওঠার সাথে সাথে নির্দিষ্ট বাজারভিত্তিক যে দামে বেঁধে দেওয়া দরকার আছে, সেটা আমরা করতে পারছি না। জে.সি.আই. পাট কিনতো ঠিকই, কিন্তু তারা সেখানে টাকা পাচ্ছে না। আমাদের ১৩০ কোটি টাকা বাকি আছে। তাদের কর্মচারিদের মাহিনা পাচ্ছেন না, এটা বাস্তব সত্য। জে.সি.আই. তারা যদি পাটটা কিনতে পারতেন তাহলে সেই পাট রপ্তানি করে যে আয়টা হতে পারতো সেটা থেকে আমরা বঞ্চিত হচ্ছি। মিল মালকরা তাদের কর্মচারিদের গ্রাচুইটি দিচ্ছে না, এর ফলে শ্রমিকদেরকে যেভাবে ভালভাবে তারা ব্যবহার করতে পারতেন সেটা করতে পারছেন না। এই অসন্তোষ এর ফলে সেটা তারা করতে পারছেন না। পশ্চিমবাংলায় পাট শিল্প দিনের

পর দিন রুগ্নতার দিকে এগিয়ে যাচ্ছে। আজকে রাজ্য সরকার যদি মার্কেটিং সোসাইটিগুলিকে পাট কেনার জন্য প্রয়োজনীয় টাকা দিতেন এবং গরিব চাষীদেরকে বাঁচানোর ব্যবস্থা করতেন এবং গ্রামের সমবায় ব্যাঙ্কগুলিকে টাকা দেওয়ার ব্যাপারে নির্দেশ দেবার ব্যবস্থা করতেন, রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের মতোন জে.সি.আই. এর মতোন ওয়েস্ট বেঙ্গল জুট কর্পোরেশন তৈরি করতেন, এর দ্বারা রুগ্ন ও পাট শিল্পকে বাঁচাবার ব্যবস্থা করতেন তাহলে আমাদের পক্ষে অত্যন্ত সুখের বিষয় হোত কিন্তু দুঃখের বিষয় রাজ্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেননি। পাশাপাশি আমরা দেখছি, কেন্দ্রীয় সরকার যে ভাবে ব্যবস্থা নিচ্ছেন, রাজ্যসরকারও সেই জায়গায় দাঁড়িয়ে আছে। আমাদের দেশে পাট উৎপাদন হলেও আমরা পাটকে সঠিকভাবে ব্যবহার করতে পারছি না। যে সমস্তপলিথিনের ব্যাগ আমরা ব্যবহার করছি, সেগুলোকে আজকে বর্জন করে, সমস্ত ক্ষেত্রে চটের থলে ব্যবহার করা উচিত। তবেই চটের থলের চাহিদা বাড়বে। কিন্তু সেই জায়গায় আমরা যেতে পারছি না। সেইজন্য আমাদের দাবি, আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করা এই ব্যাপারে একটা জাতীয় কমিশন করা হোক এবং কেন্দ্রীয় সরকারের অধিগ্রহণেই করা হোক। পাটশিল্পের রুগ্নতা দূর করার জন্য সকলে মিলে আমাদের প্রয়াস চালাতে হবে, তাহলেই পশ্চিমবঙ্গের ক্ষেত্রে যে বাঁধা আছে সেটা দূর হবে। আজকে শ্রমিক অসন্তোষ আছে, এই ব্যাপারে মিল মালিকদের সঙ্গে বসে যে সমস্ত শিল্পে ধর্মঘট হচ্ছে, কলকারখানা চলছে না, পাট শিল্পের উন্নতির জন্য তাদের সঙ্গে বসে পশ্চিমবঙ্গের পাটশিল্পকে বাঁচাবার জন্য আমাদের প্রয়াসী হতে হবে। তবেই পশ্চিমবাংলার পাটশিল্প উজ্জীবিত হবে এবং একটা পথ খুঁজে পাবে। এই কথা বলে এই মোশনকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার বা অন্যান্য সদস্যবৃন্দ আমাদের রাজ্যের পাটশিল্পের দুরাবস্থা সম্বন্ধে যে প্রস্তাব উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। দেশ ভাগের আগে পাট উৎপাদনের ক্ষেত্র ছিল বর্তমানে যেটা বাংলাদেশ, আগেকার পূর্ববাংলা এবং কারখানগুলো গড়ে উঠেছিল কলকাতাকে কেন্দ্র করে হুগলি নদীর তীরে। এই কংগ্রেসের জন্য দেশভাগ হয়েছিল এবং তার পরের অবস্থা আমরা দেখেছি। আজকে পঞ্চাশ লক্ষের মতো মানুষ ডিরেক্টলি এবং ইন-ডিরেক্টলি এই পাটশিল্পের সাথে যুক্ত। পরবর্তীকালে রাজ্য সরকার বার বার ঘোষণা করেছেন পাট উৎপাদনের ফলে আমাদের খাদ্যশস্য উৎপাদনে যে ঘাটতি হবে সেটা পূরণ করা দরকার। কিন্তু সেটা করা হয়নি। পরিবর্তিত পরিস্থিতিতে আমরা লক্ষ্য করছি কেন্দ্রে কংগ্রেস সরকার যখন ক্ষমতায় ছিল তখন জুট কর্পোরেশনকে কোনও দেয় টাকা দেননি। কেন সেই ১৩০ কোটি টাকা দেওয়া হল না? এখানে সর্বদলীয় প্রস্তাব গৃহীত হয়েছিল, এই পাটশিল্পের রুগ্নতা দূর করার জন্য স্পেসিফিকভাবে প্রস্তাব নিয়ে আসা হয়েছিল, সিন্থেটিক যে সমস্ত ব্যাগ সেগুলোকে আইন করে বন্ধ করে দেওয়া হোক এবং পাট থেকে নির্মিত বস্তা ব্যবহার কার হোক। অভাবী মরশুমে তাদের পাট বিক্রি করার ব্যবস্থা করা হোক। আজকে স্বাধীনতার ৪৮ বছর পরে কেন্দ্রের কংগ্রেস সরকার পশ্চিমবাংলার পাটচাষীদের জন্য কোনও কাজ করেননি। তারা শুধু একটা জুট কর্পোরেশন গঠন করেছিলেন, কিন্তু পশ্চিমবাংলার মানুষ তাকে বলে ঝুট কর্পোরেশন। তারা পাট কেনেনা কেন জানিনা। হয়ত এটাই বিগত কংগ্রেস সরকারের নীতি

ছিল। আজকে এই শিল্পকে রক্ষা করার জন্য যুক্তফ্রন্ট সরকারকে বলুন, অতীতের কংগ্রেস সরকারের কায়দাতে তারা যেন না চলে।

[3-30—3-40 P.M]

আমরা চাই ৫০ লক্ষ মানুষের স্বার্থে, পশ্চিমবঙ্গের সর্ববৃহৎ শিল্পের স্বার্থে সকলে এগিয়ে আসুন। প্রয়োজন হলে একটা কো-অপারেটিভ করে মিল চালাতে হবে, এছাড়া বিকল্প রাস্তা দেখছি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা এব্যাপারে অনেক আবেদন-নিবেদন করেছি। কিন্তু আবেদন-নিবেদনে কোনও কর্ণপাত হয় না। কেন্দ্রীয় সরকার পলিসির জন্য টাকা দেয় না, ব্যাঙ্ক টাকা দেয় না, কেন্দ্রীয় সরকার গ্যারন্টার হয় না, কেন্দ্রীয় সরকার গ্যারান্টি দেয় না। আমরা ৫০ লক্ষ পাট চাষীদের স্বার্থে, পাট কলগুলোর সাথে যারা যুক্ত আছে তাদের স্বার্থে আমরা এই বিধানসভা থেকে, কেন্দ্রীয় সরকারের গ্যারান্টি চাই, কেন্দ্রীয় সরকারকে গ্যারান্টার হিসেবে পেতে চাই। পশ্চিমবঙ্গের একটা পরিসংখ্যান বেরিয়েছে, সেই পরিসংখ্যান থেকে দেখা যাচ্ছে ৫৮টি জুট-মিলের ই.এস.আই.র টাকা মালিকরা জমা দেয় নি। ই.এস.আই.র ৭ কোটি ৫ লক্ষ টাকা তারা মেরে দিয়েছে। জুট মিলের মালিকরা জুট মিলের কর্মচারিদের গ্র্যাচুইটি এবং পি.এফ.-এর টাকা মেরে দিয়েছে। এই টাকা নিয়ে তারা অন্য ইনডাস্ট্রি খুলে বসেছে। জুট মিলের মালিকরা অন্য ইনডাস্ট্রিতে টাকা লাগাচ্ছে। এটা বন্ধ করতে হবে। তার জন্য এই বিধানসভা থেকে প্রস্তাব গ্রহণ করতে হবে। জে.সি.আই.র কাছ থেকে টাকা আদায় করার জন্য এবং জে.সি.আই. যাতে পাট কেনার জন্য চাষীদের টাকা দেয় তার জন্য বামপন্থীদের সংযুক্ত কৃষক সমিতির সাথে এস.এউ.সি.আই.কে আন্দোলন করতে হবে। আন্দোলনের মাধ্যমে আমরা যাতে সেই জায়গায় যেতে পারি সেই চেষ্টা করতে হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পঙ্কজ ব্যানার্জি ঃ** স্যার, আমি অন এ পয়েন্ট অফ প্রিভিলেজে দুটো কথা বলতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মোশন আন্ডার রুল ১৮৫-এ সর্বদলীয় প্রস্তাব আনা হয়েছে। সর্বদলীয় প্রস্তাবে আমরা আমাদের কথাবার্তা তার মধ্যে সীমাবদ্ধ রেখে সমস্যার সমাধানের দিকে নজর দেব। কিন্তু সমস্যা হচ্ছে [* *]পার্টির মধ্যে যাঁরা আছেন তাঁদের অন্য কিছু করার নেই। কিছুক্ষণ আগে তাঁদেরই একজন বক্তব্য রাখতে গিয়ে আমাদের এক সদস্যকে অপমান করেছেন। এ ম্যান লিভস ইন ডিড্স নট ইন ইয়ারস (এই সময় মাইক অফ হয়ে যায়।)

(তুমুল গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনারা বসুন, বসুন। নির্মল বাবু বসুন, তপন হোড় বসুন। সঞ্জীবকুমার দাস বলুন।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আন্ডার রুল ১৮৫ পাট শিল্প এবং পাট চাষীদের সমস্যা নিয়ে একটা সর্বদলীয় প্রস্তাব হাউসে আনা হয়েছে আমি তাকে নীতিগত ভাবে সমর্থণ করছি। এবং এই ব্যাপারে আমি আমার বক্তব্য রাখতে চাই।

Note : Expunged as ordered by the Chair

কিন্তু একটু আগে মাননীয় বিধায়ক নির্মল বাবু পাট শিল্প এবং পাট চাষীদের ব্যাপারে বক্তব্য রাখতে গিয়ে ধান ভানতে শিবের গীত গাইলেন। কিসের জন্য গাইলেন তা আমার জানা নেই। একটা উদাহরণ দিতে চাই- বামফ্রন্ট সরকারের বন্ধু সরকার, কেন্দ্রীয় সরকার, খুব শীঘ্রই বাজেট পেশ করেছেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** লেজুর কথা বাদ যাবে।

**শ্রী সঞ্জীব কুমার দাশ ঃ** তাতে মহারাষ্ট্রের বস্ত্র শিল্পে ছাড় দেওয়া হয়েছে, কিন্তু পশ্চিমবঙ্গের পাট শিল্পের জন্য কেন্দ্রীয় বাজেটে একটা কথাও বলা হয় নি। এই হচ্ছে বন্ধু সরকারের নমুনা।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পাটশিল্প এবং পাট চাষীদের যে সমস্যা, সেই সমস্যা কার জন্য, সেটা আলোচনা না করে তার সমাধান কি করে করা যায়, সেই বিষয়েই ভাবনা-চিন্তা করা দরকার। আমি মনে করি, পশ্চিমবঙ্গের পাট শিল্প এখনও পশ্চিমবঙ্গের অর্থনীতিতে জোয়ার আনাতে পারে। কিন্তু সরকার নিরব। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বলতে চাই, আজ সমগ্র পাশ্চাত্যে একটি আন্দোলন শুরু হয়েছে, দুষণ বিরোধী আন্দোলন। তাতে পরিস্কার ভাবে বলা হয়েছে যে, আমাদের আবার প্রাকৃতিক তন্তু ব্যবহার করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিদেশে-অস্ট্রেলিয়া, আমেরিকা প্রভৃতি পাশ্চাত্য দেশগুলিতে যে প্যাকেজিং শিল্প আছে, তাতে প্রাকৃতিক তন্তু ব্যবহার করার জন্য আইন করা হয়েছে। আর আমাদের এই পশ্চিমবঙ্গে বিদেশি লগ্নীকে অবারিত করার জন্য প্রকৃতির তন্তুর পরিবর্তে কৃত্রিম তন্তু কে উৎসাহ দেওয়া হচ্ছে, এই রাজ্য সরকার এতে মদত দিচ্ছে। এর একটাই উদ্দেশ্য, ভারতবর্ষের এই বিশাল বাজারটাকে দখল করা। কিন্তু এই কৃত্রিম তন্তু ব্যবহার করলে মানুষের শরীরের যে ক্ষতি হবে, তার বিরুদ্ধে দল-মত নির্বিশেষে আমাদের আন্দোলন করা দরকার। এটা বোঝা দরকার আছে আমাদের। আমি আবার বিনীত ভাবে বলতে চাই, সরকার এবং মালিক যদি ঠিক সময় নজর দিত, তাহলে এই পাট শিল্পের অবক্ষয় রোধ করা যেত। কিন্তু কি কেন্দ্রীয় সরকার, কি রাজ্য সরকার এই বিষয়ে নজর দেয়নি। (১) এই পাটশিল্পে ইমিডিয়েট গবেষণার দরকার আছে, বৈচিত্র আনার দরকার আছে, পাট চাষীদের উপযুক্ত ভাবে ট্রেনিং দেওয়ার দরকার আছে। রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকার তা করেনি। এই শিল্প কারখানায় এক একটা মেশিনের বয়স ৭৫ বছর হয়ে গেলেও তাকে অপসারণের চেষ্টা মালিক এবং সরকার করেনি। সবচেয়ে বড় কথা, কাঁচা পাটের দামের অস্থির বিচরণ। কখন কি দাম পাওয়া যাবে, তা কেউ বলতে পারে এমন সাধ্য নেই। কাঁচা পাটের এই অস্থির বিচরণ রোধ করতে হবে। পাট চাষীরা উপযুক্ত দাম পাচ্ছে না, সরকার নীরব থেকে গেছে। এই ব্যাপারে সরকারকে উদ্যোগ নিতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের অবস্থা দেখুন ৯১-৯২ সালে এখানে চাষের এলাকা ছিল ৫.৭০ লক্ষ হেক্টর, ৯২-৯৩ সালে তে কমে গেল ৪.৯০ লক্ষ হেক্টর, ৯৩-৯৪ তে আবার কমল ৪.৭৫ লক্ষ হেক্টর। ৯৪-৯৫ সালে কিছুটা বেড়েছে। কিন্তু বেশি পরিমাণে কাঁচা পাট চাষ করতে পারছে না। এই ব্যাপারে সরকারকে উদ্যোগ নিতে হবে। মাননীয় মন্ত্রী মহোদয় নিশ্চয় জানেন, আজকে পাটশিল্প একটা ভীষণ অবস্থার মধ্যে দাঁড়িয়ে আছে। এক্ষেত্রে মালিক এবং সরকারের দায়বদ্ধতা অস্বীকার করা যায় না। ১৯৭৭ সালের পর নিউ সেন্ট্রাল জুটমিলের ইতিহাস

স্মরণ করুন। এই কোম্পানির ১৩ হাজার শ্রমিকের আত্মত্যাগ এবং ঐক্যবদ্ধ আন্দোলন ভারতবর্ষের শ্রমিক আন্দোলনে একটা দৃষ্টান্ত হয়ে থাকবে। আপনি জানেন যে, ৭৭ সালের পর কোম্পানিটি রুগ্ন হয়ে যায়। ১৯৮৭ পর্যন্ত এই নিউ সেন্ট্রাল জুটমিলে ক্ষতির পরিমাণ ছিল ২২ কোটি ৮১ লক্ষ ১১ হাজার টাকা। এরপর শ্রমিকরা আন্দোলন শুরু করল, নিজেরা দায়িত্ব নিল। এর ফলে হল কি? ৯২-৯৩ সালে নিউ সেন্ট্রাল জুটমিলে লাভ হয়েছিল ৩ কোটি ১৭ লক্ষ টাকা। আবার তারা বিপাকে পড়েছে।

[3-40—3-50 P.M]

কিন্তু এই শ্রমিকদের উজ্জিবনের ঘটনা পশ্চিমবাংলার ইতিহাসে ঘটেছে। এতে সরকারের ভূমিকা ছিল শ্রমিক বিরোধী, আর মালিকদের আচরণ ছিল তস্করের মত। তাই রাজ্য সরকার এবং মালিকরা একজোট হয়ে পাট-শ্রমিকদের অবমাননা করেছেন, তাদের অধিকার ন্যায্যত আপনারা মানেননি। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই, পাট-শিল্পের বাজার বহু-বিস্তৃত এবং এটা সারা ভারতবর্ষ জুড়ে অপেক্ষা করছে। তার মধ্যে পাটও পাট-মিশ্রিত তন্তুর কার্পেট, পাট ও পাট মিশ্রিত তন্তুর কম্বল, পাট-জাত দ্রব্যের থলে, পাট এবং প্ল্যাস্টিকের সম্বয়ে উৎপাদিত নানা রকম সমঞ্জাম - ফল এবং সব্জীর মোড়ক, প্রভৃতি। আজকে বম্বের সিমেন্ট বিল সরকারকে কন্ট্রোস করছে পাটের বাবহারের ব্যাপারে। এনিয়ে কোর্টে কেস হয়েছিল। সেখানে তারা বিদ্যুৎ এবং বস্ত্র শিল্পে ছাড়ের ব্যবস্থা করেছেন। আজকে কেন্দ্রে বন্ধু সরকার এসেছেন। কিন্তু তাঁরা পশ্চিমবাংলার পাট শিল্প সম্বন্ধে একটা কথাও বললেন না। যে জুট কর্পোরেশন আছে তারা তাদের দায়িত্ব ঠিক ভাবে পালন করছেন না। এটা আমি দায়িত্ব নিয়ে বলছি। ৯ কোটি টাকা খরচ করে তাদের আবার পোষা হচ্ছে। কিন্তু তারা পাট ঠিক ভাবে কিনছেন না এবং তাদেরকেই এব্যাপারে দায়ী করা উচিৎ। তাই আমি প্রস্তাব দিচ্ছি, রাজ্য সরকার নিজে একটা জুট কর্পোরেশন করে চাষীদের থেকে ন্যায্য-মুল্যে পাট কিনতে পারেন কিনা সেটা ভাববার সময় এসেছে। আশা করা হচ্ছে, এবারে পাটের বাম্পার ক্রপ হবে, ভালো হবে। কিন্তু কাদের লাভ হবে? সমগ্র পাট ব্যবস্থায় ফাটকা-বাজী চলছে। জুট কর্পোরেশন পাট কিনছে না, চাষীরা পাট নিয়ে চুপ-চাপ বসে আছে। তাই স্যার, আপনার মাধ্যমে বলছি, যদি পাট-শ্রমিকদের প্রতি এতটুকু মমতাও থাকে তাহলে রাজ্য সরকার একটা জুট-কর্পোরেশন গঠন করুন। এই সর্বদলীয় প্রস্তাবকে নীতিগত ভাবে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিদ্যুৎ গাঙ্গুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পাটের ব্যাপারে এখানে যে প্রস্তাব এসেছে তার মূল-সুরকে আমি সরকার পক্ষ থেকে সমর্থন করছি। পাট শিল্পের বিষয়ে এর আগেও বিধানসভায় সর্বসম্মত প্রস্তাব এসেছে। আমি একটা প্রশ্ন করে আমার বক্তব্য শুরু করব। মাননীয় সদস্য পঙ্কজবাবু একটু আগে উষ্মা প্রকাশ করছিলেন যখন কিনা আমাদের মাননীয় সদস্য নির্মল দাস মহাশয় বক্তৃতা করছিলেন। আপনাদের দু-জন সদস্য এই প্রস্তাবে সই করেছিলেন, একজন আব্দুল মান্নান সাহেব আর অপর জন হলেন মাননীয় সদস্য সৌগত রায়। কিন্তু এই প্রস্তাবের সঙ্গে আপনাদের বক্তৃতার কোনও মিল আছে? ওখানে কোথায় 'ওয়েস্ট বেঙ্গল জুট কর্পোরেশন খোলার কথা বলা হয়েছে?' সভার শুরু থেকে আমি মনোযোগ সহকারে সকলের বক্তব্য শুনেছি। কেউ প্রস্তাবের বিপক্ষে বলেন নি। আপনাদের তরফ

থেকেই প্রথমে শুরু করা হয়েছে। এখানে দুজন সদস্য - একজন মাননীয় আবু সুফিয়ান সরকার এবং আরেকজন এখন কার কেন্দ্রীয় সরকারের বাজেট সম্বন্ধে বললেন। কিন্তু এর আগে ওখানে যে সরকার ছিল তারা এই ব্যাপারে কি করেছে? দেবপ্রসাদবাবুও এ সম্বন্ধে বলেছেন। সত্যি সত্যিই তলিয়ে দেখা উচিত যে সংকটের গভীরতা কোথায়, এই রকম একটা সর্বদলীয় প্রস্তাব আমরা আনছি। এই সব কারণে সব দলের এম.এল.এর. দিল্লী গিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করবো, দাবি-আদায়ের জন্য চাপ দেবো। এটা করতে গিয়ে আক্রমনের ধারটা যদি রাজ্য সরকারের উপর চালিয়ে দেওয়া হয়, আপনারা অসত্য কথা বলেন, তাহলে সেটা বিধানসভাকে বিব্রত করা হয়। আমি বলছি চটশিল্পে এখন গুরুতর সমস্যা দেখা দিয়েছে যে, ১৯৮৭ সালের যে কমপালসারি প্যাকেজিং অ্যাক্ট তৈরি হয়েছিল তাকে চ্যানেঞ্জ করছে সুগারের মালিকরা, সিমেন্ট মালিকরা, ফার্টিলাইজার থেকে এবং ফুডের একটা অংশ থেকে এবং ভারতবর্ষের বিভিন্ন হাইকোর্টে মামলা শুরু হয়েছিল। সেই সব মামলা তুলে নিয়ে সুপ্রীমকোর্ট একটা সিদ্ধান্ত দেন এবং তাতে আগের আদেশই বহাল আছে, সেটা হচ্ছে ওদের ব্যাগ কিনতে হবে এবং তার একটা পার্সেন্টেজ করা আছে যে সুগারকে এতো, ইউরিয়াকে এতো, সিমেন্টকে এতোটা কিনতে হবে। একমাত্র ফুড ছাড়া সকলেই ভায়োলেট করেছে। সুপ্রীমকোর্ট যখন ১৯৮৭ সালে কেন্দ্রীয় সরকারের আইনকে ভ্যালিড করলো। দিল্লির টেক্সটাইলস্ মিনিস্ট্রি থেকে যে অর্ডার বেরোবে এবং সেটা যারা ভায়োলেট করবে, তাদের ধরার জন্য যে অর্ডার সেটা বেরোতে অসুবিধা হচ্ছে এবং দেরি হচ্ছে। অন্তত এটা করাব জন্যই আমাদের যাওয়া দরকার। বিধানসভার একটা প্রতিনিধি দলের যাওয়া দরকার। যদিও রাজ্য সরকারের থেকে যথেষ্ট চেষ্টা হয়েছে। এ বিষয়ে ইউনিয়ন টেক্সটাইলস্ মিনিস্ট্রীকে অর্থাৎ আর.এল. জালাপ্পাকে মাননীয় মুখ্যমন্ত্রী অবগত করার জন্য ১০ই জুন তারিখে প্রধানমন্ত্রীকে চিঠি দিয়েছেন। মুখ্যমন্ত্রী জে.সি.আই.-এর ভূমিকা নিয়ে টেক্সটাইলস্ মিনিস্টারকে ১০ই জুন তারিখে চিঠি দিয়েছেন। ইউনিয়ন লেবার মিনিস্টারকে আমাদের শ্রমমন্ত্রীকে চিঠি দিয়েছেন জে.সি.আই. সংক্রান্ত ব্যাপারে। ২৫ তারিখে সব এম.পি.রা গিয়েছিলেন এবং সুপ্রীমকোর্টের এই রায় বেরিয়েছে ২৫.৪.৯৬ তারিখে। অ্যাডভাইসারি স্ট্যান্ডিং কমিটি দিল্লিতে আছে এই রায়কে বিবেচনা করে অর্ডার বের করার জন্য, সেখানে আমাদের রাজ্যসরকার-এর প্রতিনিধিরা ১১.৬ এবং ১২.৬ এই দু-দিন খুব ফোর্সফুলি বক্তব্য রেখেছেন এই জুটশিল্পকে বাঁচাবার জন্য। এখন আমাদের চেষ্টা করতে হবে যাতে সুপ্রীমকোর্ট যে আইনকে বহাল রেখেছে তা যাতে কেউ ভায়োলেট করতে না পারে, তাকে অন্য রকম করতে না পারে এবং প্রতিটি সেক্টর যাতে চটের অর্ডার দিতে বাধ্য হয় এটা চেষ্টা করতে হবে। তার সঙ্গে চটশিল্পের মালিকদের অপেশাদারী যে মনোভাব আধুনিকীকরণের বিরুদ্ধে যে মনোভাব, শ্রমিক বিরোধী মনোভাব সে সব জিনিস নিয়ে একটা কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সর্বদলীয় প্রতিনিধি দল দিল্লিতে কেন্দ্রীয় সরকারের কছে যাওয়া জরুরি, আমি এটা সমর্থন করছি।

(নয়েজ)

আমার এলাকায় তিনটি চটকল বন্ধ আছে, তার মধ্যে দুটি খুলবে আর একটি এ মাসের মধ্যেই খুলে যাবে। বন্ধ থাকার জন্য কি রাজ্য সরকার দায়ী? মাননীয় আবুসুফিয়ান

সরকার যা বলেছেন যে এই অবস্থার জন্য রাজ্য এবং কেন্দ্রীয় সরকার সমানভাবে দায়ী। আমি এটা বলবো না যে উনি চটশিল্প সম্বন্ধে কিছু জানেন না, কিন্তু আমি বলবো যে এই ধরনের দলবাজী করা উচিত নয় এই ধরনের প্রস্তাবের মধ্যে। আরেক সদস্য সঞ্জীব দাস উনিও রাজ্য সরকারকে দোষারোপ করলেন, পার্টিতে পজিশন রাখার জন্যই তিনি এসব বললেন।

[3-50—4-00 P.M]

এখানে তো আপনারা ভাল ভাল কথা বলছেন, অথচ কেন্দ্রীয় সরকারে কংগ্রেস থাকাকালীন জুট কর্পোরেশন অফ্ ইন্ডিয়ার ১২টা বাজিয়ে দিয়েছেন, সেটা বলার সাহস হল না! তারপর উনি পৃথিবীর উদাহরণ টানলেন। আমি ওঁকে বলি, কিছু সীমাবদ্ধ ক্ষেত্র ছাড়া পশ্চিমবঙ্গ সরকার কৃত্রিম-তন্তুকে পাটকে বিকল্প হিসাবে কোথাও গুরুত্ব দিচ্ছেনা। আমরা ঐ কাজ করছিনা, ঐকাজ করছে মহারাষ্ট্র সরকার, গুজরাট সরকার। তারপর সঞ্জীব-বাবু 'নিউ সেন্ট্রাল জুট মিল' সম্বন্ধে যা বললেন তা শুনে আমি অবাক হয়ে গেলাম! উনি বললেন 'ওখানে রাজ্য সরকার প্রচন্ড শ্রমিক বিরোধী মনোভাব নিয়েছে।' এটা আপনার জানা, না শোনা, তা আমি জানিনা। তবে আপনি জেনে রাখুন নিউ সেন্ট্রাল জুট মিলে শ্রমিকদের ৫২ শতাংশ শেয়ার, আর ৪২ শতাংশ পশ্চিমবঙ্গ সরকারের। এই কারখানাটা বজবজে অবস্থিত। আজকে সকালেই আমি অশোক দেবের মেনশনের উত্তরে বলেছি যে, এই কারখানায় দু-বার রিহ্যাবিলাইটেশন প্যাকেজ হয়েছে। বি.আই.এফ.আর.-এর সুপারিশ অনুযায়ী সেলস্ ট্যাক্স, টার্ম লোন এবং অন্যান্য গ্রান্ট ছাড় দেওয়া হয়েছে। তা ছাড়া রাজ্য সরকারের ওপর নির্দেশ ছিল ৭ কোটি টাকা অতিরিক্ত দেবার-ইক্যুইটি ছাড়াও-আমরা সেখানে ১৪ কোটি টাকা দিয়েছি। এবং তিন বছর লাভ করা সত্ত্বেও ওদের লাইবিলিটিস কত জানেন? ১৪৮ কোটি টাকা। এটা একটা সিরিয়াস ব্যাপার, অত লোক ওখানে চাকরি করেন, সেজন্য আমাদের মুখ্যমন্ত্রী বিশেষভাবে চেষ্টা করছেন। আমরা সাধ্য মতো চেষ্টা করছি। কিন্তু এ ক্ষেত্রে উনি কি করে বললেন যে, রাজ্য সরকারের শ্রম বিরোধী মনোভাবের জন্য ওটা বন্ধ আছে? এ মাসেই আমরা ওদের ১ কোটি টাকা দিয়েছি। ৪ কোটি টাকা স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে পাইয়ে দিয়েছি, স্টেট গভর্নমেন্ট তার গ্যারান্টার। ৩ কোটি টাকা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে পাইয়ে দিয়েছি, স্টেট গভর্নমেন্ট তারও গ্যারেন্টার। তাহলে ঐ কথা উনি বললেন কেন! আমরা ৭ কোটি টাকার জায়গায় ১৪ কোটি টাকা দিয়েছি। একদম যেখানে দেবার কথা নয়, সেখানে এই জুলাই মাসেই ১ কোটি টাকা দিয়েছি। এরপরেও কি বলতে পারেন যে, আমরা প্রচন্ড শ্রমিক বিরোধী ভুমিকা নিয়েছি? গত পরশু দিন মাননীয় মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় অর্থমন্ত্রী চিদাম্বরণকে একটা চিঠি লিখেছেন এবং মুরাসলি মারানকেও একটা চিঠি লিখেছেন ১০ কোটি টাকা ন্যাশনাল রিনিউয়াল ফান্ড থেকে দেবার জন্য। আসল কথা হচ্ছে, বি.আই.এফ.আর.-এর প্যাকেজ অনুযায়ী আমাদের দেবার কথা ছিল ৭ কোটি টাকা, আমরা দিয়েছি ১৪ কোটি টাকা। আর ন্যাশলাল রিনিউয়াল ফান্ড থেকে কেন্দ্রীয় সরকারের দেবার কথা ছিল ১০ কোটি টাকা। ১০ কোটি টাকা কেন, ১ টাকাও আগের কেন্দ্রীয় সরকার-কংগ্রেসি সরকার-দেয় নি। ৭ কোটি টাকার জায়গায় ১৪ কোটি টাকা আমরা দিয়েছি। আরও দিতে রাজি হওয়া সত্ত্বেও কেন্দ্রীয় সরকারের বস্ত্র মন্ত্রক কোনও টাকা দিল না। তার জন্যই

আজকে নিউ সেন্ট্রাল জুট মিলের এই অবস্থা হয়েছে। এর জন্য সম্পূর্ণ দায়ী পূর্বতন কংগ্রেসি কেন্দ্রীয় সরকার। আর এখানে আজকে সঞ্জীববাবু বললেন, 'রাজ্য সরকার নিউ সেন্ট্রাল জুট মিলে প্রচন্ড শ্রমিক বিরোধী মনোভাব গ্রহণ করেছে।' এই যাঁদের বক্তব্য তাঁদের সঙ্গে এসব বিষয়ে কি আলোচনা করব! এদের সঙ্গে কি আলোচনা করা যায়? এদের সঙ্গে কোনও আলোচনা করা যায়না। যাই হোক আমি সর্বদলীয় প্রস্তাব সর্বান্তকরণে সমর্থন করছি। আমাদের রাজ্যে এবং গোটা দেশে চটকল গুলিতে যে মাল তৈরি হয় তার বাজার আমাদের দেশের মধ্যে যথেষ্ট আছে। বিদেশেও আছে। তবে বিদেশে এখন একটু প্রতিযোগিতা এসে গেছে। দেশের মধ্যে যে বাজার আছে সে বাজারের জন্য আমাদের খুব বড় করে দাবি করতে হবে। সবগুলো দাবি হয়ত পূরণ হবেনা। তবুও কমপ্যালসারি প্যাকেজিং অ্যাক্ট ১৯৮৭ যেভাবে হয়েছে সেভাবেই তাকে কার্যকর করতে হবে। সিমেন্ট, ফার্টিলাইজার, ইউরিয়া, সুগার, ফুড প্রভৃতির প্রতিটি ক্ষেত্রেই তা মানতে হবে, কেউ যেন তা ভায়োলেট করতে না পারে। যেটার জন্য ১০০% বলা আছে, সেটার ১০০%-ই নিতে হবে। যেটার জন্য ৫০% বলা আছে সেটার জন্য ৫০% ই নিতে হবে। এটা হলে চটকলগুলির যা ক্যাপাসিটি তাতে তারা ফিউচারে ঠিকভাবে চলতে পারবে। এই হল এক। দ্বিতীয় হচ্ছে, জি.সি.আইকে পুনরায় শক্তি দিতে হবে। আগেকার কেন্দ্রীয়সরকার ডুবিয়েছে, এখনকার কেন্দ্রীয়সরকারকে করতে হবে। মাঝখানে ফাটকাবাজরা দাম বাড়ায়, কমায়, হোডিং করে। চাষীরা যাতে সাহায্য পায়, তাদের ফসলের ন্যায্য দাম পায় এবং তেমনিভাবে চটকলগুলি যাতে ঠিকভাবে চলতে পারে, কৃত্রিম অভাব যাতে তৈরি না হয়-এটা জে.সি.আইকে তৈরি করতে হবে। এই দুটি দাবি সাময়িকভাবে সামনে রেখে সমস্ত আধুনিকীকরণ, রাষ্ট্রীয়করণের বিষয় নিয়ে সর্বদলীয় প্রতিনিধিদল দিল্লিতে যাক এই প্রস্তাবকে আমি সমর্থন করছি।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি খালি দু-একটি কথা বলবো। মাননীয় শিল্পমন্ত্রী বিদ্যুৎবাবু বলেছেন। আমি ভেবেছিলাম আজকে এই পাট চাষী, পাট শিল্প সম্বন্ধে সমস্ত জিনিসটা সিরিয়াসলি ভেবে সেইরকম একটা আলোচনা এখানে হবে ভেবেছিলাম। কিন্তু আমি দুঃখিত, মাঝেমাঝে যে হাওয়াটা দেখলাম তাতে সর্বদলীয় প্রস্তাবের উপর আলোচনা হচ্ছে, না বাজেট বক্তৃতার রিপিটেশন হচ্ছে সেটা আমি বুঝতে পারলাম না। তবে সৌগতবাবু আপনাকে আমি বলছি, যেহেতু আপনি ট্রেড-ইউনিয়ন করেন, সেইজন্য বলছি, একটা অবশ্য বাঁচোয়া যে এখানে পাট চাষীরা নেই বা চটকলের শ্রমিকরা নেই, যারা বাইরে গেলে কৈফিয়ত চাইবেন, তোমরা আমাদের নিয়ে ঠাট্টা-তামাশা বা ঝগড়া-বিবাদ করছো কেন? এটা একটা সান্ত্বনা। যাইহোক, আমি সভ্যদের কাছে বলবো, ব্যাপারটা খুবই সিরিয়াস। গোটা পশ্চিমবাংলায় আমরা প্রত্যক্ষভাবে জড়িত এবং আমাদের সঙ্গে দুটি স্টেট জড়িত যেখানে পাট চাষ হয় এবং যেখান থেকে শ্রমিকরা আসে বাইরের যে কয়েকটি মিল আছে। সেটা আমি বলছি না।১৩টি মিল আছে। বিহার, ইউ.পি অন্ধ্র প্রভৃতি রাজ্যে আছে। এগুলি ছোট-খাট, নানারকমভাবে চলছে। কিন্তু এখানে আমাদের পাট চাষ সম্বন্ধে একজন বলেছিলেন-আমি কারো নাম বলতে চাই না, কিন্তু ঘটনাটা এই এবং আমার নিজের অভিজ্ঞতাও আছে, আগে এখানে পাটকল তৈরি হয়েছিল এবং পাট আসতো এখন যেটা বাংলাদেশ সেখান থেকে। দেশ যখন ভাগ হয়ে গেল তখন পন্ডিত নেহেরু বলেছিলেন, মিলগুলি পশ্চিমবাংলায় থাক আর তোমরা পাট চাষ করো তোমাদের ধানের জমিতে। যে সর্টেজ হবে ধান, সেটার জন্য অন্য

ব্যবস্থা করে দেব। সেইসব অন্য ইতিহাস, আমি তাতে যেতে চাইছি না। ৪২০, মাইলো এইসব আমরা খেয়েছি। যাদের সেই সুযোগ হয়েছিল তারা জানে আর যাদের সেই সুযোগ হয়নি তারা জানে না। তারপর গ্রো করলো, প্রবলেম দেখা দিল। এই পাট ট্রেডারস-এর হাতে চলে যাচ্ছে এবং এই ট্রেডারসরা অনেকেই মিল-মালিক ইত্যাদি। এইসব নিয়ে আন্দোলন চলে এবং সেটা সকলে মিলে করে যারফলে কেন্দ্রীয় সরকার সাপোর্ট প্রাইসের সিদ্ধান্ত নেন, প্রতি বছর জুট করপোরেশন একটি সংস্থা তারাই পাট কিনবে। এই সময়ে যখন এই সরকার এলো-আমি একটু মনে করিয়ে দিই, ডঃ অশোক মিত্র মহাশয় তিনি একটি কথা বলেছিলেন, আমাদের পাট বিক্রি করতে দাও, টাকা তোমরা দাও, আমরা কাঁচা পাট কিনতে পারি গ্রাম পঞ্চায়েতের মারফত। এটা কেন্দ্রীয় সরকার দেননি এবং জুট করপোরেশন অফ ইন্ডিয়া গত ৩ বছর ধরে তারা টাকা-পয়সা দিচ্ছে না। আরো আমি এই জন্য বললাম, ইতিমধ্যে ৬টি মিল আমাদের কেন্দ্রীয় সরকার নিয়েছিলেন। এর অনেক আগে থেকে চলছে, সেগুলি ভাল, ভাল, মিল।

[4-00—4-10 P.M]

এন.জে.এম.সি. তারা জে.সি.আই. থেকে পাট কিনতো। এবং পাটের যখন লীন সিজন হয়, পাট যদি কোনও কারনে চাষ না হয় বা পাট যদি ডেফিসিট হয়ে যায়, জি.সি.আই.স্টক, সেই স্টক হচ্ছে যে মিলগুলো ফাইনানসিয়্যালি কিছুটা উইক তারা নিতো। সেটা দেখা গেল বন্ধ হয়ে গেল। ওরা টাকা দিলেন না এবং ওরা বললেন এন.জে.এম.সি.র কাছে আমরা পাট বিক্রি করেছি, ওরা টাকা দেয় না, এন.জে.এম.সি. বললেন আমাদের শর্টেজ হচ্ছে, কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে না। এই রকম ভাবে গোলমাল হয়ে গেল সব। এই হচ্ছে পাটের অবস্থা। এবং এন.জে.এম.সি. তারাও বাইরে থেকে পাট নিচ্ছে। এই বছরে সিচুয়েশনটা খুব অ্যাকটিভ। সেই কারণেই আবার আর একটা প্রবলেম দেখা দিয়েছে। এই সমস্ত ব্যাপারটা কনট্রোল করে জুট কমিশনার অব ইন্ডিয়া।

**মিঃ স্পিকার ঃ** টাইম এখন শেষ হয়ে যাচ্ছে, সেইজন্য আরও কুড়ি মিনিট সময় বাড়িয়ে দিচ্ছি।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** সেখানে জুট কমিশনার, তিনি কেন্দ্রীয় সরকারের অধীনে। জুট শর্টেজ কী ভাবে হবে না হবে, কেউ যাতে হোর্ডিং না করে, সেটা দেখার দায়িত্ব তাঁর। আইন আছে যে মিলগুলি এর চেয়ে বেশি কাঁচা পাট রাখতে পারবে না। এবং মিলগুলো ফিনিশড গুডস্ এর চেয়ে বেশি রাখতে পারবে না, সেটা তার দেখার দায়িত্ব। তিনি সেটা দেখে বিবেচনা করে আমাদের যদি বলেন, স্টেট গভর্নমেন্টকে বলেন, আমাদের অ্যাডমিনিস্ট্রেশনের পক্ষ থেকে আমরা স্টেপ নিই। পুলিশ ইত্যাদি এই সব দিয়ে। কয়েক বছর আগে একবার হয়েছিল। এবারে আমরা সেই জায়গাটা তাকে দিয়ে বেশি করাতে পারিনি। বিভিন্ন কারণে করাতে পারিনি, সেই বিষয়ে আমি যাচ্ছি না। আমি কিছু শুনেছি, কেন হয়নি। যার ফলে প্রবলেমটা আরও অ্যাকটিভ হয়ে গেছে এবং কিছু কিছু লোক জুট হোল্ড করেছে সেই বিষয়ে কোনও সন্দেহ নেই। গত বছর যেহেতু আগেকার দিনে জি.সি.আই. এর একটা সারপ্লাস ছিল এবং বাংলাদেশ থেকে একটা পাট আসতো, তার ফলে ৯।। লক্ষ বেল আমরা একটা সারপ্লাস পেয়েছিলাম। কিন্তু এবারে সেটা নেই, যেটা ক্যারি ওভার করতে সেখানে দু লক্ষ

মাত্র বেল সারপ্লাস হয়েছে এবং সেটা নিয়ে তারা খেলাধুলা করেছে। এর সঙ্গে যে দুটো বর্তমানে শুনেছি যে কমপালসারি প্যাকেজিং বা জুট ব্যাগ, এই যে অর্ডারটা ছিল, এই অর্ডারটা এর আগের গভর্নমেন্টটের সঙ্গে মানেনি এবং সিন্থেটিক তৈরি করার জন্য কাসটমস, সিন্থেটিকের উপর ইমপোর্ট লাইসেন্স, তার ট্যাক্স কমিয়ে দেওয়া হয় এবং গত কয়েক বছর ধরে বিভিন্ন জায়গায় সিন্থেটিক থেকে সুতো তৈরি করে, কাপড় তৈরি করে গুজরাট, মহারাষ্ট্র, ম্যাঙ্গালোরে তার জন্য কারখানা তৈরি করার ব্যবস্থা কতরে দেওয়া হয়, ফাইন্যান্স করে দেওয়া হয় এবং সেই লবি হচ্ছে ভীষণ পাওয়ারফুল লবি। যাই হোক সুপ্রীমকোর্টে তারা চ্যালেঞ্জ করেন এবং গভর্নমেন্ট অব ইন্ডিয়ার সিমেন্ট ইত্যাদিতে যারা আছে তারাও কমপালসারি ইয়ুজ অফ এটা মানেনি। ফার্টিলাইজার, সুগার, ইত্যাদি মানেনি। সুপ্রীমকোর্ট এবারে যখন অর্ডারটা দিলেন যে ঐ অ্যাক্টটা হচ্ছে ভ্যালিড, তখনই দেখা যাচ্ছে এটাকে নানা ভাবে বানচাল করার চেষ্টা হচ্ছে। মুখ্যমন্ত্রী নির্দেশ দেন-একটা কমিটি করেছে ওরা তাতে আমাদের সেক্রেটারি গেছেন, উনি নিজেও চিঠি পত্র লিখেছেন, এটা যদি না হয়, এর থেকে আমি শুনছি সিমেন্ট লবি বেরিয়ে যাচ্ছে। তাহলে মার্কেটের অবস্থা খুব খারাপ হবে। বা আরও যে দু একটা প্রপোরশন আছে, সেটা যদি না থাকে ৫০ পার্সেনটের জায়গায় যদি কমে যায় তাহসে খারাপ হবে। ফর্টিলাইজারও বেরিয়ে যাবার চেষ্টা করছে এবং এইগুলো রাজ্য সরকার চালায় না। এইগুলো বেশির ভাগ গভর্নমেন্ট অব ইন্ডিয়ার আছে, কিছু প্রাইভেট সেক্টর আছে এবং এই যে সিনথেটিক ব্যাগস, এর মধ্যে আবার কিছু জুটের মালিকও আছে। তারাও অনেক দিন ধরে তৈরি করেছেন। সুতরাং এই ইশ্যুটা খুব ইমপটান্ট ইশ্যু এবং কাঁচা পাট কেনার যে ব্যবস্থা এবং স্টকিস্টরা সেটা যাতে কিছুটা স্টেট কনট্রোলে থাকে, সেটাও দেখার দরকার আছে। আমি অন্য বিষয়ে যাচ্ছি না। হ্যান্ড ওভার কারা, যেভাবে কোমপানিজ ল আছে, সেটা যদি চেঞ্জ না করা যায় তাহলে যে কোনও লোক একে ঐ যে জুট মিল আমি কিনে নিচ্ছি, লিজে কিনে নিচ্ছি, অমুকে কিনে নিচ্ছি, পুরানো টাকা দেবো না, হাই কোর্ট থেকে অর্ডার নিয়ে আসছে। এর ফলে আরও সর্বনাশ হয়ে যাবে। সেদিক থেকে আমি অনুরোধ করবো জিনিসটাকে গুরুত্ব সহকারে বিবেচনা করবেন। বাজেট বিতর্কের সঙ্গে এটাকে একসঙ্গে করবেন না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের শ্রমিক ও চাষীদের জীবনে এর চেয়ে জ্বলন্ত সমস্যা এই মুহূর্তে আর কিছু আছে বলে আমার জানা নেই। সেই সমস্যা নিরশনের জন্য আজকে এখানে এই সর্বদলীয় প্রস্তাব উত্থাপন করা হয়েছে। এই রাজ্যের ২।লক্ষ চটকলের শ্রমিক এবং ৪০ লক্ষ পাট চাষীর অর্থাৎ এই রাজ্যের প্রায় ৪২।। কোটি মানুষের স্বার্থের সঙ্গে জড়িয়ে আছে পাটশিল্পের সমস্যা। পাটচাষী এবং পাট শিল্পকে ফাটকা কারবারি এবং অসাধু ব্যবসায়ীদের এবং অসাধু শিল্পপতিদের হাত থেকে রক্ষা করার জন্য এই শিল্পের জাতীয়করণের দারি নিয়ে এই প্রস্তাব আজকে এখানে উত্থাপন করা হয়েছে। স্যার, আমাদের ৪০ লক্ষ পাটচাষী যাতে অভাবি বিক্রি করতে বাধ্য না হয় সেইজন্য ১৯৭১ সালে জি.সি.আই. গঠন করা হয়েছিল ভারতসরকারের পক্ষ থেকে। এই সংস্থাটি গঠন করার সময় বলা হয়েছিল মনোপলি প্রকিওরমেন্ট হবে জুটের এই সংস্থাটির মাধ্যমে যাতে চাষীরা ফাটকাবাজদের খপ্পরে না পড়ে। অত্যন্ত দুঃখের কথা আপনারা শুনেছেন, গত

তিন বছর ধরে জে.সি.আই. কোনও পাট কিনছে না। ফলে পাটচাষীদের আজকে পারোপুরি অসাধু ব্যবসায়ী এবং ফাটকা কারবারিদের হাতে তুলে দেওয়া হয়েছে এবং তারা মার খাচ্ছে। এই প্রসঙ্গে স্যার, কটন কর্পোরেশন অব ইন্ডিয়ার কথাটাও একটু বলতে চাই। ঠিক যে উদ্দেশ্য নিয়ে জে.সি.আই. গঠিত হয়েছিল সেই একই উদ্দেশ্য নিয়ে কটন কর্পোরেশন অব ইন্ডিয়া গঠিত হয়েছিল মনোপলি প্রোকিরমেন্টের জন্য। কিন্তু স্যার, এখানে একটি বিমাতৃসুলভ আচরণ বা ব্যতিক্রমী চিত্র দেখা যাচ্ছে। কটন কর্পোরেশন অব ইন্ডিয়াকে রিজার্ভ ব্যাঙ্ক যথেষ্ট ফান্ড সাপ্লাই করলেও জে.সি.আই.ফান্ডের অভাবে পাট কিনতে পারছে না। আপনারা শুনেছেন ১৩০ কোটি টাকা তাদের ভারত সরকারের কাছে বাকি আছে। ফান্ডের অভাবে জে.সি.আই. কাঁচা পাট প্রকিওর করতে পারছেন না। এখানে তাই আমাদের ন্যায়সংগত প্রশ্ন, কটন কর্পোরেশন অব ইন্ডিয়া যে পারপাসে গঠিত হয়েছিল সেই একই উদ্দেশ্যে জে.সি.আই. গঠিত হলেও কেন এই বৈষম্যমুলক আচরণ করা হচ্ছে? আমাদের দাবি ভারতসরকারকে প্রয়োজনীয় তহবিল জে.সি.আই.-এর জন্য সরবরাহ করতে হবে পাটচাষীদের স্বার্থে। স্যার, আমরা দেখছি, এর ফলে পাটকলের মালিকরা পাট শিল্প রুগ্ন হয়ে পড়েছে এই দোহাই দিয়ে এবং কাঁচা পাটের অভাব এই দোহাই দিয়ে পাটশিল্পের শ্রমিকদের উপর আক্রমন চালাচ্ছে এবং সেখানে লে-অফ, লক-আউট ইত্যাদি করছে। মাননীয় শ্রমমন্ত্রী বলেছেন, লেটেস্ট রিপোর্ট হচ্ছে ১৪টি চটকল বন্ধ হয়ে গিয়েছে এবং তাতে প্রায় ৫০ হাজারের মতোন শ্রমিক প্রত্যক্ষভাবে কর্মচ্যুত হয়েছেন। স্যার, এটাই শেষ নয়, আরও মারাত্মক ছবি আপনার সামনে তুলে ধরছি। চটকলের মালিকরা শিফট কমিয়ে সপ্তাহে ২১টার জাষগায় ১২টি শিফট করেছে এবং কাজের ঘন্টা ৮ থেকে কমিয়ে ৪ ঘন্টা করেছে। মাননীয় মন্ত্রী মহাশয় যে ডাটা দিয়েছেন সেটা বিশ্লেষণ করলে দেখা যাবে পাট শ্রমিকদের এক তৃতীয়াংশই আজ কর্মচ্যুত। পাটশিল্প রুগ্ন হয়ে পড়েছে এই কথা বলে সেখানে শ্রমিকদের এইভাবে ছাঁটাই করা হচ্ছে এবং যারা কাজ করাচ্ছে তাদের উপর ওয়ার্কলোর্ড বেশি করে চাপিয়ে দেওয়া হচ্ছে। অথচ স্যার, পাটের বাজারের বিরাট প্রসপেক্ট। ভারতসরকারের একটি নোট থেকে আমি পড়ছি। তাতে ভারতসরকারে বলছেন "Presently industry is on the brik of great emerging opportunites due to just's inherent advantage of being a natural renewable bio-degradable and eco-friendly natural fibre and the positive development of many diversified jute industry."

[4-10—4-20 P.M]

আজকে ভারতবর্ষ গোটা ইউরোপ জুড়ে আমাদের ন্যাশনাল ফাইবার অর্থাৎ পাটজাত দ্রব্যের একটা বিরাট চাহিদা রয়েছে। আমরা দেখছি সেক্ষেত্রে পাটের প্রডাক্ট কিভাবে বেড়েছে। পাটজাত দ্রব্যের ডাইভারসিফাইড প্রডাক্ট ইন টার্মস অফ মানি ছিল ১৯৯২-৯৩ সালে ৬১,৬৫০ কোটি টাকা, ১৯৯৩-৯৪ সালে ৭০,১৯১ কোটি টাকা, ১৯৯৪-৯৫ সালে ৮৬,১২৮ কোটি টাকা (সোর্স ঃ ইকোনোমিক টাইমস, ১৯৯৪)। এইভাবে পাট উৎপাদন বেড়েছে, অথচ পাটশিল্প মালিকরা শিল্পে রুগ্নতার দোহাই দিয়ে এইভাবে শ্রমিকদের উপর আক্রমন নামিয়ে এনেছেন। ওরা বলছেন, দেশে নাকি কাঁচা পাটের অভাব রয়েছে। অথচ উৎপাদনের হিসাব বলছে, এখানে ৯০ লক্ষ গাঁটের বেশি কাঁচা পাট উৎপাদন হচ্ছে, অথচ দরকার হচ্ছে ৭২

থেকে ৭৮ লক্ষ গাঁট কাঁচা পাট। অর্থাৎ দেখা যাচ্ছে এক্ষেত্রে কাঁচা পাট সারপ্লাস থেকে যাচ্ছে। এক্ষেত্রে তারা কাঁচা পাট কম দামে কিনে হোল্ড করছেন এবং সেটা করে তারা বাজারে আর্টিফিসিয়ালি এর দামটা বাড়িয়ে দিচ্ছেন এবং তারফলে তারা দুমুখী লাভ করছেন। প্রথমত চাষীর কাছ থেকে কম দামে পাট কিনে লাভ করছেন এবং তারপর আর্টিফিসিয়ালি বাজারে কাঁচা পাটের দাম বেশি দেখিয়ে প্রডাকশন কস্ট বেশি পড়ছে দেখিয়ে শ্রমিকদের উপর আক্রমন নামিয়ে আনছেন। এইভাবে কাঁচা পাটের ফাটকা করে তারা ১০০ কোটি টাকা লাভ করেছেন। এটা তারা করতে পেরেছেন জে.সি.আই.-কে ডিফাক্ট করে রাখার ফলে। তাই আজকে এই হাউস থেকে অত্যন্ত ন্যায়সঙ্গতভাবে দাবি উঠেছে চটকল মালিকদের পাট নিয়ে ফাটকা এবং অসাধু ব্যবসার বিরুদ্ধে। এই জিনিস বন্ধ করতে হলে, শ্রমিকদের উপর মালিকদের আক্রমন বন্ধ করতে হলে শুধু মাত্র কাঁচা পাটের ব্যবসা পুরোপুরি সরকারের হাতে নেওয়া নয়, একমাত্র উপায় হচ্ছে চটশিল্পের জাতীয়করণ। তাই এই দাবিগুলি এখানে এনেছি যে, চটশিল্পের সমস্ত রকম বহির্বানিজ্য সহ চটজাতীয় ব্যবসার জাতীয়করণ। এর সমস্তটাই সরকারের নিয়ন্ত্রণে আনবার ব্যবস্থা করতে হবে এবং দেশে উৎপন্ন সমস্ত পাট ও মেস্তা ভারত সরকারের ক্রয়-বিক্রয়ের ব্যবস্থা করতে হবে, চাষীরা যাতে কাঁচা পাটের ন্যায্য মূল্য পান তার ব্যবস্থা করতে হবে, ক্রয়-বিক্রয়ের জন্য গুদামের ব্যবস্থা করতে হবে, পাট বাবসায়ীদের পরিচয়পত্র দিতে হবে, এবং পাটের মরশুমে পাট কেনার জন্য জে.সি.আই.-কে টাকা দিতে হবে। কারণ দেখা যাচ্ছে, জে.সি.আই. ব্যাঙ্ক থেকে লোন পাচ্ছে না, কারণ গভর্নমেন্ট গ্যারান্টার হচ্ছেন না এবং তারজন্য তারা তাদের ইনফ্রাস্ট্রাকচার ঠিক রাখতে পারছেন না। এমন কি, তারা নিজেদের কর্মচারিদের পর্যন্ত ঠিকভাবে স্যালারি দিতে পারছেন না এ-ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী এস.ও.এস. পাঠিয়েছেন। তাই রাজ্য সরকারের পক্ষ থেকে ভারত সরকারের উপর চাপ সৃষ্টি করা দরকার, কারণ এর সঙ্গে ৪০ লক্ষ চাষী, ২.৫ লক্ষ শ্রমিক এবং পশ্চিমবঙ্গের ২ কোটি মানুষের স্বার্থ জড়িত রয়েছে। তাই এই দাবি অবশ্যই পূরণ করবার জন্য ভারত সরকারকে এগিয়ে আসতে হবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সর্বশেষে বলছি, যে বিষয়টা অত্যন্ত মারাত্মক, ১৯৮৭ সালে 'জুট ম্যাটেরিয়ালস কন্ট্রোল অর্ডার, ১৯৮৭' নামে যে আইনটা পাস হয়েছিল তাতে ম্যান্ডেটারি ছিল যে, সমস্ত শিল্পগুলির ক্ষেত্রে-চিনি, খাদ্য ইত্যাদিতে চটের ব্যাগ ব্যবহার করতে হবে। আজকে বছরের পর বছর ধরে ১৯৮৭ সাল থেকে ১৯৯৬ এই ৯-১০ বছর ধরে তারা সরকারি আইনকে ভায়োলেট করে আসছে, তারা সিনথেটিক ব্যাগ ব্যবহার করছে চটের বস্তা ব্যবহার না করে। এটা পাট চাষীদের স্বার্থ বিরোধী কাজ, চটকল শ্রমিকদের স্বার্থ বিরোধী কাজ। এখন যাতে আইনমত চটের থলে ব্যবহার করতে বাধ্য হয় সেই ব্যবস্থা নিতে হবে এই ব্যাপারে সকলকে বাধ্য করাতে হবে। এই ব্যাপারে কোনও রকম ভাবেই স্যারেন্ডার করা চলবে না। আমাদের দল কয়েক বছর ধরে এই হাউসে দাবি করে আসছে যে চট শিল্প জাতীয়করণ করা হোক এবং এটা পাট চাষীদেরও দাবি। আমি আশা করি এবারে এই দাবি পূরণ হবে। বিশেষ করে কেন্দ্রে যখন বন্ধু ভাবাপন্ন সরকার আছে- আমাদের রাজ্যে যারা আছেন তাঁরা মনে করছেন - তখন কিছু প্রভাব খাটানো যেতে পারে। আজকে সেই প্রভাবকে কাজে লাগানো দরকার। আজকে এটা জনগনের দাবি এবং একটি সর্বদলীয় প্রস্তাব এসেছে, সরকারের এই ব্যাপারে ব্যবস্থা নেওয়া দরকার। আমি অন্য কিছু আর উত্থাপন করতে চাই

না। আগামী দিনে আমাদের রাজ্যের পাট চাষী, চট কলের শ্রমিক দীর্ঘ দিন যে দাবি করে আসছে সেটা পূরর্ণ হবে বলে মনে করি। আজকে চটকলের মালিকরা ই.এস.আই.-এর টাকা দিচ্ছে না, প্রভিডেন্ট ফান্ডের টাকা দিচ্ছে না, গ্রাচুইটির টাকা দিচ্ছে না, তাদের এটা ন্যায্য দাবি সেটা পূরণ করছে না। আজকে তারা টাকা চুরি করছে। দিনের পর দিন বছরের পর বছর এই একই জিনিস চলে আসছে। এটা আর চলতে দেওয়া যায় না। এই ভাবে আজকে চাষীদের স্বার্থ, শ্রমিকদের স্বার্থ নিয়ে ছিনিমিনি খেলা চলছে। সেই কারণে এই চট শিল্প জাতীয়করণ অত্যন্ত ন্যায়সংগত। আশা করি আমরা এই সর্বদলীয় প্রস্তাব নিয়ে বর্তমানে কেন্দ্রীয় সরকারের কাছে যাবো। এই রাজ্যের পাট চাষীর স্বার্থে শ্রমিকদের স্বার্থে এবং এই রাজ্যের একটা জলন্ত সমস্যা নিরসনের জন্য এটা তাঁরা মেনে নেবেন। আমাদের এই যৌক্তিকতা স্বীকার করে নেবেন। এই কথা বলে সকলে এই প্রস্তাবকে সমর্থন করার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Deba Prasad Sarkar that " যেহেতু পশ্চিমবঙ্গ বিধানসভা ইতিপূর্বে একাধিকবার এই রাজ্যে শ্রমিক এবং কৃষকগনের সার্বিক স্বার্থে চটশিল্প জাতীয়করণ এবং পাট ও পাটজাত দ্রব্যের সমস্ত প্রকার ব্যবস্থা অধিগ্রহণ করার জন্য ভারত সরকারের কাছে সুপারিশ করেছিল ঃ

যেহেতু পশ্চিমবঙ্গ বিধানসভার উপরোক্ত সুপারিশ গুলি এখনও পর্যন্ত কার্যকর হয় নি ঃ

যেহেতু পশ্চিমবঙ্গ বিধানসভার উপরোক্ত সুপারিশ গুলিতে বর্ণিত পাটজাত সামগ্রীর সঙ্গে সংশ্লিষ্ট শ্রমিক কৃষকসহ সমস্ত স্তরের মানুষের আর্থিক অবস্থার উদ্বেগজনক অবনতি ঘটেছে ঃ

যেহেতু এই শিল্পের সঙ্গে যুক্ত মালিকেরা এই শিল্পের সামগ্রিক উন্নতির জন্য পাটকলগুলির উন্নয়ন মূলক কোনও ব্যবস্থা গ্রহণে উদাসীন ঃ

যেহেতু এই শিল্পের মালিকরা শ্রমিকদের প্রতি কোনও দায়-দায়িত্ব পালন না করে শিল্পভিত্তিক চুক্তিগুলি লংঘন করে শ্রমিকদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করছে এবং গ্র্যাচুইটি ই.এস.আই ও প্রভিডেন্ট ফান্ডের বিপুল পরিমান অর্থ বছরের পর বছর বকেয়া রেখে শ্রমিকদের জীবন দুর্বিষহ করে তুলেছে ঃ

যেহেতু এই শিল্প মুষ্টিমেয় কয়েকটি শিল্পপতি কর্তৃক নিয়ন্ত্রিত এবং উক্ত শিল্পপতিরা শ্রমিক কৃষকসহ সমগ্র রাজ্যের জনগণের স্বার্থের কথা চিন্তা না করে বহু সংখ্যক মিলে লকআউট এবং শিফট্ কমিয়ে দেওয়ার ফলে হাজার হাজার শ্রমিক কর্মচ্যুত হয়েছে এবং পাটচাষীরা তাদের উৎপন্ন শস্যের ন্যায্য মূল্য না পাওয়ায় পাটচাষ সামগ্রিকভাবে বিপন্ন হচ্ছে ঃ

যেহেতু পাট ওঠার সাথে সাথে কৃষকদের কাছ থেকে যথার্থ দামে পাট কেনার ব্যবস্থা না থাকার ফলে এই রাজ্যের পাটচাষীরা অসাধু ব্যবসায়ী, ফড়িয়া ও দালালদের কাছে জলের দামে পাট বিক্রি করে দিতে বাধ্য হচ্ছে ঃ এবং

যেহেতু এই শোষণ ও বঞ্চনার ফলে সরকারি কাঁচাপাট ক্রয়-বিক্রয় করার এবং ভারত

সরকারের অধীনে মিলগুলি পরিচালনার দায়িত্ব নিয়ে পাটশিল্প জাতীয়করণ করার দাবি অপ্রতিরোধ্য হয়ে উঠেছে ঃ

সেহেতু এই সভা বর্তমান পরিস্থিতির মূল্যায়ন করে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে যে,

(১) অবিলম্বে চটশিল্প ও তার সমস্ত প্রকার বহির্বাণিজ্যসহ পাটব্যবসা ও পাটজাত দ্রব্যের ব্যবসা জাতীয়করণ ও সরকারি নিয়ন্ত্রণে আনার ব্যবস্থা করা হোক ঃ

(২) ভারতে উৎপাদিত সমস্ত প্রকার পাট ও মেস্তা ভারত সরকার কর্তৃক ক্রয়-বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করা হোক ঃ

(৩) কাঁচাপাটের ন্যায্য মূল্য ধার্য এবং তজ্জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হোক ঃ

(৪) পাট ক্রয়-বিক্রয়ের জন্য গুদাম তৈরি, পাটচাষীদের পরিচয়পত্র দান, ক্রয়কেন্দ্র খোলা প্রভৃতির ব্যবস্থা করা হোক ঃ

(৫) পাট ওঠার সাথে সাথে কৃষকদের কাছ থেকে উপযুক্ত দামে পাট কেনার জন্য জে.সি.আই.-কে নির্দেশ দেওয়া হোক এবং সেইজন্য জে.সি.আই.-কে উপযুক্ত পরিমাণ অর্থবরাদ্দ করা হোক ঃ

(৬) গ্রামাঞ্চলে কৃষি-সমবায়গুলিকে কৃষকদের কাছ থেকে সরাসরি পাট কেনার জন্য অর্থবরাদ্দ করা হোক ঃ এবং

(৭) খাদ্য, সার, সিমেন্ট ও অন্যান্য দ্রব্য বহনের কাজে চটের বস্তা ব্যবহার বাধ্যতামূলক করা হোক এবং এই সব ক্ষেত্রে কৃত্রিম ফাইবার ব্যবহার নিষিদ্ধ করা হোক

একই সঙ্গে এই সভা উপরোক্ত দাবিসমূহ নিয়ে কেন্দ্রীয় সরকারের সাথে আলোচনার উদ্দেশ্যে বিধানসভার একটি সর্বদলীয় প্রতিনিধিদল পাঠানোর সিদ্ধান্ত গ্রহণ করছে।

was then put and carried.

## MOTION UNDER RULE 319

**Mr. Speaker :** Mr. Saugata Roy may now move his motion.

**Shri Saugata Roy :** Sir, I beg to move-This House takes note of the Report of the Yusuf Commission of Inquiry laid on the Table of the House on 18th July, 1996.

**Mr. Speaker :** There are two substantive Motions. One is from Shri Rabindra Nath Mandal and second one is from Shri Saugata Roy relating to the main motion. Shri Mandal may now move his motion.

**Shri Rabindra Nath Mandal :** Sir, I beg to move-This House approves the Report of the Yusuf Commission of Inquiry along with Memorandum of action laid before the House on 18th July, 1996 following discussion thereon.

**Mr. Speaker :** Shri Saugata Roy may now move his sunstantive motion.

**Shri Saugata Roy :** Sir, I beg to move - This House disapproves the Report of the Yusuf Commission of Inquiry laid before the House on the 18th July, 1996. following discussion thereon.

স্যার, আমি ইউসুফ কমিশন অফ এনকোয়ারি রিপোর্টের উপর বলতে গিয়ে প্রথমেই কিছু অংশ কিছু কথা রেকর্ড করে রাখতে চাই। আমি নিজে আমার জীবনে অত্যন্ত পার্টিজান বেসড্ ওয়ান সাইডেড পারভার্স এনকোয়ারি রিপোর্ট কখনও দেখিনি। এর পরে আমরা সিদ্ধান্ত করেছি আর কোনও ব্যাপারে, রাজ্য সরকার যে ভাবে জুডিসিয়ারির উপর ইনফ্লুয়েন্স করছে, আমরা বিচার বিভাগীয় তদন্ত চাইবো না।

[4-20—4-30 P.M]

ওয়াকফের ব্যাপারে যে বিচার বিভাগীয় তদন্ত বসিয়েছেন মাননীয় মুখ্যমন্ত্রী, সেটা সিবিআই অথবা সুপ্রিম কোর্টের হাতে তুলে দিন - এটা আমাদের দাবি। এই সরকারের আমলে জুডিসিয়াল এনকোয়ারি হয়েছিল, ১৯৮৮ সালে 'দেব কমিশন' বসেছিল কাটরা মস্‌জিদের ব্যাপারে। আজও তার রিপোর্ট আসেনি। ছ'বছব হয়ে গেল। ১৯৯২ সালে 'দাস কমিশন' তৈরি হয়েছিল হরিহরপাড়ায় গুলি চালানোর ব্যাপারে। এখনও তার রিপোর্ট আসেনি। এই সরকারের আমলে জুডিসিয়াল এনকোয়ারির রিপোর্ট সময় মতো আসে না। যদিও বা আসে তা অনেক দেরিতে আসে এবং সেটা পারভার্স হয়। এর কোনও দাম নেই। আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে, এই কমিশনের রিপোর্ট দেবার কথা ছিল তিন মাসের মধ্যে। কমিশন গঠনের কথা বলে তার একমাস উনিশ দিন পরে, অর্থাৎ ২৭শে জুলাই সেই কমিশন গঠিত হয়েছিল। সেই জায়গায় ৩ বছর ১১ মাস, অর্থাৎ ৪৭ মাস পরে কমিশন তার রিপোর্ট দিয়েছে। এর পরে, বিচারপতি ইউসুফ ১৯৯২ সালের আগস্ট থেকে উনি কমিশন চলাকালীন হাইকোর্টের বিচারপতির পুর্ণ মাইনে পেয়েছেন। হাইকোর্টের একজন বিচারপতি মোট ২৫ হাজার টাকা মাইনে পান। তিনি যদি রিটায়ার করতেন তাহলে চার হাজার টাকা করে পেতেন। ওঁর ব্যাক্তিগত মাসিক মোট লাভ কম করে দেখলেও উনি মাসে ১৫ হাজার টাকা করে লাভ করেছেন। তিন বছর দশ মাস আমরা যদি খুব কম করেও লাভ দেখি, মাসে পনেরো হাজার টাকা করে হলে তিন বছর দশ মাস তিনি একস্ট্রা চাকুরি করেছেন এবং লাভ করেছেন মোট ৬ লক্ষ ৯০ হাজার টাকা। না, আপত্তি করার কারণ নেই। আমি বলছি না রাজ্য সরকার ওঁকে ঘুষ দিয়েছেন। আমি এটা রেকর্ডে রাখতে চাই। ইউসুফ আমার সম্বন্ধে একটা কমেন্ট করেছে, যেটা আনডিগনিফায়েড। তবে ইউসুফের মতো লোকের কাছ থেকে আমার কোনও সার্টিফিকেট দরকার নেই। উনি আমার সম্বন্ধে বলেছেন 'He was shadow of Miss Banerjee and at her beck and call.' আমি বলেছি [* * * ]Let it be on record.

**Mr. Speaker :** 'Yusuf is a shadow of Jyoti Basu and at his beck and call' will be expunged.

Note : Expunged as ordered by the Chair

**Shri Saugata Roy** : Why? If he can write about me I can tell about him.

**Mr. Speaker** : We have to be guided by the Acts and Rules.

**Shri Saugata Roy** : What rule have I violated Sir? He is not a sitting judge. He is a retired judge.

(noise and interruption)

**Mr. Speaker** : When a sitting judge is appointed to head a Commission even if he retires it will be deemed that he is a sitting judge till the expiry of the Commission.

**Shri Saugata Roy** : Which rule? You are quoting from your mind.

**Mr. Spreaker:** There are two laws which govern the judges and the Commissions. One is Commission of Enquiry Act and the other is the Constitution of India.

**Shri Saugata Roy** : I have read both.

(noise and interruptions)

(Several Hon'ble Members rose on their seats.)

**Mr. Speaker** : Please go to your seats. Go to your seats.

(noise)

I will request Hon'ble Members not to use ill-temperate language and not to misbehave in the House. We are having a very important debate. Discussions can't go on this way.

Now Art.211 of the Constitution says-"No discussion shall take place in the Legislature of a State with respect to the conduct of any judge of the Supreme Court or of a High Court in the discharge of his duties."

Now sec.10A of the Commission of Enquiry Act reads - "(1) If any person, by words either spoken or intended to be read, makes or publishes any statement or does any other act, which is calculated to bring the Commission or any mamner thereof into disrepute, he shall be punishable with simple imprisonment for a term which may extend to six months, or with fine, or with both.

(2) The provisions of section 198B of the Code of Criminal Procedure, 1998 shall apply in relation to an offence under sub-section (1) as they apply in relation to an offence referred to in sub-section (1) of

the said section 198B, subject to the modification that no complaint in respect of such offence shall be made by the Public Prosecutor except with the previous sanction..."

Now the question here is, a sitting judge has been appointed at the request of the State Government by the Chief Justice with the consent of the President of India to chair a commission of enquiry. Pending the completion of enquiry he retires. The enquiry continues. He will be deemed to be a sitting judge till the termination of the enquiry.

(n o i s e )

**Shri Saugata Roy :** Why? It is your interpritation.

(noise)

**Mr. Speaker :** Now further, if a certain law makes a certain act a criminal act - you are speaking in a protected area, You can't commit a criminal offence in the protected area seeking the protection of law which would be a criminal offence outside the protected area - I will not allow it to be done. It can't be done. It will be expunged.

**Shri Saugata Roy :** Sir, I am sorry to say, Sir, that the interpretation you give is an entirely wrong interpretation of law. Sir, what the Constitution states is very clear, that you can't bring the conduct of a judge of the High Court or of a Supreme Court in discharge of his duties into question. There is a procedure for impeaching a judge of the Supreme Court or the High Court but that can only be done in the Parliament. I wish we had that power, then we would have impeached Justice Yusuf here. But, Sir, I think that you are stretching this whole law too much. The Commission is no longer sitting. Justice Yusuf in his report dated June 28, 1996 has said that - I submit herewith the report of the Yusuf Commission of Enquiry. Sir, please note. Please note that on the submission of the report of Enquiry the Commission ceases to exist. You can't flog a dead horse. You are talking about the law of Criminal Procedure Code of which I am well aware of. After the Commission's report is submitted is it still sacrosanct for all time to come? This is a peculiar interpretation of law that you are making.

[4-30—4-40 P.M]

**Mr. Speaker :** Mr. Roy, you are talking of that period when he was the Chairman of the Commission, when he was chairing the Commission. You are talking of now. You are talking of his report. You

are taking of his report of a period when he was Chairman of the Commission. I am sorry, I cannot agree with you. I have expunged it. It will remain expunged. Now, you proceed with your debate.

**Shri Saugata Roy :** Sir, let it be expunged. Let me again repeat that the Chairman of the so-called Commission of Euquiry is a....

(Several member rose to speak)

....Noise...

**Mr. Speaker :** Please, take your seat. I have not allowed you.

**Shri Saugata Roy :** Sir, [* * *]

**Mr. Speaker :** That will not be recorded.

**Shri Saugata Roy :** Again Sir,

**Mr. Speaker :** No, it will not be recorded.

**শ্রী সৌগত রায় :** কিছু বলা যাবে না।

**Mr. Speaker :** How can he be the Shadow of the Chief Minister? You are denigrating him.

**Shri Saugata Roy :**আমি তো বললাম Chairman of the so-called Commission of Enquiry - I have not even named.

**Mr. Speaker :** It cannot be so-called either. Because there is a Commission of Enquiry. How can it be so-called?

**Shri Saugata Roy :** Strange! You are being over sensitive about Justice Yusuf.

**Mr.Speaker :** I am not being over-sensitive. I am only following the rules.

**Shri Saugata Roy :** Sir, Let me place on record another fact which is that there is a society called Iran Society of which your uncle was the founder. Justice Yusuf is a chairman of the Iran Society and two important members of the Iran Society are, Sir, Yusuf and Hamidul Huda about whom much has been discussed in the House.

**Mr. Speaker :** Mr. Roy, I am also the president of the West Bengal Federations of the United Nation Associations. You are one of the Vice-Presidents and Mr. Yusuf is also Vice-President.

**Shri Saugata Roy :** Let that be recorded also that Justice Yusuf is connected closely with Iran Society with which Hamidul Huda is

---

Note : Expunged as ordered by the Chair

also associated I hav made a statement of facts. Now I find the report of the Commission rather strange because the Commission in its short report has appreciated only two persons. The Commission appreciated the cooperation received from Shri Balai Chandra Roy, learned Senior Counsel. Who is Balai Chadra Roy? CP(I)M member of Parliament from Burdwan. The Commission has also appreciated two other persons. In page 91, it says that the Commission further recordes that both Mr. Talukdar and Mr. Vajpayee very frankly and straightforwardly depose before the Commission which is apprecible. So, it is quite clear that what the brief of the Commission was এটা খুবই স্পষ্ট যে কমিশনকে কি করতে বলা হয়েছিল, কি করতে বলা হয়েছিল ব্রিফ দিয়ে দেওয়া হয়েছিল রাজ্য সরকার থেকে যতদিন ইচ্ছা কমিশন চালাও, কোনও অসুবিধা নেই। সি.পি.এম.-এর লোকেরা যে অভিযোগ করেছে সেইগুলিকে স্ট্যান্ড করাতে হবে। সি.পি.এম.এর লোকেদের বিরুদ্ধে যে কোনও অভিযোগ নাকচ করতে হবে। আমি একটা অভিযোগ দিয়েছিলাম, কাগজের ছবি দিয়ে যে সি.পি.এম.এর একজন এম.এল.এ. মিসেস কুমকুম চক্রবর্তী এবং ডাঃ দীপক চন্দর ছবি বেরিয়েছে যে ডি.সি.সাউথকে সঙ্গে নিয়ে একটা ক্রাউডকে আঙুল দেখাচ্ছেন, কমিশন সেটা নাকচ করে দিয়েছেন। আর সি.পি.এম.এর রবীন দেব একা অভিযোগ করেছেন, উনি আর মহম্মদ সেলিম তারা একসাথে একটা গাড়িতে যাচ্ছেন কংগ্রেসের লোকে সেই গাড়ি ঘেরাও করছে, ওটা বলছে অ্যাডমিটেড ফ্যাক্ট, তার মানে আমি যে অভিযোগ তুলেছিলাম সেটা ওদের থেকে এভিডেন্স নিয়ে বললেন যে এটা কিছু নয়। আর রবীন দেব যেটা বললেন, সেটাকে বললো, ইট ইজ অ্যান অ্যাডমিটেড ফ্যাক্ট। কি করে অ্যাডমিশন হল, জানি না। স্যার, আরকি আছে, পুলিশকে সার্টিফিকেট দিতে হবে তাই Police firing is justified. Firing is within police regulation. police was impartial. এটা দিয়ে পুলিশের ছোটখাটো সমালোচনা করো। তাই এটা ছোটখাটো করেছে, ইন্টেলিজেন্স ভাল ছিল না, ডেড বডিকে ঐ রকমভাবে নিয়ে যাওয়া হয়েছে কেন স্বপন চক্রবর্তীর? গুলিটা মাথার দিকে না ছুঁড়ে পায়ের দিকে ছোঁড়া উচিত ছিল। যেখানে প্রেস কনফারেন্স নেতারা করছিলেন, সেখানে টিয়ার গ্যাসের সেল ছোঁড়া ঠিক হয়নি। পুলিশের স্বাক্ষীরা প্যারোটের মতো বক্তৃতা দিয়েছে, বাজপেয়ী এবং তালুকদার না বুঝে পুলিশের এনকোয়ারি বন্ধ করেছে। পুলিশের এস.আই. মিথ্যা কথা বলেছে কখন স্বপন চক্রবর্তী মারা গিয়েছে সেই ব্যাপারে। পুলিশ গিয়ে হাসপাতালের ডাক্তারদের প্রেসারাইজড করেছে, এইসব ইউসুফ কমিশনে আছে। আর্মস রেজিস্টার ঠিকমতো রাখা হয়নি, রাবার বুলেট ব্যবহার করার দরকার ছিল, এবারে বলা হয়েছে, কংগ্রেসের লোকেরা আসল দোষ করেছে। কিছুদিন আগে ক্যালকাটা ল্ জার্নালে একটা রিপোর্ট বেরিয়েছিল, ডিভিসন বেঞ্চের জাজমেন্টের ব্যাপারে, পেজ ৩১৩, ১৯৭৪, ক্যালকাটা ল্ জার্নাল, কখন একটা কমিশনের রিপোর্টকে পারভার্স রিপোর্ট বলা যায়। কখন বলা যায়, When Commission has based finding on no evidence. When Commission has based finding on material not admissible. When Commission has not applied its mind to all relevant materials irrelevant and disabled itself not reaching its conclusion by extraneous

considerations.কমিশনের কাছে যে ম্যাটিরিয়ালস্ নেই তার উপর ফাইনডিংস দিয়েছে এবং যে ম্যাটিরিয়াল তার কাছে ছিল তাকে ইগনোর করেছে। when Commission based its finding on conjecture surmises and suspicion. এই যে বেসিক প্রিন্সিপাল এন্ড ল্, ভালো এভিডেন্সকে নাকচ করে দিয়ে আন্দাজের উপর একটা কমিশন যদি ফাইনডিংস করে, তাকে বলা হয় পারভার্স ফাইনডিংস। এই কারণে ইউসুফ কমিশনের রিপোর্ট হচ্ছে পারভার্স ফাইন্ডিং, দিজ Yusuf commission report is a perverse report. কমিশনের রিপোর্ট এমন ডিসর্টটেড, কমিশনের চেয়ারম্যান নিজে কমেন্ট করেছে, মমতা ব্যানার্জি ইন হার ইউজ্যুয়াল হিসটোরিক স্টাইল। একে তো ইউসুফ ইংরাজি লিখতে পারেনা, এত খারাপ ইংরাজি, লিখেছে ইউজ্যুয়ার হিসটরিক স্টাইল। এটা একটা কমিশনের ব্যবহার করার ভাষা। ১০৬ পাতায় উনি বলেছেন, The police should not have talked to the arrogant Congress leader. এ্যারোগ্যান্ট কংগ্রেস লিডারদের সামনে এডজেকটিভ লাগাতে হবে। এটা একটা চেয়ারম্যানের কাজ? স্যার, আমি এখানে আরেকটা জিনিস রেকর্ড রাখতে চাইছি, ঐ বাই-ইলেকশনে, যেটা আসল কথা, ইউসুফ এড়িয়ে গেছেন, আমরা বলি টার্মস অফ রেফারেন্সের মধ্যে নেই, আমরা বলি, রুট কজে গন্ডোগোল হয়েছে। রুট কজে গন্ডগোল হয়েছে, রিগিং হয়েছে, পাবলিক বিক্ষোভ করেছে, পুলিশ পার্শিয়ালি ছিল। আমরা যেটা বলছি তার প্রমাণ কি, ইলেকশন কমিশন পরের দিন ৪৪টা বুথে রিপোল অর্ডার করেছে, আর রবীন দেব উনত্রিশ হাজারেরও বেশী ভোটে জিতেছে। এটা কি স্বাভাবিক হল ১৯৯৬-এর ইলেকশনে ১৪৮১ ভোটে জিতত না। তাও আবার মামলা ঝুলছে, রি-কাউন্টিং হলে ওর কি অবস্থা হয় দেখবেন। সুতরাং কমিশন কিন্তু আসল ব্যাপারটা এড়িয়ে গেল, কেন গন্ডগোল হল? এড়িয়ে তিনি কোথায় গিয়েছেন, মজার ব্যাপার কমিশন তারপর বলেছে, মমতা আগে থেকে প্রিপ্ল্যান্ড করে গন্ডগোল করেছিল। বেসিসটা কি? রবীন দেব অভিযোগ করেছে, মমতা আগের দিন রাত্রিরে নাকি কসবায় ছিলেন। কোনও প্রমান নেই, কোনও টেপরের্কডারের কনর্ভাসেশন নেই, কোনও সাক্ষ্য নেই। একটা জাজ-আমার লজ্জা হয় ওর ইংরাজি পড়তে - উনি বলছেন Even if it is accepted that arrangements with regard to the polling were in progress for the whole night at the residence of Mr. Sengupta, what was the necessity of a lady of the repute of Miss Mamata Banerjee spending the whole night in that place? এই [**] জাজটা কি বলছে,

**মিঃ স্পিকার :** (মুর্খ কথাটা বাদ যাবে।)

**শ্রী সৌগত রায় :** লেডি অফ দি রিপিউট অপ মিস মমতা ব্যানার্জি। এর মানেটা কি? যে উনি বলতে চেয়েছেন, মমতা ব্যানার্জি আগের দিন রাত্রিবেলায় একটা লোকের বাড়িতে ছিল। মানে রাত্রে থাকা খারাপ। এই ইংরাজিটা কি বোঝাচ্ছে, একটা কনসপিরেসি ছিল বোঝা যাচ্ছে। কোনও সাক্ষী নেই, কিছু নেই, প্রমাণ নেই, প্রমাণ হয়ে গেল। দ্বিতীয়ত উনি আরেকটা জায়গায় বলেছেন, আর কি প্রমাণ সামিয়ানা টাঙ্গিয়েছিলেন কেন? মিড অফ দি রোড নয়, ফুটপাথে টাঙ্গিয়েছিলেন, এর দ্বারা প্রমাণ হয়ে গেল কনসপিরেসি ছিল। বলতে খারাপ লাগে এক সময় হাইকোর্টের জাজ ছিল, আর কি প্রমাণ, না টিফিনের কোনও অ্যারেনজমেন্ট করা

Note Expunged as ordered by the Chair

হয়নি কেন? অভিযোগ করেছে কে? না রবীন দেব। তাকে সমর্থন করেছে কে? না কে.এম.ইউসুফ।

[4-40—4-50 P.M]

সুব্রত মুখার্জিকে আক্রমণ করা হয়েছিল তা নিয়ে ওঁরা খুব চিন্তিত। এবারে মজার ব্যাপার সুব্রত মুখার্জির স্টেটমেন্ট আদৌও নেওয়া যায় কিনা? তার কারণ ওঁর স্টেটমেন্ট ভেরিফায়েড হয় নি। দু নম্বর হল-সুব্রত মুখার্জি ওঁর স্টেটমেন্টে কোথাও বলেছেন যে মমতা ব্যানার্জির সাপোর্টাররা ওঁকে আক্রমণ করেছিল? আর সুব্রত মুখার্জি সম্বন্ধে জাজ যে কনক্লুশনে রিচ করেছেন- দেখুন কি রকম মজার কথা যে-যদি সুব্রত মুখার্জিকে আক্রমণ করে-তাহলে ভেবে দেখুন কি রকম মুড তাদের ছিল। Then this indicates the mood of the Congress(I) workers and supporters who were participating in the process of by the by-election and it was but natural that they were unbearable to any postures or gestures by anybody against their party. কিন্তু সুব্রত মুখার্জি ওঁর টেসটিমনিতে, স্টেটমেন্টে কোথাও বলেন নি যে ওঁকে মমতা ব্যানার্জির সমর্থকরা আক্রমণ করেছিল। উনি বলছেন যে, উনি শুনেছিলেন। ওঁর স্টেটমেন্টে কোথাও বলা নেই এবং ওঁর স্টেটমেন্ট আনভেরিফায়েড। তারপরের পয়েন্ট হচ্ছে যে হঠাৎ রবীন দেব এবং মহম্মদ সালিম অভিযোগ করলেন যে দুরদর্শনে দেখাল যে। ওদের আসল ব্যাপারটা হচ্ছে যে ব্যপারটা ফাঁস হয়ে গেল-দূরদর্শন দেখাল-রবীন দেব অভিযোগ করলেন যে, দূরদর্শন দেখাল কি করে? মহম্মদ সালিম অভিযোগ করলেন। জাজ বলছেন- ভাবুন একটা জাজ বলছেন দূরদর্শনের ন্যাশনাল মিডিয়া সম্বন্ধে, Whether the same was captured by Doordarshan camera or some other instruments planted some where in the area by someone knowing fully well that a commotion would be created there which might lead to any unfortunate incident. In the circumstances, the Commission connot rule out the possibility of some invisilble hand assisting the Doordarshan in projecting this incident to the public.একি ডিটেকটিভ থ্রিলার রাইটার নাকি? এই জাজের ইনভিজিবল হ্যান্ড দূরদর্শনকে ব্যধ্য করেছে এই রিপোর্টটা লিখতে। এই স্টেটমেন্ট কোন জাজ কোথাও করতে পারেন? এককালে জাজ ছিলেন, এখন রিটায়ার্ড। কিন্তু এককালে জাজ ছিলেন-তিনি এটা করতে পারেন-এটা ভাবা যায় না। তারপর দেখুন সি.পি.এমের ভায়োলেন্সের ব্যাপারে কিছু বলছেন না, পেজ-৬৯ দেখুন-সি.পি.এমের ভায়োলেন্স এটা তো ন্যাচারাল। ওরা আর কি করবে, ভায়োলেন্স করা ছাড়া। This, of course, does not mean that the CPM supporters and their cadres were quite innocent. Naturally when there were attacks by Congress (I) supporters, these were counteres by the CPM supporters and clashes ensued at different places causing injuries amongst the supporters of political parties and also to the police personnel. তাহলে দেখুন কি অপূর্ব সমর্থন। স্বাভাবিক ভাবে সি.পি.এমের লোকেরা আক্রমণ করেছেন। ওটা তো ওদের দোষ নয়। ওরা তো কাউন্টার করছিলেন। মানে সি.পি.এমের কাউন্টারে কোনও দোষ থাকতে পারে না। সাড়ে তিন বছরের এক্সটেনশন পাওয়া জাজ এর চেয়ে বেশী কি সত্যি কথা বলবেন। আমরা এর চেয়ে বেশি আর কি আশা করতে পারি?

স্যার, এই রিপোর্টটা ভীষণ ভাবে ডেনজারাস। আজকে যদি একটা জুডিসিয়াল এনকোয়ারি কমিশন এই ধরনের কথাবার্তা তুলে ধরে, তাহলে জুডিসিয়ারির উপর লোকের কি বিশ্বাস থাকবে? একটা জাজ- সে একটা ব্রিফ নিয়ে এল, অথচ তার কোনও প্রমাণ নেই, কোনও সাক্ষ্য নেই। তিনি বললেন, মমতা ব্যানার্জি প্রিপ্ল্যান্ড ডিসটারবেন্স করেছেন। কেন আগের রাত্রিরে সে কারুর বাড়িতে ছিল-কংগ্রেস ওয়ার্কাররা গন্ডগোল করেছে। অথচ পুলিশ-একটা এ.এস.আই.র অর্ডারে একটা কন্সটেবল গুলি চালাল, একটা ভ্যালুয়েবল লাইফ নষ্ট হল। কিন্তু তা নিয়ে একটা সমবেদনার কথা জাজের মুখ থেকে বেরুল না। এত অপদার্থ পুলিশ। সারাদিন ধরে গন্ডগোল চলেছে, তা সত্ত্বেও হঠাৎ সে গুলি চালাল, মানুষ মেরে গন্ডগোল বন্ধ করতে হল। এত অপদার্থ পুলিশ। যেখানে আমরা প্রেস কনফারেন্স করছিলাম-সিদ্ধার্থ বাবু ছিলেন-সেখানে টিয়ারগ্যাস ছুঁড়ে মারল-এত অপদার্থ পুলিশ। অথচ সি.পি.এমের রিগিং বন্ধ করতে পারল না। স্যার, আমি একটা কথা বলে আমার বক্তব্য শেষ করছি। অন রেকর্ড-এখানে মাননীয় মুখ্যমন্ত্রী আছেন। নির্বাচনের আগের দিন ৭ই জুন ১৯৯২, সিদ্ধার্থ বাবু ফোন করেছিলেন জ্যোতিবাবুকে যে 'জ্যোতি, আমি শুনছি বালিগঞ্জ, কসবায় তোমরা খুব গন্ডগোল করবে। আমার অনুরোধ যে তুমি নির্বাচনকে শান্তিপূর্ণ ভাবে হতে দিও, প্লিজ, পুলিশ যেন নিউট্রাল থাকো।'তাহলে, এই মুখ্যমন্ত্রী যা বলেছেন-সিদ্ধার্থবাবুর ভারসান মত, 'আমি তো শুনেছি যে, স্বপন চক্রবর্তী গন্ডগোল করবে, সে লোক নিয়ে এসেছে।' স্বপন চক্রবর্তী-আপনারা জানেন যে, অনারেবল মেম্বার কুমকুম চক্রবর্তীর দেওর। তিনি মার্কসবাদী কেন্দ্রে সদস্য। তার ইলেকশন এজেন্টকে এক ঘন্টার মধ্যে মার খাইয়ে পাঠিয়ে দিলেন হাসপাতালে। অথচ মুখ্যমন্ত্রীকে আগে থেকে জানানো সত্ত্বেও পুলিশ ব্যবস্থা নিল না। পুলিশ ইমপারসিয়াল ইলেকশন করতে দিল না, ইলেকশন কমিশানকে ৪৪টি বুথে রি-পোল করতে হল। এই ইউসুফ কমিশনের রিপোর্ট আমরা তাই ছিঁড়ে ফেলছি, একে ঘৃণার সঙ্গে প্রত্যাখ্যান করছি। এই রিপোর্ট আমরা মানি না, মানব না। শুনে রাখুন, এই রিপোর্ট দিয়ে আমাদের কিছু করতে পারবেন না।

(এই সময় মাননীয় সদস্য শ্রী সৌগত রায়কে ইউসুফ কমিশনের রিপোর্টটি ছিঁড়ে ফেলে দিতে দেখা যায়।)

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে মোশন মুভ করেছি, তার পক্ষে -মাননীয় সৌগত রায়-এর ২৫ মিনিট ভাষণের জবাবে-পাঁচ মিনিটের মধ্যে শুধু কয়েকটি কথা রাখতে চাই। প্রথমত শ্রী সৌগত রায় বলেছেন, আমরা জুডিসিয়াল এনকোয়ারি চাইনা। আমি মাননীয় কংগ্রেস সদস্যদের এবং সভাকে শুধুমাত্র জানাতে চাই যে, শ্রী সিদ্ধার্থশংকর রায় যখন বিরোধী দলের নেতা ছিলেন, ৯ই জুন ১৯৯২ তে তিনি তাঁর বক্তব্যে বলেছিলেন যে, চিফ্ ইলেকশন কমিশনারকে জানিয়েছি, জীতেন্দ্র প্রসাদ, গ্যাডগিল এবং আর যাকে যাকে জানানো দরকার, আমি জানিয়েছি। এখন প্রশ্ন হচ্ছে, তিনি আমাদের কি বলেছিলেন? একটা হচ্ছে-জুডিসিয়াল এনকোয়ারি ইমিডিয়েট করতে হবে। এবং সিরিয়াস এলিগেশন-দ্বিতীয় কথা উনি বলেছেন, একই বক্তব্যের মধ্যে যে, 'এখন প্রশ্ন হচ্ছে যে, জুডিসিয়াল এনকোয়ারি করবেন কিনা, সেটা জানতে চাইছি মুখ্যমন্ত্রীর কাছে। একটা সিটিং জাজ দিয়ে জুডিসিয়াল এনক্যয়ারি হবে কিনা। যদি জুডিসিয়াল এনকোয়ারি না করেন তাহলে আমাদের এনকোয়ারি

করতে হবে। এটা শ্রী সিদ্ধার্থশংকর রায়ের যা আবেদন ছিল, দাবি ছিল কংগ্রেস দলের পক্ষ থেকে। এখন, সেই দাবি অনুযায়ী, রাজ্য সরকারের কাছে এসেছে। রাজ্য সরকার মেনে নিয়েছে এবং খুব সাকসিড করেছেন এবং স্বভাবতই স্পিকার মহাশয়ও বললেন। আপনাদের বলছি, অনেক কিছু জানলেও আরও কিছুটা জেনে রেখে দিতে হয়। এখানে যেহেতু হাইকোর্টের জাস্টিস মিঃইউসুফ সম্পর্কে বক্তব্য হচ্ছে, তাই ওঁর সময়কালের কথা বলতে চাই। ১৯৮৬ সালে যখন তিনি হাইকোর্টের জাজ হিসাবে নিয়োগ হন, তখন ভারতের প্রধানমন্ত্রী রাজীব গান্ধী, আইন মন্ত্রী অশোক সেন এবং আমাদের রাজ্যের রাজ্যপাল ছিলেন উমা শঙ্কর দীক্ষিত। রাজ্য সরকারের এই ব্যাপারে কোনও ভূমিকা ছিল না। রাজ্যের দাবি বারেবারে প্রত্যাখ্যাত হয়েছে। রাজ্য সরকার ও এই দাবি কোনওরকম ভাবে ইনফ্লুয়েন্স করেনি, এটা সকলেই জানে।

দ্বিতীয়ত এই প্রসঙ্গে বলছি শ্রী সৌগত রায় আরও একটা কথা বলেছিলেন সুব্রত মুখার্জি সম্পর্কে। স্যার, আমার সময় কম, তাই মাত্র দু-একটি কথা বলছি সুব্রত বাবুর প্রসঙ্গে বলেছিলেন, উইটনেস নং ৩১, আমি এটা কালেকট করেছি। তার একটা জায়গাতে বলছেন যে, "Some young men came rushing towards me. They were armed. Shri Saugata Roy came running there and pacified the boys. Saugata Roy told me he saved on that occasion. Otherwise my life was in danger. Upon the statement of Shri Saugata Roy I realished that my life was in danger on that occasion."

তৃতীয় কথা উনি যেটা বলেছেন যে, এই ছেলেরা কারা? তিনি বলছেন, মাই পার্সোনাল impression is that some anti-social people infiltreated into the group of congress workers who tried to assult me.সুতরাং এর দ্বারা তারা যে কংগ্রেসের লোক, এটা প্রমাণ হওয়ার আর কিছু বাকি থাকে না। স্যার, আমার, বক্তব্যের পরের কথা এই, শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন ভারতবর্ষের প্রধানমন্ত্রী ছিলেন-এটা দিনের আলোর মতো সত্য, তিনি চেয়েছিলেন একটা কমিটেড জুডিসিয়ারি-আইন-আদালত-বিচারক, সব তাঁর পক্ষে থাক।

[4-50—5-00 P.M]

আমাদের রাজ্যে গত ২০ বছর ধরে মাননীয় শ্রী জ্যোতি বসুর নেতৃত্বে এই রাজ্য সরকার চলছে। এই রকম কোনও নজীর আমাদের সামনে নেই যে, কোন জাজকে আমাদের পক্ষে রাখতে হবে, কোর্টকে পক্ষে রাখতে হবে। আমরা এটাও জানি, শ্রী ইউসুফ যিনি কমিশনের চেয়ারম্যান তাঁর আমলে এমন অনেক রায় যেটা রাজ্য সরকারের বিরুদ্ধে গেছে। কিন্তু আমরা কখনও বিরুদ্ধে গেছে বলে কোনও ভূমিকা নিতে চাইনা। স্যার, দুঃখের সঙ্গে খেদের সঙ্গে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, আমার কাছে কয়েকটা নামের লিস্ট আছে। আজকে সকালে এখানে ইউসুফ কমিশনকে পুড়িয়ে দেওয়া হয়েছে হাউসের সামনে এবং সেখানে ইউসুফের ছবি পুড়িয়ে দেওয়া হয়েছে। মাননীয় স্পিকার মহোদয়, আজকে আমরা বলি আগস্ট হাউস। এই হাউসের মর্যাদা আছে। আপনি হাউস চালাচ্ছেন, হাউস চলছে-এই সময় একটা কমিশনের রিপোর্ট পুড়িয়ে দেওয়া হয়েছে। এই কমিশনের যিনি কর্তা-

ব্যক্তি তাঁর ছবি জ্বালিয়ে দেওয়া হয়েছে। এই হাউসের সাইন্টিটি এবং ডিগনিটি রক্ষা করা যাদের দায়িত্ব-এই নামের তালিকা আপনার কাছে দিচ্ছি, আমি অনুরোধ করব আপনি এবিষয়ে অন্ততপক্ষে আপনার রুলিং দেবেন। স্যার, আমি আরেকটা কথা বলে বক্তব্য শেষ করব। দেখুন ব্যক্তিগত কুৎসা করে কারো চরিত্র হরণ করে রাজনীতিতে টিকে থাকা যায় না। আরেকটা কথা বলি, একটু বুঝুন, আপনাদের নেতৃ যা করছেন তার মধ্যে, আন্দোলনে মোরাল বলে কোন কিছু নেই। অন্ততপক্ষে আমার মনে হয়েছে, ওঁর এই মুহূর্তে রিটায়ার্ড করা উচিত, উনি ইম্ব্যালেন্সড হয়ে গেছেন। আর অন্য কথা হল, এই ইউসুফ কমিশন নিয়ে যে ভুমিকা পালন করছেন তাতে আগামীদিনে রাজনৈতিক চেহারা-চরিত্র বদল করে যদি মিঃ এল.কে.আডবানির কাছে যাওয়ার জন্য এই বক্তব্য রাখেন তাহলে আমাদের কিছু বক্তব্য নেই। আমি শুধু বলতে চাচ্ছি, যেটা হয়েছে এবং ইউসুফ কমিশন যে রিপোর্ট দিয়েছেন, সরকার তাকে গ্রহণ করেছেন। কতকগুলো রেকমেন্ডশন করেছেন কার্যকর ভুমিকা গ্রহণ করার জন্য একশন টেকেন রিপোর্ট এখানে হাজির হয়েছে, রেকেমেন্ডশন সেটা গ্রহণ করার জন্য। আমাদের বিরুদ্ধেও অনেক কিছু যায়। আপনারা কখনও পি.কে সেনগুপ্তকে মাথায় তুলবেন, কখনও ইউসুফকে জলে ফেলে দেবেন-এই রকম দ্বিচারী ভুমিকা কখনও একটা রাজনৈতিক দলের সততার পরিচয় নয়। সেই কারণে আমাদের পক্ষে যুক্তি হল, এই রিপোর্ট যা এখানে গৃহীত হয়েছে সেই রিপোর্ট যাতে সকলে গ্রহণ করে সেই জন্য সকলের কাছে আবেদন করব এবং আপনাদেরও বলব, সর্বোভাবে অন্তত আপনারা রিপোর্ট গ্রহণ করুন এবং একটা মর্যাদা রাখুন। অন্য ভাবে যাবেন না, এটা গনতন্ত্রের পক্ষের বিষয় নয়। এই আবেদন করে আমাদের এই রিপোর্ট সকলের কাছে হাজির করার জন্য আমাদের এই দাবি পেশ করছি। ধন্যবাদ।

**Shri Pankaj Banerjee :** Honourable Speaker, Sir, I stand here to discuss the report of Mr. Justice, K.M. Yusuf, which was placed in this House by the Honoureble Chief Minister, Sir, this is not a judgement. These are mere some observations, and the observations are full of errors, ill motivations-politically motivated and fabricated and self-contradictory. Sir, if I am allowed to start from the end, there you will see that the Commission is very much annoyed with the Doordarshan authorities. Why the Commission has taken so much pains about the Doordarshan authorities? Because the hatred police Commissioner of the City of Calcutta-he made a statement in the evening at 6-00p.m. on the 8th June, 1992, that a man called Swapan Chakraborty died when he was running with a bomb in his hand and the bomb burst in his hand and the said Swapan Chakraborty died. But it was the Calcutta Doordarshan who brought a picture in the Screen of the Doordarshan camera that the police is shooting Swapan Chakraborty and Swapan Chakraborty is lying dead on the ground-the police is comming and snatching from the ground throwing him in the van and the blood spot is being washed out by water. The moment the picture was shown, the moment it was telecast, then this Police Commissioner, this hatred Police

Commissioner, Comrade TusharTalukdar had to succumb his own word and he said : 'I was sorry. He was shot by the Police. He did not die out of the burst of the bomb in his hand.' That is why, this Commissioner which is being headed by a hatred person-no more he can claim himself as a man from the Judicial field. He does not have a judicial mind when he placed this report and when he fabricated this report. Sir, this report was written and prompted from Alimuddin Street, and the so-called Judge did this - he had to carry it out! As our Honourable Member, Shri Saugata Roy has mentioned that lakhs of rupees-he was given as commission, and only 31 lakhs of rupees were paid. Only from this State Exchequer, Rs.31 lakhs had to be spent behind this Commission. And the Commission came out with this febricated, ill-motivated report, direction from the CPI(M) head quarters which had come and was distributed amongst us. Sir, in the judgement, in the observation, whatever the terms, if you go through, it is strange. I just let me go through the submission-this submission of Shri Tushar Kanti Talukder. What Shri Tushar Kanti Talukder,Commissioner of Police, said? He submitted that "Mr. T.K.Talukder, Commissioner of Police, is on record that it was entirely due to the provocation by Miss Mamata Banerjee that the crowd was highly provoded and was incited to murderous attack on police van in which armed police men were sitting and which van was deputed for the protection of Miss Banerjee." This is the submission of Mr.Tushar Talukder. What is the observation of the Justice? Justice is telling in his so-called statment that-"the Commission marked during the proceedings that the low ranking police personnel were fully tutored by their superior officers and they were repeating the incidents like parrots". Who could dictate this Police Commissioner? It was the Alimuddin St. and Alimuddin St. is whatever he has dictated, it was narrated by Mr. Rabin Deb. Whatever Mr. Rabin Deb narrated, it was inscribed here, it was written here. Sir, I was the General Secretary of the Pradesh Congress Committee and the President of the South Calcutta District Congress Committee. I was entrusted with the responsibility to look after the election. Sir, there are so many wards there, Miss Mamata Banerjee spent a night at Kasba. Yes, she did spend.Why she had to spend a night? In the year 1992 when the general elections took place. I was in the charge of the election. At that time also, Sir, all our agents, they were theatened by CPI(M). Our polling agents' files were taken away from the respective house. Police raided the Congress agent's houses and the agents were arrested. Their files were snatched of. The papers were snatched. That's why we decided that throughout the night we would be sitting at Kasba. Who met our cadres, our co-workers? Who will be sitting with them

and stay throughout the night. They were not tortured. They were not terrorised and their files were not snatched away. Only for that reason,. Mamata along with us had spent a night. We did not spend with our cadres, with our co-workers. If you see, the questions, the queries, this hatred Judge put to one Mr. Sen Gupta in whose house, we used to seat. It is not only his house, Sir, it is our party office. And this party office is running for the last five decades. Mahatma Gandhi had been to that office. Netaji Subhas Bose had been in that office. We are using that office as our block Congress office. What were the questions? He put so that she could spend a night in your house. This question is being asked by the hatred Judge to Mr. Sen Gupta. Is it a question to be asked? So, she spent a night in your house. She did not spend a night in his house. She spent the night in the party office. Again the question comes from the Chair. Sir, You will be surprised, you will be taken back, you will also feel pity for that person. Was she awake throughout the night? Then the third question - so, she spent in the office and you did not provide her any sleeping room. The next question - so, you provided her accommodation. Sir, you just try to imagine, a Union Minister and M.P. and eminent party leader, they may not like our leader, they may not like our party, but the Judge, he should be a neutral one. What authority, he has got? What sensibility, he has got? What superiority, he has got? We thought that he might have some superiority somewhere. These were the questions put to Mr. Sen Gupta by the hatred Judge. Not only that, Sir, now we go to the another chapter. What is the observation? Police, They brought certain people and those people were got to desk for giving evidence. Sir, you will be surprised to know about one Tilak Ganguly, what did he submit? Mr. Tilak Ganguly stated that - "the violence that took place near Gariahat junction around 2.30 p.m. and thereafter the police firing, all were pre-planned and motivated by Congress (I)". This is vertabim language put his observation/in his recommendation. What did he do again? He brought many other people, Sir.

[5-00—5-10 P.M]

What did he tell? "As stated earlier, there is nothing on record which shows that the police at any point of time acted partially and shieleded the C.P.M. workers and/or cadres; at the same time it has not been established before the Commission that the Cong. (I) workers were unnecessarily harassed or beaten or drastic actions were taken by the police against them. Sir, this poor, humble I was beaten up. Right in the morning from the word 'go' on the day of election they started capturing the booths. I was there in Tiljala. Sir, in this disposition not

even one West Bengal police constable or officer is interrogated because most of the happenings that took place in West Bengal police's jurisdiction. The O.C. of Tiljala thana was there. I requested him to give us protection. I requested him time without number to allow poeple to franchise. People were not allowed to go, people were not allowed to stand in the queue, our election agents were driven out and beaten up and when I went there and sought protection to the police that O.C. he left the place. I was taken to task. My head had injury, my shirt was torn into pieces, my elbows were bleeding, my cheeks were bleeding, I was lying in a pool of blood. But Sir, this judge has not mentioned a single word. He has manufactured, fabricated the entire thing in fovour of CPI(M) only because of the fact that he is expecting some extra prize this time from Alimuddin Street. Moreover I can show you what the type of people they brought. Mrs, Sipra Ghosh, she was broght by the police "Can you say" he is asking, the Chair is asking "whether tyres of the bus were deflated or not?/I cannot say whether the tyres of the bus were deflated or not." "Well Mrs. Ghosh, did you see yourself any clash taking place between two groups of people?/No, Lord, I did not. Did you see yourself any clash between the police and the crowd?/No, My Lord.

So you have no knowledge of any violent incident that took place on that day?/No knowledge, my Lord."Sir, this was the lady brought by police. Why did he not recorded his recommendation? Why did he not pass his comments? This was the type of fabricated people they brought, these were the type of poeple they brought to the desk and wanted to get the entire thing in their own favour. In the second case one Lorry Driver was brought by police. What is his observation? "After receiving this summons or before?/I was told about giving evidence at the time when the trouble took place. How many days after the incident it was told to you?/About 2.5 (two and half) or 3 months after that incident." After two/three months of the incident one man was taught, he was tutored that you will be brought to the desk, you will be asked to give evidence there and you will be prompting our voice. On the third question "What more were you told?/ I was asked questions about the incident that took place on that day and I was told that I might be required to give evidence before the Court". Sir, this is the observation. This is how things took place.[* * *]

**Mr. Speaker :** This will be expunged.

**Shri Pankaj Banerjee :** He manufactured and fabricated the

Note : Expunged as ordered by the Chair

statement. All the statements given by Rabin Deb was taken to be granted. In the year 1992 when the election took place in the month of May our candidate was defeated by a margin of 4800 votes, in the election in 1996 our candiadate lost by a margin of 1400 votes but in 1992 8th June some miracle happened and God came out to help CPI(M), God came out underneath from the Soil and both of them helped that Rabin Deb, that rigging master and he won by a margin of 30,000 votes. Is it possible? Is there any logic? Can they establish the fact that in 1991 when Congress lost by a margin of 5000 votes, in 1996 Congress lost by a margin of nearly 1000 votes and in 1992 something happened on this earth something happened in Calcutta and that Rabin Deb won by a margin of 30,000 votes and the Chief Minister will claim that everything was calm and quiet and they won by the verdict of the people through democratic process.

All are nothing but blatant lies. This Government has come to power time without number in this process with the help of police. This Tushar Talukdar, he has tried to lie on the day of incident. He tried to get himself escaped that the boy died by burst of bomb. But when it was telecast through TV, then he had to swallow his own voice and he had to come out with his own finding. Sir, Swapan Chakraborty was another candidate. Why did he withdraw his candidature? The BJP candidate - he also withdraw his candidature. Swapan Chakraborty is not our man. He is a Marrxist Commumist Party man - he learns Marxism there - Why he had to withdraw? Because his election agent was arrested by the Police during the election time and he was beaten up by DSP in Jadavpur Police Station. It is also reported here. Why did he not mention that in his observation? Why/did he not mention that? Why the Congress (I), BJP and Marxist Communist Centre - all the three other contesting candidates - they withdraw their candidature? What was the situation? What the situation compelled them? Why the situation forced them to withdraw their nominations? As the election agent of a certain political party he was taken to police custody, and he was beaten up mercilessly. So with these words I only wanted to prove that this fabricated, this pre-motivated thing a dictation from the Alimuddin Street, can never be taken into consideration. So when we hear about it we put our feet on it - our foot on it - and whenever this sort of judgment will be given we will be just putting our foot on that shit of paper. Thank You, Sir.

**শ্রী রবীন দেব :** মাননীয় অধ্যক্ষ মহাশয় , মাননীয় সদস্য শ্রী সৌগত রায় যে মোশন উপস্থিত করেছেন আমি তার বিরোধিতা করছি এবং মাননীয় সদস্য শ্রী রবীন মন্ডল যে মোশন উপস্থাপিত করেছেন তাকে সর্বান্তকরণে সমর্থন করছি। জাসটিস কে.এম.ইউসুফ যে

রিপোর্ট প্লেস করেছেন তা এখানে ১৮ জুলাই এই হাউসে পেশ করা হয়েছে। ১৯৯২ সালের ৮ই জুন বালিগঞ্জের উপনির্বাচনের ঘটনাবলীকে নিয়ে গোটা দেশের সামনে আমাদের পশ্চিমবঙ্গে যে শান্তির পরিবেশ, যে সুশৃঙ্খল পরিবেশ তাকে অযথা তারা যে কালিমালিপ্ত করেছেন সেই সম্পর্কে কমিশনের রিপোর্ট জাসটিস কে.এম.ইউসুফ হাজির করেছেন যেটা বাস্তবের সাথে একেবারে সম্পর্কযুক্ত। আপনি জানেন, এই উপ-নির্বাচনের আগে - মাননীয় সদস্য শ্রী পঙ্কজ ব্যানার্জি বললেন, ১৯৯১ সালে তিনি নাকি দায়িত্বে ছিলেন। তিনি টালিগঞ্জের প্রার্থী ছিলেন। হেরে মামলা করেছিলেন, আবার হেরেছেন। সুতারাং উনি কি করে দায়িত্বে ছিলেন তা আমার জানা নেই। সেই নির্বাচনে যিনি জিতেছিলেন তিনি হচ্ছেন শচীন সেন। তাঁর জীবনাবসান হওয়ার জন্য এই উপ-নির্বাচন হয়। কিন্তু ৮ই জুনের আগে ৮ই এপ্রিল, আর একটা ৮ তারিখে কলকাতা মহানগরীতেই ১৯৯২ সালের ৮ই এপ্রিল আর একটি ইলেকশন হয় মহারাষ্ট্র নিবাস হলে। সেখানকার হামলাবাজির কথা আপনারা জানেন না? সভাপতি পদের নির্বাচনে সেখানে কংগ্রেসের ২জন প্রার্থী ছিলেন। সেখানকার হামলাবাজির খবর চেপে গেলেন কেন? রনংদেহী। আজকে অত্রীশবাবু একজন ট্রেড-ইউনিয়ন নেতার মরদেহে মাল্যদান করলেন। তাঁর গতরাত্রে জীবনাবসান ঘটেছে। সুতরাং একটু ভাবুন। ঐ ৮ই এপ্রিল মহারাষ্ট্র নিবাস হলে কাদের মাথায় লাঠি পড়েছিল? কাদের মাথায় চেয়ার ছোঁড়া হয়েছিল? কারা মেরেছিল? কারা রনংদেহীর ভূমিকা পালন করেছিল? এমন কি সর্বভারতীয় নেতা শ্রী প্রনব মুখার্জিকেও প্রান বাঁচাতে হয়েছিল।

[5-10—5-20 P.M]

তারা অনেককে এনেছিলেন। যেই সুব্রত বাবুকে তাড়া করলেন, ৮ই জুন তাকেও ধমক দিতে হয়েছিল, এখানটাই হচ্ছে আরম্ভের আগে আরম্ভ। রবীন্দ্রনাথের যোগাযোগ উপন্যাস পড়েছেন তো? আরম্ভের আগে আরম্ভ। ৮ই জুনের আগে ৮ই এপ্রিল। সভাপতি পদের নির্বাচন এক দলের মধ্যে মার দাঙ্গা। একজন হারলেন একজন জিতলেন। যিনি হারলেন তিনি বদলা নিতে চেয়েছিলেন। সুযোগ নিলেন বালিগঞ্জের উপনির্বাচনে। নির্বাচনের লড়াই এর জন্য প্রস্তুতি চাই। মাননীয় সৌগত বাবু বললেন, ২৯ হাজার কী করে হলো? আপনিও বললেন ২৯ হাজার কি করে হলো? আপনি নিশ্চয়ই জানেন নির্বাচনের প্রস্তুতিতে আপনি, সাধারণ সম্পাদক , সভাপতি ছিলেন, দক্ষিণ কলকাতার আপনি দায়িত্বে ছিলেন। আপনি বলুন তো, আপনার পরবর্তী ব্যক্তিদের বলতে বলুন, কী প্রস্তুতি নেওয়া হয়েছিল? ১৩ই মে মনোনয়ণ পত্র পেশ করা হয়েছিল, ৩১শে মে'র মধ্যে কোনও প্রচার নেই। আপনারা প্রচার শুরু করলেন ২রা জুন। আপনারা কোনও প্রস্তুতি নিলেন না। ৭ তারিখ রাতে আপনারা অবলম্বন করেছিলেন আমাদের পার্টি থেকে বহিস্কৃত একদলকে লাল ঝান্ডা নিয়ে আপনারনা সাহায্য করবেন, আপনারা তার উপর নির্ভর করলেন তার জন্যই। ৭ তারিখে মিটিং করলেন, ওখানকার স্থানীয় কংগ্রেসি, তারাও বিক্ষোভ প্রকাশ করেছিলেন উত্তরপাড়ায়। উত্তরপাড়ায় বোমা নিক্ষেপ করেছিলেন, আপনাদের মনে আছে, কংগ্রেসকে কথা দিয়েছিলেন, কংগ্রেস পার্টি এতবড় একটা পার্টি, কারণ এই বালিগঞ্জে ১২টা নির্বাচন হয়েছে স্বাধীনতার পর। ১২টা নির্বাচনের মধ্যে ৮টা নির্বাচনে কংগ্রেস পরাজিত হয়েছে, তা জানা ছিল কংগ্রেসের। কিন্তু ঐ যিনি পরাজিত হয়েছিল, মহারাষ্ট্র নিবাস হলে তিনি সোমেন মিত্রকে মাননীয় সদস্যও বটে

সভাপতি হিসাবে মানতে রাজী নন। তার জন্য আশ্রয় নিয়েছিলেন, নির্বাচনে কোনও প্রস্তুতি নেই, ঘুঁটি সাজিয়েছিলেন, অস্ত্র সাজিয়েছিলেন, ওদের সঙ্গে বোঝাপোড়া করেছিলেন এবং ৭ তারিখ রাতে কে.এন.সেন. রোডে বাহাদুর সেনগুপ্তের বাড়িতে সর্বশেষ পরিকল্পনা, তখন বলে দিলেন সকাল থেকেই প্রস্তুতি। ৮ তারিখে আমাকে জিজ্ঞাসা করেছে আর কবে উইথড্র হবে, আপনাদের পোলিং এজেন্টরা আপনাদের জিজ্ঞাসা করেছে কখন উইথড্র হবে? কারণ আমাদের ফুড প্যাকেটের ব্যবস্থা নেই। ৯টার সময় উইথড্র করে নেবে আগাম কথা ছিল। ঐ স্বপন চক্রবর্তী মার্কসবাদী ক্যানডিডেট, তারা যখন উইথড্র করলেন, তখন আপনারা কেউ ১২টায়, কেউ ১টায় উইথড্র করালেন। ঐ পংকজ বাবু আপনি স্টেটমেন্টেও বলেছেন যে আপনি গেছেন বিজন সেতুতে, যেখানে ম্যারাপ বাঁধা হয়েছিল। আমি প্রশ্ন করতে চাই, মাননীয় অধ্যক্ষ মহাশয় বলবেন নির্বাচনের জন্য কীসের ম্যারাপ? কেন ওখানে সামিয়ানা তৈরি করতে হয়? কেন বালিগঞ্জ ফাঁড়িতে মঞ্চ তৈরি করতে হয়? কী প্রস্তুতি ছিল, আপনাদের কী উদ্দেশ্য ছিলনা একটা ঘটনা ঘটানো? মাননীয় সদস্য রবীন মন্ডল উল্লেখ করেছেন, সুব্রত বাবুকে সেখানেই তাড়া করা হয়, কত সম্পত্তিও নষ্ট করেছে ওরা জনগনের? কটা বাস পুড়িয়েছেন? মাননীয়া সদস্যা কুমকুম চক্রবর্তীর নাম করলেন, প্রাক্তন সদস্য ডাঃ দীপক চন্দ্র, তাঁর ছবি দেখালেন টেলিগ্রাফে। আপনাকে কী গ্রহন করবে কোনও সৎ বুদ্ধি সম্পন্ন সুবুদ্ধি সম্পন্ন কোনও ব্যক্তি এই যুক্তি গ্রহন করতে পারে? আমার ছবিও তো দেখিয়ে দিলেন, টেলিগ্রাফ কাগজে ছাপিয়েছিলেন। আমি গেছি পোলিং সেন্টারে, আমার ছবি টেলিগ্রাফে ছাপিয়ে দিয়ে গোটা দেশকে জানালেন যে সি.পি.এম.এর একজন কর্মী, সেখানে গিয়ে থ্রেট করছে। আমি প্রার্থী আমি সেখানে যেতেই পারি। সুতরাং ওটা দিয়ে হয় না। ২৯ হাজার ভোটের জন্য কেন নামলো, এই প্রশ্ন করছেন। আমি মাননীয় সদস্যদের বিনীত ভাবে জিজ্ঞাসা করছি আপনাদের সভাপতি নান্দিয়ালে জিতেছিলেন ৪।লক্ষ ভোটের ব্যবধানে, এবার কত ভোটের ব্যবধানে জিতেছেন? উপরাষ্ট্রপতি নারায়নন, যিনি যে কেন্দ্র থেকে নির্বাচিত হয়েছিলেন ১ লক্ষ ৩৬ হাজার ভোটের ব্যবধানে ৯৩ সালের সেপ্টম্বরে, সেই কেন্দ্রের উপনির্বাচনে একজন ছাত্র নেতার কাছে হারলেন ১ লক্ষ ১৬ হাজার ভোটে। হারাটা বড় ব্যাপার নয়, এইভাবে ব্যবধান হয় না। এখানে নির্বাচনী হামলা করানো হয়েছিল। হামলা করাটা ছিল আপনাদের উদ্দেশ্য। আপনারা সেই জন্য উইথড্র করেছিলেন।

মাননীয় সদস্য শোভনদেববাবু ভাষণ দিলেন। তিনি বললেন ছবি আছে। আমি তাকে প্রশ্ন করি, উত্তরটা আশা করি দেবেন, বালিগঞ্জে উপনির্বাচন হল কিন্তু তার অফিস হল কেন রাসবিহারীতে? আর সাংবাদিক বৈঠক-টাই বা করলেন কেন ওখানে? বালিগঞ্জে কি কোনও অফিস পেলেন না? রাসবিহারীতে অফিস করলেন কেন? এটা কি পরিকল্পিত নয়? এই ঘটনা-টাই তো উনমোচন করে দিল আপনাদের মুখোসটা এবং গোটা দেশের মানুষ সেটা দেখলেন। আপনাদের নিজেদের দলের মধ্যেও যে আস্থা নেই তা প্রমান হয়ে গেল এই ঘটনাটিতেই। ঐ এলাকার নির্বাচকমন্ডলিও সেটা দেখলেন। আমি দুঃখিত এবং ব্যথিত যে একটা জীবন চলে গেল। আর কত লাশ চাই? আমরা জানি যে ভাগাড়ে শকুনি ঘুরে বেড়ায় তাদের ক্ষুন্নিবৃত্তি নিবারণ করার জন্য। আর আপনাদের নেতা নেত্রীরাও ঘুরে বেড়ায় শবদেহের জন্য। লাশ চাই কারণ একদলের আর এক দলের উপর কর্তৃত্ব করতে হবে। স্বপন চক্রবর্তীর লাশ - ৮ই জুন। ২১শে জুলাই-১৩ জনের লাশ। ২০শে আগস্ট,'৯৪, উৎপল, দেবুর লাশ।

২২শে ফেব্রুয়ারি বারাসাতে আর একজনের লাশ। আর কত লাশ চাই দেশের মানুষের সর্বনাশ করার জন্য? ৩১ লক্ষ টাকার হিসাব দিয়েছেন সৌগত বাবু, ৮৫ লক্ষ টাকা তো দুটি অবরোধেই আপনারা খরচ করিয়ে দিয়েছেন। আপনি বলবেন শোভনদেববাবু এই যে উইথড্র করার ডিসিসন নিয়েছিলেন, খবরের কাগজে দেখেছিলাম, ৯/১০ তারিখে সেটা বেরিয়েছিল, তারজন্য আপনাদের সভাপতির অনুমতি নিয়েছিলেন তো?

(গোলমাল)

নিয়ে থাকলে নিশ্চয় সেটা বলবেন। তারপর ব্যবধানের কথা বলতে গিয়ে সৌগত বাবু ভুল বললেন। ৪৪টা নয়, ৪৬ টা। এস.ডি.প্রসাদকে জানিয়েছিলেন টি.এন.শেষনকে ধরে। তিনি তদন্ত করে ৪৬ টার কথা বলেছিলেন। ৪৬টা বুথে তো আপনারা বয়কট করেছিলেন সেটা কি আপনাদের জানা নেই? আপনাদের জানা দরকার যে আমরা ভোট পেয়েছিলাম ৬১ হাজার। ৮৯ সালে ঐ কেন্দ্রে আমাদের পার্লামেন্টের প্রার্থী শ্রী বিপ্লব দাসগুপ্ত পেয়েছিলেন ৬৪ হাজার। আমাদের তিন হাজার ভোট কমে গিয়েছিল। এবারে সেই ভোট বেড়ে ৬৮ হাজার হয়েছে। এই ভোট বৃদ্ধিটা ধারাবাহিকভাবে হচ্ছে। সেখানে সেদিন আপনারা ভোট চান নি, আপনারা খবর হতে চেয়েছিলেন এবং এক দল আর এক দলের উপর কর্তৃত্ব করতে চেয়েছিলেন এবং তারজন্য হিংসার আশ্রয় নিয়েছিলেন। মাননীয় রবীন মন্ডল বলেছেন, মাননীয় বিধায়ক সুব্রত মুখার্জি বলেছেন যে সৌগতবাবু প্রান বাঁচিয়েছেন। এতো অস্ত্র কেন মজুত করেছিলেন? কি কাজে লাগাতে নির্বাচনে? কেন এইভাবে লাশটা নিলেন? এসব প্রশ্নের জবাব আপনাদের কাছে আমরা জানতে চাই। বিচার বিভাগ সম্পর্কে আমাদের সমালোচনা আছে কিন্তু সেটা হচ্ছে সিস্টেম সম্পর্কে, ব্যক্তিগতভাবে কোন বিচারপতি সম্পর্কে নয়। বিচারপতি কে.এম.ইউসুফ ৭৫ টা রায় দিয়েছেন। ১৯৮১ সালের ১লা জানুয়ারি শ্রী কে.এম.ইউসুফ বিচারপতি নিযুক্ত হন। তারপর থেকে তিনি ৭৫টি রায় দিয়েছেন এবং তার ৮০ পার্সেন্টেই আমাদের বিরুদ্ধে গিয়েছে। রায়ের বিরুদ্ধে আমরা অ্যাপিল করেছি, কিছুতে হেরেছি, কিছুতে জিতেছি। কিন্তু ব্যক্তিগতভাবে বিচারপতি সম্পর্কে আপনারা যেসব মন্তব্য করলেন সেটা ঠিক নয়। আজকে আপনারা ইউসুফ কমিশনের রিপোর্ট ছিঁড়ছেন, আপনাদের ছিঁড়ে খাবে। দেখছেন না ঐ প্রণব মুখার্জির বাড়ির সামনে কে কাকে ছিঁড়ে খেতে যাচ্ছে? শংকরপ্রসাদ মিত্র যখন ছিলেন আপনাদের দলে তখন রানাঘাটে তার ধুতি কে ছিঁড়েছিল? সেসব কথা কি আপনাদের মনে নেই? তাকেই আবার আপনারা নিয়ে এসেছেন। তাই বলব, এটা পুর্ব পরিকল্পিত। স্যার, যে ঘটনা ঘটেছে মাননীয় কে.এম.ইউসুফ সাহেব তার ফাইন্ডডিংসের মধ্যে দিয়ে গোটা ভারতবর্ষের সামনে তা তুলে ধরেছেন এবং সেখানে একটা নজির তৈরি করেছেন যে মমতা ব্যানার্জির নেতৃত্বে একটা অংশ কংগ্রেসের নামে ভেন্ডালিজম করেছে, খুন করেছে, লুঠ করেছে, সন্ত্রাশ করেছে, জান নিয়েছে নিজেকে প্রতিষ্টিত করার জন্য।

[5-20—5-30 P.M]

আমরা বলেছিলাম -ট্রু উইল মে ফ্রি আস সাম ডেজ, সত্য আমাদের সামনে আসবেই, সত্য আমরা প্রতিষ্ঠিত করবোই সেই সত্যই আমরা প্রতিষ্ঠিত করেছি। ১৯৯২ সালের ৮ই জুন তারিখে ওদের এক গোষ্ঠীর উপর আর এক গোষ্ঠীর লড়াই ওখানকার মানুষ জেনে গেছেন। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের মুখে ওরা কালিমালিপ্ত করতে চেয়েছিলেন, কিন্তু

*সত্যটা ইউসুফ কমিশন প্রকাশ করে দিয়েছেন। তারজন্য বলছি, ইউসুফ কমিশনের রিপোর্ট বাস্তবসম্মত রিপোর্ট। তারজন্য রবীন মন্ডল মহাশয়ের প্রস্তাবকে সমর্থন জানাচ্ছি এবং* আপনাদের প্রস্তাবকে ধিক্কার জানাচ্ছি-ধিক, ধিক, ধিক।

**শ্রী সুলতান আহমেদ ঃ** মিঃ স্পিকার স্যার, এখানে ইউসুফ কমিশনের রিপোর্ট নিয়ে আলোচনা হচ্ছে। ইউসুফ সাহেব ভাল লোক, ভদ্রলোক, কিন্তু আপনি জানেন উনি হাইকোর্টে প্র্যাকটিশ করেছিলেন ঠিকই, তিনি হাইকোর্টে প্লিডার ছিলেন, কিন্তু ওনার কোনও ব্রিফ ছিল না। জ্যোতিবাবু ব্যারিস্টারি পাশ করে ব্রিফ ধরেননি, কিন্তু ইউসুফ সাহেবের কাছে ব্রিফ আসেইনি। যে ইউসুফ সাহেবকে একটি উপনির্বাচনের একটি ইনসিডেন্টকে কেন্দ্র করে এনকোয়ারির দায়িত্ব দেওয়া হয়েছিল, সেই তিনি - রবীন দেব এবং রবীন মন্ডল মহাশয়রা -অনেক জাজমেন্ট দিয়েছেন বলে বলেছেন। কিন্তু ইউসুফ সাহেব কোনওদিন ক্রিমিনাল বেঞ্চে বসেননি। তিনি ক্রিমিনাল জুরিসডিকশন কোনওদিন দেখেননি, সিভিল জুরিসডিকশন দেখেছেন চিরকাল। ইউসুফ কমিশনের টার্মস অফ রেফারেন্স To enquire into the background cause, cause and nature of the disterbances. তার মানে হচ্ছে, টোটাল ক্রাইম, পুলিশ, ইনসিডেন্ট, মার্ডার-এই জিনিসগুলি এনকোয়ারি করবার দায়িত্ব তাঁকে দেওয়া হয়েছে। তিনি ভাল মানুষস কোনওদিন ক্রিমিনাল কেস নিয়ে, বোমাবাজি বা ফায়ারিং ইত্যাদি নিয়ে প্লিড করেননি, জাজমেন্ট দেননি। এখানেই সরকার প্রথম ভুল করেছেন। আমার মনে হয়, রিমোর্ট কন্ট্রোলে বসে থাকা কাউকে খুশী করবার জন্য ইউসুফ সাহেবের মতো মানুষকে ঐ কমিশনের জাজ করা হয়েছিল। সেখানে স্বপন চক্রবর্তী মারা গেছেন, কিন্তু সেখানে তার রক্ত লুকিয়ে ফেলবার চেষ্টা করেছিল পুলিশ, কারণ তারা দেখাবার চেষ্টা করেছিল যে, স্বপন পুলিশের গুলিতে মারা যায়নি, বোমাবাজিতে খুন হয়েছে। আপনি উর্দু জানেন, কোনও একজন কবি এরকম ঘটনাকে লক্ষ্য করেই লিখেছিলেন ঃ 'তুমনে জিস খুন কে দবানা চাহাঙ্গ আজ কে বাজার মে আ নিকসা',, তুমি যে রক্তকে দাবিয়ে দেবার চেষ্টা করেছিলে, আজকে সেই রক্ত বাজারে, রাস্তঘাটে চলে এসেছে। এখানে ইউসুফ কমিশনের ব্যাপারে অনেক সার্টিফিকেট দেওয়া হয়েছে। তাঁর রিপোর্ট মমতা ব্যানার্জি প্রভোকেটার হিসাবে ঘোষণা করা হয়েছে। আমরা যারা রাজনীতি করি বা আন্দোলন করি তারা জানি যে, ১৯৭৯ সালে ধর্মবীরা যখন এখানে রাজ্যপাল তখন ময়দানে একটি মিটিং হয়েছিল। সেই মিটিংয়ে জ্যোতিবাবু এবং বিশ্বনাথ মুখার্জি সেখানে দাঁড়িয়ে বক্তৃতা করে আগুন লাগাবার কথা বলেছিলেন। বাংলায় আগুন জ্বলবে। সভার পর কি হয়েছিল-নন্দবাবু আছেন-চৌরঙ্গি থেকে আরম্ভ করে ধর্মতলা পর্যন্ত ১০০ দোকান লুট হয়েছিল ১৯৬৯ সালে। আজকে আপনারা এখানে আন্দোলনের জন্য বাংলা বনধ্ ডাকলে সেটা বিপ্লব হয় আর কংগ্রেস ডাকলে বুদ্ধদেববাবু হাউসে বলবেন আমি দেখে নেব আর সুভাষ চক্রবর্তী মহাশয় রাইটার্স বিল্ডিং-এ দাঁড়িয়ে হুমকি দেবেন। আপনারা বাংলা বনধ্ ডাকলে লেনিন এবং মার্কস-এর বিপ্লবের কথা হয়। ৮ই জুন যে ঘটনাটা ঘটেছে এটা স্যার সিরিয়াস ব্যাপার। আজকে ইউসুফ সাহেব কি ফাইনডিংস দিয়েছেন বা ইউসুফ সাহেব কি জাজমেন্ট দিয়েছেন সেটাকে মাথায় নিয়ে আপনারা ঘুরতে পারেন। আমাদের দেশে শা কমিশন জাজমেন্ট দিয়েছেন। দেশের মানুষ পায়ের নিচে শা কমিশনের রিপোর্টটা ফেলে দিয়েছিল, বলেছিল না, এই রিপোর্ট ইন্দিরা গান্ধীর বিরুদ্ধে, আমরা মানি না। স্যার, এই ইউসুফ কমিশন যার জন্য গভর্নমেন্ট করেছিল তা হলো ইনসিডেন্ট জানার

জন্য, ইনসিডেন্টটা কেন হলো, ফায়ারিংটা কেন হলো, গোলমালটা কেন হলো। স্যার আমি সেই দিন গিয়েছিলাম, যাবার কথা ছিল ইউসুফ কমিশনে উইটনেস দেবার জন্য। কিন্তু আমি জানতাম ইউসুফ সাহেব কিছু করতে পারবেন না। ইউসুফ সাহেব আমাদের স্টেটমেন্ট নিয়ে, অর্থাৎ আমাদের কংগ্রেসের নেতা বা এম.এল.এ.-দের স্টেটমেন্ট নিয়ে কিছু করতে পারবেন না। যেহেতু শ্যামলবাবু ছিলেন ইলেকশনের দিন। কুমকুম চক্রবর্তী ছিলেন, দীপক চন্দ ছিলেন। ওঁদের কি কাজ ছিল বালিগঞ্জ যাওয়ার? সেটা আমি জিজ্ঞাসা করতে চাই। এখন দীপক চন্দ নেই, কুমকুম চক্রবর্তী রয়েছেন, শ্যামলবাবু নেই পরেশ পাল হারিয়ে দিয়েছেন। শ্যামলবাবু সেই দিন ছিলেন। ইউসুফ সাহেব শ্যামলবাবুকে উইটনেশে ডাকেন নি। সিদ্ধার্থ রায়ের ব্যাপারে উনি বারে বারে কমেন্ড করেছেন, ওনাকে সমন করা হচ্ছে, কিন্তু উনি খুব বিজি মানুষ, বিদেশে বসে আছেন, উনি এখানে কি করে আসবেন। আবার এটাও বলছেন যে ওনার কোনও দায়িত্ব ছিল না। মানে এই রিপোর্ট যদি দেখা যায় তাহলে দেখা যাবে রিপোর্টটা একটা ফিকশানের মতো দাঁড়িয়েছে। এটা রিপোর্ট নয়। হাস্যকর হয়ে গেছে এই রিপোর্ট। আজকে উনি ৪ নম্বর কমরেড। ৫ নম্বর কমরেড হলো তুষার তালুকদার। ওনার ডিপোজিশন দেখুন। দীনেশ বাজপাই, এই সব কমরেড আপনারা তৈরি করেছেন। তাঁদের কি দায়িত্ব ছিল? ইলেকশনটা পিসফুল এবং ফেয়ার মেনারে করবার। কিন্তু সরকার থেকেই-আমি নিজে 'তপসিয়ায় দেখেছি-সকাল সাড়ে সাতটায় ভোট আরম্ভ হয়ে গেছে। একজন কংগ্রেসের পোলিং এজেন্টকে চিলড্রেন অ্যাকাডেমিতে মেরে বার করে দিয়েছে। তারপর রবীনবাবু ১০ মিনিটের মধ্যে পৌঁছে গিয়ে ম্যানেজ করছেন। ওনার পোলিং এজেন্ট রিভলবার নিয়ে বসে আছে। এই কথা আমার এই রিপোর্টের মধ্যে কোনও জায়গায় পায় নি। বালিগঞ্জ কন্সটিটিউএন্সির ভোটাররা ভোট দিতে পারেনি। তারা সারা দিন পোলিং স্টেশনের বাইরে দাঁড়িয়ে বিক্ষোভ জানিয়েছে। আমার গাড়ি থামিয়ে তারা বলেছে, সুলতান সাহেব আমরা ভোট দিতে পারছি না, কোথায় মমতা ব্যানার্জি, আমরা যাবো তাঁর কাছে। মমতা ব্যানার্জি লোকাল এম.পি, তাঁর দায়িত্ব ছিল ওখানে যাবার। শ্যামবাবুর কি দায়িত্ব ছিল? এখানে জ্যোতিবাবু, শাহেনশা বাদসার মতো বসে আছেন, জ্যোতিবাবু কি দায়িত্ব দিয়েছিল যে তোমাকে বালিগঞ্জে যেতে হবে? জ্যোতিবাবুর ক্যাবিনেট মিটিং-এ এটা ডিসিসন ছিল? কেন শ্যামলবাবু রিমোর্ট কনট্রোলের মাধ্যমে ৮ই জুন ১৯৯২ নির্বাচন করিয়েছেন? আমরা সেখানে দেখেছি, সেন্ট্রাল ক্যালকাটার মস্তান, এখন যে জেলে বসে আছে, সেই রসিদ খানের বাহিনী রবীনবাবুর পেছনে যারা ঘুরছিল তাদের জন্য রসিদ খানের হোটেল দিল্লির দরবার থেকে খাবারের প্যাকেট সাপ্লাই হয়েছে বালিগঞ্জ নির্বাচনে। আজকে তার উত্তর দিতে পারবেন? মাননীয় মুখ্যমন্ত্রীর এস.পি., আই.জি. সমস্ত রয়েছে, এই সব ইনটেলিজেন্স উইং গুলি পঙ্গু করে দেওয়া হয়েছে। ৪৮ ঘন্টা আগে অর্থাৎ ২ দিন আগে মমতা ব্যানার্জি একটা সভায় বলেছিলেন, আমরা দেখবো কি করে সি.পি.এম. এখানে রিগিং করে, আমি থাকবো নির্বাচনের দিন, আমি এর মোকাবিলা করবো। এটা কি প্রোভোকেশন? উনি সকাল ৭টা থকে ঘুরে দেখেছেন মানুষ ভোট দিতে পারছেন না। পোলিং স্টেশনের বাইরে এবং ভেতরে সি.পি.এম.-এর কমরেডরা রিভলবার,বন্দুক এবং পাইপগান নিয়ে দাঁড়িয়ে আছে। আপনারা বলুন ইউসুফ কমিশনের রিপোর্ট-এ এটা আছে যে কংগ্রেসের কোনও ছেলে রিভলবার বোমা নিয়ে অ্যারেস্ট হয়েছে, কংগ্রেসের কোনও অফিস থেকে রিভলবার বোমা সিজ হয়েছে, কোনও কংগ্রেস

[5-30—5-40 P.M]

অফিসের সামনে ভায়োলেন্স হয়েছে? কংগ্রেসি লিডাররা ঘুরে ঘুরে দেখেছেন। মানুষ বলছে, আমরা ভোট দিতে পারছি না। আমাদের সুযোগ করে দিন। বারবার অপদার্থ পুলিশ কমিশনার তুষার তালুকদারকে ফোন করা হয়েছে। বলা হয়েছে, কি হচ্ছে, এটা কি নির্বাচন হচ্ছে? উনি বলেছেন, আমি নির্দেশ পাঠিয়েছি। পুলিশ আসছে না। পুলিশকে কে কন্ট্রোল করছিলেন? বুদ্ধদেববাবু রাইটার্সে বসে ছিলেন। রবীনবাবু কনস্টিটিউয়েন্সিতে ছিলেন। সেখানে কি হলো? দূরদর্শন যদি ওদের হাতে থাকতো, তাহলে দূরদর্শনের রিপোর্ট কোরানের মতো, গীতার মতো হোত। আজকে যেমন ইউসুফ কমিশনের রিপোর্ট কোরানের মতো হয়েছে তেমনি হোত। দূরদর্শন সেখানে ফায়ারিং দেখিয়েছে। দুটি যুবকের মৃত্যু দেখিয়েছে যে কি করে গুলি খেয়ে পড়েছে। তার রক্ত মুছে দেবার চেষ্টা হয়েছিল। তারপর হসপিটালে যে ড্রামা হয়েছে, ইউসুফ কমিশনের রিপোর্টের মধ্যে তার উল্লেখ নেই। তুষার তালুকদার বলেছিলেন, বোম্ব ইনজুরি হয়েছে। কিন্তু সাড়ে সাতটার নিউজে দেখানো হয়েছে স্বপন চক্রবর্তীকে গুলি করে মারা হয়েছে। যখন এই সংবাদ প্রচার হলো তখন বুদ্ধদেববাবু বললেন, তাড়াতাড়ি একটা বিবৃতি দাও। মুখ্যমন্ত্রী ছিলেন। কিন্তু তাঁর কোনও ক্ষমতা ছিল না। বুদ্ধদেববাবু রিমোর্ট কন্ট্রোল করছিলেন, রাইটার্স থেকে তিনি কন্ট্রোল করছিলেন। উনি বললেন, তাড়াতাড়ি একটা বিবৃতি দাও। এটা একটা সিরিয়াস ব্যাপার। আজকে নির্বাচনে রিগিং হচ্ছে, ডেমোক্রেসি ধ্বংস হয়ে গেছে। এই রাজ্যের মানুষ ভোট দিতে পারছে না। ইউসুফ কমিশনের রিপোর্ট ইতিহাসের ডাস্টবিনে চলে যাবে, জঞ্জালে চলে যাবে। পশ্চিমবঙ্গের মানুষ এই রিপোর্টটা মানবে না। আপনারা বলিগঞ্জে জোচ্চুরি করেছেন।

**শ্রী মহম্মদ ইয়াকুব ঃ** অনারেব্যাল স্পিকার, স্যার, বিরোধী সদস্য সৌগত রায় যে মোশন এনেছেন, আমি তার বিরোধিতা করছি এবং রবীন্দ্রনাথ মন্ডল যে মোশন এনেছেন তাকে সমর্থন করে এবং ইউসুফ কমিশনের যে রিপোর্ট তাকে সমর্থন জানিয়ে দু একটি বিষয় উল্লেখ করতে চাই। প্রথমত বিরোধিপক্ষের যে অভিযোগ, আমি তাঁদের কাছে প্রশ্ন করতে চাই, একটা এনকোয়ারি কমিশনের জন্য আমাদের সরকার অনারেব্যল হাইকোর্টের চিফ জাস্টিসকে অনারেব্যল চীফ মিনিস্টার চিঠি লিখে একজন জাজকে নিয়োগ করে। এই এনকোয়ারি কমিশনের মাধ্যমে সেখানে এনকোয়ারি করার জন্য স্বাভাবিক ভাবেই ইউসুফ সাহেবকে বামফ্রন্ট সরকার নিয়োগ করেন নি। অনারেব্যল হাইকোর্টের চীফ জাস্টিস প্রেসিডেন্ট অব ইন্ডিয়ার অনুমোদন নিয়ে ইউসুফ সাহেবকে এই এনকোয়ারি কমিশনের দায়িত্ব দিয়েছেন। স্বাভাবিক ভাবেই এই প্রশ্ন ওঠেনা এখানে। দ্বিতীয়ত আমার বন্ধু সুলতান সাহেব ক্রিমিন্যালের ব্যাপারে বলছিলেন যে ইউসুফ সাহেব ক্রিমিন্যালটা বোঝেন না। তাহলে উনি কি পরোক্ষ ভাবে এই কথা বোঝাতে চাইছেন, যুবনেত্রী, তিনি কি ক্রিমিন্যাল ছিলেন যাতে করে একজন ক্রিমিন্যালের জাজকে দিয়ে এনকোয়ারি করাতে হবে? এখানে এই প্রশ্নটা থেকে যায়। আমার তৃতীয় কথা হলো, আমি এখানে আমার বিরোধী বন্ধুদের কাছে যে কথাটা রাখতে চাই, ইলেকশনের একটা নর্মস আছে. কোড্ অ্যান্ড কনডাক্ট আছে, রুলস্ আছে। একজন ইউনিয়ন মিনিস্টার তিনি যখন মন্ত্রী তখন ওই নির্বাচনের দিনে নির্বাচন কেন্দ্রে গিয়ে শত শত নিজেদের যুবকদের নিয়ে মিটিং করে [illegible]কেশন করা উচিত হয়েছে কিনা সেই বিষয়ে কি

তিনি বলবেন-এটা কি করা উচিত? তারপরে নির্বাচনে যেখানে তিনি বলছেন ফ্রি অ্যান্ড ফেয়ার প্রশ্ন, সেখানে যদি যুবকদের হোসটাইল করে দেওয়া হয়, রাস্তা বন্ধ করে দেওয়া হয় তাহলে যে পুলিশ প্রশাসন শান্তিপূর্ণভাবে নির্বাচনের কাজ সম্পন্ন করার দায়িত্বে আছেন তাদের কি ভূমিকা হওয়া উচিত এই প্রশ্নের জবাব তো তিনি একবারও দিচ্ছেন না। স্যার, আমি বক্তব্য শেষ করবার আগে আমি বলি এনকোয়ারি কমিশনের রিপোর্ট সমর্থন করার ব্যাপারটা সরকার বিবেচনা করবেন, কি করা উচিত কিন্তু আমাদের জনগনের কাছে যাওয়া। আর এই সভনেত্রী বিগত দিনে বহু যুবকের রক্ত ঝরিয়েছেন। কয়েক বছর আগে বারোজন জলজ্যান্ত ছেলে তাঁর প্রোভোকেশনের নেতৃত্বে প্রাণও বিসর্জন দিয়েছেন। তার বিরুদ্ধে এনকোয়ারি কমিটি গভর্নমেন্টের করা উচিত ছিল ,কিন্তু সেটা হয় নি। তিনি বেঁচে গেছেন। তৃতীয়ত প্রত্যেক দিন এই যুবনেত্রী যে ঘটনা ঘটিয়ে চলেছে এবং যেখানে আমরা সাম্প্রদায়িকতার বিরুদ্ধে লড়াই, আন্দোলন করছি সেখানে আমাদের জনগণকে সচেতন করার দরকার এইজন্য যে আজকের সংবাদপত্রে বেরিয়েছে যে, বিজেপি অর্থাৎ ভয়ঙ্কর ঝনঝটিয়া পার্টিতেই ওই সভানেত্রী যোগ দিচ্ছেন, সেইজন্য আমাদের আরো বেশি করে সতর্ক করে দেওয়া দরকার।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মিঃ স্পিকার স্যার, ইউসুফ কমিশনের ব্যাপারে যে প্রস্তাব আমাদের দলের থেকে দেওয়া হয়েছে সৌগত রায়ের পক্ষ থেকে, আমি তার সমর্থনে বক্তব্য রাখতে গিয়ে প্রথমেই প্রশ্ন জাগছে যে, এই ইউসুফ ব্যাক্তিটি কে ? একজন ব্রিফলেস ল-ইয়ার, যিনি অতীতে সরকারের কাজ করছেন, সরকারের ওকালতি করেছেন ১৯৭৭ সাল থেকে ১৯৮৬ সাল পর্যন্ত এবং কেস পিছু ৮৫ টাকা পেতেন। ওঁর সম্পর্কে অতীতে অনেক কিছু শোনা যায়, যেগুলো হয়তো সভায় বলা যাবে না যে অতীতে ওঁর সম্পর্কে আরো অনেক কিছু গুরুতর অভিযোগ ছিল সুতরাং ওই লোকটিতে বিচারক করে যে কমিশনের রিপোর্ট বেরিয়েছে তাতে আমি কেবলমাত্র শুরু করতে চাই এই কথা বলে যে , মমতা বন্দ্যোপাধ্যায়ের সাক্ষ্য বা রবীন দেবের সাক্ষ্যর প্রয়োজন নেই, সবচেয়ে বড় সাক্ষ্য যিনি দিয়েছিলেন তাঁর নাম দীব্যেন্দু পালিত। আনন্দবাজার পত্রিকায় তারপরের দিনই একজন বামপন্থী সাহিত্যিক তাঁর বক্তব্য দিয়েছিলেন যে, কারচুপির প্রতিবাদে ভোট দেন নি। ইলেকশন কমিশন বা জুডিসিয়াল কমিশন কোনও জায়গায় এই ধরনের অভিযোগ করেন নি যে কংগ্রেস কারচুপি করেছে। আমি ধরে নিলাম যদি ইউসুফ সাহেবের বক্তব্য ঠিক হয় যে, আমাদের গন্ডগোলের অভিযোগ আছে কিন্তু কারচুপি করেছে কে এই ব্যাপারে দীব্যেন্দু পালিতের একটা লাইন আমি পড়ে দিচ্ছি- নির্বাচনের নামে প্রহসন। বালিগঞ্জ উপনির্বাচনে কেন্দ্রের ভোট দাতা হিসাবে আমার যে অভিজ্ঞতা হল তারপরে নিজেকে ওই প্রশ্ন করা ছাড়া আর কোনও উপায় নেই। আমি নিশ্চিত এ প্রশ্ন শুধু আমারই নয়, এ প্রশ্ন আমার মতো আরো অসংখ্য ভোটারের, যাঁরা ভোট দিতে গিয়ে এই প্রহসন প্রত্যক্ষ করেছেন এবং দীর্ঘক্ষণ লাইনে দাঁড়িয়েও ভোট দিতে না পেরে বিরক্ত হয়ে ফিরে এসেছেন। শুধু তাই নয়, আমরা বলিনি, মানুষ সেখানে প্রতিবাদ করেছে, দীব্যেন্দু বাবু বলেছেন, মমতা বন্দ্যোপাধ্যায় নয়। এটা শোভনদেব চট্টোপাধ্যায় নয়, সৌগত রায় নয়, দীব্যেন্দু বাবু বলেছেন, কি বলেছেন, "উপস্থিত ভোটারদের অনেকেই সমর্থন করেন আমার বক্তব্য। এরপর

[5-40—5-50 P.M]

সকলের বক্তব্যের চাপে-ওই কেন্দ্রের প্রিসাইডিং অফিসার সি.আর. ব্রহ্মা এবং জনৈক পুলিশ অফিসার সেখানে উপস্থিত হয়ে আমাদের অভিযোগ শোনেন।" এটাই তো ফ্যাক্ট এই কথাই বলতে চেয়েছিলাম। স্যার, আমি আমার বক্তব্য রেকর্ড করিয়ে রাখতে চাই যে, কমিশন তাক বাযাস অ্যাটিচুড এক্সপোসড্ করেছেন, এই কমিশনের রিপোর্টের মধ্যে দিয়ে এটা হচ্ছে এক নম্বর। দুই নম্বর হচ্ছে, এই রিপোর্ট ওয়ান সাইডেড, একপেশে। তৃতীয়ত একেবারে মনগড়া, অর্দ্ধসত্য, অসত্য সংবাদের ভিত্তিতে, অলীক কল্পনার বশে লেখা হয়েছে। চতুর্থত কমিশন নিজেকে অযোগ্য প্রমান করেছেন একটা ফেয়ার মতামত দেওয়ার ক্ষেত্রে যেসব সাক্ষ্য গ্রহণ করেছে. যাদের কথা এইসব রিপোর্টে প্রকাশিত হয়েছে সেইগুলি সম্পূর্ণভাবে একটা দলের অথবা পুলিশের। অন্য দলের বক্তব্যের কোনও কথা এই রিপোর্টের মধ্যে প্রতিফলিত হয়নি। যেমন আমাদের রবীন বাবুর বক্তব্য শোনা হয়েছে। আজকে শুনলেন তো রবীন মন্ডলের বক্তব্য, কোনও মেটিরিয়াল আছে কথার মধ্যে কি বললেন ইউসুফ সম্বন্ধে, একটি কথাও বললেন না। কোনও মেটিরিয়াল নেই। অথচ আমরা দেখলাম, ঐ কুমকুম চক্রবর্তী, দীপক চন্দ, মহম্মদ সেলিম এদের বক্তব্য প্রতিফলিত হয়েছে, এই রিপোর্টের মধ্যে। কমিশন কেন ইচ্ছাকৃতভাবে ৪৬টি বুথে যে রিপোল হল, এটা কেন হোল, কি কারণে হলো, এটা কিন্তু কোথাও কগনিগেনস দেননি, এই ইউসুফ কমিশন। এখানে মুল প্রশ্ন লুকিয়ে আছে, এই যে রবীন বাবু ইতিহাস করে দিয়েছেন, ৯১ সালে ৪ হাজার, ৯২ সালে ৩০ হাজার, আবার ৯৬ সালে ১,৪০০ কি মার্জিন, কোনও ম্যাজিকে জিতলেন? কিন্তু মমতা ব্যানার্জির তা হয়নি। ঐখানে ১০ হাজার ভোটে জিতেছিলেন, বালিগঞ্জ কেন্দ্রে। যে মমতা বন্দোপাধ্যায়কে বলেছিলেন মানুষ ভোট দেবে না, এই ইলেকশনের আগে, সেই মমতা ব্যানার্জি বালিগঞ্জ কেন্দ্র থেকে ১০ হাজার ভোটে জিতেছেন সি.পি.এম. প্রার্থীর থেকে এবং ১ লক্ষ ১০ হাজার ভোটে জিতেছেন পার্লামেন্ট সিটে। অতএব যে কথাগুলি বলতে চেয়েছেন সেইগুলি অসত্য, কমিশন পরিকল্পনামাফিক এড়িয়ে গিয়েছেন, সেইসব সাক্ষ্য যেগুলি পুলিশের বিরুদ্ধে গিয়েছে এবং সি.পি.এম.-এর বিরুদ্ধে গিয়েছে সেইগুলি এড়িয়ে গিয়েছেন। কমিশন স্কোপ অফ রেফারেন্স এর বাইরে গিয়ে কংগ্রেস নেতৃবৃন্দর চরিত্র হনন করেছে। সৌগত রায় সম্বন্ধে বলেছে, বেক অ্যান্ড কল, তাকে বলেছেন মমতার ছায়া, এইসব বলার অধিকার কে দিয়েছে? সৌগত রায় যদি বলে থাকেন, এই কমিশন সে হচ্ছে [* * *] কোনও ভুল বলেছেন কোনও অন্যায় করেননি, এটা অতি সত্য কথা বলেছেন।

**মিঃ স্পিকার :** এটা এক্সপানজড হবে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** আপনি এখানে এক্সপানজড করতে পারেন, কিন্তু ঐখানে করতে পারবেন না, ঐটা তো খোলামাঠ। ইউসুফ সাহেবেকে নিয়ে যেটা উনি বলেছেন এই লোকটার সম্বন্ধে এইগুলি বলা যায় [* * *]

**মিঃ স্পিকার :** অল উইল বি এক্সপানজড, এটা বাদ যাবে, সমস্তটা বাদ যাবে।

Note : Expunged as ordered by the Chair

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** [* * *] মমতা ব্যানার্জি এবং সৌগত রায় সম্বন্ধে যেগুলি বলেছে সেইগুলি সাব-স্ট্যান্ডার্ড আনডিগনিফাইড। মমতা ব্যানার্জি, সৌগত রায়, পঙ্কজ ব্যানার্জি, দিব্যেন্দু বিশ্বাস, আমি, আমরা যেসব সাক্ষ্য দিয়েছিলাম এইসব সাক্ষ্য কোনও জায়গায় প্রতিফলিত হয়নি। আমার সিকিউরিটির বুক ফেটে গিয়েছে, এটা রেকর্ডেড। ইঁটের ঘায়ে তার বুক ফেটে গিয়েছে, সে তো গভর্নমেন্ট অফিস হোল্ড করে, সেটাতো রেকর্ডের আছে। আমার কাছে ফটো আছে, কুমকুম দেবী লিড করছেন গুন্ডা মাস্তানদের সাহায্য নিয়ে, পুলিশের সাহায্য নিয়ে। উনি গুন্ডা মাস্তানদের লিড করছিলেন। মমতা সম্বন্ধে কমিশন বলেছে তিনি প্রভোকেটিভ বক্তৃতা দিচ্ছিলেন-হেয়ার ইজ ও ফটোগ্রাফ, মমতা ব্যানার্জি বক্তৃতা দিচ্ছে, পিসফুল ক্রাউড - কোনও জায়গায়, একটা জায়গায় দেখাতে পারবেন মমতা ব্যানার্জি এক্সাইট করছেন পিসফুল ক্রাউডকে। এর পরে বলা হচ্ছে, গড়িয়াহাটের মোড়ে কংগ্রেসিরা গন্ডগোল করেছে। আপনি এই ছবিটা দেখুন স্বপন চক্রবর্তীর ডেডবডি যেখানে পড়ে আছে, সেখানে একশ গজের মধ্যে কেউ নেই। ছবি কখনো মিথ্যা কথা বলেনা। Picture cannot tell a lie, you can tell a lie, I can tell a lie, but picture cannot tell a lie.যেখানে ডেডবডিটা পড়ে আছে, সেখানে শুধু একজন পুলিশ অফিসার দাঁড়িয়ে আছে। পুলিশ কমিশনার বলে দিলেন বোমার আঘাতে মারা গেছে। জ্যোতিবাবু যেভাবে পুলিশকে ট্রিগার হ্যাপি করেছেন তারই প্রতিফলন ঘটেছিল। ইউসুফ কমিশনের রিপোর্টে বলা হয়েছে বোমের আঘাতে মারা গেছে। আর কত মিথ্যার আশ্রয় নেবেন বাংলার মুখ্যমন্ত্রী। যে ক্যামেরাম্যান এই ফটোগ্রাফটা ধরে রেখেছিলেন তাকে পুরস্কৃত করা উচিত। একটা সত্য চিরদিনের জন্য চাপা যেত, ক্যামেরাম্যান দাঁড়িয়ে থেকে নির্দিষ্টভাবে ছবিটা তুলেছেন। এটা না তুললে সত্যটা চাপা পড়ে যেত। এরপরেও কি আমাদের ইউসুফ কমিশনের রিপোর্ট গ্রহণ করতে হবে। আমি আরেকটা কথা বলব, সুব্রত বাবুর সাক্ষ্য সম্পর্কে বলেছেন, সুব্রতবাবুর সাক্ষ্যে যা আছে সে কথাতো গ্রহণ করেননি। কোনও জজের অলীক, কল্পনার ভিত্তিতে মতামত দেওয়ার অধিকার নেই, ক্ষমতা নেই। ইট উইল be based on the facts it will be based on the arguments, it will based on witness. কোনও কল্পনার কথার উপরে ভিত্তি করে কোনও মতামত তিনি দিতে পারেননা। এটা সারা পৃথিবীতে আইন জগতে, স্বীকৃত সত্য। এই কমিশনের জন্য ৩১ লক্ষ টাকা খরচ করলেন ইউসুফ সাহেবকে সামনে এটা দিয়েছেন, এটা লেখার জন্য [* * *] যদি ঐ টাকা দিয়ে আপনারা স্বপন চক্রবর্তীর স্ত্রীকে সাহায্য করতেন তাহলে মানবিকতা, মূল্যবোধের একটা পরিচয় রাখতে পারতেন। এই কথা বলে, সৌগত রায় যে মোশন এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার :** পেছনের দরজা দিয়ে কত টাকা দিয়েছেন, এই সমস্ত কথাগুলো বাদ যাবে।

**শ্রী জয়ন্ত কুমার বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রবীন মন্ডল মহাশয়, যে মোশন এনেছেন তাকে আমি সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে বিরোধী পক্ষের থেকে সৌগত

Note : Expunged as ordered by the Chair

রায় যে মোশন উত্থাপন করেছেন তার বিরোধিতা করছি এবং সঙ্গে সঙ্গে সৌগত বাবুর পিতৃদেবের প্রতি শ্রদ্ধা জানাচ্ছি। একটা রাজনৈতিক নেতৃত্ব কতখানি দায়িত্বজ্ঞানহীন হতে পারে, কতটা অর্বাচীন হতে পারে, সেই রাজনৈতিক নেতৃত্বের মুখোশ অত্যন্ত স্পষ্টভাবে পরিলক্ষিত হয়েছে ইউসুফ কমিশনের রিপোর্টের মধ্যে। সেখানে ১৩৭ জনের সাক্ষ্য গ্রহণ করা হয়েছে এবং দলমত নির্বিচারে বিভিন্ন লোকের সাক্ষ্য গ্রহণ করা হয়েছে। সেই ক্ষেত্রে এটা প্রমাণিত হয়েছে, ঐ অর্বাচীন রাজনৈতিক নেতৃত্ব বালিগঞ্জ উপ-নির্বাচনে যে ঘটনা ঘটিয়েছে, তার জন্যই মৃত্যু ঘটেছে। এটা প্রমাণিত সত্য এবং ইউসুফ কমিশনের রিপোর্টে এটা অত্যন্ত স্পষ্টভাবে বলা হয়েছে। একের পর এক যেভাবে উত্তেজনাকর বক্তব্য তিনি রেখেছেন যার ফলে এই অবস্থা তৈরি হয়েছিল, এটা প্রি-প্ল্যান্ড ছিল, মোটিভেটেড ছিল। একটা উত্তেজনা সেখানে তৈরি করা হয়েছিল। মমতা ব্যানার্জির সমস্ত রাজনৈতিক কর্মকান্ড থেকে দেখা যায়, তিনি যে রাজনীতি করছেন, সেটা দায়িত্বজ্ঞানহীন রাজনীতি। যে অবাচীন কাজকর্ম তিনি করে যাচ্ছেন দীর্ঘদিন ধরে তা থেকে এটাই প্রমাণিত হয় ইউসুফ সম্পর্কে বিরোধীদল যে মন্তব্য করেছেন, যে কোনও দায়িত্বশীল বিরোধী পক্ষের সদস্যদের সংযম থাকা উচিত ছিল। একের পর এক যে ভাষা ব্যবহার করেছেন পরিষদীয় রাজনীতিতে তা ঠিক নয়। কোনও সভ্য মানুষ, শিক্ষিত মানুষ এই কথা বলতে পারে না।

[5-50—6-00 P.M]

একের পর এক তাঁরা যে সব কথা উচ্চারণ করে যাচ্ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইউসুফ তো বামফ্রন্টের বিরুদ্ধেও অনেক রায় দিয়েছিলেন। কিন্তু বামফ্রন্টের তরফ থেকে তিনি যখন জাজ ছিলেন-তখন তাঁর বিরুদ্ধে কোনও প্রচার আন্দোলন করা হয় নি। তিনি বসে আছেন-তিনি যে রায় দিয়েছিলেন তার শতকরা ৭৫ ভাগ রায় বামফ্রন্টের বিরুদ্ধে গিয়েছিল। বিচারপতি ইউসুফ বামফ্রন্টের কমিটেড লোক নন। তিনি বামফ্রন্টের কমিটেড লোক ছিলেন না, তিনি ন্যায্য কথা বলেছেন। ন্যায্য কথা বলার ফলে আজকে ওই মমতা ব্যানার্জির মুখোস স্পষ্ট হয়ে গিয়েছে। প্রকাশ হয়ে গিয়েছে। সেই কারণে আমি বলব ওঁরা কমিশনের রিপোর্টকে ছিঁড়ে ফেলেছেন, যে রিপোর্টকে ছিঁড়ে ফেললেন সৌগত বাবু। আমি মনে করি আমাদের দেশের রাজনৈতিক নেতৃত্বের ওরা অর্বাচিনতা তার একটা দলিল হয়ে, নজির হয়ে থাকবে এই কমিশনের রিপোর্টে। এই কমিশনের রিপোর্ট একটা দলিল হয়ে থাকবে এবং ভবিষ্যতে এগুলো নিয়ে প্রচার আন্দোলন রাখতে হবে, মানুষের কাছে প্রচার আন্দোলন রাখতে হবে, মানুষের কাছে প্রচার করে দিতে হবে-এর বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া যাবে। কমিশনের রিপোর্টের ভিত্তিতে ব্যবস্থা নেওয়ার দরকার নেই মানুষ থেকে বিচ্ছিন্ন করতে হবে এবং একথা বলতে হবে যাঁরা বিধানসভা চত্বরে দাঁড়িয়ে একজন বিচারপতির বিরুদ্ধে যে ধরনের ভাষা ব্যবহার করলেন, যে কুৎসিত ভাষা ব্যবহার করলেন এই সমস্ত মানুষগুলোর চরিত্র জনগণের সামনে তুলে ধরতে হবে, মানুষের সামনে তুলে ধরতে হবে। মাননীয় রবীন মন্ডল মহাশয়, বলেছেন, মাননীয়া ইন্দিরা গান্ধী কমিটেড জুডিসিয়ারি চেয়েছিলেন। কিন্তু আমরা সেটা কখনই চাই নি। আমরা বিচার বিভাগ সম্পর্কে এখানে কোনও কটাক্ষ করিনি। বামফ্রন্টের বহু মামলা বামফ্রন্টের অগ্রগতির পক্ষে বাধা হয়ে কোর্টে পেন্ডিং আছে। কিন্তু হাইকোর্ট সম্পর্কে বিরূপ মতবাদ আমরা করছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এদের

রূপটা জানা দরকার। ওঁদের নেত্রী যাঁর চরিত্র দোদুল্যমান কখনও ভারতীয় জনতা পার্টি, কখনও কংগ্রেসের মধ্যে তাঁর অবস্থান। এই তাঁর রাজনৈতিক চরিত্র। তার সঙ্গে এটা প্রমাণিত হয়েছে, তাঁর হঠকারিতার ফলে এদেশের বহু যুবককে রক্ত দিতে হয়েছে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ইউসুফ কমিশনের রিপোর্ট নিয়ে আমরা, আলোচনা করার সময় এই কথা বলতে চাই যে, বিচারপতিদের উপর বিচারবিভাগের উপর শুধু কংগ্রেসের নয় সমস্ত জাতীয়তাবাদী নেতাদের এবং দলের গভীর শ্রদ্ধা সব সময় আছে এবং থাকবে। জাজ বা জাস্টিসের কাছে লোকে বিচারের আশা করেন। কিন্তু আজকে ইউসুফ কমিশনের রিপোর্ট কলকাতা হাই-কোর্টের যে কোনও জাস্টিস যদি পড়েন, তা হলে প্রত্যেকেই, সৌগত রায় যে ভাষায় নিন্দা করেছেন, তার চেয়েও আরও কঠোর, কঠিন ভাষায় তাঁরা নিন্দা করবেন। একটা প্রতিষ্ঠিত সত্য যে হাইকোর্টে এত জাজ থাকতে ইউসুফ সাহেব কে বাছা হল কেন? ওঁকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হল ২৭ শে জুলাই। টার্মস অফ রেফারেন্স ৮টি, তার মধ্যে বলা হল, এই টার্মস অফ রেফারেন্স। কাকে বলা হল? ইউসুফ সাহেব কে। যিনি ৩১শে আগস্ট রিটায়ার করবেন, সিটিং জাজ, ৩ মাসের জন্য দেওয়া হল, যিনি এক মাস ৩দিন পর রিটায়ার করবেন। বেছে বেছে কেন তাঁকে দেওয়া হল? মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর পিছনে কি ব্যাক-গ্রাউন্ড আছে আমি সেটা বলতে চাই। ১৯৭৭ সালে তিনি হাইকোর্টের গভর্নমেন্ট অ্যাডভোকেট হিসেবে অ্যাপয়েনটেড হলেন। অর্থাৎ, বামফ্রন্ট ক্ষমতায় আসার পরই তিনি গভর্নমেন্ট অ্যাডভোকেট হিসাবে, হাইকোর্টের সিনিয়র অ্যাডভোকেট হিসাবে অ্যাপয়েন্টমেন্ট পেয়েছিলেন। তিনি ছিলেন আমাদের সর্বজন শ্রদ্ধেয় স্নেহাংশু আচার্যের আশীর্ব্বাদপুষ্ট, তাঁর চেম্বারেও যেতেন। মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাস মহাশয়-এর হয়ত জানা নেই, গভর্নমেন্ট অ্যাডভোকেট হবার পর তিনি সি.পি.আই.(এম) পার্টি অফিসে শুধু একজন রেগুলার ভিজিটরই ছিলেন না, ছিলেন পার্টির কট্টর সমর্থক। সকলের আর্শীবাদ তিনি পেয়েছেন, বিশেষ ভাবে যাঁকে আমি শ্রদ্ধা করতাম, সেই স্নেহাংশু আচার্যেরও আর্শীবাদ পেয়েছেন, তাঁর জন্যই সিনিয়র অ্যাডভোকেট হয়েছিলেন গভর্নমেন্টের। সুতরাং প্রথম দিন থেকেই, তাঁর জন্মলগ্ন থেকেই, ৭৭ সাল থেকেই বামফ্রন্টের আর্শীবাদপুষ্ট হয়ে এলেন। সুতরাং নিরবিচ্ছিন্ন ভাবে নয়, বাছা হয়েছিল এতগুলো জাজের মধ্যে থেকে স্নেহাংশু আচার্যের আর্শীবাদপুষ্ট এক ব্যক্তিকে। তিনি জাজ হলেন কখন? বামফ্রন্টের আমলে, তাদের কৃতজ্ঞতা থেকে এবং তার কৃতজ্ঞতার কারণেই একটা ডিসিসন দিয়েছেন। কমিশনের রিপোর্ট তাই আমি বলব, শুধু বায়াস নয়, শুধু পলিটিক্যাল মোটিভেটেড নয়, শুধু রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়েই নয়, [* * *]

**মিঃ স্পিকার ঃ** এটা বাদ যাবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** বিবেক-বুদ্ধি-বিবেচনার মধ্যে দিয়ে এই রিপোর্ট দেন নি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে তাঁর রিপোর্টের যে ফাইন্ডিং, তার টার্মস অফ রেফারেন্সের মধ্যে একটা জায়গায়ও বলা আছে কোথায়, তিনি যেসমস্ত ফাইন্ডিংস করেছেন? যে সমস্ত উক্তি করেছেন, তার টার্মস অফ রেফারেন্সের মধ্যে আছে? কোনও সাক্ষীকে

---

Note : Expunged as ordered by the Chair

ভৎসনা করা যেমন প্রয়োজনীয়তা ছিল না,কিন্তু তা করেছেন। যখন সিদ্ধার্থশংকর রায়কে সাক্ষী করার জন্য বললেন, আমি সেদিন সেখানে উপস্থিত হয়েছিলাম ফাইল নিয়ে কোর্টে যাবার কথা ছিল। ১৩ বার কমিশনে গেছি। আমি কেন গিয়েছিলাম তা জানিয়ে দিতে চাই মাননীয় সদস্যদের। তিনি যখন বললেন সিদ্ধার্থশংকর রায়কে সমন করতে হবে, আমি তখন কাগজের একটি কাটিং দেখিয়ে বললাম, অহলে জ্যোতি বসু চিফ্ মিনিস্টারকে সমন করতে হয়, চিফ সেক্রেটারিকে সমন করতে হয়, হোম সেক্রেটারিকে সমন করতে হয়। উনি বললেন, মুখ্যমন্ত্রীকে ডাকা যাবে না। বললাম,কেন ডাকা যায় না? মুখ্যমন্ত্রী একটা স্টেটমেন্ট করেছেন গুলি করার পরের দিন-পুলিশ বাধ্য হয়ে গুলি করেছে। হুইচ ইজ ওয়ান অফ্ দা এইট পয়েন্ট অফ্ দি টার্মস অফ্ রেফারেন্স। হোয়েদার দি ফায়ারিং ইজ জাস্টিফায়েড অর নট। ইতিমধ্যে মুখ্যমন্ত্রী ফায়ারিং জাস্টিফায়েড বলে দিয়েছেন। বলার পর যদি একটা কমিশন বসে, এটা প্রহসন ছাড়া আর কিছু হতে পারে না। তাই আমি বলেছিলাম, মুখ্যমন্ত্রীকে ডাকুন তাঁর বলার বেসিস টা কোথায়? টার্মসটা জানতে চেয়েছিলাম আমি বলেছিলাম কোন রিপোর্টের ভিত্তিতে বললেন? আমি চাই তিনি এখানে আসুন, আমরা মুখ্যমন্ত্রীকে জিঞ্জেস করতে চাই। উনি বলেছিলেন, মুখ্যমন্ত্রীকে ডাকা যাবে না। বললাম, চিফ সেক্রেটারিকে ডাকা হোক। তিনি বললেন, তাকেও ডাকা হবে না। বললাম, কেন ডাকা যাবে না? যদি রাষ্ট্রদূত সিদ্ধার্থশংকর রায়কে ডাকা যায়, তাহলে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী, যিনি কমিশন বসার আগেই একটা ওপিনিয়ন দিয়ে দিয়েছেন, তাঁকে কেন ডাকা যাবে না? তিনি আইনের বাইরে কেমন করে চলবেন? কেন ডাকা যাবে না, ডাকতে বাধ্য।তিনি বললেন, আমি ডাকতে পারব না। আমি বলেছিলাম, সকাল ১১ টায় সময় এসেছি আপনার কাছে, প্রহসন করতে নয়। আমি এসেছি আমার পার্টির তরফ থেকে। আমি এসেছিলাম আপনার কছে বিচারের আশায়। কিন্তু বিচার পাব কোথায়? প্রথম দিন থেকেই একটা জাজ, রিটায়ারড জাজ বসে আছে ওখানে। অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে উদ্দেশ্য প্রনোদিত ভাবে- ১মাস পর, যিনি রিটায়ার করবেন, যাতে যা তা লিখিয়ে নেওয়া যায়। তাঁর টিকি বাঁধা ছিল সি.পি.আই.(এম) এর কাছে তার জন্ম লগ্ন থেকেই, ৭৭ সাল থেকেই। তিনি যে এই রিপোর্ট দেবেন, এতে আশ্চর্য হবার কি আছে?

[6-00—6-10 P.M]

খুব স্বাভাবিক যে, এটা একটা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির লোকের রিপোর্ট। একজন জাজ হিসাবে এই রিপোর্ট দিতে পারেন না। [* * *]

**মিঃ স্পিকার ঃ** এটা বাদ যাবে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** এটা একটা কমিশনের রিপোর্ট নয়। তিনি জাজেদের মুখে কলংক দিয়েছেন। কলকাতার প্রত্যেকটা জাস্টিস যদি এটা পড়েন- আমি আমার পর্টির তরফ থেকে বলব, প্রত্যেকটা কপি করে প্রত্যেকটি হাইকোর্টের চিফ জাস্টিসের কাছে পাঠিয়ে দেওয়া হোক, সুপ্রিম কোর্টের চিফ জাস্টিসের কাছে পাঠিয়ে দেওয়া হোক-ওঁর সম্বন্ধে রিমার্ক করার জন্য যে, এই রকম একটা ভদ্রলোক যিনি রিপোর্ট দিয়েছেন, এঁকে জাজ হিসাবে গন্য

---

Note : Expunged as ordered by the Chair

করা যায় কিনা? আমি অনুরোধ করব মিঃ স্পীকারের কাছে এবং বলব, সরকারের যদি সাহস থাকে প্রত্যেক হাইকোর্টের চিফ জাস্টিসকে সুপ্রিম কোর্টের চিফ জাস্টিসকে পাঠিয়ে দিন এই রিপোর্টকে। এই রিপোর্ট পাঠিয়ে তাঁদের কমেন্টস নিন। এই রিপোর্টটা Whether this report is based on witness, figures or on evidence or not or it is a purphase report or it is a biased report for the purpose of political reasons. The best place to keep this report is the garbage of Dhapa. This is a scrap of paper. I hate this report from the core of my heart. This is a report for the Marxist Communist Party to save the police and to save the Chhappa Deb who has been elected as a member of this House. This is not a justice but this is a scrap of paper. So, I cannot give any importance on this Commission's report. For this I reject it. I must say that this report should be rejected by the people of West Bengal save and except few members of the Marxist Communist Party and Forward Bloc and R.S.P. With these words I conclude my speech.Thank you, Sir. মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আজকে আমি বলতে বাধ্য হচ্ছি যে, এই রিপোর্ট-টা বেসলেস . . . . . .।

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে কমিশনের যে রিপোর্ট এবং মুলত অ্যাকশন টেকেন রিপোর্টের উপরে দু-একটি কথা বলতে চাই। আমার পরে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলবেন। আমি সংক্ষেপে দু-একটা বিষয়ে মাননীয় সদস্যদের আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করতে চাই। ওপাশে বসে সদস্যরা-আমাদের চিন্তা হচ্ছে যে,কংগ্রেস দলের রাজনৈতিক ইতিহাস স্বাধীনতার পরবর্তীতে কোনওদিন তাঁরা কোনও বিচারপতি সম্পর্কে, কোনও বিশেষ বিচারপতি সম্বন্ধে এবং কমিশন সম্পর্কে এই ভাষায় আক্রমণ এই ভাবে কোনও দিন করেছেন কিনা-আমার মনে পড়ছে না। এই রিপোর্ট যখন ১৯৯২ সালে সরকার সিদ্ধান্ত করেছিলেন যে, এই বিচার-বিভাগীয় তদন্ত করা হবে এবং বিচারপতি কে হবেন, কে বিচার করবেন না করবেন-সেটা সরকার ঠিক করেন না, সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি তিনি ঠিক করেন। তিনি ঠিক করার পর তখনও আমরা কিন্তু বিরোধী দলের এই হুংকার শুনিনি। মাননীয় প্রধান বিচারপতি যাঁকে ঠিক করেছেন তাঁকে আমরা মেনে নিয়েছি। গত চার বছর ধরে আলোচনা চলছে। মাননীয় সদস্যরা সেখানে গেছেন, সাক্ষ্য দিতে, সাক্ষ্য দিয়ে বেরিয়ে এসেছেন, সাক্ষ্য তাঁরা বয়কট করেন নি বা কমিশনকেও বয়কট করেন নি। তাঁরা কমিশনে গেছেন, আলোচনা করেছেন, আলোচনা করে বেরিয়ে এসেছেন। কিন্তু এখন যখন কমিশনের রিপোর্ট এখানে পেশ করা হয়েছে এখন আমরা শুনছি এইসব ভাষা -' কে এই ইউসুফ'-অদ্ভুদ ভাষা। তাঁর রাজনৈতিক বায়োডাটা কি?' আবার প্রশ্ন করা হচ্ছে, 'তাঁকে বাছা হল কেন'? 'তাঁকে কে বেছেছিল'? বেঁছেছিলেন মাননীয় প্রধান বিচারপতি। আমি শুধু বলতে চাইছি-সত্যবাপুলির বোধ হয় জানার কথা - আপনারা যে কথা গুলি বলছেন আপনারা সচেতন হয়ে সতর্ক হয়ে বলছেন তো। আপনারা বোধ হয় ভুলে গেছেন সংসদীয় রাজনীতিতে যে নিয়ম ,রীতি-নীতি আমরা যে শপথ নিয়ে এই বিধানসভায় আসি,. সেই শপথের কথা আপনারা ভুলে যান নি তো? শপথ নেওয়ার সময় আমাদের এ কথা বলতে হয় যে ভারতীয় সংবিধানের প্রতি প্রকৃত বিশ্বাস ও আনুগত্য পোষণ করবো। মাননীয় সত্যবাপুলি

মহাশয়, আপনার এই ভাষা আমি শুধু প্রস্তাবের সঙ্গে সংযোজন করছি। এই সাহা কমিশনের অ্যাকশন টেকেন রিপোর্ট-এর সঙ্গে আমাদের বিরোধীদলের সদস্য যে সুন্দর ভাষা বলেছেন, যেগুলি মাননীয় স্পিকারকে এখান থেকে এক্সপাঞ্জ করতে হয়েছে আমি সেই সমস্ত ভাষাগুলি নিয়ে বিচারপতি এবং প্রধান বিচারপতির কাছে পাঠাব। শুধু বিচারপতিদের নয় আমাদের দেশের সমস্ত মানুষ যারা আইন মেনে চলেন, যাদের বিচারালয়ের প্রতি শ্রদ্ধা আছে, যাদের সংবিধানের প্রতি আনুগত্য আছে তাঁরাও জানবেন এবং এর বিচার করবেন যে আমাদের এই দেশে এই বিধানসভার মধ্যে বসে আপনাদের এই ভাষা রুচি সম্মত, বিধিসম্মত কি না? আমি আর দুটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই, বিষয়টি এখানে কেউ তোলেন নি বলেই। আমরা এটা কল্পনা করতেও পারি না যে একজন রাজনৈতিক নেত্রী, তাঁকে রক্ষা করার জন্য পুলিশ এস্কর্ট ভ্যান পাঠিয়েছিলেন এবং সেখানে পুলিশরা তাঁকে পাহারা দিচ্ছেন তাঁর নিরাপত্তা রক্ষা করবার জন্য। তিনি সেই নিরাপত্তা ভ্যানের সামনে দাঁড়িয়ে বক্তৃতা করছেন পুলিশকে দেখে নেব, এরা বড় বাড়াবাড়ি করছে। সেখানে সেই রাজনৈতিকদলের কর্মীরা সেই পুলিশ ভ্যানের উপর আক্রমণ করছে, পুলিশ ভ্যানকে উল্টে দিচ্ছে এবং পুলিশ কর্মী দের মারছে। এ ঘটনা আমরা কল্পনাও করতে পারি না।

(গন্ডগোল)

একটা রাজনৈতিক নেতার একটা ন্যূনতম মুল্যবোধ থাকে, যে পুলিশকর্মী তাঁকে রক্ষা করার জন্য তাঁর নিরাপত্তার জন্য ভ্যানের পাশে দাঁড়িয়ে আছে, আর যখন সেই ভ্যানটি আক্রান্ত হচ্ছে তখনও তিনি বলছেন না যে তোমরা এই পুলিশদের মেরো না, ভ্যানটিতে আগুন লাগিও না, উল্টে দিও না। সেখানে পুলিশকর্মীরা আক্রান্ত হয়েছে, তাঁর আত্মরক্ষার জন্য তারা সেখানে গিয়েছিল, এই ঘটনার কথা এখানে কেউ বললেন না। এই হচ্ছে রাজনৈতিক নেতার দায়িত্ববোধ। তাঁকে যারা পাহারা দিচ্ছে তারা আক্রান্ত হচ্ছে আর তিনি দাঁড়িয়ে আছেন। আর একটি কথা বলে আমি বক্তব্য শেষ করব। এই রিপোর্টটির মূল সিদ্ধান্তগুলি দেখে বিরোধীদলের কয়েকজন সদস্য দাঁড়িয়ে উঠেছেন এবং বক্তৃতা করছেন। আমি খুব ভাল করেই জানি যে এই আলোচনা কখনই তাঁরা একমত হয়ে করছেন না। কারণ আপনাদের কেউ কেউ মনে করেন শ্রীমতী ব্যানার্জি কোনও ভুল করতে পারেন না। তিনি যা করবেন সেটাই ঠিক, নীতিসঙ্গত। আমরা কখনই এই অবস্থা মেনে নিতে পারব না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-10—6-20 P.M]

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইউসুফ কমিশনের উপর মাননীয় সদস্য রবীন মন্ডল যে অ্যাপ্রুভ্যাল মোশন এনেছেন আমি তাকে সমর্থন করছি এবং কংগ্রেস পক্ষ থেকে যে ডিসঅ্যাপ্রুভ্যাল মোশন এনেছেন তার বিরোধিতা করছি। আমি বলতে চাই যে ইউসুফ সাহেব যখন বিচারপতি নিয়োগ হন তখন কেন্দ্রে রাজীব গান্ধী প্রধানমন্ত্রী, অশোক সেন আইনমন্ত্রী এবং এখানকার বিচারপতি চিত্ততোষ মুখোপাধ্যায়। সুতরাং আমরা এখান থেকে তাঁকে ধরে আনি নি। সুতরাং আমরা কোনও জায়গা থেকে তাঁকে ধরে এনে বসাই নি। তা ছাড়া একজন বিচারপতির যদি কোনও রাজনৈতিক মতামত থাকেও তাহলেও বিরোধিতা

করবার কি আছে! আমরা জানি যুব কংগ্রেস কখনো গণতান্ত্রিক রীতি-নীতি মেনে কোনও গণতান্ত্রিক আন্দোলন করেনা। 'ইউসুফ কমিশন'-এর রিপোর্টের ১০৬ পৃষ্ঠায় রয়েছে, 'যুব কংগ্রেস নেত্রী কংগ্রেস সদস্যদের ডেকে বলছেন, রক্তের বিনিময়ে এই সরকারের বিরুদ্ধে তোমাদের লড়াই করতে হবে। কংগ্রেস মরে নি। যদি একটা উত্তেজিত মুহুর্তে এই ধরনের কথা তাঁদের নেত্রী বলতে পারেন, তাহলে আজকে হাউসের মধ্যে কংগ্রেসি বন্ধুদের জ্বালা যন্ত্রণা নিশ্চয়ই আমরা অনুভব করতে পারছি। যে সত্য ইউসুফ কমিশনের রিপোর্টের মধ্যে দিয়ে প্রকাশিত হয়েছে। আমরা জানি যুব কংগ্রেসের পক্ষ থেকে কখনো কখনো জোর করে রাইটার্স বিল্ডিংস দখল করার চেষ্টা হবে, কখনো কখনো ওরা থানায় গিয়ে ও.সি.-র চেয়ার দখল করবে, কখনো অন্যান্য বে-আইনি কাজ-কর্ম করবে। এই রীতি-নীতি ওঁরা এ রাজ্যে বেশ কিছু দিন ধরেই চালু করে দিয়েছেন। সে জন্য আমার সরকারের কাছে অনুরোধ 'ইউসুফ কমিশন'-এর এই রিপোর্ট জনসমক্ষে ভালভাবে প্রকাশ করা হোক। কংগ্রেস আজকে এখানে যে কথা বলছে তা পশ্চিমবাংলার মানুষরা ভালভাবে উপলব্ধি করুক। মানুষ জানুক যে, গণতন্ত্রের নামে যা খুশি তাই করা যায় না। যা খুশি তাই করা যাচ্ছেনা বলেই ওঁরা আজকে ক্ষুব্ধ। কিন্তু এই ঐতিহাসিক দলিলটির মধ্যে দিয়ে এটা প্রতিষ্ঠিত হচ্ছে যে, গত কয়েক বছর ধরে পশ্চিমবাংলায় কি ধরনের অরাজকতা, বিশৃঙ্খলা এবং অন্যান্য সমস্ত কান্ড-কারখানা ওঁরা করেছেন। ওঁদের সব রকম অগণতান্ত্রিক কার্যকলাপ এই দলিলের মধ্যে দিয়ে প্রমাণিত। ওঁদের যে নেত্রী এই সমস্ত কাজে ওঁদের নেতৃত্ব দিচ্ছেন সেই নেত্রীকে রক্ষা করতে আমাদের পশ্চিমবাংলার সরকার ৮৫ লক্ষ ৫৮ হাজার ৮০০ টাকা ইতিমধ্যেই ব্যয় করেছেন এই কথা বলে আমি 'ইউসুফ কমিশন'-এর রিপোর্টকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**মিঃ স্পিকার ঃ** এই আলোচনার জন্য নির্দিষ্ট সময় শেষ হতে চলেছে, কিন্তু আমার মনে হচ্ছে আলোচনা শেষ করতে আরো কিছু সময়ের প্রয়োজন হবে। তাই আমি সভার অনুমতি নিয়ে আরো আধ ঘন্টা সময় বাড়াতে চাই। আশা করি এতে কারো আপত্তি নেই

The motion was then put and agreed to.

(আধ ঘন্টা সময় বৃদ্ধি করা হয়)

**শ্রী জ্যোতি বসু ঃ** স্পিকার মহাশয়, 'ইউসুফ কমিশন'-এর রিপোর্ট এখানে আলোচনার জন্য এসেছে। এর আগে আমাদের আরো ১৪টা বিচার বিভাগীয় তদন্ত হয়েছে এবং সেগুলোর রিপোর্ট এখানে আমরা পেশ করেছি। কিন্তু তার একটারও আলোচনা হয় নি। আরো তিনটে তদন্তের কাজ চলছে। তা ছাড়াও দু -তিনটে ব্যাপার আছে, যেগুলোর তদন্ত হবেনা। কারণ হাইকোর্টে কেস আছে।

যাই হোক আলোচনা হচ্ছে এবং এই আলোচনায় আমি লক্ষ্য করছি জাস্টিস ইউসুফকে গালিগালাজ করা হচ্ছে, অত্যন্ত নিচু স্তরের মনোভাবের পরিচয় দেওয়া হয়েছে। এমন কি একজন যিনি ওকালতি করেন, তিনিও এটা করলেন! আর সৌগতবাবু বললেন যে, জাস্টিস ইউসুফ নাকি আমার কথা মতো রিপোর্ট লিখেছে! আমি তো রিপোর্ট পরে পেলাম- কি করে আমার সঙ্গে কথা বললেন! কবে দেখা হলো? কোনও দিন তাঁকে দেখিই নি।

যাইহোক, স্পিকার মহাশয়, সৌগত রায় জজ সম্বন্ধে কিছু কুৎসিত ভাষা ব্যবহার করলেন এবং আপনি বললেন, "এগুলো রেকর্ড করা হবেনা।" আমি বলছি রেকর্ড করাই ভালো। আমাদের জনগণ এবং আমাদের পরবর্তী প্রজন্মের যারা ভবিষ্যতে এখানে এসে বসবে তারা বুঝতে পারবে কি ধরণের সব মানুষ এখানে নির্বাচিত হয়ে এসেছিল। সে জন্য আমি বলছি, সব রেখে দিন, যা বলছে সব রেখে দিন।

কেন এই কমিশন হয়েছিল? এটা অনেকেই বলেছেন এবং আমিও বলছি যে, কংগ্রেস (ই)-র পক্ষ থেকে ওঁরাই এটা দাবি করেছিলেন। সিদ্ধার্থ রায় যে এটা দাবি করেছিলেন তা আপনারা শুনেছেন। কংগ্রেসের পক্ষ থেকে সিদ্ধার্থশঙ্কর রায় দাবি করেছিলেন জ্যুডিসিয়াল এনকোয়ারি করুন। আমরা চিফ জাসিটিসকে নিয়ম মতো লিখি। যেহেতু তিনি সিটিং জাজ এবং আমরা সিটিং জাজই চেয়েছিলাম, সেইজন্যই রাষ্ট্রপতির অনুমোদনের দরকার হয়। সেইকারণে অনুমোদনের জন্য লিখি। রাষ্ট্রপতি পাঠিয়ে দেন জাসটিস ইউসুফকে অ্যাপয়মেন্ট করে। তবে এটা ঠিকই, কিছু অসভ্য লোকের সঙ্গে আলোচনা করে জাজ নিয়োগ করা যায় না। যে নিয়ম আছে সেই নিয়ম মত জাজ নিয়োজিত করেছেন, যদিও সিদ্ধার্থ রায়কে বলা সত্ত্বেও তিনি আমেরিকায় ছিলেন, দু-একবার এসেছিলেন, কিন্তু তিনি সাক্ষ্য দেননি। যদিও তিনি চেয়েছিলেন জ্যুডিসিয়াল এনকোয়ারি। আর একটা কথা বলে রাখি-অনেক অসত্য কথার মধ্যে আমি অবাক হয়ে শুনলাম-সিদ্ধার্থশঙ্কর রায় নাকি আমাকে ফোন করেছিলেন নির্বাচনের দিন এবং আমি নাকি তাকে কি বলেছিলাম। এটা একেবারে অসত্য কথা। (গোলমাল) (সৌগত রায়কে উদ্দেশ্য করে) ইনি আবার শিক্ষক। বেশিরভাগ সময়ে অসত্য কথা বলেন। জানি না ওঁর ছাত্র-ছাত্রীরা ওঁর কাছ থেকে কি শিখছেন? ওর চরিত্র আমাদের জানা আছে, এই ধরণের মানুষ তিনি। তারপর বলছি, ১২৬ জন সাক্ষ্য দিয়েছেন। কংগ্রেস পক্ষের আইনজীবি ছিলেন, সরকারপক্ষেরও আইনজীবি ছিলেন। যারা কংগ্রেস পক্ষের আইনজীবি ছিলেন তাঁরা কখনও অভিযোগ করেননি। জাসটিস ইউসুফের সম্বন্ধে কোনও অভিযোগ শুনিনি। যখন এতদিন ধরে চলছে এবং ১২৬ জন যখন সাক্ষ্য দিয়েছেন। এরা সাক্ষ্য দিতে কখনো আসে, কখনো আসে না, সেইজন্য দেরি হয়েছে। তবে হিসাব করে দেখা গেছে কমিশনের কাজ সব সময়ে দেরি হয়। যেটা আমি বলছি, সেখানে কংগ্রেসের আইনজীবি ছিলেন। তাঁরা কোনও ব্যাপারে কিছু আপত্তি করেননি। ওদেরকে ক্রস-এক্সজামিন করতে দেওয়া হয়েছিল, নিয়ম-অনুযায়ী সব কিছুই করা হয়েছে। অবশ্য কংগ্রেসের বটতলার আইনজীবি ছিলেন না, ভাল আইনজীবি ছিলেন। এই ১২৬ জন সাক্ষীর মধ্যে ৪ জন কংগ্রেসের এম.এল.এ আছেন। তার মধ্যে দু-তিনজন বলেছেন-রিপোর্টের মধ্যে আছে- সুব্রত মুখার্জিকে -এখন দলবাজি তো এইসব ওঁদের মধ্যে আছে। আমাদের বিরুদ্ধে হলে ওঁরা সব একসঙ্গে করেন-কিন্তু দল বাজি ওঁদের পার্টির মধ্যে আছে। আমরা তাই ওদের বলছি, একটা দল তৈরি করতে। কিন্তু কিছুতেই তারা পারছে না। একটা দল হরতাল ডাকলে, আরএকটা দল হরতাল ডাকে। তাই বলছি, মিলিয়ে নিন, আমাদের বিরোধিতা করুন, মানুষ পছন্দ করবে এবং পুলিশ প্রসাশনেরও সুবিধা হবে। সৌগতবাবু বলেছেন, ওখানে বহু লোক ছিল, সুব্রত মুখার্জিকে মারতে গিয়েছিল,. আমি সুব্রতবাবুকে বাঁচিয়েছি। কমিশনের কাছেও সুব্রতবাবু সেই কথাই বলেছেন যে, ওঁরা মারতে এসেছিল। কিন্তু তারা কারা? তারা কংগ্রেসের লোক, যারা মারতে এসেছিল। এই যখন অবস্থা কংগ্রেসের তাহলে বুঝতে পারছেন কি হয়েছে, না হয়েছে। আর

এর মধ্যে বেশি যাচ্ছি না। আমি বারেবারে এই কথাটাই বলছি, কংগ্রেসের যাঁরা আইনজীবি ছিলেন, তাঁরা হাইকোর্টে জাসটিস ইউসুফের কোর্টে কোনও না কোনও মামলা করেছেন। তাঁরাই আবার কমিশনে ছিলেন। তাঁরা এইসব কথা বলেন যে, মাহিনা পাবার জন্য তিনি এইসব করছেন, আপনি ছেড়ে দিন, আপনি বাজে লোক, আপনি সি.প.এমের লোক-এইসব কথা বলেননি। কারণ তাঁদের ভদ্রতা আছে। তাঁরা জানেন কিভাবে ব্যবহার করতে হবে। তথাকথিত সেইসব জনপ্রতিনিধি যাঁরা এখানে এসেছেন এদের মতো তাঁরা ছিলেন না। কাজেই যেটা বলছি, সেইসব আলোচনা দিনের পর দিন সেখানে চলেছে।

[6-20—6-30 P.M]

এখন আমি শুধু এইটুকু বলতে চাই, ফাইনডিংসের মধ্যে যেটা বলেছে, সেটা যেমন অনেকগুলো কথা বলেছেন, মমতা ব্যানার্জি কী করেছেন না করেছেন ইত্যাদি, তেমনি পুলিশ সম্পর্কে কিছু কথা বলা হয়েছে। আমি খালি একটু পড়ে দিচ্ছি। "Mr. Mookherjee has stated that at about 4.00 p.m. he heard the Sound of firing and rushed to the spot after collecting a group of local boys. He was standing beneath a tree. Miss Mamata Banerjee and Mr. S.S.Ray were there and Mr. Ray visited the spot where the man was killed. In the meantime he noticed that a group of boys were rushing towards him and using filthy languages. কংগ্রেসের যে ভাষা সেই ভাষা ইয়ুজ করেছিল He receded towards Ekdalia Road and reached Ekdalia Ever-Green Club of which he was the President. He was told by the members of the Club that those young men who rushed towards him were armed. অস্ত্র হাতে ছিল "and thereafter Mr.Saugata Roy told him that he saved his life and Mr. Mookherjee realised that his life was in danger at that time".সেইজন্য বোধ হয় এখন উনি নেই। এখন অবশ্য উনার সঙ্গে মমতার ভাব হয়ে গেছে। আমি খালি ফাইন্ডিংসগুলো পড়ছি, সরকার যা সিদ্ধান্ত নিচ্ছেন সেটা আমি পড়ছি, গুরুত্বপূর্ণ যে বিষয়গুলো, সেইগুলো বলছি। "The Commission finds that the comprehensive scheme for creating widespread disturbances on the day of the by-election i.e. 8th June. 1992 was well-prepared and chalked out at least 24 hours ahead of the polling time with its epicentre in Kasba area under the direct supervision of Miss Mamata Banerjee and the scheme was implemented at the behest and direction of Miss Banerjee in which the supporters and workers of Congress (I) along with outsiders were the prime actors causing disorders and violence of serious nature which compelled the police to take drastic action at several places including firing."

"The Commission's finding on the point is that the entire episode was pre-planned, pre-meditated and was never an instant outburst of mob fruy".আর এর সঙ্গে আমি বলতে চাই যে ওখানে ঐ বাই ইলেকশনের সময় তো সেন্ট্রাল কমিশন ছিল। এই সেন্ট্রাল কমিশনের বিরুদ্ধে আমি ছয়বার মামলা করেছি হাইকোর্টে

সুপ্রিম কোর্টের কাছে। তাদের কাছে অভিযোগ করেছিল ওরা, তারা সেই অভিযোগ গ্রাহ্য করেছিল কি? কারণ নির্বাচনের সময়ে কিছু করেননি। চারটের পর এই ঘটনা ঘটে। দু নং গুরুত্বপূর্ণ বিষয় বলছি, কমিশন যা বলেছে, "The Commission finds that in planning the obstruction of the polling through violence some of the Cong.(I) leaders were involved but the major part was played by Miss Mamata Banerjee".উনি লেখেননি ব্রাকেটে যে অস্তিত্বহীন কোনও মার্কিন বিশ্ববিদ্যালয়ের ডাক্তার "She asked her followers to rise in protest against the Government by sacreficing blood and the struggle should continue..."কী রে বাবা নেতাজী সুভাষ চন্দ্র নাকি?

মমতা ব্যানার্জি তো বোমা মেরে ইঁট মেরে, পুলিশকে জখম করে রাইটার্স বিল্ডিংস দখল করতে গিয়েছিলেন, কিন্তু রাইটার্স বিল্ডিংস কী দখল করতে পেরেছিলেন? আমরা দখল করতে দিই নি। নির্বাচনের মাধ্যমেও আপনারা দখল করতে পারেননি। The findings of the Commission that the plan for indulging in violence was well orchestrated and pre-planned under the leadership of an important leader is indeed very disturbing..এটা আমাদেরও কমেন্ট। and highly condemable The question to ask here is what kind of message are such leaders conveying to the common people? সে কমন পিপল বুঝে নেবেন কি রকম ম্যাসেজ তারা পাচ্ছেন। তারপর আর একটা গুরুত্বপূর্ণ বিষয়, "According to the evidence on record, there was attack on the police van (WG-75) within which some police men were sitting. They were tortured by thin iron rods and lathis and other materials and even attempts were made to put the van of fire. It continued for quite some time and a stage came when they had to rush out of the van.

The long rope given to the Cong.(I) leaders encouraged them to intensify their act of violence. The patience of authorities, no doubt, is praise-worthy. They did so with the hope that any confrontation with the police force might escalate.Ultimately the police has to take action when the situation took a turn for the worst.

A stage came when the mob tried to snatch away rifles from police personnel and started violent attack at random on them being agitated by the fiery speech delivered by Miss Mamata Banerjee.

The Commission holds that the firing by the police at Gariahat Road on 8th June, 1992 to dispose the unruly violent mob was necessary and justified. But the way the firing was resorted to needs scrutiny keeping in view of the police Regulations, Calcutta." আমাদের কমেন্ট এটার উপর হচ্ছে Government thinks that in the circumstances that existed at the time there was no scope to strictly follow the book when the escort car of the VIP and the police station. যেটা বুদ্ধদেববাবু এই মাত্র বলেছিলেন যে, যারা

গার্ড করছিলেন ওঁকে, তাদের উপরই আক্রমণ ..and the police station were being murderously attacked by a riotous mob armed with bombs and other deadly weapons. The entire situation was further aggravated by the deadly fact that the M.P. incited the crowd against her own security guards and escort vehicle. Governmnet condemns this action of the M.P...এটা আমাদের কমেন্ট। তারপর আর একটা ফাইনডিং হচ্ছে Commission observed "that there were lapses and failure on the part of the police leading to the disturbances". We have taken note of this also.আমাদের ইনটালিজেন্সের রিপোর্টে সেইভাবে ছিল না, এটাই আমরা বুঝতে পারছি। তারজন্য সেটা স্ট্রেনদেন করার জন্য ব্যবস্থা হচ্ছে "The Commission has no hesitation to say that Swapan Chakraborty died instantanneouly after being hit by the bullet and his dead body was brought to the S.S.K.M. Hospital in a police van and the doctors attending the emergency ward were pressureised to write the entries and the reports as dictated by police to demonstrate the patient was given full treatment and he died in the Edward Ward after being given all medical aid as far as practicable."এটা আমার কাছে এখনও পরিস্কার নয় যে পুলিশ ওখানে নিয়ে গেল- জজের মতে ঐখানেই মৃত্যু হয়েছে তার গুলি খাবার পর। কিন্তু হাসপাতালে যখন নিয়ে গেল এডওয়ার্ড ওয়ার্ডে তখন ডাক্তারদের -ওর মতে যে ফোর্স করা হয়েছে বলতে যে তখনও প্রাণ ছিল ওর মধ্যে। সেইজন্য আমি চেয়েছি লিখিত রিপোর্ট, সেটা পেলে পড়ে দিতে পারতাম। কিন্তু এরকম যদি হয়-ডাক্তাররা কেন তাদের কাছে সাবমিট করবেন? পুলিশ যাই বলুক বা না বলুক, কেন করবে? আমি তো জানি এমন ডাক্তার, এস.এস.কে.এমে আছেন, অন্যত্র আছেন যারা শেকল দিয়ে যদি বেঁধে রাখে কোনও ক্রিমিন্যালকে তাহলে ডাক্তাররা বলেন যে আমি চিকিৎসা করবো না। পুলিশ যদি দাঁড়িয়ে থাকেন হাসপাতালে ঘরের মধ্যে তাহলে তাকে বলে চলে যেতে হবে এখান থেকে তা না হলে আমরা চিকিৎসা করতে পারবো না। এরকম ডাক্তাররা আছেন আমি দেখিছি।

(6-30—6-40 P.M]

এরকম ডাক্তার তো আমাদের রয়েছেন। কিন্তু এটা কি হয়েছে? তারজন্য সুপারিটেন্ডন্ট কে বলেছি যে, ব্যাপারটা আমাদের লিখিতভাবে জানাতে হবে, কারণ এই জিনিস হতে পারে না Government agrees with the views of the Commission in this regard. The concerned Police Officer should not have acted in the matter in which he did. Attention of the Hospital Authorities have also been drawn to the observations of the Commission.This is a serious lapse and remedial measures are being initiated so that there is no repetation of such acts. এ-ব্যাপারে যা ব্যবস্থা নেবার তা নেবো। সেজন্য কমিশন বলেছেন-ফায়ার ইজ জাস্টিফায়েড।

আর একটি অভিযোগ রয়েছে পুলিশ সম্পর্কে যে, The then Officer-in-charge, Tiljala P.S. went to the house of one Mohammad Alam on 10-6-92 to

forcibly obtain FIR from him.

এটা কোটেশন -"The Commission considers it necessary to point out that the officer went out of his way to extract FIR from Mr.Alam. The conduct of the officer is shrouded in mistery and smells foul, and the Government should look into the Matter".

আমাদের কমেন্ট হচ্ছে, দি গভর্নমেন্ট অ্যাডমিটস্ দ্যাট দিস ইজ হাইলি ইরেগুলার- রিপোর্টটা পাবার পর- and disciplinary action is being initiated against the delinquent offices. Miss Mamata Banerjee categorically stated in her deposition that many I.B. and S.B. Police officers met her and provided her with information about the polling. She refused to disclose the names of those officers as she did not want to embarrass them.

এটা কোটেশন-"This indicates that some high officiable of Calcutta and West Bengal Police Force are in close collaboration with her and are conveying information to here without the knowledge and consent of the Government of West Bengal. If some police officials themselves betray the Government by divulging information, there may be unfortuante consueuences". The Govenment is unable to take cognizance of such observation of the Commission as this appears to be based on the M.P.'s own uncorroborated deposition which cannot be taken seriously".আনকরোবোরেটেড ডিসপোজিশন সেটা বলছি না, বললে আরও এমব্যারাসড হবেন। সেটা থাকতে পারে, তারজন্য কিছু বলছি না। এটা কোটেশন -"The Commission is of the opinion that the traditional method of tackling violent crowds by the police must now under-go a change. After a lathi-charge and use of tear gas granades if no fruitful result is yielded, then instesd of firing bullets some other methods such as water cannons and/or rubber bullets must be applied first".এটাই আমরা অ্যাসেম্বলিতে আগে বলেছি এবং এখন আবার বলছি, এটা আমাদের পরীক্ষা করে দেখতে হবে, কারণ ভবিষ্যতেও কংগ্রেস অনেক হিংসাত্মক কার্যকলাপ করবে, বোমা নিয়ে, পিস্তল নিয়ে, লাঠি নিয়ে পুলিশের উপর আক্রমন করবে। অবশ্য এটা নতুন কোনও কথা নয়। কারণ অতীতেও দেখেছি, মমতা ব্যানার্জি এবং কংগ্রেসের একটি অংশ বলেছেল-'থানা আক্রমন করো' এবং সেখানে পুলিশ অফিসারের চেয়ারে তিনি বসে পড়েছেন অ্যাসেম্বলির গেটের সামনের ছবি রয়েছে আমাদের কাছে, তাতে দেখা যাচ্ছে, তিনি পুলিশের টুপি নিয়ে টানাটানি করছেন। এরকম ক্ষেত্রে পুলিশ তাঁকে ধরলে আপনারা বলবেন - মেয়েদের গায়ে হাত দিয়েছে পুলিশ। রাইটার্স বিল্ডিংয়ে কি হয়েছিল সেদিন সবাই জানেন। পুলিশকে উনি কথা দিয়েছিলেন রাইটার্স বিল্ডিং যাবেন না বলে, বলেছিলেন পাঁচটি জায়গায় বক্তৃতা দেবেন তিনি। কিন্তু রেকর্ড করা রয়েছে - মাইক্রোফোনে বলা হচ্ছে - পুলিশের সংখ্যা অল্প, আমরা অনেক বেশি, মার্চ টু রাইটার্স বিল্ডিং। তারপর পুলিশের কর্ডন ভেঙ্গে যেই রেডিও স্টেশনের সামনে গেছে তারা, তাদের গতি রোধ করে পুলিশ এবং সেখানে ২২-২৩ জনের প্রাণ যায়। কাজেই ঐ ঘটনার জন্য দায়ী মমতা ব্যানার্জি

এবং তাঁর গোষ্ঠীর একটি অংশ। ঐ যে সৌগতবাবু, হয়তো ওঁর দুই গুণ বয়স মমতার চেয়ে। অবশ্য মমতার দুটি বয়স; একটি বয়স যুব কংগ্রেসে থাকবার জন্য এবং আর একটি সত্যি বয়স। তবে তাঁর বয়স সঠিক কত আমি জানি না। কিন্তু মমতার দ্বিগুণ বয়সী ঐ সৌগতবাবু তাঁকে ভুল বুঝিয়ে ঐ পথে নিয়ে যাচ্ছেন এবং বিপদ দেখলেই তাঁর আচলের তলায় গিয়ে লুকোচ্ছেন। তাঁরা লেলিয়ে দিয়ে চলে যেত যাতে পুলিশ গুলি করে। তাঁরা কিন্তু পালিয়ে যেত, তাঁদের কিন্তু দেখা যায়না। বারে বারে আমরা এই জিনিস দেখেছি। সেইজন্য আমি আশা করি ওঁনারা যে প্রস্তাব এনেছেন তার বিরোধিতা আমরা সবাই মিলে করবো। পশ্চিমবাংলার মানুষ জানবেন যে কি অবস্থার মধ্যে আমরা আছি। আর আমি শুধু বলে দিই যে আমরা ১৫টি কমিশনের রিপোর্ট দিলাম। কংগ্রেস আমলে ১৭টি রিপোর্ট-এর মধ্যে ৩-৪টি রিপোর্ট দেওয়া হয়েছে, অ্যাসেম্বলি থেকে আমি এই খবর পেয়েছি। মুর্শিদাবাদের একটু অসুবিধা হয়েছে। জাজ দেব মারা যায় এবং তারপর আরো একজন জাজ নিয়োগ করা হয়েছে। সেটা কিছু দিন আগে হয়েছে। তার মানে এটা নয় যে কোনও অ্যাকশন হয় নি। সেখানে ভয়ঙ্কর ঘটনা ঘটেছিল, মুশলিম লিগের উপর আক্রমন হয়েছে, নিরপরাধ কিছু মুসলিম নামাজ পড়তে যাচ্ছিল, তাদের উপর আক্রমন হয়েছে। ২১ জনের মতো ক্রিমিনালকে ধরা হয়েছে। এই কথা বলে রাখি যে কমিশন এবং ক্রিমিনাল দুটি এক সঙ্গে চলতে পারে, তাতে অসুবিধা নেই। সেই কাজ চলছে। সাক্ষ্য জোগাড় যদি হয় তাহলে তাদের সাজা হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker :** The debate stands closed. Now, I put to vote the 1st substantive Motion, of Shri Rabindra Nath Mandal.

The substantive motion of Shri Rabindra Nath Mandal that "This House approves the Report of the Yusuf Commission of Inquiry along with Memorandum of action laid before the House on 18th July, 1996 following discussion thereon was then put and a Division was taken with the following results:

AYES

Adhikary, Shri Nisith
Bagdi, Shri Kiriti
Bagdi, Shri Lakhan
Bag, Shri Kartic Chandra
Banerjee, Shri Mrinal
Basu, Shri Jyoti
Bera, Shrimati Chhaya
Bhaduri, Shri Timir Baran
Bhattacharjee, Shri Buddhadeb
Bhattacharjee, Shri Nandagopal
Bhattacharjee, Shri Ahsoke
Biswas, Shri Binay Krishna

Biswas, Shri Jayanta Kumar
Biswas, Shri Kali Prasad
Biswas, Shri Kamalakshi
Biswas, Shrimati Susmita
Bouri, Shri Angad
Bouri, Shri Haradhan
Chakrabarty, Shrimati Kumkum
Chakraborty, Shri Satyasadhan
Chakrabarty, Shri Subhas
Chatterjee, Shri Pratim
Chattopadhyay, Shri Jyoti Krishna
Chattopadhyay, Shri Tapas
Choudhury, Shri Bansha Gopal
Choudhury, Shri Biswanath
Chowdhury, Shri Jayanta
Chowdhury, Shri Nani Gopal
Das, Shri Ananda Gopal
Das, Shri Bidyut Kumar
Das, Shri Paresh Nath
Das, Shri Pushpa Chandra
Dasgpta, Dr. Ashim Kumar
Das Mahapatra, Shri Kamakhya Nandan
Das Thakur, Shri Chittaranjan
Deb, Shri Rabin
Dey(Bose), Shrimati Ibha
Dey, Shri Partha
Doloi, Shri Siba Prasad
Duley, Shri Krishna Prasad
Dutta, Shri Binoy
Dutta, Dr, Gouripada
Dutta, Shri Himangsu
Ganguly, Shri Bidyut
Ganguly, Shrimati Kanika
Gayan, Shri Nripen
Ghosh, Shri Biren
Ghosh, Shrimati Minati
Ghosh, Shri Pankaj
Ghosh, Shri Rabindra
Ghosh, Shri Susanta
Giri, Shri Ashoke
Goala, Shri Rajdeo
Goswami, Shri Subhas

Hazra, Shri Samar
Hembram, Srimati Deblina
Hembram, Shri Jadu
Hembram, Shri Rabindranath
Hira, Shrimati Mili
Hore, Shri Tapan
Idrish Mondal, Shri
Kabi, Shri Pelab
Kalimuddin Shams, Shri
Kar, Shrimati Anju
Khanra, Shri Saktipada
Kisku, Shri Lakshi Ram
Kisku, Shri Upen
Kujur, Shri Sushil
Kundu, Shri Ranjit
Mahata Shri Khagendra Nath
Maikap, Shri Chakradhar
Maitra, Shri Banshi Badan
Majhi, Shri Bhandu
Majhi, Shri Nanda Dulal
Majhi, Shri Tamal
Mal, Shri Nimai
Mandal, Shri Prabhanjan
Mandal, Dr. Ramchandra
Md. Amin, Shri
M. Ansaruddin, Shri
Md. Yakub, Shri
Mehta, Shri Nishikanta
Minj, Shri Prakash
Mirquasim Mondal, Shri
Mistry, Shri Bimal
Mitra, Shri Biswanath
Moitra, Shri Birendra Kumar
Mondal, Shri Biswanath
Mondal, Shri Ganesh
Mondal, Shri Kshiti Ranjan
Mondal, shri Manik Chandra
Mondal, Shri Rabindranath
Mondal, Shri Subhas
Mostafa Bin Quasem, Shri
Mozammel Haque, Shri
Mozammel Haque, Shri

Mukherjee, Shri Anil
Mukherjee, Shri Manabendra
Mukherjee, Shri Narayan
Mukherjee, Shri Nirmal
Mukherjee, Shri Pratyush
Mukhopadhyay, Shri Chittaranjan
Murmu, Shri Maheswar
Mursalin Molla, Shri
Nanda, Shri Brahmamoy
Naskar, Shri Sankar Sharan
Naskar, Shri Subhas
Nath, Shri Madanmohan
Paik, Shrimati Sakuntala
Patra, Shri Manoranjan
Pramanik, Shri Sudhir
Rana, Shrimati Sakti
Ray, Shri Dwijendra Nath
Ray, Shri Jatindra Nath
Routh, Shri Dibakanta
Roy, Shri Manmatha
Roy, Shri Mrinal Kanti
Roy, Shri Narmada Chandra
Roychowdhuri, Shri Nirode
Saha, Shri Kripa Sindhu
Saha, Dr. Tapati
Sahis, Shrimati Bilasibala
Samanta, Shri Rampada
Sanyal, Shri Kamalendu
Saren, Shri Subhas Chandra
Saresh, Shri Ankura
Sen, Shri Dhiren
Sengupta, Shri Purnendu
Sengupta(Bose), Shrimati Kamal
Singh, Shri Lagan Deo
Sinha, Dr. Nirmal
Sinha, Shri Prabodh Chandra
Sk. Majed Ali, Shri
Sk. Jahangir Karim, Shri
Soren, Shri Khara
Talukdar, Shri Pralay
Tirkey, Shri Manohar
Toppo, Shri Salib

Unus Sarkar, Shri
Zamadar, Shri Badal

NOES

Abdul Mannan, Shri
Abdus Salam Munshi, Shri
Abu Hena, Shri
Abu Sufian Sarkar, Shri
Akbar Ali Khandokar, Shri
Bakshi, Shri Sanjoy
Bondyopadhyay, Shri Sudip
Banerjee, Shri Ambica
Banerjee, Shri Shyamadas
Bapuli, Shri Satya Ranjan
Biswas, Shri Shashanka Shekhor
Chakravartty, Shri Gautam
Chhetri, Shrimati Shanta
Das, Shri Dilip Kumar
Das, Shri Sanjib Kumar
Dey, Shri Gopal Krishna
Goswami, Shri Mihir
Gulsan Mullick, Shri
Gyan Singh Sohanpal, Shri
Habibur Rahaman, Shri
Khanra, Shri Ajit
Lahiri, Shri Jatu
Mahato, Shri Shantiram
Mahbubul Haque, Shri
Mandal, Shri Tushar Kanti
Md. Sohrab, Shri
Mitra, Shri Asit
Mukeherjee, Shri Ashoke
Mukherjee, Shri Kamal
Poddar, Shri Deokinandan
Roy, Shri Pramatha Nath
Roy, Shri Saugata
Sen, Dr. Anupam
Sinha, Shri Atish Chandra
Sk. Daulat Ali, Shri
Sultan, Ahmed, Shri

ABST

*Sarkar, Shri Deba Prasad*
Mitra Smt. Sabitri
Panda, Shri Debisankar

The Ayes being 142 and the Noes 36. The motions is carried.

**Mr. Speaker :** As the first substantive motion is carried, the second motion does not arise. The motion, therefore, falls through.

[6-40—6-50 P.M]

## MOTION UNDER RULE-185

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি :** স্যার, আই বেগ টু মুভ - ''যেহেতু বার্নপুরের ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টিল কোম্পানি লিমিটেড (ইস্‌কো) কেন্দ্রীয় সরকারের অধীনস্থ সংস্থা সেল-এর পরিচালনাধীন দীর্ঘদিনের একটি লৌহ ও ইস্পাত শিল্পের কারখানা; যেহেতু উক্ত সংস্থাটিতে কর্মরত বত্রিশ হাজার শ্রমিক-কর্মচারী এবং তাঁদের উপর নির্ভরশীল হাজার হাজার পরিবার পরিজনের জীবন-জীবিকার মতো একটি গুরুত্বপুর্ণ বিষয় কারখানাটির উন্নয়নের সঙ্গে জড়িত; যেহেতু কারখানাটিকে আধুনিকীকরণের মধ্য দিয়ে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করা যাবে বলে বিভিন্ন বিশেষজ্ঞ এবং ভারত সরকারের এই সংক্রান্ত পরিদর্শকরা বিভিন্ন সময়ে মত প্রদান করেছেন; যেহেতু জাতীয় উৎপাদন বৃদ্ধির প্রশ্নে এই সংস্থাটিকে পুনরুজ্জীবিত করার জন্য এই সংস্থার সমস্ত কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নগুলির সমন্বয়ে গঠিত 'সেভ ইস্‌কো কমিটি' ধারাবাহিকভাবে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে চলেছেন; এবং যেহেতু এই সংস্থাটির শিল্পগত এবং আর্থিক পুনরুজ্জীবনের বিষয়টি 'বি.আই.এফ.আর.'-এর কাছে ১৯৯২ সালে প্রেরণ করা সত্ত্বেও এখনও পর্যন্ত সংস্থাটিকে পুনরুজ্জীবিত করা সম্ভব হয়নি; সেহেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে যে - (ক) 'ইসকো' সংস্থাটির পুনরুজ্জীবন ও আধুনিকীকরণের জন্য প্রয়োজনীয় অর্থবরাদ্দ করা হোক; ও (খ) এই বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রয়োজনীয় প্রশাসনিক নির্দেশ দেওয়া হোক। এছাড়া, উপরোক্ত দাবিগুলি নিয়ে কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট মন্ত্রীসহ প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনার জন্য এই সভা একটি সর্বদলীয় প্রতিনিধিদল পাঠানোর সিদ্ধান্ত গ্রহণ করছে।''

**শ্রী অম্বিকা ব্যানার্জী :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, শ্যামাদাস ব্যানার্জি এবং আমাদের অন্যান্য বিধায়করা সর্বসম্মতিক্রমে মোশন আন্ডার রুল ১৮৫-এ বার্নপুরে ইন্ডিয়ান আয়রণ অ্যান্ড স্টিল কোম্পানি কেন্দ্রীয় সরকারের অধীনস্থ সেলের পরিচালনাধীন যে ইস্পাত কারখানাটি আছে - 'ইসকো' বার্নপরে যেটি আছে, সেটিকে আধুনিকীকরণ করে আবার নতুন ভাবে যাতে পরিচালনা করা যায় এবং যথাক্রমে সেখানে প্রশাসনিক ব্যবস্থা নিয়ে এই ঐতিহ্যপুর্ণ স্টিলের যে কারখানা তা যাতে আবার চালানো যায় সুষ্ঠভাবে, যেটি আজকে প্রায় বন্ধ হয়ে যাবার মুখে আছে, আমি নীতিগত ভাবে তা পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। স্যার, বহুদিন ধরে এই কারখানাটি সম্পর্কে বলতে চেয়েছি, এর আগের বারের টার্নেও বলতে চেয়েছি এবং একই ভায়ায় একই কথা বলতে চেয়েছি, কিন্তু এবার সেই সুযোগ

এসেছে বলে আমরা খুব খুশী হয়েছি। আমরা লক্ষ্য করেছি যে, এই ঐতিহ্যপুর্ণ কারখানাটির যে অবস্থা তাতে এর রিনোভেশন করলে এরসঙ্গে যে ৩২০০ কর্মী জড়িত, তারা তাদের অন্নসংস্থান থেকে বঞ্চিত হবে। এই কারখানাটি পশ্চিমবঙ্গে একটি প্রেস্টিজিয়াস কারখানা। We used to be very proud of this very perticulary workshop. টাটা স্টিল কোম্পানির পরেই এশিয়ার সর্ববৃহৎ এবং সর্বশ্রেষ্ঠ ওয়েল ম্যানেজড ওই কারখানাটি মার্টিন বার্নের প্রতিষ্ঠিত ছিল। তখন আমরা পশ্চিবঙ্গের মানুষ এটাকে নিয়ে গর্বের সঙ্গে চিন্তা করতাম। পশ্চিমবঙ্গে এই ধরণের কারখানা একটা ঐতিহ্যপূর্ণ কারখানা। এখানে এতো সুবিধা সত্ত্বেও এবং এতো ইউনিটের কনসন্ট্রেট থাকা সত্ত্বেও এই কারখানাটি পুরানো মডেল যা কিনা মার্টিন বার্ণের সময়ে মডার্নাইজ হয়েছিল, সেই পুরানো প্লান্ট নিয়ে, কর্মী সংখ্যা যেখানে কম তবুও ওই প্ল্যান্টের প্রোডাকশন কমপারেটিভলি অনেক ভাল। সেই সঙ্গে সঙ্গে ওয়ার্ক কালচার বলতে যেটা আমরা বলে থাকি সেই দিক থেকেও ওখানে ওয়ার্ক কালচার ভাল। প্রোডাকশন সেখানে কম করছে ঠিকই কিন্তু সবচেয়ে গর্বের কথা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে ভাল পিগ আয়রন অর্থাৎ ওয়ার্কেবল আয়রন যেটা এই ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টিলে তৈরি হয়। অর্থাৎ টেকনিক্যাল লাইনের উপরে বেস এবং ফউড্রি বিজনেসের উপরে বেস করে এই কারখানাটি পশ্চিমবঙ্গের মার্কেটে পিগ আয়রন প্রিমিয়াম প্রাইজে বিক্রি করে থাকেন। সবচেয়ে ভাল পিগ আয়রন ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টিল তৈরি করে। সেইদিক থেকে প্রোডাকশন যেগুলো যায় বা এখানো করছে তা পুরানো মান্ধাতা আমলের অবসোলেট প্ল্যান্ট নিয়ে, সেই পুরানো কোল ওয়াশারি, সেই পুরানো কোক ওভেনকে ব্যবহার করে যে কোয়ালিটি এবং কোয়ানটিটির আজও প্রোডাকশন হয় তা অনেক বেশি। অন্যান্য কারখানা বা প্ল্যান্ট, এমন কি দুর্গাপুর কারখানাও নানা দিক থেকে বহুবার মডার্নাইজ করা হয়েছে এবং এরজন্য কোটি কোটি টাকা খরচও হয়েছে। অথচ সেই তুলনায় লোকসানের পরিমাণ অনেক বেশি। আর সেইদিক থেকে ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টিল ইনফ্রাস্ট্রাকচার ক্রিয়েট করে রেখে দিয়েছে। সেখানে সমস্ত রকমের ইনফ্রাস্ট্রাকচার আছে এবং সেখানে ভাল টেকনিশিয়ান আছে, সেখানে ওল্ড স্কিল্ড পিপল আছেন, ইঞ্জিনিয়ারস আছেন, এরা থেকে এই কারখানাটিকে বিশেষ স্থানে রেখেছেন। সেখানে এখনো পর্যন্ত ওয়ার্ক কালচার যেটা আছে সেটা এখনো একেবারে ভেঙ্গে পড়েনি। এখানে ইনফ্রাস্ট্রাকচার থাকা সত্ত্বেও আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে, এই কারখানাটি বর্তমানে ভেঙ্গে পড়ার মুখে এসে পড়েছে এবং এর ৩২ হাজার কর্মচারী, যাদের জীবণ-জীবিকা মুলত এই কারখানার আয়রনের উপরে নির্ভর করে তারা আজকে পথে বসার মুখে এসে পৌঁছে গেছে।

[6-50—7-00 P.M]

যদি এই কারখানাকে লাভজনক করতে হয়, তাহলে মডার্নাইজেশন দরকার আছে, তার জন্য অনেকদিন ধরে আমরা বারবার বলেছি কেন্দ্রীয় সরকারের কাছে একটা অল পার্টি ডেলিগেশন নিয়ে যাওয়া দরকার। আমার মুল বক্তব্য যেটা সেটা হচ্ছে, এই কারখানাটিকে যদি আমরা, যে ভাবেই হোক না কেন,-এর আগে আমরা বারবার কেন্দ্রীয় সরকারের কাছে বলেছি-হঠাৎ দেখা গেল 'স্টিল কেন্দ্রীয় সরকার পরিচালনা করবেন, কিনা বাইরে থেকে কোনও কোম্পানিকে ধরে এনে ৫১-৪৯ পারসেন্ট শেয়ারে পরিচালনার চেষ্টা হচ্ছে এবং

সেইজন্য মিত্তালকে আনা হয়েছিল। যেভাবেই আনা হোক না কেন, দরকার হলে অন্য কোনও কোম্পানিকে আনা হোক। মাননীয় মুখ্যমন্ত্রী এই ব্যাপারে চেষ্টা করছেন। মিত্তাল স্টিল ইনডাস্ট্রির দিক থেকে সবচেয়ে বেশি অভিজ্ঞ। তার অভিজ্ঞতার কারণও আছে, তিনি অর্থের দিক থেকেও অভিজ্ঞ। ভারত-এর অন্যান্য স্টিল কারখানার দিক থেকে অভিজ্ঞতা তার আছে। স্টিল ইনডাস্ট্রির ব্যাপারে যাদের অভিজ্ঞতা আছে কিংবা অন্যান্য কোম্পানি যদি আসে আসুক কিংবা বর্তমানে যেটা শুনছি, সরকার যদি নিজেরা স্টিল-এ টাকা ঢালেন কিংবা বাইরের যদি কেউ আসে, আসুক; এটাকে যদি কার্যকর না করা হয় তাহলে কোম্পানি বন্ধ হওয়ার মুখে পড়বে। আমি আপনাদের অভিনন্দন জানাচ্ছি,এই হাউসে সর্বসম্মতিক্রমে কেন্দ্রীয় সরকারের কাছে একটা অল পার্টি ডেলিগেশন গিয়ে সেখানে চাপ সৃষ্টি করা হোক। মাননীয় মুখ্যমন্ত্রী যদি এই ব্যাপারে নেতৃত্ব দেন ইসকোর জন্য, কারণ এই ব্যাপারে তার অভিজ্ঞতা আছে, তিনি ওয়াকিবহাল আছেন, তাহলে আমার নিশ্চিত বিশ্বাস যে ইসকো একটা ভাল জায়গায় পৌঁছাতে পারবে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মৃণাল ব্যানার্জী ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, যে মোশনটা আনা হয়েছে, মূলত এটাকে আমরা সমর্থন করছি। এখানে যে দাবিগুলি রাখা হয়েছে, সেইগুলিকে আমরা সমর্থন করছি। এটা ঘটনা, অম্বিকাবাবু যেটা বলছিলেন, এই কারখানাটি ভারতবর্ষের অন্যতম প্রাচীন কারখানা। এই কারখানটি খুবই ভাল, ঐতিহ্য আছে। দীর্ঘদিনের পুরানো কারখানা হওয়া সত্ত্বেও যদি এখন বিচার করা যায়, শুধু বার্নপুরের ইউনিট হিসাবে এই কারখানা এখনও প্রফিট করছে, এর সঙ্গে স্পার্ন পাইপ কুলটি যুক্ত করলে লস করছে। খালি বার্নপুর ধরলে এটা এখনোও প্রফিট করছে। সেই পুরানো আমলের মেশিনারি। একেবারে ৭০/৮০ বছরের আগেকার, মাঝখানে ৬০ সালে একটুখানি মডার্নাইজেশন হয়েছিল, আজকে প্রায় ৪৫/৪৭ বছর হয়ে গেল কারখানটি খুবই ভাল চলছে। এটা ঘটনা যে কিছু হয়নি। ১৯৭২ সালে এটাকে টেকওভার করা হয়েছিল, কেন্দ্রীয় সরকার করেছিলেন এবং ১৯৭৮ সালে এটাকে সেইল অধিগ্রহণ করে, একে সাবসিডিয়ারি হিসাবে রেখে দেয়। যার ফলেই সমস্যাটা আরও বেশি করে দেখা দিয়েছে। দুর্গাপুর, রাউরকেল্লা, ভিলাইয়ের ইউনিটগুলোর এক্সপানশন হয়েছে, মডার্নাইজেশন হয়েছে, বার্নপুরও সে সহযোগিতা পেত। অম্বিকা বাবুর একটা কথা সংশোধন করে দিতে চাই, না জানার জন্য হতে পারে, এটা কারেকশন করে নেবেন, দুর্গাপুর স্টিসে বারবার মডার্নাইজেশন হয়নি, দুর্গাপুরে প্রথমবারই মডার্নাইজেশন হয়েছে এবং সাড়ে চার কোটি টাকার মডার্নাইজেশন হয়েছে এবং এর আগে কোনও দিন হয়নি। দুর্গাপুর, রাউরকেল্লা, ভিলাই, বোকারো এইসব জায়গায় রিফার্বিশিং কিছু কিছু হয়েছে। ইনভেস্টমেন্ট কিছু হয়েছে। কিন্তু সেটা আমাদের মুল বিষয় নয়। আমি আর বিশদ আলোচনার মধ্যে যাব না। তবে কিছুটা বলার দরকার আছে। আগের যে সরকার ছিল তাদের আমলে সেইলের পক্ষ থেকে একটা প্রস্তাব দেওয়া হয়েছিল, একটা প্যাকেজ দেওয়া হয়েছিল। টোটাল ছেল ৩,৪২১ কোটি টাকা এবং তার একটা কন্ডিশন ছিল যে গভর্নমেন্টকে ৫৬৩ কোটি টাকা বাজেটারি সাপোর্ট দিতে হবে, আরেকটা লোন বন্ড হিসাবে ৬৮৪ কোটি টাকা তাদের দায়িত্ব নিতে হবে। কিন্তু যেহেতু কেন্দ্রীয় সরকার এটা মেনে নেননি, সেইলের যে প্যাকেজ সেটা বি.আই.এফ.আর.-এ অ্যাকসেপ্টেড হয়নি। নতুন সরকার আসার পর আমদের সরকারর পক্ষ থেকে প্রথম থেকেই প্রচেষ্টা নেওয়া হয়েছে, ১৫ই জুন প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করে বিশেষ করে এই

ব্যাপারটাকে তুলে ধরা হয়। গত ১৮ই জুলাই বি.আই.এফ.আরের লাস্ট ডেট গেছে। আমাদের সরকারের পক্ষ থেকে আমরা ইস্পাত মন্ত্রীর সঙ্গে দেখা করি। তিনি কথা দিয়েছেন এবং বি.আই.এফ.আরও সেটা ঘোষণা করেছেন, সেইল নিজেই মডার্নাইজেশন করবে, এটা প্রাইভেট করবে। পেপার অ্যাডভাটাইজমেন্টের মধ্যে দিয়ে কিছু পাটনার নেওয়ার চেষ্টা করবে। তবে ডিটেইলস আমাদের এখনও জানা নেই। এই মুহূর্তে একটা সর্বদলীয় কমিটি চাওয়া উচিত এবং সবাই গিয়ে দাবি করা উচিত। এখানে অম্বিকা বাবু যে প্রস্তাব রেখেছেন মুখ্যমন্ত্রীকে নিয়ে যেতে পারলে ভালো হয়। কখন যাওয়া ঠিক হবে সেটা দেখতে হবে। নতুন সরকার এসেছে, কোন আবস্থায় সেটা আছে সেটা জানার পর গেলে ভালো হয়, নইলে ঐ একই কথা বলবে। প্রপার টাইমটা ঠিক করা উচিত।

[7-00—7-10 P.M]

**শ্রী শ্যামাদাস ব্যানার্জি :** মি ডেপুটি স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী মহাশয়ের বক্তব্য আমি শুনলাম, খুবই ভালো লাগল। ৩২ হাজার কর্মচারীর কারখানাকে কেন্দ্র করে আশেপাশে অনেক ছোট ছোট দোকান থেকে আরম্ভ করে কিছু কিছু কুটির শিল্প সেখানে তৈরি হয়েছে। বহু মানুষ এর সঙ্গে যুক্ত আছে। অনেকদিন বাদে তৈরি হলেও সেলের মাধ্যমে নতুন করে আধুনিকীকরণের যে উদ্যোগ নেওয়া হয়েছে এবং সেদিন কাগজে দেখলাম মাননীয় মুখ্যমন্ত্রী, প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করেছেন এবং তারপর মাননীয় মন্ত্রী মহাশয় মৃণালবাবু তিনিও কেন্দ্রীয় ইস্পাত মন্ত্রীর সঙ্গে এই ব্যাপারে আলোচনা করেছেন। স্যার বীরেন মুখার্জি ১৯১৮ সালে এই কারখানা তৈরি করেছিলেন। পিগ আয়রন তৈরি হয়। ১৯৬০ সাল পর্যন্ত এখানে পিগ আয়রনের উৎপাদন ভাল ছিল। ১৯৬০ সালের পর এখানে উৎপাদন দ্বিগুণ হয়। এরপর থেকে উৎপাদন কমতে থাকে। তারপর ১৯৭২ সালের ১৪ই জুলাই এই কারখানাকে জাতীয়করণ করা হয়েছিল। সেই সময় ইন্দিরা গান্ধী প্রধানমন্ত্রী ছিলেন। তিনি শ্রমিকদের উন্নয়নের কথা ভেবে এবং এই কারখানাটিকে বাঁচানোর জন্য এই কারখানাটিকে জাতীয়করণ করেছিলেন। অনেকদিন পেরিয়ে যাওয়ার পর ১৯৭৮ সালে স্বাভাবিক নিয়ন্ত্রণে আসার পর ১৯৯২ সালে এই কারখানাটি বি.আই.এফ.আর.-এ যায়। সাতটা বড় বড় বিভিন্ন কোম্পানি এই কারখানাটিকে আধুনিকীকরণ করতে বলে ছিলেন। সাতটা কোম্পানি এখানে এসেছিলেন। রাজীব গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন তিনি এই কারখানাটিকে আধুনিকীকরণ করার জন্য অনেক গুলো পরিদর্শক দল পাঠিয়েছিলেন। কিন্তু আধুনিকীকরণের কাজ এগোয় নি। আমি মুভ করার আগে যেটা বলেছিলাম যে আমরা সবাই রাজনীতির উর্দ্ধে উঠে একসঙ্গে এব্যাপারে আলোচনা করি। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছি। সেই চিঠি আমার কাছে আছে। তাতে লিখেছি-আপনি নেতৃত্ব দিন। আপনার নেতৃত্বে একটা সর্বদলীয় কমিটি করে ভারত সরকারের প্রধানমন্ত্রী, ভারত সরকারের অর্থমন্ত্রী, এবং ভারত সরকারের ইস্পাত মন্ত্রীর সঙ্গে দেখা করি। অন্তত ৩২ হাজার শ্রমিক পরিবার কে বাঁচানো যাবে। শুধু হীরাপুর নয়, অনেকগুলো বিধানসভার মানুষ ঐ কারখানায় কাজ করেন। তাঁদের মুখে হাসি ফোটানো যাবে। এই কারখানাটিকে বাঁচানোর জন্য যে কথা মাননীয় মন্ত্রী মহাশয় বলেছিলেন যে এরজন্য একটা কমিটি গঠন করা হোক। আমরা আলোচনা করে একটা সর্বদলীয় কমিটি তৈরি করে দিল্লি যাব। আমরা সেখানে গিয়ে আবেদন করব। আমরা জোর করে কেন্দ্রীয়

সরকারের কাছে বলব এই কারখানার আধুনিকীকরণের জন্য ৩ হাজার ৪০০ কোটি টাকা দিন। আজকে আমরা সবাই মিলে কেন্দ্রীয় সরকারের কাছে গিয়ে বসতে পারি, আমাদের দাবি আদায় করতে পারি। এই কারখানা বাঁচানোর দায়িত্ব আমাদের নিতে হবে। এই সরকারের কাছে, এই সভার সমস্ত সদস্যদের কাছে আমার বিনীত নিবেদন যে, ঐক্যবদ্ধ ভাবে কেন্দ্রীয় সরকারের কাছে গিয়ে এই কারখানাটিকে যাতে আধুনিকীকরণ করা যায় তার জন্য আমরা চেষ্টা করি। দুর্গাপুরের এই কারখানাটিকে আধুনিকীকরণ একবার হয়েছে, কিন্তু কোক-ওভেন প্ল্যান্টের আধুনিকীকরণ একবারের বেশি হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়, ভাল করে বুঝতে পারবেন। কারণ উনি দুর্গাপুরের মানুষ, উনি শ্রমিক সংগঠন থেকে উঠে এসেছেন। তিনিও চেষ্টা করছেন। কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে মুখ্যমন্ত্রীও চেষ্টা করছেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে যখন আমি কথা বলেছিলাম, তিনি বলেছিলেন, আসুন সবাই মিলে আলোচনা করি। আমরা বিরোধী দলের নেতার সঙ্গেও আলোচনা করব, তারপর সিদ্ধান্ত নেব, যাতে কেন্দ্রীয় সরকারের কাছে গিয়ে আমরা সবাই মিলে বলতে পারি। ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টিল কোম্পানিকে আমরা যেন বাঁচাতে পারি, সেইল-এর মাধ্যমে যাতে অবিলম্বে আধুনিকীকরণ করতে পারি, সেই প্রস্তাব আমরা গ্রহণ করি। যদি আমরা এই প্রস্তাব গ্রহণ করতে পারি, তাহলে নিঃসন্দেহে এটা আনন্দের কারণ হবে এবং এই ৩২ হাজার পরিবারবর্গের সঙ্গে আরও যেসব দোকান-টোকান ইত্যাদির প্রশ্ন জড়িত, তারাও বাঁচতে পারবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Shayamadas Banerjee that

যেহেতু বার্ণপুরের ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টিল কোম্পানি লিমিটেড (ইসকো) কেন্দ্রীয় সরকারের অধীনস্থ সংস্থা সেল-এর পরিচালনাধীন দীর্ঘদিনের একটি লৌহ ও ইস্পাত শিল্পের কারখানা;

যেহেতু উক্ত সংস্থাটিতে কর্মরত বত্রিশ হাজার শ্রমিক-কর্মচারী এবং তাদের উপর নির্ভরশীল হাজার হাজার পরিবার-পরিজনের জীবন-জীবিকার মতো একটি গুরুত্বপূর্ণ বিষয় কারখানাটির উন্নয়নের সঙ্গে জড়িত;

যেহেতু কারখানাটিতে আধুনিকীকরণের মধ্যে দিয়ে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করা যাবে বলে বিভিন্ন বিশেষজ্ঞ এবং ভারত সরকারের এই সংক্রান্ত পরিদর্শকরা বিভিন্ন সময়ে মত প্রদান করেছেন;

যেহেতু জাতীয় উৎপাদন বৃদ্ধির প্রশ্নে এই সংস্থাটিকে পুনরুজ্জীবিত করার জন্য এই সংস্থার সমস্ত কেন্দ্রীয় ট্রেড ইউনিয়নগুলির সমন্বয়ে গঠিত 'সেভ ইসকো কমিটি' ধারাবাহিক ভাবে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে চলেছেন; এবং

যেহেতু এই সংস্থাটির শিল্পগত এবং আর্থিক পুনরুজ্জীবনের বিষয়টি 'বি.আই.এফ.আর.'-এর কাছে ১৯৯২ সালে প্রেরণ করা সত্ত্বেও এখনো পর্যন্ত সংস্থাটিকে পুনরুজ্জীবিত করা সম্ভব হয় নি;

সেহেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে যে-

(ক) 'ইসকো' সংস্থাটির পুনরুজ্জীবন ও আধুনিকীকরণের জন্য প্রয়োজনীয় অর্থবরাদ্দ করা হোক; ও

(খ) এই বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রয়োজনীয় প্রশাসনিক নির্দেশ দেওয়া হোক।

এ ছাড়া, উপরোক্ত দাবি গুলি নিয়ে কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট মন্ত্রীসহ প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনার জন্য এই সভা একটি সর্বদলীয় প্রতিনিধিদল পাঠানোর সিদ্ধান্ত গ্রহণ করছে।

was then put and agreed to.

**শ্রী মুস্তাফা বিন্ কাসেম ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপুর্ণ বিষয়ের প্রতি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি। ভারতবর্ষের প্রাক্তন প্রধান মন্ত্রী পি.ভি.নরসীমা রাও-এর বিরুদ্ধে প্রতারণার মামলা বিচারাধীন রয়েছে এবং দিল্লির মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের আদালতে হাজিরা দেওয়ার আদেশ ছিল। তার জন্য যে স্থগিতাদেশের আবেদন তিনি করেছিলেন, দিল্লির হাইকোর্টে সেই রিট অ্যাপ্লিকেশন খারিজ করে দিয়েছে এবং দোসরা আগস্ট দিল্লির চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের কাছে সেই প্রতারণার মামলার মোকাবিলা করার জন্য হাজিরা দিতে নির্দেশ দিয়েছেন। ভারতবর্ষের নাগরিক হিসাবে উদ্বেগ বোধ করছি। কোর্টের এই আদেশ আমাদের কারো কাছেই প্যালেটেবল নয়, অত্যন্ত লজ্জার কথা, এটাই আমি বলতে চাইছি।

7-10—7-20 P.M]

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আজকে বিচারব্যবস্থা নিয়ে আলোচনা হচ্ছিল। স্যার, আমরা কংগ্রেসিরা এই দেশে স্বাধীন বিচার-ব্যবস্থা তৈরি করেছি, সংবিধান তৈরি করেছি এবং বিচার-ব্যবস্থার উপর আমাদের গভীর শ্রদ্ধা আছে। এটা কখনও কখনও অবসর-প্রাপ্ত বিচারপতিদের জন্য একটু কমে যায়। কিন্তু আমরা অনেকবার দেখেছি, অনেককে কাঠগড়ায় দাঁড় করানো হয়েছে। কিন্তু স্যার, জন-নেতাদের ছোট করা যায় না। আমরা জানি ঋষি অরবিন্দকেও কাঠগড়ায় দাঁড়াতে হয়েছিল এবং আধুনিককালে শ্রীমতী ইন্দিরা গান্ধীকেও কাঠগড়ায় দাঁড়াতে হয়েছিল। কিন্তু মানুষ তাঁকে তার পরেও বিপুল ভোট দিয়েছিল। আমি বলতে চাইছি, মাননীয় সদস্য মুস্তাফা বিন কাশেম উল্লসিত হয়েছেন যে, প্রাক্তন প্রধানমন্ত্রী শ্রী নরসিমা রাওকে কাঠগড়ায় উপস্থিত হতে হবে। কিন্তু আমরা বলি, এটা ভারতবর্ষের বিচার-ব্যবস্থার মহত্ত্ব-এখানে আইনের চোখে সবাই সমান। পশ্চিমবাংলায় একমাত্র জ্যোতিবাবুকে কাঠগড়াতে দাঁড়াতে হচ্ছে না।

## QUESTION OF PRIVELEGES

**Mr. Speaker :** Now, there are two notices of Breach of Privilege pending.

One is, of Mr. Nirmal Mukherjee. I have received the reply from 'BARTAMAN',-the Printer and Publisher, have furnished explanation.

But the other two persons to whom more explanation was sought for, have not replied as yet. But the explanation furnished by the Printer and Publisher is absolutely evasive, and does not meet the points at issue.

Therefore, in my opinion, the matter should go to the Privilege Committee for proper investigation and the recommendation. That is why, I move that the notice of Breach of Privilege and motion moved by Shri Nirmal Mukherjee, on 9-7-96, be sent to the Committee of Privileges for proper investigation and recommendation.

(The motion was then put and agreed to.)

The Committee of Privileges is requested to report by the next Session.

Now, there is another notice of Breach of Privilege against the 'ASIAN AGE', given by Shri Rabin Deb. In this matter also, only the Editor-in-Chief of the news daily has furnished his comments, but the concerned reporter has yet to submit his explanation. The explanation offered by the Editor-in-Chief is evasive and does not meet the points at issue.

In my opinion, therefore, the matter calls for further examination and investigation under Rule 230 and should be placed before the Committee of Privileges.

That is why, I move the Motion before the House that the notice of Breach of Privilege, given by Hon'ble Member, Shri Rabin Deb, on 2-7-96, be sent to the Committee of Privileges under Rule 230 for proper investigation and recommendation by the next Session.

(The motion was then put and agreed to.)

The matters be sent to the Privilege Committee for investigation and report by the next Session.

## FORMATION OF COMMITTEES

### Committee on Public Accounts

**Mr. Speaker :** In pursuance of rule 302 of the Rules of procedure and Conduct of Business of the West Bengal Legislative Assembly, the Committee on Public Accounts, 1996-97 has been constituted with the following Members :

1. Shri Abdul Mannan,
2. Shri Ambica Banerjee,
3. Shri Baren Basu,

4. Shri Debabrata Banerjee,
5. Shri Gyan Singh Sohanpal,
6. Shri Jayanta Kumar Biswas,
7. Shri Kamakhyanandan Das Mahapatra,
8. Shri Kripa Sindhu Saha,
9. Shri M. Ansaruddin,
10. Shri Nazmul Haque,
11. Shri Prabhanjan Mandal,
12. Shri Rabin Deb,
13. Shri Rabindra Nath Mandal,
14. Shri Sadhan Pande,
15. Shri Satya Ranjan Bapuli.

In pursuance of rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint Shri Satya Ranjan Bapuli, the Chairman of the Committee on Public Accounts, 1996-97.

## COMMITTEE ON ESTIMATES

In pursuance of rule 303B(1) of the Rules of procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly the Committee on Estimates, 1996-97 has been constituted with the following Members :

1. Shri Abu Ayes Mondal,
2. Shri Biswnath Mondal,
3. Shri Binoy Dutta,
4. Shri Bhadreswar Mondal,
5. Shri Chittaranjan Dasthakur,
6. Shri Chowdhary Abdul Karim,
7. Shri Dwijendra Nath Roy,
8. Shri Gouri Pada Dutta,
9. Shri Kripa Sindhu Saha,
10. Dr. Motahar Hossain,
11. Shri Mostafa Bin Qasem,
12. Shri Md. Yakub,
13. Shri Nirmal Sinha,
14. Shri Nirmal Mukherjee,
15. Shri Puspa Chandra Das,
16. Shri Shibdas Mukherjee,
17. Shri Sk. Jahangir Karim,
18. Shri Saugata Roy,
19. Shri Subhas Naskar.

In pursuance of rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I appoint Dr. Gouri Pada Dutta, the Chairman of the Committee on Estimates.

## COMMITTEE ON PUBLIC UNDERTAKINGS

In pursuance of rule 303D(2) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly the Committee on Public Undertakings, 1996-97 has been constituted with the following Members :

1. Shri Bimal Mistri,
2. Shri Jyoti Chowdhuri,
3. Shri Lakhan Bagdi,
4. Smt. Mamata Banerjee,
5. Shri Mrinal Kanti Roy,
6. Shri Nirmal Das,
7. Shri Nirmal Ghosh,
8. Shri Pankaj Banerjee
9. Shri Paresh Nath Das,
10. Shri Purnendu Sengupta,
11. Shri Rabindra Ghosh,
12. Shri Rajdeo Goala,
13. Shri Ranjit Kundu,
14. Shri Shiba Prasad Malick,
15. Shri Sibendra Narayan Chowdhury,
16. Shri Sobhan Deb Chattopadhyay,
17. Shri Suniti Chattaraj,
18. Shri Sultan Ahmed,
19. Shri Unus Sarker.

In pursuance of rule 255(1) of the Rules of procedure and Conduct of Business in the West Bengal Legisative Assembly I appoint Shri Ranjit Kundu, the Chairman of the Committee on public undertakings.

## COMMITTEE ON THE WELFARE OF SCHEDULED CASTES & SCHEDULED TRIBES

In pursuance of rule 310A(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly the Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes, 1996-97 has been constituted with the following Members :

1. Shri Asit Kumar Mal,
2. Shri Bhandu Majhi,
3. Shri Bijoy Bagdi,

4. Smt. Deblina Hembram,
5. Shri Binay Krishna Biswas,
6. Shri Dhiren Let,
7. Shri Dibakanta Routh,
8. Dr. Gaulan Lepcha,
9. Shri Kamalakshi Biswas,
10. Shri Khara Saren,
11. Shri Kirity Bagdi,
12. Shri Kshiti Ranjan Mandal,
13. Smt. Nanda Rani Dal,
14. Shri Phani Bhusan Roy,
15. Shri Prokash Minj,
16. Shri Promatha Nath Roy,
17. Shri Shibaprasad Dolui,
18. Shri Sital Kumar Sardar,
19. Dr. Tapati Saha.

In pursuance of rule 310A(3) of the Rules of Procedure an and conduct of Business in the West Begal Legislative Assembly I appoint Smt. Nanda Rani Dal, the Chairperson of the Committee on the welfare of Scheduled Castes and Scheduled Tribes,

[7.20--7.30P.M]

**Subject Committee on Panchayat**

In pursuance of rule 310L(I) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have nominated the following members to constitute the Subject Committee on Panchayat.

1. Shri Anil Mudi,
2. Shri Bachcha Mohan Roy,
3. Shri Biplab Roy Chowdhury,
4. Shri Chittaranjan Dasthakur,
5. Shri Gulshan Mullick,
6. Shri Kamala Kanta Mahato,
7. Shri Manoranjan Patra,
8. Shri Manik Chandra Mondal,
9. Shri Md. Hannan,
10. Shri Nripen Gayen,
11. Shri Pratyush Mukherjee,
12. Shri Prabhanjan Mandal,
13. Shri Shashanka Shekor Biswas,
14. Shri Sudhir Bhattacharya,
15. Shri Tapas Chattopadhyay,

16. Dr. Surjya Kanta Mishra,
Minster-in-charge of Panchayat Department (Ex-officio Member)and
17. Shri Kamalendu Sanyal,
Minister-of-State of Panchayat Department (Ex-officio Member).

**Appointment of Chairman of the Subject Committee on Panchayat.**

In pursuance of rule 255(1)of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint Shri Prabhanjan Mandal, the Chairman of the Subject Committee on Panchayat.

**Subject Committee on Education & Information and Cultural Affairs**

In pursuance of rule 310N(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have nominated to following members to constitute the Subject Committee on Education & Information and Cultural Affairs.

1. Shri Padma Nidhi Dhar,
2. Srimati Susmita Biswas,
3. Srimati Shanta Chhetri,
4. Srimati Kamal Sengupta Bose,
5. Shri Banamali Roy,
6. Shri Sunil Kumar Ghosh,
7. Shri Sanjib Kumar Das,
8. Shri Nirmal Das,
9. Shri Ajit Khanra,
10. Shri Md. Sohrab,
11. Shri Abu Hasem Khan Choudhury,
12. Shri Brahmamoy Nanda,
13. Shri Ashoke Giri,
14. Shri Hafiz Alam Sairani,
15. Shri Deba Prasad Sarkar,
16. Shri Buddhadeb Bhattacharjee, Minister-in-charge of Information & Cultural Affairs Department (Ex-officio Member),
17. Shri Satya Sadhan Chakraborty, Minister-in-charge of Higher Education Department (Ex-officio Member),
18. Shri Kanti Biswas, Minister-in-charge of School and Madrasha Education Deptt. (Ex-officio Member),
19. Shri Bansa Gopal Chowdhury, Minister-in-charge of Technical Education & Training Department, (Ex-officio Member),

20. Shri Nimai Mal, Minister of State-in-charge of Library Services Deptt, (Ex-officio Member).

21. Srimati Anju Kar, Minister of State-in-charge of Mass Education Extension Deptt. (Ex-officio Member).

**Appointment of the Chairman of the Subject Committee on Education & Information and Cultural Affairs**

In pursuance of Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint Shri Padma Nidhi Dhar, the Chairman of the Subject Committee on Education & Information and Cultural Affairs.

**Subject Committee on Health and Family Welfare**

In pursuance of rule 310 P(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have nominated the following members to constitute the Subject Committee on Health and Family Welfare.

1. Dr. Gouri Pada Dutta,
2. Shri Shyama Prasad Pal,
3. Dr. Prabin Kumar Shaw,
4. Shri Sushil Biswas,
5. Shri Badal Zamadar,
6. Shri Ratan Pakhira,
7. Dr. Makhanlal Bangal,
8. Shri Santi Ranjan Ganguly,
9. Shri Sushil Kujur,
10. Shrimati Ibha Dey,
11. Dr. Hoimi Basu,
12. Shri Tapas Roy,
13. Shri Kamal Mukherjee,
14. Shri Dilip Kumar Das,
15. Shrimati Rubi Nur,
16. Shri Partha De, Minister-in-charge of Health and Family Welfare Department (Ex-officio Member) and
17. Shrimati Minati Ghosh, Minister of State for Health and Family Welfare Department (Ex-officio Member).

**Appointment of Chairman of the Subject Committee on Health and Family Welfare**

In pursuance of rule 255 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint Dr. Gouri Pada Dutta, the Chairman of the Subject Committee on Health

and Family Welfare.

**Subject Committee on Irrigation & Waterways**

In pursuance of rule 310T(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have nominated the following members to constitute the Subject Committee on Irrigation & Waterways,

1. Shri Abu Hena,
2. Shri Chakradhar Maikap,
3. Shri Gopal Krishna Dey,
4. Shri Himangsu Dutta,
5. Shri Mahamuddin,
6. Shri Mainul Haque,
7. Shri Nani Gopal Chowdhury,
8. Shri Nikunja Paik,
9. Shri Pankaj Ghosh,
10. Shri Ramprabesh Mondal,
11. Shri Sailaja Kumar Das,
12. Shri Saktipada Khanra,
13. Shri Sudhir Pramanik,
14. Shri Suresh Chandra Sinha,
15. Shri Tapan Hore,
16. Shri Debabrata Bandyopadhyay, Minister-in-charge of Irrigation & Waterways Department (Ex-officio Member),
17. Shri Nandagopal Bhattacherjee, Minister-in-charge of Water Investigation & Development Department, (Ex-officio Member) and
18. Shri Ganesh Mondal, Minister of State for Irrigation & Waterways Department (Ex-officio Member).

**Appointment of Chairman of the Subject Committee on Irrigation & Waterways**

In pursuance of rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint Shri Tapan Hore, the Chairman of the Subject Committee on Irrigation & Waterways.

**Subject Committee on Agriculture and Food & Supplies**

In pursuance of rule 310ZA of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have nominated the following members to constitute the Subject Committee on Agriculture

and Food & Supplies.

1. Shri Saugata Roy,
2. Shri Angad Bauri,
3. Shri Subhas Mondal,
4. Shri Manmatha Roy,
5. Shri Shankar Saran Naskar,
6. Shri Dipak Bera,
7. Shri Rampada Samanta,
8. Dr. Ram Chandra Mondal,
9. Shri Subhas Naskar,
10. Shri Bijoy Bagdi,
11. Shri Abdus Salam Munshi,
12. Shri Habibur Rahaman,
13. Shri Asit Mitra,
14. Shri Chitta Ranjan Biswas,
15. Shri Mihir Goswami,
16. Shri Narendra Nath Dey, Minister-in-charge of Agriculture Department (Ex-officio Member),
17. Shri Birendra Kumar Moitra, Minister-in-charge of Agriculture (Agricultural Marketing) Department (Ex-officio Member), and
18. Shri Kalimuddin Shams, Minister-in-charge of Food & Supplies Department (Ex-officio, Member).

**Appointment of Chairman of the Subject Committee on Agriculture and Food & Supplies**

In pursuance of rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint Shri Saugata Roy, the Chairman of the Subject Committee on Agriculture and Food & Supplies.

**Subject Committee on Power and Commerce and Industries**

In pursuance of rule 310ZD(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have nominated the following members to constitute the Subject Committee on Power and Commerce and Industries, 1996-97:

1. Shri Amar Chowdhury,
2. Shri Ajoy De,
3. Shri Ashok Kumar Deb,
4. Shri Banshi Badan Maitra,
5. Shri Gyan Singh Sohanpal,

6. Shri Guru Pada Dutta,
7. Shri Jatu Lahiri,
8. Shri Narayan Mukherjee,
9. Shri Nishi Kanta Mehta,
10. Shri Narbahadur Chhetri,
11. Shri Purnendu Sengupta,
12. Shri Pelab Kabi,
13. Shri Rabin Deb,
14. Shri Rabin Mukherjee,
15. Shri Sudip Bandyopadhyay,
16. Shri Sankar Kumar Sen, Minister-in-charge of Power Department (Ex-officio Member) and
17. Shri Bidyut Ganguly, Minister-in-charge of Commerce and Industries Department (Ex-officio Member).

Appointement of Chairman of the Subject Committee on Power and Commerce and Industries. In pursuance of rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I nominate Shri Rabin Deb the Chairman of the Subject Committee on Power and Commerce and Industries.

**Subject Committee on Environment**

In pursuance of rule 310 X(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have nominated the following members to constitute the Subject Committee on Environment, 1996-97

1. Shri Md. Yakub
2. Shri Lakhiram Kisku
3. Shri Kartick Bag
4. Shri Mursalin Molla
5. Shri Khagendra Nath Mahato
6. Shri Narmada Chandra Roy
7. Shri Santi Ram Mahato
8. Shri Tushar Kanti Mondal
9. Shri Manik Upadhyay
10. Shri Sabuj Dutta
11. Shri Ramjanam Majhi
12. Shri Chaitan Munda
13. Shri Nandadulal Majhi
14. Shri Mir Quasem Mondal
15. Shri Sk. Majed Ali and
16. Shri Manabendra Mukherjee, Minister-in-charge of

Environmet Department (Ex-officio Member).

**Appointment of Chairman of the Subject Committee on Environment**

In pursuance of rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint Shri Md. Yakub, the Chairman of the Subject Committee on Environment.

**Subject Committee on Public Works**

In pursuance of rule 310ZB(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have nominated the following members to constitute the Subject Committee on Public Works, 1996-97:

1. Shri Baren Basu
2. Shri Kaliprasad Biswas
3. Shri Biren Ghosh
4. Shri Ananda Gopal Das
5. Shri Buddhadeb Bhakat
6. Shri Nirode Roychowdhury
7. Shri Narmada Chandra Roy
8. Shri Ramesh Roy
9. Shri Idrish Mondal
10. Shri Abul Basar Laskar
11. Shri Sk. Daulat Ali
12. Shri Sankar Singha
13. Shri Ashoke Mukherjee
14. Shri Abu Sufian Sarkar
15. Shri Sudhan Raha
16. Shri Kshiti Goswami, Ministei-in-charge of Public Works Department (Ex-officio Member) and
17. Shri Monohar Tirkey, Minister of State for Public Works Department, (Ex-officio Member).

**Appointment of Chairman of The Subject Committee on Public Works**

In pursuance of rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint Shri Baren Basu, the Chairman of the Subject Committee on Public Works.

**Subject Committee on Welfare, Tourism, Sports and Youth Services**

In pursuance of rule 310 V(1) of the Rules of Procedure and

Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have nominated the following members to constitute the Subject Committee on Welfare, Tourism, Sports and Youth Services, for the year 1996-97:

1. Shri Bidyut Kumar Das
2. Shri Rabindra Nath Hembram
3. Smt. Kumkum Chakraborty
4. Shri Jyoti Krishna Chattopadhyay
5. Smt. Sadhana Mallik
6. Smt. Mili Hire
7. Shri Id. Mohammad
8. Shri Suresh Chandra Sinha
9. Smt. Sabitri Mitra
10. Shri Rabindra Nath Chatterjee
11. Smt. Maya Rani Paul
12. Shri Tapas Banerjee
13. Shri Akbar Ali Khandakar
14. Smt. Sukuntala Paik
15. Smt. Kanika Ganguly
16. Shri Biswanath Choudhury, Minister-in-charge of Social Welfare Department (Ex-officio Member)
17. Shri Subhas Chakraborti, Minister-in-charge of Sports Department (Ex-officio Member) and,
18. Shri Manabendra Mukherjee, Minister-in-charge of Tourism and Youth Services Department (Ex-officio Member).

**Appointment of Chairman of the Subject Committee on Welfare, Tourism, Sports and Youth Services**

In pursuance of rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint Shri Bidyut Kumar Das, the Chairman of the Subject committee on Welfare, Tourism, Sports and Youth Services.

**Subject Committee on Transport**

In pursuance of rule 310 R(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have nominate the following members to constitute the Subject Committee on Transport for the year 1996-97:

1. Shri Shyamaprosad Bose
2. Shri Jayanta Choudhury
3. Shri Jagannath Oraon
4. Shri Madanmohan Nath

5. Shri Lagan Deo Singh
6. Shri Shiba Prasad Malick
7. Shri Salib Tappo
8. Shri Subhas Chandra Saren
9. Shri Samar Mukherjee
10. Shri Sukumar Das
11. Shri Tarak Bandyopadhyay
12. Shri Paresh Paul
13. Shri Deba Prasad Sarkar
14. Shri Debnath Murmu
15. Shri Sk. Khabiruddin Ahmed
16. Shri Subhas Chakraborti, Minister-in-charge of Transport Department (Ex-officio Member) and
17. Shri Susanta Ghosh, Minister of State of the Transport Department (Ex-officio Member).

**Appointmnet of Chairman of the Subject Committee on Transport**

In pursuance of rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint Shri Shyama Prosad Bose, the Chairman of the Subject Committee on Transport.

**Committee of Rules**

In pursuance of rule 309 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have nominated the following members to constitute the Committee of Rules, 1996-97 :

1. Shri Abu Ayes Mondal
2. Shri Chittaranjan Biswas
3. Shri Deba Prasad Sarkar
4. Shri Gyan Singh Sohanpal
5. Shri Hafiz Alam Sairani
6. Shri Khara Soren
7. Shri Krishna Prasad Duley
8. Shri Narayan Mukherjee
9. Dr. Nirmal Sinha
10. Shri Pratyush Mukherjee
11. Shri Rajesh Khaitan
12. Shri Subrata Mukherjee
13. Shri Sudhan Raha
14. Shri Sudip Bandyopadhyay

and include myself, Speaker, who will be the Chairman of the Committee

**Committee on Entitlements of the Members**

In pursuance of Rule 1 relating to the Committee on the Entitlements of the Members as contained in the Appendix to the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the following members to constitute the Committee on Entitlements of the Members for the Year 1996-97:

1. Shri Anil Mukherjee, Deputy Speaker
2. Shri Probodh Chandra Sinha, Minister-in-charge of Parliamentary Affairs Departments.
3. Shri Atish Chandra Sinha, Leader of Opposition
4. Shri Rabindra Nath Mondal, Chief Government Whip
5. Shri Abdul Mannan
6. Shri Kripa Sindhu Saha
7. Shri Samar Hazra
8. Shri Subhas Gowsami
9. Shri Purnendu Sengupta
10. Shri Deba Prosad Sarker
11. Shri Narbahadur Chhetri
12. Shri Brahmamoy Nanda
13. Shrimati Kumkum Chakraborti
14. Dr. Gouri Pada Dutta

and include myself, Speaker, who will be the Chairman of the Committee

**Library Committee**

In pursuance of Rule 1 relating to the Library Committee as contained in the Appendix to the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I nominate the following members to constitute the Library Committee, 1996-97:

1. Shri Jayanta Kumar Biswas
2. Shri Kamalakshi Biswas
3. Shri Sanjib Kumar Das
4. Shri Somendra Nath Mitra
5. Smt. Rubi Noor
6. Shri Sukumar Das
7. Smt. Gillian Rosemary D'costa Hurt
8. Shri Haradhan Bauri
9. Sk. Jahangir Karim

10. Shri Rampada Samanta
11. Shri Kiriti Bagdi
12. Shri Brahmamoy Nanda
13. Shri Samar Hazra
14. Dr. Makhanlal Bangal

and include myself, Speaker, who will be the Chairman of the Committee.

[7-30—7-40 P.M]

**Committee on Petitions**

In pursuance of Rules 299 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have nominated the following members to constitute the Committee on Petitions, 1996-97:

1. Shri Soumendra Chandra Das
2. Shri Maniklal Acharjee
3. Shri Salib Tappo
4. Shri Kazi Abdul Gaffar
5. Shri Sanjoy Bakshi
6. Dr. Anupam Sen
7. Shri M. Ansaruddin
8. Shri Adhir Ranjan Chowdhury
9. Shri Rampayare Ram
10. Shri Probodh Purkait
11. Shri Biswananth Mitra
12. Shri Dwijendra Nath Roy
13. Shri Natabar Bagdi
14. Shri Bidyut Kumar Das
15. Shri Lakhan Bagdi

**Appointment of Chairman of the Committee on Petitions**

In pursuance of Rule 255 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint Shri Soumendra Chandra Das, the Chairman of the Committee on Petitions.

**Committee on Subordinate Legislation**

In pursuance of Rule 307C(2) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have nominated the following members to constitute the Committee on Subordinate Legislation, 1996-97:

1. Shri Ananda Kumar Biswas

2. Shri Asit Kumar Mal
3. Shri Binoy Dutta
4. Shri Chittaranjan Mukhopadhyay
5. Shri Debabrata Bandyopadhyay
6. Shri Goutam Chakravartty
7. Shri Habibur Rahaman
8. Shri Jadu Hembram
9. Shri Manik Chandra Mondal
10. Dr. Md. Fazle Haque
11. Dr. Motahar Hossain
12. Shri Mozammel Haque (Murshidabad)
13. Shri Mozammel Haque(Hariharpara)
14. Shri Mustafa Bin Quasem
15. Shri Natabar Bagdi
16. Shri Naren Hansda
17. Shri Padmanidhi Dhar
18. Shri Subhas Goswami
19. Shri Tamal Chandra Majhi

**Appointment of Chairman of the Committee on Subordinate Legislation**

In pursuance of rule 255(1)of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint Shri Subhas Goswami, the Chairman of the Committee on Subordinate Legislation.

**Committee on Government Assurances**

In pursuance of Rule 307B(1)of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have nominated the following members to constitute the Committee on Government Assurances, 1996-97:

1. Shri Biswanath Mitra
2. Shri Krishna Prasad Duley
3. Shri Samar Hazra
4. Shri Timir Bhaduri
5. Shri Santi Ranjan Ganguly
6. Shri Deoki Nandan Poddar
7. Shri Abdul Mannan
8. Shri Ajoy Dey
9. Shri Shyamadas Banerjee
10. Shri Anoy Gopal Sinha
11. Smt. Sakti Rana

12. Shri Jatindra Nath Roy
13. Shri Sibendra Narayan Chowdhury
14. Shri Nirmal Mukherjee
15. Shri Kshiti Ranjan Mondal

**Appointment of the Chairman of the Committee on Government Assurances**

In pursuance of Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint Shri Deoki Nandan Poddar, the Chairman of the Committee on Government Assurances.

**Committee of Privileges**

In pursuance of Rule 304 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have nominated the following members to constitute the Committee of Privileges, 1996-97:

1. Shri Anil Mukherjee
2. Shri Abinas Mahata
3. Shri Ambica Banerjee
4. Shri Kamakhya Nandan Das Mahapatra
5. Shri Kamal Guha
6. Shri Kamala Kanta Mahato
7. Shri Kripa Sindhu Saha
8. Shri Manoranjan Patra
9. Smt. Nanda Rani Dal
10. Shri Pankaj Banerjee
11. Shri Rabindra Nath Mandal
12. Smt. Shanta Chhetri
13. Shri Mohammad Sohrab
14. Shri Subhas Goswami
15. Shri Subrata Mukherjee

**Appointment of Chairman of the Committee of Privileges**

In pursuance of Rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint Shri Anil Mukherjee, Deputy Speaker, West Bengal Legislative Assembly, Chairman of the Committee of Privileges, 1996-97.

**House Committee**

In pursuance of Rule 1 relating to the House Committee as contained in the Appendix to the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have nominated

the following members to constitute the House Committee, 1996-97:

1. Shri Haradhan Bauri
2. Shri Ankura Saresh
3. Shri Tapan Hore
4. Shri Nisikanta Mehta
5. Shri Mahabubul Haque
6. Shri Humayun Reza
7. Smt. Sabitri Mitra
8. Shri Shibdas Mukherjee
9. Smt. Maya Rani Paul
10. Shri Mozammel Haque (Hariharpara)
11. Shri Unus Sarkar
12. Shri Debnath Murmu
13. Shri Shibaprosad Doloi
14. Shri Ananda Gopal Das
15. Shri Sushil Biswas

**Appointmnet of Chairman of the House Committee**

In pursuance of Rule 255 (1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I appoint Shri Unus Sarkar, the Chairman of the House Committee.

**Mr. Speaker :** To-day the 24th July, 1996 is the last day of the 1st Session of the Twelfth Assembly. Before adjourning the House sine-die, I would like to make an announcement regarding Questions. Starred Questions to which replies have been received in the Secretariat but not answered in the House would be treated as un-starred ones and replies there be circulated to the Members.

Now I shall narrate in brief about the business transacted during this Session which commenced at 11.00 a.m. on the 10th June, 1996.

(Position as on the 24th July, 1996)

**BRIEF RESUME OF BUSINESS**

. QUESTIONS:

1) Total No. of Notices of question received : 2161
   a) Starred : 1446
   b) Unstarred : 711
   c) Short Notice : 4
2) Total No. of Notices of Half-an-hour discussion received: Nil
3) Total No. of Questions admitted : 1429
   a) Starred : 874

| | | |
|---|---|---|
| b) Unstarred | : | 552 |
| c) Short Notice | : | 3 |
| 4) Number of Questions replied as: | | |
| a) Starred | : | 573 |
| b) Unstarred | : | 165 |
| c) Short Notice | : | 2 |
| Total number of questions replied | : | 740 |
| Replies of Questions received from the Deptts. but not yet place in the order paper (Starred + Unstarred) | : | 136 |
| Number of questions pending with the Department : | | |
| a) Starred Questions | : | 167 |
| b) Unstarred Questions | : | 385 |
| c) Short Notice Questions | : | 1 |
| Number of questions disallowed | : | 168 |

GOVERNMNET BILLS:

| | | | |
|---|---|---|---|
| No. of Bills introduced | ... | : | 17 |
| No. of Bills passed | ... | : | 16 |
| a) No. of New Bills | ... | : | 6 |
| b) No. of Ordinance Bills | ... | : | 4 |
| c) No. of Money Bills | ... | : | 3 |
| No. of Bills Assented to | ... | : | 6 |
| No. of Bill referred to Select Committee | | : | 2 |
| Presentation of the report of the Select Committee | | : | 1 |

RULES :

| | | | |
|---|---|---|---|
| Notices received for laying of Rules | ... | : | 4 |
| Rules laid | ... | : | 4 |

ORDINANCE :

| | | | |
|---|---|---|---|
| Notices received for laying of Ordinance | ... | : | 4 |
| Ordinace laid | ... | : | 4 |

ADJOURNMNET MOTION :

| | | | |
|---|---|---|---|
| Notices received | ... | : | 139 |
| Consent withheld | ... | : | 121 |
| Notices out of order | ... | : | 18 |

CALLING ATTENTION NOTICE :

| | | | |
|---|---|---|---|
| Notices received | ... | : | 278 |
| Notices admitted | ... | : | 32 |
| Statement made | ... | : | 29 |

| | | | |
|---|---|---|---|
| Admitted and reply to be sent to the members concerned | | | 2 |
| Notices out of order | ... | : | 5 |
| MOTION UDNER RULE-185 | | | |
| Notices received | ... | : | 21 |
| Admitted | ... | : | 17 |
| Disallowed | ... | : | 4 |
| Discussed and adopted | ... | : | 6 |
| Discussed and lost | ... | : | 1 |
| Admitted but not discussed | ... | : | 10 |
| MOTION UNDER RULE-319 | | | |
| Notices received | ... | : | 3 |
| Admitted | ... | : | 1 |
| Disallowed | ... | : | 2 |
| Admitted and discussed | ... | : | 1 |
| MOTION UNDER RULE-194 | | | |
| Notices Received | ... | : | 1 |
| Admitted | ... | : | NIL |
| Disallowed | ... | : | 1 |
| Discussed and lost | ... | : | NIL |
| STATEMENT UNDER RULE 346 | ... | : | 5 |

**Laying of Annual Report and Accounts of Government Companies and Undertakings.**

| | | | |
|---|---|---|---|
| Report laid | ... | : | 19 |

Privilege Issues

| | | | |
|---|---|---|---|
| Notices Received | ... | : | 8 |
| Disallowed | ... | : | 4 |
| MENTION CASES | ... | : | 1286 |
| ZERO HOUR MENTION | ... | : | 185 |
| NUMBER OF SITTING | ... | : | 33 |
| TOTAL HOUR OF SITTINGS | 184 Hours 22 minutes (upto 7.35 p.m) | | |

**Mr. Speaker :** Hon'ble Members, Hon'ble Finance Minister, Leader of the Opposition, Government Whip, Opposition Whip and all the Members, it has been a very important Session. This is important also in the sense that it is the first session after the election. We have large number of new members having been elected for the first time. I had taken a decision; that is, being the first session and as many members are coming for the first time in this House, we would be lenient as

regards Mentions and Zero Hour. And we will allow maximum number of Mentions to be raised. New Members could then get used to speak in the House as per Parliamentary Procedure and Practice. However, in the coming Session we may not allow such relaxation. Such a large number of Mentions cannot be accommodated because a lot of time is consumed. Members are to learn how to adjust themselves during one hour time. Mention hour is, according to rules, one hour and it has been allowed one hour. We have extended it to one and half hour, Sometime beyond two hours also. It is the first Session and we have been lenient.

It has also been important in the sense that many important things have been discussed. New ground has been covered in the parliamentary democracy which has not been done before. We have received reports-laid on the table-discussed threadbear, attempts made even to challenge the Chair, discussed a judicial enquriy, commission of enquiry which has taken place today. We have been covering new ground of the parliamentary system.

My appeal to the members is that in a democratic system, there should be more transparency. I am for it and it is time for it. The Government should be more transparent and members should have right to know more. But at the same time, Members also must know the parliamentary procedure which has to be followed. It is not the place for denigration. We cannot use the forum to denigrate the person or any individual. This forum is used to benefit the people and that is the only object, only purpose. If the forum is to denigrate institution, denigrate individuals, then the system breaks and collapses. That should never be attempted to be done. It should not be allowed to be done. It is understood by the opposition. We have group of people, independent members, even one person. We have parties of two members. We have tried to accommodate, to give more time. We have nominated in this House. Their views should also to be considered. They have come from a small community. But they have to be heard. They are Indian citizens.

[7-40—7-50 P.M]

We have three representatives from Darjeeling, the Gorkha region, they have a right to heard. In the noise and dins that takes place in a large majority of people voices of the members who belong to smaller party are not heard. They feel isolated. They feel left out. They don't feel part of the mainstream. We have to consider them also. We have to bring to them into the mainstream. You may have a loud voice, a low voice, a feeble voice but if not heard in time it may cause great

damage in futrue. Immediate gain here and immediate advantage here may ultimately end in great loss in futrue. That was to be understood. By denigrating somebody here temporarily you may get something. You may get an advantage but in the long run the system does not sustain itself. We are breaking the system, we hitting at the roots. It should not be done. Debate has to go on. This place is for debate and I don't belive it has to be very silent place. Silance is in the graveyard, silance is in the cemeteries, in the burning ghats, absolute silence. Over here there cannot be absolute silence. But there has to be dignity, there has to be decorum. Even in the agitation there has to be dignity. You are agitating for the people. You cannot reduce your esteem. You cannot denigrate, you cannot disrespect anybody. If you can give respect, they only can command respect. If you cannot give respect you cannot command respect. This has to be understood, more so by the new members. Senior members have to given them leadership the language, the temparament, behaviour, the attitude, spirit of accommodation and diligence. Each one of us represent a very big area, large constituency. Some constituencies are haveing more than three lakhs of people. Very few constitutencies have below one and a half lakhs of people. Large number of people we represent. Are we representing them properly? That is to be considered.

I am grateful to the Home Minister, to the Chief Minister, to his Cabinet colleagues, to the Leader of the opposition to each and every member be they are in the ruling party or the oppostion. Small parties are there. Mr. Sarkar is there. To Sri Naren Hansda, a very colourful personality, sometimes he comes with colourful garments. To the people of Darjeeling Hills. They participated wonderfully in this session. To the Anglo India Member. They all made good contributions. Their presence felt, it is a large family. You have disputes, you may quarrel, you will have disagreements but you will not disagree to agree on aspect, that is the interest of the people are concerned here. We have to agree on that. Today the country is facing serious problems. We cannot go on in this way. For immediate, short-time advantages, immediate gain I will break the institution. This cannot happen. It should not happen. If the institution survives, you survive, the county survives. If the institution goes, you go, the country goes. The country is slightly larger than us, larger than our State. Larger than our constituency.

I would like to inform the members that I will proceed for Kuwalalampur on the 13th of next month as Vice-Chairman of the Commonwealth Parliamentary Association. Our Dy. Speaker will proceed as a delegate of your State to the Parliamentary Conference in

Kuwalalampur. Our Secretary is also one of the Secretaries this time. He will also be going to Kuwalalampur. I will be contesting the position for Chairman of the Commonwealth Parliamentary Association. For the first time a representative from the Indian States is contesting. With your support, with your affection, with your guidence that we have been able to reach that stage when we delegate from State and claim to contest at an international forum. For the first time in the histroy of Indian this is happening. We hope we will win. We are looking forward to it. We need cooperation from everybody in future. From Kuwalalampur I will go to Laxemburg to atten 50th anniversary of the commencement and celebration of the Golden Jubilee of the United Nations Association as its President.

I am the second Indian from India-the first was Madam Vijaylakshme Pandit-I am the Second Indian to hold the position. I will be going to Luxemburg and will be coming back to India after moving one or two places. Each time I represent you from here. All of you have made it possible for me to be where I am. I represent each and everyone of you, be you in the Opposition or be a small representative here, be in the rulling party, anybody. I represent the West Bengal State and the West Bengal Assembly. I hope when we meet in the next session we should try to have some training programme in between with Prof. Hiren Mukherjee, the Chairman of the Forum. We could not hold a programme durring the on-going session, we tried to but we could not.But we should try to have some sittings in between in future specially for the first-time-elected members and try to give them some basic insight of what Parliament and Assemblies are about. Hope you will all co-operate and most of the Senior members would look forward to all that. With these words I thank you all and I hopc I will meet you all again and wish that you all will be good health and fit for the next session. Thank you.

**শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার পক্ষ থেকে আপনাকে আমার আন্তরিক ধন্যবাদ এবং অভিনন্দন জানাচ্ছি এবং মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়কে আমি আমার আন্তরিক ধন্যবাদ এবং অভিনন্দন জানাচ্ছি। আমাদের প্রতিটি সদস্যকে এবং বিরোধী দলের প্রতিটি সদস্যকে এবং আমাদের সকলকে আমি শুভেচ্ছা জানাচ্ছি। গত দেড় মাস ধরে আমাদের এই সংক্ষিপ্ত বাজেট অধিবেশন আমরা সাফল্যের সঙ্গে শেষ করতে পেরেছি। এই বিধানসভা চলার জন্য আপনি যে ভূমিকা পালন করেছেন তার জন্য বিশেষ করে আপনার প্রসংশা করতে হয়। আমাদের পক্ষ থেকে আমরা চেষ্টা করেছি এই বিধানসভায় বিরোধী দলের যে গুরুত্ব এবং বিরোধী দলের যে অধিকার সেটা মেনে নেবার। বিভিন্ন আলাপ আলোচনা, আলোচনার দাবি এবং প্রস্তাব মেনে নিয়ে সরকারি পক্ষ থেকে আমরা কোনও কিছু গোপন করার চেষ্টা করিনি। গনতন্ত্রের স্বার্থে, সত্যিকারের বিতর্কের স্বার্থে, যে

কোনও বিষয়ে যখন বিরোধী পক্ষ আলোচনার দাবি করেছেন, আমরা সেটা মেনে নিয়েছি। সমস্ত বিষয়ে বিরোধী পক্ষ যা যা দাবি করেছেন সমস্ত বিষয় এখানে আলোচনা হয়েছে। এই প্রথা আমরা চালিয়ে যেতে চাই। কোনও সময় হয়ত একমত হয়ে কোনও প্রস্তাব আমরা এখান থেকে পাঠিয়েছি, কিন্তু ভারত সরকার রাজি হয়নি। তারপর সারা রাজ্যের মানুষ এই বিধানসভায় এসে যে জিনিস দেখে যায় -আমি কোনও দিকে দৃষ্টি দিয়ে বলছি না-আমাদের প্রতি রাজ্যের মানুষের যে আশা সেই আশার কাছাকাছি আমরা পৌঁছাতে পারছি না। আপনি বক্তব্যের মধ্যে যেটা বললেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের এখানে পার্লামেন্টারি ফোরাম যেটা বললেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের এখানে পার্লামেন্টারি ফোরাম করা হয়েছে, প্রফেসার হীরেন মুখার্জি মহাশয় এর নেতৃত্ব নিতে রাজি হয়েছেন। আপনাদের সঙ্গে উনি অতীতে কথা বলেছেন। আমরা যদি বিধানসভার বাইরে এই ধরণের একটা সংস্থা করতে পারি তাহলে ভাল হয়। বিধানসভার সদস্যরা কি ভাবে তাঁদের দায়িত্ব পালন করবেন, কি ভাবে বিভিন্ন বিতর্কে অংশগ্রহণ করা যায়, কি ভাবে আলোচনাকে আরো উন্নত করা যায় এই ব্যাপারে আমাদের আরো মনযোগ দেওয়া দরকার। বিধানসভার অধিবেশন চলাকালীন এমন সমস্ত ঘটনা ঘটেছে যেটা আমাদের কারোর কাছে বাঞ্ছিত নয়। কারণ প্রতিদিন ঘটনা গুলি খবরের কাগজ গুলিতে বার হয়। বিধানসভার অধিবেশনের বিতর্ক যাঁরা দেখতে আসেন, কিশোর-কিশোরী, তরুন, যুবক-যুবতী তাদের কাছে সঠিক চেতনা আমরা পৌঁছে দিতে পারি না। এই ব্যাপারে বিশেষ ভাবে সতর্ক হওয়া দরকার। আমার বক্তব্য আর দীর্ঘ করবো না।

[7-50—8-00 P.M]

আমি শুধু এই কথা আপনার মাধ্যমে সকলের কাছে জানাতে চাইছি, আমরা ভবিষ্যতে আবার এখানে আসবো, আবার আলোচনা করবো। বিধানসভার শেষ দিনে আমি শুধু আমাদের সরকারের মনোভাব সম্পর্কে বলছি, আমরা একটু দুশ্চিন্তাগ্রস্ত। এই কারণে দুশ্চিন্তাগ্রস্ত যে, গনতন্ত্রে যে নীতির কথা আমরা বলছি, তার তিনটি স্তম্ভ-একজিকিউটিভ, লেজিসলেটিভ এবং জুডিশিয়ারি। আমরা বোধহয়, বিধানসভার শেষ দিনে এই আলোচনা যা করলাম, সঠিক ভাবেই বিরোধিরা দাবি করেছেন এবং স্পিকার সাহেবও তা মেনে নিয়েছেন। আমাদের কোনও আপত্তি নেই আমরা সরকারি নিয়ম নীতি মেনে কমিশনের রিপোর্ট পেশ করেছিলাম শেষ দিনে এই বিধানসভায় এ সম্পর্কে যেসব কথাবার্তা হলো, বোধহয় তা ভবিষ্যতের পক্ষে খুবভাল, কল্যাণকর কাজ হল না বলেই আমাদের ধারণা। এটা বোধহয় ভাল হোত বিধানসভার বাইরে, রাজনৈতিক মঞ্চে আলোচনাটা করা যেতে পারতো। সেখানে তাঁরা এই কথা বলতে পারতেন। বিধানসভা কক্ষে এটা ব্যাতিক্রম হয়ে রইলো। ভবিষ্যতে আশাকরি, আমরা এই সকল প্রশ্নে একটা ঐক্যমতে পৌঁছাতে পারবো। বিধানসভার মধ্যে কি হওয়া উচিত, কি হওয়া উচিত নয়, এই ব্যাপারে আমাদের দ্বিধা বিভক্ত হওয়া উচিত নয়। এই ব্যাপারে আমি সকলের দৃষ্টি আকর্ষণ করবো। আমি আবার আপনাকে ধন্যবাদ জানাই, অভিনন্দন জানাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে আমি ধন্যবাদ জানাই, অভিনন্দন জানাই। বিধানসভার সমস্ত কর্মচারী, যাঁরা কাজ করেছেন, সচিব এবং সমস্ত কর্মচারী তাঁরা অক্লান্ত পরিশ্রম করেছেন। তাঁদের ধন্যবাদ জানাই। এখানে সাংবাদিক যাঁরা বিধানসভার ঘটনা সারাদিন বসে থেকে তুলে

ধরেছেন। তাঁদেরকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Atish Chandra Sinha :** Everything comes to an end. We have come to the end of the first Session after the election. The Budget Session which lasted about one and a half month, we have had quite stormly discussions. I would say quite a tumultuous session to us and this was the first Session that I was the Opposition Leader, responsible for leading the Opposition members and on very many occasions without your help, and Deputy Speaker's help, it would be impossible for us to conduct the Business of the House. You have allowed various discussions about which we demanded such as on the Wakf Scam, on the P.K. Sengupta's Report and also on the last day, on the Justice Yusuf Commissions's Report. You have kindly allowed the discussion. I thank you heartily on behalf of the Opposition Party and I thank all the members, the Cabinet Ministers of the Left party since they have also co-operated with us. Without their co-operation, it would not be possible to run this House smoothly. It could have been done more smoothly but still I say it was done smoothly for the one and a half month. There were few occasions when we were forced to react. But I hope, in future such action should not have to be taken on our part and we will co-operate more with you, I take this opportunity of conveying my hearty congratulations to you and Hon'ble Mr. Deputy Speaker and also Secretary of the West Bengal Legislative Assembly for representing our State in various fora in the World Organisation and I would hope that they would come with all glory for our State and we will be very proud of you and Hon'ble Deputy Speaker Sir, and Secretary. I also take this opportunity to convey my thanks to the staff and all the officers who have been taken notes of all these things and covering our proceedings. I thank you all for the marvellous work done during this long period of one and a half month.

**শ্রী প্রবোধ চন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, লোকসভা এবং বিধানসভার নির্বাচন সম্প্রতি অনুষ্ঠিত হবার পরে যে বাজেট অধিবেশন বসেছিল আজকে সেই অধিবেশন আমরা সমাপ্ত করলাম। আপনি সঙ্গতকারণেই বলেছেন যে এই বিধানসভা চলার গতি এবং অবস্থার খানিকটা পরিবর্তন ঘটেছে। বিরোধীদলে বহু নতুন সদস্য এসেছেন এবং ওদের সংখ্যাও বেড়েছে। সুতরাং এই অধিবেশন ঝঞ্জা সঙ্কুল হলেও সব জিনিসই আলোচিত হয়েছে, কোনওটাই এড়িয়ে যাওয়া হয় নি। এখানে যেসব আইন বা বিধি পাশ হয়েছে সেগুলো জনসাধারণের পক্ষে এবং অগ্রগতির পক্ষে খুবই সহায়ক হয়েছে। যে বিষয়ে আলোচনা করতে চাই সেটা হচ্ছে যে আপনাকে নিয়ে অতীতেও গর্ব অনুভব করেছি, এখনও গর্ব অনুভব করি। সংসদীয় রাজনীতির ক্ষেত্রে দক্ষতা এবং যোগ্যতার সাথে আমাদের ভারতবর্ষের এই আইনসভাগুলোর মধ্যে সীমাবদ্ধ নেই। আজকে আর্ন্তজাতিক ক্ষেত্রে একটা সুনির্দিষ্ট স্থানে নিজেকে আপনি তৈরি করে নিতে পেরেছেন। আপনার দুরদর্শিতা প্রয়োগের জন্য কয়েকদিন পরে কুয়ালালামপুরে

সিপিএম বার্ষিক অধিবেশনে যোগদানের জন্য আপনি সহ-সভাপতি আছেন এবার সভাপতি পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছেন, ওই মুহূর্তে আমাদের পক্ষ থেকে আপনি যাতে সভাপতি হন এই কামনা করি। এতে আপনি শুধু পশ্চিমবঙ্গের নয়, ভারতবর্ষের মর্যাদা, মানকে প্রতিষ্ঠিত করবেন। আপনার এই প্রচেষ্টাকে শুভেচ্ছা জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এবং প্যানেলস্ চেয়ারম্যান যারা ছিলেন তারা অধ্যক্ষ মহাশয়ের অনুপস্থিতিতে এই সভার কাজ পরিচালনার ক্ষেত্রে যথেষ্ট দক্ষতা এবং সহিষ্ণুতার পরিচয় দিয়েছেন। উপাধ্যক্ষ মহাশয়ও এবার অনেক সময়ে দায়িত্ব পালন করেছেন এবং আমি তাঁকে আমাদের পক্ষ থেকে আন্তরিক শ্রদ্ধা নিবেদন করব। এবং সরকারি সমস্ত সদস্য, বিরোধীদলের সদস্য এবং হুইপ, সমস্ত সদস্যাদের আন্তরিক শুভেচ্ছা এবং অভিনন্দন জানাচ্ছি। তাঁরা এই সভা পরিচালনার ক্ষেত্রে যথেষ্ট সহযোগিতা করেছেন। আন্তরিকতা এবং শুভেচ্ছা জানাচ্ছি সচিব এবং যুগ্ম সচিব, অফিসারগন এবং কর্মচারিদের। এই বিধানসভায় সংবাদপত্রের যে সমস্ত প্রতিনিধি এবং বৈদ্যুতিক যন্ত্রের যে সমস্ত প্রতিনিধি দীর্ঘদিন ধরে এই সভায় উপস্থিত থেকে আমাদের হাউসের প্রসিডিংস কভার করেছেন এবং জনগণের সামনে তুলে ধরেছেন তারজন্য ধন্যবাদ এবং অভিনন্দন জানাচ্ছি। বস্তুত ক্ষেত্রে এই সংবাদপত্র হচ্ছে একমাত্র মাধ্যম যেটা কিনা সরকার এবং জনগনের মধ্যে সংযোগ স্থাপন করে। সংবাদপত্রের মধ্যে দিয়েই জনগণের চিন্তাভাবনা যেমন সরকার অবহিত হতে পারেন ঠিক তেমনি জনগণের সুখদুঃখ সম্পর্কে সরকার কি চিন্তাভাবনা করছেন কি দৃষ্টিভঙ্গি গ্রহণ করেছেন সেগুলো তাদের কাছে পরিবেশিত হচ্ছে সেই কাজ সংবাদপত্র করে চলেছে এবং তারজন্য তাদের ধন্যবাদ জানাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে আন্তরিক শ্রদ্ধা জানাই এইকারণে যে এই সভা পরিচালনার ক্ষেত্রে সরকারি তরফ থেকে যখনই সুবিধা-অসুবিধা দেখা দিয়েছে তখনই তিনি স্পীকারের পরামর্শ নিয়ে এবং উপদেশ নিয়ে সঠিক পথে চালনা করেছেন। এরজন্য তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাই। সর্বশেষে মন্ত্রী মহাশয়দের পক্ষ থেকে এবং অন্যান্যদের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[8-00—8-10 P.M]

**শ্রীমতী শান্তা ছেত্রী :** অনারেবেল স্পিকারে স্যার, ডেপুটি স্পিকার স্যার, অনারেবেল মিনিস্টারস্, এই এতদিন, প্রায় দেড়মাস ধরে হাউস আপনি সুষ্ঠভাবে চালিয়েছেন এবং বিরোধী দলকে সমান মর্যাদা দিয়েছেন এর জন্য আমাদের দলের জি.এন.এল.এফ. থেকে আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং হাউসের সবাইকে শুভেচ্ছা জানিয়ে আমার ছোট কথা শেষ করছি।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাউসটা যখন শুরু হয়েছিল, এমনিতে বাইরে একটা প্রবল আলোড়ন ছিল ঝড় নিয়ে কংগ্রেস দল আসছে এবং সভার শুরুর দিকে সেই ঝড়ের কিছুটা তাপ হাউসের মধ্যে ছড়িয়ে পড়েছিল। পরবর্তীকালে সকলের সহযোগিতা এবং কংগ্রেস দলের যারা পুরানো নেতৃত্বে আছেন তাঁরাও সহযোগিতা করেছেন। এমন কি নুতনরাও সহযোগিতা করেছেন। সবটা মিলে সেই উদ্বেগ প্রশমিত হয়েছে। শেষের দিকে আমার দৃঢ় বিশ্বাস, আগামী দিনে যত যাবে, এই হাউস পরিচালনার ক্ষেত্রে তত সহজ ব্যবস্থার মধ্যে আসতে পারবো। আপনাকে বারবার ধন্যবাদ জানিয়ে আনুষ্ঠানিক ধন্যবাদ

জানানোর প্রয়োজন নেই। কারণ এমনিতেই আপনি আন্তর্জাতিক স্বীকৃতি পেয়ে গেছেন তা শিক্ষণীয়। আপনাকে বিরোধীরা সম্মান করেন, এটা অনেক বেশি প্রাপ্য। আমরাতো স্বাভাবিক ভাবে সভা পরিচালনা করবার জন্য সকলের কাছ থেকে সহযোগিতা চাইব। এটা স্বাভাবিক। সবটা মিলে, ডেপুটি স্পিকার হাউস পরিচালনা করেছেন, এই হাউস পরিচালনার ক্ষেত্রে হাউসের বিজনেস অনেক বেশি হয়েছে, দেড়মাস হলেও অত্যন্ত দৃঢ়তার সঙ্গে, সাফল্যের সঙ্গে হাউস পরিচালনা করা একটা উল্লেখযোগ্য ঘটনা। সবটা মিলে আমরা গুরুত্ব উপলব্ধি করে, আপনার নেতৃত্বে সুষ্ঠভাবে চলবে, এটা কামনা করে, বিরোধীরা আরো বেশি করে সহযোগিতা করবে, এই আশা করে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিগত নির্বাচনের পর এই প্রথম অধিবেশন, দীর্ঘ অধিবেশন। এই কথা ঠিক আপনি যে কথা বলেছেন, যে সভার বিরোধী সদস্য সংখ্যা পরিবর্তনের ফলে সভার চরিত্র কিছুটা পাল্টেছে। বিগত অধিবেশনে কিছু অপ্রত্যাশিত বা কিছু অবাঞ্ছিত ঘটনা ঘটলেও শেষ পর্যন্ত সুষ্ঠভাবে হাউস পরিচালিত হয়েছে এবং আমার দৃঢ় বিশ্বাস যে নুতন সদস্যরা আগামী দিনে এই অ্যাডজাস্টেডের মধ্যে দিয়ে হাউস সুষ্ঠ পরিবেশে পরিচালিত হবে। তবে যে উদ্বেগের কথা প্রতিবারেই এখানে উপস্থাপিত হয়, সংসদীয় রাজনীতির মানটাকে তথা সেই সকল যে সদস্যরা সুযোগ সংসদীয় রাজনীতির ক্ষেত্রে আগের তুলনায় অনেক সীমাবদ্ধ। এই সীমাবদ্ধতার মধ্যেও এর যতটুকু সদ্বব্যবহার করা যায় সেই অর্থে এই সংসদীয় গণতন্ত্রের মান এটাকে রক্ষা করার প্রচেষ্টা এখন চলছে। নিশ্চয় এখানে আপনার একটা পজেটিভ ভুমিকা আছে। আশা করা যায় আগামী দিনে আমরা সবাই এটাকে রক্ষা করার চেষ্টা করবো। বিগত দেড় মাস ধরে আপনি হাউসটা সুষ্ঠভাবে পরিচালনা করেছেন। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, চেয়ার পার্সনস এবং আমাদের বিশেষ করে নুতন মুখ্য সচেতককে ধন্যবাদ জানাচ্ছি। বিশেষ করে নতুন মুখ্য সচেতক তিনি যেভাবে সবাইকে নিয়ে এবং সত্যিই একটা গুরুত্বপূর্ণ ভুমিকা পালন করেছেন। আমি সংশ্লিষ্ঠ সবাইকে, যারা এই হাউস পরিচালনা করতে সাহায্য করেছেন তাদের সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ গোস্বামি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দ্বাদশ বিধানসভার প্রথম অধিবেশনে সুষ্ঠভাবে পরিচালনা করে আপনি আরেকবার আপনার যোগ্যতা প্রতিষ্ঠিত করেছেন। আপনার ডাইনে এবং বাঁয়ে উভয় পক্ষের সদস্যরাই তাদের মনের কথা, ক্ষোভের কথা, অভিযোগের কথা বলার সুযোগ পেয়েছেন এবং আপনি সেই সুযোগ করে দিয়েছেন, সেইজন্য আপনাকে ধন্যবাদ। আপনার ধৈর্য এবং সহিষ্ণুতার প্রশংসা না করে পারছি না। মাঝে মাঝে সভা উত্তপ্ত হলেও আপনি কোনওভাবেই ধৈর্য হারাননি, সভা পরিচালনার নিয়ম-কানুনের বইটা তুলে কাউকে সভা থেকে বহিস্কার করতে হয়নি, তার জন্য আপনাকে ধন্যবাদ জানাতে হয়। ধন্যবাদ জানাই বিরোধী দলনেতা, চিফ হুইপ এবং প্রবীণ বিধায়ক যাঁরা আছেন তাঁদের সবাইকে। আমি ধন্যবাদ জানাই ডেপুটি স্পিকারকে, তিনি আপনার

অনুপস্থিতিতে এই সভার কাজ সুষ্ঠভাবে পরিচালনা করেছেন। আমি ধন্যবাদ জানাই সরকারি চিফ হুইপকে, তিনি সকলের সাথে মধুর সম্পর্ক রেখে এই সভার কাজ পরিচালনা করতে সহায়তা করেছেন। বিধানসভার সচিব থেকে প্রতিটি কর্মচারী বন্ধু সকলকে ধন্যবাদ জানাই সংবাদ মাধ্যমের বন্ধুরা যারা প্রতিদিন এখান থেকে সংবাদ সরবরাহ করেছেন তাদের সবাইকে আমি আরেকবার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দ্বাদশ বিধানসভার অধিবেশন আমাদের শেষ হতে চলেছে। এই সভায় অনেক নতুন সদস্য এসেছেন, আবার বহু পুরোনো সদস্য এই সভায় উপস্থিত নেই। এই অধিবেশনে আপনি যে দক্ষতার সহিত হাউস পরিচালনা করেছেন সেই জন্য আপনাকে ধন্যবাদ জানাই, আমাদের ডেপুটি স্পিকার মহাশয়, তিনিও দক্ষতার সহিত হাউসকে পরিচালনা করেছেন, ধন্যবাদ জানাই আমাদের নতুন গভর্নমেন্ট চিফ হুইপকে অভিনন্দন জানাই, অভিনন্দন জানাই আমাদের বিরোধী দলনেতা মাননীয় অতীশচন্দ্র সিনহা মহাশয়কে, ধন্যবাদ জানাই বিরোধী দলের চিফ হুইপকে সচিব, যুগ্ম সচিব এবং হাউসের কর্মচারী বৃন্দকে ধন্যবাদ জানাই। সংবাদ পত্র এবং দুরদর্শনের সমস্ত বন্ধুদের যারা দীর্ঘদিন এখানে থেকে এই হাউস-এর সমস্ত কার্যাবলী জনসাধারণের কাছে পৌঁছে দেওয়ার দায়িত্ব নিয়েছিলেন এবং ধন্যবাদ জানাই মন্ত্রী সভার সকল সদস্যকে এবং আমার বন্ধুদের।

[8-10—8-20 P.M]

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়,, ১৯৯৬ সালের নবগঠিত বিধানসভার শেষ দিনে আপনাকে এবং মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। আপনি দক্ষতার সাথে সরকার পক্ষ এবং বিরোধীপক্ষ কে নিয়ে সুষ্ঠভাবে সভা পরিচালনা করেছেন। সেই সঙ্গে সঙ্গে এই বিধানসভার সরকারি আধিকারিকগণ, সেক্রেটারি, ডেপুটি সেক্রেটারি যাঁরা সভাকে সুষ্ঠভাবে পরিচালনা করতে সহযোগিতা করেছেন তাঁদের সবাইকে ধন্যবাদ জানাচ্ছি। সেইসঙ্গে এই হাউসে মাননীয় সদস্য ও মাননীয়া সদস্যারা যে অভাব-অভিযোগের কথা জানিয়েছেন সেগুলো যাঁরা সংবাদপত্র, রেডিও এবং টি.ভির মাধ্যমে মানুষের কাছে পৌঁছে দিয়েছেন তাঁদেরও ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পূর্ণেন্দু সেনগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার সুযোগ্য পরিচালনায় এই দ্বাদশ বিধানসভার কাজে আমি মুগ্ধ হয়েছি এবং আমার পার্টির পক্ষ থেকে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। সেই সঙ্গে সঙ্গে আমি মাননীয় ডেপুটি স্পিকার মহাশয় কে ধন্যবাদ জানাচ্ছি। আমরা এখানে নতুন। আমাদের কতকগুলো জিনিস ভালও যেমন লেগেছে, তেমনি আমরা যারা সদস্য নির্বাচিত হয়ে এসেছি তাঁদের কিছু কিছু অশোভনীয় আচরণ আমাদের বিভ্রান্ত করেছে। পশ্চিমবঙ্গের জনসাধারণের প্রতি আমাদের যে দায়িত্ব, আমি আশা করব আমরা তা পালন করেত পারব। সেই সঙ্গে সঙ্গে বামফ্রন্ট সরকারের মুখ্য সচেতক যিনি বামফ্রন্টের সমস্ত শরিক দলকে একটা বৃন্তে এনে যে ভাবে পরিচালনা করেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। সেই সঙ্গে বিরোধী দলের নেতা এবং বিরোধী দলের মুখ্য সচেতক কে ধন্যবাদ জানাচ্ছি আমি ধন্যবাদ জানাচ্ছি পরিষদীয় দলের মন্ত্রীকে, সম্পাদক ও যুগ্ম

সম্পাদককে এবং বিধানসভার অন্যান্য কর্মচারী ভাইদের। তাঁরা যে ভাবে অক্লান্ত পরিশ্রম করেছেন তার জন্য তাঁদের ধন্যবাদ জানাই। মাননীয় ও মাননীয়া বিধায়কদের নানা অভিযোগের কথা যাঁরা সংবাদপত্র, রেডিও টি.ভি.র মাধ্যমে পরিবেশন করেছেন তাঁদেরও ধন্যবাদ জানাচ্ছি। এছাড়া, আমরা পরিষদীয় মন্ত্রীর কাছ থেকে জানলাম যে, আগামী কমনওয়েলথে স্পিকার সম্মেলনে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি সেখানে যোগ দিতে যাচ্ছেন। এরজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনাকে আগাম শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে এবং ধন্যবাদ জানিয়ে আমার পার্টির পক্ষ থেকে আবার ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রামপদ সামন্ত ঃ** শ্রদ্ধেয় মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে দ্বাদশ বিধানসভার বাজেট অধিবেশনের শেষ দিনে, নতুন সদস্য হিসেবে যে উদ্বিগ্নতা, যে অনিশ্চয়তা, যে মানসিকতা নিয়ে এসেছিলাম যে-বিধানসভায় কি ধরনের ব্যবহার পাব, কি ধরনের আচরণ করতে হবে-সেখানে বিধানসভায় এসে যে অভিজ্ঞতা হল তাতে দুই-চারটি দিক হয়ত মনে কষ্ট দিয়েছে, কিন্তু সামগ্রিক ভাবে সবচেয়ে ভাল লেগেছে আপনার পরিচালনা মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের পরিচালনা। যে পরিচালনার ফলে আমরা যে নতুন সেই বোধ আমরা হারিয়ে ফেলেছি। আপনাব দক্ষতার জন্য আমরা প্রত্যেকের কাছ থেকে যে সাহায্য সহযোগিতা পেয়েছি তা আমাদের মুগ্ধ করেছে। এই আইন সভায় বহুদলের মানুষ রয়েছেন এবং আমার মনে হয়েছে ভারতবর্ষের যে বৈশিষ্ট সেই বৈশিষ্ঠ যেন আমরা এখানে দেখতে পাচ্ছি, অর্থাৎ ইউনিটি ইন ডাইভারসিটি। বিভিন্ন মতভেদ কে সুন্দর ভাবে একপথে পরিচালনা করেছেন তার জন্য আপনাকে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। আমাদের চিফ হুইপ, পরিষদীয় মন্ত্রী, মাননীয় সদস্যবৃন্দ, বিধানসভার কর্মচারীগণ এবং নিউজ এজেন্সিদের আমার আন্তরিক কৃতঞ্জতা, ধন্যবাদ জানাই। সর্বশেষে বলতে পারি, শেষটা সুন্দর হয়েছে। তাই বলা যেতে পারে, অলস্ ওয়েল দ্যাট এন্ডস্ ওয়েল।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে দেড় মাস ধরে আপনি যে এই দ্বাদশতম বিধানসভা নিষ্ঠাভারে পরিচালনা করেছেন এবং যে ভাবে সারা ভারতবর্ষে সংসদীয় রাজনীতির ক্ষেত্রে এবং আন্তর্জাতিক ক্ষেত্রে আপনার স্থানকে প্রতিষ্ঠিত করেছেন, এইগুলো আমরা গভীর ভাবে উপলব্ধি করেছি। আপনার চোখে সরকারপক্ষ, বিরোধীপক্ষ সবাই সমান। আপনি প্রত্যেকের কথাই সহানুভূতির সঙ্গে শুনেছেন, সবাইকে বলার সুযোগ দিয়েছেন এবং এক একটা সময় যখন এই হাউস উত্তাল হয়েছে, তার মধেও দৃঢ়তার সঙ্গে সভাকে পরিচালনা করেছেন। ভারতবর্ষের যে ঐতিহ্য, সবাইকে নিয়ে চলা, মহমত পোষণ করা, এইগুলো আপনার কার্যাবলীর মধ্যে আমরা দেখতে পেয়েছি। আজকে দেড় মাস ধরে সভা চলার পর সমাপ্তির সময় এই কথা বলি-আপনার সভা পরিচালনায় আমরা সবাই মুগ্ধ, আনন্দিত। এই সভা পরিচালনার জন্য আপনাকে, মন্ত্রীবর্গকে, পরিষদীয় মন্ত্রীকে, বিরোধী দলের নেতা, দুই চিফ্হুইপ, বিরোধী সদস্য, সচিবমহাশয় এবং সরকারি কর্মচারী-কেও আমার আন্তরিক ধন্যবাদ জানাই।

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুপস্থিতিতে এই বিধানসভা

পরিচালনার ক্ষেত্রে আমি লিডার অফ্ দা হাউস-মুখ্যমন্ত্রী, মন্ত্রীমন্ডলীর কাছ থেকে যে সাহায্য, সহযোগিতা পেয়েছি, সেইজন্য তাঁদের ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাই বিরোধী দলনেতা শ্রী অতিশচন্দ্র সিনহা মহাশয়কে। একজন বিরোধী দলনেতা হিসাবে হাউস পরিচালনার ক্ষেত্রে যে সাহায্য এবং সহযোগিতা তিনি করেছেন, তা সত্যিই অভিনন্দনযোগ্য। এই হাউসে এবারে অনেক নবাগত সদস্য এসেছেন-বিরোধী পক্ষে এবং সরকার পক্ষে, তাঁরা তাদের বক্তৃতার ক্ষেত্রে তাঁদের কৃতিত্ব প্রতিষ্ঠিত করতে পেরেছেন। ফলে সরকার এবং বিরোধী সদস্যদের বাদানুবাদের মধ্যে হাউসের যে প্রাণ, সেই প্রাণ ফিরে এসেছে।

[8-20—8-23 P.M]

আমি আশা করব নতুন সদস্য যাঁরা এখানে এসেছেন তাঁরা আগামী অধিবেশনে সংসদীয় রীতিনীতি আরো বেশি রপ্ত করতে পারবেন এবং পশ্চিমবাংলার ঐতিহ্যকে রক্ষা করতে পারবেন এবং এগিয়ে নিয়ে যেতে পারবেন। আমি ধন্যবাদ জানাই সংসদীয় মন্ত্রীকে। তিনি সব সময় সহাস্যমুখে আমাকে অসুবিধা থেকে উত্তীর্ণ করেছেন। আমি ধন্যবাদ জানাই, সমস্ত দলের চিফ-হুইপদের। তাঁরা বিভিন্ন সময়, বিভিন্ন কাজে এই হাউস পরিচালনার ক্ষেত্র সহায়তা করেছেন। আমি ধন্যবাদ জানাই, সমস্ত সরকারি কর্মচারী এবং অফিসারদের, যাঁরা দীর্ঘদিন ধরে অম্লানবদনে দ্বিধা না করে হাউসের কার্য পরিচালনাতে সাহায্য করেছেন। আমি ধন্যবাদ জানাই, প্যানেল অফ চেয়ারম্যানদের, যাঁরা আমার এবং স্পিকার সাহেবের অনুপস্থিতিতে এই সভা পরিচালনা করেছেন। আমি ধন্যবাদ জানাই, সমস্ত সাংবাদিক বন্ধুদের। তাঁরা প্রত্যেক দিন দীর্ঘক্ষণ ধরে হাউসে থেকে আমাদের কাজকে সুষ্ঠ ভাবে পরিচালিত করেছেন। আমি সবশেষে ধন্যবাদ জানাই, স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়, মাননীয় বুদ্ধদেববাবুকে। তিনি সর্বদা সহাস্যমুখে এই হাউস পরিচালনা করেত সাহায্য করেছেন। আমি পুনরায় ধন্যবাদ জানাই নতুন মাননীয় সদস্যদের, তাঁরা এখানে যত যাই কিছু করুন না কেন-হাউসের যে উত্তাপ, যেটা থাকা দরকার, সেটা এই হাউসে ছিল। অনেক সময় তাঁরা এটা-ওটা করলেও তাতে হাউস সংযত ভাবেই পবিচালিত হতে পেরেছে এবং সব-শেষে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ

**Mr. Speaker :** I take this opportunity to thank you all once again and hope you all keep well in the meantime. With these words I adjourn the House sine die.

## Adjournment

Accordingly the House was adjourned sine die at 8.23 p.m.

The Assembly was subsequently prorogued with effect from the 26th July, 1996 under notification No. 3375-P.A. dated the 26th July, 1996 issued by the Parliamentary Affairs Department Government of West Bengal.

# INDEX TO THE
# West Bengal Legislative Assembly Proceedings
# (Official Report)

Vol : 108- No-IV (One hundred and eighth session) (June to July Session, 1996)

(The 15th, 16th, 17th, 18th, 19th, 22nd, 23rd and 24th July, 1996)

**Bill**

**Demand for Grant**



**Discussion on The West Bengal Appropriation (No.2) Bill, 1996**

L



---